

দিব্য-জীবন

<u>জী</u>অরবিন্দ

শ্রিঅরবিন্দ আশ্রেম পণ্ডিচেরী

'The Life Divine' প্রস্থের অনুবাদ অনুবাদক — অনিবাণ

তৃতীয় সংস্করণ — ১৯৬০

শ্বীঅরবিন্দ আশুম প্রকাশন বিভাগ কর্তৃক প্রকাশিত মুদ্রক — শ্বীঅরবিন্দ আশুম প্রেস, পণ্ডিচেরী

উপায়ন

বি সন্পর্ণো অন্তরিক্ষাণ্যখ্যদ্
গভীরবেপা অসন্রঃ সন্নীথঃ।
কেদানীং স্থাঃ কশ্চিকেত
কতমাং দ্যাং রশ্মিরস্যা ততান ॥
— ঋক্সংহিতা ১ ৷ ৩৫ । ৩

কিরণ-কমল—দলে-দলে তার
কত-যে জগৎ উঠিছে ফর্টি,
কাঁপিছে গভীরে প্রাণের নিঝর-নিতেছে হেলায় বাঁধন ট্রিট।
এখনি ছিল যে উজলি গগন,
মিলালো কোথায় জানে কি কেউ-কোন্ সে নবীন দ্যলোকের 'পরে
ছড়াল তাহার আলোর চেউ!

--জনিব'াণ



সূচীপত্ৰ

প্রথম খণ্ড

অধ্যায়	ī			প	্হঠাৎক
21	নচিকেতার অভীপ্সা	•••			5
२ ।	জড়বাদীর নাগ্তি	•••		•••	৬
01	বৈরাগীর নেতি	•••		•••	28
81	সর্বং খণ্টিবদং ব্রহ্ম		, . 	•••	২৬
¢١	জীবের নিয়তি				৩৫
७।	বিশ্ব ও মানব		•••		86
91	অহং এবং শ্বন্দ্ব-বোধ				ÓÓ
41	ব্রহ্মবিদ্যার সাধন				৬৫
۱۵	সদ্ ৱৰ ্ষ				ঀ৬
501	চিৎ-শক্তি	•••	•••	•••	Å¢
221	আনন্দর্পং যদ্ বিভাতি (সমস্যা)			৯৫
५ २।	আনন্দর্পং যদ্ বিভাতি (স	দমাধান)			506
201	দেব-মায়া	•••		•••	229
281	অতিমানস—স্রন্থার্পে			•••	১২৭
>७।	ঋত-চিৎ	•••		•••	50 9
५ ७।	অতিমানসের গ্রিপন্টী	•••		•••	\$89
591	দিব্য প্রবৃষ	•••	•••	•••	200
2R I	মন ও অতিমানস			•••	১ ৬8
166	প্রাণ			•••	292
२०।	মৃত্যু, বাসনা ও অশক্তি	•••	•••	•	228
२५।	প্রাণের উদয়ন	•••	•••	•••	₹08
२२।	প্রাণের সংকট	***	•••	•••	\$ 58

२०।	চৈত্য-পর্র্ষ	•••	 ২২৫
२८।	জড়	•••	 ২৩৮
२७।	জড়ের গ্রান্থ		 ২ ৪৭
२७ ।	র্পধাতুর উৎক্রমণ		 ২৫৯
२१।	সত্তার সপ্ততক্তী	•••	 ২৬৯
२४।	অতিমানস, মানস ও অধিমানস মায়া	•••	 ২৭৮

দ্বিতীয় **খণ্ড** (পূৰ্বাৰ্ধ)

21	অব্যাক্ত, বিশ্বব্যাকৃতি এবং আনদেশ্যি	•••	২৯ ৫
₹1	রহ্ম প্রেষ ঈশ্বর—মায়া প্রকৃতি ও শক্তি	•••	৩২৩
01	নিত্য ও জীব	•••	৩৬৪
81	দিব্য ও অদিব্য	•••	৩৮৬
े ।	প্রপণ্ডবিদ্রম ঃ মন স্বপ্ন ও কুহক	•••	820
े ।	রক্ষ ও প্রপণ্ডবিদ্রম	•••	808
91	বিদ্যা ও অবিদ্যা	•••	896
ЬI	শ্মৃতি আত্ম-সংবিং ও অবিদ্যা	•••	8৯៤
۱۵	শ্বাতি অহন্তা ও স্বান্ত্ব	•••	৫০৬
001	তাদাস্ম্য-বিজ্ঞান ও বিভক্ত-জ্ঞান	•••	62%
160	অবিদ্যার অবধি	•••	¢84
२ ।	অবিদ্যার নিদানকথা	•••	৫৬১
००।	চিতিশক্তির ঐকান্তিক অভিনিবেশ ও অবিদ্যা	•••	699
18	অসতা প্রমাদ অধ্ম' ও অশিবের নিদান এবং প্রতিকার		ሴአ8

দিতীয় খণ্ড

(উত্তরার্ধ)

501	তত্তাব ও সম্যক্-ভান	•••	• • •	৬৩৩
১৬।	সম্যক্-জান পুরুষার্থ ও দৃষ্টিচতুষ্টয়		•••	৬৫৬
591	বিদ্যার পথে——জীব জগৎ ও ঈশ্বর	•••	•••	৬৮৩
261	উত্তরায়ণের পথে——উদয়ন ও সমাহরণ	•••	•••	900
১৯।	সপ্তধা অবিদ্যা হতে সপ্তধা বিদ্যার প	থ	•••	१२४
२०।	জন্মান্তরতত্ত্ব	•••	•••	98¢
२ठ।	লোকসংস্থান	•••	•••	990
२२ ।	জন্মান্তর ও লাকোন্তর : কর্ম জীব এবং	অমরত্ব	•••	৭৯৬
২৩।	মানুষ ও প্রকৃতিপরিণাম		•••	४२७
ર8 ા	চিন্ময় মানবের বিবর্তন	•••	•••	৮৫১
२७।	গ্রিপর্বা রূপান্তর	• • •	• • •	৮৯৩
२७।	উদয়ন––অতিমানসের দিকে	•••		৯২৩
२१।	বিজ্ঞানঘন পুরুষ	•••	• • •	৯৬৫
२৮।	দিব্য-জীবন	•••	•••	১০১৫
	শব্দ-পরিচয়	•••		5090
	বিষয়–সূচী	•••		১১০৯



শ্রীঅরবিন্দ

প্রথম খণ্ড

ব্রহ্ম ও জগৎ

নচিকেতার অভীক্ষা

প্রায়তীনাদন্বৈতি পাথ আয়তীনাং প্রথমা শুণ্বতীনাম। ব্যাছ্নতী জাবম্দারিন্ত্যমা মৃতং কং চন বোধয়ণতী ॥ কিয়াত্যা যং সময়া ভবাতি যা ব্যাহ্মশিক ন্নং ব্যাহ্মানা। অনু পূর্বাঃ কুপতে বাবশানা প্রদীধ্যানা জোবমন্যাভিরেতি॥

47. 515501V.50

ওপারের বৃকে মিলিয়ে যান যে-উষারা, তাঁদেরই লক্ষ্য ধরে চলেছেন— ওই যে আসেন যাঁরা সেই শাশ্বতাঁদের প্রথমা এই উষা ; বিচ্ছ্রিজ্ঞা হলেন তিনি —বেপচে আছে যা তাকে ফ্রিটিয়ে তুলে উপরপানে, মরে ছিল যে-কেউ আবার তাকে জাগিয়ে দিয়ে।...কতদ্রে ছড়ান তিনি যখন মিলিয়ে দেন অতাঁতের উষাদের তাঁদের সাথে, এখনই ফ্রেবন যাঁরা ঝলমলিয়ে? প্রাক্তনী উষাদের তরে বাকুলা তিনি, তেমনি করেই ভরে তোলেন তাদের আলো; প্র-ছ্রেরড করে তাঁব দিব্যবিভা, জড়িয়ে ধরেন নিবিড় করে সেই উষাদের আজও যাঁরা অনাগতা।

—কুংস আভিগরস—ঋণেবদ (১।১১৩।৮,১০)

ত্রিরস্য তা প্রমা সন্তি সত্যা দ্পার্থা দেবস্য জনিমান্যণেন:।
অনন্তে অন্ত: পরিবাত আগাচ্ছাচি: শাকেন অর্থা রোর্চান:॥
যো মতো্যন্ম্ত ঋতাবা দেবো দেবেবরেতির্নিধায়ি।
হোতা যজিনেটা মহা শাচুটের হবৈরিনিশান্য ঈরয়টের।
উধেনা ভব প্রতি বিধ্যাধ্যস্মদাবিক্সশ্যুষ্ট দৈব্যান্যণেন।

47. 81519; 81₹15; 81816

আনির্পে এই বিশ্বে আছেন যে-দেববীর্য, তিনটি পর্বে ঘটে তাঁর সেই পরম আবির্ভাব সত্য তারা, বরেণ্য তারা; অনন্তেরই অন্তরেতে আপনাকে মেলে দিয়ে চলেন তিনি—শুচি শুদ্র দীপ্তর্চি, সব-কিছুন্কে ভরে ভোলেন।...
মতেটার মধ্যে অমৃত যিনি ঋতের আধার, আমাদের চিংশবিরাজির গভীরে
প্রতিষ্ঠিত দেবতা তিনি তাদেরই উৎসারণের প্রেতির্পে।...উংশিখ হও হে
তপোবীর্য-বিশ্ধ-বিদ্দীর্ণ কর সব আবরণ—আমাদের মধ্যে ফ্টিরে তোল দেবতের বিভূতি যত।

-বামদেব--ঋণেবদ (৪।১।৭;৪।২।১; ৪।৪।৫)

কোন্ ধ্সর অতীতে প্রবৃদ্ধমনের প্রথম কিরণসম্পাতেই মান্বের মধ্যে জেগেছে এক লোকোত্তর এষণা—দিব্য-স্বর্পের এক অস্ফুট আভাস তার মধ্যে এনেছে পূর্ণতার প্রেতি। তাকে ছ্টিরৈছে নিখাদ সত্যের অনির্বাণ আনন্দদীপ্তির সন্ধানে, অমৃতত্বের নিগ্রু চেতনায় আকুল করেছে তার অন্তর । য্গয্তাম্তের ধারা বেয়ে চলেছে তার অবিশ্রাম এষণা; তার আদি নাই। বৃনিধ-বা অন্তও নাই; সংশ্রের নাস্তিকতার দীর্ঘতিম অমানিশার পরেও জীবনের প্রাচীম্লে বারবার দেখা দিয়েছে তার অর্ণ-লেখা—মানবের প্রাচীন ইতিহাস তার সাক্ষী। আর আজ বহিঃপ্রকৃতির ঐশ্বর্যের বিপ্রল দানে যখন ভরে

দেখা দিয়েছে প্রাণের আকৃতি, আবার প্রাণের একটা বিশিষ্ট সংস্থানে জেগেছে মনের আক্তি, তেমনি মনোময় পরিণামেরও বিশিষ্ট একটা পর্বে একাস্ত সহজভাবেই দেখা দেবে এই চিন্ময়ী আকৃতি। অন্যব্ৰু যেমন এখানেও তেমনি—আধারে-আধারে এই প্রেতি কোথাও প্রচ্ছন্ন, কোথাও অস্পর্ট, কোথাও-বা বিস্পন্ট হলেও সবার মধ্যে অন্মাত হয়ে আছে অপরাজেয় সিন্ধির একটা উপচীয়মান সংবেগ। এখানেও প্রকৃতির উধর্বপরিণামের বিরাম নাই সাধনসম্পদের পরিপূর্ণ সঞ্চয়ে এখানেও আধারকে দিবাভাবের বাহন করে তুলবেই সে একদিন। ধাতৃখন্ড বা উল্ভিদের মধ্যে প্রাণের অতিসক্ষ্যে সাডায় স্তাচত হয় মনের যে-আভাস, সে যেমন পর্বে-পর্বে তর্ণগায়িত হয়ে অবশেষে মান্বের মধ্যে ফুটে ওঠে পরিপূর্ণ মহিমায়, তেমনি মানুষের নিজের মধ্যেও আছে এক উত্তরায়ণের প্রবৃত্তি—দিব্যজীবনের দিকে, তার বর্তমান জীবন যার প্রবেশক মাত্র। পশরে প্রাণের বীক্ষণাগারে প্রকৃতি যদি মানুষ গড়ে থাকে যুগ্রুগাণ্ডের সাধনায়, তাহলে মানুষের প্রাণ-মনের বীক্ষণাগারে তার সচেতন সহযোগিতায় সে যে অতিমানব বা দেবতা গড়বার সাধনা করছে না, তাই-বা কে বলতে পারে? শুধু দেবতাই বা কেন, এও কি বলা যায় না যে মর্ত্য আধারে দিব্য-প্রের্রকে মূর্ত করবার তপস্যাই তার চলছে এখানে? কেননা প্রকৃতি-পরিণামের অর্থ তো শাধা তার সাপ্ত ও সংবৃত্ত বিভূতির ক্রমিক স্ফুরণই নয়, সেই সংশ্য-সংশ্য এ যে তার গ্রহাহিত আত্মস্বর্পেরও একটা রূপায়ণ। অতএব তার প্রগতির পথে আমরা দাঁডি টানতে পারি না কোথাও—ধর্মবাদীর মত একথা বলতে পারি না, বর্তমানের গণিড পার হবার আক্তি বা প্রচেষ্টা তার পক্ষে বিকৃত স্পর্ধা মাত্র; অথবা যাক্তিবাদীর মত বলতে পারি না. এ তার একটা কল্পনার বিকার বা বিভ্রম শুধু। এ যদি সত্য হয় যে মূং-শক্তির মধ্যে চিং-শক্তিই রয়েছে সংব্ত হয়ে, এই প্রকৃতি সেই গ্রহাশয় দিব্য-প্রের্ষেরই আ-ভাস মাত্র, তাহলে দিব্যভাবকে নিজের মধ্যে ফ্র্টিয়ে তোলা, অন্তরে-বাইরে সেই দিব্য-প্রুষের অনুভবকে মূর্ত করাই হবে মর্ত্য মানবের চরম ও পরম প্রেষার্থ।

এই দ্বিট দিয়ে যদি দেখি, তাহলে মান্যের প্রাকৃত দেহেই যে নিহিত রয়েছে অপ্রাকৃত দিব্যজীবনের শাশ্বত সম্ভাবনা, মার্জিত ব্বিশ্বর কাছে একথা আর প্রহেলিকা বলে মনে হয় না। স্বভাবের প্রেরণায় অথবা বোধিচেতনার উন্মেষে এই মর্ত্য আধারেই মান্য যে অন্ভব করে অম্তত্বের প্রদীপ্ত অভীশ্সা, একেও আর তথন ভাবের কুহেলিকা বলে উড়িয়ে দেওয়া যায় না। এক অথন্ড বিশ্বচেতনাই যে আপনাকে ফ্টিয়ে তুলছেন সীমিত চিত্ত ও খন্ডিত অহংএর বিচিত্র বিভৃতিতে, এক অনির্দেশ্য বিশেবান্তীর্ণ পরমার্থ-সংই যে দেশ-কালের অতীত হয়েও দেশ ও কালের কলনায় আপনাকে বিশ্বর্পে করছেন ম্পারিত

এবং আমাদের অবর চেতনাতে যে অবিকৃত স্বর্পে নেমে আসতে পারে ওইসব লোকোত্তর অনুভব, একথা তখন আর অযোক্তিক বলে প্রতিভাত হয় না। তর্ক বৃদ্ধিতে যেসব জিজ্ঞাসার সমাধান আজও হর্মান, তাদের পাশ কাটিয়ে চিত্তের সকল শক্তিকে শুধু ব্যাবহারিক জীবনের দৈনন্দিন সমস্যাসমাধানের চেষ্টাতে নিয়োজিত রাখা উচিত—বস্তৃতন্ত্রীর এ-উপদেশ মান্য অনেকবারই শানেছে। তবাও তার জিজ্ঞাসার বিরতি কোনকালেই ঘটেনি, বরং বাধা পেরে তার স্বর হয়েছে আরও চড়া, জানার পিপাসা মানুষের হয়েছে আরও অসহন। সেই পিপাসার সংবেগেই ভাবকের চিত্তে ফ্টেছে সত্যের ন্তন রূপ, প্রাণহীন প্রাচীন ধর্মের মটেতার জঞ্জাল দূর করতে জেগেছে সংশয়। সে-সংশয় কখনও প্রোতনকে ভেঙে করেছে নূতন ধর্মের সংস্থাপন, কখনও-বা বীর্যের অভাবে সত্যান্,সন্ধিংসার মুখোস প'রে চিত্তকে শুধু করেছে ধুমায়িত অথচ অত্প্র। সত্যের পরিপূর্ণ রূপটি একদিনে সম্পন্ত হয়ে ফুটে ওঠে না। হয়তো অন্ধ কুসংস্কার বা যুক্তিহীন বিশ্বাসের আকারে চিত্তে জাগে তার প্রথম আভাস। কিন্তু তার প্রকাশ অস্পন্ট বা ব্যাহত বলেই তাকে অস্বীকার করা বা দাবিয়ে রাখাও আরেকধরনের অন্ধতা। সত্যের যে-স্ফুরণকে জানি বিশেবর নিয়তি বলে, আজ যদি দৃশ্চর হয় তার তপস্যা, বাস্তব প্রত্যক্ষের অগোচর হয় তার পরিণাম, মন্থর হয় তার প্রবৃত্তি, তাহলেই কি তার দার এড়িয়ে যেতে পারি? বিশ্বপ্রকৃতির মর্মাচর সত্যকে এমনভাবে প্রত্যাখ্যান করা কি চিন্ময়ী মহাশক্তির গুহাহিত অবন্ধ্য ক্রতুর বিরুদ্ধে নিজ্ফল বিদ্রোহ ঘোষণা করা নয় ? যে-আক্তিকে বিশ্বজননী নিখিল-হ্দয়ে জ্বালিয়ে রেখেছেন অনির্বাণ আগ্ননের গোপন শিখার,পে, তার দায়কে স্বচ্ছন্দচিত্তে স্বীকার করে নেওয়াই মনুষ্য । সংস্কারের মুঢ়তা হতে, বোধির স্তিমিতালোক হতে, অভীপ্সার খদ্যোত-দুর্গত হতে প্রজ্ঞার ভাস্বর-দীপ্তিতে উশ্লীত করা তাকে, তার কুণ্ঠিত প্রবেগকে সতাসংকল্পের স্বয়ম্ভ্বীর্যে রূপান্তরিত করা—এই তো পোর্ষের ষথার্থ পরিচয়। প্রদীপ্ত বোধি অথবা স্বপ্রকাশ সত্যের উত্তরজ্যোতি যদি আজ মানুষের মধ্যে কুন্ঠিত বা স্তিমিত হয়েই থাকে, অথবা আঁধারের আড়াল হতে কখনও যদি মানুষের চিত্তে স্ফুরিত হয় তার কচিৎ-কিরণ, অথবা তার হঠাং-আলোর ঝলকানিতে যদি কদাচিং উল্ভাসিত হয়ে ওঠে এই মর্ত্যের আকাশ, তাহলেই-বা আমাদের কোথায় ভর, কোথায়, সংশয়? কেননা এই আলোর ইশারাতেই কি আমরা দেখতে পাব না দেবযানের সেই জ্যোতির্মর পথ-যার অনিব্চনীয় বগৈশ্ববের ভিতর দিয়ে চলেছে নিখিল মানবের উত্তরায়ণের অভিযান ত্র্বাতীতের শাশ্বতধামের দিকে?

দ্বিতীয় অধ্যায় জডবাদীর নাস্তি

স তপেছতপ্তে।। স তপস্তপ্তা।।
তানং রক্ষেতি ব্যজানাং। অনাদ্ধ্যেৰ খণিবমানি ভূতানি জায়ন্তে।
তানেন জাতানি জীবন্তি। অনাং প্রযুক্তাভিসংবিশন্তি। তণিবজ্ঞায়।
স্নুনরেব বরুণং পিতরম্পসসার। অধীহি ভগবো রক্ষেতি।
তং হোবাচ। তপসা রক্ষ বিজিপ্তাসম্ব। তপো রক্ষেতি।
তৈত্তিরবীয়োপনিবং

012-5

তপোদীপত মনন ন্বারা চিংশান্তকে উদ্রিক্ত করে জানলেন তিনি, অল্ল বা জড়ই রন্ধা, কেননা অল্ল হতেই জন্ম নেয় এই সমস্ত ভূত, জন্ম নিয়ে বেড়ে চলে তারই আশ্রমে, আবার এখান হতে চলে যায়—অনুপ্রবিষ্ট হয় তারা তারই মধো। তারপর পিতা বর্ণের কাছে গিয়ে বললেন তিনি, 'ভগবান, আমাকে রন্ধোর উপদেশ করনে।' কিন্তু তিনি বললেন তাঁকে, 'চিং-তপস্কে আবার উদ্দীশত কর তোমার মধ্যে, কারণ তপশ্চেতনাই ব্রন্ধা।'

—তৈত্তিরীয় উপনিষদ্ (৩।১-২)

চিন্ময় যিনি তাঁরই বিলাস এই ম্ন্ময় তন্তে, শাশ্বত যিনি এমনি করে তিনিই পরেছেন দুদিনের সাজ—শৃধ্ তাই নয়, যে-জড়কে নিয়ে তাঁর এই সাজের মেলা, অফ্রান এই ঘরবাঁধার খেলা, সেও কখনও অসার্থক বা অগোরবের নয়—নিঃসংশয়ে যদি একথা জানি, তবে অসঙেকাচে বলা চলে. এই পার্থিব জীবনেই ফ্টবে দ্যুলোকের দীপ্তি, মর্ত্য আধারেই সার্থক হবে অমৃতের প্রোত।

দেহের প্রতি যে-বিত্রুল আমাদের অভ্যন্ত তার মোহ কাটিয়ে উঠতে, চাই উপনিষদের ঝিষর সেই সত্য এবং গভীর দৃষ্টি, যা চিন্ময় এবং অল্পমায়ের সকল বিরোধ ছাপিয়ে এক অন্বয়তত্ত্বকে দেখতে পায় দ্য়ের ম্লে। নিবধাহীন প্রত্যয় নিয়ে উদাত্তকণ্ঠে বলা চাই তাঁদেরই মত—'অল্পও ব্রহ্ম'। নিখিল বিশ্বকে তাঁরা যে দেখেছিলেন দিব্য-প্ররুষের কায়ার্পে, সেই দৃষ্টির বীর্যকে সত্য করে তোলা চাই আমাদের চেতনায়। কিন্তু প্রাকৃত বৃদ্ধি বলবে, চিং এবং জড় একান্তবিরোধী দৃষ্টি তত্ত্ব। দ্যুয়ের মিথ্নেন আমাদের ব্যবহার চললেও তার প্রতি পদে দেখি কেবল ঠোকাঠ্বকি, অতএব দ্য়ের সম্পূর্ণ বিচ্ছেদ না ঘটিয়ে জীবনসমস্যার কোনও সত্য সমাধান সম্ভব নয়। চিং আর জড় হয় ম্লে একই, নয়তো পরস্পরের পরিণাম তারা—এমন উক্তিতে তথ্য বা য্রক্তির কোনও সমর্থন নাই, আছে শৃধ্ব বিকল্পবৃত্তির পরিচয়, যা যুক্তিহীন ভাবকালির বিলাস মান্ত।...চিং-জড়ের তফাতটাই প্রাকৃত বৃষ্ণির চোখে পড়ে, তাই এ-আপত্তি তার খ্রই স্বাভাবিক। বিশেব শৃধ্ব চিং ও জড় ছাড়া আর-কোনও

তত্ত্ব যদি না থাকত, এ-আপত্তি তাহলে টিকত। কিন্তু জড় হতে চিং পর্যন্ত আরোহদ্রমে রয়েছে প্রাণ মন অতিমানস এবং মন ও অতিমানসের মাঝামাঝি আরও কতগর্নল পর্য। তাই আকিষ্মিক পরিণাম ব্যদ্ধির কাছে প্রহেলিকা হলেও পরিণাম যেখানে ধারাবাহিক, সেখানে আদি এবং অন্ত্য কোটির মধ্যে সংগতি খ'লে পাওয়া তো কঠিন নয়।

যদি বলি, বিশেব আছে শুধু ঈশ্বর বা পুরুষ নামে এক বিশুদ্ধ চিন্ময় তত্ত্ব আর প্রকৃতি নামে এক অচিং বদতু বা শক্তির যন্তলীলা, তাহলে ঈশ্বরকে প্রত্যাখ্যান করা অথবা প্রকৃতি হতে বিবিক্ত হওয়া ছাড়া আমাদের কোনও উপায় থাকে না—কারণ বৃদ্ধি ও জীবনকে চলার পথে এ দুটি কোটির একটিকে বেছে নিতেই হয়। বুদিধ তথন ঈশ্বর বা আত্মাকে বলবে কল্পনার একটা বিভ্রম প্রকৃতিকে ভাববে ইন্দ্রিসংবিতের মায়া। তেমনি জীবনও হয় পালাতে চাইবে নিজের কাছ থেকে শুন্ধ-চিতের অনুরাগে বিবাগী হয়ে আপনভোলা সমাধিরসে তলিয়ে গিয়ে, নয়তো নিজের অমৃতস্বর্পকে অস্বীকার করে দিবাভাবের চেয়ে পশুডের সাধনাতেই হবে তার বিশেষ রুচি। বাস্তবিক, একটা দুরপনেয় বিরোধের কল্পনা রয়েছে যে-সমস্যার মূলে, তার সমাধান যে শুধু সর্বনাশের পথে—এদেশের দর্শনেও তার প্রমাণ আছে। সাংখ্যের পুরুষ চিংস্বরূপ কিন্তু নিজিয় প্রকৃতি পরিণামিনী অথচ যক্তম্তৃ-দ্রের মধ্যে সামা কোথাও নাই, এমন-কি দুয়ের অবিক্ষুস্থ অব্যক্ত-স্বরূপেও নাই। তাই পুরুষের বিক্ষোভহীন প্রশান্তির বুকে যদি ঘটে ক্ষুখা বিমুঢ়া প্রকৃতির বন্ধা প্রতিবিন্বলীলার অত্যক্ত প্রলয়, সাংখ্যমতে তবেই তাদের দ্বন্দ্ব ঘোচে! এমনি অন্তিকুমণীয় বিরোধ শৃংকরের অবর্ণ প্রপঞ্চোপশম আত্মা আর তাঁর বহুবর্ণা পুরুরুপা মায়ার মাঝে: সেখানেও প্রমার্থ-সতের শাশ্বত নিঃশব্দ্য বিভ্রম-বৈচিত্র্যের একান্ত-প্রলয়েই সকল ন্বন্দের অবসান ঘটে।

জড়বাদীর সমাধান কিন্তু এর চেয়ে সোজা। চিংসন্তাকে অস্বীকার করে শ্ব্র্য্ জড় বা শক্তিকে বিশ্বের একমাত্র তত্ত্ব বলে ঘোষণা করলে মেলে একধরনের বাস্তব অন্বৈতবাদ—তা যেমন বোঝা সহজ, তেমনি বোঝানোও সহজ। কিন্তু মুশকিল এই, এমনিতর কাটছাঁট উক্তিতে মান্বের জানার পিপাসা মেটেনা, তাই উদ্দিদ্ট তত্ত্বের সে চায় লক্ষণ, চায় সমীক্ষা। তথন বাধা হয়ে জড়বাদীকেও বলতে হয়, তার কল্পিত অম্বয়তত্ত্বও প্রত্যক্ষের অগোচর, অকর্তা প্রেম্ব বা অশন্ধ আত্মার মতই দৃশ্যজগৎ হতে বিবিক্ত উদাসীন। তাই এ-সমাধানও যথেন্ট নয় আমাদের কাছে, কেননা এতে প্রকাশ পায় শ্ব্র্ব্রে চিন্তাশক্তির দীনতা—শাণিত ব্দেধর কঠিন দাবিকে অস্পন্ট উক্তির ছলনার ভূলিয়ে রাথবার অথবা জানা যায় না বলে জানার কোত্ত্লকে জোর করে দাবিয়ে দেবার ব্যর্থ প্রয়াস।

বাস্তবিক. বিরোধের ভাবনা যদি চিন্তাশস্তিকে বন্ধ্যাই করে, মানুষের মন কিল্তু তাতে থাশী হয়ে ওঠে না। কেননা শাধ্য নেতিবাদের দিকে তার ঝোঁক নয়, সে চায় পরিপূর্ণ ইতির খবর—যা একমাত্র সর্বসুমন্বয়ী বোধির দীপ্তিতেই মিলতে পারে। তার জন্যে অন্তন্চেতনার সকল দাবি মেনে আমাদের চলতে হবে তারই পরিণামের ধারা ধরে। প্রাণ ও মনকে জডের মত পরাক্-দ্রণ্টিতে বিশেলষণ করেই হ'ক অথবা প্রত্যক-দ্রণ্টিতে তাদের সমন্বয় ও সন্দীপন দ্বারাই হ'ক—আমাদের পেশছতে হবে চরম ঐক্যের পরম প্রশান্তিতে, অথচ তার বহুধা-রূপায়ণের বীর্যকেও অস্বীকার করলে চলবে না। ইতিবাদের সর্বসমন্বয়ী উদার্যের পরিবেশেই আমরা খ'জে পাব জীবনের আপাতবিরোধী বিচিত্র দ্বন্দ্বের সূর্যম সমাধান। আমাদের ভাবে ও কর্মে যে বহুমুখী শক্তির সংঘাত, তার মূলে আছে এক অখণ্ড সত্যেরই আত্মর পায়ণের প্রেতি, কিন্তু সমাক্-অন্ভবের দীপ্তি ছাড়া সে-সংঘাতের মধ্যে ছন্দ ও সূরে আবিষ্কার করা সম্ভব নয় কখনও। সত্তার মর্মসত্যের সন্ধান পেলেই আমাদের বৃদ্ধি চক্রাবর্তন ছেড়ে চিৎকেন্দ্রে প্রতিষ্ঠিত হবে, তখন উপনিষদের ব্রহ্মের মত নিখিল বিশ্বে লীলায়িত হয়েও সে থাকবে স্বর্প্রতিষ্ঠায় ধ্বব ও অচণ্ডল এবং তারই ছন্দ মেনে প্রশান্ত আনন্দক্ষ্যোতিতে জীবন হবে সেই শ্বন্ধ ব্রাধির অন্গামী—শক্তির স্বম বিচ্ছারণে হিল্লোলিত।

কিন্তু অন্তিম্বের ছন্দে যদি তালভগ্গ হয় কথনও, তখন বিরোধের দুটি কোটিকেই ঐকান্তিক মর্যাদা দিয়ে স্বতন্ত্রভাবে তাদের মূল্য নিরূপণ করার একটা সার্থকিতা আছে একথা সত্য। বৈষম্যকে এর্মানভাবে একান্ত করে তলে আবার বৃহত্তর সাম্যো ফিরে আসা মনের একটা স্বাভাবিক প্রবৃত্তি। ফেরবার মূখে মাঝপথে সে অনেক জায়গাতে থমকে দাঁড়াতে পারে বটে— অস্তিত্বের সমস্ত লীলায়নকে নিছক প্রাণস্পন্দ বা ইন্দ্রিয়সংবেদন বা ভাবের খেলা বলে ব্যাখ্যাও করতে পারে। কিন্তু এধরনের তত্তমীমাংসাতে সবসময় থাকে অবাস্তবতার একটা অস্বস্তিকর ছোঁয়াচ। এতে যুক্তিবুল্খির সাময়িক তপণ হয়তো হয়, কেননা তার কারবার কেবল ভাব নিয়ে। কিন্তু বস্তুরসিক মনকে শুধু ভাব দিয়ে তো ভোলানো বায় না। মন জানে, তার পিছনে এমন-কিছু, আছে, যা শুধু ভাবসর্বস্ব নয়; তার গভীর গহনে যা স্তব্ধ হরে আছে সে শুধু প্রাণবায়ুর লীলা নয়। চিং বা জড়কে চরম তত্ত্বললে তাতে সাময়িকভাবে সে সায় দিতেও পারে, কিন্তু দুয়ের মাঝামাঝি কোনও তত্তকে চরম বলে সে মানতে নারাজ। অতএব সমাক্-দর্শনের উদার পরিবেশে সত্যের সমগ্ররপিটি ধরবার আগে, তাকে অবগাহন করতে হয় তার দুটি প্রত্যুক্ত কোটিতে। মনের পক্ষে এ কিছু অস্বাভাবিক নয়। কেননা মন তথা ও তত্ত্ আহরণ করে ইন্দ্রিয় এবং ভাষা দিয়ে। ইন্দ্রিয় অথশ্ড স**ন্তার খণ্ডর**ংপকেই

দেখে স্পণ্ট করে, আর ভাষা সীমার রেখায় স্নিপ্রণভাবে ভাবকে খণ্ডিত করে ফোটায় তার র্প। অতএব এ-দ্টি সাধনের সহায়ে মন যখন বিশ্বর বহুবিচিত্র মৌল বিভাবের সমাহার ঘটাতে চায় কোনও-একটি চরম তত্ত্বের মধ্যে, তখন সবকিছ্কে ভেঙে-চ্বের একাকার করা ছাড়া তার কোনও উপায় থাকে না। বাস্তব-রিসিক মন এককে রাখতে গিয়ে আর-সবাইকে বিদায় তো করবেই। তাই, এমনতর কাট-ছাঁটের পথ বাদ দিয়ে সবার মূলে একের সত্যকে আবিষ্কার করতে গেলেই নিজের গণ্ডি তাকে ছাড়িয়ে যেতে হয়—কখনও লাফ দিয়ে, কখনও-বা গ্লেন-গ্লেন পা ফেলে। অথচ প্রতিবার পথের শেষে সেদেখতে পায় সেই 'অলক্ষণম্ অব্যপদেশ্যম্' তৎ-স্বর্পকে, যাঁর মধ্যে সবক্ষিত্র অবসান, অথচ 'অস্তবিত্যুপলব্ধবাঃ' যিনি! বাস্তবিক যে-পথই ধরি নাকেন, সবার শেষে আছেন শ্বং সেই তৎস্বর্প; পথের ধারে যদি খাটি গেড়ে বিসি, তবেই তাঁকে এড়ানো চলে, নইলে নয়।

দীর্ঘায়নের বহু পরীক্ষা ও সমীক্ষার পর আজ আমরা পেণছৈছি আদর্শ-বাদের দুটি প্রত্যুক্তকোটির সামনে এসে। অন্যোন্যবিরোধী এই দুটি লক্ষ্যে নিজকে প্রতিষ্ঠিত করতে মানুষ অক্লান্ট তপস্যায় তার অনুভবকে করছে শাণিত। কিন্তু কঠোর সাধনার চরমে যা সে পেল, সে যে সম্যক্-দর্শনের অনুক্ল, বিশ্বমানবের সহজবৃদ্ধি আজ তা স্বীকার করতে চাইবে না। অথচ এবিষয়ে তার রায়ই চ্ডান্ট, কেননা এই সহজবৃদ্ধিই বিশ্বসত্যের রক্ষক ও প্রতিভূ—চেতনার গহনে 'গোপা ঋতস্য দীদিবিঃ'। ইওরোপে আর ভারতে মথাদ্রমে জড়বাদীর 'নান্টিত-বাদ' আর বৈরাগীর 'নেতি-বাদ' উদান্তকণ্ঠে ঘোষিত হয়েছে, তারস্বরে উভর পক্ষই বলেছেন, এই তো মানুষের জীবনবেদ, এ ছাড়া 'নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়!' ভারতবর্ষ নেতি-মন্টে কুবেরের ঐশ্বর্য সঞ্চিত করেছে অধ্যাত্মলোকে, একথা মিথ্যা নয়; কিন্তু সেইসঙ্গে তার জীবন হয়েছে দেউলিয়া। তেমনি ইওরোপ উপকরণের বাহুল্যে পার্থিব ভোগেশ্বর্যের অকুন্ঠিত উপচয়ে পেণছৈছে ঋন্ধির চরমে, কিন্তু সেইসঙ্গে তার আত্মা হয়েছে ফতুর। জড়বাদে জীবনসমস্যার সকল সমাধান খ্রজতে গিয়ে তার বৃন্দিও আজ অত্যপ্ত, অশান্ত।

অন্যোন্যবিরোধী দুটি জীবনাদর্শ এমনি যে মুখামুখি হয়ে দাঁড়িয়েছে আজ, একে শুভ লক্ষণই বলতে হবে—কেননা এতে দুয়ের মাঝে যে ন্যুনতা ছিল, আজ তা ধরা পড়েছে বিবেকীর দুটিতে। 'নেতি' বা 'নাচিত'—কোনও মন্তেই এখন মানুষের মন শাল্ড হবার নর। তার অল্ডরের প্রেতি এবার মহন্তর নৃত্নতর 'ইতি'র দিকে, অল্ডরের অনুভবে এবং জীবনের কর্মে সে চার প্রাপের প্রসার এবং তা-ই দিয়ে কি বাক্তিতে কি জাতিতে সে খ্রুছে

অখণ্ড মানবতার সাথ্ক আত্মর্পায়ণ। আজ নবয্গের তোরণন্বারের দিকে মহাকালের অলখ্যা ইঙ্গিত—আপাতপ্রতীয়মান সকল বিরোধ ও বিপর্যায় সত্তেও।

চিৎ এবং জড় একই অজ্ঞেয় তত্ত্বের বিভূতি হলেও অজ্ঞেয়ের সংগ্য তাদের সম্বন্ধ একধরনের নয়. তাই জড়বাদ আর চিৎবাদের নাদিত- বা নেতি-মন্ত্র মান্ধের উপর সমানভাবে কাজ করে না। জড়বাদীর নাদিতকতা লোকাতত, বারবার শ্বনে মান্ধ সহজে তাতে ভোলেও। কিন্তু তব্বও বৈরাগীর নেতিবাদের মত তা অত সাংঘাতিক মন্ত্রাগত হয়ে পড়ে না তার। কারণ, নাদিতকতার নিজের মধ্যেই রয়েছে তার মুশকিল-আসান। নাদিতক প্রকট বিশেবর পিছনে প্রতিষ্ঠিত করে অজ্ঞেয়কে, কিন্তু তার কোনও সীমা নিদেশি করে দিতে পাবে না। মান্ধের জিজ্ঞানা অজ্ঞেয়ের সে-রাজ্যে নিরন্তর অভিযান চালিয়ে ক্রমেই তার রহস্য তরল করে আনে এবং অবশেষে 'অজ্ঞেয়' পর্যবসিত হযে শ্র্ধ্ব 'অজ্ঞাত'তে। তথন বিশেবর রহস্য 'জানা যায় না' এমন কথা বলা চলে না, বলা চলে—'আজও জানা যায়নি।'

অজ্ঞেরবাদীর যুক্তিধারা এইঃ জড়ইন্দিরই আমাদের জ্ঞানের একমার সাধন। বুন্ধি তকের পাথায় ভর করে যত উচ্বতেই উড়্ক, ইন্দিরসংবিতের সংগে তার যোগস্ত কিছুতেই ছিল্ল হবার নয়। ইন্দির যে-তথ্য আহরণ করে আনবে পরোক্ষ বা অপরোক্ষভাবে, তা-ই দিয়ে তাকে গড়তে হবে তত্ত্বের ভিত। লৌকিক তথ্যের মধ্যে অলৌকিক তত্ত্বের ইঙ্গিত কোথাও যদি থাকে, তার শিকড় যে এই মাটিতেই রয়েছে, সেকথা ভুললে চলবে না। বুন্ধির স্বর্গে জ্ঞানবৃত্তির অসঙ্কুচিত স্ফ্রণে জিজ্ঞাসার নৃতন পথ খোলবার সম্ভাবনা যতই প্রবল হ'ক না কেন—অলৌকিকের ইঙ্গিতকে স্বর্গারোহণের সির্ণড় করে মাটির মায়া কাটিয়ে যাব, সে-অধিকার আমাদের নাই।

এইধরনের অয়োজ্তিক যুক্তিতে তার ভিতরের দুর্বলিতা সহজেই ধরা পড়ে। এর মধ্যে প্রচ্ছন্ন রয়েছে শুধু মতুয়ার বৃদ্ধির একটা জেদ। অপরোক্ষ-অন্ভবের অগ্নৃতি প্রমাণ তার বিরুদ্ধে দত্পাকার করে তুললেও সে তাতে হয় কান দেহব না. নয়তো তাকে উড়িয়ে দেবে নানা অছিলায়। অদতরের নিগতে অথচ সার্থক দিব্যবৃত্তিকে অদবীকার বা অবজ্ঞা করবে—মানুষের মধ্যে তার দপত্ট বা অদপত্ট প্রমাণ পেয়েও। অতিপ্রাকৃতের সত্যতা মান্বে শুধু জড়ের রহস্যময় দপদনে, জড়শক্তিরই একটা অবর অভিব্যক্তির্বণে। এর বাইরেও যে অতিপ্রাকৃতের অধিকার প্রসারিত হতে পারে, সেসম্পর্কে তথ্য বা তত্ত্বের অনুসন্ধানকেও সে মনে করবে বাহুল্য। কিন্তু জড়বাদই তো সত্যানর্পণের একমাত্র পথ নয়। জড়বাদী যে মনের প্রবৃত্তিকে জড়শক্তির একটা অবর লীলার্পে দেখেন শুধু, এ-ও তো তার কুসংক্ষার। মন থেকে জড়ের আড়ন্ট সংক্ষার ঝেড়ে ফেলে মন এবং অতিমানসের স্বধ্ম নির্পণ

করতে যাই যখন, তখন অলোকিক তথ্যের যে বিচিত্র সম্ভার আমাদের অন্ভবে আসে, তাদের আর জড়ীয় বিধানের সঙকীর্ণ সীমার মধ্যে আটকে রাখা যায় না। অন্ভবের প্রসারের সঙগে আমরা তখন ব্রুতে পারি, 'জ্ঞানের সীমা শর্ধ্ব ইন্দ্রিসংবেদনের মধ্যে'—জড়বাদী নাস্তিকের এ-যুক্তি একেবারেই অচল। অতীন্দ্রিজগতে কত তথ্য কত তত্ত্ব রয়েছে, যা মান্বের দ্বের্জেয় হলেও অজ্ঞের নয়। মান্বের মধ্যেই নিগ্তে হয়ে আছে এমন কত শক্তি ও বৃত্তি, যারা ইন্দ্রিসংবিতের নিয়ন্ত্রণ তো মানেই না, বরং তারাই ইন্দ্রিয়ের নিয়ন্তা—ইন্দ্রিয়কে শ্ব্ব বাহন করে ইন্দ্রিয়াহ্য জগতের সঙ্গে যোগ রেখে চলে তারা। চিরাভ্যুস্ত বহির্জাবন বিপ্রুল অন্তজ্জবিনের একটা বহিরাবরণ মাত্র—এই অন্ভবের আভাস পেলেই আমাদের মনের জড়ত্ব ও সংশয় কেটে যায়। তখন অন্তিত্বকে উদার দ্ভিটতে দেখতে এবং জিজ্ঞাসাকে নিত্যন্তনের অভিযানে উদাত রাখতে আর আমরা ভয় পাই না।

অলপ কিছ্বদিন ধরে জড়বাদ মান্ধের মনকে নিয়ে চলেছে য্বিস্তর পথে; কিন্তু তাতেই তার যে-উপকার হয়েছে, তার অপরিহার্যতাকে কিছ্বতেই অস্বীকার করা যায় না। অলোকিক তত্ত্বের অপরোক্ষ অন্ভব সম্পর্কে আবার আমরা সচেতন হয়ে উঠেছি, তার অনুক্লে প্রামাণিক তথ্যের সঙ্কলনও হয়েছে প্রচার। কিন্তু কর্কাশ যাজির পাথরে শাণ দিয়ে ব্রাধ্বকে তীক্ষা ও উজ্জ্বল না করে অলোকিকের রাজ্যে ঢোকায় বিপদ আছে। অপরিণত অপরিণীলিত চিত্তের উদ্দানত কল্পনায় অলোকিক অতিসহজেই হয়ে ওঠে কিন্তুতিকমাকার—নানা অনর্থের স্বেপাত হয় সেইখানে। অতীতে এমনি করে এক কণিকা সত্যের চারপাশে বিকৃত কুসংস্কার এবং যাজিহীন হঠধর্মের এত জঞ্জাল এসে জড়ো হয়েছিল যে তার ফলে সত্যের অভিযান প্রতিপদে ব্যাহত হয়েছে। তার জন্যে প্রয়োজন হল, অন্তত কিছ্বলল কণাপ্রমাণ সত্য এবং স্ত্পাকার সত্যের ভান উভয়কেই একসংশ্য ঝেণ্টিয়ে বিদায় করা—যাতে ন্তন পথে প্রগতির অভিযানে আর-কোনও বাধা এসে না পড়ে। জড়বাদের মধ্যে যে-ব্রিক্তপ্রবণতা রয়েছে, মান্ধের ব্রাশ্বকে সে মোহমাক্ত ও শাণিত করে তার এই উপকারটাকু করেছে।

সাধারণত চিত্তে অতীন্দ্র বৃত্তির স্ফ্রণ হয় আধারের জড়ত্বে আচ্ছন্ত্র হয়ে। তার 'পরে থাকে কায়িক স্থ্লত্বের প্রলেপ, অপ্রবৃদ্ধ বাসনার ঘার, অনিয়ন্দ্রিত নাড়ীতন্দ্রের উত্তালতা। তাই তার ব্যামিশ্র প্রবৃত্তিতে সুত্তার স্বর্প উল্জ্বল হয়ে ফোটে না, বরং সত্যান্তের মিথ্নলালা হয়ে ওঠে আরও স্পন্ট। অপরিশালিত চিত্ত এবং অবিশ্বন্দ্ধ ইন্দ্রিয়চেতনা নিয়ে মান্ত্র যথন অধ্যাত্ম-লোকের উত্তরভূমিতে আরোহণ করতে চায়, তথন ওই ব্যামিশ্র প্রবৃত্তিই বিশেষ করে তার বিপদ ঘটায়। অপরিণত বৃদ্ধির এই ধৃন্ট অভিযান যে-লোকে

তাদের উত্তীর্ণ করে, সেখানে অবাস্তবের মেঘচ্ছায়া বা অর্ধদীপ্ত কুরেলিকার মারার কি তারা দিশাহারা হয়ে পড়ে না—ঘনান্ধকারে বিদ্যুৎ-চমকে কি তাদের চোথ আরও ধাঁধিয়ে যায় না ? অবশ্য দ্বর্হের প্রতি লোভ ম্যুন্ধের আছেই। তার এই দ্বঃসাহসী অভিযানের ভিতর দিয়েই প্রকৃতি খ্লে দেয় প্রগতির ন্তন পথ। হয়তো এই তার কাজের ধারা, অথবা এ শ্ব্ধ তার খেয়ালখ্নির লীলা। কিন্তু তব্বও মান্ধের বিচারব্দিধ অপরিণত চিত্তের এই ধ্লটতাকে কিছ্বতেই সমর্থন করতে পারে না।

অতএব দীপ্ত শ্বন্ধ মার্জিত ব্বন্ধির 'পরে নির্ভর করেই যে চলবে বিদ্যার অভিষান, একথা অনস্বীকার্য। এও মানতে হবে, চলার পথে মাঝে-মাঝে ইন্দ্রিরগ্রাহ্য তথ্য ও জড়জগতের নিরেট সত্যের শাসন মেনে বিদ্যাকে তার চলনের ব্রুটি শ্বরে নিতে হবে। মান্র 'প্রঃ প্থিবাাঃ'। তাই সে অজড় সত্যের সন্ধানী হলেও এই মাটির ছোঁয়া সবসময়েই তাকে ভরে তুলবে নতুন তেজে। বরং এই কথাই সত্য, জড়ের ব্বেক অটল হয়ে দাঁড়িয়েই আমরা পেতে পারি অজড় সত্যের পূর্ণ অধিকার। মাটির মায়া কাটিয়ে অজড়ের ব্বেক উড়ে যাওয়া, সে তো আমাদের আছেই—কিন্তু প্রাপ্রার্বি পাওয়া তাকে কিছ্বতেই বলা চলে না। বিশ্বর্প প্রেরের স্বর্প-কথায় উপনিষদ তাই বারবার বলছেন 'পশ্ভাং প্থের', 'প্থিবী পাজসাম'—এই প্থিবীরই ব্বেক তাঁর চরণ দ্বিট। অতএব প্থিবীর তত্ত্বজ্ঞানকে যত স্বনিশ্চিত ও সম্প্রসারিত করব, ততই উত্তরজ্যোতি—এমনকি উত্তমজ্যোতিঃ-সাধনার ভিত্তিও আমাদের হবে অটল এবং উদার। ব্রন্ধবিদ্যা আমাদের অধিগত হবে এর্মনি করেই।

অতএব জড়বিদ্যার যুগমায়াকে কাটিয়ে ওঠবার বেলায় লক্ষ্য রাখতে হবে, আমাদের বর্জননীতির মধ্যে যেন অবজ্ঞা বা হঠকারিতার উত্তাপ না থাকে, অথবা বর্জনের দ্রাগ্রহে সত্যের একটি কণিকাও যেন খোয়া না যায়। চিন্দমর সাধনসম্পদকে যতদিন না হাতের মুঠায় আনতে পেরেছি, ততদিন জড়ের সাধনকে উপেক্ষা করবার কোনও অধিকার আমাদের নাই। বরং নিরীম্বরবাদ যে ঈম্বরের মহিমাকেই উম্জ্বল করেছে প্রকারাম্তরে, অজ্ঞেয়বাদ যে অম্তহীন দিগন্তের ইশারা এনেছে জ্ঞানের অভিযানে—শ্রুম্বার বিদ্মরে এই সত্যকেই আমরা স্বীকার, করে নেব। এ-জগতে শ্রাম্তিও সত্যেরই চিরপরিচারিণী, অজানার পথে কখনও-বা তার দিশারিনী। কারণ, শ্রাম্ত অর্থসত্য মাত্র, সত্যের প্রতিষেধ নয়—শুধ্ব সম্ভোচে তার 'চলিতে চরণ বাধে'। কখনও-বা শ্রাম্তির ওড়নায় মুখ তেকে সতাই বেরিয়ে পড়ে অজ্ঞানার গোপন অভিসারে। আধ্যাত্মিকতার অভিমানে যাকে শ্রাম্ত বলে লাঞ্ছিত করি, সে বদি হয় সত্যেরই বিশ্বস্ত পরিচারিণী, নিম্ঠাপত্ত এবং ছলনাহীন হয় বদি তার তপস্যা, নিজের পরিমিত অধিকারের মধ্যে সে বদি হয় সত্যের দীপ্তিতে ভাস্বর, তাহলে

উদ্দোশতচিত্তের কাশ্ডজ্ঞানহীন কম্পনার চেয়ে সে যে শ্রন্থেয়, এ কি অস্বীকার করা চলে? আর এয়্গে জড়বিজ্ঞানীর তথাকথিত প্রান্তি কি ক্সতুত সত্যেরই ছম্মর্প নয়?

সকল জানারই শেষে ফোটে সত্যের চিরন্তন রহসাঁর_ংপ। তাই সমুস্ত জিজ্ঞাসার চরম অঙ্কে দেখা দেয় অজ্ঞেয়বাদের একটা ছায়া। যে-পথ ধরেই চাল না কেন, পথের শেষে দেখি—বিশ্ব এক অজ্ঞেয়তত্ত্বের প্রতীক বা প্রতিভাস: এক অবিজ্ঞের বস্তুকেই আমরা বিশ্বের রূপে দেখছি জড়, প্রাণ, ইন্দিয়সংবিৎ, ব্-িদ্ধ, ভাব, অধ্যাত্মচেতনা—এমন কত রকমারি পরকলার ভিতর দিয়ে। তংস্বরূপ যত সত্য হয়ে ওঠেন চেতনায়, ততই তাঁকে অনুভব করি মনোবাণীর অগোচররপে—'ন তত্র বাগ্নে গচ্ছতি নো মনঃ।' কিন্তু মায়াবাদী যেমন প্রতি-ভাসের অবাস্তবতাকে অতিমান্তায় বাড়িয়ে দেখেন, চরমতত্ত্বের অজ্ঞেয়তাকেও তেমান বৃহৎ করে দেখা চলে। যথন বাল তৎদ্বরূপ অবিজ্ঞেয়, তখন তার অর্থ এ নয় যে সবরকমেই চেতনার বাইরে তিনি; বস্তুত তার অর্থ এই যে, আমরা চিন্তা বা ভাষা দিয়ে তাঁর বেড় পাই না, কেননা চিন্তা এবং ভাষা আমাদের বোধ জাগায় বিষয়-বিষয়ীর ভেদ সূষ্টি করে, বিষয়কে খণ্ডিত ও সীমিত করে। অথচ স্বর্পত তিনি অভেদ, অথন্ড, আত্মস্বর্প। কিন্তু মননের বিষয়র পে জ্ঞেয় না হলেও, চেতনার চরম প্রসারে তিনি উপলব্বির বিষয় তো বটে। তাদাস্মাবোধের মধ্যেও একধরনের জ্ঞানবৃত্তি আছে, যা দিয়ে তংম্বর পকে 'জানা যায়' বলা চলে। সে বিজ্ঞানকে বাক বা মন দিয়ে প্রকাশ করা যায় না সত্য, কিন্ত তার উপলব্ধিতে তৎস্বরূপকে আমরা পাই বিশ্বচেতনার অভিনবা ব্তিরূপে এবং সে-ব্তির বিচিত্র বাঞ্জনা ছড়িয়ে পড়ে চেতনার স্তরে-স্তরে। তখন সে যে শুধু অন্তর্জীবনের রূপান্তর ঘটায় তা নয়, আমাদের বহিজ ীবনেও বিকীর্ণ হয় তার নবচ্ছটা। তা ছাড়া আরেক ধরনের বিজ্ঞান আছে, যার মধ্যে তংস্বর্প প্রাতিভাসিক নাম-র্পের ভিতর দিয়েই নিজকে ফুটিয়ে তোলেন এই চেতনায়—যদিও প্রাকৃতবৃদ্ধি জানে নাম-র প তার স্বর পের কণ্ডক শৃধ্ব। এ-বিজ্ঞান গৃহ্যতম না হলেও গৃহ্যাৎ গুহাতর' তো বটেই। কিন্তু এখানে পে'ছিতে গেলেও জড়বাদের সংকীর্ণ দ্ভিকৈ ছাড়িয়ে উঠতে হয়, প্রাণ মন ও অতিমানসের তত্ত্বসমীক্ষা করতে হয় তাদের স্ব-ধর্মের পরিশীলন দিয়ে—জড়ে তাদের যে অবর বিভৃতির প্রকাশ. শুধু তা-ই দিয়ে নয়।

উপনিষদ বলেন, 'অন্যদেব তদ বিদিতাদ্ অথো অবিদিতাদ্ অধি'—যা জ্ঞানা যায়, তংশবর্প তা হতে আলাদা; আবার যা জানা যায় না, তারও উপরে তিনি। বাস্তবিক, যা অজ্ঞাত, তা-ই অজ্ঞেয় নয়। জানতে না চাই যদি, অথবা গোড়াতেই জ্ঞানব্তির সংক্ষাচকে আঁকড়ে থাকি, তাইলেই অজানা থেকে

ষায় জানার বাইরে। যা-কিছ্ স্বর্পত অজ্ঞেয় নয় (একটা ব্রহ্মান্ডের তাবং বস্তুই তা-ই), তাকে জানবার বৃত্তিও সে ব্রহ্মান্ডবাসীর আছে। মানবর্পী ক্ষ্রেরজান্ডেও আছে জ্ঞেয় ও জ্ঞানের এই সামানাধিকরণা; অস্ফ্র্ট জ্ঞানবৃত্তি ফোটার অপেক্ষায় রয়েছে তার মধ্যে। তাদের ফোটানার চেণ্টা না করতে পারি, অথবা আধফোটা কু'ড়িকে শ্রকিয়ে মারবার ব্যবস্থাও করতে পারি। কিল্তু তব্ জ্ঞান সম্ভব হলে সাধাও হবে—কিছ্বতেই বিশেবর এ মৌলিক বিধানের ব্যতিক্রম ঘটাতে পারি না। মান্বের মধ্যে প্রকৃতি ফ্রিয়েছে স্বর্পোপলন্ধির দ্বিবার আক্তি। অতএব শ্রু বৃশ্ধির জ্বলুমে তার অন্তর্নিহিত সামর্থের সীমাকে সংকুচিত করবার প্রচেণ্টা কথনও সফল হতে পারে না। জড়ের রহস্য উল্ভেদ করে যথন তার শক্তিকে হাতের মুঠায় আনব, তখন জড়বিজ্ঞানের সেই সংকীর্ণ সিন্ধিই বৈদিক প্রগতিবিরোধীদের প্রতি যেমন তেমনি আমাদের উল্দেশে উচ্চারণ করবে এই প্রৈষ-মন্ত : 'নিরনাত-শিচদারত!'—বেরিয়ে পড়—ছুটে চল আরও যেসব ভূমি আছে তাদের দিকে!

আধানিক জড়বাদের লক্ষ্য যদি হত শাধ্য মাটের মত জড়ের জীবনকে আঁকড়ে থাকা. তাহলে মানুষের প্রগতি হত আনিশ্চিত ও বহুবিলাশ্বিত। কিন্তু বিদ্যার অভীশ্সা জড়বাদেরও মর্মাসত্য, অতএব সেও মধ্যপথে থমকে দাঁড়াতে পারে না। আজ হয়তো সে ঠেকে গেছে ইন্দ্রিয়সংবিৎ ও প্রাকৃত বিচার-বান্ধির বাঁধে এসে। কিন্তু অন্তর্নিহিত প্রচেতনার প্রবেগে এ-বাঁধ সে ভাঙবেই। তথন, যে দ্বর্ধার্ষ বীর্ষে এই দ্শ্যজগংকে সে করেছে করামলকের মত, সেই বীর্ষাই যে তাকে প্রচাদিত করবে লোকোত্তরের বিজয়-অভিযানে—আমাদের এ-প্রত্যাশা নিশ্চয় ব্যর্থ হবে না। এবার শ্ব্রু হয়েছে, সেই স্টুনা দেখছি আজ দিকে-দিকে।

শ্ধ্ চরম দর্শনেই নয়, তার অবান্তর-সিন্ধির সামান্য-ধারাতেও দেখি—
একবিজ্ঞানেই সাথাক হতে চাইছে বিদ্যার বিচিত্র সাধনা। তাই, উপনিষদের
বৈদান্তিক ঋষি (পরবর্তী তার্কিক বেদান্তীর কথা বলছি না) যে-ভাবে এবং
যে-ভাষায় সত্যের ন্বর্পকথা বলে গেছেন, আধ্নিক বিজ্ঞানী যথন বিপরীত
ধারায় সাধনা করেও সেই ভাবে ও সেই ভাষাতেই কথা বলেন, তখন উভয়ের
এই অর্থাপূর্ণ সাম্যে ধ্ননিত হয়ে ওঠে সেই চিরন্তন একবিজ্ঞানের সরয়।
শ্ধ্ তা-ই নয়, বর্তমান বৈজ্ঞানিক-আবিন্ধারের নবীন আলোকে প্রাচীন
বেদান্তের মর্মাসত্য স্ফ্টতর মহিমায় উল্জ্বল হয়ে ওঠে: য়েমন ধরা যেতে পারে
উপনিষদের সেই উক্তিটি, বহুনামেকং বীজং বহুধা য়ঃ করোতি'—বহুর একটি
বীজ, কিন্তু বিশ্বশক্তি তাকেই করেছেন বহুধার্পায়িত। বেদের ঋষি
বলেছিলেন, বিশ্বের ম্লে যে 'একং সং' তিনিই হয়েছেন 'বহুধা'। আর আজ

বিজ্ঞানও চলেছে এমন-এক অন্বৈতবাদের দিকে, বহুর সংগ্যে যার বিরোধ নাই; এখানেও বেদ ও বিজ্ঞানে ভাবের সার্প্য অর্থ পূর্ণ নয় কি? বিজ্ঞান যখন জড় ও শক্তির শৈবতকে মানে, তখন সে তো শৈবতবাদী—এমন কথা বললেও তার এই অশৈবতবাদের খণ্ডন হয় না। কারণ, বৈজ্ঞানিক যাকে বলেন জড়ের শবর্পতত্ত্ব, স্পণ্টই তা সাংখ্যের প্রধানের মত একটা অতীন্দ্রিয় অব্যক্ত পদার্থ— যাকে বলা চলে বস্তুর ভাবর্প। অতএব চেতন প্র্রুষকে বাদ দিলে সাংখ্যকে যেমন বলা যায় প্রধানাশৈবতবাদ, বিজ্ঞানের জড়বাদকেও তেমনি বলা যায় জড়াশেবতবাদ। তাছাড়া বিজ্ঞানজগতেও জড়ের তত্ত্ব এবং শক্তির তত্ত্ব চেমেই এগিয়ে চলেছে এক মইাসংগমতীথের দিকে—শব্দ্ব ব্যাবহারিক কল্পনায় টিকে আছে তাদের যেট্কু পার্থক্য। অতএব একবিজ্ঞান যে বিজ্ঞানেরও চরম লক্ষ্য, একথা অনুস্বীকার্য।

জড় কোনও অজ্ঞাত শক্তির র্পায়ণ, বৈজ্ঞানিকের দৃষ্টিতেও এই হল তার চরম পরিচয়। প্রাণরহস্যের শেষ আজও মেলেনি, তব্ মনে হয় সে যেন জড়ের আধারে বন্দী সংবিতের অব্যক্ত স্পন্দন। আজও আমাদের অবিদ্যাক্রবিলত শ্বৈতব্দিধই জড় ও প্রাণের মাঝে ভেদের রেখা টেনে রেখেছে। এ-রেখা ষেদিন মৃছে যাবে, সেদিন একথা মানতে কোনই বেগ পেতে হবে না ষে জড় প্রাণ ও মন একই বিশ্বশক্তির গ্রিধা র্পায়ণ মায়, বৈদিক ঋষি যাকে বলেছেন 'তিনটি ভূবন'। এই বিশ্বকে সৃষ্টি করছে ষে-শক্তি, তার স্বর্প হল ইছা বা সঙ্কলপ। আর সঙ্কলেপর অর্থই হল একটা নির্দিষ্ট পরিণামের অভিন্থে চেতনার প্রবৃত্তি।

কিন্তু এই প্রবৃত্তি ও পরিণামের স্বর্প কি ?—সে শ্ব্ব চৈতনার আত্মানবৃত্তি ও আত্মাববৃত্তি ঃ চৈতনা র্পের গ্রহার নিজকে গ্রাটরে নিরে আবার ফ্রটতে চাইছে সেই আবরণ দীর্ণ করে বিশেবর কোন অন্তগ্র্ দুস্মহতী সম্ভাবনাকে ম্র্ত করতে—এই তো তার লীলা। মান্বের মধ্যে তার কোন্ দিব্যক্রতুর প্রকাশ ? সে কি তার মধ্যে নিয়ে আসেনি অন্তহীন প্রাণ, অসীম জ্ঞান ও অকুণ্ঠ বীর্ষের প্রেতি ? তাইতো আজ বিজ্ঞানের চোথেও এই স্বন্ধের ঘার : এই মর্তদেহেই মান্ব হবে ম্ত্যুঞ্জর, চির-অত্পপ্ত তার জ্ঞানের ত্রমা মিটবে বেদিন, এই প্রথিবীর মান্বই সেদিন হবে জড়শক্তির মহেম্বর। দেশ আর কাল আজ সম্কুচিত হয়ে এক দ্র্লক্ষ্য বিন্দ্রতে গ্রাটরে এসেছে বিজ্ঞানের কাছে। কার্য-কারণের কঠিন নিগড় শিখিল করে মান্বকে অকুণ্ঠ সাম্লাজ্যের অধিকার দিতে কতশত কোশলই না আবিষ্কার করে চলেছে সে। সিন্ধির কোথাও সীমা আছে, জগতে অসম্ভব বলে কিছ্ব আছে—এ-ধারণা ক্রমেই ঝাপসা হয়ে এসেছে মান্বের কাছে। বরং তার অবিচ্ছেদ আক্তিতে বেন্কোনও সিন্ধি মূর্ত হবেই একদিন, এই বিশ্বাসই বন্ধম্ল তার মধ্যে।

তার এ-প্রত্যয়কে মিথ্যাও বলতে পারি না, কেননা শেষ পর্যন্ত সমস্ত সিন্ধিই তো জাতির চিন্ময় ক্রতুর পরিণাম। বন্তুত অকুণ্ঠ ঈশনা ব্যক্তির বিবিক্ত সাধনার ফল নয়—তার মধ্যে সমষ্টি মানবের সংকল্প ফুটে ওঠে ব্যক্তির আধারকে আশ্রয় করে। আরও একটা গভীরে গেলে দেখি এ শাধা সমৃতি-চেতনার ক্রত নয়, সমন্টির উদার পরিবেশে ব্যান্টিকে কেন্দ্র ও সাধন করে এক অতিচেতনা মহাশক্তিই আপনাকে রূপায়িত করছেন এই ঐশ্বর্যের বিভৃতিতে। এই মহাশক্তিই মানুষের 'হাচ্ছয় পারুষ', তাদাম্ম্যের অনন্তব্যঞ্জনা, ঐক্যের বহুধা র পায়ণ। বিশ্বপ্রজ্ঞ বিশ্বেশ্বর তিনি, মানুষের মধ্যে ফুটিয়ে তুলছেন নিজেরই স্বরূপ। তাঁর দিব্যক্তর চিন্ময় বিন্দু তার ব্যাঘ্ট-অহং। জাতির সমষ্টি-অহংএ বিশ্বমানবর্পী নারায়ণের বিশ্ববিগ্রহে সেই বিন্দুরই পরিধি ও বিচ্ছারণের কল্পনা। এই যুগল আধারে তাঁর স্বর্পনিষ্ঠ একত্ব, সর্বজ্ঞতা ও সবৈশ্বর্যের আ-ভাসকে ফুটিয়ে তোলাই তাঁর সিস্কার তাংপর্য। 'মতের মধ্যে অমতে যিনি, আমাদের অন্তরে তিনি নিহিত আছেন চিন্ময় হয়ে এবং আমাদের চিংশক্তিরাজিতে চলছে তাঁর কবিক্রতর বিলাস।³ আধুনিক জগৎ নিজের লক্ষ্য না জেনেও তার সকল কর্মে সকল সাধনায় অবচেতনভাবে অনুসরণ করে চলেছে বিশ্বচেতনার এই বিপ্লে প্রেতি।

তব্ও এ-সাধনায় আছে সঙ্কোচ, আছে বাধা। সঙ্কোচ জ্ঞানের ক্ষেত্রে জড়ত্বের পরিবেশে; আর বাধা শক্তির ক্ষেত্রে—জড়্যণ্টের ব্যবহারে। কিন্তু ভবিষ্যতে এ-কুণ্ঠাট্বকুও যে থাকবে না, বিজ্ঞানের অতিসাম্প্রতিক প্রগতিতে তার আভাস মেলে। জড়বিজ্ঞানের পরিধি ক্রমেই প্রসারিত হয়ে এখন এসে ঠেকেছে জড় আর অজড়ের প্রত্যুক্তভূমিতে; আর বিজ্ঞানের ব্যাবহারিক প্রয়োগও চাইছে যন্টের বাহ্নাকে যথাসম্ভব খর্ব করেই বিরাট সিম্পিকে আয়ন্ত করতে। বেতারবার্তার আবিন্কারে স্টিত হচ্ছে প্রকৃতির প্রগতিতে একটা ন্তন ধারা : জড়শক্তির পরিচালনার কোনও মধ্যবতী ইন্দ্রিগ্রাহ্য জড়বাহনের প্রয়োজন রইল না, জড়ের ছোঁয়া রইল শ্বান শক্তির ক্ষেপণ ও গ্রহণের দ্বিট প্রাম্তবিন্দব্তে। শেষ পর্যন্ত এই ছোঁয়াট্বকুও থাকবে না। তখন জড়াতীতের গতি-প্রকৃতি আলোচিত হবে জগংরহস্যের সত্য ধারা ধরে এবং তার ফলে মান্য খাজে পাবে শ্বান্ মনঃশক্তি দিয়ে জড়শক্তির নির্ভুল প্রশাসনের কৌশল। প্রগতির এই সম্ভাবনাকে ঠিক যদি ব্রুকতে পারি, তাহলে আমাদের চোথের সামনে খালে যাবে বিপুল ভবিষ্যের অন্তহীন চক্রবাল।

এমনি করে জড়ের অব্যবহিত উধর্বভূমির বিজ্ঞান ও প্রশাসনের অধিকার পেলেও সামর্থ্যের সঙ্কোচ আমাদের ঘ্রচবে না—ওপারের হাতছানি তব্ মান্বকে ডাক দেবে অজানার অভিযানে। আমাদের শেষ গ্রন্থিমোচন তখনই হবে, যখন ভিতর-বাহির হবে একাকার, সংকীর্ণ অহংএর বিলাস স্ক্রের হতে স্ক্রতর হয়ে শ্নের যাবে মিলিয়ে। একছের আবেশে জারিত হবে নানাছের যত বিভূতি এবং সেই একরস প্রত্যয়ই আমাদের কর্মে আনবে প্রেরণা। তখন নানাছ-ভাবনার জোড়াতালি দিয়ে একছ গড়বার বার্থ প্রয়াস আর থাকবে না। বিশ্বচেতনার সেই পরম অন্ভবে দেখতে পাব, বৈন্দবাসনা মহাসরস্বতীর চরণতলে প্রসারিত রয়েছে অন্তহীন বিশ্বপটের অন্পম শিল্পচাতুরী। সেই ভূমিতেই আমরা ফিরে পাব স্বারাজ্যের সঙ্গে সাম্রাজ্যের অকু-ঠ অধিকার, সালোক্যম্কির সঙ্গে সাধ্যম্ম্কির অসমোধ্য আস্বাদন—ধ্লিলল্নিঠত এই মত্র জীবনের দিব্য রূপায়ণে।

তৃতীয় অধ্যায়

বৈরাগীর নেতি

সৰ্বং হ্যেতদ্ রশ্ধ: অয়মাস্বা রশ্ধ: সোংয়মাস্বা চতুম্পাং। ...অব্বেহ্যেম্...অলক্ষ্ম অচিম্ভ্যম্...প্রপঞ্জেমম্ম য়া মাণ্ড্রেয়াপনিবং ২, ৭

এ সমস্তই রক্ষ; এই আত্মাই রক্ষ—আর এই আত্মা চতুদ্পাৎ ।... অব্যবহার্ব্য, অলক্ষণ, অচিন্ত্য, প্রপঞ্জের উপশম যাঁর মধ্যে। —মাশ্ড্রক্য উপনিষদ (২.৭)

অথচ এরও পরে আছে ওপারের হাতছানি।

বিশ্বচেতনার ওপারে আছে এক বিশ্বোত্তীর্ণ চৈতন্যের অমেয় দতন্ধতা (কিন্তু তব্ মান্বের উপলন্ধির বাইরে সে নয়)—য় শৃধ্ব আমাদের ব্যক্তি-অহংকে নয়, নিখিল বিশ্বকেও গেছে ছাড়িয়ে, বিপ্লুল ব্রহ্মান্ড য়য় অপরিসীম পটভূমিকায় তুচ্ছ একটি তুলির লিখন মাত্র! বিশ্ববিধানের সে-ই ভর্তা, অথবা উপদ্রন্থা শৃধ্ব। মহাবৈপ্লেয় আলিংগনে বিশ্বপ্রাণকে সে জড়িয়ে আছে, অথবা আনন্ত্যের অমিতিতে উদাসীন হয়ে ছাড়িয়ে গেছে তাকে!

জড়বাদী যদি বলেন : জড়ই একমাত্র তত্ত্ব, প্রাতিভাসিক জগংই একমাত্র বস্তু যার প্রামাণ্যকে মোটের উপর নিশ্চিত মনে করা চলে। এর পরেও যদি কিছ্ব থাকে, সে আমাদের জানার বাইরে—সম্ভবত তা অসং বা মনের বিকল্প অথবা বস্তু হতে আচ্ছিল্ল ভাবের একটা থেয়াল শ্ব্ব।—তাহলে অধরার টানে বাউল সম্র্যাসীও বলতে পারেন : শ্ব্দ্ধ চিংই একমাত্র তত্ত্ব—তার জন্ম নাই, মৃত্যু নাই, পরিণাম নাই। এই ব্যাবহারিক জগং শ্ব্দু ইন্দ্রির ও মনের কল্পনা বা স্বংনবিলাস। শ্ব্দ্ধবিদ্যার শাশ্বতদীপ্তি হতে পরাঙ্ম্ব্রখ অবিদ্যাচিত্তের এ একটা বিকল্প মাত্র।.....এমনি করে নিজস্ব দ্ভিউভিঙ্গ হতে দ্বজনেই ভাবতে পারেন, তাঁর মতই সত্য।

বাস্তবিক, যুক্তিতে হ'ক অনুভবে হ'ক, অন্যোন্যবিরোধী এই দুটি মতেরই সপক্ষে তুল্যবল প্রমাণের পরম্পরা হাজির করা চলে। জড়জগৎ যে বাস্তব, তার প্রমাণ রয়েছে আমাদের ইন্দ্রিয়ের অনুভবে। জড়ের মত স্থলে হয়ে যা ফোটে না, ইন্দ্রিয় তাকে ধরতে পারে না, অতএব যা-কিছ্ম অতীন্দ্রিয় তা-ই অসৎ—এই হবে তার রায়। দৈহ্য-ইন্দ্রিয়ের এই দ্রান্তি অত্যান্ত স্থলে ও বর্বর, অতএব দর্শনের যুক্তি দিয়ে অলাক্ষ্কত করলেই তার মর্যাদা বাড়ে না—কেননা যে-অনুভবের 'পরে এই উক্তির ভিত্তি, সে যেমন সংকীর্ণ, তেমনি কাচা। ইন্দ্রিয়ের দাবি যে সত্য নয়, হাতের কাছেই তার প্রমাণ আছে। জড়ের জগতে এমন-সব স্ক্ষ্ম বস্তু রয়েছে স্থলে ইন্দ্রিয় দিয়ে যাদের ধরা যার না,

অথচ তাদের অস্তিত্বে সন্দেহ গোঁড়া জড়বাদীও করতে পারেন না। তব্ব যে অতীন্দ্রিয় বস্তুকে বিদ্রম বা কুহকের খেলা বলে উড়িয়ে দিতে চান তাঁরা, তার কারণ ব্যাবহারিক জগতের স্থলে ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুকেই তাল্ত্বিক মনে করা তাঁদের চিরাভ্যাস। অথচ এ-খেরাল তাঁদের নাই যে, তাঁদের এ-সংস্কারও একটা কুহকের খেলা। তাই য্তি দিয়ে প্রমাণ করতে চান যাকে, গোড়াতেই তাকে মেনে নেওয়ায় তাঁদের তক' হয় শ্ব্র সিন্ধ-সাধন—অতএব নিরপেক্ষ বাদীর কাছে নিজ্পমাণ।

জড়জগতের অনেক বস্তু শ্ব্ব যে অতীন্দ্রিয়, তা-ই নয়। অন্ভবের সাক্ষ্যকে যদি সত্যের প্রমাণ বলে মানি, তাহলে বলা চলে—স্থ্লদেহের স্থলে ইন্দ্রিয় ছাড়াও আমাদের স্ক্রাদেহে এমন স্ক্রা ইন্দ্রিয় আছে যা দিয়ে জড় ইন্দ্রিয়র সাহায্য ছাড়াও জড়জগতের বস্তুকে জানা যায়—এমন-কি জড়াতীত উধর্বলাকের অতীন্দ্রিয় বস্তুকেও প্রত্যক্ষ করা চলে। বলা বাহ্লা, যে স্থলে জড়পদার্থ দিয়ে আমাদের গ্রহ-তারা-প্থিবীর পত্তন, এইসমস্ত লোকের উপাদান তা হতে প্রক। অতএব তাদের অন্ভবও চিৎসত্তার একটা ন্তন ভূমির বিশিষ্ট অন্ভবেশ সগোত্ত।

মান্য ভাবতে শিখেছে যখন, তখন থেকেই অতীন্দ্রিয় জগৎ সম্পর্কে তার বিশ্বাস ও অন্ভবকে সে ব্যক্ত করে এসেছে নানাভাবে। জড়জগতের রহস্য নিয়ে অতিরিক্ত মাতামাতির ফলে এ-প্রবৃত্তিতে তার ভাঁটা ধরেছিল বটে, কিন্তু আজ সেদিকের জিজ্ঞাসা কতকটা শান্ত হওয়ায় বৈজ্ঞানিক অনুসন্ধিংসার ঝোঁক আবার নতুন করে পড়েছে এইদিকে। এসম্পর্কে প্রামাণিক তথাের পরিমাণ বেড়েই চলেছে। তার মধ্যে চিন্তা-সংক্রমণ এবং তার অনুর্প্ অলৌকিক রহস্যের কোনও-কোনও বহিরগণ বিভৃতিকে এখন আর কেউ সংশয়ের চোখে দেখে না। এর পরেও যদি কেউ বস্তৃনিন্চার অজ্বহাতে এসব ব্যাপারের প্রতি অন্ধ থাকতে চান, তাহলে ব্রুতে হবে অতীত দীপ্তির মাহে এখনও আছেয় তাঁদের মন, অনুভব ও জিজ্ঞাসার স্বর্রাচত সম্কীর্ণ সীমার মধ্যে কুন্তিত হয়ে ফিরছে তাঁদের শাণিত ব্লিশ্বর এবণা। অথবা অতীত শতকের উচ্ছিন্ট বিজ্ঞানের মন্যুকে নিন্চাভরে আউড়িয়েই মনে করেন, তাঁরা ব্লিম্ যুক্তি-যুগের ন্তুন আলোর ঋত্বিক, তাই বৈজ্ঞানিক ব্লিশ্বর মৃত্ বা মুমুমুর্ণ অন্ধ সংস্কার-গ্লিকে সকল ছোঁয়াচ বাঁচিয়ে আগলে রাখাই তাঁদের কর্তব্য!

বৈজ্ঞানিক গবেষণার ফলে জড়াতীত তত্ত্বের যেট্কু আভাস আজ পর্য দত পাওয়া গেছে, তা যেমন অস্পন্ট তেমনি অনতিনিশ্চিত কেননা সে-গবেষণার ধরনে এখনও রয়েছে অনেক গলদ অনেক আনাড়িপনা। তব্ এমনি করে নতুন-ফিরে-পাওয়া স্কা ইন্দির দিয়ে জানা গেছে জড়জগতেরই অনেক অতীন্দিয় তথ্যের সত্য খবর। অহ্লময় কোশের এলাকা ছাড়িয়ে জড়াতীত বে-জগৎ, এই তথ্যগ্রিল যখন তার বার্তাবহ, তখন তাদের সাক্ষ্যকে মিথ্যা বলে উড়িয়ে দেওয়া উচিত হবে না নিশ্চয়। যে-রীতিতে স্থুল ইন্দ্রিয়ের সাক্ষ্য যাচাই হয়, অবশ্য স্ক্ষ্ম ইন্দ্রিয়ের বেলাতেও সে-রীতিই খাটবে। তাদের আনা খবরকেও য্রিক দিয়ে খ্রিটয়ে দেখে সাজিয়ে নিতে হবে, এখানকার ভাবের সংগ্য খাপ খাইয়ে ঠিক-ঠিক তর্জামা করতে হবে—তাদের য়ম্ম প্রবৃত্তি ও অধিকারকে তিলিয়ে ব্রুতে হবে। জড়জগৎ যেমন সত্য, তের্মান সত্য এই অতীন্দিয় স্ক্র্য-সাধন-গ্রাহ্য স্ক্র্য-ধাতুর জগৎ, সেখানেও পড়ে আছে সত্য অন্ভবের এক বিশাল ক্ষেত্র। তার প্রামাণ্যকে অস্বীকার করার কোনও অর্থ হয় না। এই জগতের পরেও আছে আরও কত উত্তর-জগৎ—বৈরাজ-সামের ছন্দে আঁকা, অনির্বাচনীয় র্পরেখায় বিপ্ল তাদের র্পায়ণ। তাদেরও আছে অমেয়বীর্যের স্বয়ম্ভূত্রত—স্ক্রিব্য জ্ঞানের জ্যোতির্ময়্র সাধন। আমাদের এই জড়ের জীবনে জড়ীয় দেহে নেমে আমে তাদের অলোকিক শক্তির আবেশ, এই ভূমিতেই চলে তাদের উন্মেরের আয়োজন, এই চেতনাতেই তাদের আলোকদ্তে বয়ে আনে সে গোপন রহস্যের ইশারা।

অবশ্য বিশ্বলোক আমাদের অনুভবের ক্ষেত্র শা্ধা্ব, এবং ইন্দ্রিয়ই সে-অন্ভবের অন্কল সাধন। কিন্তু সবার মূলে রয়েছে চৈতনা, এই হল আসল কথা। সাক্ষি-চৈতনো ভাসবে বলেই জগৎ হল অন্ভবের বিরাট ক্ষেত্র, আর ইন্দ্রিয় তার সাধন। বিশ্বলোক যে সত্য, সাক্ষীর চেতনা ছাড়া তার আর-কোনও প্রমাণ নাই—হ'ক না সে ইহলোক বা পরলোক, এক লোক বা একাধিক লোক। বিষয়ের সংগ্য বিষয়ীর এই যে অবিনাভাবের সম্বন্ধ. কারও-কারও মতে এ যে শুধু মনুষ্যচেতনার বৈশিষ্টা, জগংকে বিষয়রূপে দেখার সংস্কার হতেই যে তার উৎপত্তি, তা নয়। সন্তার স্বধর্মই হল এই সাক্ষী ও সাক্ষ্যের অবিনাভাব। বিশ্বের সকল প্রতিভাসেরই দুটি কোটি—একদিকে তার সাক্ষি-চৈতন্য, আরেক দিকে সাক্ষ্যের স্পন্দন। কিন্তু সাক্ষী না থাকলে স্পন্দন থাকতে পারে না, কারণ সাক্ষীই বিশেবর আধার এবং ভাসক, সাক্ষি-ভাস্যতা ছাড়া তার কোনও স্বতন্ত্র সন্তা নাই। আবার জড়বাদী এর জবাবে বলছেন : এই জড়বিশ্বই শাশ্বত এবং স্বয়স্ত। প্রাণ ও মনের আবিভাবের প্রেতি তার সত্তা ছিল এবং প্রাণের ক্ষণভাগ ও মনের ক্ষণদীপ্তি একদিন মহাশ্নো মিলিয়ে যাবে যখন, তখনও আকাশ জ্বড়ে চলবে ওই অগণিত স্য্তারার চেতনাহীন শাশ্বত ছন্দোলীলা।...দুটি উক্তি তত্ত্তিজ্ঞাসার শ্বহ দুটি বিপরীত ধারা হলেও একটা অনুস্বীকার্য বাস্তব মূল্যও তাদের আছে, কেননা তত্ত্বজিজ্ঞাসার ধারা হতেই মানুষের মধ্যে ফোটে ব্যাবহারিক দৃষ্টিভাগার বৈশিষ্টা, নির্পিত হয় তার সাধনার লক্ষ্য ও ক্ষেত্র। এ-জিজ্ঞাসার মূলে রয়েছে বিশ্বের তাত্ত্বিকতার প্রশ্ন এবং মানবঙ্গীবনের সত্য ও সার্থকতার প্রশ্নও তার সংগ্যে জড়িত।

জড়বাদের চরম সিন্ধান্ত অনুসারে, ব্যক্তির জীবন ও জাতির নিয়তি দ্বইই তুচ্ছ এবং অবাস্তব। অতএব ন্যায়ত আমাদের সামনে খোলা দ্বটি মাত্র পথ : হয় হল্ডদন্ত হয়ে এই ক্ষণস্থায়ী জীবনকে নিঙ্জে যথাসম্ভব তার রসট্বকু আদায় করে নেওয়া—ঋণ করেও ঘৃত পান করা চার্বাকের মত: নয়তো জাতি ও ব্যক্তির লক্ষাহীন ও মমত্বশূন্য সেবায় জীবন দেওয়া--্যদিও জানি ব্যক্তি শুধু নাড়ীতন্ত্রের বিকারজাত মনশ্চেতনার একটা স্বংনবুদ্বুদ, আর জাতির মধ্যেও জড়ের সেই নাডীর স্পন্দনই হয়েছে আর-একট, সংহত এবং দীর্ঘায়ত। কর্ম আর ভোগ দুরেরই মূলে আছে অন্ধ জড়শক্তির তাডনা— যা আমাদের মূর্ণ্য দূষ্টির সম্মূথে মেলে ধরে জীবনের একটা ক্ষণিক বিভ্রম অথবা ধর্মান, শাসন এবং মানসী সিশ্ধির একটা বর্ণাঢ্য প্রবঞ্চনা। জড়বাদও এমনি করে নিবিশেষ অদৈবতবাদের মত শেষ পর্যক্ত এসে ঠেকে 'সদসদ্ভাম্ অনিব চনীয়া মায়া'তে। তারও মতে জড়জগং সং—কেননা সে প্রত্যক্ষ এবং অনুস্বীকার্য : তেমান আবার সে অসং—কারণ সে প্রাতিভাসিক এবং বিনুস্বর ।... আবার মায়াবাদের চরম সিন্ধান্ত অনুসারে ঠিক উল্টা পথ ধরে যে-লক্ষ্যে এসে পের্ণছই, তা জড়বাদী সিন্ধান্তের অনুরূপ, অথচ তার চেয়েও সে আমাদের কড়া মহাজন। তার মতে : ব্যক্তির অহং আকাশকুস্মের মত অলীক, মানুষের জীবন অবাস্তব, কোনও স্বকীয় লক্ষ্য তার নাই, প্রাতিভাসিক জীবনের অর্থাহীন জালের জাটল বন্ধন হতে নির্বাশেষ-সং অথবা প্রম-অসতের অনুপাখ্য শূন্যতায় মুক্তি পাওয়াই তার একমাত্র প্রুষার্থ।

প্রাকৃত জীবনের বাস্তব তথ্যের 'পরে যে-তর্কাবৃদ্ধির নির্ভার, অস্তিত্বের রহস্য সমাধান কখনও সে করতে পারবে না—কেননা এসব তথ্যের মধ্যে অন্ভবের ফাঁক যেখানে, সেখানে যৃত্তিরও ফাঁক এসে জন্টবে। প্রাকৃত চেতনার আমরা যেমন বিশ্বমানস অথবা অতিমানসের বিশিষ্ট অন্ভবকে কল্পনার আনতে পারি না শরীরী ব্যক্তির সঙ্গে না জড়িয়ে, তেমনি প্রত্যগান্থা বাস্তবিকই শরীরী, অথবা দেহপাতের পরেও তার সম্ভাব বা দেহকে ছাপিয়েও তার সম্প্রসারণ একেবারেই অসম্ভব—জোর করে এমন কথা বলবার মত প্রামাণিক অন্ভবও আমাদের নাই। কাজেই জড়বাদের দাবি সত্য না মারাবাদের দাবি সত্য, এই প্রাচীন বিতকের মীমাংসা সম্ভব একমাত্র চেতনার সম্প্রসারণে অথবা সাধনসম্পত্তির অপ্রত্যাশিত উৎকর্ষে—শন্ধ্ প্রাকৃতব্দিধর তর্কনৈপ্রণ্যে নয়।

চেতনার সম্প্রসারণ তখনই সাথাক হতে পারে বখন বিশ্বচেতনার পরিব্যাপ্ত হয় ব্যক্তির অন্তর্জনিন। বস্তুত, জগতে জীবজন্মের সংগ্যে আবিভূতি হয়েছে যে শরীরী মন, তাকে কথনই সাক্ষি-প্র্যুষ বলা চলে না। সাক্ষী যিনি, তিনি বিশ্বচেতন—বিশ্ব তাঁর কুক্ষিগত। নিখিল বিস্থিতিত অভ্তর্থামী বোধির্পে আবির্ভূত তিনি—বিশ্ব তাঁর চিরন্তন তত্ত্বভাবের পরিস্পদর্পে সত্য ও শাশ্বত হয়ে আছে তাঁর মধ্যে, অথবা তাঁর প্রজ্ঞা ও চিংশক্তির বিলাসর্পে 'তর্ণহ উপজি প্ন তর্ণহ সমাওত—সাগর-লহরী-সমানা'। আমাদের প্রাকৃত মনের সংঘাতর্পকে কখনও বিশেবর সাক্ষী ও প্রভূ বলা যায় না। উপদ্রুষ্টা মহেশ্বর তিনিই, যুগপং যিনি প্থিবীর প্রাণে ও জীবদেহে শাশ্বতী শান্তির অচল প্রতিষ্ঠায় অন্তর্যামির্পে সমাসীন—মান্বের ইন্দ্রিয়-মন যাঁর দিব্যক্রত্বর পরোক্ষ সাধন শৃধ্ব।

আধ্বনিক মনোবিদ্যা মান্বের মধ্যেও বিশ্বচেতনার সম্ভাবনাকে ধীরেধীরে মেনে নিচ্ছে। এমন-কি আমাদের জ্ঞানের সাধন যে আরও স্ক্রের প্রপ্রারধমী হতে পারে, একথা মানতেও তার বিশেষ আপত্তি নাই। অথচ সে-সাধনের সামর্থ্য ও সার্থকতাকে কব্ল করেও তার কৃতিকে কুহকের পর্যায়েফেলতে আজও তার বাধে না। প্রাচ্য মনোবিদ্যায় কিন্তু বিশ্বচেতনতা ও সাধনের উৎকর্ষকে বরাবর গণ্য করা হয়েছে অধ্যাত্ম-প্রগতির একটা বাস্তব সাধ্য বলে। তার মতে, সিম্পির একমার সঞ্জেত হল—ব্যক্তির কল্পিত অহং-চেতনার সঞ্জোচকে অতিক্রম করা, জড়ে ও জীবে সর্ব্র গ্রেছি যে অন্তর্থামী আত্মসংবিং, তার সঞ্জো তাদাত্মাবোধে যুক্ত হওয়া—অন্ততপক্ষেতার সাহিত্ব অর্জন করা।

বিশ্বচেতনায় অবগাহন করে আমরা বিশ্বসন্তার সংখ্য এক হয়ে থাকতে পারি তারই মত। তখন আমাদের চেতনায় এমন-কি ইন্দ্রিয়ান্ভবেরও মধ্যে দেখা দেয় যে-র্পান্তর, তার দীপ্তিতে ব্ঝতে পারি—বিশ্বজড় এক অখণ্ড সন্তা। সম্দ্রের ব্কে টেউএর মত ওই অল্পময় সন্তাই বিবিক্ত দেহের বিভূতিতে ঘটে-ঘটে করেছে স্বগতভেদের বিস্ছিট, আবার আত্মসন্তার পরিকীর্ণ সেই বিন্দ্রজালে যোগাযোগ ঘটিয়েছে অল্পময় সাধন দিয়ে। তেমনি প্রাণ-মনেও এক অখণ্ড সন্তাকেই দেখি বহুধা র্পায়িত। আপন-আপন অধিকারে তারাও দেখি নিজকে বিবিক্ত-বিকীর্ণ করে আবার যুক্ত করছে উপযুক্ত সাধন দিয়ে। এই ধারায় আরও এগিয়ে গিয়ে, চেতনার অনেক পর্ব পার হয়ে অবশেষে উত্তীর্ণ হই অতিমানসের অধিকারে, যার প্রেতি নিগ্রু রয়েছে বিশ্বের সকল অবর প্রবৃত্তির মর্মান্দে। অখণ্ড বিশ্বসন্তাকে শুব্র যে অনুভবে আনা যায় এমনি করে, শুব্র যে ইন্দ্রিয়বোধে তার রূপ ধরা যায়, তা-ই নয়। অনুভবের অন্তরগতায় আমরা আবিন্ট জারিত হয়ে যেতে পারি এই গভীর চেতনায়—আত্ম-সংবিৎর্পে অপরোক্ষ করতে পারি তাকে। অহংপ্রত্যয়ের মধ্যে যেমন সকছন হয়ে বাস করেছি এতিদিন—তেমনি বাসা বাধতে পারি এই বিশ্ব-

চেতনাতেও, নিত্যম্পন্দিত হতে পারি তার উপচীয়মান নিবিড়তায়, খন্ডিত সন্তার অভিমান ভূলে গভীরতর আত্মীয়তায় এক হয়ে যেতে পারি অপর মন প্রাণ ও দেহের সংগ। কেবল যে আমাদের চিত্তে ও সংকল্পে এবং অপরের প্রত্যক্-চেতনাতেই ছড়িয়ে পড়ে এই নিবিড় তাদাত্মাবোধের বীর্য, তা নয়। জড়জগতের গতি-প্রকৃতিতেও তার দিব্য প্রশাসন সন্ধারিত হয়—যার কল্পনাও আজ আমাদের সংকৃতিত অহমিকার অগোচর।

তাই, বিশ্বচেতনার প্পর্শ বা আবেশ যে পেয়েছে, তার অন্ভবে এর সত্যতা বাস্তবকেও ছাড়িয়ে গেছে। তার কাছে এ শুধ্ স্বর্পে সত্য নয়—পরিণামে ও প্রবৃত্তিতেও সত্য। এ-জগৎ ফ্টেছে বিশ্বচেতনার পরিপ্রেণ সম্ভূতির লীলার্পে। অতএব বিশ্বচেতনা যেমন জগতের সত্য, তেমনি জগওে তার কাছে সত্য—কিন্তু স্ব-তন্ত্র সিম্প্রসন্তার্পে নয়। চেতনার উত্তরায়ণে সংস্কারের সকল বাঁধন খসে যায় যখন, তখন অনুভব করি, চৈতন্য আর সন্তাতে কোনও ভেদ নাই—সকল আত্মভাবই স্বর্পত পরা সংবিৎ এবং সকল সংবিৎই স্বয়ম্ভাব মাত্র। চৈতন্য শাশ্বত ও স্বকৃৎ; অতএব তার বিস্তিও সত্য। সে তার আত্মসন্তারই অবিকৃত-পরিণাম—স্বণন বা পরিণাম-বিকার নয় শুধ্ব। এ-জগৎ সত্য, কেননা একমাত্র চৈতন্যই এর সন্তা। চিৎশক্তি এর স্বর্প এবং পরমার্থসতের সঙ্গো সে-শক্তি অবিনাভ্ত—কেননা সে তো শুম্প সন্তারই স্ব-ভাবের স্ফ্রিত। স্বয়্রম্প্রভা চিৎশক্তিই ধরেছে জড়ের র্প। জড়ের একটা বিবিক্ত স্ব-তন্ত্র সন্তা থাকত যদি, তাহলে তাই বরং হত স্ব-ভাবের বিপর্যয়—স্বণনকুহক মতিশ্রম বা অসম্ভাব্য অন্তের ছলনা।

যে চিং-সন্তা অন্তহীন অতিমানসের স্বর্পসত্য, সে কিন্তু বিশ্বোত্তীর্ণ। যেমন বিশ্বছন্দে সে লীলায়িত, তেমনি অনির্বচনীয় আনন্ত্যের নিরুক্শ স্বাতন্ত্যে আত্মসমাহিতও সে। জগংই আছে তংস্বর্পকে আশ্রয় করে, তংস্বর্প জগংকে আশ্রয় করে নাই। বিশ্বচেতনায় অবগাহন করে বিশ্বসত্তার সঙ্গে যেমন এক হয়ে যেতে পারি আমরা, তেমনি বিশ্বসত্তাকে ছাড়িয়েও ভাবে যেতে পারি বিশ্বোত্তীর্ণ চৈতনাের অব্যক্ত গহনে। তখনই আমাদের মধ্যে জাগে সেই প্রাতন প্রশন্বিশ্বাত্তীর্ণের স্বর্প কি নেতিতে? বিশ্বলােকের কি সম্বন্ধ লােকােন্তরের সঙ্গে?

বিশ্বোত্তীর্ণের দ্বারের আছে বিশ্বন্ধ চিংম্বর্পের অসংগ কৈবল্য, উপনিষদ
যাঁকে বলেছেন : শব্দ শব্দ তিনি, 'ঈশানো ভূতভবাস্য', কিন্তু 'অনেজং'।
তিনি 'অম্নাবির'—শক্তিসঞ্জরণের জন্য স্নায়্ন নাই তাঁতে, দ্বৈতের পাপ নাই—
ভেদের রণ নাই তাঁর মধ্যে। তিনি কেবল অম্বয়র্প অব্যবহার্য প্রপঞ্জোপশম।
অদ্বৈত্বেদানতীরা তাঁকেই বলেন বিশ্বন্ধ আত্ম্বর্প, নিষ্টিয় ও নিগ্রেণ ক্রন্ধ,
প্রপঞ্জাতীত নৈঃশব্দা। অধ্যাত্মচেতনার তীরসংবেগে সাধকের মন যখন

পর্বসংক্রমণের অপেক্ষা না রেখে সহসা এই অগমরাজ্যে ঢুকে পড়ে প্রলয়ের দরের ঠেলে, তখন ওই অমের নৈঃশব্দ্যের নীল বিদ্যুতে ধাঁধিয়ের যায় তার চেতনা। মনে হয়, এই অবর্ণই সত্য—মিথ্যা জগতের বর্ণচ্ছটা। মানুষের মনে এর চেয়ে প্রবল ও প্রচন্ড অনুভবের বিচ্ছরণ আর বর্ণির হয় না। এই বিশান্ধ আত্মন্বর্পের দর্শনে অথবা তারও অতীত অসম্ভূতির অনুভবে শার্র হয় প্রতিষেধের আর এক কোটি—ষা জড়বাদীর প্রতিষেধেরই অনুর্প, অথচ তারও চেয়ে চ্ডাম্ত, তার চেয়েও সর্বনাশা। তার উদান্ত আহ্যান যে ব্যক্তিব আ জাতির কানে বাজে, সে মরণের নেশায় মাতাল হয়ে ঘর ছেড়ে ছোটে বনের দিকে। এই প্রলয়ঙ্কর প্রতিষেধকেই আমরা বলেছি 'বৈরাগীর নেতি'।

বৌষ্ধ্বম যেদিন হতে প্রাচীন আর্যজগতে নিয়ে এল বিক্ষোভের আলোডন তার পর থেকে দ্'হাজার বছর ধরে ভারতবর্ষের হুদয়ে মন্দ্রিত হয়েছে মহাকালের ডমর্ধ্বনি—জড়ের বির্দেধ চিৎ করেছে বিদ্রোহঘোষণা। কিন্ত মায়াবাদই যে ভারতীয় ভাবধারার সর্বস্ব, তা নয়। এ ছাড়াও এখানে ফুটেছে আরও কত দর্শন, সাধকহদয়ের আরও কত অভীপ্সা। দার্শনিক চরম-পন্থীরাও যে জড় আর চিতের মধ্যে সমন্বয় ঘটাতে চার্নান, তাও নয়। কিন্তু নেতিবাদের করালছায়ায় সকল সাধনাই হয়ে গেছে পাণ্ডুর, সন্ন্যাসীর গৈরিকে রাঙা হয়েছে সবার মন। বৌশ্ব কর্মবাদের আর প্রতীত্যসমূৎপাদের অচ্ছেদ্য শৃংখলে বাঁধা পড়েছে অস্তিম্বের সকল উল্লাস এবং তাহতে এসেছে কধন ও ম্বিক্তর দ্বিকোটিক বিরোধ—ভবপ্রতায়ে বন্ধন আর ভর্বনিরোধে ম্বিক্ত ! তাই সকল সাধকের কণ্ঠে একমাত্র এই বাণীই ধর্ননত হয়েছে সমস্বরে—'হেথা নয়, হেথা নয়—অন্য কোন্ খানে'। বৈকু-ঠ কোথায় এই দৈবতের রাজ্যে? শাশ্বত বৃন্দাবনের অন্তহীন রসোল্লাস, রক্ষালোকে আত্মার অথণ্ড সচ্চিদানন্দের দিবাসন্ভোগ, প্রপঞ্চোপশম অনুপাখ্য মহানির্বাণে অহং বাসনা ও কর্মের আত্যন্তিক প্রলয় অথবা অলক্ষণ অব্যবহার্য আত্মপ্রতায়সার পরমার্থসতে সকল ভেদসত্তার নির্বাপণ—এসমস্তই তো ওপারের অনুভব, এপারে তার কোথায় আভাস? কত শতাব্দীর ধারা বেয়ে চলেছেন উত্তরায়ণের অভিযাত্রী যত—শ্ববি সাধ্ব ও প্রবক্তার বিরাট জ্যোতির্বাহিনী—ভারতের স্মৃতি ও কল্পনায় দুর্মোচন বিদ্যুংরেখায় জনলছে যাঁদের নাম ও রূপ, তার দ্ব'কান ভরেছে তাঁদের এই অবিসংবাদিত উত্তর্ণ্গ আহ্বানমন্তে—'বৈরাগ্যই বিজ্ঞানের একমাত্র পথ, অজ্ঞান ষে, সে-ই আঁকড়ে থাকে এই জড়ের মায়া। জন্মনিব্তিতেই মানবজন্মের সার্থকতা ! অতএব শোন চিৎস্বর্পের আহ্বান—তফাত হও জড়ের থেকে'!

সম্ব্যাসীর এই আহ্বানে সাড়া দেবার মত সমবেদনা আধ্বনিক মনে আর বে'চে নাই। মনে হর, জগতের সর্বাহই সম্ব্যাসীর যুগ ফ্বারিয়ে গেছে বা বেতে বসেছে। তাই এযুগের মানুষ ভাবতে পারে : বৈরাগ্যের ধ্রুয়া একটা পরিপ্লান্ড জরাজীর্ণ জাতির প্রাণ-বৈকল্যের পরিচয় শৃধ্। একদিন সমগ্র মানবসভ্যতার বিপ্ল দায়কে সে বহন করেছে, মানুষের জ্ঞান ও কৃতির ভাশ্ডারে আহরণ করে এনেছে কত-না বিচিত্র ঐশ্বর্য। আজ যদি তার ক্লান্ত হৃদয় সংসার হতে ছুটিই চায়, সে কি দোষের !...কিন্তু আমরা দেখেছি, এই বৈরাগ্যও সন্তার একটা সত্যবিভাব—মানুষের প্রচেতনার চরম শিখরে স্ফ্রিত হয় তার অপরোক্ষ অনুভবের চিন্ময়ী দীপ্তি। শৃধ্য তা-ই নয়—মানুষের পূর্ণতা-সাধনারও অপরিহার্য অংগ এই বৈরাগ্যের ভাবনা। মানুষের বৃদ্ধি ও প্রাণ-সংস্কার পাশবতার নাগপাশ হতে মৃক্ত নয় যতক্ষণ, ততক্ষণ বৈরাগ্যের বিবিক্ত সাধনা যে জাতির পক্ষে শ্রেয়ন্কর একথা অস্বীকার করি কি করে?

আমরা নেতি- বা নাম্তি-বাদী নই। একটা বৃহত্তর পূর্ণতর ইতির সত্যে আমরা খুজি জীবনের সার্থকিতা। ভারতবর্ষের বৈরাগ্যবাদ, 'একমেবা-দ্বিতীয়ম্'—বেদান্তের এই মহাবাক্যকেই মেনেছে। কিন্তু 'সর্বাং খনিবদং ব্রহ্ম'--এই আর-একটি মহাবাকোর সঙ্গে তার অথণ্ড অন্বয়ের সম্বন্ধকে পরিপূর্ণ মর্যাদা দেয়নি সে। মানুষের অভীপ্সা লেলিহান হয়ে উঠেছে দ্যলোকের দিকে; কিন্ডু দ্যলোকের অভীপ্সাও যে ন্য়ে পড়েছে প্রথিবীর বুকে চির-আলিখ্যনে বে'ধে নিতে তার চিন্ময়ী মায়াকে! এ-দুটি আক্তির মিলনরাগিণী ভারতীর বীণায় তেমন করে বেজে উঠল কই? চিৎস্বরূপের সত্যকেই বড় করেছে ভারত, কিন্তু মুংস্বর্পের তাংপর্যকে তলিয়ে বোঝেনি। পরমার্থ-প্রত্যয়ের উত্তর্গ্যতায় সম্ন্যাসীর জন্মেছে পূর্ণ অধিকার, অথচ প্রাচীন বেদানতীর মত তার পরিব্যাপ্ত সম্ভূতির পূর্ণতায় দখল জমেনি তাঁর।...কিন্তু নেতি ছেড়ে ইতির প্রশস্ততর ভূমিকায় যথন সাধনার প্রতিষ্ঠা থ্রুজব, তখনও চিন্ময়ী প্রেতির বর্ণহীন শুন্ধ প্রকাশকে এতট্কু খাটো করলে চলবে না। জড়বাদও যেমন আজ দিব্য-পূরে,ষের দিব্য-ক্রতুর সাধন, বৈরাগ্যবাদও যে একদিন তার চেয়ে উৎকৃষ্টতর সাধন ছিল সেকথা অকপটে স্বীকার করতেই হবে। জড়বিজ্ঞানের অনেক সিদ্ধি ও ঋদ্ধিকে সংহরণ ও বর্জন করতে হবে ভবিষ্যতে. হয়তো-বা ঘটাতে হবে তার আমূল রূপান্তর। কিন্তু তব্ও তার মধ্যে যা-কিছ্ সত্য ও শ্রেয়ন্কর বৃহৎসামের সাধনায়, তাকে বাদ দিলে তো চলবে না। তেমনি আজ পিত,রিক্থ যত উনীকৃত বা বিকৃত হয়েই আমাদের হাতে আসুকু, প্রাচীন আর্থসভ্যতার দায়াদর পে তার গ্রহণ-বর্জনের দায়কে আমাদের নির্বাহ করতে হবে আরও স্ক্রোতর বিবেক নিয়ে।

চতুর্থ অধ্যায়

সর্বং খন্দিদং ব্রহ্ম

অসমের স ভবতি। অসদ্ রক্ষেতি বেদ চেং। অস্তি রক্ষেতি চেদ্বেদ। সম্তদেনং ততো বিদঃ॥ তৈতিরীয়োপনিবং ২।৬

—অসংই সে হয়ে যায় অসং বলে ব্রহ্মকে কেউ জানে যদি। ব্রহ্ম অস্তিস্বর্প এ যদি কেউ জানে, তাহলে সং বলেই তাকে যায় জানা। —তৈতিরবীয় উপনিষদ (২।৬)

শূর্দ্ধচিৎ তার পরিপূর্ণ স্বাতন্ত্র ফোটাতে চায় আমাদের মধ্যে। আবার বিশ্বজড় হতে চায় আমাদেরই বিস্ভির নিমিত্ত এবং আধার। দুটি দাবির কোনটিকেই উপেক্ষা করতে পারি না যথন, তখন সত্যের এমন-একটা পরিপূর্ণ রূপ আমাদের আবিষ্কার করতে হবে, যার মধ্যে চিৎ এবং জড়ের ঘটে নিখ;ত সমন্বয়, যার মিলনমন্তে মান্ধের জীবনে পায় তারা স্বাধিকারের মর্যাদা এবং তার চিন্তায় পায় যথাযোগ্য সমর্থন। কোথাও তাদের মূল্য ক্ষার হবে না. তাদের অর্ন্তার হিত সত্যের গোরব কোথাও মাান হবে না। স্বীকার করতে হবে, দুয়েরই মূলে আছে এক মর্মসত্যের র্মাবচল প্রতিষ্ঠা। নইলে তাদের দ্রান্তি বা অতিকৃতির মধ্যেও কোথা হতে আসে স্পর্ধিত সামর্থ্যের অফ্রন্ত যোগান? ক্তৃত যেখানেই কোনও চরম উক্তি মন্ত্রশক্তির মত অভিভূত করে মানুষের মন, বুঝতে হবে তার পেছনে প্রচ্ছন্ন আছে—কোনও দ্রান্তি কুসংস্কার বা কুহকের ছলনা শুধু নয়: আছে কোনও পরম সত্যের দুর্নিরীক্ষ্য অথচ প্রচণ্ড দাবি যাকে অস্বীকার বা অবজ্ঞা করলে তার দরবারে আমাদের দশ্ড পেতেই হবে। এইজনাই চিৎ ও জডের মধ্যে যত আপোস-রফাই করি না কেন, শেষ পর্যন্ত তার কোনটাকেই আমরা টিকিয়ে রাখতে পারি না, সমস্যা-সমাধানের একটা সহজ রাস্তা খ'লে পাই না কোনমতেই। রফামাত্রেই একটা চুক্তি—দুটি বিরোধী শক্তির কলহে স্বার্থের বনিবনাও; তাকে কিছুতেই সমন্বয় বলা চলে না। সত্যকার সমন্বয়ের মূলে আছে দুয়ের মাঝে একটা মন-জানা-জানির প্রেরণা, একান্মবোধের অন্তর্পাতায় যার শেষ পরিণাম। অতএব চিং ও জড়ের মাঝেও সমন্বয়ী সত্যের সন্ধান পাব উভয়ের ঐক্যসাধনার চরম নিবিডতায়। আর সেই সত্যের অটল ভিত্তিতে আমাদের গড়তে হবে ব্যক্তি-জীবনের অন্তরে-বাইরে সমন্বয়সাধনার ইমারত।

বিশ্বচেতনাকে আমরা দেখেছি দুটি ভাবনার সন্ধিভূমির্পে; দেখেছি, এইখানে এসে চিতের কাছে জড় হয় বাস্তব, আবার জড়ের কাছে চিৎও হয় সত্য। কারণ বিশ্বচেতনায় পরিব্যাপ্ত প্রাণ ও মনকে বলা যায় অখন্ড সন্তার অন্তরিক্ষলোক-পরাবর-তত্ত্বের মাঝে তারা যেন সেতৃ। কিন্তু অহমিকাদ্যুষ্ট প্রাকৃত-চিত্তে তারা দেখা দেয় সংভেদের হেতু হয়ে—একই অবিজ্ঞেয় পরমার্থ-সতের ইতি- ও নেতি-মূলক দুটি বিভাবের মাঝে একটা কুত্রিম কলহের তখন তারা উদ্যোক্তা। বিশ্বচেতনায় অবগাহন করে মন জ্যোতিম্মান হয়ে ওঠে সেই একবিজ্ঞানের দীপ্তিতে, যা একের সত্যের সঙ্গে নানার সত্যকে মিলিয়ে উভয়ের মধ্যে আবিষ্কার করে যোগাযোগের সূত্রটি। সেই আলোতেই দীপ্ত মনে ঘুচে যায় সকল দ্বিধা, বৃহৎসামের দিব্যরাগিণী ঝঙ্কুত হয় তার তারে-তারে; সৌষমোর রসে তপ্ত হয়ে পরমদেবতার সঙ্গে এই জীবনের চিরাকাঙ্কিত চরম মিলনের সে তখন হয় দতেী। বিশ্বচেতনার আবেশে মননশক্তিতে সন্তারিত হয় অপরোক্ষ-অন্ভবের বীর্য, ইন্দ্রিয়শক্তিতে আসে স্ক্ষ্মদর্শনের দিব্য সামর্থ্য; তার ছটায় জড়ের স্বর্প ফ্টে ওঠে চিৎস্বর্পেরই ঘনবিগ্রহ-র্পে—তার আত্মবিভাবনী পরিব্যাপ্তির্পে। আবার সেই দিব্য সাধনসম্পদের আনুক্ল্যে চিৎও দেখা দেয় জড়ের আত্মভূত সত্য ও সারতত্ত্ব হয়ে। পরস্পরকে স্বীকার করতে তখন আর তাদের কোনও বাধা থাকে না. উভয়েই তখন উভয়কে জানে দিব্য বাস্তব এবং একাত্মসার বলে। চেতনার সেই দীপনীতে মন আর প্রাণ যুগপং পরা সংবিতের রূপায়ণ ও সাধনরূপে প্রকাশ পায়—যাদের দিয়ে নিজেকে তিনি ছড়িয়ে দেন রূপে-রূপে জড়বিগ্রহের গহন গ্রহায়, আবার সেই বিগ্রহে থেকেই বহুধাবিকীর্ণ তাঁর চিৎকেন্দ্রের কাছে নিজেকে করেন অনাবত। প্রমার্থসতের যে-আত্মরূপায়ণ বিশ্বরূপে, তার অখন্ড সত্যকে ধারণ করবার স্বচ্ছতা যদি পায় মনের মকুর, তবেই তার নিজেকে পাবার তপস্যা সাথকি হয়। বিশ্বসত্তার নিত্যনবীন রূপোচ্ছনাসে ব্রহ্মের পরিপূর্ণ রূপায়ণের যে-আয়োজন, তার মধ্যে সকল শক্তি ঢালে যথন চেতন প্রাণ, তখনই তার সিদ্ধ।

এমন করে ভাবলে পরে এই মত্রেরই বুকে দেখতে পাই দিব্য-জীবনের একটা সত্য সম্ভাবনা। তার মধ্যে বিশ্ব- ও পাথিব-পরিগামের একটা স্মুম্পট্ট লক্ষ্য ও জীবনত ব্যঞ্জনার আবিচ্কারে একদিকে যেমন মানুষের বিজ্ঞানসাধনার সাথিকতা হবে সপ্রমাণ, তেমনি আর একদিকে জীবভাবের দিব্যভাবের র্পান্তরে তার আধ্যাত্মিক আদশের সকল আকৃতি সিশ্ধ হবে।

কিন্তু বৈরাগীর বিবিক্ত জীবনের পরম প্রে্যার্থ যে অশব্দ নিন্দিয় শৃন্ধ বৃন্ধ স্বয়স্ভূ আত্মারাম, আমরা কি তাঁকে স্বীকার করব না? এখানেও দৃ্স্তর বৈষম্যে নয়—কিন্তু সৌষম্যের সহজ সত্যেই আমাদের চেতনাকে দীপ্ত করতে হবে। নিগর্বণ রক্ষে বিশ্ব নিরাকৃত আর সগর্ব রক্ষে স্বীকৃত স্তরাং এ-দ্টি বিবিক্ত বির্ম্থ ও বিষম দ্টি তক্ত্ব—এ-ধারণা সত্য নয়। বস্তৃত সগর্ব এবং নিগর্বণ এক প্রাপ্তরে ইতি- এবং নেতি-ভাব মাত্র—তাদের একটি দাঁড়াতেই পারে না আর একটিকে ছেড়ে। অশব্দ নিগর্বণ যিনি, তাঁথেকেই তো বিশ্বজননী পরা বাকের শাশ্বতী প্রবৃত্তি, কারণ অশব্দের মধ্যে যা গ্রেড়ামা হয়ে রয়েছে, বাক্ তারই ব্যঞ্জনা মাত্র। এই শাশ্বত নৈক্ষর্য্য আছে বলেই অগণিত রক্ষান্ডে স্ফুরিত হচ্ছে তাঁর শাশ্বত দিব্যকর্মের পরিপর্ণ স্বাতন্ত্য ও অকুণ্ঠিত ঈশ্না। তাঁর দিব্য সম্ভূতিতে রয়েছে যে বিপর্ল বীর্য, বৈচিত্র্য ও সৌষম্যের যে অন্তহীন সামর্থ্য, তার প্রেতি আসে—স্বয়ং অপরিণামী হয়েও যে তিনি অফ্রন্ত বিস্থির নিরপেক্ষ অন্মন্তা ও ভর্তা, তাঁর সেই অবিকৃত্ব পরিণামের দিব্যমায়া হতেই।

মান্বের জীবনেও সিদ্ধির প্র্ণতা আসে এমনি করে—যথন তার অন্তরে থাকে ব্রহ্মীভূত চেতনার পরম নৈচ্কর্ম্য ও প্রশান্তি অথচ তাহতেই উচ্ছ্র্মিত হয় অফ্রন্ত কর্মের স্বাতন্ত্য—ব্রক্ষেরই মত প্রশান্ত আনন্দের স্বচ্ছন্দ্র অফ্রন্ত কর্মের স্বাতন্ত্য—ব্রক্ষেরই মত প্রশান্ত আনন্দের স্বচ্ছন্দ্র অন্যোদনে। নিজের মধ্যে যারা এই প্রশান্তির নির্মার খাজে পেয়েছে, তারা দেখতে পায় বিশ্বকর্মে ক্ষয়হীন শক্তির যোগান উৎসারিত হচ্ছে তার অমেয় নৈঃশন্তা হতে। অতএব বিশ্বস্পন্দের নিরাকরণ বা নিরোধই অশন্ত-স্বভাবের সত্য—এ-ধারণা ঠিক নয়। কর্মে ও নৈন্কর্ম্যে আপাতবৈষম্যের অনুভব সংকুচিত মনের একটা দ্রান্তি মাত্র। ব্যাবহারিক জীবনে ইতি-নেতির অপরিহার্য ন্বন্দ্র অভ্যস্ত মন যথন হঠাৎ অনুভবের অবরকোটি হতে উত্তীর্ণ হয় পরমকোটিতে, তথন সম্ভূতি-সংবিতের বীর্যময় উদার ব্যাপ্তিতে দ্টিকেই জড়িয়ে নেবার সামর্থ্য সে হারিয়ে ফেলে। যিনি অশন্ত্য, বিশ্বের ভর্তা তিনি—নিরাকর্তা নন। অথবা কর্মপ্রবৃত্তি এবং কর্মনিবৃত্তি উভয়কেই ধরে আছেন তিনি নিন্দক্ষ হয়ে। যোগস্থ জীব যথন কর্মরত হয়েও অন্তরে থাকে স্তব্ধ ও অবন্ধন, তথন তার এই স্বভাবিস্থতিতেও তাঁর পরিপূর্ণ সায় আছে।

কিন্তু তার পরেও তো আছে অত্যন্তনিবৃত্তি বা অসতের কল্পনা। উপনিষদ বলছেন, 'অসংই ছিল এসব আগে, অসং হতেই তো সতের জন্ম।' অতএব যা-কিছ্ন হয়েছে, অসতের মধ্যেই আবার তা তালিয়ে যাবে। অন্তহনীন অব্যাকৃত সংস্বরূপ হতে যদি বহুধা-বিভূতির ব্যাকৃতি সম্ভবও হয়, তাহলেও কি বাস্তব বিশ্বের সকল সম্ভাবনাই প্রতিষিশ্ব ও নিরাকৃত হচ্ছে না অসং শ্বারা—কেননা অসং যে সতেরও প্রাগভোবী অনাদি পরমার্থ তত্ত্ব ?... এ-য্নিক্ততে বৈনাশিক বোশের শ্নাবাদই হবে বৈরাগীর র্তিসন্মত সিম্বান্ত। অহংএর মত আত্মাও তথন হবে অতাত্ত্বিক বিজ্ঞানসন্তানের একটা বিকল্পনা শ্ব্ব।

কিন্ত এও তো কেবল কথার পাাঁচে পথ খোরানো! আমাদের চিত্ত সংকীর্ণ, তার মধ্যে কণ্ডলী পাকিয়ে রয়েছে অপরিহার্য-বিরোধের সংস্কার। তাকে সে চাপায় চরম সত্যেরও বিবৃতিতে—নিশ্বন্দ্ব অনুভূতিতেও কথার ন্দম্বকে তোলে জাঁকিয়ে। তাই তার তর্জমায় অতিমানস অন্ভবও হয়ে ওঠে দুস্তর বিরোধের কণ্টক-শয়ন। বস্তৃত অসৎ একটা কথার কথা-একটা বিকল্প শুধু। যথন তলিয়ে বুঝতে যাই 'অসং' শব্দের মূলে কোনও কতৃ আছে কি না তখন দেখি, শাশ্বত আত্মাকে মনের বিকল্প বলতে পারি ষে-যাক্তিতে, সে-যাক্তি তো অসতের বেলাতেও খাটে। বাস্তবিক অসং বা 'কিছু-না' বলতে আমরা বৃঝি এমন একটা-কিছু-যা এই জগতের জ্ঞান বা কল্পনার মাপে বস্তু-সন্তার যে স্ক্রাতম নিবিশেষ অন্ভব ও শুম্ধতম ধারণা তাকেও ছাড়িয়ে গেছে। তাহলে 'কিছ্ব-না'র অর্থ হল 'এমন-কিছ্ব'— আমাদের ধারণা দিয়ে যার ইতি হয় না। এমনি করে সমস্ত ইতি কার হতে অত্যন্ত-ব্যাব্তত্ত সর্বশ্নোর একটা বিকল্পকে আমরা খাড়া করেছি—অন ভবের সকল সীমা ও স্বর্পের বিশিষ্ট চেতনাকে পেরিয়ে যাব বলেই। দার্শনিকের শ্ন্যবাদকে যাচাই করতে বোঝা যায়, শ্ন্য আসলে পূর্ণেরই নামান্তর— 'কিছু-না' 'সব-কিছু'রই আর এক পিঠ। মন অভাস্ত সান্তের ধারণায়, তাই অনন্ত তার কাছে অনিব চনীয় অতএব ফাকা। অথচ সত্য বলতে এই 'অসং'ই কিন্তু একমাত্র সত্যকার 'সং'।*

যথন বলি অসং হতে সতের আবির্ভাব, তথন কিন্তু কালাতীতকে আমরা কালের বিশেষণে লাঞ্চিত করি। এও আমাদের মনের একটা বিকলপমাত্র, কারণ অসতের বৃকে সতের জন্ম হল যে-পরমক্ষণে, অথবা কালের যে-মৃহুতে অবাদত্ব সতের প্রলয় হল শাশ্বত শ্নোর করাল গহনরে, কার পাঁজিতে সে-দুটি মহালশেনর সন্ধান মিলবে? সং আর অসংকে অন্যোন্যসন্বশ্ধের স্ত্রে গাঁখতেই যদি হয়, তাহলে দুয়ের যোগপদ্য না মেনে তো উপায় নাই। পরদ্পরকে তারা বইতে পারে কিন্তু সইতে পারে না; আবার কালের ভাষায় বলতে গেলে উভয়েই তারা শাশ্বত। কিন্তু সং যদি শাশ্বতই হয়, তাহলে তিত্তত সং নাই, আছে শুধু শাশ্বত অসং, একথার অর্থ হয় কোনও? এমনি করে সর্বনাশের অতলে সকল অনুভব তলিয়ে দিলে তার তত্ত্ব আবার কোথায় পাব?

^{*} একটি উপনিষদে আছে, 'অসং হতে কি করে হবে সভের উংপত্তি? সাং তো সং হতেই জান্মাতে পারে দা্ধ্া' কিন্তু অসং বলতে একানত-অবাদতৰ দা্নাতা না ব্ৰে যদি ব্ৰি সন্তা-সন্পাকে আমাদের অন্তাৰ বা ধারণার অতীত একটা অনিবচনীর তত্ত্ব, তাহলে উপনিষংকাশিত অসমভাবাতার প্রশন মোটেই ওঠে না। অসংকে তথন বলতে পারি অনৈবতবেদান্তীর নির্বিশেষ রক্ষা বা বৌন্ধের দা্না। এই 'তং'-স্বর্প অসং হতে বিবর্ত বা পরিণামের মারার কিংবা আ-ভাস বা আত্মবিস্কিটর বলে সতোর আবিভাবি অসম্ভব নর।

অতএব মানতে হবে পরমাথসং স্বরূপত অবিজ্ঞেয়। বিশ্বসম্ভূতির ম্ব-তন্ত্র অধিষ্ঠানর পে নিজেকে যখন কলিত করেন তিনি, তখন তাঁকে বলি 'সং-স্বরূপ': আর বিশ্বের সম্ভূতি হতে নিম্ভিত তাঁর পরম স্বাতন্দ্রাকেই বলি তাঁর 'অসং-রূপ'। এই শেষের স্বাতন্তা বলতে বুঝি : বিশ্বের মধ্যে থেকে তাঁর দ্বর্পসত্তা ব্রুতে গিয়ে, স্ক্মার্দপি স্ক্রা তুরীয় হতেও তুরীয় যত নির পাধিক ইতিকারের ভাবনাই কর কু না কেউ--তাকেও ছাড়িয়ে গেছে তাঁর অতিমাক্তি। অথচ ইতিকার দিয়ে তাঁর স্বর্পের সত্য ভাবনা যে হয় না, তা নয়। কিন্ত কোনও ইতিকারের বেণ্টনীতেই বাঁধা পড়েন না, অন্তহীন ইতিতেও ফুরিয়ে যান না—তাই তো তিনি 'অসং'। আবার সেই অসং হতেই উথলে ওঠে সং. নৈঃশব্দা হতে যেমন ঝরে লীলার ধারা। এমনি করে ইতি আর নেতির সমাহারে অন্যোনাসম্বন্ধই স্চিত হয় পরিপ্রেকের মত— অন্যোন্য-অভাব নয়। তাই প্রবৃদ্ধ জীবচেতনায় আত্মসংবিতের তত্ত্বরূপ ফুটে ওঠে তুর্যাতীতের অবিজ্ঞের ভূমিকাতেই—পরা সংবিতের অসমোধর্ব অন্তভবে মিটে যায় ইতি ও নেতির দবন্দ্র। সমাক্-সন্দ্রোধিতে এ-সোষম্য সম্ভব বলেই বুম্বদেব লোকোত্তর নির্বাণপদে আর্ট় থেকেও কর্মের প্রচণ্ড আন্দোলন তুর্লোছলেন জগতে, অন্তন্দেতনায় নৈব্যক্তিক হয়েও সার্থক ব্রতের উদ্যাপনে ব্যক্তিচেতনার চরম চমংকার দেখিয়ে গেছেন প্রিবনীতে।

বাদতবিক অনুভবের জগতেও 'বাগু বৈখরী শব্দঝরীর' কী যে জুলুম! সত্যদ্থিত ফোটে যথন, তখন দেখি এই জ্লুল্মের পিছনে ল্যাকিয়ে আছে কী যে গভীর ভাবের দৈন্য, চুলচেরা সক্ষাতার অজুহাতে মুচ্বুন্ধির কত যে বঞ্চনা। এই যে ব্রন্মের 'পরেও আমরা আরোপ করি ইতি-নেতির যত লাঞ্চন, তাতে প্রকাশ পায় আমাদের ব্যক্তিমনেরই অন্বভবের সংকীর্ণতা। অবিজ্ঞেয়ের একটি বিভাব যদি সে ইতি দিয়ে আঁকড়ে ধরে, অর্মান আর-সব বিভাব মন্ডিয়ে বা উড়িয়ে দিতে চায় নেতির ঝটকায়। নিবিশেষের যে কোনও অনভেব বা ধারণাকে আমরা তর্জমা করি ব্যক্তিগত বিশেষণের রং মাখিয়ে। 'একমেবা-দ্বিতীয়ম্'-এর তত্ত্বই যখন প্রচার করি জোরগলায়, উগ্র অহঙ্কারে তখনও অপরের খণ্ডদর্শন ও ক্লিষ্ট মতের বিরুদ্ধে ঝেটিয়ে তুলি নিজেরই অসম্যক্ অন্ভব ও মতুয়ার বৃদ্ধির ধ্লা। তার চেয়ে ভাল নয় কি সহিষদ্ হয়ে শিক্ষার্থীর বিনয় নিয়ে অনুভবের প‡জি বাড়ানো ? ভাষাতীতকে যথন ভাষায় র্প দিতেই হবে আমাদের—আর কিছ্ব না হ'ক অন্তত নিজেকে ভরিয়ে তোলবার জন্যে—তখন কেন সবার চেয়ে বৃহৎ স্বচ্ছন্দ ও উদার হবে না তাঁর পরিচিতির সকল বাণী, যাতে তার মধ্যে রণিত হয়ে ওঠে ব্হৎসামের বিপুল মূছনা?

তাই আমরা দ্বীকার করি, ব্যক্তিচেতনা এমন জারগার পেশিছতে পারে

যেখানে সব ব্যবহার অব্যক্তে লীন হয়ে ষায়। এমন-কি আত্মার সংজ্ঞাও একটা বিকল্পনা সে-ভূমিতে। নৈঃশব্দ্যের ওপারে গহনতর নৈঃশব্দ্যে 'আদিত্যের কৃষ্ণর পকে ছাড়িয়ে পরঃকৃষ্ণর পে'ও অবগাহন চলতে পারে। কিল্তু এতেই কি আমাদের অন্ভবের পূর্ণ ও চরম চরিতার্থতা—শুধু বিনাশের সত্যেই কি মিথ্যা হয়ে যাবে সম্ভূতির সত্য? আমরা জানি, আত্মার এই পরিনির্বালে অন্তরে নেমে আসে পরা শান্তি ও প্রমাক্তির যে বিপাল প্রবাহ, স্বচ্ছন্দেই সে উৎসারিত এবং যুক্ত হতে পারে ব্যাবহারিক জীবনের কামনাহীন অথচ বীর্যময় কর্মে। স্পন্দহীন নৈর্ব্যক্তিকতায় এবং প্রশান্তির রিক্ততায় নিজের মধ্যে অবিচল থেকে শীল সত্য ও প্রীতির শাশ্বত ছন্দে বাইরের জগংকে দুর্লিয়ে দেওয়া—সম্ভবত বৃদেধর ধর্মচক্রের এই ছিল মূল প্রবৃত্তি। কারণ, এ-আদর্শের মূলে আছে অহং হতে, ব্যক্তিগত কমের শৃঙ্খল হতে, ক্ষণভঙ্গার নামরপের অভিনিবেশ হতে প্রমাক্তির প্রেরণা—শাধ্য স্থলে দেহধারণের দাঃখ ও দৌর্মানস্য হতে কাপ্রেরের মত পালিয়ে যাবার হীনবুণিধ নয়। আসল কথা, সিম্পর্বের জীবনে যেমন ঝংকত হবে নৈঃশব্দ্যের গীতিস্পন্দ, পূর্ণচেতন জীবও তেমনি ফিরে যাবে অসম্ভতির নির্প্কৃশ স্বাতন্ত্যে—কিন্তু বিশ্বসম্ভতির ছम्मारमानारक रम जुनरव ना जा वरन। अर्थान करत हनरव जात मर्था मिवा-প্রেষের দৈবী মায়ার অন্তহীন আবর্তন, যে মায়ার উল্লাসে বিশ্বে থেকেও বিশ্বকে এমন-কি আপনাকেও ছাড়িয়ে যান তিনি। কিন্তু বিনাশের অনুভব তার বিপরীত: তাতে আছে শুখু অসতের দিকে ব্যক্তি-মনের একাগ্র ভাবনা। তার ফলে কেবল ব্যক্তিরই বিস্মৃতি এবং নিবৃত্তি ঘটে বিশ্বস্পন্দ হতে, কিন্তু প্রমার্থসতের শাশ্বত চেতনায় বিশেবর মহারাস তেমনি অক্ষার আনন্দেই চলে লীলায়িত হয়ে।

এমনি করে বিশ্বচেতনায় চিং ও জড়ের ন্বন্দ্র মিটিয়ে বিশ্বোত্তীর্ণ চেতনায় পাই সকল ইতি ও নেতির পরম সমন্বয়। ইতিবাদ দিয়ে আমরা অবিজ্ঞেয়ের দিথতি বা দপন্দকে চাই প্রকাশ করতে। আর নেতিবাদ দিয়ে বোঝাতে চাই সেই দিথতি বা দপন্দে অনুস্তে অথবা তাহতে নির্মান্ত তাঁর নিরঞ্জুশ দ্বাতন্তা। যাঁকে বলি অবিজ্ঞেয়, একান্ত-অসং তো নন তিনি; অথচ সংস্বর্প হয়েও অনির্বৃত্ত পরম আশ্চর্য তিনি আমাদের কাছে। মৃহত্ত-মৃহত্তে এই চেতনায় বিচিত্রর্পে র্পায়িত হয়েও প্রতিম্হত্ত তিনি সেই র্পায়ণের 'অড়তিন্ঠদ্ দশাল্লম্শ' তাঁর এই ল্কাচ্রিকে তো নত্যামি বলতে পারি না, বলতে পারি না খেয়ালী মায়াবীর মত প্রতিপদেই তিনি শৃধ্ব বঞ্চনার ঘারে ঘারে ঘানরে তুলছেন এই জগতে। কিন্তু তাঁকে বলব, পরম 'মায়ী'; সত্যের উত্তরায়ণে এই মর্ত্য-চেতনারই চিন্ময় দিশারী তিনি, নিয়ে চলেছেন সেই মহাবিষ্ব্রের উত্তরবিন্ধতে, যেখান হতে শ্রুহ্ হল আদিত্যদীপ্তির লোকোত্তর

অভিযান। চিন্ময় বস্তুসংর্পেই ব্রহ্ম সর্বগত—দ্বরপনেয় বিদ্রমের সর্বগত নিমিত্র তিনি নন।

ইতি-বাদের 'পরেই যদি সৌষম্যের ভিত্তি গড়তে' চাই এর্মান করে, (এছাড়া কি-ই বা হতে পারত সৌষমোর আধার?)—তাহলে অবিজ্ঞেয় তত্ত্বের সম্পর্কে যত ভাবনা বা সংকল্পনা, মনের মধ্যে তাদের সবাইকে ঠাঁই দিতে হবে অবিরোধে—বাস্তব জীবনের 'পরে তাদের প্রভাবকে মেনে নিয়ে। কারণ তাদের প্রত্যেকের মধ্যে আছে অধরাকে ধরবার একটা অকৃত্রিম প্রয়াস, অবর্ণনীয়ের একটা সত্যকার বর্ণবিভৃতি: তাই তাদের যে-কোনও একটিকে বিবিক্ত বা ঐকান্তিক প্রাধান্য দিয়ে আর-সবাইকে ছে'টে ফেললে কি দাবিয়ে রাখলে চলবে না। 'সর্বাং খালবদা ব্রহ্ম'—এই দর্শনিই সত্যকার অদৈবতদর্শন: তার মধ্যে অখন্ড ব্রহ্মতত্ত্বকে সত্য-অনৃত, ব্রহ্ম-অব্রহ্ম, আত্মা-অনাত্মা, আত্মকত্ত্ আর অবস্ত অথচ শাশ্বত মায়া—এমনতর বিরুদ্ধ তত্ত্বে ভাগাভাগি করবার কথাই ওঠে না। একমাত্র আত্মাই আছেন এই র্যাদ সত্য হয়, তাহলে এও সতা যে যা-কিছা দেখছি সমুস্তই আত্মা। আত্মা ঈশ্বর বা ব্রহ্মকে যদি স্বয়ংপ্রজ্ঞ ও সর্বময় বলে জানি, যদি তাঁকে অনীশ্বর থিলবীর্য কণ্টকোব্ত প্রেয় বলে না মনে করি, তাহলে স্বীকার করতে হবে তাঁর এই বিশ্ববিস্ভির মলে আছে একটা স্ক্রেণ্ড ও স্বাভাবিক হেত-প্রতায়। তথন সেই হেতুকে আবিষ্কার করবার চেন্টাই হবে মানুষের পুরুষার্থ। তার জন্যে, এই বিস্ভির মূলে রয়েছে যে প্রজ্ঞা বীর্য ও স্বভাবসত্যের একটা প্রেতি—এই কথা মেনেই সত্যের সন্ধানে আমরা এগিয়ে যাব। জগতে বৈষম্য আছে, অনর্থ আছে কোথাও-কোথাও, একথা মানতে আপত্তি নাই আপাতত। কিন্তু মান ুষ হয়ে কি করে হার মান্ব তাদের কাছে? মানুষের অন্তর্তম সহজবর্শিধ এই বিশ্ববিস্থির মূলে চিরকাল খাজে এসেছে এক দিব্যক্বির মনীযা—শাশ্বত বিদ্রমের ছলনা নয়, এক নিগু চ কল্যাণশক্তির চরম অভ্যুদয়—সর্বপ্রস্বিনী অন্থাস্কৃতির অচল প্রতিষ্ঠা নয় এক সর্বজয়া মহাশক্তির প্রমা সিশ্বি—উত্তরায়ণের অভিযান হতে ব্যর্থকাম জীবের অবসন্ধ পরাবর্তন নয়। তার এই আশা ও এষণাকে কি বলব মূঢ়তা?

অদ্বিতীয় প্রমার্থসতের বাইরে কিছ্নই যথন থাকতে পারে না, তথন বহিরংগ কোনও শক্তির জোর খাটে কি তাঁর 'পরে, কোনও পরবশতায় কি ক্ষন হতে পারে তাঁর স্বাতন্তা? একথাও তো বলা চলে না যে তাঁর অখণ্ড সন্তার একদেশে আছে এমন-একটা বির্ম্থভাবের সমাবেশ, যার কাছে অনিচ্ছাতেই হার মানতে হয় তাঁকে, তাকে দ্রে ঠেলবার চেণ্টা করেও তিনি কিছ্ন করতে পারেন না। কারণ একথা বললে সর্বময়ের সঞ্গে তাঁর বাইরের একটা-কিছ্নর বিরোধকে প্রকারান্তরে য্বক্তিযুক্ত বলে মানতে হয়। যদি বলিঃ বিশ্বে যা-কিছ্ ঘটছে, আত্মা তার সম্পূর্ণ নিজ্পক্ষ উপদূষ্টা শৃধ্—
যা ভূত এবং ভব্য তাদের তিনি ঈশান নন, কেবল শ্রুক্ষেপহীন প্রদাসীন্যে
চেয়ে আছেন তাদের দিকে এবং তাতেই বিশ্ব চলছে; তাহলেও মানতে হবে,
এই বিস্থিতির মূলে আছে কারও সঙকলপ কারও বিধ্তি—নইলে শৃধ্ব
যদ্চ্ছার বশে এ চলছে কেমন করে? কিন্তু ব্রহ্ম সর্বময় হলে এই সঙকলপ
ও বিধ্তি তাঁর ছাড়া আর কারও হতে পারে না। অখণ্ড ব্রহ্ম বিশ্বে সর্বগত
হয়ে আছেন; অতএব যা-কিছ্ সঙকলেপর খেলা তার মধ্যে, মূলত তা
ব্রহ্মসঙকলেপরই প্রবেগ হতে জাত। বিশ্বের আপতিক অনর্থ অজ্ঞান ও দৃঃখে
ফ্রন্ত এবং পরাহত হয়েই আমাদের খণ্ডচেতনা মনে করে—এই সর্বনাশা
বিপত্তির দায় হতে ব্রহ্মকেও অব্যাহতি না দিলে বৃঝি চলে না। তাই জগতের
আধার দিকটার একটা ব্যাখ্যা খাড়া করতে তার দরকার হয় শিবসঙকলেপর
বিরোধী মায়া মার শয়তান বা অহিমনের মত একটা স্বয়ন্ড্ অশিবশক্তির
কারসাজি। কিন্তু এ-কল্পনাও মনের মায়া শৃধ্ব, কেননা তত্ত্বত এক অখণ্ড
পরমাত্মাই আছেন মহেশ্বেরর্পে—বহু তাঁর প্রতীক এবং বিভূতি মাত্র।

জগৎ যদি দবংন বিত্রম বা দ্রান্তিও হয়, তব্ এ-দবংনর ম্লে আছে অথণ্ড আত্মদবর্পের সঙকল্প এবং প্রেতি। শ্ব্দ্ব্ তা-ই নয়, সে-দবংনকে নিত্য ধারণ ও চরিতার্থ ও করছেন তিনিই। তাছাড়া পরমার্থসতের মধ্যেই তো এ-দবংনর বাদতব বিলাস, তিনিই তো এর দবর্পধাতু; কারণ রক্ষ যেমন জগতের আধার এবং অধিষ্ঠান, তেমনি তার উপাদানও তো তিনিই। যে-সোনা দিয়ে পার হল, সে-সোনা যদি সত্য হয়, পারটা তাহলে কি করে হয় মরীচিকা? বদত্ত 'দবংন', 'বিদ্রম' এসব শ্ব্দ্ব্ কথার মারপ্যাঁচ বা আমাদের খণ্ডিত চেতনার সংস্কারমার। কিছু সত্য তাদের মধ্যে আছে এবং তার গ্রুত্ব কম নয়, তব্ব তারা সত্যের প্রকাশকে বিকৃতই করেছে। যেমন 'অসং' শ্ব্দ্ব্ অর্থ কিয়াকারিতাশ্ন্য নাদিতত্ব নয়, তেমনি দবংনও শ্ব্দ্ব্ মনের বিদ্রম বা কুহক নয়। প্রতিভাস সত্যেরই বাদতব রুপায়ণ, অবাদতব মরীচিকা নয় শ্ব্দ্ব্।

অতএব এক সর্বাগত পরমার্থসতের স্বীকৃতি নিয়ে শ্রে হল আমাদের এষণা। এই পরমার্থের এক কোটিতে অসং, আর-এক কোটিতে বিশ্ব—কিন্তু দ্বেরের মাঝে মারাত্মক বিরোধ নাই কোনও। বরং তারা একই তল্পের দ্বিটি বিভাব মান্ন—নৈতি আর ইতির আকারে। বিশেব এই পরমার্থসতের সর্বোশুম অন্ভবে ফোটে শ্বা তাঁর চিন্মর সন্তা নয়—ফোটে তাঁর ঋতনুভরা প্রজ্ঞা ও বীর্যের ঐশ্বর্য, তাঁর স্বয়ুন্ভ আনন্দের বিলাস। আবার বিশ্বোত্তীর্ণ অন্ভবে জাগে তাঁর অবিজ্ঞের সম্ভাব, অনিব্চনীয় পরমানন্দের মৃত্বা। তাই ইন্দ্রিরবাধের আশ্রিত একদেশী বৃত্তি দিয়ে নয়, প্রমৃক্ত বৃন্ধির অথশ্ড অপরোক্ষ বৃত্তি দিয়ে যদি বিশেবর শৈবতলীলা অন্ভব করি, তবে তারও মধ্যে

যে সচ্চিদানন্দের লোকোত্তর মহিমাকেই প্রত্যক্ষ করব, আমাদের এ-সঙ্কল্পনা অসংগত নর। যতক্ষণ দৈবতের চাপে বৃদ্ধি ভারাক্রান্ত থাকবে, ততক্ষণ এই দিব্য অন্ভবের সম্ভাবনাকে শৃধ্ শ্রুম্থায় আমরা লালন করব হয়তো, কিন্তু তব্ জানব সে-শ্রুম্থার পিছনে আছে বৃদ্ধিযোগের দীপ্তি এবং সংস্কারম্ক্ত সর্বতোদশী বিচারের অকুণ্ঠ সমর্থান। এই শ্রুম্থায় অবদানই হল উত্তরায়ণের যাত্রাপথে মানুষের প্রথম দিশারী; কিন্তু অধ্যাত্মপরিণামের ফলে একদিন এমন ভূমিতে সে পেশছবে, যেখানে শ্রুম্থা ধরবে অখণ্ড অনুভব ও বিজ্ঞানের রূপ এবং পূর্ণপ্রজ্ঞার মধ্যে সার্থাক হবে তার লীলায়ন।

পণ্ডম অধ্যায়

জীবের নিয়তি

অবিদয়ো মৃত্যুং তীর্ঘা বিদ্যান্তমুখনুতে। বিনাশেন মৃত্যুং তীর্ঘা সম্ভূত্যামৃতমুখনুতে।

नेत्नार्भानवर ১১, ১৪

অবিদ্যার শ্বারা মৃত্যুকে পার হরে তারা বিদ্যার শ্বারা অমৃতকে করে সম্ভোগ;...বিনাশ শ্বারা মৃত্যুকে পার হরে তারা সম্ভূতি শ্বারা অমৃতকে করে সম্ভোগ।

--স্বৈশ উপনিষদ (১১,১৪)

বিশ্বপ্রাণ ও বিশ্বসত্তা সবিশেষ-নির্বিশেষ, সকায়-অকায়, সজীব-নিজনীব, সচেতন বা অচেতন যা-ই হ'ক না কেন, এক সর্বগত পরমার্থসংই যে তার মর্মসত্য—এই শ্রন্থা আমাদের প্রচেতনার ভিত্তি। ব্যাবহারিক জীবনের নিত্যপরিচিত নানা দ্বন্দ্ব হতে শ্রুর, করে মার্জিত বৃদ্ধির যে স্ক্ষাতম দ্বন্দ্ব অসীমের অনির্বাচনীয় রহস্যের ক্লে এসে এলিয়ে যায়, সে-সবার মধ্যে আছে পরমার্থসতের অন্তর্বিচিত্র আত্মর,পায়ণের লীলা। অথচ নিত্য-উপচিত এই বিরোধাভাসের মধ্যেও তিনি অখন্ড, অবিভাজ্য, পরম এক—শৃধ্ব বহুর সম্মান্থ বা সমাহার তিনি নন। সেই অখন্ড সত্তা হতে এই বিচিত্র বিভূতির উল্ভব, তাঁতেই তারা লীলায়িত, পরিণামে তাদের প্রলম্মও তাঁরই মধ্যে। তাঁর সম্পর্কে সর্ববিধ ইতির প্রতিষেধ আমাদের নিয়ে যায় তাঁর অনুত্তর পরম স্বীকৃতির দিকে। 'অরা নাভাবিব'—চক্রের নাভিতে অরের মত বিরুদ্ধ-প্রত্যয়ের সকল দ্বন্দ্ব সমাহিত হয় অখন্ড সত্যের পরম প্রত্যয়ের মকল দ্বন্দ্ব সমাহিত হয় অখন্ড সত্যের পরম প্রত্যয়ের আপাতবৈষম্যে ফুটে ওঠে একই সত্যের বিভূতিভেদ শৃধ্ব—অন্যোন্যমণ্ডেশ্বের জাপাতবৈষম্যে ফুটে ওঠে একই সত্যের বিভূতিভেদ শ্বধ্ব—অন্যোন্যমণ্ডেশ্বর ভিতর দিয়ে তারা খ্রেজ পায় অন্যোন্যসংগ্রের পথ। ব্রন্ধাই নিখিলের আদি এবং অবসান, ব্রন্ধাই একমেবান্দ্বতীয়ম্।

কিন্তু এই একত্ব ন্বর্পত অনির্বাচনীয়। মন দিয়ে যখন তার নাগাল পেতে চাই, তখন বিচিত্র ধারণা ও অন্ভবের অন্তহীন পরস্পুরার ভিতর দিয়েই রচতে হয় আমাদের মানস-অভিসারের পথ। কিন্তু যাত্রাশেষে সত্যধ্তির চরম ব্যাপ্তি ও অন্ভবের সর্বাবগাহী বিশ্তারকেও আমাদের লাঞ্ছিত করতে হয় 'নেতি'-বাচন ন্বারা—শৃন্ধ্ এই প্রতায়কে ব্যক্ত করতে যে, পরমার্থসং সকল বিশেষণের অতীত। উপনিষদের ঋষির মতই তখন আমাদের বলতে হয়—'নেতি নেতি': এমন-কোনও অন্ভব আমাদের সম্ভব নয়, ব্রহ্ম যার কবালত হবেন; এমন-কোনও ধারণা আমাদের নাই, যা দিয়ে তাঁকে বিশেষিত করব।

পরমসত্যের বেলায় এই হতে পারে মনের চরম রায় : বস্তু-সং স্বরূপত অজ্ঞেয়; আমাদের কাছে সে শৃধ্ব ধরা পড়ে সত্তার বিচিত্র বিভাব ও পর্যায়ে, চেতনার বিচিত্র রূপায়ণে, শক্তির বিচিত্র উল্লাসে। অথচ এই বস্তু-সং শুধু যে আমাদের স্বর্পধাত তা নয়, বৃদ্ধি- এবং ইন্দ্রি-গ্রাহ্য সকল-কিছুত্তই আমরা তার অনুভব পাই। সন্তা চেতনা ও শক্তির এই বিচিত্র বিভতি দ্বারা আপ্যায়িত হয়ে, তাদের আশ্রয় করেই আমাদের বেরিয়ে পড়তে হবে সেই অজানার অভিসারে। অধরাকে ধরে আপন মুঠায় বন্দী করে রাখবে অনুনতকে বাঁধবে সান্তের ব্যাকুল আলিপ্গনে—এমন-একটা ব্যগ্রতা মানুষের মনে আছে। তার প্ররোচনায়, পরমার্থের অন্ত্রন্তর সন্তার একটি বিশিষ্ট বিভাবকেই শাশ্বত-নিরঞ্জন জ্ঞানে যদি সে স্বর্পসত্যের আসন দেয়; তার যে-কোনও বিশিষ্ট পর্যায় বা ধর্মে ব্যাপ্তির যত উদার্যই থাকুক, তাকেই সত্যের পরিপূর্ণ অভিব্যক্তি বলে যদি ধরে নেয়; চেতনার যে কোনও বিশিষ্ট রূপায়ণ যত বিপলে ব্যঞ্জনারই বাহন হ'ক, তাকেই যদি দেয় অখন্ড চিৎস্বরূপের মর্যাদা: শক্তির যে-কোনও স্ফুরণ অমেয় সামর্থ্যের বিলাস বলেই তার দ্ভিকৈ যদি করে সংকীর্ণ: এমনি করে পরামর্থ সতের একটি বিভাবকেই একান্ত করে তুলে আর-সকল বিভাবের প্রতি সে যদি হয় অন্ধ : তাহলে অবিজ্ঞেয়কে জ্ঞেয়ের কোঠায় নামিয়ে এনে মান যের মন তাঁর অপ্রতর্ক্য মহিমাকেই খর্ব করে এবং তার ফলে সে পেণছয় অথন্ডের খন্ডবোধে শুধু—একবিজ্ঞানের পর্মসত্যে নয়।

পরমার্থসং সকল বিশেষণের অতীত, এ-প্রত্যয় প্রাচীন বৈদান্তিক
খাষদের দর্শনে এতই নির্ঢ় ছিল যে, অথত সাচ্চদানন্দের অপরোক্ষ
অন্ভবকে তংপদার্থের স্বর্পথ্যাতি বা 'ইতি'-র্পের চরম ভাবনা বলে ঘোষণা
করেও তাঁরা থেমে যাননি। তারও পরে, বিকল্পবৃত্তি দিয়েই হ'ক অথবা
সাক্ষাং অন্ভব দিয়েই হ'ক, সতেরও ওপারে স্থাপন করেছেন তাঁরা এক
'অসং', এক চরম ও পরম প্রতিষেধ—যা আমাদের তুরীয়-প্রত্যয়গ্রাহ্য পর-সং.
শ্রুণ-চিং ও অনন্ত আনন্দেরও উজানে। অথত সাচ্চদানন্দই আমাদের সকল
অন্ভবের উংস ও পর্যবসান; কিন্তু খ্যির 'অসং' তাকেও পেরিয়ে গেছে।
তার অন্ভব কন্তৃতই অনির্বচনীয়। যদি সং চিং অথবা আনন্দই বলতে
হয় তাকে, তাহলেও সাচ্চদানন্দ বলতে আমরা সংস্বর্পের যে বিশ্বুণ্ধতম
পরম অন্ভব পাই ইতির চেতনায়, অসংস্বর্পের সাচ্চদানন্দ হবে তারও
পরপারে। অতএব আমাদের পরিচিত সাচ্চদানন্দের সংজ্ঞা তাতে আরোপ
করা চলবে না। এদেশের শাদ্যপন্ডতেরা কতকটা অবিচার করেই বোন্ধ্যমিক

ঘোষণা করেছেন অবৈদিক বলে, কেননা বোন্ধেরা অপোর,ষেয় শালের শাসন মানেন না। কিন্তু এই বৈদান্তিক অসং-বাদ বস্তুত বৌন্ধধর্মেরও লক্ষ্য। তার সংগে উপনিষদের অনুশাসনের এই তফাত শুধ্য—উপনিষদের বাণীতে আছে সমন্বয়ের ব্যঞ্জনা, অনুভবের 'ইতি'র দিকটাকে বড করে দেখা। তাই সং আর অসং দুটি অন্যোন্যব্যাবৃত্ত তত্ত্ব নয় তার মধ্যে; তারা বৃণিধজাত বিরোধ-প্রত্যয়ের চরম নিদর্শন মাত্র। আবার এই বিরোধের পটভূমিকার্পে আমরা পাই অবিজ্ঞের তত্ত্বের একটা আভাস। বাস্তবিক কোথায় বিরোধ ইতি-প্রত্যয় নিয়ে যে-দর্শনের কারবার, তাতেও এক-বিজ্ঞানকে বোঝাপড়া করতে হয় বহু-বিজ্ঞানের সঙ্গে—কেননা বহুও যে ব্রহ্মস্বরূপ। এক-বিজ্ঞান বা বিদ্যা দিয়ে আমরা জানি পরমদেবতাকে: বিদ্যার সমাবেশ না থাকলে অবিদ্যা 'অন্ধং তমঃ', বা 'ভূরি অনৃত'—সে ফোটায় শৃধ্ বহুর বিশিষ্ট চেতনা। অথচ বিজ্ঞানের সাধনায় যদি অবিদ্যাকে বাদ দিয়ে চলি. অসং ও অবস্তু ভেবে নিরাকৃত করি তাকে, তাহলে বিদ্যাও হয় 'ভূয় ইব তমঃ'— যেন আরও অন্ধকার—পূর্ণিসিন্ধির অন্তরায় যেন। বিদ্যার আলোতে চোখ ঝলসে যাওয়ায় অবিদ্যার কোনু ক্ষেত্রকে সে উম্ভাসিত করছে, তার আর দিশা পাই না তখন।

প্রাচীনতম খবিদের এই অনুশাসনে আছে দ্বপ্রতিষ্ঠ প্রজ্ঞার নির্মাল দৃষ্টি। খবিদের বিদ্যার এষণায় ধৈয় এবং বীর্য দৃইই ছিল। কোথায় মান্বের জ্ঞানের সীমা, নম্বভাবে তা দ্বীকার করবার মত প্রজ্ঞার বৈশারদাও তাঁদের ছিল। মান্বের জ্ঞান আপন সীমার বাইরে চলে যায় যে প্রত্যুক্তভূমিতে এসে, তার খবর তাঁদের অজানা ছিল না। পরের যুগে এল হৃদয় এবং মনের একটা অদম্য অধীরতা, অনুত্তর আনন্দের একটা দ্বিন্বার আকর্ষণ, শৃদ্ধসংবিতের একটা সর্বগ্রাসী প্রভাব। বৃদ্ধির ক্ষ্রধার তীক্ষ্যতা তার সঙ্গে যোগ দিয়ে একের এষণাকে প্রতিষ্ঠিত করল বহুর অদ্বীকৃতির 'পরে। অনুভবের তুংগশ্ভেগ মৃক্তি পেয়ে রহস্যের অতলতার প্রতি বৃদ্ধি হল বির্প অথবা পরাংম্থ। কিন্তু প্রাণী প্রজ্ঞার দ্থির দৃষ্ণির কাছে এ-বিরোধ ছিল না। প্রাচীন খবিরা বৃষ্ণতেন, পরমদেবতাকে তত্ত্বত জানতে হলে সবত্ত সমজাবে তাঁকে দেখতে হবে অভেদবৃদ্ধি নিয়ে; তাঁর আত্মর্পায়ণের বৈচিত্যে আপাতিবিরোধের যে-লীলা, গ্রুখায় তাকে গ্রহণ করতে হবে—কিন্তু তার দ্বারা অভিভূত হলে চলবে না।

তাই একদেশদশী তর্কবৃদ্ধি ভেদদ্ভিকৈই একানত করেঁ বদি বলে : বহুত্ব একটা অবাদতব বিশ্রম মাত্র, কারণ অন্বিতীয়-একই পরামর্থসতা; একমাত্র নির্বিশেষই আছেন সংস্বর্প হয়ে, অতএব সবিশেষ বন্ধ্যাপ্তরের মতই অসং;—তাহলে তার এই রায়কে আমরা কিছ্ততেই মানতে পারব না। বহুর মধ্যে একের এষণা আমাদের পরমপ্রর্বার্থ সত্য, কিন্তু তার সিন্ধি আমাদের চেতনাকে স্বাবিত করবে অপরোক্ষ অন্তবের সেই প্রণ্যচ্ছটায় যাতে আমরা আবার সেই এককে দেখব ভূতে-ভূতে 'সর্বেষাং হুদি সন্ধিবিষ্টঃ।'

আর একটা বিষয়ে সতর্কতা চাই। অন্তগ্র্ট শক্তির বিস্ফোরণে মন যখন এক ভূমি হতে উত্তীর্ণ হয় উদারতর আরেকটা ভূমিতে, তখন সেই গোতান্তরের ফলে যে কোনও বিশিষ্ট দৃষ্টি অতিমাত্রায় একান্ত হয়ে দেখা দেয় তার কাছে। সত্যার্থ'ীকে মনের এই অতিচার সাবধানে এডিয়ে যেতে হয়। জড় মনের যে-দর্শন লোকোত্তর-ব্রহ্মবাদকে ভাবে একটা অলীক কল্পনা, আমরা তাকে ঠেলে ফেলি। কিল্তু চিন্ময় মন যদি উপলব্ধি করে, বিশ্ব একটা অবাস্তব স্বপন্মার, তাহলে তার অনুভবকেই-বা নিবুর্তুত্ সত্য মনে করব কেন ? জড় মন ইন্দ্রিয়সংবেদনে অভাস্ত শুধু, তাই বস্তুর তত্তকে স্থালবিগ্রহের তথ্যে না ঢেলে সে ব্রুতে পারে না। স্বতরাং ইন্দ্রিয়-প্রত্যক্ষের বাইরেও যে কোনও প্রমাণ থাকতে পারে, কিংবা সতাধ্তিকে যে জড়াতীত ভূমিতেও উত্তীর্ণ করা চলে, এ তার কল্পনায় আসে না। আবার সেই মনই যখন প্রাকৃতচেতনার এলাকা ছাড়িয়ে চলে যায় বিদেহতত্ত্বে সর্বাতিভাবী অনুভবে, তখন সম্যক্-দর্শনের অসামর্থ্যকে সেও সংস্কাররপে নিয়ে যায় অতীন্দ্রিয় ভূমিতে। তাই তার একদেশী দৃষ্টিতে ইন্দ্রিয়সংবেদন দেখা দেয় স্বপন বা কুহকর্পে। কিন্তু অনুভবের এই দুটি মেরুতেই আছে স্বরূপসত্যের কুণ্ঠাবিকৃত প্রকাশ শুধু। তার আসল পরিচয় তো আমাদের অগোচর নয়। একথা সত্য, আমাদের আন্মোপলন্ধির সাধনক্ষেত্র এই যে রূপের জগং, তার মধ্যে দ্বিধাহীন চিত্তে সতা বলে মানতে পারি তাকেই, যা অপ্রাকৃত হয়েও প্রাকৃতচেতনায় আবিষ্ট হয়েছে তার লোকোত্তর বিভৃতিকে এখানকার ছন্দে ঢেলে। আবার একথাও সতা, জড় এবং তার ব্যাকৃতিতে যে স্বয়ংসিন্ধ তত্ত্বরূপের ভান, তাও অবিদ্যার বিভ্রম ছাড়া আর-কিছুই নয়। জড়ের ব্যাকৃতি যদি জড়াতীত বিদেহ-সত্যের আত্মরপায়ণের উপাদান ও রপেরেখা হয়, তবে সেই হবে তার সত্য পরিচয়। বস্তত জডের রূপ দিব্যচেতনার একটা লীলায়ন—এই তার স্বরূপ। চিৎস্বরূপের স্বধাকে একটা বিশিষ্ট ভঙ্গিতে ফরটিয়ে তুলছে সে—এই তার প্রয়োজন।

কথাটা এই। অর্প রক্ষ র্পী হয়ে তাঁর চিন্ময় সন্তাকে বিভাবিত করেছেন জড়ধাতৃতে। তাঁর এ-লীলার তাৎপর্য শর্ধ চিদাভাসের সবিশেষ ব্যঞ্জনাতে আত্মবিস্ভির আনন্দকে সম্ভোগ করা। রক্ষ জগৎ হয়েছেন প্রাণের বৈচিত্রো নিজকে ফ্র্টিয়ে তুলতে। প্রাণ রক্ষে নিহিত ও প্রতিষ্ঠিত—নিজের মধ্যে রক্ষের ঐশ্বর্যকে আবিষ্কার করবে বলে। এইখানে স্পন্ট হয়ে ওঠে মানবচেতনার বৈশিষ্ট্য ও সার্থকতা। বিশেবর চেতনাকে মান্ব উন্তাগি করে

সেই ভূমিতে, যেখানে আত্মন্বর্পের পরিপ্রণ উপলব্ধিতে তার র্পান্তর্রাসন্ধি সহজ্ব হয়। পরমদেবতাকে জীবনে ফ্টিয়ে তোলা—মান্থের মন্যাত্বের এই তো পরিচয়। তার যাত্রা শ্রন্ পশ্প্রাণের বিচিত্র প্রবৃত্তি হতে, কিন্তু দিবাজীবনের উদ্যাপনে তার যাত্রা শেষ।

কি মননে, কি জীবনে আত্মোপলব্ধির ঋতময় ছন্দ ফোটে সর্বাবগাহী সংবিতের উপচয়ে। ব্রহ্ম নিজেকে প্রকাশ করছেন চেতনার বহু-বিচিত্র পর্যায়ে। সকল পর্যায়ই মহাকালের স্বরূপসন্তায় যুগপং আবির্ভাত। তবু তাদের মধ্যে সম্বন্ধের পারম্পর্য আছে। প্রাণকেও সেই ধারা ধরে আত্মসতার নিত্যন্তন বাঞ্জনায় ফ্রাটিয়ে চলতে হয় নিজের রূপ। কিন্তু তাবলে এক ভূমি হতে আরেক ভূমিতে উঠতে গিয়ে প্রাক্তন সিম্পিকে বর্জন করলে চলে না নবীন সিন্ধির উন্মাদনায়। মনোময় জীবনে পেণছে তার অক্সময় ভিত্তিকে প্রত্যাখ্যান বা তাচ্ছিল্য করি যদি, অল্ল-মনোময় ভূমির প্রতি বিমুখ হই যদি চিন্ময় ভূমির আকর্ষণে, তাহলে একথা বলতে পারব না যে ব্রাহ্মী চেতনার সমাক্রিদিখ আমাদের হয়েছে অথবা তাঁর পরিপূর্ণ আত্মরূপায়ণের সকল ছন্দকেই আমর। মেনে নিয়েছি। জীবনে সিন্ধি কখনও এমন করে আসে না। এ শুধু অপূর্ণতাকেই এক ভূমি হতে আরেক ভূমিতে ঠেলে তোলা—বড় জোর সিন্ধির কয়েকটি ধাপ পার হওয়া। অনুভতির যত উচ্চ শিথরেই উঠি না কেন. এমন-কি অসতের দুর্গম উত্তুখ্গতাতেও যদি নিজেকে হারিয়ে ফেলি, তবু এ-অভিযান বার্থ হবে--র্যাদ ভূলে যাই কোথায় ছিল আমাদের প্রতিষ্ঠা। অবরভূমিকে শ্বধ্ব ছেড়ে আসা নয় ঔদাসীন্যভরে, পর-তু উত্তরভূমির জ্যোতির চ্ছােরে প্লাবিত করে তার র পান্তর ঘটানা—এই হল দিব্যপ্রকৃতির স্বধর্ম। রহা অথন্ড সমগ্রতায় পূর্ণস্বর্প, তাঁর মধ্যে আছে বহু-বিচিত্র চেতনার যুগপং সমন্বয়। অতএব আধারে ব্রাহ্মী চেতনাকে ফোটাতে হলে আমাদেরও অথপ্ড সম্যক্ সর্বাধার এবং সর্বাবগাহী হতে হবে।

মত্যজীবনের প্রতি বিত্কা ছাড়াও উগ্রবৈরাগ্যের আরেকটা অন্চিত জার্ভানবেশ আছে জামাদের মধ্যে, যার মোহ কাটিয়ে উঠতে পারি—যদি অখণ্ডচেতনার সম্যক্ষ্ণুরণকে জীবনাদর্শ করি। চেতনার তিনটি সামান্যর্প ক্ষীব বা ব্যক্তিচেতনা, বিশ্বচেতনা এবং তুরীয় বা বিশ্বান্তীর্ণ চেতনা। প্রাণ এই রুয়ীর সংগ্য জড়িয়ে আছে অন্যোন্যসম্বন্ধ হয়ে। প্রাকৃত চেতনার প্রাণপ্রবৃত্তির যে ম্বাভাবিক প্রকাশ, জীব তাতে নিজেকে জানে বিশ্বের অম্তর্গত একটা বিবিক্ত সন্তা বলে; আবার নিজেকে ও বিশ্বকে সে মনে করে জীবোন্তীর্ণ ও বিশেবান্তীর্ণ এক তুরীয় সন্তার অধীন। এই তুরীয় ভাবকেই সাধারণত বলি রক্ষা। আমরা ভাবি, বিশ্বকে তিনি শ্বন্ধ যে ছাড়িয়ে গেছেন তা নর, তিনি আছেন তার বাইরে দাড়িয়ে। ব্লাকে এমনি করে জীব ও জগং হতে বিবিক্ত ভাবার দ্বাভাবিক পরিণাম এই হল ষে, জীব আর জগৎ দ্বইই আমাদের কাছে তুচ্ছ এবং অপকৃষ্ট হয়ে গেল। অতএব, তুরীয়ভাবের সিদ্ধিতে জীবভাব ও জগৎভাবের নিবৃত্তিই জীবের পরমপ্র্যুষার্থ—যুক্তির ধারা ধরে এই সিদ্ধান্তে পেণছনো ছাড়া আমাদের আর কোনও উপায় রইল না।

কিন্তু রক্ষের অন্ধৈতভাবকে যদি অন্ভব করি সমাক্-দর্শনের প্র্ণতা নিয়ে, তাহলে আর এই বিপরীত সিন্ধান্তে পেশছতে হয় না। মনোময় ও চিন্ময় জীবন ফ্টিয়ে তুলতে তো এই স্থ্ল দেহটাকে ছেড়ে যাবার প্রয়েজন হয় না। তেমনি সমাক্-দর্শনও এমন ভূমিতে পেশছে দিতে পারে মান্বকে যেথানে জীবপ্রবৃত্তির স্বাভাবিক ধারাকে বজায় রেখেই বিশ্বচেতনায় অবগাহন অথবা বিশ্বাতীত তুরীয় চেতনায় অবস্থান—এর মধ্যে অসংগতি কিছ্ই থাকে না। বিশ্বোত্তীর্ণ যিনি, বিশ্ব যে বাঁধা রয়েছে তাঁর আলিঙ্গনে। বিশ্বে যে তিনি অন্স্ত্ত, একীভূত—বিশ্ব তো নিরাকৃত নয় তাঁর দ্বারা। তেমনি বিশ্বের ব্কেই জীবের বাস, বিশ্ব এক হয়ে আছে তার সঞ্গে—সেও তো জীবকে নিরাকৃত করেনি। সমগ্র বিশ্বচৈতনায় কেন্দ্রবিশ্ব হল জীব। আর বিশ্ব সেই নির্বিশেষ অর্পের বিশেষ র্পায়ণ, যাঁর সর্বাত্তাবের সমগ্রতায় এই স্থিলীলা জারিত।

জীব জগং ও রক্ষের এই হল সত্য সদবন্ধ। এ-সত্য আছ্লে হয়ে আছে আমাদের অবিদ্যাবিকৃত দৃষ্টির কাছে। অবিকৃত সত্যচেতনাকে ফিরে পাই বথন বিদ্যার উন্মেষে, তখনও এই শাশ্বত সদবন্ধের তত্ত্বত কোনও বিপর্যার হয় না—শ্ব্য জীবের চিংকেন্দ্র হতে বিচ্ছ্রিরত তার প্রত্যক্ ও পরাক্ দৃষ্টিতে ফোটে কোন অন্তরের দিব্যবিভা। অতএব তার প্রবৃত্তিতেও দেখা দেয় একটা অভিনব পরিণামের ব্যঞ্জনা। জীব তখনও বিশ্বোত্তীর্ণের স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়ার অপরিহার্য আধার, অতএব দ্যালোকের জ্যোতিঃসদ্পাতেও সে-ক্রিয়ার নিবৃত্তি ঘটে না তার মধ্যে। বরং সদবৃদ্ধ ও প্রভাশ্বর জীবচেতনার বিশ্বকর্মে অভিনবেশ ও অনুবৃত্তি যে তখনও চলে, সে তো বিশ্বলীলারই ঐকান্তিক প্রয়োজনে। কারণ, বিশ্বগত সমন্টির মধ্যে আত্মচেতনা ফোটে—ব্যত্তিই বিশ্বোত্তীর্ণের চিন্ময় স্ফুরণ হতে। অতএব ব্রহ্মজ্যোতির সংস্পর্শে জীবের আত্যন্তিক প্রলম্বই তার নিয়তি হত যদি, তাহলে এ-সংসার যে নির্বিচ্ছিল্ল অন্ধকার দ্বঃখ তাপ ও মরণের রঞ্গশালা হয়েই থাকবে অনন্তকাল ধরে, এ-নিয়তিও হত দ্বর্শজ্যে। এমন সংসার তখন জীবের কাছে হয় একটা নিষ্ঠ্র পরীক্ষা, নয়তো একটা অনাদি বিশ্রমের চক্রাবর্তি।

বৈরাগ্যবাদীর ঝোঁক হল সংসারকে দেখা এই দ্দিটতে। কিন্তু বিশেবর মধ্যে আমাদের ঠাই পাওরাটাই একটা বিশ্রম হর যদি, তাহলে ব্যক্তির মৃত্তির তো বাস্তবিক কোনও অর্থই থাকে না। অশৈবতবাদী বলেন : ফ্রীব আর

ব্রহ্ম এক, ব্রহ্ম হতে তার ভেদভাব অবিদ্যা মাত্র: ভেদভাব হতে অব্যাহতি পেয়ে যে ব্রহ্মতাদাখ্য লাভ করেছে, সেই মুক্ত। কিন্তু প্রশ্ন হবে, এমন অব্যাহতি-लाएं रेष्टेर्निम्थ रल कात? পর**রক্ষের ই**ष्टोनिष्ट किছ, हे नाई জीবের অব্যাহতিতে, কেননা অদৈবতবাদীর মতে ব্রহ্ম নিত্যশূরণ নিতামুক্ত প্রশানত নিবি'কার—তাঁর স্বভাবচ্যাতি কিছুতেই ঘটতে পারে না। সমন্টি বিশেবরও তাতে কোনও লাভ নাই কেননা সম্ঘিগত বিভ্ৰম হতে একটি জীবব্যক্তি যদি মুক্তি পায় কোনরকমে, বিশ্বের তো মুক্তি হয় না তাতে। তার বন্ধন তেমান অট্রট থাকে, কারণ বিশেবর বেলায় বন্ধহেতু অবিদ্যা যেমন অনাদি তেমান অনন্ত, জীবের মত সান্ত তো নয়। অতএব সংসারচক্র হতে অব্যাহতি পেয়ে লাভ যদি কারও হয়, সে শৃধ্ব জীবের। দৃঃখতাপ ও খণ্ডবোধের আড়ণ্ট বন্ধন হতে ছাড়া পায় সে-ই। শাদ্বতী শাদ্তির আনন্দলোকে উত্তীর্ণ হয়ে প্রেষার্থের পরম সিন্ধিতে সে-ই হয় কৃতার্থ। তাহলেই মানতে হয়, প্রমাক্ত চেতনার জ্যোতিতে উল্ভাস্বর হয়েও ব্রহ্ম ও জগৎ হতে বিশিষ্ট একটা বাদ্ত্র সত্তা জীবাত্মার বজায় থাকেই কোনরকমে। কিন্তু মায়াবাদীর মতে আত্মার জীবভাব একটা বিদ্রম মাত্র: অনিব চনীয় মায়ার মধ্যে তার সত্তা কোনও উপায়ে সম্ভাবিত হলেও বদতুত সে অসং। তাহলে শেষ পর্যন্ত এই সিন্ধান্তে পেণছতে হয় : অসং মায়িক বিশ্বের অসং মায়িক বন্ধনজাল হতে মাক্তি লাভ করছে অসং মায়িক জীব এবং এই অনিব্চনীয় মাক্তির সাধনাই হল সেই অসং জীবের পরমপ্রের্যার্থ। কেননা যেখানে সমস্তই কল্পিত অতএব অসং. সেখানে কেউ নাই কর্ম বা মুক্ত বলে—অতএব মুমুক্ষাও কেউ নাই; এই হল বিদ্যার চরম অনুভব! অর্থাৎ অবিদ্যাও যেমন প্রতিভাস মাত্র, বিদ্যাও শেষ পর্যন্ত তা-ই! আবার দেখি, সেই অনির্বচনীয়া মায়া—আমাদের ম্বিক্তপথের বাঁকে দাঁডিয়ে। যে-তর্কবৃদ্ধি তার রহসাজালকে ছিন্নডিন্ন করেছে বলে উল্লাসিত হয়ে উঠেছিল, মায়াবিনীর হাসির কল্লোলে কোথায় ভেসে গেল তার মাত আস্ফালন!

মায়াবাদী জানেন, তাঁর তর্কে ফাঁক আছে। তাই হাল ছেড়ে দিয়ে তিনি বলেনঃ মৃত্তি দিয়ে বন্ধন-মৃত্তির প্রহেলিকা বোঝানো যায় না; এ-রহস্য অনাদি, এর কোনও সমাধান নাই। তব্ আমাদের সাধনজীবনে এ যে একাত বাস্তব একটা তথ্য, সে তো মানতেই হবে। একটা ধাঁধা এড়াতে আরেকটা ধাঁধার আশ্রেয় নিতে হয় র্যাদ, তাতেই-বা ক্ষতি কি? ক্ষুদ্র অহংএর বাৢ্ধন ছি'ড়তে পারে জীবাত্মা একটা চরম অহমিকার অভিঘাতে—তার ব্যক্তিগত মৃত্তির দায়কেই একাতভাবে আঁকড়ে ধরে। তাতে মায়ার জগতে তার ব্যক্তিসন্তা আত্যতে উয় ও বিবিক্ত ছয়ে দেখা দেয় র্যাদ, আপত্তি কি? আমি ছাড়া আরেকোনও জাবৈর ভাত্তিক সন্তা আছে কি না, তার প্রমাণ নাই। আমি

ছাড়া আর সবাই আমারই মনের বিকল্প শ্ব্ধ, তাদের ম্ক্তির প্রশনও তাই আমার কাছে নিরথকি। শ্ব্ধ, আমার আত্মা একানত বাসতব এবং আমার ম্ক্তিই একমাত্র প্র্র্যার্থ। বন্ধন হতে আমার ব্যক্তিগত মৃক্তিই বিশেবর একমাত্র বাসতব তত্ত্ব; আর-সব জীব আমার আত্মস্বর্প হলেও থাক্ না তারা বন্ধনের মধ্যে পড়ে।

দ্বতোবিরোধে কন্টকিত এই তকের ধাঁধা মিটে গিয়ে স্কুদর্গতি দেখা দিতে পারে আমাদের দর্শনে—যদি একটা দুর্লাভ্যা ব্যবধানের স্ভিট না করি ব্রহ্ম অথবা আত্মা আর জগতের মাঝে। বিস্রাণ্ট অথন্ডেরই, একথা সত্য। কিন্ত তাবলে কি বৈচিত্র নাই সে-বিস্ফিতে, বহুমুখী বিচ্ছুরণ নাই? চোখ থাকতেও যদি অন্ধ না সাজি, তাহলে বিশ্বের যেদিকে তাকাই, সেদিকেই কি দেখি না এই চিত্রবহ অপরূপে সত্যের নিদর্শন ? চিৎসত্তার তো বন্ধন নাই কোনও—যেমন নাই বহুত্বের বন্ধন, তেমনি নাই ঐক্যেরও। রহস্যময় হলেও এই কি নিতাশ্ত সহজ ও স্বাভাবিক পরিচয় নয় তাঁর? তাঁকে 'নিবিশেষ' বলি এই জন্য যে, বিশিষ্ট আত্মর পায়ণের অনন্ত সম্ভাবনাকে আপন কৃক্ষিগত করে স্বধায় বিলাসিত করবার অকুণ্ঠ স্বাতন্ত্য তাঁর আছে। বস্তৃতই কেউ নাই বন্ধ বা মন্ত বলে, অতএব মামনুক্ষাও কেউ নাই—কেননা তৎস্বরূপ তাঁর অব্যাহত স্বাতকো নিতামুক্ত। এমনিই অকুণ্ঠিত সে-স্বাতক্য যে মুক্ত থাকার দায়টাকুও তাঁর নাই। অতএব বাস্তব বন্ধনের দ্বারা অস্পূষ্ট থেকেই বন্ধন-লীলার অভিনয় করতে তিনি পারেন। বন্ধন স্বকল্পিত একটা বিশেষণ তাঁর পক্ষে। অহংএর সীমায় আপনাকে বাঁধা তাঁর বিস্থিতীর একটা সাময়িক ভঙিগ শাধা। এই দিয়ে ব্রাহ্মী চেতনার ব্যাঘ্ট বিভাবে সম্ঘটির ঐশ্বর্য এবং তুরীয়ের আনব চনীয়তাকে তিনি ফ্রটিয়ে তুলতে চাইছেন।

বিশ্বোন্তীর্ণ তুরীয় যিনি, স্বগত নিজ্কল স্বাতন্ত্যে তিনি দেশ-কালের অতীত। মনঃকম্পিত সাদত ও অননত ভাবনার দ্বন্দ্র স্পর্শ করে না তাঁকে। কিন্তু বিশেব আছে তাঁর আত্মর্পায়ণের স্বাতন্ত্য বা মায়াশান্ত্রের বিলাস। তা-ই দিয়ে একত্ব ও বহুত্বের আপ্রেণে আপন নিজ্কল স্বর্পকে করলেন তিনি স-কল, এবং অশ্বতসম্পর্টিত বহু-ভাবনাকে স্থাপিত করলেন অবচেতন চেতন ও অতিচেতন এই তিনটি ভূমিতে। তাঁর বহু-ভাবনা ষখন জড়বিশ্বের্পায়িত হল, তখন তার মলে দেখতে পেলাম এক অবচেতন অম্বয়ভাবেরই লীলা। বিশেবর উপাদান ও ক্রিয়ার্পে প্রকট হয়েও সে-অম্বয়ভাবে নিজের গতি-প্রকৃতি সম্পর্কে কোনও স্কুস্পর্ট চেতনা রইল না। তার পরেই জীব-চেতনায় ভেসে উঠল অহংএর ব্যক্তবিদ্দ্র অশ্বৈতচেতনার প্রমুখ হয়ে। কিন্তু সেখানেও জীব তার অশ্বৈতবেধিকে খাটার শ্রেণ্ রুপের জগতে—বহিরাব্ত ক্রিয়ার জগতে; তাই ব্যক্ত অহংএর অভ্যাকে কি ঘটছে তার খবর সে রাখে

না। এইজন্যই, সংহতি-বোধ তার নিজের মধ্যে যে নয় শ্ব্ধ্ব, বিশ্বের সংগও যে সে এক—এ-প্রতায় কোনমতেই তার জাগে না। বিশ্বের অহংকে বাজি অহংএর খণ্ডতায় সংকুচিত করেছি, তাই জীব হিসাবে সবাই আমরা অপ্রণ। কিন্তু ব্যক্তিচৈতনার সীমা ছাড়িয়ে গেলেই অতিচেতনার স্ফুরণ ঘটে অহংএর মধ্যে এবং তার অমোঘবীর্যে অন্বিক্ত হয়ে আমরা পাই বিশ্বাত্মভাবের অন্বভব। সে-অন্ভব আমাদের নিয়ে যায় রক্ষের তুরীয় সন্তার মহাগহনে—বিশ্ব যাঁর অনিব্চনীয় স্বর্পকে ফ্রিটয়ে তুলছে বহ্ব্ধাবিকিল্পত অশ্বৈতের লীলায়নে।

অতএব জীবাত্মার প্রমাক্তিতে বিশ্বব্যাপিনী দৈবী মায়ার একটা চরম আকৃতি সার্থক হচ্ছে। এই প্রমৃতি হল সৃষ্টির দিব্যনিয়তি, এই দিব্যভাবনার নাভিতে আশ্রিত থেকেই বিশ্বচক্র আর্বার্তত হয়ে চলেছে। জীবচেতনা বিশেবর সেই জ্যোতির্বিন্দ, যেখান থেকে শ্বরু হল অরূপের বহুধারূপায়ণের স্কুদ্র অভিযান-পরিপূর্ণ রূপিসিম্ধির অলক্ষ্য দিগদেতর দিকে। এই বিন্দ্র হতেই প্রমুক্ত জীবাত্মা তাঁর অশৈবত-অনুভবকে অগ্র্যা বুল্ধির এষণায় যেমন করেন উৎসাপিত, তেমনি বি-বাত্মভাবনায় তাকে করেন প্রসারিত। বিশেবর বহুর্পের সংগ্রে তাদাম্ম্যের অনুভব সিন্ধ না হলে, তুরীয়ের যোগেও অদৈবতসিন্ধি অপূর্ণে থাকবে। অতএব প্রমুক্তচেতনায় বিশ্বাত্মভাবের বিকিরণ সার্থক হবে প্রমাক্তিরই বহুধা রুপায়ণে, একটি মুক্তজ্যোতি অর্গণত নক্ষর্তাবন্দুতে মাক্তির আনন্দ ছড়িয়ে দেবে বিশ্বের আকাশ জ্বড়ে। একটি প্রাণী যেমন বহু দেহে আপনাকে বিসূত্ট করে প্রজনন দ্বারা, তেমনি একজন দেবমানব বহু, মুক্ত আত্মায় প্রজাত হয়ে আপনাকে করেন বিচ্ছারিত। অতএব এ-জগতে কথনও একটি জীবাত্মারও মাক্তি ঘটে যদি, তাহলে আত্মসংবিতের সেই দিব্যসংবেগ বহু জীবে সন্তারিত হয়ে জাগিয়ে তোলে চিংশক্তির একটা প্রচণ্ড বিস্ফোরণ। কে জানে তার উন্ধৃত তর গ পার্থিব মনুষাচেতনাকে আলোড়িত করে লোক-লোকান্তরেও বিসপিত হয় কি না! কন্তৃত অধ্যাত্মশক্তির ব্যাপ্তিতে দাঁডি টানা চলে কি কোথাও? মহানিবাণের উপান্তে পেণছেও বাধ পিছন ফিরে দাঁড়ালেন তার দিকে—প্রতিজ্ঞা করলেন, পরিধবীর একটি জীবও দঃথের অভিঘাত ও অহমিকার কবল হতে অমৃক্ত থাকবে ষতক্ষণ, ততক্ষণ লোকোত্তরের মহাকর্ষণ সত্ত্বেও অনাবৃত্তির পথে কিছুতেই পা বাড়াবেন না তিনি!--মহাসত্ত্বের এই বিপর্ল আত্মবিচ্ছ্রেণের সৎকলপ কি উপন্যাস,ুশ্ব্ব ?

কিন্তু বিশ্বব্যাপ্তির মহিমা হতে নিজেকে নিরাকৃত না করেও আমরা সংবিংসিন্দির চরমে পেণছতে পারি। রক্ষের দর্টি বিভাবই শাশ্বত: অন্তরে তিনি মৃক্ত এবং বাইরে ব্যাকৃত। যেমন আছে তার বিস্থিত, তেমনি আছে নির্দিপ্ত স্বাতন্ত্যাও। আমরাও যথন রক্ষাস্বর্প, তথন আমাদেরও মধ্যে তাঁর দিব্য স্বধার বীর্য স্ফ্রারত হবে না কেন? সত্য-সত্যই দিব্যজ্ঞীবনের অধিকার যে চায়, প্রবৃত্তি আর নিবৃত্তির মাঝে একটা প্রমসাম্যের সূত্র আবিজ্কার তাকে করতেই হবে। যাকে অতিক্রম করে মর্ন্তি পেরেছি তাকে বর্জান করাই যদি হয় চরম প্রবৃষার্থ, তাহলে ব্রহ্ম স্বীকার করে নিলেন যাকে, নিবৃত্তিপথের যাত্রী হয়ে আমরা যে তাকেই করলাম নিরাকৃত! আবার প্রবৃত্তির পথে চলতে গিয়ে কর্মে তন্ময় হয়ে ক্রিয়াশক্তির সঙ্গো নিজের অধ্যাস ঘটাই র্যাদ, তাহলে শৃধ্য চেতনার অবরভূমিকে সত্য মেনে পরা সংবিৎকে প্রত্যাখ্যান করা হয়। কিন্তু ব্রহ্মে অখন্ড সৌষম্যে সংহত যে-দ্বিট বিভাব, তাদের বিযুক্ত করতে কেন মান্বের এত দ্বাগ্রহ? ব্রহ্মকে সম্যক্ পেতে হলে তাঁর অখন্ড পরিপ্রত্তার বিকাশ আমাদেরও মধ্যে ঘটানো চাই—এই কি নয় জীবের দিব্য নির্য়ত?

এই যে ব্যক্তি-অহংএর সীমার মধ্যে নিজেকে আমরা চলার পথে ফর্টিয়ে তুলছি, তাকে ছেয়ে আছে মৃত্যু ও দর্ঃখ-তাপের করাল অভিশাপ। কিন্তু শাপম্বিক্ত ঘটাতে হলেও বহুধাব্ত্ত অবিদ্যার ভিতর দিয়েই যে তার পথ। বহুর মধ্যে এককেই সমাক্ জানলে ঘটে বিদ্যার সংগ্যে অবিদ্যার সহবেদন। সেই সমাক্ বিদ্যার শ্বারাই আমরা পাই অম্তসন্ভোগের অখন্ড অধিকার। নিখিল সম্ভূতির ওপারে অসম্ভূতি যিনি, তাঁকে পেয়ে আমরা মৃক্ত হই জন্মমৃত্যুর অবর আবর্তন হতে। কিন্তু প্রমৃক্তচেতনার ন্বাতন্ত্যে সম্ভূতিকেও দিব্য জেনে আমরা মৃত্যুকে জারিত করি অম্তের সন্ভোগ শ্বারা। এমনি করে এই মন্যপ্রকৃতিতেই সেই দিব্যরতির চিন্মর আত্মবিকরণের ভান্বর বিন্দুতে আমরা নিজেকে রুপান্তরিত করি।

यष्ठे अधाय

বিশ্ব ও মানব

সৰ্বাজীৰে সৰ্বসংক্ষে বৃহত্তে অভিমন্ হংসো ভাষ্যতে রক্ষচক্রে। প্ৰগান্ধানং প্রেরিভারও মহা

জ্ব্টতততেলাম্ভয়মেতি ॥

শ্ৰেতাশ্ৰতরোপনিষং ১।৬

জীবনের সকল ধারা ও চেতনার সকল ভূমির সম্মাণ্ট এই যে বৃহৎ রন্ধাচন্ত, তাতেই জীব ঘ্রছে ফিরছে হংস হয়ে—িমিনি এই পথের নারক, নিজেকে তাঁর থেকে প্রক ভেবে। অবশেষে জড়িয়ে ধরেন তিনিই তাকে; তখন সে পায় অমুতের অধিকার।

শ্বতাশ্বতর উপনিষদ (১।৬)

এক বৃহৎ আভাষ্বর তুর্যাতীত পরমার্থসংই পর্বে-পর্বে আপনাকে ফর্টিয়ে তুলছেন বিশ্বরূপে: আমাদের প্রত্যক্ষগোচর এই জগতের সংগ্র অদুশ্য কত লোক-লোকান্তরের থিচিত্র বুনানিতে রচিত তাঁর আত্মর পায়ণের উপায় ও উপাদান, নিমিত্ত ও পরিবেশ !-এমনি করে তাঁর আনন্দশতদলের দল মেলা এই বিশ্বলীলার তাৎপর্য। একথা তো কিছ্বতেই মানতে পারি না, বিশ্বের কোনও অর্থ নাই, নাই কোনও লক্ষ্য—এ শুধু অন্তহীন বিদ্রমের নিরুদ্দেশ আবর্তন, অথবা যদচ্ছার একটা ক্ষণিক খেয়াল। যে-যুক্তি দিয়ে বুঝতে পারি জগৎপ্রপণ্ড কোনও প্রবন্ধক মনের চাতুরী নয় শুধু, সেই যুক্তিই আমাদের চিত্তে জাগায় তার স্বরূপ সম্পর্কে এই স্টার্নাশ্চত প্রতায় : অগণিত বিবিক্ত প্রাতিভাসিক ধর্মের একটা অন্ধ অসহায় লক্ষ্যহীন স্বয়ন্ভ-পিণ্ড অন্ত কালের কক্ষপথে ছুটে চলেছে সংঘাত ও সংঘর্ষের বিক্ষার মন্ত্রতায়—এ কখনও জগতের সত্যর্প হতে পারে না। অথবা এমনও বলতে পারি না. এ শুধু একটা তামসী শক্তির অপ্রমেয় স্বতঃস্ফার্ত বিস্থান্টি ও উচ্ছন্তাস, এর অন্তরালে কোনও নিগ, ঢ বিজ্ঞানের প্রবর্তনা নাই, যা যাত্রার শুরু, হতে শেষ পর্যন্ত সজাগ থেকে তার গতি ও পরিণামকে নিয়ন্তিত করবে। বরং এই প্রতায়ই সত্য এবং যুক্তিসহ : স্বয়ংপ্রজ্ঞ অতএব অকুণ্ঠ স্বাতন্ত্যে স্বরাট এক অখণ্ড সত্তাই আবিষ্ট এবং অন্তর্গু হয়ে আছে প্রাতিভাসিক সত্তাতে। বিশ্বের ব্যাকৃতিতে সে-ই আপনাকে র পায়িত করছে, জীবব্যক্তির প্রচেতনায় মেলছে তার কমলদল।

এই জ্যোতির্মায় উল্মেষকেই আর্য পিতৃপ্রব্রেরা বন্দনা করেছেন উষা বলে। বিশ্বব্যাপী বিষ্কৃর প্রমপদে চরম প্রতিষ্ঠা তাঁর, তাঁকে দেখেছিলেন তাঁরা মানসের দ্যুলোকে আতত এক বিরাট প্রজ্ঞাচক্ষ্রপে। এই 'বৃহৎ জ্যোতি'ই নিখিলের মর্মাম্লে নিত্যজাগ্রত রয়েছেন সর্বভাসক ও সর্বনিয়ামক

ঋতদবর্প হয়ে, বিশেবর সাক্ষী এই অন্তর্যামীই প্রতিনিয়ত আকর্ষণ করছেন মান্বকে আপনপানে। তাঁরই সংকর্ষণে চলেছে মানব্যাগ্রী—প্রথমত সচেতন মনের অগোচরে, অপরা প্রকৃতির প্রগতিস্রোতের টানে। তাঁরপর প্রচেতনার পর্বে-পর্বে নিজেকে প্রসারিত করে ছ্রটেছে সে দেব্যানের উত্তরায়ণে। এই উত্তরায়ণের পথেই মানবপ্রকৃতির জয়্যাগ্রা—এই তার পরম ব্রত, তার দেবতার অভীণ্ট যজ্ঞ। এ-জগতে মান্বের এই একমাগ্র কৃতা, এরই জন্য মান্ব হয়ে বাঁচা তার: নইলে জড়বিশেবর অপ্রমেয় হতব্দ্ধকর বৈপ্রলাের ব্রকে এই যে একট্র্থানি কাদা ও জলের আঁচড়, তার মধ্যে দ্বিদনের জন্য কিলবিল করে বেড়ায় যেসব কীট, তাদের সগোগ্র ছাড়া মান্বকে আর কিছু কি বলা চলত ?

প্রাতিভাসিক জগতের সকল বিরোধ ছাপিয়ে ফুটবে যে ঋতম্ভরা সন্তার বীর্য: খ্যারা বলেন, অনন্ত আনন্দ ও চিন্ময় আত্মভাবই তার ন্বরূপ। সর্বাদেশে সর্বাভৃতে সর্বাকালে ও কালাতীতেও সমরস তিনি। সমস্ত প্রতিভাসের অন্তরালে তিনি নিতাজাগ্রত, তব্য তাদের প্রবল্তম ক্রিয়াম্পন্দ বা বিপ্লেতম সংহতিতেও তাঁর স্ব্থানি প্রকাশ পায় না বা তাঁর অপ্রমেয়তা সীমিত হয় না— কেনানা স্বয়ম্ভ বলেই যে বিভৃতি হতে স্ব-তন্ত্র তিনি। বিভৃতি তাঁর প্রতিরূপ, কিন্তু তাঁর নিঃশেষ পরিচয় নয়; স্বর্পের দিকে ইশারা তার, কিন্তু তাকে প্রকট করবার সামর্থ্য তার নাই। অর্প নিজেই নিজের কাছে প্রকট হন র্পের আড়ালে ল্রাকিয়ে থেকে। র্পের মধ্যে সংবৃত্ত ছিল যে চিৎ-সন্তা, আত্মপরিণামের পর্বে-পর্বে নিজকে জানে সে বোধি দিয়ে, আত্মদর্শন ও আয়ানভেব দিয়ে। সেই আম্মোপলব্ধি বিশেব সম্ভূতির পথ খলে দেয় তার কাছে: আবার আত্মসম্ভূতিশ্বারাই ঘটে তার স্বরূপের উপলব্ধি। এর্মান করে অন্তরাব্যক্তির দ্বারা আত্মস্বরূপে সমাবিষ্ট হয়ে তার বিচিত্র ব্যাকৃতি ও বিভাবে সে ঢেলে দেয় অখণ্ড সচিচদানন্দের অমৃত-দ্যাতি। সচিচদানন্দ আপন তরীয় স্বর্পে আছেন শাশ্বত হয়ে। কিন্তু তাঁর অন্তহীন বাঞ্জনাকে দেহ প্রাণ ও মনের আধারে মূর্ত করে তোলা, বিস্ভির এই তো তাংপর্য এবং এই দিব্য র্পান্তরকে সিন্ধ করবার জন্যই বিশেব জীবব্যক্তির আবিভাব। যে পরিপূর্ণ তাদান্ম্যে সচিদানন্দ নিজেরই মধ্যে আছেন সমাহিত হয়ে, সম্বন্ধতত্ত্বের ভিতর দিয়ে তাকেই তিনি ফ ুটিয়ে তুলছেন জীবে-জীবে।

অবিজ্ঞের সংস্বর্প নিজেকে জানছেন সচিদানন্দর্পে, এই পরম প্রতার বেদান্তের চরমে—আর-সব অন্ভব এরই অন্তর্গত বা আশ্রিত। নেতিবাদে সমস্ত র্পের আবরণ থসিরে প্রতিভাসকে শ্নোই মিলিরে দিই, অথবা ইতিবাদ দিয়ে নাম-র্পকে পর্যবসিত করি তার অধিষ্ঠানসত্যে—সত্যদর্শনে শ্বন্ধ জেগে থাকে ওই একটি মান্র চরম অন্ভব। জীবনকে ভারিরে তুলি বা ছাড়িরে যাই শ্রম্বৈচনের বন্ধনহীন প্রশাস্ত্বাহিতা অথবা সিম্ধবীর্ষের শক্তি ও

আনন্দ যা-ই হ'ক আমাদের প্রের্যার্থ, অখণ্ড সচ্চিদানন্দই সেই সর্বাগত প্রম-রহস্য—যার দর্নিবার আকর্ষণ অনাদি য্গ হতে জ্ঞানের দীপ্তিতে বা ভাবের বিহর্ষতায়, ইন্দ্রিয়ের সংবেদনে বা কর্মের তপস্যায় উতলা করেছে মানব-চেতনাকে তারই ব্যাকুল এষণায়।

বিশ্ব আর জীব এই দুটি তাত্ত্বিক প্রতিভাসে অবিজ্ঞেয়-সং আপনাকে অবভাসিত করেছেন। তাঁকে পেতে হলে এদেরই ভিতর দিয়ে যেতে হবে আমাদের-কেননা এ-দুটি কোটির মধ্যে আছে যত অবান্তর ব্যুহ, দুয়ের সংঘাত হতেই তাদের উৎপত্তি। পরমার্থের এই অবতরণের প্রকৃতি হল আত্মনিগ্রেন। বিস্থিতি নেমে এসেছেন তিনি ধাপে-ধাপে, আবরণের পর আবরণ দিয়ে নিগ্রহিত করছেন নিজেকে। অতএব তাঁর আত্মবিবত্তি স্বভাবতই ধরবে উদয়নের রূপ, আর দুয়েরই অভিব্যক্তি হবে পর্বে-পর্বে। দিব্য অবতরণের প্রত্যেকটি ধাপ মানবচেতনার দিক হতে উত্তরায়ণের এক-একটি ভূমিকা। যে-আবরণের অন্তরালে ঢাকা পড়েছে অজানা দেবতার গহনরহস্য, সতাসন্ধানী ঈশ্বরপ্রেমিকের কাছে তা-ই আবার তাঁর গ্রন্থনমোচনের সাধন। মুড়ে অথচ ছন্দোমর নিদ্রার ঘোরে অবচেতন জড়প্রকৃতি জানে না—ওই বাক্যহারা অপ্রমের জড়সমাধির গভীরে কোন্ ভাব ও চেতনার পরিম্পন্দ স্বারা প্রশাসিত হচ্ছে তার অন্ধর্শাক্তর ঋতময় প্রবৃত্তি। কিন্তু সেই সৃত্তিকে মন্থন করে জাগল স্পন্দিত প্রাণের বিচিত্র আকুল ছন্দ—আত্মসংবিতের উপান্তে এসে ঠেকেছে যার র পায়ণের প্রবেগ। কঠিন তপস্যায় প্রাণের স্বণনলোক হতে বিশ্ব উত্তীর্ণ হল মনোময় চেতনার জাগ্রতভূমিতে। একটি ভূতসংঘাত সহসা জেগে উঠে দেখতে পেল নিজের সঙ্গে নিজের জগংকে। আর এই জাগরণেই বিশ্বে সঞ্চারিত হল সেই চরম উদয়নের সংবেগ, আত্মসচেতন জীবব্যক্তির স্ফুরণে যার সার্থকতা। কিন্তু এ-সংবেগ মনোভূমিতে এসেই থেমে গেল না—মন আবার প্রচেতনার খাতে বইয়ে দিল তার প্রবাহকে। তীক্ষ্য হলেও সীমিত এই মনের দূন্দি, তাই তাকেও জীবনশিল্পী বলতে পারি না। প্রাণ তার কাছে বিচিত্র উপকরণের একটা এলোমেলো সগুয় এনে হাজির করে। বুন্ধিমান মজুরের মত মন তাকে সাধ্যমত ঘ্ষে-মেজে সাজিয়ে-গৃছিয়ে একট্খানি অদল-বদল করে তুলে দেয় সেই পরমশিল্পীর হাতে, আমাদের দিবাজীবনের রূপকার বিনি। অতিমানস সেই দেবশিল্পীর স্বধাম, কেননা অতিমানসই মূর্ত হয় অতিমানবে। অতএব মনোভূমি পার হয়েও উত্তরায়ণের পথে এগিয়ে যেতে হবে আমাদের জগৎকে, উত্তীর্ণ হতে হবে তাকে দিব্য প্রাণের বৈদ্যুতীতে ভরা সেই মহাভূমিতে, ষেখানে বিশ্ব ও জীব উভয়েই আবিষ্ট হয় তাত্ত্বিক স্বর্পের অপরোক্ষ অনুভবে। আর পরস্পরের অবিকল্প আত্মপরিচয়ে সামরস্যের ঐকতানে মিলে যার দরের সরে।

আমাদের প্রাণ-মনের বিশৃৎথল চলন দ্র হতে পারে, যদি জড়প্রকৃতির ছন্দের চেয়েও গভীর একটা ঋতময় ছন্দোরহস্য আয়ত্ত হয়। প্রাণ ও মনের অবরভূমিতে প্রতিষ্ঠিত রয়েছে যে-জড়প্রকৃতি, তার মধ্যে পর্ণরপূর্ণ প্রশানত-বাহিতা আর অপ্রমেয় শক্তির বিচ্ছ্রেলে একটা সমতা ঘটছে। কিন্তু তব্ জড় তার অন্তর্গত্য সতাকে হাতের মুঠায় পার্মান। তাই আড়ন্ট প্রাণের কুহেলিকায়, অবচেতনার গভীর স্কৃত্তিত অথবা অবর্দ্ধ চেতনার আচ্ছয় বিমৃত্তায় রচিত হল যে-তিমিরগর্কেন, সেই হল তার প্রশান্তির র্প। তার স্বর্পশক্তির মর্মাসত্য জানে না সে, তাই তার প্রশাসনের অধিকার হতে বিশ্বত হয়ে সেই শক্তিরই অন্ধ তাড়নায় সে ছুটে চলেছে শ্র্ন্-স্থতময় ছন্দের আনন্দদোলায় জেগে ওঠার অবসর সে এখনও পার্মান।

জড়প্রকৃতির এই ন্যুনতা সম্পর্কে প্রাণ ও মন সচেতন হয়ে ওঠে অবিদ্যার ব্যাকুল এষণায়, অচরিতার্থ বাসনার বিক্ষোভে। এর ভিতর দিয়েই ফোটে তাদের আত্মসংবিং ও আত্মসম্পূর্তির প্রথম প্রেতি। কিন্তু প্রাণ-মনের আত্মসম্পূর্তি ঘটে কোন্ স্বারাজ্যের অধিকারে ?—বস্তুত আপনাকে ছাড়িয়ে গৈয়েই তারা আপনাকে পায় পরোপর্বার। প্রাণ-মনের ওপারে চেতনার দিবাভূমিতে দাঁড়িয়েই আমরা আবার পাই সেই লোকোত্তর সত্যের সন্ধান, জড়প্রকৃতির সমত্বসাধনায় যার আভাস শৃধ্যু ফুটেছিল। অনুভব করি এক বিরাট প্রশানিত, যাকে স্পন্দহীন জড়ত্ব অথবা মুছিত চেতনার অসাড়তা বলা চলে না কিছুতেই—কেননা অকুণ্ঠিত শক্তি ও অবিকল্পিত আত্মসংবিং তার মধ্যে অবিচল একাগ্ৰতায় দতৰ-সমাহিত হয়ে আছে। অনুভব করি এক অমেয় বীর্যের বিচ্ছারণ, যা স্বর্পত শুধু এক জানব চনীয় আনন্দের বিদ্যাৎ-শিহরন। কারণ তার প্রত্যেকটি স্পন্দন জাগছে অভাবের বেদনা বা অবিদ্যার ক্ষ্রুব আয়াস হতে নয়—কিন্তু অচলপ্রতিষ্ঠ প্রশান্তি ও স্বারাজ্যের স্বাতন্তা হতে। এই ভূমিতে এসে অবিদ্যা পায় সেই দিব্যজ্যোতির পরিচয়, যার আঁধারে-ছাওয়া অপুর্ণ প্রতিবিদ্ব হতে তার আবিভাব। আমাদের সকল বাসনা মিলিয়ে যায় সেখানে আপ্তকামের সেই উচ্ছল ঐশ্বর্যে, অপ্রবৃষ্ধ জড়ত্বের অন্ধ আক্তির মধ্যেও যার দিকে একদিন উদ্যত হয়েছিল তাদের স্তিমিত অভীপার ম্যানশিখা।

উদয়নের পথে জীব আর বিশ্বকে চলতে হয় অন্যোন্যনির্ভর হয়ে। বস্তুত তাদের একটিকে না হলে আরেকটির চলে না, তাদের একের পর্নিষ্টতে হয় অপরের প্রনিষ্ট। অনন্ত দেশে ও কালে সমন্টিভূত দিব্যব্যহের ষে-বিকিরণ, আমরা তাকেই বিল বিশ্ব; আর দেশ-কালের সীমার মধ্যে সেই ব্যহের ঘনবিন্দ্বকে বলি জীব। বিশ্ব চায় সেই পরমদেবতার সমন্টিভাবের অনুভব— আনন্তার প্রসার। সে জানে ওই তার স্বর্প, কিন্তু উপলব্ধির প্রতিকে নিজের মধ্যে সে পায় না। কেননা সম্প্রসারণে সন্তা শৃধ্ বহুছ-ভাবনার আপনাকে পরিকীর্ণ করে চলে, কিন্তু আদিম বা আন্তম একছে পেশছতে পারে না কোনরকমেই। তাই তার মূল্যে হয় পোনঃপর্নিক দশমিকের ভন্নাংশের মত, যার আদি-অন্তহীন প্রস্তার কোনদিনই গিয়ে ঠেকতে পারে না অভগ্গের কোঠায়। বিশ্ব তাই নিজেরই মধ্যে গড়ে তোলে দিব্যব্যহের একটা চিদ্ ঘন বিন্দ্র, যাকে আশ্রয় করে তার অভীম্যা আত্মসম্পর্তির পথ খংজে পায়। আত্মসচেতন জীবব্যক্তিতেই প্রকৃতির দৃষ্টি অন্তরাব্ত হয়ে নিবন্ধ হয় প্রের্থে, জগৎ খোঁজে আত্মাকে। আনন্দহিন্দোলার একটি দোলনে ঈন্বর যদি প্রাপর্নিই প্রকৃতিতে পরিণত হলেন, তাহলে তার আরেকটি দোলনে প্রকৃতি আবার পর্বে-পর্বে ফুটতে চাইল ঈন্বর হয়ে। জীবলীলার তাৎপর্য এই।

আবার আরেকদিকে, বিশ্বকে আশ্রয় করেই জীবের মধ্যে জাগে আত্মোপলিরর প্রেরণা। বিশ্বই জীবের প্রতিষ্ঠা পরিবেশ ও সাধন, পরমপ্রুব্ধের দিব্যকমের উপাদানও এই বিশ্ব। শুধু তাই নয়। জীবের মধ্যে বিশ্বপ্রাণ ঘনীভূত হয়েছে একটা সীমার বেণ্টনীতে, অতএব তার বৈশ্বসন্তা রান্ধী চেতনার বিজ্ঞানঘন মহাবিশ্বর মত অনিঃশেষে সঙ্কোচ ও বিশেষণের কলপনা হতে মুক্ত নয়। স্কুতরাং দিব্য-প্রুব্ধের সর্বময় ভাব তার শ্বর্পসত্তা হলেও তাকে ফোটাতে নিজেকে তার ছড়িয়ে দিতে হয় বিশ্বময়, অহংশ্নে নির্ব্যক্তিকতায় শ্ব্রুতে হয় সন্তার নিরাবরণ প্রকাশ। অথচ বিশ্বচেতনার সীমাহীন ব্যাপ্তিতে আপনাকে হারাতে গিয়েও তার সন্তার তল্গীতে বেজে ওঠে এক তুর্যাতীত রহসেরে অশ্রুত রাগিণী, তার আত্মভাব যার অস্ফুট মুর্ছনাকে ব্যাবহারিক জগতে কুন্ঠিত অহমিকার ছিল্লস্বরে ফ্রিটেয় তুর্লোছল। উত্তরায়ণের পথিক অন্তহীন মহাকাশের এই শ্বর্বিন্দ্রিটকে হারিয়ে ফেলে যদি, তাহলে অসার্থক হবে তার সাধনা। অন্তিত্বের মহাসমস্যাকে সে পাশ কাটিয়ে যাবে শ্ব্রু, যে-দিব্যব্রতের উদ্যাপনে তার শরীর-স্বীকরণ তা থেকে যাবে অপ্র্ণ্

জাবের কাছে বিশ্ব ধরা দেয় প্রাণর্পে। প্রাণ শক্তির তরঞাবিচ্ছ্রণ।
যে-রহস্য তার অন্তরালে প্রচ্ছের রয়েছে, জীবকে আয়ত্ত করতে হবে তার
সবট্রু। বহুমুখী পরিণামের সংঘর্ষে সঙ্কুল, স্ফুটনোন্মুখ বিচিত্র শক্তির
সংক্ষোভে উত্তাল হয়ে দেখা দিয়েছে প্রাণের প্রকাশ। তার মধ্য হতে জীবকে
আবিষ্কার করতে হবে একটা সম্যক্ত খতের ছন্দ, অনাগত দ্বোষম্যের একটা
ঠাট। মান্যের প্রগতির এই না তাৎপর্য। এ তো শ্বের জড়প্রকৃতির বাধা
ব্লিকেই একট্ ভিল্ল স্রের আব্রতি করা নয়। মনোমরী প্রকৃতির উচ্চ্
পর্দার পশ্ব্তির আলাপ করতে পারলেই তো মন্যাজীবনের আদর্শ সার্থক
হল না। তা-ই যদি হত, তাহলে যে-জীবনব্যক্ষার বাইরের স্বাচ্ছন্দ্য

মোটামন্টি বজায় রেখে খানিকটা মানসিক তৃপ্তিরও বরাদ্দ আছে, তার ক্লে এসেই আমাদের প্রগতি ঠেকে যেত। পশন্ব খ্শী হয় প্রয়োজনের আংশিক তপণে; দেবতার তৃপ্তি ঐশ্বর্যের অকুশ্ঠ উচ্ছনাসে। কিল্তু মানন্য তো চিরবিশ্রাম চায় না পথের ধারে—যতদিন না তার পরমশিবের সন্ধান মেলে! জীবের মধ্যে সে-ই শ্রেষ্ঠ—কেননা অনির্বাণ তার দহনজনালা, সঙ্কোচের পীড়ন সবার চেয়ে অসহন তারই কাছে। অনাগতিসিদ্ধির দিব্যোশ্মাদ বৃত্তিম নেমে আসে তারই বৃত্তে শৃধ্য!

জীবব্যক্তির মধ্যে নিহিত আছে চিন্ময়প্রাণের বিপলে সম্ভাবনা যত-তাই জীব বিশেষ করে 'মন্' বা 'প্রেষ' তার কাছে। একমাত্র মন্প্তেরই আছে ঈশ্বরকে আত্মবিগ্রহে মূর্ত করবার নিরঙকুশ সামর্থ্য। প্রাচীন ঋষিরা মান্ষকেই বলতেন 'মন্' অর্থাৎ মনন যার স্বভাব; তাঁদের ভাষায় মান্ষই 'মনোময় প্রেষ' অর্থাৎ মনোময়ী প্রকৃতিতে আবিভূতি চিংজ্যোতি। প্রাণিবিদের পরিভাষা অনুসারে শুধু স্তন্যপায়ীর উন্নত সংস্করণ মাত্র সে নয়। জড়ের মধ্যে পশ্কায়কে আশ্রয় করে মননধর্মী চিংশক্তির আবিভাব হয়েছে তার মধ্যে, এই তার সত্য রূপ। বেদান্তের ভাষায় বলা চলে, মান্য চেতন 'নাম'। রূপকে সে স্বীকার করেছে তার আবশ্যক বাহনর্পে, যাতে তার ভিতর দিয়েই 'পরুরুষ' হতে পারেন প্রাকৃত উপকরণের বিধাতা। জড়প্রকৃতি হতে উন্মেষিত পাশবপ্রাণের যে-প্রকাশটাকু তার মধ্যে, সে তার সমগ্র সত্তার অবরভাগ মাত। তারও পরে আছে তার মধ্যে ভাবনা বেদনা সংকল্প ও সচেতন প্রেতিতে স্পল্মান একটা জীবন—সবশৃন্ধ যাকে আমরা বলি মন। এই মনই জড় ও প্রাণশক্তিকে হাতের ম_ন্ঠায় এনে মনোময় পরিণামের পর্বে-পর্বে তাদেরও ঘটাতে চায় র পান্তর। এই মনোভূমিই হল মানুষের জীবসন্তার মধ্যকান্ড, যেখানে দাঁড়িয়ে যা-কিছু, ঘটবার সে ঘটিয়ে তোলে। কিন্ত তারও পরে আছে তার সত্তার উত্তরকাণ্ড। মানুষের মনোময় চেতনা তাকে খ্রে ফিরছে প্রতিনিয়ত—তার বীর্যকে আয়ত্ত করে দৈহা ও মানস সত্তায় সঞ্চারিত করবে বলে। এই যে একটা-কিছ্ক আছে তার মধ্যে যা তার বর্তমানকে ছাড়িয়ে গেছে, তাকে ব্যাবহারিক জীরনে রূপ দেওয়াই হল মর্তাপ্রকৃতিতে দিবাজীবন-সাধনার অণ্নিমন্ত।

দ্বর্প সম্পর্কে মান্ধের যে মানসিক সংস্কার, তারও চেয়ে গভীরভাবে নিজেকে জানবার প্রতিভা যখন তার মধ্যে জাগে, তখন তার টিন্ত চার সেই সাধ্যবস্তুকে ধরবার কোন-একটা স্ত্র, তার কোন-একটা র্পের স্পন্ট অন্ভব। কিন্তু তার চেতনার সে-র্প ভাসে যেন দর্টি অভাবপ্রভারের মধ্যে তটস্থ হয়ে। বর্তমানের সীমা ছাড়িয়ে কখনও পার সে এক স্বরংপ্রম্ভ অনন্ত সন্তার শক্তি জ্যোতি ও আনন্দের ছোঁয়া বা অন্ভব। সেই ছোঁয়াকে সে যখন তার মানসিক

সংস্কারের অনুকূলে তর্জমা করে বলে, এই তো সর্বজ্ঞ সর্বশক্তিমান অনন্ত অমৃত, এই তো প্রমৃত্তি প্রেম ও আনন্দ-দ্বর্প, এই তো ঈশ্বর—তখনও কিন্তু তার জ্যোতিম'য় অনুভবের সৌরদীপ্তি জবলে ওঠে দুটি অমানিশার করালছায়ার অন্তরালেই। এক অমানিশা তার পায়ের তলে, আর এক গাঢ়তর অমা তার অন্ভবের ওপারে। অনন্তকে নিঃশেষে জানবার আকৃতিতে সে দেখে, তাকে ধরতে গিয়ে অনুভূতির সকল সংজ্ঞা হারিয়ে গেছে। কোনও সংজ্ঞা দিয়ে অথবা একসংখ্য সকল সংজ্ঞা জড়িয়েও পরিচিতির ডোরে সে-অধরাকে বাঁধা যায় না। তখন লোকোত্তর অনুভবের সর্বোত্তম সংজ্ঞা যে-ঈশ্বর, তাকেও প্রত্যাখ্যান করে সে ঝাঁপ দেয় মহাশ্নো। অথবা দেখে, তার ঈশ্বরও বর্ঝি অনিরুক্ত মহিমায় ছাড়িয়ে গেলেন আপনাকে, কোনও সংজ্ঞার বাঁধন পরলেন না তিনি !-এই তো লোকোত্তরের অমানিশা। আবার বর্তমান পরিবেশের দিকে তাকিয়ে মানাম দেখে, জগৎ জাড়ে অন্তরে-বাইরে কেবলই তার প্রদীপ্ত চেতনার প্রতিবাদ। মৃত্যু এখানে চিরসংগী তার, সংক্ষোচের আড়ফ্টতায় কুণ্ঠিত তার জীবন ও অনুভব। দ্রান্তি, দৌর্বল্য, জড়ত্ব, হতচেতনতা, শোক, দুঃখ, অনর্থ দ্বারা নিত্যলাঞ্ছিত তার সাধন্য। তাই এখানেও বলতে হয় তাকে বাধ্য হয়ে, কোথায় দশ্বর! অথবা তার মনে হয়, পরমদেবতা ব্বি তার শাশ্বত সতাস্বর্পের বিপরীত কোনও প্রতিভাস বা পরিণামের আড়ালে নিজেকে ঢেকে রয়েছেন নাঙ্গিত হয়ে!

কিন্তু এই নাদিত-প্রত্যয়ের হেতু লোকোত্তর নাদিতত্বের মত অকল্পনীয় অতএব দ্বভাবতই মনের অগোচর একটা আনির্বাচনীয় রহস্য নয়। বরং মানুষের মনে. হয়, এর তত্ত্ব জ্ঞানগদ্য, জ্ঞাত এবং স্কুম্পণ্ট একটা-কিছ্ন। অথচ তার রহস্যও প্রাপ্ত্রির ধরা পড়ে না তার কাছে। এই যে অন্তের জ্ঞাল দত্পাকার হয়ে উঠেছে তাকে ঘিরে, তারা কী, কোথা হতে এসেছে, কেনই-বা আছে—কিছ্ই সে বোঝে না। চেতনায় ভেসে উঠে দোল দিয়ে যায় তারা—এই চলনট্কুই চোখে পড়ে শৃধ্ন। কিন্তু তাদের তত্ত্বপ্ থেকে যায় ব্লিশ্বর অগোচর।

হয়তো তারাও অপ্রমেয়, হয়তো বৃদ্ধির কাছে তাদের তত্ত্ব কোর্নাদনই ধরা পড়বে না। অথবা এমনও হতে পারে, কোনও তাত্ত্বিক র্পই তাদের নাই। তারা শৃধ্ব বিভ্রম, শৃধ্ব শৃন্য—এই তাদের সম্পর্কে চরম কথা। লোকোত্তর নাচ্তিত্ব কখনও আমাদের কাছে কোটে শ্ন্য হয়ে। সম্ভবত এই ব্যাবহারিক নাচ্তিত্বের বঞ্চনাও তা-ই—এও শ্ন্য, এও অসং। কিন্তু ওপারের রহসাকে অসং বলে উড়িয়ে দিয়ে তুরীয়ান্ভবের সমস্যাকে পাশ কাটিয়ে যেতে আমরা রাজি নই যেমন, তেমনি এখানকার রহস্যকেও তো নস্যাং করতে পারি না শ্ন্যবাদ দিয়ে। এ-জগং সত্যের শাশ্বত দীপ্তিতে উজ্জ্বল হয়ে প্রতিভাত

হচ্ছে ন। বলে এর বাস্তবতাকেই প্রাপ্রির অস্বীকার করা, অথবা একে পরিহার করে চলা সর্বনাশা বিভ্রম-জ্ঞানে—এতে সমস্যাকে পাশ কাটিয়ে যাওয়া হয় শ্ব্র, জীবনের সাধনাকে বীরের মত বরণ না করে। স্ততে পারে, এসমস্তই অশাশ্বত ক্ষণিকের মেলা—দিব্যভাবের মৃত্ প্রতিষেধ, অথণ্ড সচিচদানন্দের বিপরীত প্রতায় এরা। কিন্তু তব্ জীবনের কাছে এরা যে বাস্তব, বিশ্বপ্রাণের এও যে একটা সত্যকার তরঙ্গাদোলা, তাও তো অনস্বীকার্য। বিশ্বে আধারের ছায়ান্তাই তো নয় শ্ব্র, আলোও যে আছে তার ব্কে। আছে কল্যাণ জ্ঞান আনন্দ স্থ বল বীর্য অভ্যুদয়, আছে প্রাণের জয়য়য়াত্র। এসমস্ত নিয়েই তো বিশ্বপ্রাণের খেলা।

এও হতে পারে, ব্যাবহারিক জীবনের পদে-পদে এই যে অনর্থ-প্রত্যয়, শুধ্ব একটা নির্বাচনীয় বিদ্রমের লীলা এ নয়। সত্যের সংগ্য আমাদের সম্বন্ধবৈকল্যের এ হয়েতা একটা অপরিহার্য পরিণাম। আর সে-বৈকল্যের মূল নিহিত আছে বিশ্বের সংগ্য জীবের সম্পর্ক নিয়ে একটা দ্রান্ত ধারণার মধ্যে। সেই দ্রান্তিই আবার রক্ষা ও জগং, জীব ও তার পরিবেশের প্রতি আমাদের দ্ণিতভিগিকে বিকৃত করেছে। মানুষ আজ যা হয়েছে, তার সংগ্য তার নিত্যপরিচিত পরিবেশ অথবা আদর্শ ও নিয়তির কোনও মিলই খয়েত সেপায় না। তাই বিশেবর মর্মসত্যের সংগ্য বহির্জাগতের একান্ত বিরোধ ও বিপর্যয়টাই বড় হয়ে তার চোখে পড়ে। তাহলে কিন্তু জীবধর্মের কুণ্ঠা নিয়ে জগতে আসাটা আদর্শাচ্চাতির দন্ড নয় তার, বরং এই হল তার ভবিষ্য প্রগতির সাধন। এই নিয়েই তো তার জীবনসাধনার শ্রুর, এই পণেই তো তাকে জিনে নিতে হবে যান্রাশেষের বিজয়মালা, তার এই তপস্যার রন্ধপথেই তো প্রকৃতি জড় হতে চেতনায় পেল মাক্তি। অতএব মানুষের এই বৈকলাই একাধ্যের অপরা প্রকৃতির মাক্তিপণ এবং পাজি।

সত্যকে। 'অবিদ্যায় মৃত্যুং তীর্ত্বা' আমরা পাব অমৃতসম্ভেদের অধিকার। বেদ তাই সন্ধাভাষায় বলেছেন বিশ্বের সেই গোপন শক্তিদের কথা, যারা দ্বুপুর্বৃত্তিশালিনী বিপথচারিণী পতির অহিতকারিণী নারীদের মত নিজেরা অসত্য ও অস্থী হয়েও শেষ পর্যক্ত গড়ে তোলে এই 'বৃহৎ সত্যকে'—আনন্দই যার স্বর্প। তাই, মান্য যখন আর আত্মপ্রকৃতির কল্ব্যের উচ্ছেদ করতে চাইবে না প্র্যাসাধনার অস্তোপচারে, অথবা জীবনকে বিভীষিকা ভেবে আতংক ছিটকে পড়বে না তার থেকে ঃ বরং কঠিন বীর্ত্বর সাধনার যখন মৃত্যুকেই র্পান্তরিত করবে সে প্রাণের দৃষ্টির মহিমার, সংকুচিত মানবভার তুচ্ছতাকে উত্তীর্ণ করবে দিব্যভাবের ভূমানন্দময় ঐশ্বর্ষে, বেদনাকে দেবে চিন্মর আনন্দের র্প, অশিবের অন্তর হতে ফ্রিটরে তুলেবে তার শিবময় সার্থকতা,

প্রমাদ ও মিথ্যাকে পরিণত করবে অন্তগ্র্ণ সভ্যের অনাবরণ ঋজ্বতায়—তখনই তার জীবনযজ্ঞে প্রণাহর্তি পড়বে। তার যাত্রাশেষের পরমক্ষণে দ্ব্যলোক আর ভূলোক তখন সামরস্যের স্বরে বাঁধা পড়ে তুর্যাতীতের আনন্দধারায় হবে অভিষ্ক্ত।

তব্ প্রশ্ন জাগে, এপারে-ওপারে এই যে দার্ণ বিরোধ, কি করে তাদের মেশার্মেশ সম্ভব তবে? কোন্ পরশর্মাণর ছোঁয়ায় এই মর্ত্যভাবের লোহা দিব্যভাবের সোনায় র্পান্তরিত হবে?...কিন্তু কোনও বৈষম্য যদি না-ই থেকে থাকে তাদের স্বর্পসন্তায়? যদি একই পরমার্থসতের বিভূতি হয়ে থাকে তারা, যদি কোনও ভেদ না থাকে তাদের ধাতুপ্রকৃতিতে? তাহলে তো মর্ত্যভাবের দিব্যর্পান্তর অসম্ভব নয়।

প্রেই বলেছি, আমরা লোকোত্তর অসং বলি যাকে, বস্তুত তার স্বর্প অলীক নয়। সন্তারই একটা অকল্প্য ভূমি সে, হয়তো অনিব্চনীয় আনন্দই তার স্বর্প। এই লোকোত্তর অসতের মধ্যে শাশ্বত প্রতিষ্ঠালাভের প্রয়াসর্প ধরেছে বৌশ্ব নির্বাণে, মান্ব্রের দ্বঃসাহসী সাধনার ইতিহাসে যার ভাস্বর মহিমা চির অম্যান থাকবে। জীবন্ম্বক্ত দেবমানবের চেতনায় সে-নির্বাণের অন্তব ফোটে অনিব্চনীয় শান্তিতে, হ্যাদিনীর অপর্প উল্লাসে। জীবনে তার সার্থকিতা দেখা দেয় অন্তরে-বাইরে অহংব্তির পরিপ্রে নিরোধে, সকল দ্বংখের আত্যন্তিক প্রলয়ে। এ-অন্ভবের কোনও ইতি-র্প নাই। তব্ব তার সংজ্ঞা দিতে চাই যদি, বলতে পারি—এ শ্ব্রু অনির্দেশ্য আনর্বাচ্য চিন্মম আনন্দ মাত্র, যার মধ্যে আত্মসন্তার অন্ভবন্ত তলিয়ে যায় কোন্ অতলে। কিন্তু নির্বাণের শান্তি এমনই নির্বিষয় ও অন্তর্বেশ্য যে তাকে চিন্ময় আনন্দের সংজ্ঞা দিয়েও ব্যক্ত করা চলে কিনা সন্দেহ। অসং সাচ্চদানন্দেরই সেই অন্তর প্রলয়ভূমি, সং চিৎ এবং আনন্দ বলেও আমরা ইতি করতে পারি না যার—কেননা এ-ভূমিতে ঘটে সমস্ত সংজ্ঞার উচ্ছেদ, কোনও বিজ্ঞানব্তিই আর অর্থাণ্ড থাকে না।

আবার একথাও বলেছি আমরা, এক অখণ্ড পরমার্থ-সং ছাড়া আর-কিছ্ব না থেকে থাকে যদি কোথাও, তাহলে আমাদের অন্ভবের এই যে অবর কোটি, যার মধ্যে সচিদানন্দের কোনও আভাস নাই বরং আছে বির্ম্থ প্রতায় শৃধ্ব, তাকেও তো আর-কিছ্ব বলতে পারি না সচিদানন্দ ছাড়া। নাহ্তি-প্রত্যয়ে ড্বে গিয়ে সচিদানন্দকে কোথাও দেখতে পায় না যে অবর অন্ভব, সেও যে সচিদানন্দেরই বিভূতি, এ শৃধ্ব বৃদ্ধিযোগ বা অধ্যাত্মদর্শন দ্বারা নয়. এই ইন্দিয়সংবেদন দিয়েও উপলব্ধি করা চলে। আমাদের নিত্যজাগ্রত চেতনায় এই পরমস্ত্যের অন্ভব কোথাও ব্যাহত হত না, যদি মায়া অথবা অবিদ্যার দ্বিবার অভিনিবেশ্বশত একটা অনাদি অধ্যাসের করালছায়ায় আমাদের দৃ্থিট অন্ধ না হত। এই দিক দিয়ে বিশ্বসমস্যার একটা সমাধান খাঁজে পাওয়া যায় হয়তো। জানি, তত্ত্বসন্ধানী দার্শনিকের তর্কবৃদ্ধি খাঁশী হবে না সে-সমাধানে, কেননা এবার আমরা এসে দাঁড়িয়েছি অবিজ্ঞেয়ের অতর্ক্য অনিব্চনীয় রহস্যের উপান্তে—তীক্ষ্মদ্ভির উদ্যত আক্তি নিয়ে। কিন্তু অপ্রমেয় রহস্যের ব্যঞ্জনায় তর্কবৃদ্ধির সায় যদি না-ও থাকে, তব্ও এবার দিব্যজীবন-সাধনার একটা অন্ভবগোচর সৃষ্পণ্ট সঙ্গেকত হতে তো আমরা বিশ্বিত হব না।

তার জন্যে মনের স্পরিচিত সংস্কারের চিরাভাস্ত আরামট্রকু ভেঙে অসীম দ্বঃসাহসে আমাদের ঝাঁপিয়ে পড়তে হবে আরও গভীরে, অজানার স্তর্ক বিপর্বল রহস্যকে চকিত করে ড্বেবে যেতে হবে চেতনার দ্বরবগাহ অতলতায়। যা-কিছ্ আপাতপরকীয় ছিল এতদিন, লোকোত্তর মহাভূমির পরিচয় নিতে তাকেও আত্মসাৎ করতে হবে। মান্যের ভাষা কতট্বকু কাজে লাগে এই উদগ্র এষণায়? তব্ হয়তো তার মধ্যে আমরা খ্রেজ পাব অজানার দ্ব-একটি প্রতীক, অর্পের এক-আর্ঘটি র্পরেখা—আভাসে ফ্টিয়ে তুলব অব্যক্তের এতট্বকু ব্যঞ্জনা, যা সন্ধানী চেতনার দীপকে করবে আরেকট্ব উজ্জ্বল, ওপারের অনিব্চনীয় বর্ণরাতর একট্বখানি ছায়াস্ব্যমা দোলাবে মনের 'পরে।

সুক্তম অধ্যায়

অহং এবং দন্দ্রবোধ

সমানে বংকে প্রেবো নিমণেনাহনীশ্যা শোচতি মৃহামানঃ। জ্বতং যদা প্শাতান্যমীশ্মস্য মহিমানমিতি ৰীতশোকঃ॥ শেৰতাশ্বতরোপনিবং ৪।৭

একই বৃক্ষে আদীন প্রেষ্ ডুবে আছে মূহ্যমান হয়ে—ঈশনা নাই বলে যত শোক তার; কিন্তু আবিষ্ট হয়ে যখন দেখতে পায় সে আরেকটি প্রেষ্কে যিনি সবার ঈশ্বর এবং তারও মহিমা, তখন চলে যায় তার সকল শোক। বামদেৰো গোতমঃ।...আপো বা গাবো বা...কিন্দু

—শ্বেতাশ্বতর উপনিষদ (৪।৭)

সমদ্তই অখণ্ড সচিদানন্দ এই যদি সত্য হয়, তাহলে মৃত্যু দুঃখ অনর্থ সীমার সঙ্কোচ এরাও বিকৃত চেতনার স্থিত শুধু। ব্যাবহারিক জীবনে তারা বাদ্তব বলে অনুভূত হলেও তত্তত তারা অসং। আত্মসংবিতের সর্বসমঞ্জস সম্যক্-অন্ভব হতে ২ুগলিত হয়ে চেতনা আমাদের জড়িয়ে গেছে খণিডত-অন্ভবের প্রমাদজালে, তাই তার মধ্যে দেখা দিয়েছে বির্ম্ধ প্রত্যয়ের এই বিকৃতি। ইহ্নদী ধর্মশান্তের 'উৎপত্তি-প্রকরণে' কবিছের ভাষায় একেই বর্ণনা করা হয়েছে 'আদিমানবের স্থলনকথা'-র্পে। নিজেকে এবং ঈশ্বরকে, অথবা নিজেরই মধ্যে ঈশ্বরকে শ্বন্ধসংবিতের পরিপূর্ণতা দিয়ে অনুভব করার অসামর্থ্য, এবং তার ফলে বিভজ্যবৃত্তি চেতনার অধ্যাসে জীবন-মরণ শিব-অশিব আনন্দ-বেদনা ও পূর্ণতা-ন্যুনতার দ্বন্দ্ব বিধ্বর জীবনের অস্বাদ্তিতে উদ্দ্রান্ত হওয়া-এই তো আদিমানবের স্থলন। খণ্ডিতচেতনার এই পরিণামই বাইবেলের 'জ্ঞানবৃক্ষের ফল', যা থেয়ে প্রেষ-প্রকৃতির্পী আদম ও ঈভ্ ম্থালত হল নন্দনবন হতে—চিরম্মান হল প্রেষের স্বারাজ্যের মহিমা প্রকৃতির প্ররোচনায়। তারপর ব্যক্তির মধ্যে বিশ্বান্ভবের উন্মেষে অন্নময় চেতনায় চিম্ময় দ্যুতির স্ফুরণে ঘটল তার শাপমোচন। তখন প্রকৃতিস্থ প্রেষ আবার পেল অনন্ত প্রাণের 'স্বাদ্-পিশ্পল' ভোজনের অধিকার, দিব্য-প্রর্থের সাযুজালাভে হল সে চিরঞ্জীব। এর্মান করেই সার্থক হয় তার পার্থিবচেতনার গহনগ্রহায় অবতরণ--যখন স্খ-দ্বংখ জীবন-মরণ অর্থ-অনর্থের সম্যক্-বিজ্ঞান মানুষের আয়ত্তে আসে সেই পরা বিদ্যার আবেশে, যা এসব বিরুষ্ধ-প্রতায়ের সমন্বয়ে বিশ্বচেতনার ভূমিকায় গড়ে তোলে একরস একটি প্রতায়, তাদের খন্ডতাকে রূপান্তরিত করে অথন্ড-সত্যের চিদ্ঘন বিগ্রহে।

অখণ্ড-সচিদানন্দই ছড়িয়ে আছেন এই নিখিলে সর্বসম বিশ্বাদ্ধবোধের উদারতম সামানাধিকরণ্যে। তাই মৃত্যু দ্বংখ অনর্থ বা সীমার সঙ্কোচ তাঁর কাছে জ্যোতির্মার দিব্য ভাবনারই তির্যক বিলাস বা ছায়ান্ত্য মাত্র। আমাদের চেতনার বেস্বা হয়ে বেজে ওঠে এরা ঃ অথন্ড-বোধের জায়গায় আনে খন্ডতার পীড়া, ব্যামোহ এবং প্রমাদে আবিল করে বৃদ্ধির প্রসন্ন স্বক্ষিতা। বৃহৎসামের মাধ্বী স্বত-উৎসারিত হয়ে উঠবে যেখানে স্বরসংগতির সমগ্রতায়, সেখানে বিবিক্ত স্বলীলার স্বাতন্ত্যকেই করতে চায় ম্ব্রর। একটি রাগিণীতে বাঁধা যায় যদি বিশেবর সকল স্পন্দন—এমন-কি চেতনার স্থলে প্রকাশের অন্তরালে এবং তাকেও ছাড়িয়ে রয়েছে যে গভীরতর প্রেতি তার সমাক্ত্-অন্ভব না পেয়েও যদি সম্ভবপর হয় একটা সমগ্রতার কল্পনা, তাহলেও সে-সমগ্রতাবোধের মধ্যে থাকবে বিরুদ্ধপ্রত্যয়ের সংঘর্ষকে সৌষম্যের ছন্দে ফ্রটিয়ে তোলার প্রয়াস। কিন্তু অথন্ড-সাচ্চদানন্দ স্বর্পত বিশ্বোত্তীর্ণ। অতএব বিরুদ্ধপ্রত্যয়ের দ্বন্দকে সত্য মানলেও কিছ্বতেই তাঁর মধ্যে তার আরোপ চলে না। যা বিশ্বোত্তীর্ণ, বেদের ভাষায় তা 'স্বর্পক্স্ব', ছন্টার র্পদক্ষতা আছে তার মধ্যে। তাই বিরোধের সমন্বয় ঘটায় না সে—অর্পের পয়শ্রমণি ছর্ইয়ের র্পান্তরিত করে তাদের লোকোত্তরের অপর্পতায়, নিঃশেষে ল্পু করে বিরোধের শেষ চিস্ট্রুক্।

সবার আগে. ব্যক্তির চেতনাকে বাঁধতে হবে সমগ্রতার স্বরে, নইলে জীবনব্যাপী দ্বন্দের সমাধান কিছুতেই হবে না। গোড়াতেই একটা ধারণা ম্পণ্ট হওয়া চাই। আমাদের প্রাকৃত-চেতনা বিশেবর তত্ত্বনির্পণ করছে যে-সংজ্ঞা দিয়ে, মানুষের ব্যাবহারিক অনুভব ও প্রগতির পক্ষে তা পর্যাপ্ত হলেও, কিছুতেই বলা চলে না বিশ্বের পক্ষেও এই সংজ্ঞাই পর্যাপ্ত, কিংবা তার চরম তত্ত্বে এই হল সত্য পরিচয়। যে ইন্দ্রিয় বা ইন্দ্রিয়সামর্থ্য নিয়ে জগংটাকে দেখছি এখন, তার চাইতেও সুন্দর সমগ্রদৃষ্টিতে তাকে দেখা যায় এমন নতেনতর ইন্দ্রিয় বা ইন্দ্রিয়সামর্থ্যের উন্মেষ আশ্চর্য কিছাই নয়। তেমনি সমনী অথবা উন্মনী ভূমি হতেও নিখিল বিশ্বকে এমন-একটা ভণ্গিতে দেখা সম্ভব, যা আমাদের প্রাকৃতদ্বিষ্টকৈ ছাড়িয়ে যায় বহুগুলে। চেতনার এমন ভূমিও আছে, যেখানে মৃত্যু শুধু অমৃতজীবনে উত্তরণ, বেদনা শুধু বিশেবর আনন্দ-জোয়ারের তীর উচ্ছনাস, সীমা শুধু অসীমের নিজের মধ্যেই কুণ্ডলীরচনা, অশিব শুধু শিবেরই পরিপূর্ণ মহিমাকে ঘিরে চক্রাবর্তন। এ কেবল সামানাগ্রাহী চিত্তের বিকল্প নয়। এর প্রামাণ্য প্রতিষ্ঠিত আছে অপরোক্ষ সাক্ষাংকারে, জাগ্রত অনুভবের নিত্যানিবিড়তায়। চেতনার এইসব ভূমিতে উত্তীর্ণ হওয়া যে জীবের আত্মসম্পূর্তি-সাধনার মুখ্য ও অপরিহার্য অখ্য, সেকথা বলাই বাহ, ল্য।

আমাদের দ্বৈতদশী ইন্দ্রিরনিষ্ঠ মন বিশ্বের যে ব্যাবহারিক ম্ল্য নির্পণ করেছে ইন্দ্রিসংবেদনের সহায়ে, তার উপযোগিতার একটা নিজস্ব ক্ষেত্র আছে

নিশ্চয়। সাধারণ জীবনে ব্যবহারব, দ্বির এই আদর্শকে মানা যায় ততদিন. যতাদন আমরা না পাই সোষম্যের এমন-একটা বৃহত্তর ভূমি যার মধ্যে ব্যবহার-বুল্ধির গোত্রান্তর ঘটলেও তার বস্ত্রনিষ্ঠার কোন্ত বিপর্যয় ঘটে না। সাধনার ফলে শ্বে ইন্দ্রিশক্তির উৎকর্ষ ঘটে যদি, অথচ চিত্ত জ্ঞানের এমন-কোনও ভূমিতে প্রতিষ্ঠিত না হয় যেখানে নৃতন দর্শনের আলোকে পুরাতন অনুভবও উস্জ্বলতর হয়ে ফুটে ওঠে—তাহলে শক্তিলাভও হতে পারে নিদারণ বিপর্যায় ও অশক্তির নিদান, বুল্ধির সুষ্ঠা ও সংযত প্রবৃত্তিকে উদ্দ্রান্ত করে ব্যাবহারিক জীবনে আনতে পারে ক্লৈব্যের অভিশাপ। তেমনি অহংকবলিত দৈবতবৃদ্ধির বেণ্টনী ছাড়িয়ে মনের চেতনাও যদি অখণ্ড-চেতনার বিশিণ্ট কোনও বিভাবের সংশ্যে জড়িয়ে পড়ে সৌষম্যের ছন্দ না জেনেই, তাহলে তারও ফলে বুণিধর বিপর্যয় এসে মানুষের স্বাভাবিক কর্মপ্রবৃত্তিকে করতে পারে কণ্ঠিত—ব্যবহারজগতের সাবলীল গতির যতিভগ্গ করে। এইজন্যই গীতার উপদেশ যিনি বিজ্ঞানী অজ্ঞানীর কর্ম ও চিন্তার জগতে বি[্]লব এনে তার ব্যান্থভেদ ঘটানো তাঁর উচিত নয়। কারণ, অজ্ঞানী স্বভাবতই বিজ্ঞানীর আচারের অনুকরণ করতে চাইবে তাঁর কর্মযোগের রহস্য না জেনেই। তাতে তারা পরতর ধর্মে প্রতিষ্ঠিত না হয়ে স্বধর্ম হতেই দ্রন্ট হবে শুধু।

অধ্যাত্মজগতে এমন বিপর্যায় ও অশক্তিকে ব্যক্তিগতভাবে স্বীকার করে নেন অনেক মহাপ্রের্য—শ্বধ্ব সাময়িক একটা সাধনক্রম হিসাবে। কাউকে হয়তো এই মূল্য দিয়েই পেতে হয় ব্যাপ্তিচেতন্যের অধিকার। কিন্তু নিথিল-মানবের প্রগতির অভিযান এ-পথ ধরে নয়। তার লক্ষ্য, সত্যের সর্বসমন্বয়ী রুপটি আবিষ্কার করে তার বীর্যকে সার্থক করা বাস্তব কর্মে—জীবনের নবীন বাঞ্জনায়। তাই ব্যাপ্তিচৈতন্যের ঋতকে মানুষ ফুটিয়ে তুলবে সত্যের অভিনব রূপায়ণে, তার প্রবৃদ্ধ চিত্তের দুর্ধর্ষ সংবেগ বিশ্বের প্রাণধাতৃকে ব্যবহার কর্মবে নবস্ঘির সার্থক উপাদানর পৈ—এই হবে তার সাধনা। স্থ্ল ইন্দ্রিয় দেখে, সূর্য ঘুরছে প্রিথবীকে ঘিরে। এই আপাতদর্শন এতদিন ছিল মানুষের ইন্দ্রিয়জীবনের কেন্দ্র, তাকে ভিত্তি করেই সে সাজিয়ে নিল তার চলন্ত সংসার। আসল সত্য এ-ধারণার সম্পূর্ণ বিপরীত। সে-সত্যের আবিষ্কার মানুষের কোনও কাজেই লাগত না, যদি তাকে কেন্দ্র করে এমন-একটা বিজ্ঞান গড়ে না উঠত যা ইন্দ্রিয়জ্ঞানকে পরিশুন্ধ ও মাজিতি করতে পারে স্মৃত্থল ও যুক্তিযুক্ত তথ্যের সন্কলনে। তেমনি মানসী চেতনা দেখে, ঈশ্বর ঘ্রছেন আমাদের ব্যন্টি-অহংকে ঘিরে। অতএব তাঁর বিধি-বিধানকে আমরা বিচার করি আমাদেরই অহমিকাদুষ্ট চেতনা বেদনা ও ভাবনা দিয়ে। এমন-সব অর্থের আরোপ করি তাদের 'পরে, বস্তৃত যা সত্যের বিকৃত ও বিপর্যস্ত রূপ-অথচ মানুষের ব্যাবহারিক জীবনের প্রগতিকে

কিছ্বদূর পর্যন্ত ঠেলে নিতে সাহায্যই করে তারা। **ভাব ও কর্মে**র একটা বিশিষ্ট জগতে আমাদের চলাফেরা যতক্ষণ, ততক্ষণ কোনও গলদ ধরা পড়ে না বিশ্ববিধানের এই সংকীর্ণ ব্যাখ্যাতে—কেননা তার**্ম**ধ্যে ব্যাবহারিক অন,ভবকেই সাজিয়ে গ্রাছয়ে একটা চলনসই রূপ দিয়েছি আমরা। কিন্ত বিশ্বের এই বস্তুতন্ত ব্যাখ্যাতে মানুষের জীবন এবং উপলব্ধির চরম ও প্রম রুপটি কিছুতেই ফুটতে পারে না। 'সত্যের পথেই চলতে হবে অসত্যের পথে নয়।' এ তো সত্য নয় যে আমাদের ক্ষাদ্র অহংকে বিশ্বজীবনের কেন্দ্র করে ঈশ্বর ঘ্রুরছেন তার চার্রাদকে অতএব দ্বন্দ্রবোধজর্জারত অহং দিয়েই বিচার চলে তাঁর। বরং সত্য হল এই যে, পরমপ্রের্যই বিশেবর কেন্দ্র। ব্যক্তির অনুভব তাঁর সত্যস্বরূপটি জানতে পারে তখনই, যখন বিশ্ব ও বিশ্বোত্তীপের নিরিখে পায় সে তাঁর পরিচয়। তব্ব বিজ্ঞানের ভিত্তিকে পাকা না করে হঠাৎ যদি বিশ্বাস্মবোধের ভার চাপানো যায় কাঁচা আমির 'পরে. তাতে নতন ভাব এসে প্ররানো ভাবের ঠাঁই জ্বড়বে বটে; কিন্তু সে আসবে মিথ্যার ছাপ নিয়ে খাপছাড়া হয়ে—কেননা এই আকম্মিকতার ধাক্কায় ঘটবে সত্যেরই বিপর্যয়, তাই ঋতের ছন্দে প্রতিষ্ঠিত হওয়ার অবকাশই সে পাবে না। এমন বিপর্যায় হতেই অনেকসময় নৃতন দর্শন ও নৃতন ধর্মের স্চনা হয়, সমাজে দেখা দেয় সাথক বিপ্লব। কিন্তু সত্য লক্ষ্যে পেণছতে হলে, একটি ঋতময় ভাবকে কেন্দ্র করে ঘটাতে হবে ব্লিখযোগের সঙ্গে কর্মযোগের এমনই উদার সামঞ্জস্য যাতে ব্যক্তির অহংএর কাছে তার সকল বিত্ত ফিরে আসে পরশর্মাণর ছোঁয়ায় সোনা হয়ে। এমনি করেই আমরা পাব সত্যের অভিনব রুপায়ণের সিন্ধমন্ত, যা আমাদের এই মত্যজীবনে স্ফরিত করবে দিব্যমহিমার বাঞ্জনা, দেহ-প্রাণ-মনের সমস্ত ক্ত্তিতে ঢালবে দিবাভাবনার সেই অমোঘ বীর্য যা বিশ্বের প্রাণধাতৃকে ব্যবহার করবে নবস্থিতর সার্থক উপাদানর পে।

অখন্ড মানবতার মধ্যে এমনি করে প্রাণের নববীর্য উদ্দীপ্ত হবে, যখন মানুষ পাবে সেই মহাসত্যের অপরোক্ষ পরিচয় যা পরমপ্রব্রের দিব্য-প্রকৃতিকে চেতনায় ফ্টিয়ে তোলে আমাদেরই ভাবধারার প্রতির্গ করে। দিব্যভাবের এই সাধনায় অহংকে ছাড়তে হবে যত তার মিথ্যা দ্ছিট ও মিথ্যা সংস্কারের নির্ঢ় অভিমান। ঋতস্ব্যার ছন্দ মেনে আবার তাকে ফিরে যেতে হবে সেই অখন্ডের মধ্যে যার সে খন্ডবিভূতি মার, উত্তীর্ণ হতে হবে সেই তুরীয়ধামে যেখান হতে সে নেমে এসেছে এই মাটির ব্বেত। এমনি করে সকল বিকল্পনার অতীত যে সত্য ও ঋত, তার কাছে আপনাকে অসঞ্চোচে মেলে ধরে সেই সত্যের মধ্যে পেতে হবে নিজের চরম সিদ্ধি, সেই ঋতের ছন্দে খ্রেভতে হবে নিজের পরম ম্বিন্ত। এ-সাধনার লক্ষ্য হবে—অহংদ্ভির সকল বিকল্প ও সংস্কারের সন্পূর্ণ উচ্ছেদ; দ্বংখ অশিব মৃত্যু অবিদ্যা—আধারের সকল

সঙ্কোচকে প্রম্বক্তির উল্লাসে ছাড়িয়ে যাওয়াই হবে সাধকের প্রমপ্রের্যার্থ। এই প্থিবীর ব্বে কখনও সিন্ধ হবে না ওই উচ্ছেদ ও উত্তরণের সাধনা, যদি এখনকার মত জীবন জড়িয়ে থাকে অহংদুষ্ট সংস্কারের জালে। বিশ্বাস করিঃ বস্তুত এ-জীবন বিবিক্ত ব্যক্তিচেতনার একটা প্রতিভাস মাত্র, এর মূলে নাই কোনও বিশ্বব্যাপ্ত সত্তার অধিষ্ঠান, কোনও চিন্ময় 'মহদ্-ভূতের নিঃশ্বসিতে' এ নয় সঞ্জীবিত: বিষয়সংস্পর্শে ব্যক্তিচেতনায় জাগে দ্বন্দ্রবোধের যে-সাড়া, শ্বেধ্ব বাইরের সাড়াই সে নয়—সমস্ত প্রাণনের মর্মসত্য এবং নিরুঢ় ধর্ম ও প্রকাশ পায় ওই সাড়াতে; দেহ-প্রাণ-মনের যে-ধাতুতে গড়া আমাদের এই আধার, সঙ্কোচব্তিই তার অনুচ্ছেদ্য প্রকৃতি; মরণে পঞ্চত্তের বিশ্লেষ-এই হল জীবনের একমাত্র পরিণাম; জীবনের যাত্রা শরুরু মরণ হতে এবং তারই মধ্যে তার অবসান; সমস্ত ইন্দ্রিয়সংবেদনেই আছে সূখ-দ্বঃখের অবিচ্ছেদ্য দ্বন্দ্বলীলা, সমুহত বেদনার মধ্যে হর্য-শোকের আলো-ছায়া: মানুষের সকল জিজ্ঞাসা নিত্য-আবর্তিত হয়ে চলেছে শব্ধ সত্য ও প্রমাদের দুর্টি মেরুবিন্দরর অন্তরালেঃ এই যদি হয় আমাদের মজ্জাগত প্রত্যয়, তাহলে উত্তরণের পথ আমাদের খোলা আছে भাখা দুটি দিকে। হয় সকল সত্তার অতীত মহাশ্নো মন্যাজীবনের মহাপরিনিবাণে, নয়তো এই মাটির বিশ্ব হতে স্বতন্ত্র ধাতুতে গড়া কোনও লোকান্তরে বা বৈকুণ্ঠধামে।

অতীত-বর্তমানের সংস্কারজালে জড়িত প্রাকৃতমনের পক্ষে একথা কল্পনা করা খ্র সহজ নয় যে, এই মর্ত্য আধারে থেকেই আমূল র্পান্তর ঘটতে পারে মানুষের—তার আড়ণ্টকঠিন পরিবেশের বন্ধন কাটিয়ে। সম্ভাবিত পরিণামের উত্তরকান্ড সম্পর্কে আজও তার ধারণা কতকটা ভার্উইন-কল্পিত 'নরাদি' বানরেরই অন্ব্প। আদিম অরণ্যের শাখাবিহারী বানরের সহজ চেতনায় এ কম্পনা কোনমতেই জাগতে পারে না যে, একদিন এই ধরাপ্রচেঠই এমন-কোনও জীবের আবিভাবি হবে, যে তার অন্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির সকল উপকরণের 'পরে খাটাবে 'বৃদ্ধি' নামক একটা নৃত্ন ব্রত্তির প্রশাসন এবং তারই শক্তিতে সে নিয়ন্তিত করবে তার চিরাভাস্ত সকল সংস্কার, বহিজ'বিনের পরিবেশে আনবে অকল্পনীয় রূপান্তর, শাখাসগুরণ ছেড়ে হবে পাষাণহর্মোর অধিবাসী, প্রকৃতির গোপন ঐশ্বর্য করায়ত্ত করে সমুদ্রে জমাবে পাড়ি, আকাশে মেলবে পাখা, ধর্ম সংহিতার বিধান দিয়ে গড়বে সমাজ, নিজের মানসিক ও আধ্যাত্মিক উন্নতিকল্পে আবিষ্কার ক্লরবে সচেতন চিত্তের সহস্র সাধনা! বানরচিত্তে এমন জীবের কম্পনা যদিও-বা জাগে, তব্ প্রকৃতির উধর্বপরিণামের অথবা অন্তর্গাঢ় সংকল্পের দীর্ঘ তপস্যায় সে যে নিজেই ওই জীবে পরিণত হবে কোনদিন, এ তার ভাবনারও অগোচর। কিন্তু মানুষের মধ্যে স্ফুরিত হয়েছে বৃদ্ধি, দেখা দিয়েছে বোধি ও কল্পনার

অপূর্বে ঝলক। অতএব নিজের চাইতে উন্নততর জীবনের কম্পনা কঠিন নয তার পক্ষে। এমন-কি সে যে নিজেই বর্তমানের গণ্ডি পেরিয়ে কোনদিন উত্তীর্ণ হতে পারে ওই অনাগত জীবনের মহত্তর পরিবেশে-এমন স্বন্দ দেখাও তার পক্ষে অসংগত নয়। তাই তার মহাভূমির কল্পনায় এসে মিলেছে চিত্তের যা-কিছ, অনুক্লবেদনীয়, সহজাত অভীপ্সার যা-কিছ, কাম্য তার চরম। সেখানে আছে জ্ঞানের দিব্যবিভা, প্রমাদের লেশমাত্র ছায়াতে তা কলিংকত নয়; আছে অনাবিল আনন্দ, দুঃথের ছোঁয়াচ এতটাকু মাান করতে পারে না তাকে: আছে নির্পক্ষ বীর্য, যাকে ছুয়েও যেতে পারে না অসামর্থ্যের লাঞ্চনা। এর্মান করে সে-জীবনে আছে শুধু নিম্কলাম শুদ্রতা ও অক্তিঠত ঐশ্বর্যের অদীন অনুভব। এই তো মানুষের দেবতার কল্পনা, এই তো তার দ্বর্গের ছবি। কিন্তু এ-ছবি মূর্ত হবে এই পৃথিবীর বুকে, রূপ ধরবে ভবিষ্য মানবের সমাজে—তার বুল্বি কণ্ঠিত হয় এমন কল্পনায়। বৃহত্ত দেবতা ও স্বর্গের দ্বন্দ নিজেরই প্রর্ষার্থসিদ্ধির দ্বন্দ তার; কিন্তু সে-দ্বন্দকে এই বাদ্তবের বুকে সফল করে তোলাই যে তার চরম নিয়তি, একথা স্বীকার করতে সে ভয় পায় সেই তার বানরগোত্র পূর্বপ্ররুষেরই মত—যে হয়তো কিছুতেই বিশ্বাস করতে পারে না যে অনাগত মানবের মহতী সম্ভাবনা নিহিত রয়েছে তারই মধ্যে। মানুষের কল্পনা ও অধ্যাত্মপিপাসা ওই লোকাতীত আদর্শকে র্যাদও-বা জাগিয়ে রাখে চিত্তের নিরালায়, তব্যু তার সজাগবঃন্ধির দাপটে নিমেষে মিলিয়ে যায় বোধি ও কল্পনার লোকোত্তর বিলাস। তখন গ**দ্ভীরচিত্তে** সে ভাবে, এ তার কুসংস্কারের ঝলমলানি শ্বধ্ব, জড়বিশ্বের নিরেট তথ্যের সংেগ কোথায় এর সংগতি ?.....এধরনের কল্পনা তার চিত্তে তব খানিকটা প্রেরণা জোগায় অসম্ভাবিতের স্বশ্নছবির পে। কিন্তু সে জানে, বাস্তবিক যা সম্ভব ও সাধ্য তার পক্ষে, সে হল নৈমিত্তিক জ্ঞান সূত্রখ শক্তি ও কল্যাণের একটা সীমিত ও অনিশ্চিত বরান্দকে কোনরকমে হাতের মুঠায় পাওয়া!

এমনি করে প্রাকৃত-বৃদ্ধি লোকোন্তরের সম্ভাবনাকে প্রত্যাখ্যান করতে চাইলেও, তার মর্মে-মর্মে কিন্তু জড়িয়ে আছে লোকোন্তরেরই আবেশ। বৃদ্ধির স্বর্প ও লক্ষ্য হল বিদ্যার এষণা, অর্থাৎ প্রমাদরহিত সত্যের উপাসনা। সত্যের সন্ধানে প্রমাদের মান্রাকে ক্রমে হুম্ব করেই যে খুশী সে, তা তো নয়। সে বিশ্বাস করে একটা নিভাঁজ সত্যের প্রাক্-সন্তাতে, যার আঁদতত্ব অবধারিত বলেই প্রমা এবং অপ্রমার দ্বন্দ্বে দুলেও আমরা এগিয়ে চলেছি তারই দিকে। বৃদ্ধির এ-বিশ্বাসই স্টিত করে লোকোন্তরের প্রতি তার প্রশ্বা। মানুষের অন্যান্য অভীপ্রার প্রতি বৃদ্ধির যে সহজাত শ্রদ্ধার অভাব, তার কারণ—স্বত-উৎসারিত কোনও প্রাতিভদীপ্তির আলোকে তারা দীপ্ত নয় তার ব্যবহার-জগতের স্বাভাবিক চলাফেরার মত। নিভাঁজ স্বথের চ্ডান্ড অনুভব আমাদের

কন্পনায় আসে; কেননা স্থের আক্তি হ্দয়ের সহজধর্ম বলে সে-সম্পর্কে একটা শ্রন্থা একটা নিশ্চিত প্রতায় আমাদের আছে, এবং কামনার যে-অপরিত্তি দ্বংখের আপাত-নিদান, তার উচ্ছেদও আমাদের মনের পক্ষে অভাবনীয় নয় একেবারে। কিন্তু নাড়ীচক্রের সংবেদন হতে বেদনাবোধের বিলর্বাপ্ত, অথবা দৈহাজীবন হতে মরণসম্ভাবনার উচ্ছেদ কন্পনা করা যায় কি করে? অথচ বেদনাকে প্রত্যাখ্যান করা ইন্দ্রিয়সংবেদনের সহজ ধর্ম। প্রাণচেতনার মর্মে নির্চ হয়ে আছে মরণকে অস্বীকার করবার একটা প্রচম্ভ আক্তি।... কিন্তু ব্বশিধ একে মনে করে শ্ব্যু মৃঢ় অভীপ্সার আকুলিবিকুলি; এর সার্থক হবার এতটাকু সম্ভাবনা আছে বলে সে বিশ্বাস করে না।

অথচ সবজায়গায় একই নিয়ম খাটবে, এই তো সঙ্গত। ব্যাবহারিক বৃদ্ধির গলদ এইখানে। চোখের সামনে ঘটছে বলে যা সদ্য-বাস্তব হয়ে ওঠে তার কাছে, সে শৃধ্ব তারই একান্ত অনুগত। কিন্তু প্রত্যক্ষের অগোচর কোনও বৃহত্তর সম্ভাবনাকে যুক্তিসিম্প পরিণামের দিকে এগিয়ে দেবার মত যথেষ্ট সাহস তার নাই। অথচ আজ যা ঘটছে, সে তো প্রাক্তন কোনও সম্ভাবনারই সিম্পর্প আর আজ যা সম্ভাবিত, ভবিষ্যাসিম্পির দিকেই তো তার ইশারা। বস্তুত মানুষের আকৃতির মধ্যে প্রচ্ছের রয়েছে একটা বিপ্লে সম্ভাবনার প্রেতি: কেননা যে-কোনও ব্যাপারের 'কেন, কি বৃত্তান্ত,' জানতে পারলেই তাকে সে হাতের মুঠায় আনতে পারে। অতএব যদি বৃবতে পারি, এ-জগতে প্রমাদ শোক দৃঃখ মৃত্যু কেন, তাহলে তাদের উচ্ছেদের একটা উপায় আবিত্বার তো দৃর্রাশা নয় আমাদের পক্ষে। কেননা জ্ঞানেই না নানুষের মধ্যে জেগে ওঠে বীর্য, জেগে ওঠে ঈশনা।

সতা বলতে আজও আমরা হাল ছেড়ে বসে নাই। বিশ্বব্যাপারে যা-কিছ্ম অবাঞ্চিত বা প্রতিক্ল, সাধ্যমত তার ম্লোচ্ছেদ করাকে আদর্শ সাধনা বলেই আমরা জানি। প্রমাদ ও দৃঃখ-সন্তাপের নিদানকে যথাসম্ভব থর্ব করবার অবিরাম চেন্টাও আমরা করছি। বিশ্বরহস্যকে আয়ত্তে আনবার সংগ্য-সংগ্যই বিজ্ঞান দেখছে জন্ম-মৃত্যুকে স্বেজ্ঞায় নিয়ন্তিত করে চিরায়্ত্মান এমন-কি মৃত্যুঞ্জয় হবার স্বপন। কিন্তু আমাদের চোখে পড়ে অনর্থের অবান্তর বা গৌণ হেতুটাই শৃধ্। তাই আমাদের প্রতিকার-চেন্টা অবাঞ্ছনীয়কে দ্রের ঠেকিয়ে রাখতে পারে কেবল, পারে না তার ম্লোচ্ছেদ করতে। এই শক্তি-দৈন্যের ম্লে আছে সাধনার দৈন্য। কেননা ব্যাবহারিক জীবনে, গোণপ্রত্যায়ের দিকেই আমাদের ঝোঁক—ম্লা বিদ্যার দিকে নয়, বিশ্বব্যাপারের বহিঃপ্রবৃত্তিই আমরা চিনি—জানি না তার স্বর্প-তত্ত্ব। তাই জগতের বাইরের দিকটাকে অস্ব্রবীর্ধে সংক্ষ্ম্ব করতে জানলেও, আজও তার অন্তর্যামিত্বের অধিকার আমরা পাইনি। কিন্তু বিজ্ঞানের অন্তর্ম্বিখী সাধনায় সে-অধিকারও যে হাতে

আসবে না আমাদের, তাও তো বলা চলে না। যদি জানতে পারতাম দ্বংখ মৃত্যু ও প্রমাদের যথার্থ স্বর্প এবং নিদান কি, তাহলে তাদের প্রাপ্রির বশে আনবার প্রয়াসও আমাদের ব্যর্থ হত না। এমন-কি তাদের ছায়াট্রকু পর্যক্ত জীবন হতে বিল্প্ত করে দিয়ে, অকুণ্ঠ জ্ঞান আনন্দ কল্যাণ ও অমৃতদ্বের নিরঙকুশ সিন্ধিতে সার্থক করে তুলতাম তখন অক্তঃপ্রকৃতির সেই অনির্বাণ আক্তি, যার পরিত্তিকে আমাদের অক্তরাত্মা জানে মান্যের পরম ও চরম প্রব্যার্থ বলে।

'সর্বং থাল্বদং রহ্ম' এবং 'সত্যং জ্ঞানম্ আনন্দং রহ্ম'—প্রাচীন বেদান্তের এই দুটি বাণীর সাধনায় আমরা পাই ওই পুরুষার্থাসিন্ধির একটা আমোঘ সঙ্কেত।

বেদানত বলেন ঃ জীবনের মর্মসত্য নিহিত রয়েছে এক বিশ্বব্যাপ্ত অমৃত-সত্তার পরিস্পাদনে। সকল সংজ্ঞা ও বেদনার মর্মকথা হল এক স্বয়ুম্ভূ বিশ্বাবগাহী স্বর্পানন্দের উচ্ছ্বাস। সমুস্ত ভাবনার ও প্রত্যয়ের স্বর্প হল এক সর্বগত বিশ্বসত্যের বিকিরণ। সমুস্ত প্রবৃত্তির প্রেতি নিহিত আছে এক বিশ্বাজ্বিকা কল্যাণী শক্তিরই স্বতঃপরিণামী প্রবেগ।

কিন্তু অথন্ড-সতের প্পন্দনলীলা মূর্ত হয়ে ওঠে রুপের বহুধা-বিস্ভিটতে, প্রবর্তনার বহুমুখী বৈচিত্রো, পরিকীর্ণ শক্তির অন্যোন্যসংগমে। এই বহু-ভাবনা বা বিভৃতি-বিস্তারের জন্যই অখন্ডের মধ্যে দেখা দেয় ব্যক্ষি-অহংএর খণ্ডলীলা, যা সাময়িক বৈরূপ্যের লাঞ্চনে নিবিশেষের মধ্যে জাগায় বৈশিষ্ট্যের বিক্ষোভ। অহংএর প্রকৃতি হল চেতনার একটা খণ্ড-পরিসরের মধ্যে নিজেকে নিবন্ধ রাখা, তার অন্যান্য বিভাবের প্রতি স্বেচ্ছায় অন্ধ হয়ে। শুধু একটি র পায়ণ, প্রবর্তনার একটি ধারা এবং শক্তিম্পন্দনের একটিমাত্র ক্ষেত্রের প্রতি ঐকান্তিক অভিনিবেশই তার লক্ষণ। অহন্তা আছে বলেই অথণ্ডচেতনায় জাগে দঃখ শোক অনর্থ প্রমাদ ও মৃত্যুর বেদনা। নইলে শাশ্বত সত্য শিব ও আনন্দের অদৈবতচেতনায় ঋত-সাধমার ছন্দেই জাগত তারা। কিন্তু অহনতাই তাদের বিক্ষান্ত্র করে তোলে অন্তের বিক্ষত বন্ধনায়। ঋতের ছন্দ আবার ফিরে পেলে অহং-শাসিত এই বেদনার দ্বন্দ্বকে আমরা ছে'টে ফেলতে পারি জীবন হতে, চেতনার কাছে উদ্ঘাটিত করতে পারি তাদের সত্য স্বর্প। সে-সাধনার মন্ত্র হবে, বিশ্বচেতনার ঐকতানে ব্যক্তিজীবনের খাঁটি স্বর্গিকৈ চিনে নেওয়া এবং বিশ্বোত্তীর্ণের গহনবীণায় কাঁপিয়ে তোলা তার নিঃশব্দ মূছ না।

পরের যুগে বেদান্তের মধ্যে ধীরে-ধীরে শিকড় মেলেছে এই ধারণাই যে, অহন্তার সঙ্কোচ হতে দ্বন্দ্রবোধেরই স্ফি হয়নি শুধ্, বিশ্বসত্তারও ওই হল

একান্ত নির্ভার বা পরম অয়ন। অহং হতে যদি অবিদ্যা ও তঙ্জনিত সকল উপাধি ছে'টে ফেলতে পারি. তাহলে দ্বন্দ্ববোধের উচ্ছেদ তো ঘটেই, সেইসঙগ বিশ্বপ্রপঞ্চে আমাদের অভিতত্ত্বও বিলাপ্ত হয়। তাইতে প্রমাণিত হয়, মানুষের জীবন বস্তৃতই হেয় অসার ও অলীক একটা বিভ্রম, অতএব খণ্ডবোধের জগতে থেকে পূর্ণত। লাভের প্রয়াস মোহের ছলনা শুধু। নিভাঁজ ভাল বলে কিছুই নাই এখানে, একট্ব-না-একট্ব মন্দের ভেজাল থাকবেই সবার মধ্যে এর বেশী কিছ্ব এখানে প্রত্যাশা করাও মূঢ়তা।...কিন্তু অহনতার এমন ক্লিন্ট ধারণাই কি তার শেষ পরিচয় ? তার মধ্যে নিগতে ও মহন্তর একটা প্রেতি থাকা কি একেবারেই অসম্ভব? যদি জানি, ব্যক্তির অহং কোনও লোকোত্তর তত্ত্বের অবান্তরব্যাপার মাত্র, তাহলে আর মায়াবাদের আসরে নামা যায় না তাকে ধরে। বেদান্তকে তথন জীবনবিমুখীনতার সাধনায় না লাগিয়ে লাগানো যেতে পারে জীবনের পরিপূর্ণ অভাদয়ের সাধনায়। ঈশ্বর অথবা পরেষই বিশ্বসন্তার নিমিত্ত ও অধিষ্ঠান—তিনিই বিশ্ব- এবং ব্যক্তি-রূপে নিজেকে বিস্তুট করে আবিষ্ট আছেন সবার মধ্যে। ব্যক্তির সীমিত অহং শুধু চেতনার একটা অবান্তরব্যাপার, বিশিষ্ট বিভাবে নিজেকে ফুটিয়ে তোলবার এ একটা অপরিহার্য কৌশল মাত। অহং-পরিণামের ধারা ধরে জীব ক্রমে পে'ছিয় সেই দেবান্তর-ভূমিতে, যার দ্বর প্রসত্যের প্রতিভূ হয়ে সে নেমে এসেছিল এই জগতে। তার প্রতিভূর ধর্ম ক্ষান্ত্র হয় না সেখানে গিয়েও, কিন্তু তখন আর মূঢ় আচ্ছন্ন সংকৃচিত অহনতায় তার প্রকাশ হয় না। পরমপ্ররুষের দিব্য বিভূতিরুপে তথন সে জনলে ওঠে বিশ্বচিতের পর্রবিন্দু হয়ে—দিব্য সামরস্যের রসায়নে ব্যক্তিত্বের সকল বৈশিষ্টাকে করে জারিত প্রেষিত ও রূপান্তরিত।

জড়বিশ্বে মানবজীবনের ভিত্তির্পে আমরা পেলাম তাহলে নিখিল জড়-প্রকৃতিতে স্ফুরিত চিন্ময় দিব্য-প্র্নেষেরই আত্মসম্ভূতির বীর্ষকে। গ্রহাহিত সেই চিন্ময় প্রন্বের যে সংবৃত্ত শক্তি র্পায়িত হয়ে উঠেছে প্রাণ মন ও অতিমানসের অকুণ্ঠিত উলেময়ণে, তার সংবেগই আমাদের সকল কিয়ার প্রবর্তক—কেননা দিব্যপ্রকৃতির এই উধ্বপরিণামের আকৃতিই অল্লময় আধারে ঘটিয়েছে মনোময় জীবের আবির্ভাব। এই পরিণামের ধারা ধরে একদিন স্থ্লদেহেই মান্য ফ্টিয়ে তুলবে সেই আনন্দচিন্ময়কে—বিশেবশ্বরের বিশ্বজনীন অবতরণকে সিম্প করবে। অহংএর ব্যাকৃতিতে আমরা পাই চিংশক্তির সেই বিনিগমক অবাশ্তরব্যাপারের পরিচয়—অব্যাকৃতের নির্দ্ধিষ নীর্প গহন হতে, অবচেতনার 'হৃদ্য সম্দ্র' হতে ধীরে-ধীরে উল্মেষিত করে যা অথণড্চিন্ময়ের অর্গণিত মণিবিন্দর্তে ঝলমল বহ্ময় র্প। এই অহংচেতনার প্রথম র্পায়ণে দেখা দেয় জীবন-মরণ স্কু সত্য-অন্ত হর্ষ-শোক স্থ-দ্যুবের

দ্বন্দ্ব শুধু। কারণ, বিশেবর অথণ্ড সত্য আনন্দ কল্যাণ ও প্রাণলীলার সীমাহীন উদার্য হতে আপনাকে বিচ্ছিন্ন-বিবিক্ত করে আপন-হাতে-গড়া একটা কৃত্রিম পরিবেশের মধ্যে থেকেই যদি সে চায় একত্বের অনুভব, তাহলে দ্বন্দ্ব-বোধই হবে তার অনতিবর্তানীয় স্বাভাবিক পরিণাম। বিশ্ব এবং বিশেবশ্বরের কাছে জীবের অহং যদি হৃদয়টি মেলে ধরে লোকোত্তরের আকৃতি নিয়ে, তাহলে এই স্বর্রাচত কম্বকের উন্মোচনে সে উত্তীর্ণ হয় সেই পরম সিন্ধির কুলে যার দিকে শুরু হয়েছিল তার গোপন অভিসার এই অহন্তারই বিস্তিতৈ সেমন পশ্জীবনের মধ্যেই দেখা দিয়েছিল চেতনার মানবজীবনে উত্তরায়ণের অস্ফুট আভাস। এই সিদ্ধির পরিচয় মেলে ব্যক্তিতে সর্বাত্মভাবের অন,ভবে, যখন সংকীর্ণ অহনতা রূপান্তরিত হয় লোকোত্তর অন্বয়ভাবের প্রমাক্তিতে। ব্যক্তির এই প্রমাক্তিতে তথন তুর্যাতীতের জ্যোতির দুয়ার অপাব্ত হয়, অথন্ড সত্য আনন্দ ও কল্যাণের অপ্রমেয় শুন্ধসত্তা নির্বারিত উৎসারণে ঝরে পড়ে বিশেবর 'পরে, আমাদের যুগযুগান্তরব্যাপী পরিণামের ধারাকে দিব্য রূপায়ণে এগিয়ে নিয়ে চলে চরম সার্থকতার দিকে। মহাভবিষ্যের এই দ্র্'ণকেই বিশ্বপ্রকৃতি আজও আপন গর্ভে গোপনে লালন করছে। সেই প্রম আবির্ভাবের চিরপ্রত্যাশিত মুহুত'টির জন্য গভীর ব্যাকুলতায় ছেয়ে আছে তার মায়ের হৃদয়।

অন্টম অধ্যায়

ব্রহ্মবিত্যার সাধন

এৰ সৰ্বেষ্ ভূতেষ্ গ্ৰেছান প্ৰকাশতে। দৃশ্যতে স্থায়া ৰ্ম্যা স্ক্ৰায়া স্কাদশিভিঃ।

कर्छार्थानवर ১।०।১২

সর্বভূতে নিগ্ড়ে এই আত্মা অর্মান প্রকাশ পান না, কিন্তু তাঁকে দেখতে পান অতিস্ক্ষা অগ্রাা বৃদ্ধি দিয়ে কেবল স্ক্ষাদশীরাই।
—কঠ উপনিষদ (১।০।১২)

তাহলে অথণ্ড সচিদানদের লীলায়ন কোন রূপ ধরে ফুটে ওঠে এ-জগতে? জীবের যে-অহং তাঁর আত্মবিভূতি, তার সঙ্গে তাঁর প্রথম যোগাযোগ ঘটে পরিণামের কোন ধারা ধরে—িক করেই-বা উত্তীর্ণ হয় তা সিম্পির চরমভূমিতে? এ-প্রশেনর একটা সমাধান এখন আমাদের খ্রুতে হবে, কেননা এই যোগাযোগ আর তার পরিণামের ধারার 'পরেই নির্ভার করছে মানুষের দিব্য-জীবনের দর্শন ও সাধনা।

ইন্দ্রিয়ের দর্শনিকে ছাড়িয়ে, জড়ীয় মনের আবরণ ভেদ করে, দ্থিতকৈ তারও ওপারে প্রসারিত করেই পাই আমরা অমর্ত্য দিব্যসন্তার ধারণা ও অন্ভব। অল্লময় চেতনার আবেষ্টনে শ্ব্র ইন্দ্রিয়প্রত্যক্ষ নিয়ে কারবার যতক্ষণ, ততক্ষণ বিশ্বে জড়ের খেলা ছাড়া আর-কিছ্ই ধারণা বা অন্ভব হওয়া আমাদের সম্ভব নয়। কিন্তু মান্বেরই মধ্যে আছে এমন-সব ব্রি, মনকে যারা পেছি দিতে পারে অতীন্দ্রিয় ধারণার দ্বয়ারে। অবশ্য দ্শাজগতের স্থল তথ্য হতে তর্ক অথবা কল্পনার যোজনায় তাদের অন্মান সম্ভব। কিন্তু জড়জগতের আলম্বন বা জড়ীয় অন্ভবের সাহায্যে তাদের প্রামাণ্য সিম্ধ হয় না। চিত্তের ওইসব ব্রিই আমাদের অতীন্দ্রয়জ্ঞানের সাধন; তাদের প্রথমটিকে আমরা জানি শ্রুখব্রিষ্ট বলে।

মন্ষ্যব্দিধর দ্টি প্রবৃত্তি—একটি ব্যামিশ্র বা পরতন্ত্র, আরেকটি শৃদ্ধ বা দ্ব-তন্ত্র। বৃদ্ধি ইন্দ্রিয়ান্ভবের আবেন্টনে নিজেকে ঘিরে ব্যাথে যতক্ষণ, ততক্ষণ তার প্রবৃত্তি ব্যামিশ্র। এ-অবস্থায় ইন্দ্রিয়ের ধর্মকেই সে মানে চ্ডান্ত সত্য বলে। প্রাতিভাসিক তথ্যের অন্শীলনই একমাত্র কাজ তার তথন, তাই ইন্দ্রিগ্রাহ্য বস্তুর অন্যোন্যসম্বন্ধ প্রবৃত্তি পরিণাম ও প্রয়োজনের গবেশা ছাড়িয়ে আর গভীরে তার দ্খি যেতে চায় না। বৃদ্ধির এ-প্রবৃত্তি

দিয়ে প্রাতিভাসিক সতাই জানা যায় শুধু, বস্তু-সং বা পার্মার্থিক সত্যের কোনও আভাস মেলে না তাতে। কেননা, সন্তার গভীরে ড্বেবে যেতে পারে এতখানি গ্রেম্ব তার মধ্যে নাই—সে দিতে পারে শ্ব্র বিভূতিরাজ্যের খবর-ট্রকুই। অথচ এই ব্রাম্বতেই দেখা দেয় তার শ্রম্প্রবৃত্তি, যথন ইন্দ্রিয়ান্ভবের ভিত্তিতে গবেষণা শ্বের করেও ইন্দ্রিয়ের সঙ্কোচকে পরাভূত করে চলে যায় সে তারও ওপারে—মনীধার স্বাতন্ত্য দিয়ে অধিকার করতে চায় ভাবসামানোর সেই ধ্রবলোক, যা প্রতিভাসের অধিণ্ঠানের সংগেই নিতাযোগে যুক্ত হয়ে আছে। শ্বন্ধব্বিধ কখনও অপরোক্ষব্যত্তি দিয়ে বিদ্যুৎগতিতে প্রতিভাসের মর্ম ভেদ করে একেবারে অবগাহন করে অধিষ্ঠানের সত্যে। যে-ভাব তথন জ্ঞাগে তার মধ্যে, তাকে ইন্দ্রিয়ান,ভবের পরিণাম এবং তারই আগ্রিত বলে ভুল হলেও আসলে তা ব্রন্থিরই স্বতঃস্ফুর্ত অনুভব। কিন্তু শুন্ধব্রন্থির বিশিষ্ট স্বধর্ম তখনই প্রকাশ পায়, যখন ইন্দ্রিয়ান,ভবেব আদিবিন্দ,কে একবার ছুংয়েই তাকে সে পিছনে ফেলে যায় স্বত-উৎসারণেব প্রবেগে। বৃদ্ধির বিদ্যাৎবিসপী সে-অন্ভবকে মনে হয় তখন ইন্দ্রিয়শাসিত অন্ভবের একান্ত বিপরীত। শ্বশ্ববৃদ্ধির এই অতীন্দিয় প্রবৃত্তি যেমন স্বাভাবিক তেমনই অপরিহার্যও--কারণ আমাদের প্রাকৃত অনুভব বিশ্বব্যাপারের সামান্য অংশই জ্বড়ে থাকে এবং এই স্বল্পপরিসরের মধ্যেও বাটখারার খাতে কেবলই হেরফের দেখা দেয় তার সত্যের ওজনে। তাই চেতনায় সত্যেব রূপকে স্পন্ট করতে হলে প্রাকৃত অন্ভবকে ছাড়িযে ষেতেই হয়, তার সকল দাবি অগ্রাহ্য করে দিতেই হয় তাকে দরে ঠেলে। বাস্তবিক ইন্দিয়ান,ভবের প্রমাদকে বৃদ্ধি দিয়ে শোধন করবার আশ্চর্য ক্ষমতা অর্জন করেই তো মান্ত্র স্পৌজীবের মধ্যে সবার সেরা

শ্বেধবৃদ্ধির প্রণিবকাশ আমাদের নিয়ে যায় জড় হতে অবশেষে জড়াতীতের জগতে। কিন্তু পরোক্ষজ্ঞানের অন্শীলনে যে-পরিচর পাই জড়াতীতের, তা আমাদের অথন্ড-প্রকৃতির সকল পিপাসা মেটাতে পারে না। শ্বেধবৃদ্ধি হয়তো তত্ত্বদৃদ্ধির এইট্কু প্রকাশেই খ্শী হয়ে ওঠে প্রাপ্রিদ্ধ এ তার নিখাদ সন্তার নিখ্ত সৃদ্ধি বলে। কিন্তু বিশেবর দিকে একজ্ঞাড়া চোখ মেলে তাকানোই আমাদের স্বভাব। তাই সব-ক্ষিত্রকেই আমারা বেমন দেখি ভাবর্পে, তেমনি দেখি বস্তুর্পে। এইজনাই বে-কোনও ধারণা অন্ভবে বাসতব হয়ে না উঠছে যতক্ষণ, ততক্ষণ আমাদের কাছে তা অপূর্ণ—এমন-কি চিত্তের বিশেষভূমিতে অলীকপ্রায়। কিন্তু সত্যের বে-প্রকৃশে নিয়ে আমাদের এই গবেষণা, তার এলাকা প্রাকৃত অন্ভবকেও ছাড়িয়ে গেছে। সে-প্রকাশ বভাবতই 'অতীন্মির কিন্তু ব্লিখ্রাহা'। তাই আমাদের প্রয়োজন, চিত্তের এমন-কোনও অক্লিটবৃত্তির অন্শালন ও আস্থানার্ক আমাদের প্রয়োজন, চিত্তের

দাবি পর্রাপ্রির যেটাতে পারে। সে-দাবি যখন অর্পলোকে প্রসারিত, তখন তাকে যেটাতে চাই মনোময় অন্ভবেরই সম্প্রসারণে।

আমাদের সকল অন্ভবই ধরতে গেলে মনোময়; কারণ, ইন্দিরের অন্ভবকেও মনের ভাষায় তর্জমা না করে নিই যতক্ষণ ততক্ষণ আমাদের কাছে তার কোনও অর্থ হয় না বা মূল্য থাকে না। এদেশের দার্শনিকের। মনকে বলেন ষণ্ঠ ইন্দির। কিন্তু সত্য বলতে একমান্ত মনই আমাদের ইন্দির। শব্দ-স্পর্শ-রস-গণ্ধগ্রাহী আর পাঁচটি ইন্দ্রির মন-ইন্দ্রিরেরই বিশিষ্ট ব্, ভিমাত। সাধারণত বহিরিন্দিয়ের সহায়ে অন্ভবের ইমারত গড়ে তুললেও মন তাদের ছাড়িয়ে যাচ্ছে প্রতিমৃহতে । তাছাড়াও তার আছে স্বতঃস্ফৃত প্রবাত্তি দিয়ে একটা অপরোক্ষ অনুভবের অবিমিশ্র জ্বগৎ গড়বার সামর্থা। তাই বৃদ্ধির মত মনোময় অনুভবেরও আছে একটা দৈবতপ্রবৃত্তি-কখনও তা ব্যামিশ্র ও পরতন্ত্র, কখনও-বা শুল্ধ ও স্বতন্ত্র। ষখন বহিন্ধাগকে বা বিষয়কে জানতে চার মন, তখন তার প্রকৃতি ব্যামিশ্র: আবার যখন অণ্ডমুখী হয়ে নিজেকে বা বিষয়ীকে অনুভব করে সে, তখন তার শুন্ধ প্রবৃত্তি। ব্যামিশ্র প্রবাক্তিতে বহিরিন্দিয়ের 'পরেই নির্ভার তার, তাদের সাক্ষ্য মেনেই সে গড়ে তোলে তার প্রতায়। কিন্তু শূর্ণ প্রবৃত্তিতে তার কারবার নিজেকে নিয়ে— সেখানে বিষয়ের অনুভব হয় তাদাজাসংবিং দিয়ে। এর্মান করেই আমরা স্থানি হ্দরের ভাবোচ্ছ্রাসকে। যেমন একটা চলতি অথচ খ্ব গভার কথা আছে— চ্রোধন্বর প হয়ে যাই বলেই আমরা জানি ফ্রোধ কাকে বলে। নিজের সন্তাকেও जन्छन क्रि ठिक धर्मान करत: जानाश्वामशीनरजत त्र थ धरकरत थ्व म्मर्छ। বস্তুত সকল অনুভবের নিগাড়ে স্বরূপ হল তাদাখ্যাসংবিং। কিন্তু একথা ঢাকা পড়ে গেছে আমাদের কাছে, কেননা ব্যাব,তি-বোধ দিয়ে নিজেকে আমরা বিচ্ছিন্ন করে নিরেছি জগৎ থেকে। 'বিষয়ী'-রূপে আমাদের শুধু নিজেরই অপরেক-জ্ঞান আছে, তাই নিজের বাইরে সব-কিছুকে জানি আমরা 'বিষয়' বলে। ভেদবৃদ্ধি দিয়ে নিজ হতে এমনি করে বিবিক্ত করেছি যাদের, তাদের মর্মে প্রবেশ করতে তাই আবার গড়তে হয়েছে ইন্দ্রিয়ের সাধন। এইজনোই তো তাদাস্বাসংবিতের অপরোক্ষ-চিন্ময় অনুভবের জারগায় এল পরোক্ষজানের বৃত্তি, আপাতদুভিতে বার ভিত্তি হল স্থলেবিষয়ের স্ক্রিকর্ষ আর মনের সমবেদন। আসলে এ কিন্তু অহংএরই কল্পিত একটা উপাধি। একে ধরেই চলেছে সে শ্রু হতে শেষ পর্যাত-একটা গোড়ার মিথাকে আরও আনুদ্রাপাক মিথার অলাকারে সাজিরে, সভাের স্বর্পকে আজ্জা ক'রে আমাদের চেতনায়। তাই জ্যে মাহংএর মিখ্যা কল্পনাই কারেম হয়েছে মানুষের জীবনে ব্যাবহারিক-সভ্যের বিভিন্ন সম্বদ্ধের মুখোস প'রে।

ं बामन धरा देश्वितकारमत बहे जलान्ड बाता रहे जन्माम रह, कानरक

এমনি করে কণ্টকের আবরণে সংকৃচিত রাখা আমাদের পক্ষে অপরিহার্য নয়। প্রকৃতিপরিণামের একটা পর্বে মান্বের মন জড়-বিশেবর সঙ্গে যোগ ঘটাতে কতক্ণালি শারীরব্যন্তি এবং তাদের ঘাত-প্রতিঘাতের সাহাঁয্য নিতে অভ্যস্ত। তার ফলে জ্ঞানব,ত্তির এই সঙ্কোচ। তাই আজ ইন্দ্রিয়ের পরোক্ষ সহায়ে সত্যের একটা অপূর্ণ আদল নিয়েই তপ্ত থাকতে হয় আমাদের। তব্ বলব, প্রকৃতির এ-বিধান দ্রেতিক্রম্য অভ্যাসের গতানুগতিকতা শুধু। জড়ের শাসন মেনে নেবার চিরুতন সংস্কার হতে কোনরকমে যদি মুক্তি দেওয়া যেত মনকে. তাহলে ইন্দ্রিয়ের সহায়তা ছাড়াও ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের অপরোক্ষ অনুভব শুধ্ সম্ভব নয়, স্বাভাবিক হত তার কাছে। মনের এই শক্তিরই সন্ধান পাই সম্মোহন এবং ওইধরনের মানসব্যাপার নিয়ে নাডাচাডায়। প্রাণ যেখানে একটা সমতা ঘটিয়েছে জড় ও মনের মধ্যে ঊধর্বপরিণামের ধারায় চলতে গিয়ে, সেই সীমিত পরিবেশেই আবিভূতি হয়েছে আমাদের জাগ্রতচেতনা। তাই বিষয়ের ইন্দ্রিয়নিরপেক্ষ অপরোক্ষ অনুভব সাধারণত সহজ নয় তার পক্ষে। এইজন্যই এধরনের অন্বভব সম্ভব হয় জাগ্রতভূমির প্রাকৃতমনকে ঘুম পাড়িয়ে অধিচেতন-ভূমির আসল মনকে জাগিয়ে তুলে। তথন মনের মধ্যে ফুটে ওঠে তার স্বর্পশক্তি। অন্বিতীয় সর্বগত ইন্দ্রিরর্পে সে তখন—ব্যামিশ্রপ্রবৃত্তির পারতন্তা দিয়ে নয়—শ্বদ্ধপ্রবৃত্তির স্বাতন্তা দিয়ে অধিকার করতে পারে ইন্দ্রিয়ের যাবতীয় বিষয়কে। অবশ্য জাগ্রতচেতনাতে মনঃশক্তির এই সম্প্রসারণ একেবারে অসম্ভব না হলেও অনেকটা দুঃসাধ্য বটে। মনঃসমীক্ষণের একটা বিশেষ ধারা ধরে যাঁরা অনেকখানি এগিয়ে গেছেন, এ-খবর তাঁদের জানা আছে। অভাস্ত পাঁচটি ইন্দ্রিয়ের বাইরে আরও সক্ষেত্র ইন্দ্রিয়ণজ্ঞিকে উন্দ্রন্থ করতে

অভ্যন্ত পাঁচটি ই ল্রিয়ের বাইরে আরও স্ক্রা ই ল্রিয়ণান্তকে উদবৃদ্ধ করতে পারি আমরা ই ল্রিয়মানসের অকুণ্ঠ ঈশনা দিয়ে। এই যেমন, একটা-কিছ্ হাতে নিয়ে বাইরের সাহায্য ছাড়াই নিখ্বতভাবে তার ওজন বলে দেবার শান্তি। এখানে বস্তুর স্পর্শ আর চাপ প্রাথমিক আলম্বন শ্ব্যু—ই ল্রিয়ান্ভব যেমন শ্ব্যব্দির আলম্বন। বাস্তবিক মন এখানে ওজনের জ্ঞান পায় স্পর্শে লিয়ে নয়, তার স্ব-তন্ম প্রতিভা দিয়েই তাকে সে আবিষ্কার করে। স্পর্শ লাগে শ্ব্যু বিষয়ের সংখ্য যোগসাধনের কাজে। যেমন শ্ব্যব্দির বেলায় তেমনি ই ল্রিয়মানসের বেলাতেও, ই ল্রিয়ান্ভব জিল্ঞাসার আদিবিন্দ্র শ্ব্যু। মন সেখান হতে এমন ভূমিতে উত্তবির্ণ হতে পারে যেখানকার জ্ঞান কেবল অতীন্তির নর, ই ল্রিয়প্রাণের বিরোধীও অনেকসময়। কেবল যে বহির্জাগতের উপরটা নিয়ে মানস-সম্প্রসারণের নাড়াচাড়া তা নর। যে-কোনও ই ল্রিয়ের সহায়ে বাহ্যবস্তুর সংখ্য একবার যোগ ঘটিয়ের মনের প্রাতিভ দৃষ্টি দিয়ে তার তিত্রকার সকল খবর জানাও কিছ্বই অসম্ভব নর। এমনি করে, মানুবের কথাবার্তা আকার-ই গৈতে চালচলন বা হাবভাবের কোনও অপেক্ষা না রেখেই—

অমন-কি এসব অপর্যাপ্ত এবং শ্রমোৎপাদক আলম্বনের বিরুম্ধসাক্ষ্য সত্ত্বেত্ত তার চিন্তা বা মনোভাবকে অপরোক্ষ উপায়ে গ্রহণ বা প্রত্যক্ষ করা চলে। তাছাড়া আমাদের মধ্যে আছে আন্তর-ইন্দ্রিয় বা বিশ্বম্থ ইন্দ্রিয়ানিক্তর একটা জগং। তার বহুব্যাপ্ত সামর্থ্যের একটি অংশমান্র ব্যাবহারিক জীবনের প্রয়োজনে ধরেছে স্থলে ইন্দ্রিয়ের রুপ। সেই স্ক্ষ্মা-ইন্দ্রিয়ের অতিস্ক্ষ্মা মনোময় বৃত্তি দিয়ে চিরাভ্যন্ত জড়ময় পরিবেশের বাইরেও রয়েছে যেসব অনুভব ও রুপায়ণ, তাদেরও সন্ধান আমরা পেতে পারি। মানস-সম্প্রসারণের এই সম্ভাবনাকে প্রাকৃতমন দ্বিধা ও সন্দেহের চোখে দেখে—কেননা সাধারণ জীবনের অভ্যন্ত সংস্কারের কাছে ব্যাপারটা নিতান্তই খাপছাড়া। তাছাড়া মনের এই যোগেশ্বর্যকৈ সচল করা যত কঠিন, তারও চেয়ে কঠিন তাকে গ্রাছরে-বাগিয়ে একটা স্বর্ত্ব কার্যোপযোগী সাধনসম্পত্তির রুপ দেওয়া। তব্ও তাকে অস্বীকার করবার উপায় নাই। কেননা বিশ্বখলভাবেই হ'ক অথবা স্বনির্মান্তত বৈজ্ঞানিক সাধনার ধারাতেই হ'ক, বহিশ্চর চেতনার ক্ষেত্রকে যখনই আমরা প্রসারিত করতে যাই, তথনই এ-বিভূতির প্রকাশ হয় অনিবার্য।

গীতায় যেসব গভীর সত্যকে বলা হয়েছে 'বুলিধগ্রাহাম্ অতীনিদ্রিম্', মনোভমিতে তাদের অনুভবকে নামিয়ে আনা হল আমাদের লক্ষ্য। স্ক্রেইন্দ্রির পরিচালনাতেই সে-উদ্দেশ্য সফল হয় না। স্ক্রেইন্দ্রিয় প্রাতিভাসিক জগৎকে সম্প্রসারিত করে শৃংধ্—তার পর্যবেক্ষণের সাধনগর্নলকে আরও তীক্ষা ক'রে। কিন্তু ক্সতুর স্বর্পসত্য কোনও ইন্দ্রিয়ব তির কাছেই ধরা দেয় না। অথচ 'বৃশ্ধিগ্রাহ্য' কোনও তত্ত্ব কোথাও থাকলে তাকে অনুভব বা পর্থ করবার কোনও-না-কোনও বাস্তব সাধন থাকবেই ব্রন্থির আধারে— বিশ্ববিধানের এ একটা মর্মাচর স্বার্রাসক সত্য। আমাদেরই মনের মধ্যে আছে অতীন্দ্রিয় সত্যকে পর্থ করবার একটি সাধন—সে হচ্ছে তাদাত্মাসংবিতের সেই ধারা যা আমাদের মধ্যে জাগায় স্বান্ভবের একটা সামান্যপ্রতায়। নিজের দ্বর্প সম্পর্কে অন্পবিস্তর সচেতন হয়ে অথবা সে-সম্পর্কে একটা-কিছ্ম ধারণা হতে আমরা জানতে পারি কি আছে আমাদের মধ্যে। কিংবা সাধারণ স্তের আকারে বলা চলে, আধারের জ্ঞানেই নিহিত আছে আধেয়ের জ্ঞান। অতএব শ্বান্ভবের মনোময়ী ব্তিকে প্রাকৃতচেতনার বাইরে সম্প্রসারিত করে উপ-নিষদের আস্থা বা রক্ষে পেশছতে পারি যদি, তাহলে বিশ্বাস্থা বা বিশ্বাধার রুক্ষে নিহিত ররেছে যেসব তত্ত্ব, তাদের অপরোক্ষ অন্ভবও ঝুামাদের অগোচর থাকবে না। এই সম্ভাবনার 'পরে এদেশের বেদাশ্তসাধনার ভিত্তি; আত্মজ্ঞানের ভিতর দিরেই বেদাণতী চার জগৎজ্ঞানকে আয়ত্ত করতে।

কিন্তু বেদানত আমাদের একটা কথা ভূলতে দের না কোনমতেই। মনের বিশিন্ট অন্তব অথবা বৃশ্বির সামান্যপ্রতার যত উচ্চতেই উঠ্ক না কেন,

সে কখনও চরম তাদাখ্যের স্বয়ম্ভ অনুভব নয়—মনের মধ্যে অবিবেকের আকারে মনেরই সে একটা প্রতিভাস মাত্র। মন-বৃদ্ধিকেও আমাদের ছাড়িয়ে যেতে হবে। জাগ্রংচেতনায় বৃশিধর যে-লীলা, অবচেতনা আর অতিচেতনার মধ্যে সে যেন বাচথেলা শুধু। প্রকৃতির ঊধুর্বপরিণামে, অবচেতন অখণ্ড অব্যক্ত হতে উৎক্ষিপ্ত হয়ে উত্তরায়ণের প্রবেগে চর্লোছ আমরা অতিচেতন অখণ্ড-অব্যক্তের দিকে; এ-দুটি মেরুর মাঝে বুদ্ধি কাজ করছে তটস্থশক্তিরূপে। কিন্তু অবচেতন আর অতিচেতন দুইই এক সর্বময় অথন্ড সন্তার দুটি বিভৃতি। অবচেতনার ব্যাহ,তি হল প্রাণ, অতিচেতনার ব্যাহ,তি জ্যোতি। অবচেতনায় চিংশক্তি স্পন্দে সমাহিত, কেননা স্পন্দই প্রাণের স্বরূপ। অতিচেতনায় সেই স্পন্দপ্রবৃত্তি আবার ফিরে এল জ্যোতিলোকে: তখন বিদ্যা আর কণ্টকে আবৃত নয় তার মধ্যে—চিন্ময় প্রাণ তখন বাঁধা পড়েছে পরা সংবিতের উদার আলিঙ্গনে। দ্রয়ের মাঝে অন্যোন্যবিন্মিয়ের সাধন তখন বোধিপ্রত্যয়, যার ভিত্তি বিষয় আর বিষয়ীর সামরস্যে অর্থাৎ তাদের সচেতন ও সক্রিয় তাদাত্মবোধে। এটি ঘটে স্বয়স্ভূসন্তার সেই নির্পাধিক ভূমিতে, যেখানে জ্ঞাতা এবং জ্ঞেয় এক হয়ে মিশে গেছে জ্ঞানের মধ্যে। কিন্তু অবচেতনায় বোধির প্রকাশ কর্মস্পন্দনে. পরিণমনের প্রবেগে বা অর্থান্তরাকারিতার। তাই তাদাস্বাসংবিং সেখানে পুরাপ্রার বা অল্পবিস্তর ঢাকা পড়ে যায় স্পন্দব্যত্তর অস্তরালে। অতি-চেতনায় কিন্তু তার বিপরীত। সেখানে জ্যোতিই তত্ত্ব, জ্যোতিই ছন্দ। অতএব বোধি সেখানে ফুটে ওঠে নিজের নিরঞ্জন মহিমায় তাদাস্থাসংবিৎ হতে উদ্ভিন্ন প্রত্যয়রূপে, আর তার অর্থক্রিয়াকারিতা দেখা দেয় বোধিরই -স্বতঃপরিণামের অপরিহার্য ছন্দোবিভৃতি বা অনুষ্ণগর্পে—মোলতত্ত্বের মুখোস প'রে নয়। এই দুটি ভূমির মাঝে তটস্থশক্তিরপে চলে মন ও বৃদ্ধির অবাদ্তর-লীলা এবং তার ফলে উধর্বপরিণামের প্রেতিতে, ক্রিয়ার আবেষ্টনে মুহামান জ্ঞান ধীরে-ধীরে ফিরে পায় অকুণ্ঠ স্বারাজ্যের শাশ্বত অধিকার। দ্বান,ভবের মনোময়ী বৃত্তি যখন আধার এবং আধেয়কে অর্থাৎ বিষয়ি-আত্মা এবং বিষয়-আত্মাকে যুগপৎ অনুবিশ্ধ ক'রে স্বপ্রকাশ তাদাত্ম্যসংবিতের জ্যোতিমহিমায় উশ্ভাসিত হয়, তখন বৃণ্ণিও রুপান্তরিত হয় বোধিপ্রতায়ের দ্বয়ংজ্যোতিতে। অতিমানসের আবেশে যখন প্রাকৃত-মন পায় তার চরম সার্থকতা, তখন এই সন্বোধি হয় আমাদের বিজ্ঞানের পরমভূমি।

মন্ব্যচিত্তের এই পরিণাম-পরম্পরার 'পরেই গড়ে তোলা হরেছিল প্রাচীনতম বেদান্তের যত সিম্ধান্ত। এই ভিত্তিতে দাঁড়িয়ে যেসব তত্ত্ব আবিষ্কার করেছিলেন প্রাচীন ঋষিরা, তাদের বিস্তার করা আমার উদ্দেশ্য নর। দিব্য-জীবনের সাধনাই আমাদের আলোচ্য বিষয়, কিন্তু মনে হয় সেই আলোচনা-প্রসংগ্য ঋষিদের কতকগ্বলি মুখ্যসিম্ধান্তের সংক্ষিপ্ত সমালোচনাও প্রয়োজন। কারণ, আজ আমরা যা গড়ে তুলতে চাইছি নতুন করে, ঋষিদেব কোনও-কোনও ভাবের 'পরে রয়েছে তার সর্বোৎকৃষ্ট প্রাক্তন ভিত্তি। কিন্তু সব বিজ্ঞানের বেলাতেই বলবার প্রাচীন ভাষ্যকে আধুনিক মনের উপযোগী করে থানিকটা নতুনভাবে ঢেলে সাজতেই হয়। তাছাড়া মানবচেতনায় উষার পরে নতুন উষা জাগে যখন, তখন প্রকাশের অভিনব ঐশ্বর্যের নীরব অভিনন্দনে নবীনের ব্রেই মিলিয়ে যায় প্রাতনের আলো। প্রাচীন সম্পদকে ভোলা যায় না তব্। কেননা তাকে প্রাক্ত করে, অন্তত তার যতটাকু সম্ভব প্রনর্ম্ধার করে নতুন ব্যবসা ফাঁদি যদি, তাহলেই চির-অচঞ্চল অথচ নিত্য-চঞ্চল সেই অশেষের কারবারে আমাদের লাভের অব্ক যে ফে'পে উঠবে দিনে-দিনে, এ-প্রত্যাশা অস্ব্যুত কি?

বিশ্বতত্ত্বের চরম বিশেলষণে বেদান্ত এসে পেণছেছে সদ্ব্রক্ষো—িযনি অনন্ত নিরঞ্জন নির্বিশেষ অনির্বাচনীয় সংস্বরূপ। বিশেবর সকল স্পাদন ও রূপায়ণ একটা প্রতিভাস মাত্র, ব্রহ্মই একমাত্র পরমার্থ-সং তার অধিন্ঠানর পে—এই হল বেদানতীর অনুভব। এ-অনুভব যে আমাদের প্রাকৃতচেতনা অথবা ব্যাবহারিক-প্রতায়ের সকল সীমা এবং প্রামাণ্য ছাড়িয়ে গেছে, সেকথা বলাই বাহ,লা। আমাদের ইন্দ্রিয় অথবা ইন্দ্রিয়মানস শুল্ধ নিবিশেষসত্তার কোনও খবর রাখে ইন্দ্রিয়ান,ভব বলতে পারে রূপজগতের স্পন্দনের কথাই শাধা। আছে, কিন্তু শূরণ্ডসত্ত হয়ে নয়: ব্যামিশ্র সংসক্ত সম্মূট ও পরতন্ত্র হয়েই তার প্রকাশ। অন্তরে ডুবি যখন, ব্যাকৃত রূপের প্রয়োজন না থাকলেও স্পন্দন বা পরিবতেরি হাত হতে তখনও নিস্তার নাই আমাদের। তখনও দেখি, জড়ের দ্পন্দন দেশে আর পরিবর্তের দ্পন্দন কালে—বিশ্বসত্তার আশ্রয় হল এই। এমন কথাও বলতে পারি, এই তো সন্তার চরম পরিচয়, কেননা স্বর্প-সন্তা তো মনেরই একটা বিকল্প—তার অনুপাতী তত্ত-বস্ত কি খ'জে পাওয়া যাবে কোনকালে ? প্রান্তবের মধ্যে বা তার পিছনে নিদানপক্ষে নিস্পন্দ নির্বিকার একটা-কিছ্বর আভাস পাই কদাচিং, যার অম্পণ্ট অন্তব বা কল্পনা আমাদের মধ্যে আনে এক অনির্বচনীয়ের স্পর্শ-জীবন-মরণের সকল দোলার ওপারে সকল কর্ম বিকার ও র পায়ণের অতীতে। চেতনার এই একটি দ্বার আছে আধারে কথনও যা অপাবৃত হয়ে উন্মোচিত করে লোকোত্তর মহাসত্যের জ্যোতিমায় দিগ্রলয়—তার একটি কিরণ কখনও আমাদের ছায়ে যায় সে-দা্যার वन्ध হতে ना হতে! অন্তরে নিষ্ঠা এবং বীর্য থাকে যদি, তাহলে ওই বিদ্যাপ্রায় ইশারাট্যকুই অবিচল শ্রম্থার আঁকড়ে ধরে আবার আমরা যাত্রা শরুর করতে পারি চেতনার আরেক লোকে-ইন্দির্মানসের সীমা ছাড়িয়ে বোধির জ্যোতিরপানের দিকে।

একট্রখানি তলিয়ে দেখলে ব্ঝি, বোধির কাছ থেকেই আমরা নিই চেতনার

প্রথম পাঠ—কেননা আমাদের সকল মানসব্যাপারের পিছনে প্রচ্ছন্ন আছে বোধির नीना। त्वािं**धरे मान्द्रवत क्र**ांचना नित्र आत्म अकानात गरन रूख वानीत সেই বৈদ্যুতী, যা মহত্তর জ্ঞানের প্রেতি জাগায় তার প্রাণে। তারপর বৃদ্ধি আসে র্যাতয়ে দেখতে—ওই আলোকপসরার কতটকু সে প্রেতে পারবে আপন ট্যাঁকে। আমাদের সকল জানার ও সকল পরিচয়ের পিছনে, এমন-কি তাদেরও ছাপিয়ে রয়েছে এক দুর্গম রহস্য। তার আকর্ষণে অবর-বৃদ্ধি ও প্রাকৃত-অন,ভবের উজান বেয়ে চিরকাল চলেছি আমরা নোঙর ছি'ড়ে। তার প্রেতিতে অনুভবকে মনের গোচর করতে চেয়েছি অকল্পিতের র পায়ণে—ঈশ্বর অমৃত বা বৈকুণ্ঠের বাস্তব সংজ্ঞায় দিতে চেয়েছি সংজ্ঞাতীতের বোধি ওই রহস্যের মায়াই ঘনিয়ে তোলে আমাদের মধ্যে। এই রহস্যবোধের সঙ্গে বৃদ্ধির যে-বিরোধ, প্রাকৃত-অন্বভবের যে-বৈষম্য, বোধি তাকে গ্রাহ্যের মধ্যেই আনে না—কেননা বোধি মহাপ্রকৃতির মর্ম হতে উৎসারিত বলে মহাপ্রকৃতিরই মত দুর্দমনীয় তার সংবেগ। বোধি সংস্বরূপ, তাই সতের দ্বরূপ সে জানে। দ্বয়ং সম্ভূত এবং সং হতে উদ্ভূত বলেই যা সতের শুধু বিভূতি এবং প্রতিভাস, তার শাসন মেনে চলতে সে পারে না। বোধি কেবল নিবিশেষ সন্তার খবর দেয় না আমাদের, দেয় সদ্রুপেরও খবর। কারণ, এই আধারেই রয়েছে যে-বিন্দুজ্যোতির অধিষ্ঠান, আত্মসংবিতের সেই কচিং-উন্মীলিত জ্যোতিঃপথের উৎস হতেই বোধির যাত্রা শ্বরু। তাই তার সামান্য-অনুভবের মধ্যেও থাকে বিশেষের ঘনীভূত প্রত্যয়। বোধির এই পশ্যনতী বাণীকে প্রাচীন বেদানতীরা প্রকাশ করেছিলেন উপনিষদের তিনটি মহাবাক্যে—'অহং ব্রহ্মাস্মি' 'তত্ত্মসি শ্বেতকেতো' এবং 'সর্বং হ্যেতদ্ ব্রহ্ম, অয়মাত্মা ব্রহ্ম।'

কিন্তু মান্বের চেতনায় বোধি সাধারণত কাজ করে যবনিকার আড়াল হতে—আধারের অপ্রবৃদ্ধ অনতিব্যাকৃত অংশে। সেথানে জাগ্রতভূমির অপরিসর আলোকে যেসব সম্মৃত বৃত্তি তার বাহন হয়, তারা তার বাঞ্জনাকে প্রাপ্রির ধরতে পারে না বলে বোধির সত্য ফ্টতে পায় না স্সমঞ্জস ও স্বায়কৃত রূপ নিয়ে। অথচ র্পের স্পন্টতার দিকে আমাদের স্বভাবের ঝোঁক। আধারে অপরোক্ষ জ্ঞানবৃত্তির পরিপ্র্ণ স্ফুরণ ঘটাতে, বোধিকে বহিশেচতনার সদর্মহলে আসর জমিয়ে সেইখানে তার নায়কের আসনটি পাকা করে নিতে হয়। কিন্তু বহিশেচতনার আসর এখন বোধির নয়—ব্দিধর দখলে। সেই আমাদের প্রত্যয় ভাবনা ও কর্মের নিয়ন্তা। তাই দেখি, প্রাচীন উপনিব্যাদক শ্বামদের বোধির যুগ পার হয়ে ক্রমে এল ব্রন্থির যুগ—শ্রুতির দিব্য ভাবাবেশের জায়গা জ্বড়ল দার্শনিকের তত্ত্ববিচার। অবশেষে তাকেও বেদখল করল বৈজ্ঞানিকের বস্তুসমীক্ষা। বোধির ভাবনা অতিচেতনার বার্ত্বহে, তাই সে আমাদের চরম

জ্ঞানবৃত্তি। তার জায়গায় এল যে শুন্ধবৃদ্ধি বোধির সে প্রতিভূ শুধু-বলতে গেলে আধারের অন্তরিক্ষলোকেই তার আনাগোনা। তারপর ব্যামিশ্র-ব্রিখর অধিকার চলল কিছুদিন; আমাদের প্রাকৃতচেতনার নিদ্নভূমির অধিবাসী সে। খ্ব উ°চ্বতে সে উঠতে পারে না। জড়ীয় ইন্দিরমনের প্রসার ষতটাুকু অথবা যক্তযোগে যতখানি বাড়ানো যেতে পারে তাদের সীমানা, ততদরেই তার দুষ্টি চলে—তার বেশী নয়। মনে হয়, এমনি করে জ্ঞানের অবরোহতমে আমরা ক্রমেই নেমে আর্সাছ যেন। কিন্তু বস্তৃত একে বলতে পারি প্রগতির একটা পরিক্রমা। কারণ, প্রত্যেক ক্ষেত্রে অবরব্যত্তিকে উধর্ব বৃত্তির দান যথাসম্ভব আত্মসাৎ করেই আধারে নতুন করে প্রতিষ্ঠিত করতে হয় সে-বিত্তকে—নিজের সাধন দিয়ে নিজম্ব ধরনে। কিন্তু এই প্রয়াসে অবরব্যত্তিরই অধিকার প্রসারিত হয় এবং অবশেষে উধর্ব ক্তির সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নেবার ঔদার্য ও সহজ ছন্দ আপনাহতে ফুটে ওঠে তার মধ্যে। এর্মান করে মানুষের বৃত্তিগর্বাল বোধি হতে শূম্ধবুদ্ধি, আবার শূম্ধবুদ্ধি হতে ব্যবহার—এই ক্রম ধরে প্রাক্তন ভাবকে আত্মসাৎ করে আপন খুর্নিতে পুন্ট না হত যদি, তাহলে তার প্রকৃতির মধ্যে ঘটত সামঞ্জস্যের অভাব। হয়তো তার একটা দিক উগ্রভাবে প্রবল হয়ে অন্য দিককে দাবিয়ে রাখত অযথা শাসনের পীড়নে, অথবা পরস্পর বিষ্কুত থাকায় কোনও দিকই ফুটতে পেত না সমূন্ধ শ্রী নিয়ে। কিন্তু চেতনার প্রগতিতে ক্রম এবং স্বাতন্ত্য আছে বলে আধারে একটা সমতা দেখা দিয়েছে— জ্ঞানব্যত্তির বিভিন্ন বিভাবের মাঝে একটা পূর্ণতর সৌষম্যের জেগেছে স্চনা।

প্রাচীন উপনিষদে এবং পরের যুগে দার্শনিক চিন্তার অভিব্যক্তিতেও এই ক্রমই আমাদের চোখে পড়ে। বােধির দীপ্তি এবং অধ্যাত্ম-অন্ভব একমান্ত প্রমাণ ছিল বৈদিক এবং উপনিষদিক শ্বিদের কাছে। উপনিষদের যুগেও যে-বিচারপরিষদের কথা তােলেন আধানিক পণিডতেরা সময়-সময়, সে তাঁদের কেন্ট্রার ভুল শুধ্ব। উপনিষদে বাদান্বাদের প্রসংগ আছে ষেখানে, সেখানেও বিচার বিতর্ক বা ন্যায়ের সহায়ে সত্যানির্পণের কোনও প্রয়াস নাই। শুধ্ব বিভিন্ন শ্বিষর বােধি বা অন্ভবের তুলনা আছে সেখানে। তার মধ্যে শণ্ডনের কোনও প্রচেণ্টা নাই—কেবল আছে জ্যাতি হতে উত্তরজ্যাতিতে উদয়ন, বােধির সংকীণ ক্ষাম্ব বা গােণ প্রতায় হতে উদারতর প্রণতর সারবত্তর প্রতায়ে উত্তীর্ণ হবার বিবরণ। একজন শ্বি প্রশ্ন করছেন আর একজনকে, 'তুমি কী জান ?' বলছেন না 'তুমি কী ভাব ?' বা 'য্বিক্তর ধারা ধরে কোন্ড্ সিম্বান্তে এসে পেশছেছ তুমি ?' উপনিষদের কোথাও বেদান্তের সত্যকে প্রমাণ করতে য্বিক্তর আপ্রয় নেওয়া হয়নি। বােধির ন্দেতাকে প্রেণ করতে হবে বােধিরই উৎকর্ষ-সাধনায়, তর্কবৃষ্ণির হািকিম অচল সেখানে—মনে হয় এই ছিল প্রাচীন শ্বিদের মত।

কিন্তু মান্যী বুণিধ ব্রুতে চায় নিজের ধরনে, নইলে তার তাপ্তি হয় না। তাই বোধির পরে যখন দেখা দিল 'বোল্ধ' জলপনার যুগু, তখন এদেশের দার্শনিকেরা অতীত ভাবসম্পদের প্রতি শ্রম্পাকে অক্ষান্ত রূপেই সত্যের এষণায় করলেন একটা দৈবত-ধারার প্রবর্তন। শ্রুতি বা বোধিজাত প্রত্যয়ের নাম দিলেন তাঁরা আগম বা আপ্তবচন এবং তার প্রামাণ্যকে ঠাঁই দিলেন অনুমানেরও উপরে। এদিকে বৃদ্ধির দাবিকেও অগ্রাহ্য করলেন না তাঁরা। কিল্ড বৃদ্ধির অন্মিত তত্ত্বে প্রতি বা আগমের অন্ক্ল যা, শ্ধ্য তার প্রামাণ্যকে মেনে নিয়ে আর সমস্তই প্রত্যাখ্যান করলেন নিষ্প্রমাণ বলে। এমনি করে তর্ক-সমীক্ষার যা প্রধান গলদ—অর্থাৎ শুধু শব্দজালকেই সার-সত্য ভেবে হাওয়ায়-হাওয়ায় লড়াই করা—তার জ্লুম থেকে তাঁরা খানিকটা রেহাই পেলেন। বস্তত 'বাগু বৈথরী শব্দ-ঝরী' দিয়ে তত্ত্ত-সমীক্ষা চলে না কখনও—কেননা শব্দ শব্দ ভাবের বাহ্য প্রতীক বলে বারবার খ'বিয়ে দেখতে হয় তার প্রয়োগকে, পদে-পদে ফিরিয়ে আনতে হয় তাকে পরিশান্ধ অর্থব্যঞ্জনার ভূমিতে। দার্শনিকদের বাদ আর্বতিতি হত প্রথমত চরম সত্যের অপরোক্ষ অন্তবকে কেন্দ্র করে—বোধির প্রামাণ্যের সংখ্য বৃদ্ধির প্রামাণ্যের জর্ড়ি মিলিয়ে। কিন্তু ব্যান্থতে যে স্বাভাবিক প্রবণতা রয়েছে তথাকথিত স্বারাজ্যপ্রতিষ্ঠার দিকে, ক্রমে সে-ই হল সর্বজয়া—অবশ্য বোধির আনুগত্যের বাহানাট্বকু বজায় রেখেই। এমনি করে শ্রুতিকে প্রমাণ মেনেই দেখা দিল দার্শনিকদের সম্প্রদায়ভেদ। পরস্পরকে খণ্ডন করতে শ্রুতিবাক্যকেই তাঁরা ব্যবহার করলেন অস্ত্ররূপে। বোধির সংখ্য বৃদ্ধির বিরোধ স্পন্ট হয়েছে এইখানেই। বোধির আছে উদার সম্যক-দূষ্টি—সব-কিছুকে সে দেখে সমগ্রের মধ্যে, কাজেই খ্রটিনাটিও তার কাছে অখণ্ড-বৃহতেরই ছটা যেন। অতএব তার স্বাভাবিক ঝোঁক সমন্বয়ের এবং একবিজ্ঞানের দিকে। বৃদ্ধি কিন্তু বিভজাবাদী। সে চলে বিশেলষণের দিকে--অনেক তথ্য জোড়া দিয়ে সমগ্রের ধারণা তার। স্বভাবতই সে-জোড়া-তাড়ার মধ্যে থাকে অনেক বিরোধ, অনেক বৈষম্য, অন্যোন্যবিরোধী অনেক যাক্তি। আবার বাশির ধর্ম হচ্ছে তকের নিখাত ছাঁচে একটা দর্শনকে ঢালাই করা। কাজেই পরস্পর্রাবরোধী বহুতথ্যের মধ্যে কাটছাঁট করে তার মতুয়ার সিন্ধান্তের অনুকৃষ্ণ যা, তাকেই সে রাখে বাঁচিয়ে। এমনি করে প্রাচীন শ্বিদের সন্বোধির অথ-ডতা ক্রমে যখন ট্রকরা হয়ে ভেঙে পড়ল ব্লিধর অভিযাতে, তখন তার্কিকের কটে প্রতিভা আবিষ্কার করল ব্যাখ্যার নানা চাতুরী ও মীমাংসা-পরিভাষার জাল প্রস্থানভেদের বিচিত্র তারতমা—যা দিয়ে বিরুদ্ধ শুরুতিবাক্যের মুশ্ কিল আসান করে তত্ত্বিদ্যার জল্পনাকে দেওয়া চলে স্বচ্ছন্দ্বিহারের অবাধ অধিকার।

তব্ প্রাচীন বেদান্তের ম্ল ভাবগর্নি বিক্ষিপ্ত হয়ে ছড়িয়ে রইল বিভিন্ন

দর্শনে এবং মাঝে-মাঝে তাদের সমন্বয়-সাধনার প্রয়াসও চলতে লাগল অখন্ডবাধির উদার ভূমিকায়। তাই দর্শনের নানা প্রস্থানের পটভূমিতে জেগে রইলেন উপনিষদের প্রেম্ব আত্মা বা সদ্বক্ষ। ব্রন্থি তাঁকে একটা ভাব বা চিত্তভূমিতে পর্যবিসত করতে চাইলেও তাঁর অনির্বচনীয়তার কিছ্ন আভাস আজও বে'চে আছে নানা দর্শনে প্রাচীন ভাবনার ইণ্গিত নিয়ে। সম্ভূতির যে-পরিস্পদকে আমরা বলি জগৎ, তার সপ্গে নির্বিশেষ অথন্ড-সম্ভার কি সম্বন্ধ; জীবের অহং সে-পরিস্পদ্দের কার্য বা কারণ যা-ই হ'ক—িক করে আবার সে ফিরে যেতে পারে বেদান্ত-প্রতিপাদিত আত্মস্বর্পে বন্ধভাবে বা অধিষ্ঠানতত্ত্ব—এই নিয়ে নানা জল্পনা ও সাধনার ভাবনাই ভারতবর্ষের চিত্তকে অধিকার করে আছে চিরকাল।

নৰম অধ্যায়

সদ্ ব্ৰহ্ম

সদেব.....একমেবাদ্বতীয়ম্

हात्मात्भाभितयर ७।२।

এক অন্বিতীয়—সং স্বর্প। —ছান্দোগ্য উপনিষদ (৬।২।১)

অহংসর্বস্ব ভাবনার সঙ্কীর্ণ-চঞ্চল ল্ব্রেডা হতে দুগ্টিকে নির্মান্ত করে সতাসন্ধানীর অবিক্ষার পক্ষপাতহীন জিজ্ঞাসা নিয়ে জগতের দিকে তাকাই র্যাদ, তাহলে প্রথমেই অনুভব করি—এক মহাশক্তির অমেয় বীর্য, অনন্তসত্তার বৈপ্লো নিয়ে অন্তহীন স্পুন্নে অফুরুন্ত প্রবৃত্তির উল্লাসে আপনাকে উৎসারিত করে চলেছে সীমাহীন দেশে. শাশ্বতকালের অবিরাম প্রবাহে। অপ্রতর্ক্য তার সত্তা 'অয়মন্মি'র অকম্পনীয় লোকোত্তরভাবনায় অনন্তগ্বণে ছাড়িয়ে গেছে—শুধু আমাদের ক্ষুদ্র অহংকেই নয়—বিশ্বের যে-কোনও বৃহৎ অহং অথবা অহং-সমন্টিকে। তার মানদন্তে কোটিকল্পব্যাপী বিস্তিটর বিপুলে ঐশ্বর্য ক্ষণেকের ধুলাখেলা মাত্র, অনন্ত পরাধের অগণনীয় অংকপাত করামলকের মতই নগণ্য তার কাছে। অথচ সহজপ্রতায়ের মূঢ়তা নিয়ে এমনি অসঙেকাচে আমরা জীবনকল্পনার বিচিত্র মায়া বুনে চলেছি, যেন এই বিপলে বিশ্বস্পন্দন আমাকে কেন্দ্র করে আর্বার্তত হচ্ছে আমারই ইন্টানিন্টের দায় নিয়ে, আমারই মুখ চেয়ে। আমাদের আকাশ্কা-উচ্ছবাস, ভাবনা-কল্পনা একান্তভাবে আমাদেরই জীবন-রসায়ন যেমন, তেমনি তার চরিতার্থতাসাধনই যেন এই বিশ্বশক্তিরও একমাত্র কর্তব্য !...কিন্তু মোহমুক্ত দূষ্টি নিয়ে এর দিকে তাকাই যখন, তখন দেখি এ-শক্তির বিলাস আত্মনেপদী—পরস্মেপদী তো নয়। এর আছে একটা দ্বকীয় বিপলে লক্ষ্য, সীমাহীন বিচিত্র-ভাবনার জটিল জাল, আত্মসম্পূর্তির অপরিমেয় আক্তি এবং উল্লাস, অভাবনীয় কল্পনার অমিত বৈপল্যে যা স্নিম্প কোতকের দূষ্টিতে চেয়ে আছে আমাদের আদর্শ-জন্সনার তুচ্ছতার দিকে।...কিন্তু শক্তির এই অপ্রমেয়তায় বিমৃত হয়ে, অহমিকার প্রায়ান্চত্তদ্বরূপ নিজেদের অকিণ্ডিংকরতাকেই বড় করে দেখলে চলবে না। কেননা মহাশক্তির স্বয়স্ভলীলার প্রতি অন্ধতাও যেমন অবিদ্যা, তেমনি জীবভাবের দৈন্যকে একান্ত করে তোলাও আরেকধরনের অবিদ্যা এবং তাতে বিশ্বব্যাপারের সত্যপরিচয়ে থেকে বায় অনেকখানি ফাঁক।

বিশ্বব্যাপী এই-যে সীমাহীন শক্তিম্পন্দ, সে তো আমাদের মনে করে না তুচ্ছ বা উপেক্ষণীয়। মহং কীতিতে যতথানি উল্লাস তার, ততথানি অভি-নিবেশ তার ক্ষ্যুতম কর্মে—তেমনি স্বদিক খ্রীটরে দেখা, শিক্পনৈপুণ্যের চরম প্রকাশ ঘটানো তারও মধ্যে : এ তো আমাদের বিজ্ঞানের রায়। মহাশক্তি বাস্তবিক মারেরই মত সমদর্শন, পক্ষপাতশ্ন্য-গীতার ভাষায় 'সমং রক্ষা' তিনি। একটা রন্ধাশ্ডের আয়োজন ও বিধারণে যতখানি ফোটে তাঁর স্পদ্দনের সংবেগ ও তীব্রতা, ঠিক ততখানি ফোটে একটা বল্মীকস্ত্পেরও জীবন-নিয়ন্ত্রণে। আয়তন বা পরিমাণের ছলনার বিদ্রান্ত হয়ে মনে করি আমরা— ওটা বড. এটি ছোট। কিল্ড তারতম্যের বিচারে, পরিমাণের বাহ্মাকে ছেডে যদি মানদণ্ড করি গংগের সংবেগকে, তাহলে বলব একটা বিশাল সৌরজগতের চেয়েও বড তার দীনতম অধিবাসী একটা পিপীলিকা এবং মানুষ ক্ষুদ্রায়তন হয়েও ছাড়িয়ে গেছে সমগ্র জড়প্রকৃতির অপরিমেয় বৈপ্লাকে। কিন্তু এও আবার গণেলীলার মায়া। বাস্তবিক পরিমাণ বা গণে কোনটা দিয়েই শক্তির তত্ত্ব পাওয়া যায় না, কেননা উভয়ে তারা শক্তিম্পন্দেরই বিভূতি মাত্র। তাদের অন্তগ্র্টে শক্তির তারসংবেগ দিয়ে বিচার করি বদি, তাহলে দেখি জগতের সর্বত্র সমভাবে নিবিষ্ট এই মহদ-েব্রহ্ম। সবার যখন সমান ঠাঁই তাঁর সন্তায়, তথন কি বলা চলে না, তাঁর শক্তিও সমবিভক্ত সবার মধ্যে ?...কিন্তু এই সমবিভজনের কল্পনাও পরিমাণ-প্রতায়েরই মায়া। বস্তুত ব্রহ্ম অখণ্ডস্বরূপে সবার মধ্যে সন্নিবিষ্ট হলেও আমরা তাঁকে খণ্ডিত দৈখি—'বিভক্তম ইব'। ব্যদ্ধির সংস্কার হতে দর্শনকে নির্মান্ত করে যদি তাকে বোধি স্বারা জারিত এবং তাদাত্ম্যসংবিং শ্বারা ভাবিত করতে পারি, তাহলে দেখব, আমাদের মনোময়ী চেতনা হতে স্বতন্ত্র এই অনন্ত শক্তির চেতনা। নিরংশ হয়েও অংশের মধ্যে এ-শক্তি সমাবিষ্ট হয় যখন, তখন নিজেকে সে সমবিভক্ত করে না, কিন্তু অখন্ডবীর্যে নিজের সমগ্র সত্তাকে যুগপং আবিষ্ট করে—যেমন সৌরজগতে, তেমনি একটা বল্মীকদত্পে। ব্রন্ধের কাছে অংশ-নিরংশের কোনও ভেদ নাই। প্রত্যেক বদ্তুই ব্রহ্মময়, ব্রহ্মদ্বর্পে—অখণ্ড ব্রহ্মসদ্ভাব দ্বারা আবিষ্ট, প্রেষিত। ভেদ থাকতে পারে পরিমাণে এবং গ্রণে কিন্তু আত্মন্বরূপ সর্বত্র এক। বিশ্ব-ক্রিয়ার প্রকৃতি পন্ধতি ও পরিণামে বৈচিত্র্যের অন্ত নাই, অথচ সবার মূলে আছে এক অনাদি শাশ্বত অন্তহীন শক্তির সমাবেশ। শক্তির যে-সংবেগ বল হরে ফুটেছে সবলের মধ্যে সেই সংবেগই অক্ষান্ন সামর্থ্যে আত্মপ্রকাশ করছে দ্বলের দ্বলতায়। প্রকাশে ক্ষরিত হয় শক্তির যতথানি বীর্য, ততথানি ম্ফুরিত হয় নিরোধেও। এমনি করে ইতির উচ্ছনসে অথবা নেতির শ্নোতার, বাণীর মুখরতায় অথবা নৈঃশব্যের স্তব্ধতায় ফ্রটছে একই শক্তির অখন্ডবিভূতি। অতএব আমাদের প্রথম কর্তব্য : এই-বে অন্তহান শক্তিম্পন্দন, সত্তার

এই-যে অমিতবীর্য রূপায়িত হয়েছে বিশ্ব-রূপে, তার সংগে হিসাবের গোলটাক চ_কিয়ে ফেলা। আমাদের চলতি হিসাবে গলদ অনেক। সর্বাময়ের সর্বাস্ব আমরা, অথচ তাঁর মূল্য কানাকডিও নয় আমাদের কাছে—র্যীদও নিজেকে জানি সবার চেয়ে বড় বলেই। এইখানে পাই সেই মূলা অবিদ্যার আভাস, যে আমাদের অহৎকারের প্রস্তি। এই অবিদ্যার প্ররোচনাতেই ব্যণ্টি-অহংএর ক্ষুদ্রবিন্দু নিজেকে ফাঁপিয়ে তোলে মহাসিন্ধ্রে বিকল্পনায়। অথচ নিজের সীমার বাইরে ততটাকুই সে গ্রহণ করতে পারে যতটাকুর সঙ্গে আছে তার মনের সায়, অথবা পরিবেশের ধাক্কায় যাকে না মেনে তার নিষ্কৃতি নাই। ব্যাঘট-অহং দার্শনিক সাজে যখন, তখনও তার দম্ভ যায় না। তখনও জোরগলাতেই সে প্রচার করে : বিশ্বের সত্তা তারই চেতনায়, তার চিন্তকেই কেন্দ্র করে আর্বার্তত বিশেবর চক্ত; বিশেবর সকল তত্ত্বের যাচাই হবে তারই চেতনার মাপকাঠিতে, তারই মনঃকল্পিত আদর্শের মানদন্ডে: সে-গণ্ডির বাইরে যা-কিছা, সেসমস্তই মিথ্যা কিংবা অলীক।.....এই মনঃসর্বস্বতার জন্যই বিশ্বের সঙ্গে কোনকালে মানুষের হিসাব মেলে না এবং তাইতে জীবনসম্পদের প্রোপর্নার ভাগও পায় না সে কোনদিন। প্রাকৃত মন ও অহংএর এই বেয়াড়া দাবির মলে অবশ্যই একটা সত্যের সমর্থন আছে। কিন্তু সে-সত্যের ন্বরূপ তথনই ন্পন্ট হয়, যখন মন তার জ্ঞানের সীমা জানতে পারে এবং সমর্পণের মাধ্ররীতে অহং তার বিবিক্ত আত্ম-প্রতিষ্ঠার সকল গ্রুমর হারিয়ে ফেলে। যখন ব্রুমতে পারি : বিশ্বপরিণামের যে-ছন্দোলীলাকে জীবন বলি, সে ওই অনন্ত স্পন্দনেরই একটা বীচিভঙ্গ: জানতে হবে সেই অনন্তকেই, জাগ্রত চিত্ত নিয়ে অনুপ্রবিষ্ট হতে হবে তারই মধ্যে, একান্ত নিষ্ঠায় তারই সম্ভূতিকে সার্থক করতে হবে এই আধারে—তখন হতে আমাদের সত্য করে বাঁচার শুরু। একদিকের হিসাব হল এই। আরেক দিকে আবার জানতে হবে : নিখিল শক্তিম্পন্দের সঙ্গে অবিনাভত আমরা আত্মনরপের পরিপূর্ণ মহিমায়, তার অধীন অথবা গ্রণীভূত নই কোনমতেই; আমাদের জীবনে ও কর্মে, ভাবে ও ভাবনায় সে-শক্তির যে বিচিত্র লীলা, তা দিব্য-জীবনেরই প্রমা সিদ্ধির অপরিহার্য সাধন।

কিন্তু এই অনন্ত সর্বাশক্তিময়ী সমণ্টিভূত মহাশক্তির দ্বর্প না জানলে গর্রামল থেকেই বাবে আমাদের হিসাবে। এইখানে এক ফ্যাসাদ বাধে নতুন করে। শ্রুণধর্ণিধ বলে, এবং মনে হয় বেদান্তও যেন সায় দেয় তাতে যে, আমরা যেমন মহাশক্তির একটা পরতন্ত বিভূতি, তেমনি মহাশক্তিও দেশ-কালের অতীত অক্ষয় অবায় নির্বিকার এক বিবিক্ত দ্থাণ্ক্রর্পের অবর-বিভূতি। সে-দ্থাণ্ক্ শক্তিদ্রায় অধিষ্ঠান হয়েও নিন্দ্রিয়, কেননা তিনি শক্তিন্ত্রপ্র নন, শ্রুণ সং-দ্বর্প। বিশ্বে শক্তিরই লীলা দেখে বায়া, সদ্রেক্সের সন্তা তায়া অস্বীকার করতেও পারে। হয়তো তায়া বলবে : আময়া অথশত অপ্রমেয়

ক্টম্থসন্তার শাশ্বত স্থাণ্ড ভাবি যাকে, আমাদেরই বৃদ্ধিবৃত্তির সে একটা বিকল্প, ব্যাবহারিক স্থাণ্ডরের বিশ্রম হতে উদ্ভব তার; বস্তুত কিছুই স্থির নয় জগতে, সমস্তই নিয়ত স্পান্দমান; এই স্পন্দবৃত্তিতেই মনশ্চেতনা স্থাণ্ড্রের আরোপ করে, কেননা এ-বিকল্পট্রুকু না হলে শক্তিস্পন্দ অব্যবহার্য হয়ে পড়ে একটা নিশ্চল ভিত্তির অভাবে। শক্তিস্পদের মধ্যেই যে দেখা দেয় এইধরনের স্থাণ্ড্র-বিশ্রম, তাও প্রমাণ করা কঠিন নয়। বাস্তবিক জগতে স্থাণ্ড্র বলে কিছুই তো নাই। যাকে মনে করছি নিস্পন্দ, সেও স্পন্দনেরই ঘনবিগ্রহ। সেখানে শক্তির ক্রিয়াই র্পায়িত হচ্ছে এমনভাবে, যাতে আমাদেরই চেতনায় ফ্রুটছে তার স্থাণ্ড্র—যেমন প্থিবীকে আময়া ভাবি স্থির, চলন্ত ট্রেন মনে হয় দাঁড়িয়ে আছে একই জায়গাতে আর ছুটে পালাছে আশপাশের গাছ-পালারা।...তাহলে নিস্পন্দ নির্বিকার কোনও সন্তাই কি নাই স্পন্দনের অধিষ্ঠান ও আশ্রয়র্পে? সন্তা শা্ধ্ব শক্তির বিক্ষেপ—এই কি তার ঐকান্তিক পরিচয়? না শক্তিই সন্তার বিভৃতি—এই কথাই সত্য?

স্পন্টই ব্রুতে পারি, শা্ব্ধসন্তা বলে কিছ্ থাকে যদি, তাহলে শক্তির মত সেও হবে অনন্ত। সন্তা বা শক্তি, কারও যে ইতি থাকতে পারে কোথাও, একথা যাক্তি কল্পনা বােধি বা অন্তব কিছ্ দিয়েই প্রমাণ করতে পারি না আমরা। আদি বা অন্তের কল্পনা যেখানে, সেখানেই ব্যাতরেকমাথে আসে অনাদি-অনন্তের কল্পনা। কল্তুত আদি ও অন্ত এই দািট বিন্দা দিয়ে প্রাকৃত মন একটা সীমা রচে মাত্র অসীমের মধ্যে। তাই, কিছ্ই ছিল না এর আগে এবং এর পরে কিছ্ই থাকবে না—এমন উক্তি কেবল যে যাক্তিবির্ম্ধ তা নয়, বস্তুস্বভাবের বির্ম্ধ একটা উৎকট কল্পনাও। সান্তের প্রতিভাসকে 'আবৃত' করে অনন্ত বিরাজিত রয়েছে তার অনপলাপ্য স্বায়ম্ভুব মহিমায়—এই হল সত্য।

কিন্তু এ-আনন্ত্যও দেশ ও কালের আনন্ত্য শ্ব্যু—তাই সীমাহীন পরিব্যাপ্তিতে, শাশ্বত প্রবহমানতায় তার প্রকাশ। তাকেও ছাড়িয়ে যায় শ্বশ্ববৃদ্ধ। দেশ ও কালের মর্মাসতাকে বর্ণরাতিহীন জ্যোতিঃসম্পাতে উশ্ভাসিত করে সে বলে, দেশ-কাল আমাদেরই চেতনার বিভাব মাত্র, এই দিয়েই প্রাতিভাসিক অন্তবকে আমরা করি শৃত্থলিত। স্বর্পসন্তার অপরোক্ষদর্শনে দেশ বা কালের কোনও চিহ্নই থাকে না। ব্যাপ্তিবোধ যদিই-বা থাকে সেখানে, তব্ সে-ব্যাপ্তি দেশের নয়, মনের। তেমনি প্রবাহবোধ থাকলেও তা মনেরই প্রবাহমানতা, কালের নয়। কাজেই বোঝা যায়, তথনকার ব্যাপ্তি ও প্রবাহ-বোধ, যা ব্রম্পিগ্রাহ্য নয় এমন একটা-কিছ্বর প্রতীক মাত্র মনের কাছে। কম্তুত তা আনম্ভ্যের অপরোক্ষ ব্যঞ্জনা, যার মধ্যে আমরা পাই একটি ক্ষণের অণ্তে নিত্য-ন্বায়মান সর্বাধার কালেব্রির সংহতি, একটি দেশের বিন্দৃতে সর্বতোবাপ্ত

সর্বাধার সংশ্বিতির ঘনীভূত প্রত্যেয়।...বিরুদ্ধ সংজ্ঞার এমন উৎকট সমাবেশেই অনির্বাচনীয় অপরোক্ষান্ভবের বিবৃত্তি নিথ্ত হয়। এতেই বৃত্তিম, সে-অন্ভবে অভ্যন্ত সংশ্কারের গণ্ডি ভেঙে মন এবং বাণী টুত্তীর্ণ হয় এক পরমতত্ত্বে। তাদের কন্পিত সকল বিরোধের নির্তৃ প্রত্যয় সেখানে পর্যবিসত হয় এক অনির্বাচনীয় তাদাস্ম্যসংবিতে, যাকে প্রকাশ করবার জন্যই তাদের এই পণ্যানু প্রচেষ্টা।

সংশয়ী প্রশ্ন করবে তব্ব, অপরোক্ষ অনুভবের এ-পরিচয় সত্য কি ? এমনও কি হতে পারে না, শান্ধসন্তার ভাবনা বান্ধির একটা বিকলপমাত। আমরা কেবল ভাষার চাতুরীতে গড়ে তুলি একটা অবাস্তব শূন্যতার আভাস। তারপর একাগ্রচিত্তের ভাবনায় তাকে সত্য করতে গিয়ে মনে হয়, মহাশ্রন্যে মিলিয়ে গেল দেশ আর কাল !...কিন্তু প্রত্যক্-দৃষ্টিতে আবার সেই স্বর্পসন্তার দিকে তাকিয়ে বলি, না, এ সংশয় অম্লেক। কিছ্ আছে প্রতিভাসের অন্তরালে— সে শাধা অন্ত নয়, অনিদেশ্য। প্রতিভাসের ব্যক্তি অথবা সমুল্টি কোনও বিভাবকেই দ্ব-তন্ত্র সন্তার সন্তাবান বলতে পারি না। অনাদি অদ্বয় সর্বগত অসামান্য শক্তিরূপেও সমস্ত প্রতিভাসকে পর্যবসিত করি যদি, তবুও তাকে পাই একটা র্আনর্দেশ্য প্রতিভাসেরই আকারে। গতি বা স্পন্দের ভাবনায় স্থিতি বা বিরামের সম্ভাবাতা অবিচ্ছেদে জড়িয়ে আছে। তাই স্পন্দকে এক নিস্পন্দ সন্তার স্বতঃপ্রবৃত্তি না ভেবে উপায় নাই। শক্তির প্রবৃত্তি আছে ভাবতে গেলেই ভাবতে হয় তার নিব্যত্তি-র প। সে-নিব্তিরই পরাকাষ্ঠা হল স্বর্পসত্তার শুন্ধ ও সহজ প্রতায়। আমাদের খোলা আছে দুটি পথ : বিশেবর অধিষ্ঠানকে কল্পনা করতে পারি-হয় অনিদেশ্যে শুনুধসন্তার্পে, নয়তো অনিদেশ্য প্রবার্তকা শক্তির পে। শেষের দর্শনই সত্য হয় যদি, অর্থাৎ শক্তির যদি কোনও স্থাণ, নিমিত্ত বা অধিষ্ঠান না থাকে, তাহলে শক্তি হবে প্রবৃত্তি বা স্পন্দেরই পরিণাম ও প্রতিভাস-কেননা স্পন্দ ছাড়া আর-কিছুরই বাস্তবতা আমরা স্বীকার করিনি। তখন বিশ্বও হবে নিরাধার স্পন্দমাত্র— তার অধিষ্ঠািনর্পে কোনও স্বর্পসন্তার কল্পনা নির্থক হবে। এই হল বৌদ্ধের শ্নোবাদ, যার মতে সক্তা শাশ্বত প্রতিভাসের একটা বিভৃতি—'বং সং, তং ক্ষণিকম্।'...কিন্তু শান্ধবান্ধি বলে, এ-দর্শনে ত্তি হয় না আমার, কেননা এ আমার মোল অনুভবের বিরোধী, অতএব মিথা। ধাপে-ধাপে এতক্ষণ চলেছিলাম উপরপানে, এইখানটায় হঠাৎ যেন ধাপ ফ্রারিয়ে গেছে। তাই সমস্ত সিণ্ডিটাই নিরালন্ব হয়ে ঝলছে—মহাশ্নো!

অনিদেশ্য অনন্ত দেশ ও কালের অতীত শ্রুখ-সং বলে কিছ্রু থাকলে তার স্বর্প হবে নির্বিশেষ—কেননা পরিমাণ বা পরিমাণ-সমবায় দিয়ে তার ইয়ন্তানির্পণ হবে না, তাকে গড়ে তোলা যাবে না গ্রুণ বা গ্রুণ-সমবায় দিয়ে।

নিখিল র্পের সমাহার বা তাদের আধারভূত র্পধাতৃও বলা চলে না তাকে। বিশেবর রূপ গুণ পরিমাণ—সব-কিছুর তিরোধানেও শুন্ধ-সতের বিলোপ ঘটবে না। অমের নিগর্বণ অর্পসত্তার ধারণা শ্বহু সম্ভব যে তা নর— প্রতিভাসের আধাররূপে জেগে আছে এই নির্বিশেষ সন্তারই প্রতায়। রপে গণে বা পরিমাণ নাই এই অর্থেই যে, তাদের অতি-ষ্ঠা সে; অর্থাৎ আমাদের দেওয়া রূপ গুণ বা পরিমাণের সংজ্ঞা হারিয়ে ফেলেছে তারা তার মধ্যে তলিয়ে গিয়ে। অথচ এই শৃদ্ধ-সংই আবার প্রতি-চ্ঠা তাদের; অর্থাৎ তারই স্পন্দ-শক্তিতে বিসূষ্ট হয় তারা রূপ গুণ ও পরিমাণের বৈচিত্রে। আবার এমনও বলা চলে না যে নিখিলের আধাররূপে আছে এক রূপ, এক গুণ ও এক পরিমাণ—তারই মধ্যে তারা পর্যবিসিত হয় চরমপ্রতারে; কেননা এ-কম্পনারও কোনও বাস্তব ভিত্তি নাই। বস্তৃত তাদের পর্যবসান ঘটে এমন একটা-কিছুতে यात दिनास अपन मरखा अद्भवादत अहन। अञ्चर विश्व-म्भरनात या-किन्द्र নিমিত্ত বা প্রতিভাস, চরমে তা লীন হয় স্বকারণভূত তৎ-স্বরূপেই। সে-প্রলয়-দশাতেও অব্যক্তসত্তায় সত্তাবান তারা, কিন্তু তাদের অনির্বচনীয় রূপান্তরকে আর স্পন্দকালীন সংজ্ঞা দিয়ে পরিচিত করা যায় না তখন। এইজনাই আমরা বলি, শুম্পসং নিবিশেষ, তার স্বরূপ অচিন্তা, অবিজ্ঞেয়; অথচ নিখিল জ্ঞান-বৃত্তির অতীত পরমতাদাম্ম্যের অপরোক্ষ অনুভবে আমরা সমাহিত হতে পারি তার মধ্যে। যা নিবিশেষ, তা নির্দপদ বা স্পন্দাতীত। অতএব স্পন্দ দেখা দেবে সবিশেষের বিস্পিটিতে। কিন্তু সবিশেষ বললেই ব্রুডে হবে তার আধার আধেয় এবং স্বরূপ সমস্তই নির্বিশেষ। অতএব স্পন্দজগতের সকল বস্তুই তত্ত্বত তৎ-স্বরূপ। নিবিশেষ ও সবিশেষের মধ্যে যে ভেদাভেদের সম্পর্ক, বেদানত আকাশকে করেন তার দৃষ্টানত: আকাশ সর্বভূতের আধার আধেয় এবং স্বরূপ; অথচ এতই স্বতন্ত তার প্রকৃতি যে, আকাশে লীন হলে তাদের প্রাতিভাসিক সকল বৈশিষ্ট্য লুপ্ত হয়, যদিও তাদের সত্তার বিলোপ ঘটে না তাতে।

কোনও-কিছ্র স্বকারণে লয় হবার কথা বলতে গিয়ে স্বভাবতই আমরা কালাবছিল্ল চেতনার পরিভাষা ব্যবহার করি, স্তরাং তার বিদ্রম সম্পর্কে আমাদের সতর্ক হওয়া প্রয়োজন। নির্বিকার পরমার্থসং হতে স্পন্দের উন্মেষ একটা শাশ্বত বিভূতি। কিন্তু আমাদের প্রাকৃতব্দেধ তাকে দেখে নিত্যপরম্পরিত কালিকপ্রবাহে বিবর্তমান। তাই কালাতীতের শাশ্বতভাবে যে অভিনবায়মান অনাদ্যন্ত ক্ষণিবন্দ্রতেই নিবিষ্ট হতে পারে, অতএব স্পন্দবিভূতির কালিকপ্রতারও যে স্বর্পত তা-ই—এ-তত্ত্ব আমাদের ধারণায় আসে না। এইজনাই বিশ্বলালায় আমরা দেখি আদি মধ্য ও অবসানের অন্তহীন আবর্তন শ্র্ম।

স্পন্দবাদী তব্ বলতে পারেন : এসব উব্তির প্রামাণ্য ততক্ষণ, বতক্ষণ

আমরা শুন্ধবর্নিধর শাসন মেনে চলি। কিন্তু ব্রন্থির রায়কে মানতেই হবে. এমন-কোনও বাধ্য-বাধকতা আছে কি ? যা সং, তা-ই দিয়ে হবে সন্তার পরিচয় —মনের কল্পনা দিয়ে নয়। দেখছি দুটিমাত্র বস্তু আছে—পরাক্-দুলিটতে দৈশিক স্পন্দ আর প্রত্যক্-দৃষ্টিতে কালিক স্পন্দ । দেশ এবং কাল সত্য-সতা তাদের ব্যাপ্তি এবং প্রবাহ। দেশের ব্যাপ্তিকে হয়তো কথনও ছাড়িয়ে যেতে পারি। বলতে পারি এ একটা মনের সংস্কার শুধ্য—কেননা অথন্ডের সমগ্রতাকে একটা কল্পিত দেশে পরিকীর্ণ না করে শুন্ধসত্তাকে ব্যাপারিত করা মনের সাধ্যাতীত। কিন্ত অবিচ্ছিল্ল পরিণামের ধারাবাহী কালস্পন্দকে তো আমরা ছাড়িয়ে যেতে পারি না—কেননা কালম্পন্দই যে আমাদের চেতনার উপাদান। যেমন আমরা, তেমনি এই জগৎও একটা অবিরাম স্পন্দপ্রবাহ। তার বর্তমান উপচিত হয়ে উঠছে অতীত-পরম্পরার সমাহারে এবং সেই বর্তমানই আমাদের চেতনায় ভাসছে ভবিষ্য-পরম্পরার আদিবিন্দ, হয়ে। অথচ সে-আদিবিন্দত্বও ক্ষণভঙ্গ মাত্র। কেননা, যাকে বলব বর্তমান, ফোটার আগেই ঝরে পড়েছে বলে সে তো অসং স্তরাং অনিব চনীয়। অতএব বিশ্বে আছে শুধু অখণ্ড শাশ্বত কালব্, ত্তির পরম্পরা। আর তারই প্রবাহে ভেসে চলেছে চেতনার এক নিত্যোপচিত অথচ অখন্ড সংবেগ।* তাই কালিকপ্রবাহে স্পন্দ ও পরিব,ত্তির শাশ্বত পরম্পরাই একমাত্র পরমার্থতিত। সম্ভূতিই সংস্বরূপ।

বস্তুত, শা্দধব্দিধর অলীক কল্পনা এমনি করে বাধিত হচ্ছে সম্ভার অপরাক্ষ স্বর্পোপলিব্ধর দ্বারা—স্পন্দবাদীর এ দাবি অযৌজ্জিক। এক্ষেটে বাধির প্রত্যয়ন্দবারা ব্দিধ সত্য-সত্যই বাধিত হত যদি, তাহলে অন্তদ্দিত্টর নির্ট অন্ভবকে অগ্রাহ্য করে ব্দিধর একটা বিকল্পকেই সত্য বলে নিঃসঙ্কোচে দাবি করা আমাদের উচিত হত না। কিন্তু বোধির সাফাইসাক্ষ্য এক্ষেটে টেকে না। নির্দিষ্ট একটা গণ্ডির মধ্যেই বোধির সাক্ষ্যে কোনও ভূল হয় না। কিন্তু সম্যক্-অন্ভবের সমগ্রতাকে যখন সে দেখতে পায় না গণ্ডির মায়ায়, তখন তারও ভূল অনিবার্য। বোধি আমাদের সন্ভৃতির্প দেখে যখন, তখন নিজেকে আমরা অন্ভব করি কালব্তির শাশ্বতপরম্পরার মধ্যে চেতনার একটা

^{*} সমগ্রভাবে গ্পন্দব্তি একটা অথণ্ড প্রবাহ। কাল বা চেতনার একটি ক্ষণকে তার প্রান্তন এবং পরতন ক্ষণ হতে আচ্ছিম করেও দেখা যায়; তেমনি শক্তির পরম্পরিত প্রবৃত্তির এক-একটি বিভাগকে একটা ন্তন ঝলক বা ন্তন বিস্কৃতিও বলা চলে। কিন্তু প্রবাহের অবিচ্ছিমতা তাতেই নিরাকৃত হয় না, কেননা অবিচ্ছেপপ্রবাহ না মানলে কালের ব্যশ্তি থাকে না, চেতনার প্রাপর-সংগতিও সিম্ম হয় না। একটা মানুর যথন হে'টে ছুটে বা লাফিয়ে চলে, তথন তার প্রত্যেকটি পদক্ষেপ যে আলাদা, তাতে সম্পেহ নাই। তব্ পদক্ষেপগ্রির একজন অথণ্ড কর্তা নিশ্চয়ই আছে এবং তারই প্রবাজনাতে চলন্টি হয় একটি অবিক্ষেপ প্রবাহ—একথাও অনম্বীকার্য।

অবিচ্ছিন্ন স্পন্দ ও পরিব্তির প্রবাহর্পে। বৌদ্ধের ভাষায় আমরা তখন নদীর স্লোত বা দীপের শিখা। কিন্তু বোধির এই প্রাকৃত দর্শনেরও পরে আছে এক চরম ও পরম সন্বোধির অন্ভব। সে-অন্ভব যথন বহিশ্চেতনার মৃঢ়ে যবনিকা সরিয়ে দেয়, তথন দেখি এই সম্ভূতি পরিবৃত্তি ও পরম্পরা আমাদের স্বর্পসত্তারই একটা পর্যায় মাত্র; অর্থাৎ আমাদের মধ্যেও এমন-কিছু আছে, যা সম্ভূতি হতে স্ব-তন্ত্র এবং নিলি'প্ত। এই স্থাণ্ট্র অচল সনাতনের প্রতিবোধই সম্মন্থ দ্বিট হতে সম্ভূতির চণ্ডল ছায়া অপসারিত ক'রে ফুটিয়ে তোলে ধ্রেজ্যোতির শাশ্বত আভাস। শুধ্র তা-ই নয়, সে-জ্যোতিতে সমাহিত হয়ে আমরা বাস করতে পারি তারই দিব্য পরিবেশে এবং তারই ছটায় আমূল র্পান্তরিত করতে পারি আমাদের জীবন ও দ্চিটর ধারা—বিশ্বস্পন্দে সঞ্চারিত করতে পারি আমাদের নবলব্ধ প্রবর্তনার ছন্দ। স্থাণ্ডের মধ্যে এই নিত্য-িংথতিকেই শুন্ধবুন্ধি আমাদের সামনে ধরেছিল নিজের ভাষায় তর্জমা করে। কিন্তু যুক্তিতর্কের কোনও সাহায্য না নিয়ে কিংবা পূর্বকল্পিত কোন ধারণার অধীন না হয়েও এ-ভূমিতে পে'ছিনো যায়। অনুভব করা যায়, এ-তত্ত শুল্ধ সন্মাত্র-স্বর্প, শাশ্বত অনন্ত অনিদেশা, কালকলনার দ্বারা অস্পৃন্ট, দেশপরিব্যাপ্তির দ্বানা অনবিচ্ছন্ন, অরূপ অমেয় নিগর্বণ, আত্মভূত ও নিবিশৈষ।

অতএব সদরেক্ষ একটা বাস্তব তত্ত্ব—বিকল্প নয় শৃথ্য। বরং সকল প্রতিভাসের অধিষ্ঠানতত্ত্ব সে-ই। কিন্তু এ-ও ভুললে চলবে না, শক্তিস্পন্দ বা সম্ভূতিও একটা বাস্তব তত্ত্ব। সম্বোধির চরম অনুভব তার মধ্যে আনতে পারে নৃতন ব্যঞ্জনা, তাকে ছাড়িয়ে যেতে বা স্তব্ধ করতে পারে—কিন্তু তার আত্যান্তিক বিনাশ ঘটাতে পারে না। তা-ই যদি হয়, তাহলে প্রতিভাসের মূলে আমরা পাই দ্বিট তত্ত্ব—একটি শৃশ্যসত্তা আর-একটি জগৎসত্তা, একটি সন্মাত্ত আর-একটি সম্ভূতি। দ্বির একটিকে উড়িয়ে দেওয়া কিছ্ কঠিন নয়। জিজ্ঞাসার সমাধান তাতে সহজ হয় নিশ্চয়। কিন্তু তার চেয়ে বড় কথা, চেতনাকে মন্থন করে তার ব্িসমুহের ম্ল্যানর্পণ এবং তাদের অন্যোন্যসম্বন্ধের আবিষ্কার। জ্ঞানযোগের সার্থ কতা সেইখানেই।

মনে রাখতে হবে, একত্ব এবং বহুত্বের মত স্থাণ্ডাব ও স্পাদব্তিও অকলপনীয় নিবিশেষের কলপপরিচয় শ্ব্র। বস্তুত ব্রহ্ম একত্ব ও বহুত্বের অতীত যেমন, তেমনি তিনি স্পাদ-নিস্পাদেরও বাইরে। স্পাদহীন একত্বে শাদবত প্রতিষ্ঠা তাঁর এবং সেই নাভিকে ঘিরেই বহুখাবৈচিত্যের নিরন্ত স্পাদনে তাঁর অনিব্চনীয় আবর্তনের অপ্রমন্ত লীলা। জগদ্ভাব যেন নটরাজের উদ্দন্ড আনন্দতান্ডব—তার প্রতি চরণক্ষেপে শিবতন্র অনন্ত প্রতির্প বিচ্ছ্রিত দিগ্রিবিদকে। কিন্তু তাঁর অমিতাভ শ্রস্তার দীপ্তি তব্ও অম্যান অচঞ্চল—

কালন্রয়ে নির্বিকল্প নির্বিকার। আপ্তকামের কামনা চরিতার্থ শৃন্ধ্ ওই তাশ্ডবের উল্লাসে!

নির্বেশেষের স্বর্প মনোবাণীর অগোচর। স্থাণ্ড ও স্পন্দন, একত্ব ও বহুত্বের লাঞ্চন ছাড়া তার ধারণা আমরা করতে পারি নী—করবার প্রয়োজনও দেখি না কিছু। তাই নির্বিশেষের এই ভাবদৈবতকে আমরা অসঙেকাচে. স্বীকার করব। শিব এবং কালী উভয়কে মেনেই জানতে চাইব, দেশ ও কালের অতীত যে-শৃদ্ধসন্মান্তকে মেয় অথবা অমেয় কিছুই বলা চলে না, তাঁর সেই অদৈবত স্থাণ্ভাবের সঙেগ দেশ ও কালের ছন্দে ছন্দিত এই অমেয় স্পন্দলীলার কি সম্বন্ধ। শৃদ্ধবৃদ্ধি বোধি এবং প্রত্যক্ষ অন্ভব কি বলে সদরেক্ষ সম্পর্কে, তা দেখলাম। এখন দেখতে হবে শক্তি অথবা স্পন্দ সম্পর্কে তাদের রায় কি।

গোড়াতেই প্রশ্ন ওঠে, শক্তি কি শ্ব্যু শক্তি, স্পন্দনের একটা মৃঢ় বিক্ষেপ শ্ব্যু? না শক্তি হতে যে-চেতনা উন্মেষিত দেখছি এই জড়ের জগতে, সেই বেদান্তের ভাষায় শক্তি কি শ্ব্যু প্রকৃতি—ক্রিয়া ও পরিণামের একটা স্পন্দব্তি? রুপ দিতে প্রাচীন ঋষিরা কল্পনা করেছিলেন একে 'প্রস্কৃতিমিব সর্বতঃ' না প্রকৃতি স্বর্পত চিৎশক্তি—স্বয়ম্ভূসংবিতের স্কৃতিবীর্য? এই প্রশেনর সমাধানের 'পরেই সব-কিছুর নির্ভর এখন।

দশম অধ্যায়

চিৎ-শক্তি

অপশ্যন্ দেৰাক্ষশক্তিং স্বগ্রেশনিগ্রেছার। শ্বেতাশ্বতরোপনিষং ১।৩

তাঁরা দেখতে পেলেন সেই দেবতার আত্মশক্তিকে নিজেরই চিম্ময়ী গণেলীলায় নিগঢ়ে। —শেবতাশ্বতর উপনিষদ (১।৩)

এৰ স্বেত্ৰ জাগতি।

কঠোপনিমং ৫।৮ এই তো তিনি, যিনি জেগে আছেন ঘ্নান্তদের মধ্যে।

—কঠ উপনিষদ (৫।৮)

দার্শনিকের দ্থিতৈ নিখিল প্রাতিভাসিক জগং পর্যবাসত হয়েছে এক বিপ্ল শক্তি-সপদনে। স্বান্ভবের আক্তিতে এক মহাশক্তিই নিজেকে র্পায়িত করেছে স্থ্ল-স্ক্র নানা র্পের বৈচিত্যে, জড়ত্বের নানা পর্যায়ে। সর্বভাবের প্রস্তিত ও ধানী এই অনাদানত মহাশক্তির একটা ব্লিধগ্রাহ্য বাস্তবর্প দিতে প্রাচীন খাষিরা কল্পনা করেছিলেন একে 'প্রস্ত্তমিব সর্বতঃ' তমোভূত এক সম্দুর্পে—যার র্পবিবজিত স্তব্ধ বক্ষে বিক্ষোভের প্রথম শিহরনেই জেগে ওঠে র্পস্থিতির প্রেতি এবং তাহতেই উদ্গেত হয় বিশেবর অঞ্কুর।

শক্তি জড়ের আকারে রুপায়িত হলেই বৃদ্ধির পক্ষে তার ধারণা সহজ্ব হয়। কেননা, আমাদের বৃদ্ধি গড়ে উঠেছে—জড়মান্তিকের আগ্রিত মনে জড়ের সন্নিকর্ষে যে বিচিত্র সাড়া জেগেছে, তারই বৃনানিতে। প্রাচীন ভারতের জড়বিজ্ঞানীরা জড়শক্তির আদিপর্বকে দেখেছিলেন আকাশর্পে, মহাশ্নের সেই শক্তিরই শৃদ্ধসম্প্রসারণ হল যার ন্বর্প। কম্পন তার বিশেষ গৃণ, আমাদের চেতনায় ফোটে যা শব্দের আকারে। কিন্তু শৃধ্ব আকাশের কম্পন হতে র্পস্থি সম্ভব নয়। তার জন্য শক্তিসম্দ্রের নির্বাধ প্রবাহে চাই একটা প্রতিঘাত, যাতে তার বৃকে জাগবে আকর্ষণ-বিকর্ষণের সংক্ষোভ, বিচিত্র-কম্পনের অন্যোন্যসংগম, শক্তির সংগে শক্তির অভিঘাতে ব্যবস্থিতসম্বন্ধের উন্মেষ এবং কিরাপরিণামের ব্যতিহার। এমনি করে জড়শক্তি আকাশভূত হতে পরিণত হল ধ্ব-ভূতে, প্রাচীনেরা তাকে বলতেন বায়্ভুত। শক্তির সঙ্গে শক্তির সম্প্রয়োগ তার বিশেষ গৃণ। জড়জগতের সকল সম্বন্ধেরই ম্লে আছে—

সম্প্রয়েগ। কিন্তু তাতেও র্পস্ভি হয় না, মহাশ্ন্যে দেখা দেয় শ্ব্ব্
শক্তিবৈচিত্রের লীলা। এবার চাই র্পস্ভির একটা আধার। আদ্যশক্তি
তাই তেজাভূত হয়ে পেশছল আত্মবিপরিণামের তৃতীয় পর্বে—আমাদের কছে
তার বিশিষ্ট র্প ফ্টল আলোকে তাপে দাহিকা শক্তিছে। এ-অবস্থায় ধর্ম
ও ক্রিয়ার বৈশিষ্ট্য নিয়ে শক্তির ব্যাকৃতি দেখা দিলেও তাতে জড়র্পের স্থাবর
কাঠিন্য ফ্টল না। তাই শক্তিবিপরিণামের চতূর্থ পর্ব এল আকর্ষণ-বিকর্ষণের
একটা স্নিয়ত আভাস নিয়ে তর্রলত বিচ্ছ্রেণের আকারে—'অপ'ে নামের
মধ্যে যার ছবিটি ধরে রেখেছেন প্রাচীনেরা। সবার শেষে পঞ্চম পর্বে অপ্র
সংসক্তি হতে দেখা দিল প্থিবীভূত বা কাঠিন্যধর্ম। এমনি করে পঞ্চূত্তে
সমাপ্ত হল শক্তিবিপরিণামের লীলায়ন।

জড়ের যত র্প আমরা জানি, এমন-কি জড়পদার্থের স্ক্রতম ব্যাকৃতি পর্যন্ত সমস্তই গড়ে উঠেছে পশুভূতের সমবারে। আমাদের ইন্দ্রিরবাধেরও প্রতিষ্ঠা তারই 'পরে: আকাশের কম্পনকে গ্রহণ করে জাগে শব্দের বোধ; শক্তিকম্পনের জগতে সম্প্রয়োগ হতে জাগে স্পর্শের চেতনা; আলোক তাপ ও দাহিকা শক্তির দ্বারা স্ফ্রিরত ব্যাকৃত ও বিধ্ত র্পের মধ্যে আলোর খেলা হতে ফ্টল দর্শনেনিদ্রয়; এমনি করে চতুর্থ ভূত হতে রসনা আর পশুম ভূত হতে দেখা দিল দ্রাণ। কিন্তু সমস্ত ইন্দ্রিরবাধের স্বর্পই হল শক্তির সংগে শক্তির আকম্পিত সম্প্রয়োগের একটা সাড়া। প্রাকৃত-মনের তত্ত্বিজ্ঞাসাকে এমনি করে পরিত্ত্ব করেছিলেন প্রাচীন দার্শনিকেরা শ্রুধ-শক্তির সংগে চরম শক্তিবিপরিণামের একটা ধারাবাহিক সম্বন্ধের বিবৃতি দিয়ে। নইলে সাধারণ মান্ম কিছ্বতেই ব্রুতে পারত না, যে-জগতের র্প তার ইন্দ্রিরের কাছে এত নিরেট বাস্তব এবং স্থায়ী, বস্তৃত তা একটা ক্ষণিক প্রতিভাস হতে পারে করে। অথবা যে-শ্রুধশক্তি ইন্দ্রিরের ধরা-ছোঁয়ার বাইরে অতএব মনের কাছেও বলতে গেলে অনির্বাচ্য স্ক্রোং অপ্রশেষ, কি করে সে হবে বিশ্বের শান্বত বাস্তব তত্ত্ব!

কিন্তু এ-বিবৃতিতে চৈতন্যসমস্যার সমাধান হয় না। কেননা, শক্তিকম্পনের সম্প্রয়েগে সচেতন ইন্দ্রিবোধ কি করে জাগতে পারে, তার ব্যাখ্যা এর মধ্যে নাই। বিজ্জাবাদী সাংখ্যেরা তাই পণ্যভূতের পরেও স্থাপন করলেন মহৎ এবং অহৎকার নামে আর দুটি তত্ত্ব, ধারা বলতে গেলে বাস্তবিক অজড়। কেননা, এ-দুরের প্রথমটি শক্তিরই বিশ্বর্প ছাড়া কিছু নয়, আর দ্বিতীয়টি ব্যাঘ্টি-অভিমানের বিসৃষ্টি শুধু। তব্ সাংখ্যমতে এ-দুটির তত্ত্ব চেতনাতে সচিয় হয়—শক্তির অভিযোগে নয়, কিন্তু এক বা একাধিক নিষ্কির চেতন-প্রুষের সালিধ্যক্ত। প্রুর্ষে প্রতিফলিত হয় প্রকৃতির চিয়া এবং সেই প্রতিফলনই বিচ্ছুরিত হয় চেতনার বর্ণরাগে।

ভারতীয় দশনের মধ্যে বিশ্বরহস্যের এই সাংখ্যসম্মত ব্যাখ্যাই আধানিক জড়বাদের খাব কাছাকাছি। বিশ্বপ্রকৃতিতে শাধ্য ফান্রার্চ শাক্তর মাচ আবর্তান —এ-চিন্তার ধারা ধরে ভারতবর্ষের দাশ নিক গবেষণা এর বেশী আর এগোয়নি। এ-সিম্পান্তে গলদ যতই থাকুক, এর মাল ভাবটি একরকম অবিসংবাদিত বলে এদেশে তার প্রচার হয়েছে ব্যাপক। কিন্তু চিদ্ব্যোপারের যে-ব্যাখ্যাই দিই, প্রকৃতিকে জড়-প্রবৃত্তিই বলি অথবা চিন্ময়ীই বলি, সে যে কন্তুত শক্তিন্বর্গিণী তাতে কোনও সন্দেহ নাই। বিশেবর সব-কিছার মালে কাজ করছে বিচিত্র শক্তিম্পনের একটা র্পায়ণী বৃত্তি। অব্যাকৃত শক্তিরাজির অন্যোন্যসংগ্রম ও সামঞ্জস্য হতেই র্পের স্থিট। এমন-কি জীবের ইন্দ্রিয়চেতনা এবং কর্মপ্রবৃত্তিও বন্তুত কিছাই নয় একধরনের শক্তির অভিঘাতে আরেকধরনের শক্তির সাড়া ছাড়া। প্রত্যক্ষ অন্ভবে জানছি, এ-ই জগতের র্প। অতএব এই অন্ভবই হবে আমাদের এষণারও ভিত্তি।

এ-যুগের বৈজ্ঞানিকও অনুর্প সিন্ধান্তে পেণছৈছেন জড়কে বিশেলষণ করে—যদিও সংশয়ের শেষ রেশট্রু এখনও বেচ আছে কোথাও-কোথাও। দর্শন ও বিজ্ঞানের এই ঐকমত্যের সমর্থন মেলে বােধি এবং অপরােক্ষান্-ভূতিতেও। এ-সিন্ধান্তে শা্লধব্দিধও খ'রজে পায় তার স্বারসিক প্রতা্যের চরিতার্থতা। কেননা, বিশ্বব্যাপারকে যদি স্বর্পত চৈতন্যের লীলা বলে ব্যাখ্যাও করি, তাহলেও স্বীকার করতে হবে, লীলার তাৎপর্য প্রবৃত্তিতে এবং প্রবৃত্তির অথই হল শক্তির স্পন্দন বা বীর্যের উল্লাস। স্বগত অন্ভবের সাক্ষ্যও বলে, এই তাে বিশেবর নির্তৃ স্বভাব। আমাদের সকল কর্মপ্রবৃত্তিই এক বিগ্রেণ মহার্শক্তির লীলা—প্রাচীন দার্শনিকেরা যে-ব্রয়ীর নাম দিয়েছেন জ্ঞানা ইচ্ছা এবং ক্রিয়া-শক্তি। কিন্তু স্বর্পত এরা এক আদ্যশক্তিরই বিস্রোতা। এমন-কি স্থিতি বা কর্মনিবৃত্তিও মহাশক্তির গ্রেণ্টান্য সাম্যাবস্থা অথবা সদৃশ-পরিণাম মাত্ত।

শক্তিস্পাদকেই বিশেবর স্বর্পপ্রকৃতি বললে দুটি প্রশন ওঠে। প্রথম প্রশন, শুদ্ধসতের বুকে কি করে জাগল এই স্পাদলীলা? যদি বলি, স্পাদ একটা শাশ্বত তত্ত্—শুধ্ব তা-ই নয়, স্পাদ্দই সন্তার স্বর্প, তাহলে অবশা এ-প্রশন ওঠে না। কিন্তু স্পাদই একমাত্র তত্ত্ব, এ-সিন্ধান্ত অপরিহার্য নয়; কেননা স্পাদনের প্রেতি হতে নিম্কু এক অধিষ্ঠানসন্তার সন্ধানও আমরা প্রেছে। তাহলে অধিষ্ঠানসন্তার শাশ্বতী স্থিতিকে বিক্ষুক্ত করে কি করে এল স্পাদদোলা—কোন হেতু বা সম্ভাবনাকে আশ্রেয় করে? কোন্ শ্বহস্যের সংবেগে অটল টলে পড়ল এমনি করে?

এদেশের প্রাচীন দার্শনিকেরা এর উত্তরে বলেছেন, শ্বন্থসন্তায় শক্তি আছে অবিনাভূত হয়ে। শিব এবং কালীতে, রঙ্গে এবং শক্তিতে অভেদসম্বন্ধ—

অতএব এ-দ্বটিকৈ পৃথক করা যায় না কথনও। সন্তার অবিনাভূত শক্তি কখনও স্পণ্দিত, কখনও নিস্পন্দ : কিন্তু নিস্পন্দ দুশাতেও শক্তি নিঃসত্ত নিরাকৃত বা উনীকৃত নয়, অথবা তার কোনও তাত্ত্বিক বিকার ঘটেনি। এ-সিম্ধান্ত এতই যুক্তিযুক্ত এবং কক্তৃম্বভাবের অনুগর্ত যে একে স্বীকার করতে কোনও দিবধা হয় না। শক্তি অনন্ত অদ্বয়-সন্তার বিজাতীয় কোনও তত্ত্ব—অথশ্ডের বাইরে থেকে তাতে আবিষ্ট ও আরোপিত: অথবা শক্তি একদা ছিল অসং, তারপর বিশিষ্টক্ষণে ঘটেছে সংর্পে তার আবিভাব : এমন কল্পনা যুক্তিবির্ব্ধ বলেই অসম্ভব। এমন-কি মায়াবাদীকেও মানতে হবে, যে-মায়া রক্ষে আত্মবিদ্রমের শক্তির্পিণী, সেও শাশ্বত সন্মারে আছে শাশ্বতী যোগ্যতা-র্পেই। অতএব প্রশ্ন ওঠে তার বিবিক্ত সত্তা নিয়ে নয়, শুধু তার উদ্মেষ ও নিমেষ নিয়ে। প্রকৃতি-পূর্ব্যের অনাদি সহভাব সাংখ্যবাদীও স্বীকার করেন। তাঁদের মতে প্রকৃতির গ্রনসাম্য ও গ্রণবিক্ষোভ পর্যায়ক্রমে দুইই সত্য। এমনি করে শক্তি যদি হয় সন্তার অবিনাভূত, শক্তির স্বরূপে যদি থাকে পর্যায়ক্রমে স্পন্দ ও নিস্পন্দ দুয়েরই যোগ্যতা: অর্থাৎ আত্মসংহরণ ও আত্মবিচ্ছ্রবণ দুইই যদি হয় শক্তির স্বর্পপ্রকৃতি : তাহলে কি করে সম্ভব হল আদিস্পন্দের প্রেতি বা প্রবেগ, এ-প্রন্ন আদপেই ওঠে না। কারণ, সহজেই ব্রুতে পারি-শক্তির যোগ্যতা তাহলে হয় স্পন্দ ও নিস্পন্দের ছন্দঃ-পর্যায়ে আপনাকে ফর্টিয়ে চলবে কালের তর•গদোলায়; অথবা শাশ্বত আত্মসংহরণের সামর্থ্যে নির্বিকার সন্মাত্রে সমাহিত থেকেই মহাসমুদ্রের বুকে তর্গুগবিক্ষোভের মত শুধু জাগিয়ে রাখবে বিশ্বের একটা স্পন্দলীলা। আবার এই বহিশ্চর লীলা হতে পারে আত্মসংহরণেরই সমান্তর অতএব শান্বত। কিংবা কালের কলনায় অন্তহীন প্রনরাব্ত্তিতে থাকতে পারে তার উদয়-বিলয়ের ছন্দ। তখন আবৃত্তিনিত্যতা থাকবে তার, কিন্তু থাকবে না প্রবাহনিত্যতা।...অবশ্য এসব উক্তিই অপরিস্ফুট কম্পনার ছবি আঁকা শ্ধ।

শ্বদ্ধ-সত্তায় কি করে স্পন্দনের শ্বর্ হয়, এ-প্রদ্নকে ঠেকাতেই জাগে কিন'র প্রদ্ন। মহাশক্তির মধ্যে স্পন্দলীলার যোগ্যতা থাকলেও সে কেন এমনি করে পরিণামের ছন্দে ফ্রটে উঠল? সদ্রক্ষের শক্তি র্পায়ণের সমসত বৈচিত্র হতে নির্মান্ত থেকে আনশ্তের মহিমায় নিত্যসংহ্ত হয়ে রইল না কেন নিজেরই মধ্যে? অবশ্য শ্বদ্ধসংকে যদি বলি অচেতন এবং চৈতন্যকে যদি মনে করি জড়শক্তির সেই পরিণাম, শ্ব্দু ভুল করে যাকে অজড় ভাবি—তাহলে কিন্তু এ-প্রদ্ন ওঠে না। কেননা পরিণামের ছন্দকে আমরা তখন স্বছন্দে ধরে নিতে পারি শক্তিরই স্বভাব বলে। স্বভাবতই যা শাশ্বত এবং স্বয়্বদ্ভু, তার হেতু আদিম প্রেতি বা অন্তিম লক্ষ্য খোঁজবার সঞ্গত কোনও কারণ তো নাই। শাশ্বত স্বয়্বদ্ভুসন্তার সম্পর্কে যেমন প্রদ্ধই হতে পারে না—কি করে সন্তার

আবির্ভাব, কেনই-বা তার সম্ভাব; তেমনি কোনও প্রশন উঠতে পারে না সন্তার স্বর্পশক্তি এবং তার স্পন্দলীলার নির্তৃ প্রেতি সম্পর্কেও। হেতৃপ্রশন ছেড়ে দিরে আমাদের জিজ্ঞাসা তথন ব্যাপ্ত থাকবে শ্ব্র্শক্তির স্বতঃস্ফ্রণের ধারা, স্পন্দ ও র্পায়ণের র্নীতি এবং পরিণামের ছন্দ নিয়ে। সন্তা ও শক্তি দ্বইই বখন তমোভূত—একটি শ্ব্র্তা তামসী স্পিতি আরেকটি তামসী প্রবৃত্তি, এবং দ্বইই অচেতন ও অপ্রবৃশ্ধ—তথন বিশ্বপরিণামের ম্লে কোনও হেতৃ বা আক্তি এবং তার চরমে কোনও স্ক্রিশ্চত লক্ষ্য কোনমতেই থাকতে পারে না।

কিন্তু সংস্বর্পকে যদি চিন্ময় বলে মানি বা জানি, তাহলেই হেতুনির্পণের সমস্যা জাগে। অবশ্য এমন চিন্ময় পরেষের কল্পনা অসম্ভব নয়, যিনি দ্বীয়া প্রকৃতির দ্বারা শাসিত এবং নিয়ন্তিত—বিশ্বরূপে প্রকাশ বা শাশ্বত আত্মসংহরণে অপ্রকাশ কোনও-কিছ্মতেই তাঁর স্বাতন্ত্য নাই। এমন বিশ্বেশ্বরের কম্পনা আছে মায়াবাদে এবং কোনও কোনও তান্দ্রিক সম্প্রদায়ে। তাঁদের মতে ঈশ্বর মায়া অথবা শক্তির পরতন্ত্র, পুরুষ মায়াকর্বালত বা শক্তিশাসিত। পেন্টই বোঝা যায়, আমাদের জিজ্ঞাসার শ্বর, যে অনন্ত পরমার্থ-সংকে নিয়ে, তাঁর স্বরূপ ঈশ্বরের এমন কম্পনায় কখনও ফুটতে পারে না। একথা মানতেই হবে, ব্রহ্মই বিশেব নিজেকে রূপায়িত করেছেন ঈশ্বররূপে—'আত্মমায়য়া'। স্তরাং রন্ধা ন্যায়ত শক্তি বা মায়ার প্রাণ্ভাবী স্ব-তন্দ্র অধিষ্ঠান, তাই মায়ার ক্রিয়ানিব্রতিতে ব্রহ্মই আবার তাকে নিলীন করেন আপন তুরীয় সত্তায়। চিন্ময় সন্তা যদি হয় নিবিশেষ, আত্মব্যাকৃতি হতে স্ব-তন্ত্র, নিজের গণেলীলা স্বারা অনুপহিত, তাহলে স্পন্দের স্বর্পযোগ্যতাকে র্পে বিবতিত করা না-করা সম্পর্কে নৈস্গিক স্বাতন্ত্য তাঁর আছে—একথা অনুস্বীকার্য। ব্রহ্ম প্রকৃতি-পরতন্ত্র হলে ব্রহ্মাই বলা চলে না তাঁকে। বলতে হয়, তিনি আনন্ত্যের অন্ধতামিল্ল যেন, ক্রিয়া তাঁর মধ্যে থেকেও ছাপিয়ে উঠেছে তাঁকে, শক্তির সচেতন আধার হয়েও তার তিনি কর্তা নন। যদি বলি, শক্তির শাসন তাঁর আত্মশাসন, কেননা শক্তি তাঁর স্বীয়া প্রকৃতি, তাহলে আমাদের প্রথম অভ্যুপগম টেকে না অতএব সিন্ধান্তবিরোধ অনিবার্য হয়। কারণ, সত্তার স্বর্প তথন পর্যবসিত হয় শক্তিতে—শক্তিরই নিদ্পন্দ বা স্পন্দরূপে। কিন্তু তব্ব তাকে পরমা শক্তিই বলা চলে-পরমার্থ সং নয়।

তাহলে এখন খাঁটিয়ে দেখতে হবে শক্তি ও চৈতন্যের মাঝে কি সম্বাধ। কিন্তু চৈতন্য বলতে আমরা কি ব্লি ? স্থিয় মূর্ছা বা অনা কারণে মান্বের স্থাল ও বহিশ্চর ইন্দিয়বোধের পথ যদি র্শ্ধ না হয়, তাহলে জীবনের বেশীর ভাগ জ্বড়ে তার মনের মহলে যে-জাগ্রংদশাকে স্পন্ট দেখতে পাই, আমরা সাধারণত তাকেই 'চৈতন্য' বলি। চৈতন্যের এ-সংজ্ঞা সত্য হলে তাকে বলতে

হয় জড়বিশ্বের একটা ব্যতিক্রম—নিত্যবিধান নয়, কেননা আমাদের মধ্যে চৈতন্য তাহলে একটা আগন্তুক ধর্ম মাত্র। চৈতন্যের ন্বরূপে সম্পর্কে এই অগভীর প্রাকৃত ধারণাই ছড়িয়ে আছে আমাদের চিন্তায় এবং সংস্কারে। কিন্তু দার্শনিক বিচারে এখন থেকে এ-দৃষ্ণিকৈ প্রোপ্রার বর্জন করে চলতে হবে। আমরা জানি, স্বাপ্ত মূর্ছা বা নেশার ঘোরে দেহ জড়বং অচেতন যথন, তথনও কে যেন ভিতরে-ভিতরে জেগে থাকে আমাদের মধ্যে। শুধু তা-ই নয়। এদেশের প্রাচীন দার্শনিকেরা যে বলেছেন, ষে-জাগ্রৎদশাকে আমরা জানি চৈতন্য বলে, সমগ্র চৈতনাসত্তার সে একটা ভুগ্নাংশ মাত্র—তাঁদের এ-উক্তিও মিথ্যা নয়। জাগ্রংভূমি চেতনার বহিরাবরণ মাত্র। এমন-কি মনশ্চেতনারও সবট্রকু তার এলাকায় পড়ে না। জাগ্রংচেতনার পিছনেও আছে অধিচেতনা বা অবচেতনার একটা বৃহত্তর ভূমি, আমাদের সন্তার অধিকাংশই তার দখলে। তার তুণ্গ-শিখর অথবা অতলগহনের পরিমাপ আজও মানবীয় সামর্থ্যের বাইরে রয়েছে। চৈতন্যের এই বিপাল প্রসারকে মেনে নিয়ে যদি আমাদের এষণা শার, হয়, তবেই আমরা শক্তির স্বরূপ ও প্রবৃত্তির সত্যবিজ্ঞান গড়তে পারব। এই বিজ্ঞানই স্থালতার সঞ্জোচ হতে. প্রতিভাসের বিভ্রম হতে আমাদের দুষ্টিকে চির্রান্ম ক্রবে।

জড়বাদী অবশ্য বলবেন, চৈতন্যের অধিকার যত প্রসারিতই হ'ক, তব্ সে জড়েরই বিকার মাত্র। কেননা, স্থলে ইন্দ্রিয়ের সঙ্গে চেতনার সম্বন্ধ অবিচ্ছেদ্য —ইন্দ্রিয় চেতনার সাধন নয়, চেতনাই ইন্দ্রিয়ের পরিণাম। কিন্তু জড়বাদের এ-গোঁড়ামি ক্রমেই অচল হয়ে পড়ছে বিজ্ঞানের প্রসারের সংগ্র-সংগ্রে। তার ব্যাখ্যাকে আমরা এখন অগভীর অপর্যাপ্ত ও কণ্টকল্পিত বলেই জানি। আমাদের সমগ্রচেতনার সামর্থ্য যে দেহযুক্ত নাডীতক্ত মহিতুক্ত ও ইক্রিয়কেও ছাডিয়ে গেছে বহুদ্রে, চেতনার প্রাকৃতভূমিতেও এইসব শারীরযন্ত্র যে চৈতন্যব্তির অভাস্ত সাধন মাত্র, জনক নয়—একথা ক্রমেই স্পষ্ট হয়ে উঠছে আমাদের কাছে। উধর্বায়নের আকৃতিতে চৈতনাই মন্তিত্ককে সৃতি করেছে সাধনরপে— মস্তিত্ব স্ভিত্ত করেনি, ব্যবহারও করছে না চৈতন্যকে। শারীরযন্ত্র যে চেতনার একান্ত অপরিহার্য সাধন নয়, তার সপক্ষে অনেক অতিপ্রাকৃত ব্যাপারের নজির আছে। হুংস্পন্দন বা শ্বাস-প্রশ্বাসের ক্রিয়া ছাড়াও যে বেচে থাকা অসম্ভব নয়, অথবা চিম্তার জন্য মস্তিককোষের পরিচালন যে অনাবশ্যক অনেকসময়—এতো আমাদের অজানা নয়। অতএব, একটা যন্দ্রের কলাকৌশল হতে তার পরিচালক বাষ্প বা বিদাতের কোনও ব্যাখ্যা অথবা পরিচয় পাওয়া যায় না যেমন তেমনি দেহযক্ষ দিয়েও চৈতন্যক্তির হেত্নির পণ বা ব্যাখ্যা হয় না। উভয়ক্ষেত্রে শক্তিই প্রাক্তন, তার বাহন জড়যন্ত্র প্রাক্তন নয়।

এইথেকে কতগর্বি গ্রেছ্পর্ণ দার্শনিক সিন্ধান্তে পেণছই আমরা।

অসাড় নিন্প্রাণতার মধ্যেও মনশ্চেতনার সন্তা যদি সম্ভাবিত হয়, তাহলে জড়-পদার্থের মধ্যে প্রচ্ছন্ন হয়ে আছে একটা বিশ্বব্যাপ্ত অবচেতন মন, কেবল উপাযুক্ত ইন্দ্রিয়ের অভাবে বাইরে তার আকৃতি বা ক্রিয়া স্ফ্রিরত হচ্ছে না—এ-সম্ভাবনা একেবারে অর্যোক্তিক কি? জড়দশা কি চেতনার অভাব, না চেতনার স্বৃপ্তি? বিশ্বপরিণামের দিক দিয়ে এ-স্বৃপ্তি যদি হয় প্রবর্তনার আদিবিন্দ্র—তার অবান্তরব্যাপার না হয়ে, তাতেই-বা ক্ষতি কি? মান্বের স্বৃপ্তিতেও দেখি, সে তো চেতনার স্তম্ভন বা অভাব নয় শৃধ্য। সে তার অন্তঃসংহরণ—বহিবিষয়ের অভিঘাতে স্থলভাবে সাড়া না দিয়ে চেতনা নিজের মধ্যেই গ্রিষে এসেছে সেথানে। বিশ্বের যা-কিছ্ব বহির্জগতের সঙ্গে আজও প্রকাশ্য যোগাযোগের পথ খুজে পার্যান, তাদের সকলেরই কি এই স্বৃপ্তিদশা নয়? শৃধ্য এক চিন্ময় প্রবৃষ্ঠ নিত্য জেগে আছেন, যারা ঘ্রমিয়ে আছে তাদের মধ্যেও'—এই কি বিশ্বপ্রতিভাসের তত্ত্ব নয়?

শুধু তা-ই নয়। যাকে বলি অবচেতনা, সে আমাদের বহিশ্চর মনশ্চেতনা হতে আলাদা কিছু, নয়। জাগ্রতের অন্তরালে সত্তার গহনে কাজ করলেও জাগ্রতেরই মত তার ধরন—কেবল তার অধিকার জাগ্রতের চেয়ে আরও ব্যাপ্ত. আরও গভীর। কিন্তু অধিচেতনার অধিকার অবচেতনার গণ্ডিকেও বহুদুরে ছাড়িয়ে গেছে। তার উৎকর্ষ এবং সামর্থাই যে বহুগুর্ণিত তা নয়—আমদের চিরপরিচিত জাগ্রংমানস হতে তার ধারাই স্বতন্ত। অতএব এ-ধারণা অসংগত নয় যে. আমাদের মধ্যে যেমন আছে অবচেতনা. তেমনি আছে অতিচেতনা। এই আধারেই চিন্ময়-বিগ্রহের মধ্যে আছে চিৎ-বৃত্তির এমন-একটা পরম্পরা যা আমাদের পরিচিত মনোভূমির অনেক ঊধৈর্ব। অধিচেতনা এর্মান করে অতিচেতনায় উত্তীর্ণ হতে পারে যদি মনের সীমানা ছাড়িয়ে, তাহলে সে কি মনেরও তলায় তলিয়ে যেতে পারে না অবচেতনার পাতালপুরে ? বিশ্বজগতে, এমন-কি আমাদের এই আধারেই কি নাই চেতনার এমন অবরভূমি যা মনেরও নীচে. যাকে আমরা বলতে পারি প্রাণচেতনা এবং দেহচেতনা? তা-ই যদি হয়, তাহলে চেতনার অধিকারকে আরও প্রসারিত করে উদ্ভিদ ও ধাতৃখণ্ডে নিগ্ঢ়ে শক্তিকেও আমরা চেতনা নাম দিতে পারি না কি? অবশ্য পশ্র বা মানুষের মানসের সঙ্গে সে-চেতনার সাদৃশ্যে নাই; কিন্তু তা বলে চৈতন্য-গ্র্ণকে তাদেরই একচেটিয়া ভাববার কোনও সংগত কারণও তো নাই।

চেতনার এই বিশ্বময় অন্স্ত্তি শ্বধ্ব যে সম্ভব তা নয়, নিরপেক্ষ বিচারে একে আমরা অবধারিত বলেই জানি। আমাদেরই মধ্যে দেখি, প্রাণচেতনার এমন-একটা লীলা চলছে দেহকোষে এবং জীবনযোনিপ্রযক্তে, যার ফলে মনের অগোচরে আমরা সায় দিয়ে চলেছি নানা সার্থক প্রবৃত্তিতে এবং আকর্ষণ-বিকর্ষণের বিচিত্ত শ্বন্দে। পশ্র মধ্যে প্রাণচেতনার এই লীলা আরও স্কুপ্পট

এবং সার্থক। উদ্ভিদের মধ্যেও বোধির প্রতায় দিয়ে তার পরিচয় পাই। উদ্ভিদের স্থ-দ্বঃখ, প্রবৃত্তি-নিবৃত্তি, নিদ্রা-জাগরণ প্রভৃতি জীবনস্পন্দনের বিচিত্র রহস্য একজন ভারতীয় বৈজ্ঞানিক খাঁটি বিজ্ঞানসম্মৃত উপায়ে আমাদের প্রতাক্ষ করিয়েছেন। তাঁর গবেষণায় উদ্ভিদের চিত্তবৃত্তির কোনও সন্ধান আজ্প পর্যক্ত না মিললেও তার স্পন্দ যে চিৎস্পন্দই, সে নিয়ে কোনও প্রশ্ন ওঠে না। অতএব মানতেই হয়, স্বান্ভবের ধারা অতিচেতনাতে মনশ্চেতনা হতে ভিন্ন যেমন, মনের নিদ্মহলে প্রাণচেতনাতেও ঠিক তা-ই—যদিও তার সাড়া দেবার ধরন গোড়াতে হ্বহ্ মনেরই মত।

পশ্বেও নীচে, উদ্ভিদে দেখি প্রাণের লীলা। চৈতনাের লীলাও কি এখানে এসেই শেষ হয়ে গেছে? তাহলে কি প্রাণ ও চেতনা জড় হতে বিজাতীয় কোনও শক্তি, পরিণামের একটা বিশিষ্ট পর্বে জড়ে এসে আবিষ্ট হয়েছে— সম্ভবত আর-কোনও জগৎ হতে?* নইলে হঠাৎ এ-শক্তি কোথা থেকে এল জড়ের মধ্যে? প্রাচীন দার্শনিকেরা বিশ্বাস করতেন, জড়াতীত এমন-সব জগৎ আছে, যারা এই জগতের প্রাণ ও চেতনাকে ধরে আছে অথবা ফর্টিয়ে তুলছে নিজের চাপে—কিন্তু আবেশন্বারা নতুন করে স্ভিট করছে না কিছুই। কেননা আগে থেকেই যা সংবৃত্ত হয়ে নাই জড়ের মধ্যে, তার বিবৃত্তিও কখনও সম্ভব নয়।

কিন্তু আমরা যাকে মনে করি নিছক জড়, তার সামনে এসেই প্রাণ ও চেতনার মুর্ছনা যে দতর হয়ে থমকে গেছে, একথা মনে করবার সঞ্গত কোনও কারণ নাই। দর্শন ও বিজ্ঞানের সাম্প্রতিক রায় হচ্ছে—প্রাণের নিদানকথা অদপন্ত ও রহস্যাছহর। সম্ভবত ধাতু মৃত্তিকা প্রভৃতি নিল্প্রাণ পদার্থে প্রছন্ত্র হয়ে আছে একটা নিদ্পন্দ ও নির্দ্ধ চেতনা। আমাদের মধ্যে চেতনার যা মূল উপাদান, অন্তত তার অব্যক্ত স্টুনা আছেই জড়ের মধ্যে। ইতিপ্রে যাকে বলেছি প্রাণচেতনা, উদ্ভিদে তার একটা অদপন্ট আভাস পাই বলেই তার কল্পনাকে উড়িয়ে দিতে পারি না। কিন্তু জড়ের চেতনা অসাড় নিম্পন্দ, তাই বোঝা কঠিন বলে তাকে কল্পনা করাও কঠিন। আর যা ব্রিঝ না বা ভাবতে পারি না, তা উড়িয়েও দিতে পারি—এই আমাদের ধারণা। কিন্তু চেতনাকে যদি নামিয়ে আনতে পারি মন্যালোক হতে উদ্ভিদ-জীবনের গভীর গহনে, তাহলে এর পরেই প্রকৃতির পরিণামে হঠাৎ দেখা দিল একটা দৃস্তর ফাক— একথাই-বা বিশ্বাস করি কি করে? বিশ্ববাপারের সর্ব্য বদি দেখি একই

^{*} লোকান্তর হতে নয় কিন্তু গ্রহান্তর হতে প্রাণ এসেছে এই প্রথিবীতে, এমন-একটা অন্তর্ভ জন্পনা চলছে আচ্চকাল। কিন্তু এ-মীমাংসা মীমাংসাই নয় চিন্তাশীল দার্শনিকের কাছে। আসল প্রন্ন হচ্ছে, আদপেই জড়ের মধ্যে প্রাণ এল কি করে—বিশেষ-কোনও গ্রহের জড়-উপাদানে সঞ্চারিত হল কি করে, সে-প্রন্ন নয়।

ধারার স্কুপন্ট নিদর্শন, শুধু একটি ক্ষেত্রে দেখি—ধারা বিলুপ্ত নয়, কেবল অপরের তুলনায় তার চিহ্ন অন্পন্ট—তাহলে সেখানে ধারার অন্তিছকে অনুমান করবার অধিকারও তর্কবৃদ্ধির নিশ্চয় আছে। এমনি করে ধারার অবিচ্ছিল্ল প্রবহমানতাকে যদি স্বীকার করি, তাহলে জগতে যেখানে শক্তির লীলা দেখব, সেখানেই নিঃসংশয়ে মান্ব চৈতনায়ও অন্তিছ। অতএব, শক্তির সকল ব্যাকৃতিতে চেতন বা অতিচেতন প্রশ্বের সাক্ষাৎ অভিনিবেশ যদি নাও থাকে, তব্ব চেতনশক্তির আবেশ যে আছেই তাদের মধ্যে এবং তার স্বারা যে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে তাদের বহিরঞ্গব্যাপার নিয়ন্তিত হচ্ছে, তাতে কোনও সন্দেহ নাই।

চেতনাকে এমনি করে সর্বান্স্যুত মানতে গোলে তার অর্থকে অনেকথানি প্রসারিত করে নিতেই হয়। তথন বলা চলে না, চেতনা আর চিত্তবৃত্তি সমার্থক। চেতনা তথন সন্তার স্বয়ম্প্রজ্ঞ স্বর্পশক্তি—চিত্তবৃত্তি তার মধ্যপর্ব মাত্ত। চিত্তবৃত্তির নীচে চেতনা পর্যবিসত হয় জীবনযোনি-প্রয়ন্তে, এবং তার উধের্ব উত্তীর্ণ হয় অতিমানস ভূমিতে—আমাদের কাছে যা অতিচেতন। কিন্তু এক অন্বৈতচৈতন্যেরই বিচিত্র কায়ব্যুহ নিখিল জ্বড়ে। ভারতীয় দর্শনে এই হল চিতের স্বর্প, শক্তির্পে যা অনন্তকোটি জগং সৃষ্টি করছে। এমনি করে আমরা পেণছই যে-অন্বয়তত্বে, জড়বিজ্ঞানও তাকেই দেখেছে দৃষ্টির বিপরীত মের্ হতে—যখন মনকে জড় হতে পৃথক শক্তি না মেনে সে বলেছে, মন শ্ব্রু জড়শক্তির ক্রমিক পরিণাম। কিন্তু ভারতীয় দর্শন অন্ভবের নিবিড্তম প্রত্য়ে হতে বলেছে, মন ও জড় একই শক্তির বিভিন্ন পর্ব মাত্র, তারা এক অখণ্ডসন্তারই চিন্ময় স্বর্পশক্তির বিভিন্ন র্পায়ণ।

তব্ প্রশন হবে, বিশ্বশক্তি যে যথার্থই চিন্ময়ী, তার প্রমাণ কি ? চেতনা থাকলেই তো দেখা দেবে কিছ্-না-কিছ্ বৃদ্ধির ব্যাপার, একটা সাভিপ্রায় প্রবৃত্তি, খানিকটা আত্মসংবিং। আমাদের অভ্যন্ত চিত্তবৃত্তির আকারে না হ'ক, কোনও-না-কোনও আকারে তারা দেখা তো দেবেই।...কিল্তু প্র্বপক্ষের এ-শঙ্কা সর্বগত চিংশক্তির বির্দ্ধে না গিয়ে তাকে বরং সমর্থনিই করে। তার উদাহরণ : পশ্র মধ্যেও মেলে লক্ষ্যান্সায়ী প্রবৃত্তির এমন নিখ্ত পরিচয়, বৈজ্ঞানিকের মত স্ক্র্যাতিস্ক্র জ্ঞানের এমন আশ্চর্য সমাবেশ, যা তার মানসিক সামর্থ্যকে অনেকখানি ছাড়িয়ে গেছে। এমন-কি মান্য তাকে বহ্ সাধ্যসাধনায় আয়ত্ত করেও অদ্রাল্ড ক্ষিপ্রতায় ব্যবহার করতে পারে না পশ্র মত। এই অতিসাধারণ একটি ব্যাপার হতেই বোঝা যায়, পদ্ব-পক্ষী কীট-পতন্যেও চলছে চিংশক্তির এমন-একটা লীলা যা বৃন্ধির স্বচ্ছ তীক্ষ্যতায়, সাভিপ্রায় প্রবৃত্তিতে, সাধ্য সাধন ও পরিবেশের সাক্ত সচেতনতায় এমনই অনুপম যে, এ-যাবং পৃথিবীতে আবিস্তৃত মনঃশক্তির শ্রেষ্ঠ বিকাশও হার

মানে তার কাছে। তেমনি জড়প্রকৃতিরও সকল ব্যাপারে দেখি, সেই এক প্রচ্ছন্ন পরা বৃদ্ধিরই খেলা—'স্বগৃহ্ণার্ন'।

সারা বিশ্বে এমনি করে চলছে এক আক্তির লীলা। তার মধ্যে বৃদ্ধির কত কসরত, কত খোঁজাখাঁজি, কত বাছাই-ছাঁটাই, কত মানিয়ে-চলা। যে চিন্ময় প্রেতি আছে এর ম্লে, তার বির্দ্ধে এই আপত্তি শৃধ্—প্রকৃতি বৃদ্ধিমতীই হবে যদি, তবে তার মধ্যে বেপরোয়া অপচয়ের প্রবৃত্তি কি করে এত প্রবল হল? কিন্তু এ-আপত্তি শৃধ্ব মন্ষ্যবৃদ্ধির সঙকীর্ণতা হতে প্রস্ত। বিশ্বশক্তির বিপল্ল প্রবাহের 'পরে সে তার কুনো যাক্তির ছাপ রেখে যেতে চায় সঙকীর্ণ ইন্টাসিন্ধির খাতিরে। মহাপ্রকৃতির অভিপ্রায়ের একটিমার্র দিক আমরা দেখি। তাই তার সঙ্গো গরমিল যার, তাকেই বলি শক্তির অপচয়। কিন্তু মান্বের সমাজেও তথাকথিত অপচয়ের লেখা-জোখা নাই। অথচ অনেকক্ষেরে ব্যক্তির দ্বিত্তিত যা অপচয়, সে যে কোনও বিরাট ইন্টাসিন্ধির অন্কৃল, সে-বিষয়েও আমরা নিঃসংশয়। প্রকৃতির আক্তির যেদিকটা আমাদের কাছে স্পন্ট, তারও মধ্যে দেখি—অপচয় সত্ত্বেও, এমন-কি আপাত-অপচয়ের স্বযোগ নিয়েই সে তার নিজের কাজ ঠিক হাসিল করে চলেছে। অতএব, প্রকৃতির যে-উন্দেশ্যটা যবনিকার অন্তরালে, তার সাধনার ভার অসংকাচে তারই হাতে ছেড়ে দিতে পারি নাকি?

বাস্তবিক, পশ্রতে উদ্ভিদে জড়ে—যেখানেই বিশ্বশক্তির লীলা অব্যাহত, সেখানেই দেখি তার লক্ষ্যনিষ্ঠার একটা সংবেগ; আপাত-অন্ধ প্রবৃত্তিকে নিয়ন্তিত ক'রে বিলম্বেই হ'ক বা সদ্য-সদ্যই হ'ক, ঠিক-ঠিক লক্ষ্যভেদ করবার আশ্চর্য একটা নৈপুণ্য। প্রকৃতির উন্দেশ্য পুরাপুরি জানা না থাকলেও এ-ব্যাপারগালিকে তো উপেক্ষার দাষ্টিতে দেখা চলে না কিছাতেই। যতাদন আন্থাশিখ জন্তে ছিল বৈজ্ঞানিকের কল্পনা, ততাদন বৃদ্ধিকেই বৃদ্ধির প্রসত্তি মানতে নিষ্ঠায় বাধত তার—সেকথা না হয় বৃঝি। কিন্তু এ-যুগে র্যাদ কেউ বলে, মানুষের চেতনা বৃদ্ধি সিদ্ধি সমস্তই এসেছে এক অন্ধ প্রমন্ত অপ্রবৃশ্ধ অচেতনার প্রবেগ হতে, যার মধ্যে তাদের এতটুকু আভাস বা বীর্য প্রচ্ছন্ন ছিল না-তাহলে তার উক্তিকে মান্ধাতায়,গের একটা হে য়ালি ছাড়া কী বলব ? দিবালোকের মতই স্পষ্ট একথা—মানুষের চেতনা মহাপ্রকৃতির চেতনার একটা রূপ মাত্র। এই চেতনা সংবৃত্ত হয়ে আছে মনোলোকের তলায়, মুকুলিত হয়েছে মনের মধ্যে—এখনও তার উৎকৃষ্টতর রূপায়ণ বাকী আছে মনেরও ওপারে। কারণ অনন্ত লোকের প্রস্তি যে-মহাশক্তি, তিনি চিন্মরী। লোকে-লোকে যে-সন্মানের রূপায়ণ তিনি চিন্ময় প্রেষ। গ্রহাহিত সম্ভূতি-বীর্ষের পরিপূর্ণ রূপায়ণই তার বিশ্বরূপের তাংপর্য ও আকৃতি—আমাদের প্রসন্ন-উদার বৃশ্বির এই তো প্রতার।

একাদশ অধ্যায়

আনন্দরপং যদ বিভাতি

का रहावाना। कः शानाः यस्य खाकाम खानरमा न त्रार। আনন্দদেধ্যৰ খালবমানি ভতানি জায়ণেত, আনদেদন জাতানি क्वीवर्रिक । आगम्मः अयुग्काफ्रिमशीवर्षाम्क ।

তৈত্তিরীয়োপনিষং ২ ৷৭: ৩ ৷৬

কারণ কেই-বা থাকত বে'চে, কেই-বা নিত নিশ্বাস--যাদ এই আনন্দ আকাশ হয়ে আমাদের না থাকত ছেয়ে।

অনন্দ হতেই জন্মেছে এইসব ভূত, জন্মে আনন্দেই আছে বে'চে, আবার আনন্দেই ষায় তারা মিলিয়ে।

—তৈত্তিরীয় উপনিষদ (২।৭: ৩।৬)

মানলাম. সদারক্ষই বিশেবর আদি অবসান ও পরায়ণ, এবং সেই রক্ষসন্তারই অবিনাভূত এক স্বতঃস্ফূর্ত আত্মসংবিং চিৎস্পন্দরূপে নিজেকে বিচ্ছুব্রিত করে সান্দি করছে অননত লোক—িবচিত্র শক্তির বহুখা রূপায়ণে। তব্ এ-প্রন্দ থেকেই যায় : ব্রহ্ম অনন্ত নিবিশেষ নিরপ্তান অপ্রয়োজন অকাম হয়েও কেন চিংশক্তিকে বিচ্ছারিত করলেন বিশ্বরূপের বিস্বাদিতে? তাঁর স্বরূপশক্তিই তাঁকে বাধ্য করছে সূষ্টি করতে, স্পন্দ ও রূপায়ণের স্বরূপ-যোগ্যতা আছে বলেই রূপে স্পন্দিত না হয়ে পারেন না তিনি-সমস্যার এ-সমাধান পূর্বেই আমরা প্রত্যাখ্যান করেছি। কারণ স্বরূপ-যোগ্যতা থাকলেও তার শ্বারা তিনি সীমিত অবর্ম্থ বা নিয়ন্তিত নন। তিনি স্ব-তন্ত্র, অতএব স্থান্তর যোগ্যতা থাকলেও তার দায় তাঁর নাই। স্পন্দব্তি অথবা স্পন্দহীন নিত্যস্থিতি, সম্ভূতি অথবা আত্মনির মধ অসম্ভূতি দৃইই যদি তাঁর স্বেচ্ছাধীন হয়, তাহলে তাঁর এই ম্পন্দ ও সম্ভতিলীলার একমাত্র কারণ হতে পারে—আনন্দের অবারণ উচ্ছবাস।

অনাদি পরাংপর শাশ্বত সন্মান্তকে বেদান্তীরা দেখেছেন কেবল সন্তারপে নয়, অথবা এমন চিন্ময় সন্তারপেও নয় যার চিং একটা অন্ধর্শাক্তর সংবেগ শুধু। তাঁদের অনুভবে, ব্রহ্ম চিন্ময় সত্তা হলেও আনন্দই তাঁর সঁত্তার তাৎপর্য, আনন্দই তার চেতনার স্বরূপ। প্রমার্থসন্মাত্র বলি যাকে, তার মধ্যে অসত্তা বা অচিতির অন্ধর্তমিস্লা অথবা শক্তির কুঠাবশত কোনও ন্যানতা থাকতে পারে ना-किनना जारक जात भवनार्थ जड वना **हम**ज ना जाक। ठिक स्मर्ट कावलि

বেদনাবাধ বা আনন্দের অভাবও থাকতে পারে না তার স্বভাবে। চিন্মর সন্তার পরাকাণ্ঠা হল তার নিরঙকুশ আনন্দস্বভাব। এখানে উদ্দেশ্য আর বিধেয়ের একই তাৎপর্য। নিরঙকুশতা আনন্ত্য পরাকাণ্ঠা—সমস্তের মধ্যেই আছে শ্রন্থ আনন্দের স্বতঃস্ফৃতি ব্যঞ্জনা। এমন-কি ব্যাবহারিক জীবনের সঙকীর্ণ পরিসরেও যেখানে অতৃপ্তি অনুভব করি, সেখানেই সীমার সঙকোচ বা বাধা থাকে। তাই অবরুশ্ধকে নিমর্ক্ত করে, সীমাকে অতিক্রম করে, বাধাকে পরাভূত করেই আমাদের তৃপ্তি। কারণ আর-কিছু নয়। মানুষের অনাদিসন্তায় আছে অকুণ্ঠ অনন্ত আত্মসংবিৎ ও আত্মশক্তির নিরঙকুশ পরাকাণ্ঠা। নিজেকে এমন করে পাবার অর্থই হল আত্মানন্দে বিভোর হওয়া, এবং তা-ই আমাদের স্বর্প। ব্যাবহারিক জীবনের ক্ষ্মতায় এই আত্মবশ্যতার আমেজ লাগে যথন, তথনই আমরা পাই তৃপ্তির সন্ধান, পাই আনন্দের স্পর্শ।

রন্ধের আত্মানন্দ কিন্তু তাঁর নিবিশেষ আত্মসন্তার নিস্পন্দ স্থাণ্তাদ্বারা খণিডত হয় না কখনও। যেমন তাঁর চিংশক্তির মধ্যে আছে আত্মর্পায়ণের নিরবচ্ছিল্ল অনন্ত-বিচিন্ন সামর্থ্য, তেমনি তাঁর আত্মানন্দের মধ্যেও আছে অনন্তকোটি ব্রহ্মাণ্ডের র্পে অন্তহীন আত্মর্পায়ণের নিত্যচণ্ডল সম্প্লাস, অফ্রন্ত স্পন্দবৈচিন্ত্যের অপর্প লাস্যলীলা। আত্মস্বর্পের আনন্দস্পন্দকে অনন্ত র্পবৈচিন্ত্যের উৎসারণে সন্দ্ভোগ করাই তাঁর বিশ্বব্যাপিনী স্থিলীলার একমাত্র তাৎপর্য।

অথবা বলা চলে, বিশেব যা র্পায়িত হয়েছে, তা সং চিং আনন্দের অখণ্ড ন্যা। বেদানতীরা তাঁকেই বলেন সাঁচ্চদানন্দ। তাঁর চিংস্বভাবে আছে বিস্থিটি অথবা আত্মর্পায়ণের এক দিব্য সামর্থ্য, যা তাঁর চিংসয় স্বর্পসন্তাকে বিচ্ছ্রিত করে র্প ও প্রতিভাসের অনন্ত বৈচিন্ত্যে এবং সেই বিচ্ছ্রেণের আনন্দকে সন্ভোগ করে 'শাশ্বতীভাঃ সমাভাঃ'। অতএব যা-কিছ্ এ-বিশেব আছে, তা অখণ্ড সাঁচ্চদানন্দের সন্তায় সন্তাবান, তাঁর চেতনায় চিংময় এবং তাঁরই আনন্দে নিন্দত। যেমন বিশেবর বৈচিন্ত্যকে দেখেছি এক নির্বিকারসন্তার বিভাগার্পে, এক অনন্তর্শন্তির খণ্ডপরিণামর্পে, তেমনি আবার দেখতে পাব এক সর্বগত একরস স্বায়ম্ভ্ব আনন্দই বিশ্বর্পে প্রবর্তিত করেছে তার আত্মসম্ভূতির রাসচন্ত্র। যা-কিছ্ এ-জগতে আছে, তার মধ্যে চিংশন্তিং পরিনিহিত রয়েছে—ম্বর্পের ধান্ত্রী ও স্বধর্মের প্রবর্তিকা হয়ে। তেমনি যা-কিছ্ আছে, তার ম্বেলে রয়েছে সন্তারই আনন্দ—তার সঞ্জীবন ও স্বভাবর্পে।

প্রাচীন বেদানতীরা এই স্বর্পানন্দের প্রেতিকেই দেখেছিলেন বিশ্বস্থির ম্লে। কিন্তু তাদের সিম্ধান্তের দুটি প্রবল পূর্বপক্ষ হল, প্রথমত প্রাকৃত-মনের নিত্য-অনুভূত দুঃখ—বেদনা ও ইন্দ্রিয়বোধের রাজ্যে, এবং ন্বিতীয়ত তার নিত্যদৃষ্ট অনর্থ ও অধর্মের সমস্যা। প্রদন হবে : এ-জ্বগংকে বলা হয় সাচ্চদানন্দের বিভূতি। শুধু চিন্ময়সত্তার বিভূতি বললে আপত্তির কারণ ছিল না কোনও। কিন্তু তারও পরে বলা হয় তাকে অফ্রনত আনন্দসন্তার উল্লাস। তা-ই যদি সত্য হবে, তাহলে জগং জাড়ে কোথা হতে এল এত শোক এত দ্বংখ এত ব্যথা? এ-জগৎ যে দ্বংখালয় এই অনুভবই তো প্রত্যক্ষ, একে দ্বর্পসত্তার আনন্দে উল্লাসিত দেখছি না তো কোথাও।...কিন্তু, জগৎ দুঃখময়— এটা অত্যক্তি, এবং তার মূলে আছে দৃণ্টিভঙ্গির বিপর্যায়। কোনও ভাব্রকতার ভাওতায় না পড়ে, শ্ব্ধ সত্য-নিধারণের খাতিরে জগতের দিকে নিরপেক বিচারকের দুন্টিতে তাকাই যদি, তাহলে দেখি, আপতিক অথবা ব্য**ক্তিগত** দ্বঃখ কোথাও তীব্র হয়ে দেখা দিলেও সমগ্র বিশ্বের জীবনলীলায় দ্বঃখের চাইতে সূথেরই ভাগ বেশী। বাস্তবিক সূথের দশাই প্রকৃতির স্বাভাবিক বিধান, সাময়িক বিপর্যয়র্পে দুঃখ তাকে স্তম্ভিত বা অভিভূত করে রাখে মাত্র। সুখে স্বাভাবিক বলে দুঃখের পরিমাণ স্বন্প হলেও চেতনায় তা তীব্রতর হয়ে ফোটে এবং অন্ভুত স্থের চাইতে কন্পিত দৃঃথের বোঝাটা ভারি ঠেকে। সুথে অভ্যদ্ত বলেই তার স্মৃতিকে আমরা আঁকড়ে থাকি না। এমন-কি উংকট অথবা আত্মহারা উল্লাসের তীব্রতা দিয়ে চেতনার তন্ত্রীকে সবলে আঘাত না করলে সহজ স্থের দিকে ফিরেও তাকাই না অনেকসময়। সুথের এই নিখাদের স্বরকেই আমরা বলি আনন্দ এবং তার পিছনে ছুটে মরি। জীবনের যে স্বাভাবিক স্বচ্ছ পরিত্রপ্তি বিশেষ-কোনও ঘটনা নিমিত্ত বা বিষয়ের অপেক্ষা না রেখে সবসময় চেতনার ক্ষেত্র জনুড়ে আছে, তাকে মনে করি না-সন্থ না-দ্বঃখর্পী একটা তটস্থ অবস্থা মাত। অথচ আনন্দের ওই স্বচ্ছ র্পটিকৈ ম.ছেও ফেলতে পারি না ব্যাবহারিক জীবন হতে, কারণ জীবনধারণের ওই আনন্দট্বকু অব্যাহত না থাকত যদি, তাহলে প্রাণিমাত্রেই আত্মরক্ষার অমন প্রবল অভিনিবেশ দেখা দিত না। সহজ আনন্দের কাম্যতা সম্পর্কে সচেতন নই বলেই প্রাকৃত সূ্থ-দ্বঃখের হিসাবের খাতায় তাকে আমরা জমা করি না। সে-খাতায় লাভের ঘরে বসাই শুধু তীব্র-সূথের অৎক, আর যত অস্বস্তি ও দঃখকে ফেলি ক্ষতির কোঠায়। দঃখের সামান্য অনুভূতিও তীর নিখাদে বেজে ওঠে চেতনায়, কেননা আধারের সহজ ছন্দ অথবা স্বাভাবিক জীবন-প্রবৃত্তির সে অনুকূল নয়। তাই আমরা তাকে অনুভব করি জীবনসতার অবমাননার্পে—আমাদের স্বভাব ও আক্তির অমর্যাদা এবং তাদের 'পরে অনাহতে একটা উপদ্রবরূপে।

কিন্তু দৃঃখ অস্বাভাবিকই হ'ক অথবা তার পরিমাণে যতই ইতরবিশেষ থাকুক, তাতে মূল দার্শনিক প্রদেনর জবাব হয় না। দৃঃথের পরিমাণ যা-ই হ'ক না কেন, পূর্বপক্ষী তার অস্তিমকেই মনে করে একটা সমস্যা। তার প্রশন, সকলই যদি সচ্চিদানন্দ, তবে দৃঃখতাপের অস্তিম মোটেই সম্ভব হয় কি করে? আসল সমস্যা হয়ে ওঠে আরও ঘোরালো, যখন তার সঞ্গে একটি অপসিন্ধান্ত জোড়ে সে বিশ্ববহির্ভূত ঈশ্বরপুর্বের কল্পনার্পে এবং একটি উপসিন্ধান্ত খাড়া করে অধর্ম ও অনর্থের অস্তিত্বরূপে।

তর্কটা তখন দাঁডায় এই। সাচ্চদানন্দই ঈশ্বর অথবা বিশ্বস্থাটা চিন্ময়-পুরুষ। কিন্তু সেই ঈন্বর এমন জগৎ গড়লেন কি করে, যার মধ্যে তাঁর সৃষ্ট জীবের এত দুর্গতি ঘটাচ্ছেন তিনি—দুঃখকে মঞ্জুর করে, অনুর্থকে প্রশ্রয় দিয়ে? ঈশ্বর শিবময় যদি, তাহলে কে দুঃখ এবং অনুর্থের স্রন্ধা ? দুঃখকে জীবের অণ্নিপরীক্ষা বলে ব্যাখ্যা করলেও ধর্মের দায় চোকে না। কেননা তাহলে ঈশ্বরকে বলতে হয় অধার্মিক অথবা ধর্মাতীত। সেক্ষেত্রে তাঁকে জগতের একজন চমংকার কারিগর অথবা নিপ্রণ মনোবিদ্য বলে বাহবা দিতে পারি, কিন্তু প্রেমময় শিবময় আরাধ্যদেবতা বলে মানতে পারি না-পারি শুধু তাঁর শক্তির জ্বল্বমকে নত হয়ে স্বীকার করতে, অথবা তাঁর খেয়ালী মেজাজকে কোনরকমে খুশী রাখতে। কারণ, পীড়নযন্তে জীবকে যাচাই করবার কোশল আবিৎকার করতে পারে যে, হয় তার নিষ্ঠ্রেতা স্বেচ্ছাপ্রণোদিত, নয়তো ধর্মাধর্মবোধই তার নাই। আর তার ধর্মবোধ থাকেও যদি, তাহলেও সে-বোধ তার নিজেরই সূষ্ট জীবের স্বাভাবিক মার্জিত বোধের চেয়েও খাটো।... ধর্মাধর্মের প্রশন এড়াতে বলতে পারি, দৃঃখ জীবের অধর্মপ্রবৃত্তির অপরিহার্য পরিণাম এবং স্বভাবসংগত সাজা। কিন্তু এ-ব্যাখ্যায় বর্তমান জীবনের সকল বৈষম্যের সংগতি খাজে পাওয়া যায় না। তার জন্য ব্যাখ্যাতাকে আশ্রয় করতে হয় কর্ম- ও জন্মান্তর-বাদ, যার মতে এ-জন্মের দুঃখভোগে জীব পায় পূর্বজন্মের পাপের সাজা।...এতেও ধর্মাধর্মসমস্যার আমূল সমাধান হয় না। গোডার প্রশ্নটা তব্য থেকেই যায় : যে-অধর্ম প্রবৃত্তির দর্যন দৃঃখভোগের শাস্তি জীবকে মাথা পেতে নিতে হয়, সে-প্রবৃত্তিই বা এল কোথা থেকে—কে সৃষ্টি করল তাকে, কেন করল ? তাছাড়া স্পণ্টই যখন দেখছি অধর্ম প্রবৃত্তি বাস্তবিক একটা মানসিক ব্যাধি বা অজ্ঞানের ফল, স্বভাবতই তখন মনে হয়, যা শুধু মনের রোগ বা অব্বের কাজ তাকে দণ্ডিত করতে এমন ভয়ঙ্কর প্রতিক্রিয়া কখনও-বা এমন উৎকট আস্বারিক নির্যাতনের অলখ্যা বিধান স্বাণ্ট করল কে? কর্মফলের তো একচলে এদিক-ওদিক হবার জো নাই। তাই পরমদেবতাকে পুরুষবিধ কল্পনা করলে কর্মফলের বিধানকে তাঁর সঙ্গে খাপ খাওয়ানো যায় এইজনাই ব্রুদেধর শাণিত যুক্তি দ্ব-তন্ত্র সর্বনিয়ন্তা ঈশ্বরপ্রর্ষের অহিতত্বকে স্বীকার করেনি। তাঁর মতে প্রেমবিশেষ হবার অর্থই হল অবিদ্যাকর্বলিত এবং কর্মাধীন হওয়া।

জগদ্ব্যাপারে দৃঃখ ও অনথের অহ্তিত্ব নিয়ে যে জটিল সমস্যা, তার ম্লে আছে বিশ্ববহির্ভূত একজন ঈশ্বরপ্রুষের কল্পনা। স্বয়ং বিশ্বরূপ তিনি নন। কিন্তু তাঁর সৃষ্ট জীবের জন্যে স্থ-দৃঃখ ভাল-মন্দের ব্যবস্থা করে সে-ব্যবস্থায় অপরাম্নট থেকে দাঁড়িয়ে আছেন বিশেবর উধের এবং সেখান হতে দঃখহত আয়াসক্রিণ্ট বিশ্বকে পর্যবেক্ষণ ও শাসন করছেন তাঁর অপ্রতিহত ইচ্ছার প্রশাসনে। অথবা ইচ্ছার প্রশাসন যদি না থাকে তাঁর, এ-জগদ্ব্যাপারের ম্লে যদি থাকে শ্ব্ধ্ এক অনতিবর্তনীয় নিয়তির অকর্ণ তাডনা, তাকে স্ক্রহ করবার সামর্থ্য বা নৈপ্রণ্য তাঁর না-ই থাকে যদি-তাহলে মঙ্গলময় প্রেমময় তো দ্রের কথা, সর্বশক্তিমান ঈশ্বর বলেই-বা মানব তাঁকে কোন্ বাস্তবিক, ঈশ্বরের ধর্ম দায় আছে অথচ তিনি বিশ্ববহিভত-এ-কল্পনায় জগতের সন্তাপ ও অনর্থের সমস্যা মেটে না। সন্তাপ ও অনুর্থের স্থিত কেন, এ-প্রশেনর জবাবে তথন হয় আসল সমস্যাটাকে ধামাচাপা দিয়ে খাড়া করি একটা বাজে ওজর, নয়তো প্রতাক্ষ বা পরোক্ষভাবে অখণ্ড ঈশ্বর-সত্তাকে দ্বিখণ্ডিত করি প্রতীচ্য দ্বৈধবাদীদের মত-তাঁর লীলার সাফাই বা কাজের জবাবদিহির জন্যে। কিন্তু এমন ঈন্বর তো বেদান্তের সচিচদানন্দ নন। বেদানত সচ্চিদানন্দ বলছে যাঁকে, তিনি 'একমেবাদিবতীয়ম'—বিশেবর যা-কিছ্ব সমস্তই তিনি। অতএব দৃঃখ ও অনর্থ থাকে যদি, তাহলে নিজেকে সুষ্ট জীবে রূপায়িত ক'রে তিনিই হবেন তার ভোক্তা। একথা মানলে সমুষ্ট সমস্যাটার রং বদলে যায়। তখন আর এ-প্রশ্ন ওঠে না, ঈশ্বরে যে অনর্থ-সন্তাপ সম্ভবে না. অতএব তিনি স্বয়ং যার দ্বারা অপরাম্নুট, কেমন করে তাঁর স্ফুট জীবের ভাগ্যে তা বিধান করবেন তিনি? প্রশ্নটা তথন ঘুরে দাঁডায় এই আকারে: অখণ্ড অনন্ত সচ্চিদানন্দের মধ্যে কি করে দেখা দিল নিরানন্দ, কোথা হতে এল তাঁর আত্মন্বরূপের একান্তবিরোধী এই প্রত্যয়?

এই যদি হয় প্রশ্নের ধরন, তাহলে ঈশ্বরের ধর্ম দায়ের খটকা অর্ধেক চনুকে যায়, সমস্যাটাকে তখন আর অসমাধেয় মনে হয় না। তখন নৈঘ্ প্যের অভিযোগ আনাই চলে না ঈশ্বরের বির্দেধ। অপরকে আমি নিণ্টর হয়ে দ্বঃখ দিলাম, সে-দ্বঃখের আঁচ আমার গায়ে লাগল না। অথবা কাল বয়ে গেলে পর কর্ণা বা অনুশোচনা উথলে উঠল যখন, তখন তাদের দ্বঃখের ভাগী হলাম—এ হল এক কথা। আর আমিই আমাকে দ্বঃখ দিচ্ছি, কেননা কেউ নাই জগতে আমি ছাড়া—এ হল আরেক কথা। তব্ ধর্ম দায়ের কথাটা একেবারে চোকে না। সেটা মোলায়েম হয়ে দেখা দেয় এইভাবে: যিনি আনন্দময়, নিশ্চয় তিনি কল্যাণময় ও প্রেময়য়। তাহলে অনর্থ-সন্তাপ কি করে থাকতে পারে তার মধ্যে, কেননা তিনি তো পরতন্য বা যন্দ্রার্ড নন। তিনি স্ব-তন্মু এবং চিন্ময়, অতএব অনর্থ ও সন্তাপকে হেয়জ্ঞানে প্রত্যাধ্যান করবার স্বাতন্যাও তার নিশ্চয়ই আছে। কথাটা এভাবে তুললেও একে অপাসন্ধান্তই বলতে হবে, কেননা এর মধ্যে একদেশিদ্ভিকৈ তুল করে দেওয়া হয়েছে একটা সমগ্রদ্ভির

আকার। আনন্দময়ের স্বর্পে যে প্রেম ও কল্যাণের কল্পনা আরোপ করেছি আমরা, তার মূল কিন্তু রয়েছে আমাদেরই দৈবতবোধের খণ্ডবৃত্তিতে। প্রেম ও কল্যাণকে আমরা জানি জীবের সংগ্য জীবের অন্যোন্যসম্পর্কর্পে। তব্ সেই দৈবতস্পূন্ট সম্বন্ধকে বারবার আরোপ করছি এইন প্রসংগ—অখণ্ড-অম্বয়ের সর্বাত্মভাব যার গোড়ার কথা। কিন্তু সমস্ত সমস্যাটাকে আমাদের বিচার করতে হবে একটা মূল সূত্র ধরে—ভেদাভেদের দৃষ্টি নিয়ে। গোড়ার কথাটা একবার পরিষ্কার হয়ে গেলে সমস্যার যেগ্লি ডালপালা—যেমন জীবের সংগ্য জীবের সম্পর্ক—তার মীমাংসা খণ্ডবোধ ও দৈবতদ্ঘিট নিয়ে করলেও তথন আটকাবে না।

भान् सी मृष्टित भान् स्वत अप्रकात विठात ना करत अथ-छम् छित সমগ্রতা নিয়ে দেখি যদি, তাহলে স্বীকার করতেই হয়, জগদ্ব্যাপারে ধর্মাধর্মের প্রশ্নটা নিতান্তই গৌণ। চিরকাল মানুষ বিশ্বপ্রকৃতির সকল বিধানে খ'লে এসেছে তার কল্পিত ধর্মসংহিতার অনুশাসন এবং এমনি করে স্বেচ্ছায় শুধু জেদের বশে নিজেকে বিদ্রান্ত করছে। সংকীর্ণ মানবীয় সংস্কার নিয়ে নিজের মনগড়া আদর্শের মানদন্ডে সব-কিছুকে বিচার করা, নিজের ক্ষুদ্র অহংকেই প্রতিবিদ্বিত দেখা বিশ্বের সকল ব্যাপারে—এই তো হল মান্যমের দুর্ভোগ। এইজন্যই তো সতাজ্ঞান হতে সে বঞ্চিত, অখন্ড দর্শন তার পক্ষে এত দুর্ঘট। জড়প্রকৃতির কোনও ধর্মাদায় নাই। তার মধ্যে যে নিয়মের শাসন, সে শুধু চিরাচরিত অভ্যাসের একটা সমাহার—ভাল মন্দের প্রশ্ন ওঠেই না তার বেলায়। সেখানে শক্তির নিরৎকুশ লীলা শৃধ্ব। শক্তিই গড়ছে, গৃহছিয়ে তুলছে, জিইয়ে রাখছে সব-কিছ্ব। আবার শক্তিই ওলটপালট করে গইড়িয়ে দিচ্ছে সব—কারও মথের দিকে না তাকিয়ে, ভালমন্দের কোনও পরোয়া না করে, শ্বধ্ব তার গ্বহাহিত সঙকল্পের বশে, নিজেকে নিয়ে ভাৎগাগড়ার একটা নীরব খেয়ালখনশির তাগিদে। তেমনি প্রাণপ্রকৃতিরও কোনও ধর্মদায় নাই—পশ্বর জগতে অন্তত। কিনা প্রগতির সঙ্গে-সঙ্গে সেখানে দেখা দেয় উন্নততর জীবের ধর্মপ্রবৃত্তির নিতান্ত কাঁচা একটা বনিয়াদ। বাঘ যদি শিকার ধরে খায়, তার জন্য তাকে আমরা দ্বাষ না--যেমন ধরংস তাল্ডবের জন্য ঝড়কে দায়ী করি না অথবা অসহ্য यन्त्रगा पिरत भूष्टिस मात्ररम् आग्रास्त्र वित्राप्य नामिण जानार ना। ঝড়ে বা আগনুনে গোপন রয়েছে ষে-চিৎশক্তি, অনর্থ ঘটিয়েছে বলে তারও কোনও আফসোস বা ধিক্কারবোধ নাই। দ্বণ ও ধিক্কার হতে, বিশেষত আত্মদূষণ ও আত্মধিক্কার হতেই সত্যকার ধর্মবোধের শ্রন্। নিজেকে রেহাই দিয়ে শ্বধ্ব অপরকে দ্বিষ যখন, তখন ধর্মবোধের নজিরে আমরা তা করি না। ষা অস্থেকর বা অনিষ্টকর, তার প্রতি চিত্তের বিরাগ বা জ্বগুস্সার উদ্বেদনকেই ধর্মানুশাসনের পরিভাষায় এমনি করে ব্যক্ত করি।

ধর্মবোধের নিদান হলেও এই জ্বাপুসা বা বিরাগকেই ধর্মবোধ বলা চলে না। বাঘ দেখে হরিণের যে-ভয়, অথবা আততায়ীর প্রতি বলদুপ্তের যে-আক্রোশ, জিঘাংসার প্রতি সে শাধা ব্যক্তিপ্রাণের আনন্দ-সন্তায় উদ্বেল জাগাংসার একটা ঢেউ। মানসিক প্রগতির সঙ্গে-সঙ্গে এই জুগ্রু-সাই সংস্কৃত হয়ে ধরে উৎকট ঘ্ণা বিরাগ ও অনন্মোদনের রূপ। অনিন্টের আশুৎকা আছে যাতে. তাকে আমরা অনুমোদন করি না। আবার যা অহংকে তপ্ত করে, তাকে পছন্দই করি। এই পছন্দ না-পছন্দের ব্যাপারটা ক্রমে পরিণত হয় ভাল-মন্দের ধারণায়— প্রথমত নিজের ও নিজের সমাজের সম্পর্কে, তার পর পরের ও পরের সমাজের সম্পর্কে এবং অবশেষে কল্যাণের সামান্যত অনুমোদনে এবং অকল্যাণের সামান্যত অন্ন মোদনে। কিন্ত পরিণামের সমগ্র-ধারার মধ্যেই একটা মূল সুর বরাবর অক্ষুণ্ণ রয়েছে। মানুষ নিজেকে ফোটাতে চায় ফলাতে চায় অর্থাৎ সে খোঁজে তার আধারে নিহিত চিংশক্তির অকুণ্ঠ আপ্যায়ন। আনন্দের সূরে বাঁধা তার জীবনযন্ত। যা-কিছু আঘাত হানে এই ফুল-ফোটানো ফল-ধরানোর তপস্যায়, এই আত্ম-আপ্যায়নের পরিত্রপ্তিতে, তা-ই তার কাছে অন্বর্ণ: এবং যা-কিছু এই আত্মরতিসাধনার অনুকূল সমর্থক ও পোষক, যা-কিছা একে উপচিত ও মহিমময় করে, তা-ই তার কাছে কল্যাণ। কেবল এই একটা ভেদ দেখা দেয় প্রগতির সঙ্গে-সঙ্গে—নিজেকে ফর্টিয়ে তোলবার ধরনটা তার বদ্লে যায়। ব্যক্তিত্বের সঙকীর্ণ সীমা ছাড়িয়ে ক্রমেই নিজেকে সে ছড়িয়ে দেয় অপরের মধ্যে, এমন কি নিখিল বিশ্বকেই একদিন সে বাঁধতে চায় তার উদার আলিগানে।

তাহলে কথাটা এই। ধর্মবাধে দেখা দেয় প্রকৃতিপরিণামের একটা বিশেষ পর্বে। কিন্তু সমসত পর্বের মধ্যেই অন্স্তুত রয়েছে অখণ্ড সচিদানদের আত্মর্পায়ণের প্রতি। এই প্রতি প্রথমত ধর্মাহানি—্যেমন জড়ে। তারপর ধর্মাভাসযুক্ত—্যেমন ইতর প্রাণীতে। অবশেষে বৃদ্ধিমান জীবে কখনও-বা ধর্মবিরোধী—্যেমন, নিজে ষে-দৃঃখ আমরা সইতে নারাজ, অপরকে যখন সে-দৃঃখ দেওয়া মঞ্জুর করি। মানুষী ভূমির নীচে যা-কিছু ঘটছে, তা যেমন ধর্মাভাসযুক্ত, তেমনি তার উধের্ব এমন ভূমিও আছে যা ধর্মাতীত—অর্থাৎ ধর্মের অনুশাসন নিম্প্রয়োজন সেখানে। একদিন এই ভূমিতেই আমরা পেশছব। মনুষাত্মের সাধনায় ধর্মবৃদ্ধি ও ধর্মপ্রকৃতির একটা বিশেষ স্থান থাকলেও উত্তবায়ণের পথে এ একটা তটন্থ বৃত্তি মার। অচিতির যে সর্বগত অবর-সৌষম্য প্রাণের অভিঘাতে ব্যক্তিগত বৈষম্যে পরিকীণ হয়্কেছে, তার দ্বন্দ্ব হতে মনুষাত্মকে নির্মান্ত করে সর্বাত্মভাবের সর্বগত উদার সৌষম্যে উত্তীর্ণ করবার সাধনর্পেই ধর্মব্যেধের যা-কিছু সার্থকতা। কিন্তু ওই উদারভূমিতে এসে যে পেশিছেছে, তার পক্ষে এ-সাধনকে মর্যাদা দেওয়া অনাবশ্যক—এমন-কি

অসম্ভব। কারণ, যেসব গ্রেরে অন্শীলন ও যেসব দ্বন্দের প্রতিঘাত এর আশ্রয়, সহজেই তারা আপনাকে হারিয়ে ফেলে পরম-সাম্রস্যের ছুন্টুঃসনুষমায়।

অতএব ধর্মাধর্মবাধের যত গোরবই থাকুক, সে যদি হয় বিশ্বভাবনার এক পর্যায় হতে আরেক পর্যায়ে চেতনাকে উত্তীর্ণ করবার সাময়িক সাধন মান্র, তাহলে বিশ্বের সমপ্র রহস্যের সমাধান তাকে দিয়ে হতে পারে না—তাকে শ্ব্রু সমাধানের অন্যতম উপকরণর্পেই গণ্য করা চলে। তা যদি না করি, তাহলে আমাদের দ্ভিতৈ বিশ্বের সকল তথ্য বিকৃত হয়ে দেখা দেবে মিথ্যার ছায়াপাতে, প্র্বাপর বিশ্বপরিণামের সকল তাৎপর্য ক্ষুত্ম হবে সংকীর্ণ বৃদ্ধির ক্লিডা বিচারে, বিশ্বব্যবস্থার ম্ল্যানির্পণ করতে গিয়ে সীমিত কাল দ্বারা অবচ্ছির একটা অর্ধপক্র দর্শনকেই প্রাধান্য দেওয়া হবে। জগতের তিনটি স্তর —অ-ধর্ম্য বা ধর্মাভাসিত, ধর্ম্য এবং ধর্মাতীত। এই তিনটি বিভাবের মধ্যে অধিশ্রানর্পে অন্স্যুত রয়েছে যে-ভাব, শ্ব্রু তাকে দিয়েই বিশ্বসমস্যার সম্যক সমাধান হতে পারে।

দেখেছি, তিনটি ভূমিতেই অনুস্যুত এই এক ভাব : নিখিল সন্তার অবিনাভ্ত চিংশক্তিতে রয়েছে আত্মর্পায়ণের আক্তি এবং তার চরিতার্থতাতেই তার আনন্দ। স্বয়ম্ভূসন্তার আনন্দস্বভাবেই ফ্টল চিংশক্তির আদি
প্রবর্তনা, কেননা এই তার স্বর্প আশ্রয় ও অধিষ্ঠান। কিন্তু যে নবর্পায়ণের
আক্তি রয়েছে তার মধ্যে, উত্তরায়ণের পথে তাকে সার্থক করবার প্রচেষ্টাতে
দেখা দেয় দ্বঃখ-তাপের প্রতিভাস—যাকে মনে হয় চিংশক্তির স্বার্সিকী ব্রির
বিরোধী যেন। সমস্যার মূল এইখানেই।

কি করে এর সমাধান হবে? বলব কি : সচ্চিদানন্দ বিশ্বের আদি ও অবসান নয়—এক মহাশ্ন্য জন্তে আছে তার দন্টি অন্ত। সে-শ্ন্যতা স্বয়ং অসং হয়েও অপক্ষপাতে আপন নাস্তিপের গহনগ্রায় বহন করছে সত্তা ও অসত্তা, চেতনা ও অচেতনা, আনন্দ ও অনানন্দের সম্ভাবনা।...ইচ্ছা করলে আমরা এ-সিম্পান্তে সায় দিতে পারি। কিন্তু শ্ন্যবাদ দিয়ে সব-কিছ্ ব্যাখ্যা করেতে গিয়ে আসলে আমরা কিছ্ই ব্যাখ্যা করিনি, সবাইকে ঘিরে এংকে রেখেছি শন্ধ্ব একটা বৃত্ত। যা অভাবমাত্ত, সে-ই হল সর্বভাবের প্রস্তি—এ-উক্তিতে পাই বাস্তব বা কাম্পনিক স্বতোবিরোধের চ্ডান্ত পরিচয়। অতএব এ-ব্যাখ্যাতে বৃহৎ বিরোধ দিয়ে ক্ষ্মে বিরোধকে ঠেকিয়ে রাখা হয় শন্ধ্ব, তাতে তত্ত্বমীমাংসা না হয়ে স্বতোবিরোধটাই এসে চরমে ঠেকে। যা সর্বশ্ন্না, তা ফাঁকা অনস্তিত্বমাত্ত, কোনও-কিছ্বে স্বর্প্রোগ্যতা থাকাও তার মধ্যে সম্ভব নয়। আর সর্ববিধ স্বর্প্রোগ্যতার প্রতি অপক্ষপাত রয়েছে যে-নির্বিশেষের তাকে বলি অব্যাকৃত। অসং-বাদে আমরা শ্নেয়র মধ্যে অব্যাকৃতকে স্থাপন করি মাত্ত, কিন্তু সেখানে তার ঠাঁই হয় কি করে তার কোনও ব্যাখ্যা দিই না।

তাই শুন্ধবৃদ্ধি কিছ্বতেই এ-দর্শনে সায় দিতে পারে না, কেননা সর্বনিষেধের দ্বারা এক মহানিষেধে পেণছনো বস্তৃত অতত্ত্বেরই উপাসনা। এ-উপাসনা বৃদ্ধির একটা সাময়িক প্রয়োজন হলেও কখনও তার স্বভাবের গতি এদিকে নয়। অতএব অসং-বাদকে ছেড়ে দিয়ে আবার আমরা ফিরে যাব অখণ্ড সচিদানন্দের স্বীকৃতিতে এবং দেখব তাঁকে ভিত্তি করে বিশ্বসমস্যার পৃত্রতির সমাধান খুজে পাই কি না।

একটা ধারণা পরিষ্কার করে নিতে হবে গোড়াতেই। বিশ্বচেতনার কথা বর্লোছ যখন, তখন সে যে প্রাকৃতমান,ষের মনোময় জাগ্রংচেতনা হতে স্বতন্ত্র, তারও চেয়ে গভীর এবং উদার, এ-সম্পর্কে কোনও অস্পণ্টত। ছিল না আমাদের। তেমান যখন বলি শান্ধ-সত্তার সর্বগত আনন্দের কথা, তখন আমরা ব্যক্তি-চিত্তের ভাবোচ্ছনাস বা ইন্দ্রিয়তপ'ণে যে প্রাকৃত সূখ, তাহতে স্বতন্ত্র তারও চেয়ে গভীর উদার ও স্বর্পান্গত একটা-কিছুর ইঙ্গিতই করি। সূথ হর্ষ আনন্দ প্রভৃতির পরিচিত সংজ্ঞা মানুষের চেতনায় একটা সংকীর্ণ ও নৈমিত্তিক ম্পন্দনমাত। তাদের আশ্রয় ও নিদান হল চিরাভাস্ত কতগুলি সংস্কার, এবং একটা বিজাতীয় অধিষ্ঠান হতেই তাদের উল্ভব। দুঃখ-শোক এর বিপরীত-বৃত্তি হলেও তাদেরও এই ধর্ম। কিন্তু সন্মাতের আনন্দ সর্বগত অপরিমেয় এবং স্বয়ম্ভ, কোনও বিশেষ নিমিত্তের 'পরে তার নিভার নয়। সকল অধিষ্ঠানের প্রম অধিষ্ঠান সে–যাকে আশ্রয় করেই চেতনায় ফোটে সাখ দঃখ এবং তারও চেয়ে লঘ্ব কত তটপথবাত্তির অন্বভব। এই সন্মানের আনন্দ যথন র পায়িত হতে চায় সম্ভতির আনন্দে, তখন শক্তিম্পন্দে সে ম্পন্দিত হয় এবং তার বিচিত্র স্পন্দনে ঋত্কত হয় সূত্র ও দুঃখের বাদী ও বিবাদী দুটি সূর। জড়ে এ-আনন্দ অবচেতন, উন্মনীতে অতিচেতন: শুধু মন ও প্রাণের মধ্যে নিজেকে এ চায় ফ্রটিয়ে তুলতে সম্ভূতির লীলায়নে, স্পন্দব্তির উপচীয়মান আত্মসচেতনতায়। প্রথমে তার মধ্যে দেখা দেয় একটা অবিশান্ধ দ্বন্দ্ববিধার প্রবৃত্তি—সূত্থ-দূঃথের দুর্টি মের্র মাঝে ঢেউয়ের একটা দোলা। কিন্তু তার চরম লক্ষ্য হল নিজেকে উদ্ভাসিত করে তোলা শাদ্ধ-সত্তার প্রয়ম্ভ নিবিষয় অহেতৃক প্রমানন্দের দিব্যজ্যোতিতে। নরের মধ্যে থেকেই চলেছে যেমন সাচ্চদান্দের উদয়ন বৈশ্বানর অনুভবের অভিমুখে, দেহ-মনের রূপায়ণেই যেমন অভিযান তাঁর অরূপ চেতনার লোকোত্তর ভূমিতে—তেমনি বিষয় বিষয়ীর এই বিচিত্র চণ্ডল বর্ণরতির ভিতর দিয়েই আবার চলেছেন তিনি সর্বগত নিবিষয় স্বয়স্ভূ দিব্যরতির অনিব চনীয় আস্বাদনের দিকে। 🔊 আজ বিষয়কে খ'্জছি আমরা ক্ষণিক ত্পিও স্থের উৎসর্পে। কিন্তু স্ব-তন্ত স্প্রতিষ্ঠ হব যখন, তখন আর বাইরে না খুজে নিজের মধ্যেই দেখতে পাব তাদের— শাশ্বত আনন্দের নিদানর পে নয়, দর্পণর পে।

অহঙকারবিম্ঢ়াত্বা মান্ষের মধ্যে চেতনা ফ্টেছে মনোময় প্র্য্বর্পে জড়ের তমঃসম্প্টকে বিদীর্ণ করে। শৃদ্ধ-সন্তার আনন্দ তটম্থ, অধ্ম্ফ্ট, অবচেতনার ছায়ালোকে দ্রাক্ষ্য তার কাছে। সে-আনন্দের উর্বর ক্ষেত্র তার মধ্যে ছেয়ে গেছে বাসনার বিষাক্ত আগাছায়—কী উচ্ছব্লিসত তার সমারোহ! সম্খ-দ্বঃখের অভিঘাতে বিষ-বল্লরীর মঞ্জরীতে সে কী বর্ণচ্ছটা অহংবিধ্রর চেতনায়। চিংশক্তির নিগ্ট়ে বীর্য নিম্লে করবে যখন বাসনার এই প্রমন্ত উপচয়—ঋণেবদের ভাষায়, অন্নিদেব নিঃশেষে দন্ধ করবেন প্রথিবীর ব্বেক উন্ভিন্ন কামনার বন—তথন এই সম্খ-দ্বঃখের মর্মাম্লে নিহিত ছিল যে-প্রাণরস আনন্দের গোপন সঞ্চয়র্পে, তা উৎসারিত হবে—বাসনার নবর্পায়ণে নয়, স্বয়ন্ভ্সন্তার স্বার্সিকী তৃপ্তির্পে। মত্য সম্খের পেয়ালা তখন র্পান্তরিত হবে অমরের সম্ধাপাতে। আর এ-র্পান্তরও অসম্ভব নয়। কেননা, মান্যের চেতনা-বেদনায় সম্খ-দ্বঃখের এই-যে উন্বোধন বস্তুত এ তো সেই আনন্দসন্তারই গভীর দোলা। হ'ক সম্খ, হ'ক দ্বঃখ—সেই মহাগিন্ধ্র বাণীকেই তারা র্প দিতে চায়—কিন্তু কুণ্ঠাহত হয়ে ফিরে যায় অহমিকা খন্ডবোধ ও আত্ম-অবিদ্যার কুটিল অভিঘাতে।

দ্বাদশ অধ্যায়

আনন্দরূপং যদ্ বিভাতি

(সমাধান)

ভাধ তাৰনং নাম। তাৰনমিজুপোসিতব্যম্। কেনোপনিষং ৪।৬

সে-বস্তুব আনন্দ হল নাম; তাকে আনন্দ জেনেই আমরা করব তার উপাসনা—খ**্জব** তাকে।

—কেন উপনিষদ (৪।৬)

যদি ব্রুতে পারি, ব্রহ্মসত্তার সর্বান্ম্যুত অব্যাভচারী আনন্দের অতল পারাবারই বহিশ্চর প্রাকৃত-চেতনায় উদ্বেল হয়ে উঠেছে অনুকূল প্রতিকূল বা তটম্থ সংবেদনের ফেনিল বিক্ষোভে, তাহলে সেই সর্বাগত আনন্দভাবনার মধ্যেই খংজে পাই আমাদের কল্পিত সমস্যার স্কার্য সমাধান। এক অনন্ত অবিভাজ্য সত্তাই বিশ্বের সকল বস্তুর আত্মস্বরূপ। সেই সন্তার স্বরূপশক্তি স্ফুরিত হয় তার বিচিত্র স্বয়ংপ্রজ্ঞ স্বভাবের ক্ষয়হীন নিরন্ত সংবেগে। আবার সেই স্বয়ংপ্রজ্ঞার স্বরূপ ফোটে অব্যভিচারী আনন্দভাবের অননত সম্বল্লাসে। র্পে-অর্পে, অখণ্ড আনশ্তোর শাশ্বত সংবিতে অথবা সান্ত খণ্ডতার বহুরূপী প্রতিভাসে এই আত্মারাম স্বয়ম্ভূসন্তার স্বর্পানন্দ রয়েছে নিতা নিরঙকুশ। আমাদের চেতনা যখন বহিব তে সংস্কারের দাসত্ব এবং স্বান্ভবের বিশিষ্ট পর্যায়ের সংকীর্ণ বন্ধন কাটিয়ে ওঠে, তখন আপাত-অচেতন জড়ের মধ্যেও সে যেমন আবিষ্কার করে অটল-অচল অনন্ত চিৎশক্তির নির্ঢ় আবেশ, তেমনি জড়ের আপাত-অসাড়তার মধ্যেও দেখতে পায়—তারই স্বভাবের সারে বাঁধা এক অনন্ত চিন্ময় আনন্দের অক্ষোভ্য উল্লাস ছেয়ে আছে বিশ্বচরাচর। এই আনন্দ আত্মারামের আনন্দ, এই স্বর্পজ্যোতি সর্বগত আত্মস্বর্পের জ্যোতি। কিন্তু আমাদের বহিশ্চর প্রাকৃতচেতনায় ক্স্তুস্বভাবের যে-রূপ জাগে, তার কাছে এই স্বর্পানন্দ নিগড়ে গ্রহাহিত অবচেতন। এ-আনন্দ যেমন অন্তগ্রিড় হয়ে আছে সকল আধারে, তেমনি নিবিড় হয়ে আছে স্বখময় দ্বংখমর বা উদাসীন সকল অনুভবে। ঘটে-ঘটে এমনি নিগঢ়ে গৃহাহিত ও অবচেতন থেকেই সে তার আত্মবীর্যে সবার আত্মভাবকে রেখেছে অপ্রচন্যত। এই আনন্দই তো বিদেবর অণুতে-অণুতে ফ্রটিয়ে তুলছে আত্মভাবের প্রতি সেই সর্বাতিভাবী

অভিনিবেশ, নিজেকে টিকিয়ে রাখবার সেই অদম্য আক্তি—যা প্রাণের মধ্যে দেখা দিয়েছে আত্মরক্ষার নিস্গর্বান্তর্পে, স্থলে ফুটেছে জড়ের অবিনশ্বর স্বভাবে। আবার মনের মধ্যে সে-ই জাগিয়েছে অমরত্বের বেদন, ঘটে-ঘটে অবিচ্ছেদ্য হয়ে যা জড়িয়ে আছে আত্মপরিগামের সকল পর্বে। এমন-কি আত্মহত্যার সামায়ক প্রবৃত্তিও অমৃতিপিপাসারই একটা তির্যক প্রকাশ মাত্র। কেননা সেখানেও জীব সক্তার বিলোপ চায় না—সন্তার র্পান্তরই কাম্য বলে বর্তমান সন্তার প্রতি তার ওই জ্বগ্রুপা। অতএব আনন্দই আত্মভাব, আনন্দই স্ভির রহস্য, আনন্দই ভবের প্রবর্তক, আনন্দই আত্মভাবের বিধৃতি, আনন্দেই ভবের প্রবর্তক, আনন্দই আত্মভাবের বিধৃতি, আনন্দেই ভবের প্রকর্তন, গানন্দই আত্মভাবের বিধৃতি, আনন্দেই ভবের প্রকর্তন বিজ্ঞান বলেন, 'আনন্দ হতেই জন্ম নেয় সকল ভূত, আনন্দেই বেণ্ডে থেকে বেড়ে চলে তারা, আবার আনন্দের দিকেই তাদের মহাপ্রয়াণ।'

সং চিং আনন্দ-ব্রহ্মস্বরূপের এই পরিচয় বস্তৃত একটি অখন্ড মহাভাব মাত্র। কিন্তু মনের কাছে সে ত্রয়ী, প্রাতিভাসিক জগতে অথবা খণ্ডিত-চেতনার প্রবৃত্তিতে সে বিভক্তবং। তাই তত্তদর্শনের পরেও খণ্ডবর্নিধর সংস্কারবশে দেখা দেয় দর্শনের বিভিন্ন প্রদ্থান এবং আবহমানকাল চলে তাদের কত খণ্ডন-মন্ডন। সংস্কারমুক্ত হৃদয়ের কাছে অথন্ডের সকল বিভাবই আনে এক তুরীয় মহাভাবের ব্যঞ্জনা, অতএব দুশ্নের বিভিন্ন প্রস্থানে বিচিত্র ভাগ্গতে বেজে ওঠে একই রাগিণী। অথন্ড অন্বয় সচিদানন্দের অপরোক্ষ অনুভবই জগং সম্পর্কে এদেশে সূত্রি করেছে মায়াবাদ, প্রকৃতিবাদ ও লীলাবাদ। আপাত-দুষ্টিতে তিনটি বিভিন্ন বাদ। কিন্তু সতাদুষ্টিতে তারা অভিন্ন, কেননা বস্তুত তারা একই অথন্ড ভাবের তিনটি বিভাব মাত্র। জগংসত্তাকে যখন জানি প্রতিভাসরুপে, অর্থাৎ অথন্ড অনন্ত নিবিকার নিরঞ্জন ব্রহ্মসত্তার প্রতিযোগি-রূপে শুধু, তখন যদি তাকে দেখি বলি বা অনুভবও করি মায়া বলে, সে কি অসংগত ? কিন্তু মায়ার প্রাচীন অর্থ ছিল সর্বাধার প্রজ্ঞা বা সম্ভূতিসংবিং— যা জড়িয়ে থেকেই মিত সীমিত করছে সকল-কিছ্ম, অতএব যার মধ্যে আছে কৃতিশক্তিরও পরিচয়। মায়া রচে আকৃতি, রচে পরিমাণ—অর্পের সে র্পকৃং। চিত্তের বিভাবনায় অবিজ্ঞেয়কে যেন সে করে জ্ঞানগম্য, দেশের বিভাবনায় অমেয়কে থেন করে সে মেয়। অর্থের অপকর্ষে ক্রমে মায়া প্রজ্ঞা দক্ষতা ও ব্দিধ না ব্ৰিয়ে বোঝাতে লাগল চাতুরী বগুনা বা বিশ্ৰম। আধুনিক দর্শনে মায়ার এই বিভ্রম বা ইন্দ্রজালের অর্থই চলছে।

এ-জগৎ মায়া। কিন্তু জগতের কোনও সন্তাই নাই, এ-অর্থে জগৎ মায়া নয়, মিথাা নয়। কারণ, জগৎ রক্ষের স্বাংনও যদি হয়, তব্ব, স্বাংনর্পেই তাঁর মধ্যে তার সন্তা থাকবে। চরমে মিথাা হলেও আপাতত তাঁর স্বাংন তো সতাই তাঁর কাছে।...আবার একথাও বলা চলে না, জগৎ মিথ্যা, কেননা তার কোনও শাশ্বত সন্তা নাই। সত্য বটে, বিশেষ-কোনও জগং এবং বিশেষ-কোনও রুপের প্রলম্ম ঘটতে পারে বা ঘটেও স্থলেত, মনোময় চেতনায় ব্যক্তদশা হতে অব্যক্তদশায় তারা লীনও হতে পারে। কিন্তু তাহলেও তত্ত্বের দিক দিয়ে রুপে বা জগং তো শাশ্বতই। ব্যক্ত হতে অব্যক্তে লীন হয়েও আৰার তারা ব্যক্তদশায় ফিরে আসে। স্তর্যাং শাশ্বত সম্ভাব না থাকলেও শাশ্বত আবৃত্তি তাদের আছেই। বাগ্টি বিভাব এবং প্রতিভাসের দিক দিয়ে তাদের শাশ্বত বিপরিণাম যেমন, তেমনি সম্প্রিভাব এবং প্রতিভাসের দিক দিয়ে তারা শাশ্বত অপরিণামী। এমন কথা নিশ্চয় করে বলতেও পারি না যে, শাশ্বত-চিন্ময় সন্মান্রে বিশ্বর কোনও রুপ কি স্বভাবের কোনও লীলা স্বান্ত্বগোচর ছিল না বা থাকবে না—এমন কালও সম্ভব। বরং আমাদের সহজ বৃদ্ধি এই কথাই বলে যে, পরিদৃশ্যমান জগং তং-স্বরূপ হতে আবিভূতি হয়ে আবার তাতেই লীন হয়। অন্তর্কাল ধ্রেই এই লীলা চলছে।

তব্ব জগৎ মায়ামাত্র কেননা অনন্তসন্তার এই তো স্বর্পসত্য নয়। এ শুধু চিদাত্ম স্বভাবের একটা বিস্ফিট। অবশ্য সে-বিস্ফিট অসতের ভূমিকায় অসং হতে অসতের বিস্থিত নয়—স্বাত্মভাবের শাশ্বত সত্য হতে শাশ্বত সত্যের ভূমিকাতেই তার রূপায়ণ। সদ্ত্রেন্সের স্বরূপতত্তই এ-জগতের আধার যোনি এবং উপাদান। এর রপেবৈচিত্র্য তং-স্বর্পেরই চিন্ময় সিস্ক্লার অনুগত আত্মর্পায়ণের বিভগ্ন- তাঁর স্বান্ভবের ভূমিকায়। অবন্ধন সে র্পায়ণের লীলা—কেননা সে-রূপ ফুটতে পারে, না ফুটতে পারে, খেয়ালখ্নিতে আর-কিছু, হয়েও ফুটতে পারে। তাই এ-রুপের মেলাকে বলতেও পারি বটে অনন্ত চেতনার ভ্রান্তিবিলাস। কিন্তু সে হবে শ্বধ্ব আমাদের অসহায় পঞ্জ্ব-মনের বিদ্র, তে ছায়াকে স্পর্ধাভরে বিসপিত করা তার 'পরে—যা মনেরও অতীত বলে অসত্য বা বিভ্রমের লেশমাত্র নাই যার মধ্যে। অতএব, শা্ব্ধসন্তার স্বর প্রধাত যখন অন্তম্পূণ্ট হতে পারে না কখনও, আমাদের খণ্ডিত চেতনার সকল দ্রান্তি ও বিকৃতির মধ্যেও যথন ফুটে ওঠে অখন্ডচিন্ময় সন্মাত্রের সত্যবিভূতির কিছ্ব-না-কিছ্ব আভাস, তথন জগৎ সম্পর্কে আমরা শ্ব্ধ এই কথাই বলতে পারি—জগৎ তৎ-পদার্থের স্বর্পসতা না হলেও তার মধ্যে আছে তার নিরুষ্কুশ বহ্-ভাবনা ও অশ্তহ**ীন আপাতবিপরিণামের প্রাতিভাসিক স**ত্য। তাঁর স্বর্পগত অপরিণামী অম্বয়ভাবের সত্য জগতে প্রকট নয় বলেই জগৎ মায়া।

এই গেল সদ্রক্ষের প্রতিযোগির্পে জগংসত্তার বিচার। °িকন্তু জগংস্তাকে আমরা আবার দেখতে পারি চৈতন্য ও চিংশক্তির প্রতিযোগির্পে। তখন আমাদের দৃষ্টি অন্ভব ও বিবৃতিতে জগং হবে একটা শক্তিম্পন্দ—
যার ম্লে আছে কোনও নিগ্ছে ইচ্ছাশক্তির প্রশাসন, অথবা অধিষ্ঠান বা

সাক্ষিচৈতন্যের সামিধ্যহেতু কোনও দুজের নিয়তির প্রবর্তনা। তখন জগংকে বলি প্রকৃতির খেলা—লক্ষ্য তার দ্রুণী ও ভোক্তা পুরুষের তৃপ্তিসাধন। অথবা পুরুষেরই খেলা সে—শক্তির সপদলীলায় নিজেকে উপর্ক্তু করে অবিবেকদবারা তার আস্বাদনই সে-খেলার সাধন। অর্থাৎ এ-জগং নিখিল-জননী মহাপ্রকৃতির লীলা। অনন্তর্পে আপনাকে রুপায়িত করে, অফ্রুন্ত রসাস্বাদের আক্তিতে উচ্ছ্রিসত হয়ে চলেছেন তিনি কে জানে কার নিগ্ত প্রবর্তনায়!

আবার জগৎসত্তাকে যদি জানি শাশবতসন্মাত্রের স্বর্পানন্দের ভূমিকায় রেথে, তাহলে তাকে দেখব বলব ও অন্বভব করব লীলা বলে। নিখিলের 'বন্ধ্বাঝা' যে-চিরকিশোর, এ-বিশ্বলীলায় তিনিই 'শিশ্ব ভোলানাথ'। তিনিই নটরাজ, তিনিই কবি, তিনিই ছণ্টা—তাঁরই অফ্রন্ত আনন্দোচ্ছনাস হিল্লোলিত হয়ে চলেছে র্পে-র্পে। আত্মর্পায়ণের অহেতুক উল্লাসে নিজের মধ্যেই নিজেকে ফ্রিটয়ে তুলছেন তিনি অক্লান্ত ছন্দোলীলায়। এ-আনন্দ মেলায় তিনিই নট, তিনিই নাটা, তিনিই নটরঙগ।

এমনি করে অচল-অটল অখণ্ড সচ্চিদানদের শাশ্বত ভূমিকায় দেখলাম বিশ্বলীলার তিনটি সামান্য-র্প—এদেশে যারা মায়াবাদ প্রকৃতিবাদ ও লীলাবাদের অন্যান্যবিরোধী দশ্নে পরিণত হয়েছে। কিন্তু বদ্তুত তাদের পরদপরের মধ্যে কোনও অসংগতি নাই, কেননা সমগ্রভাবে দেখলে তারা পরদপরের আপ্রক এবং জীবন ও জগতের সম্যক্-দ্ভির পক্ষে তুল্যপ্রয়োজন। যে-জগতের অংগীভূত আমরা, আপাতদ্ভিতৈ তাকে শক্তিদ্পদ্র্পে দেখছি। কিন্তু সেই শক্তির প্রতিভাসকে ভেদ করে দ্ভি যদি তার মর্মান্লে অন্বিশ্ধ হর, তথন দেখানে দেখি এক চিন্মরী সিস্কার ধ্ব অথচ নিত্য-বিপরিণামী ছন্দোদোলা। সে-চিন্মরী নিজের মধ্যেই উৎক্ষিপ্ত প্রস্পিত করে চলেছে তার অনত শাশ্বত আত্মভাবের ঋতময় প্রতিভাস। আর ছন্দোদোলার আদিতে অবসানে, তার মর্মে মর্মে আল্বলিত সেই আত্মভাবেরই অফ্রন্ত আনন্দলীলা—অন্তহীন র্পায়ণের নির্বারিত উল্লাসে চণ্ডল।...অতএব বিশ্বকে ব্রুতে হলে অথণ্ড সং-চিং-আনন্দের এই দিব্যতিপ্টোকেই করতে হবে আমাদের এষণার আদিবিন্দ্র।

শ্বদ্ধ-সত্তার অবিপরিণামী শাশ্বত আনন্দই স্পণ্দিত হচ্ছে সম্ভূতির অনন্ত বিচিত্র আনন্দব্যঞ্জনায়—এই যদি হয় তত্ত্বদর্শনের মর্মাকথা, তাহলে আমাদেরও সমস্ত অন্ভবের অধিষ্ঠানর্পে জানতে হবে এক অথন্ড-চিন্ময় সত্তাকে—
যার স্বার্রাসক আনন্দের নিত্যযোগে বিধ্ত ও সঞ্জীবিত তারা এবং যার
স্পন্দলীলায় ইন্দ্রিয়বোধের জগতে দেখা দেয় সুখ দ্বঃথ ও উদাসীন্যের বিচিত্র
অভিঘাত। ওই অক্ষোভ্য আনন্দসত্তাই আমাদের যথার্থ স্বর্প। স্ব্ধদ্বঃখ-উপেক্ষার তাড়নে ঝণ্কুত মনোময়চেতনা তার প্রতিভূ মাত্র। ব্যাবহারিক

জীবনে মনকেই করা হয়েছে প্রোধা—বিশ্বের বহু-বিচিত্র অভিঘাতে খণ্ডিত-চেতনার যে সাড়া এবং প্রতিক্রিয়া, তাকে ইন্দ্রিয়বোধের আদিম ছন্দোর্পে ধরে রাখবে সে—এই অভিপ্রায়ে। তার সাড়া নিখ্ত নয়, ব্যামিশ্র বৈষম্যে পদে-পদে ঘটছে তার ছন্দঃপতন—যদিও তারই মধ্যে রয়েছে গ্রহাহিত চিন্ময়সন্তার পরিপূর্ণ ছন্দঃস্বমার আয়োজন ও আভাস।...কিন্তু এও জানি, অখন্ড-অশ্বেতের বিচিত্র লীলায়ন সামরস্যের বেদনে একবার যদি ঝালায় তালে প্রাণের তন্দ্রীতে, তাঁর তুর্যাতীত স্বসপ্তকের বিশ্বব্যাপিনী মৃছনা একবার যদি অনুরণিত হয়ে ওঠে এই জীবনে, তখন বৃহৎসামের যে ঋতময় অখন্ড পরিচয়্ম আমরা পাব, মনোময় চেতনায় কখনও কি তার আভাস মেলে?

সত্যদর্শনের এই ভূমিকা হতে অনুস্বীকার্য কতগুলি সিন্ধান্ত এসে পড়ে। প্রথম কথা : সত্তার গভীর-গহনে আমরা সেই অন্বয়ন্দ্ররূপ হই যদি, অখন্ড সর্ব-চিৎ বলেই নিতাস্ফুর্ত সর্বানন্দ আমরা, এই যদি হয় আমাদের মর্মসত্য---তাহলে সূখ-দূঃখ-উপেক্ষার গ্রিতন্ত্রীতে ইন্দ্রিয়সংবেদনের যে-সারকম্পন, সে শ্বধ্ব আমাদের জাগ্রংচেতনায় স্ফুরিত খণ্ডিতসন্তার একটা বহিরণ্গ লীলা। এর পিছনে আমাদেরই মধ্যে গুহাহিত হয়ে আছে এমন এক 'মধ্বদ' সন্তা-জাগ্রংচেতনার চেয়েও যে সত্য বৃহৎ এবং গভীর, জীবনের প্রতি অন্ভবে যে তার মাধ্রী পান করে। এই মধ্রর রসট্রকুই মনোময় প্রাকৃতচেতনাকে গোপনে-গোপনে সঞ্জীবিত রেখেছে, তাই সম্ভূতির বিক্ষার স্পাদনে জীবনব্যাপী আয়াস স্তাপ ও কুছ্মতার অভিঘাতেও আপন লক্ষ্যের দিকে সে এগিয়ে যেতে পারে। আমরা 'আমি' বলি যাকে, গহন সমুদ্রের বুকে সে শুধু আলোর ঝিকিমিকিট্রকু। তারও গভীরে রয়েছে অবচেতনা ও অতিচেতনার পরাবর বৈপ্রল্য, যা প্রাকৃতচেতনাকে উৎক্ষিপ্ত করেছে বিশেবর অভিঘাতে স্পর্শাতুর নিজেরই একটা বহিরাবরণরূপে এবং সে-চেতনার বিচিত্র বেদনাকে স্বেচ্ছায় স্বীকার করছে নিগুটে কোনও ইণ্টসিম্পির প্রয়োজনে। এই পরাবর চেতনা সত্তার গভীরে দ্বয়ং গ্রহাহিত থেকে বাইরের মাগ্রাম্পর্শকে গ্রহণ করে রসায়িত করছে এক সত্যতর গভীরতর অনুভবের সুন্টিবীর্যর্পে। আবার সেই গভীর হতেই উৎসারিত করছে তাকে বহিশ্চর চেতনায়—জ্ঞান বল ও চারিত্যের সংবেগে। কোন্রহস্যলোক হতে ফোটে মনের এই ঐশ্বর্য, মন তা জানে না। কারণ. সে তো সন্তার সমীরণচণ্ডল বীচিভংগ মাত্র, নিজেকে সংহত করে গভীরশায়ী হবার কৌশল তো সে আজও শেথেনি।

ব্যাবহারিক জীবনে এ-তত্ত্ব আমাদের কাছে প্রচ্ছন্ন। কদটি-কখনও পাই তার চকিত আভাস, তার সম্পর্কে গড়ে তুলি একটা ধৃতি বা সংস্কার। কিন্তু গ্রহাশায়ী হতে শিখি যখন, পরাবরের এই গভীরতা নিত্যজাগ্রত থাকে তখন আমাদের চেতনায়। অন্ভব করি, আত্মস্বর্পের এই তো সত্যতর পরিচয়—

এই প্রশানত প্রসন্ন গম্ভীর বীর্যময় যোগযুক্ত চেত্রনা তো জগতের কর্বালত নয়; এ যদি 'মহান্ত বিভু'র দ্বরূপখ্যাতি নাও হয়, তবু এ যে সেই অন্তর্যামীরই তন্ম-ভা। অনুভব করি তাঁকে অন্তরাত্মার পে: আমাদের প্রাতিভাসিক বহিরাত্মার আধার ও নিয়ন্তা তিনি। শিশ্বর প্রমাদে ও বিক্লোভে পিতা যেমন স্নেহে হাসেন, তেমান আমাদের স্থ-দ্বংথের চাণ্ডল্যের দিকে চেয়ে থাকেন তিনি দ্দিশ্ব কোতৃকে।...প্রাকৃত গুণবিক্ষোভের সংখ্য আমাদের যে-অবিবেক, তাকে নিজি'ত ক'রে অন্তরাবৃত্ত হয়ে দিবা-পা্রুষের জ্যোতির্নভাসিত ছায়াতপের সুষমায় সমাহিত হতে পারি যদি—তাহলে সেই সমাধিসংস্কারকে আমরা বহন কবে আনতে পারি মাত্রাম্পশের জগতেও। তখন অখন্ডচৈতন্যে গ্রহাহিত থেকে, দেহ-প্রাণ-মনের স্বখ-দঃখ হতে বিবিক্ত হয়ে তাদের গ্রহণ করতে পারি চেতনারই বহিরঙ্গ বৃত্তিরূপে। স্বভাবতই বহিব্'ন্ত বলে তাদের স্পর্শ বা প্রভাব স্বর্পেসত্তার অন্তহতলে আর পে'ছিয় না তখন। শাস্তের অন্বর্থ সংজ্ঞায় তাই 'মনোময়' পুরুষেরও পরে 'আনন্দময়' পুরুষের কথা আছে। এই আনন্দময় পুরুষই 'বৃহৎ জ্যোতি'—সংকৃচিত মনোময় পুরুষ তাঁর অদপণ্ট ছায়া এবং ক্ষান্ত্র প্রতিবিদ্র মাত্র। অতএব অন্তরেই খাজতে হবে আমাদের স্বরূপসত্য ---বাইরে নয়।

দ্বিতীয় কথা : সূ্থ-দৃঃখ-উপেক্ষার বিতন্তীতে যে-ঝণ্কার উঠছে প্রতি-নিয়ত, সে তো শুধু বাইরের একটা ব্যাপার, আমাদের অসমাপ্তপরিণামজানত অসম্যক্ একটা ব্যবস্থা মাত্র। অতএব একেই সংবেদনের প্রম নিয়তি বলে মানতে আমরা বাধ্য নই। বাদতবিক বিশিষ্ট বিষয়ের সন্নিকর্ষে রাগ-দেবষ-উপেক্ষাও যে বিশেষরূপে ব্যবস্থিত, একথা সত্য নয়। এক্ষেত্রে ব্যবস্থার স্টিট হয়েছে আমাদের অভ্যাসে। সন্নিক্ষবিশেষে সূখ অথবা দৃঃখ পাই আমরা— যেহেতু আমাদের প্রকৃতি তাতে অভ্যস্ত, যেহেতু অনুশীলনের ফলে গ্রাহ্যের সংগ্র গ্রহীতার এই সম্বন্ধ দাঁড়িয়ে গেছে। কিন্তু ইচ্ছামত ব্যবস্থিত সাড়ার বিপরীত সাড়া দেবার যোগ্যতাও আমাদের আছে। যেখানে দঃখ পাওয়াই রীতি সেখানে সুখ পাওয়া, অথবা সুখের জায়গায় দুঃখ পাওয়া আমাদের পক্ষে অসাধ্য নয়। এমন-কি যে-বহিশ্চেতনা এতকাল যন্তের মত স্থ-দ্বংথ-উপেক্ষার সাড়া দিয়ে এসেছে, তাকে প্রত্যেক মাত্রাম্পর্শে নিতাম্ফর্ত আনন্দের স্বচ্ছন্দ সাড়া দিতেও অভ্যস্ত করতে পারি আমরা—সঞ্চারিত করতে পারি তার মধ্যে গ্রহাশায়ী আনন্দ-ময় প্রেষের সত্য ও বৃহৎ অন্ভবের হ্যাদিনী দীপ্তি। ব্যাবহারিক জীবনের অভ্যস্ত সাড়ার গভীরে প্রসন্ন ও বিবিক্ত আনন্দ-সংবেদন একটা বৃহৎ সিম্পি হলেও, যোগযুক্ত চেতনার স্বচ্ছন্দ অনুভব তারও চেয়ে বৃহৎ গভীর এবং আত্মপ্রতিষ্ঠার মহিমার পূর্ণতর। কারণ, তার মধ্যে শৃধ্ব যে আছে অটল থেকে গ্রহণ করা, আত্মন্থ থেকে অন্ভবের অপূর্ণতাকে কেবল মেনে নেওয়া,

তা নয়। অপূর্ণকে পূর্ণে, অন্তকে খতে রুপান্তরিত করবার বীর্যও আছে তার মধ্যে। তাই সেখানে মনোময় পূর্বের দ্বন্ধর দ্বন্ধর অনুভবের জায়গায় ফুটে ওঠে চিন্ময় রসিকেরই বিশ্বরতির শাশ্বত ও নিরংকুশ উন্মাদনা।

স্বথ-দ্বঃথের সাড়া যে নিতান্ত আপেক্ষিক এবং অভ্যাসপ্রসূত, মানসিক ব্যাপারে তা খ্বই সহজে ধরা পড়ে। কিন্তু আমাদের নাড়ীতন্ত্র নিয়মিত ব্যক্থাতেই কতকটা অভাসত। এমন-কি এক্ষেত্রে অভ্যাসের রায়ই যে চরম এমন দ্রান্ত সংস্কারও তার আছে। তাই তার কাছে সিন্ধি ঋণিধ জয় বা মান বস্তুতই সুখকর নচিনি যেমন মিণ্টি, এরাও তেমনি নির্ঘাত মিণ্টি। আবার তেমান অসিদ্ধি দুদৈবি পরাজয় বা অপমান বস্তুতই দুঃখকর তার কাছে— নিম যেমন তেতো, এরাও তেমনি নির্ঘাত তেতো। এদের স্বাদ বদলে দেবার কল্পনাও করতে পারে না সে—কেননা তার কাছে সে হবে একটা দুল্ট-বিরোধ, অনৈসার্গ ক একটা রুচিবিকার। এমনি করে নাড়ীময় প্ররুষ আমাদের মধ্যে পংগ্র হয়ে আছে অভ্যাসের দাসত্বে। একইধরনের সাড়া ও অন্বভবের ছককাটা মান,যের জীবন-ব্যবস্থার কোথাও বিপর্যায় না ঘটে, তার জন্যে সে প্রকৃতির হাতে-গড়া একটা সাধন মাত্র। কিন্ত মনোময় পরেষ তার চেয়ে দ্বাধীন, কেননা প্রকৃতি গড়েছে তাকে সাবলীল বৈচিত্রের আধার ক'রে--পরিবর্তানের ভিতর দিয়েই সে এগিয়ে যাবে বলে। পরবশতা তার ইচ্ছাধীন। যতাদন বিশেষ-একটা মানসিক অভ্যাসকে সে আঁকড়ে আছে অথবা নাড়ীতক্তের শাসনকে দ্বীকার করছে দ্বেচ্ছায়, তত্দিনই সে পরবশ। অতএব অপমানে ক্ষতিতে পরাজয়ে শোকাচ্ছন্ন হতে বাধ্য নয় সে। এদের সে দেখতে পারে প্রোপ্রার উপেক্ষার দ্রণ্টিতে-এমন-কি পরিপূর্ণ প্রসন্নতার সংগ্রেই এদের সে বরণ করে নিতে পারে জীবনের আর সব-কিছুরে সঙ্গে। তাই চেতনার উন্মেষের সংগে মানুষ আবিষ্কার করেছে এই সতা : দেহ ও নাড়ীতন্ত্রের শাসনকে যতই সে অস্বীকার করে, অল্লময় ও প্রাণময় কোশের ষড়য•র হতে যতই নিজেকে নিম'তে করে, ততই অসংকৃচিত হয় তার স্বাংতল্যের মহিমা। মাত্রাম্পর্শের সে আর দাস নয় তথন, সংবেদনের স্বাতন্ত্রে সে তথন স্বরাট্।

কিন্তু শারীরিক স্থ-দ্বঃথের বেলায় স্বারাজ্যের এই সহজ মহিমাকে তাক্ষ্ম রাথা কঠিন হয়ে পড়ে। কেননা আমরা তথন থাকি দেহ ও নাড়ীতন্তের খাসমহলে। সেথানকার কর্তা যে, তার স্বভাবই হল বাইরের চাপ
ও বাইরের অভিঘাতের শাসন মেনে চলা। তব্ স্বারাজ্যের একট্খানি আভাস
সেখানেও আমরা পাই। একটা ব্যাপার লক্ষণীয়। একই স্প্ল সন্নিকর্য
স্থের অথবা দ্বঃথের হতে পারে অভ্যাসের ফলে—শ্ব্র বিভিন্ন ব্যক্তির
কাছেই নয়, একই ব্যক্তির বিভিন্ন অবন্ধায় বা তার বাড়তির বিভিন্ন পর্বে।
কতবার দেখা গেছে, তীর উত্তেজনা অথবা উচ্ছব্সিত উল্লাসের সময় মান্য

অসাড় বা উদাসীন হয়ে যায় দেহের বেদনাবোধ সম্পর্কে, অথচ স্বাভাবিক অবস্থায় সেই বেদনাই হয়ত হত তার মর্মান্তিক যন্ত্রণার কারণ। অনেকসময় বেদনা সম্পর্কে সচেতনতা ফিরে আসে তখনই, অসাড নাডীতন্ত আবার যখন সজাগ হয়ে মনকে স্মরণ করিয়ে দেয় তার অভ্যস্ত বেদনাবাধের দায়। কিন্ত মনের এ-দায় তো অনতিক্রমণীয় নয়—এ তার অভ্যাস শুধু। সম্মোহনদশায় সম্মোহিত ব্যক্তির শরীরে ছইচ ফুটিয়ে বা ছবির চালিয়ে তাকে ব্যথা পেতে নিষেধ করা হয় যদি, তাহলে শ্ব্ধ-যে তখনই বাথা পায় না সে তা নয়, জেগে ওঠার পরও বাথা পাবার অভাস্ত সংস্কারকে তার স্বচ্ছন্দে দাবিয়ে রাখা চলে। ব্যাপারটা রহস্যময় মোটেই নয়। মানুষের জাগ্রংচেতনাই অভ্যস্ত হয়েছে নাড়ীতন্ত্রের সংস্কারে। সন্মোহন-দশায় জাগ্রতের ক্রিয়াকে স্তুম্ভিত করে সম্মোহক ফ্রটিয়ে তোলে অধিচেতনার গ্রহাশায়ী মনোময় প্রেষকে, যিনি ইচ্ছা করলেই দেহ ও নাড়ীতন্ত্রের নিয়ন্ত্রণকে নিজের বশে আনতে পারেন। সম্মোহনদ্বারা এমনি করে দ্বারাজ্যের যে-অধিকার মেলে. তা কিন্ত বৃদ্তত অস্বাভাবিক পরতন্ত্র ক্ষিপ্র ও ক্ষণস্থায়ী, স্বুতরাং সত্যকার স্বারাজ্য বলা চলে না তাকে। কিন্তু এই সাধনাই করা চলে স্বেচ্ছায়, স্বভাবের বশে, পর্বে-পর্বে –যার ফলে আধারে সত্যকার স্বারাজ্যপ্রতিষ্ঠা হয়, নাড়ীতল্রের অভ্যস্ত সংস্কারের 'পরে সংক্রামিত হয় মনোময় পরে,ধের আংশিক বা পরিপূর্ণ প্রশাসন।

দেহ-মনের পীড়াবোধ প্রকৃতির একটা কৌশল মাত্র। উধর্বপরিণামের এক পর্বসন্ধিতে বিশেষ-কোনও লক্ষ্যসিন্ধির জন্যই শক্তির এই লীলা। কথাটা এই। ব্যক্তিচেতনার কাছে এ-জগৎ বহুমুখী শক্তিরাজির বিচিত্র জটিল একটা সংঘাত। এই জটিল আবর্তের মধ্যে জীব দাঁড়িয়ে আছে একটা সীমিত পিন্ডর পে। আধারশক্তির সঞ্চয় তার সীমিত, অথচ তারই 'পরে প্রতিনিয়ত পড়ছে এসে অগণিত অভিঘাত—যা তার পিণ্ডজগৎকে ক্ষত-বিক্ষত চূর্ণ-বিচূর্ণ বা বিশ্লিষ্ট করে দিতে পারে যে-কোনও মুহূতে। বিষয়সন্নিকষে বিপদ বা অনিষ্টের আশৃষ্কা আছে যেখানে, জীবের দেহ এবং নাড়ীতন্ত্র সেখান হতেই আঁংকে পিছিয়ে আসে। এই পিছিয়ে-আসাটাই চেতনায় ফোটে পীড়াবোধ হয়ে। উপনিষদে যার নাম 'জ্বগু-সা', এ তারই অঞ্গীভূত। পিন্ডচেতনা যাকে মনে করে অনাম্মা প্রতিকলে বা অনাম্মীয়, তাহতে নিজেকে বাঁচানোর স্বাভাবিক প্রবৃত্তিই হল জ্বাকুসার স্বর্প। জ্বাকুসাই দেখা দেয় পীডার আকারে। অতএব, কাকে এড়াতে হবে অথবা এড়াতে না পারলেও ঠেকিয়ে রাখতে হবে. এ যেন তার দিকে প্রকৃতির ইশারা। তাই জড়জগতে প্রাণ না দেখা দিয়েছে যতক্ষণ, ততক্ষণ পীড়াবোধের কোনও নিশানা মেলে না, কেননা ততাদন প্রকৃতির ইন্টার্সাম্বর জন্য যান্ত্রিক প্রবৃত্তিই যথেন্ট। কিন্ত

যখনই জগতে দেখা দিল প্রাণের স্কুমার লীলা এবং জড়ের 'পরে তার শিথিল মুণ্টিবন্ধন, তখন হতেই বেদনাবোধের আবিভাব। আর সে-বেদনা বেডে চলল প্রাণের মধ্যে মনের উন্মেষের সঙ্গে-সঙ্গে। তাই যতক্ষণ দেহ আর প্রাণকে মন জড়িয়ে আছে জ্ঞান ও ক্রিয়ার সাধনরূপে, ততক্ষণ বেদনাবোধ তার নিত্যসংগী। মনকে তখন দেহ আর প্রাণের ক্লিষ্ট বৃত্তি মেনে চলতেই হয় এবং সেইজন্য অপূর্ণ অহন্তার সংবেগ ও আকৃতিকে করতে হয় তার দিশারী। অতএব বেদনাবোধকেও প্রত্যাখ্যান করবার তার উপায় থাকে না। কিন্তু মন যদি হয় স্বৰণ, অহংনিম ্কু, সব'ভূত এবং বিশ্বগত শক্তিলীলার সঙ্গে যোগয_়ক্ত, তাহ*লে* দ_{্ব}ঃখবোধের প্রয়োজনও তার কমে আসে এবং অবশেষে দ্বঃখসত্তার কোনও হেতুই অবশিষ্ট থাকে না। তখনও চেতনায় তার সংস্কারশেষ থাকে যদি, তাহলে অতীতের অনিয়ত ও অনিমিত্ত উৎপাতর্পেই সে থাকবে; অর্থাৎ দঃখবোধ তখন অভ্যাসের অনাবশ্যক পরিশেষ। উধর্ব-চেতনা প্ররাপ্রার দানা বাঁধেনি বলেই তার 'পরে অবর-সংস্কারের এই জ্বলত্ম। কিন্তু এ-জ্বলুমের পথও রুম্ধ ক'রে তার সম্পূর্ণ বিলোপসাধন করতে হয়, তবেই জড়ের বশ্যতা ও অহন্তার সঙ্কোচ হতে চেতনার নিম্বিস্ততে তার দ্বারাজাসিদ্ধির দিব্য নিয়তি সার্থক হতে পারে।

দ্বঃখবোধের বিলোপসাধন অসম্ভব কিছুই নয়, কেননা সূখ দ্বঃখ দ্বইই শ্বন্ধসন্তার আনন্দস্বভাবের দুর্টি ধারা—একটি ধারা স্তিমিত, আরেকটি প্রতীপ। এ-বৈকল্যের কারণ : অথন্ডচেতনা জীবের মধ্যে নিজেই নিজেকে করেছে খণ্ডিত—মায়ার পরিমিতিতে। তাই বিশ্বের স্পর্শে জীবের মধ্যে জাগে না সার্বভৌম রসোল্লাস, বিশ্বকে খণ্ড-খণ্ড করে আস্বাদন করে সে অহন্তার ক্লিণ্ট বৃত্তি দিয়ে। কিশ্বাত্মার কাছে মাগ্রাম্পর্শ নাই, কেননা সকল স্পর্শ হৈ তাঁকে দেয় আনন্দকন্দের অন্ভব—অলঙকারশাস্তের ভাষায় যাকে বলা হয় 'রস' অর্থাৎ যা কল্ডুর সার এবং স্বাদ দুইই। বিষয়ের সংস্পর্শে তার সারট্যকু খুজি না আমরা—শুধু দেখি কিভাবে আলোড়িত করে সে আমাদের কামনা ও ভয়কে, লালসা ও বিরাগকে। তাই বিষয়ের রস আমাদের চেতনায় বিবতিতিত হয় দুঃথে শোকে উপেক্ষায় বা অপূর্ণ আনন্দের ক্ষণিকায়, অর্থাৎ সারগ্রাহিতার সামর্থ্য থাকে না তার মধ্যে। হৃদয় ও মন সম্পূর্ণ অনাসক্ত হয় যদি এবং সেই অনাসক্তির বীর্য নাড়ীতক্তেও সংক্রামিত হয়, তাহলে রসের এই অপূর্ণ তির্যক প্রকাশকে ধীরে-ধীরে অবলন্পু করে শৃন্ধসত্তার অব্যাভিচারী আনন্দের বিচিত্র উল্লাসকে তার স্বারসিক সত্যস্বর্টপ আস্বাদন করা আমাদের পক্ষে অসম্ভব হয় না। বিশেবাল্লাসের চিত্রধারা পান করবার সামর্থ্য কিছ্ব-কিছ্ব দেখা দেয়, যখন কাব্য ও কলার বিষয়বস্তুকে আমরা গ্রহণ করি সামাজিকের সহ্দয়তা নিয়ে। শোক ভয় ও জ্গ্পেসার বিষয়েও আমরা

পাই এক অন্তর্গূঢ় রসর্পের আম্বাদন। তার কারণ, আমরা তখন অনাসক্ত্র নিলিপ্ত—ভাবি না নিজের কথা বা আত্মসংহরণের উপায়, শুধু ভাবি বিষয়বস্ত ও তার রসের কথা। সামাজিকের এই রসবোধ অবশ্য বিশ্বন্ধ আনন্দসত্তার অবিকল প্রতিরূপ কখনও হতে পারে না, কেননা ব্রহ্মানন্দ কাবারসোত্তীর্ণ অতিমানস অনুভব। রক্ষানদেদ শোক ভয় জুগ্মুপ্সা বিলম্প্ত হয় আলম্বনস্মুধ, কিন্তু কাবারসে আলম্বন থাকে অক্ষ্রন। তব্ বিশ্বাত্মার আত্মর পায়ণে যে-আনন্দ কলায়-কলায় উপচিত হয়ে উঠেছে, তার একটি ভূমির আংশিক ও অপূর্ণে পরিচয় পাই আমরা শিল্পরসেরও আস্বাদনে। এ আমাদের আত্ম-প্রকৃতির অন্তত একটা দিক উন্মান্ত করে দেয় অহন্তানিম ত সেই বিশ্বাত্মভাবের প্রতি, যা দিয়ে অথিলাত্মা আস্বাদন করেন মানুষের থণিডত-চেতনায় কল্পিত বৈষম্য ও বিপর্যয়ের মধ্যেই সৌষম্যের মাধ্রী। তবু প্রমৃক্ত চেতনার এ শ্ব্রু প্রোভাস। পরিপূর্ণ প্রমৃত্তি আসবে তখনই, যখন ম্কেধারার অবাধ প্লাবনে আধারের সব-কিছ্ম খুলে যাবে আলোর দিকে-আমাদের হৃদয়ের নাড়ীতে-নাড়ীতে উল্লাসিত হয়ে উঠবে এক সর্বতঃসঞ্চারী রসবোধ, এক সার্বভৌম প্রজ্ঞাদুণিউ, বিশেবর সম্পর্কে অনাসক্ত অথচ যোগযুক্ত একটা গভীর চেতনা।

আমরা দেখেছি, বিশ্বের অভিঘাতকে স্বচ্ছন্দে গ্রহণ করতে না পেরে চিংশক্তি যখন পরাহত সংকৃচিত হয়ে ফিরে আসে, তখনই আমাদের মধ্যে জাগে বেদনাবোধ। তারও মূলে রয়েছে আমাদের অবিদ্যা। সং-চিং-আনন্দই যে আমাদের আত্মার স্বরূপ একথা ভূলে ক্ষুদ্র অহমিকার দীনতা দিয়ে নিজেকে যখন সংকৃচিত করি, তখনই বিশ্বকে গ্রহণ করবার সম্ভোগ করবার যথোচিত সামর্থ্যও আমরা হারিয়ে ফেলি। তাই দ**ুঃখবোধের উচ্ছেদ করতে আমাদের** প্রথম সাধনাই হবে জ্বুগ্বুস্সার জায়গায় তিতিক্ষার প্রবর্তনা। জ্বুগ্বুস্সায় আমরা প্রতিকূল সন্নিকর্ষ হতে ঘা খেয়ে পিছ, হটেই এসেছি এতকাল, এইবার তিতিক্ষার বীর্য নিয়ে রুখে দাঁড়াতে হবে, জয় করতে হবে তাদের। তিতিক্ষার অনুশীলনে আমরা প্রথমে পেশছব একটা সমন্ববোধের ভূমিতে, অর্থাৎ সকল সন্মিক্ষেরি প্রতিই জাগবে আমাদের সমান উপেক্ষা অথবা সমান প্রসন্নতা। তারপর এই সমন্ববোধকে দূঢ়মূল করতে হবে আধারে--সূখ-দুঃখের শ্বন্ধে বিকল অহংচেতনার আসনে অখণ্ড সচিদানন্দের প্রমানন্দময় চেতনার প্রতিষ্ঠান্বারা। এই ব্রাহ্মী চেতনা বিশ্ব হতে বিবিক্ত হয়ে বিশ্বোত্তীর্ণ হতে পারে। তখন তার প্রশাশ্ত-সমুদূর আনন্দধামে পেণছতে হলে চাই সব-কিছত্বতে সমান উপেক্ষা। তা-ই হল বৈরাগীর পথ। কিন্তু রাক্ষী চেতনা আবার হতে পারে বিশেবান্তীর্ণ হয়েও বিশ্বাত্মক। তখন তার সর্বান্ম্যুত নিভাসহিহিত আনন্দের অনুভব মেলে পূর্ণাহন্তার মধ্যে ক্ষুদ্র অহন্তার নিঃশেষ আত্মসমর্পণে

—এক সর্বাগত সমরস প্রসাদের অধিগমে। বৈদিক ঋষিদের ছিল এই পথ।
কিন্তু স্বথের দিত্মিত বেদনা ও দ্বংথের প্রতীপ সংস্পর্শে উদাসীন থাকাই
স্বভাবত অধ্যাত্মসাধনার আদিপর্ব। সাধারণত আরও এগিয়ে গেলে আসে
সমরস প্রসাদের ভাব। কিন্তু স্থ-দ্বঃখ-উপেক্ষার তিনটি তারকে সদ্য-সদ্যই
বাজিয়ে তোলা আনন্দের স্বরে—অসম্ভব না হলেও মান্ব্যের পক্ষে খ্ব
সহজ নয়।

বেদানতীর সম্যক্-দর্শন জগৎকে তাহলে এই দৃষ্টিতে দেখে। বিশেবর মূলে আছে এক অখণ্ড অনন্ত সন্মাত্র—নিরঞ্জন আত্মসংবিতের উল্লাসে প্রমা-নন্দময়। সেই শুন্ধসত্তাই আত্মনবরূপে আবিচ্যত থেকে স্পান্দত হল চিন্ময়ী মহাশক্তির লীলায়নে—মায়ার খেলায় জাগল প্রকৃতির পরিস্পন্দ। শুন্ধসত্তার <u> দ্বতঃস্ফুর্ত আনন্দ প্রথমত সমাহিত আত্মসংহৃত—জড়াবশ্বের ভূমিকার্পে</u> অবচেতন। তারপর সে-আনন্দ উচ্ছ্রাসত হয়ে উঠল এক সমরস পরিস্পন্দের বিপাল উচ্ছনসে—তাকে তখনও ইন্দ্রিয়সংবেদন বলতে পারি না। তারও পরে. মন ও অহংএর উন্মেষ এবং উপচয়ে সূথ-দৃঃখ-উপেক্ষার বিতশ্বীতে বেজে উঠল সে-আনন্দরঙকার, যখন ঘটে-ঘটে সঙ্কুচিত চিংশক্তি বিশ্বব্যাপিনী মহাশক্তিকে অনাম্বীয় ৬ নিজের সীমিত সাধনার প্রতিকলে ভেবে শিউরে উঠল তার অভিঘাতে। অবশেষে ঘটল অখন্ড সচিদানন্দের নিতাচেতন আবিভাবে তাঁর আত্মবিভৃতিতে—সর্বাত্মভাবের সংবেদনে, সামরস্যের সম্ভোগে, স্বপ্রতিষ্ঠার মহিমায়, স্বীয়া প্রকৃতির অবষ্টকেত। এই হল জগৎপরিণামের ধারা। যদি প্রশন হয় যিনি 'একমেবাদিবতীয়ং' সংস্বরূপ, এই বিশ্বপরিণামে তাঁর আনন্দ কেন? তার উত্তরে বেদানতী বলবেন, আনন্তাই যাঁর স্বরূপ, তাঁর মধ্যে তো সমস্তই সম্ভাবিত। আর সম্ভাতর বিপরিণামেই হ'ক অথবা অসম্ভূতির অপরিণামেই হ'ক, তাঁর সম্ভাবের যে-আনন্দ, সে তো সাথাক

তাঁর আনন্দ কেন? তার উত্তরে বেদানতী বলবেন, আননতাই যাঁর ন্বর্প, তাঁর মধ্যে তো সমন্তই সম্ভাবিত। আর সম্ভাতর বিপরিণামেই হ'ক অথবা অসম্ভাতর অপরিণামেই হ'ক, তাঁর সম্ভাবের যে-আনন্দ, সে তো সার্থক হবে নিখিল সম্ভাবনার চরিতার্থতাতেই। সে বিচিত্র সম্ভাবনার একটি রূপ ফুটেছে এই বিশেব, আমরা যার অংগীভূত। এখানে সচিদানন্দ নিজেকে যেন হারিয়ে ফেলেছেন যা নন তিনি তার মধ্যে এবং সেই বৈপরীত্যের গহনে চলেছে তাঁর নিজেকে ফিরে পাবার এষণা। অনন্ত সংন্বর্প যিনি, অসতের কুর্হোলকায় নিজেকে হারিয়ে ফেলে আবার তিনি ফুটে উঠলেন সান্ত জীবের প্রতিভাসে। তাঁর অনন্তচৈতন্য লুপ্ত হল অব্যাকৃত অচিতির বিপল্ল আঁধারে, আবার বহিশ্বর চেতনার সংকীর্ণ পরিসরে উঠল তা ঝিলমিলিয়ে। তাঁর অনন্ত শক্তির স্বধা আচ্ছম হয়ে পড়ল পরমাণ্র নিশ্বতি ঘ্ণান্কর্তে, আবার তা জেগে উঠল বন্ধাতের টলমল ম্তিতি । তাঁর আনন্দ মিলিয়ে গেল জড়প্থের দিতমিত অসাড়তায়, আবার তা বেজে উঠল সংখ-দংখে-মোহ রাগ-শ্বেষ-উপেক্ষার স্বরস্ক্রমাহীন বিচিত্র ঝণ্কারে। তাঁর নিরবশেষ অথন্ডতা

খন্ডবৈচিত্রের বিপর্যয়ে গেল হারিয়ে, আবার তা দেখা দিল বিচিত্র শক্তি ও সন্তার সংঘর্ষে—যার মধ্যে পরস্পরকে কর্বালত করে গ্রাস করে জীর্ণ করে চলল সেই অখন্ডভাবকে ফিরে পাবার সাধনা। এমনি করে এই স্পৃষ্টির ব্রকেই একদিন অখন্ড সচিদানন্দ ফ্রটে উঠবেন তাঁর নিরাবরণ মহিমায়। জীববাজি হয়েও মানুষ এই জীবনেই র্পান্তরিত হবে বৈশ্বানর বিরাট প্রুর্ষে। তার সঙ্কীর্ণ মনশেচতনা সম্প্রসারিত হবে অতিচেতনার অলৈবত সমাহারে, যার মধ্যে সবাই ঠাই পাবে—নির্বিচারে। তার সঙ্কীর্ণ হ্দের উদার হয়ে বিশ্বকে বাঁধবে অফ্রন্ত প্রেমের আলিংগনে, ক্ষরে বাসনার লোল্পতা বিশ্বরতির রসে হবে রসায়িত। তার সঙ্কুচিত প্রাণচেতনা বিস্ফারিত হয়ে বিশ্বর সমগ্র অভিঘাতকে তুলে নেবে আপন ব্রকে, বিশ্বর আনন্দলীলার পাবে পরিপূর্ণ আস্বাদন। এমন-কি তার জড়দেহও আর নিজেকে বিশ্ব হতে বিযুক্ত ভাববে না—অথন্ড সর্বগত মহাশক্তির বিপ্রল প্রবাহকে ধারণ করবে সে নিজেরই মধ্যে তার সঙ্গে এক হয়ে গিয়ে। এমনি করে ব্যক্তি-আধারেই অথন্ড সচিদানন্দের সর্বান্স্যুত অন্বয়স্ব্রমা পরিপূর্ণ মহিমায় ফ্রটে উঠবে তার স্বীয়া প্রকৃতির ছলে।

বিশ্বলীলার মর্মান্লে নিহিত রয়েছে যে-পরমসতা, শ্রুণ্ধসন্তার অথণড সমরস আনন্দ তার স্বর্প। সে-আনন্দের সামরস্য ফ্টেছে প্রকৃতির অবচেতন স্মৃপ্তিতেও—যথন তার মধ্যে ছিল না ব্যক্তি-চেতনার স্চনা। তারপর জীবকে কেন্দ্র করে অর্ধচেতন স্বন্ধের ধাঁধাঁয় নিজেকে খ্রুজেছে সে এষণার বিচিত্র ছন্দে—তার মধ্যে কত বিকৃতি, কত র্পান্তর, কত বিপর্যয়। কিন্তু সে-এষণাতেও অক্ষ্ময় রয়েছে সামরস্যের সেই আনন্দ। আবার ওই আনন্দেরই অবিকল্পিত অনুভব দেখি শান্বত অতিচেতনার স্বপ্রতিষ্ঠ মহিমায়—একদিন যার মধ্যে প্রবৃশ্ধ জীবচেতনা একাকার হয়ে যাবে অথন্ড সচিচ্দানন্দের পরম সায্ক্রো। ভাবের চোথে জড়বিশ্বর দিকে তাকাই যথন সংস্কারবিম্ক্রে বিজ্ঞানের প্রাতিভদীপ্তি নিয়ে, তথন দেখি জগৎ জ্বড়ে এই তো অথন্ডের আনন্দললীলা। এ-লীলায় তিনিই নট, তিনিই স্ত্রধার—তাঁর সবৈশ্বর্থের আনন্দজ্যটায় ফ্রটেছে বিশ্বের এই শতদল।

व्यामम व्यथाय

দেব-মায়া

তদিন্দ্ৰস্থ ব্ৰছস্য বেনোর্ আ নামতিম্মিরে সক্যাং গেল। অন্যদন্দস্ম বিসানা নি মায়িনো ম্মিরে রূপম্মিন্ম ॥

মায়াবিনো মমিরে অস্য মায়য়া স্রচক্ষসঃ পিতরো গর্ডমা দধ্য ॥

करावन ०।०४।१: ५।४०।०

তাইতো আজও তারা এই বীর্ষবর্ষী দেবতা আর ধেনুব্পিণীর নাম দিরে দিকে-দিকে র্পায়িত করে চলেছে আলোকজননীর নির্চ শক্তিক; সে-শক্তির বিচিত্র বীর্ষে ঢেকেছে তারা আপন তন্—এমনি করে মায়ীরা ফ্টিরে তুলেছে র্পের মায়া এই সতের মধ্যে।

রূপ দিলেন সবাইকে এ'রই মায়ায় মায়াবীরা; বীর্যদীপত দৃদ্টি যে-পিতাদের, এ'কেই দ্রুগের মত তাঁরা নিহিত করলেন সবার মধ্যে।

—ঋশ্বেদ (৩।৩৮।৭;৯।৮৩।৩)

যে-সন্মাত্রের মধ্যে স্বয়ম্ভ্বীর্যের সংবেগে চিৎসত্তার নিরুক্ত্রণ আনন্দে জাগে বিস্থির প্রবর্তনা, তিনিই আমাদের স্বর্পসত্য। আমাদের সকল ভাব ও ভাঁপার অন্তর্যামী আত্মা তিনি—আমাদের সকল কৃতি স্থিউ ও সম্ভূতির তিনিই আদি তিনিই অন্ত। কবি শিল্পী অথবা সংগীতকার কলারপের সৃষ্টি করে যখন, তখন আত্মসন্তার কোনও অন্তগর্ট্য বীজভাবকেই তারা রূপায়িত করে। অথবা কার্ মনীষী বা রাজনীতিবিদ অন্তানিহিত ভাবকেই দেয় ক্তুরপের আকার, অথচ এই ব্যাকৃতিতে তাদের কোনও স্বরূপচ্যাতি ঘটে না। তেমনি এই বিশ্বসম্ভূতিও সেই শাশ্বত বিশ্বকবির আনন্দচিন্ময় আত্মরূপায়ণ। বাস্তবিক, সমস্ত বিস্পৃষ্টি বা সম্ভূতির তত্ত্বই তা-ই : বীজ হতে যা অঞ্কুরিত হল, বীজেই ছিল তা নিহিত—বীজ-সত্তায় ছিল তার প্রাক্-সত্তা, প্রেসিম্ধ ছিল তার আত্ম-বিভাবনার সংবেগ, সম্ভূতির আনন্দেই সঞ্চল্পিত ছিল তার ছন্দ। প্রাণপঞ্চের আদি-কণিকাতেই সন্তার গুড়ে সংবেগে প্রচ্ছল্ল ছিল জীবপিশ্ডের অবশাস্ভাবী পরিণীম। অন্তঃসংস্ক্রা অন্তর্বস্থী বীজশক্তিই সর্বত্র বহন করে নিজের অন্তগর্টে সুর্পেকে ফুটিয়ে তোলবার অদম্য আকৃতি। কেবল জীব যেখানে আত্মবিস্থির কর্তা, সেইখানেই সে নিজের সংগ্য কম্পনা করে স্থিশিক্তির ও স্থির উপাদানের

একটা প্রভেদ। বস্তৃত শক্তির সংগ তার স্বর্পের কোনও পার্থক্য নাই। শক্তির সাধনর্পে কল্পিত ব্যক্তিচেতনাও যেমন সে নিজে, তেমনি স্থিতির উপাদান ও পরিণাম হতেও সে অভিন্ন। অর্থাং বিস্ফিটর আপাতভিন্ন পর্বে-পর্বে আছে একই সন্তা, একই শক্তি, একই আন্দের লীলা—বিভিন্ন পর্যায়ে ঘনীভূত হয়ে। প্রত্যেক পর্যায়ে তার বিবিক্ত অহং নিজেকে ঘোষণা করছে 'এই তো আমি' বলে, কিন্তু সর্বত্র তার আত্মশক্তিরই বিচিত্র গ্র্ণলীলা আত্মর্পায়ণের বিচিত্র উল্লাসে নিজেকে করছে মঞ্জরিত।

সন্মারের বিভূতিও তো তার আত্মস্বর্প ছাড়া আর-কিছ্ই হতে পারে না। এ তার লীলা, তার ছন্দ—তার আত্মসন্তা চিংশক্তি ও আনন্দস্বভাবেরই স্ফ্তি । তাইতো যা-কিছ্ ফোটে জগতে, সে-ই বহন করে সন্তার আকৃতি। সে চায় সঙ্কল্পিত রপের স্ফ্রেণ, তার মধ্যে আত্মভাবের উপচয়। যে চেতনা ও শক্তি তার অন্তর্নিহিত, তাকে সে চায় পুষ্ট স্ফ্রিরত উপচিত ও অনন্তগ্রণে বর্ধিত করতে। বিশ্বের ঘটে-ঘটে রয়েছে আনন্দের প্রতি—অব্যক্ত হতে ব্যক্ত হওয়ায় আনন্দ, রুপায়ণে আনন্দ, চেতনার ছন্দোদোলায় আনন্দ, শক্তির মৃক্ত-ধারায় আনন্দ, রুপায়ণে আনন্দকে বাড়িয়ে উপচে তোলা—যেদিকেই হ'ক, যেমনকরেই হ'ক; অন্তরের যে-ভাবই অন্তর্যামী সিচ্চদানন্দঘনবিগ্রহের নিগ্রে বাণীর বাহন হ'ক, তাকেই সার্থক করে তোলা আনন্দ-রসায়নে—এই তো সর্বভূতের একমাত্র আকৃতি।

বিশ্বের যদি কোনও লক্ষ্য থাকে, পূর্ণতার কোনও এষণা যদি নিহিত থাকে তার মধ্যে, তাহলে কি ব্যক্তিতে কি সমন্টিতে তার রূপ হবে—আঅস্তর্যকে, অন্তগর্ন্ত শক্তিও চেতনাকে, নির্তৃ আনন্দস্বভাবকেই পরিপ্রণ্ ঐশ্বর্যে ফ্টিয়ে তোলা। কিন্তু ব্যক্তিচেতনা ব্যক্তির্পের সঙ্কীণ বেষ্টনীতে বাঁধা পড়ে যদি, তাহলে তার প্র্পর্প কিছুতেই ফ্টবে না। যে সান্ত, তার মধ্যে অথন্ড পূর্ণতা কথনও ফোটে না এইজন্য যে, সান্তের তা স্বর্পক্ষনার প্রতিক্ল। অতএব সান্তভাব ঘ্রচে অনন্তচেতনার উন্মেষেই ব্যক্তির একমাত্র সার্থকিতা। আত্মজ্ঞান ও আত্মোপলিরর সাধনায় আনন্ত্যের অভিব্যক্তি ঘটে যদি, তবেই সে ফিরে পাবে তার স্বর্পসত্য। যিনি অনন্ত সন্তা অনন্ত চেতনা ও অনন্ত আনন্দ, তিনি যে তার আত্মস্বর্প, তার সান্তভাব যে তাঁর প্রমার্থসন্তার চিত্রবিভূতির লীলাকগ্যুক মাত্র—এই পরমসত্যের অন্ভবে তখন চরিতার্থ হবে তার এষণা।

অন্তহীন দেশ ও কালর্পে প্রসারিত তাঁর অমেয়সন্তার বিপ্লে পট-ভূমিকায় অথন্ড সচিদানন্দের এই-যে বিশ্বলীলার কল্পনা, তার রহস্য ব্বতে হলে তার তত্ত্বর্পের অন্ধ্যান করতে হবে আমাদের। সে-র্পকে আমরা এইভাবে তরুগায়িত দেখি প্রচেতনার পর্বে-পর্বে। প্রথম পর্বে চিংসন্তা সংবৃত্ত ও আত্মসমাহিত হয়ে নিলীন হল স্বর্পধাতুর ঘনীভাবে—অনন্ত বিভজনের সদভাবনা নিয়ে, কেননা তা না হলে অথন্ড-ভাবের মধ্যে খন্ডতার লীলা সদভব হত না। দ্বিতীয় পর্বে, স্বতানির্দ্ধ চিংশক্তি ফুটে উঠল র্পময় প্রাণময় ও মনোময় বিগ্রহর্পে। শেষ পর্বে, মনোময় বিগ্রহ মুক্তি পেল স্বর্পোপলারর নির্বারিত স্বাতল্যে—নিজেকে সে জানল বিশ্বলীলার অথন্ড-অনন্ত স্বধারর্পে। আর সেই প্রম্কির উল্লাসে আবার সে ফিরে পেল সীমাহীন সং-চিং-আনন্দের স্বর্পপ্রত্যয়, মৃঢ় দশাতেও যা ছিল তার আত্মসন্তার গৃহাচর চিরন্তন সত্য। শক্তিম্পদের এই তিনটি ছন্দের জ্ঞানই বিশ্বরহস্যের একমাত্র কৃঞ্কি।

বিশ্বপরিণামের এই ছন্দকে আমরা র্পায়িত দেখি প্রাচীন বেদান্তের শাশ্বত অন্ভবে এবং সেই দর্শনের আলোকে পাই এ-যুগের প্রাতিভাসিক পরিণামবাদের সত্য পরিচয়। কালের কলনায় বিশ্বপরিণামের যে-লীলা দেখেছিলেন প্রাচীন ঋষি, আজ বৈজ্ঞানিকও শক্তি ও জড়ের তত্ত্বালোচনায় তারই অনচ্ছ পরিচয় পেরেছেন। সে-পরিচয়কে স্কুপন্ট ও স্প্রমাণ করতে হলে আবার তাকে উম্ভাসিত করতে হবে আমাদেরই ভান্ডারে সন্থিত বেদান্তের প্রাণ ও শাশ্বত সত্যের জ্যোতিতে। এমনি করে প্রাচ্যের প্রাণ-জ্ঞান আর প্রতীচ্যের নবীন জ্ঞানের অন্যোন্যসংগমে ফ্টবে তাদের পরস্পরের দীপ্ত পরিচয়। আজ জগতের ভাবধারা চলেছে যেন সেই যুক্তবেণীরই অভিমুখে।

তব্, 'সর্বাং খাল্বদং ব্রহ্ম' শ্র্য্ এই তত্ত্বের আবিষ্কারে সকল সমস্যার সমাধান হয় না। বিশ্বমূল প্রমার্থ তত্ত্বে চিনেছি আমরা, কিন্তু কি করে তিনি পরিণত হলেন এই প্রতিভাসে, তার ইতিহাস এখনও জানি না। সমাধানের চাবিকাঠিটি পেয়েছি, কিন্তু কোন্ তালায় তাকে ঘোরাতে হবে তা তো বলতে পারি না। প্রমার্থ তত্ত্বেই শ্র্যু জানলে হবে না, জানা চাই তার পরিণামের ধারাকেও। কারণ, ধারা যে আছে, 'যাথাতথ্যতঃ' অর্থের বিধান যে আছে জগতে সে তো স্পন্ট দেখছি। অখন্ড সচিদানন্দের শক্তি অব্যবহিত হয়ে কাজ করছে না বিশ্বে, কেননা তিনি তো ঐন্দ্রজালিকের মত খেয়ালখ্নির চ্ডান্তলীলায় লোক-বিস্থিট করে চলেননি শ্র্যু ব্যাহ্তির মন্ত্র আউড়িয়ে।

সত্য বটে, বিশ্ববিধানের বিশেষধণে দেখি শৃধ্ বিক্ষিপ্ত শক্তিলীলার একটা সমতা এবং কতকগৃলি নিদিন্ট খাতে সে-লীলার প্রহণ—কোনও ঋতের ছন্দেনয়, কেবল শক্তির যদ্চছা প্রবৃত্তিতে অথবা অভ্যুক্ত শক্তিপরিণামের গতান্ত্র্ণতিক ধারা ধরে। বিশ্বে নিয়মের এই তাৎপর্য। কিন্তু শক্তিকে কেবল শক্তির্পে দেখলেই তার প্রকৃতি সম্পর্কে এই রায়কে চ্ডান্ত বলে মানা চলে, নইলে এ শৃধ্ব তার একটা গোল আপাতপরিচয়। শক্তিকে সন্তার আত্মসম্ভূতি বলে জানি যখন, তখন শক্তিপ্রবাহের নিদিন্ট ধারাকে সন্তার স্বর্পসত্যের

একটা প্রতির্প ছাড়া আর-কিছ্ব বলতে পারি না। তথন মানতে হর, সন্মান্রেরই ঝতময় প্রশাসনে নির্মান্তত হচ্ছে প্রবাহের নির্মাণত চলন এবং লক্ষ্য। আবার, চৈতনাই যথন অনাদিসন্মান্তের দবভাব এবং তারু শক্তিরও বীর্যা, তথন সন্মান্রের সত্যবিভৃতিতেও আছে চিংসন্তার দবর্পপ্রতায়। অতএব শক্তিপ্রবাহের ধারা নির্মাণত হচ্ছে চৈতন্যে নির্ট্ বিজ্ঞানশাক্তির দ্বতোদেশনায়, যা চিংসন্তার দ্বর্পপ্রতায়ের প্রোত দ্বারা অনতিবর্তনীয় ঝতের পথে শক্তিকে পরিচালিত করবে। স্তরাং বিশ্ববিস্টির ম্লে রয়েছে যে-প্রবর্তনা, তা বিশ্বচিতনারই দ্বতোদেশনায় বীর্যা, অথবা আনন্ত্যের আত্মসংবিতের সেই দিব্য সামর্থ্য মানজের কোনও সত্যবিভৃতিকে প্রত্যক্ষ ক'রে তার র্পায়ণের নিত্যধায়ার পথে সঞ্চারিত করতে পারে সিসক্ষার প্রবেগ।

কিল্ড প্রশ্ন হতে পারে, অনন্তচিন্মাত্র এবং তার লীলাপরিণামের মাঝে একটা বিশেষ শক্তি বা ব্যত্তির খেলাকে আমরা মানতে যাই কেন? খাকে বলি আনন্ত্যের আত্মসংবিং সে কি কামচারবশে এই রূপের মেলা সূচ্টি করতে পারে না-যার ততদিনই আয়ু যতদিন না সে প্রলয়মন্তে মিলিয়ে যায়? সেমিটিক শাস্ত্রেও তো এমন কামচারের কথা আছে। 'ঈশ্বর বললেন ফটেক আলো আর অর্মান আলো ফুটল।' কিল্ড 'ঈশ্বর বললেন আলো হ'ক'— একথা যখন বলি, তখন ধরে নিই, চিংশক্তির এমন-একটা বৃত্তি আছে যা আলোকে বেছে নেয় আলো-নয়-যা তার থেকে। আবার যখন বলি, 'অর্মান আলো হল' তখনও তার পিছনে থাকে চিংশক্তিরই একটা দেশনা ও কিয়ার কল্পন যা তার জ্ঞানার্শাক্তর প্রতিরূপ। সেই ক্রিয়ার্শাক্তই করে আলোর বিস্থিত জ্ঞানাশন্তির অনুধানের ছন্দে এবং আলো-নয়-যা তার মারণশন্তির হাজারো ছোঁয়াচ বাঁচিয়ে জিইয়ে রাখে তাকে। অনন্তচেতনার ক্রিয়া অনন্ত অতএব তার শক্তিপরিণামও অনন্ত। তাই সম্ভূতির সেই নির্বিশেষ আন্ত্যের মধ্যে সতাবিভতির একটি সবিশেষ কলাকে আবিষ্কার ক'রে তার ঋতের ছলে জগৎ গড়ে তোলা—তার জন্য চাই বিদ্যাশস্থির এমন-একটা 'ব্রত' বা নির্বাচনী ব্রত্তি যা পরমার্থসতের আনশ্তা হতে গড়ে তলবে সান্তের প্রতিভাস।

বৈদিক ঋষিরা এই শক্তিকে বলতেন মারা'। তাঁদের কাছে মারা পরা সংবিতের সম্প্রজ্ঞানের বীর্য', যা অনন্ত-সন্মারের অসীম বিশাল সত্য হতে সীমার রেখায় 'মিত' ক'রে নিজের মধ্যে ফ্টিয়ে তোলে নাম আর রুপের থেলা। এই মায়াতে স্বরুপ-সন্তার অটল সত্য দুলে ওঠে ক্রিয়াসন্তার অতের ছন্দে। অর্থাণ দার্শনিকের ভাষায় বলতে গেলে, যে-পরমার্থ সতের মধ্যে বিবিক্ত-সন্কুচিত না হয়ে সমন্দি আছে সমন্দিরই রুপে, এই মায়াতে সে ফুটে ওঠে প্রাতিভাসিক সন্তা হয়ে। তার মধ্যে সমন্টি থাকে ব্যক্তিতে এবং ব্যক্তি থাকে সমন্টিতে—সন্তার সংশা সন্তার, চেতনার সংশা চেতনার, শক্তির সংশা শক্তির এবং আনন্দের

সঙ্গে আনন্দের লীলার দোলায়। প্রথমত ব্যক্তির মধ্যে সমষ্টি এবং সমষ্টির মধ্যে ব্যষ্টির এই লীলাকে আড়াল করে রাখে আমাদেরই মনের লীলা বা মায়ার বিদ্রম। ব্যক্তি তখন ভাবে, সমন্টিতে সে থাকলেও সমন্টি তো তার মধ্যে নাই। আর সমষ্টিতেও সে বিবিক্ত হয়ে আছে—সবার সঙ্গে একাকার হয়ে তো নয়। মনোলীলার এই প্রমাদ হতে দীর্ঘ সাধনায় যখন জাগি অতিমানসের লীলায় বা মায়ার সত্যে, তথন দেখি ব্যক্ষি আর সমক্ষি এক হয়ে জড়িয়ে আছে এক-সত্য আর বহু-প্রতির্পের অবিচ্ছেদ্য আলি গনে। মনের এই-যে অবর মায়ার বঞ্চনা আমাদের এখন ঘিরে আছে. তাকে মেনেই আমরা তাকে ছাড়িয়ে যাব। কেননা, আঁধার সঙ্কোচ আর খণ্ডতায়, বাসনা সংঘর্ষ ও দঃখতাপের বিক্ষকে বেদনায়, এও তো সেই পরমদেবতার লীলা। এ-লীলায় নিজেকে স'পে দিয়েছেন তিনি তাঁরই আত্মজা শক্তির কাছে, তাই তার অন্ধতার গ্রন্থনৈ নিজেকে আবৃত করতে তাঁর কণ্ঠা নাই। কিন্তু আরেকটি মায়া আছে এই মনের মায়ার আড়ালে— তাকে ছাড়িয়ে গিয়ে জড়িয়ে ধরতে হবে আমাদের। কেননা, এ-মায়া যে পরম-দেবতার লোকোত্তর লালা—সন্তার অন্তহান বিলাসে, প্রজ্ঞার ভাস্বর দাপ্তিতে, অবন্টন্ধ শক্তির বিপাল ঐশ্বর্যে, অফারন্ত প্রেমের উচ্ছবসিত উল্লাসে। লীলায় শক্তির কবল হতে মৃক্ত হয়ে তাকে জড়িয়ে ধরেন তিনি আত্মারামর পে —তার জ্যোতির, ভাসিত সন্তায় সাথ′ক করেন তার সেই আক্তি, যার আবেগ তাঁর কাছ থেকে তাকে ছিনিয়ে নিয়েছিল গোডার দিকে।

পর এবং অবর মায়ার মধ্যে এই স্ক্রা দৈবতলীলার সমর্থন আছে ব্যক্তির ভাবে এবং বিশ্বের তত্ত্বেও। কিন্তু এদেশের দ্বঃখবাদী ও মায়াবাদী দার্শনিকেরা তা জানতে অথবা মানতে চান না। তাঁদের মতে মনোময়ী মায়াই (সম্ভবত তা অধিমানসেরই নামান্তর) জগৎ সৃষ্টি করেছে। তাই তার সৃষ্টি জগৎ হবে একটা অনির্বচনীয় প্রহেলিকা—চিৎসন্তার একটা স্থাবর অথচ জঙ্গম স্বশ্নবিকার, যাকে প্রতিভাস বা প্রমার্থ কোনও কোঠাতেই নিশ্চয় করে ফেলা যায় না। কিন্তু মনকে প্রভার আসন দেওয়া সম্যক দ্বিট্র পরিচয় নয়। অন্তর্যামিণী সৃষ্টিপ্রজ্ঞা আর স্থিতির জালে জড়িত প্রাকৃতচেতনা, দ্বয়ের মাঝে মন একটা তটস্থ ব্রি মার। সচিচদানন্দই অবর স্পন্দলীলায় নিজেকে সংব্রু করেছেন মহাশক্তির আপনভোলা জড়সমাধিতে—যেখানে নিজেরই খেলার মাঝে সে আত্মহারা। আবার সেই আত্মবিস্মৃতির আধার হত্তে ফিরে চলেছেন তিনি স্বর্পের জ্যোভিলোকে। এই অবতরণ আর উত্তরণের লীলায় মন তাঁর অন্যতম করণ মার। স্তির অবরোহক্রমে মন একটা সামন শ্বের্, সৃষ্টির নিগতে প্রবর্তনা সে নয়। তেমনি আরোহক্রমেও সে একটা সংক্রান্তিদশা মার—আমাদের স্বর্পের গণ্ণোরী বা বিশ্বসন্তার পরম আশ্রয় নয়।

य-मार्गीनत्कता मनत्करे कगरजत द्वाची वर्टन कल्पना करतन, अथवा जात्क

মানেন বিশ্বরূপ ও বিশ্বাতীতের মাঝে একমাত্র মধ্যস্থ বলে, তাঁদের মধ্যে দুটি পক্ষ। কেউ তাঁরা নিবিশেষ-অধিষ্ঠানবাদী কেউ বা বিজ্ঞানবাদী। নিবিশেষ-অধিষ্ঠানবাদীদের মতে জগৎ কেবল মন, ভাব বা বিজ্ঞানের খেলা। তবে সে-বিজ্ঞানও অবাস্তব খেয়ালের ঢেউ শুখু, কোনও তাত্ত্বিক সন্তার সংগ্য তার কিছু-মাত্র সম্বন্ধ নাই। এমন-কি কোনও তত্ত্বস্তুর অস্তিত্ব থাকলেও তা নির্বিশেষ. অবাবহার্য-প্রপঞ্চের সঙ্গে কোনও সামাই তার সম্ভব নয়। কিন্তু বিজ্ঞান-বাদীরা অধিষ্ঠানসতা আর কন্পিতপ্রতিভাসের মাঝে একটা সম্বন্ধ আছে স্বীকার করেন। তাঁদের মতে সে-সম্বন্ধ শ্বেধ্ব বিরোধ ও ব্যাব্যতির সম্বন্ধই নয়। এখানে আমি যে-দুন্দির কথা বলছি সে কিল্ড বিজ্ঞানবাদেরই ধারা ধরে আরও এগিয়ে গেছে। এ-দুন্দিতে স্রন্ধ্র্যিজ্ঞান বস্তৃত সদুভূত-বিজ্ঞান অর্থাৎ তা চিংশক্তির সেই দিব্য সামর্থ্য বা তত্ত্বের দ্যোতক, তত্ত্বতে জাত এবং তত্ত্বধমী—যা শ্ন্য কি অতত্ত্বের বিজ্নভণ নয়, বা অবস্ত্র জাল ব্বনে চলেনি অসতের মধ্যে। এ এক চিন্ময় পরমার্থতিত্ত, যা নিজের অক্ষয় অক্ষোভ্য স্বরূপ-ধাতকেই বিচ্ছারিত করছে বিচিত্র বিপরিণামে। অতএব এ-জগৎ বিশ্বমনের একটা বিকল্প নয় শুধু। যা মনের অতীত, এ তারই আত্মরপায়ণ। চিং-সন্তার শতের প্রকাশ এই রূপায়ণে, তা-ই হল তার প্রতিষ্ঠা। এই ঋতস্ভরা প্রজ্ঞার ঈশনাই ফুটেছে অতিমানসের 'ঋত-চিং'র্পে* যা লোকোত্তর ভূমিতে সদ্ভূত বিজ্ঞানরাজিকে বৃহৎসামের সারসায়মায় গে'থে নিচ্ছে—মন-প্রাণ-জড়ের ছাঁচে ঢালবার আগে।

চেতনার উত্তরায়ণের বেলায় দেখি, সদ্ভূত পরমার্থই আছে সকল সত্তার পিছনে অধিষ্ঠানর্পে—পরমপদে। মধ্যভূমিতে নিজেকে সে ফ্রিটয়ে তুলছে বিজ্ঞানময় সম্ভূতির আকারে, যার মধ্যে আছে তার স্বর্প-সত্যের ছন্দঃস্ব্যা। সেই বিজ্ঞানই আবার অবরভূমিতে বিচ্ছ্রিত করছে নিজেকে চিৎসত্তার বিচিত্র ছন্দোলীলায়—স্বর্পসত্তার প্রতিভাসর্পে। কিন্তু এই চিৎপ্রতিভাসের মধ্যে নিগ্রে রয়েছে তার স্বর্পসত্তার প্রতিভাসর্পে। কিন্তু এই চিৎপ্রতিভাসের মধ্যে নিগ্রে রয়েছে তার স্বর্পসত্তার প্রতি এক অদম্য আকর্ষণ। তাকে সে ফিরে পেতে চায় অখন্ডর্পে—কখনও প্রচন্ড এক উল্লম্ফনে, কখনও-বা বিজ্ঞানময় মধ্যভূমির সোপান বেয়ে সহজধারায়। এই আক্রতি আছে বলেই মান্বের মনে জীবনের রূপ ফ্টেছে প্রতিভাবীন ছায়ার মায়া হয়ে, মনোময় প্রব্রের মধ্যে উত্তাল হয়ে উঠেছে এক লোকোত্তর প্রতিভাসিন্ধির নির্চ্ অভীস্সা। সেশ্ব প্রতিভাসের ম্লে বিজ্ঞানময় সৌষম্যকে আবিন্কার করেই তৃশ্ত নয়, তাকেও ছাড়িয়ে সে আকুল হয়ে ছটুছে বিশেবাত্তীর্ণের অক্ল পানে। পরমার্থ—

^{* &#}x27;ঋত-চিং' কথাটি নির্মোছ বেদ থেকে: তার অর্থ 'বৃহং' বা আত্মসংবিতের অব্যাহত বৈপ্রল্যের মধ্যে স্বর্প-সন্তার 'সত্য' এবং ক্লিয়া-সন্তার 'ঋতের' অকুণ্ঠ অনুভব।

দেব-মায়া ১২৩

বিজ্ঞান—প্রতিভাস, এই রয়ীর ছন্দ আমাদের চেতনার সকল বৃত্তি, সমগ্র প্রকৃতি ও পরম নিয়তিতে। তাই একথা কিছ্কতেই বলা চলে না যে নিখাদ নির্বিশেষের সংগে নিছক সবিশেষের একানত বিরোধই বিশেবর একমাত্র তত্ত্ব।

শুধ্ মনের তত্ত্ব দিয়ে বিশ্ব-সন্তার সকল রহস্য বোঝা যায় না। একটা কথা খ্বই স্পন্ট। চৈতন্য অনন্ত হয় র্যাদ, তাহলে নিশ্চয়ই তার প্রকাশ হবে অসীম জ্ঞান-ব্তিতে—আমরা যাকে বলি 'সর্বজ্ঞতা'। কিল্ডু মনকে তো বলা চলে না জ্ঞানের বৃত্তি বা সর্বজ্ঞতার সাধন। মন হচ্ছে 'জিজ্ঞাসার' বৃত্তি। সবিকল্প মননের বিশেষ কতগালি ধারা ধরে যতট্কু জ্ঞান সে আহরণ করতে পারে, তাকে প্রবৃত্তিসামথের্গর অন্কুলে বাবহার করাই তার ধর্ম। আহ্ত জ্ঞানের সবট্কু তার দখলে থাকে না। স্মৃতির ভান্ডারে সে পর্ট্জি করে রাখে —সত্যকে নয়, সত্যের বিনিময়ে কতগালি চলতি কড়ি। দিনের বেসাতিতে সেই পর্ট্জিট্কু নিয়েই তার নাড়াচাড়া। বাস্তবিক, মন 'জানে' একথা বলা চলে না। সে জানতে চায় মায় এবং কিছ্ই জানতে পারে না শ্ব্যু ছায়ার মায়া ছাড়া। বিশ্বের স্বর্পতত্ত্বকে নিজের ভূমিতে নিজস্ব ব্যবহারের প্রয়োজনে ভাঙিয়ে নেওয়া—এই তার শক্তির সীমা। কিল্ডু অন্তর্যামির্পে যে-শক্তি বিশ্বকে জানে, মন সে-শক্তি নয়। অতএব বিশ্বের প্রকাশ বা বিস্কৃত্তির ম্লে আছে মনেরও অতীত আর-কোনও শক্তির লগীলা।

যদি বলি, ব্যক্তিগনের সংকীণ উপাধি হতে নির্মৃত্ত এক অনন্ত মনকে তো বিশেবর প্রভী্রপে কল্পনা করা যায়?...তাহলে মনের যে-সংজ্ঞা দিই আমরা, অনন্ত মনে কিন্তু তার আরোপ চলবে না। উপাধিনিম্ত্ত মন হল উন্মনীলোকের তত্ত্, তাকে বলা যায় অতিমানসের সত্য। প্রাকৃতমনের ধর্মকেই অনন্তগর্নাত করে অনন্তমনের কল্পনা করি যদি, তাহলে সে-মন স্ভিট করবে এক অন্তহীনা নিশ্বতি—যার মধ্যে শ্বধ্ যদ্ছা অনিয়ম ও অন্থ বিপরিণামের অক্ল উত্তালতা উদ্প্রান্ত হয়ে চলবে এক অন্পাথা পরিণামের দিকে। আর তার মধ্যে সে অনন্তমন হাতড়ে বেড়াবে শ্বধ্ একটা অন্পণ্ট আক্তি নিয়ে। যে-মন অনন্ত সর্বজ্ঞ ও সর্বেশ্বর সে তো মন নয়—সে হল অতিমানসী সংবিং।

প্রাকৃতমন যেন আয়নার মত। তার মধ্যে ভাসে প্রাক্তন তত্ত্ব বা তথ্যের রুপ কি ছায়া। তারা আসে বাইরে থেকে—অন্তত্ত মনের চেয়েও বৃহৎ তারা। বে-প্রতিভাস বাইরে আছে বা ছিল, মন নিজের মধ্যে পলে-পলে তার মূর্তি গড়ে। তাছাড়া তার আছে বাস্তবেরও বাইরে সম্ভাবিতের কলপর্প গড়বার সামর্থা। অর্থাৎ প্রতিভাসে আজও বা ফোটেনি কিন্তু একদিন ফ্টতে পারে, তীরও কলপনা জাগে তার মধ্যে। কিন্তু লক্ষণীয়, বা ঘটবে তা বদি অতীত ও বর্তমানের নিশ্চিত প্নরাবৃত্তি না হর, তাহলে তার ভবিষার্পকে কল্পনায় ঠিকমত ফোটাতে সে পারে না। তবে বা হয়েছে আর বা হতে পারে, এ-দ্রেরর সমা-

হারে একটা অভিনব র্পায়ণের আভাস দেওয়া—এ-সামর্থ্যও মনের আছে। কিন্তু এমনি করে সম্ভাবিতের সিম্ধ আর অসিম্ধ র্পের জন্ড়ি মেলাতে গিয়ে প্রচেন্টা তার কম-বেশী সার্থক হয় কখনও, কখনও-বা হয়ু একেবারেই ব্যর্থ। এমনও দেখা যায়, কল্পনায় সে যা গড়েছিল, বাস্তবে তা ফ্টল অন্যর্পে— তার অভীন্ট লক্ষ্যের দিকে না গিয়ে চলল তা আরেক দিকে।

অনন্তমনেরও যদি এই ধর্ম হয়, তাহলে তার সূচ্টি হবে বিরুদ্ধ সম্ভাবনার সংঘাতে ক্ষ্যুৰ একটা অনিয়ত জগং। সে-জগং কেবলই সরে-সরে যাবে কেবলই ভেঙে-ভেঙে পড়বে—স্লোতের টানে চলার মধ্যে কোথাও তার নিশ্চয়তার আভাস থাকবে না। যেন সে সংও নয়, অসংও নয়। কোনও নির্দিষ্ট নির্য়তি বা ধ্রব লক্ষ্য তার নাই, আছে শুধু ক্ষণিক লক্ষ্যের অন্তহীন পরম্পরা যার পর্যবসান বিদ্যার ঈশনা- বা দেশনা-হীন নিলক্ষ্যের কোন্ অক্ল পাথারে! এও একধরনের নিবি'শেষ-অধিষ্ঠানবাদ। এর স্বাভাবিক পরিণতি শ্ন্যবাদ মায়াবাদ কিংবা তার সগোত্র কোনও দর্শনে। এ-দর্শনে বিশ্ব কোনও তত্ত্বস্তু নয়, বিজাতীয় একটা-কিছ্বের আভাস বা প্রতিবিন্দ্র সে। আবার তাও আগাগোড়া একটা মিথ্যা আভাস, একটা বিকৃত প্রতিবিশ্ব মাত্র। বিশ্বব্যাপারে ফুটছে শুধু মনের একটা ব্যাকুল প্রয়াস। নিজের কল্পনাকে রূপ দিতে চাইছে সে নিখতে করে, কিন্ত পারছে না—কারণ তার কম্পনার মূলে স্বর্পসত্যের অকুণ্ঠ প্রেতি নাই। তাই তার অতীতশক্তির মূঢ় প্রবাহ অসহায় বর্তমানকে ভাসিয়ে নিয়ে চলেছে পরি-ণামহীন অব্যক্তের অক্ল পারাবারে। এ নিরন্ত অভিযানে সে ক্ল পাবে— হয় আত্মঘাতে, নয়তো শাশ্বত নৈঃশব্দ্যের অতল গহনে।...এই তো শ্ন্যেবাদ এবং মায়াবাদের স্বর্পক্থা। যদি ধরে নিই, প্রাকৃতমন অথবা তার সগোত্র কোনও তত্তই বিশেবর পরমা শক্তি এবং বিশ্বকল্পনার আধার, তাহলে অবশ্য মায়া-বাদ বা শ্ন্যবাদই হবে আমাদের তত্তুজ্ঞানের চরম পরিচয়।

কিন্দু অনাদি বিদ্যাশন্তিকে যখন প্রাকৃত মনঃশক্তির চেয়েও একটা বড় শক্তিবলে জানি, তখন দেখি বিশ্বতত্ত্বে এ-ব্যাখ্যা নিতান্তই অসম্পূর্ণ অতএব অপ্রমাণ। দর্শনের একটা ধারারপে সত্য হলেও এ কখনও সমগ্র সত্য নয়। প্রাকৃতবৃদ্ধির বিচারে বিশ্বপ্রতিভাসের রীতি হয়তো এই। কিন্দু এ তো তার নর্পসত্য বা চরমতত্ত্বের নির্ট্ বিধান নয়। কারণ দেহ-প্রাণ-মনের বিশ্বজোড়া খেলার পিছনেও এমন-কিছ্বুর আভাস পাই, যা শক্তিপ্রবাহের আলিশ্যনে বাঁধা পড়েনি বরং শক্তিকেই সে জড়িয়ে আছে শাস্তা হয়ে। 'অস্তিম্বের চক্তুতলে বাঁধা পড়ে' তার অর্থ খলুজে মরা—এই তো তার নিয়িত নয়। এ-জগৎ তার আপন ধাতুতে গড়া, অতএব সে তার সকল তত্ব খলুটিয়ে জানে। তাই নিজের ভিতর খেকে একটা-কিছ্বেক র্প দেবার নিরন্ত প্রয়াসে অসহায়ভাবে সে ভেসেচলে না অতীত সংস্কারের দুনিবার বানের টানে। স্বর্পের যে পূর্ণ ছবি

ফুটে আছে তার চেতনার, এইখানেই তার র্পারণ সিন্ধ করে তোলে সে তিলেতিলে।...বস্তৃত জগৎ একটা সিন্ধ-সত্যের প্রকাশ। এক দিব্য দ্রুত্ব প্রশাসনদ্বারা সে নিয়ন্তিত, এক অনাদি স্বর্পদ্ভিটর সত্যবীর্ষকেই সে ফ্রিটরে তুলছে
র্পের ছন্দে। তাই ভাবকের চোখে এ-জগৎ এক দেবশিল্পীর অন্তবিহীন
র্পোল্লাসের তিলোত্তমা।

যতক্ষণ মনের খেয়ালে প্রতিভাসের জগতে বাঁধা আছি, ততক্ষণ এই সর্বা-তীত সর্বাধার অথচ নিত্য-অনুস্তুত অপর্পেকে আমরা জানি শৃধ্ব অনুমানে— কখনও-বা আভাসে তার আবেশের অন্তেব পাই। প্রকৃতির মধ্যে দেখছি প্রগতির কন্বরেখা। তাহতে অন্মান করছি, একটা অপ্রমেয় সিম্ধসতাই পলে-পলে উপচে উঠছে পূর্ণতার ছন্দে। কারণ সর্বগ্রই দেখি, ঋতের প্রতিষ্ঠা স্বর্পের সত্যে। অভিনিবিষ্ট হয়ে যখন তার প্রবৃত্তির নিদান আবিষ্কার করি, তখন দেখি ঋত বা বিশ্ববিধান এক অন্তরৎগ প্রজ্ঞার বিভৃতি। সে-প্রজ্ঞা স্ফ্রুরণোম্ম্ব সত্তার মধ্যে ছিল নির্ঢ় এবং সত্তার স্বপ্রকাশের বীর্ষে ছিল তার স্কুপন্ট ব্যঞ্জনা। এমনি করে প্রজ্ঞাই যদি ঋতের মধ্যে আনে প্রগতির প্রবর্তনা তাহলে দিবাদ, দিউর অমোঘ নির্দেশকে অনুসরণ করেই যে সে-ঋতের প্রগতি, সেবিষয়ে কোনও সংশয় থাকে না। আরও দেখি, আমাদের বৃদ্ধি প্রাকৃত-মনের খেয়ালে অসহায়ভাবে ভেসে যেতে চায় না—সে চায় মনের প্রশাসন। কিন্তু বৃদ্ধিও তো চরমতত্ত্ব নয়—সেও এক বৃহত্তর চেতনার ছায়া প্রতিভূ বা বার্তাবহ মাত্র। অথচ সে-চেতনায় বৃদ্ধির কোনও খেলা নাই। কেননা, সে-চেতনা সর্ব-ময়—অতএব সব জানে বলে নিজকেও সে জানে। এইহতেই অনুমানে বুঝি, আমাদের বৃদ্ধির উৎস যা, তা-ই এ-জগতে ঋতম্ভরা প্রজ্ঞার্পে লীলায়িত। অকুণ্ঠ প্রশাসনে এই প্রজ্ঞা নিজেই নির্কোত করে তার ঋতের ছন্দ, কেননা কি ছিল, কি আছে এবং কি হবে—তার সকল তত্ত্ব সে জানে। আর এ-জানাও তার স্বভাব, কারণ এ তার শা^{*}বত অনন্ত আত্মসংবিতেরই একটা ভি**ণ্গ।** ষে-সন্মাত্র অনন্তচৈতন্য-ন্বরূপ এবং যে-অনন্তচৈত্ন্য অকুণ্ঠশক্তি-ন্বরূপ, সে যখন জগৎ সৃষ্টি করে অর্থাৎ নিজেকেই প্রকট করে ছন্দঃসুষমায়, তখন তার চেতনার বিষয়কে আমাদের মনন দিয়ে জানি স্বয়ম্ভ জগৎসত্তার্পে—যে-সত্তা তার স্বর্পের সত্যকে জেনেই তাকে ফ্রিটিয়ে তোলে র্পের ফ্লে।

কিন্দু যখন বৃণিধকেও শতর করে তলিরে যাই নিজের মধ্যে—নিজের সেই গহনগৃহার যেখানে নিথর হয়ে গেছে মনের দোলন, তখনই ওই পরা সংবিৎ বিলিক হানে এই চেতনার। হয়তো মনের চিরাভাশ্ত সম্পোচ আরু সংশ্কারের বাধার সে প্রাপ্তির ফ্টতে পার না। তব্ একবার ওই প্রকাশের ছোরাচ পেলেই আমাদের সামনে একে-একে খ্লে যায় জ্যোতির দ্বার। তখন ব্বতে পারি, বৃন্দির চন্দুল ক্ষাণ দীপালোকে ছিল এই বৃহৎ জ্যোতিরই চপল ছারা।

তথন দেখি, মনের ওপারে, তর্কব্দিধরও এলাকা পেরিয়ে অতর্ক্য অপ্রমেয় আত্ম-জ্যোতির বিদ্যুৎ-আসনে ঋতশ্ভরা প্রজ্ঞা আছে সমাসীনা।

চতুর্দশ অধ্যায়

অতিমানস—শ্রষ্ট্ররূপে

...তেদান্ জানীহি বিজ্ঞানবিজ্ঞানি। বিজ্ঞানীৰ ২ ৷১২ ৷০১

এসব দিব্যজ্ঞানেরই নিজর্প।
—বিষ্ণুপ্রাণ (২।১২।৩৯)

অতএব মনেরও ওপারে আছে এক দিবাক্রতুময় চিন্ময় তত্ত্র—অনন্তলোক ষার বিস্পৃথি। ওই স্বপ্রতিষ্ঠ অন্বয়তত আর এই লীলাচণ্ডল বহুজের মাঝে আসন তার 'মধ্যমা বাক্' বা মধ্যাস্থতি রূপে। অমনীভাবের তত্ত্বলেও এ আমাদের একেবারে অনাস্থায় নয়। আমাদের সম্পূর্ণ বিজাতীয় কোনও সন্তার অন্ধিগম্য ঐকান্তিক ধর্ম এ নয়। অথবা এ এমন-কোনও অগমদশা নয়, যেখান হতে প্রকৃতির দূর্বোধ ষড়য়নেত্র এই ভবসন্তানে আমরা জড়িয়ে পড়েছি—আর সেখানে ফিরে যাবার উপায় বা সামর্থ্য আমাদের নাই। প্রাকৃতচেতনার বহ উধের্ব এ-তত্তের আসন, কিন্ত তব, সে-তুর্ণাশিখর আমাদেরই স্বরূপের গণোত্রী এবং দুরারোহও তা নয়। শুধু অনুমানে বা আভাসেই তার সতাকে জানি না, তাকে প্রত্যক্ষ অনুভব করবার সামর্থ্যও আমাদের আছে। ক্রমিক আত্মপ্রসারণে অথবা তুরীয় চেতনার অতার্কত বিজলীঝলকে কখনও-কখনও আমরা ওই লোকোত্তর ভূমিতে উত্তীর্ণ হই—তারপর হতে তার স্মৃতি অক্ষয় হয়ে বে'চে থাকে জীবনে। আবার কখনও-বা প্রহরের পর প্রহর, দিনের পর দিন আমাদের কেটে যায় ওই অতিমান্ত্র অন্ভবের জ্যোতির্লোকে। ফিরে যখন নেমে আসি, তখন ওপারের জ্যোতির দুয়ার হয়তো খোলাই থাকে, অথবা রুখ দুয়ার খোলবার সঙ্কেতটাকু আমরা বয়ে আনি মর্ত্যের উপক্লে। **কিন্তু** চির্নাদনের আসন পাতা ওই ভমিতে, যেখানে আছে সূচ্ট জীব আর প্রন্থটা শিবের চরম ও পরম ধাম—সেই তো হবে মানুষের চিৎপরিণামের পরাকাণ্ঠা, যদি সে খোঁজে আত্মসম্পূর্তির পথ, আত্মবিলোপের নয়। কারণ, নিঃসংশয়ে ব্রেছে এবার, এই লোকোত্তর প্রতিষ্ঠাই হল সেই অনাদি পরমবিজ্ঞান, বৃহৎসামের সেই পরম সৌষমা, সত্যের সেই চরম প্রকাশ, যার ছন্দে বাধা আছে এ-জগতে আমাদের দল-মেলার সাধনা এবং যার সিম্পি মনুষ্যপ্রকৃতির অলম্ঘ্য নিয়তি।

তব্ সন্দেহ জাগে, এ কি কম্মিন্ কালে সম্ভব যে ওই ভূমির খবর মান্বের বৃদ্ধির দ্যারে পে'ছি দিতে পারে কেউ, অথবা মান্বের বোধ- এবং সাধন-গম্য কোনও উপায়ে ওই দেববীর্যকে জ্ঞানে ও কর্মে সঞ্চারিত করে সংসারটাকে টেনে তোলা যায় উপরপানে? অবশ্য সন্দেহেরও হেতু আছে। বতদ্বর জানা যার,

মানুষের মধ্যে ওই দিব্যভাব মূর্ত হয়ে উঠেছে—এমন ব্যাপার শুধু-যে বিরল ও সংশয়িত তা-ই নয়। প্রাকৃত মানুষের জ্ঞান-বিজ্ঞানের যাচাই চললেও, তার সংগা দিব্য ভাবের এতই ব্যবধান যে তাকে যাচাই করাও কৃথনও সম্ভব নয়। তাছাড়া মানবমানস আর দিব্য অতিমানসের স্বর্পে ও প্রবৃত্তিতে আপাতবিরোধ এতই দুরপনের যে, দুরের মাঝে কোনও যোগাযোগ কল্পনা করা বাস্তবিকই দুঃসাহসের কথা।

বস্তুত অতিমানসী চেতনার যদি মনের সঙ্গে কোনও যোগ না থাকত, কিংবা মনোময় প্রেব্রের সঙ্গে কোথাও তার সাযুক্তা না থাকত, তাহলে মানুষের কাছে তার কোনও বিবৃতি দেওয়া অসম্ভব হত। অথবা অতিমানস যদি প্রজ্ঞা-বীর্য না হয়ে প্রজ্ঞা-দূষ্টি হত শুধু, তাহলে তার স্পর্শে আমাদের মধ্যে ফুটত কেবল উদ্ভাস্বর চিত্তের দিব্য অনুভব, কিন্তু জাগত না বিশ্বকর্মে তাকে সার্থক করবার জ্যোতিমার সামর্থ্য। অথচ অতিমানসী চেতনাকে আমরা জানি বিশ্বপ্রস্বিনী বলে। অতএব সে শুধু প্রজ্ঞার স্থিতি নয়, তার শক্তিও বটে। শুধু জ্যোতির্মায় উদ্মেষের দিব্যক্তই যে তার আছে তা নয়, বীর্য ও কৃতির দিকেও সে-ক্রতুর প্রবণতা আছে। আবার মন অতিমানসের বিসাঘ্টি বখন, তখন এই আদ্যা শক্তির—পরা সংবিতের এই ধর্মধুক্ত মধ্যমা বাকেরই ক্রমিক সঙ্কোচ হতে তার উৎপত্তি। অতএব আত্মপ্রসারণরপৌ প্রতিলোম-প্রবৃত্তির ম্বারা আবার সে ফিরে যেতে পারে তার পরম ধামে। কারণ অতি-মানসের সঙ্গে মনের একটা তাদাস্ব্যসম্বন্ধ আছে, অতএব অতিমানসের স্বরূপ-যোগ্যতাও তার মধ্যে প্রচ্ছেল আছে, যদিও ব্যাবহারিক ভূমিতে সংস্কারাচ্ছল মনের বৃত্তি হয়েছে অতিমানদ হতে বিভিন্ন—এমন-কি বিপরীত। তাই বৃদ্ধির ভূমিতে থেকে তারই পরিভাষায় অতিমানসের একটা ধারণা করে নেওয়া সাধর্ম্য এবং বৈধর্ম্যের আলোচনাম্বারা—এ-চেণ্টাও নিতাম্ত অর্থোক্তিক বা নিরপ্তক হবে না। যে ভাব ও ভাষায় এ-বিবৃতি দিতে চাইব্ নিশ্চয় তা পর্যাপ্ত হবে না। কিন্তু তব্ তাদের জ্যোতিম'র অপ্যালিসঙ্কেতে দ্রের পথ খানিকটা যে দীশ্ত হবে, তাতে সংশয় নাই। তাছাড়া নিজের গণ্ডি পেরিয়ে মন কখনও চেতনার এমন উত্তরভূমিতে উঠতেও পারে, যেখানে অতিমানসের দীপ্তি বা শক্তির বিভৃতি ছল্ল হয়ে আছে। সেইখানে চিংপ্রভাস বোধি অথবা অপরোক্ষ-অনুভব শ্বারা মন অতিমানসের আভাস পেতেও পারে। কিন্তু একথাও মানতে হবে. অতিমানসে প্রতিষ্ঠিত থেকে তার দীশ্তি ও শক্তি নিয়ে কাচ্চ করবার পরমা সিন্ধি আজও মান্বের আয়তের বাইরে রয়েছে।

একবার জিজ্ঞাসা করতে ইচ্ছা হয় এইখানে দাঁড়িয়ে, অতীতের কোনও আলোর ইশারা কি উম্জ্বল করে তুলতে পারে না ওই অজ্ঞানা রাজ্যের দুর্গম রহস্য ? অন্তত একটা সংজ্ঞা, এষণার একটা আদিবিন্দ্ব—এও কি খংজে পাব না আমরা ?...চেতনার লোকোত্তর দিব্যবিভাকে আমরা নাম দির্রোছ অতিমানস। কিন্তু নামটি দ্ব্যর্থক। কেননা, মনে হতে পারে অতিমানস ব্রিঝ প্রাকৃত মনেরই একটা উন্নত সংস্করণ—সাধারণভূমি ছাড়িয়ে মন সেখানে উঠে গেছে অনেক উচুতে, কিন্তু আম্ল র্পান্তর ঘটেনি তার। অথবা এমনও মনে হতে পারে, যা-কিছ্ম মনের ওপারে, তা-ই অতিমানস। তখন অর্থের অতিব্যাপ্তিতে অপ্রমের তত্ত্বও এসে পড়বে তার এলাকার। তাই অতিমানসের সংজ্ঞাকে নিখ্বত করে বোঝাবার জন্য গোণ ও আন্ম্বিগিক হলেও তার একটা বিবৃতি দেওয়া প্রয়োজন।

এইখানে রহস্যময় বেদমন্ত্র আমাদের সহায় হয়। কারণ, বেদের মন্ত্রে প্রচ্ছন্ন আছে অমৃত জ্যোতির্মায় অতিমানসেরই দীপনী—পশ্যন্তীর আলো ঝলক হানে তার মধ্যে বৈখরীর আডাল হতে। সে-বাণীতে পাই অতিমানসের এই পরিচয়। অতিমানসী চেতনা চিদাকাশের সেই লোকাতীত বৃহৎ প্রসার, যেখানে সত্যের জ্যোতিতে অবিনাভত হয়ে জড়িয়ে আছে ঋতের বিভৃতি। সত্যেরই দিব্যদর্শন র পায়ণ ছন্দ বাণী ক্রিয়া ও পরিস্পন্দ জরলে ওঠে সেখানে অকুণ্ঠ প্রত্যয়ের অনির্বাণ দীণ্ডিতে এবং তা-ই আবার ঝরে পড়ে প্পান্দ ক্রিয়া ও বিভূতির ঋতময় পরিণামে—দেবতার অদন্ধ রতের লীলায়নে। সম্ভূতি-সংবিতের বৃহৎ জ্যোতি এবং তার মধ্যে সন্তার সত্য ও সৌষমোর বিপলে দীপ্তি— নিখতি বা অব্যাকতের তমোঘন সুপ্তি নয়: সত্যের ঋতময় ক্রতুময় বিভৃতিতে সত্তার সৌষমোর অভিব্যক্তি—অতিমানসের বৈদিক বিবৃতির এই মনে হয় তাংপর্য। দেবতারা স্বরূপত এই অতিমানসেরই বীর্য, এই অদিতি হতেই তাঁরা জাত, এই 'স্বে দমে' বা স্বধামেই তাঁরা নিষয়। প্রজ্ঞায় তাঁরা 'ঋতচিন্ময়'. কমে তাঁরা 'কবিক্রতু'। কৃতি এবং বিস্বাণিতে উৎসারিত তাঁদের চিৎশক্তি বিধৃত আছে পূর্ণপ্রজ্ঞার অপরোক্ষ প্রশাসনে—যা জ্ঞানে কৃত্যের স্বর্প, বীর্য এবং ধর্ম । অতএব দেবতার অবন্ধ্য ক্বতু সার্থক হয় সে-প্রজ্ঞার শাসনে, অব্যাহত সিন্ধির আয়োজনে কোথাও তার ছন্দোভণ্গ হয় না। দিবাদর্শনে যে-রূপ ফোটে. তাকে কর্মে মূর্ত করে তোলে সে অমোঘ এবং অনায়াস রূপায়ণের লীলায়। এই অতিমানসের মধ্যে জ্যোতি আর শক্তি প্রজ্ঞার স্ফুরণ আর সংকল্পের ছন্দ অবিনাভূত হয়ে আছে এবং ধ্রুবিসিন্ধির নৈশ্চিত্যে তারা এসে মিলেছে সূষম হয়ে—বিমূঢ় এষণা বা আয়াসের কোনও অপেক্ষা না রেখে। বস্তৃত অতিমানসী দিবাপ্রকৃতির শক্তিতে আছে দুটি ছন্দ। তার বিস্পিটর মধ্যে আপনা হতে দেখা দেয় নিজেকে ফুটিয়ে তোলবার এবং গুছিয়েঁ নেবার একটা সহজ নৈপুণা—যা উৎসারিত হয় তার স্বর্পের মর্মসতা হতে। আবার সেই বিস্থিতিই অর্ন্তগড়ে থাকে এক দিবাজ্যোতির স্বর্পশক্তি যা তার মধ্যে সন্ধারিত করে অনায়াস অথচ অকু•িঠত আত্মশ্বতায়নের প্রেরণা।

এরই অনুষপে আরও-কিছ্ খ্রিটের বর্ণনা পাওয়া যায় বেদের মধ্যে, তাদেরও ম্ল্যু কম নয়। ঋতিচন্ময় চেতনার দ্বিট ম্বখ্র্তির বর্ণনা করেছেন ঋষিরা। তার একটি 'চক্ষঃ', আর একটি 'প্রবঃ'। আতিমানসী চেতনায় নির্চ্ প্রজ্ঞাশক্তির অপরোক্ষব্তি তারা—যাদের নাম দেওয়া যায় দিব্যদর্শন ও দিব্যপ্রতি। মান্বের মনে প্রাতিভচেতনায় আর অনুপ্রাণনায় পড়ে তাদের স্দ্রবিস্প্ত ছায়া। তাছাড়া অতিমানসের আরও দ্বিট ব্তিকে তাঁরা প্থক করে দেখেছেন। একটি সম্ভূতিসংবিং বা সর্বপ্রাহী এবং সর্বগত চেতনা, যা প্রত্যক্-ব্ত তাদাজ্মসংবিতের কাছাকাছি; আর-একটি বিভূতিসংবিং, যায় ব্রি বিস্টির অভিম্বে এবং যা হতে পরাক্-দ্ভির স্চনা। বেদের ইশারা এই পর্যন্ত। তাহলে প্রাচীন ঋষিদের আদনায় হতে 'ঋত-চিং' শব্দটি আমরা নিতে পারি অতিমানসের বিকলেপ—তার অতিব্যাপ্তি বারণ করবার জনা।

শ্ববিদের বিব্যতি হতে স্পণ্টই বোঝা যাছে, অতিমানস চেতনা পরাবর দ্বৃটি ভূমির মাঝে যেন উত্তরণ ও অবতরণের সেতুস্বর্প একটা মধ্যভূমি। অতিমানসকে ধরেই অবরবিভূতির বিস্ণিট হয়েছে পরতত্ত্ব হতে, অতএব তাকে ধরেই আবার সম্ভব হবে পরের মধ্যে অবরের উত্তরায়ণ। অতিমানসের উধের্ব আছে বিশৃদ্ধ সচিদানন্দের অথণ্ড-অদ্বর চেতনা, বিবিক্তভাবের এতট্কু আভাস যার মধ্যে নাই। আর তার নীচে আছে মনের বিভক্তা সথণ্ড চেতনা, বিবিক্তভাব যার জ্ঞানের একমাত্র সাধন। একত্ব এবং আনস্টোর একটা অস্পন্ট গোণ অন্তব মাত্র তার পর্বজ্জ—কেননা খণ্ডকে জ্বোড়া দিয়েও সত্যকার অথণ্ডের অভগ্য অন্তব কথনও সে পায় না। দ্বের মাঝে আছে অতিমানসের প্রপঞ্জোরসময় সম্ভূতিসংবিং—সর্বগ্রাহী সর্বাবগাহী বিজ্ঞানের বীর্ষে একদিকে যেমন সে ব্রাহ্মস্থিতির্পী তাদাত্ম্যাসংবিতের আত্মজা, আর-এক দিকে তেমনি বিস্টোভিম্বা বিভূতিসংবিতের উল্লাসে মনোময় জগতের নানা' দশ্বনের বা বিবিক্তবোধের জননী।

এমনি করে, উধের্ব রয়েছে শাশ্বত অচল অবায় অশ্বয় তত্ত্ব; নিন্দে আছে বহর বিস্থিতি—শাশ্বত যার বিপরিণাম, ক্ষণিকের মেলায় একটা অপরিণামী ধ্র্ববিন্দরে বার্থ এষণায় যে চণ্ডল। আর দর্য়ের মাঝে আছে সকল চিপ্টের আধার, সকল শ্বিদলের নিলয়, স্ভি-প্রলয়ের এক অক্ষমালা—যার মধ্যে একেরই বহুধাব্যঞ্জনা ফোটে বহুদ্বের অশ্বৈতসম্পূটে। কেননা, একেরই মধ্যে যে আহিত রয়েছে বহুর বীর্থ—বিশ্বের এই তো পরমতত্ত্ব। রাক্ষী স্থিতি আর বিশ্বগতির মধ্যে এই তটম্থা ভূমিই সকল বিস্থিত এবং খাতারনের আদি ও অলত—আদিক্ষান্ত মাত্কার মালা, নিখিল ভেদব্শির আদিবিন্দর, আবার ঐকাব্শেরও পরম সাধন, ভত এবং ভবা সকল সোব্যার উৎস-ক্রতি- ও

সিদ্ধ-দ্বর্প। এই মহাবিদ্যার মধ্যে আছে যে এক-বিজ্ঞান, তার কুদ্দি হতে সে করে নিগতে বহু-বিভূতির বিকর্ষণ। আবার বহুর নিরঙকুশ বিস্ভিতিও আত্মহারা হয়ে হারায় না সে পরম-সাম্যের অদৈবতরাগিণী। মধ্যমা বাক্-র্পিণী এই 'গৌরী'ই কি জাগায় না আমাদের মধ্যে অনির্ক্ত অদৈবতের চরম অন্ভবেরও ওপারে এক নির্পাখ্য-সতের আভাস, মন যার কোনও আখ্যা দিতে পারে না ? শৃধ্ব অথন্ড-অন্বয় বলে নয়, মনঃকল্পিত নির্বিশেষ বিশেষণেরও বিশেষ্য নয় বলেই যে-বস্তু দৈবতাদৈবতবিজ্তি, একত্ব-বহুত্তের দ্বন্দ্বও যার মধ্যে নাই ? ওই তো সেই পরমার্থসিতের পরম-নির্বিশেষ প্রতায়, যাকে আশ্রয় করে আমাদের চেতনায় ফোটে ঈশ্বরের অনুভব, ফোটে বিশেবর বিজ্ঞান।

কিন্তু এসব কথার বিপন্ন ব্যঞ্জনাকে ধারণা করা বড় কঠিন। তাই আরও স্পন্ট করেই বলছি। অদৈবততত্ত্বকে আমরা বলি সচিদানন্দ। কিন্তু এই সংজ্ঞার মধ্যে আছে তিনটি বিভাব, তাদের মিলিয়ে পাই একটা দ্রয়ী বা দিব্যাদ্রপদ্টী। আমরা বলি—সং, চিং, আনন্দ। তারপর বলি এ তিনটিই এক। এ হল মনের ধরন। কিন্তু এমন বিশেলষণ তো চলবে না আশৈবত চেতনার। সেখানে সন্তাই চৈতন্য, দ্বুয়ে কোনও ভেদ নাই; তেমনি চৈতন্যই আনন্দ, তাদের মধ্যেও ভেদ নাই।...স্বগতভেদট্কুও নাই যেখানে, সেখানে জগংও থাকতে পারে না। অতএব অখণ্ড সচিদানন্দই যদি হয় পরমার্থসং, তাহলে জগং অসং—সে ছিলও না কোনকালে, তার কম্পনাও কখনও সম্ভব হয়নি। কারণ যে-চৈতন্য স্বর্পত অখণ্ড, তার খণ্ডনসামর্থ্যও নাই, কাজেই তাকে দিয়ে ভেদ ও খণ্ডতার স্কি সম্ভব নয়। একেই বলে 'অজাতিবাদ'। কিন্তু একে অসম্ভব-বাদও বলা চলে। অভাবনীয় বির্শ্বভাষণ অথবা পক্ষ-প্রতিপক্ষের অসমাধ্যে বিরোধই সকল য্বিক্তর পরিণাম—একথা না মানলে এমন বাদে সায় দেওয়া চলে না।

আবার বিষয়ের খণ্ডপরিণামকে সত্য বলে ধরে নিতে মনকে কোনও বেগ পেতে হয় না। সমষ্টির একটা পিণ্ডবোধ অথবা সাল্ডের অনন্ত প্রসারের কলপনা—এ কিছুই তার কাছে অসন্তব নয়। খণ্ডেত পদার্থের সমাহার এবং তার আধারর্পে সাদ্শ্যের বোধ, এ-ও তার আসে। কিন্তু চরম একম্ব অথবা পরম আনন্ত্য তার ধারণায় ধরা-ছোয়ার বাইরে একটা বিকল্পবৃত্তি মাত্র। ও তাে আঁকড়ে ধরার মত তত্ত্বস্তুই নয় তার কাছে—্ও-ই একমাত্র তত্ত্ব সে বে আয়ও দ্রের কথা। অতএব মনের লালাতে পাই অখণ্ড চেতনার সম্পূর্ণ বিপর্ষয়। দেখি, অখণ্ড-অলৈতের সত্যকে রুখে দাঁড়িয়ে সখণ্ড-বহ্রেরের সত্য—অথশ্ডের মধ্যে সখণ্ড কিছুতেই পেছতে পারে না নিজের প্রলয় না ঘটিয়ে। সম্পো-সন্গো মানতে হয়, তার সত্যকার কোনও অস্তিম্বই ছিল না কোনও কালে। অথচ অস্তিম্ব তার ছিল; নইলে অখণ্ডকে জানল কে, প্রলয় হল

কার ?...আবার এসে পেশিছলাম একটা অসম্ভব-বাদে। আবার দেখা দিল বির্ম্থভাষণের একটা উৎকট জ্বল্ম, যা মনের মধ্যে বোধ জাগাতে চায় মনকে মর্ছোহত করে। এতদ্বের এসেও পক্ষ-প্রতিপক্ষের অনপনের বিরোধ তাই অনপনীতই রয়ে গেল।

অবরভামর এ-সমস্যা মেটে. যদি মানি মন আছে চেতনার উদ্যোগপর্বে শুধু। মন বিশেলষণ আর সংশেলষণের সাধন মাত্র—তত্তদর্শনের নয়। নিজের মধ্যে ষে-অবিজ্ঞেয়ের আভাস সে পায়, তার অনিশ্চিত একটা অংশ ছি'ড়ে নিম্নে সেই ছে'ড়াটাকেই পারেরা বলা এবং সেই পারেরকে আবার টাকরা করে আলাদা-আলাদা চিন্তার খোপে ভরে নেওয়া—এই হল তার কাজ। অতএব মন কেবল বস্তুর অংশ আর উপাধিকেই স্পন্ট করে দেখে এবং তাদের তত্ত্বই জানে শুধু। অবশ্য সে-জানার ধরনও তার নিজস্ব। অথণ্ড, কতগুলি খন্ডের সমবায় অথবা কতগুলি ধর্ম এবং উপাধির সমষ্টি—এই হল তার অখন্ডের স্পন্টতম ধারণা। অথন্ডকে জানা অপর কারও খন্ড বলে নয়. অথবা তার নিজেরও খন্ড উপাধি বা ধর্মের সমাহার বলে নয়---মনের কাছে এ-অনুভব নিতান্তই আবছা। অথন্ডকে ভেঙে আলাদা বস্তুর কোঠায় সে ফেলে যখন একটা বৃহর্ণপন্ডের মধ্যে ক্ষুদ্রপিন্ডের আকারে, মন তখনই খুশী হয়ে বলে ওঠে, 'এবার এর তত্ত্ব পেলাম।' অথচ কোনও তত্ত্বই সে পার্যান। যা পেয়েছে, সে তার নিজেরই বিশেলষণের খবর। বস্তুর খন্ডভাগ আর খন্ডধর্মই সে দেখেছে—অখন্ডের তত্ত্ব পেয়েছে তাদের জ্বড়েই। মনের দৌড় এই পর্য'ন্ত, এর পরের খবর তার কাছে অম্পন্ট। এরও চেয়ে সত্য বৃহৎ ও গভীর জ্ঞান যদি চাই (জ্ঞানই চাই—মনের অব্যক্ত গহনে একটা তীর অথচ আকার-প্রকারহীন ভাবাবেশের সাময়িক আলোড়নে খুশী থাকতে না চাই যদি), তাহলে পথ ছেড়ে দিতে হবে আরেকটা চেতনার জন্য—যা মনকে পেরিয়ে গিয়েই তাকে ভরে তলবে, অথবা হঠাৎ ডিঙিয়ে গিয়ে আগা-গোড়া সব পালটে দিয়ে নতুন করে গড়বে তাকে। মনের সবার চাইতে উপরের থাক হল এই দিব্য বিপর্ষারের ভিত্তিভূমি। তার পূর্ব পর্যনত মনের চরম সাধনা হল : জড়ের অন্ধ কারা হতে মর্নক্তি পেয়েছে যে-চেতনা তার আবছায়াকে স্পর্য করা তালিম দিয়ে, প্রবৃত্তির মৃত্ আবেগের 'পরে আলো ঢালা, বোধির চকিত আভাস এবং অন্ভবের অস্পন্টতাকে প্রদীপ্ত করে তোলা—বাতে উত্তরায়ণের জ্যোতিঃপথে নবচেতনার অভিযান সহজ হয়।...এর্মান করে বে-মন চলতি পথের মাঝখানেই রয়েছে, কোথায় পাবে সে যাত্রাশেষের থবর ?

আরও একটা কথা। অশ্বৈত চেতনা বা অখণ্ড-অশ্বর তত্ত্ব তো এমন অসম্ভব একটা-কিছু নয়, ধার সর্বশন্না সর্বনাশা গহন্তর থেকে বেরিয়ে এসে

সব কিছু আবার তলিয়ে যায় ওই অতল শুনাতার মধ্যে। বরং একটা অনাদি আত্মসংহরণের শাশ্বতী স্থিতি সে, যার মধ্যে নিহিত আছে সব-কিছুই, কিল্ডু এখানকার মত দেশে ও কালে তাদের প্রকাশ নাই। আত্মসংহরণের এই মহাবিন্দ্র সর্বতোভাবে অচিন্ত্য অপ্রমেয় পরমার্থসং-স্বরূপ-শ্নাবাদীর মন যাকে কল্পনা করে আত্মভাব ও বিজ্ঞানের চরম প্রতিষেধর পে। তুরীয়বাদী তাকেই কল্পনা করতে পারে সর্বাধারর পে—তখন আমাদের সকল ভাব ও জ্ঞানের অব্যাকৃত পরম অয়ন সে। 'অগ্রে ছিলেন এক অদ্বিতীয় সংস্বর্প'—বেদাত বলছে। কিন্তু ওই অগ্রবিন্দর আগে ও পরে—এই মুহুতে —শাশ্বতকাল ধরে—কালেরও ওপারে আছে সেই নির পাখ্যসং, যাকে অশ্বৈতস্বর্পও বলতে পারি না। অথচ বলি, শুধু সে-ই আছে—আর-কিছুই কোথাও নাই! নিবিকল্প চেতনায় প্রথমত জাগে তার সর্বাধার মহাবিন্দ্রদন দ্বরূপ, আমরা যাকে ধরতে চাই অথন্ড-অন্বয় তত্তরূপে। দ্বিতীয়ত অনুভব করি তার বিচ্ছারণের লীলা—যেন যা-কিছা সংহত ছিল সে-বিন্দাতে, পরি-কীর্ণ চূর্ণালোকে ছড়িয়ে পড়ছে তা মনোগোচর বিশ্ব হয়ে। তৃতীয়ত দেখি. ঋত-চিংরূপে তার অবিচ্যুত আত্মপ্রসারণের পরম ঐশ্বর্য, যা বিশ্ববিচ্ছ্রেরণের আধার ও আশ্রয়রপে ৮ র্ণভাবকে পর্যবসিত হতে দেয় না বাস্তব খণ্ডতায়। অন্তহীন বৈচিন্নাকেও সে সংহত রাখে একের ব্লেড, ক্ষণভংগের চট্লতম নুত্যের জন্য রচে অচল আসন, বিশ্বব্যাপী আপাতসংঘাত ও সংঘর্ষের মধ্যেও জিইয়ে রাখে ছন্দের সূত্রমা। এমনি করেই সে সহজ মহিমায় ফুটিয়ে তোলে বিশেবর সহস্রদল কমল—মনের সূন্টি-প্রয়াস যে ক্ষেত্রে নিশ্বতির অসাথক আবতে পাক খেয়ে মরত শুধু। একেই বলি অতিমানস, ঋত-চিং বা সদ্ভূত-বিজ্ঞান—যা নিজের স্বরূপ ও বিভাত সম্পর্কে নিতা সচেতন।

বিশ্বাধার বিশ্বদ্ভর ব্রহ্মসন্তার বিপর্শ আত্মপ্রসারণই অতিমানস। সদ্
ভূত বিজ্ঞান দ্বারা পরম অপবয়তত্ত্ব হতে সে আবিষ্কার করে সন্তা চৈতনা ও
আনন্দের মহাগ্রিপ্রটী। মহাভাবের মধ্যে এমনি করে সে বিভাব ফোটায়—
কিন্তু বিভেদ জাগায় না। তার গ্রহীর প্রতিষ্ঠা—তিন হতে একের সমাহারে
নয় মনের লীলায়; কিন্তু এক হতেই তিনকে সে ফ্রটিয়ে তোলে—কেননা
বীজ হতে অর্থকৈ পর্বে-পর্বে ফ্রটিয়ে তোলাই তার স্বভাব। অথচ ফোটাতে
গিয়েও তিনকে সে ধরে রাখে একেরই মধ্যে—কেননা প্রকাশেরও চিন্ময় আধার
সে-ই। তিনটি বিভাবের একটিকৈ প্রধান করে কোনও দিব্যভাবের সার্থক
ব্যঞ্জনা সে ঘটায় যখন, তখন আর-দ্বটি ভাব সংবৃত্ত বা বিবৃত্ত হয়ে থাকে
সেই মুখ্য-ভাবের মধ্যে। অথন্ডের মধ্যে বিভাবনার স্ত্রপাত হয় এমনি করে।
আবার এই রীতিতেই বিশ্বের সকল তত্ত্ব সকল সম্ভাবনা ফ্রটিয়ে তোলে সে
ওই মহাগ্রিপ্রটীর গর্ভ হতে। অতিমানসের যেমন আছে প্রচয় পরিগাম ও

স্ফারণের সামর্থ্য, তেমনি আছে সংখ্যে সংবরণ ও প্রচ্ছাদনেরও সামর্থ্য। বলতে গেলে সমস্ত স্থিত যেন দ্বিট সংবরণের মাঝে একটা ছল্দোলো। তার একদিকে রয়েছে চৈতন্য—সব-কিছ্ব যার মধ্যে সংবৃত্ত এবং যা হতে বিবৃত্তির একটি দোলা চলেছে নীচের দিকে জড়ের প্রতাঁতে। আবার আর একদিকে জড়ের মধ্যেও সংবৃত্ত হয়ে আছে সব-কিছ্ব—বিবৃত্তির আরেক দোলায় উপরপানে তারা চলেছে চৈতনাের প্রত্যুক্ত।

বিশ্ববিস্ভির মূলে আছে ঋত-চিতের যে-বিভাবনা, তার সমগ্র রূপটি তাহলে এই। বিশ্বের রূপায়ণে নিয়ত প্রচ্ছারিত হচ্ছে কতগালি তত্ত শক্তি ও রূপ। কিম্তু অতিমানসের সম্ভূতিসংবিং তাদের মধ্যেও দেখতে পায় অখন্ডসন্তার অন্তর্গান্ত পরিশেষকে। অথচ বিভাতসংবিং সেই পরিশেষকে প্রচ্ছন্ন রেখে শ্ব্যু তত্ত্ব শক্তি ও রূপের বিশিষ্ট প্রকাশকে করে প্ররোধা। এই জন্যেই দেখি, ব্রহ্মান্ডে যেমন আছে পিন্ড, পিন্ডেও তেমনি রয়েছে ব্রহ্মান্ড। তাই তো প্রত্যেক সত্তের বীজসত্তা বহন করে অনন্ত সম্ভাবনার দ্যোতনা। অথচ চিৎপুরুষের জ্ঞানাশক্তি বা ঋতসঙ্কদ্পের শ্বারা বিধাত হয়ে তা অনুসরণ করে রূপায়ণ ও পরিণামের একটিমাত্র ছন্দ। এ-লীলায়ন পরমপ্ররুষের আত্মবিস ন্টি বলেই তার মধ্যে আছে তাঁর দিব্য বিজ্ঞান-ধাতুর সংকলপ ও প্রশাসন। আত্মস্বর্পের স্বগত-সত্যদর্শনের বীর্যই নিহিত রয়েছে বীজ-সত্তায়। তাই সে-দর্শনের বীজ দ্বতই অর্জুরিত হয় দ্বকং সত্যের দ্বাতন্ত্য লীলায়।—পর্নিট রূপায়ণ ও প্রবৃত্তির স্বভাবছন্দে, তাঁর পূর্ব্য রতের আমোঘ অনুশাসনে। অতএব নিখিল বিস্ভির মূলে আছে চিৎস্বরূপের কবিক্রত। তাঁর আত্মসমাহিত বিজ্ঞানের অমোঘ সত্যবীর্যকে এমনি করে তিনি বিচ্ছুরিত করে চলেছেন শক্তি ও রূপের বিভাততে।

সদ্ভূত-বিজ্ঞানের এই পরিচয় হতে ধরা পড়ে, মনশ্চেতনা ও ঋত-চিতের স্বর্পে তফাত কোথায়। মননকে আমরা ভাবি স্ঘিছাড়া, আছিয়, অবাস্তব, বস্তুর তত্ত্ব হতে বিবিক্ত একটা-কিছ্ব। কেউ জানে না, কোথা হতে মনন এসে বিষয় হতে তফাত থেকে দখল করে পরীক্ষক, বোন্ধা এবং বিচারকের আসন। সব-কিছ্বকে ভেঙে দেখা যে-মনের স্বভাব, অন্তত তার কাছে তো মননের এই পরিচয়। মনের প্রথম কাজ হল চারদিকে গণ্ডি টেনে বিষয়কে আলাদা করা। বিবেকের চেয়ে বিদারণের দিকেই তার ঝেক। তাই বস্তুর সত্য আর বস্তুর মননের মাঝে গভীর এক বিদারণরেখা টেনে দ্রের মাঝে নাড়ীর যোগ সে ছিয় করে। কিন্তু অতিমানসে সমস্ত সত্তাই চিংস্বর্প, সমস্ত চেতনা সন্তারই চেতনা। তাই বিজ্ঞান বা ভাব সেখানে চেতনারই বিদ্বাংগর্ভ স্পন্দন এবং সন্তার গর্ভেও সে দ্র্ণের্পে জাগিয়ে তোলে আত্মস্পন্দনের শিহরন। স্ভিবিম্ব আত্মসংবিতের মধ্যে যা প্রলীন হয়ে ছিল, স্থিকুশল আত্মজ্ঞানের

আকারে তার বে-আদিব্যখান, তাকেই বলি 'ভাব'। যা কল্ড্-সং, এমনি করে তা-ই দেখা দেয় ভাব-সং হয়ে। ভাবের সেই বাশতব সন্তাই তখন বিবার্ত ত হয় আত্মতেতনার প্রয়শ্ভ্বীবেঁ। ভাবাধির ঢ় সংকল্পের প্রবেগে আপনাকে সেফ্টিয়ে চলে—নাড়ীর প্রত্যেক প্রশানে নিহিত যে চিন্ময় অন্ভব, তার অনির্বাণ দীপ্তিতে উন্মেষিত হয় তার আত্মর্পায়ণের কমলদল। সমস্ত স্ভির, সকল পরিণামের মর্মসত্য এই।

সন্তা সংবিং এবং সংকলপ মনোজগতে যেমন পৃথক-পৃথক, অতিমানসে কিন্তু তেমন নয়। সেখানে তারা য়য়৾য়্বর্প—একই মহাম্পদের গ্রিস্তোতা পরিণাম। প্রত্যেকের আছে পরিণামের একটা বিশিষ্ট ধারা। সন্তা ক্ষর্রিত হয় সেখানে অধিষ্ঠানধাতুর্পে। সংবিং ফোটে বিদ্যাশক্তি হয়ে, য়্পকৃং ভাবের স্বাতন্তার্পে, সংজ্ঞান ও প্রজ্ঞানের ছন্দে। আর সংকলপ সন্তার করে আত্মসম্প্তির সংবেগ। কিন্তু ভাব বা বিজ্ঞান সেখানে বস্তু বা পরমার্থস্তের স্বয়ংজ্যোতির ছটা। মনের চিন্তা বা কল্পনা বলা যায় না তাকে, কেননা তার মধ্যে আছে স্বতঃসম্ভূত আত্মসংবিতের লীলা। তাই তাকে বলি সম্ভূতবিজ্ঞান বা ভাব-সং।

অতিমানস বিজ্ঞানে জ্ঞান ও সংকল্প একেবারে অবিনাভূত, কোনও বিচ্ছেদের সম্ভাবনাই নাই তাদের মধ্যে। জ্ঞানের সপো সত্তা বা স্বর্পধাতুরও কোনও ভেদ নাই সেখানে, কেননা জ্ঞান সে-ভূমিতে সত্তার অবিনাভূত স্বরূপ-জ্যোতি। দীপশিখার শক্তি ষেমন অণ্নির স্বর্প হতে আলাদা নয়, তেমনি বিজ্ঞানের শক্তিও সন্তার স্বর্পধাত হতে আলাদা কিছু নয়—কেননা সদ্ভূত-তত্ত্ব নিজেকে ফর্টিয়ে তুলছে বিজ্ঞান ও তার পরিণামের ভিতর দিয়েই। আমাদের মধ্যে ভাবের সংগে জাগে তার অন্তর্প একটা সংকল্প, অথবা সংকল্পের সংবেগ হতে বিমৃক্ত একটা ভাব। কিন্তু কার্যত আমরা ভাবকে দেখি সৎকল্প হতে পৃথক করে এবং দ্টিকেই আবার নিজের থেকে তফাত করি। আমি আছি; আমার সত্তায় ভাব একটা রহস্যময় আচ্ছিন্ন আবির্ভাব। তেমনি আমার সঙ্কল্পও একটা রহস্য-একেবারে ধরাছোঁয়ার মধ্যে না হয়ে কতকটা তার কাছাকাছি। তব্ব আমার সংকল্প কখনও আমি নয়। আমিই তাকে আঁকড়ে ধরি আর সে-ই আমাকে আঁকড়ে ধর্ক, সৎকল্প আমার স্বর্প নয় তব্। তাছাড়া সঙ্কল্প, তার সাধন আর তার পরিণাম—এ তিনটিও আমার কাছে পৃথক-পৃথক। কেননা, স্পণ্টই দেখাছ, আমার বাইরে আমা-হতে আলাদা একটা বাস্তব সত্তা রয়েছে তাদের। অতএব আমি, আমার ভাব বা আমার সংকল্প—এদের কারও মধ্যে নাই স্বতঃস্ফ্রন্নেণের প্রবেগ। ভাব খসে পড়তে পারে আমার থেকে, সঞ্চল্প হতে পারে বার্থ, সাধনের অভাব ঘটতে পারে—এবং এ-তিনের কারচ্বপিতে আমি স্বয়ং হতে পারি অসার্থক।

কিন্তু খণ্ডভাবের এমন কুঠা অতিমানসের এলাকায় নাই—কেননা সন্তা জ্ঞান বা শক্তি কোনটার মাঝেই সেখানে স্বগতভেদ নাই, যেমন আছে মনের জগতে। স্বগতভেদ তো নাই-ই, সজাতীয় অথবা বিজাতীয় ভেদও নাই তাদের মাঝে। কারণ, অতিমানসই 'বৃহং'। তার প্রবৃত্তি একর্ষ্ঠ হতে, খণ্ডতা হতে নয়। সর্বপ্রাহিতাই তার মোলিক ধর্মা, বিভাবনা তার গোণ-বিলাস শুধ্য। অতএব সদ্ভূততত্ত্বের যে-সত্যই তার মধ্যে ফ্ট্রুক, বিজ্ঞানে দেখা দেয় তার অবিকল প্রতির্প এবং সঙ্কলপ হয় সে-বিজ্ঞানের একান্ত অনুগামী (কেননা শক্তি চেতনারই অখণ্ড বীর্য)। ফলে চিতিশক্তির পরিণামও হয় সঙ্কল্পের অনুযায়ী। তাই অতিমানসের জগতে ভাবের সংগ্গে ভাবের, শক্তির সংগে শক্তির অথবা সঙ্কল্পের সংগে সংকল্পের বিরোধ নাই কোনও—যেমন অহরহ দেখতে পাই মান্বের জগতে। অতিমানসে আছে এক বিরাট চেতনা, সকল ভাব যার দিব্যভাবনার অংগীভূত অতএব যোগযুক্ত। আছে এক বিরাট চতু, যার অমেয় আত্মশক্তির সম্প্লাসে বিধৃত রয়েছে নিখিল শক্তির বিকিরণ। একটি বিভাবকে সংহৃত করে আরেকটি বিভাবকে এগিয়ে দেয় সে—নিজেরই বিজ্ঞানময় ক্রতুর দিব্যদশী ছন্দোলীলায়।

বিশ্বের মূলে এই মহাভাবের অনুভূতি হতেই প্রচলিত সকল ধর্মে এসেছে সর্বজ্ঞ সর্বাধিষ্ঠান ও সর্বশক্তিমান ভগবানের ধারণা। অযৌক্তিক কল্পনা-বিলাস একে বলতে পারি না. কেননা কোনও সর্বাবগাহী দার্শনিক যুক্তির সংখ্যে এর যেমন বিরোধ নাই, তেমনি আধ্যাত্মিক সমীক্ষা ও অনুভবেও এর ইশারা পাই। জীবে-শিবে ব্রহ্মে-জগতে অনপনেয় বিরোধকম্পনাই সকল প্রমাদের মূল। সেই প্রমাদের বশে, সত্তা চেতনা ও শক্তির মাঝে অর্থকিয়ার দর্ন বিভাবের যে-ভেদ, তাকেই আমরা ফাঁপিয়ে করি স্বর্পের ভেদ। কিন্তু একথার আলোচনা পরে। আপাতত দেখতে পেলাম, পরাবরের মাঝখানে স্রন্থী অতিমানসকে মানবার প্রয়োজন কি। খানিকটা পরিচয়ও তার পেয়ে গেলাম। বৃষ্ণতে পারলাম এই দিবা মহাভাবের মধ্যে বিশ্বনিথিল সত্তায় সংবিতে সংকল্পে ও আনন্দে অখণ্ড-সমাহিত হয়ে আছে। অথচ তার মধ্যে রয়েছে বিচিত্র বিভাবনারও অন্তহীন সামর্থ্য। সে-বিভাবনা একম্বকে নল্ট করে না, তাকে ফর্টিয়ে তোলে আরও স্পন্ট করে। সত্য সে-মহাভাবের ন্বর প্রধাত। সে-সত্যের প্রকাশ বিজ্ঞানর পে, এবং বিশ্বর পে তার বিমর্শ। একই সত্যে তার মধ্যে বিধৃত রয়েছে জ্ঞান আর সঞ্চল্প। আত্মসম্পর্তির এক অথন্ড সত্যে তাই উপচে পড়ছে স্বর্পের আনন্দ—কেননা আত্মসম্পর্তিমাত্তই আত্মসন্তার পরিতপণ। শাশ্বতকাল ধরে এমনি করে বিশ্বজোডা ভাঙা-গভার লীলায় বেজে উঠছে এক স্বয়স্ভ নিতাযুক্ত সৌষম্যের আনন্দ-ঝৎকার।

পঞ্চদশ অধ্যায়

ঋত-চিৎ

যত্র, স্বৃহ্ণিতস্থান একীভূতঃ প্রজ্ঞান্যন এবানন্দময়ো হ্যানন্দভূক্, এব সর্বেশ্বর এব সর্বজ্ঞ এবোহস্তর্যামোর যোনিঃ সর্বস্য।

माण्ड्रकार्थानवर ८, ७

অতিচেতনার স্বৃণিততে অর্থাপত তিনি প্রজ্ঞানঘন হয়ে—আনন্দমর, আনন্দভোক্তা...ইনিই সর্বেশ্বর, সর্বজ্ঞ, ইনিই অন্তর্থামী, ইনিই সবার উৎস। —মাণ্ড্রা উপনিষদ (৫, ৬)

এই-ষে সর্বাম্ল সর্বায়তন সর্বপ্রতিষ্ঠা অতিমানসের কথা বললাম, তাকে জানতে হবে পরমপ্রের্মের দ্বভাব বলে। তাঁর নির্বিশেষ দ্বয়দ্ভূ' দ্বভাব এ নয়, এ তাঁর বিশ্বেশ্বর বিশ্বভাবন 'পরিভূ' দ্বভাব। তাঁর এই দ্বর্পুরেই আমরা বলি ঈশ্বর। এমন ঈশ্বর অবশ্য পাশ্চাত্যের লোকাতত 'গড়' নন, কেননা 'গড়' বিশেষ করেই 'প্রে্যবিশেষ' এবং সোপাধিক—এমন-কি তাঁকে বলা চলে মান্ব্যেরই অতিপ্রাকৃত রাজাধিরাজ সংস্করণ। স্ভিপর অতিমানস্থার জীবের অহণ্তার মাঝে একটা বিশেষ সম্বন্ধকে আশ্রয় করেই পাশ্চাত্য কল্পনায় ঈশ্বরের এই নিতাশ্ত মান্ধী কল্পপ্রতিমা গড়ে উঠেছে। দিব্যপ্রেষ্ যে 'প্র্র্যবিধ', সেকথাও ভূললে চলবে না আমাদের, কেননা নির্বিশেষ সম্মাত্র সন্তার অন্যতম বিভাব শৃথ্ব। দিব্য-প্রেষ্ যেমন সর্বময় 'সন্তামান্র, তেমনি আবার অন্বতায় কিংস্বর্পও তিনি; অন্বিতায় চিং-প্রেষ্ হয়েও তিনি প্রেষ্ম বা প্রেব্যান্তম।...যা-ই হ'ক, তাঁর এ-বিভাব নিয়ে আলোচনা আপাতত তোলা রইল। আমরা এখন ড্বতে চাই দিব্য-প্রের্থের অপ্রেম্বিধ দ্বর্পের মননে—এ-সম্পর্কে আমাদের ধারণাকে করতে চাই মার্জিত এবং উদার।

নিখিল বিশ্বে ঋত-চিৎ সর্বান্স্তি হয়ে আছে ঋতদ্ভরা প্রস্কার্পে, যা দিয়ে অখন্ডসং আপন অন্তহীন বহুদ্ধের ব্যঞ্জনাকে ফুটিয়ে তোলেন বিচিত্র ছন্দোলীলায়। এই ঋতদ্ভরা প্রজ্ঞা নইলে তাঁর বিস্থিত হত নিঋতির মেঘছায়া, কেননা তাঁর অমের ব্যঞ্জনা-শক্তিতে কে তখন আনত ছন্দোমিতি? প্রত্যক্-দ্দির সোষম্য নাই বিশেব, নাই ঋতের প্রশাসন, বীজের পরিণামে প্র্নিহিত নাই বিজ্ঞানের অন্তর্যামী প্রেতি—এই যদি হত বিস্থিত্র ধারা, তাহলে এক্লাং হত অব্যাকৃত অনিশ্চিতর একটা প্রমন্ত ফেনোছেন্স। কিন্তু বে-প্রজ্ঞা বিশ্বের প্রস্তি, বিস্থিতে আছে তার আত্মবীর্ষেরই র্পারণ—

অনাত্মকতুর সংঘটন নয়। তার স্বরূপসত্তায় নিহিত আছে প্রত্যেকটি অভিব্যঞ্জনার মর্মচর ঋত ও সত্যের অপরোক্ষ অনুভব। তার নিরুঢ় সংবিং জানে, বিচিত্র অভিবাঞ্জনার বিক্ষিপ্ত দল কী নিগড়ে যোগের ছন্দে মিলবে এসে কোন্ সোষম্যের বৃন্তে। ধে-বিজ্ঞানের স্বয়স্ভূ-কল্পনার একটা বিশেবর আবিভাব, বিশেবর জন্মলণেনই তার হংস্পাদনে জাগে বৃহৎসামের ঋতসংখ্যা— বিশ্বম্লা ঋতম্ভরা প্রজার প্রেচিত্তি হতে যা সঞ্চারিত হয় বিশ্বের অণ্তে-অণ্তে। অতএব বিশেবর পরিণামে সে-স্বেমা তার অন্তর্নিহিত প্রেতির বেগেই হয় রুপায়িত। এই প্রজ্ঞাই জগতের ধর্মধুক, 'গোপা ঋতসা'—িনিখল ধর্মের উৎসর পিণী ও ধারী। বদক্ষার অনিয়ম নাই সে-ধর্মে, কেননা প্রত্যেক বস্তুর স্ব-ভাবের স্ফ্রেণ সে এবং সে স্ব-ভাবও বস্তুর বীজভাবে নিহিত সদ্ভূতবিজ্ঞানের অপ্রতিহত সত্যবীর্ষ। অতএব বিস্থিত্তর পূর্বক্ষণে তার সমগ্র পরিণামের ছন্দটি বিধৃত থাকে বিস্ভিরই নিগ্রু আত্মসংবিতে, এবং পরিণামের মধ্যে মুহুতে -মুহুতে তার স্বতঃপ্রবৃত্তির লীলায় সে হয় উৎসারিত। তাই সৃষ্ণি-পরিণামের প্রতিমুহুতে ঘটে তার অন্তগর্ভ অনাদি ন্বর্পসত্যের স্নিয়ত স্ফারণ। সেই সত্যের প্রবেগই অমোঘবীর্যে নিয়ন্তিত করে তার ভবিষ্য চরণক্ষেপ। এমনি করে পরিণামে পর্যাপত ও ফলিত হয় তার বীজ্পত্তার অশ্তর্নিহিত আক্তি।

স্বর্প-সত্যের ছন্দে এমনি করে বিশ্বের যে পর্ছিট ও প্রগতি, তার ম্লে আছে কালের কলনা, দেশের ব্যবস্থা এবং নিমিত্তের পরম্পরা। দেশে ব্যবস্থিত বস্তু-সমূহের স্থানিয়ত ঘাত-প্রতিঘাতের সঙ্গে কালের পোর্বাপর্য যুক্ত হয়ে দেখা দেয় 'নিমিন্ত'। দার্শনিকেরা বলেন, দেশ ও কাল আমাদের মনের কম্পনা, তাত্তিক সত্য নয়। কিল্ডু বিশেবর সব-কিছুই যখন আত্মসংবিতের আধারে চিৎ-সন্তার আত্মর পায়ণ, তখন দেশ-কালের ওই বৈশিষ্টাট,কুর বিশেষ সার্থ কতা কিছুই নাই। তত্ত্বদূষ্টিতে দেশ ও কাল চিৎস্বরূপের আত্মব্যাপ্তির স্বান্ত্ব— তাঁর পরাক্ ব্যাপ্তিই দেশ আর প্রত্যক্ ব্যাপ্তিই কাল। আমাদের মন এ-দর্টি পদার্থকে দেখে পরিমাণের ভিতর দিয়ে। মন বিভজনধমী, খন্ড-প্রবৃত্তিতেই তার স্বাচ্ছন্দা। তাই অপরিমিতকে পরিমিত করা মনের পক্ষে স্বাভাবিক। নিরবচ্ছিন্ন গতির প্রবাহকে ক্ষণভশ্গে অর্বাচ্ছন ক'রে, তার একটি বিন্দরতে দাঁডিয়ে দুন্দিকৈ সামনে-পিছনে মেলে দিয়ে মন পায় কালের কল্পনা। তাতেই সত্তার অবিচ্ছিন্ন প্রবহমানতা তার চেতনার পরিমিত হয় অতীত বর্তমান ও ভবিষাতের চেউয়ের খেলায়। আবার অবিভক্ত স্থিতির ব্যাপ্তিকে বিভাগের কম্পনার পরিমিত করে তার একটি বিন্দুতে দাঁড়িরে মন দেখতে পার দেশ। নিজের সেই অবস্থানবিন্দরে চারদিকেই বস্তব্যবস্থাকে সে সাজিয়ে তোলে সম্বশ্যের জ্ঞাটিল জ্ঞালে।

ব্যবহারিক জগতে, মনের কাছে কালের পরিমিতি হয় ঘটনায়, আর দেশের পরিমিতি জড়বস্তুতে। কিন্তু চিত্তের অসংকীর্ণ অবস্থার, ঘটনার প্রবাহ এবং বস্তুর সংস্থানকে উপেক্ষা করেই অনুভব করা চলে চিংশক্তির সেই বিশুস্থ দপন্দন-দেশ ও কালের যা স্বর্প-ধাতু। তখন দেখি, দেশ আর কাল বিশ্ব-ব্যাপিনী চৈতন্য-শক্তির দুটি বিভাব মাত্র। তাদের ওতপ্রোত সম্বন্ধের টানাপ'ড়েনেই বোনা হয়েছে তার কর্ম'কর্ত'ছের পটভূমিকা। উন্মনী দশায় দেখি, অতীত বর্তমান ও ভবিষাং পর্যবিস্ত এক অঞ্চসন্তায়। গ্রিকাল সেখানে চেতনার আধেয়—আধার নয়। কোনও ক্ষণবিন্দর্তে দাঁড়িয়ে তাকে উন্মাখ হতে হয় না প্রসর্পণের জন্য। এ-অন্তবে কাল শুধ্র নিত্য বর্তমান। কোনও দেশবিন্দ,তেও সে-চেতনার অধিন্ঠান নয়, কেননা সকল বিন্দ্র ও স্থানের আধার সে-ই। তাই দেশও তার কাছে অখন্ড প্রত্যক্-ব্যাপ্তি মাত্র। আকাশ চিদাকাশ, কাল মহাকাল সে-চেতনায়। এক অখণ্ডদৃষ্টির অপ্রচ্যাতসংবিন্ময় একামপ্রত্যয়ে বিধৃত রয়েছে বিশ্বের স্পন্দলীলা—এ-অন্তেবও আমাদের কখনও জাগে।...কিন্তু দেশ ও কালের তুরীয় সত্যের দ্বরূপ কি, এ-প্রশন নির্থাক, কেননা সে-দ্বরূপের ধারণা প্রাকৃতমনের সাধ্যাতীত। এমন-কি অখন্ড-অন্বয়তত্ত্বে ইন্দ্রিয়মনের সাহায্য ছাড়াও বিশ্বকে জানতে পারে, এট্কু মানতেও প্রাকৃতমন রাজি নয়।

কালের পরম্পরা ও দেশের খণ্ডতাকে পরম ঐক্যে সংহত করে অতিমানস কি করে তার অখন্ডদ,ন্টির সর্বগ্রাহী প্রত্যয়ে জড়িয়ে আছে, আভাসে তার অনুভব পাই। এই অনুভবকে পূর্ণায়ত করে তোলাই আমাদের পুরুষার্থ। কালকলনা ও দেশব্যবস্থা, বিস্তির পক্ষে দুইই প্রয়োজন। কালের পরস্পরা বলে কিছু, না থাকত যদি, তাহলে পরিবর্ত বা প্রগতিও সম্ভব হত না। পরিপ্রেণ সৌষম্যের নিত্য প্রকাশই তখন হত বিশ্বের নিত্যলীলা—এক শাশ্বত ক্ষণের বৃন্তে সংহত হত সৌষম্যের সকল দল, অতীত হতে ভবিষ্যের তরুণা-দোলা থাকত না তার মধ্যে। কিন্তু বিশ্বে দেখছি আমরা উপচীয়মান সোষম্যের নিতাপরম্পরা—অতীতের তপস্যা হতে তাকে আত্মসাৎ করে বর্তমানের অভ্যুদয়। তেমনি বিশ্ববিস্থিতর মূলে যদি খণ্ডিত দেশের ভাবনা না থাকত, তাইলে রূপে-রূপে বিচিত্র সম্বন্ধের এই নম্বর লীলা, শক্তির সঙ্গে শক্তির এই অন্যোন্যসংঘাত—এও তো দেখা দিত না। বিশেবর তখন সত্তা থাকলেও থাকত না স্ফ্রেন্তা। এক দেশহীন বিশৃন্ধ প্রুতাক্-চেতনা অন্তরাব্ত প্রতায়ের অন্ড মুন্ডিবন্ধনে গুর্টিয়ে রাখত বিশ্বের সকল সম্ভূতি— হিরণাগভের কবিমানসে জগৎস্বশেনর মত, কিন্তু আত্মবিস্থির পরাক্-ব্যাপ্তিতে ছড়িরে দিত না নিজেকে সবার মধ্যে র পোল্লাসের অননত ব্যঞ্জনায়। আবার কালই শুধু সত্য হত যদি, তার পরম্পরার তাহলে ছন্দিত হত শুধু

সত্তারই বিশ্বন্থ স্ফ্রতি—যার মধ্যে তপশ্চিতের একটি পর্বের পর আরেকটি পর্ব দেখা দিত প্রত্যক্-চেতনার স্বচ্ছন্দ স্বাতন্ত্যের লীলায়—স্বরের ম্ছনা অথবা কবিকলপনার বলাকার মত। কিন্তু বিশ্বলীলায় ফুটেছে সর্বাধার দেশের পরিব্যাপ্তিতে রূপ ও শক্তির বিচিত্র যোগাযোগ এবং কালের ছন্দে মালা গাঁথা চলেছে তাদের নিয়ে। দেখছি, বিশ্ব জ্বড়ে শক্তির অবিরাম লীলা, রূপায়ণের অন্তহীন পরম্পরা, ঘটনার অফ্রন্ত বৈচিত্র।

অভিব্যঞ্জনার বহুমুখী সমাবেশ দেশ ও কালের বুকে বিচিত্র সামর্থ্য ও সম্ভাবনা নিয়ে ব্যহিত আছে পরস্পরের সম্মুখীন হয়ে। তাই কালের পরম্পরা আমাদের মনে দেখা দেয় সংঘাতে ও সংঘর্ষে ক্ষব্রুষ বস্তৃবিপরিণামের আকারে—অনায়াস পারম্পর্যের সাবলীল ছন্দে নয়। কিন্তু বাস্তবিক বস্তবিপরিণামের অন্তরে আছে স্বত-উৎসারণের সহজতা—বাইরের সংঘাত ও সংঘর্ষ তার একটা বহিশ্চর গোণবিভাব মাত্র। সব-কিছুরে অন্তরে রয়েছে অখণ্ড স্বভাবের ঋতায়ন—সৌষমোর সুরে বাঁধা। সেই ঋতের প্রশাসনে বাইরের অংশতঃ-বিপরিণামে দেখা দেয় সংঘর্ষের প্রতিভাস। অতিমানসী দূর্গিট ওই সৌষম্যের বৃহৎ ও গভীর সত্যকেই দেখতে পায় সবার মধ্যে। কিন্তু মনের আছে বিবিক্ত বস্তুদ্দি, তাই বৈষম্যই তার চোখে পড়ে সবার আগে। অথচ অতিমানস এক নিত্য-উপচীয়মান সৌষম্যের অংগীভূত দেখে বৈষম্যকে— কেননা তার দ্ভিতৈ বিশ্বনিখিল বহুধার পায়িত একেরই বিভগ্গ শুধু। তাছাড়া মনের কাছে আছে একটিমার খণ্ডদেশ ও খণ্ডকাল। তার মধ্যে সে দেখে অগণিত সম্ভাবনার তমলে একটা বিপর্যাস—সার্থকতার বিচিত্র তারতম্যের আভাসে সৎকুল। কিন্তু অতিমানসী দৃষ্ণিতৈ ভাসে দেশ ও কালের সমগ্র প্রসার। অতএব নির্ভুলভাবে সে দেখতে পায় মনঃকল্পিত সম্ভাবনা ছাড়া আরও বহু স্ক্রু সম্ভাবনা। তার দর্শনে নাই অনিশ্চয়তা বা বিশ্ ংখলার এতটাকু ছোঁয়াচ। কারণ, দেশ-কাল-নিমিত্তের যথাষথ পরিবেশে স্বভাবের কোন শক্তি বা কি নিয়তি কাজ করছে প্রত্যেক অভিব্যঞ্জনার মূলে, কি ধারায় কোন্ পরিণামের দিকে নিয়ে চলেছে তাকে, অতিমানসের দিবাদ্ভিতৈ কিছুই তার গোপন নাই। অবিচল সমগ্র দ্ভিটতে বস্তুদর্শন মনের ধর্ম নয়। কিন্তু লোকোত্তর অতিমানসের তা-ই স্বভাব।

আত্মর্পায়ণের সকল বিভূতি শ্ধ্-যে ফ্টে আছে অতিমানসের চিন্ময়ী দৃষ্টিতে, তা নয়। সবার মধ্যে ব্যাপ্ত-অন্স্যুত হয়েও আছে সে অন্তর্যামী ন্বয়ংজ্যোতির দীপ্তি নিয়ে। তার সত্তা গ্রাহিত হয়েও ভূতে-ভূতে শক্তির বিভূতিতে-বিভূতিতে অন্প্রবিষ্ট বিশ্ব জ্ডে। অতিমানসের স্বতঃস্ফ্ত অকুণ্ঠ প্রশাসনেই নির্পিত হছে বিশ্বের ব্যাকৃতি শক্তিও প্রবৃত্তি। নিয়মের শাসন সে-ই আনছে তার প্রবির্তিত বৈচিত্যের লীলায়। সিস্কার তেজকে

সংহত, বিচ্ছুরিত, বিপরিণামিত করছে সে-ই। আর নিখিলব্যাপী এই বিচিত্র কৃতির মূলে আছে তার স্বরুদ্ভ প্রজ্ঞার প্রেতি, যা রুপবিস্গিতির আদিমক্ষণে, শক্তি-প্রচলনের রাক্ষমহুর্তে নির্গিত করেছে বিশ্বদেবের প্রথম ধর্ম*— 'ধর্মাণি যা প্রথমান্যাসন্'। এই অতিমানসই গীতার ভাষায় 'সর্বভূতানাং হুদ্দেশে তিন্ঠতি—দ্রাময়ন্ সর্বভূতানি যন্ত্রারুঢ়ানি মায়য়া'; উপনিষদ একেই বলছেন—'তদ্ অন্তরুস্য সর্বস্য, তদ্ব সর্বস্যাস্য বাহ্যতঃ'; এই 'পরিভূঃ ক্রিঃ'-ই 'যাথাতথ্যতোহর্থান ব্যুদ্ধাং শাশ্বতীভাঃ স্মাভাঃ'।

বিশ্বের সর্বভূতে—জড়ে-অজড়ে, চেতনে-অচেতনে—অন্তগর্ভ হয়ে আছে এক পরমা প্রজ্ঞা ও শক্তি, বস্তুর সত্তা ও প্রবৃত্তিকে বিধৃত রেখেছে যা আপন প্রশাসনে। তার সম্পর্কে সচেতন নই আমরা, তাই কখনও তাকে ভাবি অবচেতন, কখনও-বা অচেতন ; কিন্তু বাস্তবিক চেতনা তার 'গ্রুম্ অনুপ্রবিষ্ট' হয়ে বিশ্বময় পরিব্যাপ্ত। তাই বৃদ্ধিযুক্ত না হলেও বৃদ্ধির আপাতলীলা জগতের সকল বস্তুতেই আছে। উদ্ভিদ্ বা পশ্র মধ্যে সে-বুদ্ধি স্তিমিত. অর্ধ স্ফর্ট। কিন্তু সকল বর্ণিধই গ্রহাশায়ী দিব্য অতিমানসের সদ্ভূত-বিজ্ঞানের দীপ্তি। ঘটে-ঘটে এই-যে অন্তর্যামী বৃদ্ধির প্রশাসন, এ তো মনোময় নয়। এ সন্মাত্রেরই স্বয়ংপ্রজ্ঞ স্বর্পসত্য, যার মধ্যে আত্মসংবিং আছে আত্মসত্তার অবিনাভত হয়ে। এই তো ঋত-চিং। মনের বিকল্পনার 'পরে তার সিস্কার নির্ভার নয়। প্রজ্ঞান,সারী তার বিস্ফিট—যার মূলে আছে অনির্বাণ আত্মদর্শন ও স্বতঃসিন্ধ অখন্ডসত্তার অকুণ্ঠ বীর্যের প্রেতি। মনন ছাড়া মনোময়ী বৃদ্ধির চলে না—কেননা চিৎ-শক্তির সে একটা আভাসমাত্র। তার ধ্বব জ্ঞান নাই--আছে কেবল জিজ্ঞাসা। এক লোকোত্তর প্রজ্ঞার লীলাকে অনুসরণ করে সে কালব্রতির পরম্পরায়—এইটাকু তার সাধ্য। কিন্তু সে-প্রজ্ঞা শাশ্বত অখণ্ড অব্যয়। কাল তার করামলকের মত, তাই তার দুন্দির একটি ঝলকে উদ্ভাসিত হয়ে ওঠে অতীত বর্তমান ও ভবিষাং।

এই তবে অতিমানস দিব্যচেতনার আদিপ্রবর্তনা। এ এক বিশ্বস্তর সত্যদর্শন—যা সর্বায়তন সর্বাধিবাস ও সর্বগত। দেশকালাতীত অবিচল স্বাত্মবোধর্প প্রত্যক্চেতনায় বিশ্ব সমাহিত রয়েছে তার মধ্যে। তাই দেশে ও কালে বিশ্বের এই পরাক্-র্পায়ণ প্রতি পর্বে প্রবিত্তি হচ্ছে অতিমানসের সম্ভৃতিসংবিতের ছন্দোলীলার।

জ্ঞাতা জ্ঞান ও জ্ঞের অতিমানস চেতনার ভিন্ন নর, সেখানে ম্লত তারা এক। প্রাকৃতমন এ-তিনটিকে দেখে আলাদা করে—নইলে তার কারবার অচল হরে পড়ে। চিপ্টার লয় যেখানে, সেখানে মনের কোনও সাধন নাই, নাই

^{*} উদ্বিটি বৈদিক। বিশ্ব জন্তে দেবতার লীলা চলছে 'প্রথম ধর্মে'র' শাসন মেনে; এই ধর্ম বা রত 'প্রো' অতএব 'পরম', তাই তা বস্তুর স্ব-ভাবের ধর্ম।

স্বাভাবিক প্রবৃত্তির কোনও ছন্দ-তাই মন সেখানে নিস্পুল নিষ্কিয়। স্তরাং মনের চোথে নিজেকে দেখতে গিয়েও গ্রিপটীর এই ভেদ আমায় জাগিয়ে রাখতে হয়। সে-দেখায় প্রথমত আমি আছি—জ্ঞাতা হয়ে। দ্বিতীয়ত যা দেখছি আমার মধ্যে, তাকে জানছি জ্ঞের বা জ্ঞানের বিষয় বলে—সে আমিও বটে. আবার নয়ও বটে। তৃতীয়ত, আমার জানার মধ্যে আছে জ্ঞানের বৃত্তি, या मिरत खाणात मर्ट्या जुर्ज़िष्ट रखत्ररक। किन्छु म्ल्र्याचे रवासा यात्र, सन्तनत এই ধারা নিতাম্তই কুলিম। শুধু ব্যাবহারিক প্রয়োজনের তাগিদেই তার কল্পনা, অতএব সত্যের মর্মপরিচয় মেলে না তাকে দিয়ে। বস্তৃত যে-আমি জার্নছি. সে তো জার্নছি চৈতন্যরপেই; আমার জ্ঞানও সেই চৈতন্য অর্থাৎ আমিই —ব্. তির্পে: আবার জ্ঞেয় যা, তাও তো আমিই কেননা একই চৈতনোর একটা স্পন্দ বা বিপরিণাম সে। অতএব তিনটি মিলিয়ে পাচ্ছি একই সত্তা একই স্পন্দ--অবিভক্তেরই বিভক্তবং একটা প্রতিভাস। রূপে-রূপে ন্যবিস্থিত-বং প্রতিভাত হয়েও বদ্তুত সে অ-ব্যবদ্থিত, অর্থান্ডত। এই অথন্ড জ্ঞানের আঁচ শাধা পায় মন যাক্তি দিয়ে—তার ভিত্তিতে ব্যাবহারিক জীবনকে সে গভতে পারে না।...কিন্তু এ তো গেল মনের কথা। অহংচেতনার বাইরে যা-কিছ্ম দেখছি, তার বেলাতে আরও উৎকট হয়ে দেখা দেয় ত্রিপটেীর ভেদ। অভেদের একটা আঁচ পাওয়াও দেখানে মনের উপর বিষম জ্বল্বম। আর সেই ভাবকে ধরে রেখে ব্যবহারকে নিয়ন্তিত করা—সে তো মনের পক্ষে বিজাতীয় একটা ব্যাপার, যা একেবারেই তার সাধ্যাতীত। এ-ভাবকে মন মানতে পারে বৈজ্ঞানিক সত্য হিসাবেই—যা দিয়ে তার খণ্ডবোধের স্বাভাবিক বৃত্তির শোধন-মার্জন চলবে শুধু। যেমন বৃদ্ধি দিয়ে জানি প্রথিবীই প্রদক্ষিণ করছে সূর্যকে এবং সে-জ্ঞানকে কখনও অবৈজ্ঞানিক ব্যবহারের শোধনকার্যেও লাগাই। কিন্তু তা বলে সূর্য পৃথিবীকে প্রদক্ষিণ করছে— এই ইন্দিয়বোধের উপর যে-বাবহার প্রতিষ্ঠিত সাংব্যুতিক সত্য হলেও তাকে উচ্ছেদ করবার কল্পনাও কি করতে পারি?

কিন্তু এই অভেদভাব অতিমানসের সিন্ধবীর্য, তার সকল প্রবর্তনার পরম অয়ন। মনের কাছে তা কচিং-লব্ধ সাধনসম্পদ, তার দৃষ্টির স্বর্পসত্য নয়। বিশেবর সমষ্টি আর ব্যক্তিকে অতিমানস দেখে আত্মস্বর্পে—এক অখণ্ডবিজ্ঞানের স্বচ্ছন্দ বৃত্তিতে। সে-অখণ্ডবৃত্তিই তার প্রাণ, বলতে গেলে তার স্বর্পসন্তার জীবনস্পদ। অতএব এই সর্বাবগাহী দৈবী-সংবিতের যে সত্যসংকলপ, বিশ্বজীবনের নির্মাতর শাস্তা অথবা নির্নতা সে—শৃথ্ এই বললেই যথেন্ট হয় না। বলতে হয়, বিশ্বের পরিপ্র্তিতিক নিজের মধ্যে সে সিন্ধ করে তোলে প্রজ্ঞাব্তির অবিনাভ্ত অকুণ্ঠ বীর্ষের সংবেগে যা তার আত্মসন্তার স্পন্দ মাত্র অর্থাং যার মধ্যে সন্তা জ্ঞান ও শক্তির বৃত্তি অথণ্ড, অবিকল্পিত।

কারণ প্রেই বলোছ, কিশ্বচিং আর বিশ্বশক্তি স্বর্পত এক—বিশ্বচেতনার ব্তিই স্ফ্রিত হচ্ছে বিশ্বশক্তির্পে। তেমনি দৈবী প্রজ্ঞা ও দিব্য সংকল্পও এক—কেননা এক অখণ্ড-সন্তারই স্বর্পস্পদ তারা।

অতিমানস অখণ্ড সর্বাধার একত্ব হতে অপ্রচয়ত হয়েই বহুত্বের সে আয়তন—এই সত্যের অনুভব স্পষ্ট হওয়া চাই আমাদের মধ্যে। নইলে বিভজ্যদশী মনের প্রমাদ হতে বৃদ্ধিকে নিমৃক্তি করে বিশ্বের একটা সত্যধারণা কোনমতেই সম্ভব হবে না। বীজ হতে গাছ বেরিয়ে আসে, বীঞ্জের মধ্যে যে ছিল নিহিত: আবার গাছ হতে বেরিয়ে আসে বীজ। যে-বিস্পির চিরুতন রীতিকে গাছ বলছি তার মধ্যে একটা অলম্ঘ্য নিয়ম ও অপরিবর্তনীয় ধারার প্রবর্তনা আছে। কিন্তু গাছের জন্ম জীবন ও বংশবিস্তারকে মন দেখে একটা স্বতঃসিন্ধ ব্যাপাররপে এবং সেই দৃষ্টি দিয়েই সে তার বিজ্ঞান রচনা করে। গাছকে সে ব্যাখ্যা করে বীজ দিয়ে, বীজকে গাছ দিয়ে : বলে, এই হল প্রকৃতির একটা নিয়ম। কিন্তু এ দিয়ে তত্ত্বের ব্যাখ্যা কিছুই হল না। আমরা এতে পেলাম শুধু প্রাকৃতিক একটা রীতির বিশেলবণ ও বিবৃতি, কিল্ড রহস্য তার রহসাই রয়ে গেল আমাদের কাছে। মন যদি চিংশক্তির একটা নিগঢ়ে সংবেগকে মেনেও নেয় ব্যাকৃতির মূলাধার ও মর্মসত্যরূপে এবং রূপায়ণের সমগ্র ধারাকে বলে সেই শক্তির একটা বহিরপা প্রকাশ অথবা তার নিয়তিকৃত নিয়মের नीना—जार**्न** वार्काठ जात कार्ष्ट अकठो विविक्त मुखा मात्, जात स्वधर्म अवर গতি-প্রকৃতি দুইই মনের অনাত্মীয়। এই বিবিক্ত-বৃদ্ধি আছে পশ্বর মধ্যে এবং মানুষের মনশ্চেতনায়। সেখানে মন নিজেকেও ভাবে একটা বিবিক্ত পদার্থ বলে। সচেতন বিষয়িরপে সে স্বতন্ত, তার বাইরে আর যা-কিছু সবই বিষয়র পে তার থেকে বিবিক্ত। প্রাকৃত জীবনে এ-ভাগাভাগি প্রয়োজন, কেননা লোকব্যবহারের এই হল বনিয়াদ। কিল্তু মন একেই যখন একমাত্র সত্য বলৈ জানে, তখনই শ্রু হয় অহন্তার যত প্রমাদ।

অতিমানসের ধারা অন্যরকম। গাছ এবং গাছের জীবন বিবিক্ত সন্তা হলে আপন স্বর্পে তারা ফ্টতে পারত না—এমন-কি তাদের সন্তাই অসম্ভব হত। বিশ্বসন্তার অন্তগ্র্তি সংবেগ হতে বিশ্বের এই ব্যাকৃতি; সন্তা এবং তার অন্যান্য বিভূতির সপো অন্যোন্যসম্বাধ হয়ে তার এই র্পায়ণ। বস্ত্র স্বধ্যে বে-বৈচিত্রা, তা মহাপ্রকৃতির সর্বগত স্বভাব ও স্বর্পের লীলা। সমন্তি-পরিণামের ছন্দেই নিয়ন্তিত হচ্ছে ব্যন্তির বিশিষ্ট পরিণাম। বীজ্ব দিয়ে গাছের তত্ত্ব অথবা গাছ দিয়ে বীজের তত্ত্ব বোঝা বায় না—কেননা দ্বেরর তত্ত্ব নিহিত আছে বিশ্বভাবনার, আর বিশ্বের তত্ত্ব আছে ঈশ্বরে। অতিমানসম্বারা য্রপণ বাসিত হয়ে আছে বীজ্ব গাছ বা বিশ্বের যা-কিছ্ এবং ওই অখণত-অন্বর পরমবিজ্ঞানই তার প্রাণ—যদিও তার মধ্যে আছে বিপরিণামের

ছন্দোদোলা। এই সর্বাহারী অখন্ডবিজ্ঞানে সন্তার স্বতন্ত্র কোনও কেন্দ্র নাই আমাদের বিবিক্ত অহন্তার মত। কেননা আত্মসংবিতের মধ্যে সমগ্র সন্তাই সেখানে ভাসছে সমব্যাপ্ত সম্প্রসারণর পে—তাই একত্বেও সে, অন্বর, বহুত্বেও অন্বর, সর্বত্র সকল দশাতেই অন্বর। এর মধ্যে সর্বভাব আর অন্বরভাবে ফোটে এক অখন্ড সদ্ভাবেরই পরম সামরস্য। ব্যক্তির সন্তাও ব্রগপৎ সর্বাত্মভূত ও ব্রহ্মভূত, অতএব পরম তাদাত্ম্যে একরস সেখানে—কেননা এই তাদাত্মাবোধই অতিমানস জ্ঞানের মর্মসত্য, অতিমানস আত্মপ্রতারের একটা নিত্য বিভাব।

সমরস একত্বের বিপ্ল সে-প্রসারে সংশ্বর্পের খণ্ডভাব বা বিকিরণ নাই। আত্মপ্রসারণের সমব্যাপ্তিতে তার বিভূত্বকে সে ছেয়ে আছে অশ্বয়র্পে, তার বহুধা-ব্যাকৃতিকেও বাসিত করেছে অশ্বয়র্পে। তাই সর্ব সে অখণ্ড-অশ্বয় 'সমং রক্ষা। দেশে ও কালে সং-শ্বর্পের এই-যে আত্মপ্রসারণ, ভূতে-ভূতে এই-যে তার নির্ট অধিবাস, এও তো তার নির্শিষ অশ্বয়শ্বভাবের অশ্তরণা লীলায়ন, তার নির্পাধিক অখণ্ডশ্বর্পের বিভাবনা—যার মধ্যে কেন্দ্রও নাই পরিধিও নাই, আছে শ্ব্রু দেশহীন কালহীন 'একমেবাদ্বিতীয়ম্'। অবিস্ভট রক্ষের এই-যে অতিসমাহিত একঘন প্রতায়, শ্বভাবের বশে তা বিস্ভট হবে সমব্যাপ্ত বিজ্ঞানঘন প্রতায়ে—এই অখণ্ড সর্ব্রাসী সর্ব্রাহী সংবিতে, এই বিশ্বম্ভর অবিভক্ত অবিকীর্ণ অধিবাসে, এই লোকোত্তর অশ্বৈত-বিলাসে, বহুদের লীলাতেও যা অন্যুন, অপ্রচ্যুত। 'রক্ষ সর্বভূতে', 'সর্বভূত রক্ষে' এবং 'সর্বভূতই রক্ষা'—এই হল সর্ববিং অতিমানসের বিবিদ্যা গায়্রী। আত্মবিভাবনার এক প্রমপ্রতায় ফ্টেছে এই মহাবিপ্টীতে। আত্মদ্ভির অসংকীর্ণ অন্তব্বে এই অবিবিক্ত প্রমা বিদ্যাই হয়্ম অতিমানসের বিশ্বকীলার ম্লমন্ত্র।

কোথা হতে তাহলে এল মন, এল মন-প্রাণ-জড়ের গ্রন্থীতে অবর চেতনার এই লীলা—বিশ্বর্পে যাকে দেখছি আমরা? বিশ্বের সব-কিছুই যখন সর্ব-কৃৎ সর্ব-সম্ভব অতিমানসের কৃতি, তার সৎ চিৎ ও আনন্দম্বর্পের অনাদিলীলা, তখন ঋত-চিতের সিস্ক্ষার স্ফ্রিত হবে এমন-কোনও ব্তি যা ঐ সং-চিং-আনন্দকেই ভেঙে অবরলোকে স্থিট করবে মন প্রাণ ও জড়ের ধাতু। চিন্মরী সিস্ক্ষার একটা গোণ বিভাবনার এই ব্তির পরিচর পাই। সে-বিভাবনা অতিমানসের পরাক্ গতিতে, তার প্রস্পাণের সামর্থ্যে, তার প্রজ্ঞানের' লীলায়—যার বেলার সংবিং নিজের মধ্যে গ্র্টিয়ে এসে উপদ্রুষ্ট্-র্পে সরের দাঁড়ায় তার স্থিট হতে। আগে বলেছি সংবিতের সমব্যাপ্ত সমাধানের কথা। কিন্তু তার গ্র্টিয়ে-আসা বলতে ব্রুব একটা বিষমব্যাপ্ত সমাধান, যার মধ্যে আত্মবিভাজনের প্রথম উন্সেষ—অথবা তার আপাত-প্রতিভাসের প্রথম কন্পনা।

এই প্রজ্ঞানের লীলায় প্রথম দেখি, বিজ্ঞানের মধ্যে বিজ্ঞাতা নিজেকে সংহত করে রেখেছেন তাঁর আত্মর পায়ণের ছন্দোলীলায়। অবিরাম সেই র পায়ণে ব্যাপতে থেকে চিংশক্তি একবার গা্টিয়ে আসছে তাঁর মধ্যে, আবার বেরিয়ে মাছে তাঁর থেকে। আত্মবিপরিণামের এই একটি ধারা হতেই এল ভেদের যত বিভংগ এবং তারাই গড়ল বিশেবর ব্যাবহারিক দৃষ্টি ও কর্মের বনিয়াদ। বিস্থির প্রয়োজনে এইখানে ফা্টল বিজ্ঞাতা বিজ্ঞেয় ও বিজ্ঞানের এক দিব্য গ্রিপ্টৌ। দেখা দিল শক্তি শক্তির সন্ততিত ও বিভূতি—ভোজা ভোগ ও ভোগা—ব্রহ্ম মায়া সম্ভূতি—অবিকলিপত অখণেডর এই গ্রিধা বিকল্পনা।

তারপর, বিজ্ঞানে সমাহিত এই চিন্ময় প্রেষ আত্মনিঃস্ত শক্তি বা প্রকৃতির উপদূল্য ও ভর্তা হয়ে র্পে-র্পে ফ্টিয়ে তুললেন নিজের প্রতির্প। চিংশক্তির সহচরিত হয়ে তিনি যেন তার বিভূতিতে নেমে এলেন এবং প্রজ্ঞানের উল্ভব যে-আত্মবিভাজন হতে, তার প্নরাবৃত্তি করে চললেন শক্তির বিচিত্র প্রপঞ্চে। এমনি করে প্রত্যেক র্পে স্বীয়া প্রকৃতিকে অবল্টম করে প্রেষ অধিষ্ঠিত রয়েছেন এবং চেতনার সেই কল্পিত বিন্দ্র হতে আবার র্পে-র্পে দেখছেন নিজেরই প্রতির্প। একই আত্মা, একই দিব্য-প্র্যেষর অধিষ্ঠান সবার মধ্যে। বহু বিন্দর্তে তাঁর বিকির্গ সংবিতের একটা ব্যাবহারিক প্রবৃত্তি শৃধ্র, যার ফলে বিশ্ব জ্বড়ে দেখা দেবে ভেদের লীলা— অন্যোন্যক্তান, অন্যোন্যসংগ্রম, অন্যোন্যসংঘাত ও অন্যোন্যসন্ভোগের খেলা। তার মধ্যে স্বর্পগত অভেদের 'পরে ভেদের প্রতিষ্ঠা, আবার অভেদেরও উল্লাস বিচিত্র ভেদের রূপায়ণে।

সর্বাত অতিমানসের এই অভিনব স্থিতির মধ্যে দেখি প্রচ্যাতির একটা আভাস—বস্তুর অন্বয় স্ব-ভাবের সত্য হতে, অখণ্ডচেতনার সমগ্রতা হতে একটা অবস্থলন যেন। অথচ এই অব্যভিচরিত অন্বয়ভাবের 'পরেই রয়েছে বিশ্বসন্তার একমান্ত নির্ভার। মনে হয়, আর-একট্ নেমে এলেই এ-প্রচ্যাতি দাঁড়াবে অবিদ্যাতে বহুত্বকে তত্ত্ব বলে মেনে নিয়েই যার যান্ত্রা দর্ম, সত্যকার একের দিকে। তারই জন্যে চলার পথে একত্বের আভাস রচে সে অহন্তার প্রতিভাসে। বেশ বোঝা যায়, ব্যক্তিছের বিশ্বকে জ্ঞাতার অধিশ্চানকেন্দ্র বলে মানি যদি, তাহলেই দেখা দেবে মনোময় চেতনার যত বিচিত্র পরিণাম—ইন্দ্রিমংবেদনর্পে, ব্রিধর বিলাসে, সঞ্কল্পের আকারে। কিন্তু প্রক্রেষর লীলা যতক্ষণ অতিমানস ভূমিতে, ততক্ষণ অবিদ্যার উল্ভব হয়নি একথাও সত্য। তাই তখন খত-চিতের মধ্যে চলবে জ্ঞান ও কর্মের খেলা—অন্বয়ভাবকে অনিরাকৃত করেই।

কারণ তখনও ব্রহ্ম নিজেকে জানছেন সর্বাগত অশ্বরর্পে, সব-কিছ্কে দেখছেন অভিন্ননিমন্তোপাদানের আকারে নিজেরই পরিণামর্পে। ঈশ্বর তখনও শক্তির লীলাকে স্বর্পের লীলা বলে জানেন, সর্বভূতকে অন্ভব করেন অন্তরে-বাইরে নিজের আত্মর্পায়ণ বলে। ভোক্তার মধ্যে তখনও চলছে আত্মসন্তারই সন্ভোলা—বহুভাবনার উচ্ছলনে। কেবল একটি জায়গায় এসেছে সত্যকার একটা পরিবর্তন : চেতনার ঘনীভাবে দেখা দিয়েছে একটা বিষমতা, শক্তির বিকিরণে একটা বৈচিত্রা। চৈতন্যের স্বর্পে বা আত্মদ্ভিতে সত্যকার কোনও ভেদ বা খণ্ডতা দেখা দের্য়ান, শর্ধ্ব তার ব্যবহারে ফ্টেছে বিশিষ্ট একটা ভিগামা। ঋত-চিৎ দাঁড়িয়েছে এসে এমন-একটা স্থিতিতে, মনোময় চেতনার ভূমিকা হলেও ঠিক আমাদের মন সে নয়। এবার এই সান্ধ্যলোকের তত্ত্ব ব্যবতে পারলেই খংজে পাব মনের সেই আদিবিন্দ্র, যেখান থেকে সে ছিটকে পড়েছে খণ্ডতা ও অবিদ্যার অবরভ্মিতে—ঋত-চিতের তুজা-বিশাল উদার্য হতে স্থালত হয়ে। স্থের বিষয়, এই প্রজ্ঞানের তত্ত্ব বোঝা আমাদের পক্ষে বিশেষ কঠিন নয়—কেননা প্রাকৃতমনের প্রতিবেশী বলে তার একটা প্রেভাস দেখতে পাই প্রজ্ঞানের চলনে। কিন্তু অতিমানসের অন্ভব ছিল কোন্ স্ক্রে! এতক্ষণ বৃন্ধির অস্পন্ট পরিভাষা দিয়ে তার অসম্পূর্ণ একটা পরিচয় দেবার চেন্টা করে এসেছি। কিন্তু এবার পরিচয়ের বাধা আর দ্বর্ণভ্য হবে না।

ষোড়শ অধ্যায়

অতিমানসের ত্রিপুটী

ভূতভ্ং...মমামা ভূতভাবনঃ। অহমামা...সৰ্বভূতাশয়দ্পিতঃ।

গীতা ৯ ৷৫. ১০ ৷২০

আমার আত্মা—যা ভূতভ্ং এবং ভূতভাবন...আমিই সর্ব'ভূতাশয়স্থিত **আত্মা।** —গীতা (১।৫,১০।২০)

ही दबाहना मिया शासग्रम्छ।

मारण्यम ७ ।२५ ।5

তিনটি জ্যোক্তিঃশক্তি ধরে আছে জ্যোতির্মায় তিনটি দিব্যলোক। —ঋণ্যেদ (৫।২৯।১)

প্রাকৃতমনের গণিড ভেঙে মৃক্ত জীব যথন অতিমানসের দিব্যলীলার শ্রিক হন, তথন এই পাথিব ভূমির সকল তত্ত্ব সহজ হয়েই ধরা পড়ে তাঁর প্রজ্ঞানের দ্বিতিত। কিন্তু প্রজ্ঞানের স্বর্প বোঝবার আগে ঈন্বরতত্ত্বের জ্ঞাত অথবা জ্ঞানগম্য রহস্যের একটা বিবৃতি দিয়ে নিই সংক্ষেপে, বৃঝে নিই কেমন করে আত্মসত্তার চিদ্ঘন অনাদি একত্ব হতে আত্মমায়ায় বহুর্পে তিনি জগৎ হয়ে ফ্টলেন।

আমাদের প্রথম স্ত্র ছিল : যা-কিছ্ আছে, তা এক অখন্ড সন্মাত্র—যাঁর স্বর্প হল অখন্ড চৈতন্য; আর চৈত্রাের স্ব-ধর্ম হল শাক্তি বা ক্রতু। সে-সন্মাত্র আনন্দর্প, সে-চৈতন্য আনন্দর্প, সে-শক্তি বা ক্রতুও আনন্দর্প। অখন্ড সত্তা চৈতন্য এবং শক্তি বা ক্রতুর অব্যাভিচরিত শান্বত আনন্দ শান্তিতে শয়ান রয়েছে নিজেরই মধ্যে কুন্ডলিত হয়ে, অথবা সিস্কায় পরিদর্শনিত হচ্ছে—এই হল রক্ষের স্বর্প। আমাদের প্রতিভাসনিম্র্ক্ত পরমার্থসন্তায় আমরাও ব্রহ্মস্বর্প। ব্রহ্ম যখন স্বসমাহিত এবং নিস্পেন্, তখন তাঁর মধ্যে—অথবা তিনিই—শান্বত অব্যাভিচরিত স্বর্পানন্দ। আবার সিস্কায় স্পন্দিত যখন, তখন তাঁর মধ্যে—অথবা তাঁরই আত্মর্পায়ণে—উথলে ওঠে সন্তা চৈতন্য শক্তিও কর্তুর লীলাচণ্ডল আনন্দ। তাঁর সেই সম্ভূতির লীলাই বিশ্ব—আর সে-আনন্দই বিশ্বের হেতু প্রেতি এবং লক্ষ্য। ব্রাহ্মী চেতনায় এ-লীলা ও আনন্দ শান্বত, নিত্যযুক্ত। আমাদের যে-স্বর্পসন্তা মনোময় অহন্তার বির্পতায় ঢাকা পড়েছে, তারও মধ্যে আছে এই লীলা ও আনন্দের শান্বত অব্যাভিচরিত উল্লাস—কেননা আমাদের আত্মা রক্ষের অবিনাভূত, স্বর্পত আমরা

ব্রহ্মই। অতএব দিব্যঞ্জীবনের অভীপ্সা আমাদের মধ্যে জাগে যদি, তবে তার চরিতার্থতা ঘটতে পারে শ্ব্র্ব্ গুই আব্ ত স্বর্পের গ্রন্থনমোচনে, মানস অহনতা বা বিম্ট্ আত্মভাবের এই বর্তমান দীনতা হতে স্বর্পসূত্তা বা আত্মমহিমার পথে উত্তরায়ণে, ব্রাহ্মী চেতনায় পরমতাদাত্যের অপরোক্ষ অন্ভবে। আমাদের মধ্যেই আছে এমন-এক অতিচেতন সন্তা, যা বিভোর হয়ে থাকে এই তাদাত্য্যের আস্বাদনে—নইলে আমাদের সন্তাই সম্ভব হত না। অথচ প্রাকৃত মনশ্চেতনা যেন গ্রহের ফেরে নিজেকে বঞ্চিত রেখেছে সে-আনশের অধিকার হতে।

যখন বলি, সন্তার এক মের্তে অখণ্ড সচিদানন্দ এবং আরেক মের্তে সখণ্ড মানসের খেলা, তখন একটা অনপনের বিরোধ দেখা দের দ্রের মাঝে। মনে হর, দ্বিট কোটির একটিকৈ সত্য মানলে আরেকটিকে মিথ্যা বলতেই হবে, একটিকে সন্ভোগ করতে গিয়ে আরেকটিকে অবলুপ্ত করতেই হবে। অথচ আমরা এ-জগতের মনোমর জীব—আমাদের দেহ ও প্রাণের আধারে মনেরই র্পায়ণ। দেহ-প্রাণ-মনের চেতনাকে যদি মুছে ফেলতে হয় অখণ্ড সচিদানন্দকে পেতে গিয়ে, তাহলে এই প্থিবীতে দিব্যজীবন যাপনের কল্পনা হয় একটা মরীচিকা। তুরীয় ভূমির আনন্দ পেতে বা তার মধ্যে ফিয়ে যেতে তখন বিশ্বকে অলীক ভেবে আমাদের ছেড়ে যেতেই হবে।...অখণ্ড ব্রহ্ম আর সখণ্ড মনকে দ্বিট বিরোধী তত্ত্ব ভাবলে আর-কোনও পথ খ্রেল পাই না—সর্বনাশের এই পর্যাট ছাড়া। কিল্তু মধ্যবতী আরেকটা বল্তু এসে অখণ্ড আর সখণ্ডকে মিলিয়ে দেয় যদি দ্বয়ের মাঝে অন্যোন্যযোগের স্বাটি আবিষ্কার করে, তাহলে এই দেহ-প্রাণ-মনের আধারেই অখণ্ড সচিচদানন্দের সন্ভোগকে আর আকাশকুসুমুম বলতে পারি না।

মিলনের সেতু একটা আছেই। তাকেই বলছি ঋত-চিং বা অতিমানস।
মনেরও উধের্ব তার পথান; তার সন্তা প্রবৃত্তি ও রীতির আশ্রয় হল বস্তুর অথশ্ড
প্ররুপসতা—প্রতিভাসের আপাত-খণ্ডতা নিয়ে তার কারবার নয় প্রাকৃতমনের
মত। যে-স্ত্র ধরে আমাদের এষণার শ্রুর, তাতে অতিমানস তত্ত্বের স্বীকৃতি
মোটেই অতর্কিত নয়। কারণ সাচ্চদানন্দ যে দেশ-কালের অতীত নির্বিশেষ
তত্ত্ব, সেকথা মানতেই হবে। কিন্তু জগং তো তা নয়: সে ব্যাপ্ত হয়ে আছে
দেশে এবং কালে, তাদের মধ্যেই নিমিত্তের শাসনে স্পন্দিত হচ্ছে (অন্তত
আমাদের দ্ভিতে) বিচিত্র সম্বন্ধ ও সম্ভাবনার জাল-ছড়ানো পরিণতির
ক্রমায়ণে। এই নিমিত্তের যথার্থ সংজ্ঞা হল ঋত বা 'দেব্য ব্রত'। সে-ঋতের
ক্রমায়ণে। এই নিমিত্তের যথার্থ সংজ্ঞা হল ঋত বা 'দেব্য ব্রত'। সে-ঋতের
ক্রমায়ণে। এই নিমিত্তের যথার্থ সংজ্ঞা হল ঋত বা 'দেব্য ব্রত'। সে-ঋতের
ক্রম্বর্গ ফোটে বস্তুর সত্য স্বভাবের স্বয়ংসিন্ধ পরিণতিতে—পর্বায়িত পরিণামের
মর্মম্লে বিজ্ঞান-স্বর্পের স্বতঃস্ফ্রেরণে। অনন্ত সম্ভাবনার অব্যাকৃতি হতে
বিশিষ্ট স্পন্দনের একটি নির্ণিত ছন্দকে আগে থাকতে বেছে নেওয়া—এই হল
ঋতের কাজ। স্ব-কিছুকে এমনি করে পরিণতির দিকে ধে নিয়ে চলেছে,

নিশ্চয়ই সে কবি-ফতু বা চিতি-শক্তি—কেননা বিশেবর বিস্ছিট চিতি-শক্তির লীলা এবং চিতি-শক্তিই সন্তার স্ব-ভাব। কিন্তু এই কবি-ফতুর যে-প্রবৃত্তি পরিণতির ছন্দে প্রকাশিত, তা কখনও মনোময় হতে পারে না—কেননা মন তো ঋতের স্বর্প জানে না, বা তার 'পরে তার কোনও শাসন কি অধিকার নাই। বরং মনকেই চলতে হয় ঋতের শাসন মেনে—তার একটা বিশিষ্ট পরিণামের ধারা হয়ে। তাছাড়া ঋতশভরা পরিণতির বহিরঞ্গনে প্রতিভাসের জগতেই মনের আনাগোনা, তাই সে বিশ্বলীলার নেপথ্যের খবর রাখে না। এইজন্য পরিণতির শেষ অঙ্কে সে দেখতে পায় খণ্ডভাবের খেলা শ্রুদ্, সত্যের মর্মে পেণিছবার আক্তি তার কথ্যা হয় বারেবারে। বিস্থিত ও পরিণতির ম্লেযে কবি-ফতু, বস্তুর অখণ্ড-স্বভাবের আবেশ থাকবে তার মধ্যে কোথায় অখণ্ডের আবেশ ? বহুভাবনার শ্র্যু একটি বিভাবকে সে হাতের ম্বায় পেয়েছে এবং সেও তার প্রা পাওয়া নয়।

অতএব মনের ন্যুনতাকে পূরেণ করতে মনেরও ওপারে চাই একটা পরতর তত্ত্বের অভিবাঞ্জনা। সে-তত্ত্বে সচিদানন্দ, সে তো অসংশয়িত। কিন্তু তাঁর অনন্ত অব্যয় শুন্ধ চৈতনোর শাশ্বতী প্থিতিও সে নয়। অথচ ওই পর্মা প্রতিষ্ঠা হতে অথবা তাকে মূলাধার করেই তাঁর সে-স্পন্দপ্রবৃত্তি উছলে পড়ছে তেজর্পে—বিশ্ববিস্থির সাধন হয়ে। সত্তার শুন্ধবীর্য ফুটেছে চৈতন্য ও শক্তি এই দুটি স্বভাবের উল্লাসে। অতএব প্রজ্ঞা ও ক্রতুও হবে সেই বীর্যেরই র পায়ণ, যখন দেশ ও কালের ভূমিকায় জগণবিস্থিত প্রেতি জাগবে তার মধ্যে। এই প্রজ্ঞা আর ক্রতু হবে অখণ্ড অনন্ত সর্বগ্রাহী সর্বাধার ও সর্বকৃৎ; স্পুলনে যাকে র পায়িত করবে, তাকে তারা শাশ্বত কাল ধরে নিজেরই মধ্যে ধারণ করবে। অতএব সন্মাত্র যখন বৈশিষ্ট্যাবগাহী অবচ্ছিন্ন আত্মসংবিতে পরিস্পন্দিত, তথনই তিনি অতিমানস। স্বরূপসত্যের বিশিষ্ট কতগ**্লি** বিভাবের অন্ভবকে তখন তিনি মূর্ত করে তুলতে চান—তাঁর দেশকালাতীত সদ ভাবের দৈশিক ও কালিক সম্প্রসারণের ভূমিকায়। যা-কিছু তাঁর স**ত্তা**য় আছে, তা-ই ফোটে আত্মসংবিং হয়ে, ঋত-চিং হয়ে, সম্ভূতবিজ্ঞান হয়ে। আর আত্মসংবিং ও আত্মশক্তি যখন অভিন্ন, তখন সেই স্বর্পের বিজ্ঞানই দেশে ও কালে নিজেকে উপচে বা ফু.টিয়ে তোলে অধ্যা কুতুর সংবেগে।

রাহ্মী চেতনার এই পরিচয়। চিং-শক্তির স্পন্দবেগে তার মধ্যে হয় বিশ্ব-ভূতের বিস্ফি। তাদের পরিণতি ঘটে সেই চেতনার আঁত্মপরিণামের ছন্দে, তার নির্ট কবি-ক্তুর সংবেগে—যার অমোঘ প্রেরণা বদ্তুর দ্বর্পসত্য বা সম্ভূতবিজ্ঞানের বীজভাবকে ফ্টিয়ে তুলছে তিলে-তিলে। এমনি নিতাচেতন যিনি, তাঁকেই বলি ব্রহ্ম। অবশাই তিনি সর্বগত সর্বজ্ঞ ও সর্বেশ্বর।

তিনি সর্বগত. কেননা বিশ্বরূপের বিস্তিট তাঁর চিন্ময় স্বর্পের বিভূতি, দেশ-কাল তাঁর আত্মপ্রসারণ--সেই ভূমিকায় আত্মশক্তির স্পন্দবেগে তাঁর আত্ম-র পায়ণ এই নিখিল জগং। তিনি সর্বজ্ঞ, কারণ তাঁর চিৎ-সত্তা বিশ্বভতের আধার নিবাস এবং র্পকার। আবার তিনি সর্বেশ্বর কেননা সর্বাধিবাস এই চৈতনাই সর্বাধিবাস শক্তি এবং বিশ্বকর্মা দিব্যক্ত। তাঁর মধ্যে প্রজ্ঞ। আর ক্রতুর বিরোধ নাই—যেমন আছে আমাদের প্রাক্রত চেতনায়, কেননা স্বরূপত তারা একই সন্তার অবিভক্ত স্পন্দ মাত্র অতএব ভেদলেশশ্ন্য। অন্যকোনও সংকল্প শক্তি বা চৈতন্য তাদের ব্যাহত করতে পারে না বাইরে বা ভিতরে থেকে—কারণ অখন্ড অদ্বয় তত্ত্বের বাইরে কোনও শক্তি কি চৈতন্যের কম্পনাও যে অসম্ভব। আর তার মধ্যে যে বিজ্ঞানশক্তির লীলা সে তো তিনি ছাডা কিছুই নয়। সে এক সর্বসমঞ্জসা প্রজ্ঞা ও সর্বনিয়ামক ক্রতুর খেলা শুধু। শক্তি ও সঙ্কল্পের মাঝে সংঘর্ষ আমরাই দেখি, কেননা খণ্ডিত বিশেষের রাজ্যে আছি বলে সমগ্রকে আমরা দেখতে পাই না। কিন্তু সে-সংঘর্ষকে অতি-মানস দেখে এক পূর্ব্য সৌষমোর উদেবল উপাদানরূপে। ঘটনার উত্তালতা যতই প্রবল হ'ক, অতিমানসের দূল্টিতে তা কখনও সোয়য়্যের ছন্দ হারায় না— কেননা সে-দুণ্টিতে ভাসছে বিশ্বভতের শাশ্বত এবং সমগ্র রূপ।

ব্রাহ্মী চেতনার স্থিতি বা প্রবৃত্তি যা-ই হ'ক, এই তার চিরন্তন পরিচয়। সত্তা তার স্বয়ংসিদ্ধ এবং আত্মনির ঢিতে অব্যাহত। অতএব সে-সত্তার শক্তিও তার আত্মব্যাপ্তিতে অব্যাহত। তাই তার চারদিকে বিশেষ-কোনও স্থিতি বা প্রবৃত্তির সীমা টানা যায় না। প্রাতিভাসিক দৃষ্টিতে মানুষ দেশ ও কালের বেণ্টনীতে ঘেরা চৈতন্যের একটা বিশিষ্ট রূপ মাত্র। তাই একসময়ে একটি দিঘতি, একটি প্যায়, অনুভবের একটিমাত্র মন্ডল—এই শুধু ফোটে তার প্রাকৃত চেতনায়। এর বাইরে কিছু জানবারও তার উপায় নাই; স্কুতরাং জীবনের একটি বিভাবকেই সে সত্য বলে মানে। একদিন যা সত্য ছিল, আজ সে অতীতের কোঠায় চলে গেছে: কিংবা একদিন যা সতা হবে, আজও সে সামনে এসে হাজির হয়নি। অতএব তার চেতনায় কেউ তারা সত্য নয়। কিন্ত ব্রাহ্মী চেতনায় এমনতর বিশেষের বন্ধন নাই। যুগপৎ বহুরূপ হওয়া, অথবা একাধিক স্থিতিতে নিশ্চল থাকা শাশ্বত কাল ধরে, কোনটাই তার কাছে অসম্ভব নয়। তাই দেখি, অতিমানসের বিশ্বভাবিনী চেতনার মধ্যেও রয়েছে তিনটি স্থিতি বা ভূমি। তঃর প্রথম ভূমিতে আছে বিশ্বভূতের অব্যভিচরিত একত্বের ভাবনা। দিবতীয় ভূমিতে সে-একত্বে দেখা দেয় এমন-একটা বিভৰ্গ যা হয় একের মধ্যে বহু এবং বহুর মধ্যে একের লীলায়নের আধার। সর্বশেষ ভামতে সে-বিভাগ আরও কুটিল হয়ে ফোটায় ব্যক্তিমের বিচিত্র পরিণাম, যা অবিদারে প্রভাবে আমাদের অবর-চেতনায় বিবিক্ত অহংএর বিভ্রমরূপে দেখা দেয়।

অতিমানসের আদ্যাস্থিতিতে বিশ্বভৃতের অব্যভিচরিত একত্বের ভাবনা আছে। আমরা দেখেছি, তার স্বর্প কি। তাকে নির্পাধিক অন্বয়চেতনা বলা যায় না-কারণ তা হল সচিচ্দানদের দেশকালাতীত আত্মসমাধান। সে নির পাধিক স্থিতিতে চিৎশক্তির কোনও সম্প্রসারণের লীলা নাই। সেখানে থাকলেও আছে শাশ্বত যোগ্যতারূপে শুধু-কালকলিত বাস্তবতা নিয়ে নয়; অর্থাৎ বিশ্ব সেখানে ভব্য মাত্র, ভূত নয়। কিন্তু আমরা যার কথা বলছি, সে হল সচিচ্দানন্দের সমব্যাপ্ত আত্মপ্রসারণ—সর্বপ্রাহী সর্বাবেশী সর্বাশয় তার স্বরূপ। কিন্তু সর্ব সেখানে অখণ্ড—বহুত্বে খণ্ডিত নয়; কেননা তখনও তার মধ্যে ব্যক্ষিভাব দেখা দেয়নি। স্তব্ধ পরিশ্বন্ধ চিত্তে অতিমানসের এই আলো ঝরলে পরে ব্যাণ্টিম্বের সকল অনুভব হারিয়ে যায় কেননা ব্যাণ্ট-পরিণামকে বহন করবার মত চেতনার কোনও কুন্ডলী তখন আধারে থাকে না। সর্বেরই স্বগতপরিণাম চলে সে-অতিমানসে—অথণ্ড-অস্বয় ভাবের ধ্তিতে। সমৃতি 'ভাব' সেথানে রাক্ষী চেতনার স্বরূপস্তার অন্তর্গুগ বিভূতি, বিবিক্ততার আভাসটকেও তার মধ্যে নাই। মনে যেমন চিন্তা কি কম্পনার ঢেউ ওঠে—আমাদের থেকে প্রুপক হয়ে নয়, কিন্তু চেতনার স্বাভাবিক রুপায়ণে— তেমনি যেন অতিমানসের এই আদ্যপীঠে জাগে বিশ্বের নাম আর রূপের স্পাদ। এই তো আনন্তোর মহাব্যোমে দিব্যচেতনার বিজ্ঞান ও বিকল্পনার নিরঞ্জন লীলা। কিন্তু সে-লীলা আমাদের মনোবিকল্পের মত বস্তুশূন্য নয়—চিন্ময়ের সত্যসংকল্পের সে বিলাস-বিবর্ত। দিব্যপরের্ষের এই স্থিতিতে চিৎপরের্ষ আর চিন্ময়ী শক্তির মাঝে কোনও ভেদ নাই কেননা চৈতন্যের তর্জগায়ণেই সেখানে শক্তির প্রকাশ। তেমনি, সব আধার চিন্ময় বলে সে-ভূমিতে জড় আর চিতের মাঝেও ভেদ নাই।

অতিমানসের মধ্যাস্থিতিতে রান্ধী চেতনা আত্মস্পন্দ হতে বিজ্ঞানের মধ্যে সরে দাঁড়িয়ে প্রজ্ঞানের দ্ণিউতে তাকে অন্বিন্ধ করে: তার সঙ্গে অন্বিত থেকে, তার সকল প্রবৃত্তিতে অধিন্ঠিত ও আবিন্ট হয়ে নিজেকে সে নিজেরই র্পের্পে ছড়িয়ে দেয়। প্রতি নাম-র্পে নিজেকে সর্বসম ক্টেম্থ আত্মার্পে অন্ভব করেও আবার নিজেকে সে চিদাত্মার কুন্ডলী বলে জানে। ব্যাষ্টিস্পন্দলীলার অন্মন্তা ও ভর্তার্পে তার বৈশিন্টাকে এইভাবে সে অন্য স্পন্দব্তি হতে পৃথক করে বজায় রাথে। এইজন্যই সবার মধ্যে চিৎন্বর্পে এক হয়েও চিদাভাসে সে বিচিত্র। বে-চিৎকুন্ডলী এই চিদাভাসের ভর্তা, তাকে বলি ব্যান্টিরক্ষা বা জীবাত্মা; আর সর্বভূতাশার্যাম্থত অথন্ড সর্বগত ব্রক্ষা যিনি, তিনি বিন্বাত্মা। দ্বয়ের মাঝে স্বর্পে ভেদ না থাকলেও অর্থ ক্রিয়ায় ভেদের আভাস আছে লীলার প্রয়োজনে; কিন্তু তাতে স্বর্পের তাদাত্ম্যবোধ লব্প্ত হয় না। বিন্বভাবন বিন্বাত্মা সকল চিদাভাসকেই নিজের স্বর্প বলে জানেন, অ্থচ

প্রত্যেকের সপ্পে যুক্ত হয়ে সবাইকে যুক্ত করেন বিবিক্ত সম্বন্থের চিত্রলীলায়। তাঁর মধ্যে জীবাত্মা তার সন্তাকে অনুভব করবে একেরই চিদাভাস ও চিৎস্পদর্শে । সর্বগ্রাহী সংবিতের পরিব্যাপ্তিতে যেমন সে অদ্বর্গস্বরুপ ও নিখিল চিদাভাসের সপ্পে পরমসাম্যের অনুভব পাবে, তেমনি খণ্ডগ্রাহী সংবিৎ বা প্রজ্ঞানের প্রসর্পণে তার ব্যক্তিলীলারও ভর্তা এবং ভোক্তা হবে সে—অদ্বয়স্বরুপ এবং তার সকল বিভূতির সপ্পেই থাকবে তার স্বচ্ছন্দ ভেদাভেদের সম্বন্ধ। আমাদের পরিশ্বশ্ব চিন্ত যদি অতিমানসের এই মধ্যাস্থিতির জ্যোতিতে সম্বজ্জন হয়, তাহলে জীবভাবের অধিষ্ঠান ও ভর্তা হয়েও আমরা এই আধারেই সর্বাধার সর্বভাবন সর্বভূত্স্থ পরম অন্বয়ের অনুভব পেতে পারি—এমন-কি জীবভাবের বিশিষ্ট লীলাতেও আমাদের ব্রহ্মারস ও সর্বাত্মভাবের আনন্দ অক্ষ্মার থাকে। অতিমানসের এই ভূমিতে সামরস্যের ছন্দ কোথাও ব্যাহত হয় না, কোথাও পরিবেশের কোনও পরিবর্তন দেখা দেয় না। তার একমাত্র বৈশিষ্ট্য ফোটে বহুভাবন একের সঞ্জে একীভূত বহুর রস্যোল্লাসে। যা-কিছু রং কি রুপের বদল, সে কেবল এই মহারাসের আয়োজনে।

অতিমানসের অন্তর্গেশ্বতিতে, স্পন্দলীলার অন্তর্যামী প্রভু হয়েও ব্রহ্মের চিদ্ঘন অধিণ্ঠান স্পন্দ হতে নির্লিপ্ত অনুমন্দতা ও ভোক্তার্পে সরে দাঁড়ায় না —িকন্তু তাকে যেন জড়িয়ে থাকে নিজেকে তার মধ্যে প্রসিপিত করে। তাই এখানে তার লীলার ধরন বদলে যায়। জীবাত্মা এখানে বিশ্বাত্মা ও তাঁর বিভূতির সংগ্য সন্বন্ধের বৈচিত্যকে চিন্ময় ব্যবহারের ভূমিতে এমনভাবে নামিয়ে আনে যে, পরমসাম্যের অন্ভব জীবাত্মার নিত্য সহচর হয়েও এবার তার সকল অনুভবের পর্যবসানর্পে ফ্রটে ওঠে ব্যান্টলীলার পর্বে-পর্বে। কিন্তু মধ্যান্থিতিতে সাম্যের অনুভবই মুখ্য এবং স্বার্রাসক, বৈচিত্য তার লীলায়ন মাত্র। অন্ত্যিস্থিতিতে তাই দেখা দেয় জীবে-শিবে অন্তেবসম্পর্টিত ন্বৈতের এক স্বার্রাসক আনন্দময় অনুভব—ন্বৈতের গোণব্যঞ্জনার ন্বারা বিশিষ্ট অন্বৈতের অনুভবই নয় শ্ব্য। আর তার মধ্যে নেমে আসে ন্বৈত-প্রবৃত্তির আনুষ্ঠিণক ষা-কিছু বিচিত্র পরিণাম।

মনে হতে পারে, এই দৈবত-প্রবৃত্তির প্রথম পরিণাম হবে অবিদ্যার মধ্যে চেতনার অবস্থলন। কারণ, অবিদ্যাই তো বহুকে জানে পরমার্থ বলে, একত্ব তার কাছে বহু-ব্যক্তির একটা বিরাট সমাহার শৃধ্য।...কিন্তু এ-আশুঙকা অম্পেক। অতিমানসের এই অন্ত্যাম্পতিতেও জীবাত্মার অদৈবতচেতনা দ্লান হবে না। নিজেকে এখানেও সে জানবে অদ্বয়-দ্বরুপের চিন্ময় আত্মবিস্টির তরঙগর্পে। অর্থাৎ দেশ ও কালের পটে আত্মবিভূতির বিচিত্র মেলায় বিচিত্র ব্যঞ্জনার নিয়ন্তা ও ভোক্তার্পে যে অন্তহীন চিদ্ঘন বিন্দুতে নিজেকে তিনি পরিকীর্ণ করেছেন, জীবাত্মা আপনাকে জানবে তারই একটি বিন্দুরুপে।

একটা ম্ব-তন্ত্র বা বিবিক্ত সন্তাও যে তার আছে, এ-অভিমান কোনকালেই তাকে ছুরে যাবে না। একত্বের অচল প্রতিষ্ঠায়ও আছে বিভেদের ছুলেদালা—এই তত্ত্বকেই ম্বীকার করবে সে অখণ্ড সত্যের দুটি মের্ বলে, একই দিব্য লীলায়নের ম্লাধার ও সহস্লারর্পে। অখণ্ডের রসকে প্রাপ্র্রির পাবার জন্যেই সে চাইবে খণ্ডরসের আম্বাদন।

অতিমানসের তিনটি দিথাত একই সত্যের আদ্বাদনের তিনটি ভািংগ মাত্র। এক স্বর্পসত্য কিন্তু সম্ভোগের তিনটি ধারা, অথবা আত্মার তিনটি বিভংগ তার আনন্দময় অন্ভব-এ-বিলাসের এই হল তত্ত। আনন্দের রূপ হবে বিচিত্র, কিন্তু কখনও সে ঋত-চিতের ভূমি হতে স্থালত হবে না নেমে আসবে না অন্ত আর অবিদ্যার প্রদোষলোকে। অতিমানসের আদ্যাস্থাতিতে একত্বের রসে সান্দ্র হয়ে আছে যে-দিব্যভাব, মধ্য ও অন্ত্য দ্থিতিতে বহুত্বের বিভাবনায় তারই চিন্ময় বিলাস শ্বা। তবে আর তাদের মধ্যে অন্ত ও অবিদ্যার ছায়া কোথায় ? উপনিষদের বাণীতে আছে এই লোকোত্তর অন্ভবের প্রাচীনতম প্রামাণিক বিবৃতি: সেখানেও পাই দিব্য-পুরুষের সম্ভূতি-লালায় এই তিন্টি স্থিতির সমর্থন। এককে বলি বহুর পূর্বভাবী; কিন্তু সে-পূর্বভাব কালের প্রাক্তনতা নয়। বিশেষ হতে সামান্যের দিকে চেতনার যে স্বাভবিক ঝোঁক. তাহতেই পূর্বভাবের কম্পনা। ব্রহ্মান্তবের কোনও বিবৃতি বা বেদান্তের কোনও প্রস্থানই তাকে অস্বীকার করে না। সবাই বলে, বহরে শাশ্বত প্রতিষ্ঠা একের 'পরেই, অতএব একই বহুর পূর্বভাবী। কালের কলনায় বহুকে মনে হয় অশাশ্বত মনে হয় এক হতে বিসূত্ট হয়ে একেই তার প্রলয় —অতএব একত্বই বস্তুস্থিতি, বহুভাব অবাস্তব। কিন্তু এমন তক্ও করা চলে : কালিক প্রকাশ একটা শাশ্বতী স্থিতি যথন—অন্তত শাশ্বতী আবৃত্তি তো বটেই-–তথন কালকলনার ওপারে একত্বের মত রক্ষোর বহুভাবও একটা শাশ্বত সতা হবে না কেন? নইলে কোথা হতে এল তার এই অনতিবর্তনীয় চিরন্তন কালিক আবৃত্তি?

সকল দর্শন একই স্বর্পসত্যের দর্শন। তাদের মধ্যে খণ্ডন-মণ্ডনের প্রয়াস চলে শৃধ্য দৈবতবৃদ্ধির কারসাজিতে। মান্ষের মন বিভজ্যদর্শী, তাই অথণ্ড অধ্যাত্ম অনুভবের একটা দিকে জাের দেওয়া তার স্বভাব। সত্যের একটা বিভাবকেই খণ্ডদর্শনের যৃক্তি দিয়ে একমাত্র-শাশ্বত সত্য কলে প্রচার করা—এই হতে অধ্যাত্মজগতেও দেখা দেয় সাম্প্রদায়িক হানাহানি। কখনও বলি, অদৈবতচেতনাই একমাত্র সত্য; অথচ অদৈবতের বহুধিবিলাসকেও মানি—মনের ভাষায় সত্যকার ভেদে তার তর্জমা ক'রে। এমনি করে অভেদে আর ভেদে বিরোধ ঘটে যখন, তথন মনের ভূলকে ভাঙতে কোনও বৃহৎ দর্শনের সত্যকে আশ্রয় করি না। বরং উল্টে বলি, বহুর বিলাস একটা মায়ার খেলা।

কখনও আবার একের লীলাকে বৃহৎ করে দেখি। তথন বলি অদৈবতের বিশিষ্ট ভাবই সত্য—জীবাত্মা প্রমাত্মার চিন্ময় বিভৃতি। শুধু তা-ই নয়: এই বিশিষ্ট ভাবকেই ব্রহ্মের শাশ্বত স্বভাব মেনে নির্পাধিক চৈতনোর নিবিশেষ অশ্বৈতান্ত্রকে মিখ্যা বলি !...আবার কখনও ভেদের লীলা বড় হয়ে দেখা দেয়। তখন জীবাত্মা আর পরমাত্মায় শাশ্বত ভেদকে সত্য বলে জানি: অভেদজ্ঞানে ভেদ যে মুছেও যেতে পারে, এ-অনুভবের প্রামাণ্যকে তখন মানি না।...এমনি করে সতা নিয়েও কত রেষারেষি চলে এসেছে। কিন্তু এবার যে-ভূমিতে অচল প্রতিষ্ঠার আসন পেতেছি, সেখানে অমন কাটছাঁটের কোনও প্রয়োজন তো নাই। আমরা দেখি, সব দর্শনেই সতা আছে: কিন্তু তাকে ফাঁপিয়ে তোলার ঝোঁকেই দেখা দেয় খণ্ডন-মণ্ডনের মিথ্যা কোলাহল। তাই আমরা মানি তং-স্বরূপের নির্বাঢ় নিবিশেষ স্বরূপ—যার মধ্যে মনঃকল্পিত একত্ব বা বহুত্বের কোনও উপাধি নাই। আরও মানি : তাঁর অদ্বয়ভাবে বহুধাবিস্থির প্রতিষ্ঠা যেমন, তেমনি তাঁর বহুভাবকে আশ্রয় করেই আবার ফিরে আসা যায় অন্বয়তত্ত্ব—দিব্য বিস্টিতত আম্বাদন করা চলে অন্বয়ের আনন্দ। সাত্রাং এক আর বহা, অভেদ আর ভেদ, অন্বৈত আর দৈবত—তাঁর এসব বিভাব নিয়ে তকের ধলা বেণ্টিয়ে তোলবার কোনও প্রয়োজন নাই। আমরা জানি, ব্রন্ধের আনন্ত্যে নিরংকুশ স্বাতন্ত্যের নির্বারিত উল্লাস আছে। অতএব ভেদবৃদ্ধির সীমাটানা শৃষ্ক তকের কারায় তাকে বন্দী করব—এ কি শুধু আমাদের পণ্ডশ্রমই নয়?

সম্তদশ অধ্যায়

দিব্য পুরুষ

যস্পিন্ সর্বাণি ভূতান্যধৈষ্যভূদ্ বিজ্ঞানতঃ। তর কো মোহঃ কঃ শোক একত্মন্পশ্যতঃ ॥ ঈশোপনিষং ৭

যাঁর আত্মা হয়েছে সর্বভূত—কেননা বিজ্ঞান আছে তাঁর-কিই-বা মোহ কিই-বা শোক থাকবে তাঁর, একত্ব দেখছেন যিনি সকল ঠাঁই?

—ঈশোপনিষদ (৭)

এতক্ষণে অতিমানসের একটা ধারণা আমাদের হয়েছে। এইটাকু বুর্ঝোছ, আমাদের প্রাকৃত জীবনের নির্ভার যে-মনশ্চেতনার 'পরে, অতিমানস তার বিপরীত কোটিতে। অতিমানসের এই ধারণা হতেই দিব্যভাব ও দিব্যজীবন সম্পর্কে আমাদের অম্পন্ট মনোভাব একটা স্ব্ব্যক্ত রূপের ব্যঞ্জনা পেয়েছে। নইলে ও-দর্বটি সংজ্ঞাকে আমরা বরাবরই বাবহার করে এসেছি কতকটা শৈথিলোর সঙ্গে। ভেবেছি, যা অতিবৃহৎ অথচ প্রায় নাগালের বাইরে, এমন-একটা বস্তুর আকৃতিকেই ও-দুটি শব্দের কুর্হেলিকায় প্রকাশ করতে চাই। কিন্তু এবার অস্পন্টতার অপবাদ দূরে হয়েছে। দিব্যভাব ও দিব্য-জীবনকে দার্শনিক যুক্তির দুর্ঢ়ভিত্তির 'পরে দাঁড় করানোও এখন অসম্ভব নয়। মান্য-ভাব আর মান্য-জীবনকেই আমরা চিনি ভাল: তব্য তার সপ্পে দিবাভাব আর দিবাজীবনের সম্বর্গটি আমাদের মনে আরও উল্জাল হয়ে উঠেছে। নিঃসংশয়ে ব্রঝেছি, বিশ্বপ্রকৃতির স্বভাবছন্দের মধ্যেই আছে আমাদের চিরন্তনী আশা ও আকৃতির সায়, কেননা আমাদের ঘিরে বিশেবর যে অতীত পরিবেশ, ভবিষ্য উদয়নের দিকেই তার স্ক্রনিশ্চিত ইশারা। অন্তত বুন্ধি দিয়েও বুঝেছি যে-পরমার্থ তত্তকে ব্রহ্ম বলি, কি তাঁর স্বরূপ, কি করে বিশ্বরূপে তাঁর আত্মবিস্ভিট। ব্রহ্ম হতে যা বেরিয়ে এসেছে আবার যে ব্রক্ষেই তা ফিরে যাবে—এ নিয়েও আমাদের মনে আর-কোনও সংশয় নাই। এবার তাহলে একটা প্রশেনর আরও স্পষ্ট জবাব দাবি করবার সময় এসেছে। প্রশ্নটি এই : ব্রহ্মই যদি হন জীবনের স্বর্পসত্য, তাহলে কি করে তাঁর দিকে জীবনের মোড় ফিরিয়ে দেব? আধারের কোন্ রূপান্তর সহজ্ঞ হলে আমরা তাঁর মধ্যে সহজভাবে পেশছতে পারব—শ্ব্যু সত্তার গভীর গহনে সমাধি-সিশ্বির নিঃসঞ্গ প্রতার নিয়ে নয়, সবার রঙে রং-মেশানো এই জীবন ও প্রকৃতির অবিকৃত স্বর্পকে নিয়েই? অবশ্য এখন পর্যন্ত আমাদের দর্শন কতকটা একাণ্গী, কেননা প্রকৃতির সণ্টেকাচের মধ্যে ব্রন্মের অবতরণের দিকটাই

আমরা দপত করে তুলতে চেয়েছি এতক্ষণ। কিন্তু আমাদের দ্বর্পে প্রকাশ পেয়েছে তাঁর উত্তরণের লীলা—জীবে অভিনিবিত্ট ব্রহ্ম যেথানে প্রকৃতির সঙ্গেচ কাটিয়ে দ্বর্মিয়া ফিরে যেতে চাইছেন। এই গতির ভেদ হতেই এসেছে মান্য আর দেবতায় জীবনছদের তারতম্য। দেবতাকে কথনও অবতরণের আয়াস দ্বীকার করতে হয়নি, তাই উত্তরণের সাধনাও তাঁর অজ্ঞাত। কিন্তু যে-মান্য তপস্যার বীর্যে মৃত্তি অর্জন করেছে, অন্ধকারের বৃক্ থেকে ছিনিয়ে এনেছে দেবছের দ্বাধিকার, তার অন্ভবে এসেছে অণিনদীপ্তি, চেতনার নবীন সদ্পদ সে জয় করেছে অন্ধতমিস্রায় অবতরণের দৃঃসাহসী দ্বীকৃতি দিয়েই। কিন্তু তব্ও এ-দ্যের মাঝে দ্বর্পসত্যের কোনও ভেদ নাই—শ্ব্র আকার আর রঙের বদল ছাড়া। তাই এতক্ষণের আলোচনায় যেসব সিন্ধান্তে পেণিছেছি, তাহতে আমাদের অভীণ্সত দিব্য-জীবনের দ্বর্প আবিত্কার করা অসম্ভব হবে না।

প্রশন তাহলে এই। মনে করা যাক, চিং এখনও নেমে আর্সেনি জড়ের মধ্যে, জীবাত্মা জড়প্রকৃতির দ্বারা আচ্ছন্ন হর্য়ান, অতএব অবিদ্যারও করাল ছায়া দেখা দেয়ান। এ-অবস্থায় কোনও চিন্ময় দিব্য প্রব্রেষর স্বর্শকথা কি হবে? কিই-বা হবে তাঁর চেতনার পরিচয়? অবশ্য এট্কু ব্রিঝ : বস্তুর স্বর্শসত্য তাঁর প্রতিষ্ঠা—অব্যভিচরিত অন্বয়ভাবের শাশ্বত প্রভারে। ব্রহ্মসন্তারই মত আপন অনন্তসন্তার অবিচল আয়তনে তাঁর স্থিতি। অথচ দেব-মায়ার লীলায়, ঋত-চিতের সংজ্ঞানময় ও প্রজ্ঞানময় দর্টি উল্লাসে রক্ষের সংগ্রেময়র লভায়য়, ঋত-চিতের সংজ্ঞানময় ও প্রজ্ঞানময় দর্টি উল্লাসে রক্ষের সংগ্রেময়র বহুধা-আয়য়র্পায়ণের অন্তহনীন বিলাসে, অন্যান্য দিব্য প্রব্রেষর সংগ্রেও তিনি এই ভেদাভেদের আনন্দ সম্ভোগ করেন।...এই নিত্যসিন্ধ চেতনা আমাদের কাম্য বলে তার স্বর্পকে আরও তলিয়ে ব্রুক্তে চাই।

দপদ্টই বোঝা যায়, অখণ্ড সচিচদানদের অপ্রপণ্ডিত উল্লাসে নিতাচ্ছন্তি এই দিব্য প্রব্যের চেতন।। অসম্ভূত সংস্বর্পে তিনি অন্তহীন নিরঞ্জন সম্মার। আবার সম্ভূতির্পে অজর অমর প্রাণের তিনি প্রম্কু উচ্ছনাস। দেহের জন্ম মৃত্যু ও বিপরিণামন্বারা তাঁর সন্তা অপরামৃন্ট, কেননা তাঁতে অবিদ্যার ছায়া নাই, জড়ভূতের অন্ধ আবরণ নাই। আবার শক্তির্পে তিনি অন্তহীন নিরঞ্জন চেতনা—শাশ্বত জ্যোতির্মায় প্রশান্তির অচল প্রতিন্ঠায় নিত্যসংদ্থিত। অথচ বিজ্ঞান ও চিংশক্তির বিচিত্র বিলাসে উপচে পড়ে তাঁর অক্ষ্মার স্বাতন্ত্য। তাঁর মধ্যে প্রমাদী মনের স্থলন নাই, নাই আয়াসক্রিন্ট ব্যথি সংকল্পের বঞ্চনা, কেননা অন্বয়ভাবের সত্য হতে কথনও তিনি প্রচ্যুত হন না, দিব্য স্বভাবের স্বচ্ছন্দ স্ব্যুমা ও স্বর্পজ্যোতি কথনও তাঁর ন্লান হয় না। পরিশেষে, আনন্দস্বর্পে তিনি শাশ্বত আত্মরতির অব্যভিচরিত

নিরঞ্জন উল্লাসে সম্কেল। কালকলনাতেও সে-আনন্দের প্রবাহ বিচিত্র ও মৃক্তচ্ছেন্দ। আমাদের মত তার মধ্যে ঘ্ণা বিশেষ অত্পিপ্ত ও সন্তাপের বিকৃতি নাই। কেননা, বৃশ্বির সঙ্গেচাচ ন্বারা, প্রমন্ত দ্বারাহের ব্যর্থতা ন্বারা, অন্ধব্যসনার তাড়না ন্বারা সে-আনন্দ খন্ড-ক্লিডানার।

দিব্য পরেষের সংবিতে অনন্ত সত্যের কোনও বিভাব অন্ধিগম্য থাকবে না, বিচিত্র সম্বন্ধের জালে জড়িত হয়েও তার দিব্যাম্থিতিতে সীমার সংকোচ দেখা দেবে না। এমন-কি জীবম্বের প্রতিভাস এবং ভেদব্যবহারের লীলাকে পরিপূর্ণ স্বীকার করেও সে-সংবিং কখনও স্বরূপানভব হতে বিন্দুমাত্র দ্থালত হবে না। দিবা পরে,ষের আথসংবিং নিরন্তর পরা সংবিং দ্বারা অধিবাসিত থাকবে। পরা সংবিং আমাদের কাছে র্আনরক্ত সন্তার একটা ব্-িদ্বিগ্রাহ্য কম্পনা মাত্র। রহ্ম আছেন পরাং-পর হয়ে : তিনি অবিজ্ঞেয়, নিজেকে জানেন আমাদের জ্ঞানের ধারা ধরে নয়: বুন্ধি ব্রন্মের এই পরিচয় জানে শ্বধু, তাঁর সাল্লিধ্যে আমাদের নিয়ে যেতে সে পারে না। কিল্ডু দিব্য পুরুষের নিবাস বস্তুর স্বর্পসত্যে, অতএব নিজেকে তিনি নিত্য অনুভব করেন পরা সংবিতের প্রকাশরপে। তাঁর আক্ষরসত্তা ত্রীয় সচ্চিদানন্দের অব্যাকৃত দ্বরূপসন্তা। আবার তার চিদ্বিলাস তংদ্বরূপের সচ্চিদানন্দময় বিভৃতি। তাঁর বিজ্ঞানময় স্থিতি বা প্রবৃত্তির প্রত্যেকটি বিভাবকে তিনি অপ্রমেয়ের আত্ম-প্রমিতির একটা বিচিত্র প্রকাররূপে অনুভব করবেন। তার বীর্য সঙ্কলপ ও শক্তির প্রত্যেকটি দির্থাত বা বিভঙ্গে জানবেন তিনি দ্বপ্রতিষ্ঠ সত্তা ও প্রজ্ঞার চিন্ময় বীর্যবিভৃতিতে সেই প্রমশিবের আত্মবিভাবনের স্ফুর্তি। তেমনি তাঁর আনন্দ প্রেম ও আত্মরতির প্রত্যেকটি স্থিতি বা তর্গেগ তিনি পাবেন আত্মা-রামের চিন্ময় রমণোল্লাসের অনুভব। পরা সংবিতের এই সাযুজ্য দিব্য পার ষের সংবিতে একটা চকিত দীপ্তি নয় শাধা। অথবা এমনও নয় যে, বহা আয়াসে একবার এই চরম ভূমিতে পেণছে একে কোনরকমে তিনি আঁকড়ে আছেন। তাঁর সাধারণ স্থিতির 'পরে এ-যে একটা বিশেষণ সিদ্ধি বা চরম পরিণতির প্রলেপ, তাও নয়। ভেদে এবং অভেদে এ-সাযুজ্য তাঁর নিত্যসিন্ধ স্বরূপ, তাঁর স্বার্নসক অন্ভব। জ্ঞানে কর্মে ভোগে অথবা সম্কল্পে এ-অন্ভব তাঁর কখনও স্লান হয় না। কালাতীত অচলপ্রতিষ্ঠায় অথবা কালকলনার তরুগ্রদোলায়, দেশাতীত পরম সদ্ভাবে অথবা দেশাবচ্ছিন্ন সত্তার বিভূতিতে, হেতৃ-প্রত্যয়ের অতীত নির্পাধিক নিরঞ্জন স্বভাবে অথবা হহতু-প্রত্যয়ম্বারা অবচ্ছিন্ন ব্যবহার্য স্থিতিতে তাঁর সাযুজ্যের অনুভব কোথাও গ্রুস্ত কিংবা দিতমিত হবে না। পরা সংবিতের এই নিতাসাযুজ্য হবে তাঁর অন্তহীন ম্বাতন্যা ও আনন্দের নিরম্ত নির্বার, তার লীলাবিভৃতিকে করবে ম্বপ্রতিষ্ঠায় প্রমাদহীন, তাঁর দিব্যভাবের হবে পরম রসায়ন।

অখন্ড সন্ধিদানন্দের আত্মবিভাবনের যে-দর্বাট অবিনাভূত কোটিকে আমরা এক এবং বহু বলে জানি, সে-দুটি শাশ্বত-বিভাবকে দিব্য পুরুষের চেতনা য্গপৎ অধিকার করে আছে। বস্তুত দিব্য প্রেষের কেন, সর্বভূতেরই স্থিতির এই একটি ধারা। কিন্তু আত্মসংবিং আমাদের খণ্ডিত বলৈ এক এবং বহুতে আমরা অনপনেয় একটা বিরোধ দেখি। তখন দুয়ের মাঝে একটিকে আমাদের বেছে নিতে হয়। বহার মেলায় থাকলে অথন্ডের সমগ্র ও অপরোক্ষ সংবিৎ আমাদের মাঝে লুপ্ত হয় : আবার অখন্ডে অবগাহন করলে বহুর চেতনাকে বাধ্য হয়ে নিরাকৃত করতে হয়। কিন্তু দিব্য পরে,ষের চেতনায় এই দ্বন্দর ও অসমক্রেরে জ্বল্ম নাই। নিঃশেষ আত্মসমাধান ও অন্তহীন আত্মপ্রসারণ কি আত্মবিচ্ছারণ দুয়েরই সম্চিত অনুভব তাঁর স্বভাব। তাঁর মধ্যে অখণেডর অন্বৈতচেতনায় অনন্ত আত্মবিভাবনার সংবেগ যেন সম্পর্টিত এবং অব্যাক্ত হয়ে আছে—যদিও স্ফুরন্তা তার নিত্য সম্ভাবিত। অথচ আমাদের মনশ্চেতনায় এ-বিভাব জাগায় শুধু অসং বা শূনোর কল্পনা। কিন্তু এই অদৈবতানভেবের সংগ দিব্য প্রুর্ষের মধ্যে আছে অখন্ডের চিন্বিলাসের অনুভব—নিজের চিন্ময় সত্তা সংকলপ ও আনন্দের লীলায়নে বহুবিভাবনার অফ্রুরন্ত উল্লাস। বহুর অব্যক্তভাবে একের অদৈবতপ্রতায় এবং একের আত্মপ্রসারে বহুর অভি-ব্যক্তি—সচিচদানন্দের এই দিবদল লীলার যুগপৎ আম্বাদনই অশৈবতবোধের স্বর্প। যে-অশ্বয়তত্ত্ব বহুছের শাশ্বত প্রভব এবং স্বর্পসত্য, বহুর মধ্যে নিগঢ়ে ঐক্যভাবনার আক্তি নির•তর তাকে আকর্ষণ করছে নিজের ভূমিতে। আবার লোকোত্তরের মহাস**ুকর্ষ**ণে বহ**ু ছুটেছে একের সেই** মহারাসমণ্ডে. যেখানে নিখিল ভেদলীলার শাশ্বত পর্যবিসান ও আনন্দময় সার্থকতা। চিৎশক্তির এই উজান-ভাটার যুগললীলা দিব্য পুরুয়ের চেতনায় অখণ্ডৈকরস হয়ে ভাসছে। এই পরমদর্শনই ঋত-চিতের সম্প্রত্যয়, বৈদিক খাষি যাকে বলেছেন, 'সতাম খতং বৃহং'। সমস্ত বিরোধের এই পরমসমন্বয়ই যথার্থ 'অন্দৈরত'—যে-সংজ্ঞাশব্দের মধ্যে আছে অবিজ্ঞেয়ের বিজ্ঞানের উদারতম বাঞ্জনা।

দিব্য প্র্যুষ জানবেন: সন্তা সংবিং সঙ্কল্প ও আনন্দের এই-যে বৈচিত্রা, এ সেই আত্মসমাহিত পরমান্দৈতের আত্মপ্রসারণ ও বিচ্ছারণ স্বভাবের উল্লাসে তাঁর উপচে পড়া। তাঁর আত্মবিপরিণামের এ-লীলা তো ভেদদ্বারা নিজেকে থান্ডিত করা নয়—এ-যে অন্তহীন অথন্ডতাকে আরেকর্পে ছড়িয়ে দেওয়া শ্ব্। আত্মস্বর্পে তিনি নিত্যসমাহিত অন্বয়র্প; অথচ সেই স্বর্পের প্রসারণে বৈচিত্রের এই উল্লাস তাঁর। যা-কিছ্ তাঁর মধ্যে র্পায়িত হচ্ছে সে তো অন্বয়র্পেরই অন্তহীন সাম্থ্যের বিচ্ছারণ। এমনি করে নামহীন নৈঃশক্ষের গহন হতে জাগছে বাক্ বা নামের ঝণ্ডার, অর্পের

দ্বর্প হতে ফর্টছে র্পের লীলা, শক্তির নিমেষ হতে উচ্ছ্রিসত হচ্ছে সঙকলপ ও বীর্যের সংবেগ, আত্মসংবিতের কালকলনাহীন আদিতাবিদ্ব হতে ঝিকিয়ে উঠছে আত্মপ্রতায়ের রিশ্মরেখা, চিন্ময় অসম্ভূতির চিরন্তন প্রতিষ্ঠার ব্বেক দ্বলছে সম্ভূতির স্পন্দিত চেতনা, অন্দেবল আনন্দের শাশ্বত স্তম্পতা হতে উৎসায়িত হচ্ছে প্রেম ও হর্ষের অফ্রন্ত জোয়ায়। এ-লীলা নির্বিশেষেরই আত্মবিভাবনের দ্বিদল লীলা। তার প্রত্যেকটি বিশিষ্ট বিভূতিতে থাকবে একটা একান্তী প্রত্যয়, কেননা প্রত্যেক বিশেষ সেখানে নিজেকে নির্বিশেষের বিভূতির্পে জানে। অথচ এই ঐকান্তিকতার মধ্যে অবিদায় ছোয়াচ থাকবে না, অতএব একটি বিশেষ অপর বিশেষকে অপ্রেবি বা অসগোৱ জ্ঞানে নিরাকৃত করবে না।

বিশেবর পরিব্যাপ্তিতে দিব্য পরেষ অতিমানস স্থিতির তিন্টি পর্ব অনুভব করবেন—আমাদের মনঃকল্পিত তিনটি বিবিক্ত পর্বরূপে নয়, সাচ্চদা-নন্দের আত্মবিভাবনার একটি অখন্ড গ্রিপ্রটীরূপে। তাঁর আত্মস্বরূপের সর্বায়তন অখন্ড উপলব্ধির মধ্যে তারা বিবিক্ত হয়ে ধরা দেবে, কেননা অখন্ড-গ্রাহী বৃহৎ পরিব্যান্তি হল ঋতচিন্ময় অতিমানসের স্বধর্ম। দিব্য প্রেষের কল্পদ্ভিতে অনুভবে বা ব্যক্তপ্রতায়ে এমনি করে সর্বভূত প্রতিভাত হবে আত্মার্পে। সে-আত্মা তাঁর আত্মা সর্বভূতের আত্মভূত এক আত্মা অথবা এক অখন্ড আত্মভাব এবং সর্বগত আত্মবিভাবনা। বিভতির বৈচিত্তােও তার খন্ডতা নাই. কেননা আত্মসংবিৎ আরু আত্মবিভৃতির বিবিক্ত সত্তা সেখানে নাই। আবার তাঁর কম্পদ্রিটতে অনুভবে ও ব্যক্তপ্রতায়ে সর্বভূত দেখা দেবে এক অম্বয়স্বর পের বিচিত্র চিন্ময় বিগ্রহর পে। সে দিবা অনুভবে প্রতি ভূত এক অখন্ডসত্তাতে সত্তাবান, অখন্ডের মধ্যেই তার বৈশিষ্ট্যের প্রতিষ্ঠা। ভূতে-ভতে যে-অন্বয়স্বর,পের আনন্ত্যের অভিব্যঞ্জনা, তার মধ্যে প্রতি ভতের অন্যোন্যসম্বন্ধ বিধৃত থাকবে অদ্বয়ম্বরূপের নিতাযোগে, কেননা প্রতি ভূত তাঁর অন্তহীন আত্মরপায়ণের চিদ্ঘন বিচ্ছারণ। পরিশেষে তাঁর কল্প-দুষ্টিতে অনুভবে ও ব্যক্তপ্রতায়ে প্রতি ভূত ভাসবে তার সনাতন বৈশিষ্টা নিয়ে—চিদ্মন ব্রহ্মবিন্দ্রে বিবিক্ত ভণ্গি হয়ে। তথন প্রতি বিগ্রহে একই প্রমদেবতার অধিবাস। অতএব বিগ্রহ মিথ্যা বা কম্পমায়া নয়. অথস্ড সত্যের একটা মায়িক অংশ নয়, কিংবা এক অবিচল মহাসমুদ্রের ফেনোচ্ছল তরগালীলা নয় শুধু-কেননা এসমস্তই অপূর্ণদশী মনের জলপনা মাত্র। দিবাদু ছিতে ব্যক্তির সত্তা অখন্ডেরই অখন্ড বিলাস। অনন্ত সত্তোর পূর্ণ ব্যঞ্জনা তার সত্যে—বিন্দুতে সিন্ধুর প্রতিফলন নয় শুধু, সিন্ধুর পরিপূর্ণ আবেশ। এই বিশেষই তথন সেই পরিপূর্ণ নির্বিশেষ, কেননা সত্যের দু, ছিট তার মধ্যে প্রতিভাসের মর্মা ভেদ করে পূর্ণস্বরূপের স্বর্মাহমাকে দেখতে পায়।

কিন্তু এই-যে তিনটি অনুভব, অতিমানসের সংপিন্ডিত অন্বৈতানভবে এরা এক অখনৈডকরস প্রত্যয়—এদের একটি হতে আরেকটিকে সেখানে বিবিক্ত করা চলে না। মানুষী ব্রহ্মানুভূতিতে তারা ধরে আত্মবিজ্ঞাদের তিনটি রূপ। উপনিষদ প্রথমটিকে বলেছেন, 'যসা সর্বভূতানি আত্মৈবাভূং'—আমাদের আত্মাই হয়েছেন সর্বভূত। দ্বিতীয় অনুভবের সূত্র, 'সর্বাণি ভূতানি আত্মন্যেব'— সর্বভূতকে দেখা আত্মার মধ্যে। আর তৃতীয় অনুভবে, 'সর্বভূতেষ আত্মানম্'
—আত্মাকে দেখা সর্বভূতে। আত্মাই হয়েছেন সর্বভূত—এই হল আমাদের সর্বাত্মভাবের ভিত্তি। আত্মার মধ্যে সর্বভূত—এই অন*ুভ্*বে হয় ভেদের মধ্যেও অভেদদর্শন। আর সর্বভূতেই আত্মা আছেন—এই অনুভবে ঘটে বিশ্বে জীবের আত্মপ্রতিষ্ঠা। তিনটি অনুভবকে আলাদা করে দেখানো হল বুণিধর প্রয়োজনে; কিন্তু প্রার্রাসক প্রতায়ে তারা অবিবিক্ত। আমাদের মনে খুত আছে, একটা-কিছুকে একান্ত বিবিক্ত করে আঁকড়ে ধরবার ঝোঁক আছে। তাই অখন্ড আত্মোপলন্ধির যে-কোনও বিভাবকে সে আর-সবাইকে ছাপিয়ে বড় করতে পারে। এমনি করে উপলব্ধির অপূর্ণতা ও ব্যাবর্তকতায় পরমার্থ-সত্যের মধ্যেও লাগে মান্ব্রের প্রমাদী মনের ছোঁয়াচ, অদৈবতের সর্বাবগাহী ভাবনাতেও জাগে বিরোধ ও অন্যোন্যপ্রতিষেধের কম্পনা। কিন্তু দিব্য পুরুষের অতিমানস চেতনা মনের বিকল্প হতে নিমুক্তি—তার মধ্যে সর্বগ্রাহী অশ্বৈতপ্রতায়ের বৈপ্লা আছে, আছে আনন্তোর সমগ্র ধৃতি। অতএব তাঁর কাছে দিব্য অনুভবের এই বয়ী একই পরানুভবের মহাবিপাটী মাব।

কলপনা করা যাক, এই দিব্য প্রব্বেষর চেতনা কোনও ব্রহ্মভূত জীবচেতনায় আবিন্ট। তথন সেই জীব-ব্রহ্ম আত্মজীবনে এবং তথাকথিত অপর জীবের সঙ্গো বিবিক্ত ব্যবহারেও চেতনার মর্মান্লে সর্বযোনি অদৈবতের অখণ্ড সমগ্রতা অনুভব করবেন। আবার তাঁর চেতনার পরিমণ্ডলে থাকবে বিশ্বাত্মভাবন অথচ সবিশেষ অন্বয়ভাবনা। বিশ্ব আর বিশ্বাতীতের দুটি দুরারই তাঁর কাছে খোলা থাকবে এবং তাদের ভূমিকা থেকে জীবদ্বের লীলাকে আম্বাদন করা তাঁর একান্ত সহজ হবে। বেদে দিব্যভাবের এই তিনটি ভিগ্গই দেবস্বর্পের ভাবনায় স্থান পেয়েছে। স্বর্পত দেবতারা এক, কেবল খ্যিরা তাঁদের বিভিন্ন নামে ডাকেন—'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি।' কিন্তু 'সত্যম্ ঋতং ব্হতের' পরমা প্রতিষ্ঠা হতে যথন উৎসারিত দেখি তাঁদের চতুর লীলা, তথন জানি অন্নই (অথবা অন্য-কোনও দেবতা) সকল দেবতা হয়েছেন—অখণ্ড থেকেই তিনি সব হয়েছেন। আরও জানি, নাভিতে সম্মিপ্ত অরসম্বহের মত সকল দেবতা তাঁরই মধ্যে রয়েছেন—'স দেবান্ বিশ্বান্ বিভর্তি'। আবার জানি, বিশিষ্ট দেবতার্পে সবার মিত্র তিনি, বীর্ষে প্রজ্ঞায় ছাপিয়ে গেছেন সবাইকে, তবু তিনি 'দেবানাম্ অবমঃ'—আছেন সবার নীচে.

দেবতাদের দ্তর্পে। মান্ধের 'প্রোহিত' তিনি, তিনি 'দ্রাণা' বা কমী। বিশেবর দ্রুটা তিনি, আমাদের পিতৃস্বর্প, অথচ তিনি 'সহসঃ স্ন্ঃ'— আমাদেরই উৎসাহসের বীর্ষে জাত। অর্থাৎ অনাদি অথচ প্রজাত অন্তর্যামী আত্মা বা রক্ষা তিনি, তিনি সর্বভূতাধিবাস অন্বয়স্বর্প।

দিব্য পরে,ষের ব্যবহারও দিব্য। সর্বাবগাহী আত্মসংবিং দ্বারা তিনি জানেন—ব্রহ্ম প্রমাত্মা অথবা তাঁর আত্মরূপী জীবের সঙেগ কি তাঁর সম্বন্ধ। সে-সম্বর্ণের বিলাসে আছে শুধু আত্মভাব সংবিং বিজ্ঞান শক্তি সংকলপ প্রেম ও আনন্দের ছন্দোলীলা। এ-লীলায় বৈচিত্রোর শেষ নাই, কেন্না দিবা প্রবৃষের নিম্বক্ত চেতনায় আত্মারও সামর্থ্যের অন্ত নাই। তাই তাদাত্ম্য-ভাবের অব্যভিচারী অনুভবে সমন্বিত অনন্ত সম্বন্ধের নিরংকুশ বৈচিত্রে তাঁর ভোগ সমূদ্ধ হবে—আত্মার সঙেগ আত্মার সম্ভাবিত কোনও সম্বন্ধকেই ছাঁটবার প্রয়োজন হবে না সেখানে। একদিক দিয়ে সে-ভোগ হবে আত্ম-সমাহিত আত্মারামের দিবাসম্ভোগ, আর একদিকে সে বিশ্ববৈচিত্রে আত্মবিভাবনার বিচিত্র আস্বাদন—র্পে-র্পে বিশ্বময় নিজেকে ছড়িয়ে দিয়ে সেই বহুরুপে রমমাণ হবার অনিব চনীয় উল্লাস। আবার ভেদভাবনায় সর্বাভৃতের বিবিক্ত অনুভবকে আত্মবং সম্ভোগ করা—এই হবে তার আস্বাদনের আরেকটি ভাগ্গ। দিব্যরতির এই বিপাল সামর্থ্য তাতেই সম্ভব। কেননা তিনি জানেন, তাঁর স্বকীয় কি পরকীয় অনুভব, অথবা অপরের সংগে তাঁর অন্যোনাসম্বন্ধ—এসব তাঁর আক্সবরূপ অখন্ড প্রমান্থার রসোদ্গার, তাঁর নিরংক্শ আনন্দের বিচিত্র বর্ণচ্ছটা। ভতে-ভতে এক সর্বাধিবাসই 'হ্রিদ সন্মিবিষ্টঃ'—এইটুকতে ভেদের আভাস। কিন্তু তাঁর অখণ্ড সম্ভৃতিসংবিতের পরম অনুভবে সে-আভাসও মিলিয়ে গেছে। এই তাদাত্মাবোধেই দিব্য পুরুষের সকল অনুভবের প্রতিষ্ঠা। তাই তাঁর মধ্যে খণ্ডিত চেতনার দ্বন্দ্ব নাই—যা আমাদের চেতনায় অবিদ্যা ও বিবিক্ত অহমিকার স্বাভাবিক পরিণাম। আত্মায়-আত্মায় অন্যোন্যসম্বন্ধের বৈচিত্র্য তাঁর চেতনায় বেজে উঠবে এক দিবারাগিণীর সুষম ঝণ্কারে—চিন্ময় লীলোচ্ছলতায় পরস্পরকে তারা ছেড়ে গিয়েও জড়িয়ে ধরবে, মিলিয়ে যাবে এক শাশ্বত স্বুরম্চ্ছনার অগণিত বীচিভঙেগ।

দিব্য প্রব্বের চেতনায় আত্মভাব বিজ্ঞান ও সংকল্পের বেলাতেও চলবে এই অন্যোন্য-আপ্যায়নের লীলা। তাঁর আনন্দময় অন্ভবে শুফ্রিত হচ্ছে চিদানন্দময় আত্মভাবের উল্লাস শ্ধ্। অশ্বৈতান্ভবের ঋতময় প্রশাসনে তার মধ্যে তাই প্রজ্ঞার সংগ্য সংকল্পের বা উভয়ের সংগ্য আনন্দের কোনও বিরোধ নাই। এমন-কি চেতনার এই ভূমিতে একটি প্রব্বের বিজ্ঞান সংকল্প ও আনন্দের সংগ্য আরেকটি প্রব্বের বিজ্ঞান সংকল্প ও আনন্দের কোনও সংঘর্ষ দেখা দেবে না। কারণ, আমাদের খণ্ডসত্তা যাকে সংঘর্ষ ও বৈষম্যের উত্তেজনা বলে জানে, তাঁদের অখণ্ডান্ভববাসিত চেতনায় তা ফ্টবে এক অনন্তস্বস্থাতির বিচিত্র স্বরলীলা হয়ে—যার মধ্যে থাকঁবে শ্বধ্ মিলন-স্ব্যার ছন্দোলীলা।

বন্ধা বা পরমান্ত্রার সঙ্গে দিব্য পরে,যের সম্বন্ধ হবে পরমতাদান্ত্রোর সম্বন্ধ, কেননা বিশ্বাতীত ও বিশ্বাত্মক চৈতন্যকে তিনি আত্মচৈতন্যরূপে অন্ভব করবেন। তাঁর স্বর্পব্যক্তিতে যে-ব্রহ্মতাদান্ম্যের অনুভব, ঘটে-ঘটে ব্রহ্মানুভবে ফুটবে তার বিশ্বতোমুখ বিচ্ছুরণ। ব্রহ্মসংস্পর্শে তাঁর বিজ্ঞান হবে ব্রহ্মের मार्व रख्कात नौना, रकनना बन्न विख्वानम्बत् थ। आमारमत कार्ष्ट या अख्वान. রাহ্মী চেতনায় তা স্বরূপবোধের বিশ্রান্তিতে জ্ঞানের সংহরণমার—যাতে তাঁর আত্মবোধের প্রভাস হতে একটি রশ্মি বিকীর্ণ হয়ে আমাদের ভিতর দিয়ে তাঁকে খণ্ডবোধের আম্বাদন দেয়। তেমান দিব্য পরের্যের সঙ্কল্প হবে ব্রন্ধের সবৈশ্বরের লীলা, কেননা ব্রহ্ম শক্তি সংকলপ ও বীর্যস্বরূপ। আমাদের কাছে যা অশক্তি ও অসামর্থ্য, তার মধ্যে তা শক্তির অবিকার পঞ্জভাবে সঙ্কল্পের সংহরণ মাত্র। তার ফলে চিংশক্তির বিশেষ-একটা বিভৃতি আমাদের মধ্যে ফুটে ওঠে মিতবীর্যের বিশিষ্ট ছন্দে। এর্মান করে দিব্য পুরুষের প্রেম ও আনন্দ রক্ষের চিন্ময় রসোল্লাস, কেননা রক্ষ প্রেম ও আনন্দ্ররপ। আমাদের কাছে যা অপ্রেম ও নিরানন্দ, তাঁর কাছে তা আত্মরতির গহন সমূদ্রে হ্যাদিনী-শক্তির অবগাহন মাত্র। দিবাসম্প্রয়োগের একটি বিশিষ্ট ভঙ্গি এই ভূমিতে আনন্দসমুদ্রের উত্তালতরংগ উচ্ছ্র্বসিত হয়ে উঠবে এ তারই আয়োজন। এমনি করে সম্ভূতির চিত্রলীলায় দিব্য পুরুষের মধ্যে ঘটবে রহ্মসম্ভাবের উচ্ছল র পায়ণ। আমাদের কাছে যা বিরতি মৃত্যু বা অত্যন্তনাশ, তাঁর অনুভবে সে শ্বধ্ব সচ্চিদানদের শাশ্বত অধিষ্ঠানে প্রপণ্ডোল্লাসময়ী মায়ার বিশ্রানিত বৈচিত্রা বা সংহরণ মাত্র। অথচ অদৈবতের এই নিত্যান ভবে দিব্য পরেষের চেতনা ব্রহ্ম বা পরমাত্মার সংখ্য অভেদে-ভেদের বিলাস হতেও বঞ্চিত হবে না— সে হবে তাঁর অদৈবত-রতির আরেকটি বিভাব মাত্র। পরে,ষোত্তমের আলিৎগনে বাঁধা পড়ে রসিকের হ্রদয়ে যে অসমোধর মাধ্যের অনিব্চনীয় রসোদ্গার জাগে, দিবা পারুষের চেতনায় তার সকল সম্ভাবনাই নিরগলি থাকবে।

এখন প্রশ্ন এই : কোন্ পরিবেশে, কি সাধনের সহায়ে চরিতার্থ হবে দিব্য প্রব্যের এই জীবনায়ন? ব্যবহার-জগতের সকল অন্ভবের মূলে আছে বিশিষ্ট কতগুলি সাধনের মধ্যস্থতায় সন্ধিনী-শক্তির একটা রূপায়ণ। তাদের আমরা নাম দিয়েছি—ধর্ম, গুণ, ক্রিয়া বা বৃত্তি। যেমন ব্যবহারভূমিতে নামতে হলে মনোধাতুর ব্যাকৃতি চাই—ধর্মপ্রাহিতা, বিষয়াবেক্ষণ, স্মৃতি, সমবেদনা প্রভৃতি বিচিত্র মনোবৃত্তির স্বাভাবিক বিপরিণামে; তেমনি ঋত-চিৎ

বা অতিমানসেরও প্রব্যে-প্র্রেষে সংযোগসাধনার জন্য চাই অতিমানস কতগর্নল শক্তি বৃত্তি ও চিয়ার উল্ভাবন। নইলে বৈচিত্রের লালা সম্ভবপর হবে না। দিবাজাবনের মন্সতত্ত্ব আলোচনা করতে গিয়ে আমরা আবার অতিমানসী বৃত্তির কথা তুলব। এখন শুধু দেখছি তার তাত্ত্বিক ভিত্তি কি, কিই-বা তার যথাযথ স্বভাব ও স্বধর্ম। আপাতত এইট্রুকু বললেই যথেষ্ট, বিবিক্ত অহংবাধের ও ব্যাবহারিক চেতনায় খণ্ডবৃত্তির অভাব অথবা উচ্ছেদই দিবাজাবিনসাধনার মূলমন্ত্র—কেননা এরা আছে বলেই মান্য মরণধর্মা এবং রান্ধা দিখতি হতে বিচ্যুত। ইহুদী শান্তের ভাষায় ওই তো আমাদের "আদি দ্বিরত"—দার্শনিক যার তর্জমা করে বলবেন, এর্মান করেই আমরা ভ্রুট হয়েছি শুন্ধ-চিতের সত্য ও ঋত হতে, তার অখণ্ড-অন্বয় সৌষম্য হতে। অবিদ্যার অতল গহনে ঝাঁপিয়ে পড়ে জীবাত্মার যে সংসার-অভিযান শুরু হল, দ্বংখের অর্রাণমন্থনে মান্যের হ্দয়ে সমিন্ধ হল যে অভাণসার বহিশিখা— এই স্বরুপচ্যুতি সে-তপস্যারই অপরিহার্য সাধন।

अष्टोषभ अक्षाग्र

মন ও অতিমানস

মনো বক্ষেতি ব্যজানাং।

তৈত্তিরীয়োপনিবং ৩।৪

তিনি জানতে পারলেন, মনও ব্রহ্ম। —তৈতিরবীয় উপনিষদ (৩।৪)

অবিভক্ত ভূতেষ, বিভক্তমিৰ চ স্থিতম্। গীতা ১৩।১৭

অবিভক্ত তিনি, কিন্তু ভূতে-ভূতে বিভক্ত হয়ে আছেন যেন।
—গীতা (১৩ ।১৭)

সচিদানদ্বের ভূমিতে দিবা প্রেষ্ যে অতিমানস লীলার অবিকল্প **ম্পি**তিতে প্রতিষ্ঠিত আছেন, এতক্ষণ তার স্বর**ুপসত্যের একটা ধারণা করতে** চেয়েছি। প্রাকৃত দেহমনের আধারে সচিদানন্দের যে-বিগ্রহ স্ফুরিত হয়েছে, সেই মান্বী চেতনাতেও অতিমানসের প্রকাশ সম্ভব—এই আমাদের আশা। কিন্ত অতিমানস ভুমির যতটাকু আভাস পেয়েছি. তাতে মনে হয় না আমাদের অভাস্ত জীবলীলার সংখ্যে তার কোনও সম্পর্ক বা সমতা আছে। দেহ আর মনের দুটি ভবনের মাঝে প্রাণের অন্তরিক্ষলোকে প্রাকৃত জীবনের উৎস ও আশ্রয়। তার মধ্যে কোথায় অতিমানসের পথান? মনে হয় না কি, অতিমানস চেতনায় বিদেহ সত্ত্বের বিলাস শুধু—শুদ্ধ সত্তা, শুদ্ধ চৈতন্য, শুদ্ধ আনন্দের উল্লাসে আত্মায়-আত্মায় মেশামেশি সে-লোকে। সেখানে রূপের স্থলে সীমা বা জড-বিগ্রহের ভার নাই। সেখানে আত্মায়-আত্মায় ভেদের আভাস আছে, কিন্ত তা এখনও বিগ্রহের সীমাঙ্কিত হয়নি। চেতনা সেখানে আনন্তোর প্রমৃক্ত উল্লাসে উচ্ছলিত, সান্ত রূপের কারাগারে বন্দী নয়। তাইতো শুকা জাগে, জীবনের যে-একটিমাত্র রূপকে আমরা চিনি, দিব্যজীবনের আবিভাব কি তার সংকীণ পরিবেশে সম্ভব--যেখানে সীমার সভেকাচে দেহের রূপায়ণ, আর তার জালে জডিয়ে আছে প্রাণ, তার কারাগারে বন্দী রয়েছে মন?

এ-জগৎ বস্তৃত যে অনন্ত পরম সন্তা চিৎশক্তি ও স্বর্পানন্দের উল্লাস, আমাদের মনশ্চেতনা যার বিকৃত ছারা মাত্র—এতক্ষণে তার একটা মোটামর্টি ধারণা করতে চের্ন্নেছ। ব্রুতে চের্ন্নেছ, কি এই দেবমায়া, এই ঋত-চিৎ, এই সম্ভূতবিজ্ঞান—যা দিয়ে বিশ্বোত্তীর্ণ ও বিশ্বাত্মক পরমার্থ-সতের চিন্ময়ী মহার্শক্তি প্রপঞ্জোল্লাসময় আত্মবিভাবনায় এই বিশেবর কন্পনা করে, র্প গড়ে, ঋতের ছন্দে তাকে লীলায়িত করে। পরম পরাধে আছে সং চিৎ আনন্দ ও দেবমায়ার নিত্যলীলা। কিন্তু এই দিব্য চতুষ্টয়ীর সংগে দেহ-প্রাণ-মনর্পী

আমাদের নিত্যপরিচিত পাথিব ব্য়ীর কি সম্পর্ক, সে তো জানি না। ১ দ্যলোকে যেমন আছে 'দেবী মায়া,' ভূলোকে তেমনি আছে ব্ৰাঝ 'অদেবী মায়া'; আমাদের সকল কুচ্ছ্রসাধনা ও সন্তাপের সেই তো নিদান। কিন্ত কি করে ওই মায়া হতে এই মায়ার রপোয়ণ হয় ? এ-রহস্যের মীমাংসা যতক্ষণ না হবে, দুয়ের মাঝে হারানো যোগসূর্ত্তি যতক্ষণ না খুজে পাব ততক্ষণ বিশ্বও আমাদের কাছে রহস্যগ্র-ঠনে ঢাকা থেকে যাবে—অতএব উত্তরভূমির সঙ্গে এই অবর জীবনের মিলন কখনও সম্ভব কিনা, তা নিয়েও সংশয়ের অবকাশ থাকবে। জানি, সাচ্চদানন্দ হতে এ-জগতের বিসাঘ্টি, তিনিই এর অধিষ্ঠান। এ-ধারণাও আসে, জগল্লিবাস তিনি—বিশেবর জ্ঞাতা ও ভোক্তা. আত্মা ও প্রভূ তিনিই। এও দেখেছি, আমাদের ইন্দ্রিয়ে মনে শক্তিতে সত্তায় যে-দ্বন্দ্ববিধ্যুরতা—সেও তাঁর আনন্দ, তাঁর চিন্ময় সংবেগ, তাঁর দিবাভাবের মূর্ছানা। কিন্তু তবু মনে হয়, আমাদের এই জীবনম্বন্দ্ব কি তাঁর লোকোত্তর তত্তভাবের একেবারে বিপরীত নয়? যতক্ষণ এই বৈপরীত্যের হেত্যচ্ছেদ না হবে. মায়ার অবর গ্রয়ীর জালে জড়িয়ে থাকব যতক্ষণ, ততক্ষণ কি দিব্যভাবের অকুণ্ঠিত সিদ্ধি সাধ্যের বাইরে থাকবে না? তার জন্য এই অবর সত্তাকে উত্তীর্ণ করা চাই উত্তরভূমিতে অথবা দৈহাসন্তার বিনিময়ে চাই নিবিশেষ শু-ধসন্তা, প্রাণের বিনিময়ে চিৎশক্তির অবিমিশ্র বিলাস, ইন্দ্রিয়-মনের চেতনার বিনিময়ে আনন্দ ও প্রজ্ঞার পরিশান্থ বিকিরণ। এমনি করে শাশ্বত প্রতিষ্ঠা চাই চিন্ময় পরমার্থের মধ্যে। কিন্তু তাহলেই কি আমাদের এই পার্থিব অথবা সীমিত ভামিকে সম্পূর্ণ পরিহার করে সন্তার বিপরীত মেরুতে উত্তীর্ণ হতে হবে না—হয় নিবিকল্প চিৎম্বভাবের কোনও ভূমিতে, কিংবা সম্ভাবিত কোনও সত্য-লোকে, অথবা দিব্য ভাব দিব্য বীর্য ও দিব্য আনন্দের দীপ্তিতে ঝলমল কোনও মহাভূমিতে ?...তা-ই যদি সত্য হয়, তাহলে মানবতার গণ্ডি পেরিয়েই মানবজাতির প্রমপ্রেষার্থ সিম্ধ হবে। পূথিবীতে মানবচেতনার চরম পরিণাম তাহলে অগ্র্যা ধীর প্রলীয়মান স্ক্রেতায়। সেখান হতে মান্য ঝাঁপিয়ে পড়বে হয় অর্পের স্তব্ধ প্রশান্তিতে, অথবা কোনও রূপাবচর ভূমির বিদেহ আনন্দে।

কিন্তু বস্তুত থাকে অদিব্য বলি, সেও তো সেই দিব্য চতুষ্ট্রীর স্পদ্দরিণাম। রুপের জগং গড়ে তুলতে ঠিক এই স্পদ্দেরই প্রয়োজন ছিল। রুপের বিস্থিত হয়েছে পরমদেবতারই সত্তা চিংশক্তি ও আনন্দেরু আয়তনে— তার বাইরে তো নয়। এ রুপের লীলা ব্রহ্মের সম্ভূতবিজ্ঞানের বিলাস, এ তো তার বহিরণ্গ নয়। স্তরাং রুপের জগতে উত্তরজ্যোতির সত্য বিভূতি সম্ভব নয়—এ-কচ্পনা একেবারেই অম্লক। যে-মনশ্চেতনা প্রাণ্লীলা ও রুপ্ধাতুর পরে রুপজগতের একান্ত নির্ভর, তারা যে স্বরুপের বিকৃত রুপায়ণ

শুব্দ্ব্, এও সত্য হতে পারে না। সম্ভবত সত্য এই যে, রক্ষের তত্ত্বর্পের মধ্যেই আমরা পাব দেহ-প্রাণ-মনের শৃন্ধ-র্পের সন্ধান—তাঁর চেতনার গোণ-ব্তির্পে, তাঁর পরা শক্তির নিত্য সাধনসামগ্রীর অপরিহার্য অংগর্পে। তা-ই যদি হয়, দেহ-প্রাণ-মনের দিব্য ভাবসিদ্ধি তাহলে তো অসম্ভব নয়। পার্থি বর্পরিগামের একটি যুগের বন্ধনীতে তাদের আকৃতি-প্রকৃতির যেইতিহাস বিজ্ঞান আজ সামনে ধরেছে, তারই মধ্যে জীবদেহে তাদের সকল সম্ভাবনার ইতি হয়ে গেছে—একথাই-বা বলি কোন্ সাহসে? দেহ-প্রাণ-মন বস্তুত দিব্যভাবের বিভূতি। দিব্যসত্যের চেতনা হতে কোনও কারণে বিবিক্ত হয়েই তাদের এই অদিব্য বৃত্তি দেখা দিয়েছে। একবার যদি মানুষের অন্তর্নিহিত দিব্যবীযের বিস্ফোরণে এ-আড়াল ভেঙে যায়, তাহলে তাদের বর্তমান কুণ্ঠিত প্রবৃত্তিতেও অভাবনীয় এক র্পান্তর আসতে পারে। অথচ সে-র্পান্তর অম্বাভাবিক হবে না, কেননা ঋত-চিতের পরিবেশে আছে তাদের শ্বভাবছন্দের যে-শৃন্ধলীলা, উধ্ব্পরিণামের অমোঘ ধারা ধরে তারই প্রকাশ হবে তথন এই মর্ত্য আধারে।

তাহলে মান্ধের দেহে-মনে দিব্যভাবের প্রকাশ ও ধারণা শ্ব্ন্ব্য সম্ভব তা-ই নর। দিব্যভাবের আবেশে ও ক্রমিক উপচয়ে দেহ-প্রাণ-মনের আম্ল র্পান্তরও সাধিত হতে পারে তার সর্বজয়া শক্তিতে, শাশ্বত সত্যের পরিপ্র্ণ প্রতির্প হয়েও তারা ফ্টতে পারে। তথন শ্ব্র্ম্ ভাবে নয়, বস্কৃতেও—দ্যুলোকের সামাজ্যকে এই প্থিবীর ব্বে সিম্ধর্প দেওয়া চিংশক্তির পক্ষে অসম্ভব হবে না। মান্ধের অন্তরে দিব্যভাবের প্রতিষ্ঠাই তো জয়নতী চিংশক্তির প্রথম অর্ণচ্ছটা। এই মর্ত্য ভূমিতেই সে-আলো নেমে এসেছে বহু সিম্ধচিত্তে দিব্যভাবের ন্যুনাধিক বিচ্ছ্রেল। মান্ধের বহিজীবিনেও তার প্রতিষ্ঠার দিব্য জয়শ্রীর উত্তরজ্যোতি যদিও অতীত যুগে ভবিষ্য কম্পনার দিশারী হয়ে নেমে আসেনি, তবু পার্থিব প্রকৃতির অবচেতনায় আজও স্তব্ধ হয়ে আছে তার ধ্রুবা স্মৃতি। তার ইশারা সেই মহাভবিষ্যের দিকে—ব্লম্ম যেদিন জয়লাভ করকেন শ্ব্র্ম্ব দেবেভাঃ' নয়—মন্ধেয়ভাঃ'ও। কে বলেছে এই পার্থিব জীবন হর্ষ-শোকে সম্পুল ও ক্লিষ্ট প্রয়সে নিত্য বিপ্র্যুস্ত হয়েই থাকবে—এই তার নিয়তি? কে বলবে অন্ত্রেরা সিম্পি এর চরম পরিণাম নয়, দিব্যপ্ররুষ্বের আনন্দ ও মহিমা এই প্রথিবীর ব্কেই মূর্ত হবে না?

এই সমস্যার সমাধান তাহলে এখন প্রয়োজন : পরমার্থত দেহ প্রাণ ও মনের স্বর্প কি ? দিব্য বিভূতির সম্যক স্ফৃতিতি বখন মর্ত্যজীবন ধন্য হবে, প্রাকৃত বিবিক্তবোধ ও অবিদ্যার সকল বন্ধন খসে গিয়ে পরমসত্যের জ্যোতিরাবেশে সব-কিছ্ প্রভাস্বর হয়ে উঠবে, তখন দেহ-প্রাণ-মনের পরম তত্ত্ব এই আধারে কি র্প ধরে ফ্টবে—কোন্ মহিমার নিরক্কুশ স্বাচ্ছস্য নিয়ে? দিব্যধামের সিন্ধ মহিমা এখনও তাদের মধ্যে প্রচ্ছন্ন। মর্ত্য আধার এখনও তার উত্তর্গাদিধর অভিযাত্রী শুধু। জড হতে মনের অভিবাক্তির প্রথম ধাপে রয়েছি বলে আমাদের মন স্ব-ভাবের নির্মাক্ত প্রকাশ এখনও খাজে পায়নি। আজও তাকে জড়িয়ে আছে র্পের-মাঝে-সংবৃত্ত চিৎসত্তার কুণ্ঠা ও দৈন্য। দিবাজ্যোতির যে-ছায়া হতে জডপ্রকৃতিতে অন্ধ অল্লময়-চেতনার আবিভাব, তার মধ্যে সে-জ্যোতির আত্মসংহরণের অবর মায়া এখনও মনকে পঙ্গু করে রেখেছে। পূর্ণতার যে-আদর্শের দিকে আমাদের নিতা প্রসরণ, যে চরম অভাদয় এ-জীবনের দিব্য নিয়তি, তার অথণ্ড রুপটি স্বমহিমায় ফুটে আছে লোকোত্তর সম্ভূত-বিজ্ঞানের মধ্যে। তার সিম্পচেতনার আকর্ষণেই তো আমরা ধীরে-ধীরে দল মেলছি তার দিকে-তারই মধ্যে থেকে। পরমপ্রের্যের দিব্যবিজ্ঞানে চরম অভ্যুদয়ের সিন্ধসত্তাই তো মান্ব্যের মনশ্চেতনায় জাগায় তথাকথিত আদর্শের এষণা। আমাদের কল্পিত আদর্শ বস্তুত শাশ্বত বাস্তবেরই আ-ভাস। প্রাকৃত ভূমিতে আজও তাকে ফুটিয়ে তলতে পার্রান-এইটকে তার ন্যুনতা। নইলে সে-আদর্শ এমন-কোনও 'অসং' পদার্থ' নয়—দিব্য-শুরুষের শাশ্বত চেতনায় নাই যার শাশ্বত সিন্ধর্প, শ্বধ্ব আমাদের কুণ্ঠিত কল্পনায় ভেসে উঠেছে যার অস্পন্ট ছবি, অতএব যার র পস্থি একমাত্র আমাদেরই দায় !

মনের পরিচয়ই তাহলে প্রথমে নেওয়া যাক, কেননা কুণ্ঠার নিগড়ে বাঁধা হলেও আজও মনই মানুষের জাবনের অধিনায়ক। মন স্বর্পত চিংশক্তি। তব্ তার ধর্ম—অমেয়কে মিত ক'রে, অখণ্ডকে খণ্ডিত ক'রে আবার সেই পরিমিত খন্ডের প্রত্যেকটিকে বিবিক্ত অখন্ডর্পে ধারণ করা, ব্যবহার করা। স্পন্টই যা সমগ্রের একটা ভানাংশ মাত্র, মনের বিকল্পদ্দিট ব্যবহারের জগতে তাকেও দেখে একটা স্বতন্ত্র বস্তুর পে—অখন্ডের একটা অংশ বা বিভাবর পে নয়: এবং এই দর্শনকেই সে তার ব্যবহারের ভিত্তি করে। মনের মধ্যে এ-সংস্কার এতই পাকা যে, একটা খণ্ডবস্তুকে তত্ত্ব নয় জেনেও তত্ত্বরূপে ব্যবহার না করে সে পারে না, কারণ তা না হলে মনের স্বাভাবিক প্রবৃত্তি বস্তকে কিছুতেই আপন বশে আনতে পারে না। ভাবনা প্রত্যক্ষ ইন্দ্রিয়-সংবেদন বা কম্পনার স্মিলীলা প্রভৃতি মনের যে-কোনও ব্যাপারের 'পরেই আছে এই মানস-ধর্মের শাসন। মন বিষয়কে ভাবে, প্রত্যক্ষ করে, ইন্দ্রিয় দিয়ে গ্রহণ করে যেন একটা বৃহৎ স্ত্প হতে কঠিন ম্ভিটতে ভাকে ছিনিয়ে নিয়ে। ওই মুঠা-মুঠা বস্তু তার হিসাবের একক বা ধ্রুবমান—তাদের নিয়েই তার সূত্রি বা ভোগ। এমনি করে সকল কর্মে সকল ভোগে অথণ্ডকে নিয়ে মনের কারবার হলেও আসলে তারা বৃহত্তর অথন্ডের একদেশ মাত্র। আবার এই তথাকথিত অখন্ডকে খন্ডিত ক'রে সেই খন্ডগঃলিকে বিশেষ-কোনও

প্রয়োজনে সে অখন্ডের মর্যাদা দেয়। বিষয়কে নিয়ে তাই মনের হরণ-পরেণ যোগ-বিয়োগের যে-খেলা চলে, সে খণ্ড-গণিতের বাইরে যাবার সাধ্যও তার নাই। স্বধর্মের গণিড পেরিয়ে অখণেডর ধারণা করতে গিয়ৈ সে যেন দিশাহারা হয়ে যায়। খন্ডের ভিত্তিতে দাঁডিয়ে অখন্ডকে ধরতে যাওয়া—সে তো তার কাছে অস্পর্শ অনন্তের অতল গহনে তলিয়ে যাওয়া। তার মধ্যে সে দেখবে কি. ভাববে কি. ধরবে কি. সূচিট আর ভোগের লীলা সেখানে তার কাকে নিয়ে চলবে? অনন্তকে ধরা-ছোঁয়া বা ভোগ করবার কথা মনের বেলায় ওঠেও যদি, বুঝতে হবে সে একটা কথার কথা—অনন্তেরই ছায়াছবি নিয়ে একটা খেলা শুধু। অনন্তের সে অস্পন্ট ধারণায় আছে বৃহতের একটা আকারপ্রকারহীন অনুভব মাত্র—কোথায় তার মধ্যে দেশাতীত অনন্তের বাস্তব প্রতায়? আনশ্তা সবসময় তার কাছে অব্যবহার্য, অসম্ভোগ্য। ব্যবহারের ভূমিতে নামিয়ে তাকে ভোগ করতে গেলেই আবার দেখা দেয় সেই খণ্ড-করণের অনিবার্য প্রবৃত্তি, আবার শারে হয় মাতি নিয়ে রূপ নিয়ে কথা নিয়ে মনের কারবার। বস্তৃত অনন্তকে ধারণা বা ভোগ করা মনের পক্ষে অসম্ভব। সে শুধু পারে অনন্তের ছোঁয়ায় এলিয়ে পড়তে, তার দ্বারা আবিষ্ট ও ভক্ত হতে। দিব্যভূমির অগম গহন হতে ঝরে পড়ছে পরমসত্যের জ্যোতিম রী ছায়ার মায়া। সেই রভসে অবশ হয়ে আপনাকে হারিয়ে ফেলা--মন এইটাকুই শাধ্র পারে। অতিমানসের ভূমিতে না উঠলে আনন্ত্যের সত্য সংশ্ভাগ সম্ভব হয় না। এমন-কি তার বিজ্ঞানও সম্ভব নয়—মন যদি অসাড় হয়ে নিজেকে না স্পে দেয় ঋতচিন্ময় প্রমসত্যের পরা বাণীর শক্তিপাতের কাছে।

এই স্বার্ত্তিক সংকৃতিত প্রবৃত্তিই মনের স্বর্প, তার স্বভাব ও স্বধর্ম এতেই প্রতিষ্ঠিত। দিব্যপ্রের্মের এই তো প্রশাসন তার 'পরে—পরা মায়ার প্রণলীলায় এইট্রুকু তার স্বাধিকার। এই স্বাধিকার তার স্বর্পসত্য দিয়ে নির্গুপত হয়েছে এবং সে-সত্য স্বয়ম্ভূ-সতের শাশ্বত আত্মভাবনার একটি ছল। সেই ছল্দ হতেই মনের আবির্ভাব। অনন্তকে সে সাল্তের সংজ্ঞায় তর্জমা করবে, তাকে মিত সীমিত খণ্ডিত করবে—এই তার কাজ। সত্য বলতে অনন্তের সমসত তাত্মিক প্রতায়কে বিলম্প্ত করে দিয়ে আমাদের চেতনায় এই কাজই সে করছে। তাই তো মন হল ম্লা অবিদ্যার আদিবিন্দ্র, কেননা বিভাগ ও বিক্ষেপের প্রবর্তক সে-ই। তাইতে কেউ-কেউ ভূল করে ভেবেছেন—মনই বিশ্বের প্রস্তি, দেবমায়ার সবট্রকু শ্রুধ্ব মনের লীলা। কিন্তু দেবমায়ার মধ্যে বিদ্যা আর অবিদ্যা দ্বইই আছে। আমরা ভাবি, সান্তভাব ব্র্নিঝ অবিদ্যার খেলা। কিন্তু একটা কথা খ্র স্পন্ট—সান্ত অনন্তেরই প্রতিভাস, তারই বিস্তিট, তারই ভাবের র্পায়ণ। অনন্তের সন্তা এবং আয়তনে তাকেই প্রতিভঠা

জেনে সাল্তের প্রকাশ—অনন্তের স্বরূপশক্তির লীলায়নে। অতএব ব্রাহ্মী চেতনার এমন-একটা অনাদি বিভাব নিশ্চয় আছে, যার মধ্যে সামরস্যে বিধ্ত রয়েছে সান্ত আর অনন্ত, দুয়ের অন্যোন্যসম্বন্ধের সকল তত্ত সেখানে ভাসছে এক পরম জ্ঞানে। অবিদ্যার সন্তা সে-চেতনায় সম্ভব নয় কেননা সেখানে অনন্তের অপরোক্ষ অনুভবে সান্ত অনন্ত হতে স্বতন্ত্র তত্ত্বরূপে বিচ্ছিন্ন হয়নি। অথচ তার মধ্যে আছে সঙ্কোচ-সাধনার একটা গোণ লীলা, নতুবা বিশেবর বিস্থিত সম্ভব হত না। সেই সঞ্চোচের ব্যত্তিই ফোটে মনশ্চেতনায়— ভেঙে জোড়া দেওয়া যার স্বভাব। ফোটে প্রাণের লীলায়—যার মধ্যে নিতা চলছে পরিধিতে ছডিয়ে পড়ে কেন্দ্রে গুটিয়ে আসা। ফোটে জডবস্তর আণবিকতায়— অনন্ত বিভাজন আর স্বয়ংসঙকলনের যুক্মলীলা যার মধ্যে। অথচ এ-সবার ম্লে আছে এক অখণ্ড তত্ত্বভাবের অনাদি স্পন্দন। প্রমার্থ চেতনায় এই-যে শাশ্বত কবি-ক্রত ও পরম মনীষার গোণ লীলা--্যার মধ্যে রয়েছে আত্মসংবিং ও সর্বসংবিতের পূর্ণজ্যোতি, কৃতি যেখানে প্রজ্ঞার বিলাস, সান্তের বিস্ভিতিত আনশ্তোর চেতনা মুহুতের জন্যও যেখানে অবলুপ্ত নয়—তাকে বলা যেতে পারে দিব্যমানস। স্পর্টই বোঝা যায়, দিব্যমানস অতিমানসের স্বয়ম্ভুলীলার অবিনাভূত একটা গোণ বিভূতি। তাই অতিমানসের সংস্কান বা সম্ভূতি-সংবিতে প্রতিষ্ঠিত থেকেই ঋত-চিতের প্রজ্ঞান বা বিভৃতিসংবিতের লীলায়নে তার প্রবর্তনা দেখা দেয়।

বিশ্বকে আমরা এক অখন্ড সর্বাস্বরপের আত্মকৃতির পরিণাম বলে জানি। সে-কৃতির যেমন তিনি কর্তা এবং রূপকার, তেমনি তার ভর্তা এবং সাক্ষিরূপে প্রবর্তক ও জ্ঞাতাও। নির্মাণপ্রজ্ঞার বিষয় ও বিলাসরূপে আত্মকৃতিকে তাঁর চেতনায় ফ্রাটিয়ে তোলা—এই হল প্রজ্ঞানের কাজ। কবি যেমন আত্মচেতনার স্ঘিকৈ সামনে রাখে প্রদ্যা ও স্থিশক্তি হতে বিবিক্ত একটা সন্তার্পে, এও কতকটা তেমনি যেন। অথচ কবির কল্পনা সর্বত তার আত্মর পায়ণের লীলা মাত্র এবং কল্পক থেকে কল্পনাকে পৃথক করাও কোনমতে সম্ভব নয়। এমনি করে প্রজ্ঞানের প্রবর্তনায় পরেষ আর প্রকৃতির বিবেকে ভেদের প্রথম সচেনা হয় এবং ক্রমে তা-ই পল্লবিত হয় বিশ্বরূপে। পরেষ দুষ্টা ও জ্ঞাতা, তাঁরই দৃষ্টিতে বিশ্বের সূণ্টি ও বিধান: প্রকৃতি তাঁর প্রজ্ঞা ও চক্ষুর্পা, তাঁর স্ভিপ্রতিভা ও সর্ববিধায়িকা শক্তি। দুয়েরই এক ভাব, এক সন্তা। তাদের দ্ভিতৈ ও স্ভিতে যে-রূপ ফোটে, তারা ওই অন্বৈতভাবের বহুধা রূপায়ণ। প্রজ্ঞার্পী প্রেষ নিজেই প্রজ্ঞাতার্পী নিজের সামনে ধরছেন সেই র্পের মেলা—তিনি নিজেই শক্তি, নিজেই 'শক্ত'। একে বলতে পারি প্রজ্ঞানের মধ্যকলপ। শেষ কল্পে, পরেষ আত্মসন্তার চিন্ময় প্রসারে ছড়িয়ে পড়েও তার প্রতি বিন্দরেত প্রদ্যোতিত হন, প্রতি রূপে হন বিশসিত। অথচ বিন্দুঘন চেতনার অক্ষি দিয়ে

প্রতি ব্যন্টি-ভূমিকায় থেকে যেন বিবিক্তভাবে সমণ্টিকে দর্শন করেন। এমনি করে প্রতি জীবাত্মায় নিহিত তাঁর প্রজ্ঞা ও সংকল্পের বিশেষ ছল্দোময় দ্ছিট দিয়ে অপর জীবাত্মার সংগ্যে তাঁর সম্বন্ধ তিনি নির্পিত করেন।

এমনি করে খন্ডভাবের সাজি হয়েছে। প্রথমত অখন্ডের অনন্ত ব্যঞ্জনা অসীম দেশ ও কালের ভাবনায় প্রসারিত হল। দিবতীয়ত সেই চিন্ময় স্বতঃ-প্রসারে অখণ্ডের সর্বগত মহিমা অগণিত চিদ্বিন্দ্ররূপে হল রোমাণ্ডিত— আমরা যাদের জানি সাংখ্যের 'বহুপুরুষ' বলে। তৃতীয়ত পুরুষের সেই বহুত্ব অন্বয়ভাবের অখণ্ড ব্যাপ্তিকে রূপান্তরিত করল বহুধার্থাণ্ডত ভোগা-য়তনের কল্পনায়। খন্ড-আয়তনের এ-কল্পনা বস্তৃত অপরিহার্য। কারণ বহু,পুরু,ষের প্রত্যেকে স্বতন্ত্র জগতের অধিষ্ঠাতা নন। তাঁদের প্রকৃতি বিভিন্ন নয় বলে বিভিন্ন ভোগ্য জগতের সূষ্টি হচ্ছে না তাঁদের জন্য। সবাই একই প্রকৃতির ভোক্তা, কেননা তাঁরা আত্মশক্তির বহু,ধা বিস্চৃতিতে অধিষ্ঠিত একই অশ্বয়স্বর পের চিদ্বিভৃতি। অথচ এক প্রকৃতিই ভোগ্য বিশ্বের জননী বলে প্ররুষে-পুরুষে অন্যোন্যসম্বন্ধও অপরিহার্য। প্রতি র্পে অভিনিবিষ্ট প্রেষের অবিবেক ঘটে সেই র্পের সংগে এবং তাইতে একটি রূপের মধ্যে নিজেকে সীমিত করে তাঁরই অন্যান্য রূপকে তিনি বিবিক্তভাবে দেখেন অপরাপর আত্মভাবের আধারর পে। অন্যান্য প্রেষের সংগে ভাবাদৈবত থাকলেও ক্রিয়াদৈবত তাঁর নাই, কেননা তাঁর অনুভবে সম্বন্ধ অধিকার গতি ও দুন্টির বৈচিত্রো সবাই তাঁরা পরস্পর বিভিন্ন। অথচ বিশেষ কালে বা বিশেষ দেশে এক অখণ্ড সদ্বস্তুর শক্তি চেতনা ও আনন্দকে তাঁরা ব্যবহারে ফুর্টিয়ে তুলছেন। অবশ্য বলা চলে, ব্রাহ্মী স্থিতিতে পরিপূর্ণ আত্মসংবিং নিতাজাগ্রত—অতএব বহুপুরুষের কল্পনায় সেখানে সতাকার সীমার বন্ধন স্চিত হয় না, কেননা র্পের অধ্যাস তো প্র্যুষকে প্রাকৃত জীবের মত অমোচন শৃংখলে বন্দী করে না সে-ভূমিতে। প্রাকৃত ভূমিতে দেহাত্মবোধের জালে জড়িয়ে গিয়ে ব্যাঘ্ট অহস্তার সঙ্কোচকে আমরা কোন-মতেই কাটিয়ে উঠতে পারি না। চেতনায় কালের একটা বিশিষ্ট প্রবাহ বয়ে চলেছে দেশের একটা বিশিষ্ট ভূমিকায়—সে-বিশেষের বন্ধন আমাদের অনতিক্রমণীয়। কিন্তু ব্রাহ্মী স্থিতিতে তো সীমারেখার কুণ্ডলী এমন দ্বপনেয় নয়।...নয় সত্য, কিন্তু তব্ একটা কথা আছে। বন্ধন সেখানে অবিদ্যাকল্পিত না হলেও সে তো বন্ধনেরই প্রেভাস। মৃহ্তে-মৃহ্তে একটা অবিবেকের খেলা চলছেই সেখানে, যদিও তার মধ্যে আছে স্বাতন্ত্রোর নিরুকুশতা। কেননা, দিবাপার,ষের অব্যভিচারী আত্মসংবিৎ কিছ,তেই সেখানে বিবিক্তভাব ও কালকলনার আড়ণ্ট শৃত্থলে আমাদের মত বাঁধা পড়ে না।

তাই খন্ডলীলার স্চুনা হয়েছে সেখানথেকেই। আত্মভাবেরই খেলা সেখানে তব্ তার মধ্যে দেখা দিয়েছে ভেদের যেন একটা আভাস। রূপের সঙ্গে রুপের, সঙ্কল্পের সঙ্গে সঙ্ক্ল্পের, বিজ্ঞানের সঙ্গে বিজ্ঞানের যোগাযোগ ঘটছে বটে। তাহলেও তারা যেন এক-একটা পৃথক ভাব, পৃথক শক্তি, পৃথক চেতনা। এখনও তারা যেন পৃথক। কেননা, দিব্য-প্রের্যের মধ্যে মোহ নাই— সব-কিছ্,কেই তিনি এক অপ্রচ্যুত সদ্ভাবের বিভূতি বলে জানেন, সেই সদ্ভাবের সত্যে বিধৃত তাঁর সত্তা। অখন্ড ভাবের নিতাজাগ্রত চেতনা হতেও তিনি স্থলিত নন। মনের লীলা তাঁর মধ্যে অনন্ত বিজ্ঞানের গোণবৃত্তি— আনশ্তোর অপরোক্ষ অনুভবের ভূমিকাতেই বদ্তুর বিশিষ্ট বোধের আভাস তাতে। অথণ্ড সমগ্রতাই যে ক্তুর স্বর্প, তা জেনেও তাঁর মন সীমার বেষ্টনী রচে। অথচ তাতে সমগ্রতার বোধ ক্ষত্ম হয় না কেননা সে-বোধে প্রাকৃতমনের মত খণ্ডের সংকলন ও সমাহারে গড়ে-তোলা বহ্ন-সমন্বিত সমগ্রতার ভান নাই। অতএব সীমার বন্ধন দিব্য-পূরুষের চেতনায় বাস্তব নয়। প্রেবের মধ্যে আত্মবিশেষণের যে-সামর্থ্য আছে, আত্মস্বাতন্ত্যকে অক্ষাল রেখে তাকেই তিনি প্রয়োগ করেন স্বিবিক্ত র্পে ও শক্তির বিস, খিতে।

দিব্য-প্ররুষের মন সঙ্কোচের কর্তা, অতএব দ্ব-তন্ত্র। কিন্তু প্রাকৃত मन मार्काराज्य कर्म, अञ्चव भव्यत्व। जिया मन ग्रामारीम, ग्रामानीमारञ्ख তার স্বর্পদ্ভিট আচ্ছন্ন নয়। কিন্তু প্রাকৃত মন গ্লাধীন, নিজের গ্লের জালৈ জড়িয়ে গিয়ে নিজেই সে নিজেকে প্রবণ্ডিত করে। অতএব দিবা মন হতে প্রাকৃত মনের পরিণাম ঘটাতে হলে চাই একটা নতেন উপাদান, চিংশক্তির একটা নতুনধরনের খেলা। এই নতেন উপাদার্নাট হল অবিদ্যা বা চেতনার আত্মাবরণী বৃত্তি, যা মনের ক্রিয়াকে পৃথক করে অতিমানসের ক্রিয়া হতে— যদিও অতিমানসই মনের উৎস এবং এখনও আড়ালে থেকে তার নিয়ন্তা। অতিমানস হতে বিষাক্ত হয়ে মন তাই দেখে শাধা বিশেষকে, সামান্যকে নয়। বড্জোর সামানোর একটা বিকল্প-প্রত্যয়ের 'পরে বিশেষকে সে প্রতিষ্ঠিত করে, কিন্তু সামান্য আর বিশেষ উভয়কেই আনন্ত্যের বিভূতিরূপে কখনও ধারণা করতে পারে না। এমনি করে দেখা দেয় সংকৃচিত প্রাকৃতমন, যার কাছে প্রতিভাসমাত্রেই সমষ্টির বিবিক্ত অংশরূপে একটা তত্ত্বস্তু। কিন্তু সমষ্টির বোধও মনের মধ্যে বিশন্ত্র আন্তের বোধ জাগায় না, কেননা একটা সমষ্টিকে দেখে সে বৃহত্তর আরেকটা সমাষ্টর বিবিক্ত অংশর্পে। এমনি করে ব্যাষ্ট্র সমাহারে সমন্টির কল্পনাকে ইচ্ছামত বাড়িয়ে চলেও অথণ্ডের অপরোক্ষ অনুভবে সে কোনকালেই পেণছতে পারে না।

মনও বস্তৃত অনন্তের বিভূতি। তাই ট্করা করা আর জ্বোড়া দেওয়ার

কাজও তার অন্তহীন। অথন্ড সত্তাকে বহুধা-কল্পিত সমষ্টিতে খন্ডিত করে তাদের আবার সে ভাঙে ক্ষাদুতর সমষ্টিতে। এমনি করে ভেঙে-ভেঙে পরমাণুতে পেণছে তাকেও ভেঙে করে সে অতিপরমাণু—কিন্ত তব্যও ভাঙার ঝোঁক তার থামে না। পারলে অতিপরমাণ্যকেও গ্রাড়িয়ে সে মিলিয়ে দিত শ্নাতায়! কিন্তু মন তা পারে না। কেননা, তার এই ভাঙনের লীলার অন্তরালে আছে অতিমানস বিজ্ঞানের আবেশ। অতিমানস জানে, প্রত্যেকটি সমান্ট, এমন-কি প্রতিটি পরমাণ, অখন্ড সং-চিং-শক্তির একটা ঘন্বিগ্রহ, তার আত্মপ্রতিভাসের একটা প্রতীক। সম্চিটকে ভেঙে-ভেঙে অন্তহীন শ্নাতায় পর্যবিসিত করে মনের যে-প্রলয়সাধনা অতিমানস তাকে জানে বিন্দুঘন চিংসন্তারই আত্মপ্রতিভাস হতে আত্মস্বরূপের আনন্ত্যের মধ্যে আবার ফিরে আসা বলে। বাস্তবিক, মন যে-পথ ধরেই চলকে, 'অণোরণীয়ান্' বা 'মহতো মহীয়ান্' যার দিকেই হ'ক তার অভিসার, শেষ পর্যন্ত সে নিজের মধ্যেই ফিরে আসে—নিজেরই অন্তহান অখন্ডতায়, নিজেরই শাশ্বত স্বর্পসন্তায়। এই তো অতিমানসের সিন্ধ বিজ্ঞান। মনের বৃত্তি যথন সচেতনভাবে এই বিজ্ঞানের আবেশের মধ্যে নিজেকে স'পে দেয়, তখন অমনীভাবের ওই রহস্যের ঢাকাও তার কাছে খ**়**লে যায়। তখন সে জানে, অখণ্ডের মধ্যে বাস্তবিক খণ্ডভাব কোথাও নাই—আছে শুধু এক অবিভক্ত সন্তার মধ্যে অনন্তবিচিত্র বিন্দ্রঘন রূপায়ণের মেলা এবং সম্বন্ধের বিচিত্র ছন্দে তাদের অন্যোন্যবিলাস। খণ্ডভাব তার মধ্যে গোণ একটা প্রতিভাস মাত্র—দেশ ও কালের ভূমিকায় অখন্ডকে লীলায়িত করবার একটা অপরিহার্য কৌশল। কেননা ভাঙতে-ভাঙতে যদি অণোরণীয়ান অতিপরমাণুতেও গিয়ে পেণছও, অথবা জ্বড়তে-জ্ঞতে পেশছও মহতো মহীয়ান অগণিত ব্রহ্মান্ডের অকল্পনীয় বৈপ্লো, তবু বলতে পারবে না কোথাও গিয়ে বস্তুর তত্ত্বপূর্ণিটকে তুমি ধরতে পেরেছ। মনের তত্ত্বৈষণাকে পরাভূত করে সবার পিছন থেকে উর্ণক দেবে অনিব্চনীয় এক মহাশক্তি—অণু হতে ব্রহ্মাণ্ড পর্যন্ত যার তর গলীলা শুধু। একমাত্র সে-ই বাস্তব। আর-সমস্তই তার স্বয়স্ভ জগন্মতি^{*}, তার আত্মর্পায়ণের উল্লাস, তার অন্তহীন শাশ্বত চিদ্বিলাস।

কোথা হতে তবে এল এই সম্পেচাচন অবিদ্যা, অতিমানস হতে মনের এই অবস্থলন এবং তার ফলে বাস্তব খণ্ডলীলার এই আতুর কল্পনা ? অতিমানসের এ কোন্ তির্যক বিলাস ?...এ-প্রশেনর একটি মাত্র উত্তর সম্ভব। জীবভূত ব্যক্তিচৈতনা যখন অন্যভূমির কথা ভূলে সব-কিছ্মকে শ্ব্ধ নিজের ভূমি থেকে দেখে, অর্থাৎ বিন্দর্ঘন চেতনা যখন অন্যব্যাব্ত হয়ে বিশিষ্ট দেশ ও কালন্বারা সীমিত নিজের একটি বিভাবকেই তার সমগ্র আত্মভাব মনে করে—তথ্নই তার মধ্যে দেখা দেয় অবিদ্যার খেলা। জীব তথন ভূলে যায়, অপর

জ্ববিও তার আত্মন্বরূপ, অপরের কর্মাও তারই কর্মা। কালের একটি বিশেষ ধারায়, দেশের বিশেষ ভূমিকায় রূপের একটি বিশিষ্ট ব্যাকৃতিকেই সে জ্ঞানে নিজম্ব বলে। এও যেমন সতা, তেমনি অন্যান্য আধারে ও ভূমিতে স্ফুরিত সত্তা ও চেতনার সকল বিভাবই তার নিজম্ব—একথাও তো সত্য। তব্রও সে একটি ক্ষণকে. একটি ক্ষেত্রকে, একটি রূপকে, বিশ্বগতির একটি ছন্দকেই একান্তভাবে আঁকডে ধরে আর-সবাইকে হারিয়ে ফেলে। অথচ অন্তরের অন্তগর্ভি প্রেরণায় হারানো অখন্ডকে আবার সে ফিরে পেতে চায় ক্ষণের সঙ্গে ক্ষণকে বিন্দার সঙ্গে বিন্দাকে জাড়ে দীর্ঘায়ত দেশ-কালের কল্পনায় এবং তাদেরই ভূমিকায় একে-একে সাজিয়ে তোলে রূপের মেলা. দ্বলিয়ে দেয় গতির দোলা। এমনি করেই কিন্তু তার কাছে অখণ্ড কালের সূত্য অবিভাজ্য শক্তি ও বস্তুর তত্ত ঢাকা পড়ে যায়। এমন-কি, সব মন যে এক প্রম মনের বিভিন্ন স্থিতি মাত্র, সব প্রাণ যে এক প্রাণগণ্গোত্রীর সহস্র-ধারা, সব দেহ ও আধার যে আপাতস্থাণুত্বের বিচিত্র পিণ্ডভাবের লীলায় এক অখণ্ড শক্তি ও চেতনার ধাতুতে গড়া—এই সহজ সত্যটাকেও সে ভূলে যায়। কিন্তু সত্য বৃদ্ধতে কোথায় স্থাণ্ড ? সকল পিন্ডের মধ্যেই তো চলছে এক অবিরত স্পন্দনের ঘ্র্ণ্যাবর্ত'—যা র্পান্তরের আড়াল দিয়ে একটি র্পেরই আবৃত্তি করে চলেছে। কিন্তু মন চায় নির্পিত আকারের আড়ন্ট রেথায় বন্দী করে আপাতত নিশ্চল-নিবিকার বহিরগ্য নিমিত্তের জালে স্বাইকে জড়িয়ে রাখতে, নইলে যে তার কাজ চলে না। সে ভাবে, তার চাওয়া ব্রিঝ এমনি করেই পাওয়াতে সত্য হল। কিন্তু বাস্তবিক জগৎ জন্তে চলছে কেবল অবিরাম ভাঙা-গড়ার লীলা—তার মধ্যে কোনও রূপই তো তাত্ত্বিক নয়, বাইরের কোন নিমিত্তই তো নিবিকার নয়। একমাত্র শাশ্বত সশ্ভূত-বিজ্ঞান আছে অচলপ্রতিষ্ঠ হয়ে। এই নিত্য-চণ্ডল ঘ্ণির মধ্যে র্পের রেথা আর সম্বন্ধের বৈচিত্রাকে সে-ই বে'ধে রেখেছে অবিচল ঋতের ছন্দে। প্রাকৃতমন সেই ছন্দোনিষ্ঠার ব্যর্থ অন্করণ করতে চায় নিতাচণ্ডলের মধ্যে অচণ্ডলের আরোপ করে। বিশেবর ওই তত্ত্বরূপই মনকে আবার খ¦্জে পেতে হবে। তার খবর যে সে রাখে না, এমন নয়। কিন্তু সে-জ্ঞান ল্কানো আছে চেতনার গভীর গ্রহায়, তার আত্মভাবের মণিকোঠায়। ব্যবহারের জগতে তার আলো-কে মনের নিজেরই অবিদ্যা আড়াল করে রেখেছে। কেননা, মনের বিভাজক ব্তি এখানে বিভক্ত স্থিতিতে র পাশ্তরিত হয়েছে, তাই অতিমানসের ভূমি হতে স্থালত হয়ে আপন স্থির জালে আপনিই সে জড়িয়ে গেছে।

দেহাত্মবোধের সভেগ-সভেগ অবিদ্যার ঘোর আরও ঘনিয়ে ওঠে। আমরা ভাবি, দেহই ব্ঝি মনের নিয়ন্তা—কেননা সবসময় দেহের সভেগই তার মাখা-মাখি। স্থ্ল জগতে মনের বহিশ্চর চেতনার লীলা দেহের চিয়াকে বাহন করে চলছে, অতএব তাকে ছাড়িয়ে যাবার কম্পনাও সে করতে পারে না। নিজেকে দেহের আধারে উন্মিষিত করতে গিয়ে মস্তিষ্ক ও নাড়ীতন্তের যে-জড়যন্ত্রটি গড়ে তুলেছে, তাকে নিয়ে সে এমনই মত্ত বে নিজের অসংকীর্ণ শান্ধব্তির দিকে ফিরে তাকানোর অবসরটাকুও তার নাই। শান্ধমনের খেলা প্রাকৃতমনে তাই তলিয়ে গেছে অবচেতনার গহনে। কিন্তু দেহাত্মবোধ প্রকৃতি-পরিণামের পর্ববিশেষে জীবের অলংঘ্য নিয়তি হলেও, তাকে ছাড়িয়ে এক শূম্প প্রাণময় মন বা প্রাণময় সত্তার কল্পনা অসম্ভব নয়। সে বিদেহ মন ্র প্রত্যক্ষ অনুভব করবে, অবিচ্ছিন্ন পরম্পরায় দেহের পরে দেহ ধারণ করে সে চলেছে, প্রতি দেহে বিচ্ছিন্নভাবে আবির্ভুত হয়ে দেহের নাশেই মিলিয়ে যাওয়া তার নিয়তি নয়। ক্তৃত দেহের জন্মের সঙ্গে যে-মনকে জন্মাতে দেখি, সে তো জড়ের 'পরে মনের একটা স্থলে ছাপ শ্বা। তাকে বলতে পারি দৈহা মানস, প্ররাপর্রি মনোময়-প্রেষও সে নয়। এই দৈহা মানস আসল মনের বহিতাগ মাত্র—যাকে আমাদের মনঃসত্ত জড়জগতের অভিঘাতের দিকে মেলে ধরেছে। এই মর্ত্য আধারেই আছে আরেকটি মন আমাদের অবচেতনা বা অধিচেতনার আড়ালে, নিজেকে সে বিদেহ বলে জানে। প্রাকৃতমনের মত তার চলন এত স্থলে নয়। বহিশ্চর মনে যথনই দেখা দেয় কোনও বহৎ গভীর ও প্রবল ব্রত্তির উল্লাস, তখন সা্ধারণত তার উৎস থাকে ওই মনেই। ७३ ग्रामाয়ी মনের অন্ভব অথবা প্রভাব চেতনায় স্পণ্ট হয়ে ওঠে যখন, তখনই আমরা পাই অন্তর্যামী 'প্ররুষের' প্রথম অন্ভূতি।*

এই প্রাণময় মানস দেহের প্রমাদ হতে মুক্তি দিলেও মনের প্রমাদ হতে কিন্তু আমাদের সম্পূর্ণ মুক্তি দেয় না। এখনও তাকে ছেয়ে আছে অবিদ্যার সেই মৌলিক বৃত্তি, যার ফলে জীবব্যক্তি নিজস্ব দৃণ্টিভাগ্গর বৈশিষ্ট্য নিয়েই জগৎকে দেখে। তার কাছে বিষয়মাহেই বহিব্রি,। দেশ-কালের যে বিবিক্ত চেতনাকে সে নিজস্ব বলে জানে, তার ভূমিকায় তারা ফ্রটে ওঠে অতীত ও বর্তমান অনুভবের বিশিষ্ট আকার এবং সংস্কারের র্পরেথায়। বিষয়ের এই পরিচয়কে সে সত্য বলে জানে। প্রাণময়-পর্র্য ভূতে-ভূতে তার আত্মস্বর্পের অপর বিভূতিকে চেনে শুধ্ তাদের বহিব্যক্তি ইশায়াতেই। চিন্তায় কথায় কমে বা অনুভাবে নিজের যে-পরিচয়ট্রুক্ তারা বাইরে ফ্রটিয়ে তোলে, অথবা অলময়-বেলের অগোচর প্রাণের স্ক্রম সংস্পর্শ থেকে বিকণি হয় যোগাযোগের যে-আভাসট্রুক্—অপরকে জানতে তার বাইরে প্রাণময়-প্রব্ধের আর-কোনও সাধন নাই। তেমনি নিজেকেও সে প্রাপ্রির জানে না। কারণ, কালস্রোতে প্রবহমান জীবনপরস্পরায় একই শক্তি বিচিত্র বিগ্রহে মৃত্র হয়ে উঠেছে বারবার —একেই সে তার স্বর্প বলে জানে। প্রাকৃত করণ-মন দেহ-ব্রিখতে বিদ্রান্ত

আমরা তাঁকে অন্ভব করি 'প্রাণমর প্রের্থ'-র্পে।

যেমন, তেমনি এই অবচেতন জঙগম-মনও বিদ্রান্ত হয়েছে প্রাণ-ব্রন্থিতে।
প্রাণের মধ্যে সে আবিল্ট ও সমাহিত—প্রাণন্বারাই সে সীমিত, তারই সঙ্গে
একাত্মক। অতএব এই মহলেও আমরা মন ও অতিমানসের সেই সন্ধিভূমিটি
খ্রেল পাই না, যেখান থেকে দ্যের মাঝে বিচ্ছেদের প্রথম আভাস দেখা
দিয়েছে।

কিন্ত এই প্রাণচণ্ডল জখ্গম-মনেরও পরে আছে প্রাণের আবেশ ও দুরাগ্রহ হতে মৃক্ত আরেকটা স্বচ্ছতর ভাবময় মানস। সে জানে, দেহ আর প্রাণকে সে দ্বীকার করেছে—তার ভাব ও সঞ্চল্পকে বীর্যের সম্ব্রাসে মূর্ত করবে বলেই। এই মনই আমাদের মধ্যে বিশ্বন্ধ 'মন্তা'। সে জানে কি তার তত্ত্বরূপ, তাই জগৎকে সে দেখে দেহ আর প্রাণের সত্য বলে নয়—মনের সত্য বলে। ভুল করে তাকে নিরঞ্জন প্ররুষ বলে ভাবি—যেমন জংগম-মনকে ঘ্রলিয়ে ফেলি শ্ব-ধ-জীবের সঙ্গে। উধর্বভূমির এই মন অপর জীবকে জানে এবং বোঝে তার বিশ্বদধ আত্মস্বর্পের বিভূতির্পে। তাদের সঙ্গে তার প্রত্যক্ষ যোগ ম্থাপিত হয় নিছক ভাবের অভিঘাত ও সংক্রমণে—শ্বর প্রাণ ও নাড়ীতন্তের সংবেদনে অথবা দেহের স্থাল ইশারাতে নয়। অথণ্ডভাবের একটা মনোময় র্পও তার ভাণ্ডারে আছে। তাছাড়া তার প্রবৃত্তি ও সঙকল্পের মধ্যে স্ফিট ও আবেশের একটা অপরোক্ষ সামর্থ্য আছে—প্রাকৃত স্থলে ব্যবহারে যার পরিচয় গোণ এবং কুণ্ঠিত। সে-সিস্ক্ষার সংবেগ শ্ব্ধ নিজের সত্তাতে নয়— অপরের প্রাণে-মনেও ছড়িয়ে পড়ে। তব্ মনের সেই অনাদি প্রমাদ হতে এই শ্বদ্ধমানসও প্রাপ্রার মুক্ত নয়, কারণ তার বিবিক্ত মানসসতাকেই বিশেবর কেন্দ্র সাক্ষী ও ধাতা করে সে পেণছতে চায় তার স্বর্পসতোর উত্তরভূমিতে। তার জগতে সে নিজে ছাড়া আর-সবাই তাকে ঘিরে বাহে রচনা করে। স্বতরাং ম্বাতন্ত্রের আহ্বান আসে যখন, তখন প্রাণ ও মনের বিকল্প হতে নিজেকে তার গ্রুটিয়ে নিতে হয় অখণ্ডের তত্ত্বরূপে তলিয়ে যাবার জন্য। এতেই বোঝা যায়, এখনও মন আর অতিমানসের মাঝে অবিদ্যার যবনিকা সরে যায়নি। তাই তার ভিতর দিয়ে এপারে পেশিছয় সত্যের একটা কম্প-র্প—তার আত্মর্প নয়।

অবিদ্যার এই আবরণ বিদীর্ণ হয়ে উত্তরজ্যোতির আলোকসম্পাতে যখন খনিত মন অভিভূত হয়ে পড়ে, অতিমানসের শক্তিপ্রবাহের কাছে নিঃশব্দ স্তর্নতায় এলিয়ে পড়ে তার চেতনা, তখনই সে পায় সত্যদর্শনের অধিকার। তখন দেখি, এই মনেরই মধ্যে জেগেছে বিচারের জ্যোতির্ময় বৈশারদ্য—সম্ভূতবিজ্ঞানের দিব্য আবেশের বাহন ও সাধনর্পে। তখনই ব্রুতে পারি, জগতের স্বর্প কি। সর্বতোভাবে তখন নিজেকে জানি পরের মধ্যে পরের

রূপে, পরকে জানি নিজের রূপে এবং সবাইকে জানি বিশ্বরূপে অথন্ডেরই আর্ঘাবিচ্ছরণ বলে। ব্যক্তি-সন্তার যে-বিবিক্ততা ছিল সর্ববিধ সঙ্গোচ এবং প্রমাদের মূল, তার কঠিন আড়ন্টতা কোথায় মিলিয়ে য়ায়। অথচ দেখি অবিদ্যাচ্ছন্ন মন যা-কিছ্ক সত্য বলে জেনেছিল, তত্ত্বত তা সত্য হলেও তার মধ্যে সত্যের একটা বিকৃত প্রমাদদ ফ বিকল্পনাই ফ টেছিল। দেখি, এখনও খণ্ডভাব আছে, আছে ব্যক্ষিভাবনা—তেমনি চলছে আণবিক বিস্পৃথির লীলা। কিন্তু তাদের তত্ত্বরূপ আর আমাদের কাছে অনাবৃত নয়। আমরা কি তা যেমন জানি. তেমনি জানি তারাও কি। তখন বুঝি, মন ঋত-চিতের একটা গোণ বৃত্তি, তার সিস্ক্রার একটা সাধন—এই তার সত্য পরিচয়। দিবা ঈশনার জ্যোতিম্য পরিবেশের মধ্যে মনের স্বান্তব অপ্রমন্ত থাকে যতক্ষণ, যতক্ষণ তার মধ্যে বিবিক্ত স্বাতন্ত্রের স্পূহা জাগে না, শুধু নিমিত্তরূপে সেই ঈশনার কাছে নিজেকে স্পে দিয়েই সে তাপ্ত থাকে স্বার্থপর আত্মসম্পূর্তির প্রয়াস ছেড়ে—ততক্ষণ মনের স্বন্তিঠত স্বধর্ম হয় জ্যোতিমহিমায় ভাস্বর। সত্যের মধ্যে প্রতিষ্ঠিত থেকে সে তখন রূপে হতে রূপকে শুধু প্রাতিভাসিক ভেদের রেখায় পূথক করে। স্বচ্ছন্দ নিমুক্তি প্রবৃত্তির চারদিকে সে টেনে দেয় শংধ্য অতাত্ত্বিক সীমার বেষ্টনী, অথচ তার অন্তরালে স্বয়স্ভূর বিশ্বব্যাপ্ত ঈশনা নিরঙকুশ ও নিতাচেতন থেকে যায়। এক সর্বগত বিশ্বতশ্চক্ষ্ ও সত্যসঙ্কল্পের বার্তাবহ হয়ে তার অমোঘ সত্যদর্শনের প্রশাসনকে সে ছড়িয়ে দেয় বিশ্বময়। এক ঋতময় চেতনা আনন্দ শক্তি ও ধাতুর বাণ্টিভাবনাকে সে ধরে আছে অন্তগর্টে অথচ অব্যাভচরিত সমষ্টিভাবনার মধ্যে। অখন্ডের ঋতম্ভরা বহু,ভাবনাকে সে রুপায়িত করে আপাত-খণ্ডলীলায়—যাতে ভূতে-ভতে বিচিত্র সম্বন্ধ বিশেষের রূপরেখায় বিবিক্ত হয়েও আবার মিলিত হয় পরিপূর্ণ এক সৌষম্যের ঐকতানে। এক শাশ্বত একত্ব ও অন্যোন্যসংমিশ্রণের মধ্যে সে জাগিয়ে তোলে সংযোগ-বিয়োগের আনন্দবিলাস। এই মনের সহায়ে অখন্ডস্বর প নিজেকে ব্যান্টর আপাত-খন্ডতায় লীলায়িত করেন এবং আপন অখণ্ডভাবকে অব্যাহত রেখে ব্যন্টির সঙ্গে ব্যন্টির বিচিত্র সম্বন্ধজালে নিজেকে পরিকীর্ণ করেন। অথন্ডের এই খন্ডলীলাই বিশ্বের তত্ত। মন হল ঋত-চিন্ময় প্রজ্ঞানের অন্তালীলা, এই বিন্ববৈচিত্র্য তারই অনুভবে সম্ভব হয়েছে। আমরা যাকে অবিদ্যা বলি, সে তো নতুন কিছু, গড়ে না, বা আত্যদিতক মিথ্যাত্বেরও স্ভিট করে না—শ্বধ্ব সত্যকেই সে দেখায় বিকৃত আকারে। বিজ্ঞানের উৎস হতে বিচ্ছিল্ল হয়ে মনের জ্ঞানবৃত্তিই ধরে অজ্ঞান বা অবিদ্যার র্প-বিশ্বর্পে প্রকটিত প্রমসত্যের লীলাস্ব্যাকে মৃঢ় চেতনায় প্রতি-বিন্বিত করে যেন আপাতবিরোধ ও সংঘর্ষে সৎকৃষ আড়ন্ট-কঠিন একটা দঃস্বশ্নের আকারে।

মনের প্রমাদের মলে তাহলে এই। আত্মসংবিং হতে অবস্থলিত হয়ে জীব তার ব্যাঘ্টভাবকে ধারণা করে একটা স্বতন্ত্র সত্য বলে—অখন্ডের বিভূতি বলে নয়। তাইতে সে ভাবে, তার বিশেবর সে-ই ব্রুঝি কেন্দু। ভলে যায় বিশ্বর পেরই চিদাঘন স্থানিঙ্গাসে। এই আদি প্রমাদের স্বাভাবিক পরিণাম-রূপে তার মধ্যে দেখা দেয় অবিদ্যার বিশিষ্ট যত উপাধি। বিশেবর বিপলে প্রবাহ তার খণ্ডচেতনাকে প্লাবিত করেও তার অহন্তার সঙ্কীর্ণ খাতে বয়ে চলেছে যে-ধারায়, সে শুধু তাকেই চেনে। কাজেই তার মধ্যে প্রথমে দেখা দেয় আত্মভাবের সঙ্কোচ। সেই সঙ্কোচ আনে চেতনার এবং ত'জনিত জ্ঞানের সঙ্কোচ—চিৎশক্তি ও সঙ্কদেপর সঙ্কোচ। তাতেই তার বীর্য কণ্ঠত হয়, আত্মসম্ভোগের দীনতায় আনন্দ হয় দিতমিত। ব্যক্টিভাবনার সীমাণ্কিত হয়ে তার চেতনায় বিশ্ব শ্বধ্ব একটি রূপ নিয়ে ধরা দেয়। তাই তার বাইরে আর-কোনও র পের থবর সে রাখেনা। এই অর্বচ্ছিন্ন ভাবনার জন্যে, যাকে সে জানে মনে করে, তাকেও ভুল করে জানে। কেননা, বিশেবর সকল ভাবই যথন অন্যোন্যাগ্রিত, তথন অংশকেও ঠিকমত জানতে হলে অংশীর স্বর প্রস্তাকে না জানলে তো চলে না। এইজনাই পোর ষেয় সকল জ্ঞানে প্রমাদের একটা ছোঁয়াচ থেকে যায়।...তেমনি আমাদের প্রাকৃত সংকল্প দিব্যক্রতুর অবন্ধ্য পূর্ণ'র পাট চেনে না। স্বতরাং তার সকল সাধনায় অল্পবিদ্তর অসামর্থা ও বীর্যহীনতার নানতা দেখা দেয়। জ্ঞান ও সংকল্পের এই অনীশ্বর দীনতায় আত্মার স্বরূপানন্দ ও বিষয়ানন্দের পরিপূর্ণ উল্লাস ক্ষান্ধ হয়। তাই স্বতঃ-স্ফুর্ত আনন্দভাবনা দিয়ে কোনও-কিছুকেই আত্মসাং করতে পারি না বলে সন্তাপ হয় আমাদের নিতাসহচর। অতএব নিজেকে-না-জানাই হল জীবনের সকল বৈকল্যের মূল। এই আত্ম-অবিদ্যাই যখন আত্মসঙেকাচের ফলে অহমিকার রূপ ধরে, তখন প্রাকৃত চেতনায় সে-বৈকল্য আরও দৃঢ়মূল হয়। অথচ অবিদ্যা এবং তম্জনিত বৈকল্য সত্য ও ঋতের বিকৃতি মাত্র— আত্যন্তিক মিথ্যাত্বের বিলাস নয়। মন নিজেকে এবং নিজের কম্পিত খণ্ডভাবকে যখন সচ্চিদানন্দের সতালীলার বিভৃতি ও সাধনরূপে না দেখে বিশ্বকে নিতান্তই খণ্ডতার একটা মেলা বলে জানে, তখনই অবিদ্যার এই বিভ্রম দেখা দেয়। স্বাধিকারভ্রত মন তার স্বরূপসত্যে ফিরে গিয়ে আবার ফুটে ওঠে ঋত-চিন্ময় প্রজ্ঞানের অন্তালীলায়। প্রজ্ঞানের দিব্যজ্যোতি ও সতাবীর্ষে যে সম্বন্ধের প্রপঞ্চ সে গড়ে তোলে, তা হয় সত্যেরই বিস্কৃষ্টি—বৈক্ত্বাের বিভ্রম বৈদিক খাষর প্রাঞ্জল বিবেকবাণীতে—সে-জগৎ চলে 'ঋজ্বনীত্যা'. মতের্ণর কুটিল 'ধ্রতি'কে আশ্রয় করে নয়। সে-জগতে আছে শ্বধ্ব দিব্যভাবের সত্যলীলা—স্বয়ংজ্যোতির দিব্য পরিবেষে আত্মনিষ্ঠ চেতনা ক্রতু ও আনন্দের ছন্দোদোলা। কিন্তু প্রাকৃত জগতে আছে প্রাণ-মনের তির্যক সার্পিল গতি।

আত্মহারা জীব তার তত্ত্বভাবে ফিরে যেতে চায়। প্রমাদী চিত্তের কল্পিত সত্যে-মিথ্যায় ধর্মে-অধর্মে কুণ্ঠিত-বিকৃত হয়েছে যে-পরমসতা, তার নিম্ক্তিদীপ্তিতে সে প্রমাদ-আঁধারের মরণ ঘটাতে চায়। কার্পণ্যাপ্রহত প্রাণের বীর্ষেও দৌর্পল্য শক্তিসাধনার যে অচরিতার্থ আয়োজন, তাকে সে রূপান্তরিত করতে চায় দিব্যসামর্থ্যের অমোঘ ঈশনায়। অত্প্ত হ্দয়ের হর্ষেও বিষাদে যে বার্থ আনন্দসাধনার আর্ত উত্তালতা ফুটে ওঠে, তাকে সে ফোটাতে চায় দিব্যরতির অফ্রন্ত উল্লাসে। জগং জ্বড়ে জীবন-মরণের অন্থ আবর্তনে রয়েছে যে অম্তভাবনার ইণ্গিত, তাকে ম্র্ত করতে চায় সে ম্তুাঞ্জয়ের শান্বত মহিমায়। উত্তরায়ণের পথে জীবের এই-যে প্রান্তিহীন মন্থর অভিযান, পথের বাঁকে-বাঁকে অপ্রবৃশ্ব চেতনায় সেই না রচে অন্তের অশান্বত কুটিল মায়া!

উনবিংশ অধ্যায়

প্রাণ

প্রাণো হি ভূতানামায়; ভঙ্গাং সর্বায়্বম্চাতে।

তৈত্তিরীয়োপনিষং ২।০

প্রাণই সর্বভূতের আয়; তাই তাকে বলা হয় সর্বায় অর্থাৎ বিশেবর জীবন। —-তৈতিরীয় উপনিষদ (২ Io)

মনের দিব্য স্বর্প কি, ঋত-চিতের সংগে কিই-বা তার সম্বন্ধ, এতক্ষণে তার একটা পরিচয় পেলাম। ব্রুলাম, আমাদের মান্মভাবের উপাদান যে অপরা য়য়ী, তার প্রথমে রয়েছে মন। দিব্যচেতনার সে একটা বিশেষ কলা। অথবা তার বিস্ভিলীলার সে-ই হল অন্তাবিভূতি। মনকে দিয়েই প্রম্বর্পভেদ ও শক্তিভেদের প্রপশ্তকে অন্যোন্যবিবিক্ত করেন। তাতে যে ভেদাভাসের বিস্ভিট হয়, ঋত-চিন্ময় ভূমি হতে স্থালিত জীব তাকেই তাত্ত্বিক খণ্ডভাব বলে জানে। দ্ভিটর এই আদি বৈকলা হতে দেখা দেয় প্রাকৃত ভূমির যত বিকল ভাবনা, যার জন্যে অবিদ্যাকর্বলিত জীব দ্বন্ধবিরোধের সংঘাতকেই স্বভাবের সত্য বলে মেনে নেয়। কিন্তু মন যতক্ষণ অতিমানসের সঙ্গে যোগযুক্ত থাকে, ততক্ষণ সে আর অন্ত ও বিপর্যয়ের প্রযোজক নয়—বিশ্বসত্যের চিত্রবিভূতির সে স্ত্রধার।

এই দৃষ্টিতে দেখলে মনকেও বিশ্ববিস্থিত সাধক বলে মানতে পারি।
কিন্তু সচরাচর মন সম্পর্কে এমন ধারণা পোষণ না করে আমরা তাকে বিষয়গ্রহণের সাধনর্পে জানি। জড়ের মধ্যে শক্তির লীলায় যা সৃষ্ট হয়েই
আছে, মন তাকে শ্ধ্ অবশভাবে গ্রহণ করতে পারে। বড়জার সৃষ্ট র্পের
সংযোগ-বিয়োগের ফলে ন্তন র্পসমাহার আবিষ্কার করা, সৃষ্টির এই
অধিকারট্কুই তার আছে—এই আমাদের ধারণা। কিন্তু বিজ্ঞানের আধ্বনিকতম আবিষ্কারের কল্যাণে একটা ভাব আমরা আবার ফিরে পাছি।
ব্রতে পারছি, জড় অথবা শক্তির মধ্যেও এক অবচেতন মনঃশক্তির খেলা
রয়েছে, যার নিশ্চিত র্প ফ্টে উঠছে প্রথমত প্রাণের বৈচিত্যে এবং পরে
মনের বৈচিত্যে। উল্ভিদ এবং প্রস্থব্যের পশ্র জীবনে নাড়ীতলের চেতনায়
উন্মিষত হয়েছে তার আদির্প। আর পশ্রজীবনের ক্রমবিকাশের সপ্রেন
সংগে ও মান্ধের মধ্যে মনশ্চেতনার ক্রমিক পরিণতিতে ফ্টছে তার শ্বিতীর
র্প। আগেই দেখেছি, জড় আর শক্তি আলাদা দ্বিট তত্ত্ব নয়—জড় শক্তিরই

উপাদানবিগ্রহ মাত্র। এবাঁর তেমনি দেখতে পাব, জড়শক্তিও মনের তপোবিগ্রহ। জড়শক্তি বাস্তবিক বিশ্বকত্বর একটা অবচেতন লীলা। মনে হয়, আমাদের মধ্যে এই কতু বৃঝি জ্যোতির্মায়, কিন্তু বস্তুত তা আলো-আঁধারের মিশ্রণ। তেমনি জড়শক্তিকে মনে হয় একটা অপ্রবৃদ্ধ অন্ধকারের উত্তালতা বলে। তত্ত্বত বিশ্বকত্ব আর জড়শক্তি কিন্তু পরস্পরের অবিনাভূত। জড়বিজ্ঞানও গোড়া থেকেই এই একত্বের একটা অস্পদ্ট সহজ অনুভব পেয়েছে, যদিও বিশ্বকে উল্টা অথবা তলার দিক থেকে দেখা তার অভ্যাস। অধ্যাত্মবিজ্ঞান বিশ্বকে দেখে উপর থেকে, তাই বহুদিন হতেই এ-তত্ত্ব তার কাছে প্রাঞ্জল ছিল। অতএব স্বচ্ছন্দে বলা চলে, শক্তিকে আপন প্রকৃতি বা প্রেতির বাহন করে এক অবচেতন বিরাট মন বা বৃদ্ধিই এই জড়ের জগৎ সৃষ্টি করেছে।

কিন্তু এখন জানি, মন কোনও স্বতন্ত্র স্বয়ম্ভূ তত্ত্ব নয়, সেও অতিমানস বা ঋত-চিতের অন্ত্যবিভূতি মাত্র। অতএব যেখানে মন আছে সেখানেই অতিমানসও থাকবে। অতিমানসই বিশ্ববিস্থির নিতা ও সতা প্রযোজক। প্রাকৃত জগতে মনশ্চেতনা তমসাচ্ছন্ন ও স্বধামচ্যুত, তব্ব তার ব্যুত্তিতে অতি-মানসের উদার পরিবেশের প্রচ্ছন্ন সংবেগ রয়েছে। সেই সংবেগের বশে মনোবৃত্তির অন্যোন্যসম্বন্ধের মধ্যে দেখা দেয় ঋতের ছন্দ নিগ্রে বীর্যের অনতিবর্তানীয় পরিণাম—নির্দিষ্ট বীজ হতে নির্দিষ্ট গাছটিকে সে-ই ফুটিয়ে তোলে। তাইতো তার অকুণ্ঠিত প্রশাসনে মৃত্ তমশ্ছন্ন নিশ্চেতন জড়শক্তির অন্ধলীলাও ঋতম্ভরা ছন্দঃসুষমার বাহন হয়—নইলে এ-জগৎ হত যদ্যন্তা ও নিখাতির একটা উচ্ছাত্থল প্রমন্ততা শাধ্য। অবশ্য এই ঋতচ্ছন্দও আপেক্ষিক। এর পূর্ণ সূষমা ফুটে উঠত, মন যদি অতিমানস হতে তার চেতনাকে পরাংমুখ না করত। বিভজাবত্ত মন ভেদের যে-সংঘাত, একই পরমসতাের মধ্যে দ্বন্দ্ববিধ্যুর যে-বিরোধাভাস স্কৃষ্টি করে চলেছে, তারই স্বাভাবিক ছন্দঃপরিণাম ফুটেছে এই মানসলোকের ঋতায়নে। আত্মর পায়ণের এই দৈবত বা খণ্ড-লীলার মূলে আছে ব্রাহ্মী চেতনার ঋতम্ভরা কম্পনার প্রবর্তনা। অথন্ড ঋত-চিতের প্রশাসনে বিধৃত এই সতাস•কল্পই সম্বন্ধবৈচিত্র্যের অনতিবর্তানীয় পরিণতিতে অথবা অবরব্রহ্মের সত্যে রূপায়িত হয়েছে—যার সিম্ধকল্পনা রয়েছে রন্ধের সম্ভূতিবিজ্ঞানে এবং যার বাস্তবরূপ তাঁর জীবঘন বিভূতিতে ফুটেছে। বিশ্বে সত্য বা ধর্মের প্রকাশ হয় এই ধারাতে। সন্তার গহনে যা বীজর্পে নিগ্ঢ় হয়ে থাকে, বস্তুর স্বর্পপ্রকৃতিতে যে-সত্যের কল্পনা নির্ঢ় থাকে, পরমপ্রেষের দিব্যদ্ভিতে বস্তুর যা স্ব-ভাব ও স্বধর্ম, তারই यथायथ न्क्रात्र ७ भित्रभौजन घटो विश्वजीनाय। উপनिষদের অপর্পে মল-বর্ণে আছে এই সত্যেরই ইণ্গিত—বাঙ্ময় বিদ্যুতের ঝলক লাগে খবির এই ক'টি কথাতে : সেই স্বয়স্ভ কবি ও মনীযির পে সব-কিছু হয়েছেন সবঠাই

তাঁরই মধ্যে শাশ্বত কাল ধরে বিধান করেছেন সকল অর্থ—'যাথাতথ্যতঃ' অর্থাৎ তাদের স্বরূপসত্যের ছল্দে।*

অতএব, দেহ-প্রাণ-মনের যে-ত্রয়ী আমাদের বর্তমান নিবাসভূমি, তাকে গ্রিধা-বিকল্পিত বলে জানব—তার যথাভূত বাস্তব পরিণামকে মেনেই। তাই দেখি, যে-প্রাণ জড়ে গ্রেহাহিত ছিল, সে-ই নিজেকে আবার উন্মিষিত করল মননধমী চেতনায়। কিন্তু মনশ্চেতনার এই স্ফ্রন্তের অন্তরালেও 'মন্'র আবেশ ছিল। অতএব প্রাণে এবং জড়েও সে প্রচ্ছন্ন ছিল। আর তার সংখ্য জড়িয়ে ছিল অতিমানস, যা আর তিনটি বিভতির উৎস এবং নিয়ন্তা। স্তুরাং মনের মত অতিমানসও একদিন এই আধারে উন্মিষ্তি হবে। ব্লিখকে বিশ্বতত্ত্বের মূলে আমরা প্রতিষ্ঠিত করতে চাই। কেননা, ব্লিখই আমাদের মতে চিংশক্তির পরম পরিণতি—তার আলোকে, তারই প্রশাসনে চলছে আমাদের কৃতি এবং সৃষ্টি। তাই আমরা ভাবি, বিশ্বের মূলে চৈতন্যের লীলা যদি থাকেও, তাহলে নিশ্চয় তার আকার হবে বৃশ্ধির মত. অর্থাৎ আমাদের মনোময় চেতনাই হবে বিশেবর ধান্ত্রী। কিন্তু ব্রুদ্ধির প্রাকৃত অনুভব ও ব্যবহারেও তার উত্তরভূমির কোনও সত্যের বিভূতিই প্রতিফলিত হয়, বুন্ধির সামর্থ্য দিয়ে যার ধারণা সীমিত। এই বিভৃতির মধ্যে থাকবে চেতনার একটা উৎকৃষ্টতর রূপ, যা সেই উত্তরভূমির সত্যের ছটা। তাই সূষ্টিরহস্য সম্পর্কে আমাদের ধারণা পালটিয়ে বলতে হয় : অবচেতন মন বা বৃদ্ধি নয়—গৃহাহিত সংবৃত্ত অতিমানসই এই জড়বিশ্বের স্লখ্টা। মন চিংশক্তিতে নিগ্টে তার দিব্যক্রতুর সদ্যঃক্রিয় বিভূতিবিশেষ বলে প্রজাপতি মনুকেই অতিমানস সে-স্থির প্রোধা করেছে। আর জড়্শক্তি বা বৃহত্সন্তার গহনে প্রচ্ছন্ন আকৃতিকে করেছে সে তার বিশ্ববিধায়িকা প্রকৃতি।

কিন্তু প্রাকৃত জগতে দেখি, শক্তির যে-বিভূতিবিশেষকে প্রাণ বলি, তাকে আশ্রয় করেই মনোধাতুর স্ফ্রন। তাহলে প্রশন হবে, প্রাণের কি তত্ত্ব ? অতিমানসের সপে কি তার সম্পর্ক ? সং-চিং-আনন্দের যে-মহাত্রিপ্টী সম্ভূতবিজ্ঞান বা ঋত-চিতের সহায়ে বিশ্বস্থিতে লীলায়িত, তার সপেই-বা কোথায় তার যোগ ? মহাত্রিপ্টীর কোন্ বিভাব হতে তার উৎপত্তি ? প্রাণের আবিভাবের মূলে কোন্ দিব্যসত্যের প্রেতি, অথবা কোন্ অদেবী মায়ার মূড় সংবেগ ? 'জীবন একটা জঞ্জাল, একটা বন্ধনা, একটা পাগলামি, একটা প্রলাপ —এর হাত থেকে নিষ্কৃতি খ্রন্ধতে হবে আমাদের শাশ্বত সত্ত্যের অচল-প্রতিষ্ঠায়' : শতাব্দীর পর শতাব্দী ধরে এই আতবিলাপে ক্ষ্রেক হয়েছে গগনতল। কিন্তু সত্যি কি তা-ই—সত্যি কি বিশেবর প্রাণলীলা একটা ছলনা

^{*} ক্রিম্নীষী পরিভঃ স্বরুভূষ্থিতেথ্তোহপ্নি ্ব্যুদ্ধাং শাশ্বতীভাঃ সমাভাঃ।
—ঈশোপনিবদ্ (৮)

শন্ধ? তা-ই যদি হয়, তবে কেনই-বা এ-ছলনা? কিসের খেয়ালে শাশ্বত-প্রব্ধ এই অনথেঁ, এই প্রলাপে, এই খ্যাপামিতে নিজেকে লাঞ্ছিত করলেন? অথবা ছলনাময়ী মায়ার ক্রলীলায় জীব স্ছিট করে এই অভিশাপে তাদের জর্জরিত করলেন? না এই প্রাণলীলার মূলে কোনও দিব্যভাবের প্রেরণা আছে, আছে শাশ্বত সন্তার কোনও আনন্দঝঙকার—যা আম্বর্পায়ণের অবন্ধ্য আক্তিতে এমনি করে দ্লে উঠেছে দেশ-কালের লাস্যলীলায়, রোমাণ্ডিত হয়েছে বিশ্বের অর্গাত লোকে পরিকীর্ণ কোটি-কোটি প্রাণর্পের অফ্রন্ত উচ্ছলনে?

প্থিবীতে জড়ের আধারে প্রাণের প্রকাশ দেখে স্পষ্ট ব্রুঝতে পারি. এক বিশ্বব্যাপিনী মহাশক্তির বিভূতি বা পরিস্পন্দ এই প্রাণ। তারই দুর্বার স্লোতে সে জোয়ার-ভাটার খেলা শ্বধ্ব—এই তার স্বর্পসত্য। সেই মহাশক্তির নিরন্ত লীলায়নে রূপের মেলা গড়ে উঠেছে। বীর্যধারার অবিচ্ছেদ সম্ভারণে তাদের সে আপ্যায়িত করছে, অবিরাম ভাঙা-গড়ার শিল্পকলায় জিইয়ে রাখছে। এই তো জগৎ জ্বড়ে প্রাণের রূপ! এহতে কি মনে হয় না, জীবনের আর মরণের মাঝে যে-বিরোধকে স্বভাবের সত্য বলে জানি, আসলে তা আমাদের মনের ভুল—একটা অবাস্তব বিরোধের বিকল্প শ্বধ্ব? প্রাকৃত ব্যবহারের ভূমিতে এ-বিরোধ বাস্তব হলেও অন্তগর্ন্ত সত্যের বিচারে তো একে মিথ্যাই বলব। বিশ্বব্যাপী অখণ্ডতার মধ্যে প্রাকৃতমন তার উপরভাসা দূ ঘি নিয়ে এমন-কত বিরোধাভাসেরই না সৃষ্টি করছে। ক্তৃত প্রাণের মৃক্তধারায় মৃত্যু একটা আবর্তমাত্র—এই তার সত্য পরিচয়। উপাদানের ভাঙা-গড়া, রূপ বদুলে রূপ বজায় রাখা—এই নিয়ে নিতা চলছে প্রাণের খেলা। সে চায় পরিবর্তন, বৈচিত্র্য—তবেই তার রপোয়ণের লীলা সার্থক হয়। সেই লীলাতে ভাঙার কাজটাকে দ্রুত করে মৃত্যু এসে জোগান দেয়—প্রাণেরই প্রয়োজনে। তাই দেহের মরণেও তো প্রাণের ক্রিয়া নিব্ত হয় না—শ্ব্ধ একটা আধার ভেঙে গিয়ে সেই মালমশলায় গড়ে ওঠে অন্য আধার। ক্রিয়াসারপ্যে প্রকৃতির ধর্ম বলে দ্বচ্ছনেদ এমন কথাও বলা চলে : প্রাণশক্তি ছাড়া দেহের আধারে মন বা চেতনার শক্তি যদি নিহিত থাকে. তাহলে দেহের ধরংসে তার কখনও ধরংস হয় না-সে-শক্তিও এক আধার হতে ছাড়া পেয়ে দেহান্তর-সংক্রমণের বিশেষ-কোনও কোশলে অন্য আধার গড়ে তোলে। এমনি করে সবার নবকলেবর হয়, কিছুই বিনাশের মধ্যে তলিয়ে যায় না।

অতএব নিঃসংখ্কাচে বলতে পারি, বিশ্ব জন্বড়ে আছে এক প্রাণ, এক মহাশক্তির জখ্সমলীলা (জড়ের দিকটা তার স্থ্লতম স্পন্দনমাত্র)—যা জড়-বিশ্বের এই বিচিত্র রূপের পসরা স্থি করে চলেছে। সে-প্রাণ শাশ্বত, অবিনশ্বর। আজ যদি বিশেবর রূপায়ণ নিশ্চিহ্ন হয়ে মুছে যায়, তব্ব সে-প্রাণ তেমনি অব্যাহত থাকবে, তার ন্তন বিশ্ব গড়ে তোলবার সামর্থ্য থাকবে তেমনি অকুণ্ঠিত। উত্তরশক্তির প্রয়োজনে নিশ্চলতার সংহ্ত বা আত্মসমাহিত না হলে অফ্রোন চলবে তার বিস্থিত্ব লীলা। তা-ই যদি হয়, তাহলে প্রাণকে বলব শক্তির সেই বিভৃতি—যা গড়ছে রাখছে আবার ভাঙছে বিশ্বজোড়া এই র্পের হাট। প্রাণই ফ্টছে মাটির প্থিবী হয়ে, সেই মাটির ব্কেত তর্-লতা হয়ে। আবার যে জীবগোষ্ঠী বা তর্-লতা পরস্পরের প্রাণশক্তিকে আত্মসাৎ করে প্থিবীতে বেচ আছে, তারাও সে-প্রাণেরই বিচিত্র বিভৃতি। বস্তৃত বিশ্বভৃত জড়ের আধারে বিশ্বপ্রাণেরই র্পায়ণ। নিজেকে ফ্টিয়ে তোলবার প্রয়োজনে জড়িচয়াতেও প্রাণের চিয়া সে প্রছম্ম রাথে—ক্রমে অবমানস ইন্দ্রিয়চেতনায় ও মনোময় প্রাণনে তাকে বিকশিত করে। কিন্তু তব্ আত্ম-র্পায়ণের পর্বে-পর্বে সে বহন করে এক অথন্ড প্রাণতত্ত্বেই স্থিটির আক্তি।

আপত্তি হতে পারে, প্রাণ বলতে অখণ্ডতার একটা ছবি তো আমাদের মনের সামনে ফোটে না। বিশ্বশক্তির বিশেষ-কোনও পরিণামকে আমরা প্রাণ বলে জানি। তার পরিচয় পাই পশ্তেও উদ্ভিদে—কিন্তু ধাতুখণেড প্রস্তরে বা বায়বীয় পদার্থে নয়। জীবকোষে প্রাণের ক্রিয়া মানলেও জড়পরমাণ্রর মধ্যে মানতে পারি কি?...অতএব যাক্তির ভিত্তিকে দঢ়ে করতে খাটিয়ে দেখতে হবে, শক্তির যে-পরিণামবিশেষকে প্রাণ বলি, কি তার সত্যকার প্রকৃতি। আর সেই শক্তির যে-জড়লীলাকে বলি নিন্প্রাণ, তার সংগে তার তফাত কোথায়। শক্তির তিনটি লীলাভূমি দেখছি প্থিবীতে : একটি পশ্তুজাৎ, আমরা যার অধিবাসী আরেকটি উদ্ভিদজগৎ, আর ত্তীয়টি জড়জগৎ—যাকে নিন্প্রাণ বলে ধরে নির্মেছ। প্রশন হবে, উদ্ভিদের প্রাণলীলা হতে আমাদের প্রাণলীলা তফাত হয়েছে কোন্ জায়গায়? প্রাচীনেরা যাকে ধাতুজগৎ বলতেন, অথবা আধানিক বিজ্ঞান যে রাসায়নিক জগৎ আবিন্দার করেছে, সেই নিন্প্রাণ পদার্থের সংগ্য উদ্ভিদের প্রার্থক্য কোথায় ঘটেছে?

সাধারণত প্রাণের কথা বলতে আমরা পশ্বকেই লক্ষ্য করি—কেননা সে খায়-দায়, চলে বেড়ায়, নিশ্বাস নেয়, তার অন্বভব আছে, ইচ্ছা আছে। গাছপালারও প্রাণ আছে—আমাদের কাছে একথাটা বাস্তব না হয়ে বরং র্পক-ছে শ্বা, কেননা উল্ভিদের প্রাণনকে আমরা প্রাণধর্মের মর্যাদা দিতে পারিনি বলে চিরকাল তাকে ফেলে এসেছি জড়প্রক্রিয়ার কোঠায় । বিশেষত শ্বাসক্রিয়াকে প্রাণনের সঙ্গে আমরা সবসময় জড়িয়ে নিই। শ্বাসই প্রাণ ৢএমন উল্ভিসব ভাষাতেই আছে। কথাটা মিথ্যাও নয়, যদি তলিয়ে ভাবি বিশ্বপ্রাণের উচ্ছনাস (অথবা নিঃশ্বসিত) বলতে বাস্তবিক কি বোঝায়। কিন্তু স্পন্টই বোঝা যায়, শ্বাস নেওয়া স্বচ্ছনেদ চলা-ফেরা বা আহার সংগ্রহ করা প্রাণধর্ম হলেও তা-ই কথনও প্রাণের স্বর্প নয়। যে নিগ্ছে আপ্যায়নী শক্তিকে

আমাদের সঞ্জীবনী বলে জানি, এইসব শারীরফিয়ায় তারই প্রজনন বা সঞ্চালন চলে। অথবা দেহের বিধারণ সম্ভব হয়েছে যে ভাঙা-গড়ার লীলায়, এরা তারই পোষক। কিন্তু এই জীবনযোনি-প্রয়প্তকে বজায় রাখতে শ্বাস-প্রশ্বাস বা দেহপোষণের অভাস্ত আয়োজনকে একেবারে অপরিহার্য বলা চলে না। শ্বাস-প্রশ্বাস হৃৎস্পন্দন ইত্যাদিকে আমরা প্রাণলীলার সঙ্গে অবিচ্ছেদে জড়িত বলে জানি। অথচ এসব ফিয়াকে সামায়ক স্তম্ভিত রেখে মান্ম এই দেহেই বাঁচতে পারে এবং তাও প্রাপ্রাক্র সজ্ঞানে—এরও তো চাক্ষ্ম প্রমাণ আছে। এমন-কি উদ্ভিদের মধ্যে পশ্র মত চেতনার সাড়া আজও প্রত্যক্ষগোচর না হলেও তাদের শারীরফিয়া যে আমাদেরই সগোর, আপাতপার্থক্য সত্ত্বেও উভয়ের মূল গড়ন যে একই, বিচিত্র তথ্যের সমাহারে এ-তত্বও সপ্রমাণ হয়েছে। কিন্তু প্রাচীন যুগের বিচারহীন মিথ্যা সংস্কার ঝেণিটয়ে বিদায় করবার পক্ষে এ-দ্বিট প্রমাণই যথেন্ট নয়। তার জন্য বহিরঙ্গে লক্ষণের স্থলে যবনিকা ভেদ করে আমাদের পেণ্ছতে হবে প্রাণতত্তের গোডার কথায়।

এ-য্পের কোন-কোনও আবিষ্কার* হতে যে-তত্ত্বের সন্ধান মেলে, তার দীপ্ত আলোকে জড়াপ্রিত প্রাণের রহস্য অনেকথানি উম্জ্বল হয়ে ওঠে। এদেশেরই একজন প্রখ্যাত জড়বিজ্ঞানী, অভিঘাতে সাড়া দেওয়াই যে প্রাণসত্তার অবিসংবাদিত পরিচয়—এই তত্ত্বের 'পরে বিশেষ করে জোর দিয়েছেন। তার আহ্ত তথ্য উদ্ভিদের জীবনরহস্যের 'পরে বিশেষ আলোকপাত করেছে, তার স্ক্র্যাতিস্ক্র্য সকল প্রবৃত্তির নিবিড় পরিচয় নিয়েছে। শ্র্য তা-ই নয়। যেমন উদ্ভিদে তেমনি ধাতৃখন্ডেও তিনি আবিষ্কার করেছেন প্রাণনের সেই একই লক্ষণ—তারাও অভিঘাতে সাড়া দেয়। প্রাণের যে অন্প ছন্দকে বলি জীবন আর প্রতীপ ছন্দকে বলি মরণ, তারও দোলা আছে তাদের মধ্যে। তথ্যের সাক্ষ্য এক্ষেত্রে উদ্ভিদের মত তেমন জোরালো নয়, তাই প্রাণের প্রকাশধারা যে দ্রের মধ্যে অবিকল এক, তার চাক্ষ্য প্রমাণ দেওয়া এখনও সম্ভব

^{*} সাম্প্রতিক বৈজ্ঞানিক গবেষণা হতে এ-তত্ত্ব আহবণ করবার উদ্দেশ্য পাথিব ছামতে জডের আধাবে প্রাণের গতি-প্রকৃতির ধারা নির্পেণ করা নয়, কিন্তু উদাহরণ দিয়ে বিষয়টিকে স্পণ্ট করে তোলা। বিজ্ঞান এবং তত্ত্বিবদার শে, বৃদ্ধের জপনার 'পরেই হ'ক অথবা এদেশের মত অধ্যাত্মদর্শন কিংবা অধ্যাত্ম অনুভবের চরম প্রমাণ্যের পরেই হ'ক তাদের ভিন্তি) অধিকার যেমন স্বতন্ত্র, তেমনি তাদের গবেষণার ধারাও পরেই হ'ক তাদের ভিন্তি) অধিকার যেমন স্বতন্ত্র, তেমনি তাদের গবেষণার ধারাও পরতন্ত্র। বিজ্ঞানের সিদ্ধান্তকে তত্ত্বিদাার ঘাড়ে অথবা তত্ত্বিদাার সিদ্ধান্তকে বিজ্ঞানের ঘাড়ে চাপানো—দ্ইই সমান অযৌক্তিক। কিন্তু সকল অবস্থাতেই প্রব্যব্দ্রপ্রতির মাঝে এমন-একটা সামরসার ব্যঞ্জনা আছে, যা উভয়ের অন্তর্গনিহিত অবণ্ড সতোর দ্যোতক। যাত্ত্বব্রু প্রদ্ধার এ-রায়কে মানলে পরে, জড়জগতের সত্য যে বিশ্বে লালায়িত মহাশক্তির রহস্যাময় গতি-প্রকৃতিকে একট্রখানি উল্জব্ধন করে তুলতেও পারে, এ-কম্পনা অস্থ্যতি হয় না। অবশ্য তাকে সত্যের প্রশ্জ্যোতি বলা চলে না, কেননা জড়বিজ্ঞানের গবেষণার ক্ষেত্র স্বভাবতই সামাবন্ধ। তাছাড়া মহাশত্তির যে-লালা অত্যান্তির, তাকে ধরছে রার সামর্থাও তার নাই।

হয়ন। কিন্তু মনে হয়, তার উপযোগী অতিস্ক্রে যন্ত আবিষ্কারের সংগ্র সঙ্গে এ-বাধাও থাকবে না। ধাত আর উন্ভিদের মধ্যে যে প্রাণনের দিক দিয়ে আরও-অনেক সাম্য রয়েছে, তা প্রমাণ করা তখন কঠিন হবে না। সাম্য আবিষ্কার করা যদি সম্ভব না হয়, তাহলে তার অর্থ এও হতে পারে—প্রাণ-প্রকাশের ধারা দুয়ে স্বতন্ত্র, অথবা এখনও তা ধাতুতে হয়তো সূম্পুন্ট হয়ে ওঠেন। তব্ প্রাণনের প্রথম স্পন্দনের একট্বখানি আভাস তার মধ্যে থাকা অসম্ভব নয়। প্রাণের লক্ষণ যত অম্পন্টই হ'ক, তার রেশট্রকুও ধাতৃথন্ডের মধ্যে যদি থাকে, তাহলে তার সগোত্র অন্যান্য জড়পদার্থে কি মাটির মধ্যেও দ্রাণরপে তার বীজসত্তা নিয়ে তা সংবৃত্ত হয়ে থাকবে না কেন? কন্তুত, গবেষণা আরও গভীর হলে, হাতের কাছে সাধনসামগ্রী তৈরী না থাকার জন্যে অসময়ে তার মধ্যে আর আমাদের দাঁড়ি টানতে হবে না। তথন প্রকৃতির সারপ্যালীলার 'পরে নির্ভার করে নিঃসংশয়ে একদিন আবিষ্কার করব, তার কৃতির ধারায় কোথাও ছেদ নাই। বাস্তবিক মাটি আর তার অন্তর্গত ধাতুর তাল, দুয়ের মাঝে কোনও কঠিন ভেদের রেখা টানা একেবারেই অসম্ভব। ধাত আর উদ্ভিদের বেলাতেও তা-ই। এই সামান্য সূত্র ধরে এগিয়ে দেখি, মাটি বা ধাতু যে ম্লভূত আর পরমাণ্র সমাহারে গড়ে উঠেছে, তাদেরও মূলে রয়েছে এক অবিচ্ছেদ ধারা। এমনি করে অখন্ড সন্তার পর্বান্ক্রমে আদিপর্ব উদ্যত হয়ে আছে উত্তরপর্বের জন্যে, তার আ-ভাসকে দ্রুণর্পে সে নিজের মধ্যে ধারণ করছে। সব ছেয়ে আছে এক অখণ্ড প্রাণ—কোথাও গঢ়ে কোথাও প্রকট, কোথাও ব্যাকৃত কোথাও অব্যাকৃত, কোথাও সংব্রু কোথাও বিব্রু। কিন্তু আছে সে বিশ্ব জ:ভে—সব ছেয়ে, অবিনশ্বর হয়ে। ভেদবৈচিত্র্য শহুর তার রূপায়ণে আর ব্যাক্ততে।

একটা কথা মনে রাখতে হবে। বাইরের অভিঘাতে সাড়া দেওয়া প্রাণনের একটা বহিরখগ লক্ষণ মাত্র। আমাদের শ্বাস-প্রশ্বাস আর চলাফেরাও তাই। গবেষণাগারে গবেষক বিশিষ্ট অভিঘাতের ফলে স্কুপন্ট একটা সাড়া পেলেন। অমনি তিনি ধরে নিলেন, যে সাড়া দিল নিশ্চয়ই তার প্রাণ আছে। ধরা যাক, সাড়া দিয়েছে একটা উল্ভিদ। কিল্টু অভিঘাতে সাড়া দেওয়া তার কি এই প্রথম? সারাজীবন ধরেই তো চার্রাদকের পরিবেশ হতে সে পেয়ে এসেছে প্রেজত অভিঘাত, আর প্রতি ম্হুতে তার উত্তরে দিয়ে এসেছে দ্নির্বাক্ষ্য বিচিত্র সাড়া। অর্থাৎ পরিবেশের শক্তির অভিঘাতে সাড়া দেবার মত শক্তির একটা ভাশ্ডার নিত্যসন্থিত রয়েছে তার মধ্যে। কেউ-কেউ বলেন, নাড়া পেলেই সাড়া দেওয়া থেকে প্রমাণ হয়, উল্ভিদ কিংবা অন্যান্য জীবদেহে প্রাণশক্তি বলে একটা পৃথক শক্তি স্বীকার করবার কোনও প্রয়োজন নাই—কেননা স্পণ্টই দেখা বাচ্ছে, জীবপ্রবৃত্তি জড়শক্তির একটা যক্তলীলা ছাড়া আর-কিছুই নয়। কিল্টু

বাদতবিক উদ্ভিদকে অভিহত করার অর্থ—শক্তির বিশেষ-একটা সংবেগকে কোনও নির্দিশ্ট ধারায় তার মধ্যে সন্থারিত করা। তেমনি উদ্ভিদের সাড়া দেবার অর্থও হল—শক্তির সংবেগ যেন অন্য-একটা ধারায় বেদনা-দ্পন্দিত হয়ে উঠেছে নাড়া পেয়ে। এমনি করে নাড়া থেয়ে সাড়া দেবার মধ্যে তার সন্তারই হৃদয়দ্পন্দ ফোটে। শ্ব্ব তা-ই নয়। উদ্ভিদের টিকে থাকবার এবং বাড়বার আকৃতি হতে একটা অবমানস অন্তলগময় কোশের পরিচয় পাই—যা তার অন্তগ্র্ট চিংশক্তির বিস্থিট।...সব মিলে ব্যাপারটা দাঁড়াল এই : বিশ্ব জ্বড়ে যেমন দ্থলে-স্ক্রা বিচিত্র র্পে উচ্ছন্ত্রিত এক বিপ্রল শক্তিসংবেগের নিত্য দ্পন্দন আছে, তেমনি প্রতি জড়বিগ্রহে বা বদ্তুতে (হ'ক সে পশ্ব উদ্ভিদ কি ধাতু) সন্তিত হয়ে আছে সেই শক্তিবেগের চাণ্ডল্য। এ-দ্বেরর মাঝে অন্যান্যবিনিময়ের লীলাকে আমরা সাধারণত প্রাণ বলে জানি। শক্তির এই বিকিরণে আমরা পাই প্রাণের তেজােমর র্পের পরিচয় এবং এই তেজের স্কির আধারকেই বলি প্রাণশক্তি। মনের তেজাের্প, প্রাণের তেজাের্প, জড়ের তেজাের্প,—সমদ্তই এক বিশ্বশক্তির বিচিত্র বিচ্ছুরণ মাত্র।

আমরা যাকে মনে করি মৃত, তারও মধ্যে প্রাণশক্তির সংহত বীর্য সূপ্ত রয়েছে, যদিও সম্পরিচিত প্রাণনবৃত্তি সেখানে স্তম্ভিত এবং তাদের অত্যন্ত-প্রলয়ও আসন্ন। যে মরে গেছে. তাকে বাঁচিয়ে তোলা কোন-কোনও ক্ষেত্রে একেবারে অসম্ভব নয়। তাতে প্রমাণ হয় আমরা যাকে প্রাণ বলি, দেহে তথনও তার অহিতম্ব ছিল। কিন্তু সে ছিল স্বপ্ত: অর্থাৎ তার অভ্যস্ত ক্রিয়ার কোনও নিশানা ছিল না—ছিল না শারীরক্রিয়া, ছিল না নাডীসংবেদনের লীলা, বা জান্তব মনশ্চেতনার সুপরিচিত সাড়া। প্রাণ বলে আলাদা একটা-কিছু দেহ ছেড়ে পালিয়ে গিয়েছিল, এবং দেহটাকে চেতিয়ে তোলায় সুযোগ বুঝে আবার সে চ্রকে পড়ল তার মধ্যে—এমন কম্পনা এ-ক্ষেত্রে অসম্ভব। কেননা, প্রাণ দেহকে একেবারে যদি ছেড়ে যায়. তাহলে দেহের সঙ্গে সকল যোগ নষ্ট হওয়ায় কি করে সে জানবে যে আবার তার দেহে ফেরবার সময় হয়েছে? আবার কোন-কোনও ক্ষেত্রে—যেমন ম,চ্ছারোগে—জীবনের সকল চিহ্ন সকল বৃত্তি স্তম্ভিত হয়ে গেলেও মন সম্পূর্ণ সচেতন ও স্বতন্ত থাকে, যদিও দেহ দিয়ে সাড়া দেবার স্বাভাবিক ক্ষমতা তার ল_বপ্ত হয়ে যায়। তথন এমন বলা চলে না যে মান্যটার দেহের মৃত্যু হলেও তার মন বে'চে আছে, অথবা প্রাণ দেহ ছেড়ে পালিয়েছে কিন্তু মন তব্ব দেহকে আঁকড়ে আছে। স্বাভাবিক শারীর্রাক্রয়া স্তম্ভিত হলেও মন এখনও সাক্রয়—এই ব্যাখ্যাই এ-ক্ষেত্রে যুক্তিসঙ্গত।

তেমনি সমাধিরও বিশেষ-কোনও অবস্থায় শারীরক্রিয়া এবং বহিশ্চর মনের ক্রিয়া স্তদ্ভিত হয়ে যায়। কিস্তু আবার তাদের কাজ শ্রুর হয়—কখনও বাইরের পরিচর্যায়, অনেকক্ষেত্রে ভিতর হতে ব্যাখানের স্বাভাবিক প্রেরণায়। আসল ব্যাপারটা এখানে এই। সমাধিপরিণামের ফলে বহিশ্চর মনঃশক্তি অবচেতন মনে এবং বহিশ্চর প্রাণশক্তি অন্তশ্চর প্রাণে গর্নটয়ে আসায়—হয় গোটা মান্যটাই তলিয়ে যায় অবচেতন ভূমিতে, নয়তো বহিজ্ঞীবনকে অবচেতনায় সংহত ক'রে অন্তন্দেতনাকে সে অতিচেতন লোকে উৎক্ষিপ্ত করে। কিন্ত এখানে লক্ষণীয় এই : যে-শক্তি (স্বরূপ তার যা-ই হ'ক) প্রাণের সংবেগকে দেহের আধারে ধরে রাখে, তার বাইরের ব্যক্তিকে স্তম্ভিত করেও ভিতরে-ভিতরে সে কিন্তু সমুস্তটা দেহপিণ্ডই ছেয়ে থাকে। তারপর একটা সময় আসে, যখন দ্তদ্ভিত বৃত্তিকে ফিরে সে সচল করতে পারে না। কখনও দেহের মর্মতন্ত ছিল্ল হয়ে দেহটা অকেজো অথবা অভ্যদত ক্রিয়ায় অক্ষম হয়ে যায়। আবার কখনও তব্তবিচ্ছেদ না ঘটলেও দেহের মধ্যেই বিস্তাদিতর ক্রিয়া শারা হয় অর্থাৎ প্রাণবাত্তিকে সজাগ করে তুলবে যে-শক্তি, পরিবেশের বিচিত্র শক্তির হানাতেও সে আর সাড়া দেয় না। তাই এতকাল ধরে পরিপ্রত অভিঘাতের ফলে শক্তির যে-অন্যোন্যবিনিময় চলছিল, তার নিব্তিতে দেহেরও প্রারুজীবন অসম্ভব হয়। কিন্তু তখনও দেহের মধ্যে প্রাণের লীলা চলছে। তবে প্রাণ লেগেছে গড়বার কাজে নয়—যে-ঘর সে বে'ধেছিল, তাকে ভাঙবার কাজে। ঘরের মালমশলা আবার তখন গিয়ে জমে আদিম-ভূতের ভাণ্ডারে এবং তা-ই দিয়ে শ্রুর হয় নতুন করে ঘর বাঁধবার আয়োজন। বিশ্বশক্তির যে-দিব্যক্ততু দেহপিণ্ডকে এতক্ষণ ধরে ছিল, এইবার ম্ ভি শিথিল করে সে সায় দেয় বিশরণের কাজে। এর্মান করে ভিতর থেকে ধ্বংসলীলার শুরু না হলে দেহের সত্যকার মরণ হয় না।

প্রাণ তাহলে বিশ্বব্যাপী এক মহাশক্তির জণ্গমলীলা। সে-শক্তির মধ্যে কোন-না-কোনও আকারে, অন্তত আধারতত্ত্বপ্রপ্ত মানসচেতনা এবং নাড়ী-সঞ্চারী প্রাণবৃত্তি প্রচ্ছয় আছে। তাই এ-জগতে জড়ের আধারে তাদের আবির্ভাব ও ব্যাকৃতি সম্ভব হয়। এই বিশ্বশক্তির প্রাণলীলা স্বরচিত বিচিত্র মৃতির মধ্যে ফুটে ওঠে অভিঘাত ও সাড়ার অন্যান্যবিন্ময়ে। প্রত্যেক মৃতির মধ্যে শক্তির নিজেরই নাড়ীর নিতাস্পন্দন রয়েছে। প্রত্যেক মৃতির শ্বাসে-প্রশ্বাসে চলছে ওই একই উৎস হতে উৎসারিত অনিল অমৃতের অজপা। এক মহাশক্তিই প্রত্যেক মৃতির আহার ও পৃন্ছির বহুধাবৃত্ত সাধন। ক্ষনও-বা প্রোক্ষ উপায়ে তারা নিজেকে পোষণ করে অপর মৃতির মধ্যে সন্থিত তেজকে আত্মসাং ক'রে, আবার কখনও চারদিকে বিচ্ছবিত্ত বিশ্বশক্তির বিচিত্র তর্পাকে সোজাস্কি শোষণ করে নেয়। এসম্বতই প্রাণের লীলা। কিন্তু আমরা তাকে ভাল চিনি, যখন বহিশ্চর বৃত্তির জটিলতায় তার ব্রহ্ছাবের স্কৃপট পরিচয় পাই—বিশেষত আম্যাদের স্কৃপরিচিত নাড়ীতক্ত যখন তার

শক্তির বাহন হয়। এইজন্যই উদ্ভিদ্ প্রাণ আছে, একথা স্বীকার করতে আমাদের বেগ পেতে হয় না, কেননা প্রাণের লক্ষণ তার মধ্যে অস্পণ্ট নয়। ব্যাপারটা আরও সহজ ঠেকে যথন দেখি—উদ্ভিদের দেহেও নাড়ীতশ্রের নিশানা আছে, অনেকটা আমাদেরই মত তার প্রাণনকৃত্তি। কিন্তু ধাতুতে মাটিতে কি ভূতাণ্তে প্রাণ আছে, একথা আমরা মানতে নারাজ—কেননা প্রাণের বাহ্য লক্ষণের কোনও আভাস তাদের মধ্যে হয় দ্বনিরীক্ষ্য নয়তো আপাত-নিশ্চিহ্য।

কিন্তু জীব আর তথাকথিত অজীবের মাঝে এই বাইরের তফাতট্যুকুকে দ্বরূপের ভেদ বলে গণ্য করা কি ঠিক? ধর আমাদের জীবন আর উদ্ভিদের জীবন। দুয়ের মাঝে তফাত কোথায়? দুর্টি বিষয়ে উদ্ভিদ থেকে আমরা আলাদা। প্রথমত, আমাদের চলাফেরার ক্ষমতা আছে-র্যাদিও প্রাণনের নাড়ীর খবর তাতে মেলে না; দ্বিতীয়ত, আমাদের সচেতন বোধশক্তির দাবি আছে, কিন্তু যতদরে জানি উদ্ভিদের মধ্যে আজও সে-শক্তির বিকাশ হয়নি। আমাদের নাড়ীতন্তে যে-সাড়া জাগে—সবসময় বা প্রোমাতায় না হ'ক—একটা সচেতন ইন্দ্রিয়বোধের সাড়া মনের মধ্যে সে আনেই। যেমন মনের কাছে, তেমান নাড়ীতন্তে বা তার ঝঙ্কারে প্রহত দেহযন্তের কাছে সে-সাড়ার একটা বিশেষ মূল্য আছে। মনে হয়, উদ্ভিদের মধ্যেও নাড়ীর বোধ যে আছে, তার নিশানা একেবারে দুর্ল'ভ নয়। তার কতকগ্বলি সাড়াকে আমাদের ভাষায় তজমা করা যেতে পারে স্বখ-দ্বঃখ, নিদ্রা-জাগরণ, উচ্ছবাস-অবসাদ ও ক্লান্তির সংজ্ঞায়। নাড়ীতনের ঝংকারে উদ্ভিদের দেহও নিশ্চয় রণিত হয়ে ওঠে. কিন্তু মনশ্চেতনায় তার বোধ সক্রপন্ট হয়ে ফুটে ওঠার কোনও নিদর্শন পাওয়া যায় না। তবু একথা মানতেই হবে, বোধ সকল ক্ষেত্রেই বোধ—এখন মনের চেতনায় কি প্রাণের সাড়ায় যে-আকারেই সে ফুট্কুক না কেন। তাছাড়া সম্মাণ্ধ-বোধও চেতনারই একটা রূপ। স্পর্শকাতর উদ্ভিদ যখন কোনও-কিছুর ছোঁয়াচ হতে নিজেকে গ্রুটিয়ে আনে, তখন বেশ বোঝা যায়, আঘাতটা বেজেছে তার নাড়ীতন্ত্রে এবং তার মধ্যে এমন-কিছু আছে যা বাইরের ছোঁরাচটা পছন্দ করে না বলেই গুর্নিটয়ে আসে। এককথায়, উন্ভিদের মধ্যেও অবচেতন একটা বোধশক্তি আছে—যেমন জানি আমাদের মধ্যেও আছে অবচেতনার এমন-কত ক্রিয়া। মান্ব্যের বেলায় অবচেতন অন্ভবগ্লিকে অতীতের কবর খ্রুড়ে উপরে টেনে তোলা যায়—নাড়ীতল্তে তাদের কোনও রেশ বে'চে না থাকলেও। চেতনার চেয়ে অবচেতনার রাজ্যই যে স্দ্রেপ্রসারী আমাদের মধ্যে, নিত্য-উপচীয়মান স্ত্রপাকার তথ্যের সাক্ষ্যে তার অকাট্য প্রমাণ পাওয়া গেছে। অতএব উদ্ভিদের মধ্যে একটা বহিশ্চর জাগ্রং মন অবচেতন অন্তেবকে যাচাই করতে পারছে না বলেই প্রমাণ হয় না যে তার অন্তব

মিথ্যা। অথচ অবচেতনার রীতি মান্য আর উদ্ভিদের মধ্যে হ্বহ্ এক। রীতি যদি এক হয়, তাহলে ম্লবস্তুটাও এক—অর্থাং মান্যে অবচেতন মনবলে কিছ্ থাকলে উদ্ভিদেও তা আছে। এও সদ্ভব, ধাতুর মধ্যেও অতি অসপট ভ্রের আকারে এক সম্ম্বাধ-বোধময় অবচেতন মনের প্রাণলীলা আছে—যদিও নাড়ীতল্তার ঝাকারে রিণত হবার মত দেহযাল তার নাই। কিন্তু দৈহ্য অন্রণন না থাকলেও ধাতুখন্ডে প্রাণনশক্তি থাকার কোনও বাধা হয় না—যেমন নাকি দৈহ্য চলংশক্তি না থাকাতেও উদ্ভিদের মধ্যে তা অসম্ভব হয়ন।

চেতনা যখন অবচেতনার গহনে তলিয়ে যায়, অথবা অবচেতনা উঠে আসে চেতনার ভূমিতে, তথন বাস্তবিক কি ঘটে? এথানে সতাকার বৈশিষ্ট্য স্ফুরিত হচ্ছে-ব্যত্তির একদেশেই চিংশক্তির পরিপূর্ণ অভিনিবেশে, তার অল্পাধিক অন্যব্যাব্ত আত্মসংহরণে। আত্মসংহরণ বা আত্মসমাধানের কোনও-কোনও দশায় প্রজ্ঞানের বহিব্রতি (আমরা যাকে বলি মনশ্চেতনা) আর যেন সচেতনভাবে কাজ করে না. কিংবা একেবারে নিরুদ্ধ হয়ে যায়। কিন্তু তথনও দেহ নাড়ীতন্ত্র ও আলোচনমনের ক্রিয়া চলতে থাকে—অসাডে অথচ অবিচ্ছেদে ও নিখ;তভাবে। অর্থাৎ প্রবৃত্তির একটা ধারা ধরেই মন তখন সক্রিয় এবং প্রভাস্বর হয়—তার আর-সব অবচেতনার মধ্যে তলিয়ে যায়। লেখবার সময় লেখকের যেট্রকু শারীরব্যাপার, তার বেশির ভাগ, কখনও-বা সবটাই থাকে অবচেতন মনের শাসনে। নাডীতন্তের ইণ্গিতে শরীর যেন তথন বিশেষ কতগুলি ভাগ্গতে অচেতনভাবে নড়তে থাকে, আর মন সচেতন থাকে তার প্রত্যাসন্ন চিন্তা নিয়ে। এমনি করে গোটা মানুষটাই কথনও অবচেতনায় তালিয়ে যেতে পারে, অথচ কতগর্বাল অভ্যদত আচরণ থেকে বোঝা যায় তার মন তখনও সক্রিয়—এই যেমন স্বণ্ন-সঞ্চরণে। আবার কখনও সে অতিচেতন ভূমিতে উঠে যেতে পারে, অথচ তার দেহে অধিচেতন মনের ক্রিয়া চলতেই থাকে—যেমন কোনও-কোনও যোগসমাধিতে। এহতে স্পণ্টই বোঝা যায়. উন্ভিদের বোধে এবং আমাদের বোধে এইটাকু তফাত যে, উন্ভিদের মধ্যে বিশ্বরূপা চিংশক্তি এখনও যেন জড়ত্বের ঘুম ভেঙে প্রাপ্রির জেগে ওঠেনি। যে অতিচেতন-বিজ্ঞান বিশ্বকমের প্রবর্তক, প্রবর্তিত শক্তি উদ্ভিদ-চেতনায় তাথেকে সম্পূর্ণ বিষাক্ত হয়ে আছে এবং কিছাতেই এই বিচ্ছেদের ঘোর কাটিয়ে উঠতে পারছে না। কাজেই অবচেতনভাবে আজ সে তা-ই করে চলেছে, মুড় অভিনিবেশের মূর্ছাভণে মানুষের মধ্যে জেগে ওঠে একদিন সচেতন হয়ে যা করবে। তখন আবার ওই হবে তার বিজ্ঞানান্দার মধ্যে প্রবৃদ্ধ হবার পরোক্ষ আয়োজন। এর্মান করে পরিণামের পর্বে-পর্বে চলছে একই চৈতন্যলীলা. কিন্ত প্রতি পর্বে তার ভঞ্জি স্বতন্ত্র—কেননা চেতনার প্রকাশের দিক থেকে তার প্রয়োজনও স্বতস্ত।

একটা কথা ক্রমেই স্পন্ট হয়ে উঠছে। দেখছি, জডপরমাণুর মধ্যেও এমন-কিছ, আছে, যা আমাদের মধ্যে এসে ইচ্ছা আর বাসনার আকার নেয়। বাইরে থেকে পরমাণার আকর্ষণ-বিকর্ষণকে ভিন্নগোত্র মনে হলেও, কন্তৃত আমাদের অন্বরাগ-বিরাগের সঙ্গে তার নাড়ীর যোগ রয়েছে। শুধু বলতে পারি. জড়ের মধ্যে এ-বেদনা' অচেতন বা অবচেতন। এই ইচ্ছা আর বাসনার লীলা তত্ত্ত বিশ্বপ্রকৃতির সর্বত্র ছেয়ে আছে—কেবল আমাদের চোখে তার রূপটি স্পণ্ট নয়। নইলে এক অবচেতন বুণিধর্শাক্তর অনুষণ্ণ-এমন-কি তার প্রকট রূপে বলে স্বচ্ছন্দে একে ব্যাখ্যা করা চলে। তাকে অবচেতন বলতে আপত্তি থাকলে বলব অচেতন অর্থাৎ একান্তই সংবৃত্তচেতন। কিন্ত তব সে সারা বিশ্ব জুড়ে আছে। প্রতি জড়পরমাণুতে এই সংবৃত্ত বৃদ্ধির বৈদনা থাকলে জগতের সকল বস্তুতেই তা থাকবে—কেননা বুস্তুমান্ত্রেই তো প্রমাণ্-প্রে ছাড়া কিছ্ব নয়। আবার প্রমাণ্ব যে-মহাশক্তির র্পান্তর, সে চিন্ময় বলে প্রতি পরমাণ্টে স্বরূপত একটি চিংকণা। বেদানতীর কাছে মহাশক্তি বস্ততই চিৎ-তপঃ বা চিৎ-শক্তি অর্থাৎ চিৎস্বর্পের স্ব-গত চিন্ময় প্রবেগ। সেই শক্তিই ফাটে ওঠে উল্ভিদের মধ্যে অবমানস-বোধময় নাড়ীতলের সামর্থ্যে, বাসনার বেদনা ও সংবেগ নিয়ে আদিম প্রাণিদেহে, আত্মসচেতন বেদনা ও সংবেগ নিয়ে উধন্তন জীবের মধ্যে এবং মনোময় সংকলপ ও বিজ্ঞানের লীলায় সকল প্রাণীর সেরা মানুষের মধ্যে। প্রাণ যেন তপোঘনা বিশ্বশক্তির মহাত্তবী—তার ঘাটে-ঘাটে বৈজে উঠছে অচেতনা হতে চেতনা পর্যত্ত বিচিত্র স্বরের লীলা। মহাশক্তির এ যেন অর্ন্তরিক্ষলোক। তার বীর্য স্বস্থ-নিমন্ত্রিত রয়েছে জডের গ্রেশয়নে, নিজেরই শক্তির প্রবেগে অঙ্করিত হচ্ছে অবমানস চেতনায় এবং পরিশেষে মনঃশক্তির উন্মেষে পল্লবিত হয়ে উঠছে তার বিচিত্রবীর্যের বিপলে সম্ভাবনা।

প্রাণের উন্মেষের বহির গ লীলাকেও যদি বিশ্বপরিণামের তত্ত্বালোকে বিচার করি, তাহলে আর-কিছু না হ'ক অন্তত যুক্তির খাতিরেও এ-সিম্পান্তকে আমাদের না মেনে উপায় নাই। স্পন্টই দেখছি, উদ্ভিদের মধ্যে যে-প্রাণ, পশ্ব হতে তার সংহননের ধারা স্বতন্ত্র হলেও স্বর্পত সে তো একই শক্তি। উদ্ভিদেরও পশ্বর মতই আছে জন্ম বৃদ্ধি ও মৃত্যু, বীজের সহায়ে বংশবিস্তার, অবক্ষয়ে ব্যাধিতে অত্যাচারে মরণ, বাইরে থেকে প্রাণ্টির উপাদান আহরণ করে নিজেকে বাঁচিয়ে রাখা, আলো ও তাপের 'পরে নির্ভর, বহ্পজনন বা বন্ধ্যাছ—এমন-কি স্কৃপ্তি ও জাগরণ, উত্তেজনা ও অবসাদের ছন্দে জীবনায়ন, শৈশব প্রোঢ়ি ও বার্ধক্যের ক্ম-পরিণাম। তাছাড়া উদ্ভিদে জীবনীশক্তির মুখ্য উপাদান আছে, তাই প্রাণিমাত্রেরই সে স্বাভাবিক অল্ল। যদি মানি, তার মধ্যে নাড়ীতন্ত্র আছে, আছে অভিযাতে সাড়া দেবার সামর্থা, অবমানস অথবা

অবিমিশ্র প্রাণময়-বোধের একটা আভাস কি ফল্যাধারা—তাহলে পশ্য আর উদ্ভিদের সার পা আরও স্পন্ট হয়ে ওঠে। তব বলব উদ্ভিদ রয়েছে প্রাণ-পরিণামের অন্তরিক্ষলোকে—জীবজগৎ আর অজীব জডজগতের মাঝামাঝ। কিন্তু এই মধ্যম্থিতিই তো তার পক্ষে স্বাভাবিক। কেননা, প্রাণ যদি বিশ্ব-শক্তির সেই সংবেগ হয়, জড় হতে অঙকুরিত হয়ে যা মনের লালায় মঞ্জারত হচ্ছে, তাহলে জড় আর মনের মাঝে এমন-একটি মধ্যলোকের সম্ভাবনাই তো প্রত্যাশিত। তা-ই যদি হয়. তাহলে মানতে হবে, প্রাণ জড়ের মধ্যেই সম্প্র বা মান হয়ে ছিল—জড়ারের অবচেতন কি অচেতন ত্যোঘনতার গভীরে। কোথা হতে তার আবিভাবি হল? জড় হতে প্রাণের বিবৃত্তি মানতে গেলেই জড়ের মধ্যে তার প্রাক্তন সংবৃত্তি মানতে হয়। নইলে বলতে হয়, প্রকৃতির মধ্যে প্রাণের এই অতর্কিত আবিভাব একটা অহৈতক ইন্দ্রজাল। তা-ই যদি হয়, তাহলে প্রাণের আবিভাব হয়েছে হয় অসং হতে, কিংবা জডের কোনও প্রক্রিয়া-বিশেষ হতে (যদিও কোনও জডপ্রক্রিয়াতে তার এতট্বকু আভাস নাই), অথবা প্রাণেরই সগোত্র কোনও জড়ভূত হতে। আবার এমনও কল্পনা করা চলে. প্রাণ এসেছে স্থাল বিশের উধের প্রতিষ্ঠিত জডাতীত কোনও ভূমি হতে। প্রথম দুটি সিন্ধান্তকে কল্পনার থেয়াল ভেবে উডিয়ে দেওয়া চলে। শেষ সিন্ধান্তটি যুক্তিসিন্ধ কল্পনার অনুক্ল ব'লে তব্ও সম্ভবপর। তাছাড়া মরমীয়ার রহস্যদূদ্টি বলে, জড়ভূমির উধের্ব অবন্থিত কোনও প্রাণলোকের আবেশে প্রথিবীর বুকে ফুটেছে প্রাণের অরুণ ছটা। কিন্তু তব্, জড়ের মধ্যে প্রাণ জেগেছে জডেরই অবশ্যম্ভাবী আদ্যচ্ছন্দর পে—একথা মানতে বাধা নাই। কারণ, জডভূমির উধের্ব প্রাণলোক আছে বলেই জড়ের আধারে প্রাণ ফুটবে না. যদি অচিতির মধ্যে আত্মর পায়ণের পর্বে-পর্বে চিৎসত্তার যে-অবতরণ প্রাণলোক তার সন্ধিভূমি বা আশয় না হয়। তাইতো চিৎসন্তার সমুহত বীর্য বীজরুপে জড়ের মধ্যে নিহিত—পরিণামের ধারা ধরে আবার উন্মিষ্ঠিত হবে বলেই। এমনি আত্মনিগ্রেন ছাডা আত্ম-উন্মেষ কথনও সম্ভব নয়। জড়ের মধ্যে নিগ্হিত প্রাণের স্চনা কখনও অব্যাকৃত বা অপরিণত, কখনও-বা নিষ্পু প্রাণ বাইরে কোনও লেখাই ফ্রাটিয়ে তোলে না। কিন্তু তার সার্বভৌম অদিতত্বকে প্রমাণ করতে এইধরনের লক্ষণবিচারের খুব বেশী প্রয়োজন আছে কি ? যে-জড়শক্তির মধ্যে দেখি সৎকলন ব্যাকৃতি ও বিকলনের* লীলা.

^{*} জীবপ্রকৃতির জ্ঞম পর্নিণ্ট আর মরণ বাইরে থেকে দেখতে গেলে জড়প্রকৃতির সঙ্কলন ব্যাকৃতি ও বিকলনেরই শামিল, যদিও তার ভিতরের কিয়া ও তাৎপর্য আরও স্ক্রা এবং গভীর। রহস্য-দর্শনের রায় মানলে বলা চলে, চৈত্যপ্রের্বের জীবদেহ আশ্রয় করার ব্যাপারটাও বাইরে-বাইরে একই রক্ম। জন্মের প্রের্বি চিৎকেন্দ্রর্শে জীব অল্লময় প্রাণময় এবং মনোময় কোশের উপাদান ও ব্তিসম্হকে প্রথমে আকর্ষণ ও সঙ্কলন করে নিজের মধ্যে। তারপর নবজ্ঞতে তাদের ব্যাকৃত ক'রে জীবন্দশায়

সেও কিন্তু ভূমিভেদে ওই একই মহাশক্তি—যে দ্বলছে প্রাণের ছন্দে বিশ্ব জ্বড়ে জন্ম প্রভিট ও মরণের তরঙগে। এমনি করেই তো দ্বন্দঞ্জারী অবচেতনায় নিগড়ে থেকেও ব্র্দিধর লীলায় সে প্রমাণ করে, জাগ্রত চেতনায় সে-ই মন হয়ে ফ্রটেছে। তার এই ধরন দেখে মনে হয়, প্রাণ ও মনের অন্নিম্বিত যত বীর্য, সমস্তই জ্বার্পে তার গর্ভাশিয়ে শ্যান রয়েছে, এখনও তারা বিশিষ্ট ব্যাকৃতি বা পরিণামের ধারা ধরে জেগে ওঠেনি।

পরমাণ্য হতে মান্য পর্যন্ত সর্বত্র তাহলে স্বরূপত এক অখন্ড প্রাণের প্রকাশ। সত্তার যে প্রকৃতি ও পরিণাম অবচেতন হয়ে আছে পরমাণ্রর মধ্যে, পশ্বতে তা-ই পেয়েছে চেতনার মাক্তি। উদ্ভিদজীবন দুয়ের মাঝে পরিণামের একটা মধাপর্ব শ্বা। বস্তৃত প্রাণ চিংশক্তিরই এক বিশ্বব্যাপী লীলা— অন্তরে-বাইরে থেকে জড়ের 'পরে চলছে যার নিগঢ়ে শাসন। এই প্রাণই আকৃতি বা বিগ্রহের সৃষ্টি পর্বাণ্ট ও ধরংস দ্বারা আবার তাদের নতুন করে গড়ে তোলে নাডীতল্রে সন্ধারিত সঞ্চেতনী শক্তির উজান-ভাটায় চেতনার সাডা জাগায় আধারে-আধারে। তার এই বোধনলীলার তির্নাট পর্ব আছে। আদি-পর্বে. জড়ের নিষ্কৃপ্তিতে যেন কাঁপন ধরেছে পরিপূর্ণ অবচেতনার ঘোরে— একেবারে সম্মৃত ফ্রাবর্তনের মত। মধ্যপর্বে দেখা দিয়েছে একটা অস্পন্ট অবমানস সাড়া—আমরা যাকে চেতনা বলি, তার সে কাছাকাছি। আব অন্তাপর্বে প্রাণিদেহে ফুটেছে মনশ্চেতনা, যেখানে বোধের অনুনিপি আঁকা হয় মনের পটে এবং তাহাতে ধীরে-ধীরে ইন্দিয়মন ও ব্রাদ্ধর বানিয়াদ গড়ে ওঠে। এই মধাপরেই সাধারণত আমরা জড় ও মন হতে বিবিক্ত প্রাণের পরিচয় পাই। কিন্তু বদ্তুত প্রত্যেক পর্বে ছিল একই অখণ্ড প্রাণের লীলা— মনঃসত্তা ও জড়সত্তার সেত্রপে। প্রতিপর্বেই সে জড়ের উপাদান এবং মনের আশয়। চিৎশক্তির লীলা হয়ে প্রাণ যে শ্বদ্ব র্পধাতুকে গড়ে তুলছে তা নয়। অথবা শুধু মনের বৃত্তিরূপে রূপধাতৃকে সে যে প্রজ্ঞানের বিষয় করছে, তাও নয়। বরং বলা চলে, প্রাণ যেন চিংসন্তার তেজোময় বিচ্ছরেণ, যা রূপ-ধাতুর সাক্ষাৎ কারণ ও আধার হয়ে তবেই সচেতন মানস-প্রজ্ঞানের অবান্তর কারণ এবং আধার হয়েছে। **চিৎসন্তার এই অবা**ন্তরব্যাপারর পেই প্রাণ বোধের ক্রিয়া-প্রতিক্রিয়ায় সিস্ক্রার সেই নিগ্রু বীর্যকে মুক্তি দেয়, সত্তার স্বর্প-ধাতুতে যার স্পন্দমান আকৃতি নিলীন ছিল। এমনি করে প্রাণের প্রভাবে সত্তার সেই প্রজ্ঞানের লীলা মৃত্তি পায়, যা আমাদের মধ্যে ধরে মনের রূপ। প্রাণই আবার মনের মধ্যে এমন এক সাধনসংবেগ সন্ধারিত করে, যার ফলে

প্রভিষ্ট ঘটায়। অবশেষে মরণের সময় সংকলিত ক্ষণ্যকে বিকলিত ক'রে তাকে ছেড়ে যার এবং সেই সংগ্যা-সংগ্যা অক্তঃশব্তিসমূহকে নিজের মধ্যে আকর্ষণ ক'রে আবার তাদের সংকলিত করে। এমনিভাবে জন্মজন্মান্তর ধরে চলে একই ধারার প্রনরাব্তি। শন্ধ্ন নিজের ব্তি নয়, প্রাণ ও জড়ের বিচিত্র র্প নিয়েও তার কারবার চলো।
জড় আর মনের যোগাযোগকে প্রাণই বজায় রাখে দ্রেরর সেতু হয়ে। সেযোগাযোগের সাধন হল জীবদেহের নাড়ীতলে ছদ্দিত প্রাণের অবিরাম
বিদ্যুল্ময় প্রবাহ, যা রূপের শক্তিকে বোধে রূপান্তরিত করে যেমন মনের
বিপরিণাম ঘটায়, তেমনি মনের শক্তিকে ইচ্ছায় রূপান্তরিত করে ঘটায় জড়ের
বিকার। তাইতো প্রাণ বলতে আমরা সাধারণত ব্ঝি নাড়ীর এই সামর্থা।
এদেশের দর্শনিও একেই প্রাণশক্তি বলেছে। কিন্তু নাড়ীর সামর্থ্য শ্র্দ্ব পদ্রের
দেহে প্রাণের রূপ। অথচ এই প্রাণ অথন্ড হয়ে ছড়িয়ে আছে সকল রূপে—
এমন-কি পরমাণ্রর মধ্যেও। কেননা, বিশেবর সর্বত্ত তার স্বরূপ এক, সর্বত্ত
সে এক চিংশক্তির লীলা। এক মহাশক্তিই তার আত্মবিভূতির রূপধাত্বক
ধরে আছে ফ্র্টিয়ে তুলছে বিপরিণামের বিচিত্র ছন্দে। সে-শক্তি মৃঢ় বা
অবচেতন নয়। বোধ ও মনের নিগ্রু স্পন্দন জেগে আছে তার মধ্যে—যদিও
রূপের মধ্যে তাদের প্রথম আভাস অন্তর্গ্র, স্ফ্রেবন্তার আক্তিতে টলমল,
কিন্তু চরম প্রকাশ স্বচ্ছন্দ। এই তো সর্বগত মহান্ প্রাণের অথন্ড তাৎপর্য।
জডবিন্বের সে-ই প্রঘটা এবং অন্তর্থামী ধাতা।

বিংশ অধ্যায়

মৃত্যু কামনা ও অশক্তি

অল্লে.... মৃত্যুনৈৰেদম্ আৰ্তম্ আসীং। অশনায়া হি মৃত্যুঃ। তন্ মনো ১কুরুত, আল্পৰী স্যাম্ ইতি।

व्हमात्रगारकार्थानयः ১।२।১

প্রথমে সব-কিছ্ আবৃত ছিল মৃত্যুর দ্বারা; বৃভুক্ষাই মৃত্যু; নিজের প্রয়োজনে সে স্থি করল মন—'আথবান্ হব আমি' এই ভেবে।

—ব্হদারণ্যক উপনিষদ (১।২।১)

স মত্যং প্রেম্পাহং বিদদ্ বিশ্বসা ধায়সে। প্র স্বাদনং পিতৃপাম্ অস্ততাতিং চিদায়বে॥

वरण्यम ६ १५ १६

এই তো সেই বীর্য, মর্ত্য যাকে খ'রুজে পেল; বহুরিচিত্র স্পাহা তার বিশ্বকে জড়িয়ে ধরবে বলে; সকল অল্লের নেয় সে স্বাদ, আবার ঘরও বাঁধে জাঁবের তরে।
—ঋণ্বেদ (৫।৭।৬)

আগের অধ্যায়ে প্রাণকে দেখেছি অন্নময় ভূমি হতে। ব্রুতে চেয়েছি कि करत रम जरफ़्त भरधा जागल, कि धाताय रमशास हलल প्रागरनत लीला। তার জন্য আমাদের এই নিতাপরিণামী পার্থিবলোক হতেই তথ্য আহরণ করেছি। তাতে একটা কথা স্পণ্ট হয়েছে—প্রাণের আবিভাব যেখানেই হ'ক, যেমন পরিবেশে যে-ধারা ধরেই চলাক তার কাজ, তত্তত সর্বা তার এক অখন্ড ম্বরূপ। প্রাণ বিশ্বব্যাপী সেই মহাশক্তি যা বিশ্বের রূপধাত্তক সূতি করছে, বীর্যাধানন্বারা পুন্ট করছে, আবার ভেঙে-চুরে নতুন করে তাকে গড়ছে। ব্যক্ত কিংবা অব্যক্ত এক চিং-তপস তার অনাদি স্বরূপ, বিগ্রহে-বিগ্রহে চলছে তার অন্যোনাবিনিময়ের লীলা। আমরা আছি জড়ভূমিতে। মন সেখানে প্রাণের মধ্যে নিগ্র্ট হয়ে আছে অবচেতনার আচ্ছাদনে—যেমন অতিমানস অন্তর্গাট্ রয়েছে অবচেতন মনের মণিকোঠায়। আবার প্রাণসংবেগের এই অব্যক্ত চেতনাও সংবৃত্ত মনের অবচেতনাকে নিয়ে জড়ের মধ্যে নিগুটু হয়ে আছে। তাই মনে হয়, যেন জড়ের ভিত্তিতেই এখানে সবার শ্রুর। উপনিষদের ভাষায়, 'প্রতিথবী পাজস্যম'—প্রথিবীই যেন আমাদের খ;টি। বিদ্যুৎ-ব্যুহর্পী পরমাণরে ব্যাকৃতিতে জর্ডাবশ্বের পত্তন। অথচ ওই পরমাণতেই রয়েছে এক অবচেতন কামনা ইচ্ছা ও বৃদ্ধির অব্যাকৃত আকৃতি। জড়ের বৃকে প্রাণের আভাস জাগে—নিজের মধ্যে বন্দী মনকে জীবদেহের সহায়ে সে চায় মুক্তি দিতে। আবার মনেরও আছে অতিমানসকে মাক্তি দেবার দায়—যে-অতিমানস নিগ্ঢ়ে রয়েছে তার সকল বৃত্তির অন্তরালে। কিন্তু এ তো গোল এই লোকের কথা। এমন লোকও কল্পনা করতে পারি, যার গড়ন অন্যরকম। সেখানে আদিতে মন সংবৃত্ত নয়, আপন স্বধার বীর্যে সচেতন হয়েই সে রুপধাতুর নতুন লীলা ফোটাতে পারে—এখানকার মত অবচেতনার কুহেলিকায় স্থালতচরণে তার যাত্রা শ্রুর হয় না। এমন কামজগতের ধারা এ-জগৎ হতে সম্পূর্ণ স্বতন্ত্র হলেও সেখানে মন আর রুপের মধ্যে প্রাণই শক্তিলীলার বাহন হবে। এমন-কি লীলাভিগ্গির পূর্ণ বিপর্যয়েও শক্তির স্বরুপের বিপর্যয় কোনখানেই ঘটবে না।

তাহলে স্পণ্ট বোঝা যায়, মন যেমন অতিমানসের অন্তা বিভূতি, প্রাণও তেমনি চিং-তপসের অন্ত্য বিভৃতি--্যার বিস্থিত ও বিশেষণ ঘটছে সদভত-বিজ্ঞানের প্রশাসনে। শক্তিম্বর্প যে-চৈতনা, তা-ই পরমার্থ-সতের স্বীয়া প্রকৃতি। এই চিন্ময় সন্মাত্র নিজেকে যখন জ্ঞানময় তপের স্ভিলীলায় প্রকট করেন, তখন তাকেই বলি সদুভূত-বিজ্ঞান অথবা অতিমানস। এই অতিমানস কবিক্রতুকে বলতে পারি চিং-তপসের স্বতঃস্ফুরণ—যাহতে অথন্ডের বিচিত্র রূপের বিলাস ফোটে ক্ষতসার্যমার ছন্দোলীলায়, আমরা যাকে জগৎ বা বিশ্ব নাম দিয়েছি। তেমনি মন এবং প্রাণও সেই চিৎ-তপস বা কবিক্রতর রূপায়ণ। কিন্তু এদের মধ্যে চলছে তার রূপবৈশিষ্ট্যের বিবক্ত লীলা। প্রত্যেকটি রূপ এবার নিজ্ব সীমার রেখায় ঘেরা, সংঘাত ও বিরোধের ভিতর দিয়েই ঘটছে তাদের অন্যোন্যবিন্ময়। তাই প্রতি আধারে পরেষ এবার ফ্রটিয়ে তুলছে অপর হতে আপাত-ব্যাব্ত একটি বিশিষ্ট মন এবং প্রাণ। কিন্তু বস্তুত তারা ব্যাব্ত নয় একরস তত্ত্বের বিচিত্র রূপায়ণে একই অখণ্ড চেতনা মন ও প্রাণের তারা লীলায়ন। কথাটা এই : আমরা জানি, সর্বসংজ্ঞানী ও সর্বপ্রজ্ঞানী অতিমানসের ব্যন্টিলীলার চরম পর্বে দেখা দিয়েছে মন—যাকে আশ্রয় করে তার চেতনা প্রতি ব্যন্টি-আধারে নিজস্ব একটা দ্রন্টিভন্গি নিয়ে কাজ করে যায় এবং বিশ্বের সকল সম্বন্ধকে সেই দ্ভির অধীন করে। তেমনি প্রাণকে বলতে পারি চিংপুরুষের স্বরূপশক্তির অন্ত্যবিভৃতি—বিশ্বব্যাপী অতি-মানসের সর্বধারক ও সর্বকারক দিব্যক্রতুর চিন্ময় বিলাস। এই প্রাণের লীলাতেই ব্যাণ্টি আধারের পর্নিট ও বীর্যাধান হয়, চলে তা:দর গঠন এবং প্নগঠিন। ভূতে-ভূতে একে ভিত্তি করেই চেতনবিগ্রহের সব প্রবৃত্তি স্ফ্রারত হয়। প্রাণ বস্তুত ব্রহ্মের তপোবীর্য—ঘটে-ঘটে যেন সে বিদ্যালধারে নিত্য-উপচীয়মান রূপের বিদ্যাংপঞ্জ। বিকর্ষণের লীলায় সে যেমন প্রহত বিচ্ছ্বরিত হয় চারদিকের বন্তুর্পের 'পরে, তেমনি সংকর্ষণের লীলায় আবার চারদিক হতে নিজের মধ্যে টেনে আনে বিচিত্র প্রাণের অভিঘাত, গ্লাবিত-অনুষিক্ত হয় বিশ্বপরিবেশের অবিরাম ধারাবর্ষণে।

এইভাবে দেখলে প্রাণকে মনে হয় চৈতন্যের একটা তপোময় রূপ-সে যেন জডের 'পরে মনের ক্রিয়ার একটা স্বাভাবিক অবান্তরব্যাপার মাত্র। এক অথে সে যেন মনের তপোবিভূতি—যা দিয়ে বিশ্বধাতু হতে মন রূপের বিস্টি ঘটায়, বোনে রংপের জাল। কিন্তু সেইসঙ্গে মনে রাখতে হবে মন একটা বিবিক্ত পদার্থ নয়, তার পিছনে অথন্ড অতিমানসের আবেশ রয়েছে। বস্তৃত অতিমানসই মনকে স্থিট করেছে ব্যক্ষিভাবনার অন্ত্যপর্বরূপে। তেমন প্রাণও একটা স্বতন্ত্র বস্তু বা শক্তি নয়—অথন্ড চিংশক্তির প্রবেগ তার পিছনে. তার সকল প্রবৃত্তিতে প্রচ্ছন্ন আছে। বস্তুত বিশ্বের বিস্**চিট**তে আছে একমার চিংশক্তির অবিনাভত বিচ্ছারণ। মন ও দেহের মাঝে প্রাণ হল চিংশক্তির অন্ত্যবিভৃতি। অতএব প্রাণের সকল পরিচয়েই তার আশ্রয়তত্ত্বের বৈশিষ্ট্য যুক্ত থাকবে। বাস্তবিক প্রাণের প্রকৃতি বা প্রবৃত্তির কোনও খবরই আমরা জানতে পারি না, যতক্ষণ না তার অব্তানীহত চিংশক্তির স্বর্পটি আমাদের চেতনায় ভে:স ওঠে—কেননা প্রাকৃত প্রাণ ওই শক্তির বহিরণ্গ বিভৃতি ও সাধন মাত্র। প্রাণের এই নিগতে সতার পকে চিনলেই আমরা নিজেকে জানি ব্রহ্মের জীববিগ্রহ বলে বিশ্বলীলায় তাঁর মনোময় ও অল্লময় সাধন বলে। তখন তাঁর দিব্যক্রতকে বিজ্ঞানচক্ষ্মেবারা প্রত্যক্ষ করে এই জীবনেই তার সার্থক রূপ ফুটিয়ে তুলতে পারি। তখনই অবিদ্যাচেতনার কুটিল ধূতিকে পরিহার করে প্রাণ ও মন চলতে পারে সত্যধাতির নিত্য-উপচীয়মান অধ্বরগতির পথে। মনকে যেমন অতিমানসের সংগ্রে অবিদ্যার কল্পিত বিচ্ছেদ ভুলে সচৈতন যোগে যুক্ত হতে হয়, তেমনি প্রাণকেও সচেতন হতে হবে তার অর্ন্তানিহিত চিংশক্তির সম্পর্কে—জানতে হবে, এ-জীবনে কি তার আকৃতি, কি তার তাৎপর্য। আজ সে দিব্য আকৃতির কোনও সন্ধানই সে রাখে না, কেননা তার সমস্ত শক্তি ব্যাপ্ত শ্বং বে'চে থাকার প্রয়াসে—যেমন আমাদের মন বাস্ত আছে শ্বং প্রাণ আর জড়কে নিজের রসে জারিত করবার কাজে। তাই প্রাণের সকল প্রবৃত্তি তার নিজের কাছেও তমোগঢ়ে। দিব্য আকৃতির প্রশাসনকেই সে মেনে চলে কিল্ড চলে অবিদ্যার আঁধারে আঁধা হয়ে—সিম্ধবীর্যের প্রমাক্তিতে ভাস্বর হয়ে নয়, অথবা স্বয়ম্পরে প্রজ্ঞা বীর্য ও আনন্দের স্বচ্ছন্দ লীলায় নয়। অথচ তা-ই কিন্ত তার দিব্য নিয়তি।

বস্তৃত প্রাণ আমাদের মধ্যে মনের তমসাচ্ছন্ন খণ্ডনবৃত্তির অধীন বলে নিজেও খণ্ডিত এবং আঁধারে-ছাওয়া হয়ে রয়েছে। তাই মৃত্যু সংক্লাচ দৌর্বল্য সম্তাপ ও অন্ধপ্রবৃত্তি ন্বারা সে লাঞ্ছিত। তার এই লাঞ্ছনার ম্লে আছে পাশবন্ধ সংক্লিত স্ভা-মনের আড়ন্ডতা। প্রেই দেখেছি, আত্ম-অবিদ্যার পাশে জড়িত জীবাত্মার আত্মসংক্লাচ এই বিপর্যয়ের কারণ। অন্যব্যাব্ত আত্মকুন্ডলনের ফলে নিজেকে সে একটা স্বয়ন্ভ বিবিক্ত ব্যক্তিসন্তা বলে জানে।

তাই বিশ্বলীলার শ্বেং সেই রূপটিই সে চেনে, যা কেবল তার ব্যাঘ্টিচেতনার ব্যক্তিগত ইচ্ছা জ্ঞান শক্তি ও সম্ভোগের সীমিত ভাবনায় ফোটে। একথা সে ভূলে যায়, অথন্ডের সে চিদ্-বিভূতি, অতএব তার সত্তা ছড়িয়ে আছে নিখিল বিশ্বে—বিশ্বের সকল চেতনা সকল জ্ঞান সকল ইচ্ছা সকল শক্তি ও সকল সম্ভোগে তার অব্যাহত আবেশ। তাইতো মনের কারায় বন্দী জীব-চেতনার এই সৎকীর্ণ শাসন মেনে আমাদের মধ্যে বিশ্বপ্রাণও তার স্বরূপ ভূলে নিজেকে বন্দী করে ব্যন্থি প্রবৃত্তির নিগড়ে। তাকে ঘিরে ব্রহ্মাণ্ডব্যাপী ষে উদার প্রাণোচ্ছলন, তার প্রবেগ ও অভিঘাতকে স্বচ্ছন্দ হয়ে গ্রহণ করতে সে পারে না। তাই নিজের বিবিক্তলীলায়, সম্কুচিত সামর্থ্যের দৈন্য নিয়ে অবশ হয়ে আপনাকে সে তার কাছে স'পে দের। বিশ্বশক্তির যে বিপল অন্যোন্যসংঘাত ব্রহ্মাণ্ডকে প্রতিনিয়ত আলোড়িত করছে, তার মধ্যে ব্যক্তি-সত্তার কার্পণ্যোপহত স্বভাব নিয়ে প্রাণ প্রথমত অসহায়ভাবে সয়ে যায় তার প্রচন্ড উন্দাম শাসন। যা-কিছু তার 'পরে ঝাঁপিয়ে প'ড়ে তাকে গ্রাস করে সম্ভোগ করে তাড়িয়ে ফেরে হাজার প্রয়োজনে, শুধু যন্ত্রমূঢ়ের মত সে সাড়া দেয় তার সকল অভিদাতে। কিন্ত চেতনার পরিণতির সংগ্রে-সংগ্রে নিয়ন্ত্র সংব্যক্তির অসাড অন্ধকার হতে ধীরে-ধীরে ব্যক্তিসত্তায় যখন ফোটে স্বয়ং-জ্যোতির অরুণিমা, তখন আত্মবীর্যের একটা অস্পন্ট বোধ সঞ্চারিত হয় তার মধ্যে। তাই সে তখন প্রথমত নাড়ীতন্ত দিয়ে, তারপর মন দিয়ে বিশ্বের শক্তিলীলাকে আপন বশে আনতে চায়, তাকে খাটাতে চায় আপন সম্ভোগের প্রয়োজনে। এই বীর্যের উল্বোধনে ক্রমে আত্মচেতনারও উল্বোধন হয়। কেননা, প্রাণই শক্তি, শক্তিই বীর্য', বীর্য'ই ক্রতু এবং ক্রতু ঈশ্বরচৈতন্যেরই ঈশনার লীলা। ব্যক্তির মধ্যেও তাই প্রাণের গভীর গহনে ক্রমে এই বোধ জেগে ওঠে—সচ্চিদানন্দের সত্যসংকল্পের যে অবন্ধ্য সংবেগ বিশ্বের শাস্তা. সে-ই তার স্বরূপ। অতএব তারও মধ্যে ব্যক্তিজগংকে আপন শাসনে আনবার অভীশ্সা জাগে। আত্মবীর্ষের অপরোক্ষ অনুভব এবং নিজের জগৎকে জেনে তার 'পরে অক্ষ্রার বশীকার—এই তো ব্যচ্চিপ্রাণের উপচীয়মান নিত্য আক্তি। বন্ধ যে বিশ্বরূপে নিজেকে ধীরে-ধীরে ফুটিয়ে তুলছেন স্বর্মাহমার পূর্ণতার, জীবের ওই আকু তিতেই আমরা পাই তার মর্ম-পরিচয়।

সত্য বটে, প্রাণ বীর্ষাস্বর্প এবং ব্যক্ষিপ্রাণের প্র্কিটত ব্যক্ষিচতনার বীর্ষাই প্রভ হয়। তব্র ব্যক্ষিপ্রাণের খণ্ডভাব তার শক্তিকে দট্টন করে, তার ঈশনাকে করে কুণ্ঠিত। নিজের জগতের ঈশ্বর হবার অর্থাই হল সর্বাশক্তির ঈশ্বর হওয়া। কিন্তু চেতনা বেখানে খণ্ডিত ও ব্যক্ষিত্ত, শক্তি ও সম্কল্পেও সেখানে দেখা দেবে ব্যক্ষিভাবের খণ্ডতা ও সংক্ষাত। অতএব সে-চেতনার পক্ষে সর্বাশক্তির ঈশান হওয়া সম্ভব হবে না। শর্ধ্ব সর্বাহতুই সর্বোশ্বর

হতে পারেন। ব্যন্টিজীবের পক্ষে সে-পরমৈশ্বর্য যদি সম্ভবও হয়, তাহলেও তার জন্যে তাকে সর্বক্রতুর অতএব সর্বশক্তির পরম সায্ত্র্য লাভ করতে হবে। নইলে ব্যন্টি আধারে ব্যন্টিপ্রাণ চিরকাল মৃত্যু কম্মনা ও অশক্তি এই তিনটি উপাধির লাঞ্চনে কুণ্ঠিত হয়ে থাকবে।

ব্যাঘ্টপ্রাণ মৃত্যুক্বলিত হয় যেমন তার স্বভাবের বশে, তেমনি বিশ্বরূপা সর্বশক্তির সংখ্য তার সম্বন্ধবৈশিষ্ট্যের ফলেও। বস্তৃত ব্যাঘ্টপ্রাণ বিশ্ব-তেজের একটা বিশিষ্ট ধারা। সে-তেজের শতর্পা প্রকৃতির একটি রূপই তার মধ্যে বিশেষ করে ফুটেছে। এমনি করে বিশ্বময় অর্গাণত রূপের মেলা— বিশিষ্ট দেশ কাল ও অধিকারের আবেষ্টনে : প্রত্যেকে তারা সেই পরম তেজের একটি রশ্মিরেখা—ফুটছে আছে কাঁপছে আবার মিলিয়ে যাচ্ছে তাদের বিশেষ রতের উদ্যাপনে। দেহের মধ্যে সণ্ডিত প্রাণের যে-তেজ্ তাকে প্রতিনিয়ত বিশ্বে ছড়ানো বাইরের তেজোরাশির অভিঘাত সইতে হচ্ছে। অহরহ নিজের মধ্যে টেনে নিয়ে তাদের যেমন সে গ্রাস করছে, তেমনি আবার তাদের দ্বারা গ্রুহতও হচ্ছে। তাই উপনিষদের ভাষায় জড়মাত্রেই 'অল্ল'। 'অন্নভোক্তা অন্নাদ নিজেই আবার অন্ন'—এই হল জডজগতের বিধান। দেহের মধ্যে যে-প্রাণ পিশ্ডিত, বাহাপ্রাণের অভিযাতে প্রতিমুহুতে তার চূর্ণ হবার সম্ভাবনা রয়েছে। বাহ্যপ্রাণকে গ্রাস করবার সামর্থ্য যদি তার কুণ্ঠিত হয়, কিংবা অপর্যাণ্ড হয় তার পোষণ এবং আপ্যায়ন, অথবা বাহ্যপ্রাণের অন যোগানোর সামর্থ্য কি প্রয়োজনের সঙ্গে তার নিজের অলগ্রহণের সামর্থ্যের র্যাদ বৈরূপ্য ঘটে, তাহলেই ব্যাঘ্টপ্রাণ আর আত্মরক্ষা করতে না পেরে বাহ্য-প্রাণের কর্বালত হয়, অথবা নতুন করে নিজেকে না গড়তে পেরে ক্ষয়ে যায় বা গ:ডিয়ে যায়। এমনি করে নতন হয়ে ফোটবার জন্যেই মৃত্যুকে সে বরণ করে নেয়।

শ্ধ্ তা-ই নয়। উপনিষদের ভাষায় বলতে গেলে প্রাণ যেমন দেহের অল্ল, দেহও তেমনি প্রাণের অল্ল। অর্থাৎ আমাদের মধ্যে সঞ্চিত প্রাণের যে-তেজ, তা যেমন আধারের গঠন পোষণ ও নবায়নের সকল উপাদান জ্বিটয়ে আনে বাইরে থেকে, তেমনি প্রতিনিয়ত তার আপন ধাতুর স্ফি ও সঞ্চয়কেও সে আত্মসাৎ করতে থাকে। এই দ্বিট বৃত্তির মাঝে সাম্যের যদি ন্যুনতা কি বাঘাত ঘটে, অথবা বিচিত্র প্রাণের ধারার ঋতায়নে তালভংগ হয়, তাহলেই দেখা দেয় ব্যাধি এবং ক্ষয়—শ্বা হয় ভাঙনের লীলা। তাছাড়া প্রাণের আধারে সচেতন প্রভূশক্তির উপচয়, এমন-কি মনঃশক্তির সম্দিও প্রাণের ব্যাছিদ্যকে অনেকসময় ব্যাহত করে। কারণ এ-অবস্থায় আধারে সঞ্চিত প্রাণের চাহিদা ক্রমে বাড়তে থাকায় প্রাণের আদিম প্র্রিজ থেকে বাড়তি চাহিদার যোগান দেওয়া অসম্ভব হয়। প্রকৃতির হিসাবে এমনি করে যে-বিপর্যয় ঘটে, নতুন

পর্বিজ দিয়ে তাকে সামাল দেবার আগেই দেখা দেয় আয়ৄঃক্ষয়কর নানা বিপ্রাট, আধার জনুড়ে একটা লণ্ডভণ্ড ব্যাপার। তাছাড়া প্রভুম্বের স্ট্রনাতেই প্রাণের পরিবেশে একটা প্রতিক্রিয়া জাগে। কেননা, সেখানেও এমনসব শক্তি আছে যারা চায় আত্মসম্পর্টিত, অতএব অতর্কিত প্রভূম্বের বিরুম্থে অসহিক্ষ্ হয়ে তারাও বিদ্রোহ ঘোষণা করে। এমনি করে যেমন ভিতরে তেমনি বাইরের পরিবেশেও সমত্ব ক্ষ্ম হয়, অতএব সেখানে আরও তুম্ল একটা সংগ্রামের স্ট্রনা হয়। প্রভূষকামী প্রাণের শক্তি যতই প্রবল হ'ক, তব্তু অসীমের কোঠায় সে যদি না পেণছয়, অথবা সৌষমোর নত্তন ছন্দে যদি না বাংগতে পারে পরিবেশকে, তাহলে বাইরে-ভিতরে সকল বাধা ঠেলে জয়শ্রীকে আয়য় করা সকলসময় সম্ভব হয় না। স্ট্রেরং পরাভূত হয়ে একদিন তাকে ভেসে যেতেই হয় ভাঙনের স্লোতে।

তাছাড়াও একটা কথা আছে। প্রাণবিগ্রহের প্রকৃতি ও আকৃতিতে আছে এক অনাদি প্রয়োজনের তাগিদ—সান্তের ভূমিকায় সে অনন্তের আম্বাদন চায়। কিন্তু যে-বিগ্রহ এই আস্বাদনের সাধন হবে, তার কাঠামোটাই যখন পূর্ণভোগের সম্ভাবনাকে সীমিত করে, তখন তাকে ভেঙে-চ্রে ন্তন ভোগায়তন গড়ে তোলা ছাড়া প্রাণের আক্তি সার্থক হবার আর তো কোনও উপায় নাই। প্রবৃষ র্থা**ণ্ডত দেশে**-কালে আপনাকে কুণ্ডলিত ক'রে একবার যথন সীমার বাঁধনে বাঁধা পড়েছে, তখন আনন্তাকে ফিরে পেতে তাকে অন্ব্তি বা পারম্পর্যের যোজনা আশ্রয় করতেই হয়। ক্ষণের সঙ্গে ক্ষণকে জ্বড়ে এক দীর্ঘায়িত ক্ষণসন্তানের মধ্যে সে সঞ্চয় করে তার কালিক অনভেব এবং তাকে বলে তার অতীত। সেই কালের মধ্যে থেকে সে সম্পরণ করে বিচিত্র দেশ বিচিত্র অনুভব বা বিচিত্র জীবনের পরম্পরায়—পর্বে-পর্বে গেথে তোলে তার শক্তি জ্ঞান ও আনন্দের সঞ্চয়। তার অবচেতন বা অতিচেতন সম্তিতে এমান করে অতীতের উপার্জন আশয়র্পে তিলে-তিলে পর্বিজত হয়ে ওঠে। এই ধারায় চলতে গেলে কায়ের পরিবর্তন একান্তই আবশ্যক। কিন্তু প্রেয় যেখানে ব্যচ্টি-আধারে সংবৃত্ত হয়ে আছে, সেখানে কায়াবদলের অর্থ হল আধারের ধরংস বা বিশরণ—জড়বিশ্বে অন্যুস্যুত বিশ্বপ্রাণেরই অলখ্যা অনুশাসনে। বিশ্বপ্রাণ যেমন আধারের উপাদান যোগায়, তেমনি সে-উপাদানের 'পরে তার দাবিকেও শিথিল করে না। কেননা, অম ও অম্লাদের অন্যোন্যব্ৰভুক্ষায় সংক্ষ্ম্ম জগতে শরীব্বী প্রাণকে বাঁচতে হবে লঙ্গাই করে— আঘাত সয়ে, আঘাত দিয়ে। এহতেই দেখা দেয় বিশ্বপ্রাণের কল্পিত ম,ত্যু-বিধান।

অতএব মৃত্যুর প্রয়োজন ও সার্থকতা এইখানে : প্রাণেরই একটা ভাঁংগমা সে—তার প্রতিষেধ নয়। জগতে মৃত্যুর প্রয়োজন আছে, কেননা সান্ত জীব-

বিগ্রহের অমৃত-অভী•সা একমাত্র অন্তহীন কায়পরিবর্তন দ্বারাই সার্থক হতে পারে। আর সে-বিগ্রহে সংবৃত্ত সাম্ত-মনের মধ্যেও আনম্ত্যের ভাবনা র্প পায় একমাত্র অনুভবের শাশ্বত ক্ষণভগে। কিন্তু কায়াবদল যদি একই র্পাদশের অবিচ্ছিন্ন আবৃত্তি হয়-যেমন দেখি জীবন ও মরণ দিয়ে ছোরা ্ জীবের একটি জন্মের বৈষ্টনীতে—তাহলে কিন্তু প্রাণের ভোগৈশ্বর্যের आकाभ्का भ्रताभूति भिर्हे भारत ना। कात्रम, त्भामर्गात वमन ना श्ल, অনুভবিতা মন দেশ-কাল-পরিবেশের নৃতন পরিস্থিতিতে নৃতন আধারের আশ্রয় না পেলে, দ্বভাবতই দেশ-কালের ভূমিকায় অনুভবের যে-বৈচিত্য একান্ত প্রত্যাশিত ছিল, তার সকল সম্ভাবনা বিল্পু হয়ে যায়। এইজনাই জীবন জ্বড়ে মতার প্রলয়তান্ডব, এইজন্য প্রাণই অন্নাদ হয়ে গ্রাস করছে প্রাণকে। কিন্তু মর্তাচেতনায় আমরা স্বাতন্তাহীন নিয়তিতাড়িত দ্বন্ধবিধ্বর দুঃখহত— একটা আপাতপ্রতীয়মান অনাত্মসত্তার শাসনে জর্জবিত। তাই মরণর পে রূপান্তরের এই শিবময় বিধানও আমাদের কাছে একটা অব্যঞ্ছিত বিভীষিকা। মৃত্যু আমাদের সত্তাকে গ্রাস করে, বিচ্প-বিধ্বস্ত করে, ছিনিয়ে নেয় মমতার বাঁধন ছি'ড়ে—তাই মৃত্যুর দংশনে এত জনলা। মৃত্যুর পরেও লোকান্তরে বে'চে থাকব, এ-আশ্বাসেও সে-জনালাকে তাই সইতে পারি না।

কিন্তু এও দেখেছি, অম ও অমাদের অন্যোন্যব্ৰভুক্ষাতে জড়ের মধ্যে প্রাণের রূপ ফুটল। মৃত্যুর লীলা তারই একটা অপরিহার্য বিধান। উপ-নিষদ বলেন, প্রাণের লীলা 'অশনায়া মৃত্যুঃ' অর্থাৎ মরণের ব্রভুক্ষ্ম রূপ এবং এই বৃভুক্ষাই সৃষ্টি করেছে জড়ের জগং। প্রাণ এখানে নিজেকে ঢালছে জড়ভূতের ছাঁচে। কিন্তু জড়ভূতে রূপ ধরেছে অখণ্ডসত্তার অনন্ত বিভাজন ও সংকলনের পরিস্পন্দ। এই-যে অন্তহীন ভাঙা-গড়ার দুটি প্রবেগ, তার মহাসঙ্গমে জন্ম নিয়েছে বিশ্বের জড়স্থিত। তার মধ্যে ব্যক্তিজীব ফটুল প্রাণের পরমাণ্ হয়ে। সে চায় বাঁচতে, বৃহৎ হতে—এই তো তার সকল আক্তির নিষ্কর্ব। নিখিল জ্বড়ে প্রসারিত হ'ক উপচীয়মান অনুভবের সীমা, সব-কিছুকে হাতের মুঠায় এনে নিঃশেষে তার রসপানে মহাপিপাসার ঘট্ক তপণ-এর্মান করে দেহে প্রাণে মনে মন্ষাত্বের গোরবে আস্ক জোয়ার, এই তো তার অন্তর্গ ্রু স্বরূপসত্তার অনাদি অমোচন অনুতরণীয় প্রেতি। কেননা, ব্যক্ষিভাবনায় খণিডত হয়েও তার সত্তায় আছে সর্বব্যাপী সর্বাবগাহী আনশ্তোর নিগঢ়ে সংবিং। সেই নিগঢ়ে সংবিংকে ব্যক্তবোধের দীপ্তিতে ফুটিয়ে তোলার প্রেতিই বিশ্বদভর বিশ্বরূপের মধ্যে এনেছে কামনার উদগ্র প্রবেগ প্রতি জীবে জ্বালিয়ে তুলেছে দেহবান আত্মার অনির্বাণ আক্তির শিখা। অতএব প্রাণের উপচীয়মান পর্নিট ও প্রসার ন্বারা সে যে এই আক্তির চরিতার্থতা খ্রন্থবে, এ যেমন অপরিহার্য, তেমনি ধর্ম্য ও মাঞাল্যও বটে।

কিন্তু অন্নময় জগতে এই আত্মসম্প্তির সাধনা সিদ্ধ হতে পারে একমাত্র অন্নাদর্পে পরিবেশকে কর্বলিত করে, অপরকে বা অপরের বিত্তকে গ্রাস কি আত্মসাং করে। জগং জর্ড়ে তাই দেখা দিল মহাব্ভুক্ষার সার্থক লীলা। কিন্তু যে অন্নাদ, তাকেও অন্ন হতে হবে। কেননা, অন্নমন্ন জগতে প্রাণের লীলায় আছে অন্যোন্যবিন্ময় ও ঘাত-প্রতিঘাতের অলঙ্ঘ্য বিধান এবং তার ফলে ব্যত্তি-আধারের সীমিত সামর্থ্যের স্ক্রিশিচত অবক্ষয় ও পরাভব।

অবচেতনার মধ্যে যা ছিল প্রাণের ক্ষুধা, মনশ্চেতনায় ফোটে তার সমুদ্ধতর র্পান্তর। প্রাণময়-কোশের বৃভুক্ষা মনোবাসিত প্রাণে জাগে কামনার আকৃতি राय, वृष्धि- वा मनन-भामि **आर्प मि एम्स मध्कर** अव्यवनात्र । বিশেবর শাশ্বত বিধানের বশে এই কামনার বেগ অনিরুদ্ধ হয়—যতাদন না ব্যফিজীব পর্যাপ্ত শক্তিসণ্ডয়ের শ্বারা স্বারাজ্যের অধিকার পায় এবং অননত-স্বর্পের উপচীয়মান সায**ুজ্যবশত আপন বিশ্বের সাম্রাজ্যকে** অধিগত করে। কামনাকে নিমিত্ত করেই চিন্ময় প্রাণ বিশ্বের মধ্যে আত্মপ্রতিষ্ঠার পথ খাজে পায়। অতএব দ্থাণ্ডের সাধনায় কামনার নির্বাণপ্রয়াস সেই দিব্যপ্রাণের মূড় নিরাকৃতি মাত্র। এ শৃংধ্ব অসত্যের প্রতি অভিনিবেশ, অতএব অবিদ্যারই নামান্তর—কেননা ব্যচ্চিত্রের অত্যন্তাভাব অনন্তসমাপত্তির সদ্ভাব ছাড়া কখনও সিন্ধ হতে পারে না। তাই কামনার যথার্থ নিবৃত্তি হয়-যখন অনন্তের কামনাতে তার সম্প্রসারণ কিংবা পর্যবসান ঘটে। তখন অনন্ত-স্বর্পের সর্বাবগাহী প্লৈশ্বর্যের আনন্দে ঘটে তার শাশ্বত আত্মসম্পূর্তি, তার যুগান্তব্যাপী আকৃতির স্মৃতির-তপ্র। আবার এর জন্য অন্যোন্যগ্রাসী ব্ৰভুক্ষার সংকুল পথ ছেড়ে তাকে উত্তীর্ণ হতে হয় উৎসর্গের উদার পথে, আত্মদানের উপচিত আনন্দে সমুস্জ্বল অন্যোন্যবিনিময়ের সাধনায়। তখন অপর জীবের মধ্যে নিজেকে ঢেলে দিয়ে আবার তাদের ফিরে পায় নিজের মধ্যে। ছোট যেমন নিজেকে স'পে দেয় বড়র কাছে, বড়ও তেমনি ছোটর মধ্যে নিজেকে বিলিয়ে দেয়। আর তাইতে উভয়ের মধ্যে উভয়ের চরিতার্থতা মানুষ যেমন নিজেকে দেবতার কাছে স'পে দেয়, দেবতাও তেমনি নিজেকে বিলিয়ে দেন মান্ষের মধ্যে। ব্যাণ্টর অন্তগ্রি সর্বস্বর্প আপনাকে উৎসর্গ করেন সমণ্টিগত সর্বস্বর্পের কাছে এবং সেই চিন্ময় বিনিময়ে সমন্টিভাবের সিম্পসত্তাকে নিজের সন্তায় ফিরে পান। বিশ্বজোড়া বৃভুক্ষার বিধান এমনি করে ক্রমে প্রেমের বিধানে রূপাদ্তরিত হয়, খণ্ডতার রীতি পর্যবিসত হয় অখণ্ডতার বিধিতে, মৃত্যুর শাসন ধরে অমৃতচ্ছন্দের র্প। জগৎ জন্বড়ে ওই-যে কামনার বিক্ষন্ধ চাঞ্চল্য—এই তার প্রয়োজন, এই তার সার্থকতা, এই তার আত্মসম্পূর্তির চরম লীলা।

সান্ত চায় অনন্ত অমৃতে আত্মপ্রতিষ্ঠা, তাই প্রাণ পরেছে মরণের মৃথোস।

তেমনি প্রাণের ব্যক্তি বিগ্রহে অবরুদ্ধ সন্ধিনীশক্তির সংবেগই ধরেছে কামনার রূপ। সে চায় সচিদানন্দের অনন্ত আনন্দকে ফ্রিটয়ে তুলতে সান্তের ভূমিকায়-কালিক পরম্পরা ও দৈশিক আত্মপ্রসারণের ছন্দোময় প্রগতিতে। বন্ধানিকর যে-সংবেগ আমাদের মধ্যে কামনার মাখোস প'রে আছে, তা এসেছে প্রাণের তৃতীয় প্রতিভাস হতে—আমরা যাকে অশক্তি বলে জানি। স্বরূপত অনন্ত শক্তি হয়েও প্রাণ সান্ত আধারে ফুটতে চাইছে। অতএব সান্তের মধ্যে ব্যন্টিভাবের প্রকটলীলায় তার সর্বেশনা পদে-পদে ব্যাহত হয়ে সীমিত সামর্থ্য ও কৃণ্ঠিত অনীশতার রূপ ধরে। অথচ ব্যাষ্টজীবের প্রত্যেক কর্ম যত অশক্ত যত অসার্থক যত পণ্যাই হ'ক, তার পিছনে আছে সর্বেশনাময়ী অনন্তর্শাক্তর পরিপূর্ণ আবেশ—অতিচেতনা ও অবচেতনার নিগুচে দীপ্তি নিয়ে। ওই আবেশ ছাড়া বিশ্বের একটি নিশ্বাসও স্পন্দিত হয় না। তার বিশ্বগত সমণ্টিকমের মধ্যে বিধৃত হয়ে আছে প্রত্যেকটি ব্যণ্টি কর্ম ও স্পন্দন— সর্বান্তর্যামী অতিমানসের সর্ববিৎ সর্বেশনাময় ঋতের শাসনে। কিন্তু ব্যাঘ্টপ্রাণ নিজেকে অশক্ত ও সংকচিত বলে অনুভব করে। কেননা চলতে গিয়ে প্রতি পদে অন্যান্য ব্যক্তিপ্রাণের পরিস্তাপরিবেশের সংখ্য তাকে লডতে হয়। শুধু তা-ই নয়। সমা্চ্প্রাণের শাসন ও অসহযোগের পীড়াও তাকে ততদিন সইতে হয়, যতদিন আত্মরতির সম্মূঢ় ছলনায় তার অপ্রবৃদ্ধ চেতনা সমন্তির শাশ্বত বিধানের বিরুদ্ধে বিদ্রোহ করে। তাই ব্যন্টিপ্রাণের খণ্ড-লীলায় তার তৃতীয় উপাধি[°]দেখা দেয়—সংবেগের **হিতমিত সঙেকাচ** বা অর্শাক্তর আকারে। অথচ তার সন্তার গহনে প্রচ্ছন্ন রয়েছে আত্মপ্রসারণ ও সর্বগ্রসনের প্রেতি, যা তার বর্তমান সংবেগ বা সামর্থ্যের সীমার মধ্যে কিছুতেই নিজেকে স**ংকৃচিত রাথবে না। এমনি করে, ভোগেশ্ব**রে আকৃতি আর ভোগৈশ্বর্যের সামর্থ্য, দুয়ের সংঘাতে জাগে কামনা। আক্তির সঞ্জে সামর্থ্যের বিষম-অনুপাত না থাকত যদি, ভোগের সামর্থ্য যদি সকলসময় ভোগ্য বস্তুকে হাতের মুঠায় পেত, অথবা বিনা আয়াসে নিশ্চিত সিশ্বির নাগাল পেত, তাহলে কামনার এতটাকু আভাসও কোথাও ফাটত না, নিখিল জাড়ে থাকত শ্বা দ্বপ্রতিষ্ঠ সতাসংকল্পের আকৃতিহীন প্রশান্তি—আপ্তকাম রক্ষের দিব্যক্তর মত।

ব্যাণ্ট আধারের সামর্থ্য যদি হত অবিদ্যানিম্ব্ক্ত মনের তেজাময় বিচ্ছ্রণ, মাঝখানে তবে এমনভাবে সীমার সঙ্কোচ বা কামনার প্রবেগ দেখা দিত না। কারণ অতিমানসের সায্ক্যবশত বিজ্ঞানের দৈবী সন্পদ রয়েছে যে-মনের, তার প্রত্যেকটি কর্মের অভিপ্রায় অধিকার ও অপরিহার্য পরিণাম সে জানে। অতএব আকৃতিতে চণ্ডল অথবা আয়াসে ক্ষ্ব্রু না হয়ে আপাতলক্ষ্যের সিন্ধিতেও সে স্নির্পত অথচ স্নিন্ধিত সামর্থ্যের অব্যর্থ প্রয়োগ করে।

এমন-কি তার প্রয়াস বর্তমানকেও যদি ছাড়িয়ে যায়, আপার্তাসন্থির সম্ভাবনা-হীন কর্মভার যদি তাকে **তুলে** নিতে হয়, তব্_যও তার মধ্যে কামনা বা সঙ্কোচের দৈন্য দেখা দেয় না। কারণ, পরমদেবতার আপাত-অসিদ্ধিও তাঁর সর্ববিং সবেশনার লীলা। তিনি জানেন, কোন্ ম_নহ,তে কোন্ পরিবেশে তাঁর বিশ্বকর্মের প্রেতি হবে অঙ্কুরিত, বিচিত্র দশাবিপর্যয়ে পল্লবিত এবং আপাত ও চরম সিদ্ধিতে ফলিত। দিব্য অতিমানসের সঙ্গে যোগযুক্ত বিজ্ঞানী মনেও এই সর্ববিং ও সর্বনিয়ামিকা ঈশনার আবেশ আছে। কিন্তু প্রাকৃত ভূমিতে ব্যাঘ্টপ্রাণের মধ্যে স্ফুরিত হয়েছে শুধু ব্যাঘ্ট্ভাবনা ও অজ্ঞান মনের সীমিত বীর্য । সে-মন তার অতিমানস স্বর্পের বিজ্ঞান হতে স্থালত হয়েছে, তাই বিশ্ববিধানের স্বাভাবিক নিয়মেই অর্শক্তি তার জীবনের নিত্যসহচর। কারণ, যে-শক্তি অজ্ঞানে আচ্ছন্ন, সীমিত পরিবেশের মধ্যেও যে সে সর্বেশনার বাস্তব অধিকার পাবে, একথা অকল্পনীয়। তাহলে তার অন্তময় অহমিকা সর্ববিং সর্বেশনার দিব্য কল্পনাকে প্রতিহত করে বিশেবর ঋতময় বিধানকে বিপর্যস্ত করত—বিশ্বব্যাপারে যা একেবারেই অসম্ভব। অতএব সীমিত শক্তির মধ্যে যে শ্বন্দ্ব ও আয়াস দেখা দেয়, তার ফলে সচেতন অথবা অবচেতন বাসনার অনির মধ সংবেগে তাদের পরিমিত সামর্থ্যের উপচয় ঘটে—এই হল প্রাণধর্মের প্রথম পরিচয়। যেমন বাসনার রীতি, তেমনি এই বিক্ষার আয়াসেরও রীতি। এ যেন সগোত্র শক্তিসমূহের মধ্যে একটা সচেতন মল্লয় দ্ধ-পরস্পরের শক্তি-পরীক্ষার দ্বারা পরস্পরের আনুকুলাসাধন মাত। এ-দ্বন্দ্বের ফলে বিজেত। এবং বিজিত, অথবা উধর্ব হতে নেমে আসে যে শক্তির ধারা এবং তার প্রতি-ক্রিয়ার বিক্ষার হয়ে ওঠে যে-নিদ্নশক্তি—দ্বয়েরই হয় সমান প্রাচ্চি, সমান লাভ। এই দ্বন্দ্বই অবশেষে দিব্যভাবের আনন্দরভসোচ্চলিত অন্যোন্যবিনিময়ে রূপান্তরিত হয়—সংঘাতের উন্মন্ত-নিন্ঠ্র নিন্পেষণ পরিণত হয় প্রেমের নিবিড়-ব্যাকুল আলি**খ্যনে। তব্ দ্বন্দ্বসংঘাতেই মানবপ্রাণে**র বিজয়-অভি-যানের অপরিহার্য শিবময় স্চনা। মৃত্যু কামনা আর সংঘাত-–খণ্ডিত প্রাণলীলার এই-যে ত্রমী, এ সেই বিশ্বজিৎ দিবাপ্রাণের প্রথমকাল্পত ছম্মর পমার।

একবিংশ অধ্যায়

প্রাণের উদয়ন

श्र एक्का तकाल गाजुरव्यक्ता अवहा मनस्या न श्रयाति।..... অংশ দিবো অপমিকা জিগাস্যকা উচিষে ধিফ্যা যে। या द्याहरून अवस्थार अप्यांना यामहावस्थाम, श्रीकर्त्वस्थ खाशः॥

अरुवम ১०।७०।5: ७।२२।७

চলে যাক বাণীর পথ দেব-গণের পানে—অপ্-এর পানে যাক সে চলে মনের প্রযোজনায় !....হে শিখা, দ্যালোকের অর্ণবের পানে চলেছ তুমি. চলেছ দেবতাদের পানে: সংগত কর দিবাধামবাসী দেবতাদের—সূর্যের ওপারে রয়েছে যে অপ-এরা জ্যোতিলোকে আর অবরলোকেও রয়েছে যারা, তাদের সাথে। -- अट॰ वन (১०।००।১: ०।२२।०)

তৃতীয়ং ধাম মহিখ: সিধাসন্ত সোমো বিরাজমন, রাজতি ন্ট্প্।। **ठमायत्कानः मकृत्ना विक्रमा रगाविकाः** অপাম र्मिर जन्मानः जम्मार जनीयर थाम महित्वा विविधि ॥ अट्चर २ १३७ १३४. ३३

ততীয় ধাম জিনে নেন সেই আনন্দময় মহেশ্বর: বিরাটের আত্মভাবের ছদেদ তাঁর পোষণ ও শাসন: শোনের মত, শকুনের মত আধারে নিষয় হয়ে তাকে তলে ধরেন—জ্যোতির বৈত্তা তিনি তরীয় ধামকে করেন প্রকাশ, সংস্ক হয়ে থাকেন সেই সমুদ্রে, উত্তাল বে অপ্-এর উমিমালার।

~-ঋণ্বেদ (১।১৬।১৮, ১১)

हेभर विकृति हरूटम रहशा निमर्थ भम्म, नम्ल् इमना भारन्त। वीनि भमा वि इक्टम विकः त्रांभा अमाष्टाः, अत्या धर्मान धातमन्। जम् विटकाः भवभः भमः भमा भभाग्छ भव्तमः, मिनीव हक्त्वाज्यम् । जम् विश्रारमा विभनात्वा काग्नारमः मिष्यरज् विरक्षार्यः भवमः भवमः। मटन्यम 5 122 154, 58, 20, 25

তিনটিবার চরণক্ষেপ করলেন বিষয়—নিহিত করলেন তাঁর পদকে অব্যাকৃত পাংশ্বাল হতে তুলে ধরে: তিনটি পদক্ষেপ করলেন বিষ্-নিখিলের রক্ষক তিনি অধ্যা; ওপার হতে ধরে আছেন তাদের ধর্ম বত। সেই তো পরম পদ, স্রিরা যাকে দেখেন সদা-দ্যলোকে আতত চক্ষ্ম বেন! তাকেই উল্ভাসিত জাগ্রত বিপ্রেরা করেন সমিন্ধ-বিষ্ণুর বে পরম পদ. তাকেই।

-- भर वम () ।२२ ।) १, २०, २०)

এতক্ষণে এইটাকু বাঝেছি : স্বয়ংজ্যোতিমায় রাক্ষী চেতনার আপাতদুষ্ট আত্মপ্রতিষেধই আমাদের বন্ধাশ্ভের বনিয়াদ। ওই আত্মপ্রতিষেধের সঞ্জে সে-চেতনার প্রথম সম্পর্ক স্থাপিত হল খণ্ডিত মর্ত্য মন দিয়ে—অজ্ঞান সঞ্জোন ও দ্বন্দ্ববৃদ্ধির জনক হলেও যাকে বলা যায় দিব্য অতিমানসের একটা স্তিমিত আ-ভাস। ঠিক এই ধারা ধরে জড়বিশ্বে প্রাণ ফুটেছে—জড়ের গহনে বন্দী

গ্রহাহিত বিভাজক মনের অবচেতন বিচ্ছ্রণর্পে। মৃত্যু বৃভুক্ষা ও অশস্ক্রির জনক হলেও প্রাণকে জানি রক্ষের অতিচেতন মহাশক্তির স্তিমিত আ-ভাস-রূপে—যে-শক্তির পরমা বিভৃতি ফোটে অনন্ত অমৃতে, নিতাত্যপ্ত উল্লাসে, অকুণ্ঠ ঈশনায়। অতিচেতনা হতে মর্ত্যচেতনার এই আ-ভাস নির্পিত করে বিরাটের রক্ষাণ্ডলীলার ধারা—আমরা যার অংগীভূত। **এই** আ-ভাসের প্রশাসনে আমাদের ক্রমপরিণামের আদি মধ্য ও অন্ত্য পর্ব বিধৃত রয়েছে। প্রাণপ্রকৃতির প্রথম প্রকাশ দেখি খণ্ড-ভাবনায়, অন্ধশক্তিতাড়িত অবচেতন সঙ্কল্পের মূঢ়ে এষণায়—যাকে সঙ্কল্প না বলে বলা চলে জড়শক্তির উত্তাল অথচ নিঃশব্দ উচ্ছবাস। আধার ও পরিবেশের মাঝে যে অন্যোন্যবিনিময়ের যক্তলীলা প্রাণ যেন নিব ীর্য হয়ে অসাড়ে নিজেকে তার কাছে স'পে দিয়েছে। মহাশক্তির এই অচিতি, এই অন্ধ অথচ দুর্ধর্য প্রবৃত্তি জড়বিশেবর সেই রূপ নিয়ে ফুটেছে. জডবিজ্ঞানীর সঙ্গে যার পরিচয় একান্ত। তাঁর মতে এই জড়ের দর্শনই বিশেবর তত্ত্বদর্শন, বিশেবর সকল ব্যাপার এরই অশ্তর্গত। আমরা একে বলতে পারি অল্লময় চৈতন্য—অল্লময় জীবনের পরিনিষ্ঠিত রূপ। কিন্তু শুধু জড-ক্রিয়াতেই তো প্রাণশক্তি নিঃশেষিত হয়নি। তাই জড়লীলাকে অতিক্রম করেও ফোটে তার প্রকাশের একটা নতন ধারা। প্রাণ যতই জড় আধারের নাগপাশ হতে নিজেকে নিম্বক্ত করে, সচেতন মনোলীলার দিকে যতই এগিয়ে চলে তার অভিযান, অভিনবের রূপটি ততই তার মধ্যে স্পন্ট হয়ে ফোটে। একে বলতে পারি প্রাণপ্রকৃতির মধ্যবিভৃতি। এতে আছে মৃত্যু ও অন্যোন্যকবলনের লীলা বৃত্তকা ও সদ্যোজাগ্রত কামনার প্রবেগ, সংকীর্ণ প্রসর ও সামর্থ্যের একটা পীড়িত অনুভব আপনাকে ছড়িয়ে দেবার বাড়িয়ে তোলবার একটা ক্ষর আয়াস বিজিগীয়া ও বিত্তৈষণার একটা প্রমন্ততা। একেই আমরা বলেছিলাম মুত্যু কামনা ও সংঘাতের ব্রয়। ভার উইনের অভিব্যক্তিবাদে প্রকৃতিপরিণামের ষে-পরিচয় মান,ষের প্রথম জ্ঞানগোচর হল, এই কিল্ডু তার ভিত্তি। বিশ্ব জুড়ে চলছে একটা বিপলে আয়াসের বিক্ষোভ—এই হল তার মূল কথা। মৃত্যুর মধ্যেও মৃত্যুকে উত্তীর্ণ হবার ক্ষ্ম্বর প্রয়াস আছে—কেননা মৃত্যু প্রাণেরই একটা নেতিরূপ, যার আড়ালে নিজেকে প্রচ্ছন্ন রেখে প্রাণ তার ইতিরূপের মধ্যে অমৃতত্ত্বের উন্মাদনা জাগিয়ে তুলছে। তেমনি বুভুক্ষা ও কামনার মধ্যেও দেখি অকুণ্ঠ আত্মতপণের নিরাপদ ভূমি:ত পেণছবার একটা প্রচণ্ড দ্বোগ্রহ— কেননা কামনার প্রমন্ততা দিয়ে প্রাণ চাইছে অত্তপ্ত ব্যক্তকার নেতির্প হতে নিমুক্তি করে তার ইতিরূপকে অনন্তসন্তার নিরঞ্চুশ সন্ভোগের দিকে প্রচোদিত করতে। সামধ্যের সঙ্কোচ হতে তেমনি নিজেকে ছড়িয়ে দেবার, ঈশনা ও সম্ভোগকে কর্বালত করবার একটা দুর্দম আয়াস দেখা দেয়। তার মধ্যে প্রাণ চায় নিজেকে প্রাপ্রির পেতে চায় পরিবেশকে জেনে নিতে—কেননা শক্তির

সংশ্বাচ ও দৈন্য হল প্রাণের নেতির্প, যা দিয়ে ইতির্পের মধ্যে সে প্র্তাসিদ্ধির শাশ্বত সম্ভাবনাকে মৃত্ করে তুলতে চায়। তাই জীবনসংগ্রাম টিকে থাকবার সংগ্রামই নয় শৃধ্, তার মধ্যে আছে সর্বপ্রসন ও সর্বাসিদ্ধিরও একটা তপস্যা। কারণ, টিকে থাকবার সম্ভাবনা তখনই স্ফানিম্চিত হয়, যখন পরিবেশকে আমরা অম্প-বিস্তর হাতের ম্ঠায় পাই। তার জন্যে নিজেকে কখনও মানিয়ে নিতে হয় তার সংগ্রে, কখনও-বা তোয়াজ করে হ'ক আর জ্বল্ম করেই হ'ক তাকে থাপ খাওয়াতে হয় নিজের সংগ্রে। এইজন্যই সর্বপ্রসন বা বিত্তৈষণাও একটা প্রাণের দায়। সর্বাসিদ্ধির এষণাও তেমনি একটা দায়, কেননা নিজের সিম্ধর্পটি যতই পরিস্ফ্ট করে তুলব, ততই তার স্থায়িয়ের সম্ভাবনাও হবে স্ফানিম্চত অর্থাৎ চিরকাল টিকে থাকবার দাবি তখনই খাটবে। ডার্উইনের 'যোগ্যতমের উদ্বর্তন'-বাদের মধ্যে এই সত্যের ইঙ্গিতই প্রচ্ছন্ন রয়েছে।

কিন্তু ডার্উইনীয় অভিব্যক্তিবাদের সংকীণ দ্হিটতে একটি সত্য ধরা পড়েন। জড়ের মধ্যে চৈতনোর যে-যন্তলীলা প্রচ্ছন্ন রয়েছে, জড়বিজ্ঞানী তার অবশ-ধর্ম দিয়ে ব্যাখ্যা করতে চাইলেন প্রাণের স্ববশ-স্ফুরণকে—দেখলেন না প্রাণের মধ্যে উন্মিষিত হয়েছে এমন-একটা নতেন তত্ত, যার সার্থকতা হল অবশ যক্তলীলাকে নিজের বশে আনায়। তেমনি ডার্উইনীয় মতবাদও প্রাণের মধ্যে যুয়ুংসা ভাবটাকেই বড করে দেখল। জীব-জগতে ব্যা**ষ্টপ্রাণে**র স্বার্থোম্বততাই সত্য, আত্মরক্ষা আত্মপ্রতিষ্ঠা এবং আততায়ী হয়ে আত্মসাং করবার প্রবৃত্তিই জীবের পক্ষে সহজ ও স্বাভাবিক—এই তার রায়। কিন্তু জডপ্রকৃতিতে ও ইতরজীবের প্রকৃতিতে প্রকাশ পেয়েছে প্রাণধর্মের যে-দর্নট বিভূতি, তার মধ্যে প্রচ্ছন্ন হয়ে আছে আরেকটা নূতন তত্ত ও নূতন বিভূতির বীজ—যার অঙ্কুর জাগবে, যখন জড়ের আধারে সংবৃত্ত মন প্রাণতন্তের ভিতর দিয়েই তার স্বধুমে ফিরে যাবে। আজ প্রাণ যেমন ফুটে উঠছে মন হয়ে, তেমনি মন যেদিন অতিমানস হয়ে ফটেবে সেদিন প্রাণলোকে আসবে আরেকটা মন্বন্তর। আজ জীবের টিকে থাকবার কিংবা নিত্যপ্রতিষ্ঠা লাভের প্রয়াস পরাভত হয়েছে মৃত্যুর শাসনে। তাই বাণ্টিজীব বাধ্য হয়ে স্থায়িত্বের সন্ধান করে জাতির মধ্যে, ব্যক্তির মধ্যে নয়। তার জনা তার পরের সহযোগ এবং অন্যোন্যনির্ভার আবশ্যক হয়। নিজের প্রয়োজনেই তার অপরকে চাই-চাই স্ত্রী পত্রে-কন্যা বন্ধ্ব-বান্ধব, চাই গোষ্ঠী, চাই সমাজ। এর্মান করে পরস্পরের মেলামেশায়, সচেতন সম্ঘবন্ধন ও অন্যোন্যসংমিশ্রণে উপ্ত হয় যে নতেন ভাবের বীজ, তাহতেই একদিন ফোটে প্রেমের ফ্লে। একথা মানি, প্রেম প্রথমত একটা বড়রকমের স্বার্থ ছাড়া কিছ্ম নয় এবং বহুকাল ধরে চলে এই স্বার্থের জ্বনুম—এমন-কি সমাজপরিণামের উচ্চতর কোটিতেও তার নিদর্শন আজও

বিরল নয়। কিন্তু মানসপরিণামের সংগ্র-সংগ্র মন যত তার ন্ব-ভাবে প্রতিষ্ঠিত হয়, ততই সে জীবনব্যাপী ভালবাসা ও অন্যোন্যনিভর্নের সাধনা হতে ব্রুতে পারে, ব্যক্তির সন্তা নিখিল সন্তার একটা গোণ বিভূতি মার্ন-বান্তবিক ব্যক্তি বে'চে আছে বিশেবর অংগীভূত হয়ে। একবার যাদ মান্ত্র্য এ-সত্যের সন্ধান পায়—এবং মান্ত্রের প্রকৃতি মনোময় বলে এ-সত্যের স্ফরণ তার মধ্যে অবশ্যানভাবী—তাহলে তার দিব্য নিয়তি হয় অবধারিত, অন্তরণীয়। কারণ, এই ভূমিতে এসেই তার মনে জাগে উন্মনীভূমির আভাস। তারপর থেকে, তার প্রগতি যত-না অন্পণ্ট ও মন্থর হ'ক, ওই উন্মনীভূমিতে, ওই অতিমানসে, ওই অতিমানবতার চিন্ময় প্রতিষ্ঠায় একদিন যে তাকে প্রেছিতে হবে, তার প্রেতি দ্বুর্মোচন রেখায় মৃত্রিত হয়ে যায় তার চেতনায়।

অতএব প্রাণপ্রকৃতির প্রকাশে যে তৃতীয় একটা পর্ব আছে. দ্বভাবেই তার অন্তিবর্তানীয় সম্ভাবনা নিহিত রয়েছে। প্রাণের এই উদয়নের ধারাকে লক্ষ্য করলে দেখব নিয়তির বশে প্রাণপরিণামের ততীয় পর্ব যদিও তার প্রথম পরের একান্ত বিরোধীরূপে দেখা দেয়, তবুও সে ওই আদিপরেরই পরিপ্তি ও র্পান্তর ছাড়া আর-কিছুই নয়। প্রাণের আদিপর্ব শুরু হল বিভাজনবাত্তির চরম লীলায়, জড়ত্বের আড়ণ্ট-কঠিন র্পাণ্, নিয়ে: তার প্রতির্প আমরা পাই পরমাণ্তে, যা নিখিল জড়র্পের ভিত্তি ও প্রতীক: পরমাণ্ম তার সহচরদের সঙ্গে যুক্ত হয়েও বিযুক্ত থাকে, শক্তির সাধারণ প্রয়োগে তার মৃত্যু এবং প্রলয় ঘটানো কখনও সম্ভব নয়। তাই তাকে বলা চলে বিবিক্ত অইন্তার জড় প্রতীক, যা প্রকৃতির আত্মহারা-সংমিশ্রণের নীতিকে উপেক্ষা ক'রে নিজের সন্তাকে উদগ্র করে। কিন্তু বিশ্বপ্রকৃতির মধ্যে খণ্ডভাবের মত অখণ্ডভাবও প্রবল। বরং অখণ্ডভাবই তার তত্ত্ত, খণ্ডভাব তার একটা গোণ বিভাব মাত্র। তাই, যন্তলীলার মূড় তাগিদে হ'ক কিংবা আপন খুশিতে পরের প্ররোচনায় কি জবরদন্তিতেই হ'ক, প্রকৃতির যত খণ্ডর পকে অখণ্ডভাবের কাছে একভাবে না একভাবে নিজেকে সংপে দিতেই হয়। সূতরাং প্রকৃতি যদিও-বা আপন গরজেই আত্মহারা-সংমিশ্রণের প্রলয়লীলা হতে নিজেকে ঠেকিয়ে রাখতে পরমাণকেে সাধারণত বাধা দেয় না (কেননা তা नरेल तुल-সংযোজনের একটা শক্ত কাঠামো বা নির্দিষ্ট রূপবীজ সে কোথায় পাবে), তব্তুও পঞ্জেভাবের বেলায় ওই সংমিশ্রণের রীতি মানতে পরমাণুকেও সে বাধ্য করে। তাই পরমাণ্প্রেচয়ে দেখা দের জড়প্রকৃতির প্রশ্বম প্রঞ্জভাব। ওই হল তার অবয়বিগঠনের গোড়ার উপাদান।

প্রাণ যখন প্রস্ফারণের দ্বিতীয় পর্বে পেশছর, আমরা যাকে জানি প্রাণন বা 'জীবনযোনি প্রযন্ন' বলে, তখন তার মধ্যে ফোটে একটা বিপরীত ধারা। অর্থাৎ প্রাণময় অহংএর জড় আধারকে বাধ্য হয়ে তখন মানতে হয় প্রলয়ের

শাসন। আকারের কাঠামো ট্রকরা হয়ে তখন ভেঙে পড়ে, যাতে একটি প্রাণবিগ্রহের উপাদানকে রূপান্তরিত করা যায় অন্যান্য বিগ্রহের মৌল উপাদানে। এই ভাঙা-গড়ার খেলার পূর্ণ পরিচয় আজও আমরা পাইনি— কেননা অন্নময়-প্রাণ ও জড়ের বিজ্ঞান আমাদের যতথানি আয়ত্ত হয়েছে. মনোময়-প্রাণ ও চিৎসত্তার বিজ্ঞান এখনও ততখানি দখলে আর্সেন। তব্তুও মোটামুটি এইটকু বোঝা যায় : শুধু জড়দেহের উপাদানই নয়, সক্ষা প্রাণময়-কোষের যেসব উপাদান—আমাদের প্রাণ ও বাসনার সক্ষাতেজ, আমাদের বীর্য প্রযন্ন ও সংবেগ—আমরা বে'চে থাকতেই' এবং মরলে পরেও এসমস্তই অপরের প্রাণধাতৃতে সংক্রামিত হচ্ছে। প্রাচীন রহস্যবিজ্ঞান বলে : অল্লময় শরীরের মত আমাদের একটা প্রাণময় শরীরও আছে। মৃত্যুর পর তারও বিশরণ ঘটে এবং তার উপাদান দিয়ে অন্যান্য প্রাণময় শরীর গড়ে ওঠে। বেকে থাকতেও আমাদের প্রাণের তেজ অহরহ অপরের তেজের সংগ্রেমিগ্রত হচ্ছে। তেমনি মনোময় জীবনেও পরম্পরের মধ্যে আদান-প্রদানের লীলা চলছে। আমাদের মনোধাত অনবরত ভেঙে পড়ছে, ছড়িয়ে যাচ্ছে, আবার গড়ে উঠছে মনের সংগ মনের সংঘাতে—অবিরাম চলছে তাদের আত্মসংমিশ্রণ ও অন্যোন্যবিনিময়। এমনি করে ভূতে-ভূতে অন্যোন্যবিনিময়, অন্যোন্য-সংমিশ্রণ ও একাত্মসম্মেলন—এই হল প্রাণের রীতি, প্রাণের স্বর্পধর্ম।

প্রাণাক্রয়ার দুর্নিট ধারা তাহলে দেখতে পাচ্ছি আমরা। তার একদিকে রয়েছে বিবিক্ত অহংএর টিকে থাকবার তাগিদ বা সঙ্কল্প—নিজের স্বাতন্তাকে সকল আঘাত বাঁচিয়ে জিইয়ে রেখে: আরেকদিকে রয়েছে প্রকৃতির অলংঘ্য শাসন—নিজেকে তার মিলিয়ে দিতেই হবে অপরের মধ্যে। জড়জগতে প্রকৃতির কোঁক প্রথম ধারাটির 'পরে—কেননা সেখানে তার প্রয়োজন বিবিক্ত স্থাণ্যর পের বিস্পৃষ্টি। এই তার সর্বপ্রথম ও সর্বকঠিন তপস্যা। কারণ যে-ভূমিতে আন্দেত্যর অখণ্ডভাবের পরিবাঞ্জনা এবং বিশ্বশক্তির অবিরাম নিত্যচণ্ডল স্পন্দনলীলা চলছে, সেখানে বিবিক্ত ব্যক্তিভাবকে টিকিয়ে রাখা কি তার জন্যে স্থাণ, আধার গড়া বস্তুতই একটা দুর্জায় সমস্যা। তাই ব্যচ্টিরপে যথন প্রমাণুর জীবনে স্থাণুভাবের একটা ভিত্তি পেল এবং প্রমাণুপ্রচয়ের ফলে দেখা দিল অবয়বিসংস্থানের মধ্যে অলপাধিক স্থায়িত্বের একটা স্থানিশ্চিত সম্ভাবনা, তথন ভবিষ্যৎ প্রাণময় ও মনোময় ব্যক্তিভাবের সেই হল বনিয়াদ। এর্মান করে রূপের একটা শক্ত কাঠামো পেয়ে উত্তর-সাধনার সিন্ধি সম্পর্কে প্রকৃতি ষখন নিশ্চিন্ত হল, তখন প্রাণের চলন সে উলটে দিল। এইবার ব্যাঘ্টি-র্পকে ধরংস করে তারই বিদ্রুস্ত উপাদান দিয়ে প্রাণবিশ্রহের পর্বিট শ্রুর হল। কিল্ড একেও প্রাণের অল্ডা পরিণাম বলা চলে না। দর্টি ধারার পূর্ণ সামঞ্জস্যে পরিণামের চরম পর্ব দেখা দেবে। তখন ব্যাঘ্টিচেতনাকে বজায় রেথেই

ব্যণ্টিজীব আত্মসংমিশ্রণ করবে অপরের সঙ্গে। অথচ তাতে আত্মপ্রতিষ্ঠার ভারকেন্দ্রও যেমন বিচলিত হবে না, তেমনি উন্বর্তনের সন্ভাবনাও অব্যাহত থাকবে।

এই সামঞ্জস্যসাধনাই প্রাণের সমস্যা। কিন্তু প্রাণের ক্ষেত্রে মনঃশক্তির আবিভাব ছাড়া এ-সমস্যার সমাধান হবে না। শৃধ্ব প্রাণন আছে, কিন্তু চেতন-মনের আবেশ নাই-এতে কখনও সাম্য আসে না। এর ফলে সাময়িক ভারসাম্যের যে অনিশ্চিত ব্যাপার দেখা দেয়, তার পর্যবসান ঘটে দেহের মৃত্যুতে: অর্থাৎ ব্যান্ট্ভাবের প্রলয়ে তার যত উপাদান বিশ্বভাবে ছডিয়ে পড়ে। অন্নময়-প্রাণের প্রকৃতি এই, ব্যাণ্টি-আধারকে সে কিছুতেই অব্যাহত ও অবিকৃত ভাবে নিজেকে জিইয়ে রাখবার শক্তি দেবে না—আধার্রাপ্থত পরমাণ্দের মত। এ পারে শুধু মনোময়-পুরুষ, যার মর্মকোষে অধিষ্ঠিত রয়েছে অন্তরাত্মার চিদ্ঘন বিন্দর স্ফরেস্তা। অতীতকে ভবিষাতের সংগে জ্বড়ে সে-ই স্থিতির একটা অথন্ড প্রবাহ বইয়ে দিতে পারে। আধারের চ্যুতিতে যদি কখনও অল্লময়-স্মৃতির ছেদও দেখা দেয় তার মধ্যে, তব মনোময়-প্রেষের স্মৃতি অব্যাহত থাকে এবং সেই স্মৃতিই ক্রমে পুন্ট হয়ে দেহের জন্মমরণজনিত অল্লময়-স্মৃতির ব্রটিকেও অচ্ছিদ্র করতে পারে। আজও শরীরী মনের পূর্ণ পরিণতি রয়েছে বহুদুরে। তবু মনোময়-পুরুষ দেহের সীমায় বন্দী জীবনের এলাকা ছাডিয়েও অতীত ও ভবিষ্যতের অনেকখানি খবর এখনও রাখে। সে জানে তার ব্যক্তিগত অতীতকে, জানে যে ব্যক্তিজীবনের পরিণামপরম্পরা ম্বারা সংস্কৃত হয়ে ফুটেছে তার এই বর্তমান জীবন; এমন-কি এহতে যে ভবিষ্যৎ জীবনপরম্পরার সচেনা, তারও সে সন্ধান রাখে। ব্যক্তির এই পরম্পরার ভিতর দিয়ে একটি সমষ্টি জীবনধার। ব্যাপ্ত হয়ে রয়েছে অতীত হতে ভবিষ্যতে, যার মধ্যে তার অন্তিষের অন্ত্রি অন্মাত হয়ে আছে একটি অংশ্ব মত—তারও চেতনা তার আছে। ভব-প্রতায়ের এই অবিচ্ছিন্ন ধারাকে জড়বিজ্ঞান বংশানকেম বলে জানে। কিল্ড মনোময়-পুরেবের অন্তরালে নিত্য উপচীয়মান জীবাত্মা তাকে জানে তার স্থিরসত্ত্বরূপে। মনোময়-প্রেয় এই জীবচেতনার বিভূতি, অতএব তাতেই কেন্দ্রীভূত হয়েছে ব্যক্তিজীবন ও সমূহজীবনের স্থির প্রতায়। প্রাণের এ-দুটি বিভাবের সংগম ও সৌষম্যের আধার সে-ই।

ব্যক্তি ও সম্হের মাঝে এই-যে ন্তন সম্বন্ধ, তার বীর্য নিহিত রয়েছে আসংগ্য—যার মূল স্ব প্রেম এবং প্রেমের স্ব্রিছটার উদয়ন যার তাৎপর্য। অতএব প্রেমময় আসংগই হল প্রাণপরিগামের তৃতীয় পর্বের নিয়মক শক্তি। প্রেমকে বাঁচিয়ে রাথতে বেমন আম্মচেতনাকে জিইয়ে রাথা চাই, তেমনি জাগ্রত-চিত্ত নিয়েই চাই আম্মবিনিময়ের বা নিজেকে বিলিয়ে কি মিলিয়ে দেবার

আকৃতি ও নিয়তিকে মেনে নেওয়া। এ-দুয়ের একটিকে বাদ দিয়ে জীবনে আর যা ফুটুক, প্রেম ফোটে না। পরিপূর্ণ আত্মোৎসর্গ এমন-কি বাঞ্ছিতের মধ্যে পরিপূর্ণে আত্মবিলোপের একটা স্বংনকে বহন করা মনোময়-পূরেষের পক্ষে স্বাভাবিক—সেদিকে তার ঝোঁকও আছে। কিল্ত সে-উৎসূর্গসাধনার তাংপর্য হল প্রাণের এই তৃতীয় ভূমিকেও ছাড়িয়ে যাবার প্রেতিতে।...বস্তৃত তৃতীয় ভূমির সাধনায় আমরা ক্রমে ছাড়িয়ে উঠি—পরস্পরকে গ্রাস করে নিজে বাঁচবার উন্মত্ত প্রয়াসকে এবং সে-প্রয়াস ন্বারা যোগ্যতমের টিকে থাকবার মূট ব্যবস্থাকে। কেননা এ-ভূমিতে টিকে থাকবার প্রয়াস সার্থক হয় পরস্পরের সহযোগিতায়। প্রত্যেক ব্যক্তি আত্মসম্পতির সুযোগ পায় রেষারেষিতে নয় —মেশার্মোশতে, আত্মবিনিময়ে, নিজেকে অপরের সঙ্গে খাপ খাইয়ে। সমস্তটা জীবনই আত্মপ্রতিষ্ঠার একটা সাধনা—এমন-কি অহংএর পর্নিষ্ট ও উদ্বর্তন তার অপরিহার্য অক্ষত্ত বটে। তবুত্ত শুধু একার অহর্ণটকৈ নিয়ে সে-সাধনার সিদ্ধি সম্ভব হয় না। কেননা প্রাণপরিণামের এই তৃতীয় পর্বে ব্যক্তির প্রয়োজন বিশ্বকে—একটি অহং এখানে খোঁজে আরেকটি অহংকে। অপরক নিজের মধ্যে টেনে আনবার এবং নিজেকে অপরের মধ্যে বিলিয়ে দেবার আকাংক্ষাও এই ভূমিতে স্বাভাবিক। ব্যক্তি এবং সমূহের মধ্যে টিকে থাকবার যোগাতা এখানে সবচাইতে বেশী তাদেরই—যারা আনন্দ ও ভালবাসার বিধানকে জয়ী করতে পেরেছে জগতে, পরম্পরের আনুক্লা দয়া মায়া মৈত্রী ও একতাই যাদের জীবনের আদর্শ, অন্যোন্য-আত্মদানের ভিতর দিয়েই যারা মৃত্যুঞ্জর হবার পথ খাজে পেয়েছে। তারা জানে ব্যক্তির আপ্যায়নে ব্যক্তির ও সম হের পর্নিষ্ট যেমন, তেমান সমূহের আপ্যায়নেও ব্যক্তি ও সম্হের প্রিষ্ট —এই হল প্রকৃতির বিধান।

প্রাণপ্রকৃতির এই শিবময় পরিণামে মনঃপ্রকৃতিরই* উপচীয়মান প্রভাব স্টিত হয়। বোঝা যায়, অল্লময় আধারের 'পরে মনোময়-প্রব্রের অনুশাসন ক্রমেই বিজয়ী হচ্ছে। প্রাণের চেয়ে মন স্ক্রা বলে নিজের আহার সন্ভোগ ও প্রিটর জন্যে অপরকে তার গ্রাস করতে হয় না। বরং যতই দেয়, ততই সে পায়, তার প্রিটও ততই অব্যাহত হয়। পরের মধ্যে নিজেকে নিঃশেষে মিলিয়ে দিয়ে পরকেও সে নিজের রসে জীর্ণ করে। এমনি করে ক্রমেই তার অধিকার প্রসারিত হয়। অল্লময় প্রাণ অতিদানে যেমন নিজেকে ফতুর করে, তেমনি

^{*} এখানে যে-মনের কথা বলছি, হৃদরের ডিতর দিয়ে তার প্রভাব সোজাসনুজি পড়ে প্রাণপ্রে,বের 'পরে। শৃন্ধ প্রেমতত্ত্ব নর, কিন্তু তার যে-আভাসট্কু ফ্টেছে জ্বগতে, বস্তুত তা প্রাণেরই ধর্ম—মনের নর। কিন্তু তারও প্রতিষ্ঠা ও স্থারিত্ব সম্ভব হয়, বখন মন তাকে টেনে নেয় আপন জ্যোতির্লোকে। অলমর ও প্রাণময় আধারে যে-ভালবাসা দেখা দেয়, তা ব্যভুক্ষারই একটা চণ্ডল র্প মাত্র।

অতি-আহারেও নিজের মরণ ডেকে আনে। মনের মধ্যেও এই নানেতা থাকে. যতক্ষণ সে জড়ের বিধান মেনে চলে। কিন্তু স্বারাজ্যের অধিকার যতই নিরঙকুশ হয়, ততই এ-বন্ধন তার খসে পড়ে। তখন জড়ের সঙেকাচ কাটিয়ে উঠে তার দেওয়া এবং নেওয়া এক হয়ে যায়। এই তার উদয়নের স্বাভাবিক ছন্দ, কেননা ভেদে-অভেদের যে চিন্ময় বিধানে সচিদানন্দের দিব্য প্রকাশ এই বিশ্বর্পে, মন স্বর্পত সেই ঋতম্ভরা লীলারই বাহন।

প্রেবি বলেছি, প্রাণের স্বর্পিস্থিতিতে অবচেতন সংকল্পের যে-মধ্যবিভূতি রয়েছে, পরিণামের মধ্যপর্বে তা-ই দেখা দেয় বৃভূক্ষা ও স্ফ্রট-বাসনার আকারে—যাকে বলা যায় 'মনসো রেতঃ' বা চেতন-মনের আদিবীঞ্চ। যথন আসংগম্পৃহা ও ভালবাসার উপচয়ে তৃতীয় পর্বে প্রাণের উদয়ন ঘটে. তখনও কিন্তু কামনার বিলোপ হয় না—হয় তার পূর্ণতা ও রূপান্তর। আত্মদানের দ্বারা অপরকে ফিরে পাওয়া নিজের মধ্যে, এই হল ভালবাসার দ্বভাব। কিন্তু অল্লময় প্রাণ দিতে চায় না, সে শ্বধ্ব চায় নিতে। অবশ্য বাধ্য হয়ে কিছু-না-কিছু তাকে দিতে হয়—কেননা যে-প্রাণ দেবার দায় এডিয়ে লোকান্তরে এমন রূপণ প্রাণের অন্তিত্ব কথনও সম্ভব নয়। তাই জডভূমিতেও প্রাণকে কিছ, ছাড়তে হয়—কিন্তু দ্বেচ্ছায় নয়। সেখানে সে অবশ হয়ে বিশ্ব-প্রকৃতির অবচেতন আক্তিকে মেনে চলে—ত্যাগের সচেতন সাধনায় তার সায় থাকে না। এমন-কি ভালবাসা জাগলেও, প্রথমত তার আত্মদানের রীতি হয় অনেকটা পরমাণ্রে মধ্যে প্রচ্ছন্ন আক্তির যন্ত্রলীলার মত। প্রেমও প্রথম ব্রভুক্ষার ধারা ধরে। তখন নিজেকে দেবার চাইতে পরের কাছে আদায় করাতেই তার তৃপ্তি—আত্মদান ও আত্মসমর্পণকে সে জানে শুধু বাঞ্চিত বস্তুকে পাবার একটা অত্যাবশ্যক সাধন বলে। কিন্তু একে তো প্রেমের স্বর্পপ্রকৃতি বলতে পারি না। প্রেমের স্বর্প ফোটে সমঞ্জসা রতিতে, যেখানে দেবার আনন্দ পাবার আনন্দের সমান-বরং তাকে ছাড়িয়ে যাবার দিকেই তার ঝোঁক। কিন্তু ছাড়িয়ে যাওয়াকে বলি সমর্থা রতির দিব্যোন্মাদ, যার প্রেরণায় আত্মহারা হয়ে প্রেম ডুবে যেতে চায় পরমসাম্যের অন্তর্দশায়। তখন যে ছিল অনাত্মা, সে-ই হয় তার পরমাত্মা—তার অন্তরাত্মার চেয়েও মহন্তর ও প্রিয়তর। কিন্তু উন্মনী প্রেম যা-ই হ'ক, প্রেমের প্রাণপ্রতিষ্ঠার মন্ত্র হল অপরকে পেয়ে অপরের মধ্যে পরোপর্নির নিজেকে পাওয়া। তখন অপরের ঐশ্বর্য বাড়িয়েই প্রেমের আপন ঐশ্বর্য বাড়ে, ভোগ করতে গিয়ে ভুক্ত হতে হয় তাকে—কেননা পরের আবেশ ছাড়া নিজেকে যে কখনও পূর্ণ করে পাওয়া যায় না।

এমনি করে প্রাণপরিণামের প্রথম পর্বে ফোটে—পরমাণ্কগতের অসাড় অশক্তিহেতু আত্মপ্রতিষ্ঠার একটা অভাব। জড়ব্যক্তি সেখানে সম্পর্ণ অনাত্মার কবলে। দ্বিতীয় পর্বে ফোটে একটা নানতার চেতনা, আত্মপ্রতিষ্ঠার একটা আকৃতি: প্রাণ চায় আত্মা এবং অনাত্মা দুয়েরই বশীকার। এরই মধ্যে তৃতীয় পর্বের উন্মেষে প্রকৃতির রূপান্তরে দেখা দের এমন-একটা পূর্ণতা ও সৌষম্য, যা বিরোধাভাসের ভিতর দিয়েই পুনঃপ্রতিষ্ঠিত করে প্রকৃতিকে। ক্রমে আসপ্য ও ভালবাসার সাধনায় অনাত্মাই দেখা দেয় 'মহান্ আত্মা' হয়ে। তথন তার অনুশাসন ও প্রয়োজনের কাছে সচেতনভাবে আত্মসমর্পণ করবার কোনও বাধা থাকে না এবং তার ফলে সমূহজীবনের ব্যক্তিজীবনকে আত্মসাৎ করবার উপচীয়মান আক্তিত তপ্ত হয়। আবার সেইসঙ্গে ব্যক্তির মধ্যে দেখা দের অপরের জীবনকে জারিত করবার এবং তার দেওয়া বিত্তকে আত্মসাং করবার প্রবেগ, যার ফলে ব্যক্তিজীবনের সমূহজীবনকে সম্ভোগ করবার বিপরীত আক্তিও তৃপ্ত হয়। জীব আর জগতের এই যে অন্যোনাসম্ভাবনের সম্বন্ধ, তার সম্যক অথবা স্নিশ্চিত স্ফুর্তি সম্ভব হতে পারে একমাত্র ব্যক্তিতে-ব্যক্তিতে এবং সমূহে-সমূহে অনুরূপ সম্বন্ধের প্রতিষ্ঠায়। এক দুশ্চর তপস্যা চলছে মানুষের জীবনে। একদিকে তার মধ্যে আছে আত্ম-প্রতিষ্ঠা ও স্বাতন্দ্র্যের স্প্রা, তা-ই দিয়ে সে পায় নিজেকে; আরেকদিকে আছে আস•গ প্রেম ভ্রাত্ভাব ও মৈত্রীর দাবি, যা মেনে তার নিজেকে দিতে হয়। এ-দুয়ের মাঝে তাকে সামঞ্জস্য ঘটাতে হয় যেমন, তেমনি দুর্টি বিরুদ্ধ আক্তির সমন্বয়ে সাম্য ন্যায় ও সৌষম্যের এক কল্পজগৎ সূচ্টি করবার সাধনাতে তার সকল শক্তি নিয়োজিত করতেও হয়। তার এই প্রয়াসের মূলে আছে বিশ্ব-প্রকৃতির এক নিগ্রে সমস্যাসমাধানের অন্তিবর্তনীয় প্রেতি। সে-সমস্যা প্রাণের সমস্যা : জড়ের আধারে উন্মিষিত প্রাণের মর্মমূলে যে ন্বন্দেরে সংঘাত নিহিত আছে, তার মধ্যে মিলনের সূত্রটি আবিষ্কার করাই তার সমাধান। সে-সমাধানের সাধনা করছে মন—প্রাণের উত্তরসাধকর্পে। কেননা, সে-ই শ**ং**ধ জানে মহাপ্রকৃতির ঈশ্সিত সৌধম্যের পথের খবর, র্যাদও একমাত্র উন্মনী-ভূমিতেই সে-সোধমোর চরম সিন্ধি ঘটতে পারে।

কারণ, যে-তথ্যকে ভিত্তি করে আমাদের এই এষণা, সে যদি সত্য হর, তাহলে পথের শেষে সিশ্ধির উপান্তে তথনই মন পেশছতে পারবে যথন অমনীভাবের মহারহস্যে নিজেকে সে হারিয়ে ফেলরে। এই উন্মনীই তো মনের স্বর্পসত্য—মন তার অবরবিভূতি ও সাধন মাত্র। একে আশ্রয় করে অখন্ড অর্পের যেমন খন্ডর্পে অবতরণ হয়, তেমনি একে ধরেই আবার সে উঠে যায় র্প ও খন্ডতার ব্যহকে ভেদ করে আপন স্বর্পে। এতএব শন্ধ্ মনের ও হ্দরের প্রসারণে, শন্ধ্ আসন্গ আছাবিনিময় ও প্রেমের বহিরশা সাধনায় কখনও জীবনসমস্যার পূর্ণ সমাধান হবে না। তার জন্য চাই এক লোকোত্তর তুরীয় ভূমিতে প্রাণের উদয়ন, ষেখানে বহ্র শাশ্বত একম্ব উপলব্ধ

হয় চিন্ময় তাদাখ্যাবোধের নিবিড়তায়। সেথানে জাগ্রতজ্ঞীবনের সকল প্রবৃত্তির আপ্যায়ন দেহের খণ্ডতাবোধে নয়, প্রাণবৃত্তির উন্ধত বাসনা ও বৃভূক্ষায় নয়, মনঃকল্পিত সমাহার ও সৌষম্যের অপ্রণ সাধনায় নয়—এমন-কি এসবার সমবায়েও নয়। চিৎস্বর্পের অখণ্ড তাদাখ্যাবোধ ও নিরঞ্কুশ স্বাতন্ত্রেই সেখানে প্রাণের অতিমৃত্তি ও জীবনের প্রতিষ্ঠা।

म्वाविश्य अक्षाग्र

প্রাণের সঙ্কট

তস্মাৎ সৰ্বায় বৃষ্টাতে।

তৈত্তিরীয়োপনিবং ২।৩

এই জন্মই তাকে বলা হয় সর্বায়্য বা বিশ্বপ্রাণ।
—হৈতান্তিরীয় উপনিষদ (২।৩)

ঈশ্বরঃ সর্বাস্থ্যানাং হালেদশে হ**র্জান্ত**ভাতি। দ্রাময়ন্ সর্বাস্থ্যানি যায়য়া॥

গীতা ১৮ ৷৬১

ঈশ্বর অধিষ্ঠিত আছেন সর্বভূতের হ্দয়দেশে—খন্তার্ড় সকল ভূতকে দ্রামিত ক'রে তাঁর মায়ায়।

—গীতা (১৮।৬১)

সত্যং জ্ঞানমনত্যং রক্ষ যো ৰেদ...সোহখন্তে স্বান্ কামান্ সহ রক্ষণা বিপশ্চিতা। তৈজিরীয়োপনিষং ২।১

সত্য জ্ঞান ও অধনত-স্বর্প ব্রহ্মকে জানে ষে, বিপশ্চিৎ ব্রহ্মের সংগেই ভোগ করে সে কামনার সকল বিস্ত।

—তৈত্তিরীয় উপনিষদ (২।১)

বিশ্বলীলার একটা বিশিষ্ট পর্বে চিৎ-শক্তির বিশেষ বিচ্ছারণকেই আমরা প্রাণ বলে জানি। স্বরূপত সে-শক্তি অনন্ত নির্বিশেষ অব্যাহত—অখন্ড-দ্বভাবের নিতাত,প্তিতে তার অবিচল প্রতিষ্ঠা: অর্থাৎ সে-শক্তি সচিদানন্দেরই চিৎ-তপঃ। অনন্ত সন্মাত্রের নিরঞ্জন স্বভাব ও অখণ্ড শক্তির নির্ডকশ আত্মপ্রতিষ্ঠা হতে আপাত-বিবিক্ত হয়ে যখন এই বিশ্বলীলা দেখা দিল, তখন তার ম্লস্ত হল অবিদ্যাচ্ছর মনের বিভাজনবৃত্তি। এক অখণ্ড শক্তির এই খণ্ডলীলা হতে জগৎ জড়ে দেখা দেয় দ্বন্দ্ব ও বিরোধের বিভ্রম-মনে হয় ব্রহ্মের সচিদানন্দ স্বভাব বর্রিঝ এখানে নিরাক্কত। মন এই আপাত-নিরাক্তাতকে চিরুতন তব্ত বলে মেনে নেয়। অথচ বিশ্বচেতনার যে-দিবাদ্যতি গোপন রয়েছে মনের আড়ালে, সে কিন্তু তাকে জানে এক বহুবিচিত্র পরমার্থ-তত্ত্বের বিকৃত প্রতিভাস বলে। তাইতো এ-জগতে দেখি শুধু নানা বিরুষ্ধ সত্যের সংঘাত। সবাই তারা সার্থকিতার পথ খ'লছে এবং সে-অধিকারও তাদের আছে বলেই বিচিত্র সমস্যা ও বিপলে রহস্য প্রশ্নীভূত হয়ে উঠেছে দিকে-দিকে। সমস্যার সমাধান না করেও উপায় নাই, কেননা এই উত্তাল অন্তের পিছনে প্রচ্ছন্ন আছে এক অথন্ড সত্যের যে-ঋতস্বমা, তাকে আবিষ্কার করতে পারলেই এ-জগতে সেই সত্যের স্বচ্ছন্দ ও নিমাক্তি প্রকাশ ঘটবে।

মন সমস্যার সমাধান খংজেও পাবে। কিন্তু তাহলেও এ তো মনের একলার কাজ নয়। মনের সমাধানকে র্প দিতে হবে জীবনে। চেতনায় যা ফ্টবে, তাকে রূপ দিতে হবে কর্মেও। চেতনার শক্তিরূপ এই জংগম জগং গড়েছে, সৃণ্টি করেছে এর যত সমস্যা। অতএব সে-শক্তিই এসব সমস্যার সমাধান করবে, জণ্গম জগৎকে উত্তীর্ণ করবে অপরাজিতা সিদ্ধির সেই শাশ্বত-লোকে —যেখানে তার নিগ্রে তাৎপর্য সার্থক হবে, মূর্ত হবে তার উন্মিষ্ণ-সত্যের কল্পনা। মনের সমাধান তাই প্রাণের সমাধানে সার্থক হওয়া চাই। বিশ্বে পর-পর প্রাণের তিনটি রূপ ফ্টেছে। প্রথমত তার অল্লময় রূপ : সেখানে চলছে এক মানটেতন্যের লীলা—আত্মপ্রকাশের বহিরগ্গ প্রবৃত্তিতে নিজেকে হারিয়ে ফেলেছে, আত্মশক্তির বিলাসে যার নিজম্ব পরিচয় লুপ্ত হয়ে গেছে। তাই সেখানে দেখি শৃধ্ব প্রবৃত্তির স্পলন, শৃধ্ব শক্তির রূপায়ণ—কিন্তু অন্তর্গন্ড চৈতন্যের সন্ধান পাই না। তার পরে দেখা দিল প্রাণের প্রাণময় রূপ : চেতনার আধখানি ফ্টেছে সেখানে আবরণের আড়াল থেকে—প্রকাশ পেয়েছে প্রাণের বীর্য, আধারের পর্বান্ট প্রবৃত্তি ও অবক্ষয়ের লীলায়। আদিম কারাবন্ধন হতে অর্ধমৃক্ত চেতনা অবর্ম্ধ বীর্যের আবেগে স্পন্দমান সেখানে—ধরেছে প্রাণবাসনার দ্বর্বার আক্তির র্প, তৃপ্তি অথবা বিশ্বেষের অভিঘাতে সে দ্বলছে। কিন্তু কোথায় তার মধ্যে আলোর স্পন্দন? সে কি জানে তার আত্মসত্তার স্বর্প, তার পরিবেশের রহস্য? অসাড় শ্ন্যতা হতে ধীরে-ধীরে জাগে তার মধ্যে আলোর অস্পন্ট আচ্ছন্ন আভাস...তারপর দেখা দেয় তৃতীয় ভূমিতে প্রাণের মনোময় রূপ : এবার চেতনা উন্মিষিত আধারের মধ্যে। জীবনসত্যের অন্ভবকে সে র্পান্তরিত করে মনোময় বোধের আকারে, বাইরের অভিঘাতে জেগে ওঠে অপরোক্ষ দর্শন ও ভাবের সাড়া। চেতনার এই নবীন অভ্যুদয় ভাবকে জীবনের সত্য করে তোলে, অন্তরে আনে একটা যুগান্তর এবং তার অনুক্লে বাইরের জীবনকেও গড়তে চায় নতুন ভািগতে। এমান করে মনের ভূমিতে এসে চেতনা তার শক্তির সম্মৃত্ প্রবৃত্তি ও র্পায়ণের কারাবন্ধন হতে মৃত্তি পায়। কিন্তু তব্ সে-ম্বিক্ত তাকে প্রবৃত্তি ও র্পায়ণের 'পরে অকুণ্ঠ প্রশাসনের অধিকার দেয় না—কেননা এখনও শ্ব্ধ ব্যক্তিবিগ্রহে চেতনার প্রকাশ বলে তার মধ্যে তার সমগ্র প্রবৃত্তির একদেশ মাত্র ফুটেছে।

মানবজীবনের যত সমস্যা ও গ্রন্থি জটিল হয়ে উঠেছে এইখানে। স্বর্পত মান্য মনোময় প্রেষ, মনশ্চেতনার সে শক্তিবিগ্রহ। বিশ্বপ্রাণ ও বিশ্বশক্তির অংগীভূত হয়েও কেবল আভাসে সে তাদের অন্তব পায়। তার বিশ্বব্যাপ্ত প্রসারকে সে প্রত্যক্ষ জানে না, এমন-কি নিজেরও সমগ্র পরিচয় তার অগোচর। তাই জগতের প্রাণশক্তির পরে, এমন-কি নিজের জীবনের 'পরেও তার স্বচ্ছন্দ

ঈশনার অধিকার নাই—সর্বজ্ঞরা কল্পনার বাস্তব সিশ্বি কুণ্ঠিত ও পরাভূত তার আধারে। জড়কে সে জানতে চায় জড়ময় পরিবেশকে আপন বশে আনবে বলে। তেমনি প্রাণকে জেনে সে চায় জীবনকে নিয়ন্ত্রিত করবার স্বাতন্ত্র। পশ্রে মত তার মন আত্মচেতনার একটা ঝলক শুধ্র নয়—জ্ঞানের নিত্য উপচয়ে লেলিহান শিখার মত দীপ্ত হয়ে উঠছে তা দিনে-দিনে। তাই তাকে ঘিরে মনশ্চেতনার যে বিপলে রহস্য প্রতিনিয়ত স্পন্দিত হচ্ছে, তাকে আপন বশে আনবার জন্যে সে মনের তত্ত জানতে চায়। এমনি করে নিজেকে জেনে সে চায় স্বারাজ্যের মহিমা, জগংকে জেনে চায় বৈরাজ্যের অধিকার। তার সন্তায় নিত্যনিবিষ্ট সন্মাত্তের এই তো প্রেতি, তার চিৎস্বরূপের এই তো প্রয়োজন। তার জীবন জ্বডে মহাশক্তির যে-উল্লাস, এই মহাসিম্পির দিকেই তো তার একাগ্র সংবেগ। এমনি করে তারই অভীপ্সায় সচ্চিদানন্দের গোপন আক্তি রূপে ধরেছে। নিজেকে প্রকাশ করেও গোপন রেখে এ-জগতে তাঁর যে-লুকা-চ্রার চলছে, তাঁর জীবলীলাতেই তার সার্থক পরিচয়। জ্ঞান ও সিন্ধির এই অনির্বাণ অভীপ্সা কেমন করে সার্থ ক হবে, সে-সমস্যার সমাধানই মানুষের জীবনব্রত। কেননা, তার সন্তার মর্মামূলে প্রচ্ছন্ন রয়েছে এরই সংবেগ এই তার 'হাদি-সল্লিবিষ্ট' অত্তর্যামীর অল্ভ্যা নির্দেশ। যতদিন না মান্ত্র এ-সমস্যার সমাধান খাজে পাবে যতাদন না ওই দর্নিবার প্রেতি সার্থক হবে তার এষণা ও সাধনারও ততাদন বিরাম হবে না। হয় নিজেকে বিরাটর পে সার্থক করে তার অন্তর্যামীর চিরন্তন পিপাসা মেটাতে হবে, অথবা নরের আধারেই ঘটাতে হবে এমন নরোত্তমের আবিভাব—যার পক্ষে এ-পিপাসার পরিতর্পণ সুসাধ্য হবে। অর্থাৎ হয় মানুষকে নিজেই দেবমানব হতে হবে, অথবা অতিমানবকে এর জন্য পথ ছেডে দিতে হবে।

বিশ্বের নীতি ও নির্মাতর মধ্যে আমাদের এ-কম্পনার সমর্থন আছে। কারণ, মানুষের মনশ্চেতনাতেই যে চিংশক্তি জড়ের অন্থকবল হতে ছাড়া পেয়ে প্রম্বন্ত মহিমায় ভাস্বর হয়ে উঠেছে, তা নয়। চিংপ্রকাশের বিপ্রল অভিযানে এ একটা মধ্যপর্ব মার। আজ মানুষ যেখানে দাঁড়িয়ে, সেইখানে এসেই প্রকৃতির পরিণাম থেমে যেতে পারে না। তার সিস্কার সংবেগ হয় মানুষের মধ্যেই ফুটিয়ে তুলবে এর উত্তরপর্ব, নয়তো তাকে ছাড়িয়ে চলবে তার অভিযান—যদি এগিয়ে যাবার সামর্থ্য মানুষের না-ই থাকে। আজ জীবনে যে-মনোলীলা সত্য হয়ে ফ্রটতে চাইছে, তার অভিযানও তো শেষ হবে না—যতাদিন জীবনসতোর প্রশ্মহিমায় এই আধারে সে জনুলে না উঠছে। একে-একে সে তার ষত আবরণ খসিয়ে ফেলবে, প্রণায়ত হয়ে জাগবে উম্ভাস্বর চেতনার জ্যোতিমহিমায় ও সার্থক বীর্ষের অকুণ্ঠ উল্লাসে—এই তার নির্মাত। বিশ্বম্বল সন্মাতের এই তো প্রকাশ-রীতি। তার স্ফ্রুণ বীর্ষে, তার স্ক্রুণ

জ্যোতিতে—কেননা শক্তি ও চৈতনাই যে সন্তার স্বর্প। এ-দ্বিট বিভাষ সংগত হয় তৃতীয় আরেকটি বিভাবে, যাকে জান স্বয়স্ভূসন্তার নিত্যতপ্ত আনন্দ বলে। এমনি করে শক্তি চৈতনা ও আনন্দের তাদাত্ম্যসংগমেই সন্তার পরিপ্র্ণ সার্থকতা। এই নিত্যসিম্প ভাবোল্লাসে পেশছনো আমাদেরও নিয়তি। কিন্তু পরিণামের ধারাবাহিকতায় মান্বের জীবন ফ্টছে পর্বে-পর্বে। তাই সিম্পির চরমে পেশছতে হলে আত্মার এষণাকে তার সাধনা করতে হবে—আবির্ভাবের পরমলন্দেন তার মধ্যে বে-আত্মা গ্রহাহিত হয়েছিলেন বীজর্পে। সেই আত্ম-আবিন্দার ম্বারা মান্ব দলে-দলে ফ্টিয়ে তুলবে জীবনযোনি চিৎশক্তির অন্তর্গ্ দ যত বীর্য তার আধারে নিহিত ছিল। সিচিদানন্দই মান্বের মধ্যে গ্রহাহিত এই চিদ্বীর্য। ব্যক্তিজীবন ও বিশ্বজ্ঞানন্দেই মান্বের মধ্যে গ্রহাহিত এই চিদ্বীর্য। ব্যক্তিজীবন ও বিশ্বজ্ঞানর বিশিষ্ট এক সামরস্যের ভিতর দিয়ে নিজেকে তিনি মানব-আধারে ফ্টিয়ে তুলতে চাইছেন। তাঁর সেই নিগ্রু প্রেতিকে অন্সরণ করে মান্ব্য একদিন চেতনা বীর্য ও আনন্দের সার্বভৌম অংশ্ড অন্ভবে প্রকাশ করবে অনির্বাচ্য অন্তর্রকে—বিশ্ব জন্ডে নিজেকে যিনি ছড়িয়ে দিয়েছেন র্পের মেলায়।

চৈতন্যই প্রাণের উপাদান। অতএব প্রাণের প্রকাশ সর্বত্র চৈতন্যের মৌলবিভাবকে অনুসরণ করে—কেননা সন্তার সকল ভূমিতেই চৈতন্য যেমন. শক্তির স্ফারণ হয় তারই অনুরূপ। যেমন সচিচদানদে : চৈতন্য সেখানে অখন্ড অনন্ত ক্রিয়াতীত রূপাতীত অথচ আত্মবিচ্ছুরণের ভর্তা ভোক্তা ও অন্তর্যামী মহেশ্বর। তেমান শক্তিরও সেখানে অন্তহীন স্বাধিকার অখন্ড বিভূতি অনুত্তর বীর্য ও আত্মসংবিং। আবার জড়প্রকৃতিতে চৈতন্য গঢ়ে আত্মবিস্মৃত—যেন আপন শক্তির অন্ধ প্রমন্ত আবেগে ভেসে চলেছে (অথচ চৈতন্যই সেখানে বস্তৃত শক্তিবাহিনীর সার্রাথ, কেননা দ্বয়ের মাঝে এই সম্বন্ধই শাশ্বত)। তেমান জড়ের মধ্যে শক্তিও অসাড় অচিতির একটা উন্মত্ত বিপলে তান্ডব—সে জানে না তার মধ্যে কি আছে। আকস্মিকতার দুর্নিবার তাডনায় যদক্ষার অনুকলে প্রশাসনে যন্তবং তার সিদ্ধি-যদিও প্রতি পদক্ষেপে নির্ভুলভাবে সে তার অন্তগ্রি ঋত ও সত্যের শাসন মেনে চলেছে, যার মুলে আবার দেখি আছে তার অন্তর্যামী শান্বত চিন্ময় পরেষের কবিক্রত। মনে : চৈতন্য সেখানে শ্বন্দর্বিধরে, আধারে-আধারে সংকীর্ণ, আম্মরত, অপর আধার সদবশ্বে অজ্ঞান ও নিঃসম্পর্ক—জানে শ্বে ক্রতু ও শুক্তির আপাত-খণ্ডতা ও সংঘাত, জানে না তাদের স্বর্পগত ঐক্য ও সৌষম্য। তেমনি শক্তিও তার মধ্যে ফুটেছে আমাদেরই অভাস্ত ও পরিচিত জীবনলীলায়। সেখানে প্রাণের ভূমিতে দেখা দিরেছে ব্যক্তিতে-ব্যক্তিতে মূড় সংঘর্ষ, অপরের সম্পর্ক ক্ষেবীকার করে আত্মস্পতির অন্ধ আবেগ, বিচিত্র খণ্ডিত বিরুখ

শক্তির কৃচ্ছ্য সমাবেশ ও অন্যোন্যসংগ্রাম। তেমনি মনোভূমিতে আছে শুধ্ব খণ্ডিত বিরুম্ধ ও বিভিন্নমুখী ভাবনার মিশ্রণ সংঘাত সংগ্রাম ও অনিশ্চিত সমাহার—তার মধ্যে অন্যোন্যসম্বন্ধের বিজ্ঞান কি স্বীকৃতি নাই। তারা জানে না, এক অন্তগর্ড় অন্বৈতভাবনার বিচিত্র বিভূতি তারা, অতএব সেই ঐক্যের অন্তেবে আছে তাদের সকল দ্বন্দের পরম সমন্বয়। কিন্তু চৈতন্য যেখানে বহুত্ব এবং একত্ব দুটি ভাবনার আধার, বহুত্বের ভাবনা যেখানে একত্বের প্রশাসনে বিধৃত, বিশ্বের সত্য ঋত ও ব্রতের সঙ্গে ব্যক্তির সত্য খত ও ব্রত যে-চৈতন্যে সামরস্যের অপরোক্ষ অনুভবে একছন্দে গাঁথা, এক জানছেন বহুকে আত্মন্বরূপ বলে এবং বহু জানছে এককে নিজেদের ন্বরূপ বলে—এই যেখানে চেতনার অখন্ড প্রকৃতি, শক্তিও সেখানে তার অন্তর্প হয়ে নিজেকে ফ্রাটিয়ে তুলবে বিশ্বপ্রাণের ছন্দোলীলায়—যার মধ্যে একের প্রশাসনকে সচেতনভাবে মেনে নিয়েই বহরে বৈচিচ্যকে সে প্রতি ব্যক্তির স্বভাব ও স্বধর্মের পরিশীলনে রূপ দেবে। সেই শক্তির আবেশে উন্মেষিত মহা-জীবনে প্রত্যেক ব্যক্তির নিষ্কাম আত্মরতি যোগযুক্ত হবে বিশ্বাত্মভাবনার সঙ্গে। অর্থাৎ বহু জীবে একই চিন্ময় পুরুষের অনুভব, বহু মনে একই চেতনার বিচ্ছারণ, বহু জীবনে একই শক্তির উল্লাস, বহু হুদয়ে ও আধারে একই আনন্দের মূর্ছন-এই অপরোক্ষ উপলব্ধিতে ব্যক্তির চেতনা প্রদীপ্ত হবে।

চিৎশক্তির এই চারটি বিভাবের মধ্যে প্রথমটি হল সচিচদানন্দের স্বর্প।

চৈতন্য ও শক্তির মধ্যে সামরস্যের স্ফ্রিত হচ্ছে তাকেই আশ্রর করে। সচিদানন্দের মধ্যে চৈতন্য ও শক্তি অবিনাভূত, তদাত্মক। কেননা শক্তি সেখানে সন্তার চিন্ময় স্ফ্রেণ, অথচ সে-স্ফ্রেণে চিৎস্বর্পের প্রচ্যাতি ঘটছে না।
তেমান চৈতন্যও সেখানে সন্তারই জ্যোতির্ময়ী শক্তি—নিত্য প্রদীপ্ত যার আত্মনংবিং ও স্বর্পানন্দের অন্ভব, নিত্য অকৃণ্ঠিত যার এই অন্তর জ্যোতি ও স্বর্পাত্দার বীর্য। দ্বিতীয় বিভাবটি হল জড়প্রকৃতির র্প। এমানতর আত্মপ্রতিষ্ঠার বীর্য। দ্বিতীয় বিভাবটি হল জড়প্রকৃতির র্প। এমানতর আত্মপ্রতিষ্ঠে দ্বারাই সচিদানন্দ জড়বিশ্বে আপনাকে বিভাবিত করেছেন। আপাতদ্দিউতে এখানে শক্তি আর চৈতন্যের প্রণ বিচ্ছেদ, অথচ অচিতির প্রমাদহীন প্রশাসনের বিশ্বব্যাপী ইন্দ্রজাল আমাদের ব্রন্থকে মন্দ্র করে। তাই আধ্রনিক জড়বিজ্ঞান একেই বিশ্বদেবতার তত্ত্বপ্প ভেবেছে—যদিও এ তার একটা ম্বোস শন্ধ। তৃতীয় বিভাবটি ফ্রেটছে বিশ্ব-সতের প্রাণ ও মনের লীলায়। জড়ত্বের স্ব্রিছোের কাটিয়ে তারা ধীরে-ধীরে জাগছে আচ্ছম দ্বিট নিয়ে। জড়তার কাছে নিজেকে স'পে দিয়ে আত্মবিলোপ ঘটানো যেমন তাদের পক্ষে অসম্ভব, তেমনি তিমিরবিদার উদার অভ্যাদরের কন্পনাও তাদের চেতনায় অস্পন্ট। তাই সহস্র সমস্যায় তাদের সাধনা সন্ধ্রণ। যে-জড়প্রকৃতির মধ্যে অচিতির শাসন অকুণ্ঠত, তার ব্বেক কুণ্ঠত শক্তির দৈন্য নিয়ে জাগল

চেতন মানুষ একটা হতবৃদ্ধিকর প্রহেলিকার মত—তাইতে প্রাণ ও মনের সমস্যা হয়ে উঠল আরো ঘোরালো। তারও পরে আছে চিৎশক্তির চতুর্থ বিভাব যার স্থিতি অতিমানস ভূমিতে। জীবনের প্রেসিন্ধি সেইখানে, কেননা সেইখানেই সকল সমস্যার সমাধান হবে—জড়ত্বের মধ্যে বিল্বপ্ত চিৎশক্তির আংশিক প্রতিষ্ঠায় আজ যারা প্রাণ ও মনের ভূমিতে সঙ্কুল হয়ে দেখা দিয়েছে। অতিমানসের কাছে সে-সমাধানের একটি মাত্র উপায় আছে। তার যত-কিছু বীর্য জড়ের গহনে চিংশক্তির মহাবিল,প্রিতে আচ্ছন্ন হয়ে ছিল, অথচ পরিণামের ধারাবাহিকতায় যাদের স্ফুরণ অবশাসম্ভাবিত ছিল, চিংশক্তির পূর্ণপ্রতিষ্ঠায় এই আধারে তাদের নির্মান্ত প্রকাশ ঘটানো—অতিমানসের এই ব্রত। ওই তো সত্য মান,ষের সত্য জীবন, যার দিকে চলেছে তার এই অসিন্ধ জীবনে অচরিতার্থ মানবতার অক্লান্ত অভিযান। আমরা যাকে আঁচতি বলে জানি, সে কিন্তু প্রোপ্রিই এই পথের খবর রাখে। শুধু আমাদের ব্যক্ত-চেতনায় আছে তার শ্বন্দ্ববিধার অস্পন্ট স্বণনলেখা—অপরোক্ষ অনুভবের কচিৎ-কিরণে, আদর্শের অতকিত ঝলকে, দিবাশ্রন্তির বিদ্যাণবিকাশে যার দীপনী। তার স্ফুরণ দেখি সিন্ধ ও কবির অন্তর্দুন্টিতে, ঋষির তুরীয় অন্তেবে, ভাবকের দিব্যোন্মাদে, চিন্তাবীরের দর্শনপ্রতিভায়, মহামনীষী ও মহাপ্রের্যের দিব্যভাবনায়।

প্রাণ ও মনের যে-ভূমিতে আজ মান্য পেণছেছে, চৈতন্য আর শক্তির অসামঞ্জস্যের দর্ক তিনটি সংকট দেখা দিয়েছে সেখানে—এ আমরা স্পন্টই দেখতে পাচ্ছি। প্রথম কথা, মানুষ তার স্বর**ুপসত্তার সামান্য অংশই জানে**। তার পরিচয় শুধু দেহ-প্রাণ-মনের বহিশ্চর ব্যাবহারিক সন্তার সঙ্গে। আবার তারও পরোপর্নর খবর সে রাখে না। তার মধ্যে চেতনার অবাক্ত গহনে রয়েছে অবচেতন ও অধিচেতন প্রাণপ্রবৃত্তির উত্তালতা, অবচেতন দৈহাসত্তা। আঘ-সত্তার এই বিপলে পরিধি তার অগোচর এবং শাসনের বাইরে। বরং তাকেই ওই অপ্রাকৃত সন্তার নিগতে প্রজ্ঞার শাসন মেনে চলতে হয়। অসীম শক্তির মধ্যে সীমিত জ্ঞানের প্রকাশে এই সংকট দেখা দেয়। কারণ, সত্তা চৈতনা ও শক্তি যদি এক হয়, তাহলে আত্মসন্তার যতট্টকু আমার আত্মসংবিং দিয়ে গ্রাস করতে পেরেছি ততট্টুকুর 'পরেই আমাদের অধিকার অক্ষা হবে। বাকীটাুকু শাসিত হবে তার নিজম্ব চিংশক্তি শ্বারা—যা আমাদের প্রাকৃত দেহ-প্রাণ-মনের নাগালের বাইরে। অথচ এই বহিরখণ আর অন্তরখণ শক্তি স্বরূপত এক অবিভাজ্য শক্তি ব'লে তার প্রবল ও বৃহৎ অংশই স্বভাবত শাসন করবে দুর্ব ল ও ক্ষুদ্র অংশকে। তাই জাগ্রৎ চেতনাতেও আমাদের অবচেতনা ও অধিচেতনার শাসন মেনে চলতে হয়; এমন-কি আত্মশাসন ও আত্মনিয়ন্দ্রণের বেলাতেও আমরা যেন অন্তগর্ভ অচিতির ক্রীড়নক মাত্র।

এইজনাই প্রাচীন বিজ্ঞানীরা বলতেন, মানুষ নিজেকে স্বতন্ত কর্তা ভাবে. কিন্তু বাস্ত্তিক তার কর্ম চলছে প্রকৃতির বশে—এমন-কি জ্ঞানীকেও নিজের প্রকৃতির শাসন মেনে চলতে হয়। কিল্তু প্রকৃতি তো আমাদের অন্তর্যামী পরমপরে, যের চিন্ময় সিস্কো। আত্মনিগ্রনের আপাত-লীলায় মধ্যে নিজেকে তিনি ঢেকেছেন নিজেরই প্রতীপ ব্তির অন্তরালে। প্রাচীনেরা চিন্ময় সিস্কার এই প্রতীপ বৃত্তিকে বলতেন ব্রহ্মের মায়াশক্তি। তাঁদের ভাষায় : 'দ্রামিত হচ্ছে সর্বভূত যক্রার্ড় হয়ে যেন তাঁরই মায়ায়, যিনি ঈশ্বররূপে অধিষ্ঠিত আছেন সর্বভূতের হ্দয়দেশে'। অতএব একথা নিশ্চিত, মান্য যদি মনের সীমা ছাড়িয়ে আত্মসংবিতের প্রমচেতনায় ঈশ্বরের সঙ্গে এক হয়ে যায়, তবেই সে নিজের আধারের 'পরে পরো দখল পায়। কিন্তু অচেতনা বা অবচেতনার ভূমিতে থাকতে তা হয় না। এমন-কি এর জন্যে আধারের গহনে ডুব দিয়ে অচিতির দিকে তলিয়ে গিয়েও কোনও লাভ নাই। তাদাম্মাবোধের পূর্ণ প্রতিষ্ঠা একমাত্র তখনই হয়, যখন আমরা অন্তরাবৃত্ত হয়ে হাদয়গাহায় পাতা তাঁর আসনখানি ছাই এবং উধর্বস্লোতা হয়ে উত্তীর্ণ হই অতিমানসের অতিচেতন ভূমিতে। কারণ ওই ভূমিতেই দিবামায়ার অধিকারে আছে ঋতভং সত্যের সেই পরমবিজ্ঞান, অদিব্য মায়ার শাসনে যার খেলা চলছে এই অবচেতনার মধ্যে—চিন্ময় আঁস্তিক্যের এষণাকে জড়ময় নাস্তিক্যের বৃক্তে জাগিয়ে দিয়ে। ক্স্তৃত অপরা প্রকৃতি এখানে ওই পরা প্রকৃতির সত্যসৎকলপ ও বিজ্ঞানকেই মূর্ত করে তুলছে। রক্ষের মায়াশাক্তি এই জগতের যত প্রাতিভাসিক সত্য স্থিত করছে বটে, কিন্তু সে-শক্তি বিধৃত রয়েছে তাঁরই ঋতশক্তির প্রশাসনে। দুয়ের মূলে আছে একই ঋতম্ভরা প্রজ্ঞার দেববীর্য', যা প্রতিভাসের মধ্যে তার অন্তর্গ', প্রমার্থতত্ত্বকে জানে এবং তার উত্তরায়ণের অভিযানকে একদিন যা সার্থক করবে ব্রহ্মসম্ভাবের পরমপ্রতায় দিয়ে। আজ যে-মানুষ একটা অর্ধস্ফুট আভাস এখানে, একদিন দিব্যমায়ার জ্যোতির্লোকে সে খুজে পাবে সত্যকার পরো মানুষ্টিকে। সেখানে সে দেখবে নিজেরই নরোত্তম রূপ—যা আত্মসংবিতের পূর্ণ জ্যোতিতে প্রভাস্বর, যা পরম-সাম্যে তদুগত রয়েছে সেই স্বয়ম্ভপুরুষের সঙ্গে, নিজের বিশ্বর্পী আত্মপরিণামের নটলীলার যিনি সর্ববিং স্তথার।

নিজেকে মান্য জানে না, এই তার প্রথম সংকট। তার শ্বিতীয় সংকট, দেহে প্রাণে এবং মনে বিশ্ব হতেও সে বিযুক্ত। তাই নিজের সম্পর্কে তার যতখানি অজ্ঞানতা, ততখানি কিংবা তারও চেয়ে বেশী অজ্ঞানতা তার অপরের সম্পর্কে। খানিকটা পর্যবেক্ষণ অন্মান ও সংস্কার এবং খানিকটা আবছা-গোছের সহান্ত্তি দিয়ে অপরের একটা মনগড়া আদল সে খাড়া করতে পারে —িকন্তু তাকে জ্ঞান বলা চলে কি ? একমাত্র তাদাস্থ্যবোধেই জ্ঞান সম্ভব, কেননা

সত্তার আত্মসংবিংই জ্ঞানের সত্য র_্প। সচেতনভাবে নিজেকে ষতট্**কু অন্**ভব করতে পারি, ততট্কু আমাদের স্বর্পজ্ঞানের সীমা—তার বাইরে সবই আধার। তেমনি নিজের বাইরে তাকেই সত্য করে জানি, অনুভবে যার সংশ্যে এক হতে পারি-সেখানেও তাদাত্ম্যবোধের সীমাই জ্ঞানের সীমা। জ্ঞানের সাধন যদি পরোক্ষ এবং অপূর্ণ হয়, তাহলে তার সিন্ধিও তা-ই হবে। সে-জ্ঞান দিয়ে ব্যাবহারিক জীবনের কতকগ্রাল সঙ্কীর্ণ লক্ষ্য প্রয়োজন ও সংযোগ চরিতার্থ হয়. জ্ঞেয়ের সপ্তো জ্ঞাতার একটা অপূর্ণ এবং অনিশ্চিত সৌষম্যের সম্বন্ধও ম্থাপিত হয়। এমন-কি অনেক আনাড়িপনা ও গোঁজামিল সত্ত্বেও মন এ-ব্যবস্থাকে নিখতে বলে মেনেও নেয়। তব্ জ্ঞেয়ের সংগ্রে জ্ঞাতার সম্বন্ধে পূর্ণ সামঞ্জস্য দেখা দেয় একমাত্র তাদাত্মাবোধের ফলেই। এইজন্য জীবনকে পূর্ণ সার্থক করতে হলে অপরের সঙ্গে চাই তাদান্মোর নীরন্ধ চেতনা—শুধু মমন্ববোধ দিয়ে অপরের দরদী হওয়া বা মন দিয়ে মন বোঝাই সেক্ষেত্রে যথেষ্ট নয়। কারণ এমনি করে আমরা অপরের সদরমহলেরই খবর জানি। কিল্ত সে-জ্ঞান কখনও পূর্ণায়ত হয় না বলে তার সাধনা বার্থ ও বিপর্যস্ত হয় উভয়ের অবচেতনা অথবা অধিচেতনা হতে উৎসারিত অজানা বিশ্লবের দুর্বার বন্যায়। তাদাত্ম্যের অনুভব সূপ্রতিষ্ঠ হয় একমাত্র বিশ্বচেতনার মধ্যে অবগাহনে. যেখানে স্বভাবত আমরা সবার সঙ্গে এক হয়ে রয়েছি। কিন্তু বিশ্বাত্মভাবের চেতনা পূর্ণ বিকশিত হয়ে আছে অতিমানসেরই অতিচেতন ভূমিতে। আ<mark>মাদের</mark> ব্যাবহারিক জীবনে অতিমানসের বেশির ভাগই অবচেতন, তাই প্রাকৃত দেহ-প্রাণ-মনের সাধন দিয়ে তাকে আয়ত্ত করা যায় না। অপরা প্রকৃতির সকল **বৃত্তি** সম্কীর্ণ অহনতার জালে জড়িয়ে গেছে—বিবিক্ত ব্যক্তিভাবের বিগ্রেণিত বন্ধনে সে বাঁধা। একমাত্র অতিমানস ভূমিতেই দিব্যচেতনার ঐক্যস্তে গাঁথা রয়েছে বৈচিত্তোর মণিমালা।

ত্তীয় সঞ্চট হল, প্রকৃতিপরিণামের পর্বে-পর্বে শক্তি ও চেতনার বিচ্ছেদ। প্রথম বিচ্ছেদ পরিণামশক্তির কীর্তি। জড় প্রাণ ও মন এই তিনটি পর্বের পরন্পরায় সে ফ্টেছে—প্রত্যেক পর্বের বৃত্তি ও ধর্মকে স্বতন্য রেখে। তাই দেখি, প্রাণের বিরোধ দেহের সঞ্চো: নিজের দ্বর্দম বাসনা ও প্রবৃত্তির তৃপ্তি-সাধনে জ্যোর করে দেহকে সে নিয়োজিত করতে চার, তার পঞ্চা, সামর্থ্যের কাছে দাবি করে অজর অমর দিবদেহের ঐশ্বর্য। শৃত্তালিত উৎপীড়িত দেহ সে-জ্বল্ম সয়ে প্রাণের অসম্ভব দাবির বিরুদ্ধে নির্বাক বিদ্ধাহে ধ্মারিত হতে থাকে। মনের লড়াই দেহ আর প্রাণ দ্বেরেই সঞ্চো: কখনও দেহকে সে ডাড়না করে প্রাণের পক্ষ নিয়ে, কখনও-বা প্রাণোচ্ছন্সের সংযম দ্বারা দেহকে প্রাণের উত্তাল বাসনার দ্বনিবার স্থাবন হতে আগলে রাখে। আবার কখনও প্রাণকে কবলৈত ক'রে তার শক্তিকে সে নিয়োজিত করতে চায় নিজের ইন্ট-

সাধনায়—মানবজীবনে প্রাণের সহায়ে বৃদ্ধি হৃদয় ও রসচেতনার বহ্ম্থী পরিতপ্রে থোঁজে নিজের নিরঙকুশ প্রবৃত্তির পরম উল্লাস। শৃঙ্খালত প্রাণ্ সে-জবুল্ম না সইতে পেরে যখন-তখন বিদ্রোহ করে বসে অজ্ঞান অব্ব অত্যাচারী মনিবের বির্দেধ। প্রাকৃত জীবনে অহরহ চলছে এই কুর্ক্ষেত্র, মন তার সার্থক সমাধান খ্রেজ পায় না। মর্ত্য দেহে ও প্রাণে অমর্ত্যের অভীপ্সা যদি লেলিহান হয়ে ওঠে, কি করে সে তার উত্তালতা শান্ত করবে? যুগ-যুগ ধরে শ্রু আপাসরফার দীর্ঘ একটা পরম্পরা—এই তার একমাত্র পথ। নয়তো আর একটা পথ: সমাধানের সকল আশায় জলাঞ্জলি দিয়ে হয় জড়বাদীর মত মর্ত্যভাবের কাছে নতি স্বীকার করা, নয়তো অধ্যাত্মবাদী বৈরাগীর মত পার্থিব জীবনকে ধিকৃত করে অন্তরের নিভৃতে আবিষ্কার করা নিরায়াস জীবনের নন্দনকানন।...কিন্তু সমস্যার সত্যকার সমাধান হবে একমাত্র সেই উন্মনীতত্ত্বের আবিষ্কারে, অমৃতত্ব যার শান্তত ধর্ম; এবং সেই অমৃতব্রোধন্বারাই নিজিত করতে হবে মর্ত্যভাবের সকল দৈন্য।

কিন্তু দেহ-প্রাণ-মনের অন্যোন্যসংঘর্ষেই শুধু নয়—শক্তি আর চেতনার বিচ্ছেদ ঘটেছে আরও গভীরে এবং তাইতে দেখা দিয়েছে প্রাকৃত জীবনের এই প্রুগ,তা। দেহের সঙ্গে প্রাণ ও মনের বিরোধ তো আছেই, তাছাডা তাদের নিজের মধ্যেও আর্মাবচ্ছেদের বীজ আছে। দেহে র্মার্ঘণ্ঠত অন্নময় পুরুষ সহজসংস্কারের বশে চলে—দেহের নিজস্ব সামর্থ্য তার সামর্থ্যের অনুরূপে নয়। তেমনি আধার্রাম্থত প্রাণশক্তির সামর্থ্যকে ছাড়িয়ে গেছে সংবেগপ্রধান প্রাণময় পুরুষের সামর্থ্য, মনঃশক্তির সামর্থ্যকে ছাপিয়ে উঠেছে বৃন্ধি- ও আবেগ-প্রধান মনোময় পরে,ষের বীর্য। কারণ, প্রত্যেক আধারে অধিষ্ঠিত অন্তঃসংজ্ঞ পুরুষের নিজেকে পুরাপুরি পাবার একটা অভীপ্সা আছে। অতএব সবসময় তিনি বর্তমান আধারের সংকীর্ণ সীমাকে ছাড়িয়ে যেতে চান। তাই আধারের অন্তানিবিষ্ট শক্তিকে কেবল তিনি সম্খপানে ঠেলে চলেন—অনভাস্ত পথে, অজানিতের অভিসারে। তাঁর এই নিরন্তর প্রেতিতে সাড়া দেওয়া শক্তির পক্ষে সহজ হয় না, বিশেষত যথন বর্তমানের দৈন্য হতে মুক্ত হয়ে বিপল্লেতার সামর্থ্যের মধ্যে নিজেকে তুলে ধরবার ডাক আসে। পরেবের ত্রয়ীর সংগ্ কোশের রয়ীর এই শ্বন্থে আধারশক্তি দিশাহারা হয়ে পড়ে। প্রের্বের দাবি মেটাতে গিয়ে সংস্কারের সপো সংস্কারের, সংবেগের সপো সংবেগের, ভাবের সংখ্যে ভাবের, আবেগের সংখ্য আবেগের তুম্বল সংঘাত সে বাধিয়ে দেয়। একজনকে খুশী করতে আরেকজনকে সে বঞ্চিত করে এবং তাতে ব্যাপার বখন আরও ঘোরালো হয়ে ওঠে, তখন অন্তপ্ত হয়ে কৃতকর্মের ব্রুটি শোধরাতে চালায় অবিশ্রান্ত গোঁজামিল আর আপাসরফা—কিন্তু কোনমতেই একস্তে সব-কিছুকে গেথে নেবার হদিশ পায় না! মনের মধ্যে বে-চিন্বীর্য নিগ্নুড়

আছে, এই বিক্ষোভ আর বিপর্যারের মধ্যে ঐক্যের ছন্দঃসনুষমাকে আবিষ্কার করা ছিল তার কাজ। কিন্তু তার বিজ্ঞান আর সঙ্কল্পের সামর্থ্যও যেমন সঙ্কুচিত—তেমনি ও-দনুষের মাঝে শন্ধ তারতম্য নয়, একটা রেষারেরিষও আছে। বস্তুত ঐক্যের সূত্র নিহিত রয়েছে অতিমানসের উত্তরভূমিতে, কেননা সমস্ত বৈচিত্র্য তারই মধ্যে বিধৃত হয়ে আছে অন্বৈতচেতনার মর্মাব্দেত। সেখানে সঙ্কলপ বিজ্ঞানের অনুর্প, অতএব দনুয়ের মাঝে আছে পরিপূর্ণ সৌষম্য। চৈতন্য আর শক্তি সামরস্যের দিব্যমহিমায় নিত্যসংগত সেইখানেই।

মান্য যত আত্মসচেতন হয়, মননের শক্তি যত সত্য হয়ে ওঠে তার মধ্যে. এই বিরোধ ও বৈষম্যের চেতনাও ততই তীব্র হয়ে তাকে পীডিত করে। সে চায়, তার দেহ প্রাণ ও মনের মধ্যে জ্ঞান সঙকল্প ও বেদনার মধ্যে নেমে আস্কুক সৌষম্যের অপরাজিত ছন্দ, আধারের তল্ত্রে-তল্তে বেজে উঠক ঐক্যের রাগিণী। কখনও-কখনও একটা কাজচলাগোছের আপাসরফা দাঁড় করিয়ে এ-আকৃতির নিব্তি হয়। তার ফলে বিরোধের অবসানে সাময়িক শান্তিও হয়তো দেখা দেয়। কিন্তু রফামাত্রেই চলতিপথে থমকে দাঁড়ানো শুধু। আমাদের অন্তর্যামী কিছ্কতেই তাতে খুশী হতে পারেন না। তিনি চান পূর্ণ সৌষম্যের সেই সহস্রদলটি—যার মধ্যে আমাদের বহু-বিচিত্র সম্ভাবনার ঘটেছে ছল্দোময় সম্যক্ বিকাশ। এ-দাবিকে খাটো করলে সে হবে সমস্যাকে এড়িয়ে যাওয়া—তার সমাধান নয়। বড় জোর তাকে বলা চলে সাময়িক একটা সমাধান মান্ত—আত্মার উদয়ন ও আত্মপ্রসারণের নিরন্ত অভিযানে ক্ষণেকের একটা বিশ্রাম-ভূমি শুধু। পরিপূর্ণ সোষম্যকে জীবনে ফুটিয়ে তুলতে চাই মনের পরিপূর্ণ বিকাশ, প্রাণশক্তির নিখ'ত লীলায়ন, দৈহ্যসত্তার অনবদ্য ছন্দন। কিন্তু অপ্রণতা যার গোড়ার গলদ, কি করে তার মধ্যে প্রণতার তত্ত্ব এবং বীর্য খল্লৈ পাব? সঙ্কোচ আর খণ্ডতা যে-মনের স্বধর্ম, অখণ্ড পূর্ণতার সন্ধান সে আমাদের দেবে কি করে? প্রাণ আর দেহও নির্পায় এখানে, কেননা তারা খন্ডন- ও বিভাজন-ধমী মনেরই বিভৃতি এবং আয়তন। পূর্ণতার তত্ত্ব ও বীর্ষ নিহিত আছে অবচেতনায়—অবরমায়ার আবরণে আবৃত হয়ে, অসিম্ধ প্রেয়ার্থের নির্বাক স্চনার্পে। অতিচেতনায় আছে তাদের নিত্যসিম্ধ প্রকটর প—চেতনায় অবতরণের প্রতীক্ষায়। কিন্তু অবিদ্যার আবরণে আজও তারা আমাদের কাছে আড়াল হয়ে রয়েছে। অতঁএব সমন্বয়সাধনার বীর্য ও বিজ্ঞানকে খক্তৈত হবে ওই লোকোত্তর ভূমিতে—আমাদের এই প্সাকৃত ভূমিতেও নয়. অবচেতনাতেও নয়।

তেমনি, আত্মপরিণতির সংগ্য-সংগ্যই মান্য তীব্রভাবে অন্তব করে, অজ্ঞান ও বৈষম্যের দ্বন্থ কি করে জগতের সংগ্য তার সদ্বন্ধকে বিকৃত করেছে। তীব্র অসহন এ-দ্বন্ধ, তাই এর সমাধান খোঁজে সে শান্তি সৌধম্য ঐক্য ও আনন্দের

সহজ সিদ্ধিতে। কিল্ড সে-সিদ্ধির সঞ্চেত্ত আসবে উপর থেকে। কারণ বিশ্বাত্মভাবকে এই চেতনাতেই সিন্ধ করতে হলে চাই দেহ প্রাণ ও মন সবার প্রসারণ ও রূপান্তর। মন তখন নিজের সংগে-সংগে জ্যানবে অপর মনেরও তত্ত্ব-পরম্পরকে না-জানার এবং ভুল করে জানার বিদ্রাট হতে সে মৃত্তু হবে। তখন একত্বভাবনার ফলে নিজের সক্তল্পের সঙ্গে অপরের সঙ্কল্পের বিরোধ ঘটবে না, হৃদয়ের উন্মৃক্ত অংগনে নিজের ভাবের সংখ্য এসে মিশবে সবার ভাব। প্রাণশক্তি তখন অপর প্রাণের বীর্যকে আপন বলে অনুভব করবে এবং নিজের মত করে তাদেরও সিদ্ধি খাজবে। দেহও তখন আর জগৎ হতে নিজেকে ঠেকিয়ে রাখবার একটা কারাপ্রাচীর হবে না। এক সত্য ও জ্যোতির সিম্পবিধান তখন ছাপিয়ে যাবে—ঘরে-বাইরে যত দ্রম ও প্রমাদ মিথ্যা ও কলুষ ছেয়ে আছে মানুষের হৃদয় মন প্রাণ ও আক্তিকে। এমনি করে মানুষের সিম্ধজীবন শুধু চিন্ময় ভাবনাতে নয়, প্রাকৃত ব্যবহারেও সবার সঙ্গে এক হয়ে যেতে পারে— এমনি করেই জীবাদ্মা তার বিশ্বাদ্মভাবের নিরুক্ত্রণ মহিমা ফিরে পেতে পারে। এই সর্বাত্মভাব অবচেতনায় আছে, আছে অতিচেতনায়। কিন্তু তার জন্যে উত্তরায়ণের পথেই চলতে হবে—এই হল বিধির বিধান। কারণ যে অনাদি প্রেতি চেতনার বিচিত্র পরিণামকে আজ মন্মালোকে উত্তীর্ণ করেছে, তার অভিযান অব্যক্তরন্ধের অভিমুখে নয়—িযিনি নিগ্যে হয়ে আছেন 'অপ্রকেত সলিলে, তম ষেখানে গুঢ় হয়ে আছে তমের দ্বারা'।* সে ধাবিত হয়েছে সেই বাক্তরন্ধের অভিম্বে যিনি প্রম্ব্যোমে অনন্ত জ্যোতির সম্বদ্ধে সমাসীন। †

এতদ্র এসে আজ র্যাদ মানবজাতি মহাপ্রস্থানের পথের ধ্লায় ল্বটিয়ে না পড়ে, আক্তিচণ্ডলা বেদনাবিধ্বা বিশ্বজননীর যোগ্যতর সন্তানের হাতে র্যাদ না তুলে দিতে হয় তাকে জয়প্রীর উত্তর্রাধকার, তাহলে উদয়নের এই জ্যোতিঃসর্রাণ ধরে চলতেই হবে তাকে প্রেম ও দীপ্তব্দিধর প্রেরণা নিয়ে, নিজেকে বিলিয়ে পরকে পাবার প্রাণময় আক্তি বহন করে। কিন্তু তারও পরে উত্তীর্ণ হতে হবে তাকে অতিমানসের অন্বৈতভূমিতে, উন্মনীর আলোকে যেখানে সার্থক হয়েছে প্রাণ মন ও প্রেমের আর্রাত। মান্বেরে জীবন যেদিন অতিমানস অন্বৈতচ্চারর লোকোত্তর অন্ভবে প্রতিষ্ঠিত হবে—যার মধ্যে তার সমগ্র সন্তার প্রতিতল্য ঝত্কৃত হয়ে উঠবে 'একং সং' ও বিশেবর পরমসামরস্যের সামঝত্বারে, সেইদিন হবে তার প্রব্রাথের পরম সিদ্ধি, আসবে তার চিরাভীন্সিত প্রম্বিত্ত। এই দিব্য জন্ম ও কর্মের সাধনাকেই আমরা বলেছি 'রক্ষণঃ পথি বিততঃ' বিশ্বপ্রাণের উদয়নীয়য়ব্যের তুরীয় পর্ব।

^{*} ঋণেবদ (১০।১২৯।৩) † স্থের ওপারে রয়েছে বে-অপ্এরা ক্যোতির্লোকে, আর অবরলোকেও রয়েছে বারা।—ঋণ্যেদ (৩।২২।৩)

ত্রোবিংশ অধ্যায়

চৈত্য-পুরুষ

- অংগ্রন্থেমান্ত: প্রের্থােহ-ভরান্ধা।

কঠোপনিষং ৪।১২, ৬।১৭; শ্বেভাশ্বতর ৩।১৩

প্র্য-অভ্রান্ধা—অংগ্রন্থমার বিনি।

—কঠোপনিষদ (৪।১২, ৬।১৭); শ্বেতাশ্বতর (৩।১৩)

ষ ইমং মধ্যমং বেদ আন্মানং জীবর্মান্তকাং। ঈশানং ভূতভবাসা ন ততো বিজ্ঞান্ত্রায়

कर्काशनिष् 816

জীবনের মধ্ভোজী এই আত্মাকে জ্বানে যে, ভূত ও ভব্যের ঈশান বিনি— তার আর জ্ব্যুম্সা থাকে না এর পরে।

—কঠোপনিষদ (৪।৫)

তত্র কো মোহ: ক: শোক একসমন,পশ্যত:।

जेटनार्शनवर व

কি-ই বা মোহ, কি-ই বা শোক তার—একত্বকে দেখছে যে সকল ঠাই?
—উশোপনিয়ল (৭)

आनम्पः बन्धारमा विष्वान् न विरक्षति कृष्टम्हन।

তৈতিরীয়োপনিষং ২ ৷৯

যে জেনেছে ব্রন্ধার আনন্দ, তার ভয় নাই তার কোথা থেকে।
—তৈত্তিরীয়োপনিষদ (২।৯)

'প্রাণঃ প্রজানাম্ উদয়ত্যেষ স্র্যঃ'।—এই উদয়নের প্রথম পর্বে প্রাণকে দেখেছি মৃঢ় অচেতন অন্ধ একটা প্রবেগর্পে। জড়ের মধ্যে কুণ্ডালত আক্তির নিগ্রু চপন্দনে সে প্রশিলত, আচ্ছন্ন পরমাণ্চেতনার গর্ভাশয়ে সে যেন ব্যক্তিম্বের ক্র্ণ। তার আত্মপ্রতিষ্ঠার স্বাতন্ত্য নাই, নাই জড়-পরিণামকে আত্মসাং করবার বীর্য—বিশ্ববিধানের একান্ত কর্বালত ক্রীড়নক সে, এই তার নির্য়ত। দ্বিতীয় পর্বে প্রাণ দেখা দিল আত্মসাং করবার উদগ্র কামনার্পে, কিন্তু তখনও তার সামর্থ্য কুণ্ঠিত। তৃতীয় পর্বে জাগল প্রেমের কোরক—য্রগপং আত্মসাং আর আত্মদান করবার প্রবৃত্তিতে সমজ্ঞসা রতি ফ্টল তার মধ্যে। সেই কোরক তৃরীয় পর্বে ফ্টবে অতিমানস সরোবরে সহস্রদল কমল হয়ে: তার মধ্যে বিশ্বের মর্মে নিগ্রু অনাদি আক্তি নিরঞ্জন সিম্পমহিমায় র্পায়িত হবে। উদয়নের মধ্যাপর্বে যে ক্ষ্কে কামনা দেখা দিয়েছিল, তার জ্যোতির্ময় পরিত্রপণ ঘটবে। দ্যুলোকের মহারাসমণ্টে ভোক্ত্—ভোগ্যভাবের পরমসামরস্যে প্রেমের চিন্ময় আত্মবিনময় লোকোন্তর স্বগভীর তৃপ্তিতে নন্দিত হবে। গভীর অনুধ্যানের ফলে দেখতে পাব, পর্বে-পর্বে প্রত্যের এই উদয়নে রুপায়িত হয়েছে প্র্বেরই ব্যান্ট ও সমন্টি প্রকৃতিতে নিগ্রু আনন্দের এবা। এ-উদয়ন বিশ্বে অনুস্যুত

ব্রহ্মানন্দের উদয়ন। জড়ের গভীর গহনে তার অব্যক্ত স্চনা, তারপর রসাভাস ও রসবৈচিত্রোর দীর্ঘ পরম্পরা অতিক্রম করে তার পরম পর্যবসান চিন্ময় স্বর্পানন্দের প্রদীপ্ত বর্ণচ্ছটায়।

বিশ্বের তত্ত্ব যে পেয়েছে সে জানে, কিছুতেই এ-লীলার অন্যথা হতে পারে না। এ-জগৎ সং-চিৎ-আনন্দেরই ছন্মর্প। যে ব্রহ্মটেতনার মধ্যে ব্রহ্মান্তর নিত্যদ্থিতি ও বিলাস, আনন্দ তার স্বর্প এবং সে-আনন্দ সর্বগত আত্মর্রাতর আনন্দ। প্রাণ যথন ব্রহ্মের চিৎশক্তির তপোবীর্য, তথন তার সকল স্পন্দনের মূলে এক নিগ্রে সর্বগত আনন্দের প্রেতি থাকবে। নিখিল প্রাণপ্রবৃত্তির সে-ই হবে উৎস প্রবর্তক ও পরিণাম। অহস্কারের খণ্ডলীলার সে-আনন্দ যদি পরাভূত তির্ভকৃত হয়, এমন-কি সে যদি কখনও নিরানন্দ হয়েও দেখা দেয়—শান্বত আত্মভাব যেমন দেখা দেয় মৃত্যুর ছন্মবেশে, চেতনা ফোটে অচিতি হয়ে, শক্তি আপনাকে সংবৃত্ত করে অশক্তির ছয়লীলায়—তাহলেও ওই বিশ্বানন্দের আবেশ ছাড়া কোনও জীব পরিতৃপ্ত হতে পারে না, প্রাণের ধারায় উজিয়ে চলা কি ভাটিয়ে যাওয়া দ্বইই তখন তার পক্ষে অসন্ভব। কেননা আনন্দ যে তার সন্তার অন্তর্গর্যে অবাদি আনন্দ। তাই আনন্দের এষণাই বিশ্বপ্রাণের প্রথম প্রেতি, তার মর্মকথা। তাই তো বাসনার ব্যাকুলতা, ভোগের তর্পণ ও ঐশ্বর্যের সাধনা ছেয়ে আছে তার প্রবর্তনা।

আনন্দের এষণা প্রাণের স্বধর্ম। কিন্তু এ-আধারে কোথায় খলে পাব সেই আনন্দর্প? বিশ্বলীলার সাধনরূপে চিৎশক্তি প্রাণকে ফুটিয়েছে, অতি-মানস ফুটিয়েছে মনকে। কিন্তু এ-আধারের কোন্ তত্তকে আশ্রয় করে বিশ্বে তাঁর আনন্দলীলা হিল্লোলিত ? বিশ্বভাবন দিব্যপ্রের্ষের চারটি বিভাব আমরা দেখেছি : তিনি সন্মাত্র, চিংশক্তি, আনন্দর্প এবং অতিমানস। এও দেখেছি জড়বিশ্বে অতিমানস সর্বগত অথচ প্রচ্ছন্ন হয়ে আছে। প্রত্যেক বাস্তব-প্রতিভাসে অন্তর্গট্ট রহস্যাশক্তির বিচ্ছ্রেণর্পে তার আবেশ, কিন্তু প্রাকৃত-পরিণামের লীলায় নিজের গোণবিভৃতি মনকে সে তার সাধন করেছে। তেমান ব্রক্ষের চিংশক্তি জড়বিশ্বে অনুস্যুত প্রচ্ছন্ন ও বিশ্বলীলায় নিগ্রু স্পন্দনে স্পন্দিত হয়েও বিশেষ করে নিজের গোণবিভূতি প্রাণের রূপে ফ্টে উঠছে। এখনও প্থক করে জড়ের তত্ত্ব আলোচিত হর্মন। তব্ও বোঝা যায়, রন্ধের সদ্ভাবও জড় বিশ্বপ্রতিভাসের অন্তরালে প্রচ্ছন্ন আকারে সর্বগত হয়ে আছে-সেখানে বিশেবর উপাদান, রূপ-ধাতু বা সদ্রক্ষের জড়র্পী আর্দ্মবিভূতিতে তার প্রথম প্রকাশ। এমনি করে তাহলে ব্রহ্মের আনন্দও বিশ্বে সর্বগত হয়ে আছে। নিখিল প্রতিভাসের অন্তরালে নিগ্রে তার প্রতিষ্ঠা নিশ্চর, তব্ কোনও আত্মবিভূতির ছম্মলীলার এই আধারেও সে রুপারিত

হয়েছে। ওই ছন্নবিভূতির সহায়ে সে-আনন্দকে আবিষ্কার করে বিশেবর কর্মে সার্থক করতে হবে, এই আমাদের জীবনব্রত।

এই আনন্দবিভূতিকে প্রাচীন ঔর্পানযদিক অর্থে আমরা বলতে পারি 'প্রেষ'। আধারে এই প্রেষ জীবচেতনার্পে গ্রহাহিত হয়ে আছে। সে প্রাণ নয়, মন নয়—দেহ তো নয়ই। অথচ এ-তিনের মর্মকোষে নিগচে যে-রসচেতনা আত্মর্রাতর উল্লাস হয়ে প্রীতি জ্যোতি কান্তি ও শুন্ধসত্তের মাধুরীতে ফুটতে চাইছে, আমাদের হৃৎ-শর পুরুষ তারই ঘনবিগ্রহ। বস্তৃত পুরুষের দুটি রূপ আমাদের মধ্যে—যেমন প্রাকৃত আধারে প্রত্যেক বিশ্বতত্ত্বের রয়েছে যুগনদ্ধ রূপ। সত্য বলতে আমাদের দুটি মন। একটি সাধারণ বহিশ্চর মন, যা আমাদের পরিণমামান অহংএর বিস্থিট—যাকে আমরা জড়ের কবল হতে প্রম**ুক্ত** চেতনার বহিভাসরূপে গড়েছি। আরেকটি আমাদের অধিচেতন মন, যা মনোময় ব্যবহার-জীবনের কুণ্ঠচার হতে নিম্বক্ত এক বিশাল বীর্যময় জ্যোতিম্মান তত্ত। যে বহিশ্চর মনোময় পুরুষবিধতাকে নিজের ম্বর্প বলে আমরা ভুল করি, এ-মন আছে তারও অম্তরালে সত্যকার মনোময় পুরুষরুপে। তেমনি এই আধারে আছে দুটি প্রাণ। একটি বহিব্রি, অমময় বিগ্রহের সংগে জড়িত, প্রাক্তন জড়-পরিণামের সংকাচ দ্বারা পীডিত--একদিন জন্মেছিল, আজ বে'চে আছে, আবার একদিন সে মরবে। আরেকটি প্রাণ এক অধিচেতন শক্তির সংবেগ—জীবন-মরণের বন্ধনী দ্বারা সে বেষ্টিত নয়। সে-ই আমাদের সত্যকার প্রাণময় প্রেষ। যে-প্রাণলীলাকে জীবনের সত্যরূপে বলে ভুল করি, তার পিছনে তার অধিষ্ঠান। এমন-কি এই দৈবতলীলা আমাদের অন্নময় সত্তাতেও আছে। এই স্থ্লেদেহের অন্তরে আছে এক ভূতস্ক্রময় সত্তা—যা শুধু অল্লময় কোশের নয়, প্রাণময় ও মনোময় কোশেরও শাশ্বত উপাদান। ভুল করে যে-স্থ্লিবিগ্রহকে আত্মার সমগ্র ভোগায়তন ভাবি, অন্নময় প্রেষর্পে তারও সে অধিষ্ঠাতা। তেমনি আবার জীবচেতনারও রয়েছে দুটি রূপ। একটিকে জানি বহিশ্চর কামপুরুষ বলে—যে এষণা-বেদনায় নিত্য উদ্বেল, সুখসপা জ্ঞানসপা ও ঐশ্বর্যের আক্তিতে চণ্ডল। আরেকটি আমাদের অধিচেতন জীবসন্তা—প্রীতি জ্যোতি আনন্দ ও সভশ্যন্থির দিব্যবীর্বে যে জ্যোতিত্মান। সাধারণত আমরা যাকে জীবচেতনার মর্যাদা দিই, তারও অন্তর্গু ওই শুম্বসভুই তো আমাদের জীবাত্মার সত্য স্বর্প। এই শূর্ষ বিপ্রেল জ্যোতির্মায় জীবচেতনার ছটা কারও বাইক্লে প্রতিফলিত হলে আমরা বলি, 'মানুষ্টার হৃদয় আছে'। আর বাইরে তার প্রকাশ স্তিমিত দেখলেই বলি, 'মানুষটা হৃদয়হীন'।

আধারের বহিরণ্য হয়ে ফুটেছে সম্কীর্ণ অহন্তার বিকার শুধ্র। কিন্তু অধিচেতন ভূমিতে পাই আমাদের ব্যক্তিভাবের সত্য ও বৃহৎ ব্যাকৃতির মর্ম-

পরিচয়। এই বিপলে ব্যাকৃতি আধারে গৃহাহিত হয়ে আছে। অথচ এইখানে আমাদের ব্যক্তিচেতনাও রয়েছে বিশ্বচেতনার কাছ ঘে'ষে—তাকে ছায়ে তার সঙ্গে নিরন্তর মাখামাখি হয়ে। তাই আমাদের,অধিচেতন মনে বিরাট মনের বিশ্ববিজ্ঞানের আলো পড়ে, অধিচেতন প্রাণে সন্তারিত হয় বিরাট প্রাণের বিশ্বব্যাপী সংবেগ, অধিচেতন তন্তে লাগে অল্লময় বিরাটের বিশ্বব্যাপ্ত শক্তিব্যুহের দোলা। কিন্তু অধিচেতনা হতে বিবিক্ত হয়ে প্রাকৃত দেহ-প্রাণ-মনের চারদিকে কতগ্রাল নিরেট দেয়াল গড়ে উঠেছে। বিশ্বপ্রকৃতি তাদের অতিকন্টে অত্যন্ত অসম্পূর্ণভাবে ভেদ করে—স্থানপুণ অথচ আনাড়ি কতগ্রনি দথলে উপায়ে। অধিচেতনায় এ-ব্যবধান নিতান্ত ফিকা, তাই সেখানে তা একই সময়ে বিচ্ছেদ ও যোগাযোগের সাধন। আমাদের হৃংশয় অধিচেতন প্রব্বের 'পরেও তেমনি ঝরছে বিরাট প্রব্বের জগদানন্দ—যে-আনন্দ উপচে ওঠে তাঁর স্বর্পসন্তায়, তাঁর ভূতভাবন জীবঘন বিভাবনায়, যে প্রাকৃত দেহ-প্রাণ-মনের খেলা নিখিলব্যাপী তাঁর জীবলীলার বাহন তার উচ্ছলনে। অহৎকারের অতিস্থলে প্রাকার দ্বারা কামপ্রেয়ে জগদানন্দের এই উল্লাস হতে বিচ্ছিন্ন রয়েছে, যদিও সে-প্রাকারের মাঝে-মাঝে আছে জ্যোতির দুয়ার। কিন্তু বিরাটের আনন্দচ্ছটা সে-নিগমপথে নামতে গিয়ে স্তিমিত ও বিকৃত হয়ে যায়, কিংবা দেখা দেয় বিপর্যয়ের ছদ্মবেশে।

অতএব মানতে হয়, এই বহি চর কামময় জীবচেতনায় কখনও জীব-স্বর্পের সত্য পরিচয় মেলে না। এর মধ্যে দেখি শুধু জীবসত্ত্বে বিকৃতি, পাই বিশ্বযোগের একটা প্রতীপ অন্তব মাত্র। জীব যে তার সতাম্বর্প খ্রেজ পায় না, তাকেই বলি ভবরোগ। সে-রোগের নিদান তার ক্রিঠত অনুভব। বহিজ'গংকে বাহাবন্ধনে বে'ধেও সে তার অন্তরাস্থার নিবিড় স্পর্শ টাকু পায় না। জগতের বাকে খ্রুছে সে সত্তা চৈতন্য বীর্য ও আনন্দের রসঘন অনুভব অথচ প্রতিনিয়ত তার চেতনা হয়ে উঠছে বিরুদ্ধ স্পর্শ ও প্রত্যয়ের কন্টকশয়ন। ওই রসসান্দ্র অনুভর্বাট একবার পেলে এই শরশয্যাতেও তার জাগত সং-চিং-আনন্দ-বীর্যের মৃত্ধ শিহরন। সমস্ত আপাতবিরোধ অখন্ডসত্যের বৃহৎসামে রণিত হয়ে উঠত এই মাগ্রাম্পর্শের স্বরগ্রামের ভিতর দিয়ে। সেই সংগে সে পেত জীবসত্ত্বের সত্য পরিচয়ে এবং সেই পরিচয়ে জানত তার আত্মাকে—কেননা জীবভাব তার আত্মস্বর্পের প্রতিভূ এবং তার আত্মাই বিশ্বাত্মা। কিন্তু অহঙকারবিমাড় বলে এ-অন্ভেব হতে সে বিণ্ডত। মাড় অহিমকা তার সকল মনন হাদয়ের সকল ভাব ছেরে আছে—এমন-কি ইন্দ্রির-বোধকে পর্যান্ত। তাই বিষয়সংস্পূর্ণে তার ইন্দ্রিয় নন্দিত হয়ে জগংকে উল্লাসিত বীর্ষের নিবিড় আলিজ্গনে জড়িয়ে ধরে না। বিশেবর স্পর্শে কখনও তার মধ্যে জাগে থানি, কথনও বিরক্তি, কখনও তৃপ্তি, কখনও-বা অতৃপ্তি। তাই

তার সাড়াও হয় বিচিত্র। বিশ্বের দিকে কম্পিত আকৃতি নিয়ে কখনও সে এগিয়ে যায় সতর্ক পদক্ষেপে, অথবা অধীর উদ্দামতায়। আবার কখনও জনুগুশায় ছিটকে পড়ে তার কাছ থেকে—ক্রোধে গ্রাসে মৃঢ় বিরাগে বা ক্ষার্ক অত্প্রিতে। জীবনকে এমনি করে ভুল ব্বে কামপ্র্র্বই নিখিলের রসঘন অনুভবকে বিকৃত করে। তার ফলে সন্তার নিরঞ্জন স্বর্পানন্দ স্থ-দ্বেখ-মোহের সাঙ্কর্যে ছড়িয়ে পড়ে চেতনায় বি-ষম হয়ে।

বিশেব রন্ধের আনন্দেশ্বরূপের অভিব্যক্তি আলোচনা করতে গিয়ে দেখেছি স্থ-দঃখ-উদাসীন্যের যে ব্যাবহারিক অন্ভেব, তার ঐকান্তিকতা বা দ্বার্রাসক কোনও প্রামাণ্য নাই। গ্রাহক-চেতনার প্রত্যক্-বৃত্তি দিয়ে তাদের তারতম্য নির্পিত হয়। তাই সুখ-দুঃখের অনুভবকে তারার নিখাদে চড়ানো যায় যেমন, তেমনি আবার নামিয়ে আনা যায় উদারার খরজে—এমন-কি তাদের আপাত-প্রতিভাসকে সম্পূর্ণ মুছে ফেলাও চলে। এর্মান করে স্বুখকে দ্বংথে অথবা দঃখকে সুথে রূপান্তরিত করা যায়। কেননা স্বরূপত তারা যে একই রসচেতনা, শুধু বোধে ও বেদনায় বেজে ওঠে ভিন্ন সুরে—এই না তাদের মর্মারহস্য। ওদাসীনেরও তেমান তিনটি রূপ আছে। কামপুরেষের চিত্ত ক্থনও অনবহিত কি অসাম্প্যবশত অসাড় থাকে তথন বিষয়রসের বোধ বেদনা ও পিপাসা সম্প্র অথবা লম্প্র থাকে তার মধ্যে। কখনও-বা রসের সংস্পর্শেও সে বহিশ্চর চিত্ত দিয়ে সাডা দিতে চায় না। আবার কথনও ইচ্ছার্শাক্তর জোরে সূখ-দুঃখের অনুভবকে উৎখাত করে চিত্তে সে ফুটিয়ে তোলে অপরিগ্রহের নির্বর্ণতা। তিনটি ব্যাপারেই, রসবোধ উদ্রিক্ত থাকে অধিচেতনায় —শাধা থাকে না কামপারাষের বহিশেচতনায় তাকে বাক্তরাপে ফ্টিয়ে তোলবার ইচ্ছা আয়োজন বা সামর্থ।

আধ্নিক মনোবিদের অবেক্ষা ও পরীক্ষার কল্যাণে আমরা এখন জানি, বহিশেচতন মন যে-স্পর্শবাগের খবর রাখে না, তারও অন্ভব ও স্মৃতি অধিচেতন মনে সণ্ডিত থাকে। তেমনি অধিচেতন পরে, ধেরও রসান্ভব নিত্য সজাগ রয়েছে। বহিশেচতন কামপ্রেষ্থ যাকে বিরক্ত হয়ে বা বিরস জ্ঞানে বর্জন করে অথবা তটস্থ অপরিগ্রহের ভানে উপেক্ষা করে, অধিচেতন প্রেষ্থ সেই পিশ্পলের মধ্যেও আস্বাদন করেন স্বাদ্ধ রস। বস্তুত নিজেকে প্রাপ্নির জানতে হলে এই পরাক-চেতনার অন্তরালে জ্বতে হবে, কারণ এ তো আমাদের ব্যাবহারিক অন্ভবের একটা চর্মানকা শ্ধ্—চেতনার সকল স্র তো এর তারে-তারে ঝঙ্কত হয়ে ওঠে না। এর গ্রুত অপট্ন খণ্ডিত তর্জমায় বিপ্লে জীবনরহস্যের কতট্কুই-বা র্প পায়? তাই পরাক্চেতনা পার হয়ে এষণাকে যদি অবচেতনার অভল গহররে না তালিয়ে দিই, নিজেকে যদি না মেলে ধরি অতিচেতনার বৈপ্লোর দিকে, তাহলে প্রাকৃত জীবনের সঙ্গে তাদের কি সম্বন্ধ তা জানতেও

পারব না। আত্মবিজ্ঞানকে সম্পূর্ণ করতে পরাক্চেতনার সঙ্গে-সঙ্গে জানতে হবে অবচেতনা ও অতিচেতনার রহস্য। কারণ আমাদের সমগ্র জীবন এই তিনটি লোকে ব্যাপ্ত হয়ে আছে. তাই এই ব্রয়ীর পরিচিতিতেই তার অখণ্ডরূপ ধরা পড়ে। প্রাকৃত আধারে যা অতিচেতন, বিশ্বস্ভর বিশ্বাত্মার সংগে তা এক হয়ে আছে—প্রাতিভাসিক বৈচিত্যের শাসন সে মেনে চলে না। তাই বস্তুর প্বরূপসত্য ও প্বরূপানন্দের সে পেয়েছে পূর্ণ অধিকার। আমরা যাকে বলি অবচেতনা, তার জ্যোতিম খ র প হল অধিচেতনা। কিন্তু অধিচেতনার আবেশে থেকেও বিশ্বানভেবের সাধনই সে, ভর্তা নয়। বিশ্বশ্ভর বিশ্বাম্মার সঙ্গে কার্যত একাম্মক না হয়েও বিশ্বান,ভবের ভিতর দিয়েই নিজেকে সে মেলে রেখেছে তাঁর দিকে। অধিচেতন পরেষ বিশেবর রসর্পটি অন্তরে-অন্তরে জানেন, তাই তার সকল স্পর্শেই তাঁর সমান রতি। আবার বহিশ্চর কামপ্রব্বের অন্ভবের অর্থ ও অধিকারও তিনি জানেন, তাই স্ব্থ-দ্রুথ-উদাসীন্যের স্পর্শকে উপরে-উপরে প্বীকার করেও সমান আনন্দই ভোগ করেন সবার মধ্যে। অর্থাৎ আমাদের অন্তরপরেষ সকল অনুভবেই উল্লাসিত, সব-কিছ্ব হতে জ্ঞান বল ও স্বখ আহরণ করে রসের উপচয়ে ভরে তোলেন তাঁর মধ্যুচক্র। এই অন্তরপুরুষের প্রচোদনাতে আমাদের কামচিত্ত দৃঃখ-আঘাত সয়েও তার মধ্যে খ'ুজে পায় সূখ, অভাস্ত সূখকে করে বর্জন, তার অর্থের ঘটায় র পান্তর কি বিপর্যয়, উপেক্ষার সাধনায় অর্জন করে সমন্ববোধ অথবা বিশ্ববৈচিত্ত্যের উল্লাসে সব-কিছ্কতেই পায় সমান আনন্দ। এ-সাধনার মূলে আছে সেই বিরাটের প্রেতি—ির্যান বিচিত্র অনুভবের রসায়নে তার প্রকৃতিকে পুন্ট করতে চান। এইখানেই মানবচেতনার বৈশিষ্টা। শুধু কামপুরুষ যদি তার প্রভু হত, তাহলে তাকে গাছপালা কি পাথরের মত স্থাণ্ হয়ে থাকতে হত। তাদের প্রাণ বহিঃসংজ্ঞ নয় বলে স্থাণ্ড বা গতান্-গতিকতার আড়ন্টতার মধ্যে অন্তর্যামী আজও এমন-কোনও সাধন খংজে পার্নান, যা জাতি-ধর্মের বাঁধা পর্দা ছাড়িয়ে প্রাণের সূরকে মুক্তি দিতে পারে। কামপুরুষও আপন চালে চলতে পেলে ওদের মত চিরকাল শ্ব্য একই খাতে পাক খেয়ে মরত।

প্রাচীন দার্শনিকদের মতে স্থ-দ্বংথের অন্যোন্যসন্বংধ অনতিবর্তনীয়— সত্য-মিথ্যা, শক্তি-অশক্তি, জীবন-মরণের মত। তাই তাদের হাত থেকে বাঁচবার একমাত্র পথ সম্পর্ণ উপেক্ষা—অর্থাৎ নিঃসাড় হয়ে থাকা বিশ্বসত্তার অভিঘাতে। কিন্তু মনোবিজ্ঞানের স্ক্রাতর পর্যালোচনায় বোঝা যায়, বিশ্বের বহিরঙ্গ তথ্যের 'পরে এ-মতের প্রতিষ্ঠা বলে সমস্যাসমাধানের প্রা সঙ্কেতিটি এর মধ্যে মেলে না। অন্তরপ্র্যুক্ত বহিশ্চেতনার প্রেরাধা করে অহংশাসিত স্থ-দ্বংথের শ্বন্দ্বকেও এক সমরস স্বাবিগাহী স্বিশেষ-নিবিশেষ আনন্দ-

চেতনায় র্পান্তরিত করা চলে। নিসগ'-প্রেমিকের মধ্যে এমনিতর নৈব্যক্তিক চেতনার আবেশ আছে। তাই প্রকৃতির সকল রূপে তার সমান আনন্দ। তার মধ্যে ভয় বা জ্বগৃহুসা নাই, নাই সংস্কারবশে ভাল-লাগা আর না-লাগার মৃঢ়তা। অপরের কাছে যা তুচ্ছ এবং অকিণ্ডিংকর, নন্ন এবং অমাজিতি, জনুগর্নিসত এবং ভয়ঙ্কর, তারও মধ্যে দেখে সে স্বন্দরকে। এই চেতনার আবেশেই শিক্পী এবং কবি ব্রহ্মাস্বাদসহোদর রসের সন্ধান পায় হৃদয়ের ভাবোচ্ছ্রাসে, বহিঃসৌন্দর্যের রূপরেখায় অথবা মানসরূপের মাধ্রীতে। প্রাকৃত জনগণ জ্বগ্রুপ্সায় যাকে ছেড়ে যায় অথবা জড়িয়ে ধরে বর্ণরতির আকর্ষণে, তারও সত্তার নিগঢ়ে বীর্যে তারা খোঁজে সেই রসেরই আস্বাদন। সর্বত ইন্টদশী ঈশ্বরপ্রেমিক, তত্ত্তজিজ্ঞাস, বৃণ্ধিজীবী, রাসক অথবা ভোগী—সাধনার ধারা পৃথক হলেও সবাই এই পথের সাধক। বস্তুত তাদের প্রজ্ঞা শ্রী আনন্দ অথবা ব্রহ্মভাবের এষণা সার্থক হবার এছাডা আর কোনও পথ নাই। দিব্যভাবের আরোপ হয় একান্ত দৃঃসাধ্য, অথবা অনেকের কাছে অসম্ভব বা উৎকট ও জ্বগ্রাপ্সিত মনে হয় এইজন্য যে, আমাদের আধারের অনেকখানি জুড়ে আছে ক্ষুদ্র অহমিকার নানা জুলুম, দেহের কিংবা মূড় হুদয়ের সুখ-দ্বঃখের বেদনা, অথবা প্রাণবাসনার রতি-বিরতির সংঘাত। তাদের প্রমত্ততাকে ঠেকিয়ে রাখবার বীর্য বা সামর্থ্য কামপর্বের নাই। অবিদ্যাচ্ছন্ন মূঢ় অহমিকা সাক্ষিভাবের নৈব্যক্তিকতাকে জীবনসাধনার গভীরে নিয়ে যেতে ভয় পায়, যদিও বিজ্ঞান- কি শিল্প-সাধনায় তার প্রয়োগে তার কুণ্ঠা নাই। এমন-কি কোনও-কোনও অসিন্ধ সাধকের জীবনে এই নৈব্যক্তিকতা খানিকটা অভ্যস্ত হয়েও যায়, যদি তা বহিশ্চর জীবচেতনার যত্নলালিত বাসনার সঞ্চয়কে বা প্রাকৃতমনের সমর্থিত কামনার তর্পণকে আঘাত না করে। কেননা, ওই বাসনার কুণ্ডলীর 'পরেই রয়েছে ব্যাবহারিক জীবনের একান্ত নির্ভর। অধ্যাত্মচেতনার অপেক্ষাকৃত নিমর্ক্ত প্রকাশ যেখানে, সেখানেও সমন্ববোধ ও নৈব্যক্তিকতার অংশকলা প্রয়োজন হয় যা চেতনা ও সাধনার সেই ভূমিরই উপযোগী। কিন্তু তাতে অহংশাসিত ব্যাবহারিক জীবনের কোনও র্পোন্তর ঘটে না।...সাক্ষিচেতনাকে নীচে নামিয়ে আনতে হলে চাই জীবনধারার আম্ল কিল্ডু কামপ্র বের পক্ষে তা অসাধ্যসাধনের শামিল।

যে অন্তর্গ প্রব্য আমাদের জীবনসতা ও জীবনাধার, তাঁকে বলেছি 'অধিচেতন' (Subliminal)। কিন্তু একট্ গোল হতে শারে কথাটা নিয়ে—কেননা সে-প্রেব্ধের অধিন্ঠান আমাদের জাগ্রং-চেতনার অবরভূমিতে নয়, যদিও Subliminal শব্দটির ব্যঞ্জনা সেইদিকে। মৃঢ় দেহ-প্রাণ-মনের স্থলে কণ্যুকের অন্তর্গালে হ্দয়ের মণিকোঠায় জন্মছে চেতনার দীপকলিকা। এই অন্তর্গ ভারচেতনাই আমাদের মধ্যে ব্রহ্মজ্যোতির নিত্যদীপ্ত অধ্মক

শিখা। অধ্যাত্মবোধের যে নিবিড় অচেতনা ছেয়ে আছে অপরা প্রকৃতিকে, তারও মধ্যে সে জেগে আছে অম্লান, অনিৰ্বাণ। ব্ৰহ্মজ্যোতি হতে জাত এই জাতবেদা অবিদ্যার কুহরকে উন্দ্যোতিত করে শয়ান রয়েছেন 'বর্ধমানঃ স্বে দমে'—উপচে চলেছেন আপন ঘরে এবং পরিশেষে অবিদ্যাকে বিদ্যায় রূপান্তরিত করছেন নিজের বীর্যে। ইনিই আমাদের গ্রহাহিত সাক্ষী ও শাস্তা, আমাদের অন্তর্যামী, সর্ফোটসের Daemon, ভাবকের অন্তর্জ্যোতি বা অন্তশ্চারিণী দিব্যবাক্। ব্রহ্মের অনির্বাণ চিৎকণর পে ইনিই আছেন জন্ম-মৃত্যু প্রবাহের মধ্যে অবিনশ্বর—মৃত্যু ক্ষয় বা বিকার দ্বারা অপরামূন্ট। অজ কটেম্থ আত্মা র্যাদও তিনি নন—কেননা কটেম্থ পরেষ জীবচেতনার অধিষ্ঠাতা হয়েও বিশ্বচেতনা ও অতিচেতনার সংবিতে নিতাদীপ্ত। তবু তিনি তাঁরই প্রকৃতি-স্থ প্রতিভূ ও প্রতির্প। চৈত্য-প্রেষর্পে তিনি স্কর-অলময় প্রাণময় ও মনোময় পুরুষের ভর্তা এবং সাক্ষী, তাদের পুর্ণিট ও উপচয়ের ভোক্তা। এ-তিনটি প্রেষের স্বর্প যদিও আধারের মধ্যে আবৃত, তব্ তাদের একটা সাময়িক প্রতিভাস বাইরে প্রক্ষিপ্ত হয়ে আমাদের প্রাকৃত জীবভাব গড়ে তোলে। তাদের বহিরখ্য বৃত্তি ও স্থিতির সমাহারকে আমরা নিজের স্বরূপ বলে জানি। কিন্তু ওই গ্রহাশয় অধ্যক জ্যোতিই চৈত্যপুরুষরূপে আধারে আবিভূতি হয়ে উপক্ষিপ্ত করেন আমাদের জীবসত্তকে—যা জন্ম হতে জন্মান্তরে বিপরিণাম উপচয় ও পর্নিন্টর ধারা বেয়ে চলে। জন্ম হতে মরণে, আবার মরণ হতে নবজন্মে চলেছে এই 'অহদ্ ম্সোফির'—বারে-বারে প্রাকৃত কণ্মকের বিচিত্র সাজ বদলে। গোপনে-গোপনে মন প্রাণ ও দেহের 'পরেই চৈতাপরে ষের প্রথম কাজ চলে আংশিক এবং পরোক্ষ উপায়ে—কেননা আত্মপ্রকৃতির এই দিকটাকে তার প্রথমে গড়ে তুলতে হয় আত্মস্ফুরণের সাধনর পে। তাই দেহ-প্রাণ-মনের পূর্ণ-পরিণামের অপেক্ষায় দীর্ঘযুগ তাদের আবেষ্টনে তাকে বন্দী থাকতে হয়। কিন্তু তার এ-প্রতীক্ষাও বার্থ হয় না—কেননা অবিদ্যাচ্ছন্ন মানুষকে ব্রাহ্মী চেতনার জ্যোতির্লোকে উত্তীর্ণ করাই তার বত। অতএব অবিদ্যাভূমির সকল অনুভূবের সারট্রকু আহরণ করে তা-ই দিয়ে সে প্রকৃতির মধ্যে গড়ে তোলে চৈতাসত্তার একটি কন্দ। অনুভবের অবশেষটুকু হয় তার ভবিষ্য সাধন-সম্পত্তির উপাদান-যতদিন না দেহ-প্রাণ-মনের সকল সাধন ভাষ্বর হয়ে ওঠে পরমপ্রের্ষের দিব্য নিমিত্তর্পে। এই নিগ্ঢ়ে চৈত্য-প্রের্ষই আমাদের স্বধর্মের যথার্থ বেত্তা—নীতিবাদীর কল্পিত গতান্গতিক ধর্মবাধের চেয়েও সত্য এবং নিগাড় তাঁর প্রেতি। কারণ, এই হৃৎশয় পরেষই আমাদের নিতা প্রচোদিত করছেন সতা ঋত ও শ্রীর দিকে. প্রেম ও সৌষম্যের দিকে— ফ্র্টিয়ে তুলছেন আধারের অত্তগ্র্ট যত দৈবী সম্পদ। যতক্ষণ পর্যত দিব্যপ্রকৃতির এষণা এই চেডনায় বরিষ্ঠ না হয়ে ওঠে, ততক্ষণ সাধনার তার

বিরাম নাই। এই চৈত্যপরেষই সাধক, ঋষি ও কবি আমাদের মধ্যে। 'অর্চ'মন্য স্বারাজ্যং'—স্বারাজ্যের পূর্ণদীপ্তিতে ভাস্বর ইনিই হির্ণাবর্তান হয়ে চেতনার মোড ঘরিয়ে দেন আত্মবিদ্যা ও ব্রহ্মবিদ্যার দিকে—প্রম সত্য পরম শিব ও পরমা শ্রী প্রীতি ও রতির দিকে, আমাদের উত্তীর্ণ করেন পরম ব্যোমে অদৈবতভাবনিবিড় বিশ্বমৈত্রীর প্রশ্মণি ব্লিয়ে দেন চেত্নায়। পক্ষান্তরে চৈত্যপরে,ষের ভাব যেখানে অপরিণত বিকৃত ও দর্বল, সেখানে হয় আধারের সূক্ষ্যুতর অংশের বিকাশ হয় না, কিংবা তার সামর্থ্য ও প্রকাশ হয় ক্রণ্ঠিত—র্যাদও বাইরে থেকে মনে হয় সাধকের মন দীণ্ড এবং ওজস্বী. হুদয়বাসনার আবেগ প্রবল অকুণ্ঠ এবং দুর্ধর্য, প্রাণশক্তি সর্বজয়া, কায়সম্পৎ সর্বতোভাবে অনুকূল এবং বাহাজীবনও ঐশ্বর্য আর জয়শ্রীতে ঝলমল। তখনই জীবনে শ্বে হয় কামপ্রেষের তাণ্ডব চৈত্যপ্রেষের ম্থোস প'রে। তার ইঙ্গিত ও অভীপ্সা, ভাব ও আদর্শ, কামনা ও আক্রতিকে আমরা তখন অন্তরপুরুষের নির্দেশ এবং অধ্যাত্মজীবনের সম্পদ বলে ভুল বুঝ।* গ্রাহত চৈত্যপ্রেষ যাদ জীবনের প্রোধা হয়ে কামপ্রেষকে নিজিত করেন, প্রাকৃত দেহ-প্রাণ-মনের কণ্ট,কের আডাল থেকে আধারকে অংশত না শাসন করে প্রকট মহিমায় তার পূর্ণ প্রশাসনের ভার নেন, তাহলে জীবনের সমস্ত অভীপ্সা আকৃতি ও আদর্শ মূর্ত হয়ে ওঠে সতা ঋত ও শ্রীর চিন্ময় বিগ্রহে। তার ফলে, সমগ্র অপরা প্রকৃতির মোড় ফিরে যায় মান্বের পরম-প্রেষার্থের দিকে—মূট্ মত্তিভাবের চরম পরাভবে চিন্ময় জীবনের মহাবিষ,বের দিকে।

মনে হতে পারে, চৈত্যপন্ন্যকে জীবনের প্রত্যক্ষ নিয়ন্তার্পে চেতনার প্রেভাগে দ্থাপন করতে পারলেই ব্রিঝ আমাদের দ্বভাবের সকল এষণা চরিতার্থ হবে, আমাদের সন্মুখে দিবাধামের জ্যোতির দ্যার উন্মুক্ত হবে। এমনও মনে হতে পারে, এর পর রান্ধী দ্থিতিতে অথবা প্র্পিসিন্ধির দিবাভূমিতে উত্তীর্ণ হবার জন্য ঋত-চিৎ বা অতিমানসের উত্তরলোক হতে শক্তিপাতের আর

^{*} Psychic শব্দটি চলতি কথায় সাধারণত বোঝায় কামপ্র্বের বৃত্তিকে চৈতাপ্র্বের ধর্মকে নয়। বিশেষত শব্দটির প্রয়োগ আরও শিথিল হয়, যখন চিত্তের বিভিন্ন
ভূমির নানা অপ্রাকৃত ব্যাপারকে আমরা ওই আখ্যা দিই.। এসমস্ত ব্যাপার বাস্তবিক
অধিচেতন ভূমিতে অক্তর্মন অক্তঃপ্রাণ বা স্ক্রে অক্তর্দেহের সংগ্রই যুক্ত। চৈত্যপ্র্বের
সংগ্র সাক্ষার সম্পর্কে তাদের কোনও যোগ নাই। Spiritist-রা এমন কথাপ্ত বলেন, বিদেহ
সন্তা মৃত্র্বির, আবার অমৃত্র-ভাবে মিলিয়ে যায়—এগ্রলি 'psychic' ঘটনা। ব্যাপারটা
সত্য বলে প্রমাণিত হলেও তাকে চৈত্যপ্র্বের লীলা বলা উচিত হবে না। তাহতে চৈত্যসন্তার অক্তিত্ব ও ধর্ম সম্পর্কে কোনও আলোকও পাওয়া যাবে না। একে বড় জ্বোর বলা
চলে অলোকিক স্ক্রে ভৃতপ্রকৃতিরই একটা অসাধারণ বিভূতি। প্রাকৃত জগতে প্র্ল আধারে
আবিভূতি হয়ে প্র্লেকে সে নিজের অন্র্প স্ক্রা সন্তায় র্পান্তরিত করে, আবার তাকে
রূপ দেয় প্র্লেভূতের বিগ্রহে—ব্যাপারটা আসলে এই।

কোনও প্রয়োজনই থাকবে না। যদিও তৈজস রূপান্তর জীবনের পূর্ণ র্পাল্তরসিন্ধির অপরিহার্য অংগ, তব্ এতেই আধারের সর্বোত্তম চিন্মর পরিণাম সাধিত হয় না। চৈত্যপার্য প্রকৃতি-স্থ ব্যক্তিপার্যীয় বলে আধারের নিগ্ঢ় দিব্যবিভূতির ধারণা তাঁর পক্ষে অসম্ভব নয় এবং সে-অন্ভবের জ্যোতির্মায় বীর্যকে তিনি চেতনায় স্ফ্রারত করতেও পারেন। কিন্তু তব্ আত্মার বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ মহিমার পূর্ণ প্রতিষ্ঠার জন্য চাই উত্তরলোক হতে শক্তিপাতের ফলে একটা চিন্ময় রূপান্তর। অধ্যাত্মজীবনের বিশেষ-কোনও পর্বে চৈত্যপা্র্য স্বতন্তভাবে সত্য-শিব-সান্দরের একটা অন্ত্রি-চন্তিত-স্বাভীষ্ট লোক স্মান্ত করে তাতেই তাপ্ত এবং সমাহিত থাকতে পারেন। কিংবা আরও-একট্র এগিয়ে, নিস্পন্দভাবে বিশ্বাত্মার পরবশ হয়ে বিশ্বের সত্তা চেতনা বীর্য ও আনন্দকে দর্পণের মত গ্রহণ করতে পারেন—যদিও তাতে তাদের অথণ্ড সম্ভোগের অধিকার তাঁর মিলবে না। বিশ্বচেতনার স্কুর্নিবিড আবেশে রোমাণ্ডিত হয়ে হদেয়ে মনে ইন্দ্রিয়চেতনায় পর্যক্ত সে-আবেশের উন্মাদনাকে অনুভব করেও শ্বধু মুণ্ধ বিবশতায় তাকে তিনি ধারণই করতে পারবেন—কিন্তু অকুণ্ঠ ঈশনায় তার প্রবেগকে বহিজাগতে সন্ধারিত করতে পারবেন না। অথবা বিশ্বোত্তর ভূমিতে আত্মার স্থাণ স্বভাবে সম্যক সমাহিত হয়ে, অন্তন্সেতনায় জগং হতে বিবিক্ত থেকে ব্যাণ্টিভাবের পরিনির্বাণে আবার তিনি ফিরে যেতে পারেন স্বর্পের অনাদি উৎসম্লে। সেখানে, অপরা প্রকৃতিকে দিব্য করে তোলবার যে-সাধনা ছিল বিধাতার কাছে পাওয়া তাঁর চরম দায়, তাকে সার্থক করবার কোনও সঙ্কল্প বা শক্তিও তার থাকবে না। কারণ আত্মা হতে ব্রহ্ম হতে প্রকৃতিতে চৈত্যপূরুষের আবির্ভাব ঘটোছল, অতএব প্রকৃতি হতে আবার তিনি ফিরেও যেতে পারেন অক্ষরন্তক্ষের নিদ্তর্গ্গ দতন্ধতায়—আত্মার পরম নৈঃশব্দ্য ও আধ্যাত্মিক স্থাণ্ডের চরম গহনে সমাহিত হয়ে। গীতার ভাষায় চৈতাপুরুষ দিব্যপুরুষের সনাতন অংশ, সত্তরাং আন্দেত্যর অতর্ক্য বিধান অনুসারে অংশ হয়েও অংশীর তিনি অবিনাভত। এমন-কি তাঁর প্রকৃতি-স্থ আংশিক বিভাব বিবিক্ত আত্মান,ভবের বহিব্যঞ্জনা মার. অতএব স্বরূপত অংশ হলেও তিনি অংশীই। স্বরূপসতার এই অন্ভবে তাঁর চেতনা শোষিত হয়ে যেতে পারে 'তাতল সৈকতে বারিবিন্দ্র জন্'—মহানির্বাণে তাঁর আপাতপ্রলয়ও ঘটতে পারে। আবার অবিদ্যাপ্রকৃতির তমঃপুঞ্জের মধ্যে একটি জ্যোতিঃকন্দ হয়েও (এইজন্যই উপনিষদে তিনি 'অংগ্রুণ্ঠমাত্র প্ররুষ' বলে বণিতি), অধ্যাত্মচেতনার আপ্রেণে আপ্যায়িত করে নিজেকে তিনি বিশ্বময় ছড়িয়ে দিতে পারেন—হুদয়-মনের পরিব্যাপ্তিতে অন্ত্র করতে পারেন জগতের সাম্ভ্য কিংবা তাদাষ্যা। অথবা নিতাসহচরের সম্ধান পেয়ে তাঁর অবিচ্ছেদ সাল্লিধ্য কামনা করতে পারেন তিনি—পরেবোত্তমের

পরমা প্রকৃতি হয়ে ভূবে যেতে পারেন প্রেমসেবোত্তরা গতির অন্তহীন মাধ্রীতে।
বলা বাহ্লা, সকল অধ্যাত্ম-অন্ভবের মধ্যে ভাবকান্তিতে এই অন্ভবই
অন্ভয়। এমনি করে আমাদের অধ্যাত্মজিজ্ঞাসার বিপ্লে ও লোকোত্তর সিন্ধি
নানাভাবেই ঘটতে পারে। তব্ এইখানেই মান্যের এষণার চরম ও পরম
সাথকতা নাও ফ্টতে পারে। সত্যভাবক হয়তো এখানে দাঁড়িয়েও বলবেন,
'এহা বাহ্য—আগে কহ আর!'

কারণ, এসমস্ত মান্ব্রের অধ্যাত্মমনের সিদ্ধ। মন এদের মধ্যে উন্মনী-ভূমিতে উত্তীর্ণ হয়েও, চিদাকাশের জ্যোতিরৈশ্বর্যে ঝলমল হয়েও নিজের সংস্কার ছাড়িয়ে যেতে পারেনি। প্রাকৃতমনের এলাকাকে সে বহুদ্রে পেরিয়ে গেছে লোকোন্তরের উপান্তভূমিতে, তব্ব তার খণ্ডনপ্রবৃত্তি দূর হয়নি। শাশ্বত সন্মাত্রের একটি বিভাবকেই সে জানছে ঐকান্তিক বলে। ভাবছে, একটি খন্ডবিভাবেই বৃঝি তাঁর অখন্ডম্বর্পের পর্যবসান, বৃঝি তাঁর প্রত্যেকটি বিভাব নিজের মধ্যে নিজে সম্পূর্ণ। অতীন্দ্রিয় অনুভবের রাজ্যেও মনের প্রচ্ছন্ন দৈবতসংস্কার বিরুদ্ধ-বিশেষণের পরম্পরা সূচ্টি করতে পারে। পর্যায়-ক্রমে তার কম্পনায় ভেন্সে চলতে পারে ব্রহ্মের নৈঃশব্দা এবং ব্রহ্মের শক্তিচাঞ্চল্য, প্রপণ্যতীত নিগর্ব নিষ্ক্রিয় ব্রহ্ম এবং মহেশ্বররূপী সগর্ব সক্রিয় ব্রহ্ম, সত্তা এবং সম্ভূতি, দিব্য-পূরুষ এবং অপুরুষবিধ শুম্ধ-সন্মাত্র। এই বিরোধাভাসের এক কোটিকে প্রত্যাখ্যান করে আরেকটি কোটিকে শাশ্বত স্বর্পসত্য জেনে সে তার মধ্যে নির্মান্জত হতে পারে। কখনও তার কাছে পুরুষই একমাত্র তত্ত্ব, কখনও-বা অপ্রের্ষবিধ সন্মাত্রই শ্বধ্ব সত্য। তার দ্ভিটতে প্রেমিক কখনও নিত্যপ্রেমের ঘনবিগ্রহ, কখনও-বা প্রেমিকই বস্তু, প্রেম তার অঞ্গকান্তি মাত্র। ভূতে-ভূতে কখনও সে দেখে অপুরুষবিধ সম্মাত্রের পোরুষেয় বিভূতি. কখনও-বা অপরে ্রেষবিধ সত্তা তার কাছে শাশ্বত দিব্য-পর্র ্ষের একটা ভাঁপামাত। এমনি করে মনের একটি বাতায়নপথে অনন্ত আকাশের সীমাহীন দর্শন অকল্পনীয় সার্থকিতায় যখন সাধককে অভিভূত করে, তখন ওই একটি পথকেই পরম নিষ্ঠার আঁকড়ে না ধরে সে পারে না। কিন্তু অধ্যাত্মমনের এই সগুরণের ওপারেও আছে অতিমানস ঋতচিতের লোকোত্তর অনুভব। সেথানে যত <u> "বন্দ্র-বিরোধ ল্বপ্ত হয়ে যায়, আনন্ত্যের চরম ও সম্যক অন্ভবে সকল খণ্ডভাব</u> সংহত হয় এক সহস্রদল অথন্ডের স্বমায়। একেই প্র্যোথ বলে জানি। এইখান থেকেই অতিমানস ঋতচিতে অধির্চ হওয়া এবং তার শক্তিকে নামিয়ে আনা এই আধারে—এই তো আমাদের মর্ত্যক্ষীবনের সাধ্যাবধি। তৈজস-র্পান্তরের পরে তাই চাই চিন্ময়-র ্পান্তর এবং তারও উত্তরণ উদয়ন ও প্রণ সমাহরণ চাই অতিমানস-র পাশ্তরের সহারে—যার মধ্যে আমাদের উত্তরারণের চরম সীমা। চিন্ময় নিত্যম্থিতি আর জগন্ময় সম্ভূতি এ-দ্রের মাঝে শ্বং অবিদ্যার

ছলনায় একটা আপাতবিরোধ দেখা দিয়েছে প্রাকৃত জীবনে। সৌষম্যের সত্যমন্ত্রে এ-বিরোধের সম্যক্ সমাধান করতে পারে একমাত্র অতিমানসী চিংশক্তি—যেমন বিশ্বসম্ভূতির অনেক অসামকে সে র্পাণ্ডরিত করেছে ব্হংসামে। অবিদ্যার জগতে প্রকৃতি তার মনোময়ী প্রবৃত্তির অক্ষর্পে কল্পনা করে—অন্তরাত্মাকে নয়, তাঁর প্রতিভূ অহন্তাকে। আত্মকেন্দ্রিকতাকে ভিত্তি করে আমরা দ্বন্দ্ব বিরোধ ও অসংগতিতে সংকুল জগৎজোড়া মালাস্পর্শের জটিলতার মধ্যে গড়ে তুর্লোছ বিচিত্র অনুভব ও সম্বন্ধের একটা ব্যুহ। এই অহংএর দুর্গপ্রাকারের আড়ালে থেকে নিজেকে আমরা ঠেকিয়ে রেখেছি বিশ্ব এবং আনন্ত্যের অভিঘাত হতে। কিন্তু চিন্ময়-রূপান্তরে সে-প্রাকার যখন ভেঙে পড়ে, তখন সাধকের অহং বিলম্প্র হয়—নুনের পতুল গলে যায় এক নিবিশেষ অনুভবের অক্ল পাথারে, বিনাশের চোখ-ধাঁধানো আলোতে কোথায় মিলিয়ে যায় সম্ভূতির বর্ণচ্ছটা। তাই দিশাহারা চেতনা স্নৃতের ছন্দে তার বৃত্তিকে বাঁধবার আর অবকাশ পায় না। প্রায়ই তথন সাধকের আত্মচেতনা দ্বিধাবিভক্ত হয়ে যায়—ভিতরে সে চিন্ময়, কিন্তু বাইরে প্রাকৃত। সাধকের প্রত্যক অন্ভবে থাকে নিরঙ্কুশ স্বাতন্ত্যে সমাসীন রক্ষান্ভবের অচল প্রতিষ্ঠা. অথচ তার পরাক্ চেতনা করে চলে অভ্যস্ত সংস্কারের অন্ধ অন্বর্তন— 'অবশঃ প্রকৃতের্বশাং'। তত্ত্বাভের পরেও আধারে সঞ্চারিত প্রাক্তন বেগের প্রবর্তনা তাকে যন্ত্রের মতই আর্বার্তত করে। এইহতে দেখা দেয় বিভিন্ন কোটির সাধক। ব্যক্তিভাবের সম্পূর্ণ প্রলয়ে অহং-তন্ত্র ভিতরে-ভিতরে একেবারে ভেঙে পড়লেও বহিঃপ্রকৃতির অব্যাহত গতিতে দেখা দেয় নানা আপাত-অসংগতি—যদিও সাধকের অন্তন্দেতনা থাকে আত্মজ্যোতিতে ভাস্বর। এমনি করে সাধক কখনও হন জড়বং-বাইরে অসাড় এবং নিষ্ফিয়, বাহ্যিক পরিস্থিতি বা শক্তির বশে চালিত কিন্তু নিজে চলংশক্তিহীন, অথচ অন্তরে 'অন্তজ্যোতিরন্তরারামঃ'। কখনও ভিতরে পূর্ণজ্ঞানে প্রতিষ্ঠিত থেকেও বাইরে তিনি বালবং। কখনও অন্তরে নিস্তর্প প্রশান্তিতে ডুবে থেকেও বাইরে উন্মন্তবং, চিন্তায় ও আচরণে উচ্ছাংখল। আবার কথনও অন্তরে শূম্পসত্ত ও আত্মসমাহিত হয়েও ব্যবহারে তিনি পিশাচবং প্রমত্ত, সংস্কারহীন। কখনও বহিঃপ্রবৃত্তিতে অন্তরের ছন্দ প্রকাশ পেলেও অভ্যন্ত অহংএর সংবেগই তার বাহন হয় এবং উদাসীন দুন্দারূপে সাধক শুধু প্রারন্ধক্ষয়ের প্রতীক্ষায় দেখে যান সংস্কারের খেলা। তখন দিব্যান্ভবের বীর্য মনকে সচল করলেও অন্তরের অনুভবের সবর্থানি তার মধ্যে ফোটে না—চিন্ময় স্থিতি ও মনের চলনের মাঝে সূর বাঁধা হয়নি বলে। এমন-কি অশ্তর্জ্যোতির সহজ দীপ্তিও যদি সাধক-জীবনের দিশারী হয়, তব্ কর্মের ছন্দে তার প্রকাশের ধারায় দেহ-প্রাণ-মনের নানা কুণ্ঠা ও অপূর্ণতার ছাপ থাকতে পারে। সে-ক্ষেত্রে সাধকের দশা হয় অযোগ্য

মাল্যসভার দ্বারা বিড়াদ্বিত রাজার মত—কেননা অন্তরের বিজ্ঞানকে তথন তার র্প দিতে হয় অজ্ঞানের প্রপঞ্জে। ঋতদ্ভরা প্রজ্ঞা ও সত্যসংক্ষেপর প্রমসায্ত্র্জা যে-অতিমানসের মধ্যে, একমাত্র তার অবতরণে আধারের অন্তরে-বাইরে চিংদ্বর্পের প্রমসাম্যের প্রতিষ্ঠা ঘটতে পারে। কেননা, অজ্ঞানের প্রপশ্চকে বিজ্ঞানের সোধ্যে র্পান্তরিত করবার দিব্য সামর্থ্য আছে কেবল অতিমানসেরই।

প্রাণ ও মনের প্রাকৃতসন্তাকে স্বর্পসন্তার সঙ্গে যোগযুক্ত করে যেমন তাদের চরম আপ্যায়ন ঘটে, তের্মান চৈতাপ্র্বেষেরও পরম অভ্যুদয় সাধিত হয় পরমব্রহ্মে নিহিত তাঁর দিব্য স্বর্পসত্যের সমাপত্তি অথবা সমাবেশে। উভয়ক্ষেত্রে অতিমানসের শক্তিই দিব্য-সম্প্রয়োগের দৃত্যী—সামরস্যের পরিপ্রেণতাকে সে-ই পর্যবিসিত করে নিরঙকুশ তাদাম্মাসংগমে। কারণ, মখণ্ড-অন্বর সন্তার পরাবর কোটির মাঝে অতিমানসই 'অম্তস্য সেতুঃ'। অতিমানসেই আছে অখণ্ডভাবিনী দালোকের দাত্তি, আছে সর্বার্থসাধিকা মহাশক্তি, আছে পরমানদের দিকে অপাব্ত জ্যোতির দ্য়ার। ওই দালোকের দ্যাতি ও শক্তিশ্বারা সম্প্রত্ত হয়েই চৈতন্যপ্র্যুষ আবার সমাবিষ্ট হয় সদ্বিক্ষেব আনন্দ-গণ্ডগাত্রীতে। সম্থ-দৃঃথের দ্বদ্বকে পরাভূত ক'রে দেহ-প্রাণমকে ভয় ও জ্বগ্পসার কবল হতে চিরনিম্বিক্ত ক'রে দিব্যধাম হতেই তথন মত্যের মাত্রাইপর্যাকে ব্যাল্ভিরত করে সে ব্রহ্মানন্দের বিদ্যুদময় শিহরনে।

চতুর্বিংশ অধ্যায়

জড

অল: ৰক্ষেতি ব্যজানাং।

তৈভিন্নীয়োপনিষং ৩।২

অন্ন ব্রহ্ম—এই বিজ্ঞানে পে'ছিলেন তিনি। —তৈত্তিরীয় উপনিষদ (৩।২)

যুক্তি দিয়েও তাহলে আমরা এইট্রক বুর্ঝেছি যে, প্রাণ এমন-একটা অনিবাচা স্বপন্মায়া বা অসম্ভাব্য একটা অন্থকিল্পনা নয়, যা ধরেছে বেদনাময় বাস্তবের রূপ। কিন্তু বস্তৃত সে সর্ব-সং রক্ষোরই বিপল্ল চিৎস্পন্দন। কোথায তার প্রতিষ্ঠা, কি তার তত্ত্ব, তারও খানিকটা পরিচয় পেরেছি। তাই চেয়ে আছি সেই অনাগত মাহেন্দ্রক্ষণের দিকে, যখন তার অন্তগ্র্ড মহাবীর্য চরম পরিণামে উচ্ছবসিত হয়ে উঠবে দ্বালোকের নন্দনমঞ্জরীতে। কিন্তু সকল তত্ত্বের অবম একটি তত্ত্বের সম্যুক আলোচনা আমরা এখনও করিন। সে হল জড়ের তত্ত্ব যার 'পরে প্রাণ রচেছে তার পাদপীঠ, কিংবা যার বীজদলকে বিদীর্ণ করে বিশ্বে নিজেকে সে ফুটিয়েছে বহুশাথ বনস্পতির মত। এই জড়তত্ত্বের 'পরেই মানুষের দেহ-প্রাণ-মনের প্রতিষ্ঠা। তাছাড়া, চেতনার মনোময়-পরিণামের ফলে যদি-বা দেখা দিয়ে থাকে প্রাণের এই বাসনত-প্রভেপাচ্ছবাস; অতিমানসের উদারলোকে স্বরূপসত্যের সন্ধানে মনের যে সন্প্রসারণ ও উদয়ন, বিশ্বে উপচিত প্রাণের ঐশ্বর্য যদি তার স্বাভাবিক পরিণতি হয়েও থাকে: তাহলেও একথা অনস্বীকার্য যে. এই দেহের আধারে এই মাটির বুকেই ছড়ানো রয়েছে প্রাণের মূল। দেহের একটা গৌরব আছে সে তো বলাই বাহনো। মনের জ্যোতির্ময় প্রগতিকে ধারণ ও বহন করবার উপযোগী দেহ ও মাস্তম্ক পেয়েছে কি গড়ে তুলেছে বলেই মান্**ষ পশ্**কে ছাড়িয়ে গেছে। তেমান আবার উন্মনীলোকের জ্যোতিকে ধারণ ও বহন করবার উপযোগী দিব্য দেহ কিংবা তার অনুরূপ দৈহ্য-সাধন যদি সে গড়ে তুলতে পারে, তাহলে প্রথিবীতে থেকেই নিজেকে সে ছাড়িয়ে যাবে এবং শুধু অন্তরের বিবিক্ত লোকে নয়, এই প্রাকৃত জীবনেই পাবে দেবমানবতার নিরঙ্কুশ অধিকার। তা যদি না হয়, তাহলে ব্রুতে হবে, বর্তমানের এই সাম্ধ্যচেতনাতে পেণছেই বিশ্বপ্রাণের উদরন বার্থ

ব্যাহত হয়ে গেল। তাই মর্ত্যের মানুষ সচ্চিদানন্দকে লাভ করবে শুধ্ব আত্মবিলোপের সাধনায়—এই দেহ-প্রাণ-মনের কণ্ট্যক খসিয়ে আনন্দেতার নিরঞ্জন মহিমায় ফিরে গিয়ে। অথবা ব্বুকতে হবে, নর নারায়ণের দিব্য নিমিন্ত নয়। চিন্ময়ী মহাশক্তির যে-প্রগতি প্থিবীর আর-সকল ভূত হতে তাকে পৃথক করেছে তারও একটা নিয়তিকৃত নিয়ম আছে। অতএব আজ যেমন মানুষ জগতের সবাইকে ছাড়িযে হয়েছে প্রোধা, তেমনি একদিন তাকেও ছাড়িয়ে আর-কেউ এসে তার উত্তর্যাধকার গ্রহণ করবে।

বাস্তবিক, আত্মার যত মুশকিল দেহকে নিয়ে। দেহই তার প্রগতির পথে চিরন্তন বাধা, দেহের জ্বল্মই তাকে বরাবর সইতে হয়েছে। তাই অধ্যাত্ম-সিন্ধির ব্যাকুল সাধক দেহকেই ধিক্কার দিয়েছে চিরকাল—সবার চাইতে এই বস্তুটির 'পরেই যেন বিশেষ করে তার বিতৃষ্ণ।...দেহের এই মূঢ়ভার আর সে বইতে পারে না। এর অন্ধ সংসক্ত স্থলতা যেন অন্তরের শ্বাসরোধ করে আনে পলে-পলে, বৈরাগ্যের উদার আকাশে নিঃশ্বাস ফেলে বাঁচে তার মন। এই আপদ হতে বাঁচবার জন্যে দেহকে এবং দেহাত্মব্লান্ধর প্রতীক জগৎকে পর্যনত সে মিথ্যা বনো উড়িয়ে দিতে চেয়েছে ৷...অধিকাংশ ধর্মেই জড় ধিক্কতে, অভিশপ্ত। তাই বৈরাগীর নেতিবাদ অথবা পাথিবজীবনের প্রতি একটা অসহায় সাময়িক তিতিক্ষার ভাব—এই হল তাদের মতে সতাধর্মের এবং আধ্যাত্মিকতার কন্টিপাথর। কিন্তু প্রাচীন যুগের ধর্মে এত অসহিষ্কৃতা ছিল না। তার মননের গভীরতা বিশ্বের মর্মসত্যকে স্পর্শ করেছিল। কলিসন্তাপে সন্তপ্ত হয়ে সাধকের চিত্ত তথনও থিল্ল ও উম্প্রান্ত হয়ে ওঠেনি, তাই দুলোক আর ভূলোকের মাঝে বিচ্ছেদও এত প্রবল হয়নি। প্রাচীন শ্ববিদের কাছে দালোক যেমন পিতা, প্রথিবীও তেমনি মাতা—অন্তরের শ্রন্ধা ও প্রীতি উভয়কেই তাঁরা সমানভাবে বে'টে দিয়েছেন। কিন্তু অতীতের বাণীর রহস্য আমাদের কাছে আজ আচ্ছন্ন এবং অনবগাহ। স্বতরাং অধ্যাত্মবাদীই হই আর জড়বাদীই হই, কৃপাণের আঘাতেই আমরা জীবনের গ্রন্থিমোচন করতে চাই। মত্যজীবনের চরম পরিণতিকে তাই কল্পনা করি এক মহানিক্তমণর্পে—এখন সে-নিষ্ক্রমণ অনন্ত আনন্দ, অনন্ত বিনাঘি বা অনন্ত নির্বাণ—যে-র ্প ধরেই আস্কুক না কেন!

অধ্যাদ্মচেতনার বিকাশের সংগই কিন্তু এই দেহবিত্ঞা জাগে না। প্রাণের আবির্ভাব হতে এ-বিরোধের শ্রে, কেননা স্থিত গোড়াতেই দেখা দিয়েছে জড়ের সংগে প্রাণের দ্বন্ধ। জড় যেন প্রাণ ও চেতনার মূর্ত প্রতিষেধ। প্রাণ প্রবৃত্তিতে চঞ্চল, জড় অসাড়। প্রাণের প্রবেগ চিন্ময়, জড়ের শক্তি মৄঢ়, অচেতন। প্রাণ জীববিশ্রহ গড়তে চায় সংকলনবৃত্তি দিয়ে, জড় আগবিক বিকলনে সে-প্রয়স বার্থ করতে চায়। এমনি করে জড়ের বৃক্তে প্রাণের আদ্ব-

প্রতিষ্ঠার সকল আয়াস পর্যবসিত হয় আপাত-পরাভবে। প্রাণ তাই মরণমূর্ছায় বারবার ঢলে পড়ে জড়ের ব্বকে। মানর আবিভাবে এই দ্বন্দ্র আরও ঘোরালো হয়ে ওঠে—কেননা মনের ঝগড়া প্রাণ এবং জড় দুয়েরই সংগ্র তাদের সংকীর্ণতাকে কিছুতেই সে সইতে পারে না। জড়ের অসাড স্থলেতা আর প্রাণের বিক্ষ্মন্ধ বেদনার নিত্যশাসনের বিরুদ্ধে বরাবর তার বিদ্রোহ। এই অবিরাম সংগ্রামের ফলে মনে হয় বিজয়লক্ষ্মী যেন মনের দিকে ঝোঁকেন, যদিও তাঁর অপূর্ণ ও অনিশ্চিত প্রসাদের অসম্ভব মূল্য দিতে হয় তাকে। স্বারাজ্য-প্রতিষ্ঠার উন্মাদনায় দেহ আর প্রাণকে মন শর্থ-যে জয়ই করে, তা নয়: প্রাণের তৃষ্ণাকে দেহের বীর্যকে অবদামত নিগৃহীত এমন-কি বিন্দুট ক'রে প্রাণকে পঙ্গা ও দেহকে বিকল করতেও সে কৃণ্ঠিত হয় না। মনের এই আয়াসই ধরে প্রাণের প্রতি অরতি ও দেহের প্রতি বিতৃষ্ণার রূপ—উভয়ের প্রতি জুনুণসায় मान्य निष्कल्य िष्ठ ७ विभ्न्प धर्मारवार्धत कल्भालारकत मिरक ছ्रांटे यात्र। উন্মনীভূমির আভাস পেয়ে মান্য এই বিরোধকে আরও প্রবল করে। তথন মন শরীর আর প্রাণ লাঞ্চিত হয় ভব দেহাত্মবোধ এবং মারের তি-লাঞ্চন। ভব-ব্যাধির সকল নিদান মানুষ তথন খ'ুজে পায় মনে। চিৎ আর অচিতের দ্বন্দ্র একান্ত হয়ে দেখা দেয় বলে, অচিৎ আর তার কাছে চিতের সাধন নয়। অতএব হৃংশয় চিন্ময় প্রেষের বিজয় স্নিন্দিত হয় তাঁর সংকীণ আয়তনের প্রত্যাখ্যানে, দেহ-প্রাণ-মনের নিরাকৃতিতে, স্বর্পের আনন্ত্যে তাঁর আত্ম-সংহরণে।...এ জগৎ দ্বন্দ্বসংকুল। স্বতরাং তার সকল দ্বন্দ্বের একমাত্র সমাধান হচ্ছে এই "বন্দ্বনীতিকেই চরমে তলে অখণ্ডের অংগচ্ছেদ "বারা জগৎকে रह[°]रि रक्ना।

কিন্তু এই জয়-পরাজয় একটা আপাত-প্রতিভাস মাত্র। এতে সমস্যার সমাধান না করে তাকে পাশ কাটিয়ে য়াওয়া হয় শৢয়য়ৄয়ৢ। বাস্তবিক জড় তো প্রাণকে পরাভূত করতে পারেনি। এরই মধ্যে জড়ের সঙ্গে সে রফা করেছে মৃত্যুকে তার অগ্রগতির সাধন ক'রে। মনও তেমনি দেহ আর প্রাণকে নির্জিত করে সর্বজয়ী হতে পারেনি—তার বহু নিগ্র্ট সম্ভাবনাকে বন্ধ্যা করে কতক-গৢনিকে সে অর্ধেক ফৢর্টিয়ে তুলতে পেরেছে মাত্র। দেহ ও প্রাণের সম্যক্ত অনুশীলনে সেসব কুর্ণাড় ফুল হয়ে হয়তো ফ্রটত একদিন। জীব-চিৎও অচিৎ-ঢ়য়ীর 'পরে বিজয়ী হতে পারেনি। শৢয়য়ু তাদের দাবিকে অস্বীকার করে পিছর হটেছে সে আপন ব্রত থেকে—বিশ্বর্প চিৎপর্রুষের আদ্য প্রবর্তনার নিগ্রুট দায় থেকে। স্বতরাং অচিৎকে অস্বীকার করলেই বিশ্বসমস্যার সমাধান হয় না—কেননা বিশ্বনাথের প্রবর্তিত চক্র তো আছ্মোন্বোধনের এই নেতিসাধনাতেই এসে থেমে যার্মন। ক্রতুত নেতিবাদ স্টিত করে রতের সার্থক উদ্যাপনকে নয়—তার বর্জনকে। সাচিদানন্দই বিশ্বের আদি মধ্য ও অন্ত,

এই আমাদের মৌলিক দর্শন হলে বিরোধকে কথনও তাঁর স্বর্পের অনাদি ও শাশ্বত তত্ত্ব বলতে পারি না। বিরোধ আছে বলেই দেখা দিয়েছে সার্বভৌম সম্যক্সমাধানের তপস্যা, জেগেছে বিশ্বজিং যজ্ঞের আকৃতি। জীবনসমস্যার সমাধান হবে—প্রাণ যখন দেহকে আপন অকুণ্ঠ সৌষম্যের বাহন করে সত্যি-সত্যি জড়ের 'পরে জয়ী হবে, এ-দ্টিকে তার আত্মপ্রকাশের স্ববশ সাধনে র্পান্তরিত করে দেহ আর প্রাণের 'পরে মনের হবে সত্য বিজয় এবং দেহ-প্রাণ-মনকে স্বচ্ছন্দ চিদাবেশে জারিত করে অচিতের 'পরে চিতের বিজয় ঘোষিত হবে। আর এই শেষের বিজয়েই প্রাণ ও মনের তপস্যার বাস্তব সিদ্ধি সম্ভব হবে। কি করে এই জয়প্রী মৃত্র্ হবে আমাদের জীবনে, তার উপায় খ্রজতে গিয়ে জানতে হবে জড়ের তত্ব—যেমন নাকি ম্লা বিদ্যার এষণাতেই আমরা খ্রজে পেয়েছি প্রাণ, মন ও জীবচেতনার তত্ত্ব।

ধরতে গেলে জড় আমাদের কাছে অবাস্তব এবং অসং। অর্থাৎ আমাদের বর্তমান জ্ঞান সংস্কার বা অনুভব হতে জড়ের সত্য পরিচয় আমরা পাই না। আমাদের আয়তনরূপে বিশ্ব জ্ঞে এক সর্বময় সত্তা আছে, তার সংগ্র ইন্দ্রিয়-সংবিতের একটা বিশেষ সম্পর্ককে আমরা জড় বলে জানি। জড়কে শুধু শক্তির বিভূতিতে পর্যবিসিত দেখে বৈজ্ঞানিক বিশ্বের একটা মূলতত্ত্বের সন্ধান পান। আবার দার্শনিক যখন দেখেন, জড় চেতনার একটা বাস্তব প্রতিভাস মাত্র এবং অথণ্ড শাুম্ধ-চিন্মাত্র একমাত্র তত্ত্ব-বস্তু, তথন বৈজ্ঞানিকের চেয়েও পূর্ণ বৃহৎ ও নিগ্রুড় সত্যকে তিনি হাতের মুঠায় পান। তবু একটা প্রশন থেকে যায় : শক্তি কেন জড়ের রূপ ধরল, কেন সে শ্ব্ধু প্রবেগের শতম্বী ধারা হয়ে রইল না? িযিনি চিৎ-স্বর্প, তিনি কেন চিদ্বিলাসের নিবিড় ञानरन्द विशान्ज ना त्थरक এই জড়ের খেলা খেলতে গেলেন? क्रिके वर्लन, এসমস্তই মনের লীলা। আবার কারও মতে, জড়র্পের অপরোক্ষ সৃষ্টি এমন-কি তাদের অন্তবত যখন মনের ধর্ম নয়, তখন এসমস্তই ইন্দ্রিয়বোধের খেলা। গ্রহণ-মন আপাত-অনুভব দ্বারা র্পস্থি ক'রে সামনে ধরলে গ্রহীতৃ-মন নাড়াচাড়া করে তাদের নিয়ে। কিন্তু জড় কখনও শরীরী ব্যত্তি-মনের সৃষ্টি হতে পারে না। ক্ষিতিতত্ত্ব তো মানবমনের পরিণাম নয়, বরং মানবমনই যে তার পরিণাম। যদি বলি জগৎ তো আমাদেরই মনে, তাহলে সেটা হয় অতাত্ত্বিক জলপনা শ্বন। কেননা প্থিবীতে মানুষের আবিভাবের আগেও জড়জগৎ যেমন ছিল, প্রথিবীর ব্রক থেকে মান্য নিশ্চিহ হয়ে গেলেও, এমন-কি অনন্তের মধ্যে ব্যাষ্টমনের প্রলয় হলেও সে তর্মনিই থাকবে। অতএব বাধ্য হয়ে মানতে হয়, এই মনের অল্ডরালে আছে এক বিরাট মন*—আমাদের

 ^{*} প্রাকৃতমনের স্থিসামধ্য আপেকিক, কেননা অপরের সাধনর্পেই তার স্থি।
 যোগাবোগ ঘটানোর শক্তি অফ্রণ্ড হলেও তার র্পকলার আদর্শ আসে উপর থেকে।

কাছে যার বিশ্বর্প অবচেতন এবং চিন্ময়র্প অতিচেতন। নিজের আধার বা আয়তনর্পে সে-ই র্পের স্থি করেছে। স্রণ্টা যখন স্বভাবত স্থিটর প্রাণ্ভাবী হয়ে তাকে ছাড়িয়ে যায়, তখন মানতে হয়, এক অতিচেতন মনই তার সাবভাম করণশক্তির সহায়ে নিজের মধ্যে জড়বিশ্বের ছন্দোদোলায় ফ্র্টিয়ে চলেছে এই র্পের মেলা। তব্ এও সমাক্ সমাধান নয়। কেননা এতে জড়কে জানি শ্ধ্ চতনার বিভূতি বলে, কিন্তু বিশ্বলীলার উপাদানর্পে কি করে জড়ের স্থিট হল, তার কোনও জবাব পাই না।

একেবারে বিশ্বসন্তার মূলে গেলে হয়তো কথাটা পরিষ্কার হবে। শুল্খ-সম্মাত্র চিৎশক্তিরূপে নিজেকে ফ্রটিয়ে তুলছেন তাঁর স্পন্দবিভাতিতে। চিংশক্তি আবার তার আত্মকৃতিকে তারই আত্মচেতনায় ফুটিয়ে তলছে আত্মর পারণের ছন্দে। শক্তি যখন 'একং সং' চিৎপুর যের স্পন্দ মাত্র, তখন তার পরিণাম তাঁর আত্মর পায়ণ ছাড়া আর কিছুই হতে পারে না। অতএব র্পধাতু দ্রব্য বা অচিৎ চিতেরই বিভৃতি মাত্র। আমাদের ইন্দ্রিয়বোধে এই চিদ্বিভৃতির যে বিশেষ রূপ ফোটে, তার মূলে আছে মনের খণ্ডনব্রিত্ত যাহতে বিশ্বপ্রতিভাসের পরিপূর্ণ ছকটি আমরা গ্রছিয়ে পেয়েছি। এখন জানি, প্রাণ চিংশক্তির লীলা—জভরূপ তার পরিণাম। রূপের গহায় কৃণ্ডলিত প্রাণ প্রথম দেখা দেয় অচেতন শক্তির্পে। তারপর ধীরে-ধীরে নিজেকে বিকশিত ক'রে মনের আকারে সে শক্তির নিগ্রে স্বরূপচেতনাকে ফুটিয়ে তোলে—যা শক্তির অব্যাকৃত দশাতেও তার অবিনাভূত ছিল। আরও জানি অতিমানস বা চিন্ময় মহাবিদ্যার একটি অবর্রবিভৃতি হল মন, এবং প্রাণ সে-অতিমানসেরই সাধনবীর্য। অতিমানস বা চিৎ-তপ্রসের ভিতর দিয়ে নামতে গিয়ে চিংশক্তির চিং ফোটে মন হয়ে, আর তার শক্তি বা তপঃ ফোটে প্রাণ হয়ে। মন তার অতিমানস স্বর্পসত্তা হতে বিচাতে হয়ে প্রাণকেও খণ্ডর্প দেয়। শুধ্ব তা-ই নয়, নিজেরই প্রাণশক্তিতে ক্রুভিনত থেকে বিশ্বপ্রাণে সে অবচেতন হয়ে ফোটে। তার ফলে প্রাণের জড়লীলায় জগৎ জন্বড়ে একটা অন্ধর্শাক্তর প্রবর্তনা প্রকাশ পায়। অতএব জড়ের মধ্যে এই-যে অচিতি অসাড়তা ও আর্ণাবক বিকলন, তার মূলে রয়েছে বিশ্বশ্ভর মনের বিভাজনী ও কুন্ডলনী বৃত্তি। এর্মান করেই বিশেবর বিসৃষ্টি হয়েছে। অতিমানসের আত্মবিসৃষ্টির চরম সাধন যেমন মন, এবং সেই মনের কল্পিত অবিদ্যার ক্ষেত্রে চিং-তপসের

সমসত স্টে র্পের প্রতিষ্ঠা হল অনশ্তের মধ্যে—মন প্রাণ ও জড়ের ওপারে। এখানে ফোটে তার নতুন-গড়া—এবং বেশীর ভাগই বিকৃত করে গড়া—একটা আভাস শুধ্ । ঋণ্ডেদ বলেন, তারা 'উধর্ব ব্যু নীচীনশাথ'—মূল তাদের উপরে, কিন্তু ভালপালা ছড়িরে পড়েছে নীচের দিকে। অতিচেতন মনকে বরং বলা চলে অধিমানস। চিংশব্রির প্রস্তারে ভার স্থান হবে অতিমানস চেতনার সমাগ্রিত কোনও ভূমিতে।

দপন্দন যেমন প্রাণ, তেমনি আমাদের পরিচিত জড়ও চিংসত্তার চরম স্পন্দ-পরিণাম। বিরাট মনের* নিগ্টে ব্যাপারবশত অখন্ড চিংসত্তার মধ্যে যে দ্বগত-ভেদের আভাসন, তা-ই হল চৈতন্যের জড়-বিভূতি। ব্যাণ্টমনের কাছে এই ভেদ একান্ত হয়ে দেখা দেয়। কিন্তু তাবলে তত্ত্বদ্ণিততে চিং শক্তি ও অচিতের অখন্ডভাব লুপ্ত বা ব্যাহত হয় না।

কিন্ত অখণ্ড সন্মাত্রের এই প্রাতিভাসিক ও ব্যাবহারিক খণ্ডলীলা কেন? ...কারণ আর-কিছ_{ন্}ই নয়। মনের মধ্যে যে বহ_{ন্}ধাভবনের সংবেগ রয়েছে, তার চরম কোটিতে পে'ছিতে গেলে আত্মভেদ ও আত্মবিভাজনকেই করতে হয় মুখ্য সাধন। তাই বহুভাবনার জন্যে আধার সূচিট করতে সে যখন প্রাণের মধ্যে নেমে এল, তখন বিশ্বগত সদাখ্যতত্ত্বকে তার দিতে হল স্থলে জড়ধাতুর র্প—বিশ্বদ্ধ স্ক্রে-ধাতুর রূপ না দিয়ে। অর্থাৎ মনের আক্তিতে সদাখ্যতত্ত্ব ফ্টল স্থাণ, র্পধাতু হয়ে—বহুধা-বিচিত্র বস্তুলীলার আধারর্পে। অর্প-ধাতুর মত এ শন্পচেতনার শাশ্বত স্বর্পসন্তার আত্মগত বিভূতি মাত্র নয়— অথবা স্ক্রুম্পর্শগোচর চিন্ময় রূপায়ণের তরল ছন্দোময় উপাদানও নয়। মনের সঙ্গে বিষয়ের স\লক্ষের জেগে ওঠে—আমরা যাকে বলি ইন্দ্রিয়বোধ। কিন্তু এখানে চাই একটা অস্পন্ট পরাক্ বোধ—যা সন্নিকর্মের বিষয়ের বাস্তবতা সম্পর্কে নিঃসংশয় হবে। অতএব শুদ্ধধাতুর জড়ধাতুতে অবতরণ তথনই সম্ভব হয়, যথন অতিমানসের ভিতর দিয়ে সচ্চিদানন্দ মনে ও প্রাণে বহুধা-ভবনের ঈক্ষা নিয়ে নেমে আসেন। তখন বিবিক্ত চিংকেন্দ্র হতে বিষয়ের সংবেদন হয় তাঁর এই আত্মসদ্ভাব-অনুভবের প্রথম উপায়। চিন্ময়তত্ত্বে অবগাহন করলে দেখি, শুন্ধ নিরঞ্জনধাতুই হয়েছে স্বয়স্ভ বিশুন্ধ-চিন্ময় সত্তা, আত্মতাদাত্ম্যের স্বয়ংপ্রভা সংবিং যার স্বভাব। তথনও তার মধ্যে নিজেকে নিজের বিষয় করবার বৃত্তি জার্গোন। অতিমানসেরও মধ্যে এই আত্মতাদাষ্ম্যের স্বগতসংবিং তার আত্মবিজ্ঞানের ধাতুরূপে এবং আত্মবিস্ভিটর জ্যোতিরূপে অক্ষান্ন থাকে। কিন্তু ওই বিস্পিটর জন্যে শ্বন্ধসত্তাকে নিজের কাছে সে উপস্থাপিত করে নিজের জ্ঞানা-শক্তির অবিনাভূত বিষয়-বিষয়ির পে। তখন শূর্ম্বসত্তা হয় এক পরা প্রজ্ঞার বিষয়, যার মধ্যে আছে সংজ্ঞান ও প্রজ্ঞানের সংজ্ঞানের স্বভাব বিষয়কে নিজের মুধ্যে দেখা—নিজের রুপে। আর প্রজ্ঞানের স্কভাব বিষয়কে নিজের পরিধির মধ্যে দেখা নিজের বিবিক্ত অংশর পে—অর্থাৎ শান্ধসন্তার মর্মাদৃষ্টি যে-চিৎকেন্দ্রে ফ্টে উঠেছে সাক্ষী প্রেয়ের প্রজ্ঞানঘন বিন্দরেপে, সেই দুন্টার আসন থেকেই সে বিষয়কে দেখে।

^{* &#}x27;মনের' অর্থা ব্যাপক এখানে, অতএব অধিমানসের ব্তিও তার অন্তর্গত। অধিমানস অতিমানসী ঋত-চিতের অব্যবহিত; এখান হতেই আসে অবিদ্যা-কম্পিত স্মির আদি প্রবর্তনা।

অতিমানসের পরা প্রজ্ঞায় আছে এই সংজ্ঞান ও প্রজ্ঞানের দ্বিদল-চণক। আমরা দেখেছি, প্রজ্ঞান হতে শ্বর্ হয় মনের প্রবৃত্তি, যে-প্রবৃত্তির ফলে ব্যচ্টি প্রমাতা নিজের বিরাট সত্তার বিচিত্র বিভূতিকে অনাত্মরূপে দর্শন করে। কিন্তু দিবামনে—অব্যবহিত ক্ষণে অথবা বলতে গেলে যুগপং—জাগে আরেকটি প্রবৃত্তি কিংবা ওই প্রবৃত্তির একটা বিপরীত ধারা—যা অখন্ডসন্তার সংগ্র যোগয়াক্তি দ্বারা প্রাতিভাসিক খণ্ডতার বিভ্রমকে নিরাকৃত করে। তাইতে ব্যাঘ্টি প্রমাতার জ্ঞানেও ভেদদর্শন মুহুতের জন্যেও ঐকান্তিক সত্য হয়ে ওঠে এই চিন্ময় যোগয়,ক্তিকে বিভজাব,ত্ত মনের মধ্যে আমরা পাই বহু,ধা-বিভক্ত আধার ও বিষয়ের চেতনার সন্নিকর্ষ রূপে। বিভক্তচেতনার এই সন্নিকর্ষ আবার আমাদের মধ্যে দেখা দিয়েছে ইন্দ্রিয়বোধের আকার—যেখানে ভেদ-প্রতায়ের সংগ নিগঢ়ে হয়ে জড়িয়ে আছে অভেদের প্রতায়। আমাদের গ্রহীত-মনের প্রবৃত্তি দাঁডিয়ে আছে এই ইন্দিয়বোধের উপর। এর মধ্যে যে তাদাত্ম্যসন্নিকর্ষ আছে, তা খণ্ডভাবের অধীন। কিন্তু তাকে ভিত্তি করে মন চলেছে উত্তরভূমির তাদাত্ম্যবোধের দিকে. যেখানে খণ্ডভাব তাদাত্ম্যের গোণ বিভূতি মাত্র। অতএব আমাদের নিত্যপরিচিত জড়ধাতু স্বরূপসন্তার একটা র পারণ, যার মধ্যে ইন্দ্রিয়ের সহায়ে মন চিন্ময় সন্তার সন্মিকর্ষ পায়। অথচ মন স্বয়ং সেই চিৎসত্তার একটা বিজ্ঞানময় স্পন্দ।

অথচ মনের যা স্বভাব, তাতে চিংসত্তার স্বর্পধাতুকে সে জানে এবং অন্তব করে অখন্ড বা সমগ্রভাবে নয়—িকন্তু বিভাজনব্তির সহায়ে খন্ড-খন্ড করে। তাই অখণ্ড চিংসত্তাকে সে দেখে আর্ণবিক বিন্দুতে বিকীর্ণপ্রায় এবং ওই অনন্তর্কাণকার সম্ক্রেরে গড়ে তুলতে চায় সমগ্রতার রূপ। অগণিত প্রেক্ষাবিন্দ্র ও তাদের সমক্রেয়ের মধ্যে বিশ্বমন নিজেকে ঢেলে দিয়ে সন্নিবিন্ট হয় তাদের অন্তরে। কিন্তু বিশ্বমন সম্ভূতবিজ্ঞানের নিমিত্ত মার, অতএব তার স্বর্পশক্তিতে রয়েছে সিস্কার প্রবর্তনা। তাই স্বভাবের বশে তার সমস্ত প্রত্যয়কে সে র্পান্তরিত করে প্রাণের উচ্ছলনে—যেমন সর্ব-সং তাঁর সমস্ত আত্মবিভাবনাকে র্পান্তরিত করেন চিন্ময় সিস্ক্লার বিচি<mark>ত্র ব</mark>ীর্যে। এমনি করে বিশ্বমন বিরাটের ওই বিচিত্র প্রেক্ষাবিন্দুকে সহস্ররাশ্ম বিশ্বপ্রাণের সংবেগর্পে ফ্রটিয়ে তোলে। তার প্রবর্তনায় জড়ের মধ্যে ওই বিন্দ্র ধরে প্রমাণুর রূপ। অথচ সে-প্রমাণ্ নিন্পাণ বা নিশ্চেতন নয়-তারও মধ্যে নিগ্ঢ়ে আছে র্পকৃৎ প্রাণের লীলা, আছে মন ও সংকল্পের প্রশাসন, আছে তাদের র পুস্ ছির প্রেতি। এমনি করে বিশ্বমন গড়ে তোলে যে ভূতপরমাণ, স্বধর্মের বশে তাদেরও আবার সমক্ষের এবং সমূহন ঘটে। কিন্তু প্রত্যেকটি সমূহে বা পিল্ডে নিগুড়ে থাকে রূপকৃৎ প্রাণের স্পন্দন, মন ও সৎকল্পের প্রচ্ছন প্রেতি এবং তাইতে তাদের মধ্যে দেখা দেয় বিবিক্ত ব্যক্তিসত্তার একটা অবাস্তব

অভিমান। শুধা তা-ই নয়, মনোবীজ যদি সংবৃত্ত এবং অব্যক্ত থাকে, তাহলে তাদের মধ্যে যক্তম্ট শক্তির প্রবেগ নিয়ে ফোটে একটা অহিমিকা—যা বহন করে নির্বাক অবর্দ্ধ অথচ দ্বর্ধর্ম একটা অভিনিবেশ বা অব্যাহত আত্মভাবের আক্তি। আর মন যদি বিবৃত্ত এবং স্বাক্ত হয়, তাহলে দেখা দেয় একটা আত্মসচেতন মনোময় অহিমিকা—যার মধ্যে অভিনিবেশ জাগ্রত প্রমৃক্ত এবং আপন বৈশিষ্ট্য নিয়ে সক্রিয়।

অতএব জড় একটা অনাদি সিন্ধসত্তা নয়, কিংবা তার একটা শাশ্বত অনাদি স্বধর্ম ও নাই। তত্ত্বদূর্ণিটতে, বিশ্বমনের প্রবৃত্তিবিশেষ ধরেছে পরমাণার রূপ, জড়ও সন্মাত্রের বিস্ফিট। তার জন্য প্রয়োজন ছিল অনন্তম্বরুপের **চরম** বিভাজন অথবা অণ্-ভাবের একটা আধার বা আদিবিন্দ্ন। আকাশ হয়তো জড়ের অম্পর্শ-নীর্প প্রায়-চিন্ময় আধার হয়ে আছে। কিন্তু প্রতিভাস হিসাবে ঠিক জড়ের কোঠায় তাকে নামিয়ে আনা যায় না। দুশ্য আণব-পিণ্ড কিংবা অদৃশ্য অথচ ব্যাকৃত প্রমাণ্কেে ভেঙে যদি অতিপ্রমাণ্তে করা যায়, এমন-কি তাকে সত্তার অণিষ্ঠ রজঃকণাতেও পরিণত করা যায়, তব্ রূপকৃং প্রাণ ও মনের স্বধর্ম বংশ আমরা পাব আর্ণাবক সত্তার একটা চরম কল্প। হয়তো সে স্থিতিধর্মী নয়, কিন্তু তব্ব তার প্রাতিভাসিক ধর্ম হবে শাশ্বত শক্তি-স্পন্দনের মধ্যে ক্ষণে-ক্ষণে নিজেকে একটা আকার দেওয়া। সে যে অণ্টোবশ্ন্য একটা নির্ধার্মক শান্ধ ব্যাপ্তি বা অবকাশ মাত্র, এ-কল্পনা তথনও অচল। শান্ধ-ধাতু বা দ্রাসত্তার অণুভাববজিতি অবকাশধর্ম—যার মধ্যে কোনও সম্হনের ব্যাপার নাই, সহভাবের অসংকীর্ণ প্রত্যয় থাকলেও যার মধ্যে নাই অন্তহীন দেশে অর্গাণত বস্তুসংস্থানের কল্পনা : এমন-একটা তত্ত্বকে বলা যায় শৃদ্ধ সন্মাত্রের বিভাব—তার নির্পাধিক দ্বার্প। কিন্তু এই ধর্মিভাবশ্না সত্তার বিজ্ঞান আছে অতিমানসেই—তার স্পন্দলীলার বাহনর্পে। কিছাতেই তাকে বিভাজক মনের সিস্ক্লার সাধনরূপে কল্পনা করা যায় না, যদিও মনঃপ্রব্যত্তির অন্তরালে তার চেত্রনা জেগে থাকতেও পারে। জড়ের অতিগ্রু স্বর্পতত্ত্ সে-ই, যদিও যে-প্রতিভাসকে আমরা জড় বলি, সে কিন্তু তা নয়। মন প্রাণ জড় একাত্মক হয়ে যেতে পারে ওই শৃন্দুধ সন্মাত্র এবং চিন্ময় অবকাশের সঙ্গে তাদের স্থাণ্স্বভাবের স্বর্পজ্ঞানে, কিন্তু তাদের স্পন্দলীলায় সে-আত্মপ্রতায়কে ব্যবহারের ভূমিতে নামিয়ে আনা আত্মান্ভবে ও আত্মর্পায়ণে—এ তখনও সম্ভব নয়।

তাহলে আমাদের কাছে জড়ের তত্ত্ব এই দাঁড়াল। শা্ম্থ-সন্মাতে যে অন্তদিচন্ময় আত্মপ্রসারণের সহজ ধর্ম রয়েছে, বিশ্বলীলায় তা-ই ফোটে আধার-ধাতু বা চিন্বিলাসর্পে। আর বিশ্বমন ও বিশ্বপ্রাণের সিস্কার সংবেপে তা-ই দেখা দেয় আণবিক বিভাজন ও সম্হনের আকারে। আমরা তাকেই

জানি জড় বলে। কিন্তু প্রাণ ও মনের মত এই জড়ও শৃন্ধ-সন্মান্ত বা ব্রহ্মভূত —অতএব আত্মবিস্ভির আবেগে স্পন্দমান। এও চিংপ্রের্ষের শক্তির একটা বিভূতি—মন যাকে দিয়েছে ভাবর্প এবং প্রাণ দিয়েছে বস্তুর্প। তার স্বর্পতত্ত্ব নিজেরই মধ্যে নিগ্রু হয়ে আছে চেতনার্পে। সে-চেতনা সংবৃত্তর, আত্মর্পায়ণের লীলায় প্র্ণগ্রস্ত, অতএব আত্মবিস্মৃত। জড়কে যতই ম্রু যতই বোধহীন বলে মনে করি, তব্ও তার মধ্যে সংবৃত্ত হয়ে আছে যে-চেতনা, তার নিগ্রু অন্ভবে সে কিন্তু সন্মান্তেরই রসোল্লাস। নিগ্রু চেতনার কাছে নিজেকে সে ধরছে ইন্দ্রিসংবিতের বিষয়র্পে—তার অন্তর্গ্রু দিবাভাবকে প্রকটলীলায় ফ্রিটেয়ে তুলতে। সন্তাকে জড়ের মধ্যে ফ্রেটতে দেখছি র্পধাত্ত্বরে, দেখছি নিগ্রু আত্মচেতনার আত্মব্যাকৃতির্পে সন্ধিনীশক্তির র্পায়ণ—দেখছি আনন্দ নিজের চেতনার কাছে নিজেকেই ধরছে সেখানে নিবেদনের ডালি করে। তাই জড়কেও সং-চিং-আনন্দ না বলে কি বলব ? অতএব 'অন্নও বন্ধ;' তাঁর মনোময় অন্ভবে জড় ফ্রেটছে তাঁরই পরাক্ জ্ঞান কিয়া ও আনন্দের র্পময় আয়তন হয়ে।

পঞ্চবিংশ অধ্যায়

জড়ের গ্রন্থি

নাহং যাতুং সহসা ন দ্বয়েন ঝতং সপায়ার্ডসা ব্যুক্ত ॥ কে ধসিমশেন অন্তস্য পাদিত ক আসতো বচসং সদিত গোপাঃ॥

कटच्च ७।५२।२,8

পারছি না আমি যেতে নিজের জোরে বা দ্বৈত নিমে জ্যোতির্মায় প্রের্ধের ঋতের মধ্যে।...কারা অন্তের প্রতিষ্ঠাকে রেখেছে আগলে ? কারা আছে অসতী বাণীর রক্ষক হয়ে ?

—ঋণেবদ (৫।১২।২,8)

নাসদাসীয়ো সদাসীং তদানীং নাসীদ্রজা নো ব্যোমা পরে। ধং।
কিমাবরীবং কুছ কস্য শর্মাস্থত কিমাসীদ্ গছনং গভীরম্ ॥
ন মৃত্যুরাসীদম্তং ন তহি ন রাল্যা অহু আসীং প্রকেতঃ।
আনীদরাতং গ্রধয়া তদেক তম্মান্ধানায় পরঃ কিশুন আস ॥
তম আসীস্তমসা গ্লা•হমগ্রে হপ্রকেতং সলিলং সর্বামা ইদম্।
ভূচ্ছোনাভর্ন গছিতং যদাসীং তপসস্তন্ মহিনাজায়তৈকম্।।
কামস্তদ্যে সমর্বতিথি মনসো রেতঃ প্রথমং যদাসীং।
সতো বৃধ্মস্তি নির্বিশ্বন্ হুদি প্রতীধ্যা ক্রম্যো মনীধ্যা।
ভিরশ্চীনো বিততো রশ্মিরেমামধঃ স্বিদাসীদ্পরি স্বিদাসীং।
রেতোধা আসক্ষহিমান আসক্ত স্বধা অবস্তাং প্রস্তাং ৪

3-61 CCC1 0 C 75 TS

ছিল না অসং, না ছিল সং তথন, না ছিল অন্তরিক্ষ—না ব্যোম, না তারও পরে যা। কিসে ছিল ঢেকে সব? কোথায় ছিল? কার শরণে? কি ছিল সে মন্দেলাধি—গহন গভার? না ছিল মন্ত্যু, না অমৃত তথন, না ছিল রাত্রি বা দিনের প্রচেতনা। নিবাত নিঃশ্বাস ফেলেছিলেন শ্বধার বাঁবে সেই এক; তারও পরে ছিল না তো আর-কিছ্ই। আঁধার ছিল আঁধারে নিগ্ড়ে হয়ে সবার আগে, অপ্রকেত সলিল ছিল এই যা-কিছ্ সব। তুছ্যু দিয়ে বিশ্ব-ভূ ঢাকা যথন ছিল, তপের মহিমায় তথন আবির্ভূত হলেন সেই এক। সেই এক প্রথম করলেন বিচরণ কাম হয়ে—যা ছিল মনেরই আদিবাঁজ। সতেব বাঁধনিকে অসতে পেলেন নিবিভ্ভাবে কবিরা—দিয়ে হ্দয়ের এবণা আর মনীযা। তির্যক হয়ে ছড়িয়ে পড়ল রাশ্ম এপদের; কিন্তু নাঁচে ছিল কি? উপরেই-বা ছিল কি? ছিল রেভোধা যারা, ছিল মহিমারা; শ্বধা ছিল নাঁচে, আর প্রয়তি ছিল উপরে।

--बराजन (20125212-d)

বে-সিম্বান্তে পেণছৈছি, সে যদি সত্য হয় (যে-তথ্যের আশ্রায়ে গবেষণা চলছে, তাহতে অন্য-কোনও সিম্বান্ত সম্ভব নর), তাহলে ব্যবহারের প্রয়োজনে এবং চিরাভাঙ্গত সংস্কারবশে মন চিং ও জড়ের মাঝে যে তীক্ষ্ম বিরোধের স্থিট করেছে তার স্বতঃসিন্ধ কোনও বাস্তবতা থাকে না। এ-জগং অন্তহীন বৈচিত্র্যে লীলায়িত এক অখন্ড চেতনার বিলাস—শ্বধ্ব শাশ্বত অসামের মধ্যে বিকল স্বরসাধনার অবিরাম প্রয়াস নয়, অথবা অনপ্রনেয় বিরোধের একটা

চিরশ্তন সংঘাত নয়। অন্তহীন বৈচিত্র্যে উৎসারিত এক অব্যাভচরিত অখণ্ড-ভাব—এই তার আদি ও প্রতিষ্ঠা। তারপর আপাত সংঘাত ও খণ্ডভাবের অন্তর্নালে সমন্বয়ের নিরন্তর প্রয়াসে সমন্ত অনৈক্যকে গে'থে তালা এক মহতী সন্ভাবনার জন্ম দিতে—এই তার মধ্যপর্বের সত্য পরিচয়। এই মধ্যলীলার মধ্যে নিগ্রে হয়ে আছে এক অখণ্ড কবিক্রতুর অকুণ্ঠিত ঈশনা, যার সিম্ধবীর্য একদিন প্রণেলেম্বিত হয়ে ফোটাবে বিশ্বজিৎ সৌষম্যের বিকচ কমল। সেই হবে বিশ্বলীলার অন্ত্যপর্ব। র্পধাতু এই চিৎশক্তির আত্মবিভৃতি—তার এক কোটি জড়, আরেক কোটি চিং। দ্বয়ে বন্তুত কোনও ভেদ নাই। আমরা যাকে জড় বলে অন্ভব করি, তার সত্ত্ব ও তত্ত্ব হল চিং। আর আমাদের অন্ভবে যা চিং, তার র্প ও কায় হল জড়।

অবশ্য ব্যবহারদশায় চিৎ আর জড়ের মাঝে প্রকান্ড একটা ফাঁক আছে এবং তারই 'পরে প্রতিষ্ঠিত রয়েছে অবিচ্ছিন্ন পরম্পরার পর্বে-পর্বে জগতীর ক্রমোদয়। পূর্বেই বলেছি, চিৎসত্তা যখন ইন্দ্রিয়ের কাছে নিজেকে বিষয়রপ্রে উপস্থাপিত করে, তখনই সে ধরে রূপধাতু বা দ্রব্যের আকার। যে-কোনও ধরনের ইন্দ্রিয়সন্নিকর্ষকে ভিত্তি করে ব্রহ্মান্ডস্থি এবং বিশ্বপ্রগতির লীলায়ন প্রবার্তত হবে, এই হল তার প্রয়োজন। কিন্তু তাবলে জগদ্ব্যাপারের একটি মাত্র আধার আছে, ইন্দ্রিয় এবং রূপধাতুর মাঝে সন্নিকর্ষের একটি অনাদি-অব্যয় রীতিই আছে শুধ্—এমন-কোনও নিয়ম নাই। বরং করণশক্তিরও ক্রমস্ক্রা রূপ আছে, আছে ক্রমবিকাশের পরম্পরা। আমাদের জড় ইন্দ্রিয় যাকে জড়ধাতু বলে জানে, তার চাইতেও বহুগুণ স্ক্রু স্নম্য ও সাবলীল এমন রূপধাতৃও আছে, শুন্ধমন যার পরিমণ্ডলে স্বভাবের স্বাচ্ছন্দা নিয়ে বিচরণ করে। যখন দেখি, একটা স্ক্রে পরিমন্ডলে মনোময় রূপ ভেসে উঠছে, মনের স্ক্র্ম লীলায়ন চলছে—তথন স্ক্র্ম মনোধাতৃও যে আছে, তার প্রত্যক্ষ প্রমাণ পাই। তেমনি জানি, এমন প্রাণধাতৃও আছে, বিশান্থ প্রাণম্পদের যা বাহন-স্ক্রেতম জড়ধাতু এবং তার ইন্দ্রিয়গ্রাহ্য শক্তিপ্রবেগের চাইতেও যার লীলা সূক্ষ্মতর। চিংকৈও তেমান বলতে পারি সন্মান্তের শ্বন্ধধাতু-কিন্তু র্পধাতুর মত সে অলময় প্রাণময় অথবা মনোময় করণশক্তির গ্রাহ্য নয়। এক শু-্র্ধ চিন্ময় লোকোত্তর প্রত্যক্ষবিজ্ঞানের জ্যোতিতে ভাসে তার রূপ-যেখানে অলোকিক অনুব্যবসায়ের ফলে বিষয়ী নিজেই নিজের বিষয় হয়। অর্থাৎ যেখানে, যিনি দেশ-কালের অতীত, নিজেকে তিনি জানেন বিশ্বস্থচিন্ময় আত্ম-প্রসারণের প্রত্যক্তকপনে—সর্বভূতের আদি নিমিত্ত ও উপাদানর্পে। এই হল বিশ্বের 'সম্মূল, সদায়তন ও সংপ্রতিষ্ঠা'—তার ওপারে একাত্মপ্রতায়সার পরমচেতনার তলিয়ে গেছে বিষয়-বিষয়ীর ভেদপ্রতায়। রূপ- বা অর্প- কোনও ধাতুর কথাই আর সেখানে ওঠে না।

অতএব মনের ভিতর দিয়ে এক চিন্ময় (মনোময় নয়) ভেদকল্পন হতে নেমে এসেছে চিং হতে জড় পর্যন্ত একটি ধারা। আবার তেমনি জড় হতে মনের ভিতর দিয়ে চিৎ পর্যাত চলেছে সে-ধারার উত্তরায়ণ। কিন্তু এই বিকল্পনে কখনও অন্বয়তত্ত্বের স্বর্পহানি ঘটে না। সম্যক্-দর্শনে যথন বিশ্বের অনাদি তত্তরূপ ফুটে ওঠে, তখন দেখি জডের তমোঘন স্থলে বিবর্তনের মধ্যেও পরমার্থসতের অন্বয় মহিমা অপ্রচ্যাত এবং অবিকৃত রয়েছে। বিশেবর বিধৃতি ও অন্তর্যামী নিমিত্তই নন শুংধ, তিনি তার উপাদানও। বরং তিনিই তার একমাত্র উপাদান। বেদান্তের ভাষায় এ-জগতের তিনি অভিন্ননিমন্তোপাদান। তাই 'অন্নও বন্ধা'—ধর্মে ও স্বরূপে অন্ন বা জড় বন্ধা হতে কখনও ভিন্ন নয়। সুন্দিবিকল্পনে জড় যদি চিৎ হতে বিচ্ছিন্ন হয়ে পড়ত, তাহলে অবশ্য এই অভেদভাব সিন্ধ হত না। কিন্তু দেখেছি, জড় ব্রহ্মসন্তার অন্ত্যা পরাক্-বিভাতি—তাকে আবৃত করে ব্রহ্ম অখণ্ড স্বরূপে তার মধ্যে অন্তঃস্যুত। এ-জগতের অসাড় ও আপাতমূড় জড়ের মধ্যেও সর্বদেশে সর্বকালে এক বিপলে প্রাণশক্তির আলোডন অন্তঃসংজ্ঞ হয়ে আছে। প্রাণ-শক্তির আপাত-অচেতন আন্দোলনের মধ্যে এক নিতাস্পন্দিত অব্যক্ত মনের नीना অনুস্যুত রয়েছে, যার নিগুঢ়ে প্রবৃত্তি প্রাণের বিচ্ছুরণে ব্যক্ত হয়েছে। আবার জীবদেহে আর্ঘান্ঠত আবিদ্যাচ্ছন্ন আর্নান্চতব্তি অভান্বর মনের পিছনে রয়েছে তারই আত্মন্বর প অতিমানসের অট্টে আশ্রয় এবং অকুণ্ঠ শাসন। এমন-কি যে-জড এখনও মনোময় হয়ে ওঠেনি, তারও অন্তরে অতিমানসের আবেশ আছে। এমনি করে ব্রহ্মই নিখিল বিশ্বকে জারিত করে রয়েছেন. কেননা জড় প্রাণ মন অতিমানস সমস্তই শাশ্বত চিদ্রুপ অথণ্ড সচিচদানন্দের বৈভব মাত্র। তাদের মধ্যে শুধু তিনি নিবিষ্ট নন—তিনিই হয়েছেন এই সব, অথচ এর কোনটিই তাঁর পরা কাষ্ঠা নয়।

সবই এক, তব্ কল্পনায় ভেদ এবং ব্যবহারে পার্থক্য আছে। তাই জড় যদিও বস্তৃত চিং হতে বিচ্ছিল্ল নয়, তব্ ব্যবহারদশায় বিচ্ছেদের রেখাটা এতই উগ্রভাবে স্পন্ট্ যে ভেদ সেখানে একেবারে বিপরীত ধর্ম হয়ে ফ্টেছে। জড়াশ্রয়ী জীবনকে তাই মনে হয় অধ্যাত্মজীবনের একান্ত প্রতিষেধ বলে। এইজন্য জড়কে বেমাল্ম ছে'টে ফেললেই সকল হাণ্গামা অনায়াসে চ্কে বায়—এই অনেকের মত। কথাটা সত্য। কিন্তু অনায়াসেই হ'ক আর আয়াসেই হ'ক, হাণগামা চোকানোটাই তো সমস্যার সমাধান নয়। তব্ জড়ই যে সকল সম্পটের ম্ল, তা অনুস্বীকার্ষ। বাস্তবিক জড়ের বাধাই আর-যত পথের বাধা ডেকে আনে। জড়ের সঞ্চের জড়িয়ে আছে বলেই প্রাণ স্থলে সম্কুচিত পীড়া-গ্রস্ত মৃত্যুলাঞ্চিত। মনও অন্ধপ্রায়—ভানা ছেটে শিকল-পায় তাকে দাঁড়ে বিসরে রাখা হয়েছে—মৃক্ত আকাশে স্বচ্ছন্দিবিহারের স্বন্ধ থাকলেও তার সাধ্য

নাই! অতএব অধ্যাত্মপথের নিষ্ঠাবান যাত্রী যদি জড়ের পণ্কিলতায় কুঞ্চিত-নাসিক হন, প্রাণের জান্তব স্থলেতাকে মনে করেন বীভংস, অথবা নিজের মধ্যে কণ্ডলী-পাকানো মনের শুরু ভাগাডের-দিকে-দ্ভিতে অসহিষ্ট হয়ে ওঠেন এবং অবশেষে সকল জঞ্জাল সবলে ছু:ডে ফেলে নিম্প্রিয় ইনঃশব্দ্যের সাধনায় ফিরে যেতে চান চিৎস্বরূপের অচলপ্রতিষ্ঠ কৈবল্যে, তাহলে তাঁর দিক থেকে বিচার করে তাঁকে দোষ দেওয়া চলে কি? কিন্তু তাঁর এই কৈবল্যদর্শনই তো একমাত্র দর্শন নয়। অথবা বহু সিম্ধ মহামানবের হিরণ্যদ্যাতিতে এ-দর্শন আলোকিত বলেই তো মনে করতে পারি না সর্বতোভদ্র সম্যক্তি বিজ্ঞানের এ-ই চরম রূপ। অতএব বিক্ষোভ ও বিদ্রোহের উত্তাপ হতে মনকে মুক্ত করে আমাদের দেখা উচিত, বিশেবর **এই দেবহিত বিধানে**র তাৎপর্য কি। জড়ের দ্বর্মোচন গ্রন্থি চিৎকে যদি নিরাকৃত করেই থাকে, তাহলেও তার প্রত্যেকটি স্ত্রকে ধৈর্যসহকারে পৃথক করে গ্রন্থিমোচনের উপায় আমাদের খ্রন্ধতে হবে— উগ্র আঘাতে প্রন্থিছেদন করলেই সমস্যার স্কুট্র সমাধান হবে না। কোথায় সঙ্কট কোথায় বিরোধ—আগে চাই তার প্রুঙখান্তপ্রুঙখ নির্পণ। প্রয়োজন হলে বাধাকে লঘু না করে বরং বাডিয়ে দেখেই তার উত্তরণের উপায় খঞ্জতে হবে।

জড়ের সপ্সে চিতের গোড়াকার বিরোধ এই। বলতে গেলে জড় অবিদ্যার ঘনবিগ্রহ। জড়ের মধ্যে চিৎ আত্মবিস্মৃত, নিজেকে সে নিজেরই কর্মজালে হারিয়ে ফেলেছে—গভীর অভিনিবেশে মানুষ যেমন শ্ব্যু-যে নিজের কথা ভূলে যায় তা নয়, নিজের সত্তাকে পর্যন্ত ভূলে ক্ষণেকের জন্য চিয়মাণ কর্ম আর কুতিশক্তির সংগে এক হয়ে যায়। চিং-বস্তু স্বয়ংজ্যোতি, নিখিল শক্তি-লীলার পিছনে নিতাজাগ্রত তাঁর আত্মসংবিং ও অকুণ্ঠ ঈশনা। কিন্তু জড়ের মধ্যে তিনি বিলাপ্ত—তিনি যেন অসং। কোথাও তাঁর অস্তিত্ব থাকলেও এখানে তিনি রেখে গেছেন একটা অচেতন অন্ধর্শক্তির মূঢ়তা শুধু-যে-শক্তি গড়ছে-ভাঙছে অনন্তকাল ধরে, কিন্তু জানে না কে সে, কি গড়ছে, কেন গড়ছে, যাকে গড়ল তাকে কেনই-বা ভাঙ্ছে! কিছুই সে জানে না, কেননা তার মন নাই। কোনও দরদও তার নাই কেননা তার যে হ,দয় নাই। হয়তো জড়-বিশ্বের এ-পরিচয় সত্য নয়, এই মিখ্যা প্রতিভাসের পিছনে কোথাও হয়তো আছে মন সংকল্প কি তার চাইতে বৃহৎ একটা তত্ত্ব। তব্ব অচিতির অমানিশা হতে জেগেছে চেতনার যে-খদ্যোতিকা, তার কাছে সতা শ্বং জড়বিশ্বের এই তামসী মৃতি। জড়প্রকৃতির এ-মৃতি মিথ্যা হলেও এ-মিথ্যার মত মর্মান্তিক সত্য ব্রিঝ আর নাই। কেননা, এই মিধ্যা আমাদের প্রাকৃত জীবনের নিয়ন্তা, এরই নাগপাশে বাঁধা আমাদের সকল অভীপ্সা এবং সাধনা।

এই তো আমাদের করাল নিয়তি, জড়বিশ্বের এই তো নির্মম রুদ্রলীলা।

কি করে ওই নির্মান হতে জাগে এক বিরাট মন, অথবা অগণিত ব্যক্তিমনের স্ফুলিজ্য—আলোকের কাঙাল আকৃতি নিয়ে? কী অসহায় তারা একা-একা। আত্মরক্ষার প্রয়াসে ব্যচ্টির ক্ষীণদীপ্তিকে সমবেত ও সংহত করে তাদের সে-অসহায়ভাব হয়তো কতকটা কাটে। কিন্তু বিশ্বব্যাপি বিপলে অবিদ্যার অন্ধতমিস্রাকে তারা কতটুকু আলোকিত করতে পারে? এই হুদয়হীন অচিতির গহন হতে তার কঠোর নিয়ন্ত্রণ মেনে জন্মেছে কত আক্তিভরা হুদয়—দ্বর্লাভ্যা নিয়তির অন্ধ নিশেচতন নিমামতার ভয়াল নিল্পেষ্ণে তারা নিপীডিত রক্তাক্ত. যে-নির্মমতা তাদেরই চেতনার **স্পর্শে** সচেতন হয়ে ধরে নৃশংস হিংস্রতার আতঃককর রূপ !...কিন্তু এই বিভীষিকার অন্তরাল হতে উ'কি দেয় কোন্ রহস্যের প্রচ্ছন্ন আভাস? বুঝি আত্মহারা চিতিশক্তিই এমনি করে নিজেকে ফিরে পেতে চায়। বিপলে আত্মবিস্মৃতির গহন হতে তার উন্মেষ--ধীরে-ধীরে, বেদনায় বিপ্লত হয়ে-প্রাণের জ্যোতির্পে। প্রথম দেখা দিল তার মধ্যে বোধের স্তিমিত সম্ভাবনা। তারপর সে-বোধ অর্ধস্ফটে— অনতিস্ফাট-পূর্ণস্ফাট হয়ে অবশেষে চাইল প্রাকৃত সংবিতের সীমা লংঘন করে দিবা আত্মসংবিতে প্রভাস্বর হয়ে উঠতে—অনন্ত অমূতের অকু-ঠ স্বাতন্ত্রো উল্লাসিত হতে। কিন্তু তার প্রচেতনার অভিযান জড়ের প্রতীপ শাসন স্বারা নিয়ন্তিত। তাই অবিদ্যার নাগপাশকে ক্ষণে-ক্ষণে শিথিল করে তার পথ চলতে হয়। অথচ এই মূঢ় স্বতঃখণ্ডিত জড়শক্তিই রচে তার পথ এবং সাধন; তারই জন্যে প্রতি পদে অবিদ্যা ও সঙ্গেচের কুণ্ঠায় তার সাধনা ব্যাহত হয়।

চিৎ আর জড়ে এই আরেকটা মোলিক ভেদ। জড়ের মধ্যে পরবশ যশ্তের ম্ট্রা একেবারে চরমে পেণছৈছে। তাই এতট্বকু মুক্তির আকাৎক্ষা যেখানে জাগে, সেখানেই সে এনে হাজির করে পর্বতপ্রমাণ তামসিকতা। জড় যে স্বর্পত অসাড় ও নিস্পন্দ, তা নয়। বরং তার মধ্যে আছে অন্তহীন স্পন্দ, অকলপ্য শক্তি, নিরন্ত কর্মের নির্মার—তার স্পন্দলীলার বৈপ্রলাে আমরা বিসময়ম্বা। কিন্তু চিৎ স্ব-তন্ত ও স্বচ্ছন্দ, আত্মকৃতির বশ না হয়ে তার নিয়ন্তা, বিধিতন্তিত না হয়ে নিজেই বিধির বিধাতা। আর এই জড়-দানব বাধা পড়েছে যন্দ্রম্য নিয়মের অচ্ছেদ্য শৃত্থলে। নিয়মের কঠিন শাসন তার পরে কে চাপাল, তা সে জানে না। অকলিপত বলেই এ তার কাছে দ্র্বোধ। তব্ যন্দ্রের মত এর অন্য অন্বর্তন করে চলেছে সে। যন্দ্রের মত সেও জানে না, কি উপারে কে গড়েছে তাকে, কিসের জন্যে। এই যান্ত্রিকতার মধ্যে বখন প্রাণ জেগে, স্থ্ল রুপ ও জড়শক্তির পরে নিজেকে চাপ্রারে স্বচ্ছন্দে স্বার পরে প্রয়োজনের দাবি খাটাতে চায়; মন জেগে যখন জানতে চায় নিজের ও স্বার স্বর্গ নিদান ও স্বধ্র্ম এবং লক্কজ্ঞানের সহায়ে তার আত্মস্বাতন্ত্য ও স্বতঃচিন্নার প্রবেগকে সঞ্চারিত করতে চায় সবার মধ্যে; তখন জড়প্রকৃতিও

খানিকটা ধস্তাধস্তির পর অনিচ্ছাসত্তে প্রাণ ও মনের শাসন কিছুদুরে পর্যস্ত মেনে চলে এমন-কি তাদের সমর্থক ও সহায়ও হয় যেন। কিল্ড তার পরেই জড়ের মধ্যে দেখা দেয় একটা প্রতিক্রিয়া, প্রগতিবিরোধী তার্মসিক নাস্তিক্যের একটা দরোগ্রহ। এমন-কি প্রাণ ও মনের অগ্রসর অভিযান যে অসম্ভব, তাদের অপূর্ণ সাধন যে কখনও সিদ্ধির চরমে উত্তীর্ণ হবে না—এমন-একটা ক্লৈব্যের বোধও সে তাদের মধ্যে এনে দেয়। প্রাণ চায় প্রসার চায় আয় —এবং তা সে পায়ও। কিন্ত তার মধ্যে বিশ্বব্যাপ্তি ও অমতের পিপাসা যখন জাগে, তখন জড়ের লৌহম্বান্টি এসে তার কণ্ঠরোধ করে, সংকীর্ণতা ও মৃত্যুর নিন্দেশবণে প্রথান করে তার সকল সাধনা। মন চায় প্রাণের দোসর হতে, চায় তার সর্বজ্ঞান ও সর্বজ্যোতির নন্দন-কম্পনাকে সার্থক করতে। সত্য প্রেম ও আনন্দের নিরংকুশ সিম্পিতে সে হতে চায় সতাস্বরূপ প্রেমস্বরূপ ও আনন্দস্বরূপ। কিন্তু প্রমাদে প্রান্তিতে তামসী প্রবৃত্তির স্থলে হস্তাবলৈপে, দেহ ও ইন্দ্রিরের আড়ন্টতা ও নাহ্নিতক্যে ধলায় লুটিয়ে পড়ে তার সকল কল্পনা। চিরকাল তাই দ্রান্তি জড়িয়ে থাকে তার জ্ঞানের সঙ্গে, আঁধার হয় তার আলোর পটভূমি ও নিত্যসহচর। তার সত্যের এষণা সার্থক হলেও হাতের মঠায় এসে সে-সত্যের রং বদলে যায়। তখন আবার তাকে নতন করে তার সন্ধানে ছটেতে হয়। প্রেম আছে, কিন্তু তার তপ'ণ নাই। আছে আনন্দ, নাই তার সার্থ কতা। দুরেরই সংগে বেডি হয়ে ছায়া হয়ে জড়িয়ে আছে যত তাদের প্রতিপক্ষ-ক্রোধ বিশেবষ ও উপেক্ষার পে. দঃখ শোক ও নির্বেদের আকারে। প্রাণ ও মনের আকুল আকু তিতেও জড়ের অসাড় মূঢ়তা টলতে চায় না। তাই অবিদ্যা আর তার প্রমন্ত তামসশক্তিও কিছুতেই যেন পরাভব মানতে চায় না।

কেন এমন হয় খ্জতে গিয়ে দেখি, এই তামস বাধার বীর্য নিহিত আছে জড়ের ত্তীয় ধর্মে। খণ্ডভাব আর সংঘাত একেবারে চরমে উঠেছে জড়ের মধ্যে, চিতের সংগ এই তার ত্তীয় দফা মৌলিক বিরোধ। জড়প্রকৃতি তত্ত্ত একটা অখণ্ড সন্তা হলেও খণ্ডভাব তার সকল ক্রিয়ার আশ্রয়, তাকে ছেড়ে একচ্ল তার এদিক-গুদিক যাবার হ্কুম নাই। কারণ অবয়বের সঞ্চলন, অথবা অন্যোন্যসত্ত শ্বারা অবয়বের সমানয়ন, এইদ্বিট হল তার অবয়বযোজনার মুখ্য কৌশল। কিন্তু খণ্ডভাবের শাশ্বত লীলা দ্বয়েরই মধ্যে সম্পণ্ট। প্রথমটিতে একছের সাধনার চেয়ে সংযোজনের সাধনা বড় বলে স্বভাবতই সেখানে আছে বিযোজনের নিত্য সম্ভাবনা এবং তার ফলে চরম প্রধর্ণসের অনিবার্যতা। দ্বিট কৌশলই মৃত্যুশাসিত। একটিতে মৃত্যু জীবনের সাধন, আরেকটিতে তার নিমিন্ত-পরিবেশ। উভরত, জগতের অন্তিত্ব নির্ভার প্রতিত্ঠা খ্রুছে, তেমনি চাইছে নিজের পরিমণ্ডলকে বজায় রাখতে, বাধাকে আয়ন্তে আনতে

কি ধরংস করতে, অপরকে আহরণ করে অন্নর্পে কর্বলিত করতে। অথচ নিজে সে বিদ্রোহ করবে, সকল জ্বল্বেম এড়িয়ে যেতে চাইবে, ধরংসের সম্ভাবনাকে স্বীকার করবে না, অপরের অন্ন হতে চাইবে না কিছ্বতেই। প্রাণ জড়ের মধ্যে নিজেকে স্ফ্বরিত করতে গিয়ে এই খণ্ডভাবের সংঘাতকে তার সকল প্রবৃত্তির পীঠর্পে পায়। তাই এর জ্বল্বমকে না মেনে তার উপায় থাকে না। বাধ্য হয়ে তাকে তখন মৃত্যু কামনা ও সঙ্গেকাচের শাসন স্বীকার করতে হয়। প্রাণের প্রথম অংক তাই সঙ্কুল হয়ে ওঠে ব্যুক্ষা লিশ্সা ও জিগীষার অবিরাম প্রমন্ততায়। তেমনি, যখন জড়ের মধ্যে মন ফোটে, তখন তাকেও স্বীকার করতে হয় ওই মাটির ছাঁচ আর মাটির মালমশলার মৃত্ সঙ্কোচ। তাই তার চাওয়া কখনও নিশ্চিত পাওয়াতে সার্থাক হয় না—তার সকল সণ্ডয়েন, কাজের সকল খ্বিটনাটিতে চলে ওই ভাঙা-গড়ার নিত্য সংঘাত। এইজন্যই মনোময় মান্বেরে জ্ঞানের সন্তয় কখনও চরম নৈশ্চিত্যে নিঃসংশয় হয় না। ঘাত-প্রতিঘাত আর ভাঙা-গড়ার হিন্দোলাতে দ্বলবে তার যত সাধনা—এই বৃত্তির তার নিয়তি। স্তির ক্ষণিক প্র্তিট তলিয়ে যাবে বিনন্ডিতে, কোথাও গ্রব্ব প্রগতির নিশানা থাকবে না—বারে-বারে এই মায়ার থেলাই চলবে তার জ্বীবনের রঙ্গমেণে।

জড়প্রকৃতির অবিশ্যা অসাড়তা ও খণ্ডভাব তার ওই মূঢ় খণ্ডিত তামস দ্যিতির দ্রোগ্রহে উন্মিষং প্রাণ ও মনের 'পরে চাপায় দুঃখ সন্তাপ ও অত্,প্তির অসোয়াস্তি—এই বিপত্তিই তো সর্বনাশা। মনশ্চেতনা যদি একেবারে অবিদ্যা-চ্ছন্ন হত, তাহলে অবিদ্যা অতৃপ্তির বেদনা জাগাত না। অভ্যস্ত আচারের খোলার মধ্যে নিশ্চিন্ত হয়ে সে বাস করত—তার নিজের মূঢ়তা কিংবা তাকে ঘিরে চেতনা ও জ্ঞানের যে অন্তহীন পারাবার, দুয়েরই সম্পর্কে সে নিঃসাড় থাকত। কিন্তু জড়ের মধ্যে স্ফুরন্ত চেতনা ঠিক এইখানটায় সজাগ হয়ে ওঠে। প্রথম সে জানে, এ-জগতের কিছুই সে জানে না, অথচ একে জেনে বশ করে তার স্বেখ। তারপর সে জানে, শেষ পর্যন্ত তার এ-জানাও সঙ্কীর্ণ এবং বন্ধ্যা, এতে যে সূখ ও শক্তি মেলে, সেও শীর্ণ এবং অনিশ্চিত। অথচ তার নিজের মধ্যে আছে অনন্ত চেতনা জ্ঞান ও স্বর্পসিন্ধির সম্ভাবনা, যা তার জীবনে আনতে পারে অন্তহীন সর্বজয়ী আনন্দ। তেমনি জড়প্রকৃতির অসাড়তাও অত্তপ্তি ও অস্বাস্ততে প্রাণকে পীড়িত করত না, যদি একেবারে নিঃসাড় হয়ে থাকা তার স্বভাব হত। তথন হয়তো অর্ধচেতন প্রবৃত্তির সঙেকাচ নিয়ে সে ত্তপ্ত থাকত—জানতও না এক অমিত বিক্রম ও অর্মর জীবনের অংগীভূত অথচ বিবিক্ত অংশ হয়েই সে বে'চে আছে। তাই ওই অমৃত ও আন্ধত্যকে সম্ভোগ করবার সত্যকার কোনও প্রেতিও সে অন্তেব করত না।...কিন্তু ঠিক এই প্রেতিই প্রথম থেকে নিখিল প্রাণকে আকুল করেছে। তার টলমল ভাব, তার আত্মরক্ষার এবং টিকে থাকবার প্রয়োজন ও প্রয়াস—এ-সম্পর্কে সে তীব্রভাবে সচেতন।

তাই নিজের সঙ্কোচ সম্বন্ধে ক্রমে সজাগ হয়ে স্থায়িত্ব ও বৈপন্লার উন্মাদনায় সে ব্যাকুল হয়ে ওঠে—শাম্বত অন্তের পথে ধাবিত হয় তার দ্বনিবার আক্তি।

মান্বের মধ্যে প্রাণ পরিপূর্ণ আত্মসচেতন হয়ে উঠলে এই অনিবার্য সংঘাত প্রয়াস ও অভীপ্সাও চরমে পেশছয় এবং সেইস্থেগ জগতের বিক্ষোভ ও বেদনা তীব্র অসহন হয়ে ওঠে প্রাণের কাছে। মানুষ সীমার সংকাচকে সন্তুষ্টাচত্তে মেনে নিয়ে দীর্ঘায়ক নিজেকে শান্ত রাখতে পারে, অথবা স্থল জগংকে বশে আনবার সাধনাতে আংশিক সিন্ধিলাভও করে। হয়তো কোনও-কোনও ক্ষেত্রে তার উপচীয়মান জ্ঞান জডপ্রকুতির অচেতন নিয়ম-নিষ্ঠার 'পরে অন্তরে-বাইরে বিজয়ী হয়, বিপলে তামসী শক্তির মূঢ়তাকে নিজিতি করে তার সীমিত অথচ সচেতন সংকল্পের একাগ্র প্রবেগ। কিন্তু তবু সে অনুভব করে, তার পরমা সিদ্ধিও এ-ক্ষেত্রে কত অনিশ্চিত, কত অকিঞ্ছিৎকর। তখন বাধ্য হয়ে তাকে তাকাতে হয় ব্যাকুল বেদনা নিয়ে সন্দূরে দিগন্তের দিকে। সসীম কি চিরত্পত্ত থাকতে পারে কখনও, যদি সে জানে এরও পরে আছে এক বৃহত্তর সসীম, অথবা এক লোকোত্তর অসীম যার মধ্যে কখনও তার অভীপ্সার অভিযান নিঃশেষ হবে না? সসীমতা যদিই-বা কথনও তপ্তি মানে, আপাত-সসীম সত্ত্বে মধ্যে কিন্তু জবলে অত্ত্তির নিত্যদাহ। কেননা ক্ষণে-ক্ষণে তাকে উন্মনা করে তোলে অনন্ত আত্মস্বর্পের তাত্ত্বিক অন্ভব, গ্রহাহিত আনন্ত্যের অস্পন্ট আভাস বা উদগ্র প্রেতির বেদন। অতএব সসীমে-অসীমে সমন্বয় না ঘটিয়ে তার নিষ্কৃতি কোথায় ?—হয় অসীমকে সে অধিকার করবে, নতবা তারই মধ্যে আত্মহারা হবে। যেমন করে হ'ক, যতটাকু হ'ক— এই সাযুক্তা ছাড়া আর কিসে তার তুপ্তি? এমনিতর আপাত-সান্ত আনন্তাই মানুষের স্বরূপ বলে অনন্তের এষণা তার চরম সার্থকতায় একদিন পেণছবেই। সে-ই প্রথম 'পুরঃ পৃথিব্যাঃ', যার মধ্যে জেগেছে হৃৎশয় পুরুষের অস্পন্ট চেতনা, জেগেছে অমৃতত্বের অব্যক্ত অনুভব ও পিপাসা। তাই অগ্রান্ত জিজ্ঞাসাই তার প্রাজনী, তার আত্মর্বালর যুপ-যতাদন না এই জিজ্ঞাসাকে সে র পার্ন্তরিত করতে পারে অনন্ত জ্যোতি আনন্দ ও বীর্যের গঙ্গোত্রীতে।

জড়ের বিমৃত্ অসাড়তায় অবলুপ্ত দিব্য চেতনা ও শক্তি, প্রজ্ঞা ও সৎকল্পের এই-যে উদয়ন এবং ক্রমিক স্ফ্রেল, এ হতে পারত বসন্তের প্রজ্ঞোচ্ছনসের মত আনন্দ হতে উত্তর আনন্দে, অন্তহীন অনুত্তম আনন্দে উত্তরণের একটা জ্যোতির্ংসব—যদি জড়প্রকৃতির মূলে খণ্ডভাবের আড়ণ্ট কাঠিন্য না থাকত। বিবিক্ত ও সৎকীর্ণ দেহ-প্রাণ-মনের ব্যন্টিচেতনায় জীব যথন বন্দী হল, তখনই তার আত্মপরিণামের স্বভাবছন্দও ব্যাহত হল। তখন তার দেহ হল রাগ ন্বেষ জিগীয়া তিতিক্ষা বিক্ষোভ ও সন্তাপের একটা কুরুক্ষেত্য। কেননা,

চিংশক্তির একটি ক্ষ্রদ্র আয়তন বলে প্রত্যেকটি দেহকে অপর আয়তন কিংবা বিশ্বশক্তির অভিঘাত আক্রমণ ও অনীপ্সিত সংঘর্ষের বিরুদ্ধে উদাত থাকতে হয়। যথন বাইরের চাপে সে ভেঙে পড়ে, অথবা ক্ষোভক এবং ক্ষ্যুভিত চেতনার মধ্যে যখন ছন্দঃপতন হয়, তথনই তার মধ্যে জাগে অস্বস্তি এবং পীড়া, আকর্ষণ ও বিকর্ষণের সংঘাত, জিঘাংসা অথবা আত্মরক্ষার প্রয়াস। খণ্ডভাব হাদয় এবং ইন্দ্রিয়মানসের ভূমিতেও নিয়ে আসে ওই একই সংঘাতের বেদনা। সেখানেও দেখা দেয় হর্ষ-শোক, অনুরাগ-বিরাগ, উত্তেজনা-অবসাদের দ্বন্দ্ব। এ-সমুস্তই বাসনার ছাচে ঢালা। আর বাসনাকে উপলক্ষ্য করে জাগে উদগ্র প্রয়াসের ব্যাকুলতা। আবার প্রাণপাতী প্রয়াসের উত্তেজনাতে দেখা দেয়— সামর্থ্যের জোয়ার-ভাটা, সিন্ধি-অসিন্ধি ও লাভ-অলাভের দ্বন্দ্ব, অশক্তি সংঘর্ষ পীড়া ও অর্ম্বাস্তর একটা আবিরাম আলোড়ন। মনের জগতেও দেখি তা-ই। বিশেবর চিন্ময় বিধান হল : সংকীর্ণ সত্য মিশবে বৃহৎ সত্যের মৃক্তধারায়, ক্ষুদ্রশিখা মিলিয়ে যাবে বৃহৎ জ্যোতির বিপ্লেতায়, অপরা ইচ্ছা নিজেকে স'পে দেবে পরা ইচ্ছার র পায়ণী মায়ার কাছে, তাপ্তির ক্ষান্ত সাধনা উত্তীর্ণ হবে মহাপরিতপ্রবের আনন্দলোকে। কিন্ত জডপ্রকৃতি মনোলোকেও জাগায় সত্য আর মিথ্যার, আলো আর আঁধারের, শক্তি আর অশক্তির সেই চিরন্তন দ্বন্দ্ব। এখানেও দেখি, এষণা ও তার চরিতার্থতা যদি-বা আনে সংখ, লব্ধ-বিত্তের সম্ভোগ সেই সংগ্রেই নিয়ে আসে বিত্রুষা ও অত্তপ্তির দৃঃখ। নিজের বিকলতার সংগ্য-সংগ্য দেহ ও প্রাণের বিকলতাও মনকে পর্নীডত করে—প্রাকৃত জীবনের দৈন্য ও পশ্মত্বের গ্রিস্লোতায় তার চেতনা হয় বিপ্লতে। তার অর্থই হল আন্দের নিরাকরণ-সং-চিৎ-আনন্দর্পী মহাত্রিপটোর নিরাকরণ। নিরাকরণ অন্তিবর্তনীয় হলে জীবলীলা ব্যর্থতায় পর্যবিস্ত হবে। কারণ, যে-জীবন চেতনা ও শক্তির বিচিত্র লীলায়নে নিজেকে স'পে দিয়েছে, সে তো অন্তরাব্ত হয়েই থাকবে না শ্বে—ওই লীলারসের মধ্যে সে খ্র্রুবে আত্মার তর্পণ। কিন্তু বিশ্বলীলায় সত্যকার কোনও তুপ্তি না থাকলে এই মনে করেই তার মায়া ছাড়তে হবে যে, এ শুধু দেহে অবতীর্ণ চিৎসত্তার একটা নিষ্ফল সাধনা, একটা অতিকায় প্রমাদ, একটা অর্থহীন প্রলাপ!

দ্বংখবাদী সকল দর্শনের গোড়ার কথাই এই। লোকান্তর অথবা লোকোত্তর ভূমি সম্পর্কে স্থবাদী হলেও পার্থিব জীবন সম্পর্কে তাদের দ্বংখবাদ বস্তুত দ্বেপনেয়। অল্লময় জগতে মনোময় জীবের সকল সাধনা বার্থতায় পর্যবিসত হওয়াই যে নিয়তি, এসম্পর্কে তারা নিঃসংশয়। তারা বলে : খন্ডভাব যখন জড়প্রকৃতির স্বধর্ম, আর আত্মসঙ্কোচ অবিদ্যা এবং অহিমকা দেহীমাত্রের মনোবীজ, তখন প্থিবীতে থেকে আত্মার পরিতর্পণ অথবা বিশ্বলীলাতে দিব্য আক্তি ও সিন্ধির কোনও নিদর্শন আবিষ্কার করবার প্রয়াস একটা আত্মপ্রবেগনা শৃথ্য। অতএব রক্ষের স্বর্পানন্দের সংগ জীবসত্তা ও জীবচেতনার যোগয়্তি সম্ভব একমাত্র চিন্ময় দিব্যধামে—এই মর্ত্যলোকে নয়, অথবা আত্মার প্রপঞ্চোপশম স্তব্ধতায়—তারু মায়িক প্রবৃত্তিতে নয়। অনন্ত তাঁর আত্মস্বর্পে ফিরে যেতে পারেন, যদি সান্তের মধ্যে নিজেকে খোঁজার দ্রাগ্রহকে তিনি প্রত্যাখ্যান করেন দ্রান্তি ও প্রমাদ জ্ঞানে। মানি, মনশ্চেতনার উন্মেষ হয়েছে জড়ের মধ্যে। কিন্তু তাতেই কি দিব্যাসিদ্ধির কোনও স্ট্রনা মিলবে? কেননা, সত্য বলতে খণ্ডভাব তো ঠিক জড়ের ধর্ম নয়, বস্তুত সে মনেরই ধর্ম। জড় তো মনের একটা মায়া মাত্র, মন তার মধ্যে নিজেরই খণ্ডভাব এবং অবিদারে আরোপ করেছে। অতএব এই মনোমায়ার জগতে সকল এষণায় মন শৃথ্য নিজেকেই ফিরে-ফিরে পাবে। আপন-গড়া খণ্ডভাবনার ত্রয়ীর মধ্যে চলবে তার আনাগোনা। তাদের ছাড়িয়ে চিৎসন্তার অখণ্ডতা অথবা চিন্ময়-ধামের দিব্য সত্যকে কোথায় সে খ্রেজ পাবে এই মায়াপারীতে?

জড়ের খণ্ডভাব যে জড়সত্তায় অবতীর্ণ সখণ্ড মনের বিস্টিট, সেকথা মিথ্যা নয়। কারণ সত্য বলতে জড়ের স্বর্পসন্তাই নাই। তাকে অনাদি একটা বিশ্ববিভূতি বলা চলে না। এক সর্ববিভাজক মনের কল্পনাকে রূপ দিতে গিয়ে সর্ববিভাজক প্রাণশক্তিই এই জড়র পকে ব্যাকৃত করেছে। **শ**ুদ্ধ-সন্মান্তকে জড়ত্বের অবিদ্যা অসাড়তা আর খণ্ডভাবের বিকল্পনায় নামিয়ে এনে বিভাজক মন নিজেকে হারিয়ে বন্দী হয়েছে নিজের গড়া কারাগারে, নিজেরই রচা শিকল পরেছে নিজের পায়ে। তাই বিভাজক মন সৃষ্টির আদিবীজ হলে, ভবচক্রের মধ্যে ঘুরে-ফিরে তাকেই আমরা চরমতত্ত্বরূপে পাব। স্ত্রাং মনোময় জীব প্রাণ আর জড়ের সঙেগ যতই যুঝকে, তাদের হাতের মুঠায় এনেও আবার তাকে তাদেরই কর্বালত হতে হবে। এমনি করে জয়-পরাজয়ের আবর্তনে বিশ্বচক্র অনুনতকাল ধরে আর্বার্ত ত হবে। এই ব্যর্থতাই জীবের চরম ও প্রম নিয়তি !...কিন্ত এ-সিন্ধান্ত মিথ্যা হয়, যদি জানি—অনন্ত অমৃত চিৎন্বর্পই জড়ধাতূর ঘনকণ্ণ,কে নিজেকে আব্ত করেছেন। অতিমানস সিস্কার লোকোত্তর বীর্যই ফুটছে তাঁর এই জড়ের লীলায়। মনের মধ্যে খণ্ডভাব জাগিয়ে জড়কে তিনি অক্ষান্ন অধিকার দিয়েছেন বিশ্বের অবম তত্ত্বপে— শ্বধ্ব বহুর মধ্যে এককে ফর্টিয়ে তোলবার আয়োজনে। তাঁর সহস্রদল লীলার একটি দল এই চিন্ময় পরিণামের খেলা। তাই বিশ্বরূপের কণ্ডকে নিজেকে य एएक्ट्स. मत्नामस भारतस्य ना श्रस तम यिन श्रस गान्यक निया-भारतस्य कविक्रक् প্রথমে প্রাণরপে, তার পরে মনরপে সে-ই যদি জড়ের আড়াল থেকে উর্ক দিয়ে থাকে, আরও বিপলে সম্ভাবনা যদি এখনও গোপন থেকে থাকে তার মধ্যে —তাহলে আপাত-অচেতনা হতে চেতনার আবিস্তাবেই এই পরিণামের লীলা

শেষ হয়ে যাবে না, তার নিগতে প্রেতি মহত্তর সার্থকতার পথ খাজবেই।...এই জড়ের মধ্যেই এক অতিমানস চিন্ময়প্রেষ আবিভূতি হয়ে বিভাজক মনের বৃত্তিকে ছাপিয়ে দেহ-প্রাণ-মনের প্রবৃত্তিতে সঞ্চারিত করবেন উন্মনী-ভাবনার বার্য—এ কি অসম্ভব কিছে; বরং বিশ্বপ্রকৃতির স্বধর্মের এই কি অপরিহার্য পরিগাম নয়?

প্রেই বলেছি, এই অতিমানস প্রেষ্ট মানসিক খন্ডভাবের গ্রন্থিমোচন করবেন। তাঁর কাছে মনের ব্যাণ্টভাব হবে সর্বাবগাহী অতিমানসের একটা সপ্রয়োজন অথচ গোণ বৃত্তি মাত্র। তেমনি ব্যচ্চিপ্রাণের গ্রন্থিভেদ করেও তার ব্যান্টিম্বকে তিনি মুক্তি দেবেন চিংশক্তির সার্থক লীলায়নে—অখনেডর আনন্দ্যে-চ্ছল বহু,ভাবনার সম্প্লাসে। এমনি করে প্রাণ ও মনের গ্রান্থভেদ যদি সম্ভব হয়, তাহলে তাঁর বীর্যে দৈহ্যসত্তার গ্রন্থিভেদও কি সম্ভব হবে না ? এই দেহকেও কি তিনি মুক্ত করবেন না মৃত্যু খণ্ডভাব ও অন্যোন্যগ্রসনের শাসন হতে? এই ব্যাঘ্টিদেহই কি তখন এক অখন্ড চিন্ময় দিবাসন্তার সার্থক বিভূতি হবে না— সান্ত আধারে অনন্তের অফ্ররন্ত রসোল্লাসের দিব্য সাধন হবে না ?...অথবা এমনও কি হতে পারে না, চিৎসত্তার নিরংকুশ স্বারাজ্যাসিম্পি র্পধাতুকে পাবে প্র্ণ-স্ববশ ভোগায়তনরূপে, অতএব জড়ের কণ্ট্রকপরিবর্তনেও তার অমৃত চেতনা অম্যান রইবে—তার জগং হবে রতি শ্রী ও সাযুজ্যবোধের অন্তহীন ব্যঞ্জনায় উল্লিসিত আত্মারামের এক দিব্যর্পান্তরের মহা-আধার হয়ে। অতএব এই মাটির বুকে থেকেই দিবামন ও দিবাপ্রাণের মত এক দিব্যদেহও যে সে গড়ে তলবে, এ কি অসম্ভব? 'দিব্য দেহ!'—শ্বনে হয়তো আমরা আংকে উঠব বর্তমানের দিকে তাকিয়ে, মানুষের ভবিষ্য-সম্ভাবনার দীনতা কম্পনা করে। তাহলেও আত্মস্বরূপকে পূর্ণমহিমায় ফ্রটিয়ে তুলে, তার আনন্দ জ্যোতি ও বীর্ষের অকুণ্ঠিত স্ফুরণে মানুষ কি দেহ-মন প্রাণকেই দিব্যভাবের সাধনে র পান্তরিত করবে না—যাতে র পের মধ্যে অর পের আবেশ সার্থক হবে একই আধারে নর-নারায়ণের যুগললীলায়?

পার্থিব-পরিণামের এই চরম সিন্ধির একমান্ত প্রতিবাদ রয়েছে জড় ও জড়ধর্ম সম্পর্কে আমাদের বর্তমান কল্পনাতে। ইন্দ্রিয় ও র্পধাতুর মাঝে প্রমাতা-ব্রহ্ম আর প্রমেয়-ব্রহ্মের মাঝে আমাদের অধ্না-কিন্পত সম্বন্ধই যদি একমান্ত সত্য হয়, অথবা অন্য-কোনও সম্বন্ধ সম্ভব হলেও আজও এই জগতে তার প্রকাশ যদি অসম্ভব হয়, সিন্ধির এবণায় লোকোত্তর ভূমিতে উত্তরণ ছাড়া আর-কোনও উপায় না থাকে যদি—তাহলে প্রচলিত সকল ধর্মের সঙ্গে সায় দিয়ে বলতেই হয়, একমান্ত লোকাম্তরিত দিব্যধামে আছে আমাদের অধ্যাত্ম-সাধনার সম্যক্ চরিতার্থতা। কিন্তু এসব ধর্মই যে আবার বলে প্রথিবীতেই বৈকৃন্ঠ অথবা সিম্ধরাজ্যের প্রতিষ্ঠার কথা। সে-কল্পনাকে তাহলে বলতে

হয় একটা আত্মবণ্ডনা শ্বর্ ! · · আবার এও শ্বনি, 'এ-জগতে চলতে পারে কেবল অন্তরের প্রস্কৃতি অথবা তাকে বিজয়ী করবার সাধনা এবং সিন্ধি, অন্তরের নিরালায় বসে প্রাণ মন চেতনার বাঁধন খাসিয়ে অনিজিকৃ ও অজেয় জড়ের মায়া হতে বিম্বুখ হতে হবে আমাদের, এই কাপাণ্যোপহত দ্বঃশীলা প্রিবীর নাগপাশ হতে মক্ত হয়ে আর-কোখাও খ্জতে হবে সত্তুতন্ব উপাদান।'... কিন্তু এই অলেপর দর্শনিকে কেনই-বা আমরা ভূমার সত্য বলে মান্ব ? জড়কে আজ যা বলে জানি, তা-ই কি তার প্রণ পরিচয় ?...নিশ্চয় নয়। জড়েরও স্ক্রাতর বিভূতি আছে। র্পধাত্র দিব্য পরিণামের আছে একটা উধর্ব পরন্ধরা। অতএব এক লোকাতীত ধর্মের আবেশে অল্লময় আধারেরও র্পান্তর সম্ভব। পরতর ধর্ম হলেও সেই তার স্বধর্ম, কেননা তার অন্তরের গহনে এখনও নিগ্রু হয়ে আছে ওই পরমধ্যেরই অব্যক্ত বীর্য।

ষড়বিংশ অধ্যায়

রূপধাতুর উৎক্রমণ

তঙ্গ্মান্য এতঙ্গ্মাদররসময়ং অন্যোহ্গতর আত্মা প্রাণময়:। তেনৈৰ পূর্ণা:।
...অন্যোহ্গতর আত্মা মনোময়:।... অন্যোহ্গতর আত্মা বিজ্ঞানময়:।...
অন্যোহ্গতর আত্মানন্দময়:।

তৈত্তিরীয়োপনিষং ২।২-৫

এক অন্নরসময় আত্মা আছেন—তারও অন্তরে রয়েছেন আরেক প্রাণমন্ত্র আত্মা, যিনি পূর্ণ করে আছেন তাকে—তারও অন্তরে আরেক মনোমর আত্মা— তারও অন্তরে আরেক বিজ্ঞানময় আত্মা—তারও অন্তরে আরেক আনন্দমন্ত্র আত্মা।

—তৈত্তিরীয় উপনিষদ ২।২-৫

দ্বা শতরুত উম্বংশমিব যেমিরে ॥ যৎ সানোঃ সানুমারোহদ্ ভূর্যস্পন্ট কর্মস্ । তদিম্ম অর্থাং চেততি ...॥

मराचम 5 150 15-३

শতক্রতুকে বেয়ে ওঠে তারা বংশদশেতর মত। যখন সান্ হতে সান্তে করে আরোহণ, তখন ফুটে ওঠে চোখের সামনে কত-যে রয়েছে করণীয়। ইন্দ্র আনেন সেই 'তং'এর চেতনা লক্ষ্যরূপে।

-- **चटावर (5 150 15-2)**

চম্যক্ষেন: শকুনো বিভ্যা গোবিদ্যুপিস আর্ধানি বিছং। অপাম্মি: সচমান: সম্দ্রং তুরীয়ং ধাম মহিষো বিবত্তি॥ মধ্যোন শ্লেপতদ্বং ম্লোনো ২তোর স্থা সন্ধে ধনানাম্। ব্যেব ম্থা পরি কোশম্যান্ কনিক্রণচ্চেম্বারা বিবেশ॥

०८.दरा ७८१८ ४६.३७

আধারে নিষম্ন হন তিনি শ্যোনের মত, শকুনের মত—তুলে ধরেন তাকে; কিবণরাজি খ'রজে পান তাঁর ধারাসারে, কেননা চলেন যে তিনি আয়র্ধ নিয়ে; অপ্এর সম্দ্র-উমিকে আঁকড়ে ধরেন তিনি—মহেম্বব হয়ে প্রকাশ করেন তুরীয় ধাম। মর্ত্য যেমন তন্কে করে মান্ধিত, য্বেম তুরুণ্য যেমন ছবুটে চলে জিনে নিতে বিপ্ল ধন, তেমনি চালেন তিনি আপনাকে ঘোর গর্জনে সকল কোশের ভিতর দিয়ে—আবিষ্ট হন ওই আধার দ্বিটিতে।

-- **व**राज्यम (**३**।३५।**३**३,२०)

বিচার করে দেখলে জড়ের জড়ম্ব আমাদের কাছে স্চিত হয় তার নীরন্ধ ঘনম, ইন্দ্রিয়গ্রাহ্যতা, উপচীয়মান প্রতিরোধশক্তি ও স্থির-কঠিন স্পর্শাবার। র্পধাতু যতই একটা নিরেট প্রতিরোধের ভাব স্থিট করে এবং তার ফলে চেতনার কাছে ইন্দ্রিয়গ্রাহ্য র্পকে দেয় একটা অর্থকিয়াকারী স্থায়িম, ততই আমরা তাকে বাস্তব এবং জড় বলে মনে করি। তেমনি র্পধাতু যদি স্ক্রতর হয়, তার প্রতিরোধের শক্তি যদি হয় ক্ষীণ, ইন্দ্রিয়েবাধের ম্থিট যদি

শিথিল হয় তার 'পরে, তাহলে তার জড়ত্বও আমাদের চেতনায় ফিকা হয়ে আসে। প্রাকৃতচেতনার কাছে জডধর্মের এই-যে নিরিখ, তাহতেই ধরা পড়ে জড়স্চির মুখ্য প্রয়োজন কি। আঁকড়ে ধরবার মত স্থায়ী একটা মূর্তভাবের পসরা চেতনার কাছে মেলে ধরবার জন্য রূপধাত জড়ের কোঠায় নেমে আসে— যাতে মন তার মধ্যে মানসপ্রবৃত্তির নির্ভরযোগ্য একটা অধিষ্ঠান পায়, এবং প্রাণ তার রূপায়ণের আপেক্ষিক স্থায়িত্ব-সম্পর্কেও আম্বস্ত হতে পারে। এইজনাই প্রাচীনকালে বৈদিক ঋষিরা প্রথিবীকে মেনেছিলেন জডের প্রতীক-রপে—কেননা দ্রব্যের কাঠিন্য পর্নিথবীতেই সবচাইতে স্পন্ট। এইজনাই আমাদের ইন্দিয়বোধের আসল ভিত্তি স্পর্শ কিংবা সন্মিক্ষের উপর। রসন ঘাণ শ্রবণ ও দর্শনর পী অন্যান্য স্থলে ইন্দ্রিয়বোধেরও প্রতিষ্ঠা বিষয়-বিষয়ীর সক্ষ্ম হতে সক্ষাত্র পরোক্ষ সন্নিকর্ষের 'পরেই। ব্যাম হতে ক্ষিতি পর্যন্ত রূপ-ধাতুর সাংখ্যসম্মত পাঞ্চভৌতিক পরিণামেও দেখি, অতিস্ক্রা হতে ক্রম-স্থালের দিকে তার অভিযান। তাই পঞ্চভতের চূড়ায় আছে আকাশের স্ক্রোতিস্ক্র কম্পন, আর তার গোড়ায় নিরেট প্রিবীর অতিস্থল র্ঘানমা। অতএব শ্রুধধাতুর অবসাপিণী ধারার শেষ পর্বে দেখা দেবে জড়-অচিৎ বিশ্ববিভূতির উপাদানরূপে। তার মধ্যে অরূপ-চিংএর চাইতে অচিং-র্পের লীলাই হ'ব মুখ্য এবং সে-র্পের মধ্যেও ঘটবে ঘনীভাব ও প্রতিরোধ-শক্তির চরম বিকাশ, দেখা দেবে মূর্তভাবের দৈথর্য ও অন্যোন্যব্যাব্তির পরাকাষ্ঠা। অর্থাৎ ভেদ বিবিক্ততা ও খণ্ডভাবের সে-ই হবে আদিবিন্দ্র। এই হল জড়বিশ্বের প্রকৃতি ও তাৎপর্য। তাকে বলতে পারি পরিনিষ্ঠিত খণ্ডভাবের আদর্শ।

জড় হতে চিং পর্যন্ত র্পধাত্র আরোহক্রমে উংসর্পণ র্যাদ বিশ্বপ্রকৃতির একটা স্বাভাবিক প্রবৃত্তি হয়, তাহলে তার প্রতি পর্বে জড়ধর্মের হ্রাস হয়ে দেখা দেবে বিপরীত ধর্মের ক্রমিক উপচয়—যার চরম পর্যবসান হবে বিশন্ধ-চিন্ময় আত্মপ্রসারণে। অর্থাং পর্বে-পর্বে রুপের বন্ধন ক্রমেই শিথিল হবে, রুপের বীর্য ও উপাদান ক্রমেই স্ক্রের হয়ে তাদের অনম্য আড়ণ্টতা হারাবে, বিভিন্ন বিগ্রহের মধ্যে ক্রমেই সহজ হবে সামরস্য ও অন্যোন্যসংগম, স্বক্ষণ হবে সমানয়ন ও আত্মবিনিময়ের সামর্থা, দেখা দেবে বৈচিত্র্য রুপান্তর ও একাত্মভাবনার বীর্য। রুপের মধ্যে স্থৈর্মের যে-আভাস ছিল, ক্রমেই তার স্থান অধিকার করবে স্বভাবের নিত্যতা। বিবিক্তভাব ও অন্যবাব্তির যে মড় অভিনিবেশ ছিল জড়ভূতের মধ্যে, অথাত অননত তাদাত্মান্ভ্তির চিন্ময় রসে তা হবে বিগলিত। স্থলে রুপধাত্ম আর বিশন্ধ চিন্ময়ধাত্ম মাঝে মৌলিক বৈধর্ম্যের এই হবে স্ত্র। একই চিংশক্তির অন্যান্য পিন্ডভাবকে ক্রমেই ঠেকিয়ের রাথতে কি ছাপিয়ের উঠতে জড়ের মধ্যে চিংশক্তির সংগিশিভত হয়।

কিন্তু চিন্ময় ধাতুতে শ্রেষ্টেতন্য অথন্ডের সিন্ধ অন্ভবকে অব্যাহত রেখে, আত্মবোধের ভূমিকাতে ফর্টিয়ে তোলে তার আত্মর্পায়ণের স্বাতন্ত্যলীলা, অথচ নিত্যসামরস্যজারিত আত্মবিন্ময়ের ভাবনা হয় তার আত্মশক্তির বিচিত্র-তম বিচ্ছরেণের প্রতিষ্ঠামনত। এই দ্র্টি অন্ত্যকোটির মধ্যে রয়েছে এক অন্তহীন বর্ণচ্ছত্রের অপ্রস্থে মায়া।

এসব আলোচনার গ্রেড্ক তখনই ধরা পড়ে—যখন সিম্ধমানবের দিব্য-জীবন ও দিব্য-মনের সঙ্গে আপাত-অদিব্য প্রাকৃতদেহ বা জড়সন্তার কি সম্বন্ধ থাকা সম্ভব তা বিচার করি। ইন্দ্রিয়বোধের সঙ্গে রূপধাতুর একটা বিশিষ্ট সম্বন্ধ হতে জড়বিশ্বের গোড়াপত্তন—আমাদের প্রাকৃতজীবনের মলে রয়েছে এই তত্ত্ব। কিন্তু এ-সম্বন্ধও যেমন ঐকান্তিক নয়, তেমনি এ-তত্ত্বও অন্তিবর্তানীয় নয়। র পধাত্র সণ্গে প্রাণ ও মনের সম্বন্ধ অন্য আকারেও প্রকাশ পেতে পারে। তাতে জড়ের মধ্যে হয়তো দেখা দেবে অন্য নিয়মের খেলা—প্রাণ ও মনের আরও উদার বৃত্তির লালা। এমন-কি এই দেহধাতুর পরিবর্তনে ইন্দ্রিয় প্রাণ ও মনের প্রবৃত্তি আরও স্বচ্ছন্দ হবে। আমাদের জড়াগ্রয়ী জীবনে মৃত্যু ও খন্ডতার পীড়া আছে, একই চিন্ময় প্রাণশক্তির বিভিন্ন বিগ্রহে আছে অন্যোন্য-প্রতিরোধ ও ব্যাব্তির দ্বন্দ্ব। ইন্দ্রিয়ের সামর্থ্য এখানে সামিত, জীবনের সাধনাও আয়, পরিবেশ ও সামর্থ্যের সঞ্চোচে পীড়িত, মনের প্রবৃত্তি পঞ্জা, তমসাচ্ছল্ল ব্যাহত ও পর্যাদ>ত। শাধ্য তা-ই নয়, পশাংদেহোচিত এই সীমার সঙ্কোচ মান্ধের উত্তরায়ণের পথেও তার করাল ছায়া ফেলেছে।...কিন্তু এই তো বিশ্বপ্রকৃতির একমাত্র ছন্দ নয়। এরও পরে আছে কত লোকাতীত ভূমি. কত উধর্বলোকের পরম্পরা। প্রগতির স্বাভাবিক নিয়মে বর্তমান ন্যানতার नाश्चन टर्फ निम्नू क्ट ट्रा थाजूश्चनारमत मीथि योम मान्यसत मर्था क्यूर्फ उटे. তাহলে সেসব লোকের ঋতম্ভরা প্রবর্তনা এই স্থাল আধারেই সংক্রামিত হবে। তখন এইখানেই ইন্দ্রিয়গ্রাহ্য হয়ে প্রকট হবে দিবা মন ও ইন্দ্রিয়ের বীর্য, এই মানুষের দেহে চলবে দিব্যপ্রাণের প্রাকৃত লীলায়ন—এমন-কি এই প্রথিবীতেই একদিন প্রকৃতিপরিণামের স্বাভাবিক ছন্দে আবিভূতি হবে দেবমানবের সত্তুতনু।...হয়তো একদিন মানুষের এই মর্তাদেহেরও ঘটবে দিবার্পান্তর; হয়তো সেদিন মাতা পথিবীই দেখা দেবেন হিরণ্যক্ষা অদিতি হয়ে।

জড়ীয় বিশ্ববিধানেও দেখি, জড়বিভূতির একটা আরোহক্রম আছে, যা আমাদের নিয়ে যায় স্থলে হতে স্ক্ল্যে—স্ক্র্য হতে স্ক্র্যুত্র। কিন্তু কোথায় সে ক্রমস্ক্র্য আরোহ-সোপানাবলির চরম ধাপ—জড়ধাঁতু বা শক্তি-র্পায়ণের অতি-ব্যোম স্ক্র্যুতা? তারও ওপারে কি আছে?—মহাশ্না? পরম নাস্তিত্ব?...কিন্তু পরমশ্না বা সত্যকার নাস্তিত্ব বলে তো কোথাও কিছ্ নাই। আমাদের ইন্দ্রিয় মন বা ব্রিধরও স্ক্র্যুতম ব্যাপার নিব্ত হয়ে

ফিরে আসছে যেখান থেকে, তাকেই না বলি পরম শ্না? এও সত্য নয় যে বাোমভূতই বিশেবর শাশ্বত আদিপর্ব, তার ওপারে কিছুই নাই। আমরা জানি জড়ধাতু আর জড়শক্তি শুদুধধাতু ও শুদুধশক্তিরই চরম পরিণাম—যার মধ্যে আত্মসংবিং ও আত্মৈশ্বর্যে চেতনা ভাশ্বর হয়ে আছে, অচেতন স্মুষ্পিও রিঃসাড় স্পন্দনে তার আত্মবিল্মপ্তি ঘটেনি জড়ত্বের কর্বালত হয়ে।...তখনই প্রশ্ন হয়, তাহলে জড়ধাতু আর শুদুধধাতুর মাঝখানটিতে কি আছে? কেননা সন্তার এক কোটি হতে আমরা তো তার অন্য কোটিতে ঝাঁপিয়ে পড়ি না, আচিত হতে একেবারেই তো চলে যাই না চিতিম্বর্পে। স্মৃতবাং অচিং-ধাতু আর অবিল্মপ্ত-ম্বচিং আত্মপ্রস্থিতর মাঝে আরোহসোপানের একটা পরম্পরা থাকা উচিত এবং তা আছেও—যেমন আছে জড় আর চিতের মাঝে।

এই অন্তরিক্ষের মহাগহনে যাঁরা অবগাহন করেছেন, তাঁরা সবাই সমস্বরে বলেন জড়বিশ্বের ওপারে তার সকল ছোঁয়াচ বাঁচিয়ে আছে র্পধাতৃর স্ক্রের হতে স্ক্রেতর পরিণামের একটা পরন্পরা। ব্যাপারটা পড়ে রহস্যবিদারে এলাকায়, তাই বর্তমান প্রসঙ্গে তার আলোচনা জটিল এবং দ্বের্বাধ হবে। অতএব এ-বিষয়ে এখন প্রথান্প্রেথ গবেষণা না করে আমাদের অংগীকৃত দর্শনের ধারা ধরে এইট্কুই বলতে পারি যে, র্পধাতুর উদয়নের সোপানমালায় যে-বৈশিষ্ট্য প্রথমেই চোখে পড়ে তা হচ্ছে এই : জড় প্রাণ মন অতিমানস ও তারও পরে সং-চিং-আনন্দের মহাত্রপ্রটীর যে-আরোহক্রমের কথা আমরা জানি, র্পধাতৃও চলেছে ঠিক তারই অন্সরণে। অর্থাং উদয়নের প্রত্যেক পর্বে ওই তত্ত্বগ্লিকে আশ্রয় এবং আধার করে তাদেরই উৎসিপিণী ধারায় আপনাকে সে ফ্রিটয়ে তুলেছে তাদের বিশ্ববাপ্ত আত্মর্পায়ণের বিশিষ্ট্র বাহনর্পে।

জড়ের জগতে জড়ধাতু সবার প্রতিষ্ঠা। এখানকার ইন্দ্রিরবাধ প্রাণন বা মনন সব নির্ভর করছে প্রাচীনদের ক্ষিতিতত্ত্ব বা প্রথিবীশক্তির 'পরে। সবাই ক্ষিতিতত্ত্ব হতে জাত হরে তারই শাসন মেনে চলছে। সর্বতোভাবে তার অন্ক্লে চ'লে তারই অভিব্যক্তির সীমান্বারা তাদের প্রগতি সীমিত হয়েছে। এমন-কি অপার্থিব কোনও সম্ভাবনাকে র্প দিতে গেলেও মাটির হিসাবকে এড়িয়ে যাবার উপায় নাই। দিবাপরিগামের ধারাতেও মর্ত্যের প্রয়োজন ও দাবিকে জেনে এবং মেনেই সবাইকে প্রগতির পথে পা বাড়াতে হয়। তাই দেখি, প্রথিবীতে ইন্দ্রিয়ণক্তি স্থলে ইন্দ্রিয়গোলক নিয়ে কাজ করছে। প্রাণের বাহন হ'ল জড় নাড়ীতল্য ও জীবিতেন্দ্রিয়। মন চলছে স্থলে দেহকে আগ্রয় করে। এমন-কি বিশান্ধ মননিক্রাও জড়াগ্রিত তথ্যকেই তার ক্ষেত্র ও উপাদানর্পে গ্রহণ করে। কিন্তু মন ইন্দ্রিয় ও প্রাণের স্বভাবে এই সঙ্কোচ অপরিহার্য হয়ে নাই। কারণ, স্থলে ইন্দ্রিয়গোলক তো ইন্দ্রিরবাধ স্টি করে

না। তারাই বরং বিশ্বগত ইন্দ্রিয়শক্তির বিস্ ছি ও সাধন—এ-জগতে ফ্টেছে বিশিষ্ট বোধের একটা সপ্রয়োজন কৌশলর্পে। তেমনি নাড়ীতলা এবং জীবিতেল্দ্রির প্রাণের ক্রিয়া-প্রতিক্রিয়া স্ ছি করে না। কিন্তু বিশ্বগত প্রাণশক্তিই এ-জগতে তাদের অভিবাক্ত করে—প্রাণনের অপরিহার্য স্কেশল সাধনর্পে। মিস্তব্দও মননের প্রছটা নয়। বরং বিশ্বমনের সে বিস্ ছি এবং সাধন, তার কার্য সিম্পির কৌশলর্পে এখানে তার আবির্ভাব।...এই বিধান অপরিহার্য হলেও ঐকান্তিক নয়, কেননা তার ম্লে বিশিষ্ট লক্ষ্যের দিকে একটা প্রবর্তনা রয়েছে। জড়বিশেব নিহিত আছে এক বিরাট দিবারুতু। বিষয় ও ইন্দ্রিয়বোধের মাঝে সে স্থ্লসম্পর্ক ঘটাতে চায়। অতএব চিংশক্তির ঋতময় জড়বিভূতিকে এখানে প্রতিষ্ঠিত করে তাই-ই দিয়ে সে চিৎসত্তার স্থ্ল বিগ্রহ রচে। তার এই ম্তিভাবনা আমাদের প্রাকৃতজগতের গোড়ার কথা এবং তার ঈশনা দেখা দেয় সংকুচিত জড়প্রকৃতির অপরিহার্য বিধানর্পে—ওই দিব্যক্রত্ব বিশেষ প্রয়োজনে। অতএব জড়জগতের নির্মাত্কত নিয়মকে সন্মান্রের অনাদি শাশ্বতধর্ম বলতে পারি না। চিৎ জড়ের জগতে ফ্টতে চাইছে বলেই স্থিটর এই বিশিষ্ট বিধান দেখা দিয়েছে।

র্পধাতুর দ্বিতীয় পর্বের প্রবর্তক ও নিয়ন্তা হল প্রাণ ও আকৃতিচিতনা। ম্তিভাবনার লীলা এখানে গোণ। তাই জড়ভূমির উধের্র যে-জগণ, তার প্রতিষ্ঠা হল এক সচেতন বিরাট প্রাণনের বীর্যে। প্রাণের এবণা ও বাসনার সংবেগ সেখানে উচ্ছনিত হয়ে উঠেছে নিরুকুশ আত্মর্পায়ণে। অচেতন বা অবচেতন সংকল্পের অন্ধ আকৃতি শক্তির জড়বিভূতিতে লীলায়িত হয় শ্র্য্ এই ভূলোকে—সেখানে নয়। সেখানে যত শক্তি র্প ও বিগ্রহ, যত প্রাণ ইন্দ্রিয় ও মননের লীলা, পরিণতি সিন্ধি ও আত্মসম্প্তির যত বিভূতি, সবার ম্লে আছে চিন্ময়-প্রাণের প্রশাসন। এমন-কি জড় বা মনকেও সেখানে প্রাণের ছন্দ মেনে চলতে হয়, কেননা প্রাণই সেখানে তাদের উৎস এবং প্রতিষ্ঠা —প্রাণের ধর্ম ও বীর্য, সঙ্কোচ ও সামর্থাই নিয়ন্তিত করে তাদের সঙ্কোচ অথবা প্রসার। এমন-কি প্রাণোত্তর কোনও সম্ভাবনাকে র্প দিতে গিয়ে সেখানে মনও প্রাণময় আকৃতির হিসাবকে এড়িয়ে যেতে পারে না। দিব্য-পরিণামের ধারায় প্রাণের প্রয়োজন ও দাবিকে জেনে এবং মেনেই তাকে প্রগতির পথ খ্রুতে হয়।

এমনি করে দিবাধামের অভিমুখে চলেছে উধর্বলাকের পরম্পরা। তৃতীয় পর্বের প্রবর্তনা ও নিয়ন্ত্রণ আসে মন হতে। র্পধাতৃ সেখানে অতিস্ক্ষা ও স্নম্য, তাই তার মধ্যে মনের কল্পন সদ্য র্পায়িত হয়ে ওঠে। তার আত্মপ্রকাশ ও আত্মসম্প্তির প্রেতি অব্যাহত প্রবৃত্তিতে সার্থক হয় র্পধাতৃর আত্মনিবেদনে। বিষয় ও ইন্দিয়বোধের অন্যোন্যসম্বন্ধও তেমনি স্ক্র ও স্নম্য সেখানে, কেননা স্ক্র মানসধাতু নিয়ে মনের কারবার বলে স্থল বিষয়ের সঙ্গে স্থল ইন্দ্রিরের সন্নিকর্ষ তার পক্ষে নিম্প্রয়েজন। মানসজগতে প্রাণ সম্পূর্ণ মনের অনুগত। ভূলোকে, মানসপ্রবৃত্তি পৎগর, প্রাণবৃত্তি স্থলে সঙকীর্ণ অথচ উম্পত। তাই ওথানকার মনের নিরঙকুশ স্বারাজ্য বলতে গেলে এখানকার প্রাণ-মনের কল্পনারও অগোচর। মনই সে-লোকের লোকধাতু, অতএব অকুণ্ঠ তার শাসন, সর্বজয়া তার আক্তি—দানুলোকের প্রকাশলীলায় তার দাবিই সকল দাবির অগ্রগণ্য।...তারও ওপারে রয়েছে অতিমানসের আগ্রত চিন্ময় তত্ত্বসমূহ—তারপরে অতিমানস—তারও পরে বিশুম্প আনন্দ, বিশুম্প চিৎশক্তি অথবা শুম্প-সন্মাত্র। এই হল লোকধাতুর পরস্পরা। এমনি করে আমরা পাই বিশ্বের অপ্রাকৃত লোকসংস্থানের সন্ধান—প্রাচীন বৈদিক ক্ষরিরা যাদের বলতেন জ্যোতির্ময় 'ধার্মান দিব্যানি', অম্তের প্রতিষ্ঠা তাদের মধ্যে। পরবতী যুগের পৌরাণিক ধর্মে এদের সংজ্ঞা হল গোলোক বা রক্ষলোক। এই তো 'বিষ্ণুর পরম পদ'—শুম্পসন্মাতের স্বর্পবিভৃতির চিন্ময় পরমপ্রকাশ—মুক্তজীব যার মধ্যে সিম্পদার চরম কোটিতে আস্বাদন করে শাশ্বতী বাক্ষী স্থিতির আনন্ত্য এবং রসোল্লাস।

এই-যে স্ক্রাতিস্ক্রা দর্শন ও অন্ভবের উধর্গধারা চলেছে জড়-র্পায়ণের সীমা ছাড়িয়ে, তার তত্ত্ব কিন্তু রয়েছে বিশ্ব জয়েড় এক বিচিত্রজটিল সয়রসংগতির লীলায়নে। চেতনার যে সংকীর্ণ আয়তনে আমাদের প্রাকৃত প্রাণ-মন তৃপ্তিতে শয়ান আছে, তার অপরিসর স্বরগ্রামের মধ্যেই সে সয়রম্ছনার অবসান ঘটেনি। সন্তা, চেতনা, শক্তি, র্পধাতু নামছে উঠছে এক মহাতন্ত্রীর ঘাটে-ঘাটে যেন: তার প্রত্যেক পর্দায় সন্তা ছড়িয়ে পড়ছে বিপ্লতর আত্মব্যাপ্তিতে, ভূমানন্দে উল্লাসত চেতনা অনুভব করছে তার উদারতার মহিমা, শক্তির অন্তরে উপচে উঠছে আনন্দময় সামর্থ্যের তীব্রতর সংবেগ, র্পধাতু তার সত্ত্বকে করছে আরও স্ক্রা লঘ্ সয়নমা ও সাবলীল। যে যত সক্ষ্রা, তত বেশী তার বীর্য—অতএব সত্য বলতে সেতত বেশী বাসতব। কেননা, স্ব্লেতার আড়ল্ট বন্ধন হতে মৃক্ত বলে স্থায়িত্বের সম্ভাবনা তার অধিক এবং সেইজন্য তার র্পায়ণেও অধিকতর ব্যাপ্তি সামর্থ্য ও সাবলীলতা দেখা দেয়। উত্তরায়ণের পথে এক-একটি গিরিসান্তে আরোহণ করে আমাদের অন্ভব প্রসারিত হয় চেতনার বিস্তৃততর ভূমিতে, জীবনের বিপ্লেতর ঐশ্বর্যে।

কিন্তু পর্বে-পর্বে এই উত্তরায়ণের সঙ্গে আমাদের পার্থিব প্রগতির কি সম্পর্ক ? অবশ্য চেতনার প্রত্যেকটি ভূমি, প্রত্যেকটি লোক, র্পধাতুর প্রত্যেকটি স্তর, বিশ্বশক্তির প্রত্যেকটি ঝলক যদি প্রোপর সম্পূর্ণ বিচ্ছিন্ন হত, তাহলে আমাদের প্রাকৃতভূমির 'পরে উধর্বলোকের কোনও প্রভাবই পড়ত

না।...কিন্তু ঠিক উল্টা কথাটাই সত্য। চিৎস্বরূপের অভিব্যক্তি যেন একটা বিচিত্র বনানি—তার অখণ্ড র্পটি ফ্রটিয়ে তুলতে প্রত্যেকটি তত্ত্বের ভাব ও ছন্দ সবার সংগে ওতপ্রোত হয়ে জড়িয়ে থাকে। আমাদের জড়জগংও তাই বিশ্বের সকল তত্ত্বের চিত্র-পরিণাম, কেননা জড়বিশ্বের রূপায়ণে সকল তত্ত্বই জড়ের মধ্যে নেমে এসেছে—জড়ের প্রত্যেকটি কণাতে নিষিক্ত আছে তাদের বীর্ষ। তাই জড়ের প্রতি মুহুতের প্রত্যেক স্পন্দনে আছে তাদের নিগ্রু শক্তির প্রেতি। জড় যেমন অবরোহের শেষ ধাপে, তেমনি সে আরোহের প্রথম ধাপেও। সমুস্ত ভূমি, লোক, স্তর এবং ঝলকের বীর্য যেমন সংবৃত্ত হয়ে আছে জড়ের মধ্যে, তেমনি জড় হতে বিবৃত্ত হবার সাম্প্রতি রয়েছে তাদের। এইজন্যই তো শুধু জড়শক্তির লীলায় জড়-উপাদানের সংযোগ-বিয়োগে, গ্রহ-নক্ষর-নীহারিকার বিস্থিতিত জড়ের বিভূতি নিঃশেষিত হয়ে যার্মান। তারও পরে তার মধ্যে জেগেছে প্রাণের স্পন্দন, ফুটেছে মনের আলো। অতএব এরও পরে তার মধ্যে জাগবে অতিমানসের দীপ্তি—চিন্মর সত্তার উত্তরজ্যোতি। তাদের নিগঢ়ে তত্ত ও বীর্যকে ফুটিয়ে তোলবার জন্যে জড়াতীত ভূমি হতে জড়ের 'পরে অবিরত চাপ পডছে—এই হল বিশ্বপরিণামের র্নীতি। এ নইলে জড়ত্বের আড়ন্ট বন্ধনে চিরকাল তারা ঘ্রমিয়ে থাকত—যদিও সে একটা অসম্ভাব্য ব্যাপার, কেননা জড়ের মধ্যে পরতত্ত্বের স্থিতিই সূচিত করছে তার প্রমাক্তি। কিন্তু প্রমাক্তি অপরিহার্য হলেও তার জন্য উপর হতে একটা সজাতীয় অনুক্ল শক্তির চাপ প্রয়োজন হয়।

অনিচ্ছ্রক জড়শক্তির কার্পণ্যবশত জড়ের মধ্যে প্রাণ মন অতিমানস ও সাচ্চদানদের একটা ক্ষীণশিখার প্রথম উদেম্বেই যে চিন্মর-পরিণামের অবসান হবে, এও কিন্তু সত্য নয়। জড়ের মধ্যে উধর্বশক্তি যতই ফ্রটবে, আত্মামথ্যের চেতনায় তাদের আক্তি ও প্রবৃত্তি যতই তীর হবে, ততই উধর্বলোক হতে তাদের 'পরে চাপও প্রবল অব্যাহত এবং অব্যর্থ হবে—কেননা এই চাপ বিশ্বভ্বনের ওতপ্রোত সন্তার সঙ্গে মাণর মালায় স্তার মত জড়িয়ে আছে। শ্ব্রু জড় হতেই যে এইসব পরতত্ত্ব সোপাধিক প্রকাশের শীর্ণতায় কুন্ঠিত হয়ে উন্ভিল্ল হবে, তা নয়। তারা উপর হতেও নেমে আসবে ন্বর্পশক্তির দীপ্তছটা নিয়ে জ্যোতির্ংসবের বিপ্রল সমারোহে। তথন জড় আধারে সেই শক্তির নিরঙকুশ লীলার জন্য মর্ত্য জ্লীবও নিজেকে উন্মীলিত ও প্রসারিত করবে। চাই শক্তির উপযুক্ত আধার বাহন ও সাধন। পাথিবিপ্রকৃতিতে তারই সম্ভাবনা দেখা দিয়েছে মান্বেষর দেহে প্রাণে ও চেতনায়।

আমাদের স্থলে ইন্দিয় আর স্থলে মন স্থলে দেহের সংকীর্ণ সামর্থ্যকে চরম বলে জানে। এরই মধ্যে যদি মান্ধের দেহ-প্রাণ-চেতনার সকল সার্থকতা নিঃশেষিত হত, তাহলে প্রকৃতিপরিণামের আয়ুষ্কালও থর্ব হত—মান্ধের

বর্তমান সিদ্ধিকে ছাপিয়ে কোনও মহত্তর সিদ্ধিতে পে'ছিনোর কল্পনা মিথ্যা হত। কিন্তু প্রাচীন রহস্যবেত্তারা জানতেন, আমাদের অল্লময় আধারেরও সবর্থান জড়দেহ নয়—শুধু এই স্থলে পিণ্ডভাবই আমাদের রূপধাতুর একমাত্র পরিণাম নয়। প্রাচীন বেদান্তবিদ্যা পাঁচটি পরে,ষের কথা বলছে—অল্লময় প্রাণময় মনোময় বিজ্ঞানময় ও চিন্ময় বা আনন্দময়। প্রত্যেক পুরুষের উপযোগী র্পধাতুর একটা বিশিষ্ট পরিণাম আছে—রূপকের ভাষায় প্রাচীনেরা যাকে বলতেন 'কোশ'। পরের যুগের বিজ্ঞানীরা দেখলেন পাঁচটি কোশ আবার প্র্লুল স্ক্রু কারণ এই তিনটি শরীরের উপাদান—জীব যুগপৎ প্রত্যেক শরীরে বাস করেও প্রাকৃতচেতনায় শুধু স্থলে শরীরের একটা উপরভাসা খবর রাখে। কিন্তু মানুষের পক্ষে অন্যান্য শরীর সম্পর্কেও সচেতন হওয়া অসম্ভব নয়। স্থলেশরীরের সঙ্গে তাদের ব্যবধান ঘটে গিয়ে চেতনায় যদি অল্লময় মনোময় ও বিজ্ঞানময় পরের্ষের নিমর্বক্ত প্রকাশ ঘটে, তাহলেই দেখা দেয় তথাকথিত যত অলোকিক রহস্য। এসব রহস্য নিয়ে আজকাল জোর গবেষণা শুরু হয়েছে। তবে এখন পর্যন্ত তার ক্ষেত্র যেমন সংকীর্ণ, গ্রেষণার পর্ন্ধতিতেও তেমনি চূড়ান্ত আনাড়িপনা-যদিও এই নিয়ে চালবাজি মাত্রা ছাডিয়ে গেছে। এদেশের প্রাচীন হঠযোগী ও তান্তিকেরা মান্যের দেহ ও প্রাণের অলৌকিক ব্যাপারগর্নেকে রীতিমত বিদ্যায় ফলিত করেছিলেন। স্ক্রা শরীরে প্রাণ ও মনের ছয়টি চক্রের অন্র্প এই স্থ্ল দেহের মধ্যেও তাঁরা পেয়েছিলেন ছয়টি প্রাণময় নাড়ীচক্রের সন্ধান। সেইসঙ্গে তাঁরা স্ক্রে কতকগ্রাল শারীরিক প্রক্রিয়া আবিষ্কার করেছিলেন, যা দিয়ে চক্রে-চক্রে নিমীলিত 'পদ্ম'গর্নলকে উন্মীলিত করা যায়। তখন মান্য স্ক্রালোকের উপযোগী স্ক্রা অধ্যাত্মজীবনের অধিকার পায় —এমন-কি দেহ ও প্রাণের যে স্থলে বাধা বিজ্ঞানময় ও চিন্ময় ভূমির অন্ভেবকে ব্যাহত করে রেখেছিল, তারাও তখন অপসারিত হয়। হঠযোগীরা বলেন (অনেক-ক্ষেত্রে তার প্রমাণও দিয়েছেন) যে, আধ্বনিক বিজ্ঞান যাদের প্রাকৃত প্রাণন-ব্যাপারের অপরিহার্য অঞ্গ মনে করে, এমন অনেক স্থলে অভ্যাসের অথবা শারীরক্রিয়ার দাসত্ব হতে নিজেকে তাঁরা মুক্ত করতে পারেন স্থলে প্রাণশক্তিকে স্ববশে এনে।

এইসব প্রাচীন দেহতত্ত্বের গবেষণা হতে জীবনের একটা মর্মসত্য স্পষ্ট হয়ে ওঠে। জড়-পরিণামের বর্তমান পর্বে শক্তি চেতনা ও আধারের যে-র্পই আমাদের মধ্যে ফ্টেন্ক, তা কখনও শাশ্বত নয়। তারও পিছনে এক বিপ্লে স্বর্পশক্তির নিগ্ঢ়ে আবেশ আছে—আমাদের জীবন যার ইন্দ্রিরগ্রাহ্য স্থ্ল বহির্ব্যক্তি মাত্র। স্থ্লেদেহকে স্থিট করেই আমাদের র্পধাতুর সামর্থা নিঃশেষিত হয়ন। এ তো শধ্যে চিংশক্তির ম্ক্রর পীঠ, তার ম্লাধার, তার

প্রবর্তনার আদিবিন্দ। জাগ্রং চেতনার পিছনে ষেমন আছে অবচেতন ও অতিচেতন ভূমির বিপল্ল প্রসার—যার অপ্রাকৃত দীপ্তি কখনও আমাদের চিত্তে ঝিলিক হানে—তেমনি স্থলে অলময় আধারের পিছনেও প্রচ্ছন্ন আছে রুপধাতুর আরও কত স্ক্রা স্তর, যাদের বিপলে বীর্য ও নিগঢ়েচ্ছন্দে এই দেহপিণ্ড বিধাত রয়েছে। যে-চিদা্ভূমিতে তারা রয়েছে, তার মধ্যে অবগাহন করলে প্রাক্ত জড়পিণেডও আমরা তাদের বীর্য এবং ছন্দ নামিয়ে আনতে পারি, মর্ত্যজ্ঞীবনের মৃত্ সংবেগ ও সংস্কারের স্থলে সঙ্কোচকে পরাভূত করে ফ্রাটয়ে তলতে পারি উধর্বলোকের পরিশ্বন্ধ ও নিবিড চেতনা। তা-ই যদি হয়, তাহলৈ পশ্রর মত জন্ম-মৃত্যুর দ্বন্দ্রশাসিত অচরিতার্থ প্রাণবাসনার তাড়নায় ক্ষ্মন-বিকল এই-যে আমাদের সাধারণ জীবন-যার মধ্যে প্রুণ্টি ও দ্বাচ্ছন্দ্য দুর্লভ কিন্তু একান্ত স্কুলভ ব্যাধি ও বিপর্যর—তাকে অতিক্রম করেই এই প্রথিবীর বুকে সার্থক হবে এক মহত্তর জীবনের সম্ভাবনা। যুক্তি-সিন্ধ সত্যদর্শনের 'পরে সে-সম্ভাবনার প্রতিষ্ঠা। অতএব তাকে স্বণ্ন বা মরীচিকা বলে উড়িয়ে দেওয়া চলবে না। এতকাল ধরে **জীবনের ব্যক্ত কিংবা** অব্যক্ত রহস্যের সম্পর্কে যা ভের্বোছ জেনেছি কি অনুভব করেছি, এই অভাবনীয়ের সম্ভাবনার দিকেই তাদের সম্পেষ্ট ইশারা।

বাস্তবিক এ তো অযোক্তিক কিছুই নয়। বিশ্বতত্ত্বের অবিচ্ছিন্ন পরম্পরা এমন ওতপ্রোত হয়ে আছে আমাদের আধারে যে, তাদের একটিকেও অন্থ জ্ঞানে বর্জ ন কবে অপরকে প্রম. ক্তির দিবাচ্ছন্দে লীলায়িত করা যায় না। জড় হতে অতিমানসভূমিতে মানুষের উত্তরায়ণ সম্ভব হলে তার রূপধাতুতেও অনুরূপ ঊধর পরিণাম দেখা দেবে। তখন এই দেহই রূপান্তরিত হবে বিজ্ঞানময় অথবা হির•ময় দেহে—অতিমানসী চেতনার যোগা আধার। সত্তার অবর বিভৃতিসমূহকে জয় করে অতিমানস যদি দিবাপ্রাণন ও দিবামননের নিরঙ্কুশ স্বাচ্ছন্দ্যে তাদের ম.জি দেয়, তাহলে অতিমানস্ধাতুর বীর্যে জড়ত্বের সনস্ত সঙ্কোচ পরাভূত হয়ে এই দেহই কেন ধাতুপ্রসাদের মহিমায় জনলে উঠবে না ? তার অর্থ : শ্বেম্ব-যে নিরুকুশ চেতনার উন্মেষ হবে এই আধারে, অথবা স্থলে ইন্দ্রিজ্ঞানের অপূর্ণ সঞ্চয়ের 'পরে নির্ভার ক'রে যে মন ও ইন্দিয়চেতনা জ্বডময় অহঙ্কারের কারাগারে রুদ্ধ হয়ে আছে, তারাই যে শুধ্ব ম্তি পাবে—তা নয়। প্রাণশক্তিও জড়ের আড়ন্টবন্ধন হতে ছাড়া পেয়ে স্ফ্রিত হবে নবীন বীর্ষে, দিবাপ্রেষের উপযুক্ত ভোগায়তুনর্পে এই পাথিব আধারে উম্মেষিত হবে এক নবীন জীবন, মৃত্যুঞ্জয় মান্ব এইখানেই অর্জন করবে পার্থিব অমৃতত্বের অধিকার। আর তা সে করবে বর্তমান দেহের প্রতি আর্সক্তি কিংবা তার মধ্যে আবন্ধ থেকে নয়, কিন্তু স্থলদেহের নিরতিকত নিরমকে স্বাতন্তার মহিমাতে অতিক্রম করে।...এ শুধু স্বংন নর,

এ সত্য। কেননা, দা,লোকের 'মধন উৎসঃ' হতে, অনাদি স্বর্পানন্দের নিরুত নির্বার হতে 'অম্তত্বের ঈশান' সেই পরমদেবতা অবিরাম এই মনোময় প্রাণভ্ মত্যতন্তে ঢালছেন প্রমান সোমের দিব্যধারা—্যা প্রতি কোশের অণ্তে-অণ্তে সন্তারিত হয়ে এই অশ্লময় আধারকে র্পান্তরিত করছে হিরুম্মী সম্বতন্তে।

স্তবিংশ অধ্যায়

সতার সপ্ততন্ত্রী

পাকঃ প্ছেমি মনসাবিজানন্ দেবানামেনা নিহিতা পদানি। বংসে বন্দয়েহধি সণ্ড তণ্ড্নে বি তত্তিরে কৰয়ে ওতবা উ॥

बर्चम > 156816

মন দিয়ে ধবতে পারি না, তাই তো শ্বধাই অন্তরে নিহিত দেবতাদের এই পদের কথা। একবছরের শিশ্বেক ঘিরে সাতটি তন্তু জড়িয়ে দিলেন কবিরা এই ব্নানিতে। —ঋণ্ণেদ (১।১৬৪।৫)

সন্মাত্রের যে-সপ্তবিভৃতিকে প্রাচীন খ্যাষরা বিশেবর প্রতিষ্ঠা ও সপ্তধা ব্যাকৃতিরূপে জানতেন, তার পুঙ্খান,পুঙ্খ আলোচনায় এতক্ষণে আমরা ধরতে পেরেছি চিংশক্তির সংবত্তি ও বিবৃত্তির সকল ক্রম এবং তার মধ্যে খাজে পেয়েছি আমাদের ঈশ্সিত জ্ঞানের প্রথম সূত্র। আরও জেনেছি, এক বিশ্বোত্তীর্ণ এবং অনন্ত সত্তা চৈতন্য ও আনন্দের মহাচিপটো রক্ষের স্ব-ভাব এবং তা-ই বিশ্বের সকল বস্তুর নিদান ও আধার, আদিতে ও অবসানে তা-ই তাদের তত্ত্বরূপ। চৈতন্যের দুটি বিভাব—একটি তার ভা-রূপ, আরেকটি কৃতি-র প। একটি আত্মসংবিতের প্রতিষ্ঠা ও বীর্য, আরেকটি আত্মশক্তির প্রতিষ্ঠা ও বীর্য। স্বর্পিস্থিতিতে হ'ক অথবা স্পন্দব্রিতে হ'ক, চৈতন্যের এই দুটি বিভাব ব্রহ্মসন্তায় অন্তগ্র্ট। তাই বিস্ফিতৈ সর্বেশনাময় আত্মসংবিৎ দ্বারা আত্মনিহিত বীজভাবকে যেমন তিনি জানেন, তেমনি আবার সর্ববিৎ আত্মশক্তির দ্বারা উৎপাদন ও শাসন করেন বিশ্বসম্ভূতির লীলায়নকে। সর্বসতের এই সিসক্ষার চিৎ-কন্দ নিহিত রয়েছে সম্ভূতবিজ্ঞান বা অতি-মানসের তরীয় পর্বে। সেইখানে দ্বয়দ্ভাব ও দ্বয়ংসংবিতের সঙ্গে এক হয়ে আছে এক দিব্য প্রজ্ঞা এবং ওই প্রজ্ঞার ছন্দে গাঁথা এক সত্যসৎকল্প-ধাতৃ এবং প্রকৃতিতে যা আত্মচেতন স্বয়স্ভাবের জ্যোতির্ময় সিস্ক্লার প্রাণচণ্ডল রূপ। এই প্রজ্ঞা ও সংকল্পের যুগললীলা স্বরূপসত্যের ঋতময় প্রশাসনে নিখিল বিশেবর গতি রূপ ও ধর্মকে বিধান করছে—সর্বভূতের ভাবর্পেকে অট্রট রেখে।

একত্ব আর বহুদের দ্বিদলে এই বিশ্বলীলা একটা ছন্দের হিস্তোল যেন। এক অনাদি অখণ্ড চেতনার বিভৃতির্পে এ যেমন ভাব শক্তি ও র্পের অন্তহীন বিচিত্র পসরা, ভেমনি এক শাদ্বত একত্ব এর স্বর্প—যার ব্ন্তে অগণিত ব্রহ্মান্ডের সহস্রদল লীলাকমল ফুটে উঠেছে সম্মূল, সদায়তন ও সংপ্রতিষ্ঠ' হয়ে। অতিমানসের মধ্যেও তাই দেখা দিয়েছে সংজ্ঞান আর প্রজ্ঞানের যুগল ছন্দ। অখন্ডদবর্পের প্রতায় হতে বহুধা-র্পায়ণের ভাবনায় পরিকীর্ণ হয় তার সংবিতের সহস্ররন্মি। সেঃআলোকে তার সংজ্ঞান তাদাম্যান্ত্রের আবেশে বিশ্বকে বহুধা-বিচিত্র অন্বয় তত্ত্বর্পে অনুভব করে, আবার তার প্রজ্ঞান নিজের মধ্যে বিবিক্তর্পে দর্শন করে নিখিল পদার্থকে নিজেরই প্রজ্ঞা ও সঙ্কল্পের বিষয়র্পে। তার অনাদি আত্মসংবিতে এই বিশ্ব এক সন্তা এক চৈতন্য এক দিব্যক্রতু এক দবর্পানন্দের উল্লাসে দত্তর —তার মধ্যে সমগ্র বিশ্বলীলা একটি অখন্ড দপন্দ মাত্র। অথচ সেই ভূমিকাতে খতন্দভরা কৃতির দৈবী মায়ায় চলছে এক হতে বহুতে, আবার বহু হতে একে অবরোহ এবং আরোহের খেলা। তার মধ্যে খন্ডভাবের আভাস মাত্র আছে, এখনও তা অপরিহার্য বাদ্তবে রূপ ধরেনি। তাকে বলা যেতে পারে একটা অতিস্ক্রা স্বগতভেদের লীলা অথবা অথন্ডের মধ্যে আত্মবিশেষণের একটা কল্পরেখা শুধ্ব। অতিমানসই সে-দিব্যবিজ্ঞান, যাতে ব্রক্ষান্ডের বিস্টিও বিধ্তি ও প্রশাসন। এ সেই অস্তগ্র্ত প্রুবণ প্রজ্ঞা, যাহাতে আমাদের বিদ্যা এবং অবিদ্যা দুইই প্রস্ত।

আমরা এও জেনেছি: মন প্রাণ আর জড় লোকোত্তর দিব্যচেতনার একটা বিধা বিকলপ। বিশেব অবিদ্যার আশ্রয়ে তাদের প্রকাশ এবং প্রবৃত্তি, অখন্ডের বহুধাবিচিত্র খন্ডলীলায় তারা আপাত-আত্মবিস্মরণের একটা ভান মাত্র। অদিব্য হলেও স্বর্পত তারা দিব্য-চতুষ্টয়ের অবর বিভূতি। এই যেমন: মন অতিমানসের একটা অবর বিভূতি—খন্ডভাবনার প্রয়োজনে ব্যবহারদশায় সে অন্তর্গুড় অখন্ডভাবের মধ্যে ফিরে যেতেও পারে। প্রাণও তেমনি সন্ধিদ্যাতনায় আবার সে অখন্ডভাবের মধ্যে ফিরে যেতেও পারে। প্রাণও তেমনি সন্ধিদানন্দের তেজাবিভূতির অবর প্রকাশ। মনের খন্ডকল্পনাকে আশ্রয় করে চিং-তপসের বিভূতিকে ফ্টিয়ে তুলছে সে র্পে-ব্র্পে—এই তার শক্তিলীলা। আবার আত্মসংবিং ও আত্মশক্তির এ-প্রতিভাসকে সিন্ধ করতে সন্ধিদানন্দ যথন তাঁর আত্মসত্তাকে ঘনীভূত করেন দ্রব্যসত্তাতে, তথন তা-ই ধরে জড়ের র্প।

তারও পরে দেহ-প্রাণ-মনের চিংকদে দেখা দেয় চতুর্থ একটি তত্ত্বআমরা যাকে প্রেষ্ বলে জানি। তার দুটি র্প: একটি ফ্টেছে বাইরে
কামপ্রেষ্ হয়ে—রসের পিপাসায় নিরন্তর সে আকুল। আরেকটি আছে
অনেকথানি বা প্রাপ্রির তারই আড়ালে চৈত্য-প্র্যুষর্পে—চিং-প্রেষের
সারগ্রাহী অন্ভব সণ্ডিত হয় যার মধ্যে। এই তুরীয় মান্ষ-তত্ত্বকে আমরা
গ্রহণ করেছি সচিচদানদের আনন্দব্যক্তির্পে—যদিও জগতের জীবপরিণামের
ছল্দে আমাদের প্রাকৃতচেতনার ধারা ধরে তার প্রকাশ ঘটে। রক্ষের সদ্-ভাব

দ্বর্পত এক অনশ্ত চৈতন্য ও তাঁর দ্বধার বীর্য। তেমনি তাঁর অনশ্ত চৈতন্যও দ্বর্পত এক অন্তহান বিশাশ্ধ আনন্দ মান্ত—দ্বপ্রতিষ্ঠা ও দ্বগত-সংবিং যার তত্ত্ব। বিশ্ব রক্ষের 'আনন্দর্পং যদ্ বি-ভাতি'—এ তাঁর দ্বর্পানন্দের উল্লাস। বিরাট্পর্ব্য এই উল্লাসের সম্যক ভর্তা ও ভোক্তা। কিন্তু ব্যক্তিপ্র্ব্যে অবিদ্যা ও খন্ডভাবের প্ররোচনায় তা অধিচেতনা ও অতিচেতনার মধ্যে উপসংহ্ত হয়ে আছে। তাই তাকে খাকে পেতে ও ভোগ করতে হলে উত্তারের পথে জীবচেতনাকে চলতে হয় বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ চেতনার সম্বুদ্রগণ্মের দিকে।

তাহলে আমরা সাতটির জায়গায় আটটি* বিশ্বতত্ত্ব পাই। যদি এইভাবে তাদের সাজাই—

সং জড় (অন্ন)
চিং-শক্তি প্রাণ
আনন্দ পুরুষ
অতিমানস মন

তবে তার প্রথম সারিটি হবে দিব্যচেতনা। আমাদের প্রাকৃতচেতনা হবে তার বিচ্ছ্রণ—দ্বিতীয় সারিতে। এমনি করে আমাদের মধ্যে দিব্যচেতনার অবতরণ এবং দিব্যচেতনার মধ্যে আমাদের উত্তরণ—এই হল বিশ্বলীলার ছন্দ।

ব্রহ্ম তাঁর অতিমানস সিস্ফাকে বাহন করে বিশ্বন্থ সদ্-ভাব হতে বিশ্ব-ভাবে নেমে আসছেন সংবিংশক্তি ও হ্যাদিনীশক্তির লীলায়। আমরাও তেমনি অতিমানসের প্রচেতনাকে আশ্রয় করে জড়ভাব হতে উঠছি ব্রহ্মভাবের দিকে প্রাণ পরেব্রভাব ও মনের ক্রমিক উল্মেষে। পরার্ধ আর অপরার্ধ দ্বেরর গ্রন্থি মন আর অতিমানসের সংগমতীর্থে—সেখানে এক কণ্টব্রকর আবরণ আছে। এই কণ্টব্রকর বিদারণে মান্বের মধ্যে দিব্যজীবনের সিম্পবীর্য ফোটে। তখন অবরসন্তার লোলহান অণিনাম্থা বিপ্রল সংবেগে উত্তীর্ণ হয় যেমন দ্যুলোকের পরমব্যোমে, তেমনি পরসন্তার সোমধারা সম্তাসন্থ্র কলকল্পোলে নেমে আসে এই চেতনাতে। এই মান্বেই তখন মহাভৈরবর্পে সে-অলকানশ্যাকে ধারণ করে তার জটাজালে, এই মাটির ব্বেক বইয়ে দেয় তার উদ্দাম প্রবাহ মহাসম্বের সংগমব্যাকুলতায়। এই মন তখন অতিমানসের মধ্যে খবজে পায় সম্ভৃতিসংবিতের বিপ্রলতা, সর্বাত্মভাবের উচ্ছলিত আনন্দে প্রেষ্ ফিরে পায় তার দিব্যসম্ভোগের স্বাধ্বার, দিব্য সদ্ভাবের স্বচ্ছ

^{*} সাধারণত সাতটি রশ্মির কথা বলেছেন বৈদিক থবিরা; কিন্তু আটটি, নয়টি, দশটি এমন-কি বারটি রশ্মিরও উল্লেখ আছে বেদে।

আধারর পে এই জড়দেহ চিন্ময় স্বাচ্ছন্দ্যে হিল্লোলিত হয়ে ওঠে। এই হল বিশ্ববিবর্তনের পরম তাৎপর্য। আজ প্রকৃতির য্গব্যাপী সাধনা মান্মের মধ্যে মঞ্জরিত হয়েছে। সে কি অস্তিদের অর্থহীন আবর্তনে এবং নিয়তির ম্টেচক্র হতে ব্যক্তির কচিৎ-মৃক্তিতে পর্যবিসিত হবে ? চিৎ আর জড়ের মাঝে আজ মান্মই দাঁড়িয়ে আছে তটস্থ শক্তির বিপ্লে বীর্য ও বৃহৎসামের অনির্বাণ আকৃতি নিয়ে। তার এই বিরাট স্বংন কি হতাশ্বাসের র,ঢ় আঘাতে ভেঙে যাবে ? একদিন জেগে উঠে সে কি দেখবে—সমসত জীবন একটা মায়ার ছলনা, বিশেবর সাধনা নির্থক একটা আয়াস মাত্র—অতএব বিশেবর সম্পূর্ণ নিরাকৃতিতেই আছে একমাত্র সত্য এবং সাল্যনা ?...কিন্তু এ তো শৃধ্য আমাদের মনের মায়া। অথন্ড দেশনৈ চেতনার অনন্ত ব্যাপ্তিতে সমস্তই যে প্রাণময় চিন্ময় আনন্দময়—বিশেবর প্রমৃক্ত প্রাণের হিল্লোলে কোথায় বন্ধন ? ব্যাক্তির কচিৎ-মৃক্তির কল্পনা মনের নির্চ পণ্যাভাল্য সংস্কার মাত্র। তাই বিশ্বকে পরিহার করে নয়, তার হিরণ্ময় র,পাণ্তরেই প্রকাশ পায় মান্মের সাধনবীর্য এবং তাতেই বিশ্বলীলার চরম ও পরম পর্যবসান।

কিন্তু মনন ও সাধনার যে অনুক্ল পরিবেশে এই দিব্য রূপান্তর তাত্ত্বিক সম্ভাবনা হতে বাদতব সম্ভূতির বীর্ষে হফ্রেরত হবে, তার সম্যক আলোচনা করবার পূর্বে আমাদের অনেক-কিছ্বই ভাবতে হবে। সচিচদানদের বিশ্বরূপে অবতরণের তত্তটি আমরা এতক্ষণ বোঝবার চেণ্টা করেছি। কিন্ত আমাদের এই পরিদৃশামান বিশ্বে সে-অবতরণ সার্থক হয়েছে কোন বিপল ঋতায়নে, কি-ই বা তাঁর চিং-শক্তির প্রকটলীলার প্রকৃতি এবং প্রবৃত্তি, তার আলোচনা আমরা এখনও করিন। । প্রথমেই দেখতে পাচ্ছি, আমাদের আলোচিত সাতটি বা আটটি তত্ত্বের প্রত্যেকটি বিশ্ব-বিস্পিটির সর্বার অনুসাতে হয়ে আছে, অতএব আমাদের মধ্যেও তারা রয়েছে ব্যক্ত কিংবা অব্যক্তর্পে। কেননা বেদের ভাষায় এখনও আমরা 'একবছরের শিশ্ব মার'—পরা প্রকৃতির পূর্ণযুবক সন্তান হতে এখনও আমাদের ঢের দেরি। সং-চিং-আনন্দের পরা ত্রিপটৌ সর্বভতের উৎস ও প্রতিষ্ঠা—তাঁর মধ্যেই তারা লীলায়িত। এই নিখিল বিশ্ব তাঁর স্বর্পসত্তার প্রকাশ এবং বিস্থিট। বিশেবর র্পরেখা ফুটেছে সর্বশূন্য অসং হতে এবং তার মধ্যে সে ভাসছে পরম নাস্তিম্বের বু-বুদর্পে—একথা অশ্রদেধয়। এ-বিশ্ব হয় অনন্ত অরুপ-সতের বিলাস, নয়তো সেই সর্ব-সতেরই আত্মর্পায়ণ। বিশ্বের স**েগ** তাদা**ত্মা**বোধে আমরা অন্তব করি, তার এ-দ্বটি র্পই যগেপং সত্য। অর্থাং অন্তহীন ছন্দো-লীলায় সেই সর্বসংই এই বিশ্বর্প হয়েছেন—দেশ ও কালের দোলায় তাঁর আত্মপ্রসারণের চিন্ময় বিলাস দুলিয়ে দিয়ে। আধার ছাড়া ক্রিয়া অসম্ভব। তাই বিশ্বলীলার আধাররূপে স্ফুরিত হল তাঁর সন্ধিনীশক্তি—উপনিষদের

ভাষায় যা 'অম্তস্য সেতৃঃ লোকানাম্ অসংভেদায়।' আবার এই সন্ধিনীশক্তির ম্লে রয়েছে এক অনন্ত সংবিংশক্তির বিলাস—কেননা এক সর্বনিয়ামক বিশ্বন্ডর কতু সে-শক্তির স্বর্প, যা বিশ্বের সকল বিভূতিকে আত্মচেতনার পর্যায়র্পে গ্রহণ করে। বিশ্বক্রত্ব এই গ্রহণ ও নিয়মন সম্ভব হত না, যদি তার বিশ্বসংবেদনের অধিন্ঠানর্পে এক সর্বাবগাহী সম্ভূতিসংবিং না থাকত। শান্ধ-সন্মাত্রের আত্মবিভাবনার্পী যে বিচিত্র কলনাকে পরিদ্শামান বিশ্ব বলে জানি, এই সম্ভূতিসংবিং হতে তার উদ্ভব, তারই মধ্যে তার ধ্তি স্থিতি ও বিচ্ছুরণ।

শেষ কথা। চৈতন্য যখন সর্বাবিং ও সর্বেশ্বর অকণ্ঠ আত্মপ্রতিষ্ঠার জ্যোতিতে প্রভাহ্বর, আর এই জ্যোতিম'র অত্মপ্রতিষ্ঠা যথন নিরবচ্চিত্র দ্বর্পবিশ্রান্তি বলে দ্বভাবতই আনন্দর্প—তথন এক বৃহৎ সর্বগত দ্বর্পা-নন্দই বিশ্বভাবের নিদান স্বরূপ এবং তাৎপর্য। উপনিষদের ঋষি তাই বলেন 'যদি এই সদান্যদের সর্বাবগাহী আকাশ না থাকত আমাদের আয়তন-রূপে, এই আনন্দই যদি না হত আমাদের চিদাকাশ, তাহলে কে বাঁচত, কে-ই বা ফেলত নিঃশ্বাস ?' এই আত্মানন্দ প্রাকৃত চেতনায় অব্যক্ত এবং অবচেতনায় নিগ্রে হতে পারে। কিন্তু তব্ব সন্তার মর্মাম্বলে তার অধিষ্ঠান চাই, সমস্ত জীবন হওয়া চাই তার এষণায় তারই সম্ভোগের আকৃতিতে চণ্ডল। তাই তো দেখি বিশ্বের যে-কোনও জীব যতই নিবিড় করে নিজেকে পায় অবন্ধ্য সঙ্কল্পে ও বীর্যে, প্রদীপ্ত জ্যোতিতে ও বিজ্ঞানে, উদার স্থিতিতে ও ব্যাপ্তিতে, উচ্ছবসিত প্রেমে ও আনন্দে—ওই গ্রহাহিত আনন্দসংবিতের স্পর্শ ততই তাকে উন্মনা করে। সন্তার উল্লাস তত্ত্বদর্শনের আনন্দ, সিন্ধ সঙ্কল্প বীর্য ও সিস্কার উন্মাদনা, প্রেম-সামরস্যের আত্মহারা রসোদ্গার—বিশ্ব জ্বড়ে প্রাণ-প্রসারের এই রীতি। কেননা বিশ্বসত্তার মর্মান্লে, তার অনালোকিত তত্যাশখরে কাঁপছে এই আনন্দবেদনার মুন্ধ শিহরন। অতএব যেথানেই বিশ্বের রূপায়ণ, সেখানেই তার অন্তরে ও অন্তরালে আছে এই দিব্যব্রয়ীর मीमा ।

কিন্দু অননত সন্তা চৈতন্য ও আনন্দ কেন প্রতিভাসর্পে আপনাকে বিস্ভ করবে? আর যদিই-বা করে, সে কখনও বিশ্ব-র্প ধরবে না—তার অনতহীন অভিব্যঞ্জনায় কোনও ঋতের শাসন অথবা সন্বন্ধের যোগাযোগ থাকবে না। তাই মহাগ্রিপ্টীর সংগ্য যুক্ত করতে হয় চতুর্থ একটি বিভাব—আমরা যাকে বলেছি অতিমানস অথবা দিবা প্রজ্ঞা। প্রত্যেক বিশ্বে থাকবে এক দৈব বিজ্ঞান ও সঙ্কল্পের বীর্য, যা অন্তহীন সন্ভৃতির অব্যাকৃতিকে বিশিষ্ট সন্বন্ধে ব্যাকৃত করবে, বীজ্ঞাব হতে ফ্রিরে তুলবে ফলিত পরিণাম, বিশ্ব-বিধানের বিপ্রেল ছল্দঃসম্হকে করবে লীলায়িত, অননত-অম্ত কবি ও শাস্তা-

রূপে অগণিত ব্রহ্মান্ডের প্রশাসন করবে দিবাদ্ভির প্রদ্যোতনায়। * এই বীর্য সাঁচ্চদানদেরই স্বর্পশক্তি। যা তার স্বয়স্ভসত্তায় নিহিত নাই, এমন-কিছ, সে কখনও সৃষ্টি করে না। তাই বিশেবর সকল ঋতুময় বিধান অন্তর হতে প্রবর্তিত হয়। কেউ তারা আগন্তুক নয়; সমন্ত পরিণতিই আত্মন্দরুরণ মাত্র। বস্তুর বীজে তার স্বর্পসত্যের দ্র্ণ আছে। বস্তুর পরিণামে তারই নিগ্টে সামর্থ্য স্ফারিত হয়। বিধিমাত্রেই 'রত' অর্থাৎ অন্তর্গ_{ট্}ট চিংশক্তির একটি স্বাভীষ্ট ধারা, অতএব সম্সত বিধিই ঐকান্তিক অর্থাৎ সন্তার অন্তহীন সম্ভূতির একটি মাত্র বিভূতি। প্রত্যেক বস্তুতে অনবশেষ সম্ভাবনা **নিহিত** আছে—নির্পিত রূপ ও রীতিকে ছাপিয়ে। অন্তর্গাঢ় অন্তহীন স্বাতন্দ্যের বশে বিজ্ঞানের যে-আত্মসঙেকাচ, তাই বস্তধর্মের বৈশিষ্ট্য হয়ে ফোটে। আত্মসংকাচের সামর্থ্য স্বভাবর্পে অসীম সর্ব-সতের মধ্যে নিহিত আছে। অনন্ত যদি অন্তহীন বৈচিত্রো নিজেকে রূপায়িত করতে না পারেন, তাহলে তাঁকে অনন্ত বলা চলে না। তেমনি নির্বিশেষের প্রজ্ঞা বীর্য সঙ্কলপ ও বিস্তিতৈ যদি অন্তহীন আত্মবিশেষণের সামর্থ্য না থাকে, তবে তাকেই-বা াক করে নির্বিশেষ বলে মানি ? এইজন্য বলি, বিশেবর সমস্ত শক্তি ও সত্তায় এই অতিমানস ঋত-চিৎ বা সম্ভূতবিজ্ঞানরূপে অন্স্যুত রয়েছে। **স্ব**রং অনন্ত হয়েও সান্তলীলার সে প্রযোজক—মহা বিশ্ববিভৃতির ঋতময় বিচিত্র সম্বন্ধজালকে সে-ই নির্পিত করছে, তাদের বিধৃতি ও যোগাযোগ ঘটছে তারই প্রশাসনে। বৈদিক ঋষিদের ভাষায়, অনন্ত সত্তা চিতি ও আনন্দ যেমন নামহীনের গ্রেয় ও প্রম নাম, তেমনি এই অতিমানসও তাঁর তুরীয় নাম* —তৎ-স্বরূপের অবতরণের পথে সে যেমন তুরীয়, তেমান তুরীয় আমাদের উত্তরণের পথেও।

কিল্তু মন-প্রাণ-জড়ের অবর গ্রিপ্টোও বিশ্বভাবনার পক্ষে অপরিহার্য — প্রিবীতে অথবা জড়বিশ্বে নিত্যদৃষ্ট কুণ্ঠিত রূপ ও বৃত্তি নিয়ে নিশ্চয় নয়, কিল্তু তাদের জ্যোতির্মায় স্ক্রবীর্য অপর্প লীলায়নে। কারণ, মন স্বর্পত অতিমানসের বৃত্তি। বস্তুকে সে মিত এবং সীমিত করে, একটি বিশেষ কেল্র হতে দেখে বিশ্বলীলার ঘাতপ্রতিঘাত। এমন ভূমি অথবা লোক, কিংবা বিশ্বব্যাপারে এমন ব্যবস্থাও আছে, মন যেখানে সীমার বাধন ছাড়িয়ে গেছে। হয়তো সেখানে মনকে গৌণবৃত্তিরূপে ব্যবহার করছে যে-প্রেম, তার অন্যকেল্র বা ভূমি হতেও দেখবার সামর্থ্য আছে—এমন-কি বিশ্বর পরিবিশ্ব হতে অথবা বিশ্বব্যাপ্ত আছেবিকরণের বৃহৎ ভাবনায় বিশ্বকে দর্শন করাও তার

^{*} কবি, মনীষী, স্বয়ম্ভূ তিনি—পরিভূর্পে হয়েছেন সব-কিছ্বু সকল ঠাই। —ঈশোপনিষদ ৮

^{* &}quot;তুরীয়ং স্বিদ্"—তুরীয় একটা-কিছ্ব; একে 'তুরীয়ং ধাম'ও বলা হয়েছে।

পক্ষে অসম্ভব নয়। কিন্তু তব্ব দিবাকমের বিশেষ প্রয়োজনে তার যদি একটা নিজম্ব ভূমিতে নিজেকে প্রতিষ্ঠিত করবার সামর্থ্য না থাকে অমনীভাবের ভূমিতে যদি বিরাট আত্মবিকিরণের জ্যোতির,চ্ছবাস থাকে শুধু, অনুনত চিদু-বিন্দর বিচ্ছ্রেরণে যদি না থাকে স্ব-তন্ত্র আত্মবিশেষণের অথবা আত্মসংহরণের সম্ভাবনা—তাহলে বিশেবর বিস্ফিট সেখানে সম্ভব হয় না। আমরা সে-ভূমিতে পাই শ্ব্ব এক দিবা-প্রেয়ের আত্মগত অন্তহীন ভাবনা--শিল্পী বা কবির ম্ব-তন্ত্র অথচ অরূপ ভাবনার মত, যার মধ্যে বিশিষ্ট সূষ্টির কোনও কল্পনা এখনও ফোর্টোন। সন্তার অন্তহীন প্রসারে কোথাও-না-কোথাও এমন-একটা ভূমি থাকলেও আমরা তাকে 'বিশ্ব' বলতে পারি না। সে-নির**ুপাখ্যের** নধ্যে ঋতের যে-ছন্দই থাকুক, তাতে নিয়ম নাই, বাঁধ্নিন নাই। অতিমানসের এমন মৃক্তচ্ছন্দ ঋতায়ন শৃংধ, তখনই সম্ভব, যখন তার অব্যাকৃত জ্যোতিব ছিপময় প্রসরণে পরিণতির বিশিষ্ট ধারা, পরিমিতির রূপরেখা এবং অন্যোন্যসম্বন্ধের চিত্রলীলা দেখা দেয়নি। এই পরিমিতি ও ক্রিয়াব্যতিহারের জন্যই মনের প্রয়োজন হয়—র্যাদও সে-মন তখনও নিজেকে অতিমানসের গৌণ-ব্যত্তি বলে জানবে, তার অন্যোন্যসম্বন্ধের ক্রিয়া তখনও মর্ত্যপ্রকৃতিতে অব-রুদ্ধ সীমিত অহন্তার আগ্রিত হবে না।

এমনি করে অতিমানসের সংকল্পে মন দেখা দিলে প্রাণ ফুটবে, ফুটবে রূপধাত্র ব্যাকৃতি। কারণ, শক্তি ও ক্রিয়ার সবিশেষ নির্পণই প্রাণের ধর্ম— অগণিত নিয়ত চিংকেন্দ্র হতে তেজোবিচ্ছরেণের ব্যাতহারকে নিয়ন্তিত করা তার স্বভাব। অবশ্য চিংকেন্দ্র নিয়ত হলেও দেশে অথবা কালে তারা নিয়ত নয়। জগতীচ্ছন্দের সহস্রদলকে যে-শাশ্বতপরেষ ধরে আছেন, তাঁর হিরণ্য-জ্যোতিতে তারা ভাসছে নিত্যসহচরিত অনন্ত চিৎকণের সিন্ধসন্তারূপে। আমা-দের পরিচিত বা কল্পিত প্রাণলীলার সংগে এই দিব্য প্রাণলীলার কোনও সাদৃশ্য না থাকলেও দুয়ের মূলতত্ত্ব এক। প্রাচীন ঋষিরা একে বলেছেন 'বায়,'। বিশেবর সে-ই প্রাণধাত বা দিবাক্রতুর তেজোঘনর্প—যা র্পে কর্মে চিত্তলীলায় বিশ্বময় নিজেকে ব্যাকৃত করছে। তেমনি স্থ্লদেহের অন্ভব হতে আমরা যে-র প্রধাতর কল্পনা করি, তাও যথার্থ নয়। কেননা র প্রধাতুর প্রকৃতি আরও স্ক্রা, তার আত্মবিভাজন ও অন্যোন্যপ্রতিরোধের ব্রত্তি জড়-ভূতের মত আড়ন্ট কঠিন নয়। তত্ত্বত দেহ আর রুপ চিংশক্তির সাধন মাত্র— তার কারাগার নয়। তব্ বিশ্বময় <u>ক্রিয়াব্যতিহারে র্পধাতুর একটা বিশিষ্ট</u> সংহনন একান্ত প্রয়োজন—এমন-কি সে-সংহনন যদি মনোময় তনতেে **অথবা** তার চাইতেও সাস্ক্রা জ্যোতির্মায় সত্তুতনতে প্রকাশ পায়-যার বীর্ম ও স্বাতন্ত্রের চিন্মর বিলাস কামচারী মনের স্ক্রেতম লীলাকেও ছাপিয়ে গেছে —তাতেই-বা ক্ষতি কি।

অতএব যেখানে বিশ্ব আছে. সেখানে প্রমার্থসতের ওই সপ্তরশ্মি বর্ণালির বিচ্ছারণও আছে। তারা পরম্পর ওতপ্রোত হলেও, কখনও কোথাও প্রথমত একটি তত্ত স্বপ্রধান হয়ে দেখা দেয়। তারপর ত্মার যা-কিছ, ফোটে, মনে হয় ওই প্রধানেরই তারা রূপায়ণ এবং পরিণাম—বিশ্বব্যাপারে কোনও স্বয়ংসিন্ধ সত্তা যেন তাদের নাই। কিন্তু এ-ধারণা ভুল। মায়ার মুখোসে তত্ত্বের রূপ ঢেকে বিশেবর এ একটা ল্কাচ্বিরর খেলা শ্বে। যেখানে একটি তত্ত্বের প্রকাশ, জানতে হবে আর-সব তত্ত তার পিছনে আছে—নিশ্চেম্টভাবে প্রচ্ছন্ন হয়ে নয় শুধু, নিগঢ়ে শক্তিসণ্ডারের ব্রতকে বহন করে। কোনও ব্রহ্মান্ডে হয়তো সন্তার সাতটি তন্ত্র সরেম্ছেনায় বেজে উঠেছে তীব্র অথবা কোমল ঝঙ্কারে। কোথাও হয়তো এর্কাট তন্ত্রের ঝঙ্কার ছাপিয়ে উঠেছে আর-স্বাইকে—সেখানে আর-স্ব সূর দিত্মিত, সংবৃত্ত। কিন্তু যা সংবৃত্ত তা বিবৃত্ত হবেই—এই হল বিশ্বের শাশ্বত বিধান। একটি তত্ত্বের মধ্যে আর-সব ততুকে সংবৃত্ত রেখে যে-ব্রহ্মাণ্ডে প্রাণের যাত্রা শুরু, সেখানেও একদিন সত্তার সপ্তধা বীর্য উন্মেষিত হবে, ঝংকুত হবে তার সাতটি নাম।* তাই এই জড-বিশ্বকেও স্বভাবের বশে অন্তর্গ চু প্রাণ হতে ব্যক্ত প্রাণের লীলা ফোটাতে হয়েছে সংবৃত্ত মনকে বিবৃত্ত করতে হয়েছে ব্যক্তমনের রূপায়ণে। অতএব এই ধারাতেই অব্যক্ত অতিমানস হতে এর পরে তার মধ্যে জাগবে অতিমানসের ব্যক্তজ্যোতি, প্রচ্ছন্ন চিৎস্বরূপ উদ্ভাসিত হবে সং-চিৎ-আনন্দের ভাস্বর মহিমায়। শ্বে এই প্রশ্ন : এই প্রথিবীই কি সেই জ্যোতির ৎসবের রঞ্জ-ভাম হবে ? এই প্রথিবীতে কিংবা অন্য-কোনও প্রথিবীতে, এই যুগে কিংবা মহাকালচক্রের অন্য-কোনও আবর্তনে, এই মান্যই কি তার সাধন এবং আধার হবে ? প্রাচীন ঋষিরা মানুষের এই মহৎ সম্ভাবনাকে বিশ্বাস করতেন, একে তার দিব্য নিয়তি বলে জানতেন। আধ্বনিক মনীষী এর কম্পনাকেও মনের কোণে ঠাঁই দেন না-ঠাঁই দিলেও তাকে আড়াল করে দাঁড়ায় হয় নাস্তিক্য নয়তো সংশয়। তাঁর কম্পিত অতিমানব প্রাণময় অথবা মনোময় মানবের রাজসংস্করণ মাত্র—কেননা প্রাণ-মনের সীমার কুণ্ডলীকে ছাড়িয়ে তার ওপারে তাঁর দূষ্টি চলে না। জগতের প্রগতি-অভিযানে এই মানুষের মধ্যে যখন বৃহৎ জ্যোতির দিব্য স্ফু, লিঙ্গ সমিন্ধ হয়েছে, তখন অভীপ্সাকে খর্ব অথবা নিজিতি না করে তাকে উদ্দীপিত করাই তো স্বৃদ্ধির পরিচয়। মান্ধের অন্তর্গড়ে বিপ্ল সামর্থ্যের এই-যে কুণ্ঠাহত আপাত-প্রকাশ, তার সঙ্কীর্ণ পরিসরের মধ্যেই আমাদের আশা এবং আকাঞ্চা কেন রুখে থাকবে? জীবনের এ-পর্বকে

^{*} প্রত্যেক রন্ধান্ডেই তত্ত্বসংবরণের যে প্রয়োজন আছে, তা নর। একটি তত্ত্ব মুখ্য, আর-সব`গোপ, অথবা একটি তত্ত্বের অন্তর্ভুক্ত আর-সব তত্ত্ব, এমন ছন্দও সম্ভব। সন্তরাং বিশ্ববিস্ভিত্ন ব্যাপারে পরিগমের ক্রিয়া একেবারে অপরিহার্শ নর।

কেন মনে করব না শ্ধ্ব গ্রহ্গহেবাসের পর্বর্পে? দ্ভিটকে যত প্রসারিত করব, অভীপ্সাকে যত উদগ্র করব, ততই বিপল্লতর সত্যের নিরন্ত নিঝার নেমে আসবে এই আধারে—ঋতন্তরা চিংশক্তির এ-ই বিধান। কেননা অনাদিকাল হতে সে-সত্য প্রচ্ছন্ন হয়ে আছে আমাদের মধ্যে—ব্যক্ত প্রকৃতির ছন্ম আবরণ হতে তার প্রম্বাক্তির অনির্বাণ আক্তি জবলছে এই আধারেরই অণ্তে-অণ্তে।

অন্টাবিংশ অধ্যায়

অতিমানস মানস ও অধিমানস মায়া

কতেন কতমপিহিতং ধন্ধং বাং স্থাস্য যত বিম্পুণ্ডাশ্বান। দশ শতা সহ তম্পুন্তদেকং দেবানাং শ্রেষ্ঠং বপুষামপশ্যম্॥

करन्यम ७।७२।७

ঋতের শ্বারা সংবৃত আছে এক ধনুব, এক ঋত, সূর্য যার মধ্যে বিমৃত্ত করেন তাঁর অশ্বদের। দশ-শত (রশ্মি তাঁর) একর হল—সেই তো অন্বিতীয় তং। দেবতাদের সকল বপুর শ্রেষ্ঠ বপু দেখলাম আমি।

अटन्वम (७।७२।७)

ছির-মন্ত্রেন পাতেশ সভ্যস্যাগিছিতং মৃথম্।
তং দং প্ৰস্নপাবৃণ্ সভ্যধর্মায় দৃষ্ট্রে ॥
প্ৰস্নেকবর্ষ বস স্ব্ প্রজ্ঞাপত্য ব্যহ রুম্মীন্ সমূহ ভেজো,
যতে রুপং কল্যাণভ্যং ভতে পশ্যামি।
যোহসাবসৌ প্রুবং সোহহ্মসিম।

जेलाशनियर ১৫,১৬

হিরণ্মর পাত দ্বারা অপিহিত রয়েছে সত্যের ম্খ, তাকে হে প্যা, কর অপাব্ত—সভাধর্মের তরে, দ্িট্র তরে। হে স্যা, হে একবি, ব্রহিত কর তোমার রাশ্ম যত, সম্হিত কর তাদের; তোমার যে কলাণ্ডম র্প, তা-ই দেখব আমি...ওই—ওই যে প্র্য-সেই তো আমি।

—ঈশোপনিষদ (১৫.১৬)

সভাষ্ ঋতং বৃহং।

अथर्व त्वम ১२।১।১

সত্য--খত--বৃহং।

—অথর্ব বেদ (১২ IS IS)

সভ্যপান্তপ। সভ্যমভবং যদিদং কিপ।

তৈত্তিরীয়োপনিষং ২।৬

তা হল সত্য এবং অন্ত দুই-ই। তা হল সতা—এমন-কি এই বা-কিছু।
—তৈত্তিরীয় উপনিষদ (২।৬)

একটা বিষয় অদপন্ট থেকে গেছে আমাদের আলোচনায়—এইবার তাকে দপন্ট করতে হবে। বিশ্বজগৎ কি করে অবিদ্যার অবরলোকে নেমে এল? মন প্রাণ বা জড়ের নির্ট দ্বভাবে এমন কিছ্ই তো ছিল না, যা বিদ্যা হতে তাদের দ্রুট করবে। অবশ্য এটকু ব্বেছে: বিশ্ব- ও তুরীয়-চেতনার অশ্গীভূত হলেও অবিদ্যার ম্লে আছে চেতনার খণ্ডভাব। তত্ত্বত তাদের অবিনাভূত হরেও ব্যক্টিচতনা তার উৎস হতে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। অতিমানস সত্যের

গোণবৃত্তি হয়েও মন তা থেকে বিষ্কুত্ত হয়েছে, আদাশক্তির বীর্যবিভূতি হয়েও প্রাণ হয়েছে স্বাধিকারচ্যুত, শুন্ধ-সতের রুপায়ণ হয়েও জড় বিবিক্ত হয়ে রয়েছে। খণ্ডভাব আছে জানি। কিন্তু অখণ্ডের মধ্যে কি করে তার বিদাররেখা দেখা দিল, শুন্ধ-সন্মাত্রে কি করে এল চিংশক্তির এই আত্মসংখ্কাচ বা আত্মবিল্যপ্তির মায়া, সেকথা এখনও আমাদের কাছে স্পণ্ট হয়নি। নিখিল বিশ্ব যথন চিংশক্তির স্পন্দ ছাড়া আর কিছ্ই নয়, তখন তার পূর্ণ জ্যোতি ও অখণ্ড বীর্যকে কোনও উপায়ে আচ্ছন্ন করে তবেই অবিদ্যার এই প্রবেগ ও সার্থক পরিণাম দেখা দিতে পারে। কিন্তু বিদ্যা-অবিদ্যার আলোআঁধারিতে যেগাধ্যলিলোকের স্টিট হয়েছে আমাদের চেতনায়, অতিমানস সত্যের মধ্যাহ্রন্দিপ্ত আর জড় অচিতির অমানিশার মাঝে সেই-যে অনতিব্যক্ত সন্ধিচেতনা, তার প্রখন্প্রখ বিশেল্যণ ছাড়া অবশ্য এ-সমস্যার সমাধান হবে না। এখন সংক্ষেপে এইট্রুকু বলা চলে, চিংপ্ররুষের বিশেষ-একটি স্থিতি এবং স্পন্দের পরে ঐকান্তিক অভিনিবেশই অবিদ্যার স্বরুপ। তার আড়ালে সন্তা আর চৈতন্যের বাকী অংশ ঢাকা প'ড়ে শুধ্ব ওই একদেশী খণ্ডজ্ঞানই একান্ত হয়ে দেখা দেয়।

কিন্তু সমস্যার একটা দিকের আলোচনা এখনই করা দরকার। পূর্বে বলেছি, আমাদের মন অতিমানস ঋত-চিতের গোণ প্রবৃত্তি হতে সুষ্ট । অথচ প্রাকৃত মনের সঙ্গে অতিমানসের কী দুস্তর বাবধান! চেতনার এই দুর্টি ভূমির মাঝে যদি আরোহ-অবরোহের কোনও সোপানমালা না থাকে, তাহলে জড়ের মধ্যে সংবৃত্ত হয়ে চিতের নেমে আসা, কিংবা উত্তরণের সংগোপন সোপান বেয়ে চিতের মধ্যে বিব্তু জড়ের ফিরে যাওয়া—এই দুটি ক্রম শুধু,সংশয়িত নয়, অসম্ভব হয়। প্রাকৃত মন অবিদ্যার বিভূতি—সত্যের সন্ধানে সে অন্ধকারে হাতড়ে বেড়াচ্ছে। তার হাতে ঠেকছে শ্ব্ধু মনোময় বিকল্প এবং তারই নানা ছবি—ভাবে, ভাষায়, সংস্কার আর ইন্দ্রিয়ের অপ্পন্ট তুলির টানে। ওরা যেন কোন্ স্কানুরের দুর্জ্জের জ্যোতির্লোকের ছায়াতপের মায়া !...কিন্তু সত্যের মধ্যে অতিমানসের স্বচ্ছন্দ ও বাস্তব প্রতিষ্ঠা। তার রূপায়ণ তত্ত্বের সত্য পরিণাম—খেয়াল নয়, ছবি নয়, অসিন্ধ বিকল্পের ছায়া নয়। অবশ্য আমাদের মধ্যে মনের পরিণাম আজও শেষ পর্বে পেশছর্মান। অল্লময় ও প্রাণময় কোশের কুর্হেলিকায় আজও সে আচ্ছন্ত ও পঙ্গা হয়ে রয়েছে। এই প্রাকৃত মনের উৎসর্পী যে-শান্ধমন তত্ত্বপূপে জড়ের মধ্যে নেমে এসেছে, তার বিপলে বীর্যের সন্ধান আজও আমরা পাইনি। আপন ভূমিতে তার স্বাধিকারের অকুণ্ঠ স্বাতন্তা, তার কৃতিতে দাংলোঁকের ঝলক, তার প্রেরণায় স্ক্রাচ্চন্দের লীলা অনাবরণ সত্যের দ্যাতিতে ঝলমল তার রূপা-রণ। কিন্তু তবু প্রাকৃত মন হতে স্বভাবধর্মে তার কোনও তাত্ত্বিক বৈলক্ষণ্য নাই। কেননা এ-মনও অবিদ্যাম্পন্ট, ঋত-চিতের অবিনাভূত বিভাব এ নয়।

শন্দধ-সন্মাত্রের এই আরোহ-অবরোহের মাঝে নিশ্চয় কোথাও চিদ্বীর্যের একটা অন্তরিক্ষলোক—এমন-কি দিব্য সিস্ক্ষার একটা অনাদি সংবেগ আছে, যার ভিতর দিয়ে বিদ্যামন হতে অবিদ্যামনের সংবৃত্তির ধারা নেমে এসেছে, অতএব যাকে ধরে বিবৃত্তির উজান-বওয়া আবার সম্ভব হবে। নামবার বেলায় এমন-একটা অন্তরিক্ষলোক থাকা যেমন যুক্তিসিম্ধ, তেমনি ওঠবার বেলাতেও তার প্রয়োজন পদে-পদে। অবশ্য প্রকৃতির উধর্ব পরিণামে অন্যোন্যবিচ্ছিল্ল পর্বভেদ অনেক আছে। এই যেমন, অব্যাকৃত শক্তি হতে জেগেছে জড়ের ব্যহভাব, নিম্প্রাণ জড় হয়েছে প্রাণে সঞ্জীবিত, অবচেতন বা অবমানস প্রাণ হতে ফুটেছে চেতনা বেদনা ও প্রবৃত্তির লীলা, মৃঢ় পশ্মন মঞ্জারত হয়েছে মান্বের মধ্যে যুক্তি ও কম্পনায়—যে শাধ্য প্রাণের নয়, নিজেরও সাক্ষ্যী ও শাস্তা, এমন-কি অকুণ্ঠ স্বাতন্ত্যের সামর্থ্যে নিজেকে ছাড়িয়ে যাবার সচেতন প্রয়াসও তার দৃষ্ণকর নয়। এসব দেখে মনে হয় প্রকৃতি যেন লাফিয়ে চলেছে এক পর্ব হতে আরেক পর্বে। অথচ অতিব্যবহিত দৃটি পর্বের মাঝেও আছে র্পান্তরের যে-স্ক্ষাক্ষম তাতেই পর্বভেদকে অসম্ভব কি অকম্প্য মনে হয় না। তাই অতিমানস খত-চিৎ আর অবিদ্যামনের মাঝে ব্যবধান দৃষ্ণতর হওয়া সম্ভব নয়।

দুয়ের মাঝে ক্রমভাবনার একটা অর্ন্তরিক্ষলোক অসম্ভব না হলেও, স্বভা-বতই কিন্তু তার স্থিতি হবে প্রাকৃত মনের এলাকা ছাড়িয়ে—কেননা ব্যাবহারিক জীবনে আজ পর্যন্ত তার কোনও আভাস আমরা পেয়েছি একথা তো বলতে পারি না। মানুষের চেতনা তার মন দিয়ে সীমিত। তাও মনের তন্ত্রীর সব পর্দা সে চেনে না। মনের তলায় যা অবমানস হয়ে আছে, কিংবা মনোধমী হয়েও যা তার অগোচর, স্বচ্ছন্দে তাকে সে অবচেতন বলে মেনে নেয়—এমন-কি নিভাঁজ অচেতনা হতেও তার তফাত বোঝে না। তেমনি, যা মনের ওপারে, মান,যের প্রাকৃত অনুভবে তা অতিচেতন—এমন-কি তাকে অনুভবশূন্য ভাৰতেও তাব দিবধা নাই। অথবা তার স্তব্ধ চেতনায় সে যেন অচিতির জ্যোতির্মায় তিমিবগঞ্চিন। যেমন রং বা সুরের অনুভব মানুষের এতই সংকীর্ণ যে বাঁধা কতকগুলি পর্দার উপরে-নীচে কিছুই ধরতে পারে না, ধরতে গেলে সব তার একসা ঠেকে— তেমনি তার মনের চেতনাও ঘাটবাঁধা, তার দুই প্রাম্পে রয়েছে অসামর্থোর অবরোধ, তাকে ডিঙিয়ে উপরে ওঠবার কি নীচে নামবার কোশল সে জানে না। পশ্র মানুষের সগোত্র এবং চেতনার পর্যায়ে ঠিক তার নীচের ধাপে। অথচ পশ্রচেতনার সঙ্গে তার যোগাযোগ কত সামান্য। পরিচিত মনোধর্মের সংগে খাপ খায় না বলেই, পশরে মন বা সত্যকার চেতনা নাই-এমন কথাও বলতে তার বাধে না। মনোময় চেতনার নীচে যে রয়েছে, তাকে সে বাইরে থেকেই দেখতে পায়, তাই তার সপো যোগাযোগ ঘটানো বা তার মর্মে অনপ্রেবেশ করা তার অসাধ্য। অতিচেতন ভূমিও তেমনি মানুষের কাছে বন্ধ-করা ব**ইএর**

মত—তার পাতাগর্বল সাদা কি না তা-ই বা কে জানে !...চেতনার উত্তরভূমি সম্পর্কে সচেতন হবার কোনও উপায় নাই, এই কথাই শ্রের্তে মনে হয়। তা-ই বাদ হয়, তবে আরোহের সোপানর্পে তাকে ব্যবহার করাও সম্ভব নয়। অতএব বর্তমান মনোময় ভূমিতে এসেই মান্বের প্রগতির ইতি ঘটেছে। তার উধর্বমুখী সকল প্রয়াসের উপরে বিশ্বপ্রকৃতি এইখানেই যর্বনিকা টেনে দিয়েছে।...

কিন্তু তলিয়ে দেখলে বুঝি, এ-অবস্থাকে স্বভাবস্থিতি মনে করা আমাদের ভুল। এই প্রাকৃত মনের মধ্যেই আছে কত দিগন্তের হাতছানি, যার আহ্বানে মান্ত্র নিজেকে ছাড়িয়ে যায়, ছুটে যায় কোন্ অজানিতের প্রাচীমূলে। এরাই তো উত্তরভূমির সংগ্য তার প্রয়ন্ভ্-চেতনার যোগসূত্র—এই তো তার ছায়াতপে ঢাকা দেব্যানের পথ।...দেখেছি, মান্বের বে।ধি জ্ঞানের সাধনের কতথানি জুড়ে আছে। অথচ বোধি তো ওই উত্তরভূমিরই স্বভাবধর্মের প্রকাশ—ঝিলক হানছে অবিদ্যা-মনের অন্ধকারায়। সত্য বটে, প্রাকৃত ব্যন্থি মাঝখানে পড়ে তার প্রকাশকে আমাদের চেতনায় অনেকখানি আচ্ছন্ন করে রাখে, তাই মানুষের মনো-জগতে বিশুদ্ধ বোধির দেখা পাওয়া এত দুর্ঘট। আমরা যাকে বোধি বলি, তা অপরোক্ষজ্ঞানের একটি স্বচ্ছবিন্দ, হলেও দেখতে-না-দেখতে প্রাকৃত মনের সংস্কার তাকে ছেয়ে ফেলে। তাই সে মনোময় বা ব্রুদ্ধিময় অনভেবপিতে প্রক্র ভাবনার অতিসক্ষা একটি অধ্কুররূপে অদুশাপ্রায় হয়ে লাকিয়ে থাকে। আবার কখনও ফুটতে-না-ফুটতেই বোধির ঝলককে গ্রাস করে দুর্তবিসপী অন্রেপ কোনও মনোবৃত্তি—অন্ত দৃষ্টি, ক্ষিপ্র অন্ভব বা বিদ্যুদ্গতি মননের আকারে। আগন্তুক বোধির প্রেতি হতে জন্ম হলেও সে-ই তার গতিরোধ করে, অথবা সত্য-মিথ্যা একটা মনের বিকল্প দিয়ে তার স্বরূপ আচ্ছন্ন করে। এর্মানতর মনের বন্ধনাকে কিছুতেই বোধি বলা চলে না। তবু উপর হতে ওই যে আলোর ঝলক নামে, আমাদের প্রত্যেক মোলিক চিন্তা অথবা যথাযথ দর্শনের পিছনে থাকে যে আচ্ছন্ন অর্ধচ্ছন্ন বা বিদ্যাচ্চমকের মত স্বপ্রকাশ একটা সম্বৃদ্ধ প্রত্যয়, তাহতেই প্রমাণ হয়—মন আর উন্মনী-ভূমির মাঝে একটা সেত আছে। বোধির ওই ক্ষণদীপ্তিতেই আমাদের সামনে খুলে যায় লোকোত্তরের 'দেবীঃ শ্বারঃ' বা জ্যোতির দুয়ার।...তাছাডাও মনের মধ্যে অতিস্থিতির একটা প্রয়াস আছে—ব্যাণ্ট-অহং-এর সঙ্কোচ কাটিয়ে বিশ্বকে নৈর্ব্যক্তিক একটা সামান্য-প্রত্যয়ের ভিতর দিয়ে দেখার প্রয়াস। নৈর্ব্যক্তিকতা বিশ্বাত্মার 'প্রথম ধর্ম'। যে সর্বগত সামান্যপ্রত্যয়ে একদেশী খণ্ডদৃণ্টির অবচ্ছেদ নাই, তা-ই হল বিরাটের অনুভব ও বিজ্ঞানের স্বধর্ম। অতএব এই বিরাট-স্বভাবের আবেশে সংকুচিত মনের ক'ডি ধারে-ধারে ফুটতে চাইছে বিরাট-মনের সহস্রদল কমল হয়ে। কে যেন ঠেলছে তাকে উত্তরমানসের কল্পলোকে, দরে হতে ভেসে আসছে অতিচেতন বিশ্বমনের বাশির ডাক-যার মধ্যে এই অবরমনেরই স্বর্পজ্যোতির অনব-

গর্বপ্রিত প্রকাশ।...আবার উপর হতেও সংকুচিত মনের 'পরে শক্তির আবেশ নেমে আসে। আমরা যাকে প্রতিভা বলি সৈ এই আবেশেরই ফল। অবশ্য প্রতিভার মধ্যে সে-আবেশ প্রচ্ছন্ন থাকে, কেননা এক্ষেত্রে উন্মনীভূমির জ্যোতিকে কাজ করতে হয় সীমার সঙ্কোচ মেনে নিয়ে—মনের বিশেষ-কোনও একটা ভূমিতে। সেখানে তার বিশিষ্ট শক্তি ছন্দোবন্ধ বিবিক্ত কোনও রূপ পায় না, তাই প্রায়ই তার কাজ হয় এলোমেলো এবং খাপছাড়া—একটা অতিপ্রাকৃত বা অপ্রাক্ত প্রকৃতির প্রমন্ত প্ররোচনায়। শৃংধৃ তা-ই নয়, মনের রাজ্যে এসে প্রতিভার আবেশ হয় মনোধাতুর পরবশ এবং অন্র্প্, তাই তার সংকীণ দিত্যিত সংবেগে সহস্রার পরা সংবিতের দিবাজ্যোতির্ময় সামর্থ্য থাকে না। তারও পরে মান,ষের মধ্যে দেখা দেয় ঐশী প্রেরণা, অলোকিক দিব্যদর্শন অথবা প্রতিভ অন্তর-যারা প্রাক্তমনের অভান্বর ও হীনবীর্ষ ব্যক্তিকে বহু,গুল ছাড়িয়ে যায়। কোথা হতে তারা আসে, তা নিয়ে কি কোনও সংশয় আছে ?... পরিশেষে, ভাবক ও অধ্যাম্বচেতার ওই-যে লোকোত্তর অন্বভবের অগণিত-বিচিত্র পসরা, তাকে কি কোনমতেই উপেক্ষা করা চলে ? মানুষের সামনে কোন্ সুদূরে অতীত হতে তারা জ্যোতির দ্যোর খুলে রেখেছে, যার ভিতর দিয়ে মর্ত্যচেতনা অশেষের দিগন্তে চলে যেতে পারে বর্তমান সংক্রাচের বাঁধন ছি'ডে। কেউ ঠেকিয়ে রাখতে পারে না আমাদের এই জ্যোতিরভিযান—শ্বধ্ব জিজ্ঞাসার প্রেতিহীন অন্ধসংস্কারের মূঢ়তা কিংবা প্রাকৃত্মনের প্রগতিহীন চক্রাবর্তনের দ্রাগ্রহ ছাড়া। কিন্তু মান্ধের যুগান্তব্যাপী সাধনা লোকোত্তরের কত সম্ভা-বিতকে আমাদের ঘরের কাছে নিয়ে এসেছে, আত্মজ্ঞান ও ব্রহ্মবিদ্যার কত রহস্যের আবরণ উন্মোচিত করেছে আমাদের চেতনায়। ওই অন্তর বিজ্ঞানের দিব্য-সম্পদ পূর্ব সাধকের সাধনাকে করেছে উত্তরসাধকের গ্রের। আমাদের এই এষণায় সে-বিজ্ঞানের অবিকল্পিত বীর্যকে উপেক্ষা করব—এও কি সম্ভব বা সমীচীন ?

চেতনার উধর্ভ্মিতে উত্তীর্ণ হবার দর্টি উপায় আছে। সহজ না হলেও তাদের একেবারে অসাধ্য বলা চলে না। প্রথম উপায় : চেতনাকে অন্তরাবৃত্ত ক'রে, বহিম্থ মন আর অধিচেতন অন্তরাদ্মার মাঝের আবরণটিকে দীর্ণ করা। এ-কাজটি ধীরে-ধীরে করা যায়—স্কেশিল সাধনায় কিংবা বিশ্লবীর দর্ধর্ষ প্রবেগ নিয়ে, কখনও-বা হঠধমীর অতর্কিত বলাংকারে। শেষোক্ত পর্থটি নিরাপদ নয় বলাই বাহ্ল্যা—কেননা অভ্যাস্ত সংস্কারের গণ্ডির মধ্যেই মানুষের সংকীর্ণ চিত্ত স্ক্রথ থাকে, হঠাৎ সে-গণ্ডি ছাড়িয়ে যাবার বিপদ আছে নিশ্চয়। কিন্তু বিপদ থাকুক আর না থাকুক, গণ্ডি যে ছাড়ানো যায়, তাতে কোনও ভুল নাই। অন্তরাদ্মার ওই গহন প্রবীতে প্রবেশ করে এক অন্তর-প্রেষ্ক্র দেখতে পাই—এক অন্তর্শচর মন, অন্তশ্চর প্রাণ. অন্তশ্চর ভূতস্ক্র্য—আমাদের বহিশ্চর মন প্রাণ দেহের চেয়েও যার সামর্থ্য

বিপলে, শক্তি সাবলীল, জ্ঞান-বল-ক্রিয়া বিচিত্র। বিশেষত বিশ্বশক্তির সংগ্রে ভাবে ও কর্মে যোগযুক্ত হবার সহজ সিদ্ধি এই অন্তশ্চেতনার আছে। ব্যক্তি দেহ-প্রাণ-মনের সংগ্রুচকে পরিহার করে আত্মব্যাপ্তির নিরঙকুশ মহিমার নিজেকে সে বিশ্বরুপ বলে অনুভব করতে পারে। আত্মপ্রসারণের ফলে বিশ্বমন ও বিশ্বপ্রাণের সংগ্রে সম্যক সাযুক্ত্য—এমন-কি বিশ্বজড়ের সংগ্রে তাদাত্মাব্যেও তার পক্ষে অসম্ভব নয়।...তব্তে এ-সাযুক্ত্য মূলা অবিদ্যার সাযুক্ত্য।

এমনি করে অত্তর্লোকে অবগাহন করে দেখি, উন্মনীভূমির জ্যোতির দিকে উন্মীলন ও উত্তরায়ণের একটা সহজ সামর্থ্য অন্তরাত্মার আছে।— এই হল আমাদের অধ্যাত্মযোগের দ্বিতীয় পর্ব। সাধারণত তার ফলে আমরা এক স্থাণ নিবি'কার 'বিভুব্যাপী' শান্ত আত্মার সাক্ষাংকার পাই, যাঁকে জানি আমাদের অধিষ্ঠানতত্ত্ব ও সর্বাবিধ প্রত্যয়ের প্রতিষ্ঠাভূমি বলে। এইখানে সকল ব্যবহারের উপশ্যে এমন-কি আত্মবোধেরও প্রলয়ে এক অনির্দেশ্য অনির্বাচ্য তত্ত্ব-ভাবেও আমাদের পরিনির্বাণ ঘটতে পারে। কিন্তু এই শান্ত আত্মাকে শুধ্ আত্মস্বর্প বলে না জেনে সর্বভূতাত্মভূতাত্মার্পেও উপলব্ধি করা যায়। তখন বিশ্বসন্তার স্বরূপসত্যরূপে আমরা তাঁর লোকোত্তর অনুভব পাই।...ব্যাঘটভাবের নিঃশেষ পরিনির্বাণে এক কুটম্থ অনুভবের অপ্রকেত নৈঃশব্দো আমরা যেমন নিত্যবিলীন হতে পারি, তেমনি বিশ্বলীলাকে অসংগ পরে,ষে অধ্যসত জেনে এক বিশ্বাতীত অবিচল অক্ষর-স্থিতিতেও প্রতিষ্ঠিত হতে পারি।...কিণ্ড এছাড়াও অতিপ্রাকৃত অনুভবের আরেকটি ধারা আছে, সর্বনিরোধ যার লক্ষ্য নয়। সে-ধারায় চলতে গিয়ে অনুভব করি, লোকোত্তর ভূমি হতে এক বিশাল জ্যোতিঃপ্রপাত জ্ঞান বীর্য আনন্দ বা অলোকিক বিভৃতির অবিচ্ছিন্ন ধারায় ঝরে পড়ছে আমাদের শান্ত-আত্মার 'পরে। অর্থচ চিংস্বর্পের যে লোকোত্তর ধামে তাঁর স্থাণ্ড-স্বভাব এই বৃহৎ জ্যোতির উৎসর্পে স্তব্ধ হয়ে আছে, শাশ্বতী প্রতিষ্ঠার সেই মহিমাতেও উত্তীর্ণ হওয়া আমাদের অসম্ভব হয় না।...অনুভবের যে-ধারাই ধরি না কেন, অবিদ্যাচেতনার গণ্ডি ছাড়িয়ে আমরা যে অধ্যাত্ম-চেতনাতেই এমনি করে উত্তীর্ণ হই. একথা অবিসংবাদিত। কিন্তু সর্বনিরোধের বিপরীত যে-প্রচেতনার কথা এইমাত্র বললাম, তারও আবার দুটি ধারা থাকতে পারে। একটিতে চিংশক্তির উপচীয়মান স্ফরেণকে আমরা অব্যাক্ত সামানা-স্পন্দর্পে অনুভব করতে পারি। আরেকটি ধারায় রূপান্তরিত মনশ্চেতনা দিয়ে অনুভব করতে পারি চিন্ময় মনের একটা পর্বপরম্পরা। মন অবিদ্যার স্পর্শ হতে নিমর্ক্ত হয়ে সেখানে দেখা দেয় শ্বন্ধবিদ্যা বা সন্বিদ্যার সাধনর পে। এই শাংধবিদ্যাকে অতিমানস না বললেও বলতে পারি তার প্রশাসনে বিধৃত এবং তার জ্যোতিতে উদ্ভাসিত একটা অলোকিক ভূমি।

প্রচেতনার সাধনাতেই ঈশ্সিত রহস্যের সন্ধান আমরা পাই—পাই প্রাকৃত্যন হতে অতিমানস-র্পাশ্তরের পথের থবর। দেখি মনের ওপারে উত্তরায়ণের পথের সোপানমালা ধারে-ধারে উঠে গেছে, আর প্রতি পর্বে উপর হতে নেমে আসছে আরও বিপলে আরও গভীর জ্যোতি ও শক্তির নিঝার চেতনার তন্ত্রে-তন্ত্রে তীব্রতর আঘাতে রাণত হচ্ছে মনের উদয়নের ছন্দ অথবা উন্মনীভূমি হতে এই মনের মধ্যে তৎ-স্বরূপের শক্তিপাতের বৈদ্যুতী।...প্রথমে অনুভব করি, কল্লোলিত সম্বদ্রের বিপ্ল প্লাবনে নেমে আসছে এক প্রয়ম্ভ-জ্ঞানের বন্যা, মননধর্মী হলেও আমাদের অভ্যস্ত মননের সংগ্য যার কোনও সাদৃশ্য নাই। কারণ এই মননে বস্তুকে খ'জে-খ'জে ফেরা নাই মনগড়া কল্পনার কোনও আভাস নাই, জল্পনা বা কণ্ট করে পাবার এতটাকু আয়াস নাই। এই দিব্য মননে জ্ঞানের ধারা উত্তর-মনের উৎস হতে স্বত্যো-নির্মারণে ঝরে পডে—যার মধ্যে আছে সত্যের স্কানি চিত লিন্ধি, অন্তগ্র্ড এবং পরাঙ্মুখ তত্ত্বের জন্যে ব্যাকুল এষণা নাই। আরও অন্তেব করি, এই দিব্য মননের একটি ক্ষেপে জ্ঞানের বিপাল সম্বয়কে আত্মসাৎ করবার এক অপ্রাকৃত সামর্থ্য আছে, আছে এক ঋতময় বিশ্বরূপ—যা ব্যাণ্ট মননের মত সত্যানূতের মিথ্ন নয়।...এই খতময় মননেরও পরে আছে এক বৃহৎ জ্যোতিঃ—তীব্রসংবেগে উপচিত বীর্য ও অপরাহত প্রেতিতে যা টলমল, এক ঋতময় দর্শনের ভাস্বর মহিমা—মনন যার উদার বক্ষে বার্চিবিভংগের লীলা মাত্র। বেদ একে বর্ণনা করেছেন ঋতের সূর্য বলে। বৃহত্ত সূর্যের উপমা এই ভূমিতে অপরোক্ষ-অনুভবে সত্য হয়ে দেখা দেয়। উত্তর-মনের লালাকে যদি তুলনা করি তপনদ্যতির প্রশান্ত প্রভাসের সংগ তাহলে এই জ্যোতিমানকে বলতে পারি উদ্ভাস্বর আদিত্যমণ্ডলে যেন পর্বাঞ্জত বিদ্যাতের প্রভাতরল বিচ্ছারণ।...তারও ওপারে দেখি ঋতম্ভরা চিংশক্তির এক বিপলেতর বাঁথের প্রকাশ—যেখানে দ্বিট অনুভব মনন বেদনা ও কুতি সমুহতই ঋতুময়, এক অন্তর্গ্গ ও অবিকাল্পত প্রত্যায়ে সমুহতই সম্বজ্বল। তাকে আমরা নাম দিতে পারি বোধি-মন। ব্রন্থির অতীত অপরোক্ষ অনুভবের সাধনকে আমরা বলেছি 'বোধি'; আমাদের প্রাকৃত প্রাতিভজ্ঞান এই স্বয়ম্ভূবিজ্ঞানের একটা ছম্দোলীলা। এই ঋতম্ভরা ঋতাবরী প্রজ্ঞার অর্ণচ্ছটায় দীপ্ত হয়ে অবরম:নর মধ্যেও কখনও-কখনও করণহীন সংবিত্তির এক ঝলক ফ্রটে ওঠে। স্পন্টই বোঝা যায়, এই প্রজ্ঞা এক বিপ**্লে**তর ঋতজ্যোতির বাহন, যে-জ্যোতির সংখ্য আমাদের মনের সাক্ষাৎ যোগাযোগ নাই। ...আবার বোধি-মনেরও উৎসম্লে আছে এক অতিচেতন বিরাট মন—অতিমানস ঋতচিতের সংখ্য যা নিত্যযোগে যুক্ত। সে বিরাট মনই বিশেবর চিন্ময় মনো-ধাতৃ—অতিমানসের অনাদিপ্রিঞ্জত সংবেগর পে নিখিল বিশ্বস্পন্দ ও মনোবীর্ষের শাস্তা, অন্তহনন স্থিব্যঞ্জনার সহস্রাকরণে প্রভাস্বর। প্রচলিত মনের সংগ্র

তার তুলনা হয় না। তব্ও তাকে বলতে পারি অধিমানস। রেতোধা অধিপ্রের্ষের মত তার জ্যোতিবিশাল পক্ষপ্টে আব্ত করে রেখেছে সে বিদ্যা-অবিদ্যার এই অপরাধ—আবার যুক্ত করেছে তাকে ঋতচিতের বিপ্ল জ্যোতিমহিমার সঙ্গে। আমাদের দৃষ্টি হতে পরম সত্যের মুখকে সেইসঙ্গে সে অপিহিত করেছে তার হিরণার পাত্রের আবরণ দিয়ে—অন্তহীন সম্ভূতির বিপ্ল ব্যঞ্জনার রচেছে এক আলোর আড়াল, যা আমাদের তত্ত্বসন্ধানী মনের অধ্যাত্ম-এষণা ও প্রের্যার্থ-সাধনার পক্ষে যুগপৎ প্রতিক্ল এবং অন্ক্ল। এই অধিমানসই তাহলে মন ও অতিমানসের মাঝে আমাদের ইপ্সিত রহস্য-গ্রান্থ। এই অধিমানস শক্তিই পরা বিদ্যা ও বিশ্বগত অবিদ্যার মাঝে যুগপৎ সংযোগ-বিয়োগের সাধন।

অধিমানস অবিদ্যার ক্ষেত্রে অতিমানস চেতনার প্রতিভূ—এই তার স্বভাব ও স্বধর্ম। অথবা এ যেন অতিমানসের সজাতীয় অথচ বিজাতীয় একটা তিরস্করণী, যার ভিতর দিয়ে পরোক্ষে তার ক্রিয়া অবিদ্যার 'পরে সংক্রামিত হতে পারে—নইলে পরজ্যোতির সাক্ষাৎ আবেশ গ্রহণ বা সহন করা তার সম্ভব হয় না। অধিমানসের এই ছটামন্ডলের বিক্ষেপেই দিব্যজ্যোতির দিতমিত বিচ্ছারণে দেখা দিয়েছে অবিদারে আলোআঁধারি, দেখা দিয়েছে অচিতির সর্বগ্রাসী অন্ধকারের প্রতীপলীলা। অতিমানস তার সব সত্য অধিমানসে সংক্রামিত করে, কিন্তু তার র পায়ণের ছন্দে ও বিজ্ঞানে থাকে ঋতময় দ ি্চটর সঙ্গে অবিদ্যার একটা অস্ফুট অথচ সপ্রয়োজন সূচনা। অতিমানস আর অধিমানসের মাঝে সক্ষ্মের একটা বিভাজনরেথা আছে, যার জন্যে অধিমানসের সকল বিত্ত ও সকল দর্শন অতিমানস হতে স্বচ্ছন্দে সংক্রামিত হয়েও চলার পথে আপনা-হতেই একট্র যেন বাঁক ধরে। অতিমানসের মধ্যে আছে বস্তুর স্বর্পসত্যের এক অখন্ড প্রত্যয়—তার মধ্যে সমষ্টিভাবনার সংগ্যে নিবিষ্ট হয়ে আছে দ্বগত-বৈশিষ্ট্যের বিভূতিবিজ্ঞান। তাই ব্যচ্চিভাবনাও সেখানে অন্যোন্যচেতনায় অসংভিন্ন এবং ওতপ্রোত। কিন্ত অধিমানসে সমষ্টিপ্রত্যয়ের এই অথন্ডতা নাই। অথচ বদতর দ্বরপেসতোর জ্ঞান অধিমানসেরও আছে। ব্যান্টিকে সেও জানে সমৃষ্টির ভূমিকায়। স্বগতবৈশিষ্ট্যের বিভৃতির প্রযোজনাতেও তার অব্যাহত স্বাতন্ত্র আছে : কেননা তার মধ্যে বৈশিষ্ট্যের জ্ঞান নিবিশেষ সংবিংকে ব্যাহত ও পরাভূত করে না। কিন্তু অধ্যাত্মচেতনায় যা অথণ্ড, ক্রিয়াতে তা-ই যেন তার কাছে অথ-ডচেতনার সাক্ষাং শাসন হতে বিচ্যুত হয়-যদিও ওই চেতনার 'পরেই তার ক্রিয়ার নির্ভার। অখন্ড-আন্বয়ের সম্ভূতিসংবিতে যে বিচিত্র বৈভবের মেলা নির্ফে হয়ে আছে, তার অন্তহীন সংযোগ-বিয়োগের নির•কুশ প্রতিভা হল অধিমানসের তপোবীর্য। এই দিব্যপ্রতিভা অনন্ত বৈভবের প্রত্যেকটিতে সঞ্চারিত করে একটি স্বতন্ত্র প্রেতি এবং তার ফলে একান্ত

স্বাতন্ত্যের প্রযোজনায় তারা যেন এক-একটি বিশেষ জগৎ গড়ে তোলে। অতিমানস চেতনায় প্রেষ আর প্রকৃতি একই সত্যের দুটি বিভাব মাত। এক অন্বয়তত্ত্বেরই সত্তা ও স্পন্দর পে তারা অবিনাভূত, অতএব দুয়ের মাঝে কোনও বৈষমা অথবা অংগাণিগভাব নাই। কিন্তু অধিমানস চেতনায় প্রথম দেখা দিল বিবেকের স্কুম্পন্ট বিদাররেথা। সাংখাদর্শনে তা-ই পরিণত হল অনপনেয় বিভেদের গভীর ক্ষতে। প্রকৃতি আর পরেষে সেখানে দর্টি স্ব-তন্দ্র তত্ত্ব। প্রেষের স্বাতন্তা ও বীর্যকে স্তিমিত ও পরাভূত করে প্রকৃতি তাকে আপন বশে আনতে পারে। তখন পরেষ তার রূপ-ক্রিয়ার অনীশ্বর সাক্ষী ও গ্রহীতা শুধ্ব। আবার পুরুষও তার বিবিক্ত স্বরূপাবস্থানে ফিরে যেতে পারে. প্রকৃতির অনাদি জড়ত্বের আবরণকে তিরুক্ত্বত করে সমাহিত থাকতে পারে স্বারাজ্যের স্ব-তন্ত্র মহিমায়। ব্রন্ধের সমস্ত বৈভব সম্পর্কেই এই কথা। এক আর বহু, সগুণ আর নিগুর্বণ, ক্ষর আর অক্ষর—সকল দ্বন্দ্বই অতিমানসে সু-ষ্ম, কিন্তু অধিমানসে তারা বি-ষমপ্রায়। এক অন্বয়তত্ত্বের বিচিত্র বৈভব হয়েও অধিমানসে তারা পায় সমন্টির দ্ব-তন্ত্র কলারপে নিজেকে ফ্রটিয়ে তোলবার প্রেতি এবং এই বিবিক্ত প্রকাশের চরম পরিণামকে অবিকল্পিত একটা রূপ দেয়। তব্ অধিমানসে বিবিক্তভাবের প্রতিষ্ঠা কিন্তু এক অন্তগ্রে পরম-সাম্যের 'পরে। তাই বিভিন্ন বৈভবের মাঝে যত সংযোগ ও প্রস্তারের সম্ভাবনা. যত অন্যোন্যবিনিময় ও ব্যতিষঞ্জের লীলা আছে, তাদের সকলেরই বাস্তব রূপায়ণ সে-ভূমিতে নিরঙকুশ।

রক্ষের প্রত্যেকটি বিভূতিকে দেবতা কল্পনা করে বলতে পারি, অধিমানস হতে বিচ্ছ্ররিত হচ্ছে কোটি-কোটি দেবশক্তি। তাদের প্রত্যেকের নিজস্ব একটা জগৎ স্টিউ করবার অধিকার আছে, অথচ প্রত্যেক জগতেরও আছে অপর জগতের সংগে ব্যতিষণ্য ও যোগাযোগের সামর্থা। বেদে দেবপ্রকৃতির নানারকম বিবৃতি আছে। 'একং সদ্, বিপ্রা বহুধা বদন্তি'—এক সং, কিল্তু বিপ্রেরা বহু নামে প্রকাশ করেন তাকে, এই হল তার গোড়ার কথা। অথচ, প্রত্যেক দেবতা স্বয়ং যেন সেই সং-স্বর্প, সকল দেবতা তারই মধ্যে, তিনিই 'বিশ্বের দেবাঃ'—এমন উপাসনাও আছে। তাছাড়া প্রত্যেক দেবতা বিবিক্ত—কথনও তিনি যুক্মদেবতায় সন্মিলিত, কখনও-বা অপর দেবতার বির্শ্বাচারী, এমন কথাও আছে। অতিমানসে এই তিনটি পর্যার বিধৃত রয়েছে এক অখন্ড সংবিতের সৌষম্যে। কিল্তু অধিমানসে তারা বিবিক্ত, অথবা বিবিক্ত তাদের লীলায়ন। প্রত্যেকের প্রত্থিও পরিণামের একটা নিজস্ব ধারা আছে, অথচ স্বরসংগতির বৃহৎ সুষমায় সন্মিলিত হবার সামর্থাও তাদের আছে।...যেমন তারা এক পরমার্থাসতের অল্তহীন সদ্-বিভূতি, তেমনি এক অথন্ডচেতনার অননত চিন্দ্বিলাসর্পে প্রত্যেকে তারা চলেছে নিগ্ছে বীজভাবের নির্ভকূশ

পরিণামের ছন্দে হিল্লোলিত হয়ে। এক অথন্ড অথচ বিশ্বতাম্থ সম্ভূত-বিজ্ঞানেরই বহুধা-বিকিরণ ঘটছে। তার প্রত্যেকটি রম্মি একটি ম্ব-তন্দ্র বিজ্ঞানশক্তি, যার মধ্যে আপনাকে পরিপূর্ণের্পে ফ্রটিয়ে তোলবার বীর্য আছে। এক অথন্ড চিৎশক্তি কোটি-কোটি শক্তিধারায় বিচ্ছারিত হয়েছে। প্রত্যেক ধারায় যেমন আত্মসম্পর্ভির অব্যাহত অধিকার আছে, তেমনি প্রয়োজন হলে অন্যান্য ধারাকে আপন শাসনে এনে বৈরাজ্যের প্রতিষ্ঠাও সে করতে পারে। ...আবার এক ভূমানন্দ উচ্ছার্সিত হয়ে ওঠে আনন্দের অনন্ত-বিচিত্র প্রবাহে, যার প্রত্যেক ধারায় রয়েছে স্বারাজ্যের পরিপূর্ণতা কিংবা বৈরাজ্যের পরম সিন্ধির সংবেগ।...এমনি করে অথন্ড সং-চিং-আনন্দের মধ্যে অতিমানসের অধিমানস মায়া গ্রেজারত করে তোলে অন্তহীন সম্ভূতির স্বর্মাহ্না—যা অগণিত ব্রহ্মান্ডের বিচিত্র রাগিণীতে অনুর্রাণত হ'য়ে ওঠে, অথবা এক বিপাল বিশ্বের মহারাণে ঝঙ্কৃত হয়—যে-বিশ্বের বিস্তৃতি ও প্রবৃত্তি গতি ও পরিণতির মূলে থাকে ওই সম্ভূতিরই অনন্ত-বিচিত্র স্বরের লীলা।

শাশ্বত সন্মাত্রের চিংশক্তি যখন বিশ্ববিধানী, তখন প্রত্যেক ব্রহ্মাণ্ডের প্রকৃতিতে ফুটবে সেই মূলা বিদ্যাশক্তির আত্মরূপায়ণের একটি বিশেষ ছন্দ। তেমান, প্রত্যেক ব্যাঘটজীবে চিৎশক্তি যে-ভাগ্যতে আপনাকে বিভাবিত করবে, জীবের জগণ-দর্শন ও জীবন-দর্শনও হবে তার অনুরূপ। মানুষের মনোময় চেতনা জগৎকে দেখে বর্ণিধ ও ইন্দ্রিয়ের দ্বারা কল্পিত বহু-খন্ডের একটা সংকলন রূপে। সে-সংকলনও আবার একটা সমগ্র সন্তার একদেশ শুধু। এই খণ্ডদর্শন দিয়ে মন যে-ঘর বাঁধে, তার মধ্যে সত্যের একটিমাত্র সামান্যবিভাবের স্থান হতে পারে। তাই বাধ্য হয়ে আর-সবাইকে ঘরের বাইরে থাকতে হয়। কালে-ভদ্রে আগ্রিত কি অভ্যাগত হিসাবে যদি-বা কারও একট্রখানি জায়গা হয়! কিন্তু অধিমানস চেতনায় আছে সমূহের প্রত্যয়, অতএব তার জ্ঞান খণ্ডিত নয়—সংবর্তুল। তাই আপাতভিল্ল বহু মৌলিক দর্শনই তার মধ্যে একটি সহস্রদল দর্শনের সূষমায় সংহত হতে পারে। মনোময় ব্যদ্ধির কাছে পরেষ-বিশেষ আর নিবি শেষের মাঝে অন্যোন্যবিরোধ আছে। তাই নিবি শেষ সন্মাতের মধ্যে পুরুষবিশেষ বা পুরুষবিধতার কল্পনা তার দূষ্টিতে অবিদ্যার বঞ্চনা বা সাময়িক বিকল্প মাত্র। অথবা পুরুষবিশেষ যদি বিশ্বমূল তত্ত্ব হয় তার কাছে, তাহলে নিবিশেষকে সে জানে একটা আচ্ছিল মানস-বিকল্প কিংবা বিস্তৃতির উপাদান বা সাধন ব'লে। কিন্তু অধিমানস বৃদ্ধি সেথানে দেখে, প্রেষ-বিশেষ ও নিবিশেষ একই সম্মানের বিভাজ্য বিভৃতি। আত্মীতিভায় তারা স্ব-তন্ত্র হতে পারে যেমন, তেমনি তাদের বিভিন্ন ধারার সংগমও ঘটতে পারে। ম্বাতন্ত্য আর সংগ্রমের এই লীলায় সত্তা ও চেতনার যে বিচিত্র দশা অনভেবে জাগে, তারা কেউ অপ্রমাণ নয়, অথবা তাদের সহচারও অকল্পনীয় নয়।

নিবিশেষ সত্তা ও চেতনা সত্য এবং সম্ভবপর। কিন্তু শুম্ধ পুরুষবিশেষের সত্তা ও চেতনাও তা-ই। নিগৰ্বণ ব্ৰহ্ম আর সগ্বণ ব্ৰহ্ম অধিমানস চেতনায় অনশ্তের সম ও সহচরিত বিভৃতি। সগন্ণভাবকে বিভৃতির পে গুনীভূত করে যেমন নিগ্রণভাবের প্রকাশ হতে পারে, তেমনি স্গ্রণভাবও ফুটতে পারে তত্ত্বর্পে—নিগর্নণ তার স্বর্পের তখন একটা দিক মাত্র। চিৎসত্তার অনন্ত বৈচিত্রোর মধ্যে প্রকাশের দুটি বিভাবই মুখামুখি হয়ে আছে। যেসব তত্ত্ মনোময় ব্যদ্ধির বিচারে অন্যোন্যব্যাব্ত্ত, অধিমানস ব্যদ্ধির দশনে তারা ব্যতি-যক্ত ও সহচরিত। মন যেখানে বৈধর্ম্য দেখে, অধিমানস সেখানে দেখে আপ্রেণ। মন দেখে, অন্ন হতে জাত হয়ে অন্নেই সঞ্জীবিত সব, আবার অন্নে সবার লয়। তাই সে সিন্ধান্ত করে, অম্নই শান্বত তত্ত্ব, অম্নই ব্রহ্ম। অথবা দেখে, প্রাণ কিংবা মন হতে জাত হয়ে প্রাণ বা মন দ্বারা সঞ্জীবিত সবাই, আবার বিশ্বপ্রাণ বা বিরাট মনে স্বার লয়। তাই তার ধারণা হয়, এক বিশ্বস্ভর প্রাণশক্তি অথবা বিরাট মন বা শব্দবন্ধ হতেই এই ব্রহ্মাণ্ডের বিস্পৃতি। আবার যথন দেখে, সম্ভতবিজ্ঞান কি চিৎস্বরূপের কবিক্রত অথবা চিৎস্বরূপই জগতের আদিস্থিতি ও অবসান, তখন বিশ্বকে সে ধারণা করে বিজ্ঞানময় বা চিন্ময় বলে। এসব দশ-নের যে-কোনও একটি একান্ত হয়ে উঠতে পারে মনের কাছে, কিন্তু তার স্বাভা-বিক বিভজ্যদৃষ্টি একটিকৈ আঁকড়ে ধরলে পর আর-সবাইকে ছেইট দেয়। অথচ অধিমানস চেতনা দেখে, মূলভাবের অনুগত প্রত্যয়রূপে প্রত্যেকটি দর্শন সত্য। যেমন অল্লময় জগৎ আছে, তেমনি আছে প্রাণময় মনোময় এবং চিন্ময় জগং। আপন-আপন জগতে প্রত্যেক তত্ত্বই যেমন স্ব-তন্ত্র, তেমনি সবার সমাবেশেও তারা একটা নতন জগৎ গডতে পারে। এই মর্ত্যলীলায় চিন্ময়ী মহাশক্তির আত্মর পায়ণের যে-ছন্দ ফুটেছে, তার প্রকাশ অচিতির আপাত-প্রতিভাসে—যার মধ্যে এক পরম চিংসত্তা অন্তগর্তৃ হয়ে আছে। সত্তার সকল বিভূতি গোপন আছে ওই অচিৎ রহস্য-যর্বানকার অন্তরালে। তাই তো অল্লময় বিশ্বে ফ্রটছে প্রাণ, মন, অধিমানস, অতিমানস ও সাচ্চদানন্দ-পর-বিভূতি অবর-বিভূতিকে আত্মসাং করছে প্রকাশের সাধনরপে। তাই তো অধ্যাত্মদ, ঘিটতে শাশ্বত কাল ধরে অল্লও চিদ্বিভৃতি। অধিমানস দৃষ্টিতে চিৎশক্তির এই আত্মর্পায়ণের মধ্যে কোনও অপ্রাকৃত দর্বোধ রহস্যময় পরিকল্পনা নাই। অধিমানসে যে ক্রত ও সিস্কার প্রবর্তনা নিহিত রয়েছে, তার সামর্থাবশত সন্মাত্রের বহু,বিচিত্র সম্ভাবনাকে ষেমন সে পৃথক-পৃথক মর্যাদা দিয়ে রুপায়িত করে তোলে, তেমনি যুগপৎ অথচ বহু,ধা-বিকল্পনায় তাদের সমন্বয়কেও সে ছন্দিত করে। তাই তার শিল্পমায়ায় অথন্ডসত্তার শুদ্রজ্যোতিতে দেখা দেয় অপর্প এক ইন্দ্রধন্র বিচিত্র বর্ণক্রটা।

এমনি করে দ্ব-তদ্য অথবা ব্যহিত বহুবিচিত্র বিভূতির যুগপং বিভা-

বনাতেও অধিমানসের মধ্যে দেখা দেয় না—অন্তত এখন পর্যন্ত দেখা দেয়নি কোনও নিশ্বতি বা সংঘাত, ঋত এবং প্রজ্ঞা হতে কোনও অবস্থলন। অধিমানস স্থিত করে সত্যকেই-বিভ্রম বা অন্তকে নয়। তার একাগ্র তপসায় ও স্ব-তন্দ্র প্রবৃত্তির প্রমান্ত কারানে র্পায়িত হয় সচিদানন্দের কোনও সতা বিভাব বীর্য বিজ্ঞান ও আনন্দ, এবং সে-স্বাতন্ত্রে দেখা দেয় তত্ত্বের সত্য পরিণাম। সে-পরিণামে কোনও অন্যোন্যব্যাব্যত্তির সংকীর্ণতা নাই, যাতে একটি বিভাবকে পরমসত্য মেনে আর-সকল বিভাবকে অবরসত্য জ্ঞানে নিরাক্বত করা হবে। অধিমানসভূমিতে প্রত্যেক দেবতাই অপর দেবতাকে জানেন ও মানেন, কোনও ভাবই কোনও ভাবের প্রতিকলে কি প্রতিষেধক নয়, প্রত্যেক শক্তিলীলাতে অপর শক্তির সত্য ও পরিণামের স্থান আছে, বিবিক্ত আত্মসম্পূর্তি বা বিবিক্ত অনভেবের কোনও আনন্দর্পই আনন্দের অন্য রূপকে ব্যাহত কি লাঞ্ছিত করে না। অধিমানস চেতনা বিশ্বসতোরই প্রকাশ, তাই তার মর্মে-মর্মে এক বিপ**্রল** অকুণ্ঠ ঔদার্যের ছন্দোদোলা। তার বিভাবনার তপস্যা ষেমন সর্ব-তন্ত্র তেমান ম্ব-তন্ত্র। সে যেন অতিমানসের একটা অবর কম্প, যদিও নিবিশৈষ তত্ত্ব নিয়ে তার মুখ্য কারবার নয়। পরমার্থসতের অর্থ ক্রিয়াকারী সত্যবিভৃতি অথবা শক্তির স্ফুরব্রা নিয়েই তার ব্যাপার। তাই নির্বিশেষ তত্ত্ব তার মধ্যে আ-ভাসিত হয় সিসক্ষা এবং অর্থ ক্রিয়ার জনকর্পে। এইজন্যে তার সম্ভূতি-সংবিংকে অভংগ না বলে বরং বলা চলে সংবর্তুল, কেননা তার সমষ্টিভাব বহু পিন্ডের একটা পরিমন্ডল কিংবা একাধিক বিবিক্ত স্ব-তন্ত তত্ত্বের একটা সমাহার বা সমাবেশ। অখণ্ডভাবকে যদিও সে বিশেবর মর্মসত্য ও অধিষ্ঠান বলে মানে. নিখিল বিস্ভিতে যদিও সে দেখে অখ-ডভাবের পরিব্যাপ্তি, তব্ অতিমানসের মত তাকে বিশ্বের মর্মচর নিতারহস্য ও অন্তর্যামী আধাররূপে, তার স্বভাব ও স্বধর্মের বৈচিত্রো বৃহৎসামের চিরন্তন উদ্গাতার্পে অন্তব করে না।

অধিমানস চেতনা সংবর্ত্ব। কিন্তু আমাদের মনোময় চেতনা বিবিস্তদর্শী বলে সামান্যজ্ঞান তার কাছে আছেয়। দ্বেরর তফাত স্পন্ট চোখে পড়ে, যদি বিশ্বব্যাপার সম্পর্কে অধিমানসের রায়কে তুলনা করি প্রাকৃত মনের রায়ের সঙ্গে। এই যেমন : অধিমানসের কাছে সকল ধর্মাই সত্যা, কেননা তারা এক শাশ্বত ধর্মের পরিণাম; সকল দর্শনেই প্রামাণিক, কেননা আপন-আপন ভূমি হতে তারা একই বিশ্বের সত্যা দর্শনে; রাজ্ম সম্পর্কে সমস্ত নীতি ও রীতি এক বিজ্ঞানশক্তির ন্যায়্য বিধান, অতএব প্রকৃতির তপস্যার এক্ট্রা বিশেষ দিরু হিসাবে ব্যাবহারিক ক্ষেত্রে বাস্তবে পরিণত হবার অধিকার নিশ্চয় তাদের আছে। কিন্তু আমাদের খণ্ডদর্শী চেতনায় উদার্য এবং বিশ্বজনীনতার ভাবনা কচিং ফোটে। তাই এই ভাববৈচিত্র্যের মধ্যে সে দেখে শৃধ্ব অন্যোন্যবিরোধ। তার দৃণ্ডিতে একটি ভাব সত্য হলে আর-সব ভাব মিথ্যা এবং প্রমাদগ্রস্ত। অতএব

একমাত্র সত্য হয়ে বাঁচতে গিয়ে আর-সব ভাবকে খণ্ডিত ও বিধন্তত করতে সে বাধ্য—নিদানপক্ষে মানতে হবে. ওই একটি ভাব মুখ্যসত্য, আর-সব গোণসত্য। মনোময় চেতনার দ্রণ্টিতে প্রত্যেকেরই আত্মপ্রতিণ্ঠা বা উৎকর্ষের এমন দাবি আছে। কিল্ত অধিমানস বুল্ধি কখনও এই একাৎগী দুর্শনে সায় দেবে না। সমণ্টির প্রয়োজনে ব্যণ্টির সকল বিভাবকে অপক্ষপাতে সে স্থান দেবে, প্রত্যেককে সমষ্টির অংগরপে আপন-আপন অধিকারে প্রতিষ্ঠিত করবে। আমাদের মধ্যে চেতনা অবিদ্যার খণ্ডভাবনার রাজ্যে নেমে এসেছে। তাই আমরা বহুধা-ব্যাকৃতির আকৃতিতে স্পন্দমান সত্যের অনন্ত বা বিশ্বব্যাপ্ত সমগ্ররূপ দেখতে পাই না। এইজন্যে একের অহ্তিত্ব মানতে গিয়ে আমাদের যুক্তিতে অপরের অহ্তিত্ব মিথ্যা প্রমাণিত হয়, কেননা বিজাতীয় বা ভিল্লধর্মাক্রান্ত দুটি বস্তুকে যুগপং সতা ও সমঞ্জস বলে স্বীকার করা মনের সহজ ধর্ম নয়। একটা অখণ্ড-উদার সম্ভতিসংবিতের দিকে ভাবনার সহায়ে অনেকখানি এগিয়ে যাওয়া মনোময় চেতনাব পক্ষে অসম্ভব নয়। কিন্তু তাকে কমে ও জীবনে রূপ দেওয়া বলতে গেলে তার অসাধ্য। যে পরিণামী মন ব্যাঘ্ট আধারে অথবা বাহের মধ্যে ফুটেছে, দুন্দি ও কৃতির বহুমুখী ধারাকে সে দিকে-দিকে ছডিয়ে দেয়। তারা তখন চলতে থাকে কখনও পাশাপাশি হয়ে, কখনও ঠেলাঠেলি ক'রে, কখনও-বা খানিকটা মিলে-মিশে। তাদের বাছাই করে মন একটা সুরের স্তবক রচতে পারে, কিন্তু অখণ্ড সত্যের বৃহৎসামে পেণছতে কোনমতেই পারে না। অবিদ্যাপরিণামের মধ্যেও বিশ্বমনের আছে বিপলে সৌষম্যের একটা মূর্ছনা-সংবাদী-বিবাদীর সূকোশল প্রস্তারে যা মনোরম। তার মধ্যে আছে অখন্ডের এক অন্তগ্র্ট লীলায়ন। কিন্তু এসবের পরিপূর্ণ মহিমা তার গভীর গহনে প্রচ্ছন্ন থাকে—হয়তো অতিমানস-অধিমানসের কোনও সন্ধিভূমিতে। পরিণম্য-মান প্রাকৃতমনে আজও তাদের বীর্য সঞ্চারিত হয়নি, রহস্যসমন্দ্রের মন্থনে আজও মূর্তিমতী সিদ্ধির্পিণী কমলার আবির্ভাব ঘটেনি। অধিমানস জগৎ হল সৌষ্মাের জগং। কিন্তু যে অবিদ্যার জগতে আমরা আছি, বৈষম্য আর সংঘাতই সেখানে করাল হয়ে উঠেছে।

অথচ এই অধিমানসের মধ্যেই মায়ার আদির্পটি স্পন্ট দেখতে পাই। এ-মায়া বিদ্যামায়া—অবিদ্যামায়া নয়। তব্ অবিদ্যা শ্ব্য সম্ভাবিত নয়, অপরি-হার্য হয়ে দেখা দিয়েছে এই মায়ার ব্যাপ্রিয়ায়। কারণ অধিমানসের তপস্যায়, বিশেবর প্রত্যেকটি তত্ত্ব যদি স্ব-তন্ত্র ধারায় প্রবিতিত হয় এবং স্ব-তন্ত্রর্পেই তাদের প্র্ণ্পরিণাম সিন্ধ হয়, তাহলে সেইসঙ্গে ভেদভাবের বিভাবনাও প্রণ এবং অব্যাহত হবে, অতএব তার পরিণামও নিশ্চয় চয়মে পেণছবে। এই হল প্রফৃতির অবস্পিণী ধারা। খণ্ডভাবকে একবার স্বীকার করলে এই ধারা ধরে চেতনা অবশেষে অবগাহন করে জড়ময় অচিতিতে—ঋণ্বদের ভাষায় সেই

অপ্রকেত সলিলে যেখানে তুচ্ছা অর্থাৎ অন্তহীন অণ্নবিভাজন স্বারা অপিহিত রয়েছে সব-কিছ্,' (১০।১২৯।৩)। অখণ্ড যদিও-বা আপন মহিমায় এই 'কুচ্ছা' হতে প্রজাত হন, তব্ত তাঁর রূপ খণ্ডিত-বিবিক্ত সন্তা ও চেতনার কণ্টকে প্রথমত আবৃত থাকে। এই খণ্ডভাবের আবরণ আমাদের অপরা প্রকৃতি, এরই মধ্যে ব্যক্তিকৈ জনেড-জনডে আমরা সমন্টিতে পেণছই। অতি মন্থর ও দৃশ্চর এই উন্মেষের তপস্যা, যার মধ্যে মনে হয় 'সংগ্রামই বিশ্বের জনক'— হিরাক্লিটাসের এই উক্তিই বুঝি সতা। স্পণ্ট দেখছি, প্রাকৃতভূমিতে প্রতিটি ভাব শক্তি বিবিস্তদ্বেতনা ও জীবসত্ত আত্ম-অবিদ্যার প্ররোচনাতেই অপরের সংগ সংঘর্ষ সূচিট করে। অখণ্ড রাগিণীর সাধনায় নয় উগ্র স্ব-তন্ত আত্মপ্রতিষ্ঠার দ্বারাই তারা খোঁজে আপন পর্নেল্ট এবং উপচয়। অথচ এই আবিদ্যার গহনে অন্তর্গ চুচু হয়ে আছে অখন্ডের অজানা আবেশ, যা অবিরাম আমাদের প্রচোদিত করে সৌষম্য ও অন্যোন্যনিভ'রের অস্পণ্ট-মন্থর সাধনার অভিমাথে—অসামের মধ্যে সামের, খণ্ডের মধ্যে অখণ্ডের দ্শ্চের তপস্যার প্রেতি আনে। কিন্তু ঐক্য ও সৌষম্যের এ-সাধনা তবেই সার্থক হতে পারে. যদি আমাদের মধ্যে বিশ্বসতোর নিগ্ঢ়ে অতিচেতন বীর্ষের উল্মেষ ঘটে, যদি প্রমার্থসতের অথণ্ডৈক্রস প্রতায় জাগে। ওই দিবা অভিনিবেশের ফলে সত্তার অণুতে-অণুতে, তার আত্মর্পায়ণের তন্তে-তন্তে ঝঙ্কত হবে জ্যোতিন্টোমের অমর মৃ্ছ'না। সে-সামসাধনা অসম্যক প্রয়াস, অপ্র কৃতি এবং নিয়তচণ্ডল প্রায়িক সিদিধর বৈকল্যে পরাহত হবে না। চিন্ময় মনের ঊধর্বভূমি হতে এই আধারে ও চেতনায় নেমে আসবে অলকনন্দার দিব্যধারা, তারও ওপারে রয়েছে যা গ্রহাহিত তার স্বচ্ছন্দ প্রকাশ ঘটবে আমাদের মধ্যে। তবেই-না বিশ্বলীলায় আমাদের এই অবতরণ দিব্য জন্মে ও দিব্য কর্মে সার্থক হবে।

অবসপিণী ধারা ধরে অধিমানস পেণছিয় এসে বিশ্ব-সত্য আর বিশ্বঅবিদার সংগমরেথায়। এইখানে চিং-শক্তি অধিমানসের প্রত্যেকটি স্ব-তংগ্র
প্রবর্তনার মধ্যে বিবিক্ত-চেতনাকেই একাত করে তোলে—তাদের অভার্নিহিত
অভেদচেতনা থাকে প্রচ্ছেম্ন অথবা স্তিমিত। আর তার ফলে, অনাব্যাব্ত একাপ্র
অভিনিবেশ শ্বারা অধিমানসের উংসমলে হতে মানসকে বিচ্ছিন্ন করা তার
সম্ভব হয়। এমন-একটা বিচ্ছেদ অধিমানস আর অতিমানসের মাঝে প্রবেই
ঘটেছে। কিন্তু তব্ও সে যেন ছিল একটা আলোর আভাল। অতএব
অতিমানস হতে অধিমানসে সচেতন ভাবসংক্রমণের কোনও বাধা ছিল না—
দ্রের একটা জ্যোতির্মায় সাজাতাবোধও ছিল অক্ষ্রা। কিন্তু এবার অধিমানস
আর মানসের মাঝে দেখা দিল অস্বচ্ছ একটা যবনিকা। স্ত্রাং মনের মধ্যে
অধিমানস প্রেতির সঞ্চরণও রহস্যের কুহেলিকায় আচ্ছন্ন হল। আপাতবিচ্ছির
মানস তাই যেন স্বাত্নের একটা অভিমান নিয়ে চলে। তাই প্রত্যেক মনোময়

জীবে মনের প্রত্যেক মূল ভাব শক্তি ও সংবেগে ফুটে ওঠে একটা বিবিক্ত আত্মপ্রতিষ্ঠার বিভাবনা। অপরের সংগ্রে কথনও তার যোগাযোগ সম্মেলন বা সন্মিকর্ষ ঘটলেও, তার মধ্যে অশৈবতবাসিত অধিমানস প্রবাত্তির বিশ্বতোম্থ উদার্য থাকে না। তাই সেখানে স্ব-তন্ত্র কতগালি অবয়বের সঞ্কলনে দেখা দেয় কৃতিম বিবিক্ত একটা অবয়বী মাত্র। মানসের এই প্রবৃত্তিকে ধরে বিশ্ব-সতা হতে আমরা নেমে আসি বিশ্ব-অবিদ্যায়। অবশ্য বিশ্বমানস এই ভূমিতেও স্বগত অখণ্ডভাবের উদার অন্তব পায়—কিন্তু চিংস্বর্পই যে তার উৎস এবং প্রতিষ্ঠা, এ-সংবিৎ আচ্ছন্ন থাকে। অথবা বৌশ্ব চেতনার সামান্য-প্রতায় শ্বারা এ-তত্ত্বকৈ অনুভব করলেও ধুবা স্মৃতিতে তাকে সে ধরে রাখে না। নিরঙ্কশ আত্মকর্তু ত্বের অভিমান নিয়ে তার কাজ চলে। কর্মের উপকরণকে সে স্বতঃসিশ্ধ বলে গ্রহণ করে—যে-উৎস হতে তারা উৎসারিত, তার সঙ্গে তার কোনও যোগয়াক্তি থাকে না। মানসের ব্রিতার্নলিতেও পরস্পরের সঙ্গপকে এবং সমণ্টি বিশেবর সম্পর্কে এমনিতর অজ্ঞান থাকে—শ্বধ্ব পরোক্ষ সন্নিকর্ষ ও যোগাযোগের ফলে ফ্টে ওঠে জ্ঞানের একট্রখানি আভাস। কিন্তু তাদের মধ্যে তাদাঘ্যাবোধের মোল প্রত্যয় থাকে না, অতএব অন্যোন্যসংগমজনিত সামরস্যের অন্তেবও আর জাগে না। এমনি করে অবিদ্যার আঁধারেই চলে মনের তপস্যা। যদিও তার ম্লে একটা প্রদীপ্ত বিজ্ঞানের প্রেতি আছে, তব্ সে-বিজ্ঞান খণ্ডিত—কেননা সে থেমন সত্য ও সম্যক্ আত্মজ্ঞান নয়, তেমনি সত্য ও সম্যুক্ জগং-জ্ঞানও নয়। এই খণ্ডবোধ সঞ্চারিত হয় প্রাণের রজঃশক্তিতে ও স্ক্রাভতের তমঃশক্তিতে এবং পরিশেষে ফুটে ওঠে স্থল জড়বিশেবর মধ্যে—যার উদ্ভব অচিতির বুকে চিতিশক্তির চরম নিগ্রেন।

অথচ আমাদের অধিচেতন বা আণ্ডর মনের মত মানসভূমিতেও আছে যোগাযোগ ও ব্যতিষপ্তের একটা বিপ্লতর সামর্থ্য, মানস- ও ইন্দ্রিয়-সংবেদনের আরও প্রম্কু একটা স্বাচ্ছন্দ্য—যা প্রাকৃতমনের অগোচর। তাই অবিদ্যার প্রভাব এই মানসের 'পরে এখনও অখণ্ড নয়। সৌষম্যের একটা সচেতন সাধনা, ঋতময় সম্বন্ধের একটা অন্যোন্যসংস্ক যোগয়্কি এখনও অসম্ভব নয়। প্রাণ-সংবেগের অন্ধ প্রমন্ততা কি জড়ত্বের অসাড়তা এখনও মনকে আচ্ছন্ম করেনি। এই মানসভূমিকে অবিদ্যার ভূমি বললেও অন্ত বা প্রমাদের ভূমি বলা চলে না—অন্তত অন্ত- বা প্রমাদ-গ্রন্ত হওয়া এখনও তার পক্ষে অপরিহার্য নয়। অবিদ্যা এখানে চেতনায় সঙ্গেচ এনেছে, কিন্তু বিপর্যয় ঘটায়নি। একদেশী সত্যের সমাহারে জ্ঞান সীমিত ও সংকুচিত হলেও তার মধ্যে সত্যের প্রতিষধ বা ব্যভিচার নাই। বিবিক্তধর্মী জ্ঞানের ভিত্তিতে একদেশী সত্যের এমন সমাহার প্রাণ ও স্ক্ষ্মভূতের লোকেও আছে, কেননা চিংশক্তির যে অন্যব্যব্ত অভিনিবেশ হতে এই বিবিক্ত প্রবৃত্তির স্থিত, তা

এখনও প্রাণ হতে মনকে অথবা জড় হতে প্রাণ ও মনকে বিচ্ছিন্ন বা আচ্ছন্ন করেনি। পূর্ণ বিচ্ছেদ দেখা দেয় অচিতির পূর্ণ অধিকারে, সেই 'তমোগ্র্ড অপ্রকেত সলিল' হতে উদ্ভূত হয় অবিদ্যাশবল আমাদের এই জগং। সংবৃত্তির ধাপে-ধাপে এমনি করে নেমে এসেছে যে চেতনভূমির পরম্পরা, বস্তৃত তারা চিন্ময়ী মহাশক্তিরই বিস্থি। প্রত্যেক ভূমিতে একটা আত্মকেন্দ্রিকতা আছে, আছে আপন-আপন বীজভাবের অন্বর্তন। মন প্রাণ বা জড় প্রত্যেক ভূমির মুখ্য তত্ত্ব যাই হ'ক না কেন, সে-ই আপন স্বাতন্ত্র্যে প্রতিষ্ঠিত থেকে কাজ করে যায়। তব্ তার কৃতি স্বর্পসত্যের বিস্থি—সে বিভ্রম নয়, সত্যানতের মিথান বা বিদ্যা-অবিদ্যার সংকর নয়। কিন্ত শক্তি ও রূপের প্রতি ঐকান্তিক অভিনিবেশের ফলে চিংশক্তি যথন চিং হতে শক্তিকে আপাত-বিচ্ছিন্ন করে, অথবা রূপ ও শক্তির বনকে আত্মহারা অন্ধ নিষ্পির ফলে চৈতনাকে গ্রন্থত করে—তখন বহু, আয়াসে সেই চৈতনাকে তার ন্বাধিকার ফিরে পেতে হয় খণ্ড-পরিণামের চ্রুটিত ধারা ধরে, যার মধ্যে প্রমাদ হয় নিয়তিকৃত, আর অনুত হয় অপরিহার্য। তবুও তারা অনাদি অসতের বুকে মঞ্জরিত বিভ্রমের মরীচিকা নয়। বরং বলব, অচিতি হতে বিসূদ্ট জগতের অভিব্যক্তিতে তারা ঋতের অপরিহার্য বিধান। কারণ, তত্তত অবিদ্যা তো অচিতির অনাদি-গ্রুপ্তন মোচন ক'রে পাওয়া-না-পাওয়ার দোলায় দ্বলে বিদ্যা-শক্তির আপনাকে ফিরে পাবার একটা নিরন্তর প্রয়াস। তাই অবিদ্যার পরিণামও স্বভাবচ্যুতির সত্য পরিণাম এবং বলতে গেলে স্বভাবসিদ্ধির সত্য সাধনাও চলে ওই পথ ধরেই। সং যেন গ্রহত হল অসতের মধ্যে, চিতি আপাত-অচিতির মধ্যে, দ্বরূপের আনন্দ বিশ্বব্যাপ্ত এক বিপলে অসাড়তার মধ্যে—এই হল দ্বরূপ-চ্যুতির প্রথম ফল। কিন্তু অন্তর্গাঢ় চিংশক্তির প্রেরণায় এই অ-ভাবের ত্মিস্তাকে বিদীর্ণ করে ফ্টেল ভাবের রণ্মিরেথা, সান্ধাচেতনার ন্বন্দ্ব নিয়ে দেখা দিল অপূর্ণ আদিম প্রকাশ। চৈতন্য খণ্ডিত হল প্রমা এবং অপ্রমায়, সত্যে এবং প্রমাদে। অখণ্ড সন্তার মধ্যে এল জীবন আর মরণের পর্যায়। আনন্দ বিধরে হল সংখ-দঃখের বেদনায়। নিজেকে ফিরে পাবার দ্যুশ্চর তপস্যায় এই দ্বন্দ্ব অপরিহার্য—কেননা অচিতির কর্বালত থেকেই সত্য জ্ঞান আনন্দ ও অবিনাশী সদ্-ভাবের নিরঞ্জন অনুভব পাবার কল্পনায় একটা স্বতোবিরোধ আছে। বিশ্বপরিণামে প্রত্যেক জীব যদি চৈত্যসন্তার নিগঢ়ে প্রোততে এবং প্রকৃতির মর্মনিলীন অতিমানসের অলক্ষ্য প্রবর্তুনায় স্বচ্ছন্দ হয়ে সাড়া দিত, তাহলেই বর্তমান অবস্থার বিপর্যায় সম্ভব ছিল। কিন্তু এইখানে দেখা দেয় অধিমানসের বিধান-প্রত্যেক শক্তিলীলার মধ্যে আপন বীজভাবকে ফুটিয়ে তোলবার নিরঞ্জুশ স্বাতন্যার্পে। অতএব অচিতি ও খণ্ডচেতনা বে-জগতের মূলতত্ত্ব, তার মধ্যে স্বভাবতই স্ফুরিত হবে তমঃশক্তির

দ্বাতন্দ্য। অবিদ্যা তার আধার, অতএব অবিদ্যাকে সে জিইয়ে রাথতে চাইবে। অথচ দ্বভাবের বশে সে-জগতে দেখা দেবে—জানবার-বোঝবার অব্ঝ আয়াস হতে অন্ত ও প্রমাদ, বেচে থাকবার অন্ধ আক্রিত হতে অন্যায় ও অনথের বিক্ষোভ, দ্বাথেশিধত ভোগলিশ্সা হতে স্ম্থ-দ্বঃখ-সন্তাপের খণ্ডলীলা। কিন্তু এই দেবাস্বরের দ্বন্দ্ব বিন্বপরিণামের একমান্ত তাৎপর্য নয়—এ তার উদয়নের অপরিহার্য আদিকান্ড মান্ত। জানি, অসং সতেরই সংবৃত্ত র্পায়ণ, আচিতি কিছ্ই নয় নিগ্ড়ে চিতিশক্তি ছাড়া, অসাড়তার অন্তরালে প্রচ্ছয় আছে আনশ্দের অন্তঃশীল সংবেগ। অতএব এসব গ্রহাহিত সত্যের উন্মেষকেও ধ্বে বলে জানি। তমোগ্ড় আনন্ত্য হতে বিস্ভিটর এই প্রতীপলীলার মধ্যেই একদিন ফ্টেবে অধিমানস ও অতিমানসের ষোড়শকল মহিমা।

এই পরম সিদ্ধির পক্ষে দুদিক দিয়ে প্রকৃতি আমাদের অনুকৃল। প্রথমত, অধিমানস অবরোহক্রমে জড়স্রাণ্টর দিকে নেমে আসবার সময়ে নিজেরই এক-একটা পর্যায় গড়ে তলেছে : যেমন বিশেষ করে বোধি-মানস—যার ঋতম্ভরা বৈদ্যতীর তীক্ষ্য দীপ্তি উল্ভাসিত চেতনার বিপলে প্রসারে কত-যে অজানার মণিবিন্দর ঝিকিয়ে তোলে। এমনি করে অধিমানসের কত-না পর্যায় নিগতে সত্যের এক-এক ঝলক ফুর্টিয়ে তোলে আমাদের হাদয়ে।...উন্মেষিত অন্তরের অনুভাবে বিস্ফারিত বহিঃসন্তায় চেতনার উধর্বলোক হতে নেমে আসে অনাহত বাণীর গ্রন্ধারন। তখন ওই অধিমানস সম্পদের অন্যুশীলনে চিন্ময় দিবাধামে আমরা সম্বৃষ্ধ এবং অধিমানস নবজাতকর পে আবির্ভুত হতে পারি —যার মধ্যে প্রাকৃত বংশিধ ও ইন্দ্রিয়সংবিতের কণ্ঠা নাই, যার চেতনা সম্ভূতি-সংবিতের উদার সামর্থ্যে সত্যের সত্ততনরে অপরোক্ষ স্পর্ণে রোমাঞ্চিত। বস্তৃত পরম পরার্ধ হতে প্রজ্ঞার প্রভাস বারবার ঝিলিক দিয়ে যায় আমাদের মধ্যে, কিন্তু তার চকিত দীপ্তি হয় অপরিসর, অনিয়ত, দিতমিত। কুণ্ঠাকে পরাহত করে তার সার পা লাভ করা, এই আধারের সহজ প্রবৃত্তিতে লোকোত্তর সত্যবীর্যের স্বাধিকারকে ফিরে পাওয়া—এ-সাধনায় এখনও আমাদের সিন্ধিলাভ হয়নি। কিন্তু সে-সিন্ধির পক্ষে প্রকৃতির ন্বিতীয় আনুকুলা এই : বোধিমানস, অধিমানস, এমন-কি অতিমানসও অন্তর্গটে ও সংবৃত্ত হয়ে আছে আমাদের নিয়তিকত পরিণামের আধারর পী অচিতির মধ্যে। শুধু তা-ই নয়, বিশ্বমন বিশ্বপ্রাণ ও বিশ্বজড়ের পরিস্পন্দনে তাদের নিগ্ডে স্থিতি সহজ উন্মেষের বিদ্যুৎঝলকে বারবার ফ্রটিয়ে তুলছে গ্রুতপা আত্ম-স্ফারণের অবন্ধ্য পরিচয়। সত্য বটে, আজও তাদের তপস্যা প্রচ্ছম, প্রাকৃত মন-প্রাণ-জড়ের আধারে আজও তাদের প্রকাশ কুণ্ঠিত ও বিকৃত। এ-জগং আজও অতিমানসের সাক্ষাং বিস্হৃতি নয়—কেননা তাহলে অচিতি এবং অবিদ্যার আবিভাবই অসম্ভব হত, অথবা প্রকৃতিপরিণামের অপরিহার্য মন্থরতার প্থানে দেখা দিত র্পান্তরের বিদ্যাংবিসপ'। ব্যক্তি অথবা জাতির জীবনের য্গসন্ধিতে কথনও-কখনও আমরা তার আভাস পাই। তব্ও জড়শক্তির লীলায়নে পদে-পদে যে ধ্ব নিয়তির সন্ধান পাই, সেও অতিমানস সিস্কার বিভূতি। প্রাণ ও মনের কত বিচিত্র আক্তি, অফ্রন্ত সম্ভাবনা, অকল্পনীয় সমাহার—এও তো অধিমানসের লীলা। প্রাণ ও মন যেমন জড়ের গহন হতে ছাড়া পেয়েছে, তেমনি মনের গহন হতে নিগ্রে দিব্যভাবের এইসব বিপ্লে বীর্যের স্ফ্রণ হবে এবং দালোক হতে এই পাথিব চেতনাতেই ঘটবে তাদের স্বর্পে অবতরণ।

অতএব এই মর্ত্য আধারেই অমর দিব্য-জীবনের উন্মেষে সার্থক হবে আমাদের বর্তমান অবিদ্যাজীবনের প্রমাক্তি ও উত্তরায়ণের সাধনা। এ যে সম্ভব শ্ব্য তা-ই নয়—মহাপ্রকৃতির উধ্ব-পরিণামী তপশ্চর্যার এই তো অপরিহার্য নিয়তি ও পরম সিম্ধি-।

> প্রথম খন্ড সমাপ্ত

দ্বিতীয় খণ্ড বিতা ও **শ**বিতা— চিন্ময় পরিণাম

পূর্বার্ধ

অনস্ত চেতনা এবং অবিচ্যা

অব্যাকত বিশ্বব্যাকৃতি এবং অনির্দেশ্য

অদৃশ্তীৰব্ৰহাৰ্যাহ্য অপ্ৰাহ্যে অলক্ষম অচিশ্তাম অব্যাপদেশ্যম একাস্প্ৰাত্যাসসারং প্রপ্রেপাপশমং শাদ্তং শিবম্ অদৈৰতম্। ...স আস্মা। স বিজ্ঞাঃ।

মাণ্ড,ক্যোপনিবং এ

থিনি অদৃষ্ট, অব্যবহার্য, অগ্রাহা, অলক্ষণ, অচিন্তা, অব্যপদেশা, একাস্বপ্রত্যয়ই থাঁর সার, প্রপঞ্চের উপশম থাঁর মধ্যে—সেই শান্ত বিশ্বর্পই আত্মা; চাই তাঁরই বিজ্ঞান।

—মান্ড্রেয় উপনিষদ (৭)

আশ্চর্যবিং পশাতি কশ্চিদেনম্ আশ্চর্যবৃদ্ বৃদ্তি তথৈৰ চান্যঃ। আশ্চর্যবিচ্চনম্ অন্যঃ শ্লোতি শ্রুড়াপ্যৈনং বেদ ন চৈব কশ্চিং ॥

গীতা ২।২৯

আশ্চর্যবং দেখে কেউ একে, আশ্চর্যবং বলে তেমনি অপরে; আশ্চর্যবং একে শোনেও আবার—তব্ব একে জানে না কেউ!

—গীতা (২।২৯)

বে ঘক্ষরম্ অনিদেশিয়ন্ অব্যক্তং পর্যন্পাসতে।
সর্বতগম্ অচিন্তাও ক্টম্থম্ অচলং ধ্রম্॥
...সর্বত সমন্ধ্য়ঃ।
তে প্রাণন্রনিত মামেৰ সর্ভুত্তিতে রতাঃ॥

गीजा ১२।०-९

অনিদেশা, অব্যক্ত, অচিন্তা, ক্টেম্থ, অচল, সর্বত্তগ প্রব অক্ষরের উপাসনা করে যারা সর্বত্ত সমব্দিধ ও সর্বভূতহিতে রত হয়ে, তারা পায় আমাকেই।

—গীতা (১২।৩-৪)

...ব্দেধরান্ধা মহান্পর:। মহতঃ পরমবান্তম্ অবাক্তাং প্রের্ফ পর:। প্রের্মাল পরং কিন্তিং সা কান্টা সা পরা গতিঃ ম

কঠোপনিবং ৩।১০-১১

বর্ণিধর পরে মহান্ আত্মা, মহান্ আত্মার পরে অব্যক্ত, অব্যক্তের পরে প্রের্ব, প্রেষের পরে নাই কিছ্রই—তিনিই পরা কাষ্ঠা, তিনিই পরা গতি।
—কঠ উপনিষদ (৩।১০-১১)

বাস্দেবঃ সৰ্বামতি স মহামা স্দ্ৰেভঃ।

গীতা ৭।১৯

वाम् (एवरे भव याँत कारक, धमन भशाका मामा कि

–গীতা (৭।১১)

পরা সত্তায় অনুসূত্ত, নিগতে হয়েও সর্বান্তর্যামী এক চিৎ-শক্তির বিস্তৃতি এই বিশ্বভূবন। সে-চিন্ময়ীই প্রকৃতির গহের হতে গহের রহস্য। কিন্ত জডজগতে এবং আমাদের আধারে দেখি, বিদ্যাশন্তি আর অবিদ্যাশন্তির শ্বৈতকে আশ্রয় করে তার কাজ চলছে। স্বয়ংপ্রজ্ঞ অনন্ত সন্মান্তের অন্তহীন সংবিতে ক্রিয়াশন্তির মর্মে-মর্মে জ্ঞানাশন্তির স্ফুট বা অস্ফুট আবেশ থাকবে। অথচ এখন দেখি, বিশ্ববিস্থির আদিতে মহাপ্রকৃতির আধার কিংবা প্বভাবর্পে এক অবিকল্পিত অবিদ্যা বা তমসাচ্ছন্ন অচিতির খেলা। অচিতির অন্ধ্রতামিস্ত বিশ্বব্যাপারের গোডার প**্রিজ।** তারই এখানে-সেখানে দেখা দিল চেতনা ও জ্ঞানের খদ্যোতিকা—ি স্তিমিত-প্রচার জ্যোতিঃকণের গ্রুস্ত স্ফর্নলঙ্গ। তাদের প্রেন্ডাবে শরে, হল মন্থর চিন্ময়-পরিণামের দুন্চর তপ্স্যা, আধারশন্তির আনুক্ল্যে ধীরে-ধীরে চেতনার প্রবৃত্তি হল সুবিনাস্ত ও সুকৌশল—আচিতির নিকষে চিতিশক্তির সোনার লিখন ক্রমেই উম্জব্লতর হল। তবু মনে হয়, এ যেন এষণাচণ্ডল অবিদ্যার কৃত্রিম সিন্ধির সণ্ডয় শ্বে:। সে চায় জানতে. ব্রুঝতে, সব রহস্যের ঢাকা খুলে ফেলতে—দুঃসাধ্য সাধনার মন্দান্তানতায় নিজেকে সে রূপান্তরিত করতে চায় বিদ্যাশন্তির দীপালিতে। এথানে প্রাণের প্রবৃত্তি যেমন কণ্ঠিত এবং আয়ুস্ত, তেমনি চেতনারও ৷ চার্রাদকে ছেয়ে আছে মরণের করাল ছায়া—তার মধ্যে তাকেই আশ্রয় করে চলেছে কৃচ্ছ্রতপা প্রাণের প্রতিষ্ঠা ও পর্নিষ্টর আয়োজন। অণকৌবের পারিমান্ডলো তার রূপ ও শক্তির প্রথম উন্মেষ। তারপর অবয়বের ক্রমিক প্রচয়ে বিচিত্রজটিল কায়-সংস্থান ও প্রাণন-কৌশলের আশ্চর্য বিস্কৃতি। তেমনি চলেছে চিতিশক্তির তপস্যা—এক অনাদি অচিতি ও বিশ্বব্যাপিনী অবিদ্যার অমাশ্যকার তর্রালত করে আলোকের কম্প্র-শঙ্কিত অভিযান ধ্রবজ্যোতির দিকে।

অথচ এমনি করে বিদ্যার সপ্তয় শ্ব্র প্রতিভাসকে জানে—বস্তুর তত্ত্বকে বা অস্তিত্বের ম্লাধারকে নয়। প্রাকৃত-চেতনার কাছে বিশেবর ম্ল ধরা দেয় অব্যাকৃতি অথবা শ্নাতার ম্থোস প'রে। প্রতিভাসের তত্ত্ব তার কাছে অবর্ণ অগোত্র অনাদিস্থিতি মাত্র। তার মধ্যে আছে শ্ব্র অম্লক কার্য-পরার একটা সমাহার, যাকে বস্তু-স্বভাবের সার্থক পরিণাম বা প্রত্যক্ষ কোনও নিয়তিকৃত-নিয়মের ফল বলা চলে না। ওই অব্যাকৃতকে ভিত্তি করে গড়ে উঠেছে এক শতর্পা বিস্টিইর অমিত বৈপ্ল্যা—পরমার্থসতের সঙ্গে তার স্বাক্ত ও সহজ্ব কোনও সম্বাধ্ব মাই। বিশেবর তত্ত্বর্প আমাদের প্রথম দ্ভিতিত ফোটে অনির্ভ্ব এমন-কি অনির্ভিচ করে গড়ে ইয়ে। সে-আনত্তের মধ্যে বিশ্বকে শক্তি অথবা সংস্থানের দিক দিয়ে মনে হয় একটা অনির্ভ্ব নির্ভিত্ব অথবা সামাহারা সাদত বলে। বির্ণ্ধভাষণের অপবাদ মেনেও বিশ্বের তত্ত্ব সম্পর্কে এমন উক্তি আমাদের করতেই হয়। আর-কিছ্ব না হ'ক, অন্তত এট্বকু এতে প্রমাণ হয় যে

বস্তুর তত্ত্বসমীক্ষায় এবার বৃদ্ধির এলাকা ছাড়িয়ে আমরা এসে পেণছৈছি র্আনর্বচনীয়তার রহস্য-প্রাণ্গণে। । তার পর জানি না, কোথা হতে সেই বিশ্বে দেখা দেয় সামান্য এবং বিশেষ উপাধির অর্গাণত বৈচিত্র ৷ অথচ অনতেত্র দ্বভাবধর্মে তার প্রত্যক্ষ কোনও সমর্থন নাই, সাতরাং বাধ্য হয়ে তাদের বলতে হয় অনন্ত-স্বরূপের 'পরে একটা পরকৃত অথবা সম্ভবত স্বকৃত আরোপ মাত্র। উপাধিজননী শত্তিকে আমরা বলি 'প্রকৃতি'। কিন্তু বস্তুর স্বগত-সত্যের খতায়নদ্বারা যে-শাস্ত বস্তুর স্বভাবকে বিশ্বে প্রতিষ্ঠিত করে. 'প্রকৃতি' সংজ্ঞাটি অন্বর্থ কেবল তারই বেলায় নয় কি? তব্ ও স্বর্পসত্যকে আমরা কোথাও প্রতাক্ষ করি না, কিংবা অভিবাক্ত উপাধিসমূহের স্বভাবস্থিতির কোনও হেত-নির্দেশও করতে পারি না। বিজ্ঞান আজ বিশ্বের জড়লীলার একাধিক সূত্র আবিষ্কার করলেও এখনও আসল প্রশ্নের 'পরে কোনও আলোকপাত করতে পারেনি। বিশ্বচরিতের আদিলীলা আজও আমাদের কাছে অতর্কা রহসা। সে-লীলার প্রত্যক্ষগোচর পরিণামকে বাস্তব প্রয়োজনের দিক দিয়েই বিচার করতে পারি, তার প্রবৃত্তির অপরিহার্যতাকে কিছুতেই প্রমাণ করতে পারি না। পরিশেষে, অনাদি অনিরক্ত অথবা অনিবাচ্যের আশ্রয়ে কি উৎস হতে কি করে উপাধির বিবর্ত দেখা দেয়, তাও আমরা জানি না—শুধু দেখি বৈচিত্রাহীন অন্পাথ্যের ভূমিকায় রহস্যময় তাদের ঋতায়ন!বিশ্বের মূলে আছে এক আন্তের আয়তনে অগণিত সান্তের অবোধ্য সমাহার, এক অখন্ডের মধ্যে খন্ড-লীলার অন্তহীন বীচিভ্ণ্য, এক নিবিশেষ অক্ষরের মধ্যে সীমাহীন বিশেষ ও ক্ষরধর্মের উপচয়। বিশ্বের আদি তাই স্বগতবিরোধের রহস্যগ**্**স্ঠনে ঢাকা। কে জানে কোনু সঙ্কেতে সে-বিরোধের সমাধান?

প্রশ্ন হতে পারে, বিশ্বর্পের ম্লে অনুন্তকে প্রতিষ্ঠিত করতে আমরা চাই কেন? অবশ্য অনুন্তর বিকল্প আমাদের মনঃকল্পনার অপরিহার্য একটা সাধন। কেননা, দেশ-কাল অথবা স্বর্পসন্তার মধ্যে অস্তিত্বপ্রবাহের কোথাও একটা সীমা কল্পনা করা—যার এপারে-ওপারে অথবা সামনে-পিছনে কিছুই নাই—এটা মনের পক্ষে একেবারেই অসম্ভব। অনুন্তর অনুক্রেপ অসং বা শ্নাতার কল্পনা চলে বটে। কিন্তু প্রেই বর্লেছি, সে-কল্পনায় কেবল আনুন্তার অনুব্যাহ অতলতার ব্যঞ্জনাই আছে—যার মধ্যে ইচ্ছা করেই ঝাঁপিয়ে পড়তে আমরা চাই না। অনুন্ত আর শ্নোর কল্পনায় এই তফাত শ্বন্—আগেরটিকে যাদি মানি অনির্বাচ্য বলে, পরেরটিকে বাল ভাবকের নিরবশেষ অভাব-প্রত্যয় মার। অথচ ভাবের উপলব্ধিক হেতু-প্রত্যয়ে প্রতিষ্ঠিত করবার জন্য দ্টির একটিকে আশ্রয় আমাদের করতেই হবে। যাদ বাল, জড়বিশ্বের সান্ত প্রতিভাসের সীমাহীন প্রসার আর তার অন্তহীন উপাধি-বৈচিত্র ছাড়া কোন তত্ত্বই বাস্তব নর, তাহলেও সমস্যার সমাধান হয় না। অন্তহীন সং বা অন্তহীন

অসং অথবা সীমাহীন সাত—সমস্তই আমাদের কাছে অনির্ক্ত কিংবা অনির্বাচ্য। বিশেষ-কোনও ধর্ম কি লক্ষণ দিয়ে বিশেষিত করতে পারি না বলে তাদের সোপাধিক স্বভাবেরও কোনও প্রয়োজন খ্রুজে, পাই না। বিশেবর তত্তভাবকে দেশ কাল অথবা দেশ-কালের দ্বিদল বলে ব্যাখ্যা করলেও রহস্যের আবরণ ঘোচে না। কেননা মনের পরকলার ভিতর দিয়ে বিশেবর দিকে তাকাই বলে আমাদের ব্রুদ্ধ ওই বিকলপগ্রাল বিশ্বতত্ত্বের 'পরে চাপায়, নইলে-যে বিশ্বর্পের যথার্থ পরিপ্রেক্ষিতটি মন খ্রুজে পায় না। ব্রুদ্ধর কল্পিত সংজ্ঞাগ্রালকে বিকলপ না বলে যদি বাস্তব্ও বলি, তব্ তাদের আনির্ক্ত-স্বভাবের কোনও ব্যতায় হয় না, এবং কি করে তাদের মধ্যে উপাধির বিবর্ত সম্ভব হয়, তারও কোনও সঙ্কেত মেলে না। নির্বিশেষ বস্তুস্বর্প কোন্ দ্বর্বোধ উপায়ে বিশেষিত হল, বস্তুর বিচিত্র শক্তি গ্রুণ ও ধর্ম কি করে স্ক্রিত হল, তাদের স্বর্প কি তাৎপর্যাই-বা কি, এসমস্তই আমাদের কাছে অনাদি রহস্যগর্শ্বনে ঢাকা থেকে যায়।

এই অনন্ত অথবা আনিরান্ত সত্তা বিজ্ঞানের দুটিটতে বাস্তব হয়ে ফুটেছে শক্তিরপে। সে-শক্তির স্বরপেও বিজ্ঞান জানে না কেবল কাজ দেখে তার অনুমান করে মাত্র।...মহাশক্তির পরিস্পন্দে উদ্বেল তর্জ্গবিক্ষেপে বিচ্ছারিত হয়ে পড়ে অর্গাণত অতিপরমাণ্বর চ্র্ণমায়া। আবার তারা পরমাণ্বতে সংহত হয়ে রচে শক্তির বিচিত্র বিস্থিতির পীঠভূমি, যার মধ্যে আছে জড়োত্তর-পরিণামের দিগন্তনিলীন ইণ্গিত i...এমনি করে ধারে-ধারে ফুটে ওঠে ব্যাহত জড়ের জগৎ —ফোটে প্রাণ, জাগে চেতনা, ঘনিয়ে ওঠে প্রকৃতি-পরিণামের কত-যে অজানা রহস্যের ছায়া। গুটেচারিণী মহাপ্রকৃতির অনাদি প্রসূতিকে আশ্রয় করে দেখা দেয় ইন্দ্রিয়ন্ত্রাহ্য বিপরিণামের লীলা—আমরা তাদের খ্রীটয়ে দেখি, কৌশলে অনেককেই বাগ মানিয়ে কাজে লাগাই। কিন্তু তব্ কারও মর্মচর গোপন কথাটির সন্ধান পাই না। এইটকু জানি, তড়িং-অতিপ্রমাণুর বিভিন্ন সংখ্যা ও সংস্থান হতে বৃহত্তর তড়িং-পরমাণ্র আবির্ভাবের উপযোগী একটা নৈমিত্তিক পরিবেশ দেখা দিতে পারে বটে (যদিও তাকে হেতু না বলে নিয়ত-পূর্ববত্বী 'প্রত্যয়' বা কারণসামগ্রী বলাই সমীচীন)। কিন্তু উদ্ভূত অণুর বিচিত্র স্বভাব গুল বা শক্তি প্রকৃতির কোন্ নিগ্রে প্রবৃত্তির বৈচিত্র হতে দেখা দেয় কারণ কি পরিবেশের কোন বিশেষ-ধর্ম হতে জাগে কার্য বা পরিণামের বিশেষত্ব—তার কোনও নিয়ম আমরা আবিন্কার করতে পারি না। অসংশ্য কতগুলি প্রমাণুর বিশেষ-একটা সমাযোগ দুশ্য অভিনব ধর্মিবিশেষের নিদান কিংবা পরিবেশ রচল। কিন্তু এই রচনার ম্লস্ত্রটি কি, তার স্পণ্ট পরিচয় আমরা জ্ঞানি না। অক্সিজেন ও হাইড্রোজেনের পরমাণ্য কেন গণিতের একটা বিশিষ্ট নিয়মে সংযুক্ত হয়ে জলের বিশিষ্ট আকার নিয়ে দেখা দেয়? গ্যাস

জলের উপাদান হলেও জল তো শ্বং দুর্নিট গ্যাসের সংমিশ্রণ নয়, কেননা উৎপাদকের ধর্ম হতে উৎপাদ্যের ধর্ম এখানে আলাদা। জলকে তাই একটা নতুন স্বািষ্ট, পদার্থের একটা নতুন রূপে, জড়ধর্মের একটা অভিনব ব্যাকৃতি বলে মানতে হয়। বীজ হতে গাছ হয়। কি করে হয়, তা জেনে আমরা পরিণামের সে-ধারাকে কাজেও লাগাই। কিল্ডু কেন বীজ হতে গাছই হবে. গাছের প্রাণ এবং রূপ কি করে বীজসত্তে বা বীজশন্তিতে অন্তর্নিবিষ্ট ছিল. তা তো জানি না। বীজের মধ্যে গাছের অন্তর্ভাবকে একটা প্রাকৃতিক তথ্য বললেও হেতুপ্রশেনর দায় এড়ানো যায় না। সম্প্রতি জেনেছি. বংশানুক্রমের গোড়ায় রয়েছে 'জীন' ও 'ক্রোমোসোম'এর কারসাজি। শুখে শারীরিক বৈচিত্র্য নয়, মানসিক বৈচিত্রোরও মূলে আছে তারাই। কিন্তু অচেতন জড় উপাদান হয়েও কি করে তারা বিশিষ্ট মনোধর্মের আধার ও বাহন হল, তার তত্ত আমাদের কাছে অনাবিষ্কৃত রয়ে গেছে। জর্ডবিজ্ঞানী জড-পরিণামের রহস্য বোঝাতে গিয়ে বলেন : ইলেক ট্রনের যোগাযোগে প্রমাণ্য, তাহতে অণুরে উৎপত্তি। জড অণ্যুর বিচিত্র সংস্থানবশত জীবকোষ ও শরীরগ্রান্থর উদ্ভব, রসক্ষরণ প্রভৃতি শারীর-ব্যাপারের আবির্ভাব। এমনি করে দূরবিস্পী জড়পর্মাণ্র ব্যাপারই সেক্স পীয়র বা পেলটোর মাদতত্ব ও নাডীতন্ত্রকে উর্ত্তেজিত ক'রে তাঁদের দিয়ে লিখিয়েছে Hamlet, Symposium বা Republic—অন্তত তাঁদের ভাবস্থির মূলে রয়েছে বস্তুকণারই লীলাচাঞ্চল্য। বৈজ্ঞানিকের যুক্তি আমরা স্ববোধ বালকের মত শ্বনে যাই বটে—কিন্তু তব্ব ব্রুঝতে পারি না. নিছক জড়ম্পন্দ হতে অপরোক্ষভাবেই হ'ক অথবা পরম্পরাক্রমেই হ'ক কি করে দেখা দিল সাহিত্য বা দর্শনের ওই উত্তঃপা ভাবলোক ! নিমিত্ত আর নৈমিত্তিকের মাঝে ব্যবধানটা এক্ষেত্রে এতই দুস্তুর যে, প্রকৃতি-পরিণামের ধারাকে হাতের ম্ঠায় এনে কাজে লাগানো দ্রের কথা, তার চলনের আগাগোড়া ইতিহাসটা আজও আমাদের অগোচর রয়ে গেছে। ব্যাবহারিক জগতে জড়বিজ্ঞানের স্ত্রগর্বলর প্রামাণ্য নিঃসন্দিন্ধ হতে পারে, প্রকৃতির বহিরঙ্গ-ব্যাপারকে অনেক ক্ষেত্রে আয়ত্তেও আনতে পারে তারা—িকন্তু তার মর্মারহস্যের কোনও সন্ধান দিতে পারে না। বস্তস্বভাবের চরম জিজ্ঞাসার উত্তর তাদের কাছে নাই। মনে হয়, শেষপর্যক্ত জড়বিজ্ঞানের সূত্রও এক বিশ্ব-মায়াবীর মায়ামন্ত্র যেন। তার ফল প্রতিক্ষেত্রেই নিথ'ত অমোঘ এবং স্বতঃসিন্ধ, কিন্তু তার নিদানকথা দূর্বোধ রহস্যে ছাওয়া।

এই একটা ধাঁধাই নয় শুধু। দেখছি, অনির্ক্ত আদাশক্তি দিকে-দিকে ছড়িয়ে দিয়েছে নির্ক্ত ব্যাকৃতি-সামান্যের পরম্পরা। প্রত্যেকটি ব্যাকৃতির অগণিত অনুব্যাকৃতির তুলনায় তাকে অব্যাকৃত-সামান্য বললে দোষ হয় না। রুপ্ধাতুর একটি বিশিষ্ট বিভাবের পরে প্রত্যেকটি ব্যাকৃতির নির্ভাব এবং তাকে

আশ্রয় করে তার সবিশেষ রূপায়ণ। সে-রূপায়ণেরও লেখা-জোথা নাই-একটা মলেধাতর অমেয় বীর্ষ কখনও-কখনও বিচ্ছারিত হয়ে পড়ে বৈচিত্র্যের অন্তর্হীন সমন্ত্রাসে। কিন্ত স্বরূপত প্রত্যেকটি বৈচিত্র্য মনে হয় অকল্পিত—অব্যাকত-সামান্যের **দ্বভাবকে তারা কোনমতেই মেনে চলে না।** একই তডিংশক্তি হতে দেখা দিল তার ধনাত্মক ঋণাত্মক ও তটম্থ বিভূতি; আবার প্রত্যেকটি বিভূতি যুগপৎ কণাধমী ও তরখগধমী। বায়বীয় শক্তি-ধাতুর ব্যাকৃতি ঘটল বহু-বিচিত্র বায়ব-পদার্থে। কঠিন শক্তি-ধাতু র পার্শ্তরিত হল ক্ষিতিতত্ত্ব—তার মধ্যেও মৃত্তিকা শিলা ধাতু ও খনিজ পদার্থের কত রকমারি। এক প্রাণ হতে উদ্ভিদ্জগতে উচ্ছবসিত হয়ে উঠল তর্-লতা প্রুম্প-পল্লবের অন্তহীন বাসন্ত সমারোহ। প্রাণিজগতে দেখা দিল জীবলীলার কত বৈচিত্য—জাতি উপজাতি ও ব্যক্তির কত বৈশিষ্ট্য। তেমনি রাজৈশ্বর্যের মেলা নেমে এল মানুষের প্রাণে ও মনে—অগণিত চিত্ত-আর্কাতর ধারা বেয়ে চলল বিশ্বপরিণামের অসমাপ্ত নাটালীলার কোন চরম অঞ্চের দিকে যার রহস্য এখনও অন্তগ্র্ট এবং অনুদ্রাটিত আমাদের কাছে। অথচ সর্বতই দেখছি একটা নিয়মের খেলা। আদি-ব্যাকৃতির মধ্যে আছে স্বভাবধর্মের একটা সমতা, এবং মৌলিক ধাত-প্রকৃতির এই সমতাকে আশ্রয় করেই সামান্য ও বিশেষ অনুব্যাকৃতির মাঝে বৈচিত্রের একটা নিরগ'ল উচ্ছনাস। জাতি অথবা উপজাতিতেও, সাধ্ম্যের বিধানকে আশ্রয় করেই দেখা দিয়েছে অগ্নেতি বৈধর্ম্যের পরিকীর্ণতা—অবশেষে ব্যক্তির মধ্যে ফুটেছে তার চূড়ান্তর্প। কিন্তু সামান্য-প্রকৃতির মধ্যে কোথাও এমন-কিছু খুঁজে পাই না, যাকে বিকৃতির এই বৈচিত্ত্যের জন্য দায়ী করা চলে। শুধু দেখছি, মূলে আছে এক নিবিকার সাম্যের অনুত্তরণীয় নিয়তি, আর শাখাপ্রশাখায় অফরেন্ত বৈচিত্রের রহস্যময় স্বাতন্তা। কিন্তু কে এই নিয়তির নিয়ন্তা? নিবিশেষকে কে বিশেষিত করল ? অনির্বান্তর মধ্যে নির্বান্ত এল কোথা হতে ? তার নিগ্ড়ে সত্য বা তাৎপর্ষ কি ? কার তাড়নায় বা প্রেরণায় সম্ভূতি-বৈচিত্রের এই প্রমন্ত উচ্ছন্ত্রাস--যার কোনও অর্থ নাই কি লক্ষ্য নাই, শুধু সিসক্ষার আনন্দ বা সোন্দর্যকে সার্থক করা ছাড়া ?...কোনও মন আছে কি এর পিছনে— এষণা-ব্যাকৃল কম্পনাকৃশল কোনও মননের লীলা, কোনও নিগড়ে সংকল্পের প্রবর্ত না ?...হয়তো আছে। কিন্তু জড়প্রকৃতির আদিভাবনায় কোথায় তার আভাস?

এ-সমস্যা সমাধানের প্রথম কলেপ মানতে পারি বিশ্ব জনুড়ে এক স্বকৃৎ
যদ্চ্ছার অবন্ধন প্রবৃত্তিকে। বিশ্বপ্রতিভাসর্পিণী প্রকৃতির মধ্যে একদিকে
যেমন দেখি নিরমের অলক্ষ্য শাসন, আরেকদিকে তেমনি দেখি খেরালখনিশর
অবোধ্য প্রমন্ততা। এ-দন্টি বিপরীত প্রবৃত্তির মাঝে সামঞ্জস্য ঘটাতে এমনিতর
আম্স্বতোবির্ম্থ একটা কল্পনার আশ্রয় নেওয়া ছাড়া উপায় কি ? বাধ্য হয়ে তাই
বিশিষ্টত হয় : এ-জগতে চলছে এক অচেতন ও অনিয়ত শক্তির উদ্দাম লীলা—

কোনও নিয়মের শাসন নাই তার মধ্যে শ্ব্ধ যদ্চ্ছাবশে যা-খ্রশি-ভাই স্ভিট করবার অন্ধ প্রেরণা ছাড়া। নিয়ম সেখানে দেখা দেয় কেবল প্রবৃত্তির একই ছন্দের অন্তহীন পনেরাব্তির ফলে আর তা টিকে থাকে—এমনিধারা একটা অভ্যাদের ছন্দ ছাড়া বিশ্বের অস্তিত্বকে বজায় রাখবার কোনও উপায় নাই বলেই। আপাতদ্থিতে মনে হয়, এ-ই প্রকৃতির র্নীত।...কিন্ত তাহলে সংগ্র-সংগ্রে মানতে হয় : বিশ্বের মূলে কোথাও দতর হয়ে আছে এক সীমাহীন সম্ভূতির উদ্যত বিপদ্শলতা অথবা অর্গণিত সম্ভাবনার অপ্রমেয় গর্ভাশয়—যাহতে এক আদার্শান্তর স্বতোবিচ্ছার:৭ চলছে অননত ভূতপ্রকৃতির বিস্কৃতি। সে-বিশ্বযোনি অনির্বাচনীয়া আচিতির্নাপণী, তাই ব্রেড উঠতে পারি না তাকে সং না অসং বলব। অথচ এমনিতর একটা মূলপ্রকৃতির অধিষ্ঠান ছাডা শক্তির ক্রিয়া ও বিভাবনা কি করে সম্ভব, তাও বুঝি না। কিন্তু বিশ্বপ্রতিভাসের আরেকটা দিকে তাকাই যখন, তখন খেয়ালখু শির পরিণামে খতম্ভরা-প্রবৃত্তির অভ্যদয়কেও যান্তিয়ান্ত বলে কিছাতেই মানতে পারি না। সম্ভাবনার দৈবরাচারকে মেনেও দেখি, নিয়ম বা খতের দিকে প্রকৃতির একটা অনতিবর্তানীয় প্রবণতা রয়েই গেছে। তাইতে মনে হয় বিশ্বের মর্মান্সলে আছে অদৃষ্ট এক <u> ব্রভাবসত্যের অমোঘ প্রশাসন—যে-সত্যের বহু,ধা-বিস্কৃতির বীর্য আত্মর পায়ণের</u> বিচিত্র সম্ভাবনাকে বিচ্ছারিত করছে দিকে-দিকে এবং সেই হিরণ্যরেতার কল্পবীজকেই মহাশক্তির কামকলা মূর্ত করে তুলছে রূপে-রূপে।...এহতে জাগে আরেকটা সিম্পান্তের কল্পনা : বিশ্বের মূলে আছে এক যদ্তমূঢ় নিয়তি —প্রাকৃতিক নিয়মের যন্দ্রাচারে আমরা তার প্রকাশ দেখি। হয়তো সে-নিয়তির পিছনে আমাদের পূর্বকাম্পত অন্তর্গ ্ট স্বভাব-সত্যের প্রবর্তনা আছে, তারই স্বয়স্ভু প্রশাসনে চলছে বিশ্বের এই নিতাদৃষ্ট লীলায়ন। কিন্তু শুধু নিয়তির নিয়মতন্ত দিয়ে অন্তহীন বিশ্ববৈচিত্তার স্বাতন্তাকে ব্যাখ্যা করা যায় না। তার জন্য নিয়তির মধ্যে কি পিছনে চাই একত্বভাবনার সহচরিত অথচ তার গ্নণীভূত বহুত্বভাবনার একটা স্ফারন্ত প্রবেগ। তখন প্রশ্ন হবে, এই এক**ত্ব** বা বহুত্বের ধমী কে? নিয়তিবাদ তার কোনও জবাব জানে না। তাছাড়া অচিং হতে চিতের আবিভাব কি করে হল, নিয়তিবাদ দিয়ে তার কোনও ব্যাখ্যা হয় না। কেননা অচিতির নিয়মতন্তই যদি বিশেবর মৌলিক ততু হয়, তাহলে তার মধ্যে স্ববিরোধী চিংশক্তির স্থান কেমন করে হবে? যদি বলা যায়, নিয়তির শাসনে অচিং হতে চিতের উন্মেষ হয়—তাহলে বাধ্য হয়ে মানতে হবে, চিৎশক্তি প্রথম হতেই স্ফারণের অপেক্ষায় প্রচ্ছর ছিল অচিতির মধ্যে, উপযুক্ত পরিবেশ পেয়ে এবার সে বেরিয়ে এসেছে আপাত-তামস্তার সম্পূটে বিদীর্ণ করে।...নিয়তিকৃত-নিয়মের সমস্যাকে অবশ্য চ্বকিয়ে দিতে পারি এই বলে যে : প্রকৃতির মধ্যে নিয়ম বলে কিছু নাই ও আমাদের

মনের একটা সপ্রয়োজন বিকল্প শ্ধ্—কেননা নিয়মের আঁট না থাকলে বাইরের জগতের সংগ্য তার কারবারই চলে না। আসলে বিশ্বে কেবল এক মহাশন্তির খেরালখ্নির খেলা আছে অণ্-প্রমাণ্র ঝাঁক নিয়ে। সে-খেলার বিশেষপরিণাম আমাদের অদৃশ্য, শ্ধ্ব তার সামান্যপরিণামের ফলে দেখি বিচিত্র বিশেষণের আবিভাব—যার মলে আছে পরমাণ্র সমাঘিটিরার মধ্যে একই ছন্দের পৌনঃপ্রিনকতা মাত্র। এমনি করে নিয়িত হতে আবার ফিরে এলাম যদ্ছোতে। স্কুরাং যদ্ছ্ছাই আমাদের জীবনের তত্ত্ব।...কিন্তু তাহলে মন বা চেতনার তত্ত্ব কি ? আচিতি হতে আবিভূতি হলেও তার ধারা এতই স্বতন্ত্র যে, আচিতির স্ঘুট জগতে তাকে জায়গা করে নিতে হয় নিজেরই সপ্রয়োজন ঋতকল্পনাকে স্টিউর পরে আরোপ ক'রে। অথচ স্টিউর বাঁধন হতেও তার ম্বুত্তি নাই! এ-সিম্বান্তে তাই দ্বুটি বিরোধ আছে। প্রথমত, অচিং-মূল হতে চিতের আবিভাব ; দ্বিতীয়ত, অচেতন যদ্ছোর দ্বারা স্থেজ জগতের চরম অঙ্কে শাণিত যুক্তি ও ঋতময় কল্পনা নিয়ে মনের দীপালি। এমন অতিকিত আবিভাবি সম্ভাবিত হলেও তাকে মানতে আরও স্কুট্ব সমাধানের দাবি যদি করি, তাকে নিশ্চয় অসংগত বলা চলে না।

বস্তৃত বিশ্বরহস্যের সমাধান অন্য পথেও হতে পারে। এমনও বলা চলে, চিংশন্তির সিসক্ষাতেই এক আপাত-অচিং মূল হতে বিশেবর বিস্থািত। এই বিশ্ব এক লোকোত্তর মন বা ক্রতুর কল্পনা ও ব্যাকৃতি। আপন স্টিটর আডালে সে-মন আপনাকে প্রচ্ছন্ন রেখেছে। সবার আগে নিজের সামনে টেনে দিয়েছে সে অচেতন শক্তি ও জড় রূপধাত্র এই তিরুস্করণী, যা যুগপং তার ছম্ম-আবরণ এবং সিস্ক্রার সাবলীল উপাদান দুইই—শিলপীর রূপাদর্শকে ফ চিমে তোলবার উপযোগী একান্ত-অন গত মলে উপকরণের মত। যা-কিছ; দেখছি চার্রাদকে, সে কি তবে বিশ্ব-বিবিক্ত কোনও প্রমদেবতার কল্পনাবিলাস ? জগতের ওপারে আছেন এক পরমপ্ররুষ—সর্বজ্ঞান ও সর্বেশনায় প্রদীপ্ত তাঁর মন ও দ্রুত। জড়বিশ্বকে তিনিই বে'ধেছেন গণিতের অনতিবর্তনীয় নিয়মে, সাধর্ম্য-বৈধর্ম্যের অপরূপ শিল্পমায়ায় ফুটিয়ে তুলেছেন বিশেবর অপূর্ব त्भाध्यती, **मःवामी-विवामी मृ**द्वत विकित त्याकामा नाना विद्वाद्यत सभावन ও সংমিশ্রণে গড়ে তুলেছেন অনিব্চনীয় এক চমংকার-যার ব্রকে বিশ্বব্যাপী অচিতির ছন্দোদোলায় চলছে চেতনার আত্মলাভ ও আত্মপ্রতিষ্ঠার বিরামহীন তপস্যা। সে-পরমদেবতা যে ইন্দির-মনের অগোচর, তাতে বিষ্ময়ের হেতু কি আছে ? যে-প্রন্থী বিশ্ব হতে বিবিক্ত, বিশেবর বিস্কৃতিতে তাঁর সত্তার অপরোক্ষ প্রতায় বা লক্ষণ আবিষ্কার করা কখনও সম্ভব হতে পারে না। শুধু সবজায়গায় দেখছি একটা লোকোত্তর বৃদ্ধির স্কেপন্ট ছাপ—দেখছি আইনের বাঁধন, শিল্পীর পরিকল্পনা, ভাবনার সূত্রজাল, সাধ্যের সংগে সাধনের বিস্মর্কর

সামঞ্জস্য, উদ্ভাবনী-শক্তির অফুরুন্ত ব্যঞ্জনা-এমন-কি কল্পনা কোথাও উদ্দাম হয়ে ছটেলেও ঋতম্ভরা প্রজ্ঞা ঠিক রাস ধরে আছে তার পিছনে! এই দেখেই না মনে হয়, বিশ্বের এই ঋতায়নের অশ্তরালে আছে কোনও ঋতভং দেবতার অনুশাসন।...আবার এমনও হতে পারে, স্রন্থী সূচ্ছি হতে একাত বিবিক্ত না হয়ে অন্তগ্র্হয়ে আছেন তার মধ্যে। তাহলেও কিন্ত স্থির মধ্যে তাঁর পরিচয় প্রচ্ছন্ন থাকতে পারে। হয়তো সে-পরিচয় ধরা পড়বে, যখন অচিতির পরিণামে চিৎশক্তির উন্মেষ উত্তরায়ণের এমন-একটি বিন্দুতে এসে পেণছবে যেখানে অন্তর্যামীর স্বরূপস্থিতি আর চেতনার অগোচর থাকবে না। চিৎ-পরিণামের এই অতর্কিত বিভূতিকে অসম্ভবও বলা চলে না কেননা এতে বস্তুর স্বর্পহানির কোনও আশুকা নাই। যে দিব্য-মন অপ্রতিহত বীর্যের অধীশ্বর, সে নিশ্চয় তার সূত্টজীবের মধ্যে নিজের স্বর্পশন্তির আবেশও ঘটাতে পারে।...এ-সিন্ধান্তের শুধু এই গলদ যে, স্ভির তাৎপর্যকে এর মধ্যে আমরা স্পন্ট দেখতে পাই না। সব চলেছে একটা খেয়ালখাশির খেলায় যেন—কে জানে তার কি লক্ষ্য! বিশ্ব জন্তে অজ্ঞান সংঘাত ও বেদনার অন্ধ তাড়না: কি ছিল তার প্রয়োজন, কোথায় তার চরম পরিণাম কোন সার্থক निर्माण्य छेम् याभरत ? वनरव, ७ नौना ? किन्छु मिया-भूतः स्वतं हिन्मसं नौनासं এত-সব অদিব্য জ্ঞালের ঝামেলা কেন? যদি বল, জগতে যা-কিছ, দেখছ, সবই ঐশ্বরভাবনার বিলাস। তাহলে পালটা জবাবে আমরাও বলতে পারি. ভাবনার আরও-খানিকটা উৎকর্ষ দেখতে পেলে তাঁর তারিফ করতে পারতাম। আর, সবচাইতে খুশী হতাম, এমন দুঃখহত দুর্বোধ জগংস্থির ভাবনা তাঁর র্যাদ একেবারেই না থাকত। যে-ঈশ্বরবাদেই জগৎ-জোডা ঈশ্বরের কম্পনা. তাকেই এসে ঠেকতে হয় এই সমস্যায় এবং তাকে পাশ-কাটানো ছাড়া তার উপায় থাকে না। কিন্তু দ্রুন্টা যদি বিশ্বোত্তীর্ণ হয়েও আবার বিশ্বাত্মক হন, একাধারে যাদ হতে পারেন নট এবং নাট্য—তাহলেই এ-সমস্যার সমাধান সম্ভব। তখন বিশ্বকে এক অনন্তস্বরূপের আত্মরূপায়ণের লীলা বলে জানব—যার মধ্যে তাঁর অন্তগ্র্টে অন্তহীন সম্ভাবনাকে তিনি ফ্রটিয়ে চলেছেন ঋতময় বিশ্বপরিণামের ছন্দে লয়ে।

এ-অভ্যুপগম সত্য হলে মানতে হবে, জড়শান্তর অন্তরালে বিশ্বব্যাপী এক অন্তহীন সংবৃত্ত চিংশন্তি অন্তর্গ, চহরে আছে। নিজের পরাক্বৃত্ত বীর্য-শ্বারা সে গড়ে তুলছে নিত্যপরিগামিনী বিস্থিত বিচিত্ত সাধনু, জড়বিশ্বের সীমাহীন সান্ততায় ফ্টিয়ে তুলছে আত্মর পায়ণের বিপ্ল ঐন্বর্ধ। জড়শন্তির আপাত-অচেতনাও জড় বিশ্বধাতু গড়বার অপরিহার্ধ নিমিন্তর্পে তার কাছে সাথক হয়েছে। আপাতবির্শ্ধ সত্ত্ব হতে নিজেকে বিবৃত্ত করবে বলেই চিংশন্তি অচিতির গছনে সংবৃত্ত হতে চায়। জড়দ্বের মধ্যে এমনি করে তার

চরম আত্মনিগ্রেন ঘটেছে। অতএব বিশ্ব যদি অনন্তের আত্মরপায়ণ হয়. তাহলে একে বলব তার আত্মস্বভাবের সত্য বা বীর্যের প্রকাশ—জডত্বের ছম্মরূপে। এই সত্য ও বীর্ষের বি-কৃতি অথবা বাহনসমূহই বিশ্বপ্রকৃতির অথন্ড এবং মোল বিভূতিরূপে দেখা দেবে। আবার তার সখন্ড বিভূতিসমূহ হবে অখণ্ড বিভূতিরই অন্তর্গন্ত সত্য ও বীর্ষের যথাযোগ্য বি-কৃতি অথবা বাহন। মূলে এমনিতর স্বর্পসত্যের অভিনিবেশকে স্বীকার না করলে, প্রকৃতির খণ্ড-বিভূতিকে মনে হবে অপ্রকেত অব্যাকৃতের গ্রহাশয়ন হতে উৎসারিত অনির্বাচনীয় বৈচিত্তার মায়া বলে। অন্তটেতন্যের মধ্যে অগণিত বিচিত্র সম্ভাবনার নিরঙকুশ স্বাতন্ত্য আছে। জড়প্রকৃতিতে তা-ই ধরে আমাদের নিত্যদৃষ্ট অচেতন যদৃচ্ছার রূপ। কিন্তু যদৃচ্ছার অচেতনাও একটা আপাত-প্রতিভাস মাত্র—কেননা জড়ের মধ্যে চেতনা সম্পূর্ণ সংবৃত্ত হয়েই অচেতনার অবভাস জাগায়, আপন অস্তিত্বকে চেকে রাখে আত্মনিগ্রনের অবগ্র-ঠনে। আবার আনন্ত্যের স্বগত সত্য ও বীর্য অবন্ধ্য ক্রতুর প্রবর্তনায় যখন নিজেদের রূপায়িত করে, তখন যদ্যন্তার জায়গায় প্রকৃতিতে দেখা দেয় যন্ত্রমূঢ় নিয়মের শাসন। কিন্তু তার যাশ্বিকতা প্রতিভাস মাত্র, সেও অচিতির একটা মায়া। এর্মান করে বিশ্বের মূলে চিৎশস্তিকে স্থাপন করলেই বোঝা যায়, জড়ের জগতে অচিতির শিল্পচাতুরী কেন গণিতের নিয়ত শাসন মেনে চলে, কেন তার মধ্যে নিখুত পরিকল্পনা, সংখ্যার সার্থক বিন্যাস, সাধ্যের সঙ্গে সাধনের নিখ'ত সামঞ্জস্য, নিত্য-নতেন কলাকোশলের এত প্রাচর্য-এককথায় স্কৃনিপ্রণ গবেষণা ও দ্বচ্ছন্দ ইন্ট্সাধনার এমন সমারোহ। তখন আপাত-র্আচতি হতে কি করে চিতিশক্তির আবিভাব হয়, সে-ধাঁধারও জবাব মেলে।

বাদতবিক এই অভ্যুপগমকে সপ্রমাণ করতে পারলে প্রকৃতির সকল দ্বর্বোধ রহস্যেরই একটা অর্থ ও সংগতি খ্রুজে পাওয়া যায়। সাধারণত মনে হয়, তেজোধাতৃই ব্রিঝ র্পধাতৃর প্রভা। কিন্তু বস্তুত চিংশক্তিতে সত্তার মত, র্পধাতৃও তেজোধাতৃতে অন্তর্নিবিন্ট। তেজ যেমন শক্তির বিভূতি, তের্মান র্পধাতৃও অন্তর্গ ্ট সন্মান্তের বিভূতি। কিন্তু র্পধাতৃ চিন্ময় যতন্কণ, ততক্ষণ জড়-ইন্দিয় তার উন্দেশ পায় না—তাই সিস্কার তেজ তাকে ইন্দিয়য়াহ্য করে জড়ের আকার দিয়ে। সংখ্যা পরিমাণ ও সংস্থান আশ্রয় করে বস্তুর গ্রণ ও ধর্মের প্রকাশ কি করে হয়, তাও এবার ব্রুতে পায়ি। সংখ্যা পরিমাণ ও সংস্থান হল সন্মাত্র-ধাতুর বৈভব, আর গ্রণ ও ধর্ম হল সন্মান্তে অন্তর্নিবিন্ট চেতনা ও তার শক্তির বৈভব। অতএব র্পধাতুর ছন্দোময় চলনে তাদের সন্ধিয় অভিব্যক্তি কিছ্বই অসংগত নয়।...বীজ হতে ব্ক্লের আবিত্রাব-রহস্যও এখন অন্যান্য প্রাকৃত ব্যাপারের মতই স্কৃপন্ট। আমরা যাকে বলেছি সন্দৃত্ত-বিজ্ঞান, সকল বীজেরই অন্তরে সে অন্তর্বামী হয়ে অধি-

ভিঠত। বীজের ব্যাক্ত র্পে এবং সেই র্পের মধ্যে সংবৃত্ত গ্ঢ়-চৈতন্যে অল্তঃশীল হয়ে সঞ্চারিত হচ্ছে অনন্ত-সংবিতের অভীন্ট র্পের স্বন্ধত দিব্যাদর্শন, স্ফ্রন্ত কায়ের আক্তিতে স্পন্দমান তার স্বর্পসন্তার প্রবেগ—যা তেজােধাতুর গহনে স্বরচিত কুন্ডলন হতে উন্মিষিত হতে চাইছে অভিনবের র্পায়ণে। এই অন্তর্গট্ চিং-সংবেগই স্বভাবের ছন্দে বীজ হতে ফ্টে ওঠে ব্লের র্পে।...আরও বৃঝি, প্রাণিদেহের 'জীন' ও 'দ্রোমােসােম' জড়-অণ্ হয়েও কেমন করে জনক হতে সন্তাতিতে মনােবীজ-সংক্রামণের বাহন হতে পারে। এখানেও জড়ের পরাক্-প্রবৃত্তিতে চলছে প্রকৃতির একই খেলা—আমাদের প্রত্যক্-অন্ভবে যার নিবিড় পরিচয় পাই। নিজেরই মধ্যে দেখছি, অবচেতন জড়দেহ নিয়ত বহন করছে মনােময় চেতনার একটা আবেশ—তিলেতিলে সঞ্চয় করছে অতীতের কত স্মৃতি ও অভ্যাস, প্রাণ-মনের কত সংস্কারের গ্রন্থি, স্বভাবের কত ছাঁদ। আবার কোনও রহস্যময় উপায়ে জাগ্রং-চেতনায় তাদের উংক্ষিপ্ত করছে অরোচিত অথবা নিয়্মান্ত্রত করছে আমাদের দৈনন্দিন কর্ম-প্রবৃত্তিকে।

ঠিক এই সূত্র ধরে ব্রুঝতে পারি, আমাদের শারীরফ্রিয়া মনের বৃত্তিকেও কি করে শাসন করে। বাস্তবিক, শরীর তো অচেতন জড়পদার্থ নয় শ**্**ধ্— এক অন্তন্দেতন তেজোধাতুর সে একটা রূপময় বিগ্রহ। তারও মধ্যে চেতনার নিগ্যু আবেশ আছে, অন্তঃসংজ্ঞ হয়েই সে এক বান্ত-চেতনার প্রকাশের আয়তন হয়েছে—যে-চেতনা আমাদের জড়বিগ্রহের তেজোধাতুতে উদ্ভিন্ন হয়েছে দ্বতঃসংবিতের দ্বাচ্ছন্দ্য নিয়ে। শারীরক্রিয়া এই মনোময় গ্রহাশায়ী প্রেষের প্রবৃত্তির অপরিহার্য সাধন। দেহযদ্যে গতিসন্তার করেই, দেহে অন্তর্গ ্র অথচ উন্মিষ্ট চিং-পরেষ তার চিত্ত ও সংকল্পের ব্যাকৃতিকে সঞ্চালিত করেন এবং তার ফলে জড়ের আধারে তাঁর আত্মর পায়ণ সম্ভব হয়। মনের মায়া জড়ের কায়ে রুপান্তরিত হবার সময় জড়বিগ্রহের প্রবৃত্তি ও সামর্থ্যের প্রভাবে মনোবিগ্রহেরও অল্পাধিক বিকার ঘটে। অমূর্তকে মূর্তিতে র্পায়িত করতে গেলে জড়ের এই স্ব-তন্দ্র কৃতির প্রভাব স্বীকার করে নিতেই হবে। দেহযক্ত তাই কখনও-কখনও যক্তীর উপরেও কর্তৃত্ব করে। চিত্ত এবং সংকল্পের স্ফ্রিয় শাসন কি বাধা উদ্যত হ্বার পূর্বেই, শুধু অভ্যস্ত সংস্কারের সংবেগণবারা গ্রহাশায়ী চেতনার মধ্যে সে স্থি করে অতার্কত প্রতিক্রিয়ার বিক্ষেপ অথবা আভাস। এসব সম্ভব হয়—দেহেরও একটা স্বতন্ত্র 'অবচেতন' চেতনা আছে বলে। সমগ্রভাবে দেখতে গেলে আমাদের আত্মর পায়ণের এও একটা রূপ। এমন-কি শুধু দেহষদের দিকে দু ছি নিবন্ধ রাখলে মনে হতে পারে, দেহই বৃঝি শাসন করছে মনকে। তবে সত্যের এটা বহিরণ্গ পরিচয় মাত। তার অন্তর্পা পরিচয় বলবে, মনই বস্তৃত দেহের নিয়ন্তা। এইদিক

দিয়ে দেখলে, আরও গভীর একটা সত্য জেগে ওঠে আমাদের ভাবনায় : দেহ আর মন দুরেরই শাস্তা হচ্ছে এক চিম্মর-সত্তা—র্পধাতুর কণ্ট্রককে সে-ই করেছে বাসিত। আবার দেহ আর মনের অন্যোন্যসম্বন্ধেরও একটা বিপরীত ধারা আছে। এও দেখি, মন তার আজ্ঞা ও সংজ্ঞা দ_্ইই *দেহের মধ্যে* সম্ভারিত করতে পারে, অভিনব প্রবৃত্তির সাধনরূপে তাকে গড়ে তুলতে পারে। এমন-কি তার চিরাভাস্ত দাবি বা হ্রুমের ছাপ এমনভাবে এক দিতে পারে দেহের 'পরে, যাতে মনের সচেতন সংকল্পের অপেক্ষা না রেখেই স্বাভাবিক সংস্কারবশে দেহ অবশভাবে তাকে তামিল করে চলবে। শুধু কি তা-ই? দেহের 'পরে মনের ঈশনা চরমে পেণছয়, যখন দেহের স্বাভাবিক ধর্ম ও সামর্থ্যকে অভিভূত ক'রে মন আপন খুশিতে তাকে চালিয়ে নিতে শেখে। মনের এ-ক্ষমতা কচিৎ-দৃষ্ট হলেও একেবারে নিষ্প্রমাণ নয়—আর কতদরে প্রসার যে তার হতে পারে, তাও কেউ জানে না।...দেহ-মনের **অন্যোন্যসম্ব**শ্বের মাঝে প্রচ্ছন্ন এইধরনের বহু, দুর্বোধ রহস্য সুবোধ হয়ে ওঠে, যখন জানি এক অন্তর্গায়ে চেতনার আবেশে জীবধাত তার উত্তরসাধক মনোধাতর কাছ থেকে প্রেরণা পায়: ওই চেতনাই দেহে নিবিষ্ট থেকে তার রহস্যময় নিগ্রুড় সংবেদন-শ্বারা দেহের 'পরে মনের দাবি অনুভব করে এবং দেহাধিষ্ঠিত উদ্মিষিত চেতনার সকল শাসন মেনে চলে। · তারপর শেষ কথা এই : চিংশক্তিকে বিশ্ব-মূল বলে মানলে পরে, এক দিব্যমন ও সত্যসঙ্কল্পের প্রবেগেই যে এই বিশেবর বিস্থি-এ আর অয়েজ্কি মনে হয় না। স্থির মধ্যে যেসব গোলোকধাঁধাকে বিচারশীল মন স্রক্টার খেয়ালখাশি বলে মানতে নারাজ, তাদেরও একটা যাতি-সংগত ব্যাখ্যা মেলে তখন। কেননা এই দ্বিউতে স্ভির উৎসপিণী ধারায় আমরা দেখি অচিতি হতে চিতিশক্তির মন্থর উনয়নের একটা কচ্ছ্য-তপস্যা। সে-তপস্যা কঠিন হলেও সমস্ত বিরোধের পরাভবে জয়গ্রীর প্রসাদলাভও তার ধ্বব নিয়তি—কেননা মন্থর পরিণামের ক্লছ্যতার ভিতর দিয়েই চিতিশক্তি একদিন তার স্ব-ভাবের বিপলে সত্য প্রকট করবে।

কিন্তু সন্মানের তত্ত্বকে জড়ের দিক থেকে খা্জতে যাই যদি, তাহলে প্রেণিন্ত অভ্যুপগমের কোনও নিশ্চিত সমর্থন পাই না। শা্ধ্ তা-ই নর, জড়কেই চরমতত্ত্ব বললে প্রকৃতির ন্বর্প ও লীলার কোনও ব্যাখ্যা সন্পর্কে একেবারে নিঃসংশয় হওয়া য়য় না। অনাদি অচিতির গা্প্ঠন অন্ধতমিয়য় সব ঢেকে দিয়েছে—তার আড়ালে লা্কিয়ে আছে বিন্ববিস্ভির মর্মচারিণী প্রেতি। মনের সাধ্য কি, সে-যবনিকা ভেদ করবে! প্রতিভাসের ন্বর্প এবং বীর্য গা্হাহিত হয়ে আছে ওই তমাগহনে—বাইরে ফা্টছে শা্ধ্ মহাপ্রকৃতির জড়লীলা। তাই নিঃসংশয় তত্ত্বজ্ঞানের জন্য চেতনার উধর্ব-পরিণামের ধারা ধরে আমাদের চলতে হয়—পেণছতে হয় আত্বজ্ঞাতির মহাবৈপ্লোর সেই

শিরোবিন্দ্রতে, যেখানে বিশ্বের অনাদিরহস্য স্বত-উদ্ঘাটিত। চেতনার এই উধর্বায়নও নিঃসংশায়ত। কেননা, গ্রেছাশায়ী অনাদি-চিতিশক্তির মর্মগহনে প্রথম হতে যা নিগড়ে ছিল, পর্বে-পর্বে তাকে ফুটিয়ে তোলবার তপস্যা চলেছে প্রাকৃত-চেতনায়—তার উৎক্রান্তির ইতিহাস এই আত্মোন্মীননেরই ইতিহাস। . . ম্পন্টই দের্থাছ, প্রাণের রাজ্যেও চরমতত্ত্বের এষণা ব্যর্থ হবে। কারণ, প্রাণের ব্যাকৃতিতে চেতনা অবমানস হয়ে রয়েছে—আমরা মনোময় জীব বলে তার মধ্যে দেখি অচেতনা কি বড়জোর অবচেতনার লীলা। অতএব বর্তমান প্রাণ্ডুমিকে বাইরে থেকে নাড়াচাড়া করে তার মর্মারহস্যের কোনও সন্ধান পাই না—যেমন পাই না জড়ের। তারপর প্রাণের মধ্যে যখন মন ফোটে, তখন তারও প্রাথমিক পরিচয় প্রকাশ পায় জৈব-প্রবৃত্তিতে—দেহ ও প্রাণের নানা বৃভূক্ষা ও দ্বাগ্রহের পরিতর্পণে, সংজ্ঞা বেদনা কামনা ও প্রেতির সংবেগে। অধ্যাস হতে নিজেকে মুক্ত রেখে সাক্ষিভাবে এদের দর্শন করা তার সম্ভব হয় না। মানুষের মনেই সর্বপ্রথম ফ্রটে ওঠে বোঝবার জানবার নির্মানুক্ত সংজ্ঞানের উদার্য দিয়ে গ্রহণ করবার একটা আকৃতি। তাই এই মনকে আশ্রয় করেই আত্ম-জ্ঞান ও জগং-জ্ঞানের একটা সম্ভাবনা দেখা দেয়। কিন্তু মনও প্রথম বিশ্বের বহির**ংগনেরই** খবর নেয়—প্রকৃতির মধ্যে তার নজরে পড়ে শ্বধ্ব তথ্য আর প্রক্রিয়া এবং তাহতে চলে তত্ত্বের অনুমান, সিম্ধান্তের প্রকল্প তর্ক ও জন্পনা। চেতনার রহস্য জানতে হলে নিজেকে তার জানা চাই—আত্ম-সত্তা ও আত্ম-পরিণামের তত্তক বোঝা চাই নিবিড় করে। কিন্তু পশ্রের জীবনে উন্মিষ্ণত চেতনা যেমন জীবন-যোনি-প্রযন্ত্রের কর্বালত, মানুষের মনশ্চেতনাও তেমনি জড়িয়ে গেছে নিজেরই মননের জালে। অবিরাম বয়ে চলেছে চিন্তার প্রবাহ, তাথেকে মনের একম্বতুর্ত ছুটি নাই। এমন-কি তার স্বাতদ্যাও নাই। তার যুক্তি ও জম্পনার সকল আডম্বরের আডালে রয়েছে নিজেরই মেজাজ ঝোঁক সংস্কার ও আশয়ের প্রবেগ, র্বাচ- ও পক্ষপাত-দৃষ্ট নানা প্রবর্তনা, প্রাকৃতিক নির্বাচনের একটা স্বাভাবিক প্রবণতা। তার তথাকথিত জাগ্রত-ব্যাম্থর প্রবৃত্তি ও পরিবেশ গোপনে নিয়ন্তিত করে তারাই। অতএব সত্যের নির্দেশ মেনে মননকে নিয়ন্তিত করবার স্বাতন্ত্র আমাদের নাই—আমরা তাকে চালাই আত্মপ্রকৃতিরই অনুশাসনে। কতকটা অনাসম্ভভাবে মনন হ'তে সরে দাঁড়িয়ে মনঃশন্তির খানিকটা গবেষণা আমরা করি বটে। কিন্তু তাতে আমাদের কাছে ধরা পড়ে শুধু মনের চলনটাই —মনের বিশিষ্ট-বৃত্তির উৎস কোথায়, সে-খবর থেকে যায় জানার বাইরে। এমনি করে মনহতত্ত্বের বহু সিম্পান্তই আমরা খাড়া করি, কিন্তু তব্ আমাদের আত্ম-স্বরূপ আত্মচেতনা ও আত্মপ্রকৃতির মর্মসত্যের উপর থেকে অন্ধকারের যবনিকা অপস্ত হয় না।

যোগপন্থায় মনকে প্রশান্ত করলে পর অন্তরাব্ত চক্ষর কাছে অন্তর-

तरस्मात आवत्रन **এक-এक थाल यात्र। अथम नर्गान मिथ्यम वक्ते मा**का পদার্থ—তাকে সামান্য-ব্যাকৃতি অথবা অব্যাকৃত-সামান্য দুইই বলা চলে। অর্থাং একাধারে সে প্রকৃতি ও বিকৃতি দুইই। মনঃশক্তির, ক্রিয়ায় দেখা দেয় তার বিশিষ্ট আত্মর্পায়ণ—ভাবনা বেদনা ইচ্ছা প্রযন্ত্র সামান্য-প্রত্যয় বিশেষ-দর্শন রস ও ভাব প্রভৃতি বিচিত্র চিত্তবৃত্তির আকারে। কিন্তু এই শ**ন্তিই** আবার নিন্দির হয়ে তালয়ে যেতে পারে আচ্ছন্ন অসাড়তায়, অথবা সমাহিত হতে পারে র্আবচল নৈঃশব্দ্যে এবং স্বয়স্ভূ-চেতনার প্রশান্তবাহিতায়।...তারপরে দেখি, মন তো মনের ব্যাকৃতির উৎস নয়। মনঃশক্তির এক বিপলে প্লাবন বাইরে থেকে তার উপরে আছড়ে পড়ে কখনও নবীন কল্পনায় রূপ ধরছে, কখনও বিশ্বমনের প্রাক্সিম্ধ কোনও কল্পর পকে ফর্টিয়ে তুলছে, কখনও-বা অপর মনের ছায়াকে সংক্রামিত করছে তার 'পরে। আর মন তাদের স্বাইকে গ্রহণ করছে আপন ব'লে।...আরও গভীরে দেখি, আমাদের মধ্যে গ্রহাহিত হয়ে আছে রহস্য-নিবিড় এক অধিচেতন মন—তাহতে উৎসারিত হচ্ছে বিচিত্র মনন দর্শন সংকল্প ও বেদনার প্রবেগ।...তারও পরে দেখি চেতনার উত্তরভূমিতে এক পরতর মনের র্দান্ত উদ্বেল হয়ে উঠছে, ঝরে পড়ছে এই আধারে।...সবার শেষে দেথি মনোময়-পরে, ষকে, মনোধাত ও মনঃশক্তিকে যিনি ধরে আছেন। তাঁর আবেশ বিধাতি ও অনুমতি ছাড়া তাদের সন্তা এবং ক্রিয়া সম্ভবই হত না। এই মনোময়-প্রেষকে প্রথম দেখি 'বৃক্ষ ইব দতরাঃ' সাক্ষির্পে। কিন্তু তা-ই যদি তাঁর স্বর্পের স্বথানি হত, তাহলে মনের ব্যাকৃতিকে বলতাম পরেষের 'পরে প্রকৃতির প্রাতিভাসিক-প্রবৃত্তির একটা অধ্যারোপ, অথবা পরে,ষের কাছে উপস্থাপিত প্রকৃতির একটা বিস্কৃতি। বিচিত্র ভাবনা-বেদনার কল্পমায়া গড়ে প্রকৃতি তাঁর সামনে ধরছে, আর উদাসীন হয়ে তিনি চেয়ে আছেন তার দিকে। কিন্তু পরে বর্ঝি, মনোময়-পারুষ নিশ্চল উপদুষ্টার ভূমিকা হতে সরেও দাঁড়াতে পারেন। স্বয়ং চিত্তব্তির উৎস হয়ে তাদের গ্রহণ কি বর্জন করা, এমন-কি তাদের বিজ্ঞাতা প্রশাস্তা ও অনুমন্তা হওয়াও তাঁর পক্ষে অসম্ভব নয়। তথনই জানি, সত্তার অন্তগ্র্ণ মনোধাতুই ধরেছে মনোময়-পরেষের রূপ। আত্মরূপায়ণের আকৃতিতে টলমল তার স্বর্পসতা, মনঃশক্তি তারই চিতিশক্তির বিভূতি। অতএব প্রব্যের তত্তভাব হতেই যে মনোময় ব্যাকৃতির বিস্থিতি এ-সিম্পান্ত অসংগত নর।...কিন্তু এইখানে একটা গোল বাধে। আরেকদিক থেকে দেখতে গেলে আমাদের ব্যক্তিমনকে মনে হয় বিশ্বমনের একটা ব্যাকৃতি মাত্র। বিশ্বমনে যে চিল্তার ঢেউ উঠছে, যে ভাবের স্লোত বইছে, যে সংকল্পের আভাস বেদনার আন্দোলন র্পায়ণ ও র্পবোধের আকৃতি জাগছে—ব্যক্তিমন তার ধারণ গঠন ও সণ্ডালনের যদ্র শংধা। অবশ্য তারও সাধনাসিত্ধ একটা নিজ্ঞস্ব রূপ আছে—যা তার বিশিষ্ট রুচি ও ঝোঁকের,

ব্যক্তিগত মেজাজ ও ধাতের বাহন। তাই বিশ্বমনের প্রেরণাও আধারে স্থান পায় তখনই, যখন ব্যক্তিমনের বিশিষ্ট আত্মর্পায়ণের সঞ্গে তা খাপ খায় অর্থাৎ প্র্ব্যের স্বীয়া প্রকৃতি যখন তাকে আপন বলে মেনে নেয়। এমনি করে ব্যাপারটা ঘোরালো হয়ে উঠছে বলে গোড়ার ওই প্রশ্নটা অমীমাংসিতই থেকে যায়: এই-মে চিত্ত-পরিণামের লীলা, এ কি মনোময়-প্র্ব্যের কাছে বিশ্বব্যাপ্ত কোনও শক্তির দ্বারা উপস্থাপিত একটা প্রাতিভাসিক স্কিট মার? না প্রের্যের অনির্ভ্ত অথবা অনির্বাচ্য স্বভাবের 'পরে মনঃশক্তির আরোপিত একটা প্রবৃত্তির আন্দোলন? না এ-সমস্তই আত্মার অন্তর্গত্বে স্পন্দস্বভাবের একটা সিম্ধর্প—হিল্লোলিত হয়ে উঠছে মনের ব্বেং? এ প্রশ্নের জ্বাব পেতে হলে তলিয়ে যেতে হবে বিশ্বচেতনার গভীর গহনে—যায় মধ্যে সমগ্র বিশ্বের অথন্ড তত্ত্বর্পটি উল্জ্বল হয়ে ফ্রটে আছে প্রাকৃত-অন্ভবের সঙ্কীর্ণ বন্ধন হতে মৃত্ত হয়ে।

ব্যাষ্ট্রমনের পরে এমন-কি অবিদ্যাশবলিত বিশ্বমনেরও ওপারে আছে বিশ্বচেতনার সেই ভূমি—আমরা যাকে বলেছি অধিমানস। সেইখানে গেলে কি আমাদের সমস্যার সমাধান হবে ? অধিমানসের মধ্যে বিশ্বসত্যের একটা অব্য-বহিত অকুণ্ঠিত আদ্য-প্রত্যয় আছে। অতএব তার মধ্যে হয়তো পাব বিশ্বের আদিচ্ছন্দের কণ্ডিকা, মহাপ্রকৃতির প্রথমা প্রেতির কোনও অন্তরংগ পরিচয়। একটা কথা অবশ্যই স্পন্ট : সেখানে ব্যদ্টি ও বিশ্ব দ্বইই এক লোকোত্তর প্রমার্থসতের আত্মবিভৃতি, অতএব ব্যক্টিজীবের প্রাণ-মন অর্থাৎ তার প্রকৃতি-স্থ পুরুষসত্তা যে বিরাট পুরুষের অংশ-কলা এবং এমনি করে পরোক্ষ অথবা অপরোক্ষভাবে অনুত্তরেরই যে সে আত্মবিভৃতি—এও অনম্বীকার্য। হয়তো অনুত্রের এই জীববিভূতি উপহিত ও অর্ধচ্ছয়—তব্ব ওই তার মর্মসত্য। কিন্ত এও দেখছি, জীব নিজেও সে-বিভূতির অন্তত আংশিক নিয়ন্তা। বিরাট বা অনুত্তরের যে-কলাকে তার প্রকৃতি গ্রহণ ক'রে জীর্ণ ও ব্যাকৃত করতে পারে, তার দেহ-প্রাণ-মনের আধারে তা-ই শব্ধ র্পায়িত হয়। অন্তরের বিভূতিকে বা বিরাটের অন্তর্গ ্র্ড সত্যকেই সে প্রকাশ করে, কিন্তু সে-প্রকাশের ভাষা তার নিজ্ঞস্ব—সে তার আত্মপ্রকৃতিরই ব্যঙ্গনা। কিন্তু বিশ্বপ্রতিভাস সম্পর্কে মূল জিজ্ঞাসার উত্তর অধিমানস-বিজ্ঞান দিয়েও হয় না। আমাদের প্রশ্ন ছিল এই : মনোময়-প্রের্বের গড়া এই-যে ইন্দ্রিয়বিজ্ঞান মনন ও অন্-ভবের জগৎ, এ কি তার সত্যকার কোনও আত্মর পায়ণ, তার চিন্ময় স্ব-ভাবের কোনও সত্যের স্বতোব্যাকৃতি—সেই সত্যেরই সম্ভাবিত স্ফ্রইন্তার একটা অপরিহার্য পরিণাম ? না এ শুখু বিশ্বপ্রকৃতির একটা বিস্থিত বা বিক্লেপর উপরাগ তার 'পরে ?—তা-ই যদি হয়, তাহলে সে-জগৎকে প্রেবের নিজস্ব বা আগ্রিত বলা চলে এই অর্থে যে, পরুরুষের বীর্যবিশেষ শ্বারা রুপায়িত প্রকৃতির

'পরেই তার বৈশিন্ট্যের নির্ভার। অথবা, মনোজগৎ কি বিশ্ববিকল্পনার একটা খেলা—অনন্টের শাশ্বত নিরপ্তানসন্তার অনুপাখ্য শ্নাতার ভূমিকায় অবন্ধন খেরালের ক্ষণিকা শ্বে ?...স্ভিরহস্যের এই তিনটি ব্যাখ্যাই প্রামাণ্যের সমান দাবি নিয়ে মনের কাছে আসে। মন ব্বে উঠতে পারে না কার দাবিকে নৈশ্চিত্যের মর্যাদা দেবে—কেননা প্রত্যেকের পক্ষে তর্কবিশ্বের ওকালতি আছে, আছে বোধি ও অনুভবের নজির। অধিমানসে এসে এ-সমস্যা আরও জটিল হয়ে ওঠে। কেননা, অধিমানসী দ্ভিতৈ প্রত্যেক সম্ভাবনার আত্মর্পায়ণের স্বতঃসিন্ধ সামর্থ্য আছে—অতএব প্রত্যেকেরই আত্মভাবকে প্রত্যয়াধির্ করবার, আত্মবিভাবনার সংবেগে অনুভবের জগতে মৃত্ হয়ে ওঠবার স্বচ্ছন্দ অধিকারও আছে।

অধিমানসে, এমন-কি মনের সকল উত্তরভূমিতেই অতিস্ক্রা দৈবত-প্রত্যয়ের একটা আবর্তন আছে। তার একদিকে রয়েছে নিরঞ্জন আত্মস্বর্পের নিঃশব্দা—নিগ´্ৰ নিবিশেষ স্বয়ম্ভ অলক্ষণ স্বপ্ৰতিষ্ঠ ও আপ্তকাম। আরেকদিকে রয়েছে অনন্তবিভাবনী এক বিজ্ঞানশক্তির বিপল্ল স্পন্দন, এক অপ্রমেয় চিতিশক্তির নির্বারিত সিস্ক্রা—অজস্রধারায় নিজেকে যে ঢালছে বিশ্বের অন্তহীন র পায়ণে। আপাতদ নিউতে অন্যোন্যবির দ্ধ হলেও এ-দ টি প্রত্যয়ের মাঝে একটা সাপেক্ষত্ব বা আপ্রেণের ভাব আছে—এই মনে করে প্রথম তাদের সহচার কল্পনা করি। কিন্তু শেষপর্যন্ত সেই সহচার উত্তীর্ণ হয় স্গান ও নিগানের সামানাধিকরণো—নিগানি বস্তুম অপরে হবিধ অনিবাচ্য অব্যবহার্য অনাদি-চিন্ময় প্রমার্থতিত্ব, আর স্গলে-ব্রহ্ম অনাদি-চিন্ময় প্রমার্থ-তত্ত্ব হয়েও অশেষকল্যাণগ্রণসম্পল্ল, নিখিল নির্মন্তি ও ব্যবহারের শাশ্বত নিদান আধার ও ভর্তা। নিগ্রাণের মধ্যে যদি স্বান্তবের চরম কোটিকে সমাহিত করি, তাহলে পেশছই পরম-নিবিশেষের প্রপঞ্চোপশম শ্ন্যতায়—শূ-খ-সন্মানের অনির্বাচ্য পরাবর পরম অয়নে। আবার সগ্রণের মধ্যে যদি অনুভবের চরম উল্লাস খ'জি তাহলে পাই দিবা-প্রুষের এক পরা কোটি—এক অনুত্তর সর্বগত পরেষ্বিশেষের প্রম ধাম, যিনি যুগপং বিশ্বাত্মক ও বিশ্বাতীর্ণ, নিখিল-প্রপণ্ডের যিনি শাশ্বত ভর্তা, যাঁর সত্ততনরে একটি অণ্য লক্ষকোটি ব্রহ্মান্ডের আশ্রয়, যাঁর আত্মজ্যোতির একটি কিরণলেখায় অনুপাখ্যসত্তার অণ্তম অমৃতকলায় উদ্দ্যোতিত হয়ে ওঠে অনণ্ত প্রপণ্ডের অগণিত মণিবিন্দ্রর দীপালি।...আনশ্তোর এই দুটি বিভাব মনের কাছে অন্যোন্য-বিরোধী দুটি পর্যায়। কিন্তু অধিমানসী চেতনায় উভয়েই সমানভাবে সত্য, উভয়ে একই পরমার্থসত্ত্বের দুটি পরম বিভাব। অতএব এ-দুয়ের পিছনে কোথাও এক 'মহতো মহীয়ান' অনুন্তরের বৈপুল্য আছে যার প্রম আনন্ত্য এ-দুটি বিভাবের শাশ্বত উৎস ও আধার। কিন্ত তার ন্বরূপ কি? অন্যোন্য-

বিরোধের উভয়কোটিই যার মধ্যে সত্য, সে কি এক অনির্বাচ্য অনাদিরহস্য নয়
—যার এতট্কু প্রত্যয়, এতট্কু আভাস মনেরও অগোচর ? হয়ত কিছ্ আভাস
তার পাই—পরম অন্ভবের অবর্ণনীয় ক্ষণভগে। তার অপ্রমেয় বীর্ষ ও
বিভূতির একট্খানি ইশারা আছে ব্রিঝ পরাংপর নেতি- ও ইতি-প্রত্যয়ের
অবিচ্ছেদ পরম্পরায়। অনির্বাচনীয়ের ওই ছায়াপথ ধরেই আমাদের উত্তরায়ণের
অভিযান—কথনও 'অহ্তি'র আহ্বানে কথনও-বা 'নাহ্তি'র হতক্কতায়, কথনও
আবার দ্রেরেই য্গনম্প প্রত্যয়ের অভ্গা ব্যঞ্জনায়। কিন্তু তব্ শেষপর্যন্ত
মনোভূমির উত্ত্র্গা শিথরে পেণছেও দেখি, অধরা তেমনি অধরাই থেকে গেল
—তাকে জানবার কোনও আশ্বাসও কোথাও অর্বাশ্ট রইল না।

কিন্ত পরব্রহ্ম বস্ততই যদি অনির্বাচ্য হন, তাহলে তাঁর প্রকাশ কি বিস্কৃতি অথবা বিশ্বের উৎপত্তি—কিছুইে তো সম্ভব হয় না। অথচ দেখছি কিব আছে। তাহলে কে সূষ্টি করল নির্বিশেষের এই আত্মপ্রতিষেধ কে ঘটাল এই অঘটন. রচল স্বগতভেদের এই নির্ত্তর প্রহেলিকা? যে রচেছে, তাকে শক্তি বলে মানতেই হবে। আর রক্ষই যখন সর্বপ্রভব আম্বতীয় প্রমার্থতত্ত, তখন শব্তিও তাঁহতেই উৎসারিত—তাঁর সংগে তার নিশ্চয় একটা সংযোগ বা আগ্রয়ের সম্বন্ধ আছে। কেননা শক্তি যদি ব্ৰহ্ম হতে সম্পূৰ্ণ বিবিক্ত একটা তত্ত্ব হয় অর্থাৎ অনুপাখ্যের শাশ্বত শুনাতায় ব্যাকৃতির লিখন ফুটিয়ে তোলা যদি এক বিশ্বকং কল্পনার পক্ষে সম্ভব হয়, তাহলে একমাত্র পরব্রহ্মই আছেন— একথা বলা সঞ্চাত হয় না। বাধ্য হয়ে তখন বিশ্বের মূলে মানতে হয় সাংখ্যের প্রকৃতি-পরে, ধবাদের সগোত্র একটা দৈবতের লীলা। বিশেবর বিধাতা যে, সে যদি হয় শক্তি, এবং ব্রহ্মেরই একমাত্র শক্তি—তাহলে ব্রহ্ম হতে তাকে বিবিত্ত কল্পনা করতে গেলে 'রন্মের সত্তা এবং তাঁর সত্তার শক্তি পরস্পরের প্রতিষেধক. দ্যের মাঝে অন্যোন্যাভাবের সম্বন্ধই সতা' এই অসম্ভব যান্ত্রিতে আমাদের পেণছতে হয়। ব্রহ্মকে আমরা বলছি সমস্ত ব্যবহার ও বিশেষণের অতীত। অথচ মায়া বিশ্বকৃৎ কল্পনারূপে তাঁতেই যত ব্যবহার ও বিশেষণ আরোপিত করছে: স্তরাং মায়ার কন্পিত এই আরোপের সাক্ষী ও ভর্তা হতেই হবে ব্রহ্মকে।—কিন্তু তার্কিক বেদান্তীর কাছে এ-সিন্ধান্তও অচল। ব্রহ্ম ও মায়ার সম্বন্ধকে বদি মানতে হয়, তাহলে তাকে 'সদসদ্ভ্যামনিব'চনীয়ম' একটা অপ্রতর্ক্য রহস্য বলেই ধরে নিতে হবে। এ-সম্বন্ধকে স্বীকার করবার এত বাধা যে, সে যদি বিশ্বরহস্যের অপরিহার্য চরম তত্ত্ব না হত, মানুষের তত্ত্ব-জিজ্ঞাসা ও অধ্যাত্ম-অন্ভবের চ্ডাম্ত প্রতায়র্পে সে যদি জোর করে আমাদের শ্বীকৃতি আদার করে না নিত, তাহলে হয়তো তাকে পাশ কাটিয়েই আমরা বেতে পারতাম। কিন্তু তারও তো উপায় নাই। কেননা বিশ্বকে মায়াকন্পিত বলে মানলেও, প্রত্যক্ষেতনার কাছে তার অস্তিম আছে একথা স্বীকার

করতেই হবে। কিন্তু প্রত্যক্-চেতনা আন্বতীয় সন্মান্তেরই চেতনা। স্কৃতরাং বাধ্য হয়ে বিশ্বকে বলতে হবে অনিবাচ্য-সতেরই প্রত্যক্-অনুভবের ব্যাকৃতি। আবার যাদ বাল, মায়ার ব্যাকৃতি একটা সত্য বিস্কৃতি, তাহলে প্রশ্ন হবে-কোন্ প্রকৃতির ব্যাকৃতি সে, কি তার স্বর্প-ধাতৃ? শ্ন্য বা অসং তার উপাদান—এ সম্ভব নয়। কেননা, ব্রহ্ম ছাড়া আর-কোনও তত্ত্বের কল্পনা করবার অধিকার আমাদের নাই। আমরা ধরে নির্মেছ, এক অনির্বাচ্য নির্বিশেষই পরমার্থতত্ত্ব। এখন তার পাশে যদি শ্নাকে দাঁড় করাই আরেকটা তত্ত্বপূপে, তাহলে সে কি দৈবতবাদেরই আর-একটা ভাষ্গ হবে না ?...অতএব সিম্ধান্ত হয়, পরমার্থ তত্তকে কোনমতেই অবিকল্পিত অনির্বাচ্য-দ্বভাব বলা চলে না। যা-কিছু, বিসূষ্ট হয়েছে, সে তার আধার এবং উপাদান দুইই। আর পরমার্থ-সং যার উপাদান, সেও তত্তুত সদ্-বস্তুই। শাশ্বত সত্যস্বরূপ ও অনন্ত সন্মাত্র যিনি, তাঁহতে তত্ত্বের ভান নিয়ে একটা বিরাট অমূল অতত্ত্বের আবিভাবেই সম্ভব শুধু-একথা নিতান্ত অশ্রন্থেয়। একদিক দিয়ে দেখতে গেলে ব্রহ্ম অবশ্য অনির্বাচ্য—কেননা প্রতীত কোনও বিশেষণ বা সম্ভাবিত বিশেষণের সমাহার দিয়েও তাঁকে বিশেষিত করা যায় না। কিন্ত তাবলে আর্ঘাবশেষণেরও সামর্থ্য তাঁর নাই. এ-অর্থে নিশ্চয় তাঁকে নির্বিশেষও বলা চলে না। তাত্ত্বিক আত্মবিশেষণ-বিস্ভিত্তর যোগ্যতা নাই প্রমার্থসতের, অথবা তাঁর পক্ষে স্বয়স্ভূ আনন্ত্যের আধারে তাত্ত্বিক আত্মর পায়ণ কি আত্মস্ফরেণ অসম্ভব—একথা স্বীকার করব কেমন করে?

অধিমানস-ভূমি হতে তাহলে এ-সমস্যার নিশ্চিত চরম সমাধান পাচ্ছি না। সমাধান খা্জতে এবার যেতে হবে অধিমানসের ওপারে, অতিমানস-প্রতারের গভাঁর গহনে। অতিমানস ঋত-চিতের য্গপৎ দুটি বিভাব আছে। একদিকে সে যেমন শাশ্বত-আনন্ত্যের স্বগতসংবিৎ, তেমনি সেই সংবিতে নির্চ্ আছা-ব্যাকৃতির দিব্য সামর্থ্যও বটে। প্রথম বিভাবটি তার অধিশ্ঠান ও পরমপদ; আর শ্বতীয় বিভাবটি তার সম্ভার বীর্য, তার স্বয়ন্দভাবের স্ফ্ররন্তা। স্বগতসংবিতের কালাতীত শাশ্বত প্রতারের ভূমিকায় তার আদ্মন্তর্পের সত্যর্পে যা-কিছ্ ভাসে, তার চিন্ময়ী স্বর্পশন্তি তাকেই প্রকট করে শাশ্বত কালের কলনায়। অতএব অতিমানস অন্ভবে ব্রহ্ম অবিকল্পিত অনির্বাচ্য তত্ত্ব বা স্ববিশেষণের প্রতিষেধ নন। আনন্ত্যের স্বর্প-প্রতায় অক্ষর-সন্তার নিরঞ্জন স্ব-ভাবে আপ্তকামের অথ-ডমহিমায় স্তব্ধ হয়ে আছে, তার সকল বীর্য নিঃশেষিত হয়ে গেছে অপরিগামী শাশ্বত স্ব-ভাবের নিবিক্লপ আদ্মসমাহিত চেতনায় ও অপ্রচান্ত স্বয়ন্দভাবের অন্দেবল আনন্দে—এইমাত্র বন্ধের সমগ্র তত্ত্ব নয়। সন্তার আনন্ত্যের সংগ্র-সংগ্রে থাকবে শক্তিরও আনন্ত্য। অতএব বন্ধে বিদি শাদ্বত প্রথম ও বিশ্রাণিত থাকে, তাহলে সেইসংগ্রে থাকবে শান্তত কৃতি

ও বিস্বৃন্টিরও সামর্থ্য। কিন্তু তাঁর ক্রতি হবে আর্ঘ্যানন্ঠ, শাশ্বত অনন্ত আত্মম্বর্পের উপাদান হতেই হবে তাঁর বিস্থািন্ট—কেননা তাঁর বাইরে বিস্থান্থির উপাদান বলে কিছুই থাকতে পারে না। তাঁকে ছেড়ে আর-কোথাও স্থির আধার আছে—এ-দর্শন একটা বিকল্প মাত্র। বস্তুত সূচ্টি সম্ভব তাঁকে নিমিত্ত এবং উপাদান করেই—তাঁর সন্তার বহিন্তৃতি কিছুকে আশ্রয় করে নয়। তাঁর অনন্ত বীর্যকে অবিকল্পিত স্থাণজে অথবা নির্বিকার উপশ্যে সমাহিত শক্তি-রূপেই শুধু কম্পনা করতে পারি না; তার মধ্যে নিশ্চয় সত্তা ও তপোবাঁর্যের অন্তহীন সামর্থ্যও থাকবে—অনন্ত চেতনায় অবশ্য সম্পর্টিত থাকবে স্বার্রসিক প্রয়ম্প্রজ্ঞার অফ্রেক্ত সত্য বিভাবনা। সত্যের সে-বিভাবনা ক্রিয়াপর *হলে*, আমাদের প্রত্যয়ে তারা সম্ভত শক্তির বিচিত্র বিভাসরপে দেখা দেবে, অধ্যাত্ম-বোধে ফুটবে সত্যেরই পরিস্পন্দের বহু,ধাস্ফ্ররিত বীর্য হয়ে, রসচেতনায় ধরা দেবে তার স্বর্পানন্দের বিচিত্র সাধন ও বিভগ্গর্পে। সূষ্টি তখন হবে আত্ম-রূপায়ণ মাত্র অর্থাৎ অনন্তের অন্তহীন সম্ভাবনার ঋতম্ভরা বিভাবনা। কিন্তু প্রত্যেক সম্ভাবনার পিছনে আছে সন্তার সত্য, সদূপের তত্তভাব—কেননা সত্যের অধিষ্ঠান ছাড়া ভাবের কর্লপনাই অসম্ভব। অতএব প্রকাশের লীলায় সদ্রপেরই একটি অনাদিতত্ব আমাদের প্রত্যয়ে ধরবে পরাংপর দিব্য-পূরুষের অনাদি-চিন্ময় বিভাবের রূপ এবং তাহতে উৎসারিত হবে তার নিরুত যত সম্ভাবনা, অন্তর্গু যত উচ্ছলন। তারাই আবার স্থাণ্ড করবে অর্থাণ অব্যক্ত আশয় হতে উৎক্ষিপ্ত করবে নিজের সার্থক র পায়ণ, আত্মবীর্যের বিভূতি ও স্বগত ক্রিয়া-পরিণাম—এককথায় তাদের আত্মসত্তাই ফর্টিয়ে তুলবে তাদের স্বরূপ এবং স্বভাব।...স্ভিব্যাপারের এই হবে পূর্ণাষ্ঠ্য পরিচয়। কিন্তু স্ভিব্যাপারের অখণ্ড রূপটি আমাদের মন চেনে না, সে দেখে শধ্যে ভূত-অর্থে ভব্য-অর্থের রহস্যময়^নর পায়ণ। এর পিছনে যে পূর্ণসত্যের একটা তাগিদ আছে, ভব্যকে সমর্থ করে ভূতে রূপান্তরিত করবার অনতিবর্তনীয় একটা প্রেতি আছে— তা আমাদের অনুমান কি কল্পনায় এলেও নিশ্চিত অনুভবের এলাকায় আসে না। প্রাক্ত-মন দেখে ভতার্থকে ভব্যার্থ তার কাছে গবেষণার বস্তু। স্থিতর পরিস্পন্দ ও রুপায়ণের মূলে আছে যে অদৃষ্ট নিয়তির নিগতে প্রবর্তনা, তার দিব্যদর্শন হতে সে বঞ্চিত। কেননা বিশ্বভূতের প্ররোভাগে রয়েছে বহমে খী শক্তির অন্কৃল সংগমশ্বারা বিচিত্র পরিণামের একটা বহিরখগ প্রশাসন মাত। এক বা একাধিক অন্তরশ্গ নিয়ামক কোথাও বাদ থেকে থাকে, অবিদ্যার যবনিকায় তারা আমাদের কাছে আড়াল হয়ে আছে। কিন্তু অতিমানসী দ্ভিটর কাছে বীজপ্রদ পিতার রূপ সবোক্ত—এমন-কি তাঁর নির্চে প্রেতিই তার দর্শন ও অন্ভবের মর্মসত্য। অতিমানসী বিস্থিত লীলারনে ভব্যার্থের সংকা ভূতাথের সম্বন্ধ কল্পনার বিষয় নয়—এক অথণ্ড-সমাহারের অবিচ্ছেদ্য স্পন্দ-

ব্যত্তির্পে তারা নিজেরই মধ্যে সেখানে বহন করছে তাদের আদি-প্রবর্তনার অনতিবর্তনীয় প্রবেগ। অতএব তাদের সমগ্র বিস্থিতি ও পরিণামকে জড়িয়ে সেখানে পাই সত্যের সেই অখন্ডর্প—সর্ব-সংএর পূর্ব্য ব্রচ্নর্পে তার সার্থক র্পায়ণে ও বীর্যবিভৃতিতে যাকে তারা ফ্রটিয়ে তুলছে বিশ্বভাবনায়।

অধ্যাত্ম-অনুভবের চরম নিবিড্তায়, অবিকল্পিত প্রত্যয়ের প্রম ব্যঞ্জনায় ব্রহ্মকে আমরা বোধিচেতনায় প্রত্যক্ষ করি শাশ্বত-অনন্ত সত্তা চৈতনা ও আনন্দর্পে। অধিমানস এবং মানস প্রতায়ে এই অখণ্ড গ্রিপটাকৈ তিনটি স্বয়স্ভ-বিভাবে বিশ্লিষ্ট এমন-কি বিবিক্ত করাও অসম্ভব নয়। তাই সেখানে কখনও শাশ্বত অহেতৃক আনন্দের অবিমিশ্র অন্ভবে নেমে আসতে পারে সর্বনাশের অনুপম মাধ্য —চেতনা বিহরল-মূর্ছিত, সত্তা অবল্পপ্রায় হয়ে আবেশে। তেমনি কখনও নিবিশেষ-চৈতন্যের শত্রে-যেতে পারে তার জ্যোতিম'র প্রম রিক্ততা, কখনও-বা চতুম্কোটিবিনিম'র্ক্ত প্রমার্থসতের নির্পাখ্য শ্নাতা তাদাম্যবোধের প্রলয়ঙ্কর স্তন্ধতা এনে দিতে পারে আমাদের মধ্যে। অতিমানস প্রত্যয়ে কিন্তু এই তিনটিতে এক অখণ্ড-গ্রিপ্টো রচিত হয়, যদিও তার মধ্যে একটি বিভাব পুরোধা হয়ে আপন চিন্ময় বিভূতিকে ফ_টিয়ে তুলতেও পারে। কেননা, তাদের প্রত্যেকের মধ্যে কতগ**্রা**ল মৌল বিভাবের অথবা স্বগত আত্মরপায়ণের সমাহার আছে—অথচ সমগ্রভাবে তারা এক নির্বিশেষ অন্বয়ত্তিপুটীতে অনুবৃত্ত রয়েছে।...দিবা-পুরুষের স্বর্পা-নন্দের মৌল-বিভতি হল ভাব উল্লাস ও কান্তি। স্পণ্টই দেখতে পাচ্ছি তাঁর আনন্দ এই ধাতুতে গড়া, এই তার স্বভাব। ভাব উল্লাস ও কান্তি ব্রহ্মসন্তায় আরোপিত বহির্জা উপাধি মাত্র নয়, অথবা তাঁর অনুমত পরকীয় ধর্মের বিস্কিত নয়। তারা যেমন তাঁর স্বর্পসতা—তেমনি তাঁর চৈতন্যের সহজ-ধর্ম, তাঁর সন্ধিনী-শক্তির বীর্য। তেমনি তাঁর নিবিশেষ-চৈতন্যের মৌল বিভতি হল প্রজ্ঞা ও সংকল্প। অনাদি চিংশক্তির সত্য এবং বীর্য তারা— তারই দ্ব-ভাবে নির্চু হয়ে আছে। আবার নির্বিশেষ সন্মাত্রের চিন্ময় মৌল-বিভূতিতে এই নির্ঢ় স্ব-ভাবের ব্যঞ্জনা আরও পরিস্ফটে হয়ে ওঠে। তারা তাঁর আত্মপ্রকাশের অবিকল্পিত অধিষ্ঠান, তাঁর স্ববিমশের সিদ্ধ উপাদান--আমরা যাকে জানি আত্মা ঈশ্বর ও পরেষর পী বিপ্টৌ-শক্তি বলে।

রক্ষের আত্মবিভাবনার ধারা ধরে কিছ্দ্রে এগিয়ে গেলে দেখি, তাঁর এইসব বৈভব বা ঐশ্বর্যের প্রত্যেকটির আদ্যচ্ছদেদ আবার একটি করে ত্রিপ্টে আছে। তাঁর জ্ঞান ফোটে জ্ঞাতা-জ্ঞেয়-জ্ঞানের ত্রিধারায়। প্রেম দেখা দেয় আগ্রয়-বিষয়-রতির ত্রিভগেগ। ঈশনা লক্ষ্য ও সিম্পিতে সার্থক হয় তাঁর সত্যসৎকল্প। ভোজা ভোগ্য ও ভূঞ্জনের ত্রিবেণীতে ফোটে তাঁর উল্লাসের নিরবচ্ছিয় অনাদি উদ্বেলন। আত্মস্বর্পের প্রকাশেও দেখা দেয় এমনিতর ত্রিপ্টের অব্যভিচরিত বিভাবনা

—বিষয়ী-আত্মা ও বিষয়-আত্মার মাঝে দ্বগত-সংবিৎ হয় বিষয়-বিষয়ীর সামরস্যরূপী সেতু-আন্মা। নির্বিশেষ আনন্ত্যুন্বারা অধ্যুষিত হয়ে আছে তাঁর বহুভাণ্গম এই আত্মবিভাবনা—যাকে বলতে পারি তাঁর চিন্ময়ী মূলা প্রকৃতি। এই মূলা প্রকৃতি হতে ব্যাকৃত হয়—সন্তার আগ্রয়ে সম্বন্ধতন্তের সার্থক ব্যঞ্জনা, চিৎ-শক্তির চিত্র-পরিণাম, সং-চিৎ-আনন্দ ও শক্তির অপরপে রুপোল্লাস, অসীমের ঋতাবরী চিন্ময়ী মহাশক্তির বিন্বতোমুখী ছন্দোময় প্রবৃত্তি ও আত্ম-র্পায়ণের অকুণ্ঠিত প্রেরণা। তার ফলে সম্ভূতির অন্তস্তল হতে উৎসারিত ও আকারিত হয় ভূতাথের বিগ্রহ। অতিমানসৈর একরস-প্রত্যয়ে বিধৃত রয়েছে <u> স্বাভিব্যক্তির এই স্বতঃসিদ্ধ সাম্প্র—অখণ্ড সতোর আশ্রয়ে খণ্ডস্তাসমূহের</u> নৈর্সার্গক ব্যঞ্জনা সেখানে এক মহাসমন্বয়ের ছন্দ খলে পেয়েছে। অতি-নানসের মধ্যে আরোপ নাই, নাই স্ভিটর স্বৈরাচার, খণ্ডভাবনার পরিকীর্ণতা বা স্বতোব্যাহত বৈধর্ম্য কি বৈষম্য। এসব দেখা দেয় অবিদ্যাচ্ছল্ল মনের মধ্যে। মনোর্ভামতে আমাদের আত্মচেতনা সীমিত ও সংকৃচিত। তাই ক্সতৃত যা অবিভক্ত তাকে বিভক্তবং দর্শন করা এবং বিভক্ত জেনেই তার তত্তান সন্ধান করা, তাকে হাতের মুঠায় এনে ভোগ করা অথবা তাকে কর্বানত করবার চেণ্টায় তারই কর্বালত হওয়া—এই তার নিয়তি। অথচ মনের এই অবিদ্যাধ্মায়িত চেতনার পিছনেই জ্বলছে চৈত্যপ্রেক্ষের অভীপ্সার আগ্বন। তিনি চান সেই সত্য জ্ঞান র্শাক্ত ও আনন্দের অপরোক্ষ অনুভব—যা ওই অবিদ্যাচ্ছন্ন মনোব্যতিরও অধিষ্ঠান। আবার চৈত্যপার বের এই আকৃতি যে মনের মধ্যেও সন্তারিত হবে, এও তার নিয়তি। যে পরমার্থ-সতে জগতের সত্য প্রতিষ্ঠা, জীবের চেতনা যে-অখণ্ডচৈতনোর স্ফুলিংগ মাত্র, যে প্রমা শক্তির মহাকুণ্ডলী ভূতে-ভতে কৃণ্ডলিত শক্তির উৎস্ যে-আনন্দের হিল্লোল হৃদয়ে-হৃদয়ে দোলায় বেদন-দোলা—তার সম্বপ্রতায়ের মধ্যে অবগাহন করবার আকুলতা জাগে এই মনেই এবং তার অন্তেবও সে পায় নিজের অতলগহনে তলিয়ে গিয়ে। চেতনার এই-যে সঙ্কোচ এবং প্রসার, নিজেকে হারিয়ে আবার যে তাকে এমনি করে খুজে পাওয়া—এও চিংপুরুষেরই স্ববিমর্শের লীলা, তাঁর আছাবিভাবনার কখনও-কখনও স্বর্প-সত্যের বিরোধির্পে প্রতিভাত হলেও, সীমিত চেতনার প্রত্যেক ব্যাপারে এক দিব্য-প্রতিভার অন্তর্গ ্রু অথচ অতি-বাস্তব দ্যোতনা আছে। তাদের সীমার সঙ্কোচও অনন্তেরই একটা সত্য-বিভূতি অথবা ভব্য-রূপ প্রকাশ করে। মনের কুণ্ঠিত পরিভূষায় এই হল অতিমানস-প্রতায়ের যথাসম্ভব পরিচয়। বিশেবর সর্বত্র এক অখণ্ড-সত্যের দশনিকে সে-প্রত্যর এমনি বাংময়ে আমাদের কাছে বিবৃত করবে—স্থির রহস্য, বিশ্ব ও ব্যক্তির জীবনায়নের তাৎপর্য বাণীর বীণার এই ঝাকারেই রণিত হবে।

অথচ ব্রহ্ম যে নির্বিশেষ অনির্ক্তস্বভাব—এও অনুস্বীকার্য, কেননা আমাদের অধ্যাত্ম-অন,ভবেই এ-ধারণার সমর্থন রয়েছে। বিশ্বভতকে অতি-মানস-দ্রন্থিতে দেখতে গেলে এই নির্বিশেষ অধিষ্ঠানের কল্পা ভুললে চলবে না, কারণ রক্ষভাবনার এও আরেকটা দিক। বিশেষ-কোনও উপাধি বা উপা-ধির সমক্ষের দিয়ে ব্রহ্মকে যেমন সীমিত কি বিশিষ্ট করা যায় না তেমনি আবার নির্বি**কল্প সন্মাত্রে**র অনির্বাচ্য শূন্যতাতেও তাঁকে পর্যবাসত করা যায় না। বরং তাঁকে বলা চলে সকল বিশেষের আধার এবং উৎস। অনির্ত্ত-স্বভাবই তাঁর সন্তার আনন্তা ও শক্তির আনন্তা উভয়ের স্বাভাবিক এবং অপরিহার্য আশ্রয়। ব্যন্টি অথবা সমন্টিতে বিশেষ-কোনও রূপায়ণ তাঁর নাই বলেই, অনন্তর্পে সর্বময় হয়ে তিনি প্রজাত হতে পারেন। ব্রহ্মন্বর্পের এই অনির্বাচ্যতা আমাদের চেতনায় ফুটে উঠে নিরোধ-সিদ্ধিজ্ঞাত নেতি-প্রত্যয়ের চরম বিশেষণের পরম্পরায়। তার ফলে আমরা পাই নিগর্বণ ব্রহ্মকে —িযিনি অক্ষয় অব্যয় স্থাণ, আত্মা, অলক্ষণ নিরঞ্জন 'একং সং', অপ্রুষ্বিধ নিষ্কল নিষ্ফির পরম-নৈঃশব্দ্য আবজ্ঞের অনিব'চনীর অসং। আবার এদিকে তিনি সর্ববিধ বিশিষ্ট-ধর্মের উৎস এবং নিষ্কর্ষ। তাঁর সম্ভতি-স্বভাবের এই সতাই আমাদের চেতনায় ফোটে অশেষকল্যাণগণেবাহী ইতি-প্রতায়ের চরম বিশেষণের দীপালিতে—অনির্ভ-দ্বভাব হয়েও নির্ব্ভির উচ্ছলতায় সেখানে তাঁর কার্পণ্য নাই। কারণ এও সত্য : আত্মাই হয়েছেন সর্বভূত, সগন্ বন্ধই 'একং সং' থেকেও বহুরুপে হয়েছেন প্রজাত। অনন্ত অনুপর্ম পরে ্র্যবিধ তিনি--নিখিল প্রেষ ও পোর ষেয়-সত্তের উৎস এবং আশ্রয় তিনিই ভূত-ভাবন, তিনিই শব্দব্রহ্ম-বিশেবর সকল কর্ম ও প্রবৃত্তির শাস্তা ও বিধাতা। তাঁকে জানলেই সব জানা হয়। তাঁর ইতি-প্রত্যয়ের সংগ্যে আছে নেতি-প্রত্যয়ের সাযুক্ত্য-কারণ অতিমানস অনুভবে অখণ্ড অন্বয়তত্ত্বকে অন্যোনাব্যাব্ত দ্বিট পক্ষে খণ্ডিত করা কখনও সম্ভব নয়। এমন-কি দ্বিট দর্শনিকে দ্বিট পক্ষ বলাও বাড়াবাড়ি। কেননা, পরস্পরের সঙ্গে ওতপ্রোত হয়ে আছে বলে তাদের সহভাব অথবা একীভাব প্রমভাবেরই শাশ্বত সত্য—তাদের নির্চ বীর্যের অন্যোন্যসপ্যমেই প্রতিষ্ঠিত রয়েছে অনন্তের আত্মবিভাবনার ঐশ্বর্য।

আবার সগন্ধ-নিগর্নকে পৃথকভাবে অন্তব করাও একটা নিছক বিশ্রম বা অবিদ্যার বিজ্—ভণ নয়—কেননা অধ্যাত্মসাধনার রাজ্যে তারও একটা বিশেষ প্রামাণ্য আছে। অবরোহের ধারা বেয়ে জড়ভূতে বিস্ভির পর্যবসান হল, আবার আরোহলমে অচিতি হতে শ্রু হল তার উত্তরায়ণের অভিযান। এই আরোহ-অবরোহের লীলায় ব্যক্ত-সামান্য অথবা অব্যক্ত-প্রকৃতির ছন্দে মহাশক্তির হ্দেয়ে নিরশ্তর যে-আন্দোলন, আমাদের অধ্যাত্মচেতনায় সেই হংশ্পেদনের প্রতিবিশ্ব পড়ে পরমার্থ-সতের সবিশেষ আর নির্বিশেষ দৃটি

বিভাবে। আমাদের কাছে যে-বিভাব নেতিবাচক তার মধ্যে আছে অনন্তের আত্মবিশেষণের সভেকাচ হতে নির্মান্ত অকুণ্ঠ স্বাতন্দ্রোর ব্যঞ্জনা। তার অন্-ধ্যান ও উপলব্ধিতে আমাদের অন্তর্গ চিৎন্বভাবের বাঁধন খসে যায়, প্রমক্তির অনুভবে আমরাও পাই অতন্দ্রিত ঈশনার অধিকার। নিবিকার আত্ম-ম্বর্পের প্রতায়ে একবার সমাহিত হলে কি তার স্পর্শ নিয়ে এলে, অন্তরের অন্তরে প্রকৃতিকন্দিত উপাধির সব গ্রান্থ শিথিল হয়ে খসে পড়ে। এই হল নিত্যে প্রতিষ্ঠার অনুভাব। অথচ লীলার দিক দিয়ে ওই সিম্ধ স্বাতন্ত্য চেতনায় মাহে*বরী স্থিতীর অবশ্ধন সামর্থ্য ফ্রিটিয়ে তোলে। আবার সে-স্ভির উল্লাসকে প্রত্যাহত ক'রে প্রমুক্ত সত্যধ্তি ব্যাহ্তিমক্তে উৎসপিণী স্থান্টির নবায়নে স্তরে-স্তরে আপনাকে বিকসিত করতে পারে। নিবিশেষ রিক্ততার এই স্বাতন্ত্য চিংস্বরূপের ঋতময়ী সম্ভূতির অনন্ত বৈচিত্রাকে দেয় সার্থকর প। অবন্ধন বলেই তিনি আত্মকল্পিত নিয়তি বা ঋতায়নের বন্ধন-জালের কশলী শিল্পী। নির্বিশেষ নেতি-প্রত্যয়ের অনুধ্যান ও অনুশীলনে ব্যক্তির মধ্যেও বিশ্বরূপের এই লীলা-স্বাতন্তা সংক্রামত হয়। তাই আত্ম-বিভাবনার এক পর্ব হতে উত্তর পর্বে উত্তীর্ণ হবার কৌশল তার অধিগত হয়। অতএব মানস হতে অতিমানস অভিযানের বেলায়, মহাপরিনির্বাণের গহন অন্ভবে মনোময়ী চেতনা ও অহন্তার প্রলয়ে চিত্রবিম্বন্তির প্রমা প্রশান্তিকে আস্বাদন করা অতিমানসী সিদ্ধির শৃধু অনুক্ল নয়-বলতে গেলে অপরি-হার্য সাধন। চেতনার যে উত্তঃগ্য অন্তরিক্ষলোক থেকে ব্যক্তসতের আরোহ ও অবরোহের সোপানমালা করামলকবং প্রত্যক্ষ হয়. যে-ব্যাপ্তিচেতনা সাধকের মধ্যে লোক হতে লোকান্তরে উত্তরণ ও অবতরণের স্বচ্ছন্দ অধিকার এনে দেয় —তাকে পেতে হলে নিরঞ্জন আত্মম্বর পের নিঃশব্দ্যে অবগাহনই তার একমাত্র ভূমিকা। প্রমার্থ-সতের আদিবিভাব ও আদার্শাক্তর যে-কোনও একটিকে বিবিক্ত তাদাত্ম্যভাব দ্বারা সম্পূর্ণে অধিগত করবার সামর্থ্য অনন্তের চেতনায় নির চ হয়েই আছে। কিন্তু একটি ভাবকে চরম ও পরম মনে করে চিত্তের সমুহত ভাবনাকে তার মধ্যে গুর্টিয়ে রাখবার সংকীর্ণ প্রয়াস সে-অন্ভবে নাই— যেমন আছে প্রাকৃত-মনের মধ্যে, কেননা তাতে অনন্তের বিচিত্র বিভাব ও শক্তির অথন্ড অন্ভেবের সাধনা ব্যাহত হয়। এই বিবিক্ত অথচ অবিরুম্ধ অনুভব অধিমানস-প্রত্যয়ের স্বরূপ। সে চায় অনন্তের প্রত্যেকটি বিভাবকে প্রত্যেকটি শক্তিকে ভব্যার্থের প্রত্যেকটি ব্যঞ্জনাকে স্ব-তন্ত্র সিম্পির মর্যাদা দিতে। কিন্তু অতিমানসী চেতনার যে-কোনও সময়ে যে-কোনও ভূমিতে ফোটে নিখিলের অখ-ড একছের চিন্ময় অনুভব, যে-কোনও বিভাবের পূর্ণতম সিন্ধিতেও থাকে ওই অদৈবতানভেবেরই নিবিড় ব্যঞ্জনা। প্রত্যেকটি ভূমির স্বার্ত্তিক আনন্দ বীর্ষ ও সার্থকতার অথণ্ড সংবিং সেখানে অব্যাহত রয়েছে

বলে নেতি-ভাবনার পরিপ্র্ণ স্বীকৃতিতেও ইতি-ভাবনার সত্য নিরাকৃত হয় না। এই সর্বাধার একত্বের চেতনা অধিমানসেও আছে, নইলে ভাব হতে ভাবান্তরে সংক্রমণের স্বাচ্ছন্দ্য তার থাকত না। ব্যাবহারিক মনের জগতে সর্ববিভাবের একত্ববিজ্ঞান ল্পু হয়ে চেতনার মধ্যে দেখা দেয় অন্যোন্যবিবিক্ত ইতি-প্রত্যয়ের মৃতৃ অভিনিবেশ। কিন্তু সেখানেও মনের অবিদ্যার মধ্যে, তার ঐকান্তিক অভিনিবেশের আড়ালে অখন্ড-ভাবের তত্ত্ব প্রচ্ছন্ন থাকে। তাই বোধিজাত গহনপ্রতায়ের আকারে অথবা ঐতদাত্ম্যের ভাবনা ও বেদনায় কখনওকখনও তার আভাস ফ্রিটয়ে তোলা যায়। কিন্তু চিন্ময় মনে এ-অন্ভব সাধকের নিত্য সহচর।

পরমার্থ-সতের মধ্যে নিহিত রয়েছে সর্বগত ব্রন্ধের সমুহত বিভাবের মর্মসত্য। এমন-কি যে-অচিতির বিভূতি বা বীর্যকে শাশ্বত চিন্ময় তত্ত্বের প্রতিষেধ অথবা একাশ্তবিরোধী প্রতায়রূপে কল্পনা করি, তাও বিশ্বচেতন স্বয়ম্প্রজ্ঞ অনন্তস্বরূপের স্বগত-সত্যের একটা অভিব্যক্তি। বিচক্ষণের দুষ্টিতে আন্তের যে-শক্তি চেতনাকে আত্মবিস্মৃতির অতলে তলিয়ে দিয়ে আত্ম-সংবৃত্তির সম্মৃত কুণ্ডলী রচে, তা-ই অবিদ্যা। তার গভীর গহনে কিছুরেই প্রকাশ নাই অথচ অপ্রতর্ক্য সত্তা নিয়ে আছে সবই এবং যে-কোনও মুহুতে অনির্বাচনীয় অব্যক্তের স্মৃত্তি ভেঙে জেগে উঠতেও পারে। চেতনার উত্তঃগ ভূমিতে, এই অন্তহীন বিরাট যোগনিদ্রা আমাদের মধ্যে জাগায় অন্তর র্আতচেতনার প্রভাস্বর প্রত্যয়। আবার সন্তার আরেক কোটিতে দেখি. নিজের মধ্যে আত্মস্বরূপের বিরোধী ভাবনাকে অবভাসিত করবার সামর্থ্যরূপে চিতের মধ্যে এই তমিস্রা অসন্তার অতল গহন হয়ে দেখা দিয়েছে অচেতনার অব্যক্ত অমানিশার পে—্যার মূছিত অসাড়তায় সংবিতের অণ্তিম স্ফুলিণ্গ নিবর্ণাপত। অথচ সং-চিং-আনন্দের সকল বিভূতির উন্মেষও এতেই সম্ভা-বিত। কিন্তু সে-সম্ভাবনা রূপ নেয় অন্পে-অন্পে—দ্র্ণের বিলম্বিত লয়ে। ধীরে-ধীরে সে আত্মর পায়ণের দল মেলে—তার মধ্যে আত্মস্বভাবের প্রতি-ক্লতাও অসম্ভব নয়। এক অন্তর্গন্তে সর্বাসন্তা সর্বানন্দ ও সর্ববিদ্যার বিলাস হয়েও সে মেনে নেয় আত্মবিস্মৃতি আত্মসঙ্কোচ ও আত্মবিরোধের শাসন : এবং অবশেষে তাকে পরাভূত করে হয় সর্বজয়ী। জড়বিশ্বের নিথিল জুড়ে এই অচিতি ও অবিদ্যার লীলাই আমরা দেখি। একে চিং-সন্তার একান্ত প্রতি-ধেধ বলতে পারি না—বরং শাশ্বত অনশ্ত সন্মাত্রের অন্যতম বিভূতি ও সাধন বলেই মানি।

এইবার দেখতে হবে বিশ্ব-ভাবের অখণ্ড-দর্শনে বিশ্বের চিন্ময়-বিধানের কোন্ বিশেষ পর্বে অবিদ্যার স্থান। আমাদের সকল অন্ভবই যদি একটা অধ্যারোপ বা ব্রহ্মে কল্পিত একটা অবাস্তব খেয়াল হয়, তাহলে বিশ্ব

বা জীবের জীবন স্বভাবতই হবে একটা অবিদ্যার খেলা। তখন সতাকার বিদ্যার স্থান হবে একমাত্র ব্রহ্মের অনির্বাচ্য স্বগত-সংবিতে। যদি বলি : কালাতীত-সত্তার সাক্ষী চেতনার ভূমিকায় বিশ্ব কালাবচ্ছিল্ল প্রাতিভাসিক বিসাঘি: সাঘি কোনও তত্তভাবের স্ফারণ নয়—এ শাধ্য স্বতঃপরিণামিনী প্রকৃতির স্বৈরলীলা—তাহলেও তো তাকে অধ্যারোপই বলতে হবে। স্থিকৈ জানতে গিয়ে আমরা তখন জানব শ্ব্ব অচিরস্থায়ী সত্তা ও চেতনার ্ একটা সাময়িক বিকল্পনাকে। তাকে কিছতেই তত্ত্বদৰ্শন বলব না, বলব শাশ্বত-অনুভবের আকাশে ভেসে-যাওয়া সন্দিশ্ধ সম্ভূতির একটা ছায়াদর্শন মাত। কিন্তু বিশ্ব যদি ব্রহ্মতত্ত্বের স্ফারণ হয়, ব্রহ্মসত্ত্বের আবেশ যদি হয় তার আত্মভাবের হেতু, ব্রহ্মের সর্বাবগাহিতা যদি হয় তার উপাদান—তাহলে বিশ্বও তো রক্ষেরই মত সতা। তখন জীবভাব ও জগংভাবের সংবিংও স্বর পত অন্ত আত্মবিজ্ঞান ও স্ববিজ্ঞানের চিন্ময় বিলাস। অবিদ্যা তখন সেই চিশ্বিলাসের একটা গোণবাত্তি—একটা আচ্ছন্ন অথবা সংকৃচিত প্রতায়। আপাতদান্টিতে একটা উন্মিষ্ত জ্ঞানের অপূর্ণ ও খণ্ডিত লীলাই চোখে পডবে তার মধ্যে, যদিও তার অন্তরে ও অন্তরালে থাকবে পরিপূর্ণ আত্ম-সংবিং ও সর্বসংবিতের নিগ্রু আবেশ। অবিদ্যার এ-প্রবৃত্তি হবে একটা সামায়ক প্রতিভাস মাত্র—একে কিছুতেই বিশ্ব-ভাবনার নিমিত্ত এবং উপাদান বলা চলবে না। অবিদ্যার অনতিবর্তনীয় চরম সার্থকতা ঘটবে চিৎস্বর পের নিম'কে উদয়নে। সে-উদয়ন বিশ্ব হতে বিশ্বোত্তর আত্মসংবিতের অবি-কলপতায় নয়, কিন্তু এই বিশেবরই মধ্যে আত্মবিজ্ঞান ও সর্ববিজ্ঞানের সম্যক পরিস্ফুর্ণে।

আপত্তি হতে পারে : অতিমানস-প্রতায়ই বা কেন সত্যের চরম পরিচয় হবে ? মানস ও অধিমানস ভূমি হতে অর্থণ্ড-সচ্চিদানদের অন্ভবের মধ্যে অতিমানসী চেতনা তো একটা অর্থারকলোক মাত্র। তারও পরপারে রয়েছে চিৎ-প্রকাশের অন্তর্গুণ কত ভূমি, যার মধ্যে বহুভাবনায় একছের সমাবেশই সন্তার মর্মাপরিচয় নয়। বরং আত্মসমাহিত তাদাত্মাপ্রতায়ের অবিকল্প অর্থণ্ডতাই সেখানে সন্তার স্বর্প।...কিল্তু অতিমানস খতচিতের অকুশ্ঠ প্রচার সে-ভূমিতেও রয়েছে, কেননা অতিমানস সচ্চিদানদেরই স্বর্পশক্তি। সে-ভূমির বৈশিণ্ট্য ফোটে উপাধির সাবলীলতায়। অর্থাৎ উপাধি সেখানে মোটেই ভেদের প্রয়োজক নয়, কিল্তু অন্যোনাসন্ধামজনিত স্মুমরস্যে তারা প্রত্যেকে সালত হয়েও সীমাহারা। কেননা মৌল-বিভাবের অভ্নগ-সমগ্রতায়, প্রত্যেকের মধ্যে সবার যেমন তেমনি সবার মধ্যে আছে প্রত্যেকের সমাবেশ—আছে এক অনাদি তাদাত্মাসংবিতের পরাকাণ্ঠা, চেতনার অন্যোন্যভাবনা ও অন্যোন্যসংগ্যের এক পরমকোটি। আমাদের পরিচিত জ্ঞানব্যাপারের অন্তিত্ব

সেখানে থাকবে না—তার কোনও প্রয়োজন হবে না বলেই। কেননা সেখানে চেতনার অপরোক্ষবৃত্তি সন্মান্তের স্বর্পেই ফ্টবে—অন্তর্গ্গ তাদাত্মাভাবনার নিবিড় হয়ে, নির্ট আত্মসংবিং ও সর্বসংবিতের বাহনরত্বেণ। অথচ সম্বন্ধ-তত্ত্বের বিলাসও সেখানে ক্ষা হবে না। চিদ্বৃত্তির বিচিত্র লীলায়নে, আনন্দের অন্যোন্যসম্পর্মে, স্বর্পশক্তির অন্যোন্যসম্পর্কে উচ্ছল থাকবে এইসব চিন্ময়ী ভূমির উত্তর্গ শিখর—নির্বর্ণ অব্যাকৃতির শ্ন্যতায় শ্ব্ধ-সন্মান্তের নিরালম্বপূর হয়েই থাকবে না।

তব্ হয়তো শন্নব : যা-ই হ'ক, লোকবিস্ভির উধের্ব অখণ্ড-সচিদানদের পরমধামে শ্বন্ধ-সন্মান্ত শ্বন্ধ-চৈতন্য ও শ্বন্ধ-আনদের স্বগত-সংবিং ছাড়া আর-কিছ্ই তো থাকতে পারে না। অথবা, সত্য বলতে সং-চিং-আনদের এই মহান্তিপ্টীও হয়তো পরম-আনদ্যের অনাদি-চিন্ময় আত্মবিশেষণের একটা ত্রিপ্রোতা শ্ব্র্ব। স্তরাং অন্যান্য বিশেষণেরই মত অনির্বাচ্য নির্বিশেষের মধ্যে তাদেরও কোনও সত্তা থাকবে না।...কিন্তু আমরা বলি : এরাও বস্তৃত পরমার্থ-সতের স্বর্পসত্য এবং সেই নির্বিশেষের মধ্যেই রয়েছে তাদের পরম তত্ত্বভাবের সিন্ধ্বসত্য—যদিও তাদের স্বর্প সেখানে অনির্বাচনীয়, এমন-কি অধ্যাত্মচিত্তের তুজ্গতম উপলব্ধির ব্যঞ্জনাতেও তাদের অন্পাত্ম মহিমা ব্যক্ত হয় না। সত্য বলতে, নির্বিশেষ ব্রহ্ম অন্তহীন শ্ন্যাতার রহস্যগহন বা নেতিভাবনার চরম সমাহার মান্ত নন। আবার, অনাদি সর্বাত পরমার্থ-সতের কোনও-না-কোনও স্বর্পশক্তির প্রেষণা যার ম্লে নাই, কোথাও কোনকালেই তার বিস্থিতিও সম্ভব হতে পারে না।

দ্বিক্তীয় অধ্যায়

বন্ধ পুরুষ ঈশ্বর—মায়া প্রকৃতি ও শক্তি

অবিভক্ত ভূতেব, বিভক্তম্ ইব চ প্রিতম্।

গীতা ১৩।১৬

সর্বভূতে অবিভক্ত অথচ বিভক্তের মত হয়ে আছেন তিনি।

—গীতা (১৩।১৬)

भकाः खानम् खनग्ठः समा।

তৈতিরীয়োপনিষং ২ ৷১ ৷১

ব্ৰহ্ম সত্য জ্ঞান ও অনন্ত।

—তৈত্তিরীয় উপনিষদ (২।১।১)

প্রকৃতিং প্রে,বল্পের বিশ্বানাদী উভারবি।

গীতা ১০।১৯

প্রকৃতি আর প্রেষ দুইই জেনো অনাদি ও শাশ্বত।

–গীতা (১৩।১৯)

मात्रार जू अकृष्टिः विमान्यात्रिनः जू मह्यवत्रम्।

দেৰতাশ্বতরোপনিবং ৪।১০

মায়াকে জানতে হবে প্রকৃতি আর মায়াধীশকে মহেশ্বর। —শ্বেতাশ্বতর উপনিষদ (৪।১০)

দেবসৈয়ৰ মহিমা জু লোকে বেনেদং ভ্রামাতে রক্ষচক্রম্। তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং তং দেবতানাং প্রমণ্ড দৈবতম্। বিদাম দেবম্ ... ॥ পরাস্য শক্তিবিবিত্তবে শ্রন্থতে প্রাঞ্বিকী জ্ঞান্বলক্রিয়া চ ॥

একো দেবং স্ব'ভূতেৰ, গড়েং স্ব'ৰ্যাপী স্ব'ভূতাতরাক্ষা। কর্মাধাকং স্ব'ভূতাধিবাসং সাক্ষী চেতা কেবলো নিগুলিন্চ ম

শ্বেতাশ্বতরোপনিবং ৬।১,৭,৮,১১

বিশ্বভূবনে এই সেই প্রমদেবতার মহিমা, বার ন্বারা ভ্রামিত হচ্ছে এই ব্রহ্মচক্র। জানতে হবে তাঁকেই, বিনি সকল ঈশ্বরের পরম মহেশ্বর, সকল দেবতার পরম দেবতা। পরা তাঁর শক্তি এবং বিচিত্র অথচ স্বাভাবিক তাঁর জ্ঞান ও বলের ক্রিয়া। স্ব'ভূতে গ্যুত্ হরে আছেন এক দেবতা—স্ব'ব্যাপী তিনি, স্ব'ভূতের অশ্তরান্ধা, নিখলকমের অধ্যক্ষ, সাক্ষী চেতা কেবল ও নিগ্র্ণ।

—শ্বেতাশ্বতর উপনিষদ (৬।১,৭,৮,১১)

অতএব বিশেবর মূলে আছেন এক পরমার্থসং, যিনি শাশ্বত অনণত ও নিবিশোষ। অনণত ও নিবিশোষ বলেই তাঁর স্বর্প অনিবাচ্ট। মন সাণত ও বিশোষদশী, তাই বিশিষ্ট সংজ্ঞা দিয়ে তাঁর ধারণা করতে পারে না। তাঁকে প্রকাশ করতে গিয়ে মনঃকদিপত বাণী মূক হয়ে যায়। 'নেতি নেতি' বলেও তাঁর পরিচয় সম্পূর্ণ হয় না, কেননা তিনি ছাড়া আর কি আছে যে তাঁর মধ্যে কারও প্রতিষেধ চলতে পারে? আবার 'ইতি' দিয়েও সে-অশেষকে আমরা শেষ করতে পারি না, কেননা কোনও বিশেষণেই তাঁর সম্যক নির্পণ হয় না। কিন্তু এমনি করে জানতে না পারলেও, তাঁকে একেবারে সর্বত্যেভাবে অজ্ঞেয়ও বলতে পারি না। তিনি স্বয়ম্প্রকাশ; অথচ তিনি অবাঙ্মানসগোচর হলেও প্রত্যক্ প্র্যুষের তাদাস্থ্যবোধে তাঁর অন্ভব স্বতঃসিম্ধ—কেননা এই প্রমার্থসংই আমাদের অন্তরাস্থার স্বর্প ও স্বসংবেদ্য অনাদিতত্ত্ব।

নিবিশেষ আনন্তাহেত মনের কাছে অনিবাচ্য হয়েও, প্রমার্থসং আমাদের প্রাপণ্ডিক চেতনায় নিজেকে ব্যাকৃত করেন তাঁর স্বর্পসত্যের বিশ্বাত্মক অথচ বিশ্বোত্তীর্ণ বিভূতি দিয়ে। বিশ্বের মূলে এই সত্য-বিভাবনার আবেশ রয়েছে। আমাদের সামান্য-প্রত্যয়ে পরমার্থসতের স্বর্পসত্য যেসব মৌল-বিভাবের আকারে ফুটে ওঠে, আমরা তাতেই সর্বগত রক্ষের পরিচয় ও অনুভব পাই। তাদের স্বর্প ধরা পড়ে ব্লিধর কাছে নয়, অধ্যাত্মচেতার বোধির কাছে—চেতনার স্বর্পধাততে নির্ঢ় স্বারসিক প্রত্যয়ে। চিত্তের সামান্য-প্রত্যয়ে যদি ভাবের দ্যোতনা উদার ও সাবলীল হয়, তাহলে এই চিত্তেও তার আভাস ফ্টতে পারে বটে। তখন স্কেশ্ট বিশেষণের কঠিন নিগড়ে যে-ভাষা ভাবের সক্ষমতা এবং ঔদার্যকে কৃণ্ঠিত করতে চায় না, তার স্বচ্ছণ ব্যঞ্জনার্শক্তি ওই নির্মান্ক ভাবের বাহন হতে পারে। বৃহতের অন্ভব বা ভাব-নাকে ঠিকমত ফর্টিয়ে তোলবার জন্য নতুন ভাষা গড়তে হবে—যার মধ্যে একা-ধারে রূপ পেয়েছে তত্ত্বদর্শনের গভীরতা এবং কবিমানসের রূপায়ণী প্রতিভা, কল্পনার জীবন্ত ব্যঞ্জনা বহন করছে অপরোক্ষ-অন্ভবের নিখ্বত অর্থপূর্ণ ও স্কেশ্ট ইশারা। বেদ আর উপনিষদের মধ্যে এমন ভাষার পরিচয় পাই— ভাবের ঘনবিগ্রহর্পে যা অতিস্ক্রা ও সারবং বিশ্বতোম্খীনতায় বজ্রমণির মত সংহত। সাধারণ দর্শনের বালিতে আমরা শাধা দ্রোন্তের একটা অস্পন্ট ইণ্গিত দিই, আচ্ছিন্ন সামান্য-প্রত্যয় দিয়ে গড়ি সত্যের একটা আবছা রূপ। ব্রণ্ধির কাছে হয়তো তার যথেণ্ট সার্থকতা আছে, কেননা, তর্ক দিয়ে তত্ত্ব বুঝতে গেলে এইধরনের ভাষা আমাদের একমাত্র সম্বল। কিন্তু সামান্যের ব্যঞ্জনা বিশিষ্ট-প্রত্যয়ের অন্তরণ্য অনভেবে দীপ্ত না হলে তো সত্যের বাণী-রূপ ফুটবে না। তাই বৃণিধতে তখন লোকাতত ন্যায়ের পর্ণ্ধতি বর্জন করে শ্রোতমীমাংসার কোশল আয়ত্ত করতে হবে। এমনিতর দর্শন ও মনন দ্বারাই সকল বিরোধের সমন্বয়ে বিশ্বোত্তীর্ণ রহস্যের অনির্বচনীয়তাকে আমরা ধারণা করতে শিখি। তা না করে সান্তের ন্যায়কে যদি অনন্তের নির্পণে প্রয়োগ করি, তাহলে সর্বাগত ব্রহ্মকে ধরতে গিয়ে আমরা আঁকড়ে ধরব ভাবের একটা ক্রেলিকা অথবা অহল্যা বাণীর পাষাণী প্রতিমাকে শুধ্য-ব্রিণ্ধর স্চীম্থে ফাটবে তত্ত্বের যে তীক্ষ্য-কঠিন র পরেখা, তার মধ্যে থাকবে না প্রমন্তে প্রাণের

ছন্দ। প্রমাণ যদি প্রমেয়ের অন্বর্প না হয়, তাহলে প্রমা অর্জন করতে গিয়ে আমরা স্থিত করব শ্ব্ব জল্পনার ধোঁয়া এবং তা-ই দিয়ে পাব জ্ঞানাভাসকে— জ্ঞানের সত্যকে নয়।

ব্রন্মের সত্য-বিভাব এমনি করে আমাদের চেতনায় ফোটে শাশ্বত-অনন্ত নিবিশেষ সন্তার স্বয়ম্ভাব স্বয়ংসংবিং ও স্বরূপান্দের মহিমা নিয়ে: এই সর্বগত পরমার্থ-সতাই বিশ্বের প্রতিষ্ঠা ও অন্তর্যামী আয়তন। এই স্বয়স্ভ্-সত্তা আবার আত্মন্বরপের এক দিব্য-চিপ্রটীতে নিজেকে প্রকাশ করেন— ভারতীয় অধ্যাত্মবিদ্যায় যাকে বলা হয়েছে ব্রন্মের আত্মভাব পুরুষভাব ও ঈশ্বরভাব। ব্রহ্মের এই তিনটি সংজ্ঞার মূলে রয়েছে বোধিজাত গভীর প্রতায়। অতএব তাদের মধ্যে যেমন ভাবনার অবিকল্পিত ব্যাপ্তি আছে. তেমনি আছে ব্যঞ্জনার সাবলীলতা—যার জন্যে একদিকে যেমন তাদের বাচ্যার্থ অম্পন্ট নয়, তেমান তাদের বাঙ্গ্যার্থ ও কুণ্ঠিত নয় ব্রন্থিব্যত্তির অতিসংখ্কাচে। এই পরমব্রহ্মকে পাশ্চাত্যদর্শনে বলা হয় absolute বা নির্বিশেষ তত্ত। কিন্তু বেদান্তের ব্রহ্ম নির্বিশেষ হয়েও সর্বগত—কেননা সমস্ত বিশেষণেই তাঁর র্পায়ণ বা পরিস্পন্দ, অতএব তিনি অসম্ভৃতি হয়েও সর্বসম্ভৃতি। নির্বি-শেষ-ব্রন্মের আলিখ্যনে সকল বিশেষ বাঁধা পড়েছে তাই উপনিষদ বলেন 'সর্ব'ং খন্বিদং রক্ষ'—'অমং রক্ষ প্রাণো রক্ষ মনো রক্ষ'। প্রাণের অধিপতি বায়কে সন্বোধন করে বলেন, 'হং বায়ো প্রত্যক্ষং ব্লহ্মাসি'। মানুষ পশ্ব-পক্ষী কীট-পত্তগ প্রত্যেককে ব্রহ্মের সংখ্য অবিনাভতরূপে দর্শন করে বলেন 'ঘং দ্বী প্রমান্ কুমার উত বা কুমারী—জীর্ণো দশ্ডেন বন্ধসি—নীলঃ পতঃগঃ—হরিতো লোহিতাক্ষঃ!' রক্ষাই সর্বভতে চিতির পে সংস্থিত হয়ে নিজেকে জানছেন। শক্তিরূপে তিনিই দেবতার বীর্য, অসুরের বল, মানুষের রয়ি, পশ্রে, প্রয়ত্ত্ব, প্রকৃতির লীলা ও র পায়ণ। ভতে-ভতে তিনিই 'অন্তর্গ দয়ে আকাশ আনন্দঃ' - খাঁকে ছেড়ে জীবের প্রাণ বাঁচে না. চেষ্টা চলে না। অন্তর্যামির্পে 'সর্বে-ষাং হাদ সাম্লবিষ্টঃ' তিনি—নিজেরই অধিবাসিত রূপে-রূপে ফুটে উঠছেন প্রতির প হয়ে। সর্বভূত-মহেম্বরর পে চেতনের মধ্যেও চেতন তিনি। আবার অচিতিরও তিনি গ্রেহাহিত চৈত্য—অপরা প্রকৃতির বশে অবশ যারা, তাদেরও প্রশাস্তা। কালের অতীত তিনি, আবার তিনিই কাল। দেশাতীত তিনি, অথচ অনুন্ত দেশ ও তার আধেয় তাঁরই ব্যাপ্তির বৈভব। বিশ্বের নিমিত্তর্পে তিনিই কার্য ও কারণের পরম্পরা। তিনিই মন্তা ও তার মনরু, তেজস্বী ও তার তেজ, দ্যুতকার এবং তার ছলনা। নিখিল তত্ত্ব বিভাব ও প্রতিভাস— সমস্তই রক্ষ। রক্ষা নিবিশেষ বিশেবাতীর্ণ অনুচ্ছিণ্ট—বিশেবাত্তর সত্তার্পে বিশ্বের ভর্তা, বিশ্বাত্মকর্পে সর্ব'ভূতের আধার। আবার ভূতে-ভূতে তিনিই আস্থা। জীবের অন্তরাত্মা বা চৈত্যপরেষ তাঁরই 'অংশঃ সনাতনঃ'—

তাঁর জীবভূতা পরা প্রকৃতি। একমাত্র ব্রহ্মই আছেন, তাঁরই সন্তাতে সবার সন্তা—কেননা বিশ্বের সব-কিছ্র ব্রহ্ম। আত্মা এবং প্রকৃতিতে যা-কিছ্র দেখছি, রক্ষের তত্ত্বভাবেই তার তত্ত্ব। ব্রহ্ম বা ঈশ্বর সব হয়েছেন তাঁর যোগমায়ায়—তাঁর আত্মর্পায়ণী চিংশক্তির অকুণ্ঠ সামর্থ্যে। চিদ্ঘন প্র্যুবর্পে চিন্ময়ী আত্মপ্রকৃতিকে অবন্টশ্ব করে তিনিই আপনাকে ব্যাকৃত করলেন র্পে-র্পে। আবার শক্ত্যালিখ্যতবিগ্রহ সর্বজ্ঞ মহেশ্বরর্পে তিনিই আপনাকে ফর্টিয়ে তুললেন কালের কলনায়, বিশ্বচক্রের হলেন নিয়ণ্তা।...এর্মান করে অফ্রন্থত ব্যঞ্জনায় অশেষ অর্থের প্রকাশ তাঁর এই স্তোমর্রাজিতে। মন তার একটি দিক বছে নিয়ে তাক্রেই ঐকান্তিক ভেবে আর সব-কিছ্র ছে'টে ফেলতে পারে—কিন্তু সে হবে মনেরই বিকল্প মাত্র। তাঁর সম্যক-জ্ঞান পেতে হলে আমাদের দাঁড়াতে হবে তাঁর বিশ্বতোম্বা অভিব্যঞ্জনার অথন্ড-দর্শনের 'পরেই।

এক শাশ্বত অন্ত নিবিশেষ স্বয়ম্ভ-সত্তা স্বতঃ-সংবিং ও স্বর্পানন্দই বিশ্বরূপে অন্তর্গান্ত ও পরিব্যাপ্ত থেকেও বিশ্বোত্তীর্ণ হয়ে রয়েছেন—আমাদের অধ্যাত্ম-অন্ভবের এই হল আদিম প্রত্যয়। কিন্তু এই পরমার্থ-সং একদিকে যেমন পুরুষ-সমাখ্যার অতীত অতএব নিরুপাখ্য, তেমনি আবার তিনি পুরুষবিধও বটে। যেমন তিনি সন্মান্তবর্প, তেমনি শাশ্বত অনন্ত নিবি-শেষ সত্তুতন্ত্র তিনি। নিবিশেষ সর্বগত রক্ষের মধ্যে যেমন পাই আত্মা পুরুষে ও ঈশ্বরের ত্রিপুটৌ, তেমনি তাঁর চিংশক্তিকেও দেখি মায়া প্রকৃতি আর শক্তির ব্য়ারপে। ব্রাহ্মী চেতনার যে-স্বর্পশক্তি আপন ব্যাকৃতিকে ভাব-লোকে রূপকল্পনায় সার্থক করছে, তাকে বাল মায়া। আবার সাক্ষি-পরেষের অনিমেষ দুল্টির প্রেষণায় আত্মপরিণাম শ্বারা ভাবকে বস্তুরূপে আকারিত করছে যে, তাকে বলি প্রকৃতি। আর দিব্য-পুরেষের যে চিন্ময় বীর্য যুগপৎ ভাব-স্ভিট ও বস্তু-কুতির লীলা-নটী, সে-ই হল শক্তি। বন্ধার ওই তিনটি বিভাব আর এই তিনটি শক্তিই সমগ্র বিশ্বসত্তা ও বিশ্বপ্রকৃতির প্রতিষ্ঠা এবং আয়তন। তাদের অথপ্ড একরস প্রতায়ে ঘটে বিশেবারীর্ণ বিশ্ব ও বিবিক্ত-জীবত্বের মধ্যে আমাদের কন্দিপত যত ভেদ ও বৈষম্যের অবসান। নিবিশেষ ব্রহ্ম, বিশ্বপ্রকৃতি আর আমাদের জীবন্বভাব—এই তিনের সম্পর্টিত প্রত্যরকে আমরা অখন্ড-অন্বয়ের এই গ্রিপ্টোতে খক্তে পাই। বিবিক্ত দর্শনে, পররক্ষের নিবিশেষ অনুভবে যেমন সবিশেষ বিশেবর সমাধান সম্ভব হয় না, তেমনি পরমার্থসতের দর্গম ও দুর্জ্জের একাকিছের সংগ্র আমাদের জীবস্বভাবের বাস্তবতাও অসমঞ্জস হয়। কিন্তু বস্তুত ব্রহ্ম নির্বিশেষ হয়েও সকল বিশেষে যুগপং ব্যাপ্ত হয়ে আছেন। তাঁর নির্বিশেষ স্বভাব যেমন সকল বিশেষণ হতে ন্ব-তন্ত্র, তেমনি সকল বিশেষণের প্রতিষ্ঠা আয়তন শাস্তা এবং উপাদানও বটে —কেননা সর্ব'গত ব্রহ্মসন্তার বাইরে আর-কিছুরই সন্তা তো সম্ভাবিত নয়।

এমনি করে আত্মবিভাবনাতেও তিনি অপ্রচন্যত-স্বভাব, এই তাঁর অনির্বচনীয় রহস্য। কি করে তা সম্ভব হয়, তাঁর হিধা-বিলসিত বিভাব ও শক্তির অথণিডত অনুশীলনের ফলেই তার তত্ত্ব ব্যুবতে পারি।

সমাক-দর্শনের অনুপহিত একরস-প্রত্যয়ের আলোকে ব্রন্ধের স্বয়স্ভু-সত্তা ও স্বকৃৎ-শক্তির লীলা যথন দেখি, তার মধ্যে বিচ্ছেদের কোনও আভাস তথন থাকে না—অখণ্ড স্বভাবের নিঃসংশয়তা চেতনায় ফুটে ওঠে নিটোল হয়ে। কিল্ডু যত সমস্যা ভিড় করে আসে—তর্কব্লিধর বিশেল্যণ যথন শ্রুর হয়। কেননা আনন্তোর নির্মান্ত অন্তবকে তকের ছকে বন্দী করবার চেচ্টা করলে এ-দেভোগ অবশাদভাবী। সত্যের রূপ বিচিত্র-জটিল। তকের সহায়ে তার সংগতি-সাধনা করতে গেলে, হয় যদচ্ছোক্রমে অংগহানি ঘটাতে হবে, নয়তো তার বিপলে ব্যঞ্জনাকে তর্কের অসাধ্য বলে মানতেই হবে। দেখছি আনর্বাচ্য নিজেকে যুগপৎ ব্যাকৃত করছেন অনন্তে ও সান্তে, কটেম্থ অক্ষর অবিকৃত-পরিণামে হয়ে চলেছেন ক্ষর ও সর্বভূতময়, এক আপনাকে ঈক্ষণ করছেন অর্গাণত বহু-ভাবনায়। পুরুষ-সমাখ্যার অতীত যিনি-শুধু পুরুষ-বিধতার স্রন্থ্য ও ভর্তা তিনি নন, স্বয়ং তিনি পরে, ষবিশেষ। আত্মার স্বীয়া প্রকৃতি আছে, অথচ প্রকৃতি হতেও বিবিক্ত তিনি। অ-সম্ভব সন্মান্ত সম্ভূতিতে উচ্ছর্নিত হয়েও স্বপ্রতিষ্ঠ এবং সম্ভূতি হতে পৃথক্ থাকেন। বিশেবর ব্যাপ্তিচৈতন্য ঘনীভূত হয় জীবচৈতন্যে, আবার বিজ্ঞানঘন জীবচৈতন্য বিচ্ছ্রেরত হয় বিশ্বাত্মভাবনার মহিমায়। ব্রহ্ম নিগ'লে অথচ অনন্ত গ্রণের সামর্থ্য তাঁর আছে। বিশ্বকর্মের কর্তা ও ঈশ্বর হয়েও তিনি অকর্তা, প্রকৃতিলীলার উদাসীন দ্রন্টা মাত্র। এসমস্ত রহস্যই আমাদের ব্যাবহারিক ব্যন্ধির অগোচর। কিন্তু ব্যাবহারিক জগতেও কি রহস্যের শেষ আছে ? চিরকাল একভাবে ঘটতে দেখি, তাই প্রকৃতির লীলাকে আমরা নিবি'চারে স্বাভাবিক বলে মেনে নিই। কিন্তু অতিপরিচয়ের গঠেন মোচন করে একবার যদি তার সকল খেলা তলিয়ে ব্রুতে চাই, তাহলে দেখি, তার সব না হ'ক্ অনেকথানিই পড়ে প্রাতিহার্যের কোঠায় বা মায়াবিনীর অবোধ্য মায়ার পর্যায়ে। স্বয়স্ভ-সত্তা আর তাতে আবিভাত বিশ্বজগৎ দুইই একটা অপ্রতর্কা রহস্য। ইন্দ্রিয়গ্রাহ্য সান্তের ব্যাপারে আমাদের প্রাকৃত দূর্গিট একটা সংগতি ও সক্রপণ্ট বিধান খংজে পায় বলে আমরা ভাবি, প্রকৃতির সর্বত বৃত্তিঝ যুক্তির শাসন। কিন্তু একট্ তলিয়ে দেখতে গেলেই পদে-পদে অযোক্তিকতার সঞ্গে, বা যা ব্যক্তির এলাকায় পড়ে না কি তাকে ছাড়িয়ে যায় তার সঙ্গে আমাদের ঠোকাঠ, কি লাগে। জড়ের মহল হতে প্রাণের মহলে এবং সেখানে হতে মনের মহলে যতই এগিয়ে চলি. ততই দেখি অসংগতি ও অনির্ভির মাত্রা বাড়ছে বই কমছে না। সাশ্তকে র্যাদ-বা যাক্তির আমলে খানিকটা আনতে পারি অণাকে কিছাতেই নিয়মের

বাধন পরতে পারি না। আর বিভূ তো থেকেই যায় ধরাছোঁয়ার বাইরে। বিশ্বকর্মের পরিচয় কি তাৎপর্য একেবারেই আমাদের ব্রদ্ধির ওপারে। আত্মা ঈশ্বর বা চিৎসত্তা বলে কিছ্ন থাকলেও জগৎ ও জীবের সভেগ তাদের সম্পর্ক কি, তার কোনও হদিস আমরা পাই না। ঈশ্বর প্রকৃতি আর জীবের গতিপ্রকৃতি দ্বর্বোধ রহস্যের আড়ালে ঢাকা রয়েছে। যবনিকার একপ্রান্ত তুলে যদি-বা কিছ্ম অনুমান করতে পারি, তার সমগ্র রহস্য তব্ তেমনি অপ্রতর্ক্য থেকে যায়। মনে হয়, বিশ্ব জরড়ে এই-যে মায়ার লীলা, এ যেন কোন্ অপ্রমেয় ঐশ্রজালিকের ইশ্রজাল। কে জানে এ তার প্রজ্ঞার বিলাস না কুহকের খেলা —কেননা প্রজ্ঞা হলেও আমাদের প্রজ্ঞার সে সগোত্র নয়, আর কুহক হলেও আমাদের কল্পনা দিশাহারা তার কাছে। এই বিশ্বকে যে চিৎ-ম্বর্পের বিস্ভি বলি অথবা বলি তার আত্মর্পায়ণের ছল্ললীলা—আমাদের ব্র্দিথতে তিনি মায়াবী-র্পে প্রতিভাত, আর তার শক্তি বা মায়া স্ভিকুশল একটা ইশ্রজাল। কিন্তু ইন্মজাল বিভ্রম অথবা তত্ত্বের চমৎকার দ্বইই স্কৃতি করতে পারে। বিশ্বে এ-দ্বিট অনিব্চনীয় ব্যাপারের কোন্টি র্প ধরেছে, কি করে তার উদ্দেশ পাব?

বস্তৃত এই হতবৃদ্ধিকর কল্পনার মূল রয়েছে বিশ্বোত্তীর্ণ অথবা বিশ্বা-ত্মক স্বয়স্ভূসতায় নির্চ কোনও বিভ্রম বা থেয়ালের ছলনায় নায়। এর জন্য দায়ী আমাদের বৃদ্ধির বৈক্লব্য। অনুত্তরের বহু,-ভাবনার মূল সূত্র কি, কিই-বা তাঁর কর্মের ছক ও ধারা, তার কোনও আভাসও আমরা পাই না। স্বয়স্ভূ-সং অনন্তস্বরূপ, অতএব তাঁর স্থিতি ও গতির মধ্যে আছে আনন্তোর ছন্দ। কিন্তু আমাদের চেতনা সঙ্কীর্ণ, আমাদের বৃদ্ধির নির্ভর সান্ত তথ্যের 'পরে। সত্তরাং সাশ্ত বৃদ্ধি ও চেতনা দিয়ে মাপব অনশ্তকে এ-কল্পনাই কি অযোক্তিক নয়? অলপ কি করে ভূমার পরিচয় পাবে? সাধনদৈনো উপহত অনীশ্বর কার্পণ্য কি করে ব্রুবে সে উচ্ছল খতায়নের ঐশ্বর্য ? অবিদ্যাচ্ছত্র অলপজ্ঞ ব্যন্থির প্রদোষচ্ছায়া কি করে সর্ববিৎ সর্বজ্ঞের কল্পনাকে ব্রঝবে? আমাদের সমস্ত যুক্তি-বিচার প্রতিষ্ঠিত রয়েছে জড়প্রকৃতির সান্তলীলার ভূয়োদর্শনের উপর। একটা সীমিত প্রবৃত্তির অপূর্ণ পর্যবেক্ষণ ও অনিশ্চিত তত্তনিব পণ তার ভিত্তি। এই ভুয়োদর্শন হতে সামান্য-প্রত্যয়ের যে-পংজিট্রকু জমে, তাকে দিয়ে বিশ্বতত্ত্বের আঁচ পেতে চাই আমরা। যা-কিছ্ব সে-প্রত্যয়ের বিরোধী, আমাদের বৃষ্ণি তাকেই লাঞ্ছিত করে মিথ্যা অযৌত্তিক অথবা অবোধ্য বলে। কিন্তু বস্তৃতত্ত্বেরও বিভিন্ন ক্রম বা স্তর আছে। অতএব এক স্তরের প্রতার মাপ বা আদর্শ অন্য স্তরে না-ও খাটতে পারে। আমাদের স্থ্লদেহ গড়ে উঠছে অতিপরমাণ্য পরমাণ্য অণ্য কোষ প্রভৃতি আণবিক অবয়বের সমা-হারে। কিন্তু এই অবয়বের বিধান দিয়ে মানুষের স্থালে শারীরক্রিয়ারও সকল

রহস্য বোঝা যায় না—তার প্রাণ-মন-চেতনার পরিস্পন্দনে যে জড়াতীত লীলার প্রকাশ তার রহস্য বোঝা তো দ্রের কথা। দেহের মধ্যে সাশ্ত কতকগালি অবয়ব তাদের নিজম্ব ধর্মা প্রবৃত্তি ও রাতি নিয়ে গড়ে উঠেছে। দেহ নিজেই একটি সান্ত অবয়বী—গড়ে উঠেছে ওইসব সান্ত অবয়বের সমাহারে, তাদের ব্যবহার করছে নিজের অধ্য প্রত্যুধ্য ও প্রবৃত্তির সাধনর পে। এমনি করে তার মধ্যে ফ্রটে উঠেছে স্বকীয় একটা সন্তা--্যার সামান্যধর্ম অবয়বধর্মের 'পরে আর একানত নির্ভারশীল নয়। তারও পরে আছে প্রাণ ও মনের সান্ত বিগ্রহ—বিবিক্ত এবং স্ক্ষ্যুতর তাদের প্রবৃত্তি। তার জন্য দেহের 'পরে নির্ভার করেও আপন ধর্মা হতে তারা প্রচ্যাত হয় না—কেননা আমাদের প্রাণময় ও মনোময় বিগ্রহের সংবেগে এমন-কিছ, অতিশয় আছে, যা জডদেহের ব্যাপারকে ছাড়িয়ে গেছে। আর প্রত্যেক সার্ন্তবিগ্রহের তত্তভাবে অথবা অধিষ্ঠান-সত্তায় আছে অনন্তের একটা আবেশ—যা তার ওই সান্ত আত্ম-র্পায়ণের ধাতা ভর্তা ও শাস্তা। এইজনা সান্তের তত্ত্বা ক্রিয়া-মন্ত্রা সম্পূর্ণ ব্রুতে গেলে তার অন্তর্যামী অথবা অধিষ্ঠানরূপী গ্রহাচর অন্তের তত্ত না জানলে চলে না। আমাদের সান্ত জ্ঞান ধারণা ও আদর্শের নিজম্ব একটা প্রামাণ্য থাকলেও বস্তৃত তারা অপূর্ণ এবং আপেক্ষিক। দেশে ও কালে যা খণ্ডিত, তার তথ্য আহরণ ক'রে নিয়ম রচে সেই নিয়মের শাসন অখশ্ভের ক্রিয়া-মনুদ্রার 'পরে আরোপ করব আমরা কোন্ ভরসায় ? দেশ ও কালের অতীত অনন্তসত্তার 'পরে তো সে-নিয়ম খাটেই না—অনন্ত দেশ কি অনন্ত কালের 'পরেই যে তা খাটবে, তাও কি বলা চলে? আমাদের প্রাকৃত আধার বাঁধা পড়েছে যে বিধি ও পরিণামের অনুশাসনে, আমাদের গুহাশায়ী পরেষ তো তাকে মেনে চলতে বাধ্য নন। তাছাড়া যে-ক্ষতু তকের আমলে আসে না, মান্বের তর্কপ্রতিষ্ঠ বৃদ্ধি তাকে নিয়ে বিপদে পডে। প্রাণ এমনই একটি বস্তু। তাকে বশে আনতে তক'বঃদ্ধি কেবল জ্বল্ম চালায়। তাকে মিত ও নিয়মিত করতে যে কৃত্রিম বিধি-নিষেধের গরেভার সে তার 'পরে চাপায়, তা প্রাণকে হয় স্তব্ধ বা আড়ন্ট করে, নয়তো আচার এবং সংস্কারের কঠিন নিগড পরিয়ে পঙ্গা করে, কিংবা সব-কিছা ভন্ডল করে দিয়ে তার মধ্যে জাগায় বিদ্রোহ—যা ধসিয়ে গ্রুড়িয়ে দেয় তার 'পরে গড়া ব্লিধর যত আলগা ইমা-রতের কেরামতি। এক্ষেত্রে দরকার ছিল একটা নিস্পর্বত্তি কিংবা বোধির প্রতায়। কিন্তু বৃদ্ধির ভাশ্ডারে ওই কন্তুটিরই অভাব। শুধ্ তা-ই নয়। বোধি যদি আপনা হতেই মনের কাজ গ্রাছিয়ে দিতে আসে, ব্রাইণ তার কথা সবসময় কানেও তোলে না ।...কিল্ড যা ব্রশ্বির এলাকা ছাডিয়ে, তাকে ব্রুত কি তাকে নিয়ে কারবার করতে গিয়ে তর্কবৃদ্ধি পড়ে আরও ফাঁপরে। অপ্রতর্ক্য তত্ত্বের জগৎ চিন্ময়। সেখানে যে সক্ষা বিপলে স্থানভীর বিচিত্র ভাবের

থেলা, বৃদ্ধি তার মেলায় আপনাকে হারিয়ে ফেলে। এ-রাজ্যের দিশারী বাধি আর অন্তরের অন্ভব, কিংবা তারও চেয়ে গভীর কোনও প্রত্যয়— বাধি যার নিশিত ধারা অথবা অবর্ণ-দ্যুতির একটা তীব্র ঝলকমাত্র। প্রতিব্যধের পরম দীপ্তি বস্তৃত নেমে আসে অপ্রতর্ক্য ঋতচিং হতে, অতিমানস দিব্যদর্শন ও দিব্যজ্ঞান হতে।

তাবলে আনন্তোর গতি-প্রকৃতির অর্থোক্তিকতার ইন্দ্রজালও বলতে পারি না—বরং ব্রিঝ, তার প্রবৃত্তিতে একটা মহন্তর অতীন্দ্রিয় ব্রক্তির প্রশাসন আছে। সে-যুক্তি সহজেই মন-বৃদ্ধির অধিকার ছাড়িয়ে গেছে, তাই তাকে বলতে পারি চিন্ময় অতিমানস-প্রতায়ের অলোকিক যুক্তি। ন্যায়ের বিধানও তার মধ্যে আছে, কেননা অনতিবর্তানীয় সম্বন্ধের সিম্প কল্পনা ও যোগযুক্তির অভাব নাই সেখানে। অতএব আমাদের সীমিত ব্রদ্ধির কাছে যা ইন্দ্রজাল, তার মর্মে নির্ঢ় রয়েছে আনন্ত্যের দিব্য ন্যায়। সে ন্যায় ও যুক্তিতে আছে লোকোত্তর প্রবৃত্তির বৈপল্য বৈচিত্র্য ও সক্ষ্মতা, তাই লৌকিক ন্যায়কে সে অনেকখানি ছাড়িয়ে গেছে। আমাদের স্থলে দুন্টিরও অগোচর সমগ্র-তথ্যের পরিপূর্ণ সমাহারে সে-দিব্যন্যায়ের প্রবৃত্তি। অতএব তার সিম্ধান্ত আমাদের আরোহ-বা অবরোহ-ন্যায়ের কাছে অকল্পনীয়—কেননা অনুমানের ভিত্তি দ্বর্বল বলে আমাদের ন্যায়ের সিম্ধান্ত কোনকালেই অবধারিত সত্যতার দাবি করতে পারে না। ঘটনার বিচার করি আমরা পরিণাম দেখে—তার নিতাস্ত-র্বাহরণ্য উপাদান পরিবেশ ও হেতৃ-প্রত্যয়ের অগভীর পর্যবেক্ষণ দ্বারা। কিন্তু প্রত্যেক ঘটনার পিছনে আছে অন্যোন্যসংগত শক্তিসংবেগের একটা জটিল জাল যা স্বভাবতই আমাদের প্রত্যক্ষের অগোচর—কেননা শক্তি-মাত্রেই আমাদের কাছে কার্যান,মেয়। কিন্তু অনন্তস্বর্পের চিন্ময় দ্র্ণিটতে শক্তিসংগমের কোনও পর্বই তো অদৃশ্য নয়। বিচিত্র শক্তির কোনও-কোনও বিভাব ভূতার্থ-রূপে আরেকটি অভিনব ভূতার্থের উপাদান অথবা নিমিত্তের ভূমিকার ব্যাপ্ত —কেউ-বা ভব্যার্থার পে প্রাক্সিম্ধ ভূতার্থোর সন্মিহিত হয়ে তাদের উপকারক। কিন্তু যে-কোনও কার্য্যের কারণ-সামগ্রীর মধ্যে সহসা নতুন একটা সম্ভাব্যতা আবিভূতি হতে পারে, যার অদৃষ্টসংবেগ কারণ-সামগ্রীর অন্তভুক্তি হয়ে অকিন্সতের কল্পনাকে সার্থক করবে। অথচ এসমন্তের পিছনে রয়েছে এক র্আনর্বচনীয় প্রেতি, যাকে ভূতার্থে পর্যবিসত করবার জন্যই ভব্যার্থের ওই আকৃতি। আবার একই শক্তিসংস্থানের পরিণাম বিচিত্র হতে পারে, যদিও প্রত্যেকটি পরিণামের পিছনে পর্বাপর উদ্যত হয়ে ছিল অন্মন্তার একটা নিগঢ়ে দেশনা। কিন্তু আমাদের চোখে দেখা দিল সে অতর্কিত বিপ্লবের ক্ষিপ্র সন্নিপাতরপে—এক মহুতেই দিবা ঈশনার অমোঘ প্রশাসনে ঘটে গেল আমূল একটা বিপর্যায় !...আনন্ত্যের এই অপ্রাকৃত লীলা প্রাকৃত বৃষ্ণির

ধারণায় আসে না। কেননা যে-অবিদ্যাব্ত্তির সে সাধন—যেমন সঙকীর্ণ তার দ্রণ্টি তেমনি তার জ্ঞানের ভাল্ডারে শৃন্ধ আর্নাতিনিদ্চিত ও অপ্রশ্বেষ তথ্যের অপ্রচন্ত্র সমাবেশ। তাছাড়া প্রাকৃত বৃদ্ধির অপরোক্ষ-সংবিতের কোনও সাধন নাই। এইখানেই বোধির সঞ্গে তার তফাত। বোধি অপরোক্ষ-সংবিতের ধর্ম—কিন্তু বৃদ্ধি জ্ঞান-ক্রিয়ার একটা পরোক্ষ ব্যাপার মাত্র। তথ্যের অপ্র্র্ণ সমাহার ও অপ্রপন্ট লিঙ্গ হতে কোনরকমে অজ্ঞাত তত্ত্বের একটা পরিচয় খাড়া করা সে-জ্ঞানের কাজ। কিন্তু আমাদের ইন্দ্রির বা বৃদ্ধি যাকে ধরতে পারে না, অনন্ত-সংবিতের কাছে তা স্বতঃপ্রকাশ। আর সে-আনন্ত্যের মধ্যে সঙকল্পের কোনও সংবেগ থাকলে তা প্রবর্তিত হয় এই প্র্র্ণজ্ঞানেরই প্রেতি নিয়ে—অতএব তাকে বলতে পারি স্বপ্রকাশ অখন্ড-সত্যের স্বতঃস্ফৃত্ত সিন্ধ-পরিণাম। প্রাকৃত পরিণামশক্তির মত আপন সৃষ্টির বাধায় তার গতি ব্যাহত নয়, অথবা খেয়ালী ইচ্ছাশক্তির মত মহাশ্নোর বৃকে সে অবন্ধন কল্পনার বিজ্ভ্রুণ ফর্টিয়ে চলেনি। এ-সঙকল্প অনন্তস্বর্পেরই সত্যসঙ্কল্প—সান্তের ব্যাকৃত্তিতে এমনি করে তিনি এংকে চলেছেন তাঁর স্বরুপসত্যের রুপরেখা।

অতএব একটা কথা খুবই স্পষ্ট : এই অনন্ত সংবিং ও সংকল্পের কোনও দায় নাই প্রাকৃত সংকীর্ণবিকৃষ্ণির যাক্তি মেনে অথবা তার পরিচিত ধারা ধরে চলবার। থণ্ডিত ও সীমিত কল্যাণের সাধনা আমাদের যে-ধর্মবিনুষ্পির ব্রত, তার শাসনে অথবা আমাদের কৃত্রিম ব্যাবহারিক সংস্কারের মুখ চেয়ে চলতেও সে বাধ্য নয়। তাই সে চিন্ময় সঙ্কল্পের সিন্ধবীর্য এমন-কিছ্ ঘটিয়ে তুলতে পারে এবং তোলেও—আমাদের প্রাকৃত বৃদ্ধি যাকে বলবে অযৌক্তিক এবং অধর্ম্য। অথচ সমন্টির চরম কল্যাণে এবং বিশ্বগত কোনও নিগ্ঢ়ে অভিপ্রায় সিন্ধির পক্ষে তা হয়তো অপরিহার্য। যে পরিবেশ প্রয়োজন ও প্রেতির একদেশী দর্শন দ্বারা আমরা একটা ঘটনাকে অর্যোক্তিক কিংবা হেয় বলে কল্পনা করি, মহা-প্রকৃতির কোনও নিগ্রুতর প্রেতি এবং বিপ্লে পরিবেশ ও প্রয়ে৷জনের দিক থেকে তা যুক্তিযুক্ত এবং উপাদেয় হতে পারে। প্রাকৃত বৃদ্ধি তার খণ্ডদর্শন দিয়ে কৃত্রিম কতগর্বাল সংস্কার রচনা করে তাদের জ্ঞান ও কর্মের সাধারণবিধির পর্যায়ে তুলে ধরে। সে-বিধির আমলে যা আসে না, মনের কারসাজি দিয়ে হয় তাকে সে জোর করেই আপন খোপে পোরে, নয়তো একেবারেই ছে'টে কিল্ড অনন্ত-সংবিতের মধ্যে এমনতর আড়ন্ট বিধির শাসন নাই। সেখানে আছে বৃহৎ স্বভাব-সত্যের অবন্ধন লীলা, যার সিন্ধকল্পনায় ঘটনার স্বাভাবিক পরিণাম আপনাহতেই ফুটে ওঠে—অথচ কারণ-সামগ্রীর বিচিত্র সংস্থানের অনুরূপ তারও মধ্যে দেখা দেয় স্বভাবছন্দের বৈচিত্য। কিন্তু আমাদের সংকীর্ণ বৃষ্ধি এই আন্তর্প্যের স্বাতন্ত্য ও সাবলীলতাকে ব্রুতে পারে না বলে মনে করে, মহাপ্রকৃতিতে বৃঝি কোনও ঋতের শাসন নাই। তেমনি,

আনক্তোর তত্ত ও তার প্রবৃত্তির মৃক্তচ্ছন্দকে সীমিত সত্তার বিধান দিয়ে আমরা ধারণা করতে পারি না-কেননা সাল্তের পক্ষে যা অসম্ভব, পরমার্থ-সতের বিপুলে স্বাতন্ত্যের মধ্যে তা-ই দেখা দিতে পারে স্বতঃসিশ্প সহজ-স্থিতি এবং স্বাভাবিক প্রেতিরূপে। মনের খণ্ড প্রতায় আর অখণ্ড সংবিতের <mark>মাঝে তফাত</mark> এইখানেই। মন অভগাকে গড়ে অনুভবের ভগনাংশ জ্বড়ে-জ্বড়ে—কিন্তু অন্ত-সংবিতের দর্শনে ও বিজ্ঞানে আছে সমগ্র ভাবনার একটা স্বার্রাসক প্রতায়। অবশ্য যুত্তির মূল্য আছেই। যতক্ষণ যুত্তিই আমাদের সম্বল, ততক্ষণ তাকে বাদ দিয়ে অপুষ্ট অর্ধপক বোধির আশ্রয় নেওয়া কোনমতেই সংগত নয়। কিল্কু তাহলেও আনল্ডোর সাবলীল ক্রিয়া-মন্ত্রার দিকে তাকিয়ে যুক্তিব্যদ্ধির মধ্যে যথাসম্ভব সাবলীলতা নিয়ে আসা, অথবা জিজ্ঞাসিত তত্ত্বের বৃহত্তর ভূমির ও বিভূতির ইশারা সম্পর্কে তাকে সচেতন করে তোলা—এও তো আমাদের সাধনা হওয়া উচিত। অসীম তংস্বর্পে আমাদের সীমিত বৃদ্ধির সংকীর্ণ দর্শনকে আরোপ করা কি চলতে পারে? অনন্তের একটি অন্তে চিত্তকে অভিনিবিষ্ট করে তাকেই যদি অথতদর্শনের মর্যাদা দিই, তাহলে আমাদের অন্তেব হয় সেই অন্ধদের হস্তিদর্শনের মত—যারা হাতির এক-এক অপা ছায়ে সিম্পান্ত করেছিল গোটা জানোয়ারটারই আকার বর্মি ওইরকম! অনন্তের যে-কোনও একটি বিভাবের অনুভবকে নিশ্চয় প্রামাণিক বলব। কিন্তু তাহতে এমন সিম্পান্ত করা চলে না যে তাঁর ওই একটিমাত র্প। একটি র্পকে আঁকডে ধরে অনন্তের আর-সব রূপকে প্রত্যাখ্যান করা, মতুয়ার বৃদ্ধির দোহাই দিয়ে অধ্যাত্ম-অনুভবের বৈচিত্তাকে অস্বীকার করা—এ কি সংগত? অনন্তের মধ্যে যেমন আছে প্ররূপস্থিতির অপ্রমেয়তা, তেমনি আছে সীমাহীন সমৃষ্টির বৈভব, আছে বহু,-ভাবনার বৈচিত্র্য। তাঁকে সত্য করে জানতে হলে এসবারই খবর থাকা চাই। সমষ্টিকে না দেখে ব্যক্তিকে দেখা, অথবা তাকে শ্বধ্ব ব্যক্তির সৎকলন বলে জানা—এ যেমন বিদ্যা, তেমনি অবিদ্যাও বটে। আবার শ্বধ্ব সমষ্টিকে দেখে ব্যান্টির দিকে চোখ ব'জে থাকাও বিদ্যা এবং অবিদ্যা দুইই—কেননা তুরীয়ের আবেশ আছে বলেই ব্যন্থি যে সমন্থিকে ছাড়িয়েও যেতে পারে, একথা ভুললে তো চলবে না। ব্যক্তি-সম্ভির প্রতিষেধ দ্বারা বিশ্বদ্ধ স্বর্পদর্শন যদিও তুরীয়ের মধ্যে আমাদের চেতনাকে শরবং তন্ময় করতে পারে, তব্ব তাকে বিজ্ঞানের অন্ত না বলে বলব উপধা—কেননা এরও মধ্যে আছে অবিদ্যার প্রকাণ্ড একটা ছলনা। সমাক দর্শন আমাদের লক্ষ্য। সে-দর্শনের মধ্যে থাকবে স্বাদশী ব্রাদ্ধির সাবলীলতা, যা নিখিল বিভবের অবিযুক্ত প্রত্যয়ের ভিতর দিয়েই খোঁজে তাদের অখন্ড সমাহারের তত্ত।

পরমার্থ-সংকে নির্বিকল্প আত্মন্বর্প জেনে তাঁর স্থাণ্ডের নৈঃশব্দো আমরা সমাহিত হতে পারি—কিন্তু তাতে অনন্তের সম্ভূতির সত্য আড়াল হয়ে

পড়ে। তেমনি, শুধু ঈশ্বররূপে তাঁকে জানলে সম্ভূতির সত্য জানা যায় বটে. কিন্তু বাদ পড়ে তাঁর শাশ্বত স্বর্পস্থিতি ও অন্তহীন নৈঃশব্দ্যের প্রতায়। আমরা তথন পাই তাঁর লীলোচ্ছল সত্তা চৈতন্য ও আনন্দের অপরোক্ষ অনুভব, কিন্তু তাঁর নিবিকিল্প নিরঞ্জন সচিচদানন্দ দ্বভাবের পরিচয় পাই না। তেমনি প্রেষ-প্রকৃতি বা চিৎ-জড়ের বিবেকসিন্ধিতেও অসণ্য প্রেষের ভাবনায় উভয়ের সামরস্যকে আমরা ভূলে যেতে পারি। এইপ্রসংগে মনে পড়ে ব্রহ্মবিং গুরুর সেই শিষ্যের গল্প : হাতি আসছে, মাহুত বলছে পালাও। কিন্তু শিষ্যও ৰূক্ষ, হাতিও ৰূক্ষ—স**্**তরাং সে পালাবে কেন? হাতি শ্ৰুড় দিয়ে ছণ্ডুড়ে ফেলল তাকে, শিষ্য অবাক হয়ে ভাবল, এ কী হল? গুরু বললেন, বাপু, তুমিও ব্রহ্ম সবাই ব্রহ্ম, সে তো সত্য কথা। কিন্তু মাহত্বত-ব্রহ্ম যথন পালাতে বলল হাতি-ব্রহ্মের সামনে থেকে, তখন তার কথা শুনলে না কেন? অনন্তস্বরূপের লীলা ব্রুবতে গিয়ে আমাদের এই শিষ্যের মত দশা না হয়! অখণ্ড-সত্যের একটা বিভাবের 'পরে জোর দিয়ে বিচারে এবং আচারে তার অনন্তবিভাবের আর-সব দিক ছে'টে ফেলা মারাত্মকধরনের ভুল। 'অহং ব্রহ্মাস্মি'—অন্তরাব্তুচক্ষ্মর এই দশনিও যেমন সত্য, তেমনি 'সর্বাং খাল্বদং ব্রহ্ম'—উন্মালিত দ্রান্টর এই পরি-ব্যাপ্ত প্রতায়ও তো সতা। আমি আছি এ-ও যেমন বাস্তব, তেমনি অপরের থাকাটাও বাস্তব। আবার আমার আত্মা ও অপরের আত্মার মধ্যে একই বিশ্বা-স্মার আবেশ এবং উভয়ের ওপারে তংস্বর্পের অধিষ্ঠান—এও তো অতিবাস্তব। অনন্তস্বরূপের একম্ব বহু,ম্বের বিভাবনাতেও অপ্রচ্যুত থাকে। তাই তাঁর ক্রিয়া একমাত্র সর্বদশী পরা বৃদ্ধিরই গোচর। সে-বৃদ্ধি অভেদপ্রত্যয়ের ভূমিকাতে দেখে স্বগতভেদের বৈচিত্র্য—আবার ভেদের প্রত্যেকটি দলকেও দেয় স্বাতন্ত্র্যের মর্যাদা। তাই সে জানে, প্রতি ভূতে রয়েছে যেমন স্ব-ভাব ও স্ব-ধর্মের নিজস্ব একটা রূপায়ণ, তেমনি সম্ঘির লীলাতেও তাদের যথাযোগ্য একটা স্থান আছে। অনন্তস্বর্পের জ্ঞানে ও কর্মে বেজে ওঠে স্বচ্ছন্দ বৈচিত্রোর এক অদৈবত রাগিণী। অতএব ঋতময় আনন্ত্যের সে-স্বরসংগতির মধ্যে ক্রিয়াসামাই রয়েছে সর্ব ্য-একথা বলাও যেমন ভুল, তেমনি তার ক্রিয়াবৈষম্যের মূলে ঋতম্ভরা অদৈবতস্বমার আবেশ নাই—একথাও অশ্রদেধয়। বৃহৎ সত্যের এই সৌষম্যকে যদি আমাদের ব্যবহারে ফুটিয়ে তুলতে যাই, তাহলে শুধু নিজের আত্মার উপর অথবা শুধু পরের আত্মার উপর ঝোঁক দেওয়া—দুইই অসঙ্গত হবে। একমাত্র সর্বভূতাত্মভূতাত্মার ভাবাদৈবতের 'পরেূই হবে একা-ধারে ক্রিয়াদৈবত এবং অনন্ত-বিচিত্র অথচ অথন্ড-সনুষম ক্রিয়াবৈষম্যের প্রতিষ্ঠা —কেননা আনন্ত্যের স্বতঃস্ফুর্ত লীলায়নের এই তো ধারা।

আনন্ত্যের অতর্কা ন্যায়ের অন্যামী শৃশ্ধবৃদ্ধির ঔদার্য এবং সাবলীলতা নিয়ে যদি বিচার করি, তাহলে দেখি নির্বিশেষ স্বর্গত রক্ষের স্বর্প সম্পর্কে আমাদের বৃদ্ধির কল্পিত যে-বিরোধ, তার আশ্রয় শ্বধ্ব মনের বিকল্প-বৃত্তিতে। অতএব সে-বিরোধ বাগা-বৈথরীর বিরোধ, তত্তের নয়। প্রাকৃত বৃদ্ধি একদিকে কল্পনা করে—ব্রহ্ম যখন নিবিশেষ, তখন অবশ্য তিনি অনিবাচ্য। অথচ বাইরে সে দেখতে পায় সেই নিবিশেষ ব্রহ্মের মধ্যে বিশেবর বহুধা-ব্যাকৃতি—কেননা বিশেবব কারণ এবং আধার আর কি হতে পারে ব্রহ্ম ছাড়া? আবার ব্রহ্মকেই যখন সে মেনেছে 'একমেবাদ্বিতীয়ং' তত্ত্বলে, তখন বিশেবর এই ব্যাকৃতি নিবিশেষ অনিবাচ্য ব্রহ্মস্বরূপ ছাড়া কিছুই হতে পারে না—একথাও বাধ্য হয়ে তাকে মানতে হয়। এই আপাতবিরোধের কল্পনাতেই ব্লান্ধর ধাঁধা লাগে। কিন্তু বিরোধ মিটে যায়, যখন বাঝি: অনির্বাচ্যতার তাৎপর্য শাধা নেতিতে বা সর্ব-নিষেধে নয়—কেননা তাতে আনন্তোর 'পরে চাপানো হয় অশক্তির বৈকল্য। কিন্তু অনির্বাচ্যে আছে ইতিরই সম্প্রতায়, আছে নিজের উপাধিন্বারা সীমিত না-হবার ন্বারসিক ন্বাতন্তা। অতএব বাইরের কোনও অনাত্মীয় উপাধিদ্বারা সীমিত হবার সম্ভাবনা তার নাই—কেননা তার মধ্যে অমন অনাত্ম-বস্তুর সদভাব বা উদ্ভবও যে অকল্পনীয়। অতএব আনন্ত্যের মধ্যে আছে প্রমাক্ত স্বাতন্তা—আপন অন্তহীন বিকল্পনে যা অব্যাহত ও অনির্দধ, আত্মবিস্থির প্রতিক্ল প্রভাব দ্বারা অনিগ্হীত। অনন্তের আর্ঘাবভাবনাকে স্বান্ধিও বলা যায় না—কেননা তার মধ্যে আছে শ্রু তাঁর আপন তত্তভাবের স্ফুরণ। বিশ্বের সমস্ত তত্ত্বের বীজভাবে তিনিই তদাম্বক হয়ে আছেন, আর সমস্ত তত্ত্বস্তু এক প্রমতত্ত্বের বীর্যবিভৃতি। নির্বিশেষ ব্রহ্ম প্রত্যাও নন, সৃত্তও নন-হাদি প্রচলিত অর্থে সৃত্তি বলতে বৃঝি 'নির্মাণ'। তত্ত্বদর্শনির সংজ্ঞান, সারে পরমার্থ-সতের যা দ্বর্পধাত এবং দ্বর্পিম্পতি, তার রূপায়ণ এবং পরিস্পন্দকে সূন্দি বলতে পারা যায়। অথচ অভাবপ্রতায়ের দিক থেকে নয়, ভাবপ্রতায়ের দিক থেকে একটা বিশেষ অর্থে তাঁকে আমরা জনিব চাই বলব। তাঁর সে অনিরক্তে দ্বভাব হবে অন্তহীন দ্ব-তন্ত্র আত্ম-ব্যাকৃতির অপরিহার সাধন, তার প্রতিষেধ নয়। অনিরুক্তির এই অতিমুক্তি যদি তাঁর মধ্যে না থাকত, তাহলে ব্রহ্মতত্ত্ব হত একটা শাশ্বত নিয়তিকত বিভাবনা, অথবা অব্যাকৃত হয়েও সম্ভাবিত স্বগত ব্যাকৃতির একটা নিয়ত সম্ঘটি মাত। যে সকল সীমা ছাড়িয়ে আছেন—এমন-কি নিজের সা্থির বাঁধনও যে পরেননি তিনি: তাঁর এই স্বাতন্যাকেই একটা উপাধি, একটা আত্যন্তিক অশস্তি, অথবা আত্মব্যাকুতির স্বাতন্ত্যের অভাব বলে কল্পনা করা সঞ্গত কি? বরং এমান করে নিবিশেষ অসীমকে নেতির বিশেষণে সীমিত করবার প্রচেণ্টাই কি স্বতোবিরোধের দোষে দৃষ্ট হবে না? ব্রহ্মতত্ত্বের দুর্টি মর্মারহস্য-একটি তাঁর স্বর প্রস্থিতিতে, আরেকটি তাঁর লীলায়নে বা আর্ঘাবস্থিতে। এ-দ্বয়ের মাঝে তো সত্যকার কোনও বিরোধ নাই। যে-বীজসন্তায় অন্তহীন স্ফুরেন্ডার

অনিয়ন্তিত সামর্থ্য আছে, সেই তো পারে অনন্ত ব্যাকৃতিতে আপনাকে রুপারিত করতে। অতএব নিত্যে আর লীলায় কোনও অসামঞ্জস্য বা অন্যোন্যপ্রতিষেধ নাই—তারা পরস্পরের পরিপ্রেক মাত্র। নিত্য আর লীলা এক
অনন্ত অন্বয়-তত্ত্বের 'পরে শ্বৈতের আরোপ—মান্ষের ব্র্ণিখতে এবং মান্ষের
ভাষায়।

বিকল্পহীন সহজ দুন্টি নিয়ে যদি তত্ত্বস্তুর দিকে তাকাই, তাহলে সর্বত দেখি সমন্বয়ের এক ছন্দ। তত্তদর্শনের এক প্রান্তে জাগে আন্তেতার নির্বর্ণ সংবিং—তার মধ্যে গুল ধর্ম বা লক্ষণের কোনও উপরাগ নাই: আবার আরেক প্রান্তে দেখি. সেই অনন্তই অর্গণিত গ্রুণে ধর্মে ও লক্ষণে উচ্ছবৃসিত। দুটি প্রতায়ের মধ্যেই ফোর্টে তাঁর অকুণ্ঠ স্বাতন্ত্যের ব্যঞ্জনা—তার প্রতিষেধ নয়। অবর্ণের অনুভব বর্ণরাগের ঐশ্বর্যকে প্রতিষিশ্ব করে না—বরং সে-ই হয় তার অপরিহার্য সাধন, অলক্ষণ নৈগ্রুণ্যের ভিত্তিতেই সম্ভব হয় গ্রুণে ও লক্ষণে সন্তহীন আত্মর পায়ণের নিরুক্ষতা। চিৎ-সন্তার দ্বগত বীর্ষের বিশেষ-একটা প্রকাশকে আমরা 'গুণে' বলি। অর্থাৎ সত্তের চেতনা তার বীজভা<mark>বকে</mark> প্রকট করবার সময় ব্যাক্ত আত্মশক্তির 'পরে স্বভাবের ছাপ দিয়ে ষে-পরিচয় দেয় তার, তা-ই হল গুণ বা চারিত। যেমন শোর্য একটা গুণ বা আত্মভাবের বীর্য। তাতে আত্মচেতনার বিশেষ-একটা ভঙ্গিতে প্রকাশ পেয়েছে আমার আধারশক্তির বিশিষ্ট রূপ এবং তা আমারই ক্রিয়াশক্তির বিশেষ-একটা অভি-ব্যক্তিতে সার্থক হয়েছে। তেমনি ওমুধের আরোগ্যশক্তি একটা ধর্ম ; অর্থাৎ ওষ্টের বনজ কিংবা খনিজ উপাদানের মর্মসন্তায় নিহিত শক্তিবিশেষই তার রোগপ্রতিষেধক ধর্মের রূপ ধরেছে। আবার এই শক্তিবিশেষের মূলে আছে অর্কানহিত সংব্তু-চৈত্ন্যে প্রছল্ল সদ্ভূত-বিজ্ঞানের প্রবর্তনা। স্ফারনত সন্তার মূলে যে-ভাব নিগ্যু ছিল, বিজ্ঞান তাকেই ফাটিয়ে তলছে বাইরে—তা-ই এখন দেখা দিয়েছে সন্তার অন্তগর্ত শক্তির বীর্ষবিভূতির্পে। এমনি করে বদতুর যত ধর্ম গুণু বা লক্ষণ সমূদতই সন্তার চিদ্বীর্য—নিবি-শেষের স্ফুরেন্তার বিশেষ-একটা ভিগ্গ। তৎ-স্বরূপের মধ্যে সব-কিছু নিগড়ে হয়ে আছে, তাঁর মধ্যে আছে সব-কিছুকে বিসূষ্ট অর্থাৎ বিচ্ছুরিত* করবার অকুণ্ঠ স্বাতন্তা। তব্তু নিবি'শেষকে শোর্যগর্ণ বা আরোগ্যশক্তি দিয়ে বিশেষিত করতে পারি না—বলতে পারি না, এই তাঁর লক্ষণ বা ব্যাবর্তক ধর্ম। এমন-কি বহু গ ণের একত্র সমাবেশকেও নিবিশেষ আখ্যা দিতে প্রার না। আবার এও বলা চলে না, নিবিশেষ ব্রহ্মভাব একটা নিঃসত্ত অভাববস্তু মাত্র—তার মধ্যে

^{*} স্নিট' শন্দের মৌলিক অর্থাই তা-ই: বেদে স্জ্ ধাতুর অর্থ, আধারে যা অভ্তর্গট্ট হয়ে আছে, নিম্ভি প্রবাহে তাকে বইয়ে দেওয়া।

ভার্বাবশেষকে বিচ্ছারিত করবার সামর্থ্য নাই। বরং ব্রহ্মেই আছে সমস্ত সামর্থ্যের নিঃশেষ সমাহার, বস্তুর গুণ ও ধর্মের সকল বীর্য তাঁর মধ্যে সম-বেত। মন একবার বলে, 'যা-কিছু, দেখছি, নিবিশেষ ব্রহ্ম এসবের কিছুই নন্ অথবা এরাও নির্বিশেষ রক্ষাস্বরূপে নয়': আবার সংগ্রে-সংগ্রে তাকে মানতে হয়, 'ব্রহ্মই এইসব হয়েছেন, তৎস্বরূপের ব্যাতরিক্ত কোনও সত্তা এদের নাই— কেননা তৎস্বরূপ সন্মাত্র, তৎস্বরূপই সর্বসং'। এমনি করে বিরুশ্ধভাষণের ধাঁধায় পড়ে তার সকল বিচার ঘুলিয়ে যায়। কিন্ত স্পণ্টই দেখছি. এ-ধাঁধার স্থিত হয়েছে শুধু ভাবনার অতিসংকাচে ও ভাষার কারসাজিতে। নইলে তত্ত্ব-দুষ্টিতে এক্ষেত্রে বিরোধ কোথায় ? ব্রহ্ম শোর্যগুল বা আরোগ্যশক্তি মাত্র অথবা শোর্যগুণ বা আরোগ্যশন্তিই বন্ধা—এ-দুইটিই বাতুলের উত্তি সন্দেহ নাই। কিল্ডু তাবলে শোর্যকে অথবা আরোগ্যশক্তিকে আত্মরূপায়ণের বিশিষ্ট ভঞ্চিরত্তে ফুর্টিয়ে তোলবার সামর্থাও ব্রহ্মের নাই—এমন উক্তিও কি বাতলতা নয়? ় সান্তের ন্যায় যখন আর পথের প্রদীপ হয় না, তখন অপরোক্ষ নির্ম ক্ত দ্রণ্টির সন্ধানী আলো ফেলতে হয় সন্তার মর্মগহনে—অনন্তের ন্যায়ে কি আছে তা ধরবার জন্যে। তখনই অনুভব করি, যিনি অনন্তদ্বরূপ, তিনি গুণে শক্তিতে বিভূতিতে সর্ব'তোভাবেই অনন্ত—অথচ গণে শক্তি ও বিভূতির বিরাট সংকলন দিয়েও তাঁর আনন্তাকে নিঃশেষিত করা যায় না।

আমরা মানি, রক্ষ প্রেব্ধ ঈশ্বর নিবিশেষ সন্মান্ত—যা-ই তাঁকে বলি না কেন, তিনি 'একমেবাদ্বিতীয়ম্'। বিশেবাত্তীণ'র্পে তিনি এক, আবার বিশ্বা-ত্মকরপেও এক। অথচ বিশ্বে দেখছি বহু ভূত, প্রত্যেকের মধ্যে এক বিবিক্ত আত্মা বা চিংসত্তা, ভিন্ন অথচ অভিন্ন এক প্রকৃতি। বস্তুর চিন্ময় তত্তভাব যখন অদ্বিতীয়, বাধ্য হয়ে তখন মানতে হয়, এই বহুধা-ব্যাকৃতিও দ্বরূপত ওই অন্বয়তত্ত্ব। অতএব একেরই সত্তা বা সম্ভূতি বহুরুপে—এ-সিম্ধান্ত আনি-বার্য। তব্ প্রশ্ন হয় : যা সখণ্ড ও সবিশেষ, তা কি করে অখণ্ড নির্বি-শেষ হবে ? মানুষ পশ্ব-পক্ষী কীট-পতংগ কি করে ব্রহ্ম হবে ? কিন্তু আপাত-বিরোধের এই কল্পনায় মনের ভুল হয়েছে দ্ব'জায়গায়। ব্রহ্মের একত্বকে মন বিচার করে গণিতের 'এক' সংখ্যা দিয়ে। সে 'এক' দ্বভাবত অন্যব্যাব্যন্ত ও সঙ্কোচধমী। হিসাবে সে দুয়ের চাইতে ছোট, তাই তাকে দুই করতে হলে হিসাবমত ভাঙতে জ্বড়তে বা গ্রণ করতে হয়। কিন্তু ব্রন্ধের একত্ব তো তা নয়। সে হল দৈবতহীনতার অনুভব ও আনশ্তোর সর্বান্স্যুত আয়তন— অতএব তার মধ্যে শত সহন্ত লক্ষ কোটি পরাধেরও স্থান হয়। জ্যোতিষের কল্পিত অথবা তারও অকল্পিত রাশির বৈপ্লা দিয়ে তাকে বেড়ে পাওয়া যায় না—কেননা উপনিষদের ভাষায় 'রক্ষ চলেন না, অথচ তাঁকে ধরতে পিছু-পিছু ছুটেও দেখবে, তিনি আছেন তোমার আগে।' তাই তার সম্পর্কে বলা চলে,

অন্তহীন বহুদের সম্ভূতিস্বর্প না হলে অন্বয় অনন্ত হতেন তিনি কি করে? কিন্তু তাঁর বহুবিভাবনার এ অর্থ নয় যে, তাঁর একত্ব বহুধর্মণী অথবা বহুর সমাহারে কল্পিত। বরং তাঁর একত্বে আছে অনন্ত-বহুত্বের বিভাবনা। যেমন বহুত্বকল্পনা দিয়ে তাঁর বিশেষণ বা পরিচিতি সম্ভব নয়, তেমনি সান্ত একত্বের বিকল্প দিয়েও তাঁকে সীমিত করা যায় না। বৃহত্ত চিং-জগতে সংখ্যা-বহুত্বের কল্পনা একটা বিভ্রম মাত্র, কেননা সেখানে পরেষের বহুত্ব থাকলেও বহু-পূর্বের মধ্যে অন্যোন্যব্যাব্তির সম্বন্ধ নাই। তত্তুত বহু-প্র্যুষ অন্যোন্যাগ্রিত এবং ব্যতিষক্ত। অন্বয়তত্ত্বা সমণ্ট-বিশ্ব-কাউকে তাদের যোগফল বলা চলে না। বহু-পুরুষ অন্বয়তত্ত্বের আশ্রিত এবং তার সত্তায় সত্তাবান। অথচ তাদের বহুত্বও অবাস্তব নয়—কেননা বহুপুরুষের মধ্যে আছে একই পুরুষের ব্যাষ্টিভাবনার আবেশ। তারা একেরই সনাতন অংশ এবং তাদের শাশ্বতভাবের মূলে আছে শাশ্বত অশ্বয়ভাবের অধিণ্ঠান। প্রাকৃত বৃদ্ধি সাণ্ত আর অনশ্তের মাঝে বিরোধ সৃষ্টি ক'রে সাণ্টের সংগে যুক্ত করে বহুত্বকে এবং অনন্তের সংগ্যে একত্বকে। তাই তার হিসাবে এত গোল। কিন্তু অনন্তের ন্যায়ে বিরোধের কিছুমাত্র আভাস নাই। এইজনাই সেখানে একের মধ্যে বহুত্বের শাশ্বত সমাবেশ যেমন সম্ভব তেমান প্যাভাবিক। আবার দেখি রন্ধের অনন্ত নিবিকল্প স্বর্পস্থিতিতে চিৎস্বর্পের

অবিচল নৈঃশব্দ্য। অথচ সে-চিৎস্বর্পের আছে সীমাহীন পরিস্পন্দ—আছে অমের বীর্যা, আনন্ত্যের সর্বাসম্ভব আত্মপ্রসারণের চিন্ময় উচ্ছলতা। দুটি অনুভবেরই অনুকূলে তত্ত্বদর্শনের প্রামাণ্য আছে। কিন্তু প্রাকৃত কল্পনা দ্বরূপদ্থিতির নৈঃশব্দ্য ও সম্ভূতির পরিদ্পন্দের মাঝে স্ভিট করে কৃতিম একটা বিরোধ—অনন্তের ন্যায়ে যার কোনও আভাস নাই। 'আনন্ত্যের মধ্যে আছে শ্ব: স্বর্পস্থিতির নৈঃশব্য, সম্ভূতির অন্তহীন বীর্য ও তপোবিভূতি নাই'-একথা মানা যায় ব্রহ্মদর্শনের অন্যতম বিভাবর্পেই শুধু। ব্রহ্ম শক্তি-হীন বীর্যহীন চিন্মাত্র—একথা অকম্পেনীয়। আনন্তের মধ্যে অন্তহীন তপোবিভতির উচ্ছলতা থাকবে, নিবি'শেষের মধ্যে থাকবে সব'সম্ভবা শক্তির বীর্য, চিৎম্বর্পের অন্তর্গাঢ় সংবেগ হবে নির্বারিত। অথচ ম্বর্পস্থিতির নৈঃশব্দ্য হবে সে-স্পন্দের অধিষ্ঠান। শাশ্বত স্থাণ্য শাশ্বত জঙ্গমতার অপরিহার্য সাধন এবং ক্ষেত্ত—এমন-কি তার মর্মসত্য। কেননা, একটা অবিচ**ল** আধার ছাড়া আধারশক্তি তার বিপলে অভিবাঞ্জনার রংগপুরীঠ কোথায় পাবে ? শব্দহীন অচণ্ডল স্থাণ্যম্বের একটা অধিষ্ঠান পেলে আমরা তারই ভূমিকায় স্থাপন করতে পারি মহাশক্তির এমন-একটা উচ্ছলন, যা আমাদের **চণ্ডল বহিম্ম্ম চে**তনার কম্পনারও অগোচর। ব্রহ্মের স্থিতি আর গতিতে বিরোধকলপনা প্রাকৃত মনের সংস্কার মাত্র। বস্তৃত চিৎস্বর্পের নৈঃশব্দ্য আর

তাঁর স্ফ্রব্র পরস্পরের আপ্রেক ও অপরিহার্য দ্টি সত্য। প্রপঞ্চোপশম অক্ষর চিন্মান্ত প্রের্ম তাঁর অভতহীন তপোবীর্যকে নিজের মধ্যে শাভত এবং সমাহিত রাখতে পারেন, কেননা আত্মশক্তির পরতন্ত সাধন তিনি নন। কিন্তু তাঁর শক্তিও আছে এবং তাকে তিনি বিচ্ছ্রিরতও করেন অভতহীন শাশ্বত লীলোচ্ছলতার নিরঙকুশ সামর্থ্যে। এই বিচ্ছ্রেরণে তাঁর বিরতি নাই ক্লান্তি নাই। অথচ তাঁর স্পন্দলীলায় নিত্য অন্মৃত্যুত হয়ে আছে তাঁর স্পন্দহীন স্তব্ধতা, মহ্তের তরেও তার মধ্যে ঘটে না স্পন্দজনিত কোনও প্রচলন বিকার কি বিপর্যয়। লীলাচণ্ডল প্রকৃতির বিচিন্ন রাগিণীতে অহরহ রণিত হচ্ছে সাক্ষিচেতনার অপ্রমেয় নৈঃশব্দ্য। এসব কথা আমাদের বোঝা কঠিন—কেননা আমাদের বহিশ্চর চেতনার সীমিত সামর্থ্য উধের্ব-অধে কোনদিকেই প্রসারিত নয় এবং এই সীমার সঙ্কোচ তার সকল কল্পনা ও সংস্কার কুন্ঠিত করে রেখেছে। স্বৃতরাং সসীম ও সবিশেষের সংস্কার নিয়ে যে নির্বিশেষ অসীমের ধারণা সম্ভব নয়, সেকথাও কি বলতে হবে?

অনশ্তকে ধারণা করি অরূপ বলে, অথচ বিশ্ব জ্বড়ে আমাদের ঘিরে রয়েছে অন্তহীন রূপের মেলা। অতএব দিব্য-পূর্ষকে স্বচ্ছনে বলা চলে একাধারে রূপী এবং অরূপ। এখানেও আছে—তাত্তিক বিরোধ নয়, কিন্তু বিরোধের একটা আভাস শুধু। অরূপ বলতে বৃঝি রূপায়ণ-শক্তির প্রতি-ষেধ নয়-কিন্তু অনন্তের স্বচ্ছন্দ স্ব-তন্ত রূপায়ণের নিমিত্ত। রূপায়ণের এই স্বাচ্ছন্দা না থাকত যদি, তাহলে সান্ত বিশ্বে দেখা দিত শুধু একটি রূপ অথবা সম্ভাবিত রুপের একটা সংকলন বা বাঁধাধরা ছক। অরুপ হল পর-মার্থ-সতের চিন্ময়-সত্ত্বের বা চিৎ-ধাতুর ধর্ম। বিশেবর বিচিত্র সান্ত-ভাব সেই ধাতুর রূপ বীর্য বা আত্মব্যাকৃতি। দিব্য-পুরুষের নাম কি রূপ নাই। কিন্তু ঠিক এই কারণে নাম ও রূপের সর্বপ্রকার সম্ভাবনাকে ফ্রটিয়ে তুলতে তাঁর বাধে না। রূপমান্তেই ব্যাকৃতি—শুনো-শুনো থেয়ালখু শির কল্পনা নয়। কারণ যে বর্ণ রেখা আয়তন বা পরিকম্পনা রূপের অপরিহার্য উপাদান, তাদের প্রত্যেকের মধ্যে নিহিত রয়েছে একটা 'অর্থ'। বলা যেতে পারে, তাদের আশ্রয় করে ব্যক্ত হয়েছে এক অব্যক্ত-তত্ত্বের নিগ্রুত অর্থ এবং প্রয়োজন। জন্যই রঙে রেখায় আয়তনে যোজনায় অদেখা ধরা দেয় কায়ার মায়ায়—কেননা যা অতীন্দ্রিয়, তার বাঞ্জনার তারা বাহন। রূপকে বলতে পারি অরূপের সহজ-বিগ্রহ, তার অর্নাতবর্তানীয় আত্মরূপায়ণের একটা ঝলক। শ্ব্ধ্ব-যে বাইরের র্পের বেলাতে একথা খাটে তা নয়। অদ্শ্যলোকে প্রাণ ও মনের যে-রূপায়ণ শুধু ভাবের চোখে দেখা চলে, অথবা অশ্তঃসংজ্ঞার স্ক্রাবৃত্তি দিয়ে যে রুপের জগৎ ধরা যায়, তাদেরও এই রহসা। নামের গভীর তাৎপর্য শ্বধ্ব কন্ত্র শাব্দিক সংজ্ঞাতে নয়-কিন্ত বস্তুর বিগ্রহে রূপায়িত হয়েছে যে-তত্ত্ব, তার

বৈশিষ্ট্য গ্ল বা শক্তির সম্হভাবনায়। সংজ্ঞা-শব্দ বা জ্ঞেয়-নাম দিয়ে আমরা তাকেই উদ্দিষ্ট করি। এই অর্থে নামকে বলতে পারি 'বৈভব'। অতএব দেবতাদের গৃহ্য নাম বলতে ব্ঝব তাদের স্বর্পসন্তার গ্ল শক্তি বা বৈশিষ্ট্য —সাধকের চেতনা উপলব্ধির মধ্যে যাদের দিয়েছে ভাবময় র্প। অনন্তস্বর্প নামহীন, অগোন্ত। কিন্তু সে-নামহীনতাতেই প্রকিল্পত হয়ে আছে সম্ভাবিত সকল সংজ্ঞা, দেবশক্তির সকল বৈভব, বিশ্বতত্ত্বের সমস্ত নাম এবং র্প—কেননা সেখানে তারা সর্বসতের অন্তর্গ্তিত অব্যক্ত বিভাব মাত্র।

এতেই ব্বি, সাল্ত ও অনন্তের যে-সহভাব বিশ্বসত্তার স্বর্পপ্রকৃতি, তাকে শ্ধ্ দুটি বির্ম্থভাবের সন্নিকর্ষ বা অন্যোন্যব্যঞ্জনা বললেই সব বলা হয় না। সূর্যের সঙ্গে আলো ও তাপের যেমন স্বাভাবিক অবিনাভাবের সম্বন্ধ, সান্ত ও অনন্তের সম্বন্ধও তেমনি। সান্ত অনন্তেরই একটা আত্ম-বিভাবনা—একটা প্রঃক্ষেপ। কোনও সান্ত-ভাবের স্বয়ংসিদ্ধ সত্তা নাই— সর্বত্র তার নির্ভার অনন্তের 'পরে। অনন্তের সঙ্গে স্বরূপের তাদাখ্য আছে বলেই সে টিকে আছে। অবশ্য আনন্ত্য বলতে আমরা শ্বং দেশ ও কালে সীমাহীন আত্মপ্রসারণ বৃঝি না। সেইসংগে বৃঝি দেশ ও কালের অতীত এক অমেয় অনিবাচ্য তত্ত্ব, যা নিজেকে প্রকাশ করতে পারে অণোরণীযান্ অথবা মহতো মহীয়ান্ র্পে—কালের অপ্রমেয় ক্ষণভংগে, আণবিক বিন্দরে পারি-মান্ডলো, মুহুর্ত স্থায়ী ঘটনার চকিত লেখায়। সান্তকে কল্পনা করি অবি-ভক্তের বিভাগর্পে: কিন্তু সে তো সত্য নয়। কেননা বিভাগ একটা আপাত-প্রতীতি মাত্র। কল্পরেখায় বস্তুর সীমা একে দিতে পারি, কিন্তু বস্তু হতে বস্তুকে সত্যি-সত্যি কোনমতেই প্রথক করতে পারি না। চর্মচক্ষে নয়, অন্তরা-বৃত্ত চক্ষ্ব দৃষ্টি নিয়ে একটা গাছকেও দেখি যদি, তাহলে তার মধ্যে প্রতাক্ষ করি এক অনন্ত অন্বয়তত্ত্বকে—গাছের প্রতি অণ্-পরমাণ্বতে অন্ভব করি তার আবেশ। দেখি, আত্ম-উপাদান হতে সে গড়ে তুলছে গাছের উপাদান, তার অখণ্ড প্রকৃতি, তার সম্ভূতির লীলা, তার গ্রহাহিত শক্তির ক্রিয়া। এসমস্তই ওই অনন্ত অন্বয়-তত্ত্ব : ভূতে-ভূতে দেখি তার অর্থান্ডত আত্ম-প্রসারণ—তার 'বিধ্যতিরসম্ভেদায়'। অতএব কেউ তাকে ছেড়ে বা কাউকে ছেড়ে নয়। তাই গীতায় আছে, 'সর্ব'ভূতে অবিভক্ত অথচ বিভক্তের মত হয়ে আছেন তিনি।' বিশেবর প্রত্যেক কম্তৃ ওই অনন্ত-চিন্ময় কম্তু, অতএব স্বর্-পত আর-সব বস্তুর সঞ্গে তদাত্মক—কেননা তারাও তো ওই অনু-তস্বর,পেরই নাম এবং রূপ, তাঁর বীর্য এবং বৈভব।

সমস্ত বিভাগ ও বৈচিত্ত্যের মধ্যে অবিভক্ত একছের এই-যে অনপনের আবেশ, আনন্ত্যের গণিতের এই তো ম্লস্ত্র। উপনিষদের একটি উক্তিতে পাই তার আর্যা : 'পূর্ণ এই, পূর্ণ ওই; পূর্ণ হতে পূর্ণকে নিলে পূর্ণই

থাকে অর্বাশন্ট।' ব্রহ্মের অনন্ত আত্মগ্বণনেরও এই সূত্র : সেই গ্বণনের ফলে ভূতে-ভূতে প্রজাত হলেন তিনি—এক হলেন বহু। কিন্তু বহুর প্রত্যেকেই ওই প্রাক্সিন্ধ তংস্বর্প—ির্যান প্রতিষ্ঠিত আছেন 'দেব মহিন্দি', বহু-ভাবনাতেও যাঁর অশ্বৈতহানি ঘটেনি। সান্ত হয়ে দেখা দিলেন বলে কি এক বিভক্ত হলেন ?—তা তো নয়; কেননা এক অনন্তই তো বহ্ব সান্ত হয়ে আমা-দের কাছে ফুটলেন। এই বিস্পিটতে অনন্তের সংগ কিছুই জুড়তে হল না। অতএব তিনি স্থির আগেও যা ছিলেন, স্ভির পরেও তা-ই থাকলেন। অনন্ত তো সান্তের যোগফল নয়। যিনি সব-কিছু, হয়েও অনিঃশেষিত, সেই তংম্বর পই অনন্ত। অন্তের এই ন্যায়ের সঙ্গে সাত্তের ন্যায়ের বিরোধ ঘটে এই জন্যেই যে, অনন্তের ন্যায় স্বভাবতই সান্তের ন্যায়কে ছাডিয়ে যায়, কেননা খণ্ড-প্রতিভাসের তথ্যের 'পরে তার নির্ভার নয়। তার তত্তদূচ্টি পরমার্থ-সতে অবগাহন ক'রে তারই সত্যে দেখে প্রতিভাসের সত্য। তাই সে প্রতিভাসকে বিবিক্ত ভূত স্পন্দ নাম রূপ কি ক্ষতুরূপে দেখে না, কেননা এমন প্রথকভাব তো কোনমতেই তার তত্ত্ব হতে পারে না। পৃথক্ত সম্ভব হত-যদি প্রতি-ভাসের ভূমিকা হত শ্নাতা, তত্তভাবের একটা সামান্য-ভিত্তি যদি তাদের না থাকত। অর্থাৎ অতর্কিত সহভাব ও অর্থকিয়াকারিতার সম্বন্ধ ছাড়া কোনও মৌল-বিভাবনার সম্বন্ধ তাদের মধ্যে খংজে না পাওয়া যেত। কিন্তু প্রতি-ভাসের তত্ত্ব তো তা নয়। তাদের আপাতবিবিক্ত সত্তার মূলে আছে একত্বের বন্ধন। এমন-কি তাদের ব্যবহারে বাইরে-ভিতরে স্পন্দ বা র্পায়ণের যে-ম্বাতন্য দেখা যায়, তাও সম্ভব হয় বীজভূত আনন্ত্যের 'পরে তাদের নির্ভর আছে বলে। 'একমেবাদিবতীয়ং' তত্ত্বের সঞ্গে নিগ্রু তাদাঘ্য থাকাতেই তাদের বহঃধা-বিলাস সম্ভব হয়। বস্তৃত অন্বয়-তাদাম্মাই তাদের সন্মূল ও সদায়তন—তাদের রূপায়ণের অদ্বিতীয় হেতু. বিচিত্র বীর্যের এক অবিকল্প সংবেগ, এক সর্বসম্ভব উপাদান বা প্রকৃতি।

আমরা এই অন্বয়-তাদাদ্মকে অক্ষর বলে কল্পনা করি। অনন্তকালেও তার ন্ব-ভাবের প্রচ্যুতি নাই, কেননা ক্ষরভাব বা ভেদভাব তার মধ্যে কখনও দেখা দিলে তার তাদাদ্মাহানি হত। অথচ বিশ্বের সর্বত্ত দেখছি এক বীজের অনন্ত-বিচিত্র ব্যাকৃতিই বিশ্বপ্রকৃতির মর্মারহস্য। ম্লে এক শক্তি, কিন্তু তাহতে করে পড়ছে অর্গাণত শক্তির নির্মার। এক মোলিক র্প্রাতু হতে বহুধা-ভিন্ন ধাতু ও কোটি-কোটি বিষম পদার্থের উল্ভব। একই মন ভেঙে পড়ছে অর্গাণত মনোব্তিতে—অন্যান্যভিন্ন বিচিত্র প্রতায় ভাবনা ও কল্প-র্পায়ণের সমাহারে অথবা সংঘাতে। প্রাণ এক, কিন্তু অর্গাণত বৈষম্যে তার ব্যাকৃতি। এক মন্যাপ্রকৃতিতে কত শত জাতিবৈষম্য, আবার ব্যক্তিত-ব্যক্তিত কত ভেদ। একই গাছের পাতায়-পাতায় চলেছে প্রকৃতির কত রক্মারি রেখারণ।

রকমফেরের নেশা এমনি পেয়ে বসেছে তাকে যে, দুটি মানুষের বুড়োআঙুলের ছাপকেও সে কিছুতেই এক করেনি। তাই শুখু ওই ছাপের জোরে একটি মান্বেকে আর-সব মান্ব থেকে পূথক করা যায়—যদিও মূলত সব মান্তই এক, তাদের মধ্যে স্বর্পের কোনও ভেদ নাই। যেমন সবজায়গায় একছ বা সাম্য আছে তেমনি আছে ভেদ বা বৈষম্য। একটি বীজকে লক্ষ-কোটি আকৃতির বৈচিত্র্যে ফুটিয়ে তোলা—এই হল বিশেবর অন্তর্যামী চিন্ময় ধাতার শিল্পকলা। আবার আনন্ত্যের ন্যায়ও এই তত্তকে সমর্থন করে : প্রমার্থ-সতের স্বরূপে আছে অচ্যত-স্বভাবের প্রতিষ্ঠা। তাই আর্ক্সাত ও গতিপ্রকৃতির অগণিত বৈচিত্র্যে স্বচ্ছদে সে রূপায়িত হয়—বিভৃতির ভেদকে পরার্ধের কোঠায় তুললেও শাশ্বত অন্বয়তত্ত্বের অক্ষর-স্বভাবের ভিত্তি এতটকু টলে না। ভূতে-ভূতে একই চিদাত্মভাবের অধিণ্ঠান আছে বলে অফ্রন্ত ভেদভাবনার উল্লাসে প্রকৃতি মেতে উঠতে পারে। অপরিণামী হয়েও প্রত্যেকের মধ্যে অন্ত-হীন পরিণামের লীলা চলছে—এই তত্তের নিশ্চিত অবলম্বনটুকু না পেলে প্রকৃতির সকল কীর্তি বিস্তুস্ত হয়ে ভেঙে পড়ত নিশ্বতির মধ্যে, তার স্পন্দ ও বিস্দির পরিকীর্ণতাকে সংহত করবার কোনও উপায় থাকত না। অন্বয়-তাদাঘ্য অক্ষরস্বভাব। তার অর্থ এ নয় যে, তার মধ্যে বৈচিত্তোর ভাবনাহীন নির্বিকার সাম্যের একটি স্কুর বাজছে শুধু। বস্তৃত সন্তার মর্মে অপরিণাম-ম্বভাবের প্রতিষ্ঠা থাকলেই তার অন্তহীন র্পায়ণ সম্ভব হয়, অথচ র্পভেদের দ্বাতন্ত্র্যে বিনন্ট ব্যাহত বা উনীকৃত হয় না তার আত্মধ্যতির বীর্য—অক্ষর-স্বভাবের এই হল তত্ত্ব। এক আত্মাই হয়েছেন পশ্ব পক্ষী বা মান্ব। কিন্তু এই রূপের বি-কৃতিতেও আত্মন্বরূপ অব্যাকৃত থেকে যায়, কেননা কিব জনুড়ে অফ্রন্ত বৈচিত্র্যের উল্লাসে চলছে একেরই অন্তহীন আত্মর পায়ণ। বুণিধ বলবে, কে জানে এ-বৈচিত্র্য একটা অবাস্তব প্রতিভাস কিনা। তলিয়ে দেখলে বুঝি, বৈচিত্র্য বাস্তব হলেই একম্ব বাস্তব হয়, তার সামর্থ্যের মেলে পূর্ণ পরিচয়, তার স্বভাবের সকল ঐশ্বর্য হয় উন্মীলিত—তার শত্র-জ্যোতিতে সমাহত সকল বর্ণরাগ ছড়িয়ে পড়ে ইন্দ্রধন্র বিচিত্র স্ক্রমায়। একের অনন্ত ভাষ্পতে আত্মর পায়ণকে আমরা ভুল করে ভাবি অদৈবতস্বভাব হতে তার বিচ্যুতি। কিন্তু বস্তুত তাতে প্রকাশ পায় একত্বেরই অফ্রন্স্ত বৈচিত্র্যের স্বাভাবিক ঐশ্বর্য। এই তো স্কৃতির চমংকার, বিশেবর মায়া। কিন্তু অনন্তস্বরূপের স্বান্ত্রত্ব ও আত্মদৃণ্টিতে এর মধ্যে অযৌহ্রিক অস্বাভা-বিক বা অতির্কিত কিছুই নাই।

বার্স্তবিক রক্ষের মায়া তাঁর অনন্ত-বিচিত্র অন্বৈত্রস্বভাবের ইন্দ্রজাল ও আন্বীক্ষিকী দুইই। একত্ব ও সাম্যের একটা সঙ্কীর্ণ অব্যভিচারী কল্পনাই বদি তত্ত্বের রূপ হত, তাহলে তার মধ্যে যুক্তি বা ন্যায়ের ঠাঁই হত না—কেননা

ন্যায়ের কাজ হল সম্বন্ধের বৈচিত্রাকে যথাযথভাবে দেখা। ন্যায়-যুক্তির পরাক্ষাঠা সেইখানেই, যেখানে সে আবিষ্কার করে এক উপাদান এক বিধান—এক অন্তর্গুড়ি তত্ত্বের বছ্রুলেপ যা বহুত্ব বিভেদ বৈষম্য ও বিসংবাদকে গোথে তোলে একত্বের সৌষম্যে। নিখিল বিশ্বস্পন্দে আছে অবরোহ আর আরোহের দুটি অন্ত মাত্র—একের বহুধা রুপায়ণ, আর বহুর একভিবন। দুটি অন্তই অপরিহার্য, কেননা একত্ব আর বহুত্ব আনন্ত্যের দুটি মৌল-বিভাব। রক্ষের আত্মবিদ্যা ও সর্ববিদ্যা আত্মবিস্থিতে স্বর্প-সত্তার বিভৃতিকে ফ্রিটেরে তুলতে পারে। সেই সত্যের বৈভবই তাঁর লীলা।

ব্রন্মের বিশ্বভাবনায় তাহলে এই ন্যায়ের অনুবৃত্তি চলছে। তার যুক্তির মূলে আছে মায়ারই অনুনত প্রজ্ঞা। যেমন রন্মের সন্তা, তারই অনুরূপ তাঁর চেতনা বা মায়া। তার মধ্যে নাই আত্মসঙ্কোচের পীড়ন, একটিমাত্র স্থিতি বা রীতির বন্ধন। যুগপং বহুরূপে সে প্রজাত হতে পারে, অন্তঃসঞ্গত স্পন্দবৈচিয়ে পারে বিচ্ছুরিত হতে-সীমিত বৃদ্ধি যার মধ্যে দেখবে শুধু বিরোধের সংঘাত। এক হয়েও তার অফ্রন্ত বৈচিত্রা, অন্তহীন সাবলীলতা. যথাযোগ্য ভাবনার অপরিসীম নৈপুণ্য। মায়া বিশেবর পরমচেতনা, শাশ্বত অনন্তের স্বর্পুশক্তি। দ্বভাবত অবন্ধন ও অমেয় বলে যুগপং সে ফুটিয়ে তুলতে পারে চেতনার বহুবিচিত্র ভূমি, আত্মশন্তির বহুমুখী প্রবেগ। অথচ তাতেও শাশ্বত চিৎশন্তির পরমসাম্য হতে তার বিচ্যুতি ঘটে না। তাই মায়া যুগপৎ বিশ্বোত্তীর্ণা বিশ্বাত্মিকা ও জীবভূতা। লোকোত্তর পরমার্থ-সংর্পে সে জানে তার ভূতভাবন ও বিশ্বাত্মভাব, নিজেকে জানে বিশ্বপ্রকৃতির চিংশক্তিরূপে। আবার সেই সংখ্য ভূতে-ভূতে সে আস্বাদন করে ব্যাষ্ট সন্তা ও চেতনার উল্লাস। জীব:চতনাব বিবিক্ত ও সীমিত আত্মপ্রতায় যেমন আছে, তেমনি আছে সীমার বাঁধন ছি'ড়ে বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ রূপে নিজেকে অনুভব করবার সামর্থ্য। জীবে বিশ্বে ও বিশ্বোত্তীর্ণে একই অশ্বৈতচৈতন্যের ত্রিপট্টী ফুটে উঠেছে গ্রিভিগ্গিম হয়ে। তাই জীবের পক্ষে পর পরাপর ও অপর—সকল দশারই অন্ভব সম্ভব হয়। জীবের পক্ষে এ-অন্ভব সম্ভব হলে, শিবের পক্ষেও বিধা আত্মর_্পায়ণের বৈভবকে আম্বাদন করা অসম্ভব নয়—বিশ্বোত্তীর্ণের পরা ভূমি, বিশ্বাম্মার পরাপর ভূমি অথবা জীবাম্মার অপরা ভূমি হতে। অশ্বয়-তত্ত্বের চেতনায় যে বাস্তবতার বিভিন্ন ভূমি থাকতে পারে, একথা স্বীকার করলে আর এ-রহস্যকে অযোজিক বা অস্বাভাবিক মনে হয় না। যে-সন্মাত্র অনন্ত ও স্ব-তন্ত্র, তার পক্ষে বিভিন্ন ভূমিতে অবস্থান অসম্ভব কি ? তাকে কি নিয়তির নিয়ম দিয়ে বাঁধা যায়? বস্তুত চেতনা অননত হলে, বিচিত্র আত্মরপায়ণের নিরংকুশ স্বাতন্ত্যও বে তার আছে, একথা মানতেই হবে। চেতনার বিচিত্র ভূমি থাকা সম্ভব মানলে পরে, ভূমির বৈচিত্র্য যে কত ভূগিতে

ফন্টতে পারে তারও লেখা-জোখা থাকে না। শন্ধন্ সেইসংগ্রে মানতে হয়, অদ্বয়্রদ্বর্পের আত্মভাবনায় আছে সকল ভাষ্গরই ব্রুগপং সংবিং—কেননা অদ্বয় এবং অনন্ত দ্বইই স্বর্পত বিশ্বচেতন। কিন্তু সঙ্কীর্ণ প্রাকৃত চেতনার ভূমির সংগ্রে অর্থাং আমাদের অবিদ্যাদ্থিতির সংগ্রে অন্তহীন আত্মবিজ্ঞান ও সববিজ্ঞানের কোথায় যোগাযোগ, এই রহস্যই বোঝা কঠিন। হয়তো আরও আলোচনায় কথাটা ক্রমে-ক্রমে পরিব্রুকার হবে।

অনন্ত-চেতনার আরেকটি বিভৃতিকে আমাদের **প্রীকার করতে হবে। সে** হল তার আত্মসঙ্কোচ অথবা গোণ আত্মর পায়ণের সামর্থ্য—যাতে অসীম চেতনা ও বিজ্ঞানের নিটোল পূর্ণতার মধ্যে জাগে একটা অবান্তর স্পন্দন। অনন্তের আর্ঘ্যবিভাবনার স্বাভাবিক সাম্থের রয়েছে বিক্ষোভের এই অপরিহার্য ব্.তি। দ্বরূপসন্তার প্রত্যেক আত্মবিভাবনায় আছে দ্ব-ভাবের ও দ্বরূপসত্যের দ্বগত-সংবিং; অর্থাং বিভাবনাতে বিশেষিত হয়েও সন্মাত্রের বিশিষ্ট আত্মসংবিং অকুণ্ঠিত। জীবের চিন্ময় স্বভাবের অর্থ এই যে, প্রত্যেক জীব আত্মদর্শন ও বিশ্বদর্শনের একটা কেন্দ্র। দর্শনের পরিধি অবশ্য অন্তহীন, কিন্তু সবার পক্ষে তা এক। জীবে-জীবে বিভিন্ন চিংকেন্দ্র থাকলেও দেশকৃত কেন্দ্রবিন্দরে সঙ্গে তাদের তুলনা হয় না। এখানে প্রত্যেকটি কেন্দ্র অপর কেন্দ্রের সঙ্গে যোগযান্ত রয়েছে, কেননা এক অখণ্ড বিশ্বসন্তায় বিচিত্রচেতন বহু-পুরুষের সহভাবই তাদের আধার। প্রত্যেক ভূত দেখছে একই জগং—কিন্তু আত্মপ্রকৃতির প্ররোচনায়, এবং দ্বকীয় আত্মভাবের কেন্দ্র হতে। কারণ, অনন্তের বিশিষ্ট এক-একটি সতাবিভাবকে তারা ফ্রটিয়ে তুলছে—অতএব বিশ্বভাবনার সংগ তাদের যোগসাধনারও ধারা স্বকীয় আত্মবিভাবনার অনুরূপ। বৈচিত্রের মধ্যে ঐক্যই বিশেবর তত্ত বলে, তাদের ব্যক্তিগত দর্শনেও মোলিক একটা সাম্য থাকতে পারে। কিন্তু স্ব-ভাব অনুযায়ী প্রত্যেকে তার মধ্যে নিজস্ব বৈশিষ্ট্য-ট্রকু ফ্রটিয়ে তুলবে-যেমন বিশ্বের সম্পর্কে মান্বের দ্ভিট মান্ব হিসাবে এক হলেও ব্যক্তি হিসাবে স্বতন্ত। এই আত্মসঙ্কোচ কিন্তু জীবের স্ব-ভাবে নির্চ নয়। এ শৃধ্ব বিরাটের সর্বগত সমঘ্টিভাবনাকে ব্যাচ্টির বৈশিষ্ট্যে ফুটিয়ে তোলা। তাই চিন্ময়জীব অখন্ড-সত্যের স্বনিহিত চিৎকেন্দ্র হতে কাজ করে যান আত্মপ্রকৃতিরই অনুবর্তনে। কিন্তু তাহলেও তাঁর অনুভবের ভিত্তি সার্বভৌম, তার মধ্যে অপরের আত্মা কি প্রকৃতির সম্পর্কে কোনও অন্ধতা নাই। অতএব তাঁর চেতনায় আত্মসঙেকাচের যে-ভান, তা পূর্ণজ্ঞানেরই বিলাস—অবিদ্যার ক্রিয়া নয়।...জীবম্বের এই আত্মসঙ্কোচ ছাড়া অনন্তের চেতনায় আবার আছে বিশ্বভাবনার সঙ্কোচ। একটা বিশ্ব বা জগৎ গ'ড়ে তার মধ্যে স্বকৃৎ ঋতন্ডরা শক্তির সৌষমাকে সঞ্চারিত করবার জনা তাঁর অনির্বাচ্য ক্রিয়ার্শক্তিকে একটা নির্রতিকৃতির মধ্যে গুটিয়ে আনতে হবে।

বিশেবর বিস্টিটতে অনন্তচেতনার বিশিষ্ট একটা বিভাবনার আবশ্যক হয়, যা সূল্ট-বিশেবর অন্তর্যামী হয়ে তার ইন্টার্সান্ধর পক্ষে যা বাহাল্য তাকে সংয্মিত করবে। এমনি করে, আনন্তোর মধ্যে মন প্রাণ্ড বা জডর্পী বিভৃতির ম্ব-তন্ত্র প্রবৃত্তির জনাও আত্মপরিচ্ছেদের অনুরূপ একটা বিভগ্গ প্রয়োজন হয়। অনন্তদ্বরূপ অপরিচ্ছিন্ন বলেই যে বিশিষ্ট স্পন্দ তাঁর পক্ষে অসম্ভব একথা বলা চলে না। বরং অনন্তের বীর্যন্ত অনন্ত বলে পরিচ্ছেদশক্তিও তাঁর একটা বাঁ্ধ-বিভাত। কিন্তু তাঁর অন্যান্য আত্মবিভাবনা বা সান্ত-ব্যাকুতির মত আত্মপরিচ্ছেদেও সত্যকার কোনও বিচ্ছেদ বা বিভাজন থাকবে না। কেননা পরিচ্ছেদকে ঘিরে তার আধাররপে ও অন্তরালে অনন্ত-চেতনার আবেশ থাকবে, এবং এই আবেশের চেতনা প্রত্যয়সার হয়ে জড়িয়ে থাকবে পরিচ্ছেদের অবি॰ল,ত আত্মচেতনাকে। আনন্তোর অভংগচেতনায় এমনটি হতে বাধ্য, তা বলাই বাহ, লা। কিন্তু সানত-স্পন্দের সমগ্র আত্মসংবিতেও এমনিতর একটা নিব্যু অখণ্ডভাবনা আছে, যা ক্রিয়াপর না হলেও আপাত-বিদারের রেখাকে ছাপিয়েও অবিভাগ-প্রতায়কে অব্যাহত রেখেছে। অনন্তের মধ্যে এইধরনের সচেতন আর্ঘাবচ্ছেদ ব্যাণ্টর আধারে বা সম্ঘিটর ক্ষেত্রে যে সম্ভব, তা কিন্তু অযোক্তিক নয়। আমাদের উদার বৃণিধ চিন্ময় সম্ভূতির লীলা বলে তাকে মেনেও নিতে পারে। তবু প্রাকৃত চেতনায় অন্ধ সঙ্কোচের যে আডণ্ট বন্ধন. অবিদ্যাজনিত বিচ্ছেদ ও খণ্ডতার যে-ভাবনা, ওই আত্মপরিচ্ছেদের সূত্র ধরে এপর্যন্ত তার কোনও ব্যাখ্যা পাওয়া গেছে কি?

কিন্তু অনন্ত-চৈতন্যের তৃতীয় একটি সামর্থ্য আছে। সে হল আত্ম-সমাধানের ফলে নিজের মধ্যে তলিয়ে গিয়ে স্বর্পাস্থাতর নির্বিকলপভূমিতে প্রতিষ্ঠিত থাকা—যেথানে আত্মসংবিং থাকলেও তা বিদ্যা অথবা সর্ববিদ্যার আকারে স্ফ্রিরত হয় না। সে-দশায় সব-কিছ্র পর্যবিসিত হয় স্বগত-সংবিতের নির্বর্ণতায়—এমন-কি বিজ্ঞান ও অন্তশেচতনারও প্রলয় ঘটে বিশ্বন্ধ সন্মাত্রের নির্ব্ণাধিক প্রতায়ে। এই অবস্থাকে আমরা বলি নির্বিশেষ অতিচেতনার স্বর্পজ্যোতি—যদিও আমাদের কল্পিত অতিচেতনায় সাধারণত আত্মসচেতন উধর্বচেতনারই একটা আবেশ থাকে। প্রাকৃত সংবিতের সঙ্কীর্ণ ভূমি সেছাড়িয়ে যায় বলে আমরা তাকে ভাবি অতিচেতন। আনন্তার এই অন্পাথ্য আত্মসমাধানই, প্রকাশের দিক থেকে নয়—অপ্রকাশের দিক থেকে ধরে অচিতির র্প। অচিতির মধ্যেও আছে আনন্ত্যের সত্তা, কিন্তু অপ্রকাশ-স্বভাব বলে আমরা তাকে অন্তহীন অসং ভাবি। ওই আপাত-অসতেও আত্মবিস্মৃত অথচ স্বার্রিক চেতনা ও শন্তির বীর্ষ নিগ্রু হয়ে আছে, নইলে অচিতির প্রেরণায় বিশেবর ঋতন্তরা বিস্তি সম্ভব হত না। আত্মসমাধানের একটা আচ্ছম্রদশার ভিতর দিয়ে এই স্থিবর কাজ চলে—মনে হয় শন্তি সেখানে আপাতম্চ্তায়

অন্ধ হয়েও স্বতঃস্ফূর্ত, যদিও আনন্তোর সত্যবীর্য হতেই তার মধ্যে অকুণ্ঠ প্রেতির সন্তার হয়েছে। আর-একটা এগিয়ে গিয়ে যদি স্বীকার করি আনশ্তোর মধ্যে একদেশী আত্মসমাধানের একটা বিশিষ্ট অথবা সংকীর্ণ প্রবৃত্তিও সম্ভব, যার ফলে নিরবশেষ অভিনিবেশের গহনতায় নিঃশেষে নিজের ভিতরে তলিয়ে না গিয়ে বাণ্টি অথবা সমৃণ্টি আত্মভাবনার বিশেষস্থিতিতে নিজেকে তিনি সংহতে করেন : তাহলেই ব্রুতে পারি, ঐকান্তিক অভিনিবেশ স্বারা কি করে স্বর্পসন্তার একটি বিভাব সম্পর্কে অনুতস্বরূপ বিবিক্তভাবে সচে-তন হন। তখন ব্রহ্মী দিথতিতে পাই একটি মোল যুক্ম-বিভাব : ব্রহ্ম সগণেভাব হতে নিব্তু হয়ে নিবিকার নিবিকলপ নিগ্রেণিম্থতিতে আত্ম-সমাহিত: তার বাইরে যা-কিছ্, তা যবনিকার অন্তরালে রয়েছে, ওই বিশেষ-ম্পিতির মধ্যে তার প্রবেশাধিকার নাই। ব্রুমতে পারি, এর্মান করে প্রাকৃত-ব্যবহারেও সন্তার একদেশ বা একটি স্পন্দব্যন্তির সম্পর্কে চেতনা সজাগ থেকে আর সব-কিছকে অচেতনার আড়ালে ঢেকে রাখতে পারে। অথবা সংকীর্ণ কিংবা বিশিষ্ট সংবিতের যে নিজম্ব প্রবৃত্তি বা অধিকার, তা নিয়ে ব্যাপ্ত থেকেও দ্বতঃদ্যুত্ অভিনিবেশজনিত জাগ্রং-সমাধির দ্বারা আর স্ব-কিছুকে সে আচ্ছিল্ল করতে পারে। অনন্তচেতনার অখণ্ড সমাবেশ সেথানে অবিলপ্তে হয়ে আছে, তার উদ্বোধন অসম্ভব নয়। কিন্তু তার ক্রিয়ার প্রত্যক্ষ পরিচয় নাই, আছে শুধু নিগুঢ়ে ব্যঞ্জনা বা অনুসূর্যাত। সংকৃতিত সংবিতের দিত্মিত দীপ্তিতে তার প্রবর্তনা ফুটে ওঠে, তার মধ্যে থাকে না নিতাসন্নিহিত আত্ম-বীর্যের ভাষ্বর প্রবেগ। অনন্ত-চৈতনোর স্পন্দলীলায় উপরি-উক্ত তিনটি সামর্থ্যেরই প্রকাশ যে সম্ভবপর, এ-বিষয়ে তাহলে আমরা নিঃসংশয় হতে পারি। এই সাম্থ্যের বিচিত্র প্রবৃত্তির পরিচয় পেলে মায়ার খেলারও রহস্যভেদ করা অসম্ভব হবে না।

এই প্রসংগ্যে আরেকটি বিষয় স্পণ্ট হয়ে ওঠে। একদিকে শ্বন্ধসন্তা চৈতন্য ও আনন্দ, আরেকদিকে বিশ্ব জব্ড়ে সেই সং-চিং-আনন্দের উচ্ছব্লিসত প্রবৃত্তি, বিচিত্র যোজনা ও অন্তহীন উচ্চাবচ বিপরিণাম—এ-দ্রের মাঝে মন কেন বিরোধের স্থিত করে, তারও একটা জবাব মেলে। শ্বন্ধ-সন্মাত্র ও শ্বন্ধ-চৈতনার নিত্যাস্থিতিতে আমরা পাই তার স্বয়ন্ভ্ নির্বিকার অলিংগ সহজ্ব অন্ভব—শ্বশ্ব তাকেই জানি সত্য এবং বাস্তব বলে। কিন্তু লীলার ভূমিতে অন্ভব করি, লীলাস্পন্দই একান্ত সত্য ও স্বাভাবিক—এমনু-কি শ্বন্ধ-চৈতনাের অন্ভবকে অলীক ভাবতেও আমাদের আটকায় না। অথচ অনন্ত-চৈতনা যে য্ণাপং স্থাণ্ এবং প্রভবিষ্ক্ হতে পারে, একথাও এখন স্পন্ট। স্থিতি আর গতি তার সন্তার দ্বিট বিভাব মাত্র এবং তার স্বর্গত সংবিতে দ্রের সহভাব মোটেই অসম্ভব নয়। তার স্থাণ্ড উপদ্বার্পে প্রভবিষ্কৃতার

আধার, কিংবা সাক্ষী না হয়েও তার স্বতোভুং অধিষ্ঠান। অথবা প্রবৃত্তির মুখরতার মধ্যে অনুবিদ্ধ হয়ে থাকতে পারে নিত্যস্থিতির নৈঃশব্দা। কিংবা সম্বদ্রের গভীর গহন যেমন তরঙগের চাঞ্চল্যকে উংক্ষিপ্ত করে, তেমনি উচ্চ্যাসত চেতনার বিভিন্ন ভূমিকে যুগপং অনুভব করাও আমাদের সম্ভব হয়। যোগ-যুক্ত জীবনে এমন অবস্থাও আসতে পারে, যার মধ্যে আমাদের চেতনা দ্বিধাভিন্ন। বাইরে আমরা থাকি খর্ব, চণ্ডল, অজ্ঞান, হর্ষ-শোক প্রভৃতি দ্বন্দ্বময় ভাবনা ও বেদনার অভিঘাতে মৃহ্যমান। অথচ অন্তরে আমরা শান্ত বৃহৎ সমত্বসম্পন্ন-বহিশ্চেতনার দিকে তাকিয়ে আছি অবিচল উপেক্ষা অথবা প্রশ্রিত কৌতুকের দৃষ্টি নিয়ে, কিংবা তার বিক্ষোভকে দতব্ধ করে প্রশানত উদার্যে তাকে রূপান্তরিত করবার জন্যে শক্তিপ্রয়োগ করছি। এমনি করে আধারের বাইরে-ভিতরে অল্লময় প্রাণময় কি মনোময় মহলে, অথবা অবচেতনার গভীর গহনে প্রাকৃত চেতনার যে মূড় প্রবৃত্তি রয়েছে, তার উধের্ব উঠে সাক্ষি-ভাবে তাদের প্রশাসন করতে পারি। আবার উধর্বচেতনার যে কোনও ভূমি হতে নেমেও আসতে পারি অবরচেতনার যে-কোনও উপত্যকায়—তাব পিতমিত-দীপ্তি বা প্রদোষচ্ছায়াকে সাম্প্রতিক সাধনার আলম্বন ক'রে স্বর্পের অপরাংশকে তথনকার মত নিবৃত্ত কি নিগঢ়ে রাখতে পারি। কিংবা তাকে লোকোত্তর এক শক্তিভান্ডারর পে গণ্য করতে পারি, যেখান হতে অবরভূমির জন্য আহরণ করি আনুক্লা অনুমতি সন্ধানী-আলোর দীপ্তি বা স্ক্র অন্তাব। অথবা সে যেন হয় আমাদের বিশ্রান্তির মহাভূমি—আরোহ-অবরোহের সোপান বেয়ে সেখান থেকে ওঠা-নামা করি, প্রকৃতির অবরুস্পন্দের খবর রাখি। আবার অন্তরাবৃত্ত হয়ে আমরা সমাধির গভীরে তলিয়ে যেতে পারি বাইরের সব-কিছু হতে নিজেকে সংহৃত করে দীপ্ত থাকতে পারি অনত-র্জ্যোতিতে। অথবা অন্তঃসংজ্ঞার এই গহনতারও অন্তদতলে চেতনার কোনও গভীরতর গ্রহাশয়নে কিংবা অতিচেতনার লোকোত্তর কোনও ভূমিতে আত্মহারা হতে পারি। এছাডাও সমব্যাপ্ত চেতনার একটা উদার লোক আছে যার মধ্যে অবগাহন করে নিজেদের আমরা এক অখন্ড সর্বগত সংবিতের বিপলে পরি-বেশের মধ্যে নিমডিজত দেখতে পাই। মানুষের বহিশ্চর ব্রদ্ধি শাধু অবিদ্যাকর্বালত প্রাকৃত চেতনার দিথতি ও গতির খবর জানে, তার গ্রহাহিত শ্বরূপের সমগ্র পরিধি আজও তার জানার বাইরে। তাই লোকোত্তরের এই বিবরণ তার কাছে মনে হয় অদ্ভূত অনৈসগিক কি আজগুবি। কিন্তু আনশ্তের আলোকপাতে বৃদ্ধি ও যুক্তির সীমা যদি প্রসারিত হয়, অথবা অনন্তস্বভাব চিদাত্মার অমেয় বীর্যে চেতনা অনুষিত্ত হয়, তাহলে লোকোন্তরের অন্ভব আর দুর্গম ও তিরুক্ত থাকে না আমাদের কাছে।

ব্রহ্ম নিবিশেষ স্বয়ন্ত্ পরমার্থ-সং, আর মায়া সেই স্বয়ন্তাবেরই চিং-শক্তি। কিন্তু বিশ্বের উপাধিষ্ক্ত হলে এই ব্রহ্মই সর্বভূতাত্মা অথবা বিশ্বাত্মা: আবার তিনিই পরমান্মার পে বিশ্বোত্তীর্ণ হয়েও প্রতি পিশ্ছে ব্রহ্মান্ডের বাঞ্জনায় স্বপ্রকাশ। নায়া তখন তাঁর আত্মশক্তি। তাঁর এই পরম বিভাবের চেতনা যথন আমাদের মধ্যে ফোটে. তখন নৈঃশব্দ্যের সকল সত্তা অতল গহনে তালয়ে যায়, অথবা বহিশ্চর প্রবৃত্তি হতে নিবৃত্ত হয়ে প্রপঞ্চোপশম প্রশান্তিতে সমাহিত হয়। আত্মাকে তখন অনুভব করি নৈঃশব্দ্যের নিত্যাম্পতির পে। তিনি অচল নিবি'কার প্রয়ম্ভূ বিভূ সর্ব'গত—অথচ নিজ্জিয়, মায়ার নিত্য প্যারেরা হতে বিবিক্ত।··আবার তাঁকে অন্ভব করতে পারি প্রকৃতির প্রবৃত্তি হতে তটম্থ পরে মর্মে। কিন্তু এ-অন্ভবে অভিনিবেশের একটা ঐকান্তিকতা আছে, যা চিন্ময়ভূমির একদেশে চিত্তকে নিরুদ্ধ রাখে, সমস্ত স্পলবৃত্তি হতে তাকে বিবিক্ত ক'রে ফুটিয়ে তুলতে চায় প্রকাশ ও প্রবৃত্তির সকল সংক্রাচ হতে নিম ্ব্রু স্বয়স্ত্রাহ্মী চেতনার নিরঞ্জন অন্বত্র। অধ্যাত্মসাধনায় এ-অন্তব দ্বাভাবিক এবং অপরিহার্য, কিন্তু এতেই অনুভবের নিটোল পূর্ণতা আসে না। কারণ আমরা জানি, যে-চিংশক্তি কৃতি ও স্থিকর **অধিনায়িকা, সে তো** ব্রন্ধেরই মায়া বা সর্ববিদ্যা: সে-শক্তি আত্মারই শক্তি। স্ব-ভাববশে স্কিয় প্রে,ষের যে-ব্যাপার, তাকে বলি প্রকৃতি। অতএব প্রে,ষ ও প্রকৃতির মাঝে, আত্মার নৈঃশব্দ্য ও তার চিন্ময় স্থিতিবীযের মাঝে ভেদের কল্পনা অযোক্তিক। এরা বস্তৃত একটি ভাবেরই দুটি দল। তাইতে বলা হয়, আনিকে যেমন দাহিকাশক্তি হতে পৃথক করা যায় না, তেমনি ব্রহ্মকেও তাঁর চিং-শক্তি হতে বিবিক্ত কল্পনা করে চলে না। অতএব উত্তারের পথে প্রপঞ্চোপশম পরম প্রশান্তি ও নির্বিকল্প নিত্যান্থতির পে যে প্রাথমিক আত্মনর্শন ঘটে, তাকেই অন্তেবের পূর্ণসত্য বলতে পারি না। জগণ-ভাব ও জগণ-ক্রিয়ার নিমিত্তর্পে আত্মশক্তির স্ফুরব্তাও অনুভবের আরেকটা দিক হতে পারে। তবে কিনা ক্টেম্থ-ভাবও ব্রহ্মী চেতনার একটা মৌল-বিভাব, যার মধ্যে তাঁর অপুরুষ্বিধ নিগ্লে স্বভাবের 'পরে খানিকটা জোর রয়েছে। তাই মনে হয়, আত্মার শক্তি যেন স্বতস্ফৃতি সংবেগের বশে কাজ করে চলেছে। আত্মা শুধু শক্তির আশ্রয়, তার প্রবৃত্তির সাক্ষী ভর্তা প্রবর্তক ও ভোক্তা—িকন্ত তাবলে মুহুতের জন্যেও তার সংখ্যা অবিবিক্ত নন। আত্মার অপরোক্ষ-অন্ভবে তাঁর অজ শাশ্বত অশ্বীরী নির্লিপ্ত স্বভাবের পরিচয় পাই। আধারে গৃহাশায়ির্পে যেমন তাঁকে অন্ভব করি তেমনি দেখি অধ্যক্ষরূপে উধের থেকে আধারকে তিনি জীড়য়েও আছেন —তিনি সর্বাগত, সর্বাভূতে সম, শাশ্বত অন্ত অস্পর্শ নিরঞ্জন। ক্টেস্থ আত্মাকে আবার জীবের প্রকৃতিস্থ আত্মার্পেও দর্শন করা চলে। তখন তিনি কর্তা ভোক্তা ও মন্তা হলেও তাঁর মহিমা অম্যান, কেননা তাঁর ব্যাষ্টভাবনার সপ্তেগ

ওতপ্রোত হয়ে আছে বিশ্বভাবনার বৈপ্লা—এই মৃহ্তের্ত যার মধ্যে তিনি অবগাহন করতে পারেন। তার অব্যহিত পর্বে আছে বিশ্বান্তর ভাবনার অবিকল্প প্রতায়—নির্বিশেষের মধ্যে অপ্রমেয় নিঃশেষ নিমন্জন। আত্মা রক্ষের সেই পরম বিভাব, যার মধ্যে আমরা যুগপৎ পাই জীবভূত, বিশ্বাত্মক ও বিশ্বাত্তীর্ণ স্বর্গের অন্তরংগ অনুভব। তাই আত্মোপলন্থির বীর্যই আমাদের মধ্যে নিয়ে আসে ব্যক্তির মৃত্তির উধের্ব অতিস্থিতির ক্ষিপ্র ও সহজ সিন্ধি। কিন্তু এছাড়াও আত্মোপলন্থির আরেকটা দিক আছে, যার মধ্যে আত্মাকে আমরা অনুভব করি শৃধ্ সর্বভূতের ভর্তা ব্যাপক ও অধ্যক্ষর্পে নয়। দেখি, সর্বভূতের অভিন্নিমিন্তোপাদানর্পে স্বীয়া প্রকৃতির সকল বিভূতিতেই তিনি স্ব-তন্ত্র হয়েও তন্ময়। কিন্তু এখানেও স্বাতন্ত্য এবং অপ্র্র্ববিধতাই তার স্বভাব। বিশ্বে লীলায়িত আত্মশিন্তর প্রশাসন ছামেও যায় না তাঁকে—অবিদ্যার জগতে প্রকৃতির কাছে প্রেষের আপাতবশ্যতার মত। চিৎসন্তার শান্বত স্বাতন্ত্যের অনুভব তাই আত্মোপলন্থির মৃখ্য অর্থ।

আত্মা যথন প্রকৃতির প্রবৃত্তি ও র্পায়ণের প্রবর্তক সাক্ষী ভর্তা ঈশ্বর ও ভোক্তা, তখন তাঁকে বাল পরেষ। জীব অথবা বিশ্বরূপী সম্ভূতিতে সংবত্ত ও অবিবিক্ত হয়েও আত্মার যেমন বিশেবাতীর্ণ স্ব-ভাবের হানি হয় না কথনও, তেমনি তাঁর পুরুষরূপে বিশেষ করে ফুটে ওঠে পিণ্ড-ব্রহ্মাণ্ডের সমবায়। অর্থাৎ প্রেম প্রকৃতি হতে বিবিক্ত হয়েও অন্তরের যোগে নিতা**যুক্ত** থাকেন তার সংগে। চিন্ময়-পূরুষ তাঁর নিত্যত্ব বিভূত্ব ও অপুরুষবিধত্ব অব্যাহত রেখেও পরে, যবিধতার দিকেই ঝ'কে পডেন। * তাই প্রকৃতিতে তাঁকে দেখি যুগপং নিগ্ন্ণ-সগ্ন সন্তার্পে। প্রকৃতির সংগে নিত্যযোগ রয়েছে বলে তিনি কোনকালেই পূর্ণবিবিক্ত নন। প্রকৃতির প্রবৃত্তি প্রেষের জন্যই—তাঁরই অন্মতিতে, তাঁর সঞ্চল্প ও ভোগের তপণকল্প। আবার পরেষেও তাঁর চেতনা প্রকৃতির শক্তিতে উপসংক্রান্ত করেন, দর্পণে প্রতিবিশ্বের মত সে-চেতনায় গ্রহণ করেন প্রকৃতির উপরাগ, বিশ্ববিধানী শক্তি-রূপে প্রকৃতি যে-রূপেরই ছায়া ফেলে তাঁর 'পরে তাকে দেবচ্ছায় দ্বীকার করেন-প্রকৃতির প্রবৃত্তিতে কখনও অনুমৃতি দেন, কখনও-বা তা প্রত্যাহার করেন। পরেষ-প্রকৃতির স্বর্পান্ততিও অধ্যাত্মসাধনার পক্ষে অপরিহার্য, কেন্যা উভয়ের অন্যোন্সেম্বন্ধের 'পরে বয়েছে শ্রীরী জীবের সমগ্র চৈতনা-লীলার নিভার। প্রেষ যদি উদাসীন থেকে প্রকৃতিকে আমাদের মধ্যে কাজ

^{*} সাংখ্যকার প্রত্থের প্রত্থিকার 'পরে জাের দিয়ে তাঁকে বহু বলে কল্পনা করেছেন এবং প্রকৃতিকে করেছেন বিভূ। তাই সাংখ্যমতে প্রত্যেক প্রত্থের স্ব-ভন্ত সন্ত্য ধানতেও সব প্রত্থ এক বিশ্বব্যাপী সামান্য-প্রকৃতিকেই ভােগ করেন।

করতে দেন, প্রকৃতির সমস্ত উপরাগকে স্বীকার করে আপনাহতে সায় দিয়ে যান তার কাজে—তাহলে আমাদের মনোময় প্রাণময় ও অল্লময় জীবনচেতনা প্রকৃতিব পরবশ হয়ে পড়ে। তখন প্রকৃতিজ গ্রুণের অধীন হয়ে তারই প্রবৃত্তির শাসন মেনে তাদের চলতে হয়। কিন্তু পুরুষ নিজের প্ররূপ জেনে সাক্ষির পে প্রকৃতি হতে যদি সরে দাঁড়ান, তাহলে তা-ই হয় জীবের আত্ম-স্বাতন্ত্রোর প্রথম স্চনা। কেননা জীব তথন অনাসম্ভ হয়ে পূর্ণ স্বাতন্ত্র্য নিয়ে প্রকৃতির তত্ত্ব ও ব্যাপ্রিয়ার সকল রহস্য জানতে পারে। তথন আর প্রকৃতির কমে' তাকে জড়িয়ে যেতে হয় না। তার উপরাগকে গ্রহণ করা-না-করা কিংবা তার কাজে সায় দিয়ে চলার মধ্যে পরবশতার ভাব আর থাকে না, তাই পুরুষের অনুমতিও হয় স্ব-তক্ত ও আজ্ঞাসিন্ধ। প্রকৃতি আমাদের নিয়ে কি করবে না করবে, আমরাই তখন তার নিয়ন্তা। ইচ্ছা করলে তার সমস্ত ব্যাপার হতে বিবিক্ত হয়ে ক্টম্থ আত্মার চিন্ময় নৈঃশব্দ্যে আমরা তথন সমা-হিত হতে পারি। অথবা তার বর্তমান গণেলীলাকে প্রত্যাখ্যান করে প্রতিষ্ঠিত হতে পারি লোকোত্তর চিন্ময় ভূমিতে এবং সেখান হতে আমাদের জীবনকে নতুন করে গড়ে তুলতে পর্ণার। প্রেষ আর তথন অনীশ নন, আত্মপ্রকৃতির ঈশ্বর।

সাংখ্যদর্শনে প্রেষ-প্রকৃতি তত্ত্বের সবচাইতে বিস্তৃত এবং প্রোঢ় আলো-চনা পাই। প্রকৃতি সেখানে ক্রিয়া-শক্তি—চৈতন্য হতে বিযুক্ত একটা প্রবেগ। চৈতন্য প্রেমের স্বভাব, অতএব প্রেম হতে বিবিত্ত হয়ে প্রকৃতি জড় অচে-তন ও যন্ত্রধর্মী। প্রকৃতি তার আত্মব্যাকৃতি ও ক্রিয়ার আধারর্পে গড়ে তোলে আদি জড়ভূত এবং তার মধ্যে ফোটায় প্রাণ ইন্দ্রিয় মন ও বৃন্ধির লীলা। কিন্তু জড় হতে উৎপন্ন প্রকৃত্যংশ বলে বৃদ্ধিও জড় অচেতন ও যদ্যধমী। বৃদ্ধির সাংখ্যসম্মত এই ব্যাখ্যা হতে জড়বিশ্বে অচিতির ক্রিয়াকলাপে কি করে অন্যোন্যসম্বন্ধ ও ঋতের ছন্দ দেখা দেয়, তার খানিকটা জবাব মেলে। বৌঝা যায়, ইন্দ্রিয়মানস এবং বৃন্ধির 'পরে আত্মচৈতন্যের দীপ্তি ঝরলে তারই চেতনায় তারা সচেতন এবং চিৎসত্তার অনুমতিতে সক্রিয় হয়। প্রকৃতি হতে বিবিক্ত হয়ে পুরুষ স্ব-তন্ত্র হন। জড়ের সঙ্গে অবিবেকের সম্ভাবনাকে নিরা-কৃত করে তিনি হন প্রকৃতির প্রভু। প্রকৃতির উপাদানে ও ক্রিয়ায় তিনটি তত্ত্ব পর্যায় বা গণে আছে। একটি তার জড়স্থিতি, আরেকটি প্রবৃত্তিধর্ম, আর তৃতীয়টি তার প্রকাশতত্ব—সোষম্য ও সামঞ্জস্যের সাধনায় যার পরিচর। এই তিনটি গ্রণই আমাদের শরীর-মনের মৌল উপাদান ও প্রবৃত্তির নিমিত্ত। গ্র্ণব্তির বৈষম্যে প্রকৃতি সক্রিয় হয়, আবার গ্র্ণসাম্যে তার উপশম ঘটে। সাংখ্য-মতে প্রেষ বহু—'একমেবান্বিতীয়ম্' নয়, কিন্তু প্রকৃতি এক। অতএব বিশেবর সকল অন্বন্ন তত্ত্বই প্রকৃতির অন্তর্গত। কিন্তু প্রত্যেক প্রেন্থ আবার স্ব-তন্দ্র

ও স্ব-নিষ্ঠ ভোগে অথবা অপবর্গে একান্তই অন্য-বিবিন্ত। অন্তরাবৃত্ত হয়ে ব্যাঘ্ট জীবচেতনা ও বিশ্বপ্রকৃতির তত্ত্বকে অপরোক্ষভাবে যখন জানি, তখন সাংখ্যাসিন্ধান্তের প্রামাণ্য অনুস্বীকার্য হয়। কিন্তু সে-প্রামাণ্য ব্যাবহারিক প্রামাণ্য, অতএব একদেশী। তাই সাংখ্যের সিন্ধান্তকেই আত্মা অথবা প্রকৃতির চরমতত্ত্ব বলে মানতে আমরা বাধ্য নই। জড়জগতে প্রকৃতি অচিং-শস্তির্পে দেখা দেয় সত্য, কিন্তু চেতনার উৎক্রমের সঙ্গে-সঙ্গে প্রকৃতিও চিন্ময়ী হয়ে ফ্রটে ওঠে। তখন দেখি তার অচিতির মধ্যেও সংবৃত্ত-চেতনার নিগ্র্ড আবেশ ছিল। তেমনি ঘটে-ঘটে পুরুষ বহু বটে। কিন্তু তাঁর কটেস্থ অনুভবে দেখি, পরেষ স্বর্পসত্তায় যেমন এক, তেমনি সর্বভৃত্তেও এক। তাছাড়া প্রেয়-প্রকৃতির দৈবত যেমন অনুভবের সতা, তেমান তাদের অদৈবতভাবের অন্ভবও তো সত্য। প্রকৃতি বা শক্তি তার পরিণামের লীলাকে প্রর্যে সং-ক্রামিত করতে পারে। তার কারণ, প্রকৃতি প্রব্যেরই আত্মপ্রকৃতি বা আত্ম-শক্তি তাই তার উপরাগকে স্বীকার করতে তাঁর বাধে না। আবার পুরুষ যে প্রকৃতির প্রভূ হতে পারেন, তারও গোড়ায় আছে ওই একই তত্ত্ব। পুরুষ আঘ্র-প্রকৃতির যে-লীলাকে এতকাল উদাসীন হয়ে দেখেছেন, আজ প্রভূ হয়ে তার প্রশাসনের ভার তুলে নিয়েছেন। এমন-কি উদাসীন দশাতেও প্রকৃতির কাজে প্রেষের অন্মতির অপেক্ষা ছিল। তাইতে প্রমাণ হয়, তাঁরা কোনকালেই পরস্পরের অনাত্মীয় নন। সন্তার আত্মবিস্থিতর বিশেষ প্রয়োজনে এই শ্বৈত-শ্বিতির উদ্ভব। কিন্তু তাবলে সন্তা ও চিং-শক্তিতে, প**্রর্ষ এবং প্রকৃতিতে** মৌল কোনও বিবিক্তভাব বা দৈবতের ভাবনা নাই।

বস্তৃত আত্মাই আত্মপ্রকৃতির সমস্ত প্রবৃত্তির ঈক্ষণ অনুমোদন অথবা শাসনের জন্যে প্র্রুষর্পে আপনাকে প্রতিষ্ঠিত করেন। প্র্রুষ আর প্রকৃতির মাঝে দেখা দেয় শৈবতের একটা আভাস—যাতে প্র্রুষের অনুমোদন নিয়েই প্রকৃতির প্রবর্তনায় স্বাতশ্য ফ্টতে পারে, আবার প্রকৃতির প্রশাসনে ও র্পায়ণে প্র্রুষেরও নিরঙ্কুশ ঈশনা থাকে। তাছাড়া প্র্রুষ যে-কোনও মৃহ্তে আত্মপ্রকৃতির যে-কোনও ব্যাকৃতি হতে নিজেকে বিবিক্ত করতে অথবা সকল গ্র্ণালীলার প্রলয় ঘটাতে পারেন যাতে, কিংবা উৎকৃষ্ট র্পায়ণের অন্নমোদন বা নববিধান যাতে তাঁর পক্ষে সম্ভব হয়, তার জন্যও এমনিতর শৈবতভাবনার প্রয়োজন আছে। আত্মশক্তিকে নিয়ে প্র্রুষের এই লীলায়নের যে স্কৃনিশ্চত একটা সম্ভাবনা রয়েছে, আমাদের অন্ভবে তার প্রমাণসিম্ধ পরিচয় পাই। অনন্ত-চৈতনাের অমেয় বীর্ষের্র এই তা য্রিছিসিম্ধ পরিণাম। আর চেতনার আনম্ত্য যে শক্তিকেও অনায়াস ও অকুন্ঠিত করবে, তাও তো অনম্বীকার্য। প্র্রুষ আর প্রকৃতিতে রয়েছে অবিনাভাবের সম্বন্ধ। তাই প্রকৃতি বা চিৎ-শক্তির প্রবৃত্তিতে যে-স্থিতিই প্রকট হ'ক, প্রুষের মধ্যেও তার অন্ন

র্প একটা স্থিতি দেখা দেবে। পরমস্থিতিতে পর্ষ যথন প্র্ব্যোক্তম্ব, তখন চিং-শক্তিও তাঁর পরা প্রকৃতি। প্রকৃতি-পরিণামের পর্বে-পর্বে প্র্ব্যেরও ভূমিকার বদল হয়। মনঃপ্রকৃতিতে প্র্র্য মনোমর, প্রাণপ্রকৃতিতে প্রাণময়, জড়প্রকৃতিতে অলময়। আবার অতিমানসে তিনি বিজ্ঞানময়, পরা সংবিতে আনন্দময় শ্রুধ-সন্মাত্র। আমাদের মত শরীরা জীবের মধ্যে চৈত্যপ্র্যুষর্পে তিনি আছেন সবার পিছনে—অন্তরাত্মার্পে ভরণ ও পোষণ করছেন চিন্ময়-জীবনের অন্তর্গান্ন ত্রায়। আমাদের মধ্যে যে-প্র্রুষ জীবাত্মা—তিনিই বিশেব বিশ্বাত্মা, তুরীয়ে তুরীয়। আত্মস্বর্পের সংগে তাঁর তাদাত্ম্য স্কৃপন্ত। কিন্তু এই আত্মস্বর্পেই আছে সর্বভূতে অন্প্রবিন্ট চিং-সন্তার সগ্লোনার্শি স্বভাবের নিরঞ্জন সমন্বয়। তিনি নিগর্মণ, কেননা গ্লেলীলা তাঁর মধ্যে ভেদের ভাবনা আনেনি। আবার তিনি সগ্ণ, কেননা ভূতে-ভূতে অভিব্যক্ত ব্যান্টি-প্রকৃতির তিনিই শাস্তা। এই দ্বদল আত্মস্বর্প তাঁর স্বকীয় চিংশন্তির ও ক্রিয়াশক্তির সকল বিলাসের বিধাতা, তারই জন্যে পরিণামের পর্বে-পর্বে তাঁর ব্র্যাযোগ্য অধিন্টান।

কিন্তু একটা কথা বিশ্চিত। প্রেম-প্রকৃতি যে-ব্যাষ্ট্রিভাবেই সম্পর্টিত হয়ে দেখা দিন না কেন, বিশ্বভাবনার দিক দিয়ে চিন্ময়পরেষ সর্বা তাঁর প্রকৃতির প্রভু অথবা শাস্তা। প্রকৃতিকে তাঁর নিজের 'পরে স্বৈরাচারের অধি-কার দিলেও তার কর্মে কিন্তু তাঁর অনুমতির অপেক্ষা অব্যাহতই থাকে। ব্রহ্মের তৃতীয় বিভাবে অর্থাৎ তাঁর ঈশ্বরস্বর্পে এই তত্ত্বটি উজ্জবল হয়ে ফুটে ওঠে। ঈশ্বর বিশেবর স্রন্থ্য ও ধাতা। এই বিভাবে প্রমপ্রবৃষ বিশেবা-ত্তীর্ণ হয়েও বিশ্বাত্মিকা চিংশক্তিতে আপনাকে প্রকাশ করেন। অন্তেব করি. তিনি সৰ্বজ্ঞ সৰ্বশক্তিমান স্বান্ত্যামী 'চেতনশ্চেতনানাং', এমন-কি অচেতনেরও চেতনা। দেহে মনে হদেয়ে জীবচেতনায় তিনি সর্বভূতাধিবাস, সর্বকর্মের শাস্তা ও অধ্যক্ষ, সর্বরসের মধ্বদ ভোক্তা, আত্মবিভূতিরূপে সর্ব-ভূতের দ্রন্ডা। সর্বময় প্রেষ তিনি—তাই সকল প্রেষ তাঁর অংশকলা, তাঁরই শক্তিম্বরূপ হতে বিশ্বের চিত্রশক্তির বিচ্ছুরণ। প্রমাছার পে তিনি সর্ব ভূতাত্মভূতাত্মা, সন্মান্তরূপে জগতের পিতা, চিং-শস্থিরূপে তার মাতা। সর্বভ্রের তিনি 'বন্ধুরাত্মা'। সর্বস্কুর আনন্দ্রনবিগ্রহ তিনি, তাঁহতেই জগতে ঝরে পড়ছে রূপ আর আনন্দের ধারা—বিশ্বনিখিলে তিনিই ব'ধ্র, তিনিই কাম্তা। একদিক দিয়ে দেখলে এই ভগবত সন্তার অন্ভেবে আমাদের চেতনার সর্বাধিক স্ফুর্তি ও চরিতার্থতা, কেননা ঈশ্বরের মধ্যেই আছে সকল ভাবের অশ্বৈত-সমন্বয় বিশেবাত্তীর্ণ ও বিশ্বাত্মক তত্ত্বে যুগপৎ বিলাস। নিখিল বান্টি-বিভাবের তিনিই ভর্তা অধিবাসী এবং অতিগামী। তিনিই পরমব্রহ্ম পরমান্ত্রা এবং পরে,বোত্তম (গীতা)। স্পন্টই বোঝা যায়, লোকাতত

ধর্মের ঈশ্বর-পর্ব্ব তাঁকে বলা যায় না—কেননা সে-ঈশ্বর গ্লে সাঁমিত ও সর্বভূত হতে বিবিস্ত ব্যক্তি-বিশেষ। তাই লোককল্পিত ঈশ্বরকে বলা চলে এক পরম-ঈশ্বরের খন্ড-র্প বা খন্ড-নাম, তাঁর বিচিত্র দিব্যক্ষিভূতি। সর্বগ্লাধার ঈশ্বরকে সাঁক্রি সগ্ল-ব্রহ্মও বলা চলে না, কেননা সগ্ল-ব্রহ্ম তাঁর একটি বিভাব মাত্র। তেমনি নিষ্ক্রিয় নিগর্ল-ব্রহ্মও তাঁর আরেকটি বিভাব। ঈশ্বরই ব্রহ্ম আত্মাও চিৎসত্তা—আত্মসত্তার অধিষ্ঠান ও ভোক্তার্পে তাঁর প্রকাশ। বিশেবর ক্রন্টা হয়েও তিনি বিশ্বাত্মক অথচ বিশেবাত্তীর্ণ—তিনি শাশ্বত অনন্ত জনিবাচ্য তর্যাতীত দিব্য-প্রেম্ব।

ব্যক্তিভাব আর নৈর্ব্যক্তিকতার মাঝে একান্তবিরোধের যে-সংস্কার আমাদের চিত্তে রয়েছে, আসলে সে কিন্ত জডজগতের উপরভাসা একটা পরিচয়কে অবলম্বন ক'রে আমাদেরই মনের সৃষ্টি। পৃথিবীতে দেখছি, আঁচতি হতে সবার উদ্ভব। কিন্তু সে-আঁচতি নিতান্তই নৈর্ব্যক্তিক। প্রকৃতিকে আমরা অচেতন শক্তি বলে জানি। তার গতি-প্রকৃতির যে-রহসাটকু আমাদের কাছে ধরা পড়ে তাতে পাই তার নিখাদ নৈব্যক্তিকতারই পরিচয়। সমস্ত শক্তি-র পের মুখে এই মুখোস। ক্রতুর যত গাণ ও বীর্য—এমন-কি প্রেম আনন্দ ও চেতনারও একটা নৈর্ব্যক্তিক বিভাব রয়েছে। মনে হয়, সম্পূর্ণ নৈর্ব্যক্তিক জগতে ব্যক্তিভাব চেতনার একটা বিকল্প মাত্র। এ-জগতে আছে শক্তির কৃণিঠত প্রচার, গ্রনের বৈশিষ্ট্য, প্রকৃতির ক্রিয়ার চিরাভ্যস্ত সংবেগ, ব্যাষ্ট্-অনুভবের সঙ্কীর্ণ গণ্ডির মধ্যে বার-বার আবর্তন। ব্যক্তিভাবের এই হল উপাদান। কিন্তু এ-ব্যুহ আমাদের ভাঙতেই হয়। বিশ্বাত্মভাবকে পেতে হলে ব্যক্তি-ভাবের সংকীর্ণ গণ্ডি ছাড়তেই হয়, অহন্তার সম্পূর্ণ উচ্ছেদ করতেই হয়। আর বিশ্বোত্তীর্ণ অনুভবে পেণছতে হলে তো কথাই নাই। কিন্তু আমরা যাকে ব্যক্তিভাব বলি, সে তো বহিশ্চর চেতনার একটা রূপায়ণ মাত্র। তার পিছনে আছেন শাশ্বত চিন্ময়-পুরুষ-মিনি পুরুষবিধতার বিচিত্র কণ্মকে নিজেকে সাজান, যুগপং বহু, ব্যক্তিভাবের সমাহর্তা হয়েও যিনি এক শাশ্বত প্রমতত্ত্ব। তাইতে দৃষ্টির প্রসারে দেখি—যাকে বলি নিগ্রণ অপ্রের্মবিধতা, তাও চিন্মর-পুরুষের অন্যতম বিভৃতি মাত্র। সং-পুরুষ না থাকলে শুধু সন্তার কোনও অর্থ হয় না, সচেতন কেউ না থাকলে চেতনার দাঁড়াবার ঠাঁই থাকে না, ভোক্তা ছাড়া আনন্দ নির্থক ও নিষ্প্রমাণ, প্রেমিক ছাড়া কোথায় প্রেমের আধার বা পূর্ণতা, সর্বশক্তিমানের আশ্রন্থ সোলে সর্বশক্তিও যে বন্ধ্যা ! পুরুষ বলতেই আমরা বুঝি চেতন বিগ্রহ। এ-জগতে যদি অচিতির বিভৃতি বা পরিণাম-র্পেও সে দেখা দেয়, তব্ অচেতনাই তার তত্ত্ব নয়। কেননা আঁচিতি নিজেই বে নিগ্যু চেতনার বিলাস মাত্র। সর্বত্ত দেখছি, উপাদান হতে বিস্ঞি মহত্তর। তাই জড়ের চাইতে মন বড়, মনের চাইতে বড় জীবচেতনা। আর

সবার চাইতে বড় চিল্বস্তু—কেননা সে-ই তো আধারে 'গৃহ্যাং গৃহ্যতরম্'. উন্মেষের চরম তত্ত্বর্পে সে-ই দেখা দেয় সবার শেষে। আবার এই চিল্বস্তৃই প্রেষ্—সর্বান্সাত্ত বিরাট চিল্ময় প্রেষ্ষ। আমাদের 'হ্দি সিমিবিচ্টঃ' এ-ই পরপ্রেষ্ক, কিন্তু প্রাকৃত মন তাঁকে জানে না। আমাদের ক্ষ্রে অহন্তা ও সঙ্কীণ ব্যক্তিভাবকেই সে মনে করে প্রেষ্ক-তত্ত্ব, অচিতির গহন হতে সঙ্কুচিত চেতনা ও ব্যক্তিভাবের প্রাতিভাসিক উন্মেষকে ভুল করে ভাবে একান্ত সত্য বলে। তাইতে রক্ষোর গ্রেলীলা আর গ্রণাতীত ভাব, তাঁর প্রেষ্বিধতা আর অপ্রেষ্বিধতার মাঝে দেখা দেয় আমাদেরই মনঃকল্পিত একটা মিখ্যা বিরোধ। এক শাশ্বত অনন্ত স্বয়্মভূ-সন্তাই পরমার্থ-সং। কিন্তু স্বয়্মভূ-সন্তার তত্ত্ব ও তাৎপর্য পর্যবিধতার হয়েছে লোকোত্তর শাশ্বত পরম-সন্মান্তের আত্মভাবে ও চিৎস্বর্পে—যাকে বলতে পারি অনন্ত প্রেষ্, কেননা তাঁরই সত্তা নিখিল প্রেষ্বিধতার তত্ত্ব ও বিদান। তেমনি বিশ্বাত্মা বিশ্বচিং বিশ্বসং বা বিরাট প্রেষ্ই বিশ্বের তত্ত্ব এবং তাৎপর্য। আবার ওই সন্মাত্ত চিৎস্বর্প আত্মা বা প্রেষ্ই বিশ্বের তত্ত্ব এবং তাৎপর্য। আবার ওই সন্মাত্ত চিৎস্বর্প আত্মা বা প্রেষ্ই বহন্-ভাবনায় জীব হয়েছেন, অতএব তাঁর স্ব-ভাব জীব-ভাবেরও তত্ত্ব এবং তাৎপর্য।

যাঁকে দিব্য-পারুষ প্রম-পারুষ ও বিরাট্-পারুষ বলছি, তাঁকেই ফাদ ক্র-বর বলে মানি, তাহলে তাঁর জগৎ-প্রশাসনের রীতি সম্পর্কে আমাদের মনে একটা খটকা জাগে। সাধারণত ঈশ্বর বলতে আমাদের কল্পনায় ফোটে মানৰীয় শাসনতন্ত্রের একটা আদর্শ। ভাবি, মন ও মনের ইচ্ছা নিয়ে তাঁর কারবার, তাই সর্বশক্তিমন্তার খোশখেয়ালে জগতের 'পরে তাঁর মনঃকল্পনাকেই তিনি আইন বলে চাপান। তাঁর ইচ্ছা তাঁর ব্যক্তিস্বভাবের বন্ধনহীন খুনির খেলা। কিন্তু দিবা-পরেষের কোনও দায় আছে কি সংকল্প বা ভাবনার স্বৈরাচার দিয়ে জগৎ শাসন করবার—তথাকথিত সর্বশক্তিমান-অথচ-অজ্ঞান (!) মানুষের মত ? তাঁর মধ্যে মনোধর্মের সঙ্কোচ নাই। তাঁর অখন্ড-চেতনায় আছে সর্বভূতের স্বর্প-সতোর সংবিং। তিনি জানেন, সববিং বলেই তাঁর জ্ঞানময় তপঃশাঁক্ত সেই অন্তর্গ চু সত্যের প্রেতিতে ফুটিয়ে তুলছে বিশেবর সকল বস্তুর গ্রহাহিত তাংপর্য, তাদের নিয়তি বা সম্ভাব্যতা, তাদের অনতির্বতনীয় আত্মস্বভাবের প্রবর্তনা। দিব্য-পরেষ হব-তন্ত্র, নিয়তিকৃত কোনও নিয়মেরই বন্ধন তাঁর নাই। তব্ তাঁর লীলাতে দেখা দেয় ক্রম ও নিয়ম—ক্সতুর তারা স্বরূপ-সত্যের পরিচায়ক বলে। সে-সত্য গণিত কি যন্ত্র-তন্ত্রের স্থলে সত্য নয় 🕈 তার মধ্যে প্রকাশ পায় বস্তুর চিন্ময় তত্তভাবের স্বরূপ, তারা যা হয়েছে এবং যা হবে তার অভিবাঞ্জনা, তাদের অন্তান বিষ্ট বীঞ্চভাবের আকৃতি। বিশ্বলীলায় স্বর্পে আবিষ্ট থেকেও দিব্য-পূর্ব্ব অধ্যক্ষর্পে তাকে ছাপিয়ে আছেন। তাই প্রকৃতির একদিকে চলছে নানা জটিল বিধি-বিধানের সীমিত প্রযোজনা, অথচ

তারও মধ্যে রয়েছে দিব্য-পুরুষের আবেশ ও অধিণ্ঠান। কিল্ত প্রকৃতির এই ঐশ্বর্যকে ছাপিয়ে আরেকদিকে রয়েছে অধ্যক্ষ পরেষের দিব্য-কর্ম ও ঐশ্বর-যোগের অবন্ধ্য প্রেতি—যা কামচারবশে নয় প্রমান্ত স্বাতক্তোর উল্লাসেই কখনও নিয়তির বিপর্যায় ঘটায়। আমরা তাকে ভাবি প্রাতিহার্য বা ইন্দ্রজাল—জানি না এ শুধু অপরা প্রকৃতির 'পরে চিন্ময়ী পরমা প্রকৃতির অপ্রতর্ক্য প্রশাসন। বস্তৃত অপরা প্রকৃতি তো পরমা প্রকৃতিরই খণ্ডবিভূতি মা**র। অতএব উত্তর**-ভূমির জ্যোতি শক্তি ও প্রভাব যে তার মধ্যে বিপর্যয় বা বিপরিণাম আনবে, সে _ আর বিচিত্র কি ? জডপ্রকৃতি গণিতের >বতঃসিদ্ধ বিধান মেনে যলের মত চলছে, সেকথা মিথ্যা নয়। কিন্তু ওই যন্ত্রমানুত্তার অন্তরালে কাজ করে চলেছে চেতনার চিন্ময় বিধান, যাহতে অপরা প্রকৃতির যন্ত্রলীলাতে সঞ্চারিত হচ্ছে একটা অন্তরাকৃত্ত সার্থকিতার প্রবেগ, যাথাতথোর একটা গভীর বাঞ্জনা, অন্তঃসংজ্ঞ নিয়তির একটা গঢ়ে প্রবর্তনা। আবার তারও উপরে আছে চিন্ময় দ্বভাবের দ্বাতন্ত্র, যার মধ্যে চিং-পরে,্যের বিশ্বদ্ভর পর্ম-সত্যই দিবাজ্ঞান ও দিব্যকর্মে ছন্দিত হয়ে উঠছে। ঈশ্বরের জগং-শাসনকে বা তাঁর কর্ম-রহস্যকে আমরা নরলীলা কি যক্তলীলা ছাড়া আর-কিছ;ই ভাবতে পারি না। খানিকটা সত্য এতে থাকলেও এ তাঁর দিব্য-বিভূতির একটা দিক মাত্র। বস্তুত বিশেবর প্রশাসনের মূলে রয়েছে সর্বাধিবাস ও সর্বাধ্যক্ষ পরম অন্বয়-বস্তুর অনন্ত-চিন্ময় সংবেগ। অতএব তার তাৎপর্য এবং গতি-প্রকৃতি ব্রুবতে হলৈ আমাদের অনন্ত-চেতনার ন্যায়ের বিধান আশ্রয় করতে হবে।

অখণ্ড ব্রহ্মতত্ত্বের এই একটি বিভাবের সংগ্য আর-আর বিভাবকে নিবিড়ভাবে যুক্ত ক'রে দেখলে ব্রুতে পারি, তাঁর শাশ্বত স্বর্ম্ভাবের সঞ্জো তাঁর চিং-শক্তির বিশ্বভাবন পরিস্পন্দের কি সম্বন্ধ। নিশ্চিয় নিশ্চল স্থাণ্
স্বর্মভূসন্তার অগম নৈঃশব্দ্যে সমাহিত হলে দেখি : ওই নৈঃশব্দ্যের অনাহত ধর্নির,পে পরব্রহ্মের লীলাসগিগনী চিন্ময়ী মহাশক্তির,পিণী মায়া চেতনার ফ্ল ফ্রটিয়ে চলেছেন সিম্ধকল্পনার অকুণ্ঠ র পায়ণে। সদ্-ব্রহ্মের নিত্যান্থিতিব অচলাসনে তাঁর প্রতিষ্ঠা, তাঁরই অনুমতিতে সন্মারের চিন্ময়-ধাতুকে আকারিত করছেন র প ও স্পন্দের অন্তহীন উল্লাসে—আর আক্তিচঞ্চলা গৌরীর লাস্যলীলার উপদ্রন্টার,পে প্রশানত আনন্দে শিক্ষর,প চেয়ে আছেন অক্র্র্যান্থির মানস হয়ে। এ-লাস্য বাস্তব হ'ক বা বিভ্রম হ'ক, তব্ এ-ই তার তত্ত্ব এবং তাৎপর্ম। চিন্ময়ীর লীলা চলছে শ্বন্ধ সন্মান্তকে নিয়ে, মহাশন্তির অকুণ্ঠ স্বাতন্ত্যে অস্তিম্বের অব্যাকৃত মহা গহন হতে হিল্লোলিত হয়ে উঠছে স্থিত হয়ে আছে শৈব দৃষ্টির গ্রুত অন্বিধান শ্বারা। এ-দর্শন সত্য, তাতে কোনও ভূল নাই। বাইরে-ভিতরে বিশ্বের সর্বত দেখছি এই লীলা।

অতএব বিশ্ব-সত্যের এই বিভাবের মূলে নিবি'শেষেরই কোনও সত্য-বিভতির সায় আছে। িকিন্তু বিশ্বলীলার বহিশ্চর প্রতিভাস হতে চেতনাকে অন্তরাবৃত্ত করে যদি নিমন্তিত করি—সাক্ষিচৈতনাের নৈঃশব্দ্যে নয়—কিন্ত চিং-দ্বরূপের সর্বাবগাহী লীলারসের আদ্বাদনে, তাহলে আবার এই চিচ্ময়ী মায়া-শক্তিকে দেখি স্বয়স্ভূ ঈশ্বরের আত্মবীর্যর্পে। পরমপ্রেয় মায়াধীশ-সর্ব-ভূতের ঈশ্বর তিনি। আত্মবিস্ফির স্ব-তন্ত্র শাস্তার্পে তিনিই বিশ্বের বিধাতা। বিশ্ব হতে বিবিক্ত হয়ে প্রকৃতিকে ও তার স্থিতক প্রবৃত্তির স্বাতন্ত্যও র্যাদ তিনি দেন, তব্ তাঁর অনুমতিতে নিগঢ়ে হয়ে থাকবে তাঁর ঈশনা— প্রতি পদে থাকবে 'তথাস্তু' বলে তাঁর অনুচ্চারিত অনুমোদনের শাসন। নইলে কিছ.ই ঘটবে না. জগতের কোনও কাজই চলবে না। শুন্ধসন্মা<u>ন</u> আর চিং-শক্তিতে, পরে,ষে-প্রকৃতিতে স্বর**্পত কোনও দৈবতভাব নাই।** অতএব প্রকৃতির কত্ত্বি বস্তৃত প্রে,ষেরই কত্ত্ব। অন্তরাব্তচক্ষা, হয়ে যখন বিশেবর সর্বত্র এক প্রাণময় তত্ত্বের রূপায়ণ ও প্রশাসন অনুভব করি, তার সর্বেশনা ও অখন্ড-বীর্যের আবেগকে সর্বত্র ব্যাপ্ত দেখি—তখন আমাদের চেতনায় পরেষে-প্রকৃতিতে ওই অবিনাভাবের সতাই উষ্জবল হয়ে ওঠে। তখন বৃ.ঝি. এও সেই নিবিশেষের কোনও সত্যবিভতির সিশ্ধরূপ।

আবার নৈঃশ:শ্য সমাহিত হই যখন, তখন সে-গভীরে বিশ্বভাবিনী চিতি-শক্তি আর তার বিলাস কোথায় তলিয়ে যায়। তথন প্রপঞ্চ আমাদের কাছে উপশান্ত. নয়তো অবাস্তব। কিন্তু সন্মাত্রের মধ্যে যথন শ্বধ্ব স্বয়ম্ভূ-প্রব্রের প্রশাস্তার ভার্বাট অনুভব করি, তখন তাঁর বিশ্ববিধায়িনী শক্তি নিমন্জিত হয় তাঁর অন্বিতীয় অনুভাবে অথবা ফুটে ওঠে তাঁর বিরাটভাবের একটা বিভূতি হয়ে। বিশেবর মধ্যে আমরা তখন দেখি শুধু এক অণ্বতীয় মহেশ্বরের নির্ভক্তশ সামাজ্য। দুটি দর্শনের মধ্যেই একান্ড-প্রত্যয়ের স্ক্র্ম সংস্কার প্রচ্ছন্ন থেকে মনের মধ্যে বিপর্যায় আনে। কেননা প্রপঞ্চের উপশ্মেই হ'ক আর বিস্কৃতিতেই হ'ক, দেবাত্মশক্তির অনুপ্রকাশতে আমাদের দর্শন—হয় আত্মস্বর্পের নেতির দিকটা অতিমান্তার একান্ত করে তোলে, নরতো পরমপর ধের জগংপ্রশাসনের 'পরে করে মানুষভাবের আরোপ। অথচ আমাদের বিজিজ্ঞাসিতব্য বস্তর স্বর্প হল অন্ত। তার আত্মশক্তির বহুধা পরিস্পলের বিচিত্র সামর্থ্য আছে এবং তার প্রত্যেকটি স্পন্দ ঋতময়। তাই দৃষ্টিকৈ উদার করে রন্ধের সগ্ণ-নিগ'্ণ দ্বটি সত্যবিভাবকে যদি এক অখণ্ড তত্ত্বক্পে দর্শন ব্রুরি, অপ্রের্ষ-বিধতার নির্বর্ণ চিদাকাশে যদি দেখি দেবাত্মশক্তির যুগনন্ধ বিলাসে পরের্ব-বিধতার জ্যোতিমার বর্ণচ্ছটা, তাহলে পরমপ্রের্বের সম্যক অনুভবে ফ্টে ওঠে প্রহ্ববিধতার দুটি দল ক্রখবর ও শক্তির পরম সামরসা, 'লগতঃ পিতরো' শিব-শক্তির যুগল অনুভব। বিশ্ব জুড়ে সৃষ্টির প্রতি পর্বে পুরুষ-প্রকৃতির

মিথ্নলীলার নিগ্র্ রহস্য তখন উজ্জ্বল হয়ে স্ফুরিত হয় আমাদের চেতনায়। স্বয়স্ভুসত্তার অতিচেতন ভূমিতে শিব-শক্তি পরম সামরস্যে ঘনী-ভত, অন্যোন্যব্যঞ্জনায় অবিনাভত ও একাত্মপ্রত্যয়সার। • কিন্ত জগতীচ্ছন্দের চিন্ময় বিলসনে দেখি <u>কিয়া</u>শক্তিতে তাঁদের উন্মেষ। চিন্ময়ী জগজ্জননীই নায়া পরা প্রকৃতি বা চিংশক্তিরূপে হিরণাগর্ভ-ঈশ্বর ও মহেশ্বরীর আত্ম-বীর্যকে দৈবতলীলায় সম্ভাবিত করেন। তখন রক্ষ আত্মা বা ভগবান ক্রিয়াপর হন তাঁকে আশ্রয় করেই—শক্তিকে ছেড়ে শিব তথন অশক্ত শব। শিব-সংকল্প শান্ততে অনুস্যাত থাকলেও শন্তিই অনুতর চিদ্বীর্যরূপে বিশ্বপট প্রসারিত করেন, কেননা ওই মহাপ্রকৃতির গর্ভাশয়েই সর্বজীব ও সর্বভত দ্রুণের আকারে নিহিত ছিল। বিশেবর সন্তা ও প্রবৃত্তি মহাপ্রকৃতির ছন্দ অনুসরণ করে। চিংশক্তিই পরমপ্ররুষের সত্তাকে অনন্ত-বিচিত্র স্পন্দনে ও রুপায়ণে বিচ্ছ্যুরিত ক'রে নিজেই এই যা-কিছ**ু সব হয়েছেন।** শক্তির লীলা হতে বিবিক্ত হয়ে প্রপঞ্জোপশমের প্রম নৈঃশব্দে আমরা তলিয়ে যাই—তাঁরই স্বাভীষ্ট নিমেষে বা ক্রিয়া-নিব্,স্তিতে। আমাদের উপশম ও অভাবপ্রতায়ে আছে তাঁরই উপশম ও নৈঃশব্দ্যের আবেশ। আবার যখন প্রকৃতি হতে নিজেকে স্ব-তন্দ্র বলে অন্-ভব করি, তখন তিনিই আমাদের মধ্যে জাগান মহেশ্বরের অন্তম সর্বগত ঐশ্বর্য, আমাদের ভাবে ফুটিয়ে তোলেন তাঁর অনুভাব। কিন্ত সে-ঐশ্বর্য মহাশক্তিরই স্বরূপ, তাঁরই প্রমা প্রকৃতিতে অবগাহন করে আমরা তার তদ্গত অন,ভব পাই। ব্রাহ্মী স্থিতির আরও উচ্চকোটিতে উঠলে পরেও জানব, সে-সিদ্ধির মূলে আছে চিন্ময়ী মহাশক্তির প্রসাদ। তাই বিশ্বজননীর কাছে আত্মসমর্পণ দ্বারাই পরে,ষোত্তমে আমাদের আত্মসমর্পণ সিদ্ধ হতে পারে। কেননা মহেশ্বরের প্রমা প্রকৃতির দিকে চলেছে আমাদের উত্তরায়ণের অভিযান —অতএব মহাপ্রকৃতির অতিমানস শক্তিপাতে এই মনোধাতু যদি তাঁর অতি-মানস ধাতুতে র পান্তরিত না হয়, তাহলে আমাদের সাধকজীবনের সকল আক্তি ব্যর্থ হবে।...এর্মান করে ব্রুঝতে পারি, শারুধ-সন্মান্তের তিনটি বিভাবের মধ্যে কোনও বিরোধ বা অসামঞ্জস্য নাই. অথবা তাদের নিত্যস্থিতি এবং প্রপঞ্জোসের তিনটি পর্যায়ে কোথাও ছন্দঃপতন ঘটে না। এক অথন্ড প্রমার্থ-সংই ব্রহ্মরুপে বিশ্ববিস্থিত্তর অন্তর্যামী অধিন্ঠান ও ভর্তা, পরেষ-রূপে তার ভোক্তা এবং ঈশ্বররূপে ঈক্ষিতা শাস্তা ও অধ্যক্ষ। আর এই বিস্থির নিরন্ত লীলারনের মলেে আছে তাঁরই অন্তর্ণ্গ চিংশক্তি-মারা প্রকৃতি ও শক্তিরূপে।

এই মহান্ত্রিপট্নীর অদৈবত ভাবনা আমাদের মনের পক্ষে সহজ নর। কেননা, আমরা সামান্যপ্রত্যর ও সংজ্ঞাশব্দ দিয়ে এমন-একটা তত্ত্বের বিব্তি দিতে চাই. বা প্রাকৃত বৃদ্ধির কাছে সামান্যধর্মী হলেও অধ্যাদ্মচেতনার ফোটে নিতাগ্তই

বিশেষধমী ও অতিবাস্তব জীবন্ত প্রত্যয়র্পে। আমাদের সামান্য-প্রত্যয়ে ব্যাপকতা থাকলেও অন্যোন্যভেদের গণ্ডিটানা একটা গভীর রেখা আছে—কিন্ত তত্ত্বস্তুর স্বরূপ তো তা নয়। তার বহু বিভাব থাকলেও অনোন্যভাবনায় তারা পরস্পরেরর মধ্যে মিলিয়ে যায়। তাই তার সত্যকে যে ভাবে ও ছবিতে র্প দিতে হয়, তার মধ্যে জড়াতীতের ব্যঞ্জনা মূর্ত হয়ে ওঠে জীবনম্পদে। শ্রন্থ-ব্যান্ধ সে-ছবিকে প্রতীক ভাবলেও তা প্রতীকের বাড়া—কেননা সে-প্রতীক বস্তৃত অধ্যাম্মচেতার জীবন্ত অনুর্ভাতর তত্তরূপ, অতএব তার রহ-স্যার্থ একমাত্র বোধির দর্শনে এবং অন্যভ্রের ধরা পড়ে। বস্তুস্বভাবের নিগান্ত্র তত্তকে শূরণ-বুর্ণিধর সামান্যপ্রত্যয়ে তর্জুমা করা যায় বটে—কিন্ত সত্যের আরেকটা দিক ধরা পড়ে কেবল ভাবক ও অধ্যাত্মচেতার দ্র্ভিতে। সে-অন্ত-দ্ভিতর অভাবে তত্ত্বের সামান্য-রূপ বিশেষের ব্যঞ্জনায় জীবন্ত হয়ে ওঠে না. তাই তার পরিচয়ও সম্পূর্ণ হয় না। বস্তুর স্বর্পের পরিচয় মেলে তার রহসার্পে। বুদ্ধি দিয়ে তার যে-ছবি আমরা আঁকি সে শুধু আচ্ছিল্ল প্রতীকের ভাষায় সত্যের কল্পরূপ। অথবা যেন কিউবিস্ট শিল্পীর কল্পিত জ্যামিতিক রেখায় আঁকা বাক্-মধ্যমার ছবি। দার্শনিকের বিচারসভায় বৃদ্ধির তর্জমার কদর হতে পারে—কিন্ত মনে রাখা উচিত, এতে আমরা সত্যের একটা আচ্ছিন্ন প্রতিরূপ পাই শুধু। তাকে প্রাপ্রার ব্রুতে কি প্রকাশ করতে হলে চাই অপরোক্ষ-অনুভবের বাস্তব প্রত্যয় এবং তার বাহনরূপে বাণীর বীণায় পূর্ণপ্রাণের সুরের আলাপ।

এইবার দেখা যাক, অথপ্ড তত্ত্বপরিচয়ের দিক দিয়ে এক আর বহুর সম্বেধ আমাদের চেতনায় কোন্ রূপ ধরে ফা্টবে। এহতে ঈশ্বর আর জীবের সম্বেধও আমাদের কাছে স্পন্ট হবে। লোকাতত ঈশ্বরবাদে কুম্ভকারের গড়া ঘটের মত বহুজীব ঈশ্বরের স্থিত এবং স্ট্টজীব স্রন্ধার আগ্রিত। কিন্তু ঈশ্বরতত্ত্বের সমাক্ দর্শনে, বহুও বস্তৃত অন্বিতীয় ব্রন্ধান্তর্বে আগ্রিত। কালের অন্তর্গুর সমাক্ দর্শনে, বহুও বস্তৃত অন্বিতীয় ব্রন্ধান্তর বাহ্টিবিভাব। তারা নিত্য হলেও, তাদের নিত্যতা তাঁরই সন্তার আগ্রয়ে। আমাদের অলময় সন্তা প্রকৃতির বিস্থিতি, কিন্তু জীবচৈতনা ঈশ্বরের 'অংশঃ সনাতনঃ'। প্রাকৃত জীবের পিছনে রন্ধাটেতনাই আছেন অধিন্ঠানর্পে। তব্ অন্বয়তত্ত্বই সন্তার দবর্পসত্য এবং একের 'পরেই বহুর সন্তার নির্ভাব। অতএব জীবের বিভাবনা ঈশ্বরের সম্পূর্ণ আগ্রিত। এই আগ্রিতভাব অবিদ্যাক্ত্র্ম অহংএর বিবিক্ত বৃন্ধিতে ঢাকা পড়ে যায়। যে-বিশ্বশক্তি অহংএর প্রভা এবং প্রেরক, যার সন্তা ও কৃতির বিভূতির্পে তার স্ক্রেণ, প্রতিপদে তার অন্ত্রহে চালিত হয়েও মোহের বশে সে খোঁজে আত্বপ্রতিষ্ঠার ন্বাতন্তা। কিন্তু অহণ্ডার এই প্রয়াস স্পন্টই একটা ব্যামোহ—আমাদের অন্তর্গু দ্বাতন্তা। কিন্তু অহণ্ডার এই

বিকৃত ছায়া। অহন্তায় নয়, কিন্তু আমাদের গুহোহিত আত্মনবরুপে এমন একটা-কিছ্ব নিশ্চয় আছে যা বিশ্বপ্রকৃতির উধের্ব তুরীয়-স্বভাবে প্রতিষ্ঠিত। কিন্তু প্রকৃতি হতে তারও প্রাতন্ত্রোর ভাব জাগে লেকোন্তর প্রমার্থসতের প্রতি প্রপত্তি হতেই। দিব্য-পুরুষের কাছে জীবচেতনা ও জীবপ্রকৃতির আত্ম-সমপ্রেই আমাদের মধ্যে আত্মভাব এবং তত্তভাবের পরম প্রতিষ্ঠা সম্ভব হয়। কেননা দিব্য-পূর্ব্বেষ্ট সেই পরম-আত্মা এবং পরম-তত্ত্ব—আমরা তাঁরই ন্বরুদ্ভাবে ও নিত্যতায় ন্বয়ুদ্ভ এবং নিত্য। এই প্রপত্তি তাদাখ্যাভাবের বিরোধীও নয়, বরং একে বলি তাদাম্যাসমাপত্তির দ্বার। সতেরাং এখানেও আবার দেখছি বিশ্বপ্রকৃতির মর্মচর শাশ্বত সেই রহস্য : শৈবতের প্রতি-ভাসে অশ্বৈতের নিগঢ়ে অভিব্যঞ্জনা এবং অশ্বৈত হতে প্রবৃত্ত শ্বৈতের আবার অন্বৈতেই অবসান। অনন্তচেতনার এই সত্যেই এক আর বহুর মাঝে সম্বন্ধ-তত্তের বিচিত্র লীলায়ন সম্ভব হয়। আবার তার মধ্যে, 'হুদা মনসা মনীষা' অদৈবতের অবিলাপ্ত অনাভব, এমন-কি তনার অণ্যতে অণ্যতে তার বিদ্যান্ময় সন্তার দীপালি—এই তো দ্বর্পোপলস্থির সমুচ্চ শিখর। অথচ সে-অশ্বৈতানুভূতিতে শ্বৈতসম্বন্ধের সৃত্য নিরাকৃত হয় ना। वतः जात न्यर्ग मन्वन्य-जर्जुत मकन नौना रुख ७८५ जारवत भीत्रभूर्ग অভিব্যক্তিতে ও রসোদ্গারে আতট-সমুচ্ছল। এ যেমন আনন্ত্যের ইন্দ্রজাল, তেমান তার অলোকিক ন্যায়প্রবাত্তিও বটে।

আরেকটা সমস্যার সমাধান তবুও বাকী। সে হল ব্যক্ত আর অব্যক্তের বিরোধের সমস্যা। কিন্তু তারও সমাধান খ'জতে হবে এই পথেই। আপত্তি হতে পারে : এপর্যন্ত ঘা-কিছা বলেছি, ব্যক্তবিশেবর সম্পর্কে তা সত্য হলেও ব্যক্তভাব তো অব্যক্ত-তত্ত হতে ছলুকে-পড়া একটা অবর-সত্য মাত্র। তাই অনুত্তরের অব্যক্ত গহনে অবগাহন করলে বিশ্বসত্যের কোনও প্রামাণ্য তো সেখানে টিকবে না। অসম্ভূতি কালকলনাহীন অপরিণামী নিত্যিস্থতি— নিরতিশম স্বয়ম্ভসন্তার নিবিকল্প তথতামাত্র। অতএব সম্ভূতির সত্যে কি তার উপাধি-বৈচিত্র্যে অব্যক্ত-তত্ত্বের কোনও পরিচয় মেলে না। আর যদিও মেলে তার অপর্যাপ্ততাই সে-পরিচয়কে করে তোলে অলীক একটা বন্ধনা। ...তখন প্রশ্ন ওঠে : কালাতীত চিৎ-সত্তার সপ্যে কালের কি সম্পর্ক ? আমরা মেনে নির্মেছ, কালাতীত শাশ্বতে যা অব্যক্ত, শাশ্বত কালকলনায় তা-ই হয় ব্যক্ত। তা-ই র্যাদ হয় অর্থাৎ কালকলনা র্যাদ হয় শাশ্বত সম্ভাবের বিভূতি, তাহলে অভিব্যক্তির নিমিত্ত যত বিচিত্র কি তার ভাগ্যমা যত খণ্ডিতই হ'ক. কালকলনার যা মর্মাসতা তুরীয়ের মধ্যেই তার প্রাক্সন্তা ছিল—সেই কালাতীত তত্ত্ব হতেই তার উৎসারণ ঘটেছে। তা না হলে বলতে হয়, সম্ভূতির সত্য এসেছে কাল অথবা কালাতীতেরও বাইরে এক অনুপাধ্য তথতা হতে। কালাতীত

চিৎসন্তা বলতে তখন ব্ৰব নেতিবাচক একটা প্রমপ্রতায়—ষার স্বর্প অনির্বাচা এবং যাকে আশ্রয় করে ফ্টেছে কালকলনার উপাধি হতে তথতার স্বাতদ্যা মাত্র। কালপ্রতায়ের বাতিরেকম্থে তার ভাবনা—যেমন সগ্নেরে ব্যতিরেকম্থে পাই নিগর্নের ইণ্গিত। কিন্তু বাস্তবিক কালাভীত প্রতায় বলতে আমরা ব্রিথ ত্রিকালের অন্যোন্যসাপেক্ষ ক্রমের অন্ভব হতে নির্মান্ত একটা স্বচ্ছন্দ চৈতন্যসন্তা মাত্র। কিন্তু এই চিংসন্তা যে শ্নার্প, এ-কলপনা আমরা কোথায় পেলাম ? বরং বলতে পারি, এই কালাতীত সন্তাই নিখিল কালিক অভিব্যক্তির স্পন্দহীন নীর্প অব্যবহার্য আধার, ভূবনের বীজঘন অন্বৈতস্বভাবের শাশ্বত প্রত্যয়। কাল আর কালাতীত চিংসন্তা—'শাশ্বত' সংজ্ঞা দ্বয়ের বেলাতেই খাটে। কালাতীতে যা অব্যক্ত গ্রু এবং বীজভূত, কালে তা-ই অভিব্যক্ত হয় স্পন্দনে—অন্তত অন্যোন্যসন্বথ্যে ও পরিকল্পনায়, পরিবেশ ও পরিণামের বৈচিত্রে। অতএব কালও যেমন নিত্য, তেমনি কালাতীতও নিতা—এক শাশ্বত সম্ভাবের দ্বদল তারা। তাদের আশ্রয় করে ফ্টেছে সন্তা ও চৈতন্যের যুগনন্ধ বিভূতি—একদিকে অচলপ্রতিত্বার শাশ্বত প্রতায়, আরেকদিকে স্থিতির বৃক্তে গতির নিত্য নৃত্যচ্ছন্দ।

দেশ-কালের অতীত পরমাথ-সংকে বলি নিত্যান্থিতির তত্ত্ব বা পূর্ব্য অধিষ্ঠান। অন্তরে যা ছিল বাইরে তাকে ফ্রিটিয়ে তোলবার আধার রূপে ওই তত্তের যে-আত্মপ্রসারণ, তাতে দেখা দের দেশ আর কাল। অন্যান্য দ্বন্দের মত এ দুটিও বিভাবের দ্বন্দ্ব। একদিকে চিৎন্দ্বরূপ ন্র্বনিষ্ঠ সদাখ্য-তত্ত্বের ভাবনায় অন্তরাবৃত্ত, আ<mark>ত্মসমাহিত। আরেকদিকে তাঁর আত্মবিমর্শ উচ্ছলিত</mark> হয়ে উঠছে তত্তুস্বরূপের বিচিত্র লীলায়নে। অন্বয়তত্ত্বের এই আত্মপ্রসারণকে আমরা বলি দেশ আর কাল। সাধারণত দেশকে আমরা দেখি স্থাণ, প্রসাররূপে, যার মধ্যে সব-কিছ[ু] নিদি^{শ্}ট একটা ছক মেনে চলছে কি দাঁড়িয়ে আছে। আবার কালকে দেখি জপ্সম প্রসাররূপে, স্পন্দ আর ঘটনার পরম্পরা দিয়ে তার পরিমাণ করি। অতএব দেশ রক্ষের আত্মপ্রসারণের স্থাণুভাব আর কাল তার জ্ঞাম-ভাব।...কিন্তু একথা মনে হয় প্রথম দৃণ্টিতে শৃধ্। তাই এতে ভূল হবার সম্ভাবনা আছে। বস্তৃত দেশও একটা ধ্রুব জন্সমতত্ত্ব, তার মধ্যে বস্তুর কালিক-সম্বন্ধের অভ্যস্ত নিয়তভাব সূষ্টি করে কালস্পন্দের স্থাণ্ডের একটা বিকলপ। আবার তার জঞামতা স্থাণ, দেশের ভূমিকায় স্থি করে কালস্পন্দের বিকল্প। অথবা রূপ ও বস্তুর বিন্যাসের আধাররূপে দেশ রক্ষেরই আত্মপ্রসারণ। আবার কাল সেই রূপ ও বস্তুর বাহক তাঁর আত্মবীর্যের বিচ্ছ্রেণের জন্য রন্ধের আরেক ভাষ্গতে আত্মপ্রসারণ। অতএব দেশ আর কাল বিশ্বরূপ শাশ্বত-সন্মান্তের আত্মপ্রসারের একটা যুগল ভাগ্গমা ছাড়া আর-কিছুই নর। বিশান্ধ ভৌতিক দেশকে জড়ের ধর্ম বলা চলে। কিন্তু জড় আবার

শক্তিস্পদের বিস্থিত। অতএব জড়জগতের দেশকে বলতে পারি জড়শক্তির প্রের আত্মপ্রারণ, অথবা তার আত্মসন্তার স্বকল্পিত অবকাশভূমি, তার প্রবৃত্তির আধারর্পী অচিং আনশ্তার একটা প্রতির্প-শ্যার ব্রুকে স্ভত্ব হচ্ছে জড়শক্তির বিক্ষেপ ও বিস্থিতির ছন্দ ও স্পন্দ। কাল সেই শক্তিস্পদের প্রবাহ, অথবা আমাদের চেতনায় প্রবহমানতার সংস্কার মাত্র—যার মধ্যে দেখছি ক্ষণপরম্পরার একটা নির্মাত প্রতিভাস। অবিচ্ছেদ স্পন্দের নির্বাচ্ছিল্ল আধার হয়েও সে পারম্পর্যের পর্বচ্ছেদ করে চলেছে, কেননা স্পন্দর্যুত্তির মধ্যেই যে রয়েছে পারম্পর্যের একটা নিয়ত ধারা। অথবা শক্তির পরিস্থাণ স্ফ্রেণকল্পে কাল দেশেরই একটা আয়তন। কিন্তু আমাদের প্রত্যক্-বৃত্ত চেতনা কালকেও প্রত্যক-দ্বিত্তিত দেখে মন দিয়ে—ইন্দ্রিয় দিয়ে নয়। তাই তাকে দেশের আয়তন বলে জানা তার পক্ষে সহজ হয় না—কেননা দেশকে আমারা ইন্দ্রিন্ত্রাহার অথবা ইন্দ্রির্কাল্পত পরাক্-বৃত্ত প্রসারর্পেই ভাবতে অভাস্ত।

যা-ই হ'ক, চিৎই যদি পরমার্থসং হয়, তাহলে দেশ আর কালকে বলা চলে চিতের চৈতস উপাধি—যাদের অবল-বন করে চিৎস্বরূপ দেখছেন আত্মর্শাক্তর স্পন্দলীলা। অথবা হয়তো চিংসত্তার তারা আত্মবিভৃতি— চেতনাব ভূমিভেদে যাদের অনুরূপ রূপান্তর ঘটছে। অর্থাং চেতনার এক-এক ভূমিতে আছে দেশ-কালের এক-একটা বিশিষ্ট প্রকার, এমন-কি একই ভূমিতে তাদের প্রকারভেদও দেখা দিতে পারে। তব্ মূলত তারা এক মোল অখণ্ড-চিন্ময় দেশকাল-তত্ত্বের বিভাব। তাই ভৌতিক দেশকে ছাডিয়ে গেলে, আমাদের অন্ভবে নিখিল স্পন্দের আধাররূপী যে ব্যাপ্তির প্রত্যয় জাগে, তাকে কিছ্বতেই জড়ধর্মী বলা চলে না। বরং তাকে বলতে পারি, ব্রন্ধের আত্মশক্তি-বিচ্ছাবণের চিদাধার। জড়দর্শন হতে অন্তরাবৃত্ত হলে দেশের এই তত্ত্বের স্বরূপ ব্রুতে পারি। কেননা, আমাদের অণ্ডাশ্চতনায় তথন এক চিদ্দ্বরের বিপ্লুল প্রসার ফুটে ওঠে—যা মনেরও আধার ও দণ্ডরণক্ষেত্র। ভৌতিক দেশকাল হতে তার তত্ত্ব <mark>পৃথক হলেও দ</mark>্বয়ের মাঝে একটা ওতপ্রোত ভ্রাব আ**ছে।** কারণ মন তাব আপন দেশে বিচরণ করেও জভের দেশে চলাফেরা করতে পারে, কিংবা বহিদেশিস্থ ব্যবহিত ক্ষতুর 'পরেও আপন প্রভাব ফেলতে পারে। চেতনার আরও গভারে ভারলে পাই বিশাশ্ধ চিন্ময় দেশের অন্ভব। সে-অনুভবে স্পন্দের নিরোধে কালের তরংগ স্তম্ভিত হয়ে যায়। অথবা স্পন্দ কিংবা ঘটনা থাকলেও গ্রাহ্য কোনও কালকলনার অন্যাসন সে মেনে চলে না। এর্মান করে অন্তরাবৃত্ত হয়ে যদি ব্যাবহারিক কালপ্রতায়ের নেপথো চলে যাই, জডের সঙ্গে নিজেকে না জড়িয়ে যদি বিবিক্ত হয়ে তার লীলা দেখে যাই—তাহলে ব্রুতে পারি কালের প্রত্যয় ও চ্পদ্দ দুইই আপেক্ষিক, কিন্তু কাল স্বয়ং একটা শাশ্বত ও বাস্তব তত্ত্ব। কালের প্রতায় শাুধা অভাস্ত

কালমানের 'পরে নয়. প্রমাতার চেতনা ও অবস্থানের 'পরেও নির্ভার করছে। তাছাড়া চেতনার এক-এক ভূমিতে কালের এক-এক প্রকার। মানস চেতনায় এবং মনের দেশে কালস্পদের যে অথ এবং মান, ভৌতিক দেশে তা অচল। মনের মধ্যেও চেতনার ভূমি অনুযায়ী কালম্পন্দের তারতম্য ঘটে। প্রত্যেক ভূমির স্বতন্ত্র কালমান থাকলেও প্রস্পুর কালিক সম্পর্কের কোনও বাধা হয় না। জড়ভূমির একটা গভীরে তলিয়ে গেলেই দেখি, একই চেতনায় একাধিক বিভিন্ন কার্লান্থতি এবং কালম্পন্দ রয়েছে। ব্যাপারটা স্পন্ট হয়ে ওঠে স্বপ্নের কালে। তথন জাগ্রৎ-কালের কয়েকটি মৃহতেরে মধ্যেই বিচিত্র ঘটনাবলীর দীর্ঘ একটা পরম্পরা ঘটতে পারে। অতএব ভিন্ন-ভিন্ন কালস্থিতির মধ্যে একটা সম্বন্ধ থাকলেও কালস্থিতির অনুরূপ কোনও কালমানের সন্ধান কিন্ত আমরা পাই না। তাইতে মনে হয়, চৈতস সতা ছাডা কালের কোনও বাস্ত্র সতা ব্রাঝ নাই। সত্তার স্থিতি ও স্পন্দ অনুযায়ী চেতনার প্রবৃত্তিতে যে-পরিবেশ গড়ে ওঠে, কাল তারই অনুবর্তন করে। অতএব কাল প্রত্যক্-বৃত্ত চেতনার একটা বৃত্তি মাত্র। আবার মানস-দেশ ও জড-দেশের সংগে ওতপ্রোত করে দেখলে মনে হয়, দেশও একটা মনোবিকল্প মাত্র। অর্থাৎ চিন্ময় ব্যাপ্তিধর্ম দুয়েরই মূল তত্তু—কিন্তু বিশ্বন্ধ মনোধাত সে-ব্যাপ্তিকে রূপান্তরিত করে প্রতাক ব্রুত মনোময় আয়তনে, আর ইন্দ্রিয়-মানস তাকে দেয় ইন্দ্রিয়বোধের পরাকা-বৃত্ত আয়তনের রূপ। প্রত্যক্-বৃত্তি আর পরাক্-বৃত্তি একই চেতনার দুর্গিঠ মাত্র। আসল কথা এই : যে-কোনও দেশ বা কাল, অথবা যুগনন্ধ দেশ-কাল মোটের উপর সন্মাত্রেরই একটা ভাগ্গিমা, যার মধ্যে সত্তার সংবেগের সংখ্য মিলেছে চেতনার একটা স্পন্দ এবং সেই স্পন্দ ফুটিয়ে তুলছে ঘটনাবৈচিত্রের ফুল। চেতনা সেখানে ঘটনার সাক্ষী, আর সংবেগ তার রূপকাব। দুয়ের অবিনাভাব-সম্বন্ধ সন্মাতেরই ওই ভঞ্জিমার মধ্যে নির্চ। কাল-ব্যেধর নিয়ামক সে-ই। সে-ই আমাদের মধ্যে জাগায় কাল-সম্বন্ধ কাল-ম্পন্দ ও কাল-মানের সংবিং। বস্তৃত কালিক বৈচিত্র্যের পিছনে কালের যে প্রা স্থিতি আছে, নিতার নিত্রই তার স্বর্প-যেমন নাকি অন্তের অনুতত্ত্বই দেশের স্বরূপ-সভা।

নিতাম্বের দিক থেকে ব্রহ্মী চেতনার তিনটি ভূমি থাকতে পারে। প্রথম ভূমিতে আছে ব্রহ্মের অচল-প্রতিষ্ঠা—যেথানে স্বর্পসন্তায় হয় তিনি আত্ম-সমাহিত, নয়তো আত্মসচেতন। কিন্তু কোনও অবস্থাতেই স্পন্দনে অথবা ভবনে চেতনার কোনও পরিণাম নাই। একেই আমরা বলব ব্রহ্মের কালাতীত নিতাতা। দ্বিতীয় ভূমিতে এক অখণ্ডচেতনায় ভাসছে ভাবের বিচিত্র সম্বন্ধের নিয়ত পরম্পরা। ভব্য অথবা ভূত বিস্থিতির তারা অধ্পীভূত—দীভিরে আছে তথাকথিত অতীত বর্তমান ও ভবিষাতের অথণ্ডসমাহারের পটভূমিতে।

ব্যাপ্তিচেতনায় যেন একটা মানচিত্র বা বাঁধা ছক প্রসারিত রয়েছে। শিল্পী চিত্রকর বা স্থপতি যেন মনশ্চক্ষে এক নজরে দেখে নিচ্ছে তার সংকল্পিত স্থির প্রথান্পুতথ পরিকল্পনা। একে বলব কালের ধুবা স্থিতি বা সর্বসমাহারী যৌগপদা। আমাদের ব্যাবহারিক জীবনে আবহুমান বর্তমানের অন্তেবে এই অখণ্ড কালদ্দির কোনও পরিচয় নাই—র্যাদও অতীতের শ্মতিতে তার খানিকটা আভাস মেলে, কেননা জ্ঞাত বিষয়ের সমাহারে সমগ্রতার একটি ছবি ফুটিয়ে তোলা সেখানে অসম্ভব নয়। কিন্তু অখণ্ড কালদু ছিও যে অবাস্তব নম্ন তার প্রমাণ পাই, যখন উধর্বচেতনার বিশেষ-কোনও ভূমিতে আর্ঢ় হয়ে দেখি তার সর্বান্তভাবী উদার পরিমন্ডল। তৃতীয় ভূমিতে চলছে চিৎশক্তির একটা ক্রমায়মাণ ছলেদাদোলা—নিতান্থিতির প্রবদর্শনে যা সিম্পকল্পনার আকারে ফ্রটেছিল, পরিণামের পরম্পরায় তাকে এবার ফ্রটিয়ে তোলা। কিন্ত এক অথন্ডনিতাতার মধ্যেই চলছে কালের এই গ্রিভাগ্যম স্থিতি ও গতির লীলা। প্রবাহ-নিত্যতা আর নিঃস্পন্দ-নিত্যতা বাস্তবিক প্রথক দুটি নিতাতা নয়—একই নিতাতার সম্পর্কে তারা চৈতনোর ভিন্ন ভূমিকা<mark>য়</mark> **স্থিতি মাত্র। সমগ্র কাল-পরিণামকে চৈতন্য স্পন্দলীলার বাইরে বা উধের্ব** থেকে দেখতে পারে। অথবা স্পন্দের মধ্যেই একটা ধ্রুর্বাবন্দরতে অধিষ্ঠিত থেকে দেখতে পারে তার প্রোপর প্রবৃত্তি—সিম্ধ সংকল্পনার নিয়তিকৃত অনুবর্তনে। কিংবা চৈতনোর প্রবাহ স্পন্দপ্রবাহের সঙ্গে বয়ে যেতে পারে ক্ষণ হতে ক্ষণান্তরের বীচিভগেন-পিছন ফিরে যেমন দেখতে পারে অতীতে যা-কিছ্ম ঘটেছে, তেমনি প্রমুখীন দুল্টিতে নিতে পারে অনাগত ভবিষ্যের পরিচয়। আর সর্বশেষ কল্পে বর্তমান ক্ষণের মধ্যেই অভিনিবিষ্ট হয়ে সেই একটি ক্ষণের সংকীর্ণ পরিসরের বাইরে রচতে পারে দৃষ্টির অবরোধ। অনন্তস্বর্পের মধ্যে এই সমস্ত ভূমিরই যুগপং সমাহার কিছুই অসম্ভব ময়। কালের উধের থেকে বা অন্তরে থেকে তিনি তার সাক্ষী হতে পারেন-তার মধ্যে না থেকে তাকে ছাড়িয়ে যেতেও পারেন। তার সামনে ভাসছে কালাতীতের অপ্রচ্যুত মহিমা হতে কালস্পন্দের উদয়ন—তার সবট্যুকু কাঁপন তাঁর অবিচল অথচ নিতাচণ্ডল ঈক্ষণের উদার আলিংগনে বাঁধা পডছে. ক্ষণভাগের চকিত স্ফুরণেও জনলে উঠছে তার শাশ্বত দুষ্টির বৈদ্যুতী। সাশ্ত চেতনা তার পায়ে পরেছে ক্ষণিক-প্রতায়ের শিকল। আনন্ত্যের এই স্বাতন্যা এবং योগপদা তাই তার কাছে মনে হবে ইন্দুজাল বা মারার খেলা। তার দেখার নিক্রুব ভাগ্যতে গান্ড টানার প্রয়োজন আছে। একবারে একটি-একটি করে না দেখলে কোনমতেই সে সোষমোর ছন্দ খ'লে পায় না। তাই আনস্তোর এই যৌগপদ্য তার কাছে একটা খাপছাড়া অবাস্তবতার গণ্ডগোল ঠেকবে। কিল্ডু অনন্ত-চেতনায় সমাক দর্শন ও অনুভবের এই অখণ্ডসমাহার নিতান্ত

যুক্তিসপাত ও স্কুমঞ্জস। বহুভাগ্গম ঈক্ষণের সমাহারে সেখানে গড়ে উঠেছে একটি পূর্ণ-চিন্ময় দর্শন। তার প্রত্যেকটি বিভাবের অন্যোন্যস্পামে ফ্টেছে ঋতস্বমার একটি সহস্রদল, দ্ভির বহুমুখীনতা দ্শ্যের একছকেই সেখানে রুপায়িত করছে—এক প্রমার্থ-সতের সহচরিত বিভাবসমূহকে অন্তহীন বৈচিত্রের লীলায় ছড়িয়ে দিয়েছে রুপে-রুপে।

একই অন্বয়তত্ত্বের আত্মবিভাবনার এই যুগপং-বৈচিন্ত্য যদি অযোজিত্ব না হর, তাহলে কালকলনাহীন শাশ্বত সদ্ভাব আর শাশ্বত কালকলনা— এ-দ্বেরের সহচারও অসম্ভব নয়। অথন্ড আত্মসংবিতের দ্বিট দল দিয়ে রক্ষদেখছেন একই নিত্যতার দ্বিট ভিঙ্গি, স্বতরাং তাদের মধ্যে বিরোধ অকল্পনীয়। শাশ্বত অনন্ত পরমার্থসিতের আত্মসংবিতের দ্বিট বিভূতিতে রয়েছে অন্যোন্যাপেক্ষার সম্বন্ধ—অন্যোন্যবাব্যির নয়। তার একদিকে আছে অব্যক্তিস্থিতি ও অসম্ভূতির শক্তি, আরেকদিকে আছে স্বতঃসম্ভবী কৃতি স্পন্দ ও সম্ভূতির শক্তি। আমাদের বহিষ্টর সম্বন্ধি দর্শন স্বভাবত এ-দ্বেরর মাঝে দেখবে একটা দ্বর্বোধ ও দ্বরপনেয় বিরোধ। কিন্তু রক্ষের মায়াদ্গিতত অর্থাৎ তাঁর শাশ্বত আত্ম-সংবিৎ ও সর্ব-সংবিতের দ্গিতে এই যোগপদ্য যেমন স্বরসবাহী, তেমনি স্বাভাবিক। ঈশ্বরের অনন্ত প্রজ্ঞা-ও জ্ঞানা-শক্তিতে, স্বয়ম্ভু সচিচদানন্দের নির্ঢ় চিৎশক্তিতে উদ্ভাসিত যে-দর্শন, এই অবিরোধ-প্রতায় তারই অনতিবর্তনীয় বিলাস।

ত্তীয় অধ্যায়

নিত্য ও জীব

সোহহর্মান্ম।

मेरनार्भानवर ১৬

আমি হচ্ছি সে-ই।

ঈশা উপনিষদ ১৬

মনৈৰাংশো জীবলোকে জীবজুড়া সনাতনা। উংক্ৰামণ্ডং স্থিতং ৰাপি ভূঞানং বা গ্ৰাদিৰতম্। ...পদ্যান্ত জ্ঞানচক্ষা।

शीका ১৫।१,১०

আমারই সনাতন অংশ জীবলোকে হয়েছে জীবভূত।...জ্ঞান-চক্ষ্ই দেখে ঈশ্বরের দেহে-অবন্থান ভোগ ও উৎক্রমণ।

—গাঁতা (১৫ !৭,১০)

ন্ধা স্পূৰণা সম্বায় সমানং বৃক্ষং পরিষ্ট্রজাতে।
তারোরনাঃ পিশ্বলং দ্বাদ্বস্তান্দ্রনারা অভি চাক্দীতি
যা
বারা স্পূৰ্ণা অম্তস্য ভাগম্ অনিমেবং বিদ্যাভিদ্যারিদিত।
ইনো বিশ্বস্য ভূবনস্য গোপাঃ সামা ধীরঃ পাক্ষরা বিবেশ।

भएका २।२५८।२०,२५

দ্বিট পাখি, স্কুনর তাদের পাখা, একসাথে যুক্ত সথা তারা, একই বৃক্ষকে আছে জড়িয়ে। তাদের একজন খায় স্বাদ্ব পিপ্পল, আরেকজন না খেয়ে চেয়ে থাকে তার পানে।...যেখানে স্পর্ণ আত্মারা অমাতের ভাগ পেয়ে অনিমেষ নরনে চেয়ে ঘোষণা করে বিদ্যাব কথা, সেইখানে জগৎপাতা বিশেবশ্বর বিজ্ঞানী হয়েও আবিষ্ট হলেন অজ্ঞানী আমার মধ্যে।

—ঋশেবদ (১।১৬৪।২০,২১)

এক সর্বব্যাপী পরমার্থ-সং তাহলে নিখিলের সারসত্য। বিশ্বর্পে অভিবাক্ত হয়েও বিশ্বোত্তীর্ণ এবং প্রত্যেক ব্যক্তিজীবের 'হ্দি সন্নিবিক্টঃ' তিনি। এই সর্বগত ব্রাহ্মী স্থিতির এক স্পন্দবীর্য আছে—যা তার অন্তহীন চিতি-শক্তির আত্মবিভাবনী বিস্কির এক অফ্রন্ত উল্লাস। আত্মবিভাবনার একটি পর্বে সে জড়ত্বের আপাত-আচিতিতে নেমে আসে। আবার সেই আচিতির গহন হতে জীবর্পে জেগে উঠে ব্রহ্মের অতিমানস চিন্দবীর্যের লোকোন্তর ভূমির দিকে তার অভিযান চলে। সেই পরমপদে জীব থাকে পায় তার জীবনের গণেগাত্রী, তার বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ স্বর্পের দিবামহিমা। এই

তত্তকে আধার করে ব্রুকতে হবে, আমাদের পার্থিব জীবনে নিহিত রয়েছে যে-সত্যের প্রবেগ, এই জড প্রকৃতিতে প্রচ্ছন্ন রয়েছে যে-দিব্যজীবনের আকৃতি। আমাদের জানতে হবে : জড়ের অন্ধতামিস্ত হতে আবিভূতি হয়ে জড়বিগ্রহের আশ্রয়ে যে-অবিদ্যাকে ফটেতে দেখছি, কোথায় তার উৎস, কি তার স্বরূপ। যে-বিদ্যায় তার পর্যবসান ঘটবে, তারই-বা ধরন কি: কি করে বিশ্বপ্রকৃতি একে-একে দল মেলছে, কি করে জীবচেতনা আপন স্বরূপ ফিরে পাচ্ছে। বস্তুত বিদ্যা প্রচ্ছন্ন হয়ে আছে অবিদ্যার মধ্যে। নতুন করে তাকে অর্জন করতে হবে না. শুধ্য তার মুখের গুণ্ঠন খুলতে হ'ব। ভিতর থেকে উপরপানে আপনাকে সে পর্বে-পর্বে ফুটিয়ে তোলে। সাধনা দিয়ে তাকে পাবার চেয়ে সত্য তার এই সহজ আনন্দে উধের ও গহনে ফরটে ওঠা।...তাহলেও আমাদের মনে একটা খটকা থেকে যায়। যদি-বা মানি—আমাদেরই মধ্যে দেবতা আধারের সব ছেয়ে আছেন, আমাদের এই জীব-চেতনা বিশ্ব-পরিণামের প্রগতিচ্ছদের বাহন, তব্ কি করে বলি, জীব একটা শাবত তত্ত্ব, অথবা আত্মজ্ঞান দ্বারা জীবব্রম্বের তাদাস্মাসিদ্ধিতে জীব যখন মুক্তিভাগী হল, তথনও তার ব্যাণ্টভাবের অনুক্তি অব্যাহত রইল ! এ-সংশয় যখন জাগবেই. তখন তার একটা মীমাংসা গোড়াতেই করে ফেলা উচিত নয় কি?

সংশয়টা তক্ব দ্ধির। অতএব তার নিরসন ভাবোদ্দীপ্ত উদার অন্ক্ল-তকেই সম্ভব। আর এ-সংশ্যের পিছনে অধ্যাত্ম অনুভবের সমর্থন থাকলেও, সে-অন্ভবের সম্প্রসারণ ঘটিয়ে সংশয়ের সমাধান খ্রনতে হবে। নৈয়ায়িকের জল্প-বিত্তভার হানাহানি দিয়েও সত্য-প্রতিষ্ঠার চেষ্টা চলতে পারে। কিন্তু সে-চেষ্টা প্রাণহীন কৃষ্ণিমতায় দুষ্ট, তাতে ধোঁয়ার স্মিট হয় যতথানি, ততথানি প্রামাণোর দীপ্তি থাকে না। যুক্তিতকের একটা নিজস্ব সার্থ কতা আছে, সেকথা অনুস্বীকার্য। যুক্তির শাণে মনের ভাব আর তার বাহন ভাষা দুইই শাণিত দীপ্ত এবং স্কর হয়। তার ফলে, ব্যাবহারিক ভূয়োদশন দিয়েই হ'ক. অথবা দেহ-মন-চেতনার স্ক্রেব্তি দিয়েই হ'ক, যেসব সত্যের সাক্ষাৎ আমরা পাই, প্রাকৃত ব্রণ্ধির স্বাভাবিক আবিলতা হতে তাদের স্বচ্ছ ও নিমর্ক্ত রাখতে পারি। সত্যের সঙেগ সত্যের ধীর যোগয়্কিতেই আমরা বিজ্ঞানের একটি পরিপূর্ণ রূপ গড়ে তুলতে পারি। কিল্তু মৃঢ় বৃদ্ধি সে-জায়গায় আনাড়িপনার চ্ড়ান্ত করে সব-কিছুতে তালগোল পাকিয়ে, ছায়াকে রায় দিয়ে বসে কায়া বলে, অর্ধসত্যকে চট করে মেনে নিয়ে বেঘোরে পা বাড়ায়, কাঁচা সিম্ধান্তের তিলকে ফাঁপিয়ে তাল করে, তর্কের জিদে কি . ভাবের ঘোরে সভ্যের মামলার একতরফা ডিক্রি দিয়ে ফেলে! প্রাকৃত ব্রান্ধির এই ফের হতে আমাদের বাঁচতে হবে। মনকে রাখতে হবে স্বচ্ছ নির্মাল সাবলীল ও স্ক্রদশ্নী—যাতে সাধারণ মান্ধের মত দ্ছিটর অন্দারতায় পদে-

পদে সত্যকেই মিথ্যার যোগানদার করে না তুলি। ন্যায়ের বাদ- ও জল্প-বিচারে যে অনাবিল তর্ক-ব্রন্থির চরম পরিচয় তার অনুশীলনে মনের দূষ্টি স্বচ্ছ এবং শাণিত হয়। অতএব বিজ্ঞান-সাধনায় তার উপযোগিতা । যে অনুপেক্ষণীয়, একথা মানি। কিন্তু শ্বধ্ব তর্ক দিয়ে জগৎ-জ্ঞান বা ব্রহ্ম-জ্ঞান কোনটারই চরমে পের্শছনো যায় না-পরাবর সত্যের মাঝে সমন্বয় ঘটানো তো দুরের কথা। তর্কের প্রধান উপযোগিতা দ্রান্তির নিরসনে—সত্যের আবিষ্কারে নয়। তবে কিনা অজিতি বিজ্ঞান হতে অবরোহক্রমে নৃতন সত্যের সন্ধান দিতে সে পারে, যাকে তখন প্রমাণ করবার ভার পড়ে অনুভব অথবা উধর্বভূমির সত্যদশী ব্,ত্তির 'পরে। একবিজ্ঞান বা সম্যক্-দর্শনের স্ক্রেক্স্যু ভূমিতে মনের তর্কপ্রবৃত্তি তার নিজস্ব বৈশিষ্টাহেতু অনেকসময় বাধারই সৃষ্টি করে—কেননা তর্কপ্রবৃত্তির কারবার ভেদ নিয়ে, চুলুটেরা বিচার করা তার অভ্যাস। তাই যেখানে ভেদকে পরাভূত করে অভেদ-প্রত্যয় ছাপিয়ে উঠতে চায়, সেখানে তার ধাঁধা লাগে। বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ অনুভবের জগতে উত্তীর্ণ হয়েও সাধককে প্রাক্তন সংস্কারবশে এইধরনের নানা বাধার সম্মুখীন হতে হয়। তাই এবার আমাদের খ্রিয়ে দেখা কর্তব্য—কোথা হতে বাধার সূষ্টি হয়, কি করেই-বা তাদের এড়ানো যায়। তার চাইতে বড় প্রশ্ন, একছবিজ্ঞানের স্বরূপ কি? সর্বাত্মভাবে এবং শাদ্বত অদৈবতন্থিতিতে জীবের প্রমপ্রের্যার্থ যখন সিদ্ধ হল, তখন তার দ্বর্পের পরিচয় কি হবে?

প্রাকৃত বৃদ্ধি জীবাত্মাকে অহংএর সংগে জড়িয়ে দেখতে অভ্যস্ত বলে অহন্তার সঙ্কোচ ও বাবর্তক-ধর্মকে সে আত্মভাবের একমাত্র আশ্রয় মনে করে। তা-ই র্যাদ হত, তাহলে অহংএর প্রলয়ে জীবেরও আত্মবিলোপ ঘটত। আমাদের নিয়তি হত জড প্রাণ মন চেতনা বা কোনও অব্যাকত-তত্তের অক্লে পাথারে তালিয়ে যাওয়া—যে অব্যাকৃত সমৃদু হতে ব্যক্তিভাবের ব্যাকৃতি, তার মধ্যে নুনের পৃতৃলের মত গলে যাওয়া। কিন্তু আমরা যাকে অহং বলি, সেই একান্তবিবিক্ত আত্মপ্রতায়ের সত্য স্বরূপ কি? স্পন্টই দেখছি, তার কোনও তাত্ত্বিক স্বভাব নাই: আমাদের মধ্যে প্রকৃতির ক্রিয়াকে নির্দিষ্ট একটা খাতে প্রবাহিত করবার জন্য ব্যাবহারিক প্রয়োজনেই চেতনার সে একটা বিস,ষ্টি। এর্মান করে আমাদের মধ্যে গড়ে উঠেছে মনোময় প্রাণময় ও স্থূল অনুভবের সংকীণ ও বিবিক্ত একটা কোশ। আমরা তাকেই নিজের স্বর্প বলে জানি, প্রকৃতির নিত্যপরিণামের মধ্যে ব্যক্তিভাবের এই ঘনবিগ্রহকেই বলি 'আমি'। তারপর কল্পনা করি : একটা-কিছ, আমাদের মধ্যে আছে, যে ব্যচ্টিভাবে আপনাকে রূপান্তরিত করেছে। ব্যক্তিভাব ষতক্ষণ, ততক্ষণই তার আয়্—সাম-য়িক না হলেও অন্তত কালাবচ্ছিন্ন পরিণামের একটা ধারা সে। আবার কখনও নিজেদের কল্পনা করি ব্যাঘ্টভাবনার আধার বা নিমিত্তর পী মৃত্যুহীন একটা সন্তার্পে। কিন্তু সেইসংগ্র জানি, অমর হয়েও ব্যক্তিম্বের সংখ্কাচকে কাটিয়ে ওঠবার সাধ্য আমাদের নাই। এই অন্ভব আর কম্পনার মিশে গড়ে উঠেছে আমাদের অহংবোধ। সাধারণত এই পর্যন্তই আমাদের জ্বীকন্বভাবের স্বর্প-জ্ঞানের সীমা।

কিন্তু ক্রমে ব্রুতে পারি, আমাদের বর্তমান ব্যক্তিভাব প্রকৃতির একটা বহিরপা পরিণাম মাত্র। একটা বিশেষ দেহপিন্ডে প্রাণের সাময়িক প্রয়োজন-সিম্পির জন্য এ শুখু প্রকৃতির কতগুলি বাছাই-করা উপাদানের সচেতন অথচ সীমিত সমাহার, অথবা জন্মজন্মান্তরের সূত্র ধরে দেহ-পরম্পরার ভিতর দিয়ে সেই সমাহারের নিতাপরিগামী উদয়নের একটা অভিযান। এর পিছনে এক চিন্ময় পরেষ আছেন। তিনি নিজের ব্যাণ্টভাবনা দ্বারা সীমিত বা নিয়ন্তিত নন, বরং ওই সমাহরণের ভর্তা ও নিয়ন্তা হয়েও তিনি তার অতীত। বিশ্ব-ব্যাপী বিরাট অনুভবের ভান্ডার হতে তিনি তাঁর ব্যক্তিবিগ্রহের উপাদান বৈছে নেন। তাই আমাদের ব্যক্ষিভাবনার মূলে যেমন একদিকে রয়েছে বিশ্বভাবনার আবেশ, আরেকদিকে তেমনি আছে এক নিগুটে চেতনার শাসন–যা জীবত্বের অন্তেবকে সার্থক করবার জন্য বিশেবর ভাবকে ব্যাষ্ট্রি ছাঁচে ঢেলে নেয়। পরেষ আর তাঁর বিশ্বপ্রকৃতির উপাদান—এ-দ্যের সমাবেশে আমাদের বর্তমান জীবত্বের অনুভব গড়ে উঠেছে। পুরুষ যদি আমাদের মধ্যে চিন্ময় বিগ্রহের সমাকলন হতে বিরত হয়ে কোনমতে অন্তহিত বিগলিত বা বিলুপ্ত হন. তাহলে এই জীবত্বের বানিয়াদও সেইসন্দো ভেঙে পড়বে। কেননা যে-পরমতত্ত্বের 'পর তার নির্ভার ছিল, সে না থাকলে জীবভাব দাঁড়াবে কিসের উপর? তেমনি বিশ্বপ্রকৃতিরও অন্তর্ধান বিলয় বা বিলোপ ঘটলে অনুভবের উপাদানের অভাবে জীবত্বেরও নিবৃত্তি ঘটবে। অতএব মানতে হবে, আমাদের সত্তার নির্ভার রয়েছে দুর্নটি তত্ত্বের 'পরে। একদিকে আছে তার বিশ্বভাবনা, আরেক-দিকে ব্যক্তিভাবনার চেতনা—যা আত্মান্ভব ও বিশ্বান্ভব দ্বয়েরই প্রবর্তক।

তারপর আরও এগিয়ে দেখি : জীবের হ্দয়ে সিয়িবিষ্ট অন্তর্যামী-প্রর্ষের চেতনা পরিশেষে ব্যাপ্তির পথে চলে। সচেতন আত্মপ্রসারের অবন্ধন বৈপ্রের্জ্ঞার বিশ্বজ্ঞগণ্ড ও বিশ্বভূতকে তিনি নিজের মধ্যে টেনে এনে বিশ্বপ্রকৃতির সন্ধের নিবিড় সামরস্যে একাত্মক হয়ে যান। এই আত্মবিচ্ছ্রেরণের উল্লাসে তাঁর আদিম অন্তবের সংকীর্ণ গণ্ডি ভেঙে পড়ে, ভেঙে পড়ে ব্যাবহারিক জীবনের প্রতি পদে আত্মসংক্রাচ ও ব্যাঘিটভাবনার কার্পণ্য—বিশ্বাত্মভাবনার অনন্ত প্রত্য় ছড়িয়ে পড়ে বিবিক্ত জীবভাব বা সামিত জীবচেতনার সকল কুণ্ঠা ছাপিয়ে। এমনি করে আমাদের জীবড়া হতে অহন্তার কুণ্ডলী খলে যায়। অর্থাৎ নিজেকে বাঁচাতে হলে চারদিকে গণ্ডির র'চে বিশ্বসত্তা ও বিশ্বপরিণামের উদার আলিংগন হতে নিজেকে বিবিক্ত রাখতেই হবে—এই অবিদ্যা নিরাকৃত হয়।

একটি বিশিষ্ট দেশ-কালে আমরা বিশিষ্ট একটি দেহ-মনের অধিকারী মান্র— এই অন্ধ সংস্কার তঁখন মছে যায়। কিন্ত সেইসংখ্য জীবত্ব ও ব্যক্তিভাবনার সকল তত্ত্ত কি শুন্যে মিলিয়ে যায় ? পুরুষের কি আত্মবিলোপ ঘটে তথন না বিরাট-প্রের্বর্পে তিনি অগণিত দেহে-মনে শুধু অত্তর্যামী হরে আবিষ্ট থাকেন?...তা তো নয়। প্রেষের ব্যাঘটভাবনার তথনও নিব্তি হয় না. তাঁর আত্মসত্তা অক্ষ্রের থেকে বিশ্বচেতনায় প্রসারিত হয়েও ব্যক্তিভাবনাকে জাগ্রত রাথে। তথনও মন থাকে। কিন্তু সে-মন আর সাময়িক ব্যণ্টিভাবনার সীমিত প্রতায়কে আত্মভাবের সর্ব'দ্ব বলে ভাবে না। সে জানে, এই সীমার চেতনা সত্তার অতল পারাবার হতে উৎক্ষিপ্ত সম্ভূতির একটা তরভেগাচ্ছনাস মাত্র, অথবা বিশ্বভাবনারই এ একটা চিন্ময় কেন্দ্র বা রপোয়ণ। জীবচেতনা তখনও বিশ্বপ্রকৃতি হতে ব্যক্টি-অনুভবের উপাদান আহরণ করে; কিন্তু বিশ্বপ্রকৃতিকে তখন আর সে নিজের বাইরে অজানার একটা বৃহত্তর ভান্ডার বলে জানে না. প্রকৃতির শাসনে প্রতি পদে তার সঙ্গে খাপ খাইয়ে চলবার বিড়ম্বনাও দূর হয়। জীব তখন জানে, বিশ্বপ্রকৃতি তার মধ্যে, তারই প্রত্যক্-চেতনায়। সে নিমুক্তি চেতনার বিপাল প্রসারে ধরা দেয় তার নিমাণ-স্বাত্ল্যের বিশ্বগত উপাদান এবং বিশিষ্ট কালিক-প্রবৃত্তির ব্যহিত যত অনুভব। এই নবলস্থ চেতনায় জীবাত্মা উপলব্ধি করে, তার সত্য স্বরূপ বিশ্বোত্তীর্ণ সহার অবিনাভূত হয়ে তার মধ্যেই সন্মিবিষ্ট। তার জীবত্বের কুত্রিম ব্যুহ বিশ্বান,ভবের একটা সাধন ছাড়া আর-কিছ, নয়।

বিশ্বসন্তার সংগ্ তাদাখ্যাভাবনা আমাদের মধ্যে এক ক্ট-শ্থ প্রব্রের চেতনা আনে, যিনি য্গপং বিশ্ব-বিগ্রহ ও প্রকৃতি-শ্থ ব্যক্তি-বিগ্রহ দ্ইই। বিশেব জীবে এবং জীবড়ের বহুধা বিলাসে সে-প্র্র্ম অন্ভব করেন একই আজ্বর্বপের বিচিত্র র্পায়ণের রসোল্লাস। এই ক্ট-শ্থ প্রেষ্ স্বর্পত এক, নতুবা তাদাখ্যাবোধের কোনও অর্থ হয় না। কিল্তু এক হয়েও তাঁর আছে বিশ্বভাবনার ও বহুধা-বিচিত্র জীবভাবনার সামর্থ্য। একত্ব তাঁর স্বর্পের জ্ব্ব। কিল্তু বিশ্বভাবনা ও জীবভাবনা সেই স্বর্পেরই নিতাস্ফ্রেরার বীর্থ। এই বিশ্বতাম্থ স্ফ্রেনই তাঁর চিদ্রেলাস—স্কৃত্তি আনির স্ফ্রেলিগ-বিচ্হুরণের মত। এই ক্টে-শ্থ প্রের্থের সংগ্ এক হয়ে তাঁর পরম-সায্ত্রা যদি লাভ করি, তাহলে তাঁর স্বর্পের বীর্থ হতে কেন আমরা বিচ্যুত হব, কেনই-বা এমন করে বিচ্যুত হতে চাইব? যদি শ্রেম্ব তাঁর স্বর্পিশ্থতিকে স্বীকার করি, উপেক্ষা করি তাঁর অনন্ত বীর্থ চেতনা ও আনন্দের প্রসাদকে—তাহলে তার ফলে আমাদের তাদাখ্যবোধেরও অণগহানি হয় না কি? নিস্তর্গণ তাদাখ্যের অন্ভৃতিতে ব্যক্তি জীবের শান্তি ও বিশ্রান্তির আক্তি চরিতার্থ হয়, সন্দেহ নাই। কিল্তু বক্ষাসন্তার বিচিত্র বীর্য প্রবৃত্তি ও প্রকৃতির সংগ্

অবিনাভাবের যে বহ্ভিগ্নম উল্লাস, তাঁর সন্ভোগ হতে তাকে বণ্ডিতও হতে হয়। 'এহো হয়—কিন্তু আগে কহ আর।'—এই নিস্তরংগ স্বর্পাক্সান যে আমাদের পরমপ্র্র্যার্থ, এর বাইরে আর-কিছ্ন্ই যে নাই, একথা মানবার কোনও সংগত কারণ আছে কি?

প্রবিপক্ষী অবশ্য একটা কারণ দেখাতে পারেন। চৈতন্যের শক্তি এবং প্রবৃত্তিতে তাদাস্থ্যান,ভব সম্পূর্ণ হয় না। চৈতন্যের স্থিতিতেই একত্বের অবিকল্পিত পরিপূর্ণ উপলব্ধি।...কিন্ত তাদাস্থ্য-বোধের দুটি বিভাব আছে এবং দুয়ের অনুভবও স্বতন্ত্র। একটি বিভাবকে বলা চলে ব্রন্মের সংখ্য জীবের জাগ্রত যোগয**়ি**ত। আরেকটি, স_ংযুগ্রিতে জাগ্রতের বিল্পির মত ব্লস্তায় ব্যাত্সতার পরিনিব্রণ বা আত্মস্মাহিত তাদাত্ম-প্রতায়। জাগ্রত-যোগে ব্যাণ্ট-পরেষ যুগপৎ প্রবৃত্তির প্রসারণে এবং স্বর্পাব-স্থানের গভীরতায় কটে-স্থ ও বিশ্বদভর পরে,ষের সংখ্য যোগযুক্ত। এই দুটি অন্ভবেরই বিপলে পরিবেশে চলে তাঁর অব্যাহত ব্যাণ্টভাবনার লীলা, অতএব তার সংশ্যে ভেদের ভাবনাও থাকে। পারা্র সর্বভূতের আত্মাকেই আপন আত্মা বলে জানেন। নিজের স্ফুরন্ত তাদাত্ম্যবোধন্বারা তিনি বিশ্বভূতের প্রাণন ও মননের নিবিড সংবিং পান। এমন-কি প্রত্যক-চেতনায় একাথক হয়ে তিনি তাদের প্রবৃত্তির প্রশাসনও করতে পারেন। কিন্তু ব্যবহারের ভেদ তব থাকবেই। প্রমপ্রেষের যে-লীলা তাঁর নিজের আধারে স্ফুরিত, তার সংগ্ তাঁর অপরোক্ষ বিশেষ-যোগ আছে। অপর জীব তাঁর আত্মহবরূপ হলেও তাদের আধারে স্ফুরিত লীলার সংশ্য তাঁর যোগ পরোক্ষ—সেখানে সর্বাত্ম-ভাবনা ও ব্রহ্মতাদাজ্যের অনুভবই যোগের বাহন। অতএব জাগ্রত-যোগে জীবত্ব থাকে—যদিও তার বিবিক্ত অহংভাবের প্রাচীর ভেঙে যায়। বিশ্বের সত্তা জীবত্বের উদার বাহ্ববন্ধনে বাঁধা পড়ে কিন্তু বিশ্বচেতনা জীবচেতনাকে গ্রাস করে ব্যাণ্টভাবের প্রলয় ঘটায় না-র্যাদও বিশ্বভাবনায় অহন্তার সঙেকাচ পরাভত হয়।

ভেদভাবের এই শেষ আভাসট্কুও আমরা একদ্ববাধের ঐকান্তিক অভিনিবেশের মধ্যে তালিয়ে গিয়ে মৄছে ফেলতে পারি। অথচ তাতে কি লাভ ? তাদাদ্ম্যবোধ পূর্ণ হবে তাতে? কিন্তু জাগ্রত-যোগে বিবিক্ত-বোধের ছোঁয়াচ লোগে তাদাদ্ম্যবোধ ক্ষুত্র হয়, এই-বা কেমন কথা? ব্রহ্ম বহুন্ধা প্রজাত হয়েছেন বলে কি তাঁর অশৈবতহানি ঘটেছে? পরমসাম্যের রসে সমাহিত হয়ে যে-কোনও মৄহুতে আমরা যেমন তাঁর নিস্তর্গগ সন্তায় তালিয়ে যেতে পারি, তেমনি এই ভেদশবলিত অভেদের অনুভবে জাগ্রত থেকে যে-কোনও দশায় অক্ষুত্র স্বাতক্র্য নিয়ে কাজ করেও যেতে পারি অশৈবতভাব হতে বিচ্যুত না হয়ে। অহংএর বিলয়হেতু খণ্ডমানসের উগ্র দুরাগ্রহ তখন আর আমাদের চেতনাকে পাঁজিত

करत ना।...তবে कि প্রলয়ের পথ খুজি শান্তি আর স্বর্পবিগ্রান্তির জন্য? কিল্ড তাঁর সঞ্জে একাত্ম হয়েই তো পেয়েছি আমরা শান্তি ও বিশ্রান্তির অখণ্ড অধিকার—যেমন শাশ্বত কর্মের মধ্যেই আছে প্ররমপ্রেরেষের শাশ্বত শান্তির অচল প্রতিষ্ঠা।...তাহলে সমস্ত ভেদভাব নিরসনের আনন্দ পেতেই কি আমাদের এই প্রপঞ্চোপশম প্রলয়ের সাধনা ? কিন্তু ভেদভাবেরও যে এক দিব্য প্রয়োজন আছে। সে যে নিবিড়তর একম্ববোধের সাধন, অহন্তাবিমুট্ জীবনের মত খণ্ডভাবের প্রযোজক তো নয়। এই ভেদভাব দিয়ে যে পাই আমাদেরই আত্মার অপর বিগ্রহের সংগ্রে, সর্বভূতস্থ পরম-প্রব্রুষের সংগ্র পরম সাযুজ্যের অনুভব। তাঁর বহুভাবনাকে অস্বীকার করলে একাত্মপ্রতায়ে কি এই রসের সন্ধান পেতাম? তাদাত্ম্যাবোধ অথন্ডই হ'ক আর সথন্ডই হ'ক. দ্যেরই মধ্যে বন্ধা জীববিগ্রহে আবিষ্ট হয়ে আস্বাদন করেন—এক ক্ষেত্রে তাঁর নিরঞ্জন অদৈবতদ্বরূপ, আরেক ক্ষেত্রে তাঁর অদৈবতবাসিত বিশ্বাদ্যভাব। অশ্বৈতস্বভাব হতে প্রচ্যাত হয়ে আবার তিনি প্রতিষ্ঠিত হচ্ছেন তার নিবিশেষ দ্বরূপে—এ তো তাঁর তত্তভাবের সত্য নয়। স্বোপাধিনিমুক্তি নিরঞ্জন অদৈবতন্থিতিতে সমাহিত হওয়া অথবা বিশেবাত্তীর্ণ তুরীয়ের অব্যক্ত গহনে ঝাঁপিয়ে পডা—সে-অধিকার তো আমাদের কাডছে না কৈউ। কিন্ত অখণ্ড ব্রহ্মী স্থিতির ঋতচিন্ময় ভাবনায় এমন-কোনও অন্তিবর্তনীয় প্রেতি নাই, যা তাঁর বিশ্বাত্মভাবের উদার আনন্দসম্ভোগ হতে আমাদের বণ্ডিত করবে—কেননা এই ঔদার্যের অনুভবই তো জীবত্বের পরম সার্থকতা।

কিন্তু নিত্যজাগ্রত তাদাত্মবোধে জীবচৈতন্য যে কেবল বিশ্বচৈতনাই অনুপ্রবিষ্ট হয় তা নয়। সে তাতে পেশছিয় সেই পরমচেতনায়, যা হতে বিশ্ব আর জীব দুইই উৎসারিত হয়েছে। আমাদের ব্যক্তিভাবনা যেমন সেই ক্ট-স্থ প্রব্যের সম্ভূতি, তেমনি তাঁর সম্ভূতি এই জগং। জগং-ভাবের মধ্যে জীবভাব সবসময় অনুগত রয়েছে। অতএব বিশ্ব আর জীবর্পে সম্ভূতির এই যুগললীলাও পরস্পর ওতপ্রোত হয়ে আছে—তাই ব্যবহারদশাতেও তাদের অন্যোন্যনিভার হয়ে চলতে হয়। অথচ যখন দেখি, জীবচেতনার উদ্মেষে নিখিল বিশ্ব তার কৃষ্ণিগত হয় এবং তাতে চিন্ময় জীবভাবের বিলোপ না হয়ে তার আত্মচিতনারই পরিপ্রেণ উদার বৈশারদ্য ঘটে—তখন একথা না ভেবে পারি না যে, জীবের মধ্যেও বিশ্ব নিত্য অনুগত ছিল, কেবল অহন্তার সঞ্চোচবশে তার অবিদ্যাছেম বহিশেতনা সে অনুগত ছিল, কেবল অহন্তার সঞ্চোচবশে তার অবিদ্যাছম বহিশেতনা সে অনুগত ছিল, কেবল অহন্তার সঞ্চোচবশে তার অবিদ্যাছম বহিশেতনা সে অনুগত ছিল, কেবল অহন্তার সঞ্চোচবশে তার অবিদ্যাছম বহিশেতনা সে অনুগত ছিল, কেবল অহন্তার সঞ্চোন্তবে বখন আমাতে জগং—জগতে আমি' এই দ্বিদল প্রত্যের স্মান্বিত হয়, তখন স্পণ্টই বৃদ্ধি সাধারণ যুক্তির ভাষায় এবার হতে তত্ত্বের বিবৃত্তি আর সম্ভব হবে না। কারণ আর-কিছ্বই নয়। আমাদের ভাষা বস্তুতই

'মন-গড়া'। তার মধ্যে যে-বৃদ্ধি অর্থের আরোপ করেছে, সেও স্থলে দেশ-কাল-নিমিত্তের সংস্কারে বাঁধা রয়েছে। তাই অবাঙ্কমানসগোচর ভূমির অনুভবকে ভাষায় রূপ দিতে গিয়ে তাকে প্রাকৃত জীবনের ইন্দ্রিয়গ্রাহ্য ভাবের 'পরেই নির্ভার করতে হয়। কিন্তু মৃক্ত-পুরুষের চেতনা উত্তীর্ণ হয় যে-লোকে, সে তো জড়াশ্রয়ী নয়। অতএব তার সর্বাবগাহী দর্শনে যে-বিশ্ব ভেসে ওঠে, সেও এই জড় বিশ্ব নয়। সে-বিশ্ব দিব্য-পূর্বের চিন্ময় সম্ভূতির সহস্রদল স্বমা—দ্বলছে তাঁরই চিৎশক্তি ও স্বর্পানন্দের উদার ছল্দে। অতএব জীব ও জগতের অন্যোন্যভাব সেখানে চিন্ময় ও মনোময়। আর সমন্টিরপে বহুত্বের যে দুটি বিভাব, তাদেরই অন্যোন্যস্পাম সেখানে জনলে ওঠে অশ্বৈতান,ভবের চিন্ময়ী দ্যাতিতে—বিদ্যাৎ-ঝলকে আঁকা হয় এক আর বহুর শাশ্বত সামরস্যের চিত্রলেখা। কারণ, বিশ্বে ভেদ ও অভেদের ছন্দে বহুর যে-লীলায়ন, তার মর্মগত পরমসাম্যের শাশ্বত সত্য বিধৃত রয়েছে ওই একের মধ্যে। অর্থাৎ বিশ্ব আর জীব এক বিশেবান্তীর্ণ আত্ম-স্বরূপের বিভৃতি। তিনি বিভক্তবং প্রতিভাত হয়েও তত্তত অবিভক্ত। আপাতবিভাজনের অন্তরালে সর্বত্র তিনি অখণ্ড মহিমায় অনুস্যুত। তাই আমরা দেখি, পিশ্রে ব্রহ্মান্ড ও ব্রহ্মান্তে পিশ্রের অবস্থান। তাই ব্রহ্মে রয়েছে সর্বভূত এবং সর্বভূতে আছেন ব্রহ্ম। নির্মান্ত জীবচেতনা যথন এই তুরীয়ের সায়জ্ঞা লাভ করে. তখন এমনিতর স্ব-গত ও বিশ্ব-গত আত্মান,ভবই তার অন্তরে জাগে, মনের মধ্যে সে-অন্ভব এক দিব্য সামরস্যের আনন্দ-ব্যঞ্জনায় ধরে জীব ও বিশ্বের অন্যোন্যভাব ও অবিলুপ্ত সদভাবের রূপ। সে-সামরস্যে আছে অশ্বৈতের অবিকল্পিত চেতনা, আছে আত্মহারা তন্ময়তা, আছে নিবিড আলিংগনের মুগ্ধ শিহরন।

ব্যাবহারিক বৃদ্ধি দিয়ে এইসব উত্তরভূমির সত্যের ধারণা সম্ভবপর নয়। প্রথমত, অহংকে জীবভাব বলা চলে কেবল অবিদ্যার ক্ষেত্রে। কিন্তু এছাড়াও আধারে সত্যকার এক জীবসন্তা আছে, যা অহন্তা না হয়েও অপর জীবের সন্ধো অহংনির্মৃত্ত বিবিক্তভাবহীন এক শাশ্বতযোগে যুক্ত থাকে। সেযোগের ধর্ম—স্বর্পত অশ্বৈতে প্রতিষ্ঠিত থেকেই ব্যবহারে ব্যাতমণ্য অথবা অন্যোন্যভাবের বিলাস। ব্রহ্মসম্ভাবের পরিপূর্ণ বিভূতি এই অশ্বৈতভাবিত ব্যাতমণ্যকে আগ্রয় করে ফ্রটে উঠেছে। অতএব আমাদের ঈশ্সিত দিব্যজীবনেরও এই ভিত্তি। দিবতীয়ত, প্রাকৃত বৃদ্ধির গোল ঠেকে এইখানে। দিব্যধামের আনন্ত্য হতে বিচ্ছ্রিরত সীমাহীন আন্ধান্ত্রের উত্তরজ্যোতিকে আমরা এই অবরলোকের সীমিত অন্ভবের ভাষায় ফ্রিয়ে তুলতে চাই। সে-অন্ভবের অবলম্বন হল বিশ্বের সান্ত প্রতিভাস আর তার অন্যব্যাবর্তক সংজ্ঞা—যা দিয়ে জড়বিশ্বর তথ্যকে আমরা মনের খোপে-খোপে আলাদা করে

সাজিয়ে নিতে চাই। এই যেমন : 'জীব' শব্দটি ব্যবহার করতে গিয়েও আমাদের তফাত করতে হয় অহং আর সতাকার নিতাজীবে—বেমন 'মান্ধ' বলতে আমরা কখনও বুঝি মেকী মানুষ, কখনও-বা খাঁটি মানুষ। 'মান্ত্র' 'খাঁটি' 'মেকী' 'জীব' 'সতা'—প্রত্যেকটি সংজ্ঞার প্রয়োগ হচ্চে আপেক্ষিক অর্থে। বেশ জানি, ওই সংজ্ঞাগ;লি দিয়ে আমরা যা বোঝাতে চাই, ঠিক-ঠিক তা বোঝাতে পারছি না। ব্যাণ্ট জীব বলতে আমরা সাধারণত ব,ঝি অনাব্যাব,ত্ত একটা সত্ত, যা নিজেকে সবার থেকে আলাদা রেখেছে। কিল্ড কার্যত সমস্ত বিশ্ব খুজেও এমন-একটি অন্যব্যাব্ত বস্তুর সুণ্ধান মি**লবে** না। আসলে আমাদের কল্পিত 'জীব'-সংজ্ঞা মনের একটা বিকল্প মাত। তা দিয়ে ব্যাবহারিক জগতের খণ্ডসত্যকে প্রকাশ করা চলে—এইটকে তার সার্থকতা। মন তার বিকলপস্ট শব্দের জালে জড়িয়ে যায়, ভলে যায় আপাতদ্দিটতে-য**ু**ক্তিবিরোধী বৃহৎ-সত্যের সহযোগেই তার কল্পিত খণ্ড-সত্য পেতে পারে পূর্ণ-সত্যের মর্যাদা—নইলে তার মধ্যে মিথাার ছোঁয়াচকে কোনমতেই এডানো যাবে না। এই যেমন : ব্যাণ্ট্জীবের কথা যথন বলি, তথন সাধারণত দেহ-প্রাণ-মনের অন্যবিবিক্ত ব্যণ্টিভাবনাকেই বড করে দেখি। ভাবি ব্যণ্টিভাবকে আশ্রর করে অপরের সংগ্র একাত্মক হওয়া জীবের প্রেক্ন অসম্ভব। দেহ-প্রাণ-মনের অতীত ব্যশ্টি জীবচেতনার কথা বলতে গিয়েও আমরা তার বিবিক্ত ভাবের কথা ভুলতে পারি না। মনে করি, অপরের সঙ্গে একটা অধ্যাত্মসম্পর্ক বা **হ,দয়ের** যোগাযোগ ছাড়া তাদাম্মভাবযুক্ত ব্যতিষ্ঠেগর নিবিড্ডা অনুভব করা তার পক্ষে অসম্ভব। তাই, বারে-বারে এই কথাটা স্মরণ করিয়ে দেওয়া উচিত যে, সত্য-জীব বা নিত্য-জীব বলতে আমরা বুঝি নিত্য-সন্তার শাশ্বত একটা চিদ্বিলাস—যার প্রতিষ্ঠা অদৈবতভাবনায়, কিন্তু অন্যোন্ডাবনার সামর্থ্য হতে যে কোনকালেই বণ্ডিত নয়। এই নিত্য-জীবই আয়জ্ঞান দ্বারা মৃত্তি এবং অমতের অধিকার পায়।

কিন্তু এতেও প্রাকৃত আর অ-প্রাকৃত বৃদ্ধির দ্বন্ধ মেটে না। নিত্যজীবকে নিত্যন্ধর্পের চিদ্বিলাস বলতে গিয়েও আমরা বৃদ্ধিরই কল্পিত
সংজ্ঞা ব্যবহার করি—কারণ তা নইলে দ্বেধি সন্ধাভাষার শৃদ্ধ প্রতীক ছাড়া
লোকোন্তর অনুভবের বিবৃতি দেবার আর উপায় থাকে না। কিন্তু এতে
দেখা দেয় আরেক গলদ। অহন্তার ছোঁয়াচ বাচিয়ে জীবভাবের পরিচয় দিতে
এবার আমরা সকল বৈশিষ্ট্যবিজিত সামান্য-প্রত্যয়ের ভাষা ব্যবহার করেছি।
বন্তুত জীব চিদ্বিলাস হলেও নির্বিশেষ নয়। নিত্যের তত্ত্ব হলেও তাঁরই
দ্ব-গত ব্যাণ্টভাবনার সে চিন্ময় বিগ্রহ, এবং এই বিগ্রহেই সে অমৃত্ত্বের ভোক্তা।
ভাহতে এই সিন্ধান্ত হয়: শৃধ্ব-যে আমিই আছি বিশ্বে এবং বিশ্ব আছে
আমতে তা নয়। ব্রহ্মও আছেন আমাতে এবং আমিও আছি ব্রন্ধে। কিন্তু

তার এ-অর্থ নয় যে, মানুষের 'পরে ব্রহ্মসন্তার নির্ভার রয়েছে। বরং তাঁর আত্মবিভাবনার অশ্তর্দশায় যার স্ফ্রেণ, তারই আধারে তাঁর বহিব্যক্তি। জীব আছে ত্রীয়ে, কিম্ত ত্রীয়ও স্বর্মাহমায় প্রচ্ছন্ন আছেন জাবের মধ্যে। তারপর দ্বর্পত রক্ষের সংখ্য অবিনাভূত হয়েও তাঁর সদ্বন্ধ-তত্ত্বে সদ্ভোগে আমার কোনও বাধা নাই। মৃক্তজীবরূপে রক্ষের যেমন প্রম্সাম্যের অনুভবে ত্রীয়-ভাবের আম্বাদন পাই—তেমনি জীবে-জীবে, তাঁর বিশ্বর্পেও পাই রক্ষের সামরস্যের আম্বাদন। এমনি করে নিবি'শেষেরই সম্বন্ধ-তত্তের কতগুলি আদিবিভাবে আমরা পে'ছিই। মন তবেই তাদের আভাস পায়, যদি সে মানে— ত্রীয় জীব ও বিরাট ওই চৈতন্যেরই শাশ্বত সিন্ধবীর্য, এক নিবিশেষ সন্মাত্রেরই নিত্যবিভূতি—দৈবতাতীত হয়েও যার তত্ত্ব দৈবতাদৈবতবিবজি ত। জীবের আধারে তাঁরই আত্মচেতনায় তাঁর মহিমা ফটেছে এমনিতর অনিবাচ্য রহস্যের দ্যোতনায়। আমাদের এই বিবৃতিতে সামান্যপ্রতায়ের ভাষা এবার চরমে পে¹ছল। কিন্তু এছাড়া আর উপায় কি! মানুষের ভাষায় সে-অনুভবকে আকার দেওয়া সম্ভব নয়, কেননা ইতি- বা নেতি- কোনও বাদেই বুলিধর কাছে তার পূর্ণাৎগ পরিচয় ধবা পড়বে না। তাই বৈথরী বাকের চরম ঐশ্বয়া দিয়ে র্যাদ তার এতট্রক আভাস দেওয়া যায়—এই শুধু আমাদের আশা।

মুক্তচেতনার কাছে যা নিঃসংশয়িত বাস্তব, প্রাকৃত মন তার মধ্যে দেখে শ্ব্ধ্ বিরুম্ধ-প্রভায়ের একটা জটলা। তাই বিদ্রোহের স্বুরে সে বলতে পারে : 'নিবি'শেষের স্বরূপ আমার জানা আছে; বেশ জানি, তার তত্ত্ব সমস্ত সম্বশ্ধের অতীত। নিবিশেষ আর সবিশেষে আছে অনতিবর্তনীয় একটা বিরোধ। যা সবিশেষ, কিছুতেই তার মধ্যে নিবিশৈষের স্থান হতে পারে না। আবার যা নিবিশেষ, তার মধ্যেই-বা বিশেষ ধর্ম থাকবে কেমন করে? সাত্রাং আমার মননধর্মের গোড়ার সত্যের সঙ্গে যে-কম্পনার বিরোধ ঘটছে, তা যেমন অবোধ্য অতএব মিথ্যা, তেমান অসাধ্য অতএব নিষ্প্রয়োজন। অন্যোন্যবির্দ্ধ দুটি তত্ত্বের দুটিই যুগপং সতা হতে পারে না—মননের এ একটি মৌলিক রীতি। কিন্ত ভাবকের উক্তি এ-র্রাতিকে উল্লেখন করে চলে পদে-পদে। ভাবক বলেন, রক্ষের সংখ্য তাঁর তাদাম্ম্য ঘটে, অথচ রক্ষকে সম্ভোগ করবার সম্ভাবনাও তাতে ক্ষর হয় না। কিন্তু তাদাদ্মাবোধে সমস্তই যথন একাস্মপ্রতায়সার, তথন অন্বয়ব্রহ্ম ছাড়া সেখানে কে-ই বা ভোক্তা কে-ই বা ভোগ্য? ব্রহ্ম জীব আর জগৎ তিনটি বিভিন্ন তত্ত্ব না হলে তাদের মধ্যে অন্যোন্যস্কুবন্ধও সম্ভব নয়। অতএব সম্বন্ধ-তত্ত্বজায় রাখতে মানতে হবে—হয় তাদের নিত্যভেদ. নয়তো সদ্যোভেদ। শেষ কলেপ বলা যেতে পারে, অভেদভাবই তাদের প্রাক্সিন্ধ তত্ত্ব এবং অবশাদভাবী পরিণাম। হয়তো অশৈবতই গোড়ার কথা এবং শেষের কথাও। কিন্তু জীব আর জগৎ আছে যতক্ষণ, ততক্ষণ তো অদৈবতিসিদ্ধি

হবার নয়। বিরাট্-পরেষ তুরীয় অন্বৈতকে জেনে তাতে নিমন্জিত হতে পারেন—বিরাট্-ভাবকে বিসজন দিয়েই। জীবও তেমনি বিরাট্ কি ত্রীয়ে ড বতে পারে জীবত্ব এবং ব্যক্তিভাবনার আত্যন্তিক প্রলয় ঘটিয়ে।...এ-ও হতে পারে : অদৈবতভাবই যখন শাশ্বত সত্য, তখন জীব ও জগং দুইই স্বরূপত অসং। তাদের প্রতিভাস শাশ্বত বন্ধাসন্তায় স্বারোপিত একটা বিভ্রম মান। অবশ্য একথাটাও অন্যোন্যবিরোধদ্বন্ট, অতএব ধাঁধার শামিল। কিন্তু ব্রহ্মসত্তায় अत्नानाविद्यास्यतं कल्भना थाकरलेखं ठात अभाधात्मतं मात्र आभात नाहे। **ठावर**ल বাবহারের জগতে অথবা মননের গোড়াতেই অন্যোন্যবিরোধকে স্বীকার করে কিংবা তার সমাধান না করে তো আমার কাজ চলে না। অতএব আমার সামনে দুটি পথ খোলা : হয় ব্যবহারদশায় জগংকে সত্য মেনে ভাবব কাজ করব : নয়তো তত্ত্বত জগৎকে মিথ্যা জেনে করব নৈম্কর্ম্য এবং চিন্তাবিরতির সাধনা। বিরোধের সমাধান করা তো আমার দায় নয়। ব্রহ্মের মত আমিও যে জীবভাব ও বিরাট'-ভাবের অতীত লোকোত্তর চেতনায় দীপ্ত হয়ে জগতের বিরোধ নিয়ে কারবার করব ওই তুরীয় ভূমিতে থেকে, এ তো আমার পরে ষার্থ নয়। জীব থেকেই বন্ধা হওয়া অথবা তিনটি ভাবকে যুগপং অংগীকার করা যেমন আমার কাছে ন্যায়সিন্ধ নয়, তেমনি ক্রিয়াসাধ্যও নয়।' প্রাকৃত বুন্ধির এই রায়ে অবশ্য কোথাও অস্পন্টতা নাই। তার বিশেলষণে দিবধা নাই, যুক্তিতে নাই স্বাধিকার-नश्चरनत উৎकट প্রয়াস कि ভাবকালির প্রদোষচ্ছায়ায় পথ হারানোর বিড্ন্বনা। যে-ভাবকতার আমেজট্বকু তার মধ্যে আছে, তা যেমন স্বচ্ছ তেমনি নির্প্রণ। তাই সহজব্বান্ধর কাছে জীবনসমস্যার এ-সমাধান এত উপাদেয়। অথচ এ-সমাধানে আছে তিনটি ভুল। প্রথম ভুল, নিবিশেষ ও সবিশেষের মাঝে অনপনেয় বিরোধের সূচিট। দিবতীয় ভল অন্যোন্যব্যাব্তির প্রাকৃত বিধানকে একটা অনতিবর্তানীয় সার্বভৌম বিধান মনে করা। আর তৃতীয় ভুল, যে-বস্তুর তত্ত নিতাের কোঠায়, কাল দিয়ে মেপে তার কোষ্ঠীবিচার করা।

নির্বিশেষ বলতে আমরা বৃঝি এমন-একটা তত্ত্ব, যা শৃথ্য জীবকে নর, জীবধারী বিশ্বপ্রকৃতিকেও ছাড়িয়ে গেছে। যে বিশ্বোত্তীর্ণ প্রুষ্থকে আমরা ঈশ্বর বলি, নির্বিশেষ তাঁরই পরম তত্ত্ব। তাঁকে ছাড়া এই দৃশ্য জগতের উশ্ভব বা সন্তা একম্হুর্তের জন্যেও সম্ভব হত না। সমস্ত সম্বশ্ধের অতীত স্বয়ম্ভূস্বভাব বলে ইওরোপীয় দর্শনে একে বলে Absolute, ভারতীয় দর্শন বলে বল্লাং। যা-কিছ্ম সবিশেষ, তার সন্তা নির্ভার করে তার অন্তগর্ত্ত সামান্য-সত্যের অধিষ্ঠানের 'পরে। সে-অধিষ্ঠানসত্য যেমন সবিশেষের ধর্ম ও বীর্ষের উৎস এবং আধার, তেমনি নিখিল সবিশেষের সে অতি-ষ্ঠাও। প্রত্যেক সবিশেষ তত্ত্বের বিবিক্ত প্রকাশ, অথবা আমাদের জ্ঞানগম্য নিখিল সবিশেষের সমূহ-প্রকাশ—দ্ইই নির্বিশেষ অধিষ্ঠানতত্ত্বের অর্থক্রিয়াকারী একটা

অবর অংশকলা মাত্র। য্রন্তিতে পাই নির্বিশেষের উদ্দেশ, অধ্যান্থ-অন্ভবে পাই তার অপরোক্ষ পরিচয়। কিন্তু সংবেদন যত উজ্জ্বলই হ'ক, তার প্বর্প অনির্বাচ্যই থেকে যায় আমাদের কাছে—কেননা মান্ধের বাণী ও মন স্বিশেষেরই খবর দিতে পারে শ্ব্র্। নির্বিশেষতত্ত্ব তাই অনির্ক্ত-প্রভাব, অবাঙ্মানসগোচর।

এপর্যন্ত ভাবনার মধ্যে কোনও গোল নাই। কিন্তু এর পরেই শুরু হয় ব্যদ্ধির দৌরাখ্য। বিরোধের সংস্কার মনের মঙ্জাগত, ভেদ ও দ্বন্দের কল্পনা ছাড়া এক পা এগোবার সাধ্য তার নাই। তাই নিবিশেষ তার কাছে সবিশেষ উপাধি হতে নিম ্কু নয় শুধু—ওই উপাধি-নিম ক্রিকেই আবার সে কল্পনা করে নির্বিশেষের একটা উপাধি বলে। অতএব যা নিরুপাধিক, উপাধিযুক্ত হবার সামর্থ্যই তার স্ব-ভাবে নাই—এই তার রায়। নিবি'শেষের সংগ্রু সবিশেষের শাশ্বত দ্বগত-বিরোধই তার মতে পরমার্থতিত্ব। কিন্তু এমনি করে যুক্তির ভুলে আমরা একটা উভয়সঙ্কটের মধ্যে পেশছই। নিবিশেষ সবিশেষের শাশ্বত প্রতিষেধ যদি হয়, তাহলে জীব ও জগতের সম্ভাকে শধ্যে রহস্য না বলে বলতে হয় ন্যায়ত অসিন্ধ। কেননা পূর্বে ক্রি সিন্ধান্ত অনুসারে নিবিশিষ সবিশেষ-ভাবনার উপাধি এবং সামর্থ্য হতে নিমুক্তি—অথচ সবিশেষ-ভাবনার নিমিত্ত না হলেও অন্তত আধার তো বটেই। অতএব নিখিল সবিশেষের স্বরূপসত্য তাতেই নিহিত রয়েছে। এ-বিরোধের সমাধান কি? সঙ্কট হতে বাঁচবার **একটিমাত্র** পথ আছে। সে-পথ য**়**ক্তির না অয**়**ক্তির, তা বলা কঠিন। বলতে পারি: নীরূপ নিবিশেষ শাশ্বত-সন্মাতে জগংভাবের আরোপ একটা স্বতঃসিদ্ধ বিভ্রম, কালকলনার একটা অবাদত্ব বিলাস। এ-আরোপের প্রযোজক হল আমাদের প্রমাদী জীবচেতনা যা মিথ্যা ক'রে বন্ধকে জগদাকারে আকারিত দেখে—যেমন ভুল ক'রে মান্য দড়িকে দেখে সাপ। কিন্তু জীবচেতনাও তো ব্রহ্মাধিষ্ঠিত একটা সবিশেষ তত্ত্ব—ব্রহ্মের সত্তায় সে সত্তাবান, নইলে বাস্তব-তত্ত্ব তার কিছুই নাই: অথবা স্বরূপত সে ব্রহ্মই। স্বতরাং জীবের শ্বারা ব্রহ্মে জগশ্ভাবের আরোপ যেখানে, সেখানে বস্তৃত ব্রহ্মই আমাদের মধ্যে থেকে নিজের 'পরে আরোপ করছেন এই বিশ্রম, নিজেরই চেতনার বিশেষ-কোনও প্রকারে বাস্তব রুজ্জুকে ডুল করছেন অবাস্তব সপ্র বলে, তাঁর অনির্বাচ্য নিরঞ্জন স্বর প-সত্যে আরোপ করছেন জগতের একটা প্রতিভাস। ব্রন্ধের আত্মচৈতন্য এ-আরোপের অধিষ্ঠান নাও র্যাদ হয়, তব্ব আরোপের অধিষ্ট্রানচৈতন্য তাঁর বিভূতি, তাঁরই আশ্রিত—মায়াতে তাঁর আত্মপ্রসর্পণ। কিন্তু এ-ব্যাখ্যায় কিছ**ু**ই ব্যাখ্যাত হল না—গোড়ায় যে-বিরোধ দেখা দিয়েছিল তা তেমনি উদ্যতই থেকে গেল। বিরোধের সমাধান না করে আমরা তাকে ভাষান্তরিত করলাম মাত্র। তাইতে মনে হয়, লোকোত্তর রহস্যকে তর্কব্দিধর কৌশল দিয়ে ব্যাখ্যা করবার

দুরাগ্রহে আমরা শুধু ধোঁয়ার সৃষ্টি করেছি মিছামিছি—শুষ্ক তার্কিকের মত আপন কোট বজায় রাখতে গিয়ে। **য**ুক্তি মেনে চলার বাহাদুরিতে নিজের ব্যান্ধর 'পরে যে-সংস্কারের ভার চাপিয়েছি তাকেই অমারা আরোপ করেছি নিবি'শেষের 'পরেও। কি করে জগৎ হল, সে-রহস্য প্রাকৃত মনের অগোচর বলে ধরে নিয়েছি—নিবি'শেষ ব্রক্ষের জগংরূপে নিজেকে বিসূষ্ট করবার সামর্থ্যই নাই। কিন্তু জগৎস্থিতেও রক্ষের যেমন বাধে না, তেমনি বাধে না তার সেই সংগেই বিস্থিত্র অতি-ষ্ঠা হতে। আসল বাধা আমাদের সংকীর্ণ মনের সংস্কারে। সান্ত আর অনন্তের সহভাব যে অতিমানস ন্যায়ে সিন্ধ— একথা সে বুঝতে পারে না. ধরতে পারে না অবিশেষের সঙ্গে বিশেষের গাঁটছড়া বাঁধা হয়েছে কোন্খানটায়। প্রাকৃত বৃদ্ধির যুক্তিতে এরা পরস্পরের বিরোধী। ব্রাহ্ম-ন্যায়ে এরা অন্যোন্যসম্বন্ধ—একই তত্ত্বের একান্তবিরুদ্ধ ধর্মের প্রকাশ নয়। অনন্ত-সন্মাত্রের চেত্না আমাদের মনন্দেচতনা কি ইন্দ্রিয়চেত্নার মত নয়। তার বাহং উদার আবেণ্টনে মন আর ইন্দ্রিয় একটা অবর্রবভূতির ক্রিয়া মাত্র। তাই অনন্তেব যাক্তি মনের যাক্তি হতে একেবারেই আলাদা। মন পায় তথ্যের গোণ পরিচয় এবং তা-ই দিয়ে তার ভাব ও ভাষা গড়ে। অতএব তার দৃণ্টিতে জগতে অনপনেয় বিরোধের অন্ত নাই। কিন্তু আনন্ত্যের আছে ন্বাংগীভূত অন্যাদিতথ্যের অপরোক্ষ অনুভব: তা-ই দিয়ে বিরোধের সমন্বয়সাধনা তার পক্ষে সহজ ও স্বাভাবিক।

আমাদের ভুল হয়, যখন আনির্বাচ্যের নির্বাচন করতে গিয়ে ভাবি, সর্ব-ব্যাবর্তক 'নেতি'র বিশেষণ দিয়েই বুঝি তাঁর পূর্ণ পরিচয়। অথচ নিবিশেষ ব্রহ্মকে চরম ইতিস্বরূপ এবং সমস্ত ইতির প্রবর্তক না ভেবেও উপায় নাই। তীক্ষাব্দিধ বহু দার্শনিক তার্কিকের চুলচেরা শব্দবিচারে না ভুলে শুধু বিশেবর তথোর প্রতি দৃষ্টি রেখে নিবিশেষ-তত্তকে যে বৃষ্ণির একটা অলীক কম্পনা বলে উড়িয়ে দিয়েছেন, এও কিছু, আশ্চর্য নয়। এ'দের মতে নির্বিশেষ-তত্ত তার্কিকের শব্দজাল হতে উৎপন্ন একান্ত অবাস্তব একটা শ্নোর বৃদ্ধদ মাত্র। সত্যকার তত্ত্বস্তু হল শাশ্বত সম্ভূতি—নিবিশেষ অসম্ভূতি নয়। প্রাচীন খবিরা 'ব্রহ্ম এ নয়, ব্রহ্ম তা নয়' বলে নেতিবাদ দিয়ে ব্রহ্মকে লক্ষিত করলেও, তাঁর ইতিস্বর্পের লক্ষণ বলতে কিন্তু ভোলেননি। কারণ তাঁরা ব্ৰেছিলেন, ব্ৰহ্মকে শ্বধ্ নেতি বা ইতি দিয়ে বিশেষিত করলে সে হবে সত্যের অপলাপ। তাই তাঁরা বললেন, 'অল্লং ব্রহ্ম, প্রাণো ব্রহ্ম, মনো ব্রহ্ম, বিজ্ঞানং ব্রহ্ম, আনন্দো ব্রহ্ম—সত্যং জ্ঞানম্ আনন্দং ব্রহ্ম।' অথচ এর কোনটিতেই ব্রক্ষের সমগ্র পরিচয় হয় না, এমন-কি অখন্ড-সচ্চিদানন্দের উদারতম প্রত্যয় দিয়েও তাঁর ইতিস্বরূপের শেষ খবর মেলে না—একথাও তাঁরা জানতেন। প্রাকৃত জগতে দেখি মনশ্চেতনা যত উধের্ব উঠ্কে, কোনও ইতির ভাবনা দিয়েই বস্তুর তত্তকে

সে নিঃশেষ করতে পারে না, তাই তার প্রত্যেক ইতিকে ছাপিয়ে থাকে নেতির মায়া। কিন্তু তাবলে সে-নেতি তো শ্ন্য নয়। বাস্তবিক যাকে শ্ন্য বলে ভাবি, তার ম্ধাই যে সংহত হয়ে আছে সন্তার বীর্য ও শক্তির সংবেগ—ভূতার্থ ও ভব্যার্থের ঘনীভূত সমাহার। আবার নেতির সন্তায় তার প্রতিযোগী ইতি অসং কি অবাস্তব হয় না। ইতিবাদ শ্বারা যে বস্তুর স্বর্প-সত্যের এমন-কি ইতি-র্পেরও প্রণ পরিচয় হতে পারে না, নেতিবাদে থাকে তার ইণ্গিত। কারণ তত্বভাবে ইতি আর নেতি যে পাশাপাশি আছে শ্র্য্ব তা নয়—তারা আছে অন্যোন্যসম্বেশ্ব এমন-কি অন্যোন্যাগ্রিত হয়ে। তাই অবাঙ্মানসগোচর সম্যক্দর্শনে তারা ফোটায় অথন্ডের পরিপ্রণ ব্যঞ্জনা—একের আলোকপাতে অপরের রহস্য সেখানে দীপ্ত হয়ে ওঠে। বাস্তবিক একা-একা তাদের ইতিহাস কথনও সম্পূর্ণ হয় না। একটির তত্ত্ব করতে গিয়ে যথন আপাত্বিরোধী তত্ত্বের ব্যঞ্জনাকে তার সঞ্গে জড়িয়ে নিই, তথনই পাই তার মর্মসত্যের নিবিভ পরিচয়। অতএব নিবিশেষের তত্ত্ব পেতে হলে, বোধির উদার-গহন অন্ভবকেই করতে হবে ব্রণ্ধির সাধন—শৃষ্ক তর্কের ব্যাবর্তক-ব্রিকে নয়।

আমাদের চেতনায় ব্রহ্মভাবের যে বিচিত্র স্বতঃস্ফুরণ তা-ই দেয় তাঁর ইতিস্বরূপের পরিচয়। আর তাঁর সম্পকে নেতিবাদ জাগায় তাঁর নিবিশেষ ইতি-ধর্মের অশেষ পরিশেষকে, যা দিয়ে ইতিবাদের কুণ্ঠা নিরাকৃত হয়। ব্রহ্মের প্রথম পরিচয়ে পাই তাঁর সুম্বন্ধ-তত্ত্বে মূল সূত্রগুলি। জানি, তিনি সাত এবং অন্ত, স্বিশেষ ও নিবিশেষ, সগুণ ও নিগুণ। প্রত্যেকটি উপাধি-দ্বন্দের, নেতিকারের মধ্যে নিহিত রয়েছে তার প্রতিযোগী ইতিকারের সমূহ বীর্য। নেতির গর্ভ হতেই ইতির স্ফুরণ, অতএব দুয়ে কোথাও বিরোধ নাই।...সম্বন্ধ-তত্ত্বের পরের ধাপে পাই তাঁর অনতিসক্ষ্মা সত্য-বিভূতির পরিচয়। জানি, তিনি বিশেষাত্তীর্ণ ও বিশ্বাত্মক, বিরাট ও ব্যাণ্ট। এখানেও দেখি, উপাধি-দবনের প্রত্যেকটি কোটি তার আপাতবিপরীত কোটির অন্তর্ভুক্ত। বিরাট নিজেকে যেমন সংহত ও বিশিষ্ট করছেন ব্যক্তি জীবে, তেমনি ব্যফির মধ্যে আছে বিরাটের নিখিল সামান্য-গ্রেণর অক্ষত সমাহার। বিরাট চেতনা তার পরিপূর্ণ ঐশ্বর্যকে জানে জীবচেতনার অর্গণিত বৈচিত্র্যে নিজেকে র পায়িত করেই, বৈচিত্রাকে নির্ম্থ করে নয়। তেমনি জীবচেতনার সার্থকতা বিশ্বচেতনার আবেশে, বিশ্বাদ্মভাবনার স্ফুরণ্রেত্ অকুণ্ঠ আত্মপ্রসারণে— অহন্তার সঙ্কোচে নিজেকে সীমিত করে নয়। আবার বিশেব্রর সমূহে ও ব্যহে আছে বিশ্বোত্তীর্ণের অথণ্ড সমাবেশ। তার বিশ্বভাব অট্টে থাকে নিজেরই তুরীয়-তত্ত্বের অধিষ্ঠানে। ভূতে-ভূতে আপন তুরীয়-দ্বভাবের দিবা-মহিমাকে অনুভব করেই তার জীবভাবের লোকোত্তর সাধনা সার্থক হয়। তেমনি দেখি, বিশ্বোত্তীর্ণই বিশ্বের আধার ও উপাদান, তাঁহতেই বিশ্বের বিস.চ্টি।

এই বিস্থিতিত তিনি খংজে পান তাঁর অনন্ত বৈচিত্রের অপর্প ছন্দঃসম্বমা।
...সম্বন্ধ-তত্ত্বের আরেক ধাপ নীচে নামলেও দেখি, ইতি আর নেতির একই খেলা। নির্বিশেষ রক্ষে আমাদের পেণছতে হবে দিক্সভাবনার বৃহৎ-সামে তাদের সকল বিরোধকে গেথে নিয়েই, বিরোধকে হঠের দ্বারা বিল্পু করে বা তার উগ্রতাকে চরমে তুলে নয়। কারণ, নির্বিশেষের মধ্যে আছে সকল বিশেষের, আত্মর্পায়ণের ছন্দোবৈচিত্রের সার্থক সদ্ভাব—প্রতিষেধ নয়, তাদের সত্যপ্রতিষ্ঠার মূল নিদান—মিথ্যাত্বের আক্ষেপ নয়। নির্বিশেষের মধ্যে জগৎ ও জীব জগণভাব ও জীবভাবের স্বর্প-সত্য খ্রেল পায়—তাদের নিরসন ও মিথ্যাত্বের প্রামাণ্যকে নয়। নির্বিশেষ রক্ষ তাঁর যত আত্মবিভূতি বৈতিশ্যকের মত কেবল খণ্ডন করছেন না; বরং তাঁর অস্তিত্বে আছে অস্তিভাবের এমন একান্ত ও অনন্ত বীর্যা, যা অস্তিত্বের কোনও সান্ত প্রত্যের নিঃশেষিত অথবা সীমিত হতে পারে না।

এই যদি নির্বিশেষ রক্ষের তত্ত্বয়, তাহলে আমাদের প্রাকৃত বৃদ্ধির অন্যোন্যব্যবিত্তির যুক্তি নিশ্চয়ই তাঁর বেলায় খাটবে না। লোক-ব্যবহারে সে-যুক্তি খাটে, কেননা সেখানে খন্ড-সত্য নিয়ে আমাদের কারবার। সেখানে আছে দেশের বিভাগ, কালের ক্ষণভংগ, বস্তুর আরুতি-প্রকৃতিতে ভেদ। তাদের মেনে নিতে হয় বলেই অভীষ্টার্সান্ধর জন্য আমরা খ্রাজ বস্তুস্বর পের স্ক্রুপণ্ট ছককাটা একটা পরিচয়। লোক-ব্যবহারের মধ্যে অন্তিত্বের সত্য প্রকাশিত হয়েছে রূপায়ণের অনতিবর্তানীয় উচ্ছলনে—অর্থাকুয়াকারিতা যার ততু। প্রকৃতিতে, বস্তুর বহিব্ ব্র বায়েশে আমরা তার স্কুস্পট পরিচয় পাই। কিন্তু অস্তিত্বের সোপান বেয়ে উপরপানে যত উঠে যাই, ততই দেখি নিয়তিকৃত নিয়মের আড়**ষ্ট বন্ধন শিথিল হ**য়ে আসছে। জড়শক্তির বেলায় ব্যাব্**তি**র বিধান মানতে পারি, কেননা তখন বস্তুর স্বরূপ ও বীর্যের একটা মাত্র দিক <mark>আমাদের প্রয়োজন। বস্তুস্বরূপ অব্যাহত থা</mark>কবে, অর্থান্ট্য়ার খাতিরে তার ধর্ম ও সামর্থ্য বিশেষভাবে সীমিত হবে—তবেই আমরা তাদের নিয়ে কাজ করতে পারব। তাই ব্যবহারের জগতে অন্যব্যাবর্তক ধর্মেই বদ্তুর পরিচয়। কিন্তু মানুষ ক্রমে ব্ঝছে, ব্লিখকত ভেদ এবং বিজ্ঞানের হাতে-কলমে পরীক্ষণ ও বগীকরণ বিশেষ প্রয়োজনে আপন-আপন ক্ষেত্রে সার্থক হলেও তাতে বস্তুস্বভাবের সমগ্র বা তাত্তিক রূপের সন্ধান মেলে না। এতে সমণ্টির তত্ত্ব পাওয়া দুরে থাকুক, বিশেলষণের স্ববিধার জন্য যাকে সমূহ হতে বিচ্ছিন্ন করে কৃত্রিম একটা বর্গের খোপে পরেছি, তারও নিখ্বত পরিচয় পাই না। অবশ্য বিচ্ছিন্ন করার ফলে, হাতের মুঠায় পেয়ে তাকে খুশিমত নাড়াচাড়া করতে পারি বটে: এবং তাইতে ভাবি, বিষয় সম্পর্কে প্রবৃত্তি-সামর্থ্যই আমাদের বিবিক্ত ও বিশ্লিষ্ট জ্ঞানকে পূর্ণসত্যের মর্যাদা দেয়। কিন্তু পরে ব্রুতে

পারি, খণ্ডজ্ঞানের ক্ষ্দু গণ্ডিকে ছাড়িয়ে গিয়েই আমরা পাই বৃহত্তর সত্য ও মহত্তর সিদ্ধির অধিকার।

জ্ঞানের প্রথম ভূমিতে সমৃষ্টি হতে বাষ্ট্রিকে বিবিক্ত করে দেখবার প্রয়োজন নিশ্চয় আছে। হীরা হীরাই, মোতি মোতিই—দুয়ের জাতি আলাদা. অনা-ব্যাবর্তক ধর্মেই দুয়ের নিজম্ব পরিচয়। কিন্তু এছাড়াও দুয়ের মধ্যে কতগুলি সামানাধর্ম আছে—এমন-কি বিশেবর তাবং জড়পদার্থের সংগ্রে কোনও-না-কোনও দিক দিয়ে তাদের সাধর্ম্য আছে। সত্য বলতে তারা টিকে আছে পরস্পরের সাধর্ম্যের জোরে—বৈধর্ম্যের জন্য নয়। এই সাধর্ম্যের পরিধিকে প্রসারিত করে যখন দেখি, বিশ্বের সমৃদ্ত জড়পদার্থের মূলে আছে এক শক্তি, এক উপাদান—বলতে গেলে এক অথন্ড বিশ্বস্পন্দই স্বাত্মত্তত ঋতম্ভরা সম্ভূতিকে র পায়িত করছে বিচিত্র ধর্ম ও ব্যাকৃতির অফ্রনত উৎসারণে ও সংযোজনে, তখন আমরা পাই নিখিল জড়ের কটেন্থ মর্মাসত্যের পরিচয়। শুধু ভেদক ধর্মের পরিচায়ে খুশী থাকলে হীরা-মোতির কারবার অবশ্য পাকা হবে, জাতি ও গুলের বিচার করে তাদের দর ফেলাও যাবে। কিন্তু জাতিধর্মের গোড়ার খবর জেনে সাধর্ম্যের সূত্র হীরা আর মোতির মোল উপাদানগর্লি যদি বাঁধতে পারি, তাহলে খুশিমত হীরা কি মোতি উৎপন্ন করাও আমাদের পক্ষে অসম্ভব হয় না। আরও এগিয়ে গিয়ে নিখিল জড়ের মর্মধাত্তক যদি হাতের মঠায় আনতে পারি, তাহলে ইচ্ছামত বস্তুর র্পান্তর ঘটিয়ে ভূতজয়ের সিন্ধিও আয়ত্ত করতে পারি। তাই বৈধর্মোর জ্ঞান পরম সত্যে ও চরম সিদ্ধিতে পেণছয় তখন, যখন বৈচিত্রোর অন্তগর্ন্ত একম্বকে আবিষ্কার ক'রে সকল বৈধর্মোর মর্মচর সাধর্মোর নিগ্ড় বিজ্ঞানে অবগাহন করি। এই নিগ্ড় বিজ্ঞানে ব্যাবহারিক জ্ঞানের সার্থকতা ক্ষ্মের হয় না, অথবা তার তুচ্ছতাও সপ্রমাণ হয় না। জড়ের চরমতত্তের আবিষ্কার হতে আমরা এমন সিম্ধান্তও করে বসি না যে, জড় বা বিশ্বমূল কোনও র্পধাতু কোথাও নাই—আছে শ্বে শক্তির র্পাভিম্থী স্পন্দ বা জড়াভিম্থী বিস্ছিট। এমন কথাও বলি না তখন যে, হীরা-মোতি সমস্তই অসং এবং অবাস্তব—তারা আমাদের জ্ঞানেন্দ্রিয় ও কর্মে ন্দ্রিয়ের কল্পিত একটা বিদ্রম। বলি না. শক্তি স্পন্দ বা র্পধাতুর অশৈবতই জড়বিশেবর একমাত্র শাশ্বত তত্ত্ব, অতএব জড়বিজ্ঞানের প্রমপ্র্র্যার্থ হবে—হীরা-মোতি সব-কিছ্ককে ওই শাশ্বত মোলতত্ত্বে বিলীন করা, তাদের ধর্ম ও ব্যাকৃতির অত্যন্তনাশ ঘটানো !...পদার্থের যেমন আছে ুস্বর্প-সত্য, তেমনি আছে সাধর্মোর সত্য এবং ব্যক্তি-ভাবেরও সত্য। শেষের দুটি স্বর্প-সত্যেরই নিত্যসিম্ধ বীর্ষবিভূতি। স্বর্প-সত্য অবশ্য তাদের ছাড়িয়ে রয়েছে, কিন্তু তিনের সমাহারেই সন্মায়ের শান্ত পরিচয়—বিবিক্তভাবনায় নয়।

-জড়ের জগতে উধর্লোকের স্ক্রবীর্যকে স্থ্লব্দিধর গোচর করতে না

পারলেও, অখন্ডের ভাবনা যে এখানেও সত্য, বহু, কন্টে তার একটা অদপন্ট ধারণা করতে পারি। কিন্তু তার রূপটি উল্জ্বল ও বীর্যসম্পন্ন হয়ে ওঠে— যখন উত্তরায়ণের পথে চলতে থাকি। তখন দেখি ভেদকধর্ম ও বগণীকরণের সার্থ কতা যেমন আছে, তেমনি আছে সীমাও। বস্তৃত সকল বস্তুই ভিন্ন হয়েও এক। ব্যবহারের প্রয়োজনে উদ্ভিদ পশ**্ব আর মান্ত্র আলাদা-আলাদা**। কিন্তু তলিয়ে দেখলে ব্রিঝ, উদ্ভিদও পশ্রর পর্যায়ে পড়ে—তফাত কেবল এই যে, তার মধ্যে আত্মচেতনা ও ক্রিয়াশক্তি এখনও যথেষ্ট পরিণতি লাভ করেনি। পশ্র মধ্যে পাই মানবতার অস্পণ্ট স্চনা; মানুষও পশ্র, শুধ্র আত্মচেতনা ও চিংশক্তির মাত্রাধিক্য মানুষের বৈশিষ্ট্য দিয়েছে তাকে। আবার এই মানুষেই নিরুদ্ধ হয়ে আছে চিৎশক্তির এমন-একটা সংবেগ, যার মধ্যে নিহিত রয়েছে দেবত্বের বীজ। অতএব মানুষেও দেবতার অস্পন্ট সূচনা আছে। এমনি করে, উদ্ভিদে পশতেে মানুষে দেবতায় শাশ্বত-প্রুষ্ই গ্রেহাহিত ও খিলীভূত হয়ে আছেন তাঁর সন্তার এক-একটি বিভৃতিকে ফ**্**টিয়ে তোলবার জন্যে। প্রত্যেকের মধ্যে আছে শাশ্বত গঢ়েোত্মার পরিপূর্ণ আবেশ। মানুষ যথন প্রকৃতির অতীত-পরিণামের সমাহরণ করে, মনুষ্যত্বের আকারে তার রূপান্তর ঘটায়, তখন মন,ষাব্যক্তি হয়েও সে বিশ্বমানবের প্রতীক। তার মধ্যে বৈশ্বা-নরেরই ব্যক্তিভাবনা মন্যাত্ব হয়ে ফুটে ওঠে। মান্য সর্বময়, অথচ সে স্বনিষ্ঠ এবং অদ্বিতীয়। সে যা তা-ই। তব্তু তার মধ্যে আছে নিখিল অতীতের সমাহার এবং নিখিল ভবিষ্যের সম্ভাবনা। শৃধ্যু তার বর্তমান ব্যক্তিভাব দিয়ে তার সকল রহস্য বুঝব না। তেমনি, শুখু তার মানবছর্প সাধর্মোর সত্যকে যদি দেখি, অথবা ব্যক্তিধর্ম ও জাতিধর্ম উভয়কে ছেণ্টে ফেলে বিশুন্ধ তত্তভাবের মধ্যে তার মানবতার পী ভেদকধর্ম এবং ব্যক্তিভাবের সকল বৈশিষ্ট্য যদি তালিয়ে দিই, তাহলেও তার তত্ত্ব জানতে পারব না। ব্যক্তিও ব্রহ্ম, সমষ্টিও ব্রহ্ম। কিন্তু এই তিনটি তত্ত্বের মধ্যে আছে নির্বিশেষেরই প্রণায়ত স্বয়ম্ভূ-সত্তার নিত্যপ্রকাশ। অন্বয়ভাব আমাদের স্বরূপের সত্য বলে এমন কথা বলা চলে না যে, দিব্য-প্রেষের বিচিত্র কর্ম ও বিভৃতি সমস্তই তুচ্ছ অসার অবাস্তব বিভ্রমের প্রতিভাস মাত্র—অতএব আমাদের তত্তুজ্ঞানের একমাত্র লৌকিক বা অলোকিক সার্থকিতা হল এই বিদ্রমের হাত হতে নিষ্কৃতি পাওয়া, পরমার্থসতের অবর্ণ অব্যাকৃতিতে আমাদের ব্যাণ্ট ও সমাণ্ট ভাবনার প্রলয় ঘটিয়ে চিরতরে সম্ভৃতির সকল সম্ভাবনা এড়িয়ে যাওয়া।

একই তত্ত্বের প্রয়োগ করতে হবে আমাদের ব্যাবহারিক জীবনেও। আমরা ভাল-মন্দ স্ন্দর-কুংসিত কি ন্যায়-অন্যায়ের বিচার করে চলি বিশেষ-কোনও প্রয়োজনসিম্পির জন্যে। কিন্তু এই ভেদবৃষ্ণিই যদি জিজ্ঞাসাকে সীমিত করে রাখে, তাহলে তত্ত্বজ্ঞানের সন্ধান আমরা কোনকালেই পাব না। এক্ষেত্রে

অন্যোন্যব্যবিত্তির বিধান শুধু বলে : একই বিষয় সম্পর্কে পরম্পরবিরোধী বিভিন্ন দুটি উক্তি একই সময়ে একই দুটিউভিগে হতে প্রমাপক হতে পারে না— র্যাদ তাদের অধিকার প্রয়োজন ও পরিবেশও এক হয়। একটা মহাযুদ্ধ, ধরংসের তান্ডব বা প্রমন্ত বিশ্লবের অন্যাংপাতকে আমাদের অমধ্যল বলে উৎকট প্রলয় কর একটা বিপর্যায় বলে মনে হতে পারে। একদিক দিয়ে দেখতে গেলে তার আংশিক পরিণাম হয়তো তা-ই। কিন্ত আরেকদিক থেকে বিচার করলে এই অমজালকেও বলতে হয় পরম মজাল—কেননা এ-বিশ্লব অতীতের জঞ্জালকে ঝে'টিয়ে বিদায় ক'রে দ্রত নিয়ে আসে নবযুগের কল্যাণময় সূচনা। কোনও মান, যকে নিছক ভাল কি নিছক মন্দ বলা চলে না। স্বার মধ্যে বিরুদ্ধ ধর্মের মিশ্রণ আছে-এমন-কি মানুষের একটি ভাবে কি একটি কর্মেও দেখি বিরুম্ধব্রির কত জট পাকানো। আমাদের কর্মে, জীবনে, দ্বভাবে—কোথায় নাই বিচিত্র গুণ ও ধর্মের দ্বন্দ্ব, আবার তার বিচিত্র সমাহার ও সমন্বয়?... তাই বিশ্বলীলার পরিপূর্ণ তাৎপর্য তখনই বুঝতে পারি, যখন চেতনায় নিবিশৈষের স্বরূপ-সত্যের আভাস জাগে এবং সেই মুম্বিগাহী দূজি নিয়ে তার সবিশেষ বিভূতির অখন্ড বৈচিত্রের দিকে তাকাই—যখন কাউকৈ পূথক করে না দেখে সবাইকে জড়িয়ে দেখি সবার সঙ্গে এবং তাকেও ছাড়িয়ে দৃষ্টি মেলে দিই সর্বাতিগ ও সর্বসমন্বয়ী অধিষ্ঠানতত্ত্বে 'পরে। বাস্ত্রিক জানা পূর্ণ হয়, যখন দিব্যচক্ষ্ম দিয়ে বিশ্বলীলার মূলে ঈশ্বরের অভিপ্রায় ধরতে পারি, শুধু কুণ্ঠিত মানবী দুল্টি নিয়ে যখন বিশেবর দিকে তাকাই না—যদিও জানি সর্বময়ের বিরাট লীলার মধ্যে আমাদের সীমিত দর্শন ও সাময়িক প্রয়োজনেরও নিগ্রুট একটা সার্থকতা আছে। সবিশেষের সকল বিভৃতির পিছনেই আছে নির্বিশেষের আবেশ, তাকে আশ্রয় করেই তারা মঞ্জরিত। জগতের বিশেষ-কোনও কর্ম কি বিধানকে অখন্ড-নায়ের বিধান বলা চলে না। অথচ এখানকার সকল বিধিব্যবস্থার পিছনে এমন-একটা নিবিশেষ তত্তের প্রেতি আছে, যাকে বলতে পারি পরম ন্যায়। বিশেষের ভিতর দিয়ে তারই প্রকাশ হলেও, তার পূর্ণর্পটি কিন্তু আমরা ধরতে পারি না। তাকে প্রাপ্রির চিনতে পারি, যদি আমাদের দৃষ্টি ও জ্ঞানের সীমা সম্প্রসারিত ও সর্বাব-গাহী হয়—দু-চার্রাট বহিরংগ তথোর আপাত-প্রতিভাসে সন্তুষ্ট এই বর্তমান খণ্ডদৃষ্টির চর্মভেদী পংগ্রতা যদি ট্রটে যায়।...তের্মান পরম কল্যাণ ও পরম শ্রীও জন্মতে আছে। তার চকিত আভাস পাই যথন নিষ্পক্ষ দু ফির উদার পরিবেশে সবাইকে গ্রহণ করি, তাদের বহিরাবরণ ভেদ করে পাই সেই গভীরের পরিচয় যার মর্মসতাকে তারা ফুটিয়ে তুলতে চাইছে আপন বিচিত্র কর্মের ছন্দো-লীলায়। সে-গভীর অব্যাকৃত নয়। কেননা অব্যাকৃত শহুধ্ব অব্যক্ত উপাদান অথবা ব্যাকৃতির ঘনীভূত দশা মাত্র, অতএব তাকে দিয়ে কোনও-কিছ্বরই তত্ত্ব

মেলে না। তাই অব্যাকত না বলে সে গভীর-গহনকে বলি নিবিশেষ।...অবশ্য তত্ত্বিচারের একটা উলটা পথ আছে। সব-কিছুকে আমরা ভেঙে-ভেঙে দেখতে পারি। একটা অখণ্ডভাব শ্বারা বিধৃত আছে বলেই স্বে তারা টিকে আছে— এমন কথা নাও মানতে পারি। তার ফলে, মনের বিকল্পব্রতি দিয়ে বিশেবর অন্তরালে পর্বাঞ্জত অমুখ্যাল অন্যায় কুদ্রীতা অসারতা সন্তাপ তুচ্ছতা ও অনার্য-ভাবের একটা চরম ও পরম প্রতায় স্বাচ্টি করতে পারি। কিন্ত এ-পথ ধরে আমরা পে⁴ছব শ্বধু অবিদ্যার গহনগহোয়—কেননা খণ্ডভাবনা অবিদ্যারই ধর্ম। এতে দিব্য-পুরুষের দিব্যকর্মের সত্য পরিচয় মেলে না। যে-বিশেষের ভিতর দিয়ে নিবিশেষের প্রকাশ, তার রহস্য আমাদের কাছে দুর্বোধ। আমাদের সংকীর্ণ দুষ্টি বিশেবর মধ্যে দেখে শুধু দ্বন্দ্ব ও প্রতিষেধের মেলা, পুঞ্জীভূত বিরোধের উত্তালতা। কিন্তু তাবলে কি আমাদের অপ্রবৃদ্ধ প্রাথমিক দৃণ্টির সংকীণ তাই সত্য হবে ? এই বিশ্বলীলা অলীক একটা মনোবিলাসের অসার বঞ্চনা মাত্র ? ...তাছাডা চরমতত্তের মধ্যে অনপনেয় একটা বিরোধের অস্তিত মেনে নিয়ে. তা-ই দিয়ে বিশ্বতত্ত্বের সমাধান কি কখনও সম্ভব? মানুষের বৃদ্ধি ভুল করে, যখন বিরোধের প্রত্যেকটি কোটিকে সে স্বতন্ত্র একটা মর্যাদা দিতে চায়, অথবা একটি কোটির একান্ত প্রতিষেধ দ্বারা বিরোধের সমাধান করতে চায়। কিন্তু বিরোধের কোনও সমন্বয় না করে শ্ব্ধ্ তাদের জোড় মিলিয়েই যদি কেউ তত্তজিজ্ঞাসার চরম মীমাংসা করে বসে, কিংবা আপাতবিরোধের অতীত কোনও তত্তে যদি সত্য সমন্বয়ের ব্যঞ্জনা নিহিত না দেখে—তাহলে এমন পণ্য, সমাধানের প্রামাণ্যকে অস্বীকার ক'রে মান্যের সহজব্দিধ সত্যানিষ্ঠারই নিভাীক পরিচয় দেয়।

অদিতত্বের আদিবিরোধের সমন্বয় কি সমাধান কালের কল্পনাকে আশ্রয় করেও সম্ভব নয়। কালসম্পর্কে আমাদের যে জ্ঞান বা ধারণা, তা দিয়ে ঘটনার পরম্পরাকে মাত্র জানা চলে। কাল একটা উপাধি অথবা উপাধির প্রবর্তক, চেতনার বিভিন্ন ভূমিতে তার প্রকারান্তর ঘটে—এমন-কি একই ভূমিতে আধারভেদে তার প্রকারভেদ আছে। অর্থাৎ আমাদের কাল নির্পাধিক নয় বলে নির্পাধিকের স্বগত-সম্বন্ধকে স্পন্ট করে তোলা তার পক্ষে অসম্ভব। সম্বন্ধত্ত্বের সর্বতোম্থী স্ফ্রন ঘটে কালেই। তাই আমাদের মনোময় ও প্রাণময় চেতনা কালকে সম্বন্ধ-তত্ত্বের নিয়ামক বলে অন্ভব করে। কিন্তু এ-অন্ভবও একটা প্রতিভাস মাত্র, অতএব তাকে দিয়ে বিশ্বম্ল তত্ত্বের সম্যক নির্পণ হতে পারে না। উপহিত আর অন্পহিত বন্তুতে তফাত করে আমরা ভাবি, কালের বিশেষ-কোনও পর্বে অন্পহিত তত্ত্ব বেমন উপহিত হল, অনন্ত হল সান্ত—তেমনি আরেকটা বিশেষ তিথিতে তার সান্তভাব ঘ্রেও যেতে পারে। বন্তু-তন্দ্রী মন নিয়ে জগন্ব্যাপারকে খ্রিটিয়ে দেখতে গিয়ে কালের এই র্পাটিই

আমাদের কাছে ধরা পড়ে। কিন্তু সন্তার অথন্ড দর্শনে পারন্পর্যের এই ন্বন্দ্র নাই। সেখানে দেখি, সান্ত আর অনন্তের সহভাবই তত্ত্ব—তারা ওতপ্রোত এবং অন্যোন্যাশ্রিত। প্রাচীনেরা বিন্বাস করতেন, কালের প্রবাহে পরন্পরার ছন্দে একবার বিশ্বের স্টিই হচ্ছে, আরেকবার হচ্ছে প্রলয়। কিন্তু এ-পারন্পর্যের কল্পনা আমাদের প্রাকৃত পর্যায়বোধের একটা অতিকায় সংস্করণ মাত্র। তাহতে একথা প্রমাণ হয় না যে, একটা বিশেষ ক্ষণে অনন্ত-সন্মাত্রের নিখিল প্রসারে উপাধির চট্ল বিক্ষেপ স্তম্থ হয়ে য়ায়, পরমার্থ-সং তথন প্রতিষ্ঠিত হন অনুপহিত স্বভাবে। তারপর আরেকটা তিথিতে আবার শ্রুর হয় উপাধির বাস্তব বা অবাস্তব লীলায়ন। সন্বন্ধ-তত্ত্বের আদিম স্ফ্রুরণ ঘটে আমাদের মনোময় কালকলনার বাইরে, কালাতীতের দিব্যধামে অথবা অথন্ড-শান্বত মহাকালে—যার মধ্যে খন্ডভাব ও পারন্পর্য আমাদেরই মানসপ্রত্যয়ের বিকল্পনায় উপচরিত হয়।

ওই মহাকালের মহাপারাবারে জগতের সকল ধারা এসে মিশেছে। বিশেবর সকল তত্ত্ব সত্তার সকল নিত্যবিভাব (অখণ্ড-সন্মাত্রে আনন্ত্য যেমন নিত্য, তেমনি সাণ্তভাবও নিতা) অনাদি সম্বন্ধের স্ব-তন্ত্র ব্যঞ্জনা নিয়ে একরস হয়ে আছে অবিবিক্ত ব্রহ্মসদ্ভাবের নিবিশেষ মহিমায়। ওই স্বর্পস্থিতি হতেই আমাদের অল্লময় বা মনোময় জগতে তারা প্রাকৃত সম্বন্ধের দ্বিতীয় তৃতীয় কিংবা আরও-কোনও নিশ্নক্রমের বিবর্তনে নেমে এসেছে। একথা সত্য নয় যে. নিবিশেষ রক্ষের মধ্যে বস্তৃত বিশেষ ভাবনার কোনও সামর্থ্য ছিল না, কিন্তু বিশেষ-কোনও লানে সহসা তাঁর দ্ব-ভাবে এল বিপর্যায়—অমনি বাস্তব অথবা অবাস্ত্র বিশেষণে আপনাকে তিনি বিশেষিত করলেন, এক অনিব্চনীয় মায়ার খেলায় এক হলেন বহু, নিরুপাধিক ব্রহ্ম নেমে এলেন উপাধির মধ্যে, নিগুণ গু:ুণাঙ্কুরে হলেন রোমাণ্ডিত। অবিভক্তকে বিভক্ত করে দেখা মনোধর্মের অনু-কূল। তাই আমাদেরই মন সবিশেষে-নিবিশেষে সগ্নণে-নিগ্নণে দ্বন্দের স্ভিট করেছে। দ্বন্দের দুটি কোটি নিশ্চয় অলীক নয়; কিন্তু তাদের তত্ত্বক আলাদা করে দেখলে, কিংবা দুয়ের মাঝে অসমাধেয় বিরোধের একটা দেয়াল খাড়া করলে তাদের সতা পরিচয় মেলে না। কারণ ব্রাহ্মী স্থিতির সর্বগত দ্ভিতৈ দ্বন্দ্বভাব মিথ্যা নয়—মিথ্যা তার বিরোধ বা বিবিক্ততা। শু-্ধ-্বে বৈজ্ঞানিক ও দার্শনিক মনের খণ্ডব্তিতে বিবিক্তদর্শনের এই দুর্বলতা আছে, তা নয়। আমাদের অধ্যাত্ম-অন্ভবেও এইধরনের একটা জ্বান্যাব্তির সংকীর্ণতা দেখা দেয়, যখন অনুদার চিত্তের বিভাজনব্তিকে আশ্রয় করে অধ্যাত্মপথের অভিযান শ্রে হয়। যে-সতা ব্দিধর অতীত, তাকে ব্দিধগ্রাহা করতে দার্শনিকের বিবেক-বিচার অবশ্যই প্রয়োজন—কেননা তা না হলে অবিবেকী মনের আবিল দূল্টির ঘোর কাটিয়ে বস্তুর স্বর্পদর্শন সম্ভব হয়

না। কিন্তু বিবেকদ্ভিকৈই শেষ পর্যন্ত আঁকড়ে থাকলে, যা ছিল পথচলার প্রথম অবলম্বন তাকেই করা হয় পায়ের বেডি। অধ্যাত্মসাধনায় আপাতবিরোধী আলাদা-আলাদা পথে চলবার প্রয়োজনও আছে—কেননা মানুষ মনোময় জীব বলে অবাঙ্মানসগোচর সত্যের উদার পরিষিকে একবারেই সে আয়ত্তের মধ্যে আনতে পারে না। কিন্তু বিপদ ঘটে, যখন উপলব্ধির ভেদ হতে ব্রণ্ধির কার-সাজিতে সত্যের স্বর্পলক্ষণ নিয়েও গোঁড়ামি করি-যথন বলি নিপর্ণের উপলব্ধিই সত্য, আর-সব মায়ার খেলা মাত্র: কিংবা রন্মের সগর্ণ স্বরূপের উপলব্ধিকেই সত্য মেনে সাধনার রাজ্য হ'তে নিগ'লে ভাবকে নিব'াসিত করি। সত্যদশী জানেন, মহাপুরুষদের এ-দুটি উপলব্ধি আপন-আপন অধিকারে যেমন সপ্রমাণ, তেমনি বিবিক্তভাবনায় পরস্পরের কাছে অপ্রমাণ। কিন্তু বন্তুত তারা একই পরমার্থসতের দুর্নিট দিকের অনুভব। অতএব তাদের ব্যক্তিভাবের এবং আধারভূত স্বরূপ-সত্যের পূর্ণবিজ্ঞানের জন্য দুটি দিকেরই উপলব্ধি প্রয়োজন। তের্মান এক আর বহু, সান্ত আর অনন্ত, বিশ্বাত্মক আর বিশ্বো-ত্তীর্ণ, ব্যদ্টি আর বিরাটের বেলাতেও। তাদের প্রত্যেকটি কোটি স্ব-ভাবে থেকেও নিবিষ্ট রয়েছে অপর-ভাবে। অতএব উভয়কে জেনে উভয়ের আপাত-বিরোধকে না ছাপিয়ে গেলে তাদের কাউকেই পরোপর্রার জানা যায় না।

দেখছি, একই অন্বয়তত্ত্বের তিনটি বিভাব আছে—বিশ্বোতীর্ণ, বিশ্বাস্থক এবং ব্যাণ্ট। ব্যক্ত অথবা অব্যক্ত আকারেই হ'ক, প্রত্যেক বিভাবে আছে আর-দুটি বিভাবের সমাবেশ। বিশ্বোত্তীর্ণ, অনুত্তর দ্ব-ভাবে প্রতিষ্ঠিত থেকেই তাঁর কাল-কলনার আধারদ্বরূপ আর-দুটি বিভাবের প্রশাস্তা হয়ে আছেন। তাঁকে বলি দিব্য-পারেষ বা শাস্বত সর্বগত সর্ববিৎ সর্বেশ্বর সর্বান্স্যাত ঈশ্বরচেতনা—িয়নি সর্বভতের অধিষ্ঠান অন্তর্যামী ও নিয়ন্তা। এই প্রথিবীতে রক্ষের ব্যাঘ্ট-বিভাবের চরম প্রকাশ মানুষে। মানুষই অনুত্তরের সেই সন্ধিচেতনা, যাকে আশ্রয় করে ফোটে তাঁর আত্মবিভাবনার পরিস্পন্দ—অবিদ্যা ও বিদ্যার দুটি কোটিতে ব্রাহ্মী চেতনার সংবৃত্তি ও বিব্তির লীলা। মনুষ্যব্যক্তি বা জীব আত্মজ্ঞানের সাধনায় আপন চেতনায় বিশ্বোত্তীর্ণ ও বিশ্বাত্মকের প্রম সাযুজ্য অনুভব করে, সর্বভূতমহেশ্বর ও সর্ব ভূতের পরম তাদাত্ম্য এবং সেই বিজ্ঞানের বীর্যে জীবনকে করে চিন্ময়। তার এই সামর্থ্যেই ব্যক্তি-আধারে মূর্ত হয়ে ওঠে রক্ষের দিবাভাবনার প্রেতি। শুধু একটি জীবে নয়, সর্বজীবে এই দিব্য-জীবনের উন্মেষ তাঁর স্পন্দবিভৃতির একমাত্র লক্ষ্য। জীবত্বের সদ্ভাব ব্রহ্মের কোনও আত্মভাবে কল্পিত একটা দ্রান্তি নয়। সে-দ্রান্তি যোদন ধরা পড়ে, সেইদিন জীবের মর্নক্ত-এও তত্ত্বের দর্শন নয়। কারণ রক্ষের স্বগত-সংবিৎ অথবা তার সগোত কোনও প্রতায়ের পক্ষে আত্মন্বরপের সত্য ও সামর্থ্য না জানা যেমন অসম্ভব, তেমনি অসম্ভব

সে-অজ্ঞানের প্ররোচনায় নিজের 'পরে একটা মিথ্যার আরোপ ক'রে আবার তার সংশোধন করা, কিংবা যে-পথের মায়া কাটাতেই হবে একদিন-সেই অসম্ভবের পথে ঝাঁপিয়ে পড়া। এও সত্য নয় যে, জীবভাব দেবলীলার একটা গৌণ সাধন মাত্র এবং সে-লীলার একমাত্র তাৎপর্য সংখ-দঃখের নাগরদোলায় জীবের অন্তহীন আবর্তন--্যে-আবর্তনে শুধু কদাচ-কখনও দু-একটি জীবের এই অবিদাচক হতে ছিটকে পড়া ছাড়া উত্তবায়ণের কোনও পড়াাশা নাই। ভাগ-বতী লীলার এই সর্বনাশা নিষ্করণ পরিচয়ে সন্তন্ট হতে পারতাম যদি জান-তাম মানুষের মধ্যে আপনাকে ছাডিয়ে যাবার সামর্থ্য নাই আত্যোপলব্ধির সাধনায় ধীরে-ধীরে এই লীলাস্বাদকে রক্ষানন্দের লোকোত্তর রসায়নে রপোন্ত-রিত করবার বীর্য নাই। বরং জানি, জীবের এই সামর্থ্য আছে বলেই তার সতারও জগতে একটা মূল্য আছে। তাই লীলার নিগুটে আকৃতি ও চরম তাৎপর্য ফটে উঠেছে জীব ও বিশেবর সহস্রদল উন্মেষণে। তাদের মধ্যে থরে-থবে লীলায়িত হয়ে উঠছে অখণ্ড সচিদানন্দের দীপ্তি শক্তি ও আনন্দ—যা শাদ্বত মহিমায় নিত্য স্ফুরিত হয়ে আছে লোকোত্তর দিবাধামে এবং জীব ও শিবের বহিষ্ট্র প্রতিভাসের পিছনে রয়েছে প্রক্রন্ন। কিন্ত আত্মবিনাশে নয়— আত্মর পাশ্তরে এবং আত্মসম্ভাব ও সম্বন্ধ-তত্তের পরিপূর্ণে উল্লাসেই তাদের মধ্যে এই লীলার স্ফুরণ ঘটছে। নইলে কেনই-বা শুন্ধ-সন্মাতে জীব ও বিশেবর আবিভাব হল ? জীবের আধারে শিবের উন্মেষ্ট এ-রহস্যের তত্ত। তাই তো তিনি জীবের মধ্যে গ্রেছিত হয়ে আছেন। আর তাইতে তাঁর আপনাকে ফুটিয়ে তোলবার আক্তিতে হবে জগংজোড়া বিদ্যা-অবিদ্যার এই জালব নানির গুল্থিয়োচন।

ठजूर्थ अक्षाग्र

मिवा ७ जमिवा

কৰিম'নীষী পরিভূ: দ্বয়ন্ভূর্ যাধাতথ্যতোহও'নে ব্যুদ্ধাচ্ছাদ্বতীন্ত্য সমাদ্যঃ ॥

ঈশোপনিষ্ ৮

কবি মনীষী স্বয়স্ত্ ও পরিভূ তিনি—যথাষথ অর্থের বিধান করেছেন শাশ্বত কালের তরে।
—ঈশা উপনিষদ ৮

ৰহবো স্থানতপ্সা প্তা মন্ডাৰমাগতাঃ।

মম সাধৰ্মামাগতাঃ॥

গীতা ৪।১০; ১৪।২

জ্ঞানের তপস্যায় প্ত হয়ে অনেকেই পেয়েছে আমার ভাব।...তারা পেয়েছে আমার সাধর্ম্য। —গীতা (৪।১০; ১৪।২)

कटमब हुआ पुर विश्वि त्मार योगमञ्भागटा ।

क्न ५।६

তাকেই জ্বান ব্রহ্ম বলে—এখানে মান্ত্র উপাসনা করে যার তাকে নয়। —কেন (১।৫)

একো ৰশী সৰ্বভূতাশ্তরাস্থা।... স্বো যথা সৰ্বলোকস্য চক্ন্ লিপ্যতে চাক্ষ্টেৰ হিলেটো:। একস্তথা সৰ্বভূতাশ্তরাস্থা ন লিপ্যতে লোকম্যেশন বাহাঃ॥

कर्त्वार्भानिष९ ७।५२, ५५

এক, বশী ও সর্বভূতের অন্তরাত্মা তিনি।...সর্বলোকের চক্ষ্ম স্থা ষেমন বাইরের চাক্ষ্ম দোষে হয় না লিশ্ত, তেমনি এই সর্বভূতান্তরাত্মা লিশ্ত হন না জগতের দ্বঃথে।
—কঠ (৫।১২,১১)

ঈশ্বরঃ সর্বভূতানাং হ্রেদ্ধে...তিষ্ঠতি।

গীতা ১৮।৬১ —গীতা (১৮।৬১)

ঈশ্বর আছেন সর্বভূতের হ্দয়দেশে।

বিশ্ব এক শাশ্বত অনন্ত সর্বসতের বিভূতি। সর্বভূতের অন্তরে রয়েছেন সেই দিব্য-পূর্ব্য। আত্মন্বর্পে, সন্তার নিগ্ড় গহনে আমরাও সেই তৎ-ন্বর্পই। আমাদের জীবচেতনায় গ্রহাহিত হয়ে আছেন যে-চৈত্য-প্রব্য, রক্ষাসন্তা ও রক্ষাচৈতনার সনাতন অংশ তিনি। তত্ত্বিজ্ঞাসার ফলে আমরা এই সিম্ধান্তে এসে পেণিছেছি। কিন্তু সংশো-সংশো একথাও বলেছি, প্রকৃতি-পরিণামের পর্যবসান দিব্য জ্বীবনে। তাইতে মনে হতে পারে, আমাদের বর্তমান জীবন আর তার অধদতন দতরে ষা-কিছ্ আছে, সবই বৃঝি অদিব্য। কথাটা কিন্তু দ্বতোবিরোধের মত শোনায়। তাই অভীশ্সিত দিব্য-জীবন আর বর্তমানের অদিব্য-ভূমির মাঝে একটা ভেদের রেখা না টেনে, বরং একই দিব্য-বিভাবনার নীচের ধাপ হতে উপরের ধাপে আমরা উঠছি—এই কথা বলাই বোধ হয় যুক্তিসক্তাত। বাইরে থেকে প্রকৃতিকে দেখে যা মনে হয়, তাকে চৃড়ান্ত না বলে তার মর্মসত্যে যদি অবগাহন করি, তাহলে এ-ই যে প্রকৃতি-পরিণামের দ্বর্প, এই নির্যুত্তিই যে আমাদের প্রগতিপথের দিশারী—একথা মনে হবে অনন্বীকার্য। বিশ্বতশ্চক্ষ্র যে নির্দেশক্ষ দর্শনে স্থে-দৃঃখ শিব-অশিব ও বিদ্যা-অবিদ্যার লোকিক দ্বন্থ নাই, আছে শুধ্ অখন্ড সচিচদানন্দের চেতনা ও আনন্দের অকুণ্ঠ উল্লাস, তারও মধ্যে প্রকৃতির এই দিব্যর্পটিই ভাসবে। অথচ তত্ত্বদৃন্টির কথা ছেড়ে দিয়ে ব্যাবহারিক দৃষ্টি নিয়ে যদি জগতের দিকে তাকাই, তাহলে একটা বিশেষ প্রয়োজনের তাগিদে দিব্য আর অদিব্যে ভেদের রেখা টানতেই হয়।...এই নিয়ে যে-সমস্যার উদ্ভব হয়, এর পর তার যথার্থ মূল্যনির্পণই হবে তামাদের কাজ।

একদিকে আত্মসংবিতের জ্যোতির্মায় বীর্ষে সমুজ্জ্বল বিদ্যার জীবন আরেকদিকে এই জগতে অনাদি-অচিতির তমিস্লা হতে কুছে, ও মন্থর গতিতে উদীয়মান আপাতমূঢ় কাপ'ণ্যোপহত অবিদ্যার জীবন-এ-দুয়ের মাঝে ষে মৌলিক ভেদ, সেই ভেদ দিব্য এবং অদিব্য জীবনেও। অচিতিকে আশ্রয় করে যে-জীবনই গড়ে উঠ্ক না কেন, তার মধ্যে অপূর্ণতার একটা বনেদী ছাপ আছে। সার্থকতার অন্ধত্পি তার মধ্যে থাকলেও পূর্ণতা কি সৌবম্যের প্রসাদ নাই, আছে শুধু অগুনতি বৈষম্যের একটা জোড়াতাড়া। পক্ষান্তরে, র্যাদ আত্মজ্ঞান ও আত্মবার্যের এতট্বকু সোষম্যকে আশ্রয় করে নিভাঁজ প্রাণমর বা মনোময় জীবন গড়ে ওঠে, তার সঙ্কীর্ণ পরিসরের মধ্যে কিল্টু ফোটে একটা নিটোল পূর্ণতার ভাব। বৈষম্য ও অপূর্ণতার একটা কলঞ্কতিলক নিত্য বয়ে বেড়ানো—এই হল অদিব্যতার পরিচয়। কিন্তু দিব্য-জীবনের অঞ্কুরেই দেখা দের পূর্ণতা ও সৌষম্যের একটা দ্যোতনা এবং প্রগতির পর্বে-পর্বে সেই অস্ফুট সৌষম্য তিলে-তিলে ফুটে ওঠে সহস্রদল মহিমায়। অমৃতনিষেকে সঞ্জীবিত তার মূল-অতএব পূর্ণতা ও স্বাতন্তা তার মধ্যে সহজের ছন্দে উচ্ছিত হয়ে ওঠে অনুত্তর তুপাতার অভিমুখে, তার অতিস্ক্রা ও পরিশ্বংধ ঐশ্বর্ষের বর্ণমঞ্জরীতে ছেয়ে যায় অহ্নিতত্বের মহাকাশ। অদিব্য ও দিব্য জীবনের তফাত ব্রুঝতে হলে পূর্ণতা ও অপূর্ণতার সকল ঘাটের থবর নিতে হয়। কিন্তু সাধারণত আমরা তফাতের বিচার করি মানুষের বুদ্ধি নিয়ে—যে-বুদ্ধির 'পরে জীবনের সমস্যা গ্রের্ভার হয়ে চেপে আছে. যাকে ঘিরে আছে দৈনন্দিন

ব্যবহারের সহস্র শ্বন্দ্ব ও জটিলতা। তাই আমাদের দুন্ঘিতে সব ছাপিয়ে ভাল-মন্দ আর স্বখ-দ্বঃখের তফাতটা বড় হয়ে ওঠে--কেননা তাকে আশ্রয় করেই যত দ্বন্দ্ব সংকূল হয়ে উঠেছে মানুষের জীবনে। অতএব বুল্ধি দিয়ে যখন ব্ৰুতে চাই স্ব'ভূতে দিবাসন্তার আবেশ, দিবাভাব হতে জগতের বিস্চিট এবং দিবা প্রশাসনে তার বিধৃতি ও প্রগতি—তখন আমাদের প্রতিবাদী হয়ে দাঁড়ায় বিশ্ব জ্বড়ে অনথেরি অস্তিম, সম্তাপের অনতিবর্তনীয় অভিশাপ, প্রকৃতির গ্হস্থালতে দৃঃখ-শোক ও আধি-ব্যাধির অবাঞ্ছিত বাহ**্ল্য।** জগদ্ব্যাপী এই নিষ্ঠ্যরতার অভিনয় দেখে বৃদ্ধি অভিভূত হয়ে পড়ে। এ-জগতের মূলে যে কোনও দিব্যভাবনার প্রেতি ও প্রশাসন রয়েছে, এর অণুতে-অণুতে যে আছে এক সর্ব'গত সর্ব'দশী সর্বনিয়ামক ব্রাহ্মী চেতনার আবেশ—মানুষের এই সহজ প্রতায়ও তখন আর মাথা তুলে দাঁড়াতে পারে না। মান্ষী বৃণিধ দিয়ে অনেক সমস্যারই সহজ ও স্কুনর সমাধান হয়—তাতে আত্মপ্রসাদেরও প্রচার অবকাশ মেলে। কিন্তু মন্যাব্যিধর মাপকাঠিতে সব সমস্যার সমাধান হবে—এতখানি ঔদার্য তার কাছে আশা করা অন্যায়। তার দুণিট যতই উদার হ'ক, মানুষ-ভাবের সংকীর্ণতা হতে তা কখনও মুক্ত নয়। বিশ্বতশ্চক্ষার দ্ঘিতৈ অন্থ আর স্তাপ জগতের একটা বৈশিষ্টা হলেও, তারাই তার একমাত্র গলদ নয় কিংবা আসল সমস্যার জড় ওইখানেই নয়। শুধু অনর্থ আর সন্তাপের মধ্যে জগতের অপূর্ণতার সকল নিশানা নিঃশেষিত হয়ে যার্যান। দিব্যভাব হতে প্রচ্যাতিই যদি পাপজগতের মূল হয়ে থাকে, তাহলেও তার জন্য কল্যাণ ও স্থুম্বর্প হতে মান্ধের অধ্যাত্ম এবং দৈহা সন্তার বিচ্যুতি কিংবা অন্থ ও সম্ভাপের বেদনাকৈ পরাভূত করবার স্বাভাবিক অসামর্থাই শুধু দায়ী নয়। আমাদের ধর্মবৃদ্ধি কল্যাণ খোঁজে, হুদয় খোঁজে আত্মস্থ। কিন্তু ব্যাবহারিক জগতে শ্ব্ধ্ব ওই-দ্টির অভাবই কি আমাদের পীড়িত করে? কল্যাণ ও সূখ ছাড়া আর-কোনও দৈবী সম্পদ কি নাই? সত্য শ্রী জ্ঞান বীর্য সর্বাত্মভাব-এরাও তো দৈবী সম্পদ, এরাও তো দিবা-জীবনের উপাদান। অথচ কার্পণ্যের বন্ধমাণি হতে স্থালত হয়ে এ-সম্পদের কতটুকু আমাদের ভোগে এসেছে? চিন্ময়ী প্রকৃতির অনুত্তর বীর্যের কতটুকু অধিকার আমরা পেয়েছি?

অতএব জীব' ও জগতের অদিব্য বৈকল্যের হেতুকে শ্ব্ধ্ব ক্ষ্মান-ধর্মবোধজানত অনর্থ অথবা ইন্দ্রিরগ্রাহ্য সন্তাপের বেদনাতে আবন্ধ রাখা চলে না।
এ-দ্বাটি সমস্যা ছাড়া বিশ্বরহস্যের মধ্যে আরও অনেক জটিলতা আছে। বলা
চলে, অনর্থ আর সন্তাপ এক ম্ল-কান্ডেরই দ্বাটি পরিপ্রুট্ট শাখা মাত্র। এই
ম্ল-কান্ডকে বলতে পারি প্র্তিহানি। জীবনসমস্যার সমাধান করতে হলে
চাই এরই প্র্ণায়ত একটা আলোচনা। খ্রিটিয়ে দেখলে ব্রিঝ, আমাদের মধ্যে

প্রণতাহানির স্বর্প ফোটে প্রথমত আধারে নিহিত দিব্যভাবের সংকোচ বা পরিচ্ছেদে, যাতে তাদের স্বভাবের অপলাপ ঘটে। তারপর বহ:শাখ কোটিলোর বিসপ্রে দেখা দেয় একটা প্রতীপ আচার, স্বর্প-সত্যের আদশ্ হতে চ্যুত মিথ্যা একটা ব্যভিচার। প্রাকৃত মন সত্যের সে সহজ র্প চেনে না—শ্ব্ধ কল্পনায় তার আভাস পায়। তাই সত্যের ব্যভিচারকে সে মনে করে—হয় আত্মার দিব্যস্বভাব হতে অবস্থলন, নয়তো এক আসাধ্য সম্ভাবনার প্রতি নিষ্ফল আকৃতি। কেননা, যে-সত্য শা্ধা কম্পলোকের বস্তু, তাকে বাস্তবে পাওয়া যাবে কি করে? অতএব মানতে হবে, হয় আমাদের অন্তর-প্রুষ দ্রুষ্ট হয়েছেন এক মহাবিপলে চেতনা বিজ্ঞান আনন্দ, শক্তি প্রীতি শ্রী, বীর্য কল্যাণ সামর্থ্য ও সৌষম্যের স্বর্পস্থিতি হতে; নয়তো আমাদের স্বভাবের সাধনার সংগ্যেই জড়িয়ে আছে এক নিদারূণ বার্থতার নির্য়তি। তাই যাকে দিব্য ও কাম্য বলে সহজে অন্ভব করি, তাকে পাবার শক্তি আমাদের নাই। এই চ্রাতি বা অশক্তির নিদান খঃজতে গিয়ে দেখি আমাদের আধারে—চেতনা শক্তি ও অনুভবের মর্মানুলে নয়, কিন্তু তার বহিন্দর ব্যাবহারিক প্রবৃত্তিতে— আছে ব্রহ্মী সত্তার অশুক্ততাকে খণ্ডিত বা চুটিত করে দেখবার একটা নির্চ সংবেগ। অপরিহার্য অর্থাক্রিয়াকারিতার বশে এই খণ্ডভাবনাই সংকচিত করে দিব্য চেতনা ও বিজ্ঞানের, শ্রী ও আনন্দের, বীর্য ও সামর্থোর, সৌষম্য ও কল্যাণের স্বতঃস্ফৃত্র্ প্রদার্যকে। সন্তার নিটোল পূর্ণতা তাতে ক্ষুন্ন হয়। তখন এইসব দৈবী সম্পদের উদার মহিমার প্রতি আমাদের দুজি অন্ধ হয়, তাদের সাধনায় দেখা দেয় শক্তির বৈক্রব্য, চেতনায় তাদের অনুভব হয় খণ্ডিত, বীর্য ও সংবেগের দীনতায় অপক্ষিতি ও অনুজ্জ্বল। চিন্ময়-স্বভাবের তুংগ-শিখর হতে অবস্থলনের লক্ষণ অথবা অচিতির অসাড তটস্থ বৈচিত্রাহীনতা হতে চেতনার কুণ্ঠিত উদযনের ছাপ তাদের মধ্যে সর্বত্র স্কুপন্ট। অনুভবের উধর্বলোকে যে-তীব্রসংবেগ সহজ ও স্বাভাবিক, আমাদের মধ্যে হয় তা অবলব্পু নয়তো তার শাণিত দীপ্তি ম্যান হয়ে মিশে আছে পাথিব জীবনের সাদা-মাটার সঙ্গে। শুধু তা-ই নয়। খণ্ডভাবের এই বন্ধনা হতে পরিণামে দেখা দেয় দৈবী সম্পদের একটা বিকৃত বা প্রতীপ আচার। আমাদের সংকীর্ণ মানসে অচেতনা ও অনৃতচেতনার কল্ব নেমে আসে, অবিদ্যার আঁধারে ছেয়ে যায় সকল আধার। পংগাই সংকল্প ও অপ্রণ জ্ঞানের দ্রুপ্যোগে বা প্ররোচনায হীনবীয় চিতি-শক্তির মৃত্ প্রবর্তনায় অথবা স্বভাবের ক্লীবের্মচত দীনতায় আধারে জেগে ওঠে দৈবী সম্পদের বিরুম্ধ যত বৃত্তি-দেখা দেয় অশক্তি অসাড়তা অন্ত প্রমাদ দ**্বঃখ শোক দ্বকৃত বৈষ**মা ও অনথের ভিড়। তাছাড়া আমাদের আধারেরও কোন গহনগাহায় নিহিত আছে এই খণ্ডিত অন্ভবের প্রতি একটা আসন্তি জীবনের খণ্ডপ্রবৃত্তির প্রতি একটা দ্বাগ্রহ।

জাগ্রং-চেতনায় তাদের প্রকাশ দ্বর্শক্ষা, আধারের উৎপণীড়ত অংশ হয়তো প্রতিমূহ্তে তাদের নিরসন চাইছে। কিন্তু তব্ এইসমস্ত দ্বর্ভাবের প্রতি অপরা প্রকৃতির একটা গোপন সায় আছে, যার জন্যে এই অস্বস্তির উচ্ছেদ বা প্রত্যাখ্যান ও নিরাকরণ অসম্ভব হয়। চিং-শক্তি ও আনন্দের প্রেতি যখন সকল বিস্থিটর মর্মমহলে, তখন প্রকৃতির সম্কর্শপ ও প্রের্ধের অন্মতি ছাড়া কিছ্ই আধারে টিকতে পারে না। অতএব এই অস্বস্তিতকে জিইয়ে রেখে আধারের কোনও অংশ স্ব্যভীর একটা তৃপ্তি অন্বভব করে—এখন হ'ক না সে-তৃপ্তি মনেরও অগোচর কোনও ক্রিম্ন রুচির কুটিল বিলাস।

সমস্ত বিস্থিতিক, এমন-কি তথাকথিত অদিব্যকেও দিব্য বিভৃতি বলি যখন, তখন বিশেবর প্রতিভাসকে অদিব্য বলে অনুভব করলেও তার তত্ত্বপুর্চি যে দিবাই—এমন-একটা আশ্বাসের ভাব আমাদের মনে প্রচ্ছন্ন থাকে। কথাটাকে সহজে বৃদ্ধিগম্য করবার জন্য বলতে পারি : ব্রহ্ম নিত্য পূর্ণ নিরঞ্জন, অনন্ত আনন্দময়। ব্যাবহারিক জগতের সান্ততায় তাঁর আনন্তা ব্যাহত হয় না। আমাদের পাপ ও অন্থে তাঁর নিরঞ্জন স্বভাব বিশ্ব হয় না। আমাদের দুঃখ ও সন্তাপে তাঁর আনন্দ ক্ষরে হয় না। তাঁর পূর্ণতার হানি হয় না আমাদের চেতনা জ্ঞান সংকল্প ও অর্থন্ডভাবনার বৈকলো। উপনিষদের কোথাও-কোথাও দিব্য-প্রেষের বর্ণনায় আছে : এক আন্নিই যেমন ভুবনে প্রবিষ্ট হয়ে রুপে-রুপে হয়েছেন প্রতিরুপ, এক সূর্য যেমন অপক্ষপাতে সবাইকে উল্ভাসিত করেও স্পুষ্ট হন না আমাদের চক্ষুদোষের ম্বারা, তেমনি তাঁর অনিব্চনীয় মহিমা।... কিন্তু শুধু তত্ত্বের উদ্দেশ এখানে পর্যাপ্ত নয়, চাই তার সমীক্ষা। বিনি নিত্য পূর্ণ নিরঞ্জন অনন্ত ও আনন্দময়, কি করে তিনি অপূর্ণতা মালিন্য সঙ্কোচ মিথ্যা সন্তাপ ও অন্থকে শুধু সয়ে যান না—আবার প্রশ্রয় দিয়ে তাঁর বিস্থািটতে তাদের জিইয়ে রাখেন, কেবল তত্তার্থের সূত্র আউড়িয়েই সে-সমস্যার মীমাংসা হয় না। তত্তকথায় পাই শুধু দ্বন্দের পরিচয়, কিন্তু পাই না তার সমাধান।

অদিতত্বের এই বির্ম্থ দ্বিট প্রতিভাসকে কেবল ম্থাম্থি দাঁড় করিয়ে রাখলে সহজেই সিম্পান্ত হতে পারে—এদের কোনও সমাধান ব্রিঝ সম্ভব নয়। অতএব আমাদের একমাত্র উপায় হল, নিরঞ্জন ব্রহ্মসদ্ভাবের উপচীয়মান আনন্দকে যথাশক্তি আঁকড়ে থাকা; আর যতক্ষণ অদিব্য জগতের অসামকে দিব্যভাবের বৃহৎ-সামে আচ্ছন্ন না করতে পারি ততক্ষণ কোনমতে তাকে সয়ে যাওয়া।...অথবা সমাধান না খাজে আমরা খাজতে পারি নিজ্কতির পথ। বলতে পারিঃ গালুহাহিত ব্রহ্মসদ্ভাবই সত্য। আর বাইরের জগতের বৈষম্য অনিব্রদীয় অবিদ্যার কান্পত একটা বিশ্রম বা মিথ্যা প্রতিভাস। অতএব বিস্থির মিথ্যাজাল এড়িয়ে কি করে গালুহাহিত তত্ত্বের সতেয় পেশছনো যার—এই হল

আমাদের সাধনা।...অথবা বৌশ্বের মত বলতে পারি : এর মধ্যে সমস্যা কোথায় ষে তার সমাধান খ্জতে হবে? জগং অনিতা এবং অপূর্ণ—এই তো দেখছি একমাত্র তত্ত্ব। এছাড়া আত্মা বা ব্রহ্ম বলে তো কিছুই নাই। আত্মা ঈশ্বর ব্রহ্ম—সমস্তই আমাদের চেতনার বিদ্রম শুধু। অতএব মোক্ষের একমাত পুন্থা হল ক্ষণভংগের নিরুত প্রবাহের মধ্যে অবভাসিত বিজ্ঞান-সন্তান ও কর্ম-সন্তানের কল্পনাকে নিরস্ত করা। এই নিষ্ফ্রমণের পথ দিয়ে আমরা আত্মভাবের পরিনির্বাণে পেশছই। আত্মার নির্বাণে বিশ্বসমস্যারও মহানির্বাণ ঘটে।... এও একটা পথ বটে, কিম্তু একেই একমাত্র পথ বলা যায় না। আবার আগের সমাধানগ্রলিকেও খ্ব সন্তোষজনক মনে হয় না। বহির্জাগতের কোলাহলকে চিত্তের বহিরণ্গ-প্রতায় ভেবে অন্তম, খী চেতনা হতে ছে'টে ফেলে পূর্ণ নিরঞ্জন ব্রহ্মসদ্ভাবকে যদি একমাত্র তত্ত্বলৈ মানি, তাহলে ব্যক্তির পক্ষে গ্রেছিত ব্রাহ্মী স্থিতির আনন্দময় নৈঃশব্দ্যে তালিয়ে গিয়ে অন্তর্জ্যোতিতে উল্লাস্ত চেতনায় অবস্থান করা নিশ্চয় সম্ভব হয়। শাশ্বত প্রমার্থ-সতের মধ্যে একান্ত অন্তরাব্ত আত্মসমাধান খুবই সম্ভব—এমন-কি তাঁর রসে নিজেকে সম্পূর্ণ তলিয়ে দিয়ে বিশ্বের কোলাহলকে লম্বে বা দতব্ধও করতে পারি। কিল্ড তব্ আমাদের সত্তার গভীরে কোথায় যেন অখন্ড-চেতনার জন্যে একটা আকুতি আছে, পূর্ণ সংবিৎ আনন্দ ও বীর্যের দিকে দুর্নিবার একটা প্রেতি আছে। প্রকৃতির মধ্যেও দেখি পরাবর ব্রহ্মসদ্ভাবের জন্য সর্বত্র সন্থারিত নিগ্র্ড একটা এষণা। যেসব সমাধানের উল্লেখ করেছি, তাদের দিয়ে অখণ্ড সন্তা সম্যক জ্ঞান ও সর্বার্থসাধক সংকল্পের জন্যে এই নিরুত ব্যাকুলতার পূর্ণ তর্পণ কোনকালেই হয় না। জগংকে যতক্ষণ সন্মূল সদায়তন সংপ্রতিষ্ঠ বলে অনুভব না করছি, ততক্ষণ সং-স্বরূপের বিজ্ঞানও অথণ্ড হয় না-কেননা এ-জগংও যে তিনিই। রক্ষম্বরপেই এ-জগৎ চেতনায় ভাসবে এবং চিদ্বীর্যের আবেশে রন্ধারসেই জারিত হবে। তবেই না বলতে পারব তাঁকে আমরা প্রোপ**্**রি পেলাম।

সমস্যার হাত হতে বাঁচবার আরেকটা পথ আছে। ব্রহ্মসদ্ভাবকে তত্ত্ত মেনে নিয়েও আমরা স্থির দিব্যতাকে সমর্থন করতে পারি—পূর্ণতা সম্পর্কে মানবীয় সংক্ষারকে সংকৃচিত মনের বৃত্তিজ্ঞানে সংশোধন অথবা প্রত্যাখ্যানক'রে। বলতে পারি: নিখিলের অশ্তর্থামী চিংসন্তা যিনি, কেবল তিনিই যে অখন্ড প্রণ্পবর্প তা নয়। তাঁর সেই প্রণ্তার সখন্ড চিন্ময়-বিভাব ফুটে উঠেছে ভূতে-ভূতে—তাদের বীজভূত ভাবের সমর্থপ্রকাশে, অখন্ড বিস্থিটির মধ্যে তাদের যথাযোগ্য স্থানটি বেছে নেবার জন্যে। স্বর্পত বিশেবর প্রত্যেক বস্ভূই চিন্ময়, কেননা প্রত্যেকের মধ্যে ব্রহ্মের কোনও-না-কোনও ভাব বাস্ত্বের র্প ধরছে, প্রকাশের বিশেষ-একটি ভাগাকে আগ্রয় করে মৃত্ হয়ে উঠছে ব্রহ্মেরই

সত্তা বিজ্ঞান ও সম্কম্প। প্রত্যেকের মধ্যে সর্বতোভাবে তার আত্মপ্রকৃতির অনুকুল নিগ্রু বিজ্ঞান শক্তি ও আনন্দের বিশেষ-একটা প্রকার ও পরিমাণ আছে। গাত সংকল্পের একটা স্বগত সংবেগ আত্মার একটা স্বয়স্ভ বীর্য, আত্মপ্রকতির একটা সহজ ধর্ম, একটা অলোকিক তাৎপর্যের ব্যঞ্জনা প্রত্যেকের মধ্যে অনুভবের ষে-ছক বে'ধে দিয়েছে, আপন-আপন কর্মপ্রবাত্তিতে তারা তারই অনুবর্তন করে চলেছে। অতএব তাদের প্রতিভাসে ফুটে ওঠে অন্তগর্ভ হব-ধর্মের পরিপূর্ণ রাঞ্জনা। কেননা ওই হব-ধর্মের সংগ্রেই স্বার সূরে বাঁধা, ওই উংস হতে উৎসারিত হয়ে তারই আকৃতির ছন্দে তারা চলে আধারের অন্তর্যামী দিবা প্রজ্ঞা ও ক্রতুর অকু-ঠ প্রশাসনে। এমনি করে শাধ্র দ্ব-ধর্ম সম্পর্কে নয় সমৃতি-ধর্মের বিচারেও তারা অখন্ড ও দিবাধমী—কেননা সমণ্টির মধ্যে তারা নিজের যথাযোগ্য স্থানটিই অধিকার করে আছে। সমণ্টির কাছেও তারা নিরথ ক নয়, বরং তারা স্বস্থানে আছে বলেই ভূত-ভবোর নিটোল ছন্দে বহং-সামের অপরে মূর্ছনা ঝাকুত হয়ে উঠছে বিশ্ববীণার তারে-তারে— খন্ডের যথায়থ বিন্যাসে সহস্রদল সাম্মায় ফাটে উঠছে অথন্ডের নিগতে বাঞ্জনা। এই বিশ্বে দিবা প্রেষের কোন্ ভাব ও আকৃতির রূপায়ণ তার অখণ্ড পরিচয় পাই না বলে বিশ্বকে আমরা ভাবি অদিবাধমী, তার কত-কিছ কেই অবিচারে লাঞ্চিত করি দিবাভাবনার প্রতিকলে বলে। খণ্ডদর্শনে অভাস্ত বলে আমরা অংশকে অংশীর মর্যাদা দিই, বাইরে থেকে ঘটনার বিচার করি অন্তরঙগ-ভাবের থবর না নিয়ে। তাইতে আমাদের বিচার হয় সংস্কারদ ফৌ. অনাদি প্রমাদের প্রবর্তনায় কলঙিকত। বিবিক্তভাব নিয়ে কোনও বদতই পূর্ণ হতে পারে না কেননা বিবিক্তভাব আমাদের একটা মনোবিকল্প বা বিভ্রম মাত্র। পূর্ণতার সত্য রূপটি ফুটে ওঠে দিব্য সৌষম্যের সমগ্রতাকে আশ্রয় করেই ।

এ-যুক্তির মধ্যে কিছুটা সত্য আছে, তা মানি। কিন্তু সমস্যার পূর্ণ সমাধান এতেও হয় না। মান্যী দৃণ্টি নিয়ে মান্যী চেতনার কাছেই সমস্যার সমাধান হবে। কিন্তু উপরের যুক্তিতে মান্য-ভাবের প্রতি স্বিচার করা হয়েছে এমন কথা বলা চলে না। এক্ষেত্রে তথাকথিত সৌষমোর ছবিটিও পূর্ণায়ত নয়, কেননা তার মধ্যে অনর্থ ও অপ্র্ণতার বাদতবতা সম্পর্কে মান্বেরে অতি তীর বেদনাবােধকে নস্যাং করবারই চেচ্টা করা হয়েছে ভাবলেশশ্ন্য বৃদ্ধির একটা বিকল্প দিয়ে। এই কি মান্বের জিজ্ঞাসার সদ্বরর ? এতে কি তার মন মানে? তাছাড়া মান্বের অন্তরে সত্য ও জ্যোতির দিকে যে উধ্বম্বী অভীন্সা আছে, সমন্ত অনর্থ ও অপ্র্তিকে পরাভূত করে মনের নিরালায় যে-অধ্যাদ্বিজয়ের স্বান দেখছে সে, জগতের অদিব্যভাবকে মনের বিকল্প বলে উড়িয়ে দিলে মানবপ্রকৃতির সে-আক্তি

कि निताश्रय राप्त भरफ़ ना ? 'छगवान या करताहन, छानत जनारे करताहन, অতএব জগতের সব-কিছুই ভাল'—এমন-একটা নিরামিষ উক্তি প্রায়ই শুনি। উপরি-উক্ত দর্শনও কি ওই মৃঢ়ে যুক্তিরই সগোচ নয়? এতে বড়জোর সংখবাদী, ব্যাণ্যজীবী ও দার্শনিকের একটা নকল তাপ্তি মেলে। মান্বের অন্তর জাড়ে চলছে যে দাঃখ সন্তাপ ও সংঘর্ষের প্রমত্ত তান্ডব, তার কোনও ব্যাখ্যা পাওয়া ষায় না—শ্ব্ধ্ব এই একট্ব আভাস ছাড়া যে, ভগবানের দ্^{ছিট}তে এর একটা সাথ কতা থাকলেও তা আমাদের ব্রন্থির অগোচর। কিন্তু এই কি আমাদের অত্তপ্তিও আক্তির জবাব হল ? জানি, সে-আক্তিতে হয়তো অন্ধপ্রবৃত্তির প্ররোচনা আছে—মনের মৃঢ় কামনার খাদ মেশানো আছে তাতে। কিন্তু তাহলেও আধারের গভীর গহনেও যে তার একটা দিব্য প্রতির্প নাই, একথাই-বা বলি কোন্ সাহসে? যে অংশী ব্রহ্ম অংশেরই অপ্ণতিাহেতু পূর্ণ হয়েছেন, তাঁর মধ্যে আছে অপ্ণতিাতেই পূর্ণ হবার সম্ভাবনা—কেননা তাঁর বর্তমান স্থিতিতে কোনও অসিন্ধ আকৃতির একটি বিশিষ্ট পরের পরিপূর্ণ রূপায়ণ রয়েছে। অতএব তাঁর সমগ্রতাকে বলতে পারি চলন্ত, চরম নয়। তাঁর সম্পর্কে গ্রীক মনীধীর এই উক্তি খাটে—ব্রহ্ম এখনও সম্ভত নন, তিনি সম্ভবং মাত্র। ব্রহ্মের সত্যভাব তাহলে যেমন আমাদের মধ্যে অন্তগর্টে তেমান হয়তো লোকোত্তরও বটে। তাকে এই দুটি ভূমিতে যুগপং উপলব্ধি করাই হবে সমস্যার সত্য সমাধান। অর্থাৎ বন্ধা যেমন পূর্ণ, তাঁর সাদৃশ্য অথবা সাধর্ম্যকে অধিগত ক'রে আমাদেরও তেমনি পূর্ণ হতে হবে। অপূর্ণতা প্রশারও আছে, মানুষেরও আছে। প্রশার সে-অপূর্ণতাকে মেনে নের অজ্ঞানে, স্বভাবের বশে। মনুষ্যস্বভাবের বশে তাকে যুক্তি দিয়ে সজ্ঞানে মেনে নেওয়াই যদি আমাদের চেতনার ধর্ম হত যদি নিশ্চিত জানতাম অপ্রণতাই আমানের জীবন-সত্য ও সন্তার অন্তর্গ্গ পরিচয়—তাহলে বলা যেত, মান্য আজ যা হয়েছে, তাতেই তার মধ্যে ব্রহ্মের আত্মর্পায়ণের চরম প্রকাশ ঘটেছে। তখন স্বচ্ছন্দচিত্তে মেনে নিতাম, আমাদের এই অপ্রণ্তা ও সন্তাপ বিশেবর অখন্ড সৌষমোর অংগীভৃত একটা অলংঘ্য বিধান। কাজেই অব্রুঝ মন এবং তার চাইতেও অব্রুঝ প্রাণের খৃত্থবৃতি সত্ত্বেও হৃদয়ের ক্ষতে ওই দার্শনিক সাম্বনার প্রলেপ মেথে যথাসম্ভব যুক্তির বর্ম এটে দার্শনিক বিজ্ঞতার সংগ্রেই জীবনের খানাখন্দে ঝাঁপিয়ে পড়তাম ভবিতবাতার হাতে নিজেকে ছেডে দিয়ে।...এর চাইতেও বড় সান্থনা হয়তো পেতাম ভুক্তের হ,দয়াবেগে। ভাবতাম, তাঁর ইচ্ছায় নিজের ইচ্ছাকে মিশিয়ে দেওয়া ছাড়া আর উপায় কী? এপারে যত দঃখই থাক না কেন, ওপারে তো আছে আমাদের চিরাকাণ্চ্কিত বৈকু-ঠধাম—সেই আনন্দলোকে গেলেই তো এখানকার হিতাপের জনালা মুছে যাবে, আবার আমরা ফিরে পাব আপন পূর্ণ-নিরঞ্জন স্বভাবের

স্বাধিকার।...কিন্তু মানুষের চিত্তবৃত্তিতে ও বৃদ্ধিতে এমন-কিছ্ আছে, যা তাকে পশ্ব থেকে তফাত করেছে। অপ্রণতার বেদনা পশ্বর মধ্যে নাই, আছে মানুষের মধ্যে। পূর্ণতাহানির দীনতা সম্পর্কে শুখু আমাদের মনই যে সচেতন তা নয়—আমাদের অল্তন্স্চেতনাতেও তাকে নিরুষ্ঠ করবার একটা দ্নিবার আগ্রহ আছে। অপূর্ণতা যে পাথিব জীবনের অনতিবর্তনীয় বিধান—জীবাত্মা শান্তভাবে কিছুতেই এমন কথা মানতে চায় না। স্বভাবের সমস্ত ক্ষরতাকে পরিমাজিত করে সে চায় স্বারাজ্যের অথন্ড মহিমা। শৃংধ্-যে বৈকুপ্তের লোকোত্তর ধামে পূর্ণতার ঐশ্বর্য সহজ হয়ে ফুটে উঠবে তার মধ্যে. তার এই আশাই নয়। তার অভীপ্সা সার্থক হতে চায় এই মাটির প্রথিবীতেই. যেখানে কচ্ছ, সাধনায় তিলে-তিলে জিনে নিতে হয় পূর্ণতার অধিকার। প্র্ণতাহানি যদি অপরা প্রকৃতির সত্য হয়ে থাকে, তাহলে উধর্মা,খী জীব-চেতনার এই অতপ্তি ও অভীপ্সাকেও বলতে হয় পরা প্রকৃতির সত্য। মানুষের এই হিয়া-দগদগিতে, এই অনির্বাণ অভীপ্সাতে আছে আধারে গ্রহাহিত দেববীর্যের এক স্বার্রাসক দীপ্তি। সে-ই তো আমাদের মধ্যে ওই আক্তির শিখা জনলিয়ে রেখেছে যাতে অন্তরের মণিকোঠায় ব্রহ্মী চেতনার আবেশ শুধু অন্তগর্ভ তত্তভাবের প্রশান্তিরপেই না জেগে থাকে—তার প্রেতি যাতে বীজভত দিব্যভাবকে থরে-থরে ফুটিয়ে তোলে এই আধারে প্রকৃতি-পরিণামের ছন্দে-লয়ে।

শ্ব্ধ্ এই দ্ভিতৈই বলতে পারি, পরিপূর্ণ সৌষমোর ছন্দে এক চিন্ময় সিশ্বির দিকে চলেছে নিখিলের অভিযান—এক দিব্য-প্রজ্ঞার প্রশাসনে। তাই জগতে প্রত্যেকটি বস্তুর বিধান হঁয়েছে 'যাথাতথ্যতঃ'। কিন্তু, শুধু এতেই ব্রাহ্মী আকৃতির সমগ্র পরিচয় মেলে না। বিশেব যা-কিছা হয়েছে, তার পূর্ণ সার্থকতা একমাত্র তার অন্তগর্ভ সামর্থ্য ও সংকল্পের নিরংকুশ সিশ্বিতেই। আমাদের প্রাকৃত বৃদ্ধি সাধারণত বিশ্বের প্রতিভাসে একটা স্থলে অর্থের পরিকল্পনা দেখতে পায়। আরও সক্ষা সতা ও গভীর একটা তাৎপর্য যে তার মধ্যে নিহিত রয়েছে, সে-খবর পাই যখন দৈবী মনীষার রহস্য অধিগত হয়। তখনই ব্রুতে পারি, বস্তুর স্বভাবস্থিতির সার্থকতা কোথায়। কিস্তু বিশ্বসংস্থানের মধ্যে একটা স্বাভাবিক সংগতি আছে—শুখ্র এই বিশ্বাসই পর্যাপ্ত নয়। নিরন্তর এষণাম্বারা সেই চিন্ময় সংগতির স্ত্রকে আবিষ্কার করাই আমাদের স্বভাবের দায়। আর সে-আর্বিক্রয়ার পরিচয় শর্ধ্ব দার্শনিক ব্রাম্থ দিয়ে বিশ্বসংগতির একটা ছক তৈরি করাতেই নয়। অথবা সব-কিছ্বর মধ্যে লোকবুণিধর অগোচর তাঁর ইচ্ছার একটা খেলা চলছে—এই বিশ্বাসে বিজ্ঞের মতই হ'ক বা চোখ ব'জেই হ'ক জগংটাকে কেবল নিবিচারে মেনে নেওয়াতেই নয়। জ্ঞানের পরিচয় শক্তিতে। দৈবী মনীধার সূত্র যে পেয়েছি,

তা প্রমাণ হবে আধারে চিন্ময়ী কবিক্রতুর উদয়নে—যা অপরা প্রকৃতির বহিরণা প্রবৃত্তিকে তিলে-তিলে র্পান্তরিত করবে অন্তগ্র্ত দৈবী ভাবনার ঋতময় বিধানে। জীবনের সন্তাপ ও দৈন্যের পীডনকে ঈশ্বরকাঙ্গিত আপাত-অপূর্ণতার একটা বিধান জেনে তিতিক্ষাসহকারে তাকে সয়ে যাওয়া অন্যায় কি অসক্ষত নয়, তা মানি। কিন্তু সেইসক্ষে এও মানতে হবে, অনর্থ ও স্বাপ্তাপকে আত্মবাহ্য পরাভূত ক'রে অপ্রণতাকে প্রণতায় র্পার্ন্তারত করা, চিন্ময় প্রকৃতির ঋতচ্ছন্দকে মূর্ত করা এই আধারে—এও ঈশ্বরকাল্পত আরেকটি বিধান। বস্তৃত মানুষের চেতনায় স্বরূপ-সত্যের একটা চিন্ময় আভাস আছে, দিব্য-প্রকৃতি ও দেব-স্বভাবের একটা কম্পরাগ আছে। উত্তরদীপ্তির তুলনায় স্বচ্ছদে বলা চলে, আমাদের প্রাকৃত ভূমির অপূর্ণতা অদিব্য জীবনেরই পরিচায়ক—তাকে ঘিরে আছে যে পার্থিব পরিবেশ, তাও দিব্য নয়। কিন্তু এ-অপূর্ণতা পূর্ণতারই অৎকুর মাত্র। এ শৃংধু দিব্য পুরুষ ও দিব্য প্রকৃতির প্রথম কণ্ডাক—ঈপ্সিত চরম রুপায়ণ নয়। এই আধারেই দিব্য-পূর্বের এক অমিত বীর্ষ গ্রেছিত হয়ে আছে—যা মানুষের অন্তরে জর্মালয়েছে অভীপ্সার অণিন্যাশ্যা কম্পলোকের চাকত আভাসে করেছে তাকে উন্মনা, অত্যপ্তর অনির্বাণ দাহে প্রচোদিত করেছে উত্তরায়ণের অভিযানে, সকল আবরণ বিদীর্ণ করে এই মর্ত্য আধারে এই প্রাকৃত দেহ-প্রাণ-মন-চেতনাতেই দেবতাকে ব্যাকৃত করবার এনেছে উন্মাদনা। অতএব আমাদের অপরা প্রকৃতি দিব্য-সংক্রান্তির একটা পর্ব মাত্র। এই অপূর্ণান্থিতিকে আশ্রয় করেই পেয়েছি এক মহন্তর বিপলেতর অভাদয়ের সঙ্কেত—যার মধ্যে চিন্ময় সিন্ধি রূপায়িত হবে শুধু গুহাহিত দেবতার নিগুঢ়ে আবেশে নয়, কিন্তু সন্তার প্রত্যন্ততম বিভাবনাতেও স্ফুরিত হবে তার বৈদ্যাতী।

কিন্তু এসব সিদ্ধান্তই ন্যায়ের ভাষায় শ্ব্য 'প্রতিজ্ঞা' মাত্র। বিশ্বস্থিতির নিগ্র্ রহসের যেট্রকু আভাস পেয়েছি, তার সঙ্গে প্রত্যক্-চেতনার গভীর অন্ভবকে মিলিয়ে পাই বোধিজাত প্রতায়ের এই ইশারা। ব্লিষর কাছে তাকে সপ্রমাণ করতে হলে চাই দ্বঃখ অবিদ্যা ও অপ্র্ণতার হেতু-নির্পণ, বোঝা চাই বিশ্বপ্রবৃত্তির লক্ষ্যে বা ক্রমে কোথায় তাদের স্থান। ব্রহ্ম আছেন—এ-অভ্যুপগমে মোটাম্টি মান্যের ব্লিষ ও চেতনার সায় আছে। কিন্তু জগতের সঙ্গে তার সদ্বন্ধ নির্পণ করতে গিয়ে দেখা দিয়েছে তিনটি মত। প্রত্যেকটি মতের ভিত্তি জগৎ-দর্শনের এক-একটি বিবক্ত ভিংগ্রে 'পরে। তাই একটি মতের সঙ্গে আর-দ্বৃটি মতের কিছুতেই মিল হয় না।...মান্যের চিত্ত বিদ্রুত হয়ে পড়ে এই গরমিলে, এবং স্বত্যেবিরোধের ভাড়নায় অবশেষে সংশয় ও নাম্তিক্যে তার সকল তর্কের অবসান ঘটে। প্রথম মতে: এক সর্বগত শ্বুষ্থ প্রণ আনন্দ্র্কর্প ব্রহ্মই পরমার্থতিত্ব। তাকৈ ছেড়ে তাঁহতে বিবিক্ত

হয়ে কিছুরই সত্তা সম্ভব নয়—কেননা তাঁকে আশ্রয় করে তাঁরই সন্তাতে সবার সত্তা। নিরীশ্বরবাদ জডবাদ অথবা আদিমানবের নরাকার-ব্রহ্মবাদ ছাডা সকল ধরনের ঈশ্বরবাদের গোড়ার সিম্ধান্ত এই। অবশ্য জ্বগদ্বিবিক্ত ঈশ্বরের কল্পনাও কোনও-কোনও ধর্মে আছে। তাদের মতে ঈশ্বরসূষ্ট হয়েও জগৎ ঈশ্বরসত্তার বাইরে। কিন্তু অধ্যাত্মশাস্ত্র বা অধ্যাত্মদর্শন গডবার বেলায় এইসব ধর্মাও স্বীকার করে, ঈশ্বর সর্বার্যাপী বা সর্বান্স্যাত—কেননা অধ্যাত্ম-মননের সঙ্গে এ-ভার্বাট এত নিবিড়ভাবে যুক্ত যে একে এড়িয়ে যাবার কোনও উপায় নাই। ব্রহ্মকে চিন্ময় পরমার্থতিত্ব বললে মানতে হবে, তিনি অথন্ড অন্বিতীয় এবং সর্বব্যাপী, অতএব তাঁর সত্তাকে ছেডে কারও সত্তা সম্ভব নয়। তৎ-স্বরূপ ছাডা আর কোথা হতে কোনও-কিছুর বিসূচিট হতে পারে? তাঁর আয়তন ছাড়া কোথায় কারও আশ্রয় থাকবে? তাঁর সত্তার বীর্ষে ও নিঃশ্বসিতে প্রাণিত না হয়ে দ্ব-তন্ত্র অস্তিত্বই-বা থাকবে কার? জগতের দ্বঃখ অবিদ্যা ও অপূর্ণতা—ঈশ্বরসন্তার আশ্রিত নয়—এমন কথাও আছে বটে কোনও-কোনও ধর্মে। কিন্তু তাহলে মানতে হয় দক্তন ঈশ্বর—একজন শিবময় 'হোরমজ্দু', আরেকজন অশিব 'অহ্রিমনু'। অথবা হয়তো একজন বিশেবাত্তীর্ণ ও সর্বাগত পূর্ণপূর্য, আরেকজন বিশেবর অপূর্ণসত্ত বিধাতা বা বিবিক্ত অপরা প্রকৃতি। এ-কল্পনা সম্ভব হলেও শুন্ধবর্নিধর চরম দর্শনে তার সায় নাই। তাকে সত্যের বড়জোড় একটা গোর্ণাবভাব বলে মানা চলে. কিন্তু পূর্ব্য বা অখণ্ড তত্ত্বভাবের মর্যাদা কোনমতেই সে পেতে পারে না এমনও বলতে পারি না, সর্বাধিষ্ঠান চিন্ময়-প্রেষ আর সর্ববিধাতী শক্তির ম্বরূপে কোনও বৈধর্ম্য রয়েছে অথবা তাদের সংকল্পে কোনও অন্যোন্যবিরোধী প্রবর্তনা নিহিত আছে। আমাদের বৃদ্ধি বলে, বোধিচেতনা অনুভব করে এবং অধ্যাত্ম অনুভবেও সম্থিত হয় এই সতাই যে : এক নিবিশেষ নিরঞ্জন সন্মাত্রই রয়েছেন সর্ববস্তুতে এবং সর্বভূতে—তারা আছে তাঁরই আধারে এবং আশ্রয়ে। অতএব এই সর্বাধার ও সর্বাত্তর্যামী ব্রহ্মসদভাবের আবেশ ছাডা বিশ্বে কিছ,ই নাই বা কিছ,ই ঘটে না।

এই গেল আমাদের প্রথম অভ্যুপগম। একে ভিত্তি করে সহজেই মান্ধের মন গড়ে তোলে আরেকটি সিম্পান্ত। এই সর্বগত রক্ষসন্তার পরা সংবিৎ ও পরা শক্তিই বিশ্বাবগাহী দিবাপ্রজ্ঞা ও পূর্ণজ্ঞানের শতম্ভনা ঈশনায় হয়েছে নিখিলের মৌল সংস্থান ও প্রবৃত্তির প্রশাস্তা।...কিন্তু আস্ভিক্যের এই দ্বিতীয় সিম্পান্তের সংগ্য বিশেবর প্রাতিভাসিক র্পের একটা অসংগতি দেখা দেয়। ম্লে যা-ই থাকুক, বিশেবর স্থলে সংস্থান ও প্রবৃত্তিতে আমাদের প্রাকৃত চেতনা সর্বত্ত দেখে একটা কুঠা ও অপূর্ণতার ছাপ। রক্ষভাব সম্পর্কে আমাদের যা ধারণা বিশ্ব জ্বড়ে দেখি তার বিপর্যয়।—সর্বত্ত একটা বৈষম্য, একটা প্রতীপ

আচার, রহ্ম-সদ্ভাবের স্মৃপণ্ট প্রতিষেধ না হ'ক তার বিকৃতি ও প্রচ্ছাদন তো বটেই।...এহতে দেখা দেয় তৃতীয় একটি সিন্ধান্ত। রহ্ম আর জগণ তাহলে দৃটি আলাদা তত্ত্ব বা আলাদা ধারা। দৃরে এতই তফাত যে একটিকে পেতে হলে আরেকটিকে ছাড়তেই হয়। অধিণ্ঠান-রহ্মকে জানতে হলে তাঁর সম্ভায় স্ফুরিত বা বিসৃষ্ট এবং তাঁর ন্বারা অধিণ্ঠিত ও প্রশাসিত জগৎকে প্রত্যাখ্যান করতেই হবে আমাদের।...তিনটি সিন্ধান্তের প্রথমটি অনুস্বীকার্য। অধিণ্ঠিত জগতের সংখ্যা সর্বাধিণ্ঠান রক্ষের কোনও সম্পর্ক যদি থাকে, জগতের বিসৃষ্টি নির্মাণ বিধারণ ও প্রশাসনের বিন্দুমান্ত দায়ও যদি তাঁর থাকে, তাহলে দ্বতীয় সিন্ধান্তিটিকেও না মেনে উপায় নাই। আবার তৃতীয়টিকেও মনে হয় স্বতঃসিন্ধ। অথচ আগের দুটির সংখ্যই সে থাপছাড়া। এই অস্থ্যতি হতে দেখা দেয় এমন-একটা সমস্যা, মনে হয় তার সৃষ্ঠ্ব সমাধান কোনকালেই হবার নয়।

দার্শনিক ব্রাদ্ধ অথবা শাদ্রয্বক্তির দৌলতে এ-সমস্যার একটা জবাব দাখিল করা অবশ্য অসম্ভব নয়। এপিকিউরাসের দেবতাদের মত একজন নিষ্কর্মা ঈশ্বর খাড়া করলেও চলে। যন্তার্চ প্রাকৃত জগৎ যে-পথেই গাড়িয়ে চল্ক তিনি কিল্ত আপন আনন্দে বিভার হয়ে উদাসীন দুল্টি মেলে তাকিয়ে আছেন তার দিকে।...বলতে পারি, ভূতে-ভূতে অবস্থিত নিবিকার সাক্ষী প্রেষের অনুমতিতে হব-তন্তা প্রকৃতির কর্ম আর বিকর্ম চলছে, আর তার অক্ষ-খ নির্বর্ণ চৈতন্যে তিনি গ্রহণ করছেন তাদের প্রতিবিদ্ব-এছাড়া পরে যের আর-কোনও দায় নাই।...অথবা প্রপঞ্চের বিস্মৃতি বা বিদ্রমের ওপারে আছেন এক অসংগ নির পাধিক নিষ্কিয় নির্বিশেষ প্রমার্থ-সং : তাঁহতে অথবা তাঁর প্রতিযোগির পে এই স্থািটর অনিব চনীয় রহসাময় আবিভাব-শুধে কালগ্রস্ত জীবের বঞ্চনা ও পীড়নের জন্য !...কিন্তু এসব সমাধানের পিছন হতে উর্ণক দেয় আমাদের দ্বিধা-বৃত্ত অনুভবের একটা আপাত-অসংগতি। এতে বিরোধের সমন্বয় সমাধান কি ব্যাখ্যা কিছাই হয় না—শাধ্য অবিভক্তের মধ্যে একটা তাত্তিক বিভাগের কল্পনা ক'রে পরোক্ষ বা অপরোক্ষ দৈবতবাদ শ্বারা সেই বিরোধকে সমর্থন করা হয়। বস্তৃত এর মধ্যে আছে একই ঈশ্বর-সত্তার দৈবতবিভাবের কল্পনা—ব্রহ্ম বা প্রের্থ আর প্রকৃতির্পে। কিন্তু প্রকৃতি বা বস্তুশক্তি তো ব্রহ্মশক্তি বা আত্মশক্তি ছাড়া আর-কিছুই হতে পারে না-কেননা বস্তুসতা যে স্বর্পত ব্লাসতা হতে অভিন্ন। অভএব প্রকৃতির কর্ম রক্ষা বা পুরুষ হতে একান্ত প্ব-তন্ত্র হয়ে চলছে না। এও সত্য নয় যে প্রকৃতি দৈর্বারণী ও প্রতীপচারিণী-পুরুষের হান-উপাদানে তার ক্ষতি-বৃশ্ধি নাই। অথবা প্রব্বের মৃত্ ও নিষ্ক্রিয় অসাড়তার 'পরে তার কর্ম' অন্ধ বলুশক্তির একটা জ্ঞান শৃংধু।...আবার বলা চলে : বন্ধ নিষ্টিয়

সাক্ষির পে চেয়ে আছেন, আর ঈশ্বরই সাক্রিয় স্বভাবে স্পিট করছেন। কিন্তু এতেও গোল মেটে না। কেননা শেষ পর্যন্ত মানতে হয়, এ-দুটি একই তত্ত্বের যুক্ষবিভাব মাত্র—সাক্ষী রক্ষের সন্দির বিভাবকে বলি ঈশ্বর আর সাঁক্রর ঈশ্বরত্বের সাক্ষীকেই বাল রক্ষ। একই বন্ধ জ্ঞানে সমাহিত, আবার কর্মে উচ্ছন্সিত-এ-কল্পনায় যে-বিরোধ আছে. তার সমাধান প্রয়োজন হলেও সমস্যাটা অনির ক্ত এবং অনির্বাচ্য থেকেই যায়।...এমনও বলতে পারি: ব্রন্ধের তত্তভাবে একটা দৈবতচেতনা আছে—একটি চেতনা অচল, আরেকটি স্পন্দিত। দ্থাণ্য অচলচেতনা ব্রহ্মের চিন্ময় দ্বর্প-সত্য, ওই তাঁর নিবিশেষ অখন্ড-পূর্ণতার ভাব। আর তাঁর স্পন্দচেতনায় আছে অর্থক্রিয়াকারিতা এবং র পায়ণের সামর্থ্য—তাতেই অনাম্মরপে তিনি বিবর্তিত হন। সে-বিবর্তের শ্বারা তাঁর নিবিশেষ অথণ্ডপূর্ণতা কোনমতেই পরামুষ্ট নয়—কেননা কালাতীত তত্ত্বভাবের মধ্যে সে তো কালকলনার একটা বিভ্রম শুধু।...কিন্তু একথার আমাদের দ্র্ভিতে রহস্যের ঘোর আরও ঘনিয়ে আসে। আধর্খানি সতা আর আধর্খান চৈতন্য নিয়ে আমরা ব্রহ্মের আধর্খান স্বশ্নের মধ্যে বেকে আছি এবং প্রকৃতির তাড়নায় বাধ্য হয়ে বাস্তব বলে মেনে নিচিছ এই দ্বণ্নজীবনকে, এর করাল বিভীষিকা হতে নিষ্কৃতির কোনও উপায় দেখছি না: সতুরাং অবাস্তব বলে একে উড়িয়েই-বা দিই কি করে? এ তো মানতেই হবে, কালচেতনা আর তার বিভাবনা শেষ পর্যন্ত অথন্ড ব্রহ্মসন্তার বিভূতির্পে তাঁরই আগ্রিত এবং অবিনাভূত। পরমার্থ-তত্ত্বের শক্তির 'পরেই সন্তার নির্ভার যার, সে কি করে তাঁর স্বারা অপরামৃষ্ট হবে? আত্মশক্তির বিভাবনায় এ-জগং সাঘি করেও তাথেকে তিনি নিঃসম্পর্ক হবেন কি করে? জগদ্ভাব পরা সংবিতের আখ্রিত হলে তার প্রবৃত্তি ও ব্যবহারও নিশ্চয় সেই সংবিতেরই স্বরপেশক্তির আগ্রিত হবে—বিশ্ববিধানে থাকবে চিৎসত্তার দিব্যবিধানের প্রশাসন। ব্রন্মের মধ্যে যে-জগৎ আছে. তার চেতনা ওতপ্রোত হয়েই থাকবে ব্রহ্মের আত্মসংবিতের সঙ্গে। তার সমস্ত প্রবৃত্তি ও রূপায়ণের মধ্যে থাকবে তাঁরই শক্তির নিতা প্রশাসন—অন্তত তার ঈক্ষণ তো বটেই কেননা প্রা এবং শাশ্বত স্বয়ম্ভসন্তার বিভাবনা ছাড়া স্ব-তন্ত কোনও শক্তি কি প্রকৃতির সত্তাই যে অসম্ভব। আর-কিছু না করলেও, তার চিন্ময় সর্বান,স্ত্তাত অনুধ্যানদ্বারাই যে ব্রহ্ম বিশেবর প্রবর্তক বা নিয়ন্তা হবেন। বিশ্বস্পাদের অন্তরালে আছে আন্তেতার প্রপ্রেপাপশম নৈঃশব্দা, চেতনা সেখানে বিশ্বস্থিত নিষ্পন্দ সাক্ষিমান্ত—সমাহিত সাধকের এ-অন্ভব মিধ্যা নয়। কিন্তু একেই তো অধ্যাত্ম অনুভবের সবখানি বলতে পারি না, আর এই একদেশী জ্ঞান দিয়েই তো বিশ্বরহস্যের আমূল ও সমগ্র সমাধান হতে প্রারে না।

রন্মের প্রশাসনে বিধৃত এই বিশ্ব-একথা মানলে পরে কোথাও তাঁর

প্রশাসনের ক্ষমতায় দাঁড়ি টানতে পারি না। কারণ, যে সত্তা ও চেতনাকে অনশ্ত ও পরাংপর বলে জানি, তার বিজ্ঞান ও সঙ্কল্প যে সীমার সঙ্কোচে কোথাও অনীশ্বর বা ব্যাহতগতি হবে, একথা অকল্পনীয়। অবশ্য এটকু মানতে বাধা নাই ষে, সর্বগত পরমরক্ষার পূর্ণ স্বভাবের আগ্রিত হয়েও যা অপ্রণ হয়ে এবং অপ্রণতার নিমিত্ত হয়ে ফুটেছে, প্রবৃত্তির খানিকটা স্বাতন্তা ব্রহ্ম তাকে দিতেও পারেন। এমনি স্বাতন্তোর অধিকার পেয়েছে অবিদ্যাচ্ছর বা অচিতিম্ট অপরা প্রকৃতি, পেয়েছে মানুষের ইচ্ছা ও মন, পেয়েছে অচিতির অনতিবর্তনীয় মূঢ়তা হতে উচ্ছিতে অশিব তমঃশক্তির ঘোরচেতনা। কিন্তু তারা কেউ রন্ধোর আত্মভাব আত্মচেতনা ও আত্মপ্রকৃতি হতে বিবিক্ত এবং স্ব-তন্ত্র নয়। রক্ষোর সদ্ভাবে ঈক্ষণে বা অনুমতিতেই তাদের ক্রিয়া চলছে। মানুষের স্বাতন্ত্য আপেক্ষিক। তার স্বভাবের অপূর্ণতার জন্য একমাত্র তাকে দায়ী করা চলে না। অপরা প্রকৃতির অবিদ্যা ও অচিতিও অখণ্ড-সন্মাত্রের বিভূতি, অতএব স্ব-তন্ত্র সত্তা তাদেরও নাই। প্রকৃতির ক্রিয়াবৈকল্য সর্বগত ব্রন্ধেরই সত্যসংকল্পের অনুগত—তার বিপর্যাস নয়। একথা মানি, প্রবতিতি শক্তি তার স্বাভাবিক প্রবৃত্তির বিধানে কাজ করে যায়। কিন্তু যে-ব্রহ্ম সবেশ্বর এবং সববিং, তাঁর সবাগত স্বয়স্ভ্সন্তায় প্রবৃত্তির কোনও তর্পণ র্যাদ ওঠে, তবে তার মালে আছে তাঁরই প্রবর্তনা ও প্রশাসন—কেননা অখণ্ড-সন্মান্ত্রের ব্যাহ্তিমন্ত্র ছাড়া তাদের স্থিত অথবা দিথতি কি করে হবে? বিস্তুট জগতের সঙেগ ব্রহ্মের এতট্বকু সম্পর্ক ও যদি থাকে, তবে বিশ্বলীলায় তাঁকে ছেড়ে আর-কারও ঈশনা স্বীকার করা চলে না—তাঁর পূর্ব্য ও সর্বগত সদ্ভাবের নিতাব্রত হতে কেউ নিধ্তি বা পরাব্ত হয়ে থাকতে পারে না। অখন্ড ব্রহ্মসদ্ভাবের এই দ্বতঃসিম্ধ পরিণামকে সর্বতোভাবে দ্বীকার করেই দ্বঃখ অনর্থ ও অপূর্ণতার সমস্যাকে বিচার করতে হবে।

একটা ধারণা গোড়াতেই স্পন্ট হওয়া চাই। এ-জগতে প্রাদিত অবিদ্যা সেণ্ডেনাচ সদতাপ খণ্ডবোধ কি সংঘাত আছে বলেই তাড়াতাড়ি সিন্ধান্ত করা উচিত হবে না যে, বিশ্বে রক্ষাের সন্তা চেতনা শন্তি প্রজ্ঞা ক্রতু ও আনন্দের অস্তিতত্ব মিথ্যা অথবা অপ্রমাণ। অবিদ্যা প্রভৃতিকে বিচ্ছিন্ন ও স্ব-তন্ত্র করে দেখলে তাদের ডিঙিয়ে অখণ্ড সচ্চিদানন্দকে আর দেখতে পাওয়া যায় না সত্য। কিন্তু বিশ্বলীলার সমগ্রতার মধ্যে তাদের সংস্থান ও তাৎপর্যকে যথাযথ স্থাপন করতে পারলেই এই দ্রান্তি ঘুচে যায়। অংশী হতে বিচ্ছিন্ন করে দেখলে অংশকে অপূর্ণ হতন্ত্রী ও দুর্বোধ মনে হয়। কিন্তু তাকেই অংশীর পূর্ণ পরিবেশের মধ্যে রাখলে তার অর্থ ছন্দ এবং প্রয়েজন ব্রুতে পারি। রক্ষা অননত ভাবন্বরূপ। তার এই অননতভাবের সর্বত্র দেখি সান্তভাবের খেলা। এই আপাত-প্রতিভাসকে আমরা গোড়ার তথা বলে জানি—আমাদের সন্কীর্ণ

অহন্তা ও তার স্বার্থপর প্রবৃত্তিতে অহনিশ এই তথ্যেরই পরিচয় পাই। কিন্তু আত্মবোধের অখণ্ডতায় অবগাহন করলে দেখি কোথায় সান্তের সংখ্কাচ— আমরাও যে অনন্ত-দ্বরূপ! আমাদের অহং বিশ্বসন্তারই একটা বিশেষ দিক, তার তো স্বতন্ত্র কোনও সন্তা নাই। আমাদের আপাত-বিবিক্ত ব্যচ্চি জীব-চেতনা আত্মপ্রকৃতির একটা বহিঃস্পন্দ মাত্র। তার পিছনে প্রচ্ছন্ন রয়েছে আমাদের শাশ্বত জীবস্বভাব—যা যুগপং সর্বাত্মভাবে পরিব্যাপ্ত এবং তুরীয় আনশ্তোর তাদাঝ্যে লোকোত্তীর্ণ। অতএব অহণ্তায় সত্তার আপাত-সংখ্কাচ ঘটলেও বস্তৃত সে আনন্তোরই বীর্যবিভাত। বিশেবর অন্তহীন ভতবৈচিত্র্যও অপ্রমেয় আনন্তোরই পরিণাম ও স্কৃপন্ট দ্যোতনা—তার মধ্যে সীমিত অথবা সাত্ত-ভাবের অর্নাতবর্তনীয়তা কোথায়? আপাত-খণ্ডতা কথনও তাত্ত্বিক ভেদে পরিণত হতে পারে না। খণ্ডভাবের আধার হয়ে তাকে অতিক্রম করেও থাকে অখণ্ড-অশ্বৈতের নিগঢ়ে ব্যাপ্তি, যাকে কোনও খণ্ডভাবনাই খণ্ডিত করতে পারে না। জগতে অহন্তা আছে, আপাত-খন্ডতা আছে—আছে তাদের বিবিচাবত প্রবৃত্তি। কিন্তু একে জগতের গোড়ার তথ্য বলে মানলেও রক্ষের চিন্ময়ী প্রকৃতির অখণ্ড অশ্বয়ভাবনা ক্ষাণ্ণ কি নিরাকৃত হয় না—কেননা অখণ্ড আনন্তোর বীর্য যে অণ্তহীন বহুভাবনায় স্ফুরিত হয়েছে. জগদভাব তারই পরিণাম মাত্র।

অতএব তত্ত্বত বিশ্বের কোথাও খন্ডতা বা সীমার সংখ্কাচ নাই, ব্রহ্মের সর্বগত সদ্ভাবের কোথাও স্বর্পহানি ঘটেন। অথচ প্রাকৃত চেতনায় সত্যি-সত্যি সংকৃচিতবৃত্তির একটা পীড়ন রয়েছে। আমরা নিজের স্বরূপ জানি না, গ্রাহিত রক্ষ স্বরূপত আচ্ছন্ন আমাদের কাছে—আর এই অবিদ্যার ফলে স্বাদিক দিয়ে আমরা অপূর্ণ। বহিশ্চর অহংচেতনায় আত্মার একমাত্র পরিচয় পাই: তাতেই নিমন্ন হয়ে দেহ-প্রাণ-মনের কারাগারে আমরা বন্দী। তাইতে অখণ্ড আত্মন্বরূপের 'পরে—তাত্তিক না হ'ক্ ব্যাবহারিক খণ্ডভাবের আরোপে প্রমার্থ তত্ত্ব হতে যোগদ্রন্ট হয়ে তার নানা অবাঞ্চনীয় বিপাকে আমরা জর্জরিত হই। কিন্তু এইখানে আমাদের দৃষ্টির একটা নতুন ভাষ্গি আবিষ্কার করতে হবে। ব্যবহারের দিক থেকে অবিদ্যাকে আমরা যা-ই ব্রবিধ না কেন, ঐশ্বর-যোগের দিক দিয়ে দেখতে গেলে অবিদ্যা কিন্তু তথ্য হলেও তত্ত্ব নয়—আসলে সে বিদ্যারই একটা বৃত্তি। অবিদ্যার্পে বিদ্যার প্রতিভাস শক্তির একটা বহিঃস্পুন্দ মাত্র, তার পিছনে আছে অখন্ড সর্বসংবিতের অধিষ্ঠান। সর্বসংবিং যথন একটা বিশেষ ক্ষেত্রে আপনাকে সীমিত ক'রে জ্ঞানের একটি বিশেষ বৃত্তি এবং কর্মের একটি বিশেষ ধারাকে আশ্রয় করে, তখন তার সেই পরেঃক্ষেপকে বলি অবিদ্যা। তার অন্তরালে অখন্ড জ্ঞানা-শক্তির বীর্য আপন যোগাতাকে অক্ষার রেখেই দতব্ধ হয়ে থাকে। এই নিগু েবীর্য যেন সর্বসংবিতের জ্যোতি ও শক্তির গোপন ভান্ডার। এই উৎস হতে যোগান পেয়ে প্রকৃতিতে আমাদের প্রগতির ধারা এগিয়ে চলে। প্রঃক্ষিপ্ত অবিদ্যার সকল ন্যুনতা পূরণ হয় এক রহস্যশক্তির আবেশে। সর্ববিৎ সতাসংকল্পের ছকে যে-লক্ষ্য নিশ্চিত হয়ে আছে তার জন্য, এই শক্তিই তাকে নানা ব্যাঘাতের ভিতর দিয়েও ঠিক পথে চালিয়ে নেয়, লক্ষ্য হতে দ্রষ্ট হবার সকল সম্ভাবনাকে করে নিরাকৃত। অবিদ্যাচ্ছন্ন হয়েও জীব এই শক্তির সহায়ে দঃখ ও প্রমাদের প্রাকৃত অনুভব হতেও উত্তরায়ণের পাথেয় আহরণ করে, চলার পথে ফেলে যায় অনাবশ্যকের যত আবর্জনা।...তাছাড়া প্রেঃক্ষিপ্ত অবিদ্যাশক্তির বৈশিষ্ট্য হল সংকচিত পরিবেশের মধ্যে একাগ্র অভিনিবেশের নিবিডতা। আমাদের প্রাকৃত মনেও তার পরিচয় পাই, যখন বিশেষ-কোনও বিষয়ে বা কর্মে চিত্তসমাধান ক'রে আমরা শ্বে তার উপযোগী জ্ঞান ও ভাবনার উপযোগ করি, যা তার পক্ষে অপ্রাসিংগক কি প্রতিকলে তাকে আপাতত নেপথ্যে রাখি। অথচ এর মধ্যে আধারের অখণ্ডচেতনাই কিন্তু যা করবার করছে, যা দেখবার দেখছে। সেখানে এমন কথা বলতে পারি না যে, চেতনার একটা ভণ্নাংশ অথবা অবিদ্যার একটা আচ্ছিন্ন ভাগই আধারে নির্বাক জ্ঞাতা ও কর্তার আসন নিয়েছে। আমাদের মধ্যে সর্বসংবিতের বহিব ত্ত অভিনিবেশশক্তিও ঠিক এই রীতিতে কাজ করছে।

চিত্তব্তির খতিয়ান নিতে গিয়ে এই একাগ্রতার সামর্থ্যকে আমরা যে মান্বের মনোরাজ্যে খাব উচ্চানরের শক্তি বলে মনে করি, সেটা কিছা, অসংগত নয়। তেমনি, ব্রাহ্মী চেতনাতেও একটা বিবিক্ত লক্ষ্যের দিকে সীমিত বিজ্ঞানের অকুণ্ঠ প্রবর্তনার সামর্থ্য আছে—যাকে আমরা বলি অবিদ্যা। মানুষের একাগ্রচিত্ততার মত তাকেই-বা কেন মনে করব না ব্রহ্মচৈতন্যের একটা সমক্র বিভূতি? স্বপ্রতিষ্ঠ বিজ্ঞানের পরাকাষ্ঠা যেখানে, সেখানেই কর্মের মধ্যে একান্তভাবে নিজেকে অভিনিবিষ্ট রেখে ওই আপাত-অবিদ্যার ভিতর দিয়ে নিজের প্রত্যেকটি অভিপ্রায়কে সিন্ধ করে তোলা সম্ভব। বিশ্ব জুড়ে দেখছি এই স্বপ্রতিষ্ঠ লোকোত্তর প্রজ্ঞার লীলা—বহুধা-বৃত্ত অবিদ্যা তার বাহন। প্রত্যেকের মধ্যে আপন অন্ধ আবেগকে অনুসরণ করবার প্রয়াস আছে—অথচ সবার ভিতর দিয়ে সংবাদি-বিবাদী সকল সূরের সমন্বয়ে ফুটে উঠছে বিন্ব-রাগিণীর এক অপর প সৌধমা। আমরা যাকে অচিতি বলি, তারও মধ্যে এই পরম প্রজ্ঞার সর্ববিং স্বভাবের আশ্চর্য পরিচয় পাই। অচিতির মধ্যে তমিস্লার আবরণ বলতে গেলে দ্বভেঁদ্য হয়েছে। আমাদের অবিদ্যার চাইতেও তার বাধা স্থূলতন্—অতিপরমাণ্বতে, পরমাণ্বতে, জীবকোষে, উদ্ভিদে, কীট-পততের, নিম্নগ্রেণীর ইতরপ্রাণীতে। অথচ সেখানেও দেখি ঋতম্ভরা প্রজ্ঞার নির্ভক্ষ লীলায়ন। প্রাণের সহজাত প্রবৃত্তিকে অথবা জড়ের অচেতন সংবেগকে ঠিক সে নিয়ে যায় সর্বসংবিতের সংকল্পিত গঢ়েবর্মা পরিণামের

দিকে। যে-আধার সে-পরিণামের বাহন, সে তার খবর জানে না, অথচ তার প্রবৃত্তিতে ও সংবেগে পরিণামের ফ্রিয়া হয় নিখতে। অতএব স্বচ্ছদে বলতে পারি, অবিদ্যা বা অচিতির ক্রিয়া বাস্তবিক অজ্ঞানের ক্রিয়া নয়। এর মধ্যে আছে এক নির্রতিশয় আত্মবিজ্ঞান ও সর্ববিজ্ঞানের অকুণ্ঠ বীর্যের দ্যোতনা। অবিদ্যার অন্তগ্র্যে এই অখন্ড সর্ববিজ্ঞানের বহিরণ্গ পরিচয় বিশ্ব জন্ত ছড়িয়ে আছে। তার অন্তরণা অনুভব চাইলে পরে আমাদের অন্তন্দেতনার অতল গহনে অথবা উত্তরচেতনার বৈপ্রল্যে ডারতে হবে—এই অবিদ্যাচ্ছত্র পরাক-চেতনার অন্ধ ধর্বনিকা সরিয়ে দাঁড়াতে হবে তার অন্তঃশীল চিন্মর বিজ্ঞান ও ক্রতুর মুখামুখি হয়ে। তখন বৃঝি, জীবনে অবিদ্যার ঘোরে যে-সাধনা করে এর্সোছ, ওই নির্রতিশয় সর্বজ্ঞত্বের অলক্ষ্য প্রেরণাতেই তা লোকোত্তর পরিণামের দিকে চলেছে। দেখি, অবিদ্যার প্রবৃত্তির পিছনে আছে এক বহুত্তর ক্রিয়াশক্তির ঈশনা—আধারে যেন তার নিগ্রে অভিপ্রায়ের চকিত আভাসও পাই। আজ শুধু বিশ্বাসের ডালায় যাঁর অর্ঘ্য রচেছি, সেদিন তাঁর প্রত্যক্ষ পরিচয় পাই, সমস্ত হাদয় দিয়ে স্বীকার করি তাঁর নিরঞ্জন বিশ্বস্ভর দিব্যাবেশ—প্রকৃতির অধ্যক্ষ ও সর্বভৃতের মহেশ্বরকে অপরোক্ষ প্রতায় দিয়ে অনুভব করি।

অবিদ্যার যা তত্ত্ব, তার পরিণামেরও তা-ই তত্ত্ব। আমরা দেখি জীবন-ব্যাপী কত অর্শাক্ত দৌর্বল্য আর ক্লৈব্য, শক্তির কত দৈনা, সংকল্পের কত ব্যাহত আয়াস ও কৃচ্ছ,সাধনা। কিন্তু ব্রাহ্মী দৃষ্টিতে এসমস্তই তাঁর আত্মবিভাবনা। আপন স্বাতন্ত্রকে অক্ষ্মন রেখে তাঁর সর্ববিং সর্বশক্তি ঋতের বিধানে তার প্রবৃত্তিকে নিয়ন্তিত করেছে। তাই বাইরের প্রকাশে শক্তির যোগান হয়েছে ঠিক সাধ্যের অন্রূপ। জীবের যেমন প্রয়াস, যেমন তার সিন্ধি-অসিন্থির অনতিবর্তনীয় নিগতে নিয়তি, তার সঙেগ মিল রেখে পেয়েছে সে শক্তির প্রজি। তার শক্তি বিশেবর সম্হশক্তির অংগীভূত, অতএব সেই শক্তির সমন্বয়ী প্রবৃত্তি ও বৃহৎ পরিণামের ছন্দ অনুসারে তার নিজস্ব শক্তির প্রবৃত্তি ও পরিণাম নিয়মিত হবে। শক্তিসভেকাচের পিছনে সর্বশক্তির আবেশ আছে, আর সে-সঙ্কোচও সর্বশক্তিরই লীলা। আবার বহু সংকৃচিত শক্তির সমবায়েই অখণ্ড সর্বশক্তির নিগ্যু অভিপ্রায় নিরণ্কুশ সিশ্বিতে মূর্ত হয়। এমনি করে শক্তির সংবেগকে সংকৃচিত ক'রে সেই সংকাচের সহায়ে কাজ করে যাওয়া আমাদের কাছে শ্রম আয়াস বা কৃচ্ছ্যুতার রূপ ধরে। সাধনার পথকে আমরা তাই অসিদ্ধি অথবা অর্ধাসিদ্ধির কণ্টকে আকীর্ণ দেখি। অথচ এরই ভিতর দিয়ে মহাশক্তি যদি তার নিগ্যু আকৃতিকে সার্থক করে তোলে, তাহলে সে কি তার দৌর্বল্যের বাস্তব পরিচয়, না তার অনুন্তর সর্বেশনার সমুচ্ছলিত অনুপম উল্লাস ?

জগৎ যে ব্রহ্মের আনন্দর্প, একথা বোঝবার পক্ষে সবচাইতে বড় বাধা— আমাদের বাস্তব জীবনে দৃঃখের অনুভূতি। কিন্তু স্পন্টই দেখছি, দৃঃখ আসে চেতনার সঙ্কোচ হতে। আত্মশক্তির কুণ্ঠায় অনাত্মীয় শক্তিকে আয়ন্ত বা আত্মসাৎ করবার ষে-অসামর্থ্য, তা-ই হল দুঃখবীজ। এই অসামর্থ্যে অন্ভূতির স্বর কেটে যায় বলে মাত্রাম্পর্শের আনন্দকে আমরা আর ধরতে পারি না। তাই সে আমাদের ইন্দ্রিয়কে অর্ম্বান্ত বা বেদনার আকারে অভিহত করে, সংবেদনের জোয়ার-ভাটায় দেখা দেয় ধাতৃবৈষম্য এবং তার ফলে বাইরে কি ভিতরে আধারেরও কোনও বৈকলা। বিষয় আর বিষয়ীর মাঝে ভেদভাব-জনিত শক্তিবৈষম্য হল এই দুদৈবের কারণ। কিন্তু বেদনাবোধের পিছনে আমাদের চিন্ময় আত্মন্বরূপে বিশ্বস্ভর পরেরেরে সর্বাবগাহী আনন্দ গ্রহাহিত হয়ে আছে। দৃঃখময় সম্প্রয়োগে প্রথম তিনি অনুভব করেন তিতিক্ষার আনন্দ, তারপর দৃঃখজয়ের আনন্দ এবং অবশেষে তার অবশ্যস্ভাবী রূপান্তরের আনন্দ। পূর্বেই বলেছি, দুঃখ-সন্তাপ আনন্দেরই তির্যক অথবা প্রতীপ র্প। তাই তাদের পক্ষে বিপরীত প্রতায়ে এমন-কি বিশ্বস্পাবিনী আনন্দ-ধারায় র্পান্তরিত হওয়াও অসম্ভব নয়। এই জগদানন্দ শ্বাধ্ব বিশ্বচেতনাতে নয়, আমাদের গুহাহিত চেতনাতেও প্রচ্ছন্ন হয়ে আছে। যথন অন্তরাবৃত্ত হয়ে আত্মস্বর্পে অবগাহন করি, তখন আমাদের মধ্যে জাগে এই নিবাধ আনন্দের বিদ্যুদ্ময় শিহরন। সে-আনন্দের প্রশ্মণিতে সকল অনুভব সোনা হয়ে যায়। তাই আমাদের গ্বহাশায়ী চৈত্যপ্র্য অন্ক্ল- অথবা প্রতিক্ল-বেদনীয় সকল অনুভবে আস্বাদ করেন পিপ্পলের স্বাদ্রস, তাদের হান বা উপাদান দিয়ে নিজেরই প্রুণ্টি ঘটান—দুঃখ দুদৈবি ও কৃচ্ছ্যুতার তীব্রতম অভি-ঘাতেও খ'জে পান একটা চিন্ময় তাৎপর্য এবং কল্যাণের ব্যঞ্জনা। বিশ্বস্ভর আনন্দের সান্দ্র চেতনা ছাড়া দ্বঃখের বোঝা কে বইতে পারত, কে তা চাপাত আমাদের 'পরে—কেই-বা তাকে করত আপন ইন্টার্সান্ধ এবং আমাদের অধ্যাত্ম-প্রগতির উপকরণ? বিশ্বে অব্যভিচারী অম্বয়সন্তার আবেশ আছে বলেই এক অব্যাভিচারী সৌষম্যের সূরে সব গাঁথা। অন্তগ্র্ড ওই স্রস্ক্মার অকু-ঠ শ্বাতন্ত্য তাই আপাত-বৈষম্যের কর্কশ ঝনংকারে এর্মান করে বেজে ওঠে, কিন্তু তব্ তারা সংগতি হারায় না। দেবগণ্ধর্বের অথণ্ড সৌধম্যের সাধনা আবার তাদের আপন ঠাটে ফিরিয়ে আনে। স্বরশিল্পীর অনায়াস অপ্যালিতাড়নে বিবাদি-সংবাদীর স্বরসংঘাত ধরে স্বরসংগতির র্প—অসামের সকল ক্লিউতা বিবাদ হয়ে আপনাকে রূপাশ্তরিত করে জগতীচ্ছন্দের উপচীয়মান প্রণ্ডায় হিল্লোলিত বৃহৎ-সামের মূর্ছনাতে। চিরাভাস্ত বহিশ্চেতনার সংস্কারবশে যাকে অদিব্য বলে ভাবি, তার অন্তরালে প্রতি পদে আবিশ্কার করি দিব্য-ভাবেরই তত্তরূপ। অথচ আরেকদিক দিরে দেখতে গেলে সে তো অদিবাই,

কেননা দিব্যভাবের পূর্ণস্বর্পকে সে-ই তো প্রতিভাসের আবরণে আড়াল করে রেখেছে। সে-আবরণের একটা আপাত-প্রয়োজন হয়তো আছে। তব্ তাকে ধরে তো সত্যের পূর্ণ পরিচয় পাই না।

এর্মান করে বিশ্বকে তত্ত্বদূর্ণিতে দেখেও, মানুষের সংকীর্ণ চেতনা তার 'পরে যে-র্পের আরোপ করেছে, তাকে একেবারে আমূল মিথ্যা এবং অবাস্তব বলে উড়িয়ে দিতে পারি না—উড়িয়ে দেওয়া উচিতও নয়। আমরা যাকে অনর্থের অর্থক্রিরার্পে দেখি—সেই দঃখ শোক সন্তাপ প্রমাদ মিখ্যা অজ্ঞান দ্বর্ণতা অশক্তি অধর্ম দ্রাচার কর্তবাহানি সংকল্পের বিচ্যুতি ও মুচ্তা অহমিকা আত্মসঞ্চোচ সর্বাত্মভাবনার অভাব—এসমস্তই পার্থিব চেতনার সত্য. অলীক উপন্যাস তো নয়। অবশ্য সত্য হলেও অজ্ঞানের দু ফিতে আমরা তাদের যেমনটি দেখি তাতেই তাদের পরিপূর্ণ তাৎপর্য অথবা সত্যকার পরিচয় ধরা পড়ে না। তাহ**লেও** আমাদের অন্বভবে খানিকটা সত্য তাদের থাকেই, আমাদের দেওয়া পরিচয়কে বাদ দিয়ে তাদের নিজস্ব পরিচয় পূর্ণ হয় না। চেতনার গহন বৈপ্রল্যে পেণছে দেখি তাদের আরেক রূপ। আমাদের কাছে অনর্থ ও প্রতিকলে বলে প্রতীয়মান হলেও বিশ্ব ও ব্যক্তির দিক দিয়ে তাদের একটা স্কেভীর সার্থকিতা আছে। দুঃখের বেদন না থাকত যদি, ব্রহ্মানন্দের অফ্রেন্ড উল্লাস তেমন করে কি হুদয়ের তারে ঝৎকৃত হত ? দুঃথের মধ্যে আছে আনন্দেরই প্রকাশের বেদনা। অজ্ঞান জ্ঞানেরই জ্যোতির্ম-ডলের ছায়াতপময় বিচ্ছ্বরণ। দ্রান্তি নিয়ে আসে সত্য আবিষ্কারেরই সম্ভাবনা ও প্রয়াসের স্চনা। দৌব'লা ও ব্যর্থতা দিয়েই পাই বিপ**্ল সঞ্চিত শক্তির প্রথম আভাস।** খণ্ড-ভাবনার লক্ষ্য— সামরস্যের আনন্দকেই সমূর্ণ্ধ করা মিলন-মাধুরীর বিচিত্র আস্বাদনে। অপ্রেপ্তামান্তই আমাদের কাছে অশিব। কিন্তু এই অশিবের মধ্যেই শাশ্বত শিবের স্ফ্রবন্তার সংবেগ রয়েছে। অচিতির গহন হতে ফ্রটতে গিয়ে সব-কিছ্র প্রথমটায় অপূর্ণ আকার নিয়েই তো দেখা দেবে। অথচ সে-অপূর্ণতাতে নিগ্ঢ় চিৎস্বর্পের পরিপ্র্ণ র্পায়ণের আশ্বাস থাকবে। কিল্ডু বর্তমান অনর্থ ও অপূর্ণতার বিরুদ্ধে আমাদের চেতনার যে-বিদ্রোহ, তারও একটা সার্থ-কতা আছে। বিদ্রোহী চিন্ত প্রথমত রূখে দাঁড়ায় তিতিক্ষার বীর্য নিয়ে, কিন্তু অন্তরে সে জানে অপূর্ণতাকে প্রত্যাখ্যাত ও পরাভূত ক'রে প্রকৃতির রূপান্তর-সাধনাই তার জীবনরত। এইজনাই দেখি, জীবনে অনর্থের ধার যেন কিছ,তেই মরতে চায় না। অবিদ্যার রুড় আঘাতে বারবার জব্ধরিত হয়ে জীবচেতনা বশীকারের সাধনায় উদ্বৃদ্ধ হবে, অবশেষে উত্তরায়ণের পথে ধাবিত হবে রুপা-শ্তরের তীব্র আকৃতি নিয়ে-এই তার অশ্তর্যামীর অভিপ্রায়। অশ্তরাবৃত্ত হরে চেতনার গভীরে তলিয়ে গিয়ে এক অন্তর্গত্তি বিপল্ল সমন্ব ও উপশ্মের মধ্যে আমরা প্রতিষ্ঠিত হতে পারি। বহিঃপ্রকৃতির উত্তালতা সেখানে আমাদের স্পর্শ ও করবে না। কিন্তু এই অস্পর্শ যোগের মৃক্তি বৃহৎ হলেও পূর্ণ নর, কেননা বহিঃপ্রকৃতিরও যে মৃক্তির দাবি আছে, সে-দাবিকে এড়িয়ে কেবল অন্তরে ডুবলেই তো চলবে না। তারপর, আত্মমৃক্তির দার মিটলেও তো আমাদের ছুটি নাই—এরও পরে আছে বিশেবর দ্বর্গতিহরণের তপস্যা, তার আকৃতিকে সার্থ ক করবার সাধনা। মহামানব কি তার প্রতি উদাসীন থাকতে পারেন? সর্বভূতের সঙ্গে যে এক হয়ে আছি, এ তো আমাদের অন্তরাত্মার নিবিড় অনৃভব এবং সেই অনৃভবই যে আত্মমৃক্তির মত অপরের বন্ধনমোচনের সাধনাতেও আমাদের প্রচোদিত করে।

বিশ্বের অপূর্ণতা তাহলে বিশ্ববিস্টির শাশ্বতবিধানের অন্তর্গত। সত্য বটে, এ কেবল স্থান্টির বিধান এবং সে-বিস্থান্টির ক্ষেত্রও আমাদের এই বিশ্ব। অতএব বলতে পারি, বিস্ভিট না থাকলে কিংবা আমাদের এই জগৎ না থাকলে এমন বিধানের কোনও প্রয়োজন ছিল না। কিন্তু যেহেতু বিস্থিট আছে, জগংও আছে—অতএব বিধানও অপরিহার্য হয়ে থাকবে। একথা বললেই হয় না : এই বিধি-বিধান আর তার পরিবেশ মনশ্চেতনার একটা অলীক বিভ্রম মাত্র: ব্রহ্মে এর অসম্ভাব যখন তখন এর প্রতি উদাসীন হয়ে অথবা সম্ভূতির কবল হতে নিষ্কান্ত হয়ে রক্ষের অসম্ভূতিস্বরূপে লীন হওয়াই একমাত্র পরে যার্থ। দৈবতবোধ মনোময় চেতনার সূথি বটে, কিন্তু মন সে-সূথির গোণ সাধন মাত। পূর্বেই বলেছি, বিস্টির পিছনে ব্রহ্মটেতন্যের প্রেতি এবং আবেশ আছে— এই তার তত্ত। ব্রহ্মচৈতন্য হতেই মনশ্চেতনার বিক্ষেপ হয়েছে—অখণ্ড-বিজ্ঞানের মধ্যে খণ্ড-অনুভবের সাধনর্পে। তাঁর সত্তা জ্ঞান আনন্দ এবং বীর্য অখন্ড এবং সর্বগত। এই অপ্রচ্যুত অদৈবতভাবের মধ্যে খন্ডভাবনার প্রতীপ-লীলাকে অনুভব করবার জন্যই মনের বিস্পৃথি। ব্রহ্মচৈতন্যের এই প্রবৃত্তি ও পরিণামকে আমরা অবাস্তব বলতে পারি এই অর্থে যে, এতেই তাঁর শাস্বত-সত্যের তাত্ত্বিক পরিচয় মেলে না। তাঁর পারমার্থিক সত্তার দ্বারা বাধিত হয় বলে মিথ্যার লাঞ্ছনে এদের লাঞ্ছিতও করতে পারি। কিন্তু তব্ম বিস্কৃতির এই বর্তমান পর্বেও তাদের একান্ত বাস্তব ও অনুপেক্ষণীয় একটা তত্ত্ব যে আছেই— একথা অনন্বীকার্য। এমনও বলতে পারি না, তারা ব্রহ্মচৈতনোর বিদ্রম—তারা তাঁর দিব্যপ্রজ্ঞার একটা সার্থক কল্পনা নয়, তাঁর দিব্য জ্ঞান বীর্য ও আনন্দের একটা সাকৃত স্ফুরণ নয়। তাদের সন্তা নিশ্চয় সার্থক। কি করে সার্থক, সে হয়তো আমাদের বহিব ৃত্ত চেতনার কাছে একটা নির্বত্তর প্রহেলিকা।

অপরা প্রকৃতির দিকে তাকিয়ে যদি বলি : বস্তুর নিয়তিকৃত স্বভাবধর্মের যখন কোনও নড়চড় হতে পারে না, তখন অজ্ঞান অপ্রণতা পাপ-তাপ দর্বলতা ও কার্পণ্যের আড়ন্ট বন্ধন হতে মান্বেরও নিচ্কৃতি কোথায় ?—কিন্তু তাহলে জীবনসাধনার সত্যকার কোনও ম্লাই থাকে না। তিমিপ্রার আবরণকে বিদীর্ণ

করবার, প্রকৃতির দৈন্যকে আপ্রেণ করবার মান্যের এই-যে নিরন্ত প্রয়াস, ইহ-জগতে বা ইহজীবনে তার কোনও সার্থকতা কি নাই? তার একমাত্র প্রের্যার্থ কি তবে জীবন হতে জগং হতে মনুষ্যত্বের সাধনা হতে—এককথার তার অপূর্ণ ম্বভাবের শাশ্বত কার্পণ্য হতে—মহানিষ্ক্রমণ্, দেবলোকে বৈকৃণ্ঠধামে বা নিবিশেষ নির্পাখ্যের নিরঞ্জন স্থিতিতে নিঃশেষ নিমন্জন ? তা-ই যদি হয়. তাহলে মিথ্যা ও অজ্ঞান হতে সত্য ও বিজ্ঞানকে, অশিব ও অসুন্দর হতে শিব ও স্বন্দরকে, দৌর্বল্য ও দীনতা হতে শক্তি ও মহিমাকে দোহন করবার এই-যে মান,ষের নিত্য প্রচেষ্টা, এও তো একটা বিড়ম্বনা মাত্র। কেননা, প্রতিভাসের অন্তরালে সত্যি তো চিৎন্বর পের এইসব দৈবী সম্পদ নিহিত নাই। হয়তো তাদের প্রতিপক্ষত্ত অদিব্যভাবনাই সত্য-দিব্যভাবনার ফোটবার মুখে একটা আপাত বিকৃতি ও বিপর্য য়ই অদিব্যভাবনার স্বর্পকথা নয়। কি করতে পারে মান্য তখন ?—অপ্র্ণ ধর্মের উচ্ছেদ করতে গিয়ে তার প্রতিপক্ষভূত ধর্মকেও সে অপূর্ণ জ্ঞানে ছাড়িয়ে যেতে পারে। এর্মান করে মর্ত্যের অজ্ঞানের সংগে-সংখ্যা মর্ত্যের জ্ঞানকেও সে বিসর্জন দিক, দৌর্বল্যকে তাড়াতে গিয়ে বীর্যকেও অনাদর করক, সংঘর্ষ ও সন্তাপের সংখ্য নির্বাসিত করক মানুষের মৈত্রী ও আনন্দকেও। আজও মানুষের মধ্যে এইসব ধর্ম ওতপ্রোত হয়ে জড়িয়ে আছে। তাই আপাতদ্দিতৈ মনে হয় না কি তারা মিখুনধ্মী— একই তুচ্ছত্বের যেন সুমের, আর কুমের, তারা ? তাদের উৎকর্ষ ও রুপান্তর ঘটানো যখন সম্ভব নয়, তখন ও-দুয়ের মায়া কাটানোই তো ভাল। মানুষভাব কি কখনও দিব্যভাবে উত্তীর্ণ হতে পারে? স্বতরাং চাই উচ্ছেদ। তাকে পিছনে রেথেই যেতে হবে আমাদের অমানব পূরুষের সন্ধানে।...বৈরাগীর এই এষণার পরিণাম কি. তা নিয়ে বিভিন্ন ধর্মে ও দর্শনে মতভেদ আছে। কেউ বলেন, এর ফলে ব্যচ্টিজীব দিব্যভাবের পরিপূর্ণ সাধর্ম্য বা সামীপ্য পাবে। কেউ বলেন, এতে নির্বিশেষের অবর্ণতায় জীবাত্মার নির্বাণ ঘটবে। যা-ই হ'ক না কেন, মান,ষের মর্ত্যঞ্জীবন যে স্বভাবদ,ষ্ট, তাতে কোনও ভুল নাই। অপূর্ণতাই তার শাশ্বতধর্ম—ব্রন্ধের দিব্য প্রভাবে এই এক নিত্য ও অনতিবর্তনীয় অদিব্য বিভূতি। মন্যাধর্মের অঞ্গীকারে, এমন-কি শরীর-সংযোগের সঞ্গে-সঞ্গেই জীবাত্মা দিব্যভাব হতে বিচ্যাত হয়। ওই তার আদি দুরিত বা প্রমাদ। স্তরাং জ্ঞানের উদ্মেষ হতেই মান্ধের অধ্যাত্মসাধনার একমাত্র লক্ষ্য হবে— ওই দ্বিতের অত্যন্তনাশ, তার নির্মাম ম্লোচ্ছেদ!

এই বদি সত্য হয়, তাহলে দিব্যভাব হতে অদিব্যের বিস্পৃত্তি একটা হে'য়ালি, এবং তার একমাত্র সঞ্চাত সমাধান লীলাবাদে। বিশ্ব রক্ষের লীলা মাত্র—এ তার অভিনয়। রক্ষমণ্ডে নটের মত শৃংধ্ব অভিনয়ের আনন্দ পেতেই তিনি অদিব্যভাবের মুখোস পরেছেন—তত্ত্বত দিব্য হয়েও অদিব্যের ভান করছেন। অথবা অজ্ঞান পাপ ও তাপর্পে অদিব্যভাবের সৃষ্টি করেছেন শ্ব্য তার বহুমুখী সিস্কার উল্লাসে। কোনও-কোনও ধর্মে এমন অভ্তত करुमना आह - क्रेम्प्य क्रमण भागी जाभी मृचि करतह म मुर्जाभारम्य मृत्य তাঁর অনন্ত জ্ঞান বীর্য আনন্দ ও শিবস্বভাবের স্তৃতি শোনবার জন্য। তাঁর মাহাত্ম্যকীর্তনে শতমূখ হয়ে দূর্বল জীব খ্রাড়েয়ে-খ্রাড়িয়ে এগিয়ে যাবে তাঁর কল্যাণময় সামিধ্যের দিকে আনন্দের প্রসাদ পেতে। কিন্তু বহু সাধ্যসাধনাতেও তাঁর কাছাকাছি পেণছতে না পারে যদি (জীব স্বভাবত অপূর্ণ বলে সে-সম্ভাবনাই তার বেশী), তাহলে কারও-কারও মতে সেই স্থলনের জন্য তাদের শাস্তি হবে—অনন্ত নরকভোগ !...কিন্ত লীলাবাদের এমন ছেলেমান্ষী विक्छित क्रवाद वला हता : अन्वत न्वतः आनम्मभग्न राज्ञ क्रीदात माः । স্থে পান, কিংবা তাঁর স্ফির খংতের জন্য দক্তের বোঝা চাপান বেচারার ঘাড়ে, তাহলে তাঁর ঈশ্বরত্বের গ্রমর টেকে কি? মান্ধের ব্দিধ ও ধর্মবাধ এমন ঈশ্বরের বিদ্রোহী হয়ে বলতে পারে না কি—ঈশ্বর নাই? কিন্তু জীবাত্মা যদি ঈশ্বরের অংশ হয়, মানুষের অল্তর্গাঢ় চিন্ময়পুরুষই যদি এই অপূর্ণ ম্বভাবকে অখ্যীকার ক'রে মনুষ্যম্বের দৃঃখকে ম্বেচ্ছায় বরণ করে নিয়ে থাকেন: কিংবা পরমপুরে, ধের সাযুজ্য যদি জীবের নিয়তি হয়ে থাকে, এখনে এই অপ্রণতার খেলায় এবং লোকাশ্তরে প্রণানন্দের মেলায় সে যদি তাঁর নিত্য সহচর হয়—তাহলেও লীলাবাদের সকল অসংগতি দ্রে হয় না বটে, কিন্তু তথন তার বিরুদ্ধে নিষ্ঠ্রতার নালিশ নিয়ে বিদ্রোহ করা চলে না। লীলা-বাদের সমস্যা প্রেণ করতে চাই দুটি তথ্যের সন্ধান। প্রথম কথা, এই অদিব্যের বিভাবনায় জীবের সায় ছিল কি না। দ্বিতীয়ত, মহেশ্বরের পরোণী প্রজ্ঞার কোন যাক্তিতে এই লীলা সংগম এবং সাথকি হবে।

বিশ্বলীলাকে আর তেমন অশ্ভূত মনে হয় না এবং তার হে'য়ালির ধারও অনেকটা মরে আসে, র্যাদ লক্ষ্য করি : প্রকৃতি-পরিণামের মধ্যে নির্মাত পর্ব-বিভাগ থাকলেও তারা জড়বিগ্রহ জীবেরই উত্তরায়ণের দিথর সোপানমালা। আচিতি হতে পরা সংবিৎ বা সর্বসংবিতের দিকে চলেছে দেবযানের সত্যে-ছাওয়া পথ—তার মধ্যে মান্বের চেতনা যেন মহাবিষ্বের সংক্রান্তিবিশ্ব। প্রকৃতি-পরিণামের পর্বে-পর্বে চলছে এই দিব্য বিভাবনার আয়োজন। অপ্র্ণাতা তখন কিন্তু হয় সে-বিভাবনার একটা অপরিহার্য অলা। কারণ, অচিতির মধ্যে দিব্যভাবের অখন্ড ঐশ্বর্য যখন গ্রহাহিত হয়ে রয়েছে, তখন তার বিকাশও হবে একটা ক্রমকে অবলন্বন করে। ক্রম থাকলেই দল-মেলার ব্যাপার থাকবে—কু'ড়ি ধারে-ধারে ফ্রটবে ফ্রল হয়ে, অতএব ফোটা ফ্রলের তুলনায় তাকে অপ্র্ণ বলতেই হবে। বিস্থিতৈ পরিণামের লালা থাকলে স্বভাবত একটা অন্তরিক্ষ-লোক দেখা দেবে, আর তার উপরে-নীচে থাকবে আরও অনেক লোকের পর-

ম্পরা। মান্বেষর মনোময় চেতনায় আমরা ঠিক এইটিই দেখি। তার মধ্যে বিদ্যা আর অবিদ্যার আলো-আঁধারি। এখনও সে অচিতি আর প্রণচিতির মধ্যে তটম্থা শক্তি যেন—অচিতির উপর দাঁড়িয়ে ধীরে-ধীরে উদ্ভিন্ন হচ্ছে বিশ্বচেতন পরমা প্রকৃতির দিকে। এমনিতর দল-মেলাতে অপ্রণতা ও অবিদ্যার আমেজ থাকবেই। শুধু তা-ই নয় কোনও-কোনও ক্ষেত্রে বিশেষ-কোনও প্রয়োজন-সিদ্ধির জনো স্বর্প-সত্যের আপাত-বিপর্ষয়ও তার অপরিহার্য সাধন হবে। অবিদ্যা অথবা অপ্রণতাকে কায়েমী করতে হলে চাই দিব্যভাবের আপাত-প্রতি-ষেধ। তার অখণ্ড চেতনা বীর্য কল্যাণ আনন্দ ও সৌষম্যের জায়গায় ঠাঁই দিতে হবে বৈষম্য সংঘাত সঙ্কোচ অচেতনা অসারতা অনর্থ ও সন্তাপকে। এই বিপর্ষয়ের অবকাশট্রকু না থাকলে অপূর্ণতা দঢ়েমূল হতে পারে না অপরা প্রকৃতিতে, তার অন্তগ্র্ট দিব্যভাবনাকে স্তম্ভিত ক'রে স্বচ্ছদে ফ্রটিয়ে তুলতে কি জিইয়ে রাখতে পারে না আপন স্বভাবকে। খণ্ডিত জ্ঞান নিশ্চয় অপূর্ণ জ্ঞান। আবার অপুণ জ্ঞানে ন্যুনতা যতথানি, ততথানি অবিদ্যা—অতএব তা দিব্যভাবের প্রতি-পক্ষ। কিন্তু এই অবিদ্যাই যথন আপন সংকুচিত বিদ্যার সীমা পেরিয়ে তাকাতে যায়, তখন তার এযাবং-নিশ্চেন্ট প্রতিপক্ষতা ধরে অর্থক্রিয়াকারী প্রতিপক্ষের রূপ। অর্থাৎ অবিদ্যাই তখন হয় দ্রান্তির জননী, জ্ঞানে কমে জীবনে ব্যবহারে ফেলে অন্ত ও বিপর্যয়ের ছায়া। জ্ঞানের বিপর্যয় বিপথে নিয়ে চলে সঙ্কল্পকে— প্রথমে হয়তো ভূলের বশে। কি**ন্তু দ্রমে ভূল ভাঙলেও** অভ্যাস আর ফিরতে চায় না—তথন বিপথ হয় রুচির পথ, আসন্তি ও উল্লাসের পথ। এর্মনি করে অবিদাার সহজ আবরণ হতেই জটিল বিক্ষেপের সৃষ্টি। অচিতি আর অবিদ্যাকে একবার মানলে পরে, অন্থের এই পরম্পরা স্বভাবের বশেই দেখা দেবে। তখন বাধ্য হয়ে তাদেরও মানতে হবে। তাহলে প্রশ্নটা দাঁড়ায় এই : আদপেই বিস্ফির ওই পর্বায়ণের কি প্রয়োজন ছিল ? বৃদ্ধির কাছে এখনও এর উত্তরটা অস্পন্ট। এধরনের আত্মবিস্ছি বা লীলার বোঝাকে অনিচ্ছক জীবের ঘাড়ে চাপানোটা

এধরনের আত্মাবস্থিত বা লালার বোঝাকে আনচ্ছক জাবের ঘাড়ে চাপানোটা কিছ্তেই যাজিসংগত নয়। কিন্তু স্পন্ট দেখছি, এ-লালাতে নিশ্চয় দেহার সমর্থন ছিল—কেননা প্রত্বের অনুমতি ছাড়া প্রকৃতির এক পা-ও এগোবার জো নাই। অতএব বিশ্ববিস্থিত জীবাত্মারও নিশ্চয় সায় আছে।...তব্ প্রশ্ন হবে: দিব্য-প্রত্বের ক্রতু ও আনন্দ কেন পরন্পরিত বিস্থিত এই বেদনাবিধ্র দ্র্গম পথ ধরল, আর জীবাত্মাই-বা তাতে সায় দিল কেন—সে-রহস্য তো রহস্যই থেকে গেল! কিন্তু নিজেদের একটা স্বাভাবিক প্রবৃত্তিকে লক্ষ্য করে যদি অনুমান করি, বিশ্ববিস্থিত্বও ম্লে ছিল অন্ত্রেরর এমনি একটা প্রতিত্বতাহলে কিন্তু সমস্যাটাকে আর অসাধ্য মনে হয় না। বরং নিজেকে হারিয়ে ফেলে আবার শ্রুজে বার করবার মধ্যে বে বীবের্বর উল্লাস বে দ্বিন্বার আকর্ষণ

রয়েছে, মনে হয় বিশেবর কোথাও বৃথি তার তুলনা নাই। জয়োল্লাস ছাড়া মান যের আর কী প্রিয় আছে ? পথের বাধাকে নিজিত করে ছিনিয়ে আনা জ্ঞান, ছিনিয়ে আনা শক্তি—সুন্টির বন্ধ্যাত্ব ঘোচানো অভিনবের পঞ্জ-পঞ্জ রুপায়ণে, বেদনাপ্লতে কুচ্ছত্রতপস্যা ও দঃখের অণ্নিদহনকে নিজিতি করে অদীনসত্ত আত্মাকে নন্দিত করা—এই কি মন্ব্যন্থের চরম প্রস্কার নয় ? অজ্ঞানেরও একটা প্রবল আকর্ষণ আছে. কেননা সে সত্যৈষণার উল্লাস জাগায়, আনে অজানার আবিভাবে বিষ্ময়ের চমক, নিরুদেশের অভিযানে আত্মাকে দের প্রেরণা। আনন্দ চলার পথে, আনন্দ হারামণির অন্বেষণে, আনন্দ তাকে ফিরে পাওয়ায়। রণদার্মদ বীরের আনন্দ শিরে জয়ের মাকুট প'রে—প্রাণপাতী তপস্যায় বাঞ্ছিত সিন্ধিকে আয়ন্ত করে। আনন্দ হতেই যদি স্কৃতি উচ্ছলিত হয়ে থাকে, তাহলে জীবনসাধনাও সেই আনন্দের একটা ঢেউ। এই আপাতবিরোধ-কণ্টকিত প্রতীপ-লীলার মলে আছে এরই প্রবর্তনা—অন্তত একে বলব তার অন্যতম প্রয়োজক। কিন্ত জীবভত প্রেমের এই কুছ্মতপস্যার আনন্দ ছাড়াও অনাদি-সন্মাত্রে প্রচ্ছন্ন আছে আরও-একটা গভীরতর সত্যের নির্চু প্রেতি—্যা আপনাকে স্ফ,রিত করছে অচিতির গহনে তার এই আত্মনিমজ্জনে। তাঁর আক্তি সার্থক হয়েছে—বিপরীত-ভাবনার ভিতর দিয়েই সং-চিং-আনন্দ-স্বভাবের অভিনব উন্মেষণে। যিনি অনন্তস্বরূপ, তাঁর আত্মবিভাবনার বৈচিত্র্যের যদি কোনও অন্ত না থাকে, তাহলে এর্মান করে অমার আঁধারে পোর্ণমাসীকে ফুটিয়ে তোলাও তাঁর একটা বিলাস এবং তা রহস্যবেদীর কাছে দুর্বোধ না হয়ে বরং বয়ে আনে একটা নিগঢ়ে-গহন সার্থকতার ব্যঞ্জনা।

পণ্ডম অধ্যায়

প্রপঞ্চবিভ্রম: মন স্বপ্ন ও কুহক

অনিত্যসন্ধং লোকসিমং প্রাপ্ত ভক্ত মাম্॥

গীতা ৯ ৷৩৩

র্আনত্য অস্থকর এই জগতে এসে আমারই ভক্তনা কর তুমি।

—গীতা (৯।৩৩)

আন্থোতি যেছেরং বিজ্ঞানময়:...হ্দ্যুস্তর্জ্যোতিঃ প্র্বৃষ্ণ। স সমানঃ সম্ভোগ লোকাবন্সংচরতি। স হি স্বশ্নো ভূম্বেমং লোকমাতক্রামতি ম্ত্যো র্পাণি।...
তস্য বা এতস্য প্র্বৃষ্য দেব এব স্থানে ভবতঃ, ইদং চ পরলোকস্থানং চ, সম্প্রং
তৃতীয়ং স্বশনস্থানম্। তিস্মিন্ সম্প্রে তিউস্তেতে উডে স্থানে পশ্যতীদং চ
পরলোকদ্থানং চ। ...স যত্র প্রম্বাপতি, অস্য লোকস্য স্ববিত্তো মাহামপাদায় স্ব্র্থং
বিহত্য স্বয়ং নির্মায় দেবন ভাসা স্বেন জ্যোতিষা। প্রস্বিত্তামং প্রের্থং স্বরং
জ্যোতিত্বিতি। ন তত্র র্থা ন পশ্থানো ভ্রতি, ন তিয়ানদ্য মৃদ্য প্রম্পো ভ্রতি,
--ন তত্র বেশাদ্তাঃ প্র্কেরিণ্যঃ প্রবিদ্তা ভ্রতিত। অথ স্ক্রতে। স হি কর্তা।

শ্বশেন শারীরমডিপ্রহত্য অস্কে: স্কোনভিচাকশীতি । প্রাণেন রক্ষয়বরং কুলায়ং বহিম্কুলায়াদম্তশ্চরিয়া। স ঈয়তেহম্তো যত কামং হিরণায়ঃ প্রেৰ একহংসঃ । ...অথো শশ্বহিঃ, জাগরিতদেশ এবাস্যৈষ ইতি, যানি হোব জাগ্রং পশ্যতি তানি সুক্ত ইতি: অনুষ্ঠাং প্রেরং শ্বয়ংজ্যোতিভ্রতি ॥

াতি**ভ'ৰতি ॥** - ৰুহ্দারণ্যকোপনিষং ৪।৩।৭, ৯—১২, ১৪

দ্দ্ধং চাদ্দ্ধং চ, প্রতং চাপ্রতং চ, অন্ভূতং চানন্ত্তং চ, সচ্চাসচ্চ, সর্বাং পশ্যতি সর্বাঃ পশ্যতি ॥

अस्नार्भानवर 816

এই আত্মা বিজ্ঞানময়, হৃদয়ে তিনি অন্তর্জ্যোত; সকল ভূমিতে সমান পার্ব্বর্পে দাটি লোকেই করেন সঞ্জন। স্বাংশ-পার্ব্ব হয়ে এই লোককে করেন তিনি অতিক্রম—পার হয়ে যান মৃত্যুর যত র্প।...সেই পার্বের আছে দাটি স্থান—একটি ইহলোক, আর একটি পরলোক; তৃতীয়টি সন্ধিভূমি ও স্বাংশস্থান। ওই সন্ধিভূমিতে দাঁড়িয়ে এই দাটি স্থানই দেখেন তিনি—দেখেন ইহলোক আর পরলোক। যখন ঘুমান, তখন সর্বাযার এই লোকের উপাদান নিয়ে নিজেই ভাঙেন নিজেই গড়েন—আপন আভার আপন জ্যোতিতে। এই পার্ব্ ঘুমান যখন, তখন হন স্বয়ংজ্যোতি। সেখানে নাই রপ্প বা পপ, নাই আনন্দ বা প্রমোদ, নাই পার্কুর বা নদী; কিন্তু আপন জ্যোতিতে তাদের স্থিট করেন তিনি, কেননা তিনিই কর্তা। সান্ধিত দিয়ে শারীর ছেড়ে অস্থাত খেকে সা্মতদের দেখেন তিনি। প্রাণবায়ার দিয়ে নীচের বাসাটি বাঁচিয়ে রেখে বাসার বাইরে চলে বান অম্তান্বর্প; চলে যান যেখানে খানি—হিরম্মর অম্ত পার্ব্ব, সংগাঁহারা হংস যিনি।..লোকে বলে, 'দা্ধা জাগরণের দেশই তাঁর, কেননা যা তিনি জ্বেগে দেখেন তা-ই দেখেন স্বাংশ; কিন্তু ওখানে তিনি স্বয়ংজ্যোতি।

—ব্হদারণ্যক উপনিষদ (৪।৩।৭, ৯-১২, ১৪)

দৃষ্ট এবং অদৃষ্ট, শ্রুত এবং অশ্রুত, অনুষ্ঠত এবং অনন্তৃত, সং এবং অসং ---সবই দেখেন তিনি; সবই তিনি---দেখেন তাই।

—প্রদন উপনিষদ (৪।৫)

মান্য মনোময়। তার সকল চিন্তা সকল অনুভব নিরন্তর আন্দোলিত হচ্ছে অন্তি আর নাম্তি দুরের দোলায়। ভাবের জগতে এমন সত্য নাই, অন্ভবের এমন কোটি নাই, যার সম্পর্কে তার মন হাঁ কিংবা না দ্বইই না বলতে পারে। যেমন সে বলেছে জীব নাই, জগং নাই, বিশ্বগত বা বিশ্বমূল তত্ত্বস্ত নাই—অথবা কোনও তত্ত্বই নাই জীব আর জগৎ ছাড়া ; তের্মান আবার সে এদের স্বীকারও করেছে পদে-পদে--কখনও মেনেছে একটিকে. কখনও জোড়ায়-জোডায়. কখনও-বা সবকটিকেই। এ না করে তার উপায় নাই, কেননা মান বের অবিদ্যাচ্ছন্ন প্রাকৃত-মনের ধর্ম ই হল বিচিত্র সম্ভাবনা নিয়ে কারবার করা। কারও মর্মসত্যের সন্ধান সে জানে না বলে সবাইকে চায় বাজিয়ে নিতে-কখনও একে-একে, কখনও-বা জ্বাড়ি মিলিয়ে। এমনি করে কোথাও যদি জ্ঞান কি বিশ্বাসের পাকা একটা ভিত্তি মেলে—এই তার আশা। অথচ তার জগৎ সম্ভাবিত এবং আপেক্ষিক সত্যের জগং, তাই কোনও-কিছুর সম্পর্কে একটা চরম নৈশ্চিত্য বা ধ্রবিসন্ধান্তে পেশছনো তার পক্ষে সম্ভব হয় না। এমন-কি প্রত্যক্ষ বাস্তবও মান্বের মনে ধরে সংশয়ের র্প—স্যাদ্-বাদের আওতায় প'ড়ে। 'হতে পারে, নাও হতে পারে'—মনের এ-দ্বিধা সবার বেলায়। যা 'হয়েছে', তারও চেহারা তার কাছে আচ্ছন্ন—কেননা সে 'নাও হতে পারত' এ-শংকাও যেমন সম্ভব, তেমনি ভবিষ্যতে সে থাকবে না, এও তো মিথ্যা নয়। সমস্ত প্রাণনের 'পরেও রয়েছে অনিশ্চয়তার এই অভিশাপ। প্রাণপা্রাষ জীবনের এমন-কোনও লক্ষ্যকে আঁকড়ে ধরে স্বৃপ্পির হতে পারছে না, যা তাকে নিশ্চিত বা চরম তৃপ্তি দেবে, তার মধ্যে আনবে ধ্রবিসন্ধির কোনও আশ্বাস। ভূতাথের প‡জিকে সত্য মেনে জীবনের যাত্রা শ্বর্। কিন্তু দ্বদিনেই তার সে-পর্বাজ ফ্রারিয়ে যায় অনিশ্চিত ভব্যার্থের পিছনে ছুটে। তখন, যাকে সে সত্য বলে মেনেছিল, তাকেও সংশয় করে। এ-পরিণাম তার পক্ষে স্বাভাবিক। কেননা, প্রথম থেকেই তার নির্ভার অবিদ্যার 'পরে—সত্যের নিশ্চিত র্পেটি সে চেনে না। তাই চলার পথে যে-সত্যকেই সে আশ্রয় করে, তাকেই ছেড়ে যেতে হয় অপূর্ণ একদেশী ও সন্ধিশ্ধ মনে করে।

মান্য প্রথম থাকে জড়ীয় মনের ভূমিতে। সে-মন পরাক্-বৃত্ত, তাই সে
শ্ধ্ জড়জগতের বাস্তব তথ্যকে মানে। সে-তথ্য তার কাছে নিঃসংশয়ে
স্বতঃসিশ্ধ। যা স্থুল বাস্তব কি ইন্দ্রিয়গ্রাহ্য নয়, তার কাছে তা অবাস্তব
বা অজাত। যখন তা ভূতার্থার্পে জড়জগতের তথ্যর্পে ইন্দ্রিয়গ্রাহ্য হবে,
তথনই তার বাস্তবতাকে প্রাপ্রি মানা চলবে। নিজেকেও সে-মন জানে
প্রত্যক্ তত্ত্ব বলে নয়, পরাক্ তথ্য বলে। যেন ইন্দ্রিগ্রাহ্য স্থ্লেদেহকে আশ্রয়
করে আছে বলেই তার সন্তাকে বাস্তব বলা বায়। বাইরে কি ভিতরে প্রত্যক্চেতনার অস্তিছকে প্রামাণিক বলে সে স্বীকার করে—একমাত্ত তার বহিব্তি

চেতনার বিষয়র্পে। অথবা শ্ব্ব বহিশ্চেতনার আহ্ত তথ্যের 'পরে নির্ভার করে যে-বৃশ্বি জ্ঞানের পাকা ইমারত গড়ে তোলে, এ-বিষয়ে তার রায়কেই সে চ্ড়ান্ত বলে মানে। আধ্নিক জড়বিজ্ঞান এই মশোবৃত্তির একটা বিরাট রাজ্য। জড় ইন্দ্রিয় যে তথ্য বা বস্তুর সন্ধান পায় না, যন্ত্রযোগে তাকে ইন্দ্রিয়বোধের এলাকায় এনে ইন্দ্রিয়ের ভুলকে সে সংশোধন করে, ইন্দ্রিয়নানসের প্রথম বেড়া ডিঙিয়ে ধাওয়া করে ইন্দ্রিয়াতীতের দিকে। কিন্তু তারও তত্ত্বের কন্টিপাথর হল ভূতার্থের স্থল বাস্তবতা। বস্ত্রনিন্ঠ ঘ্রন্তি আর ইন্দ্রিয়ের সাক্ষ্য দিয়ে যার যাচাই চলে, একমাত্র তারই প্রামাণ্য আছে তার কাছে।

কিন্তু জড়ীয় মনেরও পরে মানুষের মধ্যে আছে প্রাণীয় মন, যা তার কামনা-বাসনার বাহন। তার ত্রপ্তি ভূতার্থে নয়, ভব্যার্থ নিয়ে তার কারবার। নিত্য-নৃত্তনের প্রতি দুর্নিবার তার আকর্ষণ। অভ্যস্ত প্রাত্যহিকের বাঁধন ছি'ড়ে অনুভবের রাজ্য দিকে-দিকে প্রসারিত হ'ক—আসুক জীবনে কামনার নিরঞ্কুশ তপণ, ভোগের অজস্র উচ্ছলতা, স্ফীতকায় অহংএর দঢ়ে প্রতিষ্ঠা, শক্তি ও ঐশ্বর্যের প্লাবন নামক্র—এই সে চায়। বাস্তব ভোগের শেষ বিন্দর্টি নিঙ্জে নিতে যেমন সে চায়, তেমনি তার বিহার ভব্যার্থের কল্পজগতে। তারাও রূপ ধর্ক, উপচে পড়্ক তার পানপাত্র হতে—এও তার আক্তি। শ্বধ্ব জড় বাস্তবকে নিয়ে তার তৃষ্ণা মেটে না, সে চায় অন্তরে কম্পনা ও রসচেতনার সার্থক উদেবাধনে রোমাণিত তাপ্তির আনন্দ। কল্পলোকে এই অবাধসণ্ডারের অধিকার না থাকলে মানুষের জড়ীয় মন অবশভাবে পশ্-জীবনের অনুবর্তন করত শুধু, জড়াশ্রয়ী বাস্তবজীবনের উদ্যোগপর্বেই তার অনাগত ভবিষ্যের ধর্বনিকা পড়ত, জড়প্রকৃতির মুড় নিয়তিকে অতিক্রম করে তার আর-কিছুই কামনা করবার সাধ্য থাকত না। কিন্তু ভূতাথে র আড়ুন্ট বন্ধনে সংকৃচিত মূঢ় বা অভ্যস্ত ত্পির কার্পণ্যকে প্রাণচণ্ডল বাসনার অশান্ত আকৃতি সবলে আঘাত করে—ি স্তমিত মনকে চকিত করে তোলে উদগ্র কামনা, অত্তপ্তির দাহ, জীবনের নিশ্চিত ত্রপ্তির বাইরেও একটা-কিছু, পাবার ব্যাকুল এমনিভাবে আমাদের প্রাণীয় মন অভত সম্ভাবনার চরিতার্থতায় বাদত্ব ভূতার্থের সীমানাকে প্রসারিত করে—দূরে-দিগন্তের নিতা ইশারা আনে চেতনায়, নব-নব লোকের সন্ধানে ছোটে প্রাণের বিজয়-অভিযান, পরিবেশের সকল সংকীর্ণতা চূর্ণ ক'রে স্বোত্তর প্রতিষ্ঠার দূর্বার প্রেতি জাগে তার শিরায়-শিরায়।...এই অস্বস্থিত ও অনিশ্চয়তার সপ্পে আমাদের চিস্তাবিধ্বর মনও যোগ দের। সব-কিছুকে খুটিরে দেখা সংশয় করা তার স্বভাব। কত মত সে গড়ে আবার ভাঙে। সিন্ধান্তের নিত্য-নতেন সৌধ রচনা করে, কিন্তু কাউকে চরম বলে মানতে রাজী হয় না। ইন্দ্রিরের সাক্ষ্যকে প্রমাণ মেনেও

তাকে সংশয় করে। যাজির পথে আপাত-শেষ নির্ণয়ে পেণছে আবার তাকে বিপর্যস্ত করে নতুন বা বিপরীত নির্ণয়ের খাতিরে।—এর্মান করে অনিশ্চয়ের পথে চলে বাঝি অন্তহীন তার অভিযান! মান্বের মনোরাজ্যের, তার সাধনার এই তো ইতিহাস। তার নিরুত প্রয়াসে চারদিকের সীমার বাঁধন ভেঙে পড়ছে, কিন্তু চেতনার একভূমি হতে আরেক ভূমিতে উদয়ন ঘটছে না—শাধ্ব অনন্য অথবা অন্বর্প কুন্ডলীর বিস্ফারিত কন্ব্রেখার মধ্যে বারবার সে পাকথেয়ে মরছে। তাই মান্বের নিত্যচণ্ডল এষণা প্রব্যার্থ-সিন্ধির একটা স্থির-নিশ্চত প্রভারের ক্লে কোনকালেই পেণছতে পারল না, তার নিজের কোনও নির্ণয় বা সিন্ধান্তের চরম প্রামাণ্য প্রতিষ্ঠিত হল না, শাশ্বত জীবনসত্যের কোনও দৃঢ়মূল ভিত্তি কি স্কুপণ্ট আকার র্প পেল না তার কল্পনায়।

এই নিত্যচণ্ডল অর্দ্ববিত ও আক্তির বিশেষ-একটা পর্বে, জড়ীয় মনও যেন বাস্তবের নৈশ্চিত্যে আম্থা হারিয়ে ফেলে। এক অতার্কত নাস্তিক্য-বৃদ্ধি তার স্বকল্পিত জীবনাদর্শ ও জ্ঞানের প্রামাণ্য সম্পর্কে সংশয় জাগায়। সে ভাবে : বাস্তব বলে যাকে আঁকড়ে ছিলাম, সে কি বাস্তব ? আর বাস্তব হলেও তার কি কো:ও সার্থকিতা আছে? বিড়ম্বিত জীবনে ব্যর্থ অথবা অত্তপ্ত কামনার পীড়নে আর্ত হয়ে প্রাণীয় মনও গভীর নির্বেদ ও নৈরাশ্যের সুরে বলে ওঠে—এসবই অসার চিত্তক্ষোভকর বিডম্বনামাত্র! জীবন অর্থহীন. আমাদের অস্তিত্বই একটা মরীচিকা। সব মায়া—সব মায়া! মিধ্যা ঘুরে মর্রাছ আলেয়ার পিছ-বিপছ।...মননবিধ্র মন মতবাদের কত ভাঙা-গড়ার পর সহসা আবিষ্কার করে—এতদিন সে কল্পনায় আকাশকুসম রচেছে শুধু। জগতে পরমার্থ কোথায়? পরমার্থ বলে কিছু থাকলেও আছে সকল विकल्पनात वारेदा निर्वित्मय धवः भाग्वज रहा। या मिवत्मय या कानकीनज, তা স্বপন বা কুহক মাত্র। নিখিল প্রপণ্ডই একটা বিপল্ল প্রলাপ, একটা বিরাট বিভ্রম—প্রতিভাসের একটা মূগত্ঞিকা।...এর্মান করে অস্তির প্রত্যয়কে ছাপিয়ে ওঠে নাম্তির প্রত্যয়—বিশ্বময় ছড়িয়ে পড়ে তার ঐকাম্তিক নিষ্ঠার উগ্রতা। এইহতে দেখা দেয় প্রথিবীর যত বড়-বড় নেতিবাদী ধর্ম ও দর্শন। ইহজীবনের অগ্রসর প্রেতি হতে বিমুখ হয়ে মানুষ তার শাশ্বত নিরঞ্জন সিন্ধি খোঁজে জীবনের ওপারে, অথবা জীবনের প্রলয় ঘটায় অব্যক্ত অক্ষরতত্ত্ব কিংবা পূর্ব্য অসতের মহাশূন্যতায় তলিয়ে গিরে। এদেশে বৃষ্ধ আর শংকর এই দুই মহামনীষীর দর্শনে নেতিবাদ একটা মহাবীর্যশালী-রূপ ও বৃহৎ সার্থকতা পেয়েছে। বৃষ্ধ আর শঙ্করের মাঝামাঝি কিংবা তাঁদের পরের যুগে, এছাড়াও বড়-বড় দর্শনের আবির্ভাব ঘটেছে। তাদের কারও-কারও প্রচারও হয়েছে যথেষ্ট, প্রতিভাবান স্ক্রাদশী সাধকের বিচার-মনীষা বৌষ্ধ ও শাধ্বর দর্শনের নেতিবাদকে খণ্ডন করতে গিয়ে কোথাও-কোথাও অল্পাধিক

সফলও হয়েছে। কিন্তু তব্ বিচারশৈলীর চিত্তাকর্ষকতা, সম্প্রদায়প্রবর্তকের বিরাট ব্যক্তিত্ব, অথবা জনসাধারণের উপর বিপ্লে প্রভাবের দিক দিয়ে আজ পর্যশ্ত কেউ তাকে ছাড়িয়ে যেতে পারেনি। এদেশের দার্শনিক চিন্তার ইতিহাসে বুদেধর পরেই শৃষ্করের স্থান, কেননা বৌন্ধদর্শনের পূর্ণতর অনু-ব্তির্পেই শ॰করদর্শন তার ঠাঁই জ্বড়েছে। তাই বহুযুগের অনুশীলনের ফলে এ-দ্বটি দর্শন ভারতবর্ষের সাধনা বিচার ও জনমানসকে আপন ছাঁচে ঢেলেছে। এখানকার সব-কিছুর 'পরে পড়েছে নেতিবাদের করাল ছায়া। কর্মশৃত্থল ভবচক্র আর মায়া—তার এই তিনটি কীলক বন্ধুদৃঢ় হয়ে প্রোথিত হয়েছে ভারতবর্ষের ব্রকে। অতএব নেতিবাদের গোড়ার ভাব বা সত্যকে নতন করে যাচাই করবার দরকার আছে। খুব সংক্ষেপে হলেও, এ-দর্শনের মূলস্ত এবং তার বাঞ্জনার সার্থকতা কি, কোন্ তত্ত্বদর্শনের 'পরে তাদের প্রতিষ্ঠা, যুক্তি বা অনুভবের কাছে তাদের কতটুকু প্রামাণ্য—এ নিয়ে আলোচনার প্রয়োজন আছে। প্রথমত আমাদের সমীক্ষা চলবে মায়াবাদের মূল ভাবগারিল নিরে—আমাদের নিজম্ব ভাব ও দর্শনের সংগ্যে তার একটা বোঝাপড়া করতে হবে। কেননা, অশ্বৈতবাদ হতে দুটি দর্শনের যাত্রা শুরু হলেও মায়াবাদ পর্যবাসত হয়েছে প্রপঞ্চবিভ্রমবাদে, আর আমাদের দর্শন পেণছেছে প্রপঞ্চ-সত্যতাবাদে। এক মতে, প্রপঞ্চ অসং অথবা সদসং, রক্ষের তুরীয়ভাব তার বিভ্রমের অধিষ্ঠান। আরেক মতে প্রপণ্ড সং, তার আয়তন যুগপং বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ ব্রহ্মসতা।

জীবনের প্রতি প্রাণপ্রব্যের সচরাচর যে বিত্ঞা বা জ্গাংশা, তাকে একানত ভাববার কোনও সংগত কারণ নাই। এর ম্লে আছে জীবনসম্পর্কে নৈরাশ্যবাদীর ব্যর্থতাবোধের পীড়া। তাকে যদি সত্য বলে মানি, তাহলে আশাবাদীর জীবনকে উজ্জ্বল করে তোলবার অদম্য আক্তি শ্রুম্থা ও সংক্রুপকেই-বা সত্য বলে মানব না কেন? অবশ্য জীবনের ব্যর্থতাবোধে মনের যে-সায়, তার কতকটা সমর্থন আসে ব্যাবহারিক জগং থেকেই। বিচারশালা মন দেখে, পৃথিবীতে মান্বের সকল প্রয়াস ও সাধনা একটা মায়ায় ছলনা মায়। তার সামাজিক ও রাষ্ট্রীয় আদর্শবাদ, মন্ব্যম্বের সাধনায় তার সিম্প্রাভের আশা, তার প্রজাহিত ও ভূতহিতের স্বংন, কর্মে কীতিতে সিম্প্রতে শক্তিতে তার সাথকি হবার আক্তি—সমস্তই শ্ব্র্ আলেয়ার পিছনে ছোটাছন্টি! মান্বের সমাজ ও রাষ্ট্রকৈ উন্নত করবার চেন্টা এপর্যন্ত একটা আবতের মধ্যেই ঘ্রছে। কত আইনের বাধন, জনমক্ষাল কত প্রতিত্টান, শিক্ষাও চারিয় ধর্ম ও দর্শনের কত সাধনা চলে আসছে আবহমান কাল ধরে, কিন্তু মান্বের স্বভাবের অপ্র্তিরে বা জীবনের পংগ্রেরার কি এতট্কুও র্পান্তর এসেছে? আদর্শ মানবসমাজ দ্বের থাকুক, একটা আদর্শ মান্বও কি গড়ে

উঠেছে কোনওকালে? কথায় বলে, কুকুরের লেজকে যত সিধাই কর—ছেড়ে দিতেই সে বে বাঁকা সেই বাঁকা! বিশ্বমৈত্রী প্রজাহিত ও ভূতহিতের বাণী, খ্রীন্টের প্রেম বা ব্রন্থের কর্ন্বা জগংকে একট্রকু স্থা করতে পারেনি। নীরশ্ব অব্ধকারে এখানে-সেখানে তারা জর্বালয়েছে শৃধ্ব খদ্যোতের দর্বাত, বিশ্বজোড়া দঃথের দাবানলে ঢেলেছে কেবল শিশিরের বিন্দু! অতএব, ক্ষণিক বিদ্রমের বার্থতায় মানুবের সকল আকৃতি লুটিয়ে পড়বে, তার সকল সিন্ধি হবে অত্প্তির বেদনায় ছাওয়া স্বন্দব্দ মাত। তার সকল কর্ম সিদ্ধ-অসিদ্ধির দ্বন্দ্বে বিড়দ্বিত প্রাণপাতী আয়াস শুধু-কোথায় তার নিশ্চিত পরিণাম ? রূপাশ্তরের সাধনা মান্যের জীবনে ঘটাবে কেবল আকৃতির বদল-প্রকৃতির নয়। একের পিছনে একে তারা চক্রকের সূচিট করবে শুখু-এই তো মানুষের অনুত্তরণীয় নিয়তি, তার জীবনের অনতিবর্তনীয় দ্ব-ভার ও স্ব-ধর্ম।...এই নৈরাশ্যবাদে খানিকটা অতিরঞ্জন থাকলেও একে একেবারে মিথ্যা বলে উড়িয়ে দেওয়া যায় না। এতে মানুষের যুগযুগান্তরব্যাপী বেদনাময় অনুভবের স্বাক্ষর আছে—আছে এমন-একটা স্বার্রাসক তাৎপর্য যা কোনও-না-কোনও সমযে স্বতঃপ্রামাণ্যের দর্বার বেগে মানুষের চিত্তকে অভিভূত করে। শুধু তা-ই নয়। নিয়তির অলণ্যা শাসনে বাধা মর্ত্যজীবনের যা-কিছু, মৌল বিধান ও সার্থকতা, চক্রাবর্তন হতে কোনকালেই তাদের নিষ্কৃতি নাই—আমাদের যুগর্সাণ্ডত এই লোকাতত সংস্কার যদি একান্তই সত্য হয়, তাহলে নৈরাশ্যবাদ ছাড়া জীবন সম্পর্কে আর-কেনও সিম্ধান্তকে আমল দেওয়া চলে না। বাস্তবিক এ তো অস্বীকার করবার উপায় নাই যে সারা জগৎ ছেয়ে দেখছি শুধু দুঃখ অজ্ঞান অপূর্ণতা ও অসিশ্বির করাল ছায়া। যারা তাদের প্রতিপক্ষ, সেই আনন্দ জ্ঞান পূর্ণতা ও সিন্ধির লেখা তার মধ্যে শ্বধ্ব ক্ষণিকার চমক বা আলেয়ার মায়া। আবার এমনি নিবিড্ভাবে তারা ওতপ্রোত হয়ে আছে যে, জগতের এই যদি শাশ্বত রীতি হয়, আর-কোনও মহত্তর সিন্ধির দিকে যদি তার কোনও ইশারা না থাকে, তাহলে বিশ্বপ্রপঞ্চকে অশক্ত অপূর্ণে অথবা অলীক বলা ছাড়া আর কোনও পথই থাকে না। বাধ্য হয়ে তখন মানতে হয় : হয় এ-বিশ্ব অচিংশক্তির বিস্থিত, তাই আপাত-চেতনার সকল সাধনা এখানে অশক্তি বা বার্থ'তার অভিশাপে বিডম্বিত। নয়তো স্রন্টার ইচ্ছান্সারেই এখানে চলছে শ্ব্ধ কৃচ্ছ্যতার একটা বিফল সাধনা—তার সিশ্ধির দেখা পাব 'হেথা নয়—অন্য কোনওখানে'। কিংবা সমস্ত বিশ্বব্যাপারটাই হয়তো একটা অর্থহীন বিরাট বিভ্রম মাত্র!

এই তিনটি কল্পের মধ্যে দ্বিতীয়টির সঞ্গে আমাদের পরিচয় ঘনিষ্ঠ হলেও তাকে বিচারসহ বলতে পারি না। কারণ, 'ইহ' আর 'অম্রু'কে তার মাঝে দাঁড় করানো হয়েছে অস্তিদের দুটি বিপরীত কোটির্পে। দুরের

মাঝে যোগাযোগ কোথায়, তার কোনও সন্তোর্যজনক নির্দেশ নাই। দুয়ের মাঝে সমবায়সম্বশ্ধেরও কোনও ইণ্গিত নাই। তাছাডা ইহলোককে আত্মার নিরর্থক কচ্ছাসাধনার ক্ষেত্ররূপে সূচিট করবার প্রয়োজন বা সার্থকতা কোথায়. তারও কোনও জবাব পাই না। এ শুধু খেয়ালী স্লন্টার দুর্বোধ একটা খেয়াল वनत्न भान कारक वरहें, किन्छू व्यक्ति छारछ श्रमी इस ना। वना हरन : অমৃতপুরুষেরা অবিদ্যার নতুন খেলা খেলতে স্বেচ্ছায় এখানে নেমে আসেন. কেননা অবিদ্যাকল্পিত জগতের স্বরূপ চিনে তাকে প্রত্যাখ্যান করবার একটা দায় তাঁদের আছে। কিল্তু স্বভাবতই এমন সিস্কার আবেগ যেমন আকস্মিক তেমান আচরস্থায়ী হবে—এই প্রথিবীতে তার রূপায়ণের সম্ভাবনাও হবে অনিয়ত। অতএব তার জন্য নিত্যকাল ধরে এই বিরাট জগং-যন্ত্র স্টিট করবার প্রয়োজন কি ছিল?...কিন্তু যদি বলি: এক মহত্তর সিস্ক্লাকে চরিতার্থ করবার আয়োজন চলছে এই জগতে। এক দিব্য সত্য অথবা চিন্ময় সম্ভাবনা মূর্ত হয়ে উঠছে এখানে। তার জন্যে বিস্কৃতির বিশেষ পর্বে দেখা দিয়েছে অবিদ্যার নিতান্ত সপ্রয়োজন একটা প্রবেশক। আবার বিশেবর ব্যবস্থা এমনি সুকৌশল যে এখানে বাধ্য হয়ে অবিদ্যা চলেছে বিদ্যার এষণায়, অপূর্ণ স্চনা বহন করছে পূর্ণসিদ্ধির প্রবেগ, ব্যর্থতার ইঞ্গিত রয়েছে জয়শ্রীর চরম প্রসাদের দিকে, দঃথের তপস্যাতেই আছে চিন্ময় আনন্দের সহজ উন্মেষের সাধনা।—তাহলে কিন্তু স্ভিসমস্যার সমাধান স্বচ্ছ এবং প্রাঞ্জল হয়। তথন আর নৈরাশাভরে বিশ্বকে একটা অসার বঞ্চনা কি অর্থহীন প্রলাপ মনে করে বিলাপ করবার সঞ্গত কোনও কারণ থাকবে না। কারণ, এতকাল যারা বিলাপের মূল হেতু ছিল, তাদের তথন মনে হবে কুচ্ছ্রসাধ্য প্রকৃতি-পরিণামের দ্বাভাবিক নিয়তি বলে। ব্রেবে বিশ্ব জ্বড়ে এই-যে প্রয়াস ও আয়াস সিম্পি ও অসিদ্ধি সূত্র ও দুঃখ বিদ্যা ও অবিদ্যার নিদার্ণ শ্বন্দ্ব, তারও একান্ত প্রয়োজন আছে—এই প্রাকৃত দেহ-প্রাণ-মন-চেতনাকে চিন্ময় সিম্ধজীবনের ভাস্বর মহিমায় উত্তীর্ণ করবার জন্য। নিখিল বিশ্বকে তথন মনে হবে স্থিতর একটি উন্মিষ্ণত শতদল। তার তাৎপর্য বোঝবার জন্য সর্বশক্তি-মানের স্বৈরাচার প্রপর্গবিভ্রম অথবা অর্থহীন মায়াকুহকের কল্পনা আর প্রয়োজন হবে না।

কিন্তু প্রপণ্টনিষেধের দার্শনিক প্রামাণ্যের মূল এর চাইতেও গভীর যুক্তি ও অধ্যাত্ম-অনুভবের মধ্যে। তকের ভিত সেখানে আরও পোক্ত। দার্শনিক বলবেন: বিদ্রমই প্রপণ্ডের স্বভাব এবং স্বর্প। যা বস্তুতই বিদ্রম, তার লক্ষণ ও নৈমিত্তিক ধর্ম নিয়ে হাজার তর্ক করেও তাকে তত্ত্বের প্রামাণ্য বা মর্যাদা দেওয়া চলে না। বিশ্বোত্তীর্ণ তুরীয়-রক্ষাই একমাত্র তত্ত্ব, তাঁর তুলনার আর-সমস্তই অতত্ত্ব। চিন্ময় ঐশ্বর্যের পরিপূর্ণ প্রকাশে এই মর্ত্যাজীবন

যদি দেবজীবনের ফ্লেন্ড জ্যোতিতে ঝলমলিয়ে ওঠে, তব্ তার স্বভাবের ম্লের রয়েছে যে অতত্ত্বের অভিনিবেশ, তাহতে তার নিল্কৃতি কোথায়? তাই দৈবী সম্পদের এই মহিমাকেও বলব বিদ্রমেরই হিরণ্যদ্বতি। একান্ত বিদ্রম না বললেও তাকে বলব অবর-সত্য। তার মোহ ভাঙবে, যথন জীব জানবে— একমাত্র রক্ষাই সত্য, অক্ষর তুরীয়রক্ষা ছাড়া আর-কিছ্ই কোথাও নাই।...এই যদি হয় একমাত্র সত্য, তাহলে আমাদেরও অবন্থা হয়ে পড়ে একেবারে নিরালন্ব। চিন্ময় বিস্টির লীলা, জড়ত্বের 'পরে জীবচেতনার বিজয়, তার মহেন্বরী সিন্ধি, এই অপরা প্রকৃতিতে দিব্য-জীবনের উল্মেয়—এসমন্তই তথন মিথ্যা, অথবা অন্বিতীয় রক্ষাতত্ত্বের 'পরে আর্রোপিত একটা ক্ষণিক বিদ্রমের খেলা। কিন্তু মনের সংস্কার অথবা মনোময়-প্রব্বের তত্ত্বান্ভবের ধরন হতে তত্ত্বসমীক্ষার ধারা নির্গিত হয়। তাই চরম প্রামাণ্যের বিচারে মনের সংস্কারের প্রামাণ্যের কথাও ওঠে, ওই তত্ত্বান্ভবের অন্তিবর্তনীয়তা সম্পর্কেও প্রশ্বজাগে। সে-অন্ভব যদি অপ্রাকৃত চিন্ময় অন্ভবও হয়, তব্ তার প্রামাণ্য একান্তনিশ্চিত কি না, তার প্রেতি নিতান্তই অন্পেক্ষণীয় কিনা, এ-জিজ্ঞাসার অবকাশ থেকেই যায়।

প্রপঞ্চবিভ্রমকে কখনও বর্ণনা করা হয় একটা অবাশ্তর প্রত্যক্-অনুভব-র্পে—যদিও এ-ব্যাখ্যা সর্বসম্মত নয়। এ-মত অনুসারে, এক অনিব্চনীয় শাশ্বত স্কৃপ্তি অথবা স্বংনচেতনার পটে বিশ্ব একটা রূপ ও স্পন্দের বিজ্ঞাতণ মাত্র। নির্পাধিক নিরঞ্জন স্বরংপ্রজ্ঞ সম্মাত্রের 'পরে এ শুধু কালকলিত একটা আরোপ—আনন্ত্যের অধিষ্ঠানে এ যেন স্বপেনর খেলা কেবল! মায়া-বাদী সিম্পান্তে (নেতিবাদের এটি অন্যতম; মূলগত সাদৃশ্য থাকলেও र्ताजवापनत जकल श्रम्थानरे र वर अक नय़ अकथा मतन ताथा नतकात) छगर সম্পর্কে স্বশ্নের উপমা দেওয়া হয়। কিন্তু সেখানেও স্বশ্ন উপমান মাত্র, প্রপঞ্চবিদ্রমের স্বর্পতত্ত্ব নয়। বস্তৃতন্ত প্রাকৃত-মনের পক্ষে বিশ্বাস করা কঠিন যে, চেতনার অকাট্য সাক্ষ্যে যাদের সত্যতা প্রমাণিত হচ্ছে, সেই জীব জগৎ ও জীবন একেবারেই অসং—তারা আমাদের 'পরে ওই চেতনারই আরো-পিত একটা বঞ্চনা! তাই দার্শনিকের আসরে কতকগ্রিল উপমা হাজির করা হয়—বিশেষ করে স্বন্দ ও কুহকের উপমা। তার উদ্দেশ্য প্রাকৃত-জনকে ব্বিয়য়ে দেওয়া যে, চেতনার অনুভব চেতনার কাছে সতা বলে প্রতিভাত হলেও বস্তৃত তা অম্লক বা অদ্ঢ়ম্ল বলেও প্রমাণিত হতে পারে ▶ স্বংনদ্রুষ্টার কাছে স্বাসন স্বাসনদশাতেই বাস্তব, জাগুতে নয়। তেমনি জগৎ আমাদের কাছে ব্যবহারদশার সত্য ও বাস্তব বলে মনে হলেও মায়ার আবরণ খসে পড়লে দেখব—সে কোনকালেই বাস্তব ছিল না!...কিন্তু স্বশ্নের উপমার সার্থকতাকে খ্রিটেয়ে দেখা উচিত; তার সঞো আমাদের জাগতিক অনুভবের মিল কতখানি,

তারও বাচাই হওয়া দরকার। জগৎ যে স্বশ্নমাত, জোরগলাতেই আমরা একথা বলি—এখন সে-স্বশ্ন মনের, জাঁবের কি রক্ষের যারই হ'ক না কেন। এই স্বশ্নের উপমাতেই মানুষের হৃদয়ে-মনে মায়াবাদের ঘোর ঘানয়ে ওঠে। অতএব এ-উপমার যাদ কোনও প্রামাণ্য না-ই থাকে, তাহলে সে-সম্পর্কে নিঃসংশয় হয়ে অনুপ্যোগের কারণ দেখিয়ে স্বদ্রে নির্বাসনে তাকে পাঠাতেই হবে। আর প্রামাণ্য থাকলেও র্থাতিয়ে দেখতে হবে কতথানি তার দেড়ি। তাছাড়া জগৎ যদি স্বশ্নবিদ্রম না হয়ে শ্ব্রু বিদ্রমই হয়, তাহলে দ্বিট সিম্বান্তের তফাতট্রক্রেও দাঁড় করাতে হবে একটা পাকা ভিত্তির 'পরে।

দ্বন্দকে আমরা বলি অবাদত্তব, কেননা দ্বন্দের বাধ আছে—দ্বন্দভূমি হতে জাগ্রতের প্রাভাবিক ভূমিতে নেমে এলে তার আর-কোনও প্রামাণ্য থাকে না। কিন্তু বাধকে মিথ্যাত্বের প্রমাণ বলে খাডা করা কঠিন। কেননা চেতনারও বিভিন্ন ভূমি থাকতে পারে এবং প্রত্যেক ভূমিই নিজস্ব তাত্তিক-ধর্মের জোরে বাস্তব হতে পারে। এক ভূমির চেতনা আরেক ভূমিতে যেতেই খেই হারিয়ে বদি ফিকা হয়ে যায়, এমন-কি স্মৃতির সহায়ে ফিরে পেলেও তাকে যদি বিদ্রম বলে ধারণা হয়, তাতে অস্বাভাবিকতার কিছুই নাই। কিন্তু এতেই কি প্রমাণ হয় যে, এখন যে-ভূমিতে আছি তা-ই বাস্তব, আর যাকে ছেড়ে এসেছি সে অবাস্তব? লোকান্তরে কি চেতনার অনা-কোনও ভূমিতে যেতে-যেতে মর্ত্যাম্পতিকে কোনও জীবের যদি মিথ্যা মনে হতে থাকে, তাতেই তার অবাস্তবতা প্রমাণিত হয় না। তেমনি প্রপঞ্চোপশমের নৈঃশব্দ্যে কিংবা নির্বাণ-দ্র্যিতিতে অবগাহন করে সাধকের যদি জগং ভুল হয়ে যায়, তাতেই সাব্যস্ত হয় না—জগৎ আগাগোড়াই একটা বিদ্রম শুখু। বাধের যুক্তি দিয়ে নির-পেক্ষভাবে এইট্রকুই বলা চলে, ব্যাবহারিক চেতনায় জগৎ সত্য, আবার নির্বাণচেতনায় নির্পাধিক সন্মান্ত সত্য।... স্বং-নর অন্ভবকে মিখ্যা বলবার পক্ষে দ্বিতীয় যুক্তি, স্বান প্রাপর পরম্পরাহীন একটা ক্ষণিক বিভ্রম। সাধারণ দৃষ্টিতেও জাগ্রতের চেতনা দিয়ে তার মধ্যে আমরা কোনও সংগতি বা তাৎপর্য খাজে পাই না। কিন্তু স্বশেনর সংখ্য ঠিক এই কারণেই জাগ্রতের উপমা থাপ থার না। দিন হতে দিনাশ্তরে জাগ্রংচেতনার ধারাবাহিকতার মত দ্বশ্নের মধ্যেও যদি একটা সন্দাতি ও পরম্পরা থাকত, প্রত্যেক রাহিতে যদি বিগত রাত্তির স্বাধান ভবের অবিচ্ছেদ একটা অন্ব্তি চলত, তাহলে স্বাধান আমরা দেখতাম আরেক চোখে। স্বশ্নের সংশা তখন জাগুতের তুলনাও চলত। কিন্তু আসলে, প্রকৃতিতে প্রামাণ্যে কি রীতিতে কোনদিক দিয়েই যখন দুরের মাঝে মিল খুঁজে পাওয়া যায় না, তখন স্বংন কি করে জাগুতের উপমান হবে? বলি বটে, এ-জীবনও তো ক্ষণিকের মায়া। সব জড়িয়ে তার মধ্যে সংগতি ও তাংপর্যের একটা মলেসত্তে খাজে পাই না—এমন নালিশও

করি। কিন্তু তার কারণ হয়তো আমাদেরই বোঝবার শক্তির অভাব বা দীনতা। नरेला जन्जतान् एककः, राप्त कीननाक यथन एति एथन जारक जन, छन कित স্কাত সার্থকতার একটি পূর্ণ শতদলর্পে—যার মধ্যে অতীত অসংগতি-বোধের এতট্টকু মালিন্যও নাই। তথন বৃত্তির, অসংগতি ছিল আমাদেরই অন্তদ, ন্টিতে ও জ্ঞানে—জীবনধর্মে নয়। আন্তর সংগতির কথা না হয় থাক, জীবনে কি ব্যাবহারিক সংগতিরও কিছু অভাব আছে? বরং তাকে কার্য-কারণের একটা অবিচ্ছেদ শৃভখল বলেই কি মনে হয় না? কেউ-কেউ বলেন : ওটা আমাদের মনের ভূল। আমরাই জীবনকে কম্পনা করি পরম্পরিত বলে, নইলে তার মধ্যে সত্যকার কোনও পরম্পরা নাই। কিন্তু তাতেও স্বংন আর জাগ্রতের পার্থক্য দরে হয় না। কারণ অন্তগর্টে সাক্ষি-চৈতন্যের দ্থিতৈ যে-সংগতি ফুটে ওঠে, স্বপ্নে তার একান্ত অভাব। তার তথাকথিত সংগতি-বোধের মূলে আছে জাগ্রতের পারম্পর্যের একটা অস্পন্ট ও মিখ্যা নকল— একটা অবচেতন অন্করণ। স্বংনজগতের এই নকল পারম্পর্য তাই অপূর্ণ একটা ছায়ার মায়া-প্রতি পদে সে ভেঙে পড়ে, কখনও-বা শ্নো মিলিরে যায়। তাছাড়া জীবনেন পরিবেশকে নিয়ন্তিত করবার যেটাকু সামর্থ্য জাগ্রৎ-চেতনার আছে, স্বংনচেতনার তাও নাই। স্বংশন আছে প্রকৃতির অবচেতনবং প্রতঃস্ফৃতে লীলায়ন—মানুষের পরিণত মনের সচেতন সংকল্প ও কৃতি-শক্তির প্রবেগ নাই। তার পর, স্বশ্নের ক্ষণস্থায়িতা একটা মৌলিক ধর্ম, তাই একটা স্বশ্নের সঙ্গে আরেকটা স্বশ্নের কোনও সম্বন্ধ থাকে না। কিন্তু জাগ্রং-জীবনের বিনশাং-স্বভাব শুধু তার খণ্ড-খণ্ড অনুভবে—নইলে জীবনব্যাপী ব্যাবহারিক অনুভবের সমগ্রতার মধ্যে বরং একটা স্থায়িত্বেরই আভাস মেলে। আমাদের দেহ ঝরে পড়ে, কিন্তু যুগ-যুগ ধরে জন্ম হতে জন্মাতরে জীবাত্মার উৎক্রমণ চলে। বহু, আলোকবর্ষের অবসানে অথবা কল্পান্তে গ্রহ-নক্ষত্রের প্রলয় হতে পারে, কিন্তু তাতে বিশ্বস্থিতির ক্ষয় হবে না—কেননা অবিচ্ছেদ ম্পন্দর্প বলেই তার প্রবাহনিত্যতা ম্বতঃসিম্ধ। যে অননত মহাশক্তির সে বিস্থিট, তার স্বরূপ অথবা প্রবৃত্তির কোনও আদি-অন্ত আছে—একথা একেবারেই নিষ্প্রমাণ।...এমনি করে স্বংশন আর জাগ্রতে যেখানে এত বৈর পা, সেখানে দুয়ের মাঝে উপমান-উপমেয়ভাবের কম্পনা কি সংগত?

সাম্যকলপনার বির্দেষ একটা বিশেষ আপত্তি এই যে, দর্শনশাস্তে স্বশ্নের স্বর্পকে খ্রিটয়ে না দেখেই স্বশ্নের উপমার নিতান্ত উপরভাস্যু প্রয়োগ করা হয়েছে। স্বশ্ন কি সতিয় অর্থাহীন ও অবাস্তব? সে কি কোনও তত্ত্বস্তুর ব্যাকৃতি বা প্রতিরূপ কিংবা কল্পম্তিতি কি প্রতীকের র্পরেখায় তার একটা প্রতিলিপি হতে পারে না? এইজনাই সংক্ষেপে হলেও নিদ্রা-ও স্বশ্ন-জ্ঞানের উৎপত্তির ধারা ও নিদান সম্পর্কে একটা আলোচনার প্রয়োজন

আছে। নিদ্রাতে জাগ্রং-ভূমি হতে চেতনার সংহরণ ঘটে। আমরা ভাবি, চেতনা তখন নিন্দ্রিয়, নিরালন্ব অথবা স্তন্তিত। কিন্তু এ হল অগভীর দ্ভিতর কথা। আসলে স্তম্ভিত থাকে জাগ্রতের ফ্রিয়া মার—শুখুর বহিশ্চর মন অথবা প্রাকৃত দৈহাচেতনার প্রবৃত্তিই নিষ্ফির থাকে। কিন্তু অন্তন্টেতনা তখন আলম্বনহীন নয়। নানা অভিনব প্রবৃত্তি উদ্বেল হয়ে ওঠে তার গভীরে, অপচ আমরা তার কোনও খবরই রাখি না—শুখু আমাদের স্মৃতির পরদায় তার উপরিচর ফেনোচ্ছনাসের একট্খানি ছাপ পড়ে। এর্মান করে স্বপ্তিতে বহিশ্চেতনার কাছাকাছি জেগে ওঠে আচ্ছন্ন একটা অবচেতনা, সে-ই হয় দ্বপনজ্ঞানের আধার বাহন—এমন-কি নির্মাতাও। কিন্তু তারও অন্তরালে অধিচেতনার অতল সম্দ্র গৃহাহিত হয়ে আছে, যার মধ্যে বিধৃত রয়েছে আমাদেরই অন্তগর্ভি সন্তা ও চেতনার সমগ্র রূপটি। সে হল চেতনার আরেক রাজা। অচিতি ও চেতনার অন্তরিক্ষলোকে যে-অবচেতনা **র**য়েছে, সাধারণত র্বাহশ্চেতনার তোরণপথে সে-ই তার কল্পবাহিনী পাঠায়—স্বশ্নের আপাত-অসংলগন পরম্পরাহীন বিজ্ঞভণের আকারে। এই জীবনেরই বিচিত্র ঘটনার উপাদানকে যেন খেয়ালমাফিক বেছে নিয়ে তা-ই দিয়ে গড়া হয় চকিতের মায়াপুরী—তাকে ঘিরে উচ্ছর্নসত হয়ে ওঠে কল্পনার চিত্রলেখা। এই হল কতগর্নাল স্বপেনর ধরন। আবার অনেক স্বপেনর উপাদান আসে অতীতের ব্যক্তি বা ঘটনার বাছাই-করা স্মৃতি হতে। তখন তারাই হয় কল্পলোকের ক্ষণিকার আদিবিন্দ। তাছাড়া এমনসব স্ব⁹ন আছে, যাদের মনে হয় নিছক ভুইফোঁড় কম্পনার বিলাস-ধেন তারা অবচেতনার আলোকলতা। কিন্তু আধুনিক মনোবিকলনবিদ্যা তাদেরও মধ্যে অর্থসংগতি আবিষ্কার করছে. যাকে ধরে আমাদের জাগ্রৎচেতনা মনের নাড়ী-নক্ষত্রের খবর জেনে তাকে শাসন করতে পারে। বৈজ্ঞানিক পর্ম্বাততে স্বন্দ-বিচারের এই প্রথম প্রয়াস। কিন্তু এতেই স্বশ্নের প্রকৃতি ও সার্থকতা সম্পর্কে প্রচলিত ধারণার আমলে রূপান্তর ঘটেছে। আজ মনে হচ্ছে, স্বণন শুধু 'মনের অমূলক চিন্তা মাত্র' নয়। তার পিছনে যে-তত্ত্বস্তুর অধিষ্ঠান আছে. ব্যাবহারিক জগতেও তার গ্রেম্ব নিতাস্ত উপেক্ষণীয় নয়।

কিন্তু অবচেতনাই আমাদের একমাত্র স্বণ্ন-পসারী নয়। গুরুহাহিত অন্তণ্ণেতনার যে-প্রত্যুক্তদেশে অচিতির সপো ওই চেতনার সপাম ঘটেছে, সেই গোধ্লিলোকই আমাদের অবচেতনা। সেখানে অচিতি ফুটতে চাইছে চেতনার কুণ্ডি হয়ে। স্থুল অস্তমর-চেতনাও যখন দির্তমিত হয়ে জাগ্রং-ভূমি হতে অচিতির দিকে গড়িয়ে বায়, তখন এই অবচেতনাই তার আগ্রয় হয়। আরেকদিকে দেখতে গেলে অবচেতনাকে বলা বায় অচিতির উপকণ্ঠ, বার ভিতর দিয়ে তার সিস্কা ফুটে ওঠে আমাদের বহিশ্চেতনার বা অধিচেতনাতে।

অচিতির তমোনিশা হতেই ফ্টেছে আমাদের অল্লমন্ন-চেতনার উষালোক। সুপ্রিতে বহিশ্চেতনা আবার বখন তার ওই গর্ভাশয়ের দিকে তলিয়ে বার, তখন তাকে অবচেতনার ভিতর দিয়ে নামতে হয়—ষেখানে তার অতীতের সংস্কার অথবা অভ্যস্ত মনন এবং চৈতসিকের বেগ সঞ্চিত রয়েছে। কেননা জীবনের সমস্ত অন্ভবই অবচেতনার মধ্যে তাদের ছাপ রেখে যায়, ওইখানে স্থু থাকে তাদের প্নরুদেবাধনের বীজ। জাগ্রং-চেতনায় অনেকসময় তারা অংকুরিত হয় নতুন-করে-ফিরে-আসা প্রোনো অভ্যাসের আকারে, স্তিমিত বা নিগ্হীত প্রবৃত্তির, অথবা প্রকৃতির বৃদ্ধিত উপাদানের ছন্মর্পে। কখনও-কখনও নিগ্হীত অথবা বজিত হলেও এইসব বৃত্তির সম্পূর্ণ উচ্ছেদ হয় না। তাই অপরিচয়ের নীল-নিচোলের আড়ালে তাদের প্রত্যাবত'ন ঘটে—র্আত অভ্ত ছম্মলীলায়, অভিনব পরিণামের দুর্লক্ষ্য সূচনা নিয়ে। দ্বংনভূমিতে ব্যাপারটাকে মনে হয় যেন একাশ্তই আজগুৰী। সৃত্তু সংস্কারকে ঘিরে কি ভিত্তি করে কি-যে খেয়ালের পতুল-নাচ চলে, জাগ্রত মন যার কোনও অর্থ খংকে পায় না-কেননা অবচেতনার গড়েলিপির সঙ্গেকত তার জানা নাই। কিছ্কেণ স্বন্দভাগের শর যখন আচিতিতে চেতনার প্রলয় ঘটে, আমরা তাকে বলি স্বানহীন স্কুপ্তি। তারপর স্কুপ্তি হতে আবার স্বানের অগভীর উপাশ্ত পার হয়ে আমরা পেণছই জাগুতের তীবে।

কিন্তু বস্তুত স্ব্যুপ্তি স্বংনহীন নাও হতে পারে। স্ব্যুপ্তিতে আমরা র্তালয়ে যাই অবচেতনার আরও গভীর গহনে। সংব্যন্তর কুণ্ডলী সেখানে এত ঘনীভূত, চেতনা এত আছেল্ল অসাড় ও গ্রেভার বে তার বিস্থিতক উপরপানে ঠেলে তোলা যায় না। তাই সেখানে স্বন্দ থাকলেও আমাদের অবচেতনার লিপিকার তার দূর্লক্ষ্য ছায়াবাহিনীকে চিনতে কি ধরে রাখতে পারে না। অথবা এমনও হতে পারে, দেহের স্বাপ্তিতেও মনের সবট্কু ঘ্রাময়ে পড়ে না। তার জাগ্রত অংশ এই অবসরে নিমন্জিত হয় সন্তার অন্তঃপ্রের— বহিন্দেতনার সপো সকল ব্যবহার চুকিয়ে দিয়ে জ্রেগে ওঠে অধিচেতনার মনোমর প্রাণমর বা ভূতস্কামর স্তরে। অবচেতনার বহিরপাকে বলতে পারি স্বাপ্ত-জাগ্রতের স্তর। সুষ্বাপ্তিতে যদি তার কাছাকাছি কোথাও থাকি, তাহলে তার অনুলিপিতে ওই গভীরের কিছু-কিছু খবর থাকে। কিন্তু তার লেখন হয় অবচেতনার সম্কেতের অনুযারী, তাই তার মধ্যে স্বভাবত এলোমেলোর আঁচড় থাকে। খ্ব গ্রন্থিরে অনুনিপি করলেও বিকারের হাত হতে কি জাগুতের লেখার ছাপ থেকে তাকে কোনমতেই বাঁচানো বায় না।...আরও গভীরে ড্বেলে আর-কোনও অনুলিপি থাকে না, বা থাকলেও তাকে ধরা বায় না। তাকেই ভূল করে আমরা স্বাদ্দীন স্বাহাণ্ডি ভাবি—কিন্তু তখনও স্বাদ-প্রবাতির জের চলতে খাকে অবচেতনার নিঃশব্দ নিঃস্পন্দ বর্বনিকার অন্তরালে। অভ্যাসের

ফলে অন্তশ্চেতনার গভীরে যখন জেগে উঠি, স্বংনপ্রবাহের একটানা স্লোতকে তখন ধরতে পারি। তখন অবচেতনার আরও গ্রহ্নার গভীর-গহনের সঞ্গে সচেতন যোগে যুক্ত হয়ে তার নিঃসাড় রহস্যের সদ্য-অনুভব পাই, অথবা স্মৃতির জাল ফেলে জাগ্রং-ভূমিতে তাকে টেনে তুলতে পারি। আরও গভীরে— একেবারে অধিচেতনার মানকোঠাতেও আমাদের পক্ষে জেগে ওঠা সম্ভব। তখন চেতনার সম্মুখে লোকান্তরের এবং লোকোন্তরের দ্ব্যার অপাব্ত হয়—স্মৃথি আমাদের হাত ধরে নিয়ে যায় অগম-রহস্যের জ্যোতির্লোকে। সেখানকার অনুভবেরও অনুলিপি আমাদের কাছে পেশছর। কিন্তু অবচেতনা নয়— অধিচেতনা তার লিপিকার। তাকে বলতে পারি স্বংন-প্সারীর রাজা।

ব্বন্দেতনায় অধিচেতন-লোক যদি এর্মান করে ভেসে উঠে, তাহলে কখনও-কখনও অধিচেতন-ব্রাম্বর প্রচোদনায় স্বংনলোক রূপান্তরিত হয় ভাবলোকে। তার মধ্যে ফুটে ওঠে ভাবঘন অপর্প কত মূর্তি। জাগ্রতের দুরুহতম সমস্যার সেখানে সমাধান হয়, চেতনায় জাগে অতর্কিতের সংক্তে প্রাতিভ-মনন কিংবা অনাগতের আভাস, অবচেতনার খামখেয়ালির জায়গায় দেখা দেয় সফল স্বশ্বের মেলা। এই সময়ে কখনও নানা প্রতীক-মর্তি দেখা দেয়—কেউ তারা মনোময়, কেউ-বা প্রাণের উপাদানে গড়া। এনোময় প্রতীকের রূপরেখা নিখৃত, ব্যঞ্জনা স্ক্রুপন্ট। কিন্তু প্রাণের গড়া প্রতীকগুলি প্রায়ই জাগ্রং-চেতনার কাছে জটিল ও দুর্বোধ। তবে কিনা মূল সঙ্কেতটি একবার ধরতে পারলে সেইসঙ্গে তাদেরও অর্থ-সর্পাতর বৈশিষ্ট্য ধরা পড়ে। পরিশেষে, এই আধারের অথবা বিশ্বাধারের অপর-কোনও ভূমিতে যা দেখেছি বা অন্ভেব করেছি, এই চেতনায় তার খবর আসে। বিজ্ঞানভূমির স্বণ্ন-প্রতীকেরই মত এই জীবনের অশ্তর-বাহির অথবা অপর জীবনের সংগে তাদের নাড়ীর যোগ থাকে, নিজের বা পরের প্রাণ-মনের কত অজ্ঞানা রহস্যের কিংবা তাদের 'পরে অকল্পনীয় কত প্রভাবের পরিচয় মেলে—যার আভাসও আমাদের জাগ্রৎ-চেতনার অগোচর। কথনও-বা এখানকার সঞ্গে তাদের কোনও যোগই থাকে না। তারা তখন আমাদের প্রাকৃত-ভূমির নিরপেক্ষ অপর-কোনও চিন্ময় লোকসংস্থানের বার্তাবহ। সাধারণত আমাদের স্বান-চেতনার বেশির ভাগ জ্বড়ে থাকে অবচেতনার স্বান-পসরা—স্মৃতিতে তাদেরই ছাপ থেকে যায়। কিন্তু কথনও-কথনও অধিচেতন দ্বর্ণনশিল্পীর প্রভাব স্বাপ্তির মধ্যে এত গভীর রেখাপাত করে যে, জাগ্রতের স্মৃতিতেও তার ছবি ভেসে ওঠে। সাধনায় অন্তরকে জাগ্রত ক'রে নিরত অন্তরাব্ত্ত থাকবার দৃশিভ অধিকার অর্জন করতে পারন্ধে বর্তমান ব্যক্থার বিপর্যায় ঘটে—ভাবময় স্বপনলোকের দুয়ার খুলে যায়। তখন স্বশ্নের মধ্যে থাকে অবচেতনার বঞ্চনা নয়—অধিচেতনার আবেশ এবং তার ফলে স্বংনচেতনা সত্যের ব্যঞ্জনায় সার্থক হয়ে ওঠে।

দৃষ্ণির মধ্যেও সম্পূর্ণ সচেতন থেকে স্বস্পদশার আদ্যোপান্ত না হ'ক অনেকথানি সাক্ষীর মত দেখে যাওয়া—এও অসম্ভব নয়। তথন অন্ভব হয়, চেতনার এক লােক হতে লােকান্তরে বিচরণ করতে-করতে অবশেষে কিছ্-কণের জন্য আমরা স্বশ্নহীন প্রশান্তির জ্যােতির্মায় স্তব্ধতায় প্রবেশ করি। তাইতে জাগ্রতের অবসাদ দ্র হয়, প্রাণ স্বশক্তিতে সঞ্জাবিত হয়। তারপর আবার ওই পথ ধরে ফিরে আসি জাগ্রতের চেতনায়। সাধারণত এমনতর লােক-সংক্রমণের বেলায় অতাতের অন্ভবকে আমরা ছেড়ে-ছেড়ে যাই। ফেরবার পথে, যা-কিছ্ অত্যন্ত স্পদ্ট বা জাগ্রং-ভূমির খ্ব কাছাকাছি, স্মৃতিতে তারই ছাপ থেকে যায়। কিন্তু এ-ন্নাতারও প্রেণ অসম্ভব নয়। সাধানার শ্বারা ধারণার শক্তি বাড়ানো যায় অথবা স্মৃতিকে এমন তাক্ষ্য করা চলে যে, স্বশেনর পর স্বশ্ন স্তরের পর স্তর আবার জাগিয়ে তুলে অন্তর্দশার সবট্বকু ছবির মত ফোটানো যায়। সৃষ্ধি-চেতনার এমন স্বসংলণ্ন অন্ভব অবশ্য সহজসাধ্য নয়—তাকে স্বভাবগত করা আরও কিটন। কিন্তু তাহলেও তা অসম্ভব নয়।

আমাদের অধিচেতন। কিল্তু বহিশ্চর অল্লময়-চেতনার মত আচিতিশক্তির পরিণাম নয়। পরিণামের উৎসপিশী ধারায় যে-চেতনা উপরের দিকে উঠে গেছে, আর অবসপিণী ধারায় যা সংবৃত্ত হয়ে এসেছে নীচের দিকে, দুয়ের সংগমস্থলে রয়েছে অধিচেতন-লোক। তার মধ্যে আছে স্ক্রে অন্তর্মন, অন্তঃপ্রাণ ও ভূতস্ক্রেময় সত্তা—যারা আমাদের স্থ্ল সত্তা ও প্রকৃতির চাইতেও ব্যাপক। আমাদের প্রাকৃত-স্বভাবে যা-কিছ্র অনাদি অচিৎ বিশ্বশক্তির নিমিতি, অথবা বহিশ্চর-চেতনার নৈস্গিক বৃত্তি-পরিণাম, কিংবা বিশ্ব-ব্যাপিনী অপরা প্রকৃতির বিচিত্র অভিঘাতের প্রতিক্রিয়া নয়—তার প্রায় সব-ট্রকুরই নিগ্রে উৎস এই অধিচেতনায়। এমন-কি ওইসব নিমিতি বৃত্তি বা প্রতিক্রিয়ার মধ্যে ও অধিচেতনার আবেশ এবং স্কুদুরপ্রসারী অনুভাব আছে। আমানের প্রাকৃত-চেতনা ইন্দ্রিয় ও ইন্দ্রিয়মানসের পরোক্ষপ্রায় সন্নিকর্ষের স্বারা বিশ্বের সঙ্গে যোগ রেখে চলে। কিন্তু অধিচেতনার মধ্যে আছে অপরোক্ষ সন্নিকর্ষের সামর্থ্য। তার অলোকিক দর্শন স্পর্শন ও প্রবণের ইন্দ্রিয়কে সাত্য-সাত্য অন্তরিন্দ্রিয় বলা চলে। অন্তর-প্রের্ষের কাছে তারা শ্বর বার্তাবহ নয়, তারা তাঁর অপরোক্ষবিজ্ঞানের সহজ সাধন। বিষয়জ্ঞানের জন্য ইন্দ্রিয়ের 'পরে অধিচেতনাকে নির্ভার করতে হয় না। জ্ঞান তার অপরোক্ষ, ইন্দির শ্ব্ধ্ব একটা আকার দেয় সেই জ্ঞানকে। জাগ্রং-ভূমিতে ইন্দ্রিয় কেবল আহত জ্ঞানের সাধন। বিষরের বাহ্য-পরিচয়কেই সে মনের দপ্তরে পেশ করে, তা-ই নিম্নে শ্রে হয় মনের পরোক্ষস্ন্টির বিলাস। কিন্তু অধিচেতনার এসব কুরিমতা একেবারেই অনাবশ্যক। কিবচেতনার মনোময় প্রাণময় ও ভূত-

স্কাময় ভূমিতে তার স্বছল প্রবেশাধিকার আছে—শ্ব্ অল্লময় ভূমিতে কি স্থ্লজগতে তার সণ্ডরণ সীমিত নয়। অবসাপণা মহাশান্তর সংকৃতি-পরিণামে থরে-থরে বেসব লোক ফ্টে উঠেছে, অথবা অটিতি হতে অতিচেতনার দিকে উত্তরায়ণের পথে ভেসে উঠেছে কি স্ছ হয়েছে যেসব আলম্বন-জগং, তাদের সংগ অধিচেতনার একটা স্বছল সহজ যোগাযোগ আছে। নিদ্রাতে হ'ক, অথবা একাগ্র প্রত্যাহার বা সমাধিতে আত্মনিমঙ্জন ম্বারা হ'ক, আমাদের মনোময় ও প্রাণময় প্রয়্ব ব্যাবহারিক ব্তিকে উপসংহ্ত করে অধিচেতনারই বিপ্ল অন্তর্জগতে বিশ্রান্ত হন।

জাগ্রং-চেতনা অধিচেতন ভূমির সঞ্গে যোগাযোগের কোনও খবর রাখে না। অথচ অজ্ঞাতসারে ওইখান হতেই তার মধ্যে আসে প্রেরণার ঝলক, বোধি-ও ভাব-লোকের দীপ্তপ্রতার, অনন্ভূত সংকল্প ও ইন্দ্রিয়চেতনার ইশারা, কুমের উদ্দীপনা—বহিশ্চেতনার বাঁধ ভেঙে কোন্ অজানার জোয়ারের মত। সমাধির মত স্বশ্নেও অধিচেতনার জ্যোতির দ্রোর খ্লে যায়, কেননা সমাধির মত দ্বশেনর আহ্বানেও আমরা সৎকীর্ণ জাগ্রং-চেতনার যর্বানকা সরিয়ে অধিচেতন-ভূমির রহস্যলোকে চলে যাই। কিন্তু স্বৃত্তিদশার থবর আমরা পাই সাধারণত অবচেতনার স্বশ্নলেখায়—অস্তঃসংজ্ঞার দীপ্তিতে নয় (সমাধি-প্রত্যয়ের মধ্যে যাকে স্বলভতম বলা চলে), অথবা পশ্যন্তীর অতিপ্রাকৃত আলোকে স্বাপ্তিকে উল্ভাসিত করেও নয়। অধিচেতনার অল্তঃসংবিং যথন সাময়িক বা চিরন্তন যোগে আমাদের জাগ্রং-চেতনার সঞ্গে যুক্ত হয়, তখন সম্ব্রিপ্তর অব্যাকৃত-ভূমিকে আলোকিত করে এমনিতর অথবা এর চাইতেও উদ্ভাস্বর এবং ঘনীভত প্রতায়ের দীপ্তি। আমাদের গ্রহাহিত সত্তায় অধিচেতনা এবং তার একাস্ত-সন্মিহিত অবচেতনার অধিষ্ঠান আছে—অন্তর্দর্শন এবং অতীন্দ্রিয় অনুভবের সামর্থ্য আছে তাদেরই। আমাদের বহিরঙ্গ-অবচেতনা তার লিপিকার শ্বধ্ব। এইজনাই উপনিষদে অধিচেতন প্রেম্বকে বলা হয়েছে স্বণন-প্রেম্ব কেননা সাধারণত স্বশ্নে অতীন্দ্রিয়-দর্শনে অথবা আন্তর-অনুভবের সংহত দশাতেই আমরা অধিচেতন প্রত্যয়ের শরিক হতে পারি। তেমনি উপনিষদে অতি-চেতনাকে বলা হয়েছে স্বৃত্তি-পৃরুষ—কেননা সাধারণত অতিচেতনার মধ্যে অবগাহন করামাত্রই আমাদের মন ও ইন্দ্রিয়বোধের উপশম হয়। অতিচেতনার আবেশহেতু সমাধির যে নিবিড় পরিণামে চিত্তের নিরোধ ঘটে, তার মধ্যে সাধারণত কোনও-কিছুর খবর থাকে না-সেখানে কি আছে তারও কোনও जन्मिन थारक ना। **बक्सात माधन-भोक्टित विरम्य वा जमाधा**त्रण **উৎकर्य व**मक, চেতনার কোনও অপ্রাকৃত আবেশে, অথবা সংকীর্ণ প্রাকৃত-চেতনার বিচ্ছেদ বা রন্ধপথেই অতিচেতনার স্পর্শ কি ঝলক আমাদের ব্যাবহারিক অনুভবে নেমে আসতে পারে। উপনিষদের 'ম্বন্দ-ম্থান' ও 'স্কেন্প্রন' স্পন্টতই রূপক-

সংক্রা। তাহলেও চেতনার এ-দুটি ভূমিকে খবিরা তত্ত্ত্মি বলেই জানতেন। জাগ্রং-ভূমিতে চিন্মর-সংবেদনের স্পন্দালিপিতে ষেমন বাহ্যবস্তু এবং বাহ্যজগতের সংগে চেতনার সন্মিকর্বের ইতিহাস লেখা হয়ে চলেছে, তেমনি স্বংশন ও স্ব্বৃত্তিতেও আছে অপ্রাকৃত তত্ত্বস্তুর অনুলিপি। অবশ্য জাগ্রং স্বংশ ও স্ব্বৃত্তি তিনটিকেই প্রপণ্ডাবদ্রমের অংগ বলে বর্ণনা করা যায়। বলা চলে: তিনটি ভূমিরই অনুভব মায়োপহিত চৈতন্যের বিকার মার। স্বংশ ও স্বৃত্তি যেমন অলীক তেমনি অলীক আমাদের জাগ্রং, কেননা একমার অবাঙ্মনাসগোচর আত্মা বা অন্বয়ভাবই স্বর্পসত্য বা প্রমার্থতত্ত্ব—ওই হল বেদান্তবর্ণিত আত্মার তুরীয় পাদ।...তেমনি এমন কথাও বলা চলে; জাগ্রত স্বংশ ও স্বৃত্তি একই প্রমার্থতত্ত্বের তিনটি বিভিন্ন ক্রম, অথবা প্রত্যক্তিতনার তিনটি ভূমি—যার মধ্যে আমাদের আত্মজ্ঞান ও জগংজ্ঞানের তিনটি বিশিষ্ট প্রকার র্পায়িত হয়েছে।

এই যাদ স্বাদ্দত্তনার সত্য পরিচয় হয়, তাহলে এমন কথা বলা চলে না যে, স্বশ্নের মধ্যে অর্ধ-অচেতনার 'পরে সাময়িক ভাবে অবস্তুর অবাস্তব কতগর্বল ছবি চাপিয়ে দেওয়া হয় বঙ্গু বলে। মায়াবাদের সমর্থনে স্বংনকে তাহলে আর উপমার্পেও বাবহার করা চলে না। কেউ হরতো বলবেন : দ্বশ্ন তো বাদ্তবিকই কোনও তত্ত্বস্তু নয়—তত্ত্বের একটা অনুনিপি অথবা কতগ্রনি প্রতীকম্তির সমাহার মাত্র। তেমনি আমাদের জাগ্রতের অন্ভবও তাত্ত্বিক নয়—তত্ত্বের অনুলিপি বা প্রতীকব্যুহের একটা পরম্পরা শুধু। একথা অনস্বীকার্য যে, বাহ্যজগৎ প্রধানত আমাদের কাছে ইন্দ্রিয়বোধের পরদায় ছাপানো বা চাপানো কতগুলি মূর্তির সমাহার। সূতরাং পূর্বপক্ষীর যুক্তিকে এপর্যন্ত মানতে আমরাও রাজী। এও মানতে পারি, একদিকে দেখতে গেলে আমাদের সমুসত অনুভব ও কর্মাই একটা প্রচ্ছন্ন সত্যের প্রতীক শ্বধ্ব। জীবনে তার প্র্ণার্পটি ফ্রটিয়ে তুলতে চাইছি, কিন্তু আজও এলোমেলো রেখার অপরিণত ছন্দে সে-ছবির একটা খসড়া শুধু আঁকা হচ্ছে। এইখানেই যদি সকল সাধনার ইতি হয়, তাহলে জীবনকে আনন্তোর চেতনার আত্মা ও অনাত্মার একটা স্বশ্নছবি বলতে পারি বটে। কিন্তু এখানেও একটা কথা আছে। ইন্দ্রিয়কন্পিত ছায়াম্তির সমাহারেই আমাদের কাছে বিশ্বের তাবং বস্তুর প্রাথমিক পরিচয়—একথা সতা। কিন্তু আমাদেরই চেতনায় বোধির এক স্বতঃস্ফৃতি বৃত্তিতে সে-মৃতিগর্মল প্রণাণ্গ স্বিকাসত। অতএব স্বতঃপ্রমাণ হয়ে ওঠে, ওই বোধিই ছায়াকে কায়ার সপ্ণে যুক্ত ক'রে বিষয়ের প্রতারকে স্নিবিড় করে। তার ফলে অন্ভব করি, ইন্দ্রিরের ভাষার কি অন্,লিপিতে তত্ত্বের একটা তর্জমাই যে আমরা পাচ্ছি তা নয়, ইন্দ্রিয়কল্পিত ছায়ার ভিতর দিয়ে দেখতে পাচ্ছি তত্ত্বেরও কায়াকে। বোধির এই সহজ্ববৃত্তির

সংখ্য যোগ দেয় বৃদ্ধির বৃত্তি। তার কাজ ইন্দ্রিগ্রগৃহীত বস্তুর ধর্মকে তলিয়ে বোঝা, ইন্দ্রিরলিপিকে খ্রিটিয়ে দেখে তার ভূলগর্নল শ্বধরে দেওয়া। অতএব সিম্পান্ত করতে পারি, ইন্দ্রিয়কন্সিত অনুলিপির ভিতর দিয়ে বোধি ও বান্ধির সহায়ে আমরা একটা তাত্ত্বিক বিশ্বকেই দেখি। বোধি সেখানে বস্তুর মর্মের ছোঁয়াট্রকু দেয়, আর ব্রন্থি তার সত্যকে পরথ করে সামান্যগ্রাহী প্রতারের বিজ্ঞান দিরে। একথা ভূললে চলবে না যে, ইন্দ্রিয়লিপিতে বিশেবর যে-কলপর্পটি আমাদের কাছে ফ্টে ওঠে, তত্ত্বের তা নিখতে প্রতিলিপি বা আক্ষরিক অনুবাদ না হলেও অথবা প্রতীক্ম, তির সমাহার হলেও, প্রতীক-মাত্রেই কোনও সদ্ভূত বস্তুর লিখা, কোনও তত্ত্বেই অনুলিপি। ভাবের বিগ্রহে ভল থাকলেও যে-ভাববস্তকে সে রূপ দিতে চাইছে, সে তত্তই—বিশ্রম নয়। গাছ পাথর কি জানোয়ার—যা-কিছুই দেখছি, বলতে পারব না যে যা নাই তা-ই দেখছি—দেখছি একটা কুহকের খেলা। হতে পারে তার সত্যকার ম্তিটি দেখছি না. এমনও হতে পারে আরেকধরনের ইন্দ্রিরের কাছে তার আরেক রূপ ধরা পড়বে। তব্ তার মধ্যে এমন কিছু তত্ত আছেই. ওই ম্তিটিতে যার সার্থক রূপায়ণ দেখছি—যার সঙ্গে তার অলপবিস্তর মিল থাকবেই।...কিন্তু মায়াবাদে একমাত্র ব্রহ্মই তত্ত্ব এবং তিনি অনির্বাচ্য অলক্ষণ শ্বেধ সন্মান্ত্রস্বর্প। কোনও প্রতীক্ম্তির সমাহারকল্পনায় তাঁর কোনও সত্য কি মিথ্যা অনুকৃতি সম্ভব নয়, কেননা তাহলেই তাঁর শুম্পসত্তার মধ্যে এমন-একটা বৈশিষ্ট্যের বীজ অথবা অব্যক্ত-সত্যের আভাস থাকা প্রয়োজন, যাকে নাম ও রূপের রেখায় আমাদের চেতনা রেখায়িত করতে পারে। শুন্ধ-অব্যাকৃত তত্তকে কোনও অনুলিপিতে, স্বর্পের পরিচায়ক কোনও বিশেষ-ধর্মের সমাহারে অথবা প্রতীক ও মূর্তির মেলায় র্পায়িত করা যায় না। কেননা তার মধ্যে আছে কেবল বিশ্বন্ধ তাদাম্ম্যের নিবিশেষ প্রত্যয়—র্পে রেখায় বা প্রতীকের আকারে ফুটিয়ে তোলবার মত আর-কিছুই সেখানে নাই। অতএব স্বশ্নের উপমা এখানেও খাটে না বলে তাকে খারিজ করাই উচিত। অধ্যাত্ম-অনুভবের একটা বিশেষ পর্বে বিশেষ-একটা মানসিকতার বর্ণাঢ্য চিত্ররূপে তার কদর থাকতে পারে, কিন্তু তত্ত্ববিজ্ঞাস, দার্শনিকের তত্ত্বসমীক্ষায় বা বিশেবর তাৎপর্য-নিরপেণ কি উৎপত্তি-প্রকরণের বিচারে তার কোনও সার্থ কতাই নাই।

স্বশ্নের উপমার মত ইন্দ্রজাল বা কুহকের উপমাতেও মায়াবাদের তত্ত্ব ব্রুতে বিশেষ-কিছ্ন স্নিবধা হয় না। কুহক দ্ব'রকমের—এক মতি-বিশ্রম, আর-এক দ্বিট-বিশ্রম বা সেইধরনের ইন্দ্রিয়ঞ্জ-বিশ্রম। বেখানে বা নাই, সেখানে যদি তার ছবি দেখি, তাহজে সে হবে ইন্দ্রিয়ের একটা প্রামাদিক স্থিট। তাকে বলব দ্বিট-বিশ্রম। আর মনের গড়া কিছুকে যথন বাস্তব

তথ্যরূপে গ্রহণ করি, তাকে বলি মতি-বিভ্রম। তার মধ্যে থাকে মানসিক কোনও প্রমাদের বিক্ষেপ, কল্পনার বস্তুঘন রূপ, অথবা মনঃকল্পনার অযথা-ম্থিতি। প্রথমটির দৃষ্টান্ত মরীচিকা, আর ন্বিতীয়টির দৃষ্টান্ত বেদান্তবণিত রক্ত্রতে সপ্রেম। প্রসংগক্তমে বলে রাখি, সত্যকার কৃহক নয় এমন অনেক-কিছুকেই আমরা কুহক বলি। অনেকসময় অধিচেতন-ভূমি হতে কোনও প্রতীকম্তি ভেসে ওঠে। কিংবা অধিচেতনা কি তার কোনও ইন্দ্রিয়ব্তি বহিশ্চেতনায় আবিষ্ট হয়ে জড়াতীত সত্যের সংগে ঘটায়। তখন আমরা যা দেখি বা অনভেব করি, তাকে বিশ্রম কি কৃহক বলা চলে না। আবার, যে-বিশ্বচেতনার আবেশে মনের বাঁধ ভেঙে আমরা বৃহৎ-সত্যের লোকোত্তর অন্তেবে উত্তীর্ণ হই, তার অস্তিত্বকে স্বীকার করেও অনেকে তাকে কুহকের পর্যায়ে ফেলেছেন।...কিন্তু আমরা এখানে আলোচনা করব প্রচলিত দুটিগবিভ্রম বা মতিবিভ্রমের দৃষ্টান্ত নিয়ে। প্রথম দৃষ্টিতে মনে হয়, এই তো অধ্যাস-বাদের স্বন্দর উদাহরণ। অধ্যাস হল বস্তুর 'পরে অবাস্তবের স্থাপনা— যেমন মর্ভুমির শ্ন্যতার 'পরে মরীচিকার, উপস্থিত সত্য-রুজ্বর 'পরে অনুপ্রস্থিত মিথ্যা-সংগ্রে। বলতে পারি জগংও এমনি-একটা মায়াকুহক— নিত্যবর্তমান আন্বতীয় ব্রহ্মতত্ত্বের 'পরে অবর্তমান অতাত্তিক বিষয়প্রপঞ্চের আরোপ। কিন্তু লক্ষ্য করতে হবে, প্রত্যেক ক্ষেত্রে বিশ্রমবশত যে-ছায়াবস্তু দেখা দিয়েছে, সে তো সম্পূর্ণ অসং কিছুর ছায়া নয়। ছায়া নকল হলেও তার একটা আসল রূপ আছেই—সেই রূপে সে সং এবং সতা। কেবল ইন্দ্রিয় কি মনের ভূলে, যেখানে সে নাই সেইখানে তার আরোপ হয়েছে। মরীচিকা হয়তো নগর মর্দ্যান স্রোতস্বিনী কিংবা এমনি-কোনও অবর্তমান বস্তুর ছায়াছবি। কিন্তু তাহলেও সত্যকার নগর প্রভৃতি আছেই—নইলে মনের কম্পনাতেই হ'ক বা আলোকের প্রতিফলনেই হ'ক, তাদের ছায়াই-বা কি করে সেখানে বাস্তবের ভানে মনকে বন্ধনা করতে আসবে? সর্প আছে— বিদ্রমের প্রমাতাও তার সত্তা জানে, তার আকৃতি চেনে। নইলে বিদ্রমের স্থিও সম্ভব হত না, কেননা দৃষ্ট বস্তুর সংগে অন্যৱদৃষ্ট বস্তুর আকৃতি-গত সাদুশাই হল বিভ্রমের কারণ। অতএব অধ্যাসবাদের ব্যাখ্যায় এসব উপমা বিশেষ স্ববিধার নয়। উপমা খাটত, যদি আমাদের দৃষ্ট জগং হত এখানে-অবর্তমান কিন্তু অন্যত্র-বর্তমান একটা সত্য জগতের মিথ্যা ছায়া। অথবা রক্ষের একটা সত্য প্রকাশকে আবৃত কি বিকৃত করে এ যদি হত-একটা কম্পিত মিখ্যা প্রকাশের আরোপ। কিন্তু বিভ্রমবাদীর মতে জগৎ অসৎ প্রপঞ্চ, অথবা নিব'ণ' ব্ৰক্ষে আরোপিত একটা কল্পিত বিভ্রম মাত্র। বন্ধাই একমাত্র সং— কিন্তু তিনি নীর্প, কোনকালেই কোনও-কিছ্বর আধার নন। এক্কেত্রে মরীচিকা বা সপের উপমা খাটত, যদি আমাদের দৃষ্টিবিভ্রম মর্ভুমির

শ্ন্যতায় এমন-কিছ্বে কন্পনা করত যার অস্তিত্বই কোথাও নাই। অথবা শ্নাভূমিতে রক্জ্ব সর্প প্রভৃতি এমন বস্তুর আরোপ করত, যারা একান্তই অসং।

দেখা যাচ্ছে, এসব উপমাতে দুটি সম্পূর্ণ পৃথকধরনের বিভ্রমের একটা অসংগত মিশ্রণ ঘটানো হয়েছে। একটি বিশ্রমের সংগ্রে আরেকটির কোনও সাদৃশ্য না থাকলেও দুটিকৈ অভিন্ন বলে ধরা হয়েছে। ব্যাবহারিক-বিভ্রম আর মায়াবাদীর কল্পিত প্রপঞ্চবিদ্রম ঠিক এক বস্তু নয়। দ্ভিট বা মতি-বিদ্রমে বিদ্রমের উপাদান—হয় সম্ভূত, নয়তো সম্ভাবিত। যেমন করেই হ'ক. তারা বাস্তবেরই পর্যায়ে বা অধিকারে পড়ে। বিভ্রম ঘটে শুধু বস্তুর অরথা র পায়ণ বা স্থাপনায়, তার মিথ্যা পরিণাম বা অসম্ভব যোগাযোগের দর ন। তাই মনের সমস্ত প্রমাদ ও বিভ্রমের মূলে আছে অবিদ্যার খেলা। প্রাক্তন বর্তমান বা সম্ভাবিত প্রমেয়কে আশ্রয় করে সে তথ্যের বিপর্যাস কি বিপর্যায় ঘটায়। কিন্ত কল্পিত প্রপঞ্চ-বিদ্রমে, বিভ্রমের প্রয়োজকের বাস্তবতা থাকলেও তার উপাদানের কোনও বস্তুসত্তা নাই। এ-বিভ্রম যেমন অনাদি তেমনি সর্ব⁻সম্ভব। তত্ত্বস্তুর 'পরে সে একাস্ত-কন্পিত নাম-রূপ-ক্রিয়া-কারকের আরোপ করে—অথচ তাদের তাত্ত্বিক সন্তা অতীতে বা ভবিষ্যতে কোনকালেই সম্ভাবিত নয়। এক্ষেত্রে মতি-বিভ্রমের উপমা খাটত, যদি নাম-রূপ-গোত্রহীন ব্রহ্ম এবং নাম-রূপ-গোত্রযুক্ত জগং উভয়কেই তাত্ত্বিক মেনে একের 'পরে অপরের অধ্যারোপ হত। অর্থাৎ সাপের জায়গায় দড়ি অথবা দড়ির জায়গায় সাপ, নিগ্র্বের নিব্তির 'পরে সগ্বণের প্রবৃত্তির আরোপ—উভয়ক্ষেত্রে দুটি কোটিই সত্য, এই যদি বিদ্রমের পরিচর হত। কিন্তু আরোপের দুটি কোটিই বাদত্ব হলে বলতে হয়, তারা একই তত্ত্বের অসংকীর্ণ অথবা সংশ্লিষ্ট দুটি বিভাব, অথবা এক অখণ্ড-সন্তার ভাব ও অ-ভাবের দুটি মেরু মাত্র। তাদের সম্পর্কে মনের প্রমাদ কি বিপর্যস্ত-প্রত্যয় শুধু তত্ত্বের অবিদ্যাজনিত অযথা অনুভব বা অষ্থা সমাবেশ মাত্র। কোনমতেই তাকে জগংপ্রসূতি অবিদ্যার বিভ্ৰম বলা যায় না।

মায়ার খেলাকে ভাল করে বোঝবার জন্য আরও যেসব দৃষ্টান্ত বা উপমা হাজির করা হয়, খৄটিয়ে দেখলে তাদের মধ্যেও অনেক অসংগতি মেলে। তাইতে তাদের যেমন জাের থাকে না, তেমনি গ্রুত্বও কমে যায়। রঙ্জৄ-সপের উপমার মত শৄর্কি-রজতের উপমাতেও ওই একই গলদ। আসলে এখানেও ভূল হয়েছে একটি উপদ্থিত তত্ত্বস্তুর সংগ্রা আরেকটি অবর্তমান তত্ত্বস্তুর সাদ্শাকে আশ্রয় করে। কিন্তু প্রপঞ্চবিশ্রমে এক অশ্বিতীয় অবিকারী রক্ষাবস্তুতে বহুধাজাত বিকারী অবস্তুর আরোপ হয়েছে। স্কুতরাং এখানেও উপমানের সংগ্রা উপমারের সংগ্রা তারেকটি উপমা আছে—শ্বিচন্দ্র-

দর্শন : দৃষ্টিবিভ্রমবশত আমরা একটি বস্তুরই দৃই বা বহু প্রতির্প দেখি। এমনি করে একটি চাঁদের জায়গায় দুটি চাঁদ দেখতে পারি। এখানে একটি বস্তুরই একাধিক অবিকল প্রতিরূপ দেখা গেল। তাদের একটি সত্য, আর বাকীগ্রাল বিদ্রম। কিন্তু ব্রহ্ম আর প্রপঞ্জের বেলায় এ-উপমাও খাটে না। কেননা একটি চাঁদ যেমন অবিকল দুটি চাঁদ হয়, তেমনি জগতে এক ব্রহ্ম তো অবিকল বহু ব্রহ্ম হয়ে দেখা দেন না। উপমাতে আছে সংখ্যার বিভ্রম। কিন্তু জগৎ তো শ্বধ্য রঙ্কোর বহুগুর্নিত রূপ নয়—নির্বিশেষ একত্বের নিবিশেষ বহু ভাব নয়। মায়ার খেলা এখানে দেখা দিয়েছে আরও জটিল হয়ে। তৎস্বরূপের অন্বিতীয় শাশ্বত-অপরিণামী তাদাখ্যভাবের 'পরে একেরই বহুভাবনার বিভ্রম আরোপিত হয়েছে বটে, কিন্তু সেইসপে দেখা দিয়েছে প্রকৃতির সংস্থান-বৈচিত্তার বিপাল মেলা, রূপ ও স্পন্দের বহু্ধা বিকল্প। অথচ নির্বিশেষ অধিষ্ঠান-ব্রন্মে এসবের কিছুই ছিল না। স্বণন অতীন্দ্রিয়দর্শন বা কবিকল্পনায় এমনতর অবাস্তব অথচ ব্যবস্থিত বৈচিত্র্য দেখা যায় বটে। কিল্কু তাহলেও সে তো প্রেসিম্ধ একটা বাস্তব বিচিত্র-সংস্থানেরই অনুকৃতি, অথবা অনুকৃতিম্লেই সেখানে বৈচিত্রের প্রবর্তনা। এমনি করে কল্পনা বা বৈচিত্রসাধনার উন্দাম উচ্ছনাসের মধ্যেও পর্বানকৃতির কিছ্-না-কিছ্ ছাপ থেকেই যাবে। কিন্তু বিভ্রমবাদী তো মায়ার খেলাকে অনুকৃতি বলেন না। তাঁর মতে : মায়ার সৃষ্টি কোনও-কিছুর অনুকরণ নয়। মায়া একেবারেই এমন অবাস্তব স্পন্দ ও রুপের পসরা সৃষ্টি করেছে-যার কোনও সত্তা কোথাও নাই বা ছিলও না। একে তো কোনমতেই ব্রহ্মনিষ্ঠ কোনও-কিছুর অনুকৃতি প্রতিবিশ্ব বিকার বা পরিণতি বলা চলবে না।... কিন্তু এমন অবাস্তব অথচ মোলিক স্থির সঞ্গে ব্যাবহারিক মতি-বিদ্রমের কোনও তুলনাই হয় না। স্বতরাং এর রহস্য আমাদের কাছে অনিব্চনীয়। এই বিরাট প্রপণ্ণ-বিভ্রম বাস্তবিকই তাহলে একটা অনুপ্রম বিসময়। অথচ বিশেব সর্বান্ত দেখছি, এক ম্লা প্রকৃতিরই বহুধা-বিকৃতি—এই হল স্থিটর ম্লস্ত্র। কিন্তু সে-বিকৃতি বা বিস্ভিট বিভ্রম নর, এক অখণ্ড প্রাধাত্রই বাস্তব ও বহুধা-বিচিত্র রূপায়ণ। একেরই তত্ত্ব নিজেকে আত্মনিষ্ঠ অগণিত র্প ও অফ্রন্ত বীর্ষের সত্য ভাবনায় ফ্রাটিয়ে তুলছে—এই লীলাই তো দেখছি দিকে-দিকে। এ-খেলা যে রহস্যে জড়িত, এমন-কি এ যে একটা ইন্দ্র-জালের সমান, তাতেও ভুল নাই। কিন্তু কি করে কোন প্রমাণে বলব, এ শ্বধ্ব অতত্ত্বের ইন্দ্রজাল—তত্ত্বের মায়া নয়; এ মাহেশ্বরী চিংশক্তির বিলাস নয়— শাশ্বত আত্মসংবিং শ্বারা প্রবৃতিত আত্মবিস্থির লীলা নয়?

এখানেই প্রশ্ন ওঠে, মনের স্বর্প কি এবং অনাদি সন্মাত্রের সংস্পে তার সম্প্রক'ই-বা কি—কেননা মনই তো বিভ্রমের জনক। মন কি কোনও অনাদি

বিভ্রমণজ্বির সম্ততি ও সাধন, অথবা সে নিজেই আদিবিভ্রমের প্রস্তিত বিশেষ-কোনও শক্তি বা চেতনা? না মনের অবিদ্যায় শুখু স্বর্পসত্যের অনাথা-গ্রহণ হয়—খত-চিংই সত্যকার বিশ্বপ্রসূতি, অবিদ্যা-মন তার একটা তির্যক বিভূতি মাত্র ? আমাদের প্রাকৃত-মনে যে চেতনার সিস্কার প্র্যাবীর্য নাই, একথা অনস্বীকার্য। তার স্ভি-সামর্থ্য গ্রণীভূত-প্রেরাণ্কল্পিত প্রজাপতির মত অনাদি সিস্কার সে অবাশ্তরসাধন মাত্র। অনুরুপ সকল মন সম্পকেই একথা খাটে। প্রাকৃত-মনের প্রমাদ তুলাবিদ্যার পরিণাম। অতএব তার উপমা দিয়ে বিশ্বপ্রসূতি মূলা বিদ্যা কি সর্ব'কল্পিকা সর্বসাধিকা মায়ার প্রকৃতি কি প্রবৃত্তির রহস্য বোঝা বায় না। প্রাকৃত-মন অতিচেতনা ও অচিতির মাঝামাঝি রয়েছে বলে এ-দুটি বিপরীত শক্তির বীর্ষ তার মধ্যে সংক্রামিত হয়েছে। তার একদিকে আছে এক গুহাচর অধিচেতন-সত্তার প্রবেগ, আরেকদিকে বহিষ্চর বিশ্বলোকের প্রতিভাস। তাই অন্তগর্নুড় অজানার উৎস হতে একদিকে সে পায় কত প্রেরণা ও কল্পনা, বোধিজাত কত প্রতায়, জ্ঞান ও কর্মের কত প্রেতি, মনোময় ভূত-ভব্যের কত কম্পছবি। আবার বিশ্বপ্রতিভাসের অনুশীলন শ্বারা সে আহরণ করে সিম্ধ-ভূতার্থের কত ছক এবং তারই অনাগত উত্তরকান্ডের ব্যঞ্জনা। তত্ত্বের সম্পন্নে তার ভান্ডার পূর্ণ— তার কিছু ভূত, কিছু-বা ভবা। জড়বিশেবর সিম্ধ-ভূতার্থকে প্রাঞ্জ করে তার কারবার শ্রে । তাদের ধরে অন্তব্তিকে ব্যাপারিত করে সে ভূতার্থে নিহিত বা আভাসিত অসিম্ধ-ভব্যার্থের সন্ধান পায়। ওই ভব্যার্থের মধ্যে কতগুরিলকে সে বেছে নেয় তার আন্তরব্যাপারের আলম্বনর্পে এবং তাদের কল্পিত অথবা অন্তশ্চিন্তিত রূপায়ণ নিয়ে খেলা করে। আবার কতগ**্লিকে বেছে** নের ভতার্থার পে ফুটিয়ে তোলবার জন্য। কিন্ত তাছাড়াও তার প্রেরণার জোগান আসে লোকোত্তর বা গ্রহাচর অলখের উৎস হতে—শ্ব্র ইন্দ্রিয়গ্রাহ্য বিশেবর অভিঘাত হতেই নয়। তাই বহিন্ধগাতের বাস্তব-পরিবেশকে ছাপিয়েও সে গুটুতর সত্যের সন্ধান পায়। আবার তাদের নিয়েও তার অন্তরে-অন্তরে অব্যক্ত হতে আহিত কিংবা অর্ন্তাশ্চন্তিত রূপায়ণের খেলা, অথবা বাস্তবে তাদের কাউকে মূর্ত করবার সাধনা চলে।

ভূতাথেরি সমীক্ষা ও ব্যবহারই প্রাকৃত-মনের বিশেষ ধর্ম। তাছাড়া অজ্ঞাত কি অম্ত সত্যের অন্মান বা গ্রহণের সামর্থ্যও তার আছে। অম্ত আর ম্তের মাঝে বে-ভব্যাথেরি আনাগোনা, তাকে নিয়েও তার বেসাতি চলে। কিন্তু অনন্তচেতনার সর্বজ্ঞানে সামান। তার জ্ঞানের সীমা সম্কুচিত এবং সেই সঞ্চোচকে বিস্ফারিত করবার জন্য চাই তার কন্পনা ও আবিস্কারের সামর্থ্য। অনন্তচেতনার মত জানাকে সে প্রকাশ করে না, করে অজ্ঞানাকে আবিস্কারের তপস্যা। অনন্তর ভব্যার্থকে সে ধারণা করে নিগ্যু কোনও

সত্যের পরিণাম কি রুপের বৈচিত্র্য বলে নয়—কিন্তু নিজেরই বন্ধনহীন কল্প-নার ক্রতি স্পেট বা বিজ্ঞাত্তণরপে। তেমনি অনুষ্ঠ চিতিশক্তির সর্বেশনাও তার নাই। বিশ্বশক্তি তার কাছ থেকে যে-উপচার গ্রহণ করবে, শর্ধ্ব তাকেই সে মূর্ত করতে পারে। সমণ্টির লীলায় কখনও যে তার ব্যাণ্টি ভাবনার বীর্য সার্থক হয়, তার কারণ—যে অতিচেতন বা অধিচেতন দেবতা অন্তর্থামির পে তার মধ্যে নিগ্রে হয়ে আছেন, তিনিই তাকে নিমিত্ত করে প্রকৃতির ওই সার্থকতা চান। অপূর্ণতা এবং প্রমাদের অবকাশ আছে বলে তার জ্ঞানের সঙ্কোচ অবিদ্যার রূপ ধরে। তাই ভূতার্থের কারবারেও বস্তুর পর্যবেক্ষণে প্রযোজনায় বা স্থিতৈ তার ভুল হয়। ভব্যার্থকে নিয়েও তেমনি গোল বাধে বিষয়ের সংযোগে সমাবেশে প্রযোজনায় বা স্থাপনায়। আবার সতাদর্শনের প্রসাদ পেয়েও সত্যকে সে বিকৃত দুর্ব্যাখ্যাত ও বৈষম্যদূষ্ট করতে পারে। তাছাড়া মনের নিজম্ব কতগুলি নির্মাণরূপ থাকতে পারে—যার মধ্যে ভূতার্থের কোনও সাদৃশ্য, মূর্ত হবার কোনও যোগ্যতা অথবা অন্তগ্র্ট সত্যের সমর্থন নাই। ভতার্থের অবৈধ অতিদেশ হতে এসব নির্মাণ-রূপের কল্পনা—তারা বিশ্বশক্তির অনী প্সত সম্ভাবনার সিম্পির দিকে হাত বাড়ায়, অপ্রযুক্তত্ব-দোবে দুন্ট করতে চার সত্যের প্রয়োগ। মূন সূন্টি করতে পারলেও সূত্তির সে আদিপ্রবর্তক নয়। তার স্পিটতে সর্বজ্ঞতা কি সর্বেশনার জাবেশ নাই। এমন-কি প্রজাপতির্পেও তার সিস্কা সবসময়ে সার্থক নয়।...অতএব স্ভির আদিতে আছে মন নয়—মায়া। বিভ্রমশক্তির্পিণী মায়াই তার বিশ্বের আদ্যা প্রসূতি, কেননা একেবারে শূন্য হতে সে বিশ্বের আবিভাব ঘটায়। (অবশ্য বলতে পারি, শ্ন্য নিয়ে নয়, তত্ত্বস্তুর উপাদান নিয়েই মায়ার স্থিলীলা: কিন্তু তাহলে তার সৃষ্টবন্তুকেও তত্ত্ব বলে মানতে হয়)। সংকল্পিত স্থিটর বিষয়ে মায়ার পূর্ণ বিজ্ঞান আছে, আছে সিস্ক্লাকে সার্থক করবার নিরঙকুশ সামর্থা। কিন্তু এ অকুণিঠত বিজ্ঞান ও ঈশনা তার নিজের বিভ্রম সম্পর্কেই শুধু। ঐন্দ্রজালিকের মত অব্যাহত সিশ্বি ও সর্বার্থসাধিকা শক্তি নিয়ে সে বিশ্রমের যত দল সৌষম্যের লীলাকমলে সংহত করে—আপন বিচিত্র-ব্যাকৃতির বিজ্ঞান্ডণকে জীবব্রাম্ধর 'পরে তত্তার্থ ভব্যার্থ বা ভূতার্থরিপে আরোপ করে অবন্ধ্য অর্থ ক্রিয়ার প্রবেগ দিয়ে।

প্রাকৃত-মন স্বচ্ছদ্পে এবং নিশ্চিত প্রত্যর মিরে কাজ করতে পারে, যখন বাস্তবকে সে কর্মের উপাদানর্পে—অন্তত তার প্রবৃত্তির একটা আগ্ররর্পে পার, অথবা যখন বিশেবর কোনও শক্তির তত্ত্ব জেনে তার প্রয়োগ সম্পর্কে সে নিশ্চিন্ত হয়। এইজনাই ভূতার্থের কারবারে সে পদস্থলনের আশ্থ্না করে না। এমনি করে ভব্যার্থকে মৃতি বা ভূতার্থকে আবিষ্কার ক'রে সেই পার্জিনিরে নৃতন সৃষ্ণির অভিযানে এগিরে যাওরা—সাধনার এই সূত্র ধরেই আজ

জডবিজ্ঞানের ওই বিপক্ষে সিম্পি। কিন্তু প্রপঞ্চবিদ্রমের মত তার স্থিতৈ বিদ্রমের অথবা মহাশ্নো অবস্তুর স্থিত ক'রে বস্তুর প্রতিভাসর্পে তাদের চালিয়ে দেবার ছলনা নাই। কারণ, উপাদান হতেঁ তার অন্তনিহিত সম্ভাবনাকেই মন র পায়িত করতে পারে। বাস্তবে প্রকৃতির যেট্রকু শক্তির যেভাবে প্রকাশ সম্ভব, সেই রীতি ধরেই শক্তির সঞ্গে তার কারবার চলে। যে-সত্য প্রকৃতির মধ্যে দ্র্ণর্পে নিহিত হয়েই আছে, শ্ব্ব তারই ব্যাকৃতি কি আবিষ্কার তার সাধনায়ত্ত। আবার অন্তশ্চেতনা বা উধর্বভূমি হতে মনের মধ্যে স্থির যে-প্রেরণা আসে, তাতে তত্ত্বার্থ কি ভব্যার্থের ইঞ্চিত থাকলে তবেই সে বাস্তবে রূপায়িত হয়—নইলে শুধু মনের নির্মাণ-শক্তিতেই কোনও কাজ সিম্প হয় না। কারণ, যা তত্ত্ব নয় ভব্যও নয়, মনের জল্পনা তার মূর্তি গড়লেও বাস্তবে তাকে সৃষ্টি করা কোনমতেই সম্ভব হয় না।...কিন্তু মায়া-বাদীর মায়া অধিষ্ঠানতত্ত্বকে আশ্রয় ক'রে সৃষ্টি করলেও সে-সৃষ্টি অধিষ্ঠান-নিরপেক্ষ—অধিষ্ঠানে তার তত্ত বা তার ভবাতা নিহিত থাকে না। এমন-কি ব্রহ্মবস্তুকে উপাদান করে কিছু গড়লেও মায়ার সে-সূচ্টি হবে-হয় কারণ-তত্ত্বের অনন্যুগত, নয়তো অসম্ভাবিত। কেননা রক্ষা স্বভাবত অরুপ অথচ মায়া গড়ে র.প. ব্রহ্ম একাশ্তই নির্বিশেষ অথচ মায়া করে বিশেষের ব্যাকৃতি। বলা যেতে পারে : মনের কল্পনা-বৃত্তি আছে। তা-ই দিয়ে সে বা গড়ে, তাকে সত্য ও বাস্তব বলে গ্রহণ করতে তার বাধা নাই। এইখানে মায়ার খেলার সধ্যে তার কতকটা সাদৃশ্য আছে না কি?...কিন্তু আমাদের মানস কম্পনা অবিদ্যারই একটা সাধন। জ্ঞান ও সার্থক-প্রবৃত্তির সামর্থ্য যেখানে সীমিত, সেখানেই অগত্যা এই কোশলের আশ্রয় নিতে হয়। মন তার শক্তির रिनारक भूतिरात्र त्नात्र कल्भना पिरात्र। जा-हे पिरात्र पृष्ठे हरू स्म स्माहन करत যা অদৃষ্ট এবং অদৃশ্য, সম্ভবের সংগ্যে অসম্ভবকে সৃষ্টি করে নিজের থেয়াল-মত, গড়ে অবাস্তবের ক্সতুর্প, অথবা জন্পনার তুলিতে আঁকে সত্যের এমন-একটা কৃত্রিম ছবি, বাস্তব-অন্ভবের সঙ্গে বার কোনও মিল নাই। বাইরে থেকে কল্পনাবৃত্তিকে এমনই মনে হয় বটে। কিল্তু আসলে কল্পনাও সত্যাশ্রয়ী। কল্পনা প্রাক্ত-মনের সেই শক্তি যা দিয়ে সংস্বরূপের অন্ত-নিহিত অনন্ত সম্ভাবনাকে সে নিষ্কাশিত করে-এমন-কি অসীমের গহন থেকে অজানার নিগ্র্ ভাবনাকে জানার কোঠায় নামিয়ে আনে। কিন্তু তার চলার পথে পূর্ণজ্ঞানের আলো পর্জেনি, তাই যে তত্ত্বার্থ এবং ভব্যার্থ এখনও ভূতাথের সিম্পর্প ধরেনি, তাকে পেতে সে নানান ছাঁদে ম্রতি গড়ে। সতোর প্রাতিভ-স্ফুরণকে ঠিকমত চেনবার সামর্থ্য তার নাই, তাই জ্বন্পনা দিয়ে প্রকল্প দিয়ে সত্যের সম্পর্কে তার গবেষণা চলে। বস্তুর প্রর্পযোগ্যতাকে ফুটিয়ে তোলবার শক্তি তার সংকীর্ণ ও সীমিত, তাই সে সম্ভাবনার ছবি আঁকে

বাস্তবে তাকে রূপ দেবার আশা বা ঔংস্কৃত নিয়ে। কিন্তু জড়বিশ্বের প্রতি-ক্লতায় আড়ণ্ট ও সংকুচিত তার র্পায়ণের সামর্থ্য, তাই সিস্কা ও আত্মবিভাবনার আনন্দকে সার্থক করতে কম্পলোকে তার বস্তু-ভাবনার বিলাস চলে। কিন্তু একথা ভূললে চলবে না, কল্পনার ভিতর দিয়ে সে সত্যেরই একটা আঁচ পায়, জাগিয়ে তোলে ভব্যার্থের সেই ব্যঞ্জনা যা অবশেষে ভূতার্থে পর্যবিসত হয়—এমন-কি অনেকসময় তার কল্পনার চাপেই জগতের বুকে সম্ভাবিত পায় বাস্তবের র্প। মান্বের মনের নাছোড়বান্দা কল্পনা চরিতার্থ তার পথ একদিন খ্রজেই পায়—যেমন তার আকাশ-বিহারের কল্পনা। ব্যক্তি-মনের কম্পর্পও সত্য হয়ে ওঠে, যদি সে-র্পের অথবা রূপকুং মনের বীর্য দুর্ধর্য হয়। কল্পনার মধ্যে অর্থক্রিয়াকারিতা আপনাহতেই দেখা দেয় র্যাদ সমষ্টি-মনের ভাবনা তার আশ্রয় হয়। অবশেষে একদিন সে পায় বিরাটের সত্য-সঙ্কল্পের সমর্থন। সত্য বলতে সব কল্পনাতেই ভব্যার্থের ইণ্গিত আছে। তার মধ্যে কেউ-কেউ কোর্নাদন বাস্তবও হয়ে ওঠে, র্যাদও সে-বাস্তবতার চেহারা হয়তো হয় আরেকরকম। কিন্তু অধিকাংশ কল্পনাই বন্ধ্যা হয়, কেননা হয়তো তারা বর্তমান কল্পের উপযোগী নয়। অথবা হয়তো ব্যক্তির নির্পিত 'অদ্ভের' বহিভূতি তারা কিংবা সম্ভির সামান্যভাবনার সংেগ অসমঞ্জস, অথবা উপস্থিত জগৎ-ভাবের প্রকৃতি বা নিয়তির পক্ষে বিজাতীয়।

অতএব মনের কম্পনা আগাগোড়াই নিছক একটা বিভ্রম নর। মনের বাস্তব অনুভব তার ভিত্তি, অন্তত তা-ই তার উৎস। কল্পনাকে বলতে পারি বাস্তবেরই রকমফের, অথবা তার মধ্যে আনশ্ত্যেরই অপরোক্ষ বা পরোক্ষ সম্ভাবনা রূপ ধরে। যদি অন্যাকানও সত্যের প্রকাশ হত জগতে, অথবা বর্তমান জগম্বীজের সংস্থান অন্যরকম হত, কিংবা কম্পর্বাহর্ভূত অন্য-কোনও সম্ভাবনা যদি স্ফুরণোক্ম্ম হত—তাহঙ্গে কি ঘটতে পারত, কল্পনায় যেন তার আভাস পাই। তাছাড়া, স্থলে বাস্তবতার বাইরে যেসব অতীন্দ্রিয়-জগতের রূপ ও বীর্য রয়েছে, মনের রাজ্যে কম্পনাই তাদের খবর আনে। এমন-কি কল্পনা যখন উৎপ্রেক্ষার আকার ধরে, কিংবা বিভ্রম বা কুহকে পরিণত হয়, তখনও ভূতার্থ কি ভব্যার্থই তার অবলম্বন হয়। কল্পনা গড়ল মংস্য-নারী। কিন্তু তার মধ্যে দুটি ভূতার্থকে জুড়ে দেওয়া হয়েছে এমনভাবে, ষা ক্ষিতিতত্ত্বের স্বাভাবিক স্বর্পযোগ্যতার বাইরে। এর্মান করে কম্পনা গড়ে গন্ধর্ব কিন্নর বা শরভের মূর্তি। কথনও তার মধ্যে কোনও অস্ত্রীত বাস্তবের স্মৃতি থাকে—যেমন ড্র্যাগনে। কখনও চেতনার অন্যভূমিতে কি জীবনের অন্য পরিবেশে যা সত্য বা সম্ভব, কল্পনায় তারই রূপ ফোটে। এমন-কি বন্ধপাগলেরও আজগুরী কল্পনার মূলে আছে বাস্তবেরই অতিরঞ্জিত বিপর্যাস। পাগল যদি নিজেকে ইংলণ্ডের রাজা ভেবে কল্পনার প্লান্টাজেনেট্

বা ট্রাডরদের সিংহাসনে সমাসীন হয়, তাহলে তাতে বস্তুস্থিতির বিপর্যর ঘটলেও তার উপাদান তো অবাস্তব নয়। মানসিক প্রমাদের কারণ খাঞ্জলেও সাধারণত দেখি, তার গোড়ার আছে অনুভূত তথ্যেরই বিপর্যস্ত সমাযোগ বিন্যাস কি প্রযোজনা, অথবা তার অনুচিত ধারণা বা ব্যবহার। গভীরতর সত্যচেতনায় বোধিপ্রতায়শ্বারা ভব্যার্থকে ধারণা করবার একটা প্রতিভা আছে। প্রাকৃত-মনে তারই ঠাই নিয়েছে কম্পনা—এই হল তার স্বর্পকথা। মন সতাচেতনার দিকে যতই উঠে যায়, ততই প্রাকৃত কম্পনা ঋতম্ভরা কম্পনার র্প ধরে। প্রাকৃত-ভূমিতে সণ্ঠিত ও ব্যহিত জ্ঞানের সংকৃচিত বৃত্তি অথবা সম্কীর্ণ পরিসরের 'পরে সে-কল্পনা উত্তর-সত্যের বর্ণচ্ছটা ঢালে। অবশেষে ওই উত্তর-জ্যোতিতে জারিত হয়ে লোকোত্তর ঋতভং বীর্ষের মধ্যে সে হারিয়ে যায়, অথবা স্বয়ং রূপান্তরিত হয় বোধি ও চিন্ময় প্রেতির বৈদ্যাতীতে। এই উধর্বায়নের ফলে মন আর বিভ্রমের স্থিট করে না, বা প্রমাদের সৌধ রচে না।...অতএব মন অসং অথবা শ্নো কল্পিত বস্তুর অসপত্ব প্রত্যা নয়। অবিদ্যার যে-জিজ্ঞাসাব্তি, তাকেই বলি মন। তার বিভ্রমণও একাশ্ত অম্লেক নয়—তাও সীমিত জ্ঞান বা অর্ধ-অবিদ্যার পরিণাম। মন বিশ্বগত অবিদ্যাদক্তির সাধন হতে পারে। কিন্তু সে যে প্রপণ্ডবিভ্রমেরও শক্তি বা সাধন, তার স্বর্প অথবা প্রবৃত্তি হতে তা কিন্তু বোঝা বায় না। তত্ত্বার্থ ভব্যার্থ এবং ভূতার্থের এষণা ও আবিষ্কার মনের ধর্ম, তাদের স্থিট করবার সামর্থ্য বা সম্ভাবনাও তার আছে। অথচ মন স্বয়ং এক অনাদি চৈতন্য ও শক্তির গোণ বিভূতি। স্কুতরাং এই চিং-শক্তিরও যে তত্ত্ব এবং ভত-ভব্যের সুন্দিসামর্থ্য আছে, এ-অনুমান অসংগত নয়। দুয়ের সামর্থ্যে তফাত শ্বধ্ব এই যে, মনের ন্যায় সংকুচিত নয় বলে চিং-শক্তির অধিকার বিশ্ব-ময় প্রসারিত। অবিদ্যালেশশ্ন্য বলে প্রমাদের সম্ভাবনা হতে সে মৃক্ত-এক লোকোত্তর সার্বজ্ঞা ও সর্বেশনার শাশ্বত প্রজ্ঞা ও বিজ্ঞানের সে নিরঙ্কশ সাধন অথবা স্বর্পবীর্ষ।

তাহলে দ্বি সম্ভাবনার দ্বার আমাদের কাছে মৃক্ত হল। তার একটি এই : এক কুহকিনী অনাদি চিং-শক্তিই মনকে সাধন অথবা বাহন ক'রে নিখিল জীবচেতনার বিভ্রম ও অবাস্তবতার কুহক স্লিট করেছে। অতএব এই পরিদ্শামান ব্যাকৃত বিশ্ব মিথ্যা, মারার ছলনা মান্ত—সত্য শৃথ্য এক অনির্বাচ্য অব্যাকৃত নির্বিশেষ তত্ত্ব। তুল্যবল আরেকটি সম্ভাবনা এই : পরাংপর অথবা বিশ্বাত্মক এক প্র্বা শতচিংই শতমর বিশেবর প্রস্তি। সেই বিশেব মনের কুশ্ঠিত প্ররাস চলেছে অবিদ্যাত্মর অপ্রা কেতনার আলো-আধারির পে। মনশ্চেতনার অজ্ঞান অথবা সীমিত জ্ঞানের বাধা আছে বলেই দেখা দের প্রমাদ বা অনাথা-খ্যাতি, দৃষ্টার্থ হতে প্রান্ত অথবা দিগ্রুণ্ট জ্ঞানন,

অদৃষ্টার্থের দিকে অন্ধের মত হাতড়ে বেড়ানো। তাই সে-চেতনার সৃষ্টি ও কৃতি অর্ধ-সার্থক হয়—কেননা সত্য ও প্রমাদ, বিদ্যা ও অবিদ্যার মাঝে অবিরাম সে আন্দোলিত। কিন্তু হোঁচট থেয়ে হলেও বিদ্যা হতে বিদ্যার দিকেই চলেছে অবিদ্যার এই অভিযান। তার স্বভাবধর্মে সঙ্কোচ ও ব্যামিশ্রতার বাধাকে ঝেড়ে ফেলবার সামর্থ্য নিহিত রয়েছে, এবং তার ফলে ঋতচিতের মধ্যে বন্ধনহীন বিহারশ্বারা আপনাকে সে প্র্ব্য-বিজ্ঞানের অধ্যা বীর্ষের্পায়িত করতে পারে। আমাদের এষণা নিয়ে চলেছে এই শেষোক্ত সম্ভাবনার দিকে। তার মধ্যে এই সিম্পান্তের ইশারা : প্রপণ্ডবিদ্রমের কল্পনা দিয়ে চেতনারহস্যের সমাধান সম্ভব নয়, কেননা চেতনার স্বর্পধর্মে তার কোন সমর্থন নাই। সমস্যা আছেই। তার রুপ হল, আমাদের আত্ম-প্রতায়ে এবং বিষয়-প্রতায়ে বিদ্যার সঙ্গে অবিদ্যার মিশ্রণ। স্বভাবের এই ন্যুনতার হেতু আবিষ্কার করাই আমাদের সাধনার লক্ষ্য। তার জন্য শাম্বত পরমার্থসত্যের মধ্যে অনাদি বিদ্রমশক্তির অনির্বচনীয় নিত্যস্থিতিকে টেনে আনবার, অথবা শাম্বত নিরঞ্জন নির্বিশেষ পরা সংবিতের 'পরে অতির্কতি এক অসং-প্রপণ্ডের অঞ্জন মাথিয়ে দেবার কোনও প্রয়োজন হয় না।

सर्घ अधाग्र

ব্রহ্ম ও প্রপঞ্চবিভ্রম

तम गठाः, कर्गान्यथा।

বিৰেকচ্জামণি ২০

ব্ৰহ্ম সত্য-জগৎ মিথ্যা।

—বিবেকচ,ডার্মাণ ২০

অন্যান্যায়ী স্কেতে বিশ্বমেতং, তাস্মংশ্চান্যো মাররা সংনির্ম্থঃ ॥ মায়াং তু প্রকৃতিং বিদ্যাং মায়িনং ডু মহেশ্বরুম্ ॥

শ্বতাশ্বতরোপনিবং ৪।৯, ১০

এই বিশ্বকে মায়ী স্থিত করেন তাঁর মায়ায়; তারই মধ্যে নির্দ্ধ আছে আরেকজন। মায়াকে জানবে প্রকৃতি, আর মায়ীকে জানবে মহেশ্বর।
—শ্বেতাশ্বতর উপনিষদ (৪।১. ১০)

প্রেষ্ এবেদং সর্বাং বদ্ ভূতং বচ্চ ভব্যম্। উতাম্তদুসোশানো যদমেনাতিরোহতি !!

শ্ৰেডাশ্ৰডরোপনিবং ৩।১৫

প্রেষ্ট এইসব—যা কিছ্ ভূত এবং যা-কিছ্ ভবা, সব; অম্তদ্বেরও ঈশান তিনি—অমেতে যা বেড়ে চলে তাও তিনি।

—শ্বেতাশ্বর উপনিষদ (৩।১৫)

बाम्द्रपदः मर्वम् ।

গীতা ৭।১৯

वाभ्राद्यवर भव।

—গীতা (৭।১৯)

কিন্তু এতক্ষণ ধরে যে-আলোচনা হল, তাকে বলতে পারি তত্ত্বসমীক্ষার প্রবেশক মাত্র। আসল সমস্যাটা এখনও নেপথ্যের অন্তরালে অসমাহিত হয়েই আছে। প্রশন এই : যে অনাদি চৈতন্য বা শক্তি হতে বিশেবর স্টি কলপকৃতি বা বিভাবনা, তার সঞ্জো আমাদের জগৎ-প্রত্যয়ের কি সন্পর্ক? অর্থাৎ বিশেবর স্বর্গ কি? সে কি আমাদের মনের 'পরে এক সর্বজয়া বিভ্রমশক্তির ন্বারা আরোপিত চেতনার কলপমায়া শন্ধ, না সে পরমার্থ-সত্যেরই তত্ত্ব-র্পায়ণ— চমে অবিদ্যার ঘোর কাটিয়ে উপচীয়মান বিদ্যার আলোকে আমরা যার পরিচয় গ্রহণ করিছ? সেইসভেগ এসে পড়ে শন্ধ, মন কি মনঃকলিপত জগৎস্বশন বা বিশ্বমায়ার স্বর্পকথা নয়, রক্ষা জীব ও জগৎ সম্পর্কেও নানান্ প্রশন : রক্ষের স্বর্প কি? তার মধ্যে যে স্টিউর লীলা চলছে কিংবা আরোপিত হয়েছে, তার প্রামাণ্য কতাইকু? রক্ষাচৈতন্যে বা জীবচৈতন্যে বিষয়াকারা সত্যকার কোনও বৃত্তি আছে কি নাই? রক্ষা কি জীবের সাক্ষিচিতন্যে

বে-জগৎ ভাসছে, সে কি সং না অসং? এ-সম্পর্কে মায়াবাদীর কি মত পাবে হি তার উল্লেখ করেছি। তিনি বলবেন : জগৎ যে সত্যা, সে ওই বিশ্ব-মায়ার কুহকম-ডলের মধ্যেই। প্রপঞ্চব্যবহারই মায়ার লীলার সাধন, তা-ই দিয়ে অবিদ্যার মধ্যে নিজেকে সে কায়েম রেখেছে। কিক্তুবনের যা-কিছ**্** তত্ত্ব বা ভূত-ভবা, তাদের সত্যতা ও বাস্তবতা শুধু মায়ার রাজ্যে, তার কুহক-ম-ডলের বাইরে তাদের কোনও প্রামাণ্য নাই—ধ্রুব ও শাশ্বত হওয়া তো দ্রের कथा। विस्त विमात रथला कि जविमात रथला मृटेरे कारलत भरहे क्रांगरकत চিত্রলেখা মাত্র। আবার এই বিদ্যাই আরেকদিক দিয়ে মায়ার একটা সপ্রয়োজন সাধন, কেননা বিদ্যা দিয়েই সে মনের রাজ্যে নিজের ঘোর ভাঙে। অধ্যাত্মবিদ্যাকে অপরিহার্য মানতে আমাদের আপত্তিও নাই। কিল্ড বিদ্যা-অবিদ্যার সকল শ্বন্দের ওপারে আছেন যে শাশ্বত শাশ্বসমাত্র, যে নিত্য নির্পাধিক ব্রহ্ম বা আত্মা, তিনিই একমাত্র পরমার্থসত্য ও অবিকার্য কটুস্থ-তত্ত।...এ-জগতে সব-কিছা নির্ভার করছে মনের সংস্কার ও মনোময়-জীবের তত্তান,ভবের ধারার 'পরে। বিশেবর তথ্য, ব্যক্তির অন,ভব, অথবা বিশ্বোত্তীর্ণের উপলব্ধি—সবার তত্ত্ব এক হলেও মনের সংস্কার বা অনুভব অনুসারে তাদের তাংপর্যনির্ণয়ের ভণ্গি আলাদা হয়। সমস্ত মানসপ্রতায়ই জ্ঞাতা জ্ঞান ও জ্ঞের এই ব্রিপট্টীর আগ্রিত। তার প্রত্যেকটি অথবা সব-কটি পট্টকেই বাস্তব কি অবাস্তব দুইই বলা চলে। তখন প্রখন ওঠে, এদের মধ্যে কোনটি বাস্তব— কিধরনের কতখানি বাস্তব? মায়ার সাধন বলে চিপ্রটীকে যদি বাতিল করি, তাহলে আবার প্রশ্ন হবে : ত্রিপ্রটীর বাইরে কি পরমার্থ বলে কিছু আছে? যদি থাকে তো মায়ার সঙ্গে তার কি সম্বন্ধ?

জ্ঞাতা ও জ্ঞানকে বাদ দিয়ে কি খাটো করে একমাত্র ক্রেয় বা দৃশ্যজগৎকেই সত্য বলে দাঁড় করানো যায়। জড়বাদী তা-ই করেছেন। তাঁর কাছে চৈতনা জড়ের আধারে জড়শক্তির কিয়া শ্ব্ন। মিশ্তিষ্ককোষের নির্যাস ও কম্পন হতে কিংবা জড়ের অভিঘাতে জড়ের প্রতিক্রিয়া বা প্রতিক্রেপ হতে তার উদ্ভব। চৈতন্যকে নিছক জড়ে দাঁড় করানোর দ্বাগ্রহকে শিথিল করে তার অন্য-কোনও নিদান মানলেও জড়বাদী তাকে শাশ্বত তত্ত্ব বলতে নারাজ। তাঁর মতে চৈতন্য কোনও-এক প্রকৃতির সামায়ক বিকৃতি মাত্র। জ্ঞাতা প্রের্থও তাঁর কাছে একটা দেহযক্ত্য শ্ব্ন কড়ের অভিঘাতে তার যক্ত্রবং প্রতিক্রিয়াকেই আমরা একটা সামানাসংজ্ঞা দিয়ে বলি 'চৈতন্য'। অতএর ব্যক্তিক্তিতনাও জড়েপ্রকৃতির কালাবিচ্ছিল্ল পরতক্ত্র ব্যাপার মাত্র।...কিক্তু আধ্বনিক বৈজ্ঞানিক ভাবছেন আরেকটা সম্ভাবনার কথা : শেষপর্যক্ত জড়ও হয়তো একটা অবাস্তব জন্য-পদার্থ মাত্র, হয়তো সে শক্তিরই একটা প্রতিভাস। তাহলে শক্তিই একমাত্র তত্ত্ব—জ্ঞাতা জ্ঞান জ্ঞের সবই শক্তির খেলা। কিক্তু শ্ব্ন শিক্তি আছে, তাতে

আবিষ্ট হয়ে কোনও শক্তিমান বা সংস্বর্প নাই, কোনও চৈতন্যের স্ফারক্তা নাই: মহাশ্নো চলছে শুধু অনাদি শক্তির বিক্ষেপ (কেননা ষে-জডের আধারে তার ক্রিয়া দেখছি, আসলে সেও তো শক্তিজনা, সতেরাং সেই-বা শক্তির আশ্রয় হবে কেমন করে?): এও কি মনে হচ্ছে না একটা অবাস্তব মনোবিকল্প মাত্র ? তাহলে শক্তি কি একটা দুর্বোধ স্পন্দলীলার চকিত চমক-যে-কোনও ম,হ,তেই তার বিবর্তের বিলাস থেমে যেতে পারে, অতএব আনন্তার মহা-শ্নাতাই একমান্ন ধ্বতত্ত্ব? জ্ঞাতা-জ্ঞান-জ্ঞেয় এক বিশ্বভাবন স্পন্দের বিপাক শ্ব্ধ-বৌশ্বদর্শনের এই কর্মবাদের স্বাভাবিক পরিণাম শ্নাবাদে।...আবার এও হতে পারে: বিশ্বে চৈতনোরই লীলা—শক্তির নয়। সক্ষাদ্দিতত জড় যেমন স্বর্পত অজ্ঞের কিন্তু কার্যন্বারা অনুমের শক্তিতে রূপান্তরিত হয়, শক্তিও তেমনি পর্যবিসত হতে পারে চৈতনোর ক্রিয়াতে—যে-চৈতন্য শক্তির মতই কার্যান্মেয়। কিন্তু এই চৈতন্যের ক্রিয়াও যদি শ্নো-শ্নো চলে, তাহলে আবার ওই সিম্বান্তেই এসে পেশিছই : চৈতন্যও বেমন অলীক, তেমনি অলীক তার প্রাতিভাসিক দীলার অচিরবিদ্রম। এক অননত শুনা, এক অগ্র অসংই কেবল ধ্রুবসত্য।...কিন্তু এসমস্ত কলেপর কোনটিই আমাদের পক্ষে অনতিবর্তনীয় নয়, কারণ কার্যান,মেয় চৈতনোরও পিছনে এক অদৃশ্য পর্ব্য-সন্মাত্রের অধিষ্ঠান থাকতে পারে। তাহলে তার চিন্ময় মহাশক্তি একটা তত্ত এবং তার বিসূদ্টিও তাত্তিক হবে। সে-বিসূদ্টির প্রথম পর্বে অতীন্দ্রিয় অণ্প্রেমাণ র পধাতুর যে-বিচ্ছ্রণ, ক্রমে শক্তির লীলায়নে তা-ই দেখা দের ইন্দিরগোচর জড় হয়ে। এই জড়ের রূপায়ণ যেমন সত্য, তেমনি সত্য জড়ের জগতে জীবের উন্মেষ—পূর্ব্য-সন্মান্তেরই চেতর্নাবগ্রহরূপে। এই অনাদিসং পরমতত্ত্ব বিশ্ববিগ্রহ চিন্ময়-সন্মাত্র, অথবা 'বিশ্বে দেবাঃ' অথবা আরও কত-কি হতে পারেন। কিন্ত যা-ই হ'ন, তাঁর বিসূষ্ট বিশ্বও হবে তথাভত-বিভ্রম বা প্রতিভাস নয়।

প্রচলিত মায়াবাদে অন্বিতীয় পরাংপর চিন্ময় সন্মান্তই একমান্ত তত্ত্ব। তাঁর তত্ত্বভাবে তিনি আত্মন্বরূপ, কিন্তু যে-প্রাকৃতজ্ঞীবে আত্মার্পে তাঁর অধিষ্ঠান, সে কিন্তু কালকলিত প্রতিভাস মান্ত। সর্বোপাধিশ্নার্পে বিশ্বের অধিষ্ঠান তিনি, অথচ সেই অধিষ্ঠানে কল্পিত বিন্ব—হয় অসং বা আভাস, নয়তো অবন্তু-সং। মোটের উপর বিশ্ব একটা বিদ্রম শ্ব্র। কারণ, রক্ষ 'একমেবান্বিতীয়ম্' শাশ্বত নির্বিকার পরমার্থ-সংন্বরূপ। তিনি ছাড়া কিছ্রই নাই, অথচ তাঁর একান্ত সদ্ভাবেরও কোনও সত্য সম্ভূতি নাই। তিনি নাম-রূপক্রিয়া-কারক-বিশেষণবজ্ঞিত—এই তাঁর নিত্যম্বরূপ। তাঁর চৈতন্যও আত্মসমাহিত নিরঞ্জন ন্বরূপটেতন্য মান্ত।...কিন্তু তাহলে এই নির্বিশেষ রক্ষা আর
প্রপণ্যবিদ্রমের মাঝে কি সম্বন্ধ? কোথা হতে এই অনির্বচনীয় মায়ার

আবির্ভাব হয়—িক করে সে অন্তহীন কালের স্লোতে ভেসে চলে? এ কী রহস্য, কার চরম চমৎকার?

একমাত্র বন্ধই তত্ত্বখন, তখন শৃধ্যু ব্রন্ধের চৈতন্য বা শক্তিরই সত্যকার স্ফিসামর্থ্য থাকবে এবং তার স্ফিও হবে তাত্তিক স্ভি। কিন্তু শুন্ধ নির পাধিক বন্ধা ছাড়া আর-কিছ ই যদি সত্য না হয় তাহলে বন্ধেরও সতাকার স্ফিসামর্থ্য থাকতে পারে না। ব্রহ্মচৈতন্যে তথাভূত ভাব রূপ কি ক্রিয়া-কারকের সংবিৎ থাকলে ব্রুতে হবে সম্ভূতিও সত্য—বিশেবর চিন্ময় ও জ্ঞুতুময় দ্বটি র্পই ষথার্থ। অথচ পরমার্থতত্ত্বের অন্ভবন্বারা এ-জ্ঞান বাধিত হয়, অম্বিতীয় ব্রহ্ম-সদ্ভাবের সঙ্গে ন্যায়ত জগৎ-ভাবের বিরোধ ঘটে। মায়ার খেলায় নাম-রূপ ভূত-ভাব ক্রিয়া-কারক কত-কিছুই দেখা দেয়। কিন্ত তাদের সত্য বলে মানতে পারি না, কেননা অথন্ড-সন্মাত্রের অনির্বাচ্য নিরঞ্জন-স্বভাবের তারা বিরোধী। অতএব মায়াও অবস্তু—সে অসতী। স্বয়ং বিদ্রমর্পিণী হয়েই সে অগণিত বিভ্রমের জননী। অথচ এই বিভ্রম আর তার কার্যপর্পরার কর্থাঞ্চং-সত্তা আছে. সাত্ররাং তাদের তত্ত্ব-প্রায় বলে মানতেও হবে। তাছাড়া বিশ্বের অধিষ্ঠানও শূনা নয়, কারণ বিশ্ব রক্ষেই আরোপিত। ব্রহ্মই একমাত্র তত্ত্ব বলে, যেমন করেই হ'ক ব্রহ্ম বিশেবরও অধিষ্ঠান। মায়ার মধ্যে থেকেই আমরা রক্ষো তার নাম-রূপ কিয়া-কারকের আরোপ করি, সব-কিছুকে জানি ব্রহ্ম বলে, অতত্ত্বের ভিতর দিয়ে দেখতে পাই তত্ত্বুস্বর্পকে। অতএব মায়াতে**ও** তত্ত্তাব আছে। মায়া য্রাপং বস্তু এবং অবস্তু, সতী ও অসতী। অথবা বলতে পারি, মায়া বস্তুও নয়, অবস্তুও নয়। মায়া স্বতোবিরোধে কণ্টকিত বৃষ্ণির অতীত একটা প্রহেলিকা। কিল্ড কি তার রহস্য? সে-রহস্যের কি কোনই সমাধান নাই ? নিবিশেষ বন্ধাসদূভাবে এই বিশ্রমের বঞ্চনা কোথা হতে জ্বটল? মায়ার এই অতাত্ত্বিক তত্তভাবের ধর্ম কি?

প্রথম দৃষ্টিতে মনে হয়, নিশ্চয় ব্রহ্ম মায়ার জ্ঞাতা। কারণ ব্রহ্মই একমার তত্ত্ব যথন, তথন ব্রহ্ম ছাড়া কে আর জানছে মায়াকে? আর-কোনও জ্ঞাতার সন্তাও থাকতে পারে না। আমাদের মধ্যে যে-জীবচৈতনাকে মায়ার সাক্ষী বলে মনে হয়, স্বয়ং সে মায়ারই কল্পিত অবাস্তব একটা প্রতিভাস। কিন্তু ব্রহ্ম মায়ার দ্রন্টা হলে মৃহ্তুর্কালের জন্যেও তার বিদ্রম কি করে টিকতে পারে? কারণ দ্রন্টার সত্যকার দ্রন্টাই যে আয়াচৈতনাই নিয়্নতর সমাহিত, তাঁর নির্বিশেষ স্বয়ম্ভূ-চেতনা ছাড়া তাঁর আর-কিছ্বুরই যে সংবিৎ নাই। আর ব্রহ্মের নিয়্মান সত্যচেতনাতেই জগৎ ভাসে যদি—তাহলে জগ্রহও ব্রহ্মস্বর্প, অতএব তত্ত্বভূত। কিন্তু জগৎকে নির্বিশেষ স্বয়ম্ভূ-চেতনা বলতে পারি না, বড়জার বলতে পারি তার র্পায়ণ—কেননা তাকে দেখছি অবিদ্যাপ্রতিভাসের ভিতর দিয়ে। অতএব জগৎকে তত্ত্ব মেনে সমস্যার সমাধান চলবে না। অথচ

আপাতত হলেও জগংকে তথ্য বলে মানতেই হবে (যদিও তার তত্ত্বভাবকে স্বীকার করা অসম্ভব)—কারণ যেমন মায়া আছে, তেমনি আছে তার কার্য-পরম্পরা। আসলে তারা মিখ্যা হলেও তাদের সত্যতার ভান যে আমাদের চেতনার 'পরে চেপেই থাকবে। অতএব এই স্বীকৃতিকে ভিত্তি করে আমাদের সমস্যার বিচার করতে হবে, তার সমাধান খ্রন্ধতে হবে।

যে-বিচারে মায়াকে সতী বলব, সেই বিচারে ব্রহ্মকেও তার দুষ্টা বলে মানতে হবে—নইলে মায়ার সত্তা সিম্ধ হবে কেমন করে? মায়াকে তথন বলতে পারি রক্ষের ভেদবিভাবনী জ্ঞানা-শক্তি, কেননা মায়িক-চৈতন্য আর অখণ্ড ব্রহ্ম-চৈতন্যের মাঝে পার্থকা দেখা দিয়েছে মায়ার ফলোপধায়ক ভেদদর্শনের সামর্থে भूद्यः। किन्दु एछनम् चिरक भाग्रामि छन्न स्वत्भ ना वरत यीन भन्निमा वीत, তাহলে নতুন করে তার লক্ষণ খ্রুতে হয়। তখন বলতে পারি, মায়া ব্রহ্ম-চৈতন্যের শক্তিবিশেষ—কেননা একমাত্র চৈতন্যের পক্ষেই বিভ্রম দেখা বা স্থিত করা সম্ভব, এবং ব্রহ্মটেতন্য ছাড়া আর-কোনও পূর্ব্য কিংবা প্রবর্তক চৈতনাও নাই। কিন্তু ব্রন্ধের স্বগত-সংবিং যখন শাস্বত, তখন ব্রন্ধচৈতন্যে দেখা দেবে দুটি বিভাব। একটি বিভাবে থাকবে অখণ্ড প্রমার্থসতের চেতনা, আরেকটিতে থাকবে অবস্তুপুঞ্জের চেতনা। তাঁর সার্থক দৃষ্টি-সৃষ্টির প্রভাবে অবস্তুর মধ্যেও একটা আত্মভাবের আভাস ফ্রটবে। কিন্তু ব্রহ্ম-ধাতু এই অবন্তু-পুঞ্জের উপাদান নয়, কেননা তাহলে তারাও বাস্তব হত। এই মতে 'এ-জগৎ সং-মূল, সং-আয়তন ও সং-প্রতিষ্ঠ'—উপনিষদের এই বাণীকে প্রমাণ মানা চলে না। রক্ষা জগতের উপাদানকারণ নন। আত্মার মত তাঁর চিন্মর-ধাত দিয়ে আমাদের প্রকৃতি গড়া নয়—বস্তৃত অবস্তু-সং মায়াই তার উপাদান। অথচ আমাদের আত্মা ব্রহ্মময়—এমন-কি ব্রহ্মস্বর্প। ব্রহ্ম মায়াতীত। কিন্তু মায়ার উধের এবং মারার মধ্যে থেকে তিনিই আবার তাঁর স্ভিটর দুন্টা। অতএব, এক শাশ্বত সত্য দ্রন্থ্যা (ব্রহ্ম) এক অসত্য অশাশ্বত দুশ্যকে (জগংকে) দেখছেন অসত্য দ্শোর স্রষ্টা এক সদসং দর্শন (মায়া) দিয়ে—এ-রহস্যের আর-কিছুতেই কোনও সঞ্গত সমাধান হয় না ব্রহ্মের দ্বিদল-চৈতন্যের কল্পনা ছাডা।

রক্ষে এই দ্বিদল-চৈতন্য না থেকে মায়া যদি তাঁর একমাত্র অদ্বিতীয় চিংশক্তি হয়, তাহলে দুটি কল্পের একটি হবে সত্য। প্রথম কল্পে রক্ষচৈতনার প্রত্যক্-ব্যাপারর্পেই মায়াশক্তি সত্য। তাঁর ক্টম্থ অতিচেতনার নৈঃশব্দ্য হতে সে বাস্তব-অন্ভবেরই ধারা বেয়ে প্রস্ত হয়ে চলেছে। তার বিশ্বান্ভব রক্ষচিতন্যের বৃত্তির্পে বাস্তব যেমন, তেমনি তা অবাস্তবও বটে—রক্ষের পরমার্থ-সদ্ভাবের অংগীভূত নয় বলে। দ্বিতীয় কল্পে মায়া রক্ষের শাশবত-সদ্ভাবে সমবেত বিশ্বকশ্পনার শক্তি: এই শক্তিতে তিনি অসং হতে

ফোটাচ্ছেন অবাস্তব নাম-র্প ক্রিয়া-কারকের মেলা। এক্সেরে নিজে বাস্তব, কিন্তু তার স্থি অলাক—নিছক কল্পনার বিজ্ল্ভণ। কিন্তু রক্ষের স্থিবীর্য বা বিভাবনার শক্তি শ্ব্ কল্পনাতেই পর্যবিসত, এমন কথা বলা চলে কি? অবিদ্যাচ্ছর অপ্রণ প্র্রুষের পক্ষেই কল্পনা অপরিহার্য, কেননা বিদ্যার ন্যুনতা প্রণ করতে হয় তাকে কল্পনা দিয়ে, তর্কাভাস দিয়ে। কিন্তু একমার রক্ষাই তত্ত্ব যেখানে, সেখানে তার অন্বিতীর চিং-স্বভাবে কোথার কল্পনার অবকাশ? যিনি শ্রুধ ও স্বেরংপর্ণ, অবস্তুর কল্পনা করতে বাবেন তিনি কিসের প্রয়োজনে? রক্ষা 'একং সং' প্রণ্স্বরুপ নিত্যানদ্দময়। কালাতীত বলে তিনি সিম্পুস্বভাব—কিছ্ই তার মধ্যে ব্যাকৃতির অপেক্ষায় নাই। তাহলে তিনি কার প্রেরণায় কিসের তাগিদে এক অবাস্তব দেশ-কালের স্থিত করতে গেলেন? কেনই-বা শাশ্বতকাল ধরে তাকে ভরে তুলছেন বিশ্বজোড়া এই অন্তহীন ছায়ার মায়া দিয়ে? অতএব আপ্তকাম প্র্ণরন্ধের কল্পনাশক্তিই মায়া—একথাও ন্যায়ত অচল।

প্রথম কল্পে মায়াকে বলা হয়েছিল বন্ধাচৈতনার প্রতাক্-ব্রিপ্রস্ত একটা অবাস্তব বস্তুতত্ত্ব। প্রাকৃত-জগতে মন যে একটা ভেদের রেখা টানে প্রত্যক্-অনুভব আর পরাক্-অনুভবের মাঝে, মায়ার এই স্বর্পকল্পনার ম্লে আছে তারই সংস্কার। একমাত্র পরাক্-দৃষ্ট বস্তুকেই মন অবিকল্পিত নিরেট বাস্তব বলে জানে। তাই যা-কিছু প্রত্যক্-দৃষ্ট, তা-ই তার কাছে বাস্তব হরেও অবাস্তব। কিন্তু মনঃকল্পিত এ-ভেদও রন্ধাচৈতন্যে থাকতে পারে না, কেননা হয় সেখানে প্রত্ক্ বা পরাক্ বলে কিছুই নাই, নয়তো ব্হন্দিজেই তাঁর আত্মটৈতনোর একমান বিষয়ী এবং বিষয়। ব্রহ্ম ছাড়া কিছুই নাই যখন, তখন তাঁর কাছে বহিব্ ত কোনও পরাক্ বস্তুও থাকতে পারে না। অতএব রক্ষটেতন্যের প্রত্যক্-বৃত্তি এক অন্বিতীয় সত্য বস্তুকে বিবি**ক্ত** রেখে বা বিকৃত করে জগতের এই কম্পমায়া রচনা করে চলেছে—এমন উক্তিতে আমাদেরই প্রাকৃত-মনের সংস্কারকে চাপানো হয় ব্রহ্মের 'পরে, তার অপূর্ণতার মালিন্যকে আরোপিত করা হয় পূর্ণপ্বর্পের নিরঞ্জন-স্বভাবের উপরে। পরমপ্রের্ষের বিজ্ঞানে এমন উপচার যে নিতাশ্তই অযৌক্তিক, তা বলাই বাহ, লা।...আবার ব্রহ্মের ভাব ও চৈতন্যের ভেদকল্পনাকেও প্রামাণিক বলতে পারি না—যদি ব্রহ্ম-ভাব আর ব্রহ্ম-চৈতন্যকে দুটি পৃথক তত্ত্ব বলে মা ধরি। অর্থাৎ যদি কল্পনা না করি—ব্রহ্ম-চৈতন্যের বৃত্তি ব্রহ্ম-ভাবের শৃংধসত্তায় আরোপিত হচ্ছে শৃংধ্ তাকে স্পূর্ণ করতে বা উপরক্ত ও অন্বিশ্ধ করতে পারছে না। সেকেতে, বন্ধ অন্বিতীয় অনুস্তর স্বশ্নস্ভূ-সন্তাই হ'ন, অথবা মায়াকর্বালত সদসং জীবের আত্মস্বর্পই হ'ন—তাঁতে আরোপিত বিশ্রমকে তিনি ঋতচেতনার স্বারা বিশ্রম বলেই জানবেন। অথচ আত্মমায়ার শক্তিতে

অথবা দ্বগত কোনও হেতুর বশে নিজেরই কল্পনায় তিনি বিদ্রান্ত হচ্ছেন—
কিংবা বস্তুত বিদ্রান্ত না হলেও অন্ভবে এবং আচরণে আপাত-বিদ্রমের পরিচয় দিচ্ছেন। এমনি-একটা শৈবত দেখা দেয় আমাদের অবিদ্যাগ্রিত চেতনাতেও, বখন প্রকৃতির গ্র্ণলীলা হতে বিবিস্ত হয়ে আত্মন্থ প্রৃর্থকেই সে একমাত্র সত্য বলে জানে। প্রবৃষ্ধ ছাড়া আর-সবই তখন তার কাছে অনাত্মা এবং অবস্তু, অথচ ব্যবহারে তাকে তাদের বাস্তব বলে ধরে নিয়েই চলতে হয়। কিন্তু এ-সিম্পান্তে রক্ষের শ্রুম্ধ-ভাব ও শ্রুম্থ-চৈতন্যের অখন্ড-অম্বর্গ স্বর্পকে অস্বীকার করা হয়। ফলে তার অলক্ষণ অশ্বৈতস্বভাবে আরোপিত হয় শ্রেবভাবের একটা কল্পনা, যাকে বলা চলে সাংখ্যাসম্পান্তে স্বীকৃত প্রবৃষ্ধ-প্রকৃতির্পী শৈবততত্ত্বর সগোত্র। অতএব বর্তমান অভ্যুপগমকে টিকিয়ের রাখতে হলে এধরনের শৈবতগন্ধি সম্পান্তকে আমাদের বাতিল করতেই হবে। নইলে মানতে হবে, রক্ষে এক বহুধা-চিতি অথবা বহুধা-স্থিতির অনিবর্চনীয় সামর্থ্য আছে। কিন্তু তাতে ঘটবে প্রতিজ্ঞাহানির দোষ।

আবার, আমাদের ব্যবহারদশায় বিদ্যা-অবিদ্যার যুগলশক্তি হতে শৈবধ-চেতনার উদ্ভব যেমন স্বাভাবিক, পরমার্থসতের বেলাতেও তা হবে না কেন— এ-যাক্তি দিয়ে ব্রহ্মটেতন্যের শৈবধকে সমর্থন করা যায় না। কারণ, ব্রহ্মটেতন্যকে আমরা কোনমতেই মায়াকর্বালত বলতে পারি না। তাহলে তাঁর শাশ্বত স্বগত-সংবিতের স্বয়ংপ্রভা অবিদ্যার মেঘে আডাল হতে পারে—একথা মেনে আমাদেরই প্রাকৃত-চেতনার উপাধিকে আরোপ করা হয় ব্রন্ধের অপ্রাকৃত তত্তভাবের 'পরে। বিস্ভির বিশেষ-কোনও পরে চিৎশক্তির গোণপ্রবৃত্তির পরিণামরূপে যদি অবিদ্যার আবিভাব হয়ে থাকে এবং সে যদি হয় বিশেবর উদ্মিষ্ট দিব্য-কল্পনারই একটা অংগ, তাহলে তাকে যুক্তিসংগত বলে মানতে আমাদের আপত্তি নাই। কিন্তু অনাদি ব্রহ্মচৈতন্যে অহেতুক অবিদ্যা বা বিদ্রমের শাশ্বত সমাবেশকে সার্থক বলৈ মান্ব কোন যুক্তিতে? এমন কল্পনাকে কি উৎকট একটা মনোবিকলপ বলে মনে হয় না—রক্ষের সতাস্বর্পের সপ্সে সামঞ্জসাহীন বলেই যা নিষ্প্রমাণ ?...বন্ধের শৈবধ-চৈতনোর তথন আরেকটা ব্যাখ্যা হতে পারে। বলা যেতে পারে : রন্মটেতন্যে অবিদ্যা নাই সত্য—কিন্তু তাঁর স্বগতসংবিতেরই সহচরিত সঞ্চলপূর্শাক্তর একটা প্রবেগ আছে, যা বিশ্ববিদ্রমের স্থাচি ক'রে তাকে তাঁর প্রজ্ঞানের বিষয়ীভত করছে। পরাক-দুষ্টিতে বিশ্বকে যেমন তিনি দেখছেন, তেমনি প্রত্যক্-দৃষ্টিতে জানছেন নিজেকেও। অতএব তাঁর শৃষ্ধ-সংবিতে বিশ্রমের অবকাশ নাই. এবং আমাদের মত বিশ্বকে বাস্তব বলে অন,ভবও করছেন না তিনি। বিভ্রম দেখা দিয়েছে মায়ার জগতে। জগতে থেকে আত্মা বা ব্রহ্ম এই বিভ্রমের লীলা হয় নির্লিপ্ত প্রয়োজকরূপে ভোগ করছেন নয়তো অসপা বিবিক্ত হয়ে দর্শন করছেন—যার কুহক আবিষ্ট করছে

শুধ্ব মায়ার দ্রীড়নক প্রাক্কত-মনকেই। কিন্তু তাহলে স্বীকার করতে হয়, বন্ধ তাঁর নিবিশেষ শান্ধসন্তায় তপ্ত না থাকতে পেরে নিজেরই বিলাসের জন্য কাঙ্গের ভূমিকায় নাম-রূপ ক্রিয়া-কারকের এই রঙগাভিনয় স্বৃত্তি করেছেন। অসপ্য অন্বিতীয় বলেই নিজেকে তিনি দেখতে চান বহুরূপে, শান্তং জ্ঞানম্ আনন্দম্ বলেই হতে চান স্থ-দঃখ বিদ্যা-অবিদ্যা মায়িক বন্ধন ও বন্ধন-ম্ক্রির ব্যামিশ্র অন্ভব বা আভাস-চেতনার সাক্ষী। এক্ষেত্রে বন্ধন্ম্বিস্তির প্রয়োজন মায়িক জীবেরই; শাশ্বত ব্রহ্মচৈতন্যের মৃত্তিকল্পনা নিষ্প্রয়োজন। এমনি করে অনন্তকাল আবৃতিতি হয়ে চলেছে তাঁর বিশ্ববিদ্রমের লীলাচক। বিদ্রমের সম্ভোগ তাঁর সপ্রয়োজন না হলেও এ তাঁর ইচ্ছার বিলাস। অথবা তাঁরই মধ্যে রয়েছে এই বিরুম্ধধর্মের প্রেতি বা স্বতঃসংবেগ। কিন্তু ব্রহ্মকেই যদি অন্বিতীয় শাশ্বত শশ্বে-সন্মাত্র বলে জানি, তাহলে প্রয়োজন সঞ্কল্প প্রেতি কি স্বতঃসংবেগ—তাঁর স্বভাবে এসব ধর্মের আরোপ অবোধ্য এবং অসম্ভব। এও একধরনের ব্যাখ্যা বটে, কিন্তু এতে আসল রহস্য যুক্তি বা বুলিধর ওপারেই থেকে যায়—কেননা ব্রহ্মের স্থাণ স্বরূপের সত্যের সংগ্র তাঁর চিংসংবেগের বিরোধ তাতে ঘোচে না। বিশেবর মূলে বিস্তির সঞ্চলপ অথবা বীর্য নিশ্চয় আছে। কিন্তু সে যদি ব্রহ্ম-বীর্য অথবা ব্রহ্ম-সঞ্চলপ হয়, তাহলে তার সিস্ক্রা অবশ্য তত্ত্বের তাত্ত্বিক বিস্পিটিতে, অথবা অন্তহীন কালকলনায় তার কালাতীত নিত্যসিন্ধ ভার্ববিকারের অভিব্যঞ্জনাতে সার্থক হবে। কেননা প্রমার্থসতের সমস্ত বীর্ষ পর্যবসিত হবে শুধু স্ববিরোধী বিভূতির ব্যঞ্জনায় অথবা অলীক বিশ্বে অসৎ পদার্থের কল্পনে—একথা অশ্রন্থেয়।

এমনি করে এখন পর্যণত সমস্যার সন্তোষজনক কোনও সমাধান হল না।
কিন্তু হয়তো একান্ত-অসতের মধ্যে সন্তার আরোপে আমাদের ভূল হচ্ছে,
কেননা মায়া এবং তার পবিগামকে বিভ্রম বললেও তাদের কথিওংসত্তা থাকছেই।
তার চাইতে বরং সব-কিছুকে একান্ত-অসং বলে সাহস করে উড়িয়ে দেওয়াই
ভাল। একগ্রেণীর মায়াবাদী এই পন্থাই অবলন্বন করেছেন—অন্তত নানা
যুক্তি দেখিয়েছেন এই সিন্ধান্তের অনুক্লে। জগতের আংশিক বা আপেক্ষিক
বাস্তবতা যাঁরা স্বীকার করেন, নিশ্চিন্ত হয়ে তাঁদের মতকে সমালোচনা করবার প্রে সমস্যার এইদিকটার ঘাচাই হওয়া ভাল। একগ্রেণীর তার্কিক
আছেন, যাঁরা সমস্যাটাকে উড়িয়ে দিয়েই তার সমাধান খোঁজেন। তাঁদের মতে :
বিশ্রমের উৎপত্তি হল কি করে, বিশ্বেধ ব্রহ্মসন্তায় জগৎ এল-ক্রোথা থেকে,
এ-প্রন্মই অয়োভিক। যেহেতু জগৎ নাই, অতএব সমস্যারও কোনও বালাই
নাই। মায়া অবাস্তব—একমাত্র ব্রহ্মই বস্তুভূত অসল্য স্বয়ন্তু শান্বত পরমার্থসং। বিশ্রমের চেতনা ন্বায়া ব্রহ্ম অপরামৃত্ট, কেননা তাঁর কালকলনাহীন
পরমার্থসন্তায় কোনও বিশ্বেরই আবির্ভাব ঘটেনি। কিন্তু এমনি করে সমস্যা-

টাকে এড়িরে বাবার চেষ্টাতে দেখা দের শুধু অর্থহীন বাক্চাতুরী, বুলির নামে কেবল কথার কসরত। একটা সত্যকার কঠিন সমস্যা যে আছে, তা না মেনে বা তার সমাধানের চেষ্টা না করে মানুষের যুক্তি-বুল্ধি বিকল্পের আড়ালে আত্মগোপন করতে চায়। অথবা যতদ্রে তার অধিকার, তাকেও সে ছাড়িয়ে বায়—কেননা মায়া এবং মায়ার সৃষ্ট জগং, উভয়কেই নির্মিণ্ঠান একাল্ত-অসং বলতে গিয়ে রক্ষের সঙ্গে মায়ার সম্বন্ধকেই সে বাতিল করে দেয়। বিশ্ব বস্তুতই নাই, আছে শ্ব্ব তার বিভ্রম—এই যদি সত্য হয়, তাহলে প্রদন ওঠে, কি করে বিভ্রমের সৃষ্টি হল? সে টিকেই-বা আছে কি করে? ব্রক্ষের সংখ্য তার সম্বন্ধ অথবা অসম্বন্ধেরই-বা ম্বরূপ কি? আমরা মায়ার মধ্যে তার চক্রাবর্তনের কর্বালত হয়ে আছি, আবার ছাড়াও পাচ্ছি তার বন্ধন হতে—এসব কথারই-বা তাৎপর্ষ কি? অজাতিবাদ অনুসারে মানতে হবে, ব্রহ্ম মায়া অথবা তার কার্যের সাক্ষী নন-এমন-কি মায়াও ব্রহ্মচৈতন্যের শক্তি নয়। ব্রহ্ম অতি-চেতন, আপন শুন্ধ-সন্মাত্র স্বভাবে নিতাসমাহিত, নিজের নিবিশেষ-স্বরূপ ছাড়া তাঁর আর-কিছ্মরই চেতনা নাই, অতএব মায়ার সঞ্গেও তাঁর কোনও যোগা-যোগ নাই। কিন্তু তাহলে বিভ্রমণক্তির পেও মায়ার সত্তা সিন্ধ হয় না। অথবা তখন মানতে হয় একটি ন্বিদল-তত্ত্ব অথবা দুটি তত্ত্ব : এক শাশ্বত অতিচেতন বা অনন্যচেতন আত্মসমাহিত প্রমার্থ-সং এবং মিথ্যা বিশ্বের কর্ত্রী ও জ্ঞাতী এক বিভ্রমণক্তি। এমনি করে আমরা উভয়তঃপাশা রুজ্জুর দুর্মোচন বন্ধনে र्জाएरा পाए-- बारक अफ़ारना हरन भूभ, अरे वरन ख, यथन छर्जुविहात माम्रात ভূমিতে থেকেই করছি, তখন সেও তো একটা বিদ্রম। অতএব জগতের সমস্যাই থাকবে, তার উত্তর থাকবে না। একদিকে স্থাণ, নিবিকার পরমার্থ-সং, আরেকদিকে নিত্যপরিণামিনী মারার লীলা—আমরা এমনি দুটি একাশ্ত-বিরোধী তত্ত্বের মুখামুখি দাঁড়িরেছি। তার ওপারে এমন-কোনও বৃহত্তর সত্যের পরিবেষ দেখতে পাচ্ছি না, যার মধ্যে তাদের মর্মসত্যকে আবিষ্কার করে এ-বিরোধের একটা সার্থক সমাধান খাজে পাব।

রক্ষ মায়ার সাক্ষী না হলে জীবকে বলব তার সাক্ষী। কিন্তু জীব মায়ারই স্থি, অতএব অবান্তব। সাক্ষিদ্ধ্য জগৎও মায়ার স্থি, স্তরাং অবান্তব। এমন-কি সাক্ষি-চেতনাও তা-ই। কিন্তু সমন্তই যদি অবান্তব হয়, তাহলে এই-য়ে মায়ার কর্বলিত হয়ে কালের স্রোতে আমাদের ভেসে যাওয়া—এও যেমন অর্থহীন, তেমনি অর্থহীন মায়াপাশ হতে মৃক্ত হয়ে চিন্ময়-ধামে উত্তীর্ণ হওয়া। কেননা বন্ধন সাধনা কি মৃক্তি সমন্তই যথন মায়ার অধিকারে, তথন সমন্তই তুলাভাবে অবান্তব, অতএব তুচ্ছ।...একটা মাঝামাঝি রফা অবশ্য সন্তব। বলা চলে : রক্ষ ন্বর্পত মায়ার সংন্পর্শ শ্না, বিশ্ববিদ্রম হতে নিতামুক্ত এবং অসংগ। কিন্তু সাক্ষী জীবর্পে অথবা স্বভূতের আদ্মার্পে

সেই বন্ধাই যেমন মায়ার ফাঁদে পা দিয়েছেন, তেমনি জীবছোপহিত বন্ধাই আবার ফাঁদ ছি'ড়ে বেরিয়ে পড়তে পারেন। এই বেরিয়ে-পড়াটাই জীবের পক্ষে পরমপ্রেষার্থ। কিন্তু এতেও রঙ্গে একটা শৈবধভাবের আরোপ করতে হয় এবং সেইসংগ বিভ্রমের অন্তত একটা ব্যাপারকে অর্থাৎ মায়োপহিত ব্রন্ধোর ব্যন্টিজীবর্পে অবস্থানকে সত্য বলে মানতে হয়। সমণ্টিভূতের আত্মস্বরূপ ব্রহ্মের তো প্রাতিভাসিক বন্ধন নাই, অতএব তাঁর মায়া হতে ম্বিক্তর দায়ও নাই। সে-দায় আছে জীবের। কিন্তু বন্ধন যদি অবাস্তব হয়, তাহলে মুক্তিরই-বা সার্থকিতা কোথায়? আবার মায়া এবং মায়ার জগং বাদত্র না হলে বন্ধন বাদত্র হয় কি করে? স্কুতরাং বন্ধনের বাদত্রতা মানতে গেলে মায়াকে একান্ত অবাস্তব বলতে পারি না। অন্তত তার কালিক ও ব্যাবহারিক বাস্তবতা তখন স্বীকার করতেই হয় এবং তাতেই তার তাত্ত্বিক-তার অধিকার হয় স্কুরেব্যাপী।...এর উত্তরে বলা যায় : অবাস্তব হল আমাদের জীবছ। জীবছের অলীক কম্পনা হতে ব্রহ্ম তাঁর আভাসকে যথন প্রত্যাহার করেন, তখন জীবত্বের যে নির্বাণ ঘটে, তাকেই বলি মোক্ষ। কিন্তু ব্রহ্ম যদি নিতামুক্ত হন তাহলে তাঁর বন্ধনে দুঃখ নাই, মুক্তিতেও লাভ নাই। আর জীব যদি একটা অলীক আভাস মাত্র হয়, তাহলে তার মুক্তিরই-বা প্রয়োজন কি ? ছলনাময় মায়া-মনুকুরে যা ছায়ার ছবি, কোথায় তার সত্যকার বাধন-দুঃখ বা সত্যকার মোক্ষ-সুখ? যদি বল, এ-আভাস যে চিদাভাস— অতএব তার তাপ-দৃঃখ ও মোক্ষ-সূখ দৃইই সত্য। তাহলে প্রশ্ন উঠবে এই অলীক পরিবেশের মধ্যে কার চেতনা দ্বংখের ভোক্তা হবে—র্যাদ অথণ্ড-অন্বয় শ্বন্ধ-সন্মানের চৈতন্য ছাড়া আর-কোনও চৈতন্যই কোথাও না থাকে ? অতএব আবার দেখা দেয় ব্রহ্মটেতন্যের মধ্যে সেই শ্বৈধভাব : একদিকে তাঁর চেতনা লোকোত্তর ও মায়াতীত, আরেকদিকে তা মায়।ধীন। কিন্তু তাহলেই আবার আমাদের মায়িক সত্তা ও মায়িক অনুভবের কথাঞ্চং-সত্যতা অনস্বীকার্য হয়। কারণ, ব্রহ্মের সত্তাই যদি আমাদের সত্তা হয়, তাঁর চিদ্বিভূতিই হয় আমাদের চেতনা, তাহলে হাজার উপাধি থাকলেও তাকে অংশত বাস্তব বলতেই হবে। আমাদের সত্তা এমনি করে বাস্তব হলে জগতের সত্তাই-বা বাস্তব হবে না কেন ?

পূর্ব পক্ষীর শেষ জবাব এই হতে পারে: দ্রন্টা জীব এবং দৃশ্য জগৎ দুইই অবাদতব। কেবল মায়াই রক্ষে আরোপিত হয়ে কথাঞিং স্থাদতবতা লাভ করে এবং তা-ই আবার উপসংলোদত হয় জীবে ও তার জগং-বিদ্রমের অন্ভবে। জীব যতক্ষণ বিদ্রমের বন্ধ, তার প্রপঞ্চান্ভবেরও মেয়াদ ততক্ষণ। কিন্তু প্রশন হবে: এই অন্ভবের প্রামাণ্য এবং তার দ্রিফিতালীন বাদতবতা প্রতিভাত হয় কার দৃণ্টিতে? প্রত্যাহারে ম্বিক্ততে বা নির্বাণে, কার দৃণ্টিতেই-বা

তার প্রলয়? কেননা মায়িক মিথ্যা-জীব যেমন বাস্তবধর্মী হয়ে বাস্তব-বন্ধনের অনুভবিতা হতে পারে না, তেমনি বন্ধনের পরিহার বা আত্মবিলোপ শ্বারা সত্যকার মুক্তিসাধনাও তো তার পক্ষে সম্ভব নয় একটা বাস্তব-চৈতন্যের অধিষ্ঠানেই মায়িকসন্তার এই প্রতিভাস সম্ভব। কিন্ত তাহলে মানতে হবে, যেমন করেই হ'ক সে বাস্তব-চৈতন্যের 'পরে মায়ার খানিকটা আঁচ লাগবেই। সে-চৈতন্য হয় ব্রন্ধের চৈতন্য—মায়ার জগতে নিজেকে প্রসাপিত ক'রে আবার সে গুটিয়ে আসে সেখান হতে; নয়তো সে ব্রহ্মেরই আত্মভাব—বাস্তবের ধর্মারপে তার খানিকটা মায়াতে আবিষ্ট হয়ে আবার ফিরে আসে উপসংহাত হয়ে।...কিন্তু রক্ষের 'পরে আরোপিত এই মায়ার স্বর্প কি ? অনন্তটেতন্য বা শান্বত পরা সংবিতের বৃত্তির্পে এ যদি রক্ষের মধ্যে নাছিল, তাহলে এল কোথা হতে? রক্ষের ভাব বা চৈতন্য যদি বিদ্রমের পরিণামকে অংগীকার করে, তাহলেই তার এই অন্তহীন পরম্পরার একটা বাস্তব মূল্য থাকতে পারে—নইলে এ শুধু হয় কালের পটে ছায়া-ছবির মায়া অথবা অনন্তের খেয়ালখা শিতে পতুলনাচের মেলা।...আবার ফিরে আসতে হল রক্ষোর দৈবধ-ভাবে ও দৈবধ-চেতনায় : একদিকে তিনি মায়াকবলিত, আরেকদিকে মায়াতীত। সেইসংগ্যে মানতে হল মায়ার অন্তত প্রাতিভাসিক আমরা কেন বিশ্বে রয়েছি, তার কোনও সদত্তের পাই না-যদি বিশ্ব এবং বিশেব আমাদের অবস্থান দ্ইই অবাস্তব হয়। জীব ও বিশেবর বাস্তবত। সীমিত হ'ক্ আংশিক হ'ক্—তব, তার অস্তিসকে মানতেই হবে। কিন্তু অনাদি সর্বগত অথচ একান্ত অহেতুক বিদ্রমের বাস্তবতা কোথার?— এর একমাত্র উত্তর, মায়ার রহস্য বৃদ্ধির অতীত—অনিব্চনীয়।

জীব ও বিশেবর ঐকান্তিক অবাস্তবতার কল্পনার সংগে একটা আপদ্রক্ষা করে তার উগ্রতাকে মোলায়েম করে নিই র্যাদ, তাহলে এ-সমস্যার সম্ভবপর দুটি সমাধান পেতে পারি। উপনিষদে স্বন্দাণ্ট ও স্বৃষ্ক্তিস্থিতির যেবর্ণনা আছে, তাকে প্রত্যক্-চেতনার মায়িক বিশ্বান্ভবের অর্থে গ্রহণ করলে পরমার্থসতের অন্তর্ভুক্ত বিদ্রম-চেতনারও প্রত্যক্-অন্ভবের একটা ভিত্তি পাওয়া যায়। উপনিষদে আত্মার্পী ব্রহ্মকে বর্ণনা করা হয়েছে চতুৎপাৎ বলে। বলা হয়েছে: এই আত্মাই বন্ধা। এই যা-কিছ্ সব ব্রন্ধা। যা কিছ্ আছে, আত্মা হয়েই আছে—সবার মধ্যে আত্মাই আত্মাকে দেখছেন তার চারটি পাদে বা ভূমিতে। তার চতুর্থপাদে অথবা শ্রুষ স্বর্ম্বাস্থিতেতে তিনি প্রক্ষেও নন, অপ্রক্ষও নন। অর্থাৎ আমরা যাকে চেতনা বা অচেতনা বলি, ব্রন্ধে তার আরোপ চলে না সেখানে। সে-ভূমি অতিচেতন একাত্মপ্রত্যয়সার—প্রপঞ্চোপশম আত্মসমাধানের নৈঃশব্দ্যে নিমন্জিত। অথবা সেখানে আছে পরা সংবিতের সর্বাধার সর্বাধিন্টান অথচ অপরাম্ন্ট স্বাতন্তা। কিন্তু এই তুরীয় আত্মা

ছাড়াও স্ব্তিপ্রব্যের এক জ্যোতিমায় পাদ আছে—যা প্রজ্ঞানঘন এবং সর্বযোন। সুষ্প্রিদশা হলেও তার মধ্যে এক সর্বস্ত সর্বেশ্বর প্রক্তার আবেশ রয়েছে। তাই তাকে জানি বিশেবর বীজাবস্থা বা কারণাবস্থা বলে—যা সর্ব-ভূতের প্রভব এবং প্রলয়ের হেতু। তাছাড়াও আছেন স্বণ্ন-পরুষ এবং জাগ্রং-পুরুষ। তাঁদের একজন আমাদের সক্ষা জড়াতীত প্রত্যক্তক্র আধার, আরেকজন জাগ্রতের অনুভবকে ধরে আছেন। এই সূম্বপ্তিম্থান স্বংনস্থান ও জার্গারতস্থানকে নিয়েই মায়ার অধিকার। স্বযুপ্ত মান্য স্বশ্নভূমিতে গিয়ে স্বরচিত নাম-রূপ ক্রিয়া-কারকের চণ্ডল মেলা অনুভব করে এবং জাগ্রতে নিজের চেতনাকে আপাতদ্ভিতে স্থাবর কিন্তু বস্তুত অচির-স্থায়ী বিচিত্র রূপায়ণে বাইরে রূপায়িত করে। তেমনি আত্মাও প্রজ্ঞানঘনতার গহন হতে উৎসারিত করেন তার প্রতাক-বৃত্ত ও পরাক্-বৃত্ত বিশ্বান্তব। কিন্তু জাগ্রংদশাকে সুষ্ঠিপ্তর পূর্ব্য কারণ-সম্দু হতে আমাদের সত্যকার জেগে-ওঠা বলা চলে না। জেয়-বস্তুর সদ্ভাব সম্পর্কে যে-বোধ স্বংনসংবিতে স্ক্রা ও প্রত্যক্র ব্রু জাগ্রতে তা-ই ধরে স্থলে ও পরাক্-বৃত্ত অন্ভবের পূর্ণবিকশিত রূপ-এইমাত্র তার বৈশিষ্টা। তাই সত্যকার জাগরণ হচ্ছে পরাক্-বৃত্ত ও প্রত্যক্-বৃত্ত চেতনা হতে—এমন-কি সুফুপ্তির প্রজ্ঞানখন কারণদশা হতেও আত্মসংহরণ করে লোকোত্তর অতিচেতনার মধ্যে অবগাহন করা। চেতনা-অচেতনা সমস্তই মায়ার অধিকারে, অতএব তাদের ওপারে যাওয়াই যথার্থ জেগে-ওঠা।...এ-সিম্ধান্ত অনুসারে মায়া সতী, কেননা সে আত্মার স্বাত্মবিভাবের অনুভবরূপা। আত্মভাবের থানিকটা বেমন মায়াতে উপসংক্রান্ত হয়, তেমনি মায়ার বিপরিণামকে দ্বীকার করে আত্মাও তার দ্বারা প্রভাবিত হন। এই বিপরিণাম তাঁর চিংস্বভাব হতে উৎসারিত, অতএব তাকে বাস্ত্র বলে জানতে বা মানতেও তাঁর বাধা নাই। অথচ মায়া আবার অসতী। কেননা, তার অধিকার সূর্যাপ্ত স্বণন ও বস্তৃত-অচিরস্থায়ী জাগ্রৎ পর্যস্তই ব্যাপ্ত—অতিচেতন প্রমার্থসতের স্বর্পস্থিতি তো সে নয়। তবে কিনা এখানে ব্রহ্মসন্তার শ্বৈধভাব নাই—আছে শ্বং একই সন্তার ভূমিভেদ। 'আদিতে রয়েছে এক দ্বিদল চেতনা, অর্থাৎ অসং হতে মায়িক বস্তু স্থিট করবার সঙকলপ রয়েছে অজ শাশ্বতপূরুষের মধ্যে—এমন কল্পনা এ-বিবৃতিতে নাই। বরং এই কথাই সতা যে, এক আন্বতীয় সন্বস্তুই আছেন অতিচেতনা ও চেতনার বিভিন্ন-ভূমিতে, এবং প্রতোক ভূমিতে আছে তাঁরই স্বানুত্রবের বিশিষ্ট একটি প্রকার। কিন্তু নীচের ভূমিগর্নল বাদত্ব হলেও তারা আত্মার শ্বকল্পিত স্তিত ও দ্ভিত্র দ্বারা অনুবিশ্ব ৷ এই বিকল্পনাকে কোনমতেই পরমার্থ-সং বলা যায় না। অন্বয় আত্মা নিজেকেই বহুরূপে দেখছেন, কিন্তু তাঁর বহুত্ব প্রতাক্চেতনার বৃত্তি মাচ। তাঁর চেতনার বিভিন্ন ভূমির তত্তত

তা-ই। অতএব স্থ্ল-স্ক্র-কারণে অর্থাৎ তিনটি মায়িক-ভূমিতে বিশ্ব এক বাস্তব প্রেষের প্রজ্ঞা-বিস্ভির্পেই সত্য—বস্তু-বিস্ভির্পে নয়।

কিল্ড মনে রাখতে হবে, উপনিষদের কোথাও এমন কথা নাই যে আস্বার অবর তিনটি পাদ বিভ্রম-দিথতি বা অবাস্তব সুষ্টি মাত্র। বরং এই কথাই বলা হয়েছে বারবার : এই যা-কিছ্ম আছে (আমরা যাকে এখন মায়ার খেলা ভাবছি, এসমস্তই ব্রহ্ম। ব্রহ্মই এইসব হয়েছেন। সর্বভূতকে দেখতে হবে আত্মাতে এবং আত্মাকে দেখতে হবে তাদের মধ্যে—শুধু তা-ই নয়, দেখতে হবে আত্মাই হয়ে আছেন সর্বভিত। কেবল আত্মাই যে ব্রহ্ম তা নয়—এই যা-কিছ, সমস্তই আত্মা, সমস্তই রক্ষ। এতখানি জোর দিয়ে বলবার মধ্যে কোথাও মায়াকে গলিয়ে দেবার মত একটাখানি ফাঁক নাই। কিন্তু উপনিষদেই আবার আছে, 'বিজ্ঞাতা ছাড়া আর-কিছুই নাই।' এইধরনের কতগুলি উক্তি এবং স্বাংন ও সামাপ্তি নামে চেতনার দাটি ভূমির বর্ণনা হতে মনে হতে পারে. ইতিপর্বে সর্বব্রহ্মবাদের উপর যে-জোর দেওয়া হয়েছিল, এতে বর্ত্তির তাকে ক্ষ্ম করা হল। এইসব **প্রতিকে প্রমাণ মেনেই মায়াবাদের স্**রপাত, যার পর্যবসান ঘটেছে জীব ও জগতের সঙ্গে ব্রন্ধের অনপনেয় বিরোধে। আসলে উপনিষদে আছে আত্মার চারটি পাদের বর্ণনা। দক্ত-দুশ্যহীন অতিচেতন তুরীয় পাদ হতে এলেন তিনি জ্যোতিম'য় সুষ্ঠাপ্তদশার ততীয় পাদে, অতিচেতনা যার মধ্যে ফুটেছে প্রজ্ঞানঘন হয়ে। সেই সর্বযোনি সুষ্পি হতেই দেখা দিল তাঁর অন্ত:প্রক্ত স্বাম্নদশার দ্বিতীয় পাদ এবং বহিঃপ্রক্ত জাগ্রংদশার প্রথম পাদ। উপনিষদের এই বিবৃত্তিকে দৃ্টিউভিণ্য অনুযায়ী আমরা অবাস্তব বিভ্রমসূণ্টি অথবা আত্মবিং ও সর্ববিং প্রবুষের তত্ত্সণ্টি—দ্ব'ভাবেই ব্যাখা করতে পারি।

উপনিষদে আস্বার তিনটি অবরভূমির বিবরণে আছে—চেতনার স্বৃর্প্তি স্বান ও জাগ্রং এই তিনটি ভূমির সঞ্জে জড়িয়ে প্রস্তানঘন সর্বজ্ঞ প্রেষ, অন্তঃপ্রজ্ঞ প্রিবিক্তভুক্ প্রেষ্ক আর বহিঃপ্রজ্ঞ স্থ্লভুক্ প্রেষের কথা। । এইতে মনে হয়, উপনিষদের স্বৃত্তি ও স্বান দুটি রূপকসংজ্ঞা। আমাদের

বৃহদারণাকে বাজ্ঞবনকা বেশ স্পণ্ট করেই বলছেন : চেতনার দুটি ভূমি আছে. তারা দুটি লোক। স্বশ্বের মধ্যে দুটি লোককেই মান্ব দেখতে পার, কেননা স্বশ্বেশ দারের মাঝামাঝি—দুটি লোকের সন্ধিভূমি। বাজ্ঞবনকা এখানে স্পণ্টই অধিচেতনার কথা বলছেন অল্প ও জড়াতীত লোকের মধ্যে বাকে বলতে পারি বোগাযোগের সেতৃ। স্ব্ভিতর বর্ণনা একদিকে বেমন গভাঁর বুমের ছবি, আরেকদিকে তেমনি সমাধিরও ছবি : সমাধিতে সাধক অবগাহন করে এক চিদ্বান গহনের মধ্যে। তার আত্মভাবের সমস্ত ঐশ্বর্বই সেখানে আছে—কিন্তু আছে সংছত হয়ে, একান্তভাবে অন্তঃসমাহিত হয়ে। তাদের মধ্যে ক্রিরার প্রবর্তনা দেখা দিলে ঐতদাদ্যের চেতনাই তার আগ্রন্ত হয়। অতথ্য এ-অবস্থায় আমরা পাই চিৎসব্রার উত্তরভূমির পরিচয়, বা সাধারণত আমাদের জাগ্রং-চেতনার অতিগামী।

জাগ্রং-ভূমির পিছনে তাকে ছাড়িয়ে রয়েছে যে অতিচেতন ও অধিচেতন দর্টি ভূমি, সুষ্বপ্তি ও স্বন্দ তাদেরই নাম। একমাত স্বন্ধ এবং সৃষ্পিতেই আমাদের বহিশ্চর মনশ্চেতনা বাহ্যবস্তুর দর্শন হতে নিব্ত হয়ে অধিচেতনার অন্তর্লোকে অথবা অতিচেতনা বা অধিমানসের উধর্বলোকে চলে যায়। ঠিক এই ব্যাপার ঘটে সমাধিতেও। এজনা তাকেও বলা চলে একধরনের স্বংন বা স্বৃত্তি। উপনিষদের র্পক-সংজ্ঞার মূলে এই রহস্ট্রুকু আছে। মন অন্তম্ব হয়ে স্বংনস্থিতিতে দেখে জড়াতীত বস্তুর মেলা—স্বংনচেতনা অথবা স্ক্রদর্শনের র্পরেখায় আঁকা। আবার তারও উধের স্ব্রিভিস্থিতিতে নিজেকে হারিয়ে ফেলে চিদ্ঘন অতলতায়—ভাব কি ম্তি দিয়ে তাকে আর সে মাপতে পারে না। এই অধিচেতন ও অতিচেতন ভূমির ভিতর দিয়েই আমরা পরা সংবিতের অগমরাজ্যে, স্বয়ম্ভ-চৈতন্যের অনুত্রের স্থিতিতে পেণ্ছতে পারি। স্বন্দ অথবা স্থি-সমাধির গহনে না তালয়ে গিয়ে প্রবৃদ্ধ-চেতনার কমলমালাকে একে-একে যদি এই উত্তরায়ণের পথে ফ্রটিয়ে চলি তাহলে দেখি তার সর্বত্ত এক সর্বগত রক্ষা-সদ্ভাবের চিন্ময় প্রতিচ্ঠা অনুস্তুত রয়েছে। তার মধ্যে বিদ্দমর্শাক্তর্লিপণী মায়াকে টেনে আনবার কোনই প্রয়োজন হর না। সাধকের অন্ভবে তখন জাগে শুধু উন্মনীদশার মনের উৎক্রমণ। সেইস্পে মনঃকল্পিত বিশ্বের প্রামাণ্য ঘুটে যায়—তার অবিদ্যাবিকৃত রূপের জায়গায় ফ্রটে ওঠে আরেকটি তত্ত্বরূপ। উৎক্রমণের সময় প্রত্যেক ভূমিতে চেতনাকে জাগ্রত রেখে সমগ্রের একটা সুষম অখন্ড-অনুভব হতে সর্ব্য ব্রহ্ম-দর্শনিও অসম্ভব নয়। নিরোধ-সমাপত্তির দ্বারা স্বয়প্তির অব্যক্তে যদি ঝাঁপিয়ে পড়ি, অথবা জাগ্রং-চিত্ত নিয়েই সহসা অতিচেতন কোনও ভূমিতে উৎক্ষিপ্ত হই, তাহলে মধ্যপথে বিশ্বশক্তি ও তার বিস্থিত্তর অলীকতা আমাদের মনকে অভিভূত করতে পারে। তখন বৃত্তিনিরোধণবারা তাদের নিরুদ্ধ করে চিত্ত তলিয়ে যার লোকোন্তরের অতল পারাবারে। নিরোধাভিমুখী উত্তরায়ণের পথে অলীকদের এই অনুভবই 'জগৎ মায়াকল্পিত' এই মতবাদের আধ্যাত্মিক ভিত্তি। কিন্তু এই চরম দশাকে একান্ত বলে মানতে আমরা বাধ্য নই, কেননা এর-পরে এরও চাইতে উদার পরিপূর্ণে পরমাসান্ধ চিন্ময়-ভাবনার পক্ষে অনাধগম্য नश् ।

মায়াবাদের এইধরনের অন্যান্য বিবৃতিতেও মানুষের মন তৃপ্ত হর না—
একটা অবিসংবাদিত নিশ্চয়তার ছাপ তাদের মধ্যে নাই বলেই

মায়াবাদের
অপরিহার্যতা হবে তার সত্যতার প্রমাণ। কিন্তু তার কোনও বিবৃতি হতেই
তাকে বিশ্বসমস্যার অপরিহার্য সমাধান বলে মনে হয় না। একদিকে শাশ্বত
রক্ষসন্তার অবিকল্পিত সত্যাম্থতি, আরেকদিকে প্রপশ্চবিভ্রমের ম্বতোবিরোধকণ্টকিত বিশর্ষয়

এ-দুটি কল্পনার মাঝে ধে-ফাক রয়েছে, তাকে প্রণ

করবারও কোনও উপায় নাই মায়াবাদে। দর্টি বির্ম্থ প্রত্যয়ের সহচারকে সম্ভবপর জ্ঞানে বৃদ্ধ্যার্চ করা—এইট্রকু স্চনাতেই তার যা সার্থকিতা। কিন্ত তার মধ্যে নৈশ্চিত্যের এমন-কোনও প্রাবল্য অথবা অসন্দিশ্ধ প্রামাণ্যের এমন দীপ্তি নাই, যাতে অসম্ভাবনা-দোষ দূরে হয়ে বৃদ্ধির পক্ষে তার স্বীকৃতি অপরিহার্য হতে পারে। যে রহস্যময় বিরোধের সমাধান অন্যপথেও হওয়া সম্ভব, প্রপঞ্চবিদ্রম-বাদ তার মীমাংসা করতে গিয়ে দাঁড় করিয়েছে আরেকটা বিরোধ, রহস্যজ্ঞতিল নৃতন আরেকটা সমস্যা—যার উপস্থাপনার রীতিই তার সমাধানকে পরাহত করেছে। একদিকে স্থাণ্ড অচল সনাতন নিবিকার ব্বয়ংপ্রজ্ঞ বিশ্বোত্তীর্ণ নিরঞ্জন সম্মাত্তের স্বর্পিস্থিতি: আরেকদিকে শক্তির বিচ্ছ্রেণে স্পন্দিত বিশেবর প্রতিভাস—তার মধ্যে আছে বিকার, ভেদভাব, অ-তহীন বহুভাবনায় অনাদি শুম্ধসম্মাতের বিচিত্র বিপরিণাম। মায়ার শাশ্বত লীলা বলে এই প্রতিভাসকে উড়িয়ে দেওয়া হয়। কিন্তু তার ফলে অখণ্ড ব্রহ্ম-সন্তার স্বতোবির মধ দৈবধভাবকে দূরে করতে স্বীকার করতে হয় অখণ্ড রন্ধা-চৈতন্যের স্বতোবিরুশ্ধ দৈবধভাবকে। রন্ধের বহুভাবনার প্রাতি-ভাসিক সত্যকে খন্ডন করতে তাঁর মধ্যে মিথ্যা বহুত্বের প্রষ্টুত্ব আরোপিত করে প্রকারান্তরে তাঁকে মিথ্যা-কল্পনের দোষে অভিযুক্ত করা হয়। যে-ব্রহ্ম তাঁর শ্বেষ সন্মান্ত-স্বভাবের স্বতঃসংবিতে নিত্য সম্বজ্জ্বল, তিনিই আবার নিত্য বহন করছেন আপাতপ্রতীয়মান আত্মবিস্থিত্তর একটা বিকল্প-অবিদ্যাচ্ছস্ল সন্তপ্ত জীবের এই জগংরূপে। সে-জগতে আত্মজ্ঞানহীন মূঢ় জীব একে-একে আত্মসংবিতের প্রবংশ চেতনা অর্জন করে, আর তার সংখ্য-সংখ্য নিব্ত হয় তার জীবতের ব্যক্তিভাবনা!

এমনি করে বিশ্বসমস্যার একটা জটিলতা দ্র করতে আরেকটা জটিলতার স্থিত হয় যখন—তথন সন্দেহ হয়, আমাদের প্রথম অভ্যুপগমে ভুল না থাকলেও কোথাও কিছু ন্যুনতা আছেই। রক্ষের নির্বিকল্পিম্পতি বিশ্বরহস্যের অপরিহার্য ভিত্তি—একথা মেনেই তার বাঞ্জনাকে আরও তলিয়ে বোঝা দরকার ছিল।...তাই রক্ষা আমাদের দ্থিতে শাশ্বত অশ্বয় স্থাণ্যুন্বভাব ও শাশ্বন্ধনারের নির্বিকল্প স্বর্পাম্পতি হয়েও নিজেরই শাশ্বত স্পদ্দ ও গাণ্ণবীলা, অন্তহীন বৈচিত্তা ও বহুভাবনার ভর্তা। তাঁর অশ্বয়স্বভাবের অক্ষরম্পতি হতে স্বতই উৎসারিত হচ্ছে বহুছ স্পদ্দ ও গাণ্ণবীলার এই নিরন্ত নির্বার—তাতে তাঁর শাশ্বত ও অনম্ত অশ্বতভাবের হানি না হয়ে বরং বৈচিত্তার ভূমিকার্পে তার মহিমা আরও উজ্জবল হয়ে ফাটে উঠছে। রক্ষের চৈতন্য ঘদি স্থিতিতে বা গতিতে শ্বদল এমন-কি বহুদলও হতে পারে, তাহলে তাঁর স্বর্পসন্তার মধ্যেই-বা কেন শ্বৈধভাবের ঠাঁই হবে না, কেন তাকে আশ্রয় করে দেখা দেবে না স্বান্ভবের বাস্তব বৈচিত্তা? তখন বিশ্বচেতনাকে

স্বৃত্তিধমী একটা বিদ্রমশক্তি বলা চলবে না—তাকে মানতে হবে ব্রশ্বেরই কোনও স্বর্পসতাের অন্ভব বলে।...এই স্ত্র ধরে বিশ্বরহসাের ব্যাখ্যা করলে, সে-ব্যাখ্যার উদার পরিবেশে আমাদের আত্মান্ভবের দ্বিট কােটির সম্বরসাধনা ষেমন সহজ হবে, তেমনি অধ্যাত্মজীবন হবে আরও সম্দ্ধ এবং উর্বর। অন্তত এমন কথা নিঃসংশয়ে বলা চলে : শাশ্বত ব্রশ্বের অধিস্ঠানে শাশ্বত বিদ্রমের একটা বিকল্প বাস্তব হয়ে উঠছে শ্ব্র্ অগণিত অবিদ্যাচ্ছয় সন্তপ্ত জীবের কাছে, আর সেই মায়ার বেদনাময় অন্ধত্মসের কবল হতে মায়ারই অধিকারে থেকে আত্মবিলাপের বিবিক্ত সাধনায় একে-একে তারা নিজ্কতি পাচ্ছে—এ-সিম্বান্তের অন্ক্লেই-বা থাকবে না কেন?

মায়াবাদকে আশ্রয় করে বিশ্বরহস্যের আর-একটা সমাধানের প্রয়াস আমরা प्ति थ भाष्कत-नर्भातः। भष्कतत्रत्र पर्भानत्क विशाप्ति भाषावाप ना वर्तन वना हरन বিশিষ্ট-মায়াবাদ। তাঁর যুক্তিতে যে নৈশ্চিতা ও ঔদার্যের বাঞ্জনা আছে, তার অসাধারণ প্রভাবকে অস্বীকার করা কঠিন। বস্তৃত শাঙ্কর-বেদান্তেই আমাদের উপরি-উক্ত সিন্ধাতের দিকে প্রথম একটা ইশারা পাই। কারণ শ**ুকরের মতে** মায়ার বিশিষ্ট বা গুণীভত একটা বাস্তবতা আছে—যদিও তার রহস্য অনি-ব্চনীয়। ততুসমীক্ষার <mark>যে-দ্বন্দ আমাদের মনকে প</mark>ীডিত করে, তার এমন-একটা সমাধান আছে এ-দর্শনে—প্রথম দ্বিতৈ যাকে সর্বথা যুক্তিযুক্ত বলেই মনে হয়। বিশেবর সত্যতাকে যেমন আমরা চিরণ্ডন ও অন্তিবর্তানীয় বলে জানি তেমনি আবার মনে হয় সবই এখানে অনিশ্চিত অপর্যাপ্ত এবং তুচ্ছ, সবই ক্ষণিকের মেলা—জীবন মিথ্যাপ্রায়, জগৎ একটা ছায়াছবি। মনোদ্বন্দ্বের একটা সমাধান আছে শাঙ্কর-দর্শনে। তাঁর মতে পারমার্থিক ও ব্যাবহারিক, তাত্ত্বিক ও প্রাতিভাসিক, শাশ্বত ও কালিক ভেদে সত্যের দুর্টি ভূমি। প্রথমটি ব্রহ্মের নির্বিশেষ বিশেবাত্তীর্ণ শাশ্বত শুল্খ-সদ্ভাবের সত্য, আর দ্বিতীয়টি মায়োপহিত ব্রন্ধে বিশ্বগত কালকলিত আপেক্ষিক-সত্তার এমনি করে জীব ও জগত একহিসাবে দুইই সত্য। কারণ, জীব স্বরূপত রহ্ম। রক্ষই মায়ার অধিকারে আপাত-দৃদ্টিতে জীবর্পে তার কর্বালত হয়ে অবশেষে তাঁর শাশ্বত ও সত্য স্বরূপের মধ্যে একদিন জীবের আপেক্ষিক ও প্রাতিভাসিক সন্তাকে মৃত্তি দেন। কালাবচ্ছিন্ন সবিশেষ-ভাবের অধিকারে যদি অনুভব করি—ব্রহ্মই সর্বভূত হয়েছেন, শাশ্বত-ুপ্রেষ্ই বিশ্ব এবং জীবর্পে নিজেকে র্পায়িত করেছেন—তাহলে সে-অন্ভৃতিকেও সত্য বলব। কেন্না তাঁর এই সর্যাত্মভাবের অনুভব মায়াতীত ধামের দিকে সাধকের যে মায়িক অভিযান, তার অন্তরিক্ষভূমি। আবার কালকলিত চেতনার কাছে বিশ্ব এবং বিশ্বগত অনুভব বেমন বাস্তব, তেমনি সে-চেতনাও বাস্তব।...

কিন্তু তথনই প্রশন হয়, এই বাস্তবতার প্রকৃতি কি, তার মধ্যে নৈশিচ্তোর আম্বাসই-বা কতটাক ? কারণ বাস্তবতারও তারতম্য আছে। জীব ও জগং ফেমন সতি্য-সত্যি বাস্ত্র হতে পারে (যদিও সে-বাস্ত্রভার মধ্যে অবরভূমির ছাপ থাকবেই). তেমান তারা অংশত-বাস্তব অথবা একান্ত-অবাস্তব একটা বস্তুও হতে পারে। তারা সত্যি-সত্যি বাস্তব হলে মায়াবাদের কোনও সার্থকতা থাকে না। সৃণ্টি সত্য হলে তাকে আর বিভ্রম বলি কি করে? কিন্তু সৃণ্টি যদি হয় অংশত-বাস্ত্র এবং অংশত-অবাস্ত্র, তাহলে সে-গলদের মূল থাক্রে বিরাটের স্বগত-সংবিতের কোনও ন্যানতায়, অথবা আমাদেরই আত্মদর্শন ও বিশ্বদর্শনের কোনও বৈকলো—যার জন্যে জীব ও জগতের সন্তায় জ্ঞানে ও জীবন-স্পন্দে প্রমাদের এই ছোঁয়াচ দেখা দেবে। কিন্ত প্রমাদের পর্যবসান ঘটবে—হয় অবিদ্যাতে, নয়তো বিদ্যা-অবিদ্যার সাধ্কর্যে। অতএব আমাদের বিচারের লক্ষ্য হবে, অনাদি বিশ্ববিদ্রমের তত্ত্তনিরূপণ নয়--শাশ্বত-অন্ত সন্মাত্রের চিন্ময় সিস্কায় অথবা তাঁর প্রবৃত্তির উচ্ছলনে অবিদ্যা এসে জ্বটল কোথা হতে তারই মীমাংসা।...কিন্ত জীব ও জগৎ যদি অবাদত্ব বদত হয়, অর্থাৎ বিশ্বোত্তীর্ণ চেতনায় তাদের কোনও তাত্তিক সত্তা যদি না থাকে. মায়ার অধিকার ছাডিয়ে যেতেই যাদ তাদের আপাত-বাস্তবতা শানের মিলিয়ে যায়— তাহলে তাদের 'বস্তু' বলে স্বীকার করবার কোনও সার্থকতা থাকে না। এ যেন এক হাতে দান ক'রে আরেক হাতে কেডে নেবার মত। কেননা এতক্ষণ ম্থে যাকে বৃহতু বলে মেনে এসেছি, এখন জানছি আগাগোড়াই সে ছিল একটা মায়ার খেলা! মায়া জীব ও জগং—এরা বস্তুও বটে, অবস্তুও বটে। কিন্তু এদের বাস্তবতা 'অবাস্তব বাস্তবতা' অর্থাৎ অবিদ্যার কাছে এরা বাস্তব হলেও তত্ত্বিদ্যার দু: ছিতে অবাস্তব।

কিন্তু জীব-জগংকে একবার যদি বাদতব বলে মানি, তাহলে অন্তত একটা সীমিত ক্ষেত্রে তারা সত্যি-সত্যি বাদতব হবে না কেন, এ কিন্তু আমাদের ধারণায় আসে না। একথা দ্বীকার করি, বিস্ভিটর অধিষ্ঠানের চাইতে বিস্ভিটর বহিভাসে ন্যান-সভাক। তাই, জগংকে বলতে পারি রক্ষের একটা ছন্দোলীলা। তাব দ্বর্প-সত্যের কথা যদি বাদ দিই, তাহলে তাকে কোনমতেই প্রোপ্রের বাদতব বলতে পারি না। কিন্তু তার জন্যে তাকে অবাদতব বলে উড়িয়ে দেবার পক্ষে আমাদের কি যাজি আছে? অন্তর্ম্ব মন যখন তার বিকল্পনা হতে সরে দাঁড়ায়, তখন জগংকে সে অবাদতব ভাবতে পারে বটে। কিন্তু তার কারণ হল: মন বন্দুত অবিদ্যার সাধন, তাই তার কল্পনায় ভাসে বিশ্বের একটা অবিদ্যাজ্জ্য অপ্রণ ছবি। অন্তরাব্ত দ্ভির প্রজ্ঞালোকে এই ছবিকে তার নিজেরই একটা অপ্রতিষ্ঠ ও অবাদতব কল্প-কৃতি না ভেবে সে পারে না। ঋতন্তরা পরা বিদ্যা ও তার নিজের অবিদ্যার মাঝে যে গভীর ব্যবধান, তাই

তাকে দেখতে দেয় না—বিশ্বোত্তীর্ণ তত্ত্বের সংগ্য বিশ্বাত্মক তত্ত্বের কোথায় সত্য যোগ। চেতনার উত্তরভূমিতে তার এ-পংগ্রেতা দ্র হয়ে বিশ্ব ও বিশ্বোত্তীর্ণের যোগভূমি আবিষ্কৃত হয়। তখন তত্ত্বের বীর্ষে জারিত চেতনায় অত্যাত্ত্বিক বোধেরও উদয় অসম্ভাবিত হয়, অতএব মায়াবাদেরও কোনও প্রয়োজন কি উপযোগিতা থাকে না। পরা সংবিতের দ্ছিট বিশ্বে অনুবিশ্ব নয়, অথবা তার কালাত্মা বিশ্বকে বাস্তব মানলেও তিনি তাকে অবাস্তব বলেই জানেন—এ কখনও চরম সত্য হতে পারে না। বিশ্বোত্তীর্ণেরই 'পরে বিশ্বসন্তার নির্ভর। কালাত্মত শাশ্বত ব্রহ্ম-সদ্ভাবে নিশ্চয় কালোপহিত ব্রহ্মের বিশেষ-কোনও তাৎপর্য নিহিত থাকবে। নইলে বিশ্বের সব-কিছ্ই চিদাবেশশ্বা অতএব নিঃস্বভাব হত, স্তরাং তাদের কালিক সন্তারও কোনও সত্যকার আশ্রম্ম থাকত না।

কিন্তু বিশ্ব কালাবচ্ছিন্ন, শাশ্বত নয়; অবিনাশী অর্পের 'পরে এ শৃংধু বিনশ্যৎ রূপের একটা আরোপ—এই যুক্তিতে বিশ্বকে বলা হয় তত্তত-অবাস্তব। যুক্তির অনুক্লে মাটি এবং মাটির তৈরী ঘটের দুষ্টান্ত দেওয়া হয় : মাটি হতে ঘট সরা আরও কত-কি তৈরী হয়—কিন্তু শেষপর্যন্ত তারা মাটিতেই লয় পায়। মাটিই সত্য, ঘট সরা তার ক্ষণিকের রূপ। রূপের প্রলয়ে অবশিষ্ট থাকে শুধু অরূপ মাটির সত্য, আর-কিছু নয়।...কিন্তু এই দুষ্টান্ত দিয়েই এর বিপরীত সিম্ধান্তকে আরও ভাল করে প্রমাণ করা বলা চলে : ঘটের উপাদান মাটি যখন সতা, তখন সেই উপাদানে তৈরী ঘটও সত্য। ঘট একটা বিভ্রম নয়, এমন-কি মাটিতে মিশে গেলেও তার অতীত অহ্তিমকে অবাহতব বা মায়া বলতে পারি না। মাটি আর ঘটের মধ্যে এমন সম্পর্ক নম্ন যে একটি মূল তত্ত্বস্তু, আরেকটি তার অবাস্তব প্রতিভাস। মাটিকে ছেড়ে তারও মূলভূত অদৃশ্য অথচ বিশ্বোপাদান আকাশ-তত্তকে ধরে যদি বিচার করি, তাহলে বলতে পারি, দুয়ের মাঝে সম্পর্কটা শাশ্বত অব্যক্ত কারণতত্ত্বের সংখ্য তারই আগ্রিত বাক্ত ও কালাবচ্ছিল্ল কার্য-তত্তের। এখানে তত্ত্ব হতে তত্ত্বেরই উৎপত্তি হয়েছে—অতত্ত্বের নয়। তাছাড়া উপাদানভূত মাটি বা আকাশের মধ্যে ঘটর্পের শাশ্বত স্বর্পযোগ্যতা আছে। উপাদান যতক্ষণ আছে, ততক্ষণ যে-কোনও মৃহতের্ত র্পেরও বিস্থিত হতে পারে। রূপের তিরোভাবে রূপ শুধু বাক্তদশা হতে অব্যক্তদশায় সংহৃত হয়। একটা ব্রহ্মান্ডের প্রলয় হলেই প্রমাণ হয় না যে, ব্রহ্মান্ডবস্তুর সন্তঃ অচিরস্থায়ী একটা প্রতিভাস মাত্র। এই কল্পনাই বরং স্কুশগত যে, বিস্ভির সামর্থ্য রক্ষে নির্ঢ় এবং তার প্রবৃত্তিও অব্যাহত। হয় শাশ্বতকালের অবিচ্ছেদ প্রবাহে, নয়তো আবৃত্তির শাশ্বত ছন্দোদোলায় তার অভিব্যঞ্জনা। বিশ্বোত্তীর্ণের তুলনায় বিশ্বের বাস্তবতা অন্য ভূমির হতে পারে। কিন্তু তাবলে তাকে

কোনমতেই বিশ্বেরে গৈরে কাছে অসং বা অবাদ্তব বলা চলে না। যা নিত্যশ্বভাব, একমাত্র তা-ই সত্য—এই হল আমাদের বিচারবৃদ্ধির রায়। অর্থাৎ
তার মতে প্রবাহনিত্যতাই তত্ত্বভাবের লক্ষণ, অথবা একমাত্র কালাতীত তত্ত্বই
সত্য। কিন্তু কালাতীতের সংগ্য কালকলনার এই ভেদ মনের একটা বিকল্প
মাত্র, তত্ত্বাবগাহী সম্যক্-দর্শন তার প্রামাণ্যকে চরম বলে মানবে না। কালাতীত শাশ্বত-সদ্ভাব আছে বলেই কালের কলনা মিথ্যা হয়ে যায় না। দুরের
মাঝে অন্যোন্যাভাবের সম্বন্ধ একটা কথার কথা শুধ্ব—বদ্তুত তাদের বেলায়
আগ্রয়াগ্রায়-সন্বন্ধের কল্পনাই স্মীচীন।

তেমনি, যে-যুক্তি নিগ'রণের গুণলীলাকে মিথ্যা বলে, ব্যাবহারিক সতাকে ব্যাবহারিক বলেই অতাত্ত্বিক-বাস্তবতার লাঞ্চনে লাঞ্চিত করে, তাকেই-বা মান্ব কি করে? ব্যাবহারিক সত্যকে তো চিন্ময় সত্য হতে একান্ত-বিবিক্ত কি তার সঙ্গে সম্পর্কহীন আরেকটা তত্ত্বলতে পারি না। সে তো চিৎসত্তারই তপোবিভূতি, তারই গ্রালীলার পরিস্পন্দ। দ্যাের মাঝে পার্থক্য যে নাই. তা নয়। কিন্তু সে-পার্থকাকে অত্যন্ত-বিরোধ বলতে পারি, র্যাদ গোড়াতেই ধরে নিই—অশব্দ প্রপঞ্চোপশম স্বর্পিস্থিতিতেই নিত্যবস্তুর সত্য এবং সমগ্র পরিচয়। তখন মানতে হয়, নিগ্রণের মধ্যে গ্রণাভাসের কম্পনা একেবারেই অচল—অতএব যা-কিছু গ্রেণের খেলা, তার সঙ্গে ব্রন্ধের শাশ্বত পর-স্বভাবের একান্ত বিরোধ রয়েছে। কিন্তু কালের অথবা বিশেবর এতটাকু বাস্তবতা কোথাও থাকলেই মানতে হবে—নিগ ্রের মধ্যে নিশ্চর গ্রেণধর্মের এমন-কোনও অধ্যা বীর্য এবং প্রেতি নির্ঢ় ছিল, যা বাস্তবতার ওই ব্যঞ্জনাট্কু ফর্টিয়ে তুলেছে। আর ব্রহ্মবীর্য যে বিভ্রমের বিস্মৃতি ছাড়া কিছুই করতে পারে না, ত্রকথাও নিষ্প্রমাণ। বরং এই কম্পনাই সমীচীন : স্থিতর সামর্থ্য যে-শক্তিতে নির্চ, তার মূলে নিহিত আছে এক সর্ববিং সর্বেশ্বর চৈতন্যের সংবেগ। আবিকাল্পত তত্ত্বস্বর্পের বিস্থিত হবে তাত্ত্বিক—মায়িক নয়। আর ব্রহ্ম যখন 'একং সং', তখন তাঁর বিস্থিত তাঁরই আত্মর্পায়ণ, তাঁর শাশ্বত সদ্ভাবেরই মৃত্ বাঞ্জনা—শ্নাতার অনাদি-গহন হতে মায়াকল্পিত অসতের বিক্ষেপ নয় এখন সে-শ্ন্যতা ধর্ম-শ্ন্যতা বা সংবিং-শ্ন্যতা যা-ই হ'ক না কেন।

জগৎকে যাঁরা সত্য বলে মানতে চান না, তাঁদের ধারণায় বা অন্ভবে রয়েছে রক্ষের নিবি কার অলক্ষণ নিক্ষিয়-স্বভাবের প্রতায়—যার উপলব্ধি হয় চেতনার ব্রিহীন নিরোধস্থিতির নৈঃশব্দ্য। কিন্তু জগৎ গ্ন-স্পন্দের পরিণাম। তার মধ্যে প্রবৃত্তিতে উচ্ছ্রিসত হয়েছে সন্তার বীর্য, দিকে-দিকে ঘটেছে তপঃশক্তির বিচ্ছ্রণ—কখনও নিরঙকুশ কল্পলীলায়, কখনও যন্ত্রাং আবর্তনে, কখনও-বা চিন্ময় মনোময় প্রাণময় অথবা জড়ময় উচ্ছেলনে। স্ক্তরাং মনে হতে

পারে, শক্তির এই লীলায়ন শাশ্বত ব্রহ্মসন্তার অচলম্পিতির প্রতিষেধ, অথবা তাঁর স্বর্পচ্নতি—অতএব তা অবাস্তব। কিন্তু দার্শনিকের দ্থি হিসাবে এ-মতবাদ অপরিহার্য নয়। ব্রহ্মদৃণিটতে সগাণ ও নিগাণ দুটি ভাবেরই সমন্বর কেন হতে পারবে না, তারও কোনও য**ুক্তি** নাই। রক্ষের শাশ্বত স্বর্প-স্থিতিতে আছে শাশ্বত স্বর্প-শক্তিরও সমব্যাপ্তি: স্বভাবতই সে-শাক্তর মধ্যে স্পন্দ ও প্রবৃত্তির নিরঙকুশ সামর্থ্য অথবা স্ফুরেক্তা থাকবে। কাজেই স্থাণ্ড ও স্পন্দ দুইই ব্রহ্মস্বভাবের সত্য হতে পারে। আবার এ-দুটি ভাবের যুগপৎ সদ্ভাবেও কোনও বিরোধ নাই। বরং তা-ই স্বাভাবিক— কেননা শক্তির বিচ্ছারণ কি স্ফারতা সর্বদাই অধিষ্ঠান বা প্রয়োজক হিসাবে ম্পিতিধর্মের অপেক্ষা রাখে, নইলে তার পরিণাম বা সিস্ক্ষা সাথকি হয় না। भिर्वावनमूत्र अधिकान ना थाकरल मोख्य मुन्धि क्रमारे टर्फ भातर ना कथनछ. শ্বং আকারহীন উদ্দামতায় চিরকাল পাক খেয়ে চলবে। এইজনাই সন্তার স্ফুরব্তায় তার স্থিতিধর্মের একটা আশ্রয়, সিন্ধর্পের একটা প্রেতি প্রয়েজন হয়। জড়জগতের দিকে তাকিয়ে মনে হয়, শক্তিই ব্ঝি বিশেবর পরম তত্ত্ব। কিন্তু সেখানেও শক্তির নিজেকে করতে হয় স্থিতিধমী, গড়তে হয় একটা স্থায়ী রূপ। 'ভাব' ক্ষণিক হলে তার কাজ চলে না, তার জনা চাই ভাবের কালব্যাপ্তি। হতে পারে, ভাবের স্থিতি সাময়িক মাত্র, অথবা স্ফ্রেব্রার ক্ষণ-ভঙ্গে কল্পিত ও বিধৃত বস্তুধর্মের সে একটা সমন্বয়। কিন্তু যতক্ষণ তার ম্থায়িত্ব, ততক্ষণ সে বাস্তব। এমন-কি তার নিব্তি ঘটলেও অতীত স্থিতি-ধর্মের দোহাই দিয়ে আমরা তাকে বাস্তবেরই কোঠায় ফেলি। অতএব ক্রিয়ার আধাররূপে স্থাণ্ম অধিষ্ঠানের প্রয়োজন বিশ্বভাবনার একটা শাশ্বত বিধান এবং অধিষ্ঠান-তত্ত্বের প্রবর্তনাও একটা নিত্যকালীন ধর্ম। বিশ্ব জন্তে শক্তিম্পন্দ ও র্পবিস্থির মূলে অচল অধিষ্ঠানতত্ত্বকে আবিষ্কার করবার পরেও দেখি বটে, সূন্টরূপের দ্থিতি অশাশ্বত। একই ক্রিয়ার অবিচ্ছেদ অনুব্যন্তিতে, একই ভাগ্গতে বারবার আর্বার্তত হয়ে চলে শক্তির স্ফ্রন্তা এবং তা-ই বদত্র দ্বর প্রধাতকে দেয় দ্রিতিধ্মী আত্মর পায়ণের একটা অবকাশ। অথচ এই স্থিতিধর্ম কুরিম, কেননা শক্তিলীলার পোনঃপর্নিক ছন্দ হতেই তার আবিভাব। একমাত্র শাশ্বত ব্রহ্ম-সদ্ভাবেই আছে স্বয়ন্ভ ধ্রবিস্থিত।... কিন্তু তাহলেও শক্তিস্চ রূপ অশাশ্বত বলেই জকে অবাস্তব বলতে পারি না—কেননা ব্রহ্মসত্তার শক্তি যথন বাস্তব্ তখন তার সৃষ্ট রুপ্রে ব্রহ্মসত্তারই বাস্তব্ রূপায়ণ হবে। যা-ই হ'ক, সত্তার স্থাণ্ডাব এবং তার শাস্বত গণেলীলা प्रदेरे मठा এवर युग्रभू - वृद्धि। जात न्थान् जाव रयभन ग्रन्नीनात अन्शाहक, তেমনি গুণলীলাতেও স্থাণুভাবের অপহব ঘটে না। অতএব আমাদের সিন্ধান্ত এই : প্রমার্থ-সং ব্রহ্মের শান্তত স্থাণ্ভাব এবং শান্বত গণুণলীলা

দ্বইই সতা এবং স্বর্পে তিনি দ্রের অতীত। চর-ব্রহ্ম আর অচর-ব্রহ্ম উভয়ে একই তত্ত্ব।

কিন্তু সাধনার প্রথম পর্বে দেখি, উপশ্যের অভ্যাসে আমাদের মধ্যে শাশ্বত-অন্তের স্থিতিধর্মের উপলব্ধি জাগে। আমরা বিকল্পহীন প্রশান্তির স্তব্যতায় **ডাবে গিয়েই পাই ইন্দিয় ও মনে**র কল্পিত জগতের অন্তরালে এক অনিব চনীয় স্থাণ স্বরূপের নিঃসংশয়িত প্রত্যয়। চিত্তের বৃত্তিতে, প্রাণের ক্রিয়ায়, আধারের পরিম্পন্দনে যেন সে-তত্ত্বস্তর সত্যরূপ ঢাকা পড়েছে. কেননা ওরা ধরতে পারে শাধ্য সাল্ডকে—অনন্তকে নয়, পরমার্থ-সতের কালা-বাচ্ছিল্ল বিভাব নিয়েই ওদের কারবার—শাশ্বত বিভাব নিয়ে নয়।...এইহতে সিন্ধানত হয়: এমনটি তো হবেই কেননা যেখানে কম্পেন্দ বিস্থিত বা বিশেষণ-জ্ঞান, সেখানেই দেখা দেবে সীমিত ভাবনা। তত্তুস্বরূপকে এরা ধরতে পারে না. তাই তত্ত্বের অথন্ড-নির্বিশেষ চেতনায় অবগাহন করলে এদের কল্পমায়া আপনিই তিরোহিত হয়। কালের ভূমিকায় সে-মায়ার বাস্তবতা আপতিক হ'ক বা যথার্থই হ'ক নিত্যাস্থিতির ভূমিতে তা একান্তই অবাস্ত্র। কর্ম হতেই অবিদ্যা—কৃত্রিম সৃষ্টি—সান্তভাব। স্ফুরত্তা ও প্রজাসূষ্টি ব্রন্ধের নিবি'কার অজাত শুন্থ সন্মান্ত-স্বভাবের বিরোধী।...কিন্তু এ-যুক্তিকে সম্পূর্ণ প্রামাণিক বলতে পারি না। কেননা বিশ্ব এবং বিশ্বব্যাপার সম্পর্কে আমাদের প্রাকৃত-চিত্তের যে-ধারণা, জ্ঞান ও কর্মের তত্ত্বিচারে আমরা তাকেই কর্রেছ আদর্শ। প্রাকৃত-জীব কালের **চণ্ডল প্রবাহে ভেসে যেতে-যেতে জগংকে দেখছে**। তার সে-দূষ্টিতে তলম্প্র্মিতা নাই, অখণ্ডভাবনার ঔদার্য নাই। সমগ্রকে সে দেখতে পায় না. বস্তুর মর্মসত্যে অবগাহন করতে পারে না—তাই তার জ্ঞান খণ্ডিত, অতএব কর্মাও বন্ধন। কিন্তু এই ক্ষণাবচ্ছিল্ল প্রত্যয়ের খদ্যোত-দ্যাত হতে ঋতচেতনার শাশ্বতদীপ্তির সহজপ্রতায়ে উত্তীর্ণ হলে দেখি, কর্ম সঙ্কোচ বা বন্ধনের কারণ নাও হতে পারে। মুক্ত পুরুষকে তো কর্ম সীমার বাঁধনে বাঁধে না--বাঁধে না শাশ্বত প্রেয়কেও। শ্ধ্ব কি তা-ই, আমাদের এই আধারে অন্তর্গুড় সত্য প্রেষকেও তো সে বাঁধে না। চিন্ময় প্রেষ অথবা গ্রেহাহিত চৈত্য-প্রেষের 'পরেও কর্মের কোনও প্রভাব নাই। শুধ্ আমাদের এই বহিশ্চর কল্পিত অহং-পুরুষই কর্মতান্ত্রত। এই অহং-পুরুষ আমাদের আত্মন্বরপের একটা কালিক প্রকাশ—তার একটা বিপরিণামী ব্যাকৃতি। আত্মন্বর্পের আশ্রয়ে, তারই ঈশনায় তার সত্তা ও স্থিতি—সে-ই তার উপাদান। কিন্তু কালাবচ্ছিন্ন হলেও সে অবাস্তব নয়। আমাদের চিন্তা ও কর্ম এই প্রাকৃত আত্মর পায়ণের সাধন। কিন্তু এ-র পায়ণ কা**লের ছন্দে** প্রকৃতি-স্থ প্রেষকে ধীরে-ধীরে ফ্টিয়ে তুলছে বলে এর মধ্যে অপ্রণতা আছে, আছে পরিণামধর্মের মন্থর স্ফুরেণ। আমাদের চিন্তা ও কর্ম সে-

মন্থরতাকে দুত্তর করতে চায়, আধারে আনতে চায় পরিবর্তন, অভিনবের প্রোত দিয়ে প্রসারিত করতে চায় তার সীমার সঙ্কোচ। অথচ ওই সীমাকেই আবার তারা আঁকড়ে থাকে। এই অর্থে তারা সঙ্কোচ ও বন্ধনের কারণ কেননা তারা নিজেরাই যে আত্মার স্বর্পোভিব্যক্তির একটা অপূর্ণ সাধন। কিন্ত অন্তরাব্ত হয়ে গৃহোহিত সতাস্বর্পের এবং সতাপ্ররুষের সাক্ষাং পাই যখন, তখন তো আর প্রাকৃত জ্ঞান ও কর্মের শৃঙখল আমাদের বাঁধে না। তখন জ্ঞানবৃত্তি হয় আন্তচেতনার আর কর্ম আত্মর্শক্তির বিভৃতি। আন্থার প্রাক্কত-আধারের স্বচ্ছন্দ স্বতোনিয়ন্ত্রণের সাধনরূপে তারা হয় তাঁর উন্মীলনের সাধন—তাদের দিয়ে তিনি তাঁর সীমাহীন সম্ভৃতির চিত্রলেখা এ'কে চলেন কালের বৃকে। পুরুষের স্বতোনিয়ন্ত্রণ যেখানে প্রকৃতি-পরিণামের বিশেষ-কোনও ধারার অনুগামী, সেখানে ব্রিসঙেকাচ অপরিহার্য। 'তাতে আত্ম-ম্বর্পের অপহ্নব অথবা তত্ত্বভাব হতে প্রচ্যাত ঘটে, অতএব তা অবাস্তব'— এমন কথা বলা চলত, যদি ব্রন্তিসংকাচে সতার স্বরূপ বিকৃত কি তার সমগ্রতা ক্ষার হত। চৈতন্যই আমাদের লোকীয়-ভাবের গঢ়েতম সাক্ষী ও প্রয়োজক। ব্রিসংকাচ যদি কোনও অনাত্মশক্তির প্ররোচনায় চৈতন্যের শ্দ্রজ্যোতিকে অনৈসার্গ ক কোনও উপরাগদ্বারা আচ্ছন্ন করত, অথবা প্রের্ষের আত্মচৈতনা বা আত্মবিভাবনার বিরোধী কোনও উপসর্গের স্বাণ্ট করত—তাহলে তাকে বলতাম চিৎস্বর্পের বন্ধন, অতএব অন্ত এবং অবাঞ্ছিত। কিন্তু ঋতময় দ্ফিতৈ দেখি, প্রকৃতির কোনও কর্মে কি র্পায়ণে প্রক্ষের স্বর্পের বিকৃতি ঘটে না. ক্ত্রিসং-কাচকে স্বচ্ছন্দ হয়ে গ্রহণ করায় তাঁর সমগ্রতারও কোনও হানি হয় না। এ-সঙ্কোচ তাঁর আত্মকৃত—বাইরে থেকে চাপানো নয়। তাই তাকে আর্মাবভূতির পেই তিনি গ্রহণ করেন এবং যুগযুগান্তরব্যাপী কালের অয়নে সে হয় তাঁর সমগ্র রূপটি ফুটিয়ে তোলবার অপরিহার্য সাধন। স্তরাং বৃত্তিসঙ্কোচ নিত্যমুক্ত চিৎম্বর্পের বন্ধন নয়—এ বরং ক্টম্থ চিম্ময়-প্রেষদ্বারা বহিশ্চর প্রকৃতি-ম্থ প্রেষের 'পরে আরোপিত একটা ঋতায়ন। অতএব ব্যাবহারিক জীবনের কর্ম ও জ্ঞানব্যত্তির সঙ্কোচ হতে এমন সিন্ধান্ত করা অন্যায় যে, সম্কোচের ব্যাপারটাই একটা অবাস্তবের খেলা: অথবা চিং-স্বর পের এই-যে আত্মপ্রকাশের তপস্যা, বিচিত্র রূপায়ণ ও আত্ম-বিস্টিটর এই-যে সাধনা—এ একটা অলীক প্রতিভাস মাত্র। সত্য বটে, কালের অয়নন্বারা তার বাস্তবতা অবচ্ছিম। কিন্তু তব্ সে বস্তু-সতেরই একটা বাস্তব র্প—
তাকে ছেড়ে আরেকটা কিছ্ নয়। মহাশক্তির এই স্ফরেব্ডায় কর্মে পরিস্পন্দে ও বিস্থিতৈ যা-কিছ, আছে, তা-ই ব্রহ্ম। সম্ভূতিতে স্ফ্রিত হচ্ছে নিতা-সতেরই স্পন্দলীলা। লোকীয়-কাল লোকোত্তর শাশ্বত মহাকালেরই বিভূতি। নানাদ্বের অন্তহনী বিলাস সত্তেও সমস্তই এক সত্তা, এক চৈতনা। এই

অখণ্ড সংস্বর্পকে তুরীয়-তত্ত্ব আর বিশ্বমায়ার অ-তত্ত্বে স্বিধা খণ্ডিত করবার কি কোনও প্রয়োজন আছে ?

শাৎকর-দর্শনে আমরা দেখি বৃদ্ধির সঙ্গে বোধির একটা বিরোধ। তাঁর বোধিতে আছে নিবিকল্প তুরীয়ের সান্দ্র সংবিং, কিন্তু তাঁর যুক্তিশাণিত ব্রিধ জগংরহস্যকে দেখছে নিম্পক্ষ বিজ্ঞানীর মর্মভেদী দুভিরে তীক্ষাতা নিয়ে। বোধি আর বৃদ্ধির এই বিরোধকে তাঁর দুর্ধর্ম প্রতিভা ওস্তাদের তুলির টানে চমংকার ফুটিয়ে তুলেছে বটে, কিন্তু তার শেষ সমাধানটি রয়েছে উহা। মনীষী দার্শনিকের বৃদ্ধি প্রাতিভাসিক জগংকে দেখছে যুক্তির ভূমিতে দাঁড়িয়ে। সেখানে যুক্তির মধ্যম্থতাতেই সত্যের চরম মীমাংসা— অতক্য শ্রুতির প্রামাণ্য সেখানে অচল। কিন্তু প্রাতিভাসিক জগতের পিছনে আছে তুরীয়ের দ্বরবগাহ তত্ত্বপ্র—শংধু বোধিই তার থবর জানে। সেখানে কোন যুক্তিই বোধির অনুভবকে ছাপিয়ে যেতে পারে না—অন্তত যে সান্ত সঙ্কীর্ণ বিভজাবৃত্ত য**়িন্ত**র **সংখ্য আম**রা পরিচিত, সে তো নয়ই। ছাপিয়ে যাওয়া দুরে থাকুক, বোধির সংগে বৃদ্ধির যোগ ঘটানোও তার অসাধ্য—তাই বিশ্বের রহস্য তার কাছে অমীমাংসিত। যাক্তিকে প্রাতিভাসিক সত্তের বাদ্তবতা মানতেই হয়, তার সত্যকে সে নিষ্প্রমাণ বলে উডিয়ে দিতে পারে না। তাই তার প্রামাণ্য প্রতিভাসের গণিডর বাইরে যেতে পারে না। প্রাতি-ভাসিক সত্ত্বও বাস্তব, কেননা শাশ্বত পারমার্থিক সত্ত্বেরই সে কালিক প্রতিভাস। কিন্তু সে তো স্বয়ং প্রমার্থতিত্ব নয়। তাই প্রতিভাস ছাড়িয়ে যখন প্রমার্থে পে^বছই, তথন প্রতিভাস থাকলেও আমাদের চেতনায় তার প্রামাণ্য থাকে না। প্রতিভাস এইজন্যই অবাস্তব। প্রতিভাস আর পরমার্থের মাঝখানে দাঁড়িয়ে আমাদের মনশ্চেতনা যখন দুর্নিট অম্তই দেখতে পায়, তখন এমনতর বিরোধের একটা প্রত্যয় তার মধ্যে জাগা খুবই স্বাভাবিক। শঙ্কর তাকে স্বীকার করে নিয়েই তার সমাধান করতে চাইছেন, প্রথমত যাজির প্রামাণ্যের 'পরে সীমার রেখা টেনে দিয়ে। যুক্তির অধিকার প্রসারিত বিশ্বলোকে, সেখানকার সে একচ্ছত্র সম্লাট। কিন্তু সেইসঙেগ বোধিজাত স্বান্ভবের স্বতঃপ্রামাণ্যের 'পরে নির্ভার করে বিশ্বোত্তীর্ণ প্রমার্থতভকেও তার নির্বিচারে মেনে নিতে হবে। তাছাড়া, মায়ার রচিত ও কল্পিত মানসিক সংকীর্ণ সংস্কারের সকল বাঁধন ছি'ড়ে আত্মাকে তক'প্রস্থান দিয়ে নিষ্ক্রমণের পথ দেখাতে হবে, যার চরম সার্থকতা সমগ্র প্রাতিভাসিক ও ব্যাবহারিক জগতের প্রলয় ঘটানোতে। শঙ্করের স্ক্রা ও গশ্ভীর দর্শনের একাধিক ব্যাখ্যা থাকলেও আমাদের মনে হয়, মোটের উপর জগৎ-রহস্যের মীমাংসা সম্পর্কে এই তাঁর মত : একদিকে আছে শাশ্বত স্বয়স্ভ বিশ্বোত্তীর্ণ অক্ষরব্রহ্ম, আরেকদিকে কালাবচ্ছিন্ন প্রাতিভাসিক জগং। প্রতিভাসের মধ্যে শাশ্বত ব্রহ্মসত্তা নিজেকে প্রকাশ করেন আত্মা ও ঈশ্বররূপে।

মায়া ঈশ্বরের প্রাতিভাসিক সৃষ্ণির শক্তি। এই মায়া দিয়েই ঈশ্বর কালিক প্রতিভাসের বিক্ষেপ ঘটান। কিন্তু নির্বিকল্প ব্রহ্ম-সদ্ভাবে জগংপ্রতিভাসের কোনও অন্তিত্ব নাই। আমাদের ইন্দিয়ে ও অন্তঃকরণন্বারা অবচ্ছিল্ল চেতনার সহারে মায়াই অতিচেতন অথবা একান্ত-আত্মচেতন ব্রহ্মে এই প্রতিভাসকে আরোপিত করে। পরমার্থ-সং ব্রহ্মই জগংপ্রতিভাসে জীবের আত্মা হয়ে দেখা দেন। কিন্তু অপরোক্ষান্ভৃতিতে জীবের জীবত্ব যখন বিগলিত হয়, তখন আত্মন্তাবের লোকোত্তর-ভূমিতে তার প্রাতিভাসিক স্বভাবের অত্যন্ত-বিম্বিক্ত ঘটে। জীব আর তখন মায়ার অধীন থাকে না। জীবত্বের প্রতিভাস হতে নির্মান্ত হয়ে তার ব্রহ্মনির্বাণ ঘটে। কিন্তু অনাদি-অনন্ত জগংপ্রবাহ তেমনি বয়ে চলে ঈশ্বরের মায়িক সৃষ্ণির্বূপে।

এই সমাধানে অধ্যাত্ম-অন্ভবের তথোর সংগে যুক্তি ও ইন্দ্রিয়বিজ্ঞানের তথ্যের একটা সম্বন্ধ স্থাপিত হয় বটে। অধ্যাত্মদূর্ণিটতে এবং ব্যবহারে জীবনটাকে ভাগাভাগি করে উভয়ের বিরোধ হতে নিষ্কৃতি পাবারও একটা পথ মেলে। কিন্ত তব্ একে বিরোধের সতা সমাধান বলতে পারি না। শুকরের মতে মায়া সংও বটে, অসংও বটে। জ্বগৎ নিতাণ্তই বিদ্রম নয়, কেননা তার কালাবচ্ছিন্ন সত্তা এবং বাস্তবতা আছে। কিন্তু তাহলেও শেষ পর্যন্ত তুরীয়-ভূমিতে জগৎ মিথ্যাই।...এইখানে যে-শ্বিধা দেখা দিল, তার কাজল নিবিকল্প স্বয়স্ভসত্তার শুদ্রতাকে ছেড়ে আর-সবাইকে ছ'রুয়ে গেছে শাঙ্কর-দর্শনে। যেমন ঈশ্বর : তিনি মায়ার কর্বালত নন, বরং তিনিই মায়ী। কিন্তু তবু তিনি ব্রন্ধের আভাসমাত্র—প্রমার্থতিত্ত নন। তাঁর সূষ্ট কালিক-জগৎ সম্পর্কেই তাঁর বাস্তবতার প্রামাণ্য, তাছাড়া স্বতঃসিদ্ধ বাস্তবতা তাঁর নাই। জীবের বেলাতেও তা-ই। র্যাদ মায়িক-ব্যাপারের অত্যন্তানবৃত্তি হয়, তাহলে ঈশ্বর জীব কি জগং কিছুই থাকবে না। কিন্তু মায়া নিত্য। ঈশ্বর এবং জগতেরও কালিক নিত্যতা আছে। জীবও ততক্ষণ আছে, যতক্ষণ বিদ্যার ফলে তার আর্থাবলইপ্ত না ঘটছে। এসব কথা মানতে গেলেই বৃদ্ধির অগম্য অনিব্চনীয়বাদ আশ্রয় করা ছাডা উপায় থাকে না। কিন্তু বস্তুর স্বরূপ সম্পর্কে এই-যে দ্বিধা, স্থির আদিতে এবং তত্ত্বিচারের অতে এই-যে দুস্তর রহস্যের ছায়া ঘনিয়ে আসে, এতেই মনে হয় কোথায় যেন আমাদের ভাবনায় তর্ন্তাবচ্ছেদ ঘটেছে। ...ঈশ্বর যথন বাস্ত্র-মায়াকল্পিত নন, তথন হয় তিনি তুরীয়ের কোনও সত্যের বস্তু-বিভূতি, নয়তো তিনিই স্বয়ং তুরীয়স্বর্প—তুরীয়ের আত্ম-বিভূতির্প জগতের প্রবর্তনা ও বিধ্তিই তাঁর ঈশ্বর্থ। তেমনি, চেতনার একটা ভামতেও জগৎ যদি বাস্তব হয়, তাহলে তাকেও তুরীয়ের সত্যবিভূতি বলে মানতে হবে—কেননা একমাত্র তুরীয়-কম্তুই বাস্তবতার প্রয়োজক হতে পারে। আত্মোপলস্থির দ্বারা শাশ্বত ত্রীয়ধামে অবগাহন করবার সামর্থ্য র্যাদ জীবের থাকে এবং আত্মমৃত্তিই যদি তার পরম-প্র্যার্থ হয়. তাহলে মানতে হবে জীবও তুরীয়ের সত্যবিভূতি। তার মৃত্তির সাধনা যথন ব্যাণ্টর সাধনা, তথন তুরীয়ের মধ্যে তার ব্যাণ্টভাবেরও একটা সত্য ও সার্থক রূপ আছে। সেই প্রচ্ছন্ন রূপকে আবিষ্কার করাই তার জীবনের তপস্যা। আত্মা এবং জগৎ সম্পর্কে আমাদের অবিদ্যাকে দ্র করাই প্র্যার্থ —তথাকথিত জীবত্ববিদ্রম ও প্রপশ্ববিদ্রমের সংগে লড়াই করা নয়।

একটা কথা স্পষ্ট। তুরীয়ব্রহ্ম যেমন অপ্রতর্ক্য, একমাত্র নিদিধ্যাসনগমা, জগৎরহস্যও তেমান অপ্রতর্ক্য। কথাটা অযোক্তিক নয়—কেননা জগৎ যে তুরীয়ব্রহ্মের বিভূতি। তাই তো তর্কবি, দিধ দিয়ে তার তত্ত্ব বেড়ে পাই না। অতএব প্রমার্থে-প্রতিভাসে বিরোধ মিটিয়ে জগংরহস্যের মর্মে অবগাহন করতে হলে আমাদের যেতে হবে বৃদ্ধিরও ওপারে। বোধির আলোকে যদি এ-রহসাকে দীপ্ত করতে পারি, তবেই আমাদের সিদ্ধ। অমীমাংসিত বিরোধকে জিইয়ে রেখে তক'দ্বারা বুদ্ধিকে ভারাক্রান্ত করাকে কোনমতেই চরম সমাধান বলা চলে না। ব্রহ্ম আত্মা ঈশ্বর জীব অতিচেতনা মায়িকচেতনা প্রভৃতি বিরশ্বে বা বিবিক্ত সংজ্ঞার স্থিট ক'রে আমাদের তক'ব্যিধ একটা বিরোধাভাসকে সংহত ও চিরন্তন রূপ দিতে চায়। যখন একমাত্র বন্ধ ছাড়া আর-কিছুই নাই, তথন এসমস্ত সংজ্ঞার প্রতিপাদ্য তত্ত্ব ব্রহ্ম। অতএব ব্রাহ্মী চেতনায় সকল সংজ্ঞার ভেদ সর্বসমন্বয়ী এক প্রত্যক্-দর্শনের অনুত্তর সৌষমো লুপ্ত হয়ে যাবে। কিন্তু এই অদৈবতভাবনার সত্যে পেশছতে হলে য**়**ক্তি-ব্নিধর এলাকা পার হয়ে যেতে হয়, চিন্ময় প্রানুভব শ্বারা আবিষ্কার করতে হয় সকল ভাবনার সেই মহাসভামতীর্থ—যেখান হতে এক অন্তগর্ন্ড চিদাবেশে তাদের আপাত-বহুমুখীনতার সার্থক আভিযান প্রবার্তত হয়েছে। বস্তৃত বহুমুখ বিবিক্ত-বিসপ্রের ভাব কখনও ব্রাহ্মী চেতনায় ঐকান্তিক হতেই পারে না। সেখানে পেশছলে সব-কিছুকেই আমরা 'চক্রনাভিতে অরের মত সমপিত' দেখব। আমাদের প্রাকৃত-বৃশ্ধির ভেদকম্পনায় কিছ_ন সত্য থাকেও র্যাদ, তব্ তাকে বলব বহুধা-বিচিত্র অদৈবতভাবেরই সত্য। বিভজ্যবাদী ব্রেখর সর্বাবগাহী তীক্ষাব্রিখর সঙ্গে যুক্ত ছিল সম্বোধির দিব্যপ্রতিভা। তা-ই দিয়ে তিনি আমাদের প্রাকৃত মন ও ইন্দ্রিয়ম্বারা পরিদৃষ্ট জগতের প্রতীতাসম্পোদের তত্ত্ব এবং সর্ববিধ সংস্কার হতে ম্বিক্তর উপায় আবিস্কার করেছিলেন। কিন্তু তার বেশী আর তিনি এগোননি। শঙ্কর বৃদ্ধের পরেও আরেক ধাপ এগিয়ে গেলেন—বুল্ধির অতীত তত্তকে শ্না-রূপ না দিয়ে দিলেন ভাব-রূপ। বুলেধর দর্শনে লোকোত্তর তত্ত্ব আছে ধর্বানকার অন্তরালে। যুক্তি দিয়ে তাকে হাতড়ে পাওয়া যায় না—তার জন্যে চাই চিত্তের সর্ববিধ সংস্কারের উচ্ছেদ। শঙ্কর এসে দাঁডালেন জগং ও শাশ্বত পরমার্থ-সতের

মাঝামাঝি। তাঁর দর্শনে জগংরহস্য বৃদ্ধিগম্য ভাবনার অতীত বা অনির্বচনীয় হলেও বৃদ্ধি- ও ইন্দ্রি-গ্রাহ্য জগতের প্রামাণ্য অনন্বীকার্য। অতএব
জগং তাঁর মতে অবাস্তব বস্তু মাত্র। এর পরে আরও-এক ধাপ এগিয়ে যেতে
শঙ্করও নারাজ।...কিন্তু জগতের তত্ত্বর্পকে জানতে হলে পরা সংবিতের
অপ্রতক্য ভূমি হতে তাকে অতিচেতনার প্রজ্ঞাচক্ষ্ম নিয়ে দেখতে হবে। এই
অতিচেতনা বিশ্বের ভর্তা হয়েও তার অতি-ঠা এবং সেই অতিস্থিতি দিয়েই
সে বিশ্বের সত্যর্পকে জানে। অতিচেতনাদ্বারা সংভ্ত এবং অতিক্রান্ত যে
প্রাকৃত-চেতনা, জগংরহস্যের তত্ত্ব সে কি করে জানবে? তার জানা তো
প্রতিভাসকে জানা মাত্র—তত্ত্বকে জানা নয়। সিস্কার স্বয়স্ভূ সংবেগ
উচ্ছ্রিসত পরা সংবিতের কাছে এ-জগং কি অনিব্চনীয় রহস্য, অথবা বিদ্রমাভাসবং একটা বিদ্রম—যা বস্তুত থেকেও অবাস্তব? দিব্য-প্রব্যের কাছে
জগংরহস্যের একটা দিব্য তাৎপর্য আছে। এই বিরাট্-ভাবনার নিগ্রু ব্যঞ্জনা
তাঁর চেতনায় স্বয়ম্প্রভ—কেননা তাঁর বিশ্বোত্তীর্ণ অথচ বিশ্বাত্বক পরা
সংবিতই এ-ভাবনার আশ্রয়।

একমাত্র ব্রহ্মই আছেন প্রমার্থ-সংরূপে এবং ব্রহ্মই সব। তাহলে জগং পরমার্থ-সতের বহির্ভুত নয়—অতএব জগংও সং। অথচ জগতের রূপে ও লীলায়নে আমরা তার সং-স্বর্পের পরিচয় পাই না, কেননা আমরা তাকে দেখাছ দেশ ও কালের ভূমিকায় নিয়ত অথচ বিপরিগামী একটা স্পন্দর পে। কিন্তু তাহতে এ-সিন্ধান্ত হয় না যে, জগৎ অসং, কিংবা তৎ-স্বর্প তার ম্বর্প নন। তার স্পন্দের অর্থ তং-ম্বর্পেরই নিত্য উপচীয়মান আত্মব্যঞ্জনা বা আত্মবিস্ভি—পরিণামের ছন্দে দলে-দলে আপনাকে ফুটিয়ে তোলা কালের বকে। তাঁর এই ছন্দোদোলার সমগ্র ব্যাপ্তি অথবা তার অন্তর্গাঢ় বাঞ্জনা এখনও আমাদের প্রাকৃত-চেতনার অগোচর। এইদিক থেকে বলতে পারি, এ-জগৎ তৎ-স্বরূপও বটে, তৎ-স্বরূপ নয়ও বটে। কেননা আত্মব্যঞ্জনার ব্যাষ্ট অথবা সমন্টি রূপায়ণেও তৎ-স্বরূপের পরিপূর্ণ পরিচয় তো তার মধ্যে পাই না। অথচ তার সমস্ত রূপ কস্তৃত রক্ষেরই তত্তভাবের ঘর্নবিগ্রহ। নিখিল সান্তের চিন্ময় স্বরূপ আন্তেড্ই প্রতিষ্ঠিত। তিমিরবিদার বোধির দক্ষি নিয়ে যদি সাল্তের দিকে তাকাই, তাহলে তার মণিকোঠায় দেখি তাদাত্মা ও আনন্ত্যেরই কোস্তভদ্যতি।...শঙ্কা উঠেছে : বিশ্ব তাঁর বি-ভাতি অথবা প্রকাশরূপ হতে পারে না: কেননা তিনি স্বপ্রকাশ—বিশ্বরূপে আপনাকে প্রকাশ করবার তাঁর কি প্রয়োজন? আমরাও তাহলে বলতে পারি তাঁর আত্মবিদ্রম বা বিদ্রমমাত্রেরই-বা কি প্রয়োজন ছিল? মায়িক কিব স্কৃতি করেই-বা তার কি লাভ? ব্রহ্ম আপ্তকাম, অতএব প্রয়োজন তার কিছুতেই নাই। তব্ তাঁর অবশ্ধন স্বাতন্তাকে অক্ষায় রেখেই তাঁর মধ্যে আত্মশক্তির

বিভূতি বা আত্মাসস্ক্রার পরিণামর্পে আত্মবিভাবনী পরা শক্তির এক অবংধা প্রেতি থাকতে পারে—যা কালকলনায় আপনাকে বিচ্ছ্রিত দেখবার ঈক্ষা হতে সঞ্জাত আত্মবিস্থিত অনতিবর্তনীয় একটা প্রবেগ। এই প্রেতিকে আমরা দেখি তাঁর সিস্ক্রা অথবা আত্ম-ব্ভূযার্পে। কিণ্ডু তাকে বরং বলা চলে রক্ষের সান্ধনী-শক্তির উল্লাস—যা আত্মবীর্যের উচ্ছলনে আপানাকে ফ্রটিয়ে তোলে ক্রিয়াশক্তির আকারে। বন্ধ যদি কালাতীত শাশ্বতিস্থিতিতে স্বপ্রকাশ হতে পারেন, তাহলে কালকলনার নিরণত ন্তোর ছন্দেও নিজের মধ্যে দ্বিলয়ে দিতে পারেন আত্মর্পায়ণের দোলা। বিশ্ব প্রাতিভাসিক-তত্ত্ব হলেও সে তো রক্ষেরই ভাতি বা প্রতিভাস। কারণ সমস্তই যদি রক্ষা, তাহলে ভাতি এবং প্রতিভাস আসলে একই বস্তু। অতএব অবাস্তবতার কম্পনা অন্বেশ্যক এবং অসার্থক—এতে মিছামিছি ঝামেলার স্থিতি হয় শ্ব্রু। কারণ বিশ্বে ও বিশ্বাতীতে যে-পার্থক্যিকু রাখা প্রয়োজন, কাল ও কালাতীত-শাশ্বতের কম্পনার সংগ্রে বিস্থিত র কম্পনাকে জন্তে দিয়েই তা অনায়াসে সিম্ধ হতে পারে।

অবাস্ত্র বস্তু বলে যদি কিছু থাকে, সে হল আমাদের ব্যাণ্টাচত্তের বিবিক্ততাবোধ এবং সেইসংগে অনন্তের মধ্যে সান্তের স্বয়স্ভ্সত্তার কল্পনা। বহিব ত জীবচেতনার পক্ষে এই বোধ ও কম্পনার একটা ব্যাবহারিক প্রয়োজন আছে। অর্থকিয়াতেই তাদের প্রামাণ্য, এও সত্য। অতএব যেখানে বৃদ্ধি ও আস্থান,ভবের চার্রদিকে গণিড টানা, সেই বাবহারের ক্ষেত্রে তাদের বাস্তবতাও অনস্বীকার্য। কিন্তু প্রাকৃত-চেতনার সীমা ছাড়িয়ে অনন্ত তত্ত্বস্বর্পের চেতনায় যখন অবগাহন করি, অর্থাং বহিশ্চর কৃত্রিম-প্রেষের ভূমি হতে যখন উত্তীর্ণ হই সত্য-পুরুষের সত্যলোকে—আমাদের সান্ত জীবস্ব সেখানেও থাকে কিন্তু তাকে নিমিত্ত করে ফোটে অনন্তের সত্তা শক্তি ও ঈক্ষণ। স্ব-তন্ত্র কি বিবিক্ত সন্তা তখন থাকে না। ব্যণ্টির স্বাতন্ত্য বা একান্তবিবিক্ততা তার বাস্তবতার অপরিহার্য অংগ নয়। আবার সাশ্তভাবের তিরোভাব ঘটে বলে তাদের অবাদ্তবও বলা যায় না—কেননা বদ্তুর তিরোভাব হতে পারে তার ব্যক্ত হতে অব্যক্ত আত্মসংহরণ মাত্র। কালাতীতের জগণবিস্থিত ঘটে কালিক পরম্পরাকে আশ্রয় করে। অতএব তার রূপায়ণের পর্বগর্মল আপাতদ্ঘিটতে অচিরস্থায়ী হলেও প্রকাশের স্বর্পযোগ্যতার দিক থেকে তারা শাদ্বত। বস্তুর স্বর্পসন্তায় এবং অধিণ্ঠানচৈতন্যের গর্ভাশয়ে তারা ভবিতব্যের বীজ-র্পে নিত্য অন্তর্গক্ত থাকে। তাই কালাতীত চৈতন্য তাদের চিরন্তন ভবা-স্বভাবকে যে-কোনও মৃহতে কালকলিত ভূত-ভাবে র পা**স্তারিত করতে** পারে। জগং মিথ্যা হত, যদি তার ভাব ও রূপ হত নিঃস্বভাব ছায়ার মায়া— পরমার্থ-সতের নিজেরই মধ্যে আত্মটৈতন্যের একটা অলীক বিজ,স্ভণ, অচির-প্রভার ক্ষণদ্যতিতে একবার ঝিকিয়ে উঠেই যা মিলিয়ে যায় চিরতরে ৷ কিন্তু বিস্ফি বা তার সামর্থ্য বদি শাশ্বত হয়, রক্ষের সদ্ভাবই বদি যা-কিছ, সব হয়ে থাকে—তাহলে বিশ্রম কি অবাশ্তবতা কথনও বস্তুর স্বভাব হতে পারে না, অথবা তার আধারভূত জগংও মিথ্যা হয় না।

মায়ার অর্থ যদি হয় বিভ্রম বা জগদভাবের মিথ্যাছ, তাহলে মায়াবাদ দিয়ে বিশ্বসমস্যার সমাধান না হয়ে দেখা দেয় আরও নানান জটিলতা। বস্তৃত মায়াবাদের সমাধানকে সমাধান বলা চলে না, বরং তাতে সমস্যাপ্রেণের সকল দুয়ার চিরর মধ হয়ে যায়। কারণ, মায়াকে অবস্তু বলি কি অবাস্তব বস্তই বলি, সব-কিছুকে একেবারে নস্যাৎ করে দেওয়াই মায়াবাদের চরম তাৎপর্য। শিরশ্ছেদশ্বারা শিরঃপীড়া আরাম করবার মত তাকে দিয়ে ভব-রোগের চিকিংসা হয় যেমন সহজ তেমনি সর্বনাশা। আমরা মিথ্যা—জগৎ মিথ্যা। আমাদের ক্ষণিক সত্তা থাকেও যদি, তারও সত্যতা একটা কম্পমায়া মাত্র! ...মায়াকে যাঁরা একান্ত অবস্তু বলেন, তাঁদের মতে মুক্তিসাধনী বিদ্যা আর বন্ধ-সাধনা অবিদ্যা, অথবা জগৎ-বর্জন আর জগৎ-গ্রহণ দুইই এক বিদ্রমের দুটি দিক মাত্র। কেননা গ্রহণ বা বর্জন করা হবে কাকে, করবেই-বা কে? নিতা-কাল ধরে এক অতিচেতন অক্ষরব্রহ্মই ছিলেন শুধু। কধন বা মুক্তি দুইই প্রতিভাস—কোনটাই তো সত্য নয়। সংসারাস্ত্রিক, সেও যেমন মায়া—মুক্তির ভাকও তো তেমনি মায়া। মায়ার বুকে এ-ডাক জেগে উঠে মুক্তিতে আবার তারই বুকে মিলিয়ে যায়। কিল্তু এমনি করে সব-কিছুকে নস্যাৎ করার শেষ কোথায় ? বিশ্বে জীবচেতনার সকল অন্ভবই যদি মায়া হয়, তাহলে কি করে জানব আমাদের অধ্যাত্ম-অন্ভবও মায়া নয়? পরমাত্মার নিবিকলপ স্বান্ত্রকে একমাত্র সত্য বলে মেনে নিচ্ছি। কিন্তু জীবের চেতনাই **র্যা**দ তার সাক্ষী হয়, তাহলে সেও যে মায়া নয়, তার কি প্রমাণ? জগৎ যদি মিথ্যা হয়, তাহলে আমাদের জগং-অনুভবও মিথ্যা। অতএব সেই অনুভবের আগ্রিত বিশ্বাত্মার অন্তব কিংবা ব্রহ্মাত্মভাবের প্রতায়ও নিত্পমাণ। কি করে তখন ব**লি** —ব্রহ্মাই এই যা-কিছ্ম সব হয়েছেন, তিনিই সর্বভূতের আত্মা, সবারই মধ্যে এক, একের মধ্যেই সব? কারণ, এসব উক্তি সত্য হতে হলে বাকাঘটক দুটি পদই সত্য হওয়া দরকার। কিন্তু এখানে অন্তত একটি পদ মায়াকন্পিত, স্বৃতরাং মিথ্যা। সে-পদটির সাধারণ সংজ্ঞা 'জগং'। ব্রহ্মভূত হলেও জগং মিথ্যা। তাহলে ব্রহ্মই যে সত্য, তাই-বা বলি কি করে? কারণ শৃদ্ধান্মা, অশব্দ, স্থাণ্, প্রমাথ'-সং ইত্যাদি ব্রহ্মাকারা ষে-ব্তিই আমাদের চিত্তে জাগ**্**ক, তার আশ্রয় চিত্ত তো মায়ারই বিকল্প এবং চিত্তের আধার এই দেহও তো বিদ্রমন্ত্রনিত একটা বিক্ষেপ ? স্বতঃপ্রামাণ্যের অনতিবর্তনীয় প্রত্যয় কি তত্ত্বের নিঃসংশয় অন্ভব হতেও বলা যায় না—চরম তত্ত্বের অবিসংবাদিত পরিচয় এই। কারণ, 'রহ্ম নিগ্রণ' এ-অন্ভবের মত 'রহ্ম সর্বত্রগ দিব্য-প্রের্ষ, সত্য-বিশেবর পরম

ঈশ্বর তিনি' এ-অন্ভবেরও নিঃসংশয় চরম প্রামাণ্য আছে। যে-বৃদ্ধি সব-কিছ্বক মায়া বলে উড়িয়ে দেয়, আরেকট্বখানি এগিয়ে গিয়ে এমন কথাও সে বলতে পারে—আত্মাও মায়া, যা-কিছ্ব সং তা-ই মায়া। এই পথ ধরেছিলেন বৌশ্ধেরা। তাঁদের মতে আত্মাও অবাস্তব, কেননা অন্যান্য পদার্থের মত সে মনের একটা বিকল্প মাত্র। তত্ত্বের তালিকা হতে শ্বধ্ব ঈশ্বরকে নয়, শাশ্বত আত্মা এবং নিগ্রণ ব্লমকেও তাঁরা ছে'টে দিয়েছিলেন।

নির্জালা মায়াবাদে জীবনের কোনও সমস্যারই সমাধান হয় না। সে শৃংধ দেখিয়ে দেয় সমস্যার আসর হতে নিষ্ক্রমণের পর্থাট। তার চরম রায়কে সতা মানলে বলতে হয়, আমাদের জীবন ও কর্ম সমুস্তই প্রেতিহীন ও মিথ্যা— আমাদের অভীম্সা সাধনা ও অন্তেব একান্তই অর্থহীন। এক অন্নিদ্দট অব্যবহার্য পরমার্থ-সং এবং অপবর্গসাধনা ছাড়া আর সব-কিছুতে আছে শুধু, সন্তার বিভ্রম। যা-কিছু, জগতে আছে, তা একটা বিরাট বিশ্ববিভ্রমের অংগীভূত, অতএব বিদ্রমই তার তত্ত। ঈশ্বর জীব জগং—সবই মায়ার কল্পনা। ঈশ্বর মায়াতে রক্ষের প্রতিবিশ্ব মাত্র, আমরাও চিদাভাসে রক্ষের ছায়া—জগৎ ব্রন্ধের অবাচ্য স্বয়স্ভূসন্তায় একটা অধ্যারোপ মাত্র।...এই সর্বনাশা মতের একটুখানি ধার মরে, যদি মায়াচক্রের মধ্যে ভাববস্তুর আর্পেক্ষিক একটা বাস্তব-তার সংখ্য আমাদের অধ্যাত্মসাধনা ও অধ্যাত্মবিজ্ঞানের খানিকটা প্রামাণ্য মেনে নিই। কিন্তু তা সম্ভব হয়, যদি কালিক-সন্তার প্রমাণসিন্ধ বাস্তবতা এবং কালাবচ্ছিন্ন অনুভবের বাস্তব প্রামাণ্য থাকে। তখন আর পরিদৃশ্যমান বিশ্বকে বস্তুতে অবস্তুর বিভ্রম বলা চলে না। বিশেবর জ্ঞান তখন বস্তুরই অবিদ্যাশবল বিকৃত জ্ঞান। তা নইলে, ব্রহ্ম সর্বভূতের আত্মা হলেও সর্বভূত যেমন মিথ্যা, তেমনি তাদের আত্মভাবও মিথ্যা—কেননা সমুহতই যে এক বিরাট বিদ্রমের অংগ! আত্মার অনুভবও তাহলে বিদ্রম: 'তং ত্বম্ অসি' এই আদর্শের মূলে আছে অবিদ্যাজনিত সংস্কারের খেলা, কেননা কোথায় 'ত্বম্'— শুধু-যে আছে 'তং'! 'সোহহং'-প্রতায়ে আবার দ্বিগুণ গলদ, কেননা এর মধ্যে আছে শাশ্বত-চিশ্ময়ের কল্পনা—িয়নি বিশেবর অত্তর্যামী বিরাট পুরুষ। কিন্তু বিন্ব অবাস্তব হলে বিরাট কি করে বাস্তব হয়?...অতএব জীব ও জ্বগংভাবের একটা সত্য আশ্রয় খ'জে পেলেই বিশ্বরহস্যের সত্য সমাধান হতে পারে। তুরীয় পরমার্থ-তত্ত্বই সর্বযোনি। জীব ও জগতের সত্যকে ও সত্য-সম্বন্ধকে সেই তুরীয়-সত্যের সংখ্য মিলিয়ে নিতে পারলেই আমাদের সমাধান সত্য হবে। কিন্তু তাহলে জীব ও জগতের একটা বাস্তবতা মানতে হয়— 'একং সং' আর 'বহু স্যাম' দুয়ের মাঝে একটা সত্য সম্বন্ধ, গুণলীলার অন্বভব আর নির্গব্বণের অন্বভবের মাঝে একটা ভাবের যোগ মানতে হয়।

মারাবাদে জগংরহস্যের গ্রন্থিমোচন হয় না-হয় গ্রাথচ্ছেদন; এ-পথ নিজ্জ-

মণের, সমাধানের নয়। চিৎসত্তার এই পলায়নী-বৃত্তিতে প্রকৃতির 'পরে সংসারে বিবত মান শরীরী জীবের পরিপ্রণ বিজয় স্চিত হয় না। কেননা এতে সিন্ধ হয় শ্ব্ব প্রকৃতি হতে প্রেষের বিবেক-প্রকৃতির প্রমৃত্তি ও পূর্ণ সার্থকতা নয়। এমনি করে সিন্ধির চরমে এলেও শব্ধ্ব আমাদের উৎক্রান্তির পিপাসাই চরিতার্থ হয়—আধারের একটি বৃত্তিরই ঊধ_রায়ন ঘটে। তার আর-সব ব্রত্তি অবহেলিত হয়ে শ্বকিয়ে মরে অবস্তু-সং মায়ার আলো-আঁধারিতে। কি বিজ্ঞানে, কি দর্শনে, এমন উদার ও চরম সমাধানই সর্বোত্তম, যার মধ্যে সকল সত্যের সমাহার ও সমন্বয় আছে—যেখানে এক অখন্ড সমগ্রতার পরিবেশে অন্তবের প্রত্যেকটি দল তার যথাযোগ্য প্রান পায়। সেই বিদ্যাকেই বলব পরা বিদ্যা, যা এক অভগ্যসৌষমোর বৃক্তে গে'থে সমুস্ত বিদ্যার তাৎপর্যকে উল্জান্ত করে তোলে। অবিদ্যা ও বিদ্রমের কার্পণ্য অবশ্যই সে দ্রে করে, কিন্তু সেইসভেগ আবিষ্কার করে তাদের প্রবর্তক এমন-কি এক অর্থে সার্থক হেতৃও। এই তো অন্ভবের পরা কোটি, যার মধ্যে সমুহত অন্ত্র সংহত হয় এক সর্বসমন্বয়ী প্রমান্ত্রের জ্যোতিমায় পরিবেষে। কিন্তু মায়াবাদের অশৈবত বর্জনধ**ম**ী। তার মধ্যে এক স্ববিলোপন প্রম-প্রতায় ছাড়া আর-কোনও বিজ্ঞান কি অন,ভবের কোনও তত্ত্ব বা তাৎপর্য নাই।

কিন্তু একটা কথা আছে। এতক্ষণ ধরে যে-বাদান্বাদ গেল, সে হল শ্বেধব্রিধর এলাকার তর্ক। অথচ এধরনের তত্ত্বিজ্ঞাসার চরম সমাধান তর্কে হয় না--হয় অধ্যাত্ম-অন্ভবের দীপ্তিতে যার পিছনে আছে নির্ঢ় চিন্ময়-তত্ত্বের সমর্থন। তর্কবর্নিধর কল্পিত ন্যায়-সিম্ধান্তের বিরাট সোধ এক মৃহ্তে ধ্লিসাং হয়ে যেতে পারে অপরোক্ষ অধ্যাত্ম-অনুভবের একটিমাত্র ঝলকে। মায়াবাদের সত্যকার জোর এই অনুভবের নিঃসংশয়তায়। মায়া-বাদীর দর্শনশাস্ত্র মনঃকল্পিত হলেও সে-শাস্তের পিছনে যে-অন্ভবের প্রামাণ্য আছে. তার অতিতীব্র সংবেগকে অস্বীকার করা যায় না বলেই মনে হয়, অধ্যাত্ম-অনুভবের এই বৃঝি চরম অবধি।...মনন দ্তদ্ভিত। চিত্ত বিকল্পনা হতে উপরত। শুধু আছে শুম্ধ নিবিকিল্প আত্মপ্রতায়—জীবত্বের ভাবনাহীন, জগদ্ভাবের আভাসলেশশুনা। সহসা দুর্ধর্ষ সংবেগে তার মধ্যে জরলে উঠল তত্ত্বভাবের উন্দীপ্ত স্বর্পচেতনা। চিদেকরস মনে জ্বীব ও জগতের আভাস তথন বস্তুতই দেখা দেবে স্বংনছায়ার অলীক মান্ধা হয়ে—যেন স্বয়স্ভূসতের অনুপহিত তত্তভাবের 'পরে আরোপিত তত্তহীন নাম-রূপ ও ক্রিয়া-কারকের মেলা তারা! এমন-কি আত্মার প্রসংগও সেখানে অবান্তর। বিদ্যা আর অবিদ্যা সে-ভূমিতে শূম্ধ-চিম্মান্তের বর্ণস্থীন অনুপাখ্যতার তলিয়ে যার—চেতনা মুছিতি হয়ে পড়ে বিকল্পহীন সন্মানের উপশান্ত অতিচেতনায়। অথবা সদাখ্যা দিয়েও ব্রঝি ওই অন্বিতীয় শাশ্বত নিতাস্থিতির নিবিশেষ প্রতায়কে

বিশেষিত করা যায় না : সেখানে আছে কালকলনাহীন এক নিতাতা, দেশ-বিভাগশ্ন্য এক আন্তা, স্বেপাধিনিম্ক্তি এক নিঃস্থেগর কৈবলা, গোরহীন এক প্রশান্তি, এক সর্বাতিভাবী একার নিবিষয় সমাপত্তি। এ-অনুভব ষে নিন্প্রমাণ নয়, এ যে নিজের মধ্যে নিজেই পূর্ণ—তাতে কোনও সন্দেহ নাই। এর একাত্মপ্রতায়সার তীব্রসংবেগ যে সাধকের চেতনা আচ্ছন্ন অভিভূত করে দেয়, তাও অনস্বীকার্য। তব্ব অধ্যাস্থ-অন্বভবমাত্রেই অনন্তের অন্ভব—তাই দিকে-দিকে বিতত রয়েছে তার বহুবিধ পথ। শুধু এই অনুভবেই নয়, আরও কোনও-কোনও অন্ভবে আছে 'দিব্যঃ পরতঃ পরঃ' প্রুর্বের এমনই স্নিবিড় সামীপ্য, তাঁর আবেশের এমনই সুগভীর তাত্ত্বিক প্রত্যয়, যা-কিছু, তাঁর চেয়ে ন্যান তার বন্ধন হতে প্রমাক্তির এমনই অবর্ণানীয় শান্তি ও বীর্য। তারাও তো আনে পরমার্থতত্ত্বের চরম প্রামাণ্যের সর্বাভিভাবী অকুণ্ঠ প্রতিবোধ। পরম-ব্রন্সের দিকে খোলা রয়েছে হাজারো পথ। যেমন হবে পথের ধরন, তেমনি হবে চরম অনুভবের প্রকার। তার প্রবেগে সাধক উত্তীর্ণ হবে তংস্বরূপের অনির্ব-চনীয় অগমলোকে—যার তত্ত্বস্তৃতই 'অবাঙ্মানসগোচরম্'। সমস্ত বিশিক্ট চরম প্রতায় ওই অন্বিতীয় অনুভরের উপধা বা উপান্তভূমির প্রতায়মাত। এদের ধরেই সাধক মনের ভূমি পার হয়ে অবগাহন করে অমনীভাবের লোকো-ত্তর মহাবৈপ্রল্যে।...প্রশ্ন হয় : এই-যে নির্নুপাধিক অক্ষর স্বয়স্ভ্সত্তায় জীবের সমাপত্তি অথবা মহানিবাণে জীবভাব ও জগদ্ভাবের প্রলয়—এ কি একটা উপধা-প্রত্যয় শৃংধৃ ? না এ-ই মানুষের চরম ও পরম অনুভব—যেখানে মহা-সম্দ্রের মধ্যে এসে মিশেছে তার সকল পথের মোহানা, অন্তরের প্রভাসে হারিয়ে গেছে যার মধ্যে অবর ব্রহ্মান্ভবের যত দীপালি? সমস্ত বিজ্ঞানের এই নাকি পরম বিজ্ঞান—সকল বিদ্যাকে অতিক্রম ক'রে উচ্ছেদ ক'রে এ-ই নাকি সবার পিছনে জেগে আছে। তা-ই যদি হয়, তাহলে এর চরমতা সম্পর্কে তো বিন্দুমাত্র সংশয়ের অবকাশ নাই।...কিন্তু চরমত্বের এই দাবিকেও ছাপিরে আছে আরেকটা দাবি। এই নেতিভাবনা পার হয়ে মান্বের স্দুর অভিযান হতে পারে আরও মহন্তর নেতি অথবা ইতির দিকে। হয় অসতের মধ্যে ঘটতে পারে তার আত্মার মহাপরিনির্বাণ, নয়তো 'একং সং'-এর বৃক্তে বিশ্ব-চেতনা ও নির্বাণচেতনার দ্বিদল অনুভবকে গে'থে নিয়ে সে চলে যেতে পারে অনৈবত-সম্পর্টিত প্রমসামরস্যের সেই তুর্যাতীত ভূমিতে, যার মধ্যে ভব আর নির্বাণ এক সর্বতোভাবী তত্ত্বের মহাসংগমতীর্থে অবিরোধে ঠাই পেয়েছে। তাইতে বলা হয়, দৈবতাদৈবতবিবঞ্চিত তংশ্বরপের মধ্যেই দৈবতাশৈবতের সমাবেশ ও সমন্বয় হয়েছে, সেইখানেই তাদের বিশেষ-সত্য এক উত্তরসত্যের আশ্রয় পেয়েছে। যে প্রত্যুক্ত সিম্ধ-অনুভব সম্ভাবিত আর-সব অবর-অনুভবকে ছাড়িয়ে যায় বা গ্রাস করে তাকে 'ব্রহ্মণঃ পথি বিততঃ' বলে স্বীকার করতে

বাধা নাই। কিন্তু যে পরম অন্ভবে আছে সর্ববিধ অধ্যাত্ম-অন্ভবের প্রবীকৃতি ও সমাহার, আছে প্রত্যেক অন্ভবের প্রতান্ততম প্রত্যয়ের সহজ্ঞানিধ, এক পরাংপর তত্ত্ভাবের মধ্যে সকল বিজ্ঞান ও অন্ভবের সহস্তাল সৌষম্য, তাকে বলব 'রহ্মণঃ পথি' আরও-এক ধাপ এগিয়ে যাওয়া। কেননা, তার মধ্যে যুগপং ফুটে উঠেছে নিখিলের স্বর্প-সত্যের অন্তর হিরণ্যবর্তীন দুর্যাত এবং অনন্ত তুর্যাতীতের উচ্ছিত্রতম মহিমা। উপনিষদ বলেন, রহ্মই সেই পরমতত্ত্ব ঘাঁকে জানলে সব জানা হয়। কিন্তু মায়াবাদের সমাধানে, রহ্ম তা-ই যাঁকে জানলে আর-সব হয়ে যায় অবস্তু এবং অবোধ্য প্রহেলিকা। এইমার যে অন্ত্রম সিন্ধির কথা বললাম, শুখু তার প্রত্যয়ে ব্রহ্মকে জানলে সেই বিজ্ঞানে সব-কিছ্র সত্য তাংপর্য ধরা প'ড়ে ফুটে ওঠে শান্বতপরমের সঙ্গো তাদের নির্চু সন্বন্ধের সত্য।

সমস্ত সত্যেরই নিজস্ব একটা প্রামাণ্য আছে—এমন-কি সত্যে-সত্যে আপাতবিরোধ থাকা সত্ত্বে। কিন্তু এক বৃহত্তম সত্যের উদার আবেষ্টনে তাদের সমন্বয় ঘটানোই আমাদের তত্তজিজ্ঞাসার চরম লক্ষ্য। আর-কিছু না হ'ক অন্তত আত্মা এবং বিশ্বকে বিশেষ-একটা দূণ্টিভণ্গি নিয়ে দেখে বলে সমস্ত দর্শনেরই বিশিষ্ট একটা সার্থকতা আছে। ব্রহ্মের বহুধাবিভাতির বিচিত্র অনুভব আছে। বিভিন্ন দর্শনে সেই বৈচিত্র্য রূপায়িত হয়, অনন্তের গ্রহাচর রহস্যের এক-একটি প্রকোষ্ঠ আলোকিত হয়। তেমনি সাধকের প্রতিটি উপলব্ধিই সত্য। কিন্তু তাদের ইশারা সেই বৃহত্তম উত্তম-জ্যোতির দিকে—যা প্রত্যেকের সত্যতাকে কৃক্ষিগত করেই অতি-ন্ঠা হয়ে রয়েছে। এইদিক থেকে বলতে পারি সমস্ত সতা ও সমস্ত অনুভবই আপেক্ষিক— কেননা প্রমাতার চিত্ত এবং সত্তের প্রত্যক - ও পরাক -দৃষ্টির বিভিন্নতা অন্-সারে তাদের রূপও বিভিন্ন। লোকে বলে, যার যেমন স্বভাব, তার তেমনি ধর্ম। কিন্তু শ্বধ্ব ধর্মাই-বা কেন, প্রত্যেক মানুষের দর্শনিও বলতে গেলে আলাদা। জগং বা জীবন সম্পর্কে প্রত্যেকের দূচ্চি এবং অন্ভবে একটা তফাত থাকবেই--র্যাদও নিজের দর্শনিকে রূপ দেবার সামর্থ্য শ্বা দু'এক-জনেরই থাকে। কিন্তু আরেকদিক থেকে দেখতে গেলে এই বৈচিত্তো অনন্তের অন্তহীন বৈভবই প্রকাশ পায়। প্রত্যেক সাধক তার চিত্তে বা হৃদয়ে পায় অশেষের এক কি একাধিক বৈভবের একটা ঝলক স্পর্শ বা আবেগ। চিত্তের বিশেষ ভূমিতে কখনও-বা এইসব বিচিত্র বৈভবের বিবিক্ত বর্ণুচ্ছটা মিলিয়ে যায় যেন মহাকাশের উদার নীলিমার, অথবা নিবিশেষ সর্বগ্রাহী অনৈশ্চিত্যের চিত্ররাগে হয় শবলিত। কখনও-বা সমস্ত প্রতায় ঝরে গিয়ে শন্ধন একটি চরম সত্য অথবা একটি পরম অনুভবের বিদ্যুৎস্চী চেতনায় উদগ্র হরে থাকে। তখনই সাধকের মনে হয় এতকাল ধরে যা সে দেখেছে বা ভেবেছে, যাকে

তার জীবনে কি জগতে ঠাই দিয়েছে—সবই মিথ্যা, সবই মরীচিকা। এই 'সব' অবশেষে তার ব্যক্তিজগৎ হতে সংক্রামিত হয় বিশ্বজগতে। তার কাছে বিশ্বও তখন অবাদত্ব—অথবা বহুধাব্স্ত বাদত্বতার বৃল্তহীন ছিল্লদল শুধু! তারও পরে, নির্বিশেষ অনুভবের অবর্ণ অনুপাখ্যতায় অবগাহন করলে তার 'সবক্ছির্'ও খসে যায়—জেগে থাকে শুধু অক্ষরব্রেলার অনুদেবল পরম নৈঃশন্য।... কিল্তু এইখানেই তো চেতনার উত্তরায়ণের ইতি নয়। এরও পরে আছে আবার সেই 'সব'কে ফিরে পাওয়া চিল্ময় নবার্ণের বর্ণেশ্বর্যে অনুর্রাঞ্জত ক'রে। নির্বিশেষের সত্যেই আবার সাধক খুজে পেতে পারে সকল বিশেষের সত্য। নির্বাণের নেতিপ্রতায় আর বিশ্বচেতনার ইতিপ্রতায় তৎস্বর্পের এক যুগনন্ধ পরমপ্রতায়ে ফুটতে পারে তাঁর আত্মবিভাবনার দিবদল-কমল হয়ে। মন হতে অধিমানস ভূমিতে উত্তরণের পথে এই বহুভাগ্গম অদৈবতভাবনা হল সাধকের মুখ্য অনুভব। নিখিল বিস্টিউতে তখন মনে হয় যেন এক বৃহৎ-সামের অপর্প বিপ্ল মুর্ছনা। তার চরম চমৎকার ঝঙ্কৃত হয়ে ওঠে অধিমানস ও অতিমানসের সেই সঙ্গমতীথে, যেখানে দাঁড়িয়ে সাধকের পরাব্ত দ্ভিট নিখিলের 'পরে অখণ্ডব্যাপ্থিতে ছড়িয়ে পড়ে।

এ-দর্শনিও যখন সম্ভব, তখন তন্ন-তন্ন করে এরও শেষ পর্যন্ত দেখে নেওয়া দরকার। 'বিশ্ব-রহস্যের সমাধান সম্ভবত প্রপঞ্চবিদ্রমের কল্পনায়'— এ-মতবাদ নিয়েও এতক্ষণ বিচার করতে হল, কেননা এর পিছনে আছে উত্ত্বুগ অনুভবের সেই দুর্ঘর্ষ প্রতায় যা দেখা দেয় উন্মনী-ভাবনার অন্তিম কন্ব্-রেখায়—বৃত্তিবিচ্ছেদ বা বৃত্তিনিরোধের উপান্ত্যক্ষণে। কিন্তু যখন নিশ্চিত জানলাম, নিন্পক্ষ তত্ত্বজিজ্ঞাসার অপরিহার্য পরিগাম এ-ই নয়, তখন এ-সিন্ধান্তকে একপাশে সরিয়ে রাখতেও পারি, অথবা আরও উদার এবং সাবলীল কোনও মনন ও বিচারের প্রসঞ্জো কখনও প্রয়োজনমত তার আলোচনাও করতে পারি। এবার তাহলে মায়াবাদীর সমাধানকে বাদ দিয়েই বিদ্যা আর অবিদ্যার সমস্যাকে নতুন করে যাচাই করা যাক।

'তত্ত্বের স্বর্প কি ?'—এই প্রদেনর উত্তরের 'পরেই সব-কিছ্র নির্ভর। আমাদের প্রাকৃত-চেতনা সান্ত সীমিত অবিদ্যাচ্ছল্ল। এই সীমিত চেতনার পরিবেশে বিষয়সম্প্রয়োগের যে বিশেষ ধারা, তা-ই দিয়ে আমাদের তত্ত্বের ধারণা নির্মাপত হয়। তাই পরচৈতনার প্র্যাভূমি হতে তত্ত্বের যে-দর্শন, তার সংশ্যে আকাশ-পাতাল তফাত হতে তার আটকায় না। স্তরাং পারমাখিক-তত্ত্ব এবং তার 'জন্য' ও আগ্রিত প্রাতিভাসিক-তত্ত্বের মাঝে কি পার্থক্য, উভরের সম্পর্কে আমাদের ব্যাবহারেক বৃদ্ধি ও ইন্দ্রিয়ান্ভবের যে প্রান্ত কল্পনা তারই-বা স্বর্প কি—এসমস্তই আমাদের তালয়ে বিচার করা আবশ্যক। ইন্দ্রিয়বোধ বলে, পৃথিবী সমতল। দৈনন্দিন ব্যবহারের প্রয়োজনে ইন্দ্রিয়র

এই রায়কে খানিকটা মেনে চলতেই হয়, ধরে নিতে হয় প্রথিবী যেন স্তিন্ত সত্যি সমতল। কিন্তু বিশ্বপ্রতিভাসের তত্ত্বলবে, প্রথিবী তো সমতল নয়। এই প্রাতিভাসিক-তত্ত নিয়ে যে-বিজ্ঞানের কারবার সে তাই পথিবীকে প্রায় গোলাকার ধরে তার হিসাব ক্ষবে। এমনি করে পতিভাসের বাস্ত্ব তত্ত্ব নির্পণ করতে গিয়ে ইন্দ্রিয়ের সাক্ষ্যকেও বিজ্ঞান অনেকজায়গায় উলটে দিয়েছে। তব্ ইন্দ্রিয়বোধের যে-শাঁসটকু ঘিরে আমাদের ব্যবহারের পত্তন. তাকে প্রত্যাখ্যান করা চলে না—কেননা জগতের সঞ্গে কারবারে ওই ইন্দিয়বোধ মনের 'পরে তাত্ত্বিক প্রামাণ্যের যে-ছাপ ফেলে তাকে উপেক্ষা করাও যে অসম্ভব। আমাদের যাক্তি-বাদিধ ইন্দিয়কে আশ্রয় করেও তাদের ছাডিয়ে যায়. নিজেরই সংস্কার অনুযায়ী ধারণা করতে চায়—তত্ত এবং অতত্তের কি পরি-ভাষা। কিন্তু তব্ম প্রমাতার দ্রণ্টিভিগের বদল হলে সেইসংগ্র ব্রন্থির কল্পিত ওই পরিভাষারও রূপ বদলে যায়। জডবিজ্ঞানী প্রকৃতির নাডীর খবর নিতে গিয়ে তত্ত্ব্যাখ্যার যেসব সূত্র ও প্রস্থান খাড়া করেন, পরাক -ব্ত প্রাতিভাসিক-তত্ত ও তার পরিণামের 'পরে তাদের ভিত্তি। তাই তাঁর মতে মন হয়তো জডের প্রত্যক-বৃত্ত রূপায়ণ, আত্মা এবং চিংসত্তা অবাস্তব। অন্তত এই ধারণা নিয়ে তাঁকে চলতে হয় যে, জড আর শক্তি—এই শুধু বিশ্বের তত্ত। মন বিশ্বব্যাপী স্ব-তন্ত্র জড-ব্যাপারের সাক্ষী মাত্র, কিন্তু সে-ব্যাপারের সংগ্র মনের কোনও ধর্ম* অথবা বিরাট কোনও প্রজ্ঞার আবেশ কি প্রশাসন জড়িয়ে নাই। মনোবিজ্ঞানী আবার আপন মনে মনের রাজ্যে ঘুরে বেড়ান—চেতনা ও অচেতনার অন্দরমহলে তাঁর আনাগোনা। সেখানে তিনি তত্ত্বের প্রত্যক্ত-ব্রত্ত আর-একটা রূপ আবিষ্কার করেন-যার ধর্ম এবং চলনই আলাদা। তাঁর মতে বিশ্বরহস্যের চাবিকাঠি হয়তো মনের কাছে আছে। মনই আসল তত্ত-জড শুধু তার রুগাভূমি। আর চিৎ মন হতে স্বতন্ত্র অবাস্তব একটা-কিছ্ব।... কিন্তু জিজ্ঞাস; আরও গভীরে তলিয়ে গেলে দেখতে পাবেন সত্যের আরেকটা মহত্তর লোক, যার মধ্যে মনের প্রত্যক্-বৃত্ত তত্ত্ব আর জড়ের পরাক্-বৃত্ত তত্ত উভয়ের দর্শনকে বিপর্যস্ত ক'রে জেগে আছে আত্মা ও চিংসত্তার পরমার্থ-তত্ত। সেখানে মনে হবে জড ও মন চিং-জগতেরই অন্তর্গত ও আত্মতত্ত্বের আশ্রয়ে ক্ষারিত একটা অবান্তর প্রতিভাস মাত্র। এমনি করে অন্তদ্রিষ্টির গভীরতার জড় ও মনের তাত্তিক প্রামাণ্যের দাবি অনেকথানি খাটো হয়ে বায়। তখন তাদের মনে হয় অবরভূমির সত্য বলে-এমন-কি তাদের অবাস্তব ভাবতেও দ্বিধা হয় না।

ক্ষাধ্রিক 'আপেক্ষিকতাবাদ' এ-ধারণার ভিত নড়িয়ে দিলেও বৈজ্ঞানিক তথোর হাতে-কলমে প্রীক্ষণ ও তত্ত্বির্পণের জন্য এমন-একটা ফলোপধারক সিম্ধান্তের বনিয়াদ এখনও প্রয়েজন।

কিন্তু সান্তের সংখ্য কারবারে অভ্যস্ত প্রাকৃত-বৃদ্ধির কাছেই তত্ত্বস্তুর এমন ভাগাভাগি। কারণ অখণ্ডকে খণ্ডিত ক'রে তার একটি খণ্ডকে বেছে নিয়ে তাকেই সমগ্রের মর্যাদা দেওয়া—এই তার স্বভাব। সাশ্তকে সাশ্ত মেনেই কাজ করতে হয় বলে এছাড়া তার উপায় নাই। ব্যাবহারিক ক্ষেত্রে বুন্থির চাল্ব-করা সান্তের কারবারে তার ওই মাপা-ওজনের বেসাতি নিয়ে আমাদের তৃষ্ট থাকতে হয়—কেননা তত্ত্বের পরিণাম হিসাবে তারও যে একটা প্রামাণ্য আছে, তাকেই-বা উপেক্ষা করি কি করে? বৃদ্ধির এই কাট-ছাঁটের সংস্কার এতই প্রবল ষে, চিংজগতে এসে সর্বময় বা সর্বগ্রাসী অথণ্ডচৈতন্যের ভাবনাতেও মন খণ্ড-ব্রাম্থির ওই মোহট্রকু ছাড়তে পারে না। সান্ত-প্রত্যয়ের পক্ষে অপরিহার্য ওই সীমার বেড়া। তাই তার তত্ত্বদর্শনেও অনন্তে ও সাল্তে. চিৎ ও তার প্রতিভাসে কি বিভৃতিতে ভাগাভাগি <mark>থাকে। তার মতে অনন্ত</mark> চিৎসত্তাই সত্য, আর সান্ত প্রতিভাস মিথ্যা। কিন্তু বিশ্বন্ভর অনাদি পর-চৈতন্যের অখন্ড সর্বাবগাহী সম্যক্-দর্শনে ভাসে সমগ্রের চিন্ময় তত্ত্বর্প— আর প্রতিভাস দেখা দেয় সেই মহাবিন্দজ্যোতির তত্ত্ময় বর্ণচ্ছটার্পে। চৈতন্যের এই উত্তরজ্যোতিতে বিশ্ব যদি অবাস্তব বলে প্রতিভাত হত, চিন্ময় সত্যের সঙ্গে পূর্ণচ্ছেদই যদি তার তত্ত্বত, তাহলে স্বয়ং ঋত-চিং হয়ে সে-পরচৈতন্য শাশ্বত কাল ধরে অবিচ্ছেদে অথবা কম্প হতে কম্পান্তরে এই অনুতের ভার কি করে বইত? কিন্তু তব্বও এ-ভার সে বইছে। তাইতো প্রমাণ হয়, বিশ্ববিভূতির প্রতিষ্ঠা চিংস্বভাবের ঋতেই—অন্তে নয়।...কিন্তু এই সম্যক -দর্শনে স্বভাবতই প্রাতিভাসিক-তত্ত্বেও রূপ বদলে যাবে। সান্ত-জীবের বৃদ্ধি ও ইন্দ্রিয় যে-দ্থিতৈ তাকে দেখে, তার জারগায় ফুটবে আরও গভীর স্বতন্ত্র তত্তভাবের একটা প্রতায়—তার তাৎপর্যে দেখা দেবে নিগ্রুড়তর আরেকটা সত্যের ব্যঞ্জনা, তার স্পন্দলীলায় আন্দোলিত হবে সক্ষমাতর ও বিচিত্রতর আরও-একটা ছন্দের কম্পন। তত্ত্বের যে-পরিভাষা ও মননের যে-রীতি প্রাকৃত বৃদ্ধি ও ইন্দ্রিয়ের কল্পনাপ্রসূত্্ বৃহতের চেতনা তাদের সত্যা-ন্তের মিথুনে গড়া খণ্ডিত সংস্কার বলে জানবে। অতএব এক্ষেত্রে তাদের যুগপৎ বাস্তব ও অবাস্তব বলতেও বাধা নাই। কিন্তু তাতেই যে প্রাতি-ভাসিক জগং অতাত্ত্বিক বা অবস্তু-সং হয়ে যাবে, তা নয়। তথন এই জগতেরই আরেকটা চিন্ময় রূপ ফুটবে—সাল্ড দেখা দেবে অনন্তেরই একটা শক্তি স্পন্দ वा लीलायुत्नत्र ছत्म ।

আনন্ত্যের চেতনাই অনাদি পরচৈতন্যের স্বর্প। অতএব তার মধ্যে বৈচিত্যের ভাবনা সংহত হবে অন্বৈতান্ভবের মহাবিন্দর্তে। আনন্ত্য-চেতনায় আছে অভণ্য সর্বগ্রাহী সর্বব্যাপী সর্বানিয়ামক অতএব সর্ববিশেষক অথচ অথন্ড সমগ্রদর্শনের উল্লাস। তার দ্ভি বস্তুর স্বর্প-সত্যে অনুবিশ্ধ। তাই

র্প ও স্পন্দের মধ্যে সে দেখে তত্তভাবেরই প্রতিরূপ ও পরিণাম, তার সন্ধিনী-শক্তির বিচ্ছ্রণ ও র্পায়ণ। প্রাকৃত-ব্দিধ বলে : সত্যের মধ্যে অন্যোন্য-ব্যাবত্ত ধর্মের ঠাঁই নাই। অতএব প্রাতিভাসিক জগতের সংগ্যে যখন তত্ত্তভূত ব্রহ্মসত্তার বিরোধ কিংবা বিরোধাভাস দেখছি, তখন জগৎ মিথ্যা হতে বাধ্য। আবার জীবভাব যথন বিশ্বভাব ও তুর্যভাব দুয়েরই বিরোধী, তখন জীবও মিথ্যা।...কিন্তু সান্তব্দিধর দৃষ্টিতে যা বিরুদ্ধবং প্রতীয়মান, আনন্ত্যাবগাহী বৃদ্ধি বা দৃষ্টির কাছে তা বিরুদ্ধধর্মাক্রান্ত নাও হতে পারে। আমাদের মন যেখানে ধর্মের ভেদ দেখে, আনন্ত্যের দৃষ্টিতে সেখানে আছে ভেদ নয়—ধর্মের আপ্রেণ। তত্ত্ব আর তত্ত্বের প্রতিভাস ক্রতুত পরস্পরের আপ্রেক —অন্যোন্য-বিরোধী নয়, কেননা প্রতিভাস তত্ত্বেই রূপায়ণ। সান্ত অনন্তেরই অন্যতম ব্যঞ্জনা—তার ব্যাবৃত্তি নয়। জীব তাই বিরাট ও বিশ্বোত্তীর্ণেরই আত্মবিভূতি —তাহতে স্বতন্ত কি তার বিরুদ্ধ একটা-কিছু নয়। বিরাটের বৈশিষ্টোর বাহন চিদ্ঘন বিন্দুস্বরূপ সে—বিশ্বোত্তীর্ণের সংগও সাযুজ্য এবং সাধর্মের বশে সে অভিন্ন। এই সর্বতোভাবী অশ্বৈতদর্শন কোনই বিরোধ দেখে না অর্প তত্তভাবের প্রুর্ন্প অভিবাঞ্জনায়, স্বয়ম্ভ স্থাণ্ডের অধিষ্ঠানে অনন্তের পরিভূ স্ফ্রবন্তায়, অন্তহীন একত্বের ভূতে-ভূতে র্পে-র্পে অর্গাণত বীর্যবিভূতিতে বিচিত্র স্পদলীলায় আত্মবিচ্ছুরণে—কেননা এসমস্তই তো সেই অনাদি-সং অন্বয়ভাবের বহুধা-বিলাস। এই দৃষ্টিতে দেখলে জগংবিস্থিকৈ মনে হয় সম্পূর্ণ স্বাভাবিক এবং অনিবার্য একটা ব্যাপার, যার মধ্যে অপ্রাকৃত সমস্যা বলে কিছই নাই-কেননা যিনি অনন্ত, তাঁর 'প্রোণী প্রবৃত্তি' যে এই রূপ ধরবে, এ তো অপ্রত্যাশিত নয়। প্রাকৃত-বৃদ্ধিতে সমস্যার ঘোর ঘনিয়ে ওঠে—তার সান্তদৃষ্টি অথন্ডের মধ্যে খণ্ডভাবনার বিরোধ কম্পনা করে বলে। অনন্তের বহুধা-প্রবৃত্তিকে স্বীকার করেও তার মধ্যে বিরোধটাকেই সে বড় করে দেখে। তার কাছে ব্রন্ধার সত্তার সংগ্য শক্তির, স্থাণ্ডের সংগ্য সফ্রব্তার, অদৈবত-হ্বভাবের সঙ্গে হ্বাভাবিক বহুত্বের, পুরুষের সঙ্গে প্রকৃতির বিরোধ চিরকাল লেগেই আছে। কি করে অনণ্ডম্বর্প জগংর্পে পরিণত হলেন, শাশ্বত-সদ্ভাবের মধ্যে কি করে কালের কলনা দেখা দিল—তা তলিয়ে ব্রুতে এই সান্ত বৃদ্ধি ও সীমিত ইন্দ্রিয়ের প্রামাণ্যকে ছাড়িয়ে যেতে হবে এক বিশাল ব্দিধ ও চিন্ময় ইন্দ্রিসংবেদনের রাজ্যে। সেথানে আনন্ত্যচেতনার জ্যোতিঃ-সম্পাতে বৃদ্ধি ও ইন্দ্রিয় অনুষিক্ত হলে, অনন্তের ন্যায়-যুক্তির রহস্য তাদের কাছে উন্মোচিত হবে। সে-ন্যায়ের বিধান শৃন্ধ-সন্মাত্রের স্বভাবের 'নয়'— তার মধ্যে তাঁর তত্তভাবের স্বতঃপ্রবর্তনার অনতিবর্তনীয় পরস্পরা আছে। তাই তার অবয়বস্থাপনায় ফুটে ওঠে সন্মানের পর্বে-পর্বে উন্মেষের দ্যোতনা— প্রাকৃত-মনের পঞ্চাবয়বী যুক্তির শৃংখল নয়।

কিন্তু এরও পরে তর্ক উঠবে : এপর্যন্ত যা বলা হল, সে তো বিশ্বচেতনার বিবরণ মাত্র—নিবিশেষ ব্রহ্ম যে তারও ওপারে। কোনও উপাধি বা বিশেষণ দিয়ে তাঁকে সীমিত করা যায় না। কিন্ত জীব ও জগতের ভাবনায় ব্রহ্ম যথন সীমিত ও খণ্ডিত হন, তখন জীব-জগৎ অবশ্যই মিথ্যা।...নিবিশেষকে বিশেষিত করা যায় না—এ-উক্তি স্বতঃসিন্ধ বটে। রূপ বা অরূপ, একত্ব বা বহুত্ব, স্থাণ্যস্বভাব বা জঙ্গমভাব—তাঁর 'পরে এসব কোনও বিশেষণেরই আরোপ চলে না। অর্থাৎ তিনি রূপের বিস্থিত করলেও রূপ তাঁকে সীমিত করে না। বহ-ু-র্পে প্রকাশ হলেও বহার তাঁকে খণ্ডিত করে না। তাঁর স্পন্দলীলাতেও তিনি অক্ষুৰ্ধ, সম্ভূতিতে নিবি′কার। আর্থাবস্থিতৈ যেমন তিনি ফুরিয়ে যান না, তেমনি সীমার বাঁধনেও সংকৃচিত হন না। বিভৃতি-বিদ্তরেও যে তত্তভাব নিঃশেষিত হয় না, এ শুধু ব্রহ্মদ্বভাবের সত্য নয়— জড়েরও সত্য তা-ই। মৃত্তিকা ঘটের নির্মাণে সীমিত হয় না, বায়ার প্রবাহে বায়র স্বর পহানি ঘটে না. তরগেগর উচ্ছর্নসত উল্লাসেও সম্দের বন্ধন নাই। সীমার সঙ্কোচ দেখে শুধু আমাদের প্রাকৃত ইন্দ্রিয় এবং মন। কেননা, সান্তকে অনন্ত হতে বিচ্ছিন্ন ক'রে বা সীমায় ঘিরে তারাই তাকে স্বাতন্ত্রোর একটা মর্যাদা দেয়। অতএব প্রাকৃত-বৃদ্ধির এই কল্পনাই সত্যকার মায়া- নইলে অনন্তের মায়া নয়, সান্তও মায়া নয়। কারণ, অনন্ত বা সান্তের স্বর্প-সত্তা ব্রন্দোরই আখ্রিত—প্রাকৃত ইন্দ্রিয় কি মনের আখ্রিত নয়।

বন্ধ অবাঙ্মানসগোচর। তাঁর দিকে খোলা আছে শ্বং স্বান্ভবের পথ। এই স্বান্তবেরও বৈচিত্রের সীমা নাই। সমস্ত অস্তি-ভাবের নিঃশেষ প্রতি-যেধ দ্বারা তাঁকে যেমন অনিব চনীয় অন্ত স্বশ্নো প্রম অসং-রূপে পাওয়া যায়, তেমনি আবার তাঁকে পাওয়া যায় আমাদেরই অস্তি-ভাবের সকল মৌল-বিভূতির চরম চমংকারে। তখন সব-কিছুরেই পরম তিনি : তিনি পরম জ্ঞান, পরম জ্যোতি, পরম ভাব, পরম কান্তি—তিনিই পরম শক্তি. অথবা পরম শান্তির অক্ষোভ্য নৈঃশব্দা। আবার শুদ্ধ-সং শুদ্ধ-চিৎ শুদ্ধ-আননদ বা শুন্ধ-শক্তির অনিব্রচনীয় পরমসংবেদনেও পাই তাঁর পরিচয়। অথবা কখনও ডুবে যাই পরা সংবিতের সেই অনুত্তর গহনে, যেখানে আছে সর্বভাবের জনি-বাচ্য অশ্বৈতসমন্বয়ে অখণ্ড-সচিচদানন্দের পরম প্রত্যয়। এই অনুপাখ্য স্থিতিতে, শুন্ধ-সন্মারের এই অতলান্ত জ্যোতিগহিনে অতিচেতনার দুয়ার ঠেলে আমরা উপনীত হতে পারি নির্বিশেষের উপান্তভূমিতে।...স্বান্ভবের এমনধারা কত বৈচিত্র। অথচ প্রচলিত ধারণা এই যে, ব্রহ্মকে একমাত্র জীবন্ধ ও জগদ্ভাবের নিরাকৃতিতেই জানা যায়। কিন্তু সত্য বলতে জীবের প্রব্যার্থ শুধ্ ক্ষুদ্র বিবিক্ত অহং-ভাবের নিরাকরণ। তার ফলে জীবছের চিন্ময় উত্তরা-য়ণ্বারা জগংকে আত্মসাং ও অতিক্রম করে ব্লশ্ব-সদ্ভাবের মহাগহনে সে

অনুপ্রবিষ্ট হতে পারে। অথবা তার পথ হতে পারে নিরোধের কি আস্মো-চ্ছেদের পথ। কিন্তু সে-নিরোধ জীবেরই সাধ্য, কেননা স্বোত্তরভূমির আক-র্বণে জীবই তো ঝাঁপিয়ে পড়ে একান্ত-নিবিশেষের অনুভবে।...আবার উত্তরা-য়ণের সাধনায় আত্মভাবকে পরা সত্তায় বা অতিসত্তায়, আত্মচৈতন্যকে পরা চেতনায় বা অতিচেতনায়, আত্মানন্দকে আনন্দের প্রমোল্লাসে বা আনন্দের অতিভূমিতে উত্তীর্ণ করেও জীবের পারুষার্থ সিন্ধ হতে পারে।...চেতনার উদয়নে বিশ্বচিতে আবিষ্ট হয়ে এবং আত্মচেতনাশ্বারা তাকে জারিত করে এক লোকোত্তর ভূমিতে উভয়কে সে উত্তীর্ণ করতে পারে। সে-ভূমিতে ব্রহ্মাণ্ড পিশ্ডে অন্প্রবিষ্ট—পিশ্ড ব্রহ্মাণ্ডে পরিব্যাপ্ত এবং উভয়েরই ব্যক্তিভাবনার বিশেষণ হতে নিম.ক্তি হয়ে অশ্বৈতভাবে সমাহিত। তাই সেখানে এক ও নানার দ্বন্দ্ব বিগলিত হয়ে যায় সৌষমোর বৃহৎসামে, ফুটে ওঠে নিতাস্থিতর সহস্রদল লীলার কমল—তাদাম্যাভাবনা ও অন্যোন্যভাবনার স্ফুরং-বীর্য সাম-রস্যের চরমকোটিতে হয় উল্লাসিত! ইতি-ভাবের সাধনায় নিতাস্থির এই পরমা দ্বিতিই আছে নিবিশেষ অনুভবের উপাদ্যাতম ভূমিতে। নৈতি-ভাব বা ইতি-ভাবের চরম প্রত্যয়ে, কত বিচিত্র উপায়ে যে অক্ষরব্রন্মের অনুভব সম্ভব— প্রাকৃত বৃদ্ধির কাছে সে একটা প্রহেলিকা। কিন্তু এ-রহস্য প্রাঞ্জল হতে পারে তার কাছে, যদি সে স্বীকার করে : অস্তিত্বের প্রাকৃত অনুভব ও সংস্কারকে ছাড়িয়ে বহু উধের রয়েছে রক্ষের পরম সদ্ভাব। তাই অস্তিত্বের প্রতিষেধ-শ্বারা অথবা অসতের প্রতায় ও অনুভব শ্বারা আমরা তাঁকে স্পর্শ করি যেমন, তেমনি তাঁকে পাই চরম ইতি-ভাবনার প্রতায় দিয়েও। কেননা, বিশ্বে যা-কিছ, আছে, প্রকাশের তারতমাসত্ত্বেও সবই সেই তংস্বরূপ, তিনিই সবার পরাৎপর তত্ত। আমরা যাকে সং বা অসং বাল, সে-সবার মধ্যে অন্তর্যামী আত্মার পে অনুসূত্রত হয়েও তিনি সর্বোত্তীর্ণ। তাই তাঁকে বলি'অনুপাথ্য 'কিং দ্বিদ্'। ব্রহ্মই প্রমার্থ-সং—এই আমাদের মূল সিম্ধান্ত। তারপরে প্রশ্ন হয়,

ব্রহ্মই পরমার্থ-সং—এই আমাদের মূল সিন্ধান্ত। তারপরে প্রদান হয়, ধা-কিছ্ আমাদের অন্ভ্রগোচর, সে কি সং না অসং? দার্শনিক বিচারে কথনও সদ্ভাব আর অন্তিরের মাঝে একটা পার্থক্যের কথা ওঠে। ধরা হয় সদ্ভাব বাস্তব, কিন্তু অন্তিত্ব বা তার ভান অবাস্তব। কিন্তু একথা টেকে. যদি 'অজঃ শান্বতঃ' এবং জাত-ভূতের মধ্যে একটা আত্যন্তিক বিচ্ছেদ থাকে। তথন অব্যক্ত-সংকেই বলতে পারি একমাত্র বাস্তব তত্ত্ব। কিন্তু যা-কিছ্ 'আস্ত', তা যদি হয় সদ্-বস্তুরই আন্যোপাদানের র্পায়ণ, ভূহলে আর এ-সিন্ধান্ত টেকে না। 'অস্তি' যদি হত শ্না হতে ব্যক্ত অসতের একটা র্প, তাহলে তাকে অবস্তু বলা চলত। অস্তিত্বের যে-বিভিন্নভূমি অতিক্রম করে আমরা ব্রহ্ম-সদ্ভাবে অবগাহন করি, তারাও সত্য—কেননা অসত্য এবং অবস্তু কথনও বস্তু-সিন্ধ্রের সরণি হতে পারে না। তেমনি যা ব্রহ্ম হতে নিঃস্ত্,

যা তাঁর শাশ্বত সদ্ভাব শ্বারা বিধৃত ও জারিত হয়ে স্বগত আধারে বিস্টা, তারও বাস্তবতা অনুস্বীকার্য। অব্যক্ত যেমন আছে, তের্মান আছে ব্যক্ত ভাবও। কিন্তু বস্তুর ব্যক্ততা কোনমতেই অবস্তু হতে শারে না। কালাতীত নিত্যস্থিতি আছে, আবার আছে কালের কলনা। কিন্তু কালাতীত তত্ত্বে ষার মূল নিহিত নয়, কালে তার আবির্ভাবও অসম্ভব। আত্মার চিংস্বভাব যদি আমার তত্ত্ব হয়, তাহলে চিতের বিভূতির্পে আমার মধ্যে যে ভাবনা বেদনা প্রভৃতি বিচিত্র বৃত্তির প্রকাশ, তারাও তাত্ত্বিক। এমন-কি আমার ষে-দেহ আত্মার বিগ্রহ ও আবাসম্বর্প, তাকেও অসং কি অবাস্তব ছায়ার মায়া বলতে পারি না।...এসব বিরোধাভাসের একমাত্র স্ব্সংগত ব্যাখ্যা এই যে, কালাতীত নিত্যতা আর কালাবিচ্ছিল্ল নিত্যতা এক শাশ্বত ব্রহ্ম-সদ্ভাবেরই দৃটি বিভাব। বাস্তবতার বিভিন্ন ভূমিতে দৃটি বিভাবই সত্য। কালাতীতে যা অব্যক্ত, তা-ই কালে অভিব্যক্ত। যা-কিছ্ব আছে, বিস্টির বিশিষ্ট পর্বে বাস্তব হয়েই তা আছে এবং অনন্তের চেতনাতেও ফ্রটে আছে তার সেই বাস্তবতারই র্প।

বিস্ভিমাত্রেই যে সন্তার বিভৃতি শংধ, তা নয়। চৈতন্য ও চিং-শক্তির তারতমোও তাদের ধর্মের তারতম্য ঘটে, কেননা সন্তার ভূমি নির্দেত হয় চৈতন্যের ভূমি দিয়েই। এমন-কি অচিতিও সংবৃত্তচেতনারই বিশেষ একটা ভূমি ও বিভূতি—যার মধ্যে সত্তা অন্তলীন হয়ে আছে অসংকল্প অব্যক্ত-ভাবের কুমের প্রান্তে, যাতে এই তমিস্তা থেকে জড়বিশেবর অন্তর্গত সব-কিছার অভিব্যক্তি হতে পারে। অতিচেতনার মধ্যে চেতনা তেমনি পর্যবাসত হয়েছে শুন্ধ-সন্মাত্রের নিবিশেষ প্রতায়ে। এমন অতিচেতন ভূমিও আছে, যেখানে চেতনা যেন আত্মসংবিং হারিয়ে সমাহিত হয়েছে পরা সন্তার জ্যোতির্গহনে। সেই গভীর হতে অথবা তারই মধ্যে আবার জাগে সন্তার সংবিং- ও সন্ধিনী-শক্তির উল্লাস, জাগে বিজ্ঞান ও আত্মদর্শনের জ্যোতিমহিমা। এই উন্মেষে মনে হতে পারে, তার তত্তভাবের বৃঝি ন্যুনতা ঘটল। কিন্তু বস্তৃত অতি-মানসভূমিতে আতচেতনা আর চেতনা একই তত্ত্বের স্বরূপ এবং সাক্ষী। অতএব পরম-শিবের আত্মবিমর্শে প্ররূপচ্যুতির সম্ভাবনা কোথায় ?...আবার এমন পরাংপর ভূমিও আছে, যেখানে সত্তা আর চৈতনো কোনও বিশেষ নাই— যেহেতৃ তার মধ্যে দুইই পরমসামরস্যে বিগলিত। কিন্তু সন্তার এই অনুন্তর নিত্যাস্থাততে সন্ধিনী-শক্তির পরম উল্লাস, অতএব সংবিং-শক্তিরও নিত্য-বিচ্ছারণ আছে-কেননা সন্ধিনী- আর সংবিং-শক্তি এখানে একাত্মক ও অবি-নাভূত। শাশ্বতসত্তা ও শাশ্বতচেতনার এই যুগনন্ধ স্থিতিই পরমেশ্বরের পরমধাম, আর তার স্বর্প-বীর্য নিবিশেষের স্ভি-সামর্থ্য। এই স্থিতি চরিষ্ণ জগতের প্রতিষেধ নয়। নিখিল বিশ্বভাবনার স্বর্প ও বৈভব এরই মধ্যে অর্কানহিত।

তব্ জগতে অবাস্তবতা বলেও তো একটা-কিছ্ম আছে। সবই বন্ধ অতএব সদ্বস্তু র্যাদ, তাহলে তার মধ্যে এই অবাস্তবতার বোধ কোথাহতে আসে ? অবস্তু যদি সত্তার বিভাব নাও হয়, তব্ সে চৈতনার বৃত্তি কি বিভূতি তো বটেই। তাহলে চেতনার এমন-কোনও ভূমি বা পরিণাম কি নাই, যেখানে তার বৃত্তি ও বিভূতি পূর্ণত অথবা অংশত অবাস্তব ? এই অবাস্তবতার বোধকে অনাদি প্রপণ্ডবিদ্রম বা মায়ার ধর্ম বলে না মানলেও জগতে বিদ্রম উৎপাদন করবার শক্তি অবিদ্যার যে আছে, একথা অনুস্বীকার্য। দেখছি, যা অবাস্তব তাকে কল্পনা করবার শক্তি মনের আছে। এমন-কি যা বাস্তব নয়, অন্তত প্রোপ্রার বাদ্তব নয়, তাকে সূষ্টি করবার সামর্থ্যও তার আছে। নিজের বা বিশ্বের রূপও তো তার কাছে একটা বিকল্প মাত্র, যাকে প্রোপ্রার-বাস্তব বা অবাস্তব কোনও পর্যায়েই ফেলা চলে না। কোথায় এই অবস্তু-বোধের আদি, কোথায়-বা তার অন্ত-কিই-বা তার নিমিত্ত ? নিমিত্ত ও নৈমি-ত্তিক উভয়ের উচ্ছেদেরই-বা কি ফল? সমগ্র জগুদভাব স্বরূপত অবাস্তব নাও হতে পারে। কিন্তু এই-যে অবিদ্যার জগৎ জ্বড়ে চলছে জন্ম ও মরণ সন্তাপ ও ব্যর্থতার নিত্য আবর্জন, তাকে কি অবাস্তব বলতে পারি না ? অবিদ্যার ধরংসে তার সৃষ্ট এই জগতের বাস্তবতাও কি আমাদের চেতনায় লোপ পায় না? এবং এই জগৎ-জাল হতে নিগমিনই কি আমাদের একমাত্র স্বাভাবিক কৃত্য নয় ?...একথা সত্য হত, যদি অবিদ্যা শুধু অজ্ঞানের শক্তি হত—তার সঞ্চো সত্য বা জ্ঞানেরও খানিকটা উপাদান জড়িয়ে না থাকত। কিন্তু আমাদের ব্যাবহারিক চেতনায় বদ্তৃত রয়েছে সত্য ও মিথ্যার একটা সংমিশ্রণ। তার বৃত্তি ও বিভাতিকে নিছক কম্পনা কি অমূলক একটা কৃতি বলা চলে না। তার সূচিট ও রূপায়ণকে অথবা তার বিশ্বকম্পনাকে তত্ত্ব-অতত্ত্বের মিশ্রণ না বলে বরং বলতে পারি তত্ত্বের অর্ধবোধ ও অর্ধপ্রকাশ। আবার চৈতনামাত্রেই শক্তি। অতএব তার মধ্যে স্থির সামর্থ্য আছে। স্বতরাং অবিদ্যাচৈতনােও বিকৃত সৃষ্টি ও বিকৃত স্ফ্রেণের সংবেগ আছে—স্বর্পশক্তির দ্রান্ত ধারণা ও অপপ্রয়োগ বশত বিকর্মে প্রবৃত্তি আছে। সমস্ত জগংটাই একটা বিস্ভিট। কিন্তু তার মধ্যে আমাদের অবিদ্যা একটা খন্ডিত সংকীণ ও অজ্ঞানোপহত বিস্থিত্র প্রযোজক। তাই তার সৃষ্টি অখন্ড সং-চিং-আনন্দের প্রথম ধর্মকে খানিকটা প্রকাশ ক'রে আবার খানিকটা আচ্ছন্ন করেছে। এই ব্যবস্থাই যদি চিরকাল কায়েম থাকত, অবিদ্যার চক্রে আর্বার্ডত হওয়াই যদি ছ্রানতাম বিশেবর নিয়তি অথবা অংশত-অবিদ্যা যদি একটা প্রতায় ও পরিবেশের স্থিট না করে নিখিল বস্তু ও ক্রিরার হেতু হত—তাহলে সংসার হতে জীবের নিষ্ক্রমণকেই বলতাম অবিদ্যা-নিবৃত্তির একমাত সাধন এবং ম্লা অবিদ্যার নিবৃত্তিতে সংসারেরও উচ্ছেদ হত। কিন্তু অবিদ্যা যদি হয় প্রণবিদ্যার দিকে অভিযাতী

অর্ধবিদ্যা মাত্র, তাহলে জড়প্রকৃতির কবলিত এই জীবনের দিগল্তে ফ্টে ওঠে আরেক চিন্ময়ী উষার অুর্ব্বিমা, এক মহন্তর সম্ভাবনার দ্যোতনা। তখন আসম প্রভাতের স্চনায় এই সাময়িক আঁধারেরও একটা সার্থকতা অনস্বীকার্য হয়।

আমাদের অবাস্তবতার ধারণা সম্পর্কে আরেকটা কথা ভাববার আছে. নইলে অবিদ্যার সমস্যাটাকে আমরা হয়তো ঘ্রলিয়ে ফেলব। আমাদের মন—অন্তত তার একটা অংশ—বাস্তবকে যাচাই করে বাবহারের মাপকাঠিতে। তার কাছে তথ্য বা ভূতার্থের সতাই বড়। তার দৃষ্টিতে তথ্যই একমাত্র তত্ত্ব। কিন্তু এই তথাভাব বা ভৃতাথের তত্ত্বভাবের চারপাশে সে জড়বিশেবর অন্তর্গত এই পাথিব-আস্তত্বের সীমার রেখা টেনে দেয়। অথচ পাথিবজীবন বা জডের জগং একটা আংশিক বিস্থিত মাত্র। তার মধ্যে পরমার্থ-সতের অনন্ত ভব্যার্থের একটিমাত্র বাহ ভূতাথের রূপ ধরেছে। এখানে বা এখনও মূর্ত হয়ে ওঠেনি, এমন অন্যান্য ব্যহের তাতে নিরাকৃতি হয় না। কালকলিত বিস্পৃথিতে নতুন ধারায় তত্ত্বের অভিবাক্তি হতে পারে। সন্তার যে-সত্য আজও মূর্ত হয়নি, তার অংকুরিত সম্ভাবনা ভূতার্থের রূপে পল্লবিত হয়ে উঠতে পারে জড়ের জগতে—এমন-কি এই প্রথিবীতে। আবার জড়াতীত ভূমির এমন সত্যও আছে, যারা বিস্থির অন্য-কোনও কল্পের অন্তর্গত। এখানে তাদের র্প না ফুটলেও তারা অবাস্তব নয়। এমন-কি কোনও বিশেবই যা বাস্তব নয়, সন্তার এমন-কোনও সত্য অব্যক্তের মধ্যে বীজর্পে লীন থাকতেও পারে। আজও সে মূর্ত হয়নি বলে তাকে কোনমতেই অবাস্তব বলতে পারি না। কিন্তু আমাদের মনের অন্তত একটা অংশ এখনও ব্যবহারের সংস্কারে আচ্ছন্ন রয়েছে। তার কাছে তথ্য অথবা ভূতার্থই হল তত্ত্ত, তার বাইরে সব-কিছুই অতত্ত্ব। অতএব এই মনের দৃণ্টিতে একধরনের নিছক ব্যাবহারিক অবাস্তবতা আছে। অর্থাৎ তার মতে, কোনও রূপস্থিত তত্তত মিথ্যা না হলেও এ-জগতে যদি তার মূত সত্তা না থাকে, কিংবা তাকে বর্তমান পরিবেশে কি জীবনের বস্তুস্থিতিতে মূর্ত করে তোলা আমাদের সাধ্যাতীত হয়, তাহলে সে-রূপ অবাস্তব। কিন্তু একে অবাস্তবতার যথার্থ লক্ষণ বলা চলে না. কেননা এক্ষেত্রে বাস্তবতা অসং নয়— অসিন্ধ মাত্র। এখানে সত্তার ব্যাভিচার নাই, আছে শুধু বর্তমান বা বিজ্ঞাত তথোর ব্যভিচার।...এছাড়া আরেকধরনের অবাস্তবতা আছে, যার মুলে রয়েছে মানসপ্রতায় বা ইন্দ্রিয়বিজ্ঞানের বিপর্যায়। সেখানে মন ও ইন্দ্রিয় তত্ত্বকেই দেখে, কিন্তু অবিদ্যাকৃত সঙ্কোচের বশে চেতনার বৃত্তি একটা মিখ্যা রূপের স্থিত করে এথানেও সন্তার ব্যাভিচার নাই, অতএব একেও অবাস্তব বলতে পারি না। অবশ্য আমাদের ব্যাবহারিক চেতনার ভূমিতে এইধরনের অবিদ্যা-জনিত বিদ্রমের প্রণন তত গ্রের্তর নয়। আসল প্রণন হল, আমাদের ফীব-

চেতনা ও সংসারচেতনার মূলে যে-বিপর্যায় রয়েছে তাকে নিয়ে। অর্থাৎ তুলা-অবিদ্যার সমস্যা নয়, মূলা-অবিদ্যার সমস্যার সমাধান চাই। কারণ স্পন্ট দেখছি. আমাদের সমগ্র জীবনদর্শনের 'পরে আমাদের অনুভবের সকল ক্ষেত্রে যে সংকৃচিত চেতনার ছায়া পড়েছে, সে যে শৃঃধৃ আমাদেরই জীবধর্মের বৈশিণ্টা তা নয়-মনে হয় নিখিল জডস্থির মলেও এই অবিদ্যার প্রেতি আছে। তত্তের অখন্ডদর্শন যে অনাদি পরা সংবিতের স্বধর্ম, তার প্রবৃত্তি এখানে কৃণ্ঠিত। তার জায়গায় দেখা দিয়েছে সংকৃচিত চেতনার খণ্ডদর্শন, অসমাপ্ত স্টিটর পংগ্ন বৈকল্য, অথবা অর্থহীন ক্ষণভংগার আবর্তে স্থিচিক্রের নিরন্ত আবর্তন। বিশ্বকে বিভ্রম না বলে যদি বিস্পিট বলে মানি, তব্ আমাদের চেতনা শ্বধ্ তার একদেশকে বা খণ্ড-খণ্ড অবয়বকেই দেখে এবং তাকেই বিবিক্তসত্ত্বের মর্যাদা দেয়। আমাদের সমস্ত বিভ্রম ও প্রমাদের মূলে আছে এই সংকৃচিত ও বিবিক্ত সংবিতের ছলনা–যা হয় অবস্তুকে স্ভিট করে, নয়তো বস্তুকে বিকৃত করে। সমস্যাটা আরও জটিল হয়ে ওঠে যখন দেখি, শুধু আমাদের চেতনাই নয়, আমাদের চেতনার রংগভূমি এই জডজগতেরও আবিভাবে হয়েছে অনাদি-সং কোনও চিন্সয়তত্ত্ব হতে নয়—আপাত-অসং এবং অচিং একটা-কিছুর সাক্ষাৎ প্রবর্তনা হতে। এমন-কি আমাদের অবিদ্যাও যেন এই অচিতিরই একটা আয়ুদ্ত ও কুচ্ছুসাধ্য পরিণাম মাত।

তাহলে সমস্যাটা হল এই। রক্ষের অসীম সংবিৎ-শক্তি এবং অখণ্ড সন্ধিনী-শক্তিতে কোথাহতে এই সীমার বেল্টন ও খণ্ডভাবের বিপর্যায় এল? কি করে এ সম্ভব হতে পারে—এ যেমন একটা রহস্য, তেমনি সম্ভব হলেও এর তাৎপর্যাই-বা কি. রক্ষের তত্ত্বভাবের সংগ্য এর সংগতিই-বা কোথায়—এও আরেকটা রহস্য। অতএব বিশ্বরহস্যের সমাধানে অনাদিবিদ্রমের প্রশনটা মুখ্য নয়—আসল প্রশন, অবিদ্যা ও অচিতি এল কোথা হতে? অনাদি-চিং বা অতি-চিতের সংগ্য বিদ্যা ও অবিদ্যার সম্বন্ধই-বা কি?

স্তম অধ্যায়

বিতা ও অবিতা

চিতিমচিতিং চিনৰদ্ বি বিশ্বান্।

भए वम 8 12 155

চিত্তি এবং অচিত্তিকে আলাদা করে চয়ন কর্ন বিশ্বান।

—ঋণ্বেদসংহিতা (৪।২।১১)

দেব অক্ষরে ব্লশ্নতে বিদ্যাবিদ্যে নিছিতে যত্র গড়ে। ক্ষরং ত্ববিদ্যা হাস্তুতং ভূ বিদ্যা কিয়াবিদ্যে ঈশতে যদভু সোহনাঃ ॥

শ্ৰেতাশ্ৰতরোপনিবং ৫।১

বিদ্যা আর অবিদ্যা—দ্বটিই নিহিত আছে অনন্তের গহনে; কিন্তু তার মধ্যে অবিদ্যা ক্ষরস্বভাব আর বিদ্যা অমৃত্যবর্প; আবার বিদ্যা ও অবিদ্যা, উভরের ঈশ্বর বিনি, তিনি আরেকজন।

—শ্বেতাশ্বতর উপনিষদ (৫।১)

আজৌ স্বাৰজাৰীশানীশাৰজা হ্যেকা ভোক্তোগাৰ্থযুৱা।...

শ্ৰেতাশ্ৰতরোপনিষং ১।১

জ্ঞ এবং অজ্ঞ—দ্বন্ধনেই জন্মরহিত; তাঁদের একজন ঈশ্বর আরেকজন অনীশ্বর : স্বারও আছে জন্মরহিতা একজন—তারই মধ্যে আছে ভোকা এবং ভোগার্থ।

—শেবতাশ্বতর উপনিষদ (১।৯)

কতারিনী মারিনী সং দধাতে সিভা শিশ্বং জল্পত্র ধ্যুত্তী।...

टा श ०८ म्हरू

খতায়িনী আব মায়িনী দ্টিতে আছে যুক্ত হয়ে; শিশ্কে নির্মাণ ক'রে জন্ম দিল তারা, করল তাকে সংবধিত।

—খণেবদ (১০।৫।৩)

ইতিপ্রে দেখেছি, নিখিল অদিতত্বের ম্লে রয়েছে সাতটি তত্ত্ব—যারা দবর্পত এক অখণ্ডসতোর লীলায়ন। দেখেছি : জড় চিংসন্তারই ইন্দ্রিয়াহার বিভাব মান্র—চৈতন্যের আত্মর্পায়ণের সে উপাদান, তার দব-সংবিতের আলোকে ফ্টেছে তার র্প। যে-প্রাণশক্তি নিজেকে জড়ে র্পায়িত করছে, যে-মন-শেচতনা প্রাণশক্তির্পে নিজেকে অভিব্যক্ত করছে, যে-অতিমানস মনকে নিজের বীর্ষবিভৃতির আকারে স্থিট করছে—স্বাই তারা অখণ্ড সচিদানশ্দের আত্মবিভাবনা। দ্বর্পধাত্র আপতিক প্রতিভাসে এবং ক্রিয়াশক্তির পরিস্পশ্দে তাদের মধ্যে চিংসন্তার বিপরিণাম ঘটছে, কিন্তু সে-বিপরিণাম তাঁর তত্ত্বের্পকে দ্পর্মাণ্ড করছে না। জড় প্রাণ মন ও অতিমানস এক অখণ্ড সন্ধিনী-শক্তিরই বিচিত্র বীর্ষা, এক স্বর্বাং স্বাচিং স্ব্রেচ্তু ও স্বানশ্দেরই বিলাস—

কেননা সমস্ত প্রতিভাসের পরমার্থ-তত্ত্ব হল ওই সর্বময় অখণ্ড-অন্বয় সত্যের চিদাবেশ। শুধ্-যে তারা স্বর্পত এক, তা নয়। আন্ধবিভূতির সপ্তধাবৈচিয়েও তারা পরস্পর ওতপ্রোত হয়ে জড়িয়ে আছে। সাতটি তত্ত্ব যেন পরা সংবিতের অনন্ত শুকুজ্যোতির সাতটি বর্ণচ্ছটা। অস্তিন্ধের মহাকাশে বিচ্ছ্ব্যুবিতের অনন্ত শুকুজ্যোতির সাতটি বর্ণচ্ছটা। অস্তিন্ধের মহাকাশে বিচ্ছ্ব্যুবিত আন্ধামায়ার এই বর্ণরাতিতে রচিত তাঁর অপর্প চিতি-পট—যার মধ্যে দেশ ও কালের টানা-প'ড়েনে তিনি বুনে চলেছেন সাতটি মোলিক বর্ণালের সমবায়ে থচিত অনন্ত-বিচিত্র রুপের পসরা। বৃহৎসামের ছন্দে গাঁখা তাঁর এই আন্ধর্পায়ণের প্র্বান্ত 'ধর্মাণি যা প্রথমান্যাসন্'। সেই সুরের আভোগে আবার ঝণ্কৃত হল অন্তহীন রুপবৈচিত্রের মূর্ছনা—বিচিত্র শক্তির বিচিত্রতর সম্বন্ধ ও পরিণামের ব্যতিহারে এই অনির্বাচনীয় স্বরস্থাতির রহস্য হয়ে উঠল আরও নিবিড়। অস্তিম্বের এই স্বরসপ্তককে ঋষিয়া বলেছেন সপ্ত বাক্, যার আলোকের অপ্র্ব স্ব্যুমায় ফুটে উঠেছে ব্যক্ত ও অব্যক্ত লোকরাজির উন্মিষ্ত্র্যুবিভাল। আবার এই আলোকেরই মায়াঞ্জন চোথে মেখে আমাদের নিতে হবে জানা ও অজানার গোধ্লিরাগে ছাওয়া নিখিল বিশ্বলোকের মর্মপরিচয়।...একই বাণী, একই জ্যোতি—কিন্তু সপ্তধা বিচ্ছ্রিত তার দিব্যক্ত্যু।

অথচ এথানে দেখছি অচিতিই যেন ব্যক্তজগতের মূল। চেতনাকে দেখছি বিদ্যার অভীপ্সায় বিধার নচিকেতার রূপে। কিন্ত প্রমার্থসতের আত্মস্বরূপে অথবা তাঁর সপ্তধা-ক্রতুতে অবিদ্যার এই প্রাদ্বভাবের কোনও তাত্ত্বিক হেতু খ'ঞে পাওয়া যায় না। বৃহৎসামের মধ্যে কোথাহতে এল এই অসাম, আলোর মধ্যে এই আধার, তাঁর চিন্ময়ী সিস্কার অন্তহীন রসোল্লাসে এই খন্ডভাবনার কার্পণ্য ? আমাদেরই কল্পনায় যদি বৈরাজসামের এক মহাসংগীতি ভেসে আসে যাকে এইসব বিবাদী স্বরের বিসংবাদ ছুংয়েও যার্য়ান, তাহলে দিব্য-পুরুষের কম্পনাতেই-বা তা জাগবে না কেন ? আর কম্পনা থাকলে কম্তুভূত অথবা আভি-প্রেত স্বান্টির আকারে কোথাও তার সিন্ধর্পও আছে। এই দিবাসম্ভৃতির কথা বৈদিক খবির অগোচর ছিল না। মতেরির সীমানা ছাড়িয়ে তাঁরা সত্তা ও চেতনার নির্বারিত প্রমাক্তির এক বৃহত্তর ক্ষেত্ররূপে একে অনুভব করেছিলেন। ব্রপ্রকাশের এই জোতিময় অব্যক্তকে তাঁরা বলেছেন—'সদন্ম ঋতসা' 'ঋতসা দেব দমে', 'ঋতস্য বৃহতে', 'ঋতং সত্যং বৃহং'। সেখানে আদিত্যের ঋতায়নের চরমধামে সত্যেরই হিরণাদ্যাতিতে সংবৃত রয়েছে সত্যের রূপ। চেতনার সহস্র রণিম ব্যহিত হলে 'তদ্ একং'-র্পে ফোটে সেখানে দিবা-পুরেষের পরম প্রকাশ। আবার তাদের অনুভবে : সত্যান্তের মিথুনে এ-জগতের জাল বোনা, তার মধ্যে ঋতের স্ফারণ ভূরি অন্ত' শ্বারা পরিভূত। 'অপ্রকেত সলিল' হতে, অনাদি অন্ধতমিদ্রা হতে বিপ্লে স্বধার বীর্ষে এখানে হয় অন্বিতীয় জ্যোতির জন্ম। অমৃত ও দেবছের অধিকার এখানে ছিনিয়ে আনতে হয় মৃত্য

অবিদ্যা সন্তাপ দৌর্বল্য ও কার্পণ্যের বন্ধম্নিট হতে। আন্টেত্যর যে-ঋত-সন্ধমা শান্বত সিন্ধির অকু-ঠ মহিমায় অসীম দ্যুলোকে প্রতিচিঠত, এই আধারেই তার লোকোত্তর অভিব্যঞ্জনাকে তাঁরা জেনেছিলেন মান্বের আত্মর্পায়ণের তপস্যা বলে।...চেতনার অবরভূমি তার উত্তরভূমির প্রথম সোপান। আধার বন্দুত আলোকেরই ঘনবিগ্রহ। অচিতির মধ্যেই গৃহাহিত হয়ে আছে অতিচিতির ন্বর্পবীর্ষ। খন্ডবােধ ও অন্তচেতনার যে-বঞ্চনা, সে আছে শৃধ্ব আমাদের উদ্দীপ্ত পাের্ম্ব অবচেতনার অতলগহন হতে ঋতন্তরা অদৈবতচেতনার ঋদিধকে ছিনিয়ে আনবে বলেই। ভাবকের রহস্যময় সন্ধাভাষায় প্রাচীন ঋষিরা এই কথাই বলতে চেয়েছিলেন। বান্চবের দীনতালাঞ্ছিত মান্বের দিবায় জন্মনে এই-যে অনির্বাণ আক্তি, তার আর কোনত তাংপর্য থাকতে পারে না। এই অন্তক্বলিত জগতে কোথাহতে এল তার ঋত-প্রতিষ্ঠার সংশয়হীন কম্পনা, তার অশান্বত চেতনার ক্ষীণ থদ্যাতিকায় কি করে জনলে উঠল দৈবী অভাংসার লেলিহান শিখা—যদি দিবাজীবনের সিদ্ধি বিশেবর কোথাও শান্বত না হয়ে থাকবে আনন্দ অমৃত বিদ্যা ও বীর্যের উপচয়ে?

বাস্তবিক লোকস্থির আদর্শ সার্থক হতে পারে অখণ্ড অশ্বৈতচেতনার সেই ভূমিতে, বেখানে আত্মার অনন্ত ঐশ্বর্য আত্মসংবিতের অকুন্ঠিত স্বধায় ম্ফ্রিত হয়েছে। কিন্তু আমরা যে-লোকে আছি, তার মূলে রয়েছে একটা বিপরীতভাবনার সংবেগ। অনাদি আঁচতির প্রবর্তনা এখানে প্রাণের মধ্যে স্ফর্রিত হয়েছে খণ্ডিত ও সংকুচিত আত্মচেতনার আকারে। এক স্বয়স্ভূ তামসী শক্তির কাছে আত্মসচেতন জীবের অবশ বশ্যতা আধারে স্বারাজ্য- ও সাম্রাজ্য-সিদ্ধির কচ্ছ্যুসাধনায় ফুটে উঠছে—অন্ধপ্রকৃতির মূঢ় আবর্তনের মধ্যে সে চাইছে প্রবৃদ্ধ চেতনা ও সংকল্পের স্বচ্ছণ প্রতিষ্ঠা। মনে হয়, বিশেবর দিকে-দিকে ছেয়ে আছে এক অন্ধ জড়শক্তির বিপলে বাধা, নিখিল জাড়ে এক দ্বিনবার আদিমনিয়তির মূড় সংবেগ (যদিও এখন জানি, আমাদের এ-আশংকা নিরাধার)। আর তার প্রতিস্পর্ধিরপে দেখা দিয়েছে আমাদেরই প্রবংশ চেতনা ও সঞ্চল্পের ক্ষণিকা, যা সেই অনাদি জড়শক্তির একটা খণ্ডিত পরি-ণাম, তারই প্রশাসনে বিধৃত একটা ক্ষণভঞ্গের লীলা মাত্র। মনে হয় না কি, এ-দ্বয়ের সংঘাতে অবশেষে জড়শক্তিই সর্বজয়া হবে? আপাতদ,ণ্টিতে অচিতি আমাদের আদি এবং অন্ত। অতএব তার বক্ষ হতে বিচ্ছারিত চিংকণকে একটা সাময়িক স্ফুরেণ বলে মনে হওয়া আশ্চর্য নয়। আঁধারের বুকে স্ফ্রলিপ্সের দীপ্তি মুহুতের মধ্যে আঁধারেই তলিয়ে যাবে—জীবাত্মার হয়তো এই নিয়তি। বিশ্বরূপ অশ্বখের ঘন-করাল পল্লবচ্ছায়ায় এ শাধ্য চকিতে ফ্রটে-ওঠা ক্ষণিকার মঞ্জরী। অথবা আত্মা যদি শাশ্বতই হয় তব সে এখানে আগণ্ডুক মাত্র। তার স্বধাম প্রপঞ্চের অতীত কোনও লোকোত্তর-ভূমিতে—অচিতির রাজ্যে সে শ্বেদ্ব দর্শিনের অব্যঞ্জিত ও অবজ্ঞাত অতিথি। অচিতির অন্ধকারে চপলার ক্ষণদীপ্তি যদি সে নাও হয়, তব্ব তার আবির্ভাবকে বলব একটা বিশ্রম—অতিচেতন দিব্যজ্যোতির একটা অবস্থলন!

তা-ই যদি সত্য হয়, তাহলে চার্রাদকে এই মুট্টো অবিশ্বাস ও নৈরাশোর বিরুদ্ধে কেবল সে-ই তাল ঠুকে দাঁড়াতে পারে যে একটা আদুশের দিব্যো-মাদ নিয়ে কোন্ লোকোত্তর ভূমি হতে এই মত্ত্যের বুকে ঝাঁপিয়ে পড়েছে। এই ধরণীর ধ্লিতেই দ্যুলোকের স্বংনকে সফল করবার দিবা প্রেরণায় উদ্দীপ্ত হয়ে কোনও বাধাকেই সে মানবে না বাধা বলে, দিব্যমহিমার অলখদ্যতি আর অনাহতবাণীই সকল বিক্ষোভের মধ্যে তার চিত্তে জাগিয়ে রাখবে নীরন্ধ তপস্যার প্রশান্ত বীর্য।...বাস্তবিক, ব্রন্থিমান মানুষ কোর্নাদনই এধরনের পাগলামিতে খেপে ওঠে না। গ্রহের ফেরে ওপারের আলেয়ার পিছনে দর্নিন ছোটাছর্টি ক'রে অবশেষে এ-প্রয়াস যে একেবারে নির্থাক এই ভেবেই সে আশ্বদত হয়। জডবাদী স্থিরবৃদ্ধ। অচিতির অন্তিবত'নীয় শাসনকে মেনে নিয়ে তার মধ্যেই যতটকু সম্ভব ভোগৈশ্বর্ষের আয়োজন ক'রে সে খুশা। তার সিদ্ধি বিদ্যা ও সূখে যদি ক্ষণস্থায়ী ও খণ্ডিতও হয়, তাতে তার আপত্তি নাই—কেননা সে জানে, মানুষের প্রবৃদ্ধ চেতনা ও সংকল্প প্রকৃতির যক্তম্ প্রশাসনকে কৃচ্ছ্রসাধনায় যতটাুকু স্ববশে আনতে পারে ততটাুকুই তার লাভ। ধর্মবাদী চাইছে দ্যুলোকের আলো। কিন্তু সেও ভাবে, পূথিবীতে তো সে-আলো ফোটবার নয়। দিব্যকাম দিব্যরতি ও দিব্যপ্রাণের সংধারসে স্লাবিত বৈক্রুঠের যে অনাবিল শুদ্রমহিমা, সে তো শাশ্বত হয়ে আছে বিরজার ওপারে। দার্শনিক মরমীয়া জানে, বহির্জাগৎ অন্তর্জাগৎ সমস্তই চিত্তের বিদ্রম, অতএব অলক্ষণ নিবিশেষতত্ত্বে অথবা নির্বাণের মহাশ্ন্যতায় আত্মবিলোপই মান্ধের পুরুষার্থ। দৈবী মায়ায় সম্মোহিত জীব যদি কখনও অবিদ্যাকবলিত এই ক্ষণিকের মেলার মধ্যে দিবাসম্ভূতির স্বংন দেখে থাকে, তাহলেও তার ভুল একদিন ভাঙবেই। তখন সে আর আলেয়ার পিছ্র-পিছ্র ছর্টতে চাইবে না।... তব্ব মান্ত্র্য আরেকটা দিকও ভেবেছে। অপরা প্রকৃতির আঁধার আর চিৎসত্তার জ্যোতি যদি একই সন্তার এপিঠ-ওপিঠ হয়, উভয়ের পিছনে যদি 'একং সং'এর উদার ও অচল প্রতিষ্ঠা থেকে থাকে, তাহলে দুয়ের মাঝে সমন্বয় ঘটাবার— অন্তত শ্রুতির রহস্যাখ্যায়িকায় স্চিত সেতৃকধনের কল্পনাকে বাস্তবর্প দেবার প্রয়াস কি একেবারেই অর্থহীন? এমন-একটা সম্ভাবনার প্রতি নির্চ শ্রুদধার বলে মানুষ যুগে-যুগে প্থিবীর বুকে অমরাবতীর স্বণন দেখে এসেছে। মান্ব পূর্ণ হবে, তার সমাজ নিখ্ত হবে, আলোয়ারের জগতে একদিন নেমে আসবেন বিষয় বৈকৃষ্ঠ হতে দেবতাদের সংগ্য নিয়ে, এই প্রিথ-

বীতে প্রতিষ্ঠিত হবে 'সাধ্নাং রাজাম্' বা জগলাথের পরেী, এক নবীন মন্বন্তর নিয়ে আসবে শাশ্বত স্বর্গরাজ্যের স্টুনা—যুগে-যুগে এমন-কত ম্বংনর দেয়ালি মানুষের কল্পনায়। কিন্তু এ-কল্পনার মূলে প্রত্যক্ষ-অন্ভবের স্থির প্রত্যয় ছিল না। তাই চিরকাল ভবিষ্যের স্বশ্নদীপ্রি আর বর্তমানের করালছায়ার মধ্যে মানুষের মন দোল থেয়েছে। কিন্তু এ-করালছায়া একেবারে অনপসার্য নাও হতে পারে। এই পার্থিব প্রকৃতির চিন্মরপরিণাম হয়তো শুধু ভাবকের স্বর্গনবিলাস নয়, হয়তো তার পিছনে আছে মহাশক্তির নিগতে আকৃতি। অথচ পরাভব ও কার্পণাের শ্লানি মানুষকে বহন করতেই হয়, কেননা জ্ঞাতসারে হ'ক বা অজ্ঞাতসারে হ'ক, একটা ন্বর পনিষ্ঠ দৈবতবোধে আজ পর্যন্ত তার চেতনা জর্জারত। আর এই দৈবত-বোধ হতে তার মধ্যে দেখা দেয় চিতি আর অচিতি, দ্যালোক আর ভূলোক, বন্ধা আর জগং, অসীম এক আর সসীম নানা, বিদ্যা আর অবিদ্যার মাঝে অন্যোন্যবিরোধের অনপনেয় ব্যবধান। কিন্তু এতক্ষণ নার্নাদিক বিচার করে এইটাকু আমরা ব্রুঝেছি, এই বিরোধ-কল্পনার পিছনে রয়েছে আমাদের প্রাকৃত-মনের সংস্কার বা চিরাভাস্ত খণ্ডদর্শনের যুক্তি। দেখেছি, আমরা যাকে বলি মাটির প্রিবী, বৈদিক ঋষির ভাষায় সেও 'অগ্নবাসা হিরণ্যক্ষাঃ', তারও হ্দরখানি প্রতিষ্ঠিত রয়েছে 'পরমে ব্যোমন্', সেও 'অদিতিঃ কবিঃ', তারও মধ্যে গোপন রয়েছে 'ভুজিষ্যং পাত্রম্'—দিব্যসন্ভোগের স্ব্ধাপাত। আমাদের এই বর্তমান অবরসত্তাতেই নিহিত রয়েছে তার অতিম্থিতির তত্ত্ব এবং প্রেতি: অতএব নিজেরই উত্তরায়ণ ও রূপাশ্তরের সংবেগে স্বোত্তরভূমিতে আর্ঢ় হয়ে আপন স্বরূপসত্তাকে পূর্ণমহিমায় প্রকট করা তো তার পক্ষে অসাধ্য নয়। তাই অচিতি ও অবিদ্যার সংখ্য এই দ্বন্দ্বযুদ্ধে জয়শ্রী যে একদিন আমাদেরই অঙ্কগতা হবে, এ-প্রত্যাশা অযৌক্তিক কি ?

কিন্তু বিদ্যা আর অবিদ্যার সহভাব সম্ভব হল কি করে, সে-প্রশেনর সমাধান এখনও আমাদের বিচারে স্বচ্ছ হয়ে ওঠেন। একথা মানি, যে-পরিবেশ হতে আমাদের ধারা শ্রু, তার মধ্যে রয়েছে চিন্ময় সত্যের সংগ্র আদর্শগত একটা বিরোধ—আলো-আধারের বিরোধের মত। আর, সে-বিরোধের উপাদান ধ্রণিয়েছে আত্মা এবং বিশ্বাত্মা প্র্রুষের প্ররুপ সম্পর্কে জীবের অজ্ঞান। তারও ম্লে রয়েছে বিশ্বগত এক অনাদি অবিদ্যা, আত্ম-সংকাচ হল যার পরিণাম। জীবনকে সে-অবিদ্যা খণ্ডিত সত্তা ও চেতনার ভিত্তিতে গড়েছে, জীবের সংকলপ ও সামর্থ্যের মাঝে টেনেছে বিভাজনের গভীর রেখা, তার অল্তর্জ্যোতিকে করেছে খর্ব, তার জ্ঞানে বীর্ষে ও প্রেমে এনেছে খণ্ডতার সংক্ষাচ। তার ফলে আধারে দেখা দিয়েছে অহমিকা, তামসিকতা, শক্তির কুন্ঠা, জ্ঞান ও সংকলেশর অপপ্রয়োগ, বৈষম্য, দ্বর্বলতা ও দ্বঃখতাপ।

দেখেছি, অবিদ্যা জড় ও প্রাণের আশ্রিত হলেও তার মূল কিন্তু মনঃপ্রকৃতিতে। অখণ্ড অমিত চেতনাকে মিত সংকৃতিত ও বিশোষত করে খণ্ডিত করাই হল মনের ধর্ম এবং অবিদ্যারও বীজ এইখানে। কিন্তু মনও তো বিশেবর একটা মৌলিক তত্ব। সেও তো অন্বয় এবং ব্রহ্মস্বর্প। স্তরাং তার মধ্যে যেমন খণ্ডন ও বিশেষণের প্রবৃত্তি আছে, তেমনি আছে একছ- ও সামান্য-প্রতারের দিকেও একটা ঝোঁক। মনের এই বিশেষণী বৃত্তিই অবিদ্যার আকারে দেখা দেয়। তখন উত্তরজ্যোতির উৎসমূল হতে বিবিক্ত হয়ে খণ্ডনব্যাপারকেই সে একান্ত করে তোলে। তাতে যে মনের বিশিষ্ট স্বভাবটি শুধ্ প্রকাশ পার তা নয়, বিশেষণী বৃত্তির প্রতি ঐকান্তিক পক্ষপাতের দর্ন জ্ঞানের একটা দিক ছাড়া আর-সব দিক তার দৃষ্টি হতে আড়াল হয়ে যায়। মনের এই বিশেষ-দর্শনের পিছনে একত্বের সামান্যপ্রতায় অস্পন্ট একটা ভূমিকা মাত্র রচনা করে। তাই বিশেষের বিবিক্তজ্ঞানকে সম্পূর্ণ ক'রে বহু বিশেষকে জোড়া দিয়ে সামান্যজ্ঞানের একটা আভাস রচনা করা ছাড়া তাকে তার ফিরে পাবার আর-কোনও উপায় থাকে না। বিশেষের প্রতি এই ঝোঁক বা অন্যব্যাবৃত্তিই হল অবিদ্যার প্রাণ।

বিশেষের প্রতি ঝোঁক তাহলে চেতনার একটা অসাধারণ বৃত্তি এবং আমাদের জীবনের সমস্ত অনথের মূলে আছে তারই প্রবর্তনা। এবার এই অন্যব্যাবৃত্তির সকল তত্ত্ব আমাদের খাটিয়ে জানতে হবে। আবিষ্কার করতে হবে—শান্ধ্ তার স্বর্প- ও নিদান-কথাই নয়, দেখতে হবে কি তার শান্তে ও প্রবৃত্তির ধারা, কোথায় তার চরম পরিণাম এবং কি করেই-বা তার উচ্ছেদ সম্ভব।...বিশ্বে অবিদ্যার ঠাই হল কেমন করে? অন্তহীন পরা সংবিতের কোন্ শাক্তর লীলায় তাঁর অখন্ড আম্বচেতনাকে গান্ঠিত করে দেখা দিল একান্ত-বিবিক্ত খন্ডচেতনার এই বিশেষণী বৃত্তি? কোনও-কোনও দার্শনিক* বলেন : এ-জিজ্ঞাসার কোনও উত্তর নাই—কেননা অবিদ্যা বিশ্বের এক অনাদি রহস্যা, তার হেত্নির্পণ অবিদ্যাপ্রস্ত বৃদ্ধির সাধ্য নয়। আমরা শাধ্ব বলতে পারি. অবিদ্যা আছে এবং এই এই তার কাজ। বিশ্বমূল পরমার্থত সং না অসং—সে-প্রশেনর উত্তর দেওয়া ষেমন অসম্ভব, তেমনি নিম্প্রয়োজন। দেখছি, মায়া আছে—অবিদ্যা বা বিশ্রম তার একটা মৌলিক বিভাব। বিদ্যা আর অবিদ্যা

^{স্বাধ্যদেবের মতে জগংরহস্য অব্যাকৃত থাকাই উচিত। কি করে পঞ্জুক্কশ্বের সংযোগে অত্যাত্ত্বক আত্মভাবের উদর হল, তাকে আশ্রয় করে কি করে শ্র্র হল দ্বেশম সংসারের আবর্তন, এই ভব-চক্র হতে নিম্কৃতি পাওয়া যায় কেমন করে—আমাদের এইট্কু জানলেই ববেন্ট। কর্ম আছে; মিধ্যা সংযোজনবশত নাম-র্প ও আত্মভাবের কল্পনাই দ্বেশহেত্ব: কর্ম আত্মভাব ও দ্বংশ হতে বৈম্ক হওয়াই আমাদের প্র্র্যার্থ; এই বিম্কি শ্রেয় আমরা উত্তীর্ণ হব লোকোত্তর শাশ্বত-ধাতুর অধিকারে; অতএব বিম্ভিমার্গই আর্বসত্য—এই তাঁর মত।}

দ্বইই রক্ষের মায়াশক্তিতে নির্চ়ে একটা দ্বিদল বিভূতি মাত্র। এই দ্বৈতকে দ্বীকার করে বিদ্যার সহায়ে বিদ্যা-অবিদ্যার পারে যাওয়াই আমাদের লক্ষ্য। তার জন্যে বিশ্বের সব-কিছ্বকে অশাদ্বত জেনে এই মান্মার খেলার অসারতা উপলব্ধি করে জীবন-সন্ন্যাসকেই যদি জীবনের সাধনা করি, তাতেই-বা আপত্তি কি?

কিন্তু অবিদ্যার প্রশ্নকে এমন করে এড়িয়ে গিয়ে মান্বের মন তাপ্ত হতে পারে না। তাই দেখি, বৃষ্ধদেবের অব্যাকৃত তত্তকে ব্যাকৃত করবার চেণ্টা বৌশ্ধেরাও কিছু কম করেননি। যেসব দার্শনিক অবিদ্যার নিদানকথাকে পাশ কাটিয়ে গেছেন, তাঁরাও কিন্তু অবিদ্যানিব,ত্তির পথ দেখাতে এমন-সব সন্দরে-প্রস্ত সিম্ধান্তের অবতারণা করেছেন, যাদের প্রতিষ্ঠা শুধু-যে অবিদ্যার প্রবৃত্তি ও লক্ষণের একটা অভ্যুপগ্রমের 'পরে তা নয়। অবিদ্যাকে বিশেবর একটা মোলিক তত্ত্বের পর্যায়ে না ফেলে এসব উক্তি করা তাঁদের পক্ষে সম্ভবই হত না। বার্ন্তবিক, নিদানের আলোচনা না করেই ভৈষজ্যের ব্যবস্থাকে কোনমতেই আরোগ্যশাস্ত্রের বৈজ্ঞানিক পর্ম্বাত বলা চলে না। শ্রর্তেই নিদানকথাকে চেপে গেলে চিকিৎসকের উক্তি সত্য কিনা, কোনও গলদ আছে কিনা তাঁর বাবস্থাপত্রে. এসব বিচার করবার কোনও উপায় থাকে না। এমনও তো হতে পারে, আজ পর্যন্ত বেপরোয়া ছুরির চালিয়ে রোগ নিকাশ করতে গিয়ে রুগি-নিকাশের যে আস্কারিক ব্যবস্থার চল রয়েছে, তার চাইতে সম্পুর্র ও স্বাভাষিক উপায়ে সর্বা॰গীণ আরোগ্যের বিধান কোথাও আছে। তাছাড়া মানুষ মনন-ধর্মী, অতএব জ্ঞানের প্রসার ঘটানো তার স্বাভাবিক ধর্ম। বুলিধ দিয়ে অবিদ্যার স্বরূপ অথবা বিশ্বের কোনও মৌলতত্ত নিখতেভাবে জানা তার পক্ষে সম্ভব নাও হতে পারে, কেননা প্রাকৃত ব্র্ণিধ বস্তুকে জানে শ্ব্ধ্ তার लक्कन रेविमच्छा धर्म <u>अर्वा</u>ख ७ अत्गानामन्तरभव भर्यातक्कन ७ अन्यमीलन न्वाता —তার অতীন্দ্রিয় স্বর্পসত্তার প্রত্যক্ষ উপলব্ধিন্বারা নয়। কিন্তু অবিদ্যার বহিরগে প্রবৃত্তির স্ক্র্যাতিস্ক্রা পর্যবেক্ষণে ক্রমে তার রূপ আমাদের কাছে নিখৃত স্পত্ত হয়ে উঠতে পারে। এবং অবশেষে একদিন—বৃদ্ধি দিয়ে নয়, আত্মস্বরূপের মধ্যে সত্যের জ্যোতিম্ব অপরোক্ষ অনুভবে—আমরা হয়তো তার বাণীরূপ এবং তার স্বরূপের অভিজ্ঞা খুজে পেতে পারি। এর্মান করে বুন্দির শ্বন্দিতে বোধির ভূমিতে উত্তীর্ণ হয়ে অবিদ্যার তত্ত্বসাক্ষাৎকার সম্ভব। মান্য বৃদ্ধির সহায়েই বোধির দিকে চলে। সত্যের আকৃতি তার কাছে মনন- ও বিবেক-সাধনার চরম পর্বে বোধির দুয়ার উন্মুক্ত করে দেয়। তথন উপবহরে জ্যোতির প্রপাতে না-জানার তিমিরাবরণ ভেঙে যায় এবং তার প্রবেগে 'জানা' হয় 'হওয়া'তে রূপান্তরিত।

একথা সত্য, মনোময় জীবের কাছে অবিদ্যার তত্ত্ব অনির্বাচনীয়। কেননা,

তার বৃদ্ধি অবিদ্যারই বিভূতি; অতএব ভেদচেতনার প্রথম উন্মেষে যে-ভূমিতে বিবিক্তমনের বিস্থিট, প্রাকৃত-বৃদ্ধির সীমিত বিবেকশক্তি কোনমতেই সে আদিবিন্দন্তে উত্তীর্ণ হতে পারে না। কিন্তু এমন করে ধরতে গেলে শ্ব্ধ অবিদ্যার তত্ত্ব কেন, যে-কোনও বন্তুর মূল তত্ত্বই তো বৃদ্ধির নাগালের বাইরে। তাবলে কিছুই জানা যায় না ভেবে মানুষ তো চূপ করে বসে থাকতে পারে না। এই অবিদ্যার মধ্যেই তাকে বিদ্যার তপস্যা করতে হবে। অবিদ্যাকে প্রীকার করে নিয়েই তার রহস্যভেদের প্রয়াসে তাকে উত্তরায়ণের পথিক হতে হবে। দীর্ঘকালের নিরন্তর তপস্যায় অবিদ্যার সকল আবরণ একে-একে র্যাসয়ে ফেলে অবশেষে তাকে পেছিতে হবে সত্যের সেই উপান্ত্যভূমিতে, হিরন্ময় পাত্রে অবিদ্যা যেখানে রচেছে তার আলোর আড়াল। চিন্ময়ী প্রকৃতির নবোন্দেম্বিত সাধনসন্পদের বীর্ষে তাকে পার হতে হবে অবিদ্যার ওই অলীক অথচ দ্বত্যয়া মায়া।

অবিদ্যাশক্তির গতি-প্রকৃতি নিয়ে যে-ধরনের আলোচনা এতদিন আমরা করে এসেছি, তার চাইতে আরও গভীরে ড্বে এবার তার স্বর্প ও নিদান-সম্পর্কে আমাদের ধাবণাকে আরও স্মান্তিত করতে হবে। প্রথমে চাই অবিদ্যার আক্ষরিক অর্থের একটা নিখৃত বিবৃতি। বিদ্যা ও অবিদ্যার বিবেক ঋণেবদের ঋষিরাও করেছেন। তাঁদের কাছে বিদ্যা হল সত্য ও ঋতের অপরোক্ষ-চেতনা এবং তারই অনুকলে যা-কিছু। আর অবিদ্যা হল সত্য ও ঋতের অচেতনা বা 'অচিত্তি'। এই অচিত্তি শুখু-যে সত্যের বীর্যকে ব্যাহত করে তা নয়, তার প্রতীপস্থির দ্বারা অসতা ও অন্তকে প্**ন্টও করে।** অতি-মানস সত্যের দর্শন হয় যে-দিব্যচক্ষতে, তার অভাবই অবিদ্যা—তা-ই বৈদিক ঋষির 'অচিত্তি' অর্থাৎ চেতনার অসামর্থ্য। বিদ্যা বা 'চিত্তি' তার বিপরীত--সে হল চিন্ময় দর্শন ও বিজ্ঞানের দিব্য সামর্থ্য। যে 'অপ্রকেতং সলিলম্' বা অচেতনার সম্দ্র হতে এ-জগতের উল্ভব, ব্যাবহারিক প্রবৃত্তির দিক থেকে বিচার করলে অচিত্তিকে তার সমানধ'মা বলতে পারি না। তাকে বরং বলা চলে সংকৃচিত চেতনা—অন,তের, দিতির বা অন্পের চেতনা। সম্যক্দর্শন অথবা ঋতের, অদিতির বা ভূমার জ্যোতিম'র চেতনা তার বিপরীত। সংকোচ-ধর্মী বলে অচিত্তির প্রত্যয় স্বভাবতই অন্ত-চেতনায় পর্যবিসত হয় এবং তার স্বযোগ নিয়ে ব্রপ্র, দিতিতনয় বা দস্যুরা মান্বের জ্যোতিরেষণাকে পরাভূত করে—তার অন্তরের জ্ঞানদীপকে নির্বাপিত ক'রে 'অদেবী মায়া'র প্রভাবে স্ছিট করে মিথ্যার বিভ্রম। মারার প্রাচীন অর্থ ছিল চিন্মর দ্রুত্ বা স্জনের দিবা-প্রতিভা—শাশ্বত প্রমুমায়ীর দিবামায়া। কখনও-কখনও অবরজ্ঞানের প্রতীপ কৃতিশক্তিকেও বলা হত মায়া—কুহকী প্রবণ্ডক রাক্ষসের রক্ষোমায়া। কিন্তু পরের যুগে মারার অর্থসঞেকাচ হতে অর্থের বিকার ঘটেছে। আমরা এখন

বিভ্রম ও প্রতিভাসের স্মৃিট্কারিণী 'অদেবী মায়া'কেই মায়া বলে জানি। বেদে বস্তুর স্বর্পসত্যের অভিজ্ঞা হল দিব্যমায়া। তার মধ্যে আছে বস্তুর স্বর্প ধর্ম ও প্রবৃত্তির ঋতম্ভরা প্রজ্ঞা। এই প্রজ্ঞা বা মায়াতেই প্রতিষ্ঠিত রয়েছে 'দেবানাম্ অদ্ধা ব্রতানি'—চিংশক্তিরাজির শাশ্বত অবিকল্পিত কৃতি ও স্থিতীর বীর্য। এই দেবমায়াকে আশ্রয় করেই মানুষের আধারে জ্যোতিলোকের দিব্য সামর্থ্য নেমে আসে।...শ্রতির এই দৃষ্টিকে ন্যায়প্রস্থানের ভাবে ও ভাষায় এইভাবে তর্জমা করা চলে : অবিদ্যা হল মনের সেই বিভজ্যবৃত্ত বোধ, যার মধ্যে বস্তুর অখণ্ড-স্বর্পের বা স্ব-ধর্মের প্রতায় নাই। একের ব্রেত গাঁথা চিৎ-भक्ति राजातीं पन त्य जानानाजात्वत नीनाम विभवमम र्हाज्त शर्फार — এ-চেতনা তার নাই। তাব ঝোঁক বিভক্তব,ত্তি বিশেষ ধর্ম, বিবিক্ত প্রতিভাস অথবা একদেশী সম্বন্ধের 'পরে। অখন্ডকে ছেড়েও যেন খন্ডকে বোঝা যায়, বিশেষকে ব্ঝতে যেন বিশ্বকে বোঝবার কোনও প্রয়োজন নাই—এই হল তার সত্যৈষণার ধারা। কিন্তু বিদ্যার লক্ষ্য সমাহার বা একত্বভাবনার দিকে। অতিমানস চিন্ময় বৃত্তি দিয়ে সে বস্তুর অথ ডস্বর্পের ও স্বধর্মের অনুভব পায়। সম্যক সন্বো-ধির জ্যোতিভূমি হতে বিশ্বের চিত্রবিভূতির 'পরে তার উদার দর্শন ছডিয়ে পড়ে —নিখিল জগৎ যেমন করে বাঁধা পড়েছে মহেশ্বরের দ্বালোকে আতত দ্বিটর আলিপ্সনে। বৈদিক ঝষির কাছে আঁচন্তিও মায়া অর্থাৎ মূলত জ্ঞানেরই শক্তি, কিন্তু সঙ্কোচের বশে তার যে-কোনও পর্বে রয়েছে মিথ্যা ও প্রমাদের অতর্কিত সংক্রমণের সম্ভাবনা। তাইতে বস্তুস্বরূপের বিকৃত প্রত্যয়ে তার পরিণাম ঘটে, যা ঋতম্ভরা প্রজার বিরোধী।

উপনিষদের বেদান্তে পাই এই কল্পনারই আরেক র্প। সেখানে চিত্তি আর অচিত্তির জারগায় দেখা দিয়েছে বিদ্যা আর অবিদ্যার স্পরিচিত বিরোধ। পরিভাষার পরিবর্তন ধরে অথেরও বিপরিগাম ঘটেছে। সত্যের এষণা যেহেত্ বিদ্যার স্বভাব, বিশ্বের ম্লে যখন রয়েছে 'একং সং', তখন বিদ্যার তাৎপর্য হল নির্বশেষ একবিজ্ঞান। আর অশ্বৈতচেতনার ভূমিকা হতে বিচ্যুত নানাম্বের বিবিক্ত জ্ঞানই হল অবিদ্যা—যার পরিচয় পাই বিশ্বের ব্যাবহারিক প্রতায়ে। বেদের বাণীতে বিচিত্র বাঞ্জনার যে অপর্প ঐশ্বর্য, বিশ্বরেতাম্খী দ্যোতনার যেইন্দ্রধন্ছেটা, ঋতভূৎ কল্পনার যে বিদ্যালময় ইন্গিত ছিল, পরের যুগে দর্শনের ওজনকরা ভাষায় আর সে মরমীচিন্তের সাবলীলতার সন্ধান মেলে না। তব্ আক্ষেবর্পের উদার উপলম্বির সংগে নাড়ীর যোগ একেবারে বিচ্ছিন্ন হয়ান। এ-জগৎ একটা অনাদি বিশ্রম, বিশ্বর চেতনা স্বণ্ন বা কুহকের চেতনা মাত্র—এই দৃষ্টি নিয়ে অবিদ্যার স্বর্প ব্যাখ্যা করবার রেওয়াক্ত তখনও দেখা দেয়ান। উপনিষদে অবিদ্যানেবীকৈ যেমন বলা হয়েছে : 'অন্থের হাত-ধরা অন্থের মত হেচিট থেয়ে চলেছে সে, বারবার ফিরে আসছে তারই জন্য ছড়ানো যে মরণের

ভাল তার কবলে'; তেমনি আবার একথাও বলা হয়েছে : 'অবিদ্যার আঁধারে রয়েছে যে, তার চাইতেও নিবিড় আঁধারে সে তলিয়ে যায় শ্ব্র্ বিদ্যাকেই যে আঁকড়ে থাকে; ব্রহ্মকৈ যে জানে বিদ্যা আর অবিদ্যা, এক আর নানা, সম্ভূতি আর অসম্ভূতি বলে, অবিদ্যা দিয়ে নানার অন্ভব ধরেই সে চলে যায় মরণের পারে, আর বিদ্যা দিয়ে পায় অম্তের অধিকার।' কারণ, সেই স্বয়ম্ভূই পরিভ্রুপে বহু হয়েছেন; তাই দিব্য-প্রয়্রেকে সম্বোধন করে উপনিষদের ঋষি উদাত্তকণ্ঠে বলতে পারেন। : 'তুমিই তো ওই চলেছ বংশ্ব হয়ে লাঠিতে ভর করে, তুমিই তো ওই কুমার আর কুমারী— এই নীল-পাথার আর ওই লাল-চোথের পাখিও যে তুমিই।' একথা ঋষি বলছেন না, অবিদ্যাচ্ছয় মনের কাছে এই হয়ে তুমি ফ্টছ যেন। উপনিষদের অনেকজায়গায় সম্ভূতির চাইতে অসম্ভূতির দিকে ঝোঁক বেশী, একথা সত্য। তব্ 'সর্ব'ং খাল্বদং ব্রহ্ম' 'সর্বমাঝ্যোভূৎ'—এই তার মূল স্বর।

উপনিষদে ভেদের যে-আভাস ছিল, পরের যুগে বেদাশ্তদর্শনে তা-ই হল পল্লবিত। একবিজ্ঞান যেহেত বিদ্যা আর নানাম্বজ্ঞান যখন অবিদ্যা তখন ঐকান্তিক ও বিভজাদশী তক্ব, নিধর কাছে বিদ্যা ও অবিদ্যার সহচার কিছ, তেই সম্ভব নয়। দুয়ের মাঝে যখন তত্তের ঐক্য নাই, তখন তাদের সমন্বয়ও অসম্ভব। অতএব বিদ্যা শাধা বিদ্যা, অবিদ্যা শাধা অবিদ্যাই। আবদ্যা বিদ্যার বিরোধী একটা বাস্তবতত্ত্ব—শ্বধ্ব তার সঙ্কোচ নয়। অবিদ্যার তাৎপর্য কেবল না-জানাতেই নয়—তার বাস্তব পরিণাম বিভ্রম ও বঞ্চনার সূচিতে, অবাস্তবের আপাত-প্রতিভাসে, মিথ্যার কালিক প্রতীতিতে। অবিদ্যার বিষয়বস্তু তাই কখনও সত্য ও শাশ্বত হতে পারে না। অতএব বিষয়ের নানাম্ব একটা বিভ্রম, অবিদ্যাকন্ত্রিক জগংও অবাস্তব। যতক্ষণ জগতের আপাতিক প্রতীতি, ততক্ষণ একধরনের বাস্তবতাও তার আছে বটে—স্বণ্নদশায় স্বণ্নের মত, বিকৃত্মস্তিষ্ক বা প্রলাপী রোগীর দূণিউতে দীর্ঘবিলম্বিত ছায়াছবির মত। কিন্তু যে-প্রতীতি আদিতে ছিল না, অন্তেও থাকবে না—মাঝখানেও সে থাকতে পারে না। অতএব প্রতীতির জগং তত্ত্বত মিথ্যাই। ব্রহ্ম এক এবং স্বাদ্বতীয়, সূত্রবাং তিনি কখনও বহুরেপে পরিণত হতে পারেন না। একম্ব আর বহুম্ব পরম্পর্নবরোধী বলে একই বিশেষ্যে দুটি বিরুদ্ধ বিশেষণ কোনমতেই খাটতে পারে না। অতএব ব্রহ্ম সত্যস্বরূপ হয়েও সত্য জগৎ সৃষ্টি করতে পারেন না। 'আত্মাই হয়েছেন সর্বভূত'—একেও বিশ্বের তত্ত্বপে বলতে পারি না। মন ভুগধনা কোনও অনিব চনীয় তত্ত্বে মানসপরিণামই নিবিশেষ-অন্বৈতের ভূমিকার নাম-র্পের বিকল্প ফুটিয়েছে। যা স্বর্পত অর্প অলক্ষণ ও নিবিশেষ, তাহতে বাস্তব রূপ ও বৈচিত্রের বিস্থিত কোনকালেই হবার নয়। অথবা বিস্থিতৈ যদি কর্থাণ্ডং-বাস্তব বলে মানতে হয়, তব্ বলব এ শুধ্ কালের কলনা। তাই এ

ক্ষণিকের মেলা বিদ্যার দীপ্তিতে শ্নো মিলিয়ে যায়—স্বেশিয়ে কুজ্বটিকার মত!

পরমার্থ-সং ও মায়ার স্বরূপ সম্পর্কে আমাদের যে-দূর্কট, তা নিয়ে আধুনিক বেদান্তের এই চ্লুচেরা তর্কদ্দিটর সংখ্য সায় দেওয়া চলে না। এইজনোই বেদান্তের প্রাচীন ধারার প্রতিই বরং আমাদের পক্ষপাত। আধর্নিক বেদান্তীর সর্বনাশা সিন্ধান্তের মধ্যে যে নিভাীক চিত্তের বজ্রদীপ্তি রয়েছে. তাকে প্রশংসা করতেই হয়। যতক্ষণ ব্যাপ্তিতে সংশয় না থাকে, ততক্ষণ ন্যায়ের এইসব সক্ষ্যোতিসক্ষ্যে সাধ্য-সাধনও যে অবাধিত এও স্বীকার করি। বন্ধাই যে এক-মাত্র সত্য এবং আত্মভাব ও জগংভাব সম্পর্কে আমাদের প্রাক্নত-মনের সংস্কার যে অবিদ্যাকল,ষিত অতএব অপূর্ণ ও প্রমাদগ্রন্ত—বৈদানতীর এ-দুটি প্রধান অভ্যুপগমের সংখ্য আমরাও একমত। তবু মানুষের বৃদ্ধির 'পরে প্রচলিত মায়াবাদের দোর্দ'ন্ড আধিপত্যকে নির্বিচারে মেনে নিতে আমরা একেবারেই অক্ষম। কিন্ত বিদ্যা ও অবিদ্যার স্বরূপ এবং অধিকারকে তলিয়ে না বুঝলে এতদিনের অভাস্ত সংস্কারকে পাল্টানো সহজ নয়। বিদ্যা আর অবিদ্যা যদি চেতনার অন্যোন্যবাব্তু স্ব-তন্ত্র দুটি বৃত্তি হয়, তাহলে দুয়ের মধ্যে সমন্বয়সাধন অসম্ভব। তথন বিশ্বকে বিভ্রম বলা ছাড়া আর উপায় থাকে না। অবিদ্যাই যদি জগৎ-ভাবের তত্ত্ব হয়, তাহলে আমাদের বিশ্বান ভবকে এমন-কি বিশ্বকেও বিভ্রম বলে মানতে হয়। অথবা যদি বলি, অবিদ্যা আমাদের স্ব-ভাবের ধর্ম নয়, কিন্তু চেতনার সে একটা শাশ্বত মৌল বিভাব মান্র--তাহলে বিশ্বের সত্য অবিদ্যানিরপেক্ষ হয় বটে। কিন্তু তাতে বিশ্বের অন্তর্ভুক্ত থেকে বিশ্বের স্বরূপ জানা জীবের পক্ষে অসম্ভব হয়। তার জন্য তাকে যেতে হয় মনোবাণীর অতীতে বিশ্বব্যাকৃতির ওপারে সেই লোকোত্তর অথবা উত্তরলোকের চিন্ময়ধামে, চেতনা যেখানে শাশ্বত-প্রের্ধের দিব্যভাবের সমধর্মা হয়ে 'স্পিটতেও যেমন উপজাত হয় না, তেমনি ব্রহ্মাণ্ডের প্রলয়েও হয় না বিচলিত।' কিন্ত শুধু শব্দের অর্থ ঘে'টে বা তর্কের নিপাণ জাল বিস্তার করে এ-সমস্যার সমাধান হবে না। তার জন্যে চাই চেতনার সকল তথ্যের সমাক পর্যবেক্ষণ ও পুরুখান পুরুখ পরিশীলন। প্রাকৃত-চেতনার উধের্ব অধে ও অন্তরালে যা-কিছ, গুহাহিত হয়ে আছে, অগ্রা-বুণিধর তীক্ষা এষণায় চাই তার মর্মসত্যের নিষ্কাশন।

'নৈষা তকে'ণ মতিরাপনেয়া'—অধ্যাত্মসত্যের নির্পণ তক'ব্নিধ দিয়ে হয় না। মনোবিদ্ দার্শনিক যাকে বিকল্পবৃত্তি বলেন, শব্দজ্ঞানের অন্পাতী সেই বস্তুশ্না ভাবের কুর্হোলকা নিয়ে তকে'র কারবার। এই বিকল্পই তার কাছে একান্তবাস্তব, তাই তার মোহ কাটিয়ে উদার সমগ্রদ্দিতৈ জীবনের সত্য স্বর্পটি সে দেখতে পায় না। আপন মেজাজ ঝোঁক বা সংস্কার অন্সারে

জগৎকে আমরা নানান্ভাবে দেখি এবং সেই দেখাকেই বৃন্দির কাছে যুক্তি দিয়ে সাজিয়ে তুলি। তাই যাকে ভাবি যুক্তিবিচারে পাওয়া, বাস্তবিক তার মূলে থাকে প্রাক্তন সংস্কারের নিগঢ়ে প্রেরণা। যে-দর্শনের 'পরে যাক্তির নির্ভার, সে র্ঘাদ সত্য ও সমগ্র হয়, তবেই যুক্তির প্রামাণ্য অনুস্বীকার্য হবে। বর্তমান প্রসঙ্গে সত্যের সম্যাক-দুন্ঘিতে চেতনার স্বরূপ এবং প্রামাণ্য বিচার করতে হবে. খ'্রজতে হবে কোথায় আমাদের চিত্তধর্মের উৎস, কতট্যকুই-বা তার অধিকার--কেননা এই গবেষণার ফলেই আমরা আত্মা এবং জগতের সত্ত ও প্রকৃতির মর্ম-পরিচয় পাব। প্রত্যক্ষ উপলব্ধি দিয়ে জানতে হবে—এই হল আমাদের জিজ্ঞাসার ধারা। তর্কবৃদ্ধি শুধু অপরোক্ষ অনুভবকে যুক্তির কাঠামোয় সাজিয়ে তার বিন্যাসকে মনের কাছে স্পষ্ট করে তুলবে—এছাড়া অনুভবের 'পরে তার কোনও নিয়ন্ত্রণ চলবে না। অথবা যে-সত্য যুক্তির বাঁধা ছকে আঁটল না, তাকে ছে'টে ফেলবারও কোনও অধিকার তার থাকবে না। বিভ্রম বিদ্যা বা অবিদ্যা—সমস্তই চেতনার ধর্মা অথবা পরিণাম। অতএব তত্ত্ব ও বিদ্রমের, বিদ্যা ও অবিদ্যার কি প্রকৃতি, প্রদ্পরের কি-ই বা সম্বন্ধ, তা জানতে হলে চেতনার গভীরে আমাদের জ্বতে হবে। পরমার্থ-সতের তত্ত্ব কি, বস্তুর স্বর্প এবং প্রকৃতিই-বা কি—এই হল আমাদের জিজ্ঞাসার মুখ্য বিষয়। কিন্তু সন্মাত্রের অভিমুখে একমাত্র চেতনার পথ ধরে আমরা এগিয়ে যেতে পারি। কেউ যদি বলেন পরমার্থ-সং অতিচেতন, অতএব তার রহস্যকে জানতে হলে চেতনাকে মুছে ফেলতে কি ছাড়িয়ে যেতে হবে, অথবা চেতনা নিজেই নিজের অতিদ্যিতি বা র্পান্তরদ্বারা সেই অগমের পরিচয় পাবে—তাহলেও তো একমাত্র চেতনার কাছেই ওই সর্বনাশা পথের খবর ধরা পড়ে। এ-পথ লুনিপ্তর হ'ক ক্রান্তির হ'ক বা রূপান্তরের হ'ক, তার সাধনা ও সিশ্ধির দায় তো চেতনারই। অতএব আমাদের প্রমপ্রর্ষার্থ হল, এই চেতনাকে দিয়েই সেই অতিচেতনাকে জানা। কোন্ নিগড়ে সামর্থ্যের বশে, কোন্ ক্রম অবলম্বন ক'রে অতিচেতন ভূমিতে সে উত্তীর্ণ হতে পারে—তার স্তুটি আবিষ্কার করাই আমাদের একমাত্র সাধনা।

কিন্তু ব্যাবহারিক জীবনে চেতনার মানসর্পের সঙ্গেই আমরা পরিচিত।
আমাদের কাছে চেতনা আর মন এক। তাই মনের আদিম প্রবৃত্তির সমীক্ষা
হবে এষণার গোড়ার কথা। অথচ মন আমাদের সন্তার সবখানি নয়। মন
ছাড়াও তার মধ্যে আছে দেহ আর প্রাণ, আছে অবচেতনা আর অচেতনা—তারও
পরে আছে এক অন্তর্যামী চিন্ময়সন্তার উৎসম্লে অন্তন্চেতনা আর অতিচেতনার নিগ্টে আবেশ। মনই যদি সব হত, অথবা চেতনার মোলিক র্প যদি
হত মনোময়, তাহলে বিশ্রম কি অবিদ্যাকে আমাদের জীবভাবের প্রস্তি বলা
চলত। কেননা, মনোধর্ম যথন জ্ঞানকে সংকুচিত বা আচ্ছয় করে, তখনই প্রমাদ
ও বিশ্রমের সৃষ্টি হয়—আর এমনতর মনঃকলিপত বিশ্রম দিয়ে আমাদের চেতনার

শ্রু,। স্তরাং সহজেই ধারণা হবে-মনই অবিদ্যার জননী, সে-ই আমাদের মধ্যে একটা মিথ্যা বিশ্বের বিভ্রম গড়ে তোলে। আসলে এ-জগৎ আমাদের চিত্তের প্রত্যক-বৃত্ত বিকল্প ছাড়া কিছুই নয় ৷...অথবা মন হয়তো একটা আশয় মাত্র— এক অনাদি অনিব্চনীয় মায়া বা অবিদ্যার্শক্তি তাতে নিক্ষেপ করে অশাশ্বত বিশ্ববিদ্রমের বীজ। এক্ষেত্রেও মন জননী—তবে কিনা 'বন্ধ্যা জননী', কেননা তার সন্তান অবাস্তব। আর মায়া বা অবিদ্যা এই প্রপঞ্চের মাতামহী, কারণ মায়াই মনের প্রসূতি। কিন্তু মাতামহী রহস্যের অবগ্র-ঠনে মুখ ঢেকে আছেন, তাঁকে তো চেনবার উপায় নাই। কে এই মায়া ? ব্রহ্মই একমার শাশ্বততত্ত হলে তাঁকে ছেড়ে তো মায়ার কল্পনা হতে পারে না। তখন শাশ্বততত্ত্বের 'পরেও একটা বিশ্ববিক**ল্পনা বা বিভ্রমচেতনার আরোপ** করতে হয়। স্বীকার করতে হয় : প্রপঞ্চের শিশ্পী কেউ আছে—হয় সে মন, অথবা তার অনুরূপ বৃহত্তর কোনও চেতনা। তারই প্রবর্তনায় বা অনুমতিতে প্রপঞ্চবিভ্রমের সূচ্চি। অথচ কোনও দুর্বোধ উপায়ে সুষ্টির সংগ্যে জড়িয়ে গিয়ে সে-চেতনা নিজেই স্বকল্পিত বিভ্রমের জালে বাঁধা পড়েছে। কিন্ত ব্রহ্ম ছাড়া যখন আর-কোনও তত্ত থাকতে পারে না, তখন ব্রহ্মই এই শিল্পিচেতনা অথবা তার আধার।...যদি বলা যায়, অনাদি বিশ্ববিদ্রমের প্রতিবিশ্বকে বা তত্ত্বের প্রতিচ্ছবিকে মন শুধু দর্পণের মত গ্রহণ করে, তাহলেও গোল মেটে না। কারণ, এই মনের দর্পণ কোথাহতে এল, শাশ্বত তত্ত্বভাবের এই অতাত্ত্বিক প্রতিবিশ্বই-বা এল কোথাহতে—এ-প্রশেনর তখনও কোনও মীমাংসা হয় না। নির্বিশেষ ও অনির্দেশ্য তত্ত্বের প্রতি জ্ঞবিও অনিদেশ্য এবং নিবিশেষ। তাহলে সবিশেষ বিশ্বকে কি করে বলি নিবি শেষ ব্রন্মের ছায়া ? যদি কেউ বলেন, দর্পণতল বন্ধরে বলেই প্রতিবিশেবর এই বিকৃতি দেখা দেয়—ক্ষুস্থ সরসীর বীচিভগেগ প্রতিবিশ্বিত চন্দ্রকলার চণ্ডল ছবির মত, তাহলেও মানতে হবে মনের মুকুরে সত্যেরই ছায়া পড়ে খণ্ডিত ও বিকৃত হয়ে, স্বতরাং তাকে আকাশকুস্মের মত একান্ত অলীক ও নিরাধার মিথ্যা নাম-র**্পের মায়া বলব কোন্ য_ুক্তি**তে? অতএব একথা অনুস্বীকার্য যে, এক অন্বয়তত্ত্বেরই আছে বিচিত্র সত্যবিভৃতি, মনঃকল্পিত জগতের চিত্রচ্ছবিতে তারই ছায়া পড়ে বাঁকাচোরা হয়ে। প্রতিবিদেবর বিকৃতি সত্য প্রকৃতিরই বিকৃতি, অতত্ত্বের বিকৃতি কথনও নয়। জগৎ তাহলে মিথ্যা নয়। সত্য জগৎকেই মনের কৃতি কি কম্পনা আমাদের কাছে উপস্থিত করে অপূর্ণ বা বিকৃত আকারে— এই কথাই সত্য। কিন্তু তাইতে প্রমাণ হয়, মনের প্রত্যক্ষ এবং ভাবনা তত্ত্বকে জানবার একটা প্রয়াস মাত্র। তারও ওপারে আছে এক সত্য বিজ্ঞান বা ঋতম্ভরা প্রজ্ঞা, যা বিশ্বাতীত তত্ত্বের আধারেই পায় এক তাত্ত্বিক বিশ্বের অপরোক্ষ ও যথাভত সংবিং।

বদি বিশেবর মূলে পরমার্থ-সং আর অবিদ্যাচ্ছল্ল মন ছাড়া আর কিছুই

না থাকত, তাহলে অবিদ্যাকে রন্ধোর স্বর্পশক্তি বলে মানতে হত এবং অবিদ্যা বা মায়াই তথন হত বিশ্বের জননী। বাধ্য হয়ে তথন বলতে হত, ব্রহ্ম স্বয়ংপ্রজ্ঞ হয়েও শাশ্বত মায়াশক্তিতে নিজেকে অথবা নিজেরই কোনও মায়াকচ্পিত প্রতি-ভাসকে মোহিত করছেন। মন সেক্ষেত্রে জীবের অবিদ্যাচেতনারপে মায়ার বিভতি মাত্র। যে-শক্তিতে ব্রহ্ম নিজের 'পরে নাম-রূপের আরোপ করেন, তা-ই মায়া। আর নাম-রূপকে সত্য বলে গ্রহণ করে যে-শক্তি, তা-ই মন।...অথবা রক্ষ বিভ্রমকে বিভ্রম জেনেই সূচি করছেন যে-শক্তিতে, তা-ই মায়া। আর বিভ্রমের স্বরূপ ভূলে গিয়ে তাকে সত্য বলে গ্রহণ করবার যে-শক্তি, তা-ই মন।...কিন্তু ব্রহ্মের আত্মসংবিৎ যদি তাঁর অখন্ডম্বরূপের চেতনাকে বহন করে, তাহলে এসব ফিকির খাটে না। বন্ধা যদি যুগপং জানা এবং না-জানা কিংবা অংশত-জানা অথবা অংশত-না-জানায় আত্মচেতনাকে খণ্ডিত করতে পারেন অথবা তাঁর অন্তত একটি কলাও যদি মায়াতে উপসংক্রান্ত হয়, তাহলে স্বীকার করতে হয়—ব্রহ্ম-চৈতন্যে এমন-একটা দৈবধ- বা বহুধা-বৃত্তি আছে যার একপিঠ তত্ত্বসংবিৎ আরেক পিঠ বিদ্রমসংবিং, একদিক অতিচেতনা আরেকদিক অবিদ্যাচেতনা। অখন্ডচেতনায় এমন ব্রিভেদ যুক্তিসংগত না হলেও একে না মেনে বখন উপায় নাই, তখন বাধ্য হয়ে বলতে হয়—চিম্জগতের এ একটা মনোবাণীর অগোচর অনিব'চনীয় রহস্য।...কিল্ডু যদি রহস্যবাদের আশ্রয় নিয়ে বিশেবর তত্ত্বমীমাংসা করতে হয়, তাহলে এক সম্ভূতি বা সন্মান্তের বহুতে রূপায়ণ এবং বহুর একীভাবে স্থিতি বা পরিণাম—একেও তো স্বচ্ছন্দে বিশ্বের নিতালীলা বলা চলে। যুক্তির কাছে এও প্রথমে একটা হে মালি মনে হয়। অথচ এ যে আমাদের নিত্যপরিচিত একটা তথ্য এবং তত্ত্ব, এও অনন্বীকার্য। কিন্তু একথা মানলে পরে বিশ্বব্যাপারের ব্যাখ্যায় মায়াবাদকে টেনে আনবার কি প্রয়োজন? তখন আমাদেরই অভ্যপগমকে উত্তরপক্ষরূপে স্থাপন করে কি বলতে পারি না— এক শাশ্বত ও অনন্ত সন্মাত্রই তাঁর শান্ধসত্ত্বের অমেয় অনবগাহ সত্যকে চিৎ-শক্তির নিরুত্ত মহিমায় বহুবিচিত্র ভাষ্ণাতে ও ছন্দে, অগণিত রূপ ও স্পন্দের বৈখরী বিভৃতিতে রূপায়িত করে চলেছেন? এই ভঞ্চি ও রূপ. এই ছন্দ ও দ্পন্দ তাঁর অন্তহীন তত্তভাবেরই তাত্তিক র পায়ণ ও বাস্তব পরিণাম। এমন-কি অচিতি এবং অবিদ্যাও অবাস্তব কিছু নয়। তারা তাঁর সংবৃত চেতনা ও দ্বতঃসীমিত বিজ্ঞানের বীর্য--ফ্রটেছে একটা প্রতীপ ভাগ্গতে। যে বৃদ্ত-সং অচিতির বিভূতিতে গ্রহাহিত হলেন, তিনিই আবার অবিদ্যার বিভূতিতে আপনাকে প্রকট করে চলেছেন আবরণের উন্মোচনে। তাঁর কালকলনার এই লীলাকে সার্থক করবার জন্যই অচিতি ও অবিদ্যার এই তির্থক বিক্ষেপ প্রয়োজন হয়। ব্রাহ্মী দিথতির এই ভাবনাও যাক্তির বাইরে, কিন্তু তবু এর সমগ্রতাকে স্বতোবিরোধে কণ্টকিত বলতে পারি না। একে স্ক্রুপটভাবে ধারণা

করবার জন্য চাই আমাদের আন-তাসম্পর্কিত বিকল্পব্তির সংস্কার এবং প্রসার।

শুধু মনকে ধরে অথবা মনের অবিদ্যাশক্তিকে দিয়ে আমরা কোনদিনই জানতে পারব না জগতের তত্ত্বপু কি, অথবা অতিচেতন ভূমির কোনও রহস্যেরই প্রমার্ণাসন্ধ পরিচয় পাব না। কিন্তু মনের মধ্যে কেবল যে অবিদ্যা-শক্তিই আছে তা নয়—একটা ঋতাভিম,খী প্রবর্তনাও আছে। বিদ্যা আর অবিদ্যা দর্শিকেই মনের দর্যার খোলা রয়েছে। অবিদ্যার আদিবিন্দর্ হতে শরুর করে প্রমাদের কুটিল পথে তার অভিযান শুরু হল বটে, তবু উজান বেয়ে বিদ্যার মানসতীর্থে উত্তীর্ণ হওয়াই তার চরম লক্ষ্য। সত্যৈষণা ও সত্যবিস্কৃষ্টি অথব। বিদ্যাভীপ্সা নচিকেতা-মনের একটা মোলিক প্রবৃত্তি—যদিও তার সামর্থা সীমিত এবং গোণ। কল্পনা ভাবচ্ছায়া বা সামান্যপ্রতায় দিয়ে মন যে সত্যের ছবি আঁকে, তারও মধ্যে থাকে সত্যবিদ্বেরই প্রতিবিদ্ব বা আ-ভাস। আমাদের চেতনার গহনে বা লোকোত্তর ভূমিতে যা বাস্তব হয়ে আছে, মনের মধ্যে ওই আ-ভাসে ভাসে তার রূপরেখা। জড় ও প্রাণ যে-তত্তভাবের রূপায়ণ, মন তাকে কতট্টকুই-বা জানে ? চিতেরও লোকোত্তর রহস্যগহনের সে কুণ্ঠাহত গ্রহীতা ও অপট্র লিপিকার মাত্র। **অতএব আমাদের মধ্যে সত্যের অখণ্ডরূপ ফ**ুটতে পারে—অতিমানসে অবমানসে বা মনের গভীরগহনে লুকানো আছে চেতনার যত দ্যোতনা সে-সবার সন্মিলিত সমীক্ষাতেই। নীচে উপরে সর্বাদকেই ছেয়ে আছে অসীম রহস্যের আঁধার—তার মধ্যে মন একটি ক্ষ্রদ্র দীপশিখা যেন। এই শিখাকে উল্জ্বল করে অতিচেতনার ভাস্বর দ্যুতিতে মানস অবমানস অতি-মানস ও অচিতির সকল গহন যদি আলোকিত করতে পারে তবেই নচিকেতার অভী•সা তার লক্ষ্যে পেশছবে।

অন্তরে অবগাহন করে এক সর্বান্স্ত্ত পরা সংবিতে যদি চেতনার পর-অবর দ্বিট ভূমি মিলিয়ে দিতে পারি, তাহলেই দেখি সত্যের আরেক র্প। জীবভাব ও জগংভাবের সকল তথ্যের যাচাই করলে দেখি, এক অখণ্ড সদ্ভাবের লীলা সর্বাহ—এমন-কি বহুদ্বের চরম বিভাবনাও বিধৃত রয়েছে একত্বের প্রশাসনে। অথচ বহুদ্বের প্রতীতি যে সত্য, এও অনুস্বীকার্য। একত্ব আর বহুত্ব একই সত্যের দ্বিট পিঠ, তাদের বিরোধ সংকীর্ণ বৃদ্ধির কলপনা শুধ্ব। সত্য বলতে একেরই লীলা সকল ঠাই। বাইরে যেখানে দ্বইএর খেলা, সেখানেও তালিয়ে দেখি দ্বই নাই, একই আছে। আমাদের চেতনায় যে দ্বইএর শ্বন্থ, সেশ্ব্র অখণ্ডসম্মান্তের অশ্বর সত্যের বি-রূপ বিভূতি। এ যেন একই আদিত্যদ্বিতিতে ছায়াতপের শ্বন্থ। চেতনার প্রসারে এ-শ্বন্থের বেদন মিটে যায়, কিন্তু একের বৈচিত্য তাতে লুপ্ত হয় না। যত নানার খেলা এক পরমার্থ-সতের বহুধার্ম পারলে মিলিয়ে যায় এক অখণ্ড-সচ্চিদানন্দের রসোদ্গারে। যাকে স্থ্ব-

দ্বংখের দ্বন্দ্ব বলি, তার মধ্যেও দেখেছি--দ্বঃখ অখণ্ড আনন্দেরই ছায়ার্প। দ্বংখের মধ্যে প্রচ্ছন্ন আছে আনন্দেরই তীরসংবেগ। আধারের শক্তিদৈন্যে অন্-় ভবিতা তাকে আত্মসাং করতে পারেনি, সইতে পারেনি তার বিদ্বাং-শিহরন— তাই সে দেখা দিয়েছে দঃখের রূপে। অতএব দঃখ আনন্দবিরোধী তত্ত নয় সে শ্বধ্ব আনন্দের অভিযাতে চেতনার তির্যক সাড়া মাত্র। তাই দেখি. আধারের শক্তি বাড়লে ও চেতনার প্রসার হলে, যাকে বলি দ্বঃখ তাও স্ব্য হয়ে ফ্টতে পারে। ব্যাবহারিক জীবনেও দেখি অবস্থাবিশেষে দঃখ হয় স্থ, স্থ হয় দৃঃখ। চেতনার প্রসারে দৃইই হতে পারে ব্রন্ধের আনন্দর্প। তেমনি যাকে বলি অশক্তি বা দুর্বলতা, সেও অন্বিতীয় বিশ্বশক্তির অথবা ব্রহ্মের সংকলপর্শাক্তর একটা বিশিষ্ট ভঙ্গি মাত্র। ব্রহ্মসংকল্পের দিক থেকে বিচার করলে দূর্বেলতাকে বলব তাঁর শক্তির আত্মসংহরণ করবার সামর্থ্য—যাতে তার নিরঙকুশ প্রবৃত্তিকে পরিমিত করে একটি বিশেষ ধারায় বইয়ে দেওয়া চলে। অর্থাৎ বিশেষ প্রয়োজনে আত্মার দিব্যক্তত্তর পূর্ণবীর্যকে সীমার সঙ্কোচে ফুটিয়ে তোলবার সামর্থ্যই হল অশক্তির সতার্প—অতএব তাকে শক্তির বিরোধী তত্ত্বলা যায় না।...তা-ই যদি হয়, তাহলে ঠিক এই ধারা ধরেই কি বলতে পারি না—অবিদ্যাও বিদ্যার বিরোধী নয়, সেও এক দিব্য কবিকত বা চিন্ময়ী মায়ার বিভৃতি মাত্র? বস্তৃত অবিদ্যার মধ্যে অন্বয় চিন্মাত্র পুরুষ তাঁর জ্ঞানা-শক্তিকে প্যারিত করতে চাইছেন একটা সংহতে সামিত ও সানিয়ত আকারে। অতএব 'অবিদায় প্রপঞ্জের উদয় আর বিদায় তার বিলয়'—দুয়ের মাঝে এই বিরোধের সম্বন্ধ সত্য নয়। বিদ্যা আর অবিদ্যা দূরইই জগতে কাজ করছে একই অন্তর্গতে সংবিতের প্রশাসনে। প্রবৃত্তিতে ভিন্ন হলেও তত্ত্বে তারা এক। অতএব তাদের অন্যোন্যপরিণামও নিতান্তই সহজ এবং স্বাভাবিক। কিন্তু বিশ্বচেতনার মৌলিক প্রবৃত্তি ধরে বিচার করলে অবিদ্যা বিদ্যার সহচারী হলেও সমকক্ষ নয়। আসলে বিদ্যাশক্তি মুখ্য, অবিদ্যাশক্তি গৌণ। অবিদ্যা বিদাারই সংকচিত অথবা তির্যক বৃত্তি।

অজ্ঞ অথচ মতুয়ার বৃদ্ধির আড়ন্ট সংস্কার মৃছে ফেলে স্বচ্ছন্দ ও সাবলীল দৃন্টিতে জগতের দিকে তাকাতে পারলে তবে তার তত্ত্ব জানা যায়। চৈতনাই বিশেবর মৃল, কিন্তু সে-চৈতনা 'শক্ত'—অশক্ত নয়। চিংশক্তিই বিশেবর আধার এবং তাতেই তার প্রেতি নিহিত। সাধারণত দেখি চিংশক্তির তিনটি প্রবৃত্তি। প্রথম দৃন্টিতে চোখে পড়ে নিখিল বিশেব অধিন্ঠিত পরিব্যাপ্ত অভিনিবিন্ট এক শাশ্বত সর্বগত স্বয়ংপ্রক্ত চেতনা—একত্ব আর বহুত্বের চতুন্কোটিই যার প্রভায় প্রভাস্বর। এই হল স্বয়ংসিন্ধ স্বয়ংপৃণ্ণ পরা সংবিতের আ-মর্শ, যার মধ্যে আত্মসংবিং ও সর্বসংবিতের দিবাসমাহার ঘটেছে। আবার সন্তার আরেক মেরুতে দেখি এই চেতনারই স্বয়ংবিস্ট বিরোধের বিলাস, অচিতির্পে আপা-

তিক আত্মবিলোপ যার চরম পরিণাম। আমাদের সাধারণদ্ ন্টিতে অচিতি চেতনার একান্ত প্রতিবেধ—যদিও সে স্থাণ্ম বন্ধ্যা বা অথ ক্রিয়াশ্ন্ন্য নয়। কিন্তু আমরা জানি, তার অচেতনা একটা প্রতিভাস মাত্র—তার মর্মে নিগ্রু হয়ে স্পন্দিত হচ্ছে দিবামায়ার অকুনিঠত ঈশনার ধ্রুব নির্মাত। এ-দ্রিট মের্র অন্তরালে তটন্থ হয়ে ফ্টেছে চেতনারই খণ্ডিত সংকুচিত আত্মসংবিং। কিন্তু এ-সংকাচও প্রতিভাস মাত্র, কেননা সর্বসংবিতের দিবা প্রতি তারও ভিতর দিয়ে অন্তর্গ্রু হয়ে কাজ করে চলেছে। চেতনার এই তটন্থশক্তিকে মনে হয় অচেতনা ও অতিচেতনার মাঝামাঝি একটা স্থাণ্ম বিভাব যেন। কিন্তু উদার দ্বিটতে দেখলে ব্রিঝ, এ শ্রুব্ মুড় বিক্ষেপশক্তি নয়, বয়ং একে বলা চলে বিদ্যাশক্তির একটা উপচীয়মান উৎক্ষেপ। এই তটন্থশক্তি বা উৎক্ষেপশক্তিকেই আমরা বলি অবিদ্যা। প্র্ণসংবিংকে ন্বেছায় উপসংহ্ত করবার যে-সামর্থ্য, জীবের মধ্যে তা-ই ধরে অবিদ্যার র্প এবং এতেই তার চেতনার বৈশিষ্ট্য প্রকাশ পায়। এইজনাই তত্ত্বত বিদ্যান্তর্ব্প হয়েও অবিদ্যা আমাদের কাছে অবিদ্যার্প প্রতিভাত হয়। এখন চিংশক্তির এই তিনটি বিভাবের নিদান ও অন্যোন্যসম্পর্ক নির্ভূপণ করাই হল আমাদের কাজ।

বিদ্যা আর অবিদ্যা তুল্যবল দুটি স্ব-তন্ত্র শক্তি হলে তাদের বিরোধের জের ঠেকত গিয়ে চেতনার চরমকোটিতে—নিবিশেষের যে-উৎস হতে তাদের যাগল ধারা নেমে এসেছে. তার মধ্যে তাদের সকল দ্বন্দের অবসান হত।* তথন বলা চলত—যথার্থ বিদ্যা হল নিবিশেষ অতিচেতনার সভাকে জানা। এছাড়া জীব জগং বা প্রাকৃত-চেতনার সত্যকে জানার মধ্যে একটা অপূর্ণতার রেশ থাকবেই, কিছু,-না-কিছু, অবিদ্যার খাদ মিশবেই। অপরা বিদ্যার আলো যত উদ্দির্মেই তাল না কেন, অবিদ্যার আলো-আধারির মায়া তাকে ঘিরে রাথবেই। হয়তো বিশ্বের মূলে যুগপং দ্ব-তন্ত্র হয়ে কাজ করছে ঋতদ্ভরা প্রজ্ঞার ছন্দঃসূত্রমা আর অচিতির অন্তকহকের প্রবর্তনা—যা বিশ্বের 'পরে ফেলছে চরম অসত্য অনর্থ ও সন্তাপের অনপসার্য করালছায়া। চিতি আর অচিতি দুয়েরই একটা অনপেক্ষ চরমকোটি আছে। এ-দুয়ের সংঘাতে নিথিল জ্বড়ে কেবল আলো-আঁধার ও ভাল-মন্দের রেষারেষি আর মেশার্মোশ চলছে। কোনও-কোনও দার্শনিক যে বলেন, শিব আর অশিব স্ব-তন্দ্রভাবে দুইই সত্য, দুয়েরই একটা অন্যানরপেক্ষ নিবিশেষ রূপ আছে, হয়তো সেকথা অসংগত নয়।,,,কিন্ত এ-দর্শন যে সম্যক নয়, তাও আমরা জানি। জানি, বিদ্যা আর র্অবিদ্যা একই আদিতাচেতনার ছায়াতপের সুষমা। বিদ্যার সঙ্কোচেই অবিদ্যার

^{*} পরব্রক্ষো বিদ্যা আর অবিদ্যা দুইই শাশ্বত হরে আছে, একথা উপনিষ্পেও পাই। কিন্তু তার অর্থ এই, পরা সংবিতের স্বরংপ্রজ্ঞাতে নানাস্থ-চেতনা আর একস্থ-চেতনা সহচরিত হরেই বিস্থিত্য হেতু হরেছে, অতএব তারা শাশ্বত আত্মসংবিতেরই দুটি বিভাব মাত্র।

আ-ভাস এবং এই সঙেকাচকে আশ্রয় করে প্রাকৃত চেতনায় দেখা দিয়েছে খণ্ড-বৃত্তি প্রমাদ ও বিভ্রমের গোণ সম্ভাবনা। এই সম্ভাবনাকে ষোলকলায় পূর্ণ হতে দেখি অচিতির তামস জড়তায় চিতিশক্তির সাক্ত অবগাহনে। আবার সেই তমিস্লার মৃতু গহন হতেই অঙ্কুরিত হতে দেখি চেতনার উপচীয়মান দীপ্তি এবং তারই আলোকে বিদ্যাশক্তির উন্মেষ। তাই আমরা জানি, অবিদ্যা যত মৃত্ হ'ক, নিগ্রু পরিণামশক্তির প্রেতিতে সে বিদ্যার ক্রমপ্রসারিত কুণ্ড-লনে র পাশ্তরিত হয়ে চলেছে। ক্রমে ভেঙে পড়বে তার বেন্টনী, বস্তুর ন্বর প্রসত্য হবে পূর্ণ প্রকটিত, বিশ্বগত অবিদ্যার আবরণ দীর্ণ করে ফটেবে বিশ্বসত্যের অনিবাণ দীপ্তি। এই ব্যাপারই ঘটছে : অন্তগ্রতি বিদ্যাশক্তির উন্মেষে তিলে-তিলে সাধিত হচ্ছে অবিদ্যার রূপান্তর—উষার বুকে মরে গিয়ে তার অন্ধকার আলোকের নবচ্ছটা হয়ে ফুটে উঠছে। সেই রূপান্তরেই বিশ্বের মর্ম চর সত্য বিদ্যুতের রেখায় সর্বগত প্রমার্থ-সতের স্বর্পদীপ্রিরূপে জনলে উঠবে। বিশ্বরহস্যের এই ব্যাখ্যা ধরে আমাদের সত্যের এষণা শ্রুর হয়েছিল। কিন্তু তার প্রামাণ্যকে প্রতিন্ঠিত করতে হবে আমাদের বহিশ্চর চেতনার সমীক্ষা দিয়ে। জানতে হবে, যা-কিছু, গোপন হয়ে আছে তার উপরে নীচে বা অন্তরে —তার সংশ্যে কি স্ত্রে সে বাঁধা। এমনি করেই আমরা অবিদ্যার প্রকৃতি ও অধিকারের পূর্ণ পরিচয় পেতে পারি। সেইস্থেগ আমাদের দূষ্টিতে ফুটে উঠবে, অবিদ্যা যার সংকৃচিত ও বিকৃত প্রকাশ সেই বিদ্যাশক্তিরও প্রকৃতি ও অধিকারের পূর্ণচ্ছবি—যার চরম প্রসার অখণ্ড আত্মসংবিং ও বিশ্বসংবিতের যুগলর্পে অধ্যামচেতার অন্তরে জন্মলায় সমগ্রসত্যের শাশ্বত দীপালি।

অন্টম অধ্যায়

স্মৃতি আত্মসংবিৎ ও অবিজাণ

প্ৰভাৰমেকে বৰ্দানত কালং তথানো।

শ্ৰেভাশ্ৰভৱোপনিবং ৬।১

ম্বভাবের কথা বলেন কেউ, কেউ-বা বলেন কালের কথা।

—শ্বেতাশ্বতর উপনিষদ (৬।১)·

त्य बाब इम्राला ब्राल काराम्हाकालम्ह।

स्वित्रभीतवः ७।১৫

ব্রহ্মেব দুটি রূপ-কাল এবং অকাল।

—হৈহী উপনিষদ (৬।১৫)

ততো রাগ্রজায়ত ততঃ সম্বেদ্রা অর্ণবঃ । সম্ভাদপ্রাদ্ধি সংবংসরো অজায়ত। বিশ্বস্য মিধতো বলী ॥

इ.८। ०८८। ०८ म्हे ग्रेक

তারপর রাত্রির জন্ম হল—তাহতে জন্মাল সত্তার প্রবহনত সম্দুর। আর সেই সম্দুপ্রবাহের ব্বে জন্মাল কাল—উন্মিক্ত বিশ্বের বশী যে।

भए वन (५०।५५०।५-२)

প্রান্য ভূরান্য। অপ্সরতে নৈৰ তে কণ্ডন. মণবীরল বিজানীরন্। বাবং প্রস্যু গতং ত্যাস্য ব্যাকাষ্টারে। ভ্রতি ॥

ছारमारगार्भानमः १।১৩

স্মৃতি তার চেয়ে বড়; স্মৃতি নইলে মনন হয় না, হয় না বিজ্ঞান। যতদুরে স্মৃতির গতি, ততদুর সে হয় কামচারী।

—ছান্দোগ্য উপনিষদ (৭।১৩)

এৰ হি দ্রুটা স্প্রুটা ল্লোডা ছাতা রসন্ধিতা মন্তা বোধা কর্তা বিজ্ঞানাত্মা প্রেবং।

প্রশেনাপনিষং ৪।৯

ইনিই তো দুন্টা স্পন্টা শ্রোতা দ্বাতা রসন্মিতা মন্তা বোদ্ধা কর্তা বিজ্ঞানাত্মা প্রবুষ আমাদের মধ্যে।

—প্রশ্ন উপনিষদ (৪।৯)

বিদ্যা আর অবিদ্যা চেতনার দ্বিট দল। তার মধ্যে প্রথমে আমাদের দ্বিট পড়বে অবিদ্যার 'পরে, কেননা অবিদ্যা চাইছে বিদ্যা হতে—এই আমাদের প্রাকৃতিম্পিতির গোড়ার কথা। একদিকে আছে অচিতির অন্ধতমঃ, আরেক-দিকে আত্মবিজ্ঞান ও সর্ববিজ্ঞানের প্রণজ্যোতি। দ্বয়ের মাঝে এই অবিদ্যা তটম্থ হয়ে কাজ করছে—আত্মা এবং বিশ্বের খন্ডিত সংবিং নিয়ে। আমাদের প্রথমেই প্রয়োজন তার গতি-প্রকৃতির মোটাম্বিট একটা হিসাব নেওয়া, এবং তা-ই ধরে আধারে অন্তর্গন্ত বৃহত্তর চেতনার সংগ্র তার সম্বন্ধ নির্পণ করা।...কেউ-কেউ ম্মৃতিবৃত্তির 'পরে বেশী জ্যোর দেন। এমনও বলেন, মানুষ স্মৃতিসর্বস্ব—তার আত্মভাব গড়ে উঠেছে স্মৃতিকে আগ্রয় করে।

অন্ভবের সংখ্য অন্ভব জাড়ে একই অন্ভবিতার বৃত্তির্পে তাদের গেখে তলে স্মৃতিই গড়ছে আমাদের চিত্তসত্ত্বের পাকা বনিয়াদ। একথা যাঁরা বলেন, **कीवनरक** जाँता रमस्थन रयन कारलत व रूक राज्येत राम्ला: श्रवीख वा किया-পরিণামই তাঁদের মতে সত্যের স্বরূপ। সমগ্র সদ্-ভাবই একটা কর্মপ্রবাহ বা ক্রিয়াপরিণাম বা স্বয়ংতন্ত কোনও মহাশক্তির লীলায়নে কার্য-কারণের একটা ধারা নাও যদি হয়, তব্ব আমাদের সত্তা যে কর্মতিন্তিত, এ-বিষয়ে তাঁদের সন্দেহ নাই। কিন্তু ক্রিয়াপরিণাম শক্তিস্ফ্রেণের একটা ভাঁগ্গ বা অবান্তর প্রয়োজক মাত্র। বলতে গেলে এ শুধু অর্থক্রিয়াকারিতার একটা চিরাগত ব্যবস্থা—ভব্যার্থের অন্তহীন সম্ভাবনার একটিমাত্র প্রকাশ। এ ব্যবস্থা বা প্রকাশও অপরিহার্য নয়। তার যদি অদল-বদল হত, যা ঘটতে দেখছি তার জারগার আর-কিছ, ঘটত, তাহলেও আমাদের কিছ,ই বলবার থাকত না। বস্তুর তত্ত্ব তার প্রবৃত্তিতে নয়—প্রবৃত্তির পিছনে থেকে ক্রিয়াপরিণামকে যা শাসন নিয়ন্ত্রণ বা সাথাক করছে, তা-ই তার তত্ত। একটা-কিছুর ঘটনই বড় নয়, তার চাইতে বড তার পিছনে রয়েছে যে ঘটক শক্তি বা সংকল্প। তার চাইতেও বড় হল চেতনা—সংকল্প যার স্ফ্রেদ্-রূপ, বড় হল সত্তা—শক্তি যার ভবদ্-রূপ। কিন্তু স্মৃতি সন্তার একটা সপ্রয়োজন বৃত্তি মাত্র। অতএব সে কখনও আমাদের স্বর্পধাত্র অথবা জীবসত্ত্রে সবর্থান হংত পারে না। আলোকের একটা ক্রিয়া যেমন বিকিরণ, তেমনি চেতনারও একটা ক্রিয়া স্মৃতি। মান্য স্মৃতিস্বস্ব নয়—সে আত্মস্বস্ব বা আত্মর্প। অথবা শ্ধ্ বহিব্তি ব্যবহার দিয়ে বিচার করলে মানুষ মনঃসর্বস্ব, কেননা মানুষই মনোময় পুরুষ। স্মৃতি মনের বহু শক্তি এবং বৃত্তির একটিমার। সম্প্রতি আত্মা জগং ও প্রকৃতিকে নিয়ে আমাদের কারবারে চিংশক্তির সে মুখ্য পরিণাম, এই তার বিশেষত্ব।

অবিদ্যার দ্বর্প আলোচনা করতে গিয়ে তব্ স্মৃতিকে ধরেই শ্রুর করা ভাল, কেননা তাতে হয়তো জীবচেতনার কয়েকটি বিশিষ্ট ধর্মের নিগ্রু পরিচ্ছা মিলবে। সাধারণত দেখতে পাই, মন তার স্মৃতিবৃত্তিকে খাটায়—হয় আত্মস্যুতির্পে, নয়তো অন্ভবের স্মৃতির্পে। প্রথমত কালভাবনার সংগ্যে যুক্ত ক'রে আমাদের চেতনসন্তার সম্পর্কে মন স্মৃতির প্রয়োগ করে। সেবলে, 'এখন আমি আছি, আগেও ছিলাম, পরেও থাকব—কালের এই তিনটি ক্ষণভগেগ রয়েছে একই আমি-র অনুবৃত্তি।' স্মৃতির এই উপস্থাগ আমাদের আত্মসংবিতের গোড়ার কথা। এমনি করে কালের সংজ্ঞা দিয়ে মন জীব-চৈতন্যের শাশ্বতসন্তাকে প্রকাশ করতে চায়—যাকে সে তথ্য বলে অনুভব করলেও তার যাথার্থ্য জানে না কি প্রমাণ করতে পারে না। স্মৃতি মনকে অতীতের খবর এনে দেয়, আর অপরোক্ষ আত্মসংবিং চিনিয়ে দেয় শৃথ্য বর্ত

মানের ক্ষণিটকে। সংবিং হতে প্র্বং-অন্মান দ্বারা এবং স্মৃতির সহায়ে অতীতচেতনার অবিচ্ছেদ-প্রবৃত্তির সাক্ষ্য মেনে আপনাকে সে কল্পনা করে ভবিষ্যতে। কিল্পু অতীত বা ভবিষ্যতের বিস্তার ক্তথানি, তা সে জানে না। স্মৃতির সীমাই তার অতীতের সীমা। যখনকার স্মৃতি নাই, তখনও যে তার চেতনসত্তা ছিল, তা সে অন্মান করে অপরের সাক্ষ্য এবং পারি-পাদ্বিকের অন্ভব হতে। সে জানে, শৈশবের বৃদ্ধিহীন মৃঢ়দশান্তেও তার সন্তা ছিল, কিল্পু আজ তার সংগ্য স্মৃতির যোগ ছিল্ল হয়ে গেছে। জন্মের আগেও সে ছিল কি না, স্মৃতির বিচ্ছেদবশত আজ তা নির্পণ করা তার পক্ষে দ্বংসাধ্য। ভবিষ্যতের কোন খবরই সে রাখে না। বর্তমান ক্ষণের পরের ক্ষণেও নিজের অস্তিত্ব তার কাছে নিশ্চিত নয়—তর্কিত, স্বৃত্রাং তার সাধ্যের অনায়ন্ত যে-কোনও ঘটনার দ্বারা তার তর্ক দ্রান্ত বলেও প্রমাণিত হতে পারে। কেননা পরক্ষণে অস্তিত্বের সম্ভাবনা তার একটা প্রবল প্রত্যাশা ছাড়া কিছ্ই নয়। অথচ তার মনের মধ্যে আছে অবিচ্ছেদ-বৃত্তিতার একটা বন্ধ্যন্ল সংস্কার, যা সহজেই অমরত্ব-প্রত্যরের নিঃসংশয় রূপ ধরে।

কিন্তু এই নিশ্চয়-জ্ঞান কোথা হতে আসে? এ কি মনের অনাদি-অতীত অন,ভবের ছায়া—বিশ্মতির অতলে তলিয়ে গিয়েও যার আকার-প্রকারহীন একটা সংস্কার এখনও মনের মধ্যে কোথাও প্রচ্ছন্ন রয়েছে? না আমাদেরই সত্তার কোনও উত্তর বা গঢ়েতর ভূমি আছে, যেখানে বস্তৃত আমরা শাশ্বত প্রয়ম্ভ্রসন্তার সংবিতে ভাস্বর, আর সেই আত্মবিজ্ঞানেরই একটা স্তিমিত প্রতি-বিশ্ব পড়েছে এই মনের মধ্যে। অথবা হয়তো এ একটা কুহকের ছলনা—মরণ-প্রতায়ের মত। চেতনাকে সম্মুখে প্রসারিত করেও মরণকে আমরা প্রত্যক অন্ভবের এলাকায় আনতে পারি না, তাই অবিচ্ছেদ-ব্রত্তার নিঃসংশয় অন্ভব নিয়ে বে'চে থাকি। বিনাশ আমাদের কাছে একটা বৃশ্ধিকল্পিত প্রতায় মাত্র। তাকে নিশ্চিত জানলেও অথবা স্কুম্পন্ট কম্পনা করতে পারলেও একান্তবাস্তবরূপে অনুভবে ফ্রাটিয়ে তুলতে পারি না—কেননা আমরা বেচে আছি শ্ব্ব বর্তমানে। অথচ মৃত্যু বিনাশ অথবা আমাদের এই বাস্তব-জীবনের তল্ডচ্ছেদ অস্তিত্বের একটা নিরেট তথ্য। ভবিষ্যতে এই শরীরেই বে চে থাকব--এমন বোধ বা প্রাগন্ভবকে যতই প্রসারিত করি না কেন, এক-জায়গায় অজানার ক্লে এসে সে ঠেকে যাবেই। তখন তাকে কুহকের ছলনা না বলে উপায় নাই। চেতনসত্ত সম্পর্কে বর্তমানে আমাদের মনে যে-সংস্কার, তার অযথাপ্রসার বা অপপ্রয়োগ হতে যেমন সশরীরে বারবার বেচে থাকবার কল্পনা জাগে, তেমনি শাশ্বতচেতনার ভাবনাও হয়তো মনের একটা মায়া মাত্র। অথবা হয়তো আমাদের বাইরে আছে বিশেবর কিংবা বিশ্বাতীত একটা-কিছুর শাশ্বত অনুবৃত্তি: সে চেতন বা অচেতন হ'ক, তার নিত্য-সদ্ভাবকে আমাদের

পেরে আরোপ করে আমরা অমরত্বের এই বিকল্প স্থিত করি। বস্তুত আমরা ওই

 শাশ্বত-সদ্ভাবেরই ক্ষণবশ্বন। কিন্তু তার নিত্যত্বের উপরাগে উপরক্ত হয়ে

 আমাদের আধারতৈতন্যকেও মন নিত্য বলে ভাবে।

প্রাকৃত-মন এসব সমস্যার সমাধান জানে না। এ নিয়ে অন্তহনীন জলপনার স্থিত ক'রে অবশেষে যুক্তির অলপ-বিদ্তর সমর্থন দিয়ে কতগুর্নি নির্ণয়হনীন মতবাদকে সে প্রতিষ্ঠিত করে মাত্র। আমরা অমর—এও যেমন একটা বিশ্বাস, তেমনি আমরা মর—এও একটা বিশ্বাস। দেহের বিনাশে চৈতন্যেরও বিনাশ হয়—জড়বাদীর পক্ষে একথা প্রমাণ করা অসম্ভব। মৃত্যুর পরেও আমাদের আধারটেতন্যের কোনও অবশেষ যে টিকে থাকে, তার কোনও নিঃসংশয় প্রমাণ নাই—জড়বাদী এইট্কুই বলতে পারেন। কিন্তু দেহের ধ্বংসের সঞ্চেশ-সংগ্যে আত্মারও ধ্বংস অনিবার্য, বস্তুতত্ত্বের সমীক্ষা হতে একথা তিনি প্রমাণ করতে পারেন না। দেহের মৃত্যুতেই যে জীবসত্ত্বের আয়্রু ফ্রিয়েয় যায় না, দ্বিদন পরে অবিশ্বাসীর কাছেও হয়তো তার সন্তোষজনক প্রমাণ উপস্থিত করা সম্ভব হবে। কিন্তু তাতেও প্রমাণিত হবে চেতনসত্ত্বের অমরত্ব নামরাদ-ব্রন্থি শাধ্র।

বস্তৃত মনঃকল্পিত এই শাশ্বত-সদ্ভাবের বোধ আর-কিছ্রই নয়—শাশ্বত কালের বুকে ক্ষণভণ্গের একটা অবিচ্ছিন্ন পরম্পরার বোধ ছাড়া। অতএব কালই শাশ্বত, চেতনসত্ত্বে অবিচ্ছেদ ক্ষণব্যত্তিতা শাশ্বত নয়। অথচ মনের সাক্ষ্য হতে একথা প্রমাণ করা যাবে না যে, শাশ্বত কাল বলে বস্তুতই একটা-কিছু আছে। হয়তো চেতনসত্ত্রে দুষ্টিতে অবিচ্ছেদ অনুবৃত্তির যে-ভান, তার নাম কাল। অথবা হয়তো শাশ্বত অস্তিতার অবিচ্ছেদ প্রবাহকে অন্-ভবের পারম্পর্য ও যৌগপদ্য দিয়ে মনে-মনে সে যে মেপে চলে, তাকেই বলে কাল এবং শুধু এতেই তার কাছে অন্তি-ভাবের পরিচয় ফোটে। শাশ্বত-অস্তিম্বরূপ কোনও চেতনসত্ত কোথাও যদি থাকে, তাহলে সে হবে কালাতীত অর্থাৎ স্বয়ং অকাল হয়েও কালের আধার। এ বেদান্তের সেই 'নিত্যো নিত্যা-নাম : কাল তাঁর সংবিদময় কলা মাত্র, যার সহায়ে তাঁর আন্ধবিস্ভিকৈ তিনি দর্শন করেন। কিন্তু এই নিতাস্বর্পের কালকলনাহীন আত্মবিজ্ঞান অতি-মানসভূমির তত্ত্ব, অতএব তা আমাদের চেতনার উজানে। তাকে পেতে হলে প্রাকৃত-মনের কালকলিত প্রবৃত্তিকে হয় দ্তব্ধ করতে হবে নয়তো ছাড়িয়ে ষেতে হবে—নৈঃশব্দ্যের পরম গহনে অবগাহন ক'রে অথবা তারই ভিত্র দিয়ে শাশ্বত-ভাবের চেতনায় উত্তীর্ণ হয়ে।

একটা কথা এই আলোচনায় স্পণ্ট হয়ে ওঠে। অবিদ্যাই আমাদের মনের স্বভাব। অবশ্য অবিদ্যা বিদ্যার অভ্যন্তাভাব নয়—বরং তাকে বলতে পারি বিদ্যার নৈমিত্তিক স্থেকাচ। কেননা তার মধ্যে বর্তমানের অপরোক্ষ অন্ভবের সংগ্য জড়িয়ে আছে পরােক্ষবিষয়ক অতীতের স্মৃতি এবং ভবিষ্যতের অনুমান এবং তাইতে কালাবিচ্ছিল্ল পরম্পরায় সীমিত হয়ে জীবের আত্মপ্রতায় ও বিষয়ান্ত্ব চলতে থাকে। কালকলনাময় শাম্বত-সদ্ভাব যদি বস্কৃ-সতের ধর্ম হয়, তাহলে মানতে হবে—প্রাকৃত-মন তার স্বর্প চেনে না। কারণ, তার নিজের অতীতকৈ স্মৃতির কচিং-কিরণে দীপ্ত বিস্মৃতির প্রদোষচ্ছায়ায় সেহারিয়ে ফেলেছে। তার ভবিষ্যতেরও র্প না-জানার অন্ধ যবানকার অন্তর্নালে ঢাকা আছে। শুধু ঘটনার স্রোতে তার বর্তমান ভেসে চলেছে—নামর্পের বিচিত্র পসরা নিয়ে। তার মধ্যে ক্ষণ হতে ক্ষণান্তরে নিত্যপরিণামের চট্ট্ল লাস্যে সে দিশাহারা। বিশ্বব্যাপী স্ক্রের্রার এই বিপ্র্ল অভিযান কোথায় চলেছে কে জানে—কে তার শাস্তা, কেই-বা তার বাোম্বা!...কিন্তু কালকলনাহীন শাস্বত-সদ্ভাব যদি বস্তু-সতের ধর্ম হয়, তাহলে তাকে প্রাকৃত্মন আরও চেনে না—কেননা ওই অব্যক্তগহনের যেট্কু আত্মর্পায়ণ দেশ ও কালে উংক্ষিপ্ত হয়েছে, খণ্ডিত অন্ভবের খদ্যোতিকায় ক্ষণে-ক্ষণে শুধু তারই সে পরিচয় পেয়েছে।

অতএব মন যদি আমাদের স্বর্পেব সবথানি হয়, অথবা এই প্রাকৃত-মন তার দ্যোতকও হয় যদি—তাহলে আমরা তো কালের প্রবাহে ভেসে-য়াওয়া অবিদ্যার বৃশ্বৃদ ছাড়া আর কিছ্ই নই। বিদ্যার একট্ঝানি বর্ণলীলা মাঝেমাঝে বিকিয়ে ওঠে তার মধ্যে—এই তার ঐশ্বর্য শ্বৃধ্ব !...কিণ্ডু মনেরও ওপারে যদি আত্মবিদ্যার এমন বীর্য থাকে, কালকলনাহীন নিত্যসংবিং যার স্বর্প, ভূত-ভবিষ্যং-বর্তমানের পরমসমন্বয়ে ক্ষণ-শাশ্বতের অনুপাখ্য ঐশ্বর্য যার কালদান্টিতে ভেসে উঠেছে, অথবা কাল যার কালাতীত স্বর্পসন্তার বিভূতি মার্য: তাহলে ব্রুব চেতনার দ্টি শক্তি আছে—একটি বিদ্যা, অপরটি অবিদ্যা। হয় তারা ভিল্লধর্মী অতএব অসংস্টে, তাদের নিদান ও প্রবৃত্তি দ্ইই প্থক, প্রত্যেকেই তারা স্বয়্নভূ বলে অন্যান্যাবিবক্ত নিত্যাশ্বৈত তাদের মধ্যে; নতুবা তাদের মধ্যে আছে এইধরনের যোগ: একই চৈতন্য বিদ্যার্গেপ তার কালাতীত আত্মস্বর্পকে জানে, নিজেরই আধারে দেখে কালের কলনা; আবার সেই বিদ্যাই তার মধ্যে বহিশ্চর খন্ডবৃত্তিতে ফ্রেট ওঠে অবিদ্যা হয়ে। সে-অবিদ্যা কালের আধারে নিজেকে দেখে আত্মকিশেত কালিক-সন্তার আবরণে গ্রুণ্ঠত হয়ে, এবং একমাত্র গ্রুণ্ঠনমোচন শ্বারাই ফিরে যেতে পারে শাশ্বত আত্মবিদ্যার উত্তর আধিকারে।

অতিচেতন বিদ্যাশক্তি এমন অসংগ ও বিবিক্ত যে দেশ-কাল-নিমিত্ত ও তাদের পরিণামকে জানবার সাধ্যই তার নাই—এ-কল্পনা নিতানত অযৌক্তিক। কারণ, তাহলে বিদ্যাশক্তিকে বলতে হয় অবিদ্যাশক্তিরই আরেক মের্। কল্পনা করতে হয়, অখণ্ড চিন্মান্তের মধ্যে পূর্ণ আত্মসংবিতের সামর্থ্য নাই। তাই

তার দর্টি প্রান্তে আছে ইতি-মুখী আর নেতি-মুখী দর্টি মের। কাল-কলিতের অন্ধতামসের অনুর্প কালাতীতেরও অন্ধতামস আছে। অর্থাৎ অথন্ডচিন্মাত্র একদিকে যেমন নিজের ব্যাকৃতিকে জানে কিন্তু নিজেকে জানে না—তেমনি আরেকদিকে নিজেকেই জানে, তার ব্যাকৃতিকে জানে না। এমনি করে তার মধ্যে আছে অনোন্যব্যাবর্তক এক তুল্যবল স্বর্পশাস্তর লীলা শর্ধ্ব —যা স্পন্টতই অসম্ভব। কিন্তু প্রাচীন বেদান্তের উদার দৃষ্টি নিয়ে দেখলে ব্যির, আত্মচেতনাকে দ্বর্থান্ডত না করে তার ভাবনা করা উচিত একই অন্বৈতচ্চতনার যুক্মবিলাস বলে। একটি বিলাস মনের ভূমিতে—পূর্ণ- বা অর্ধান্তেনার দীপ্তি নিয়ে, আরেকটি মনের ওপারে অতিচেতন ভূমিতে। একটি কালাবিচ্ছিন্ন বিজ্ঞান, কালের শাসন মেনে চলতে হয় বলে আত্মবিজ্ঞানকে সে নিগ্রিত রেখেছে। আরেকটি কালাতীত বিজ্ঞান, তাই আত্মনির্পিত কালকলনাকে সে-ই ফ্রিটিয়ে তোলে মহেশ্বরের পূর্ণপ্রজ্ঞা নিয়ে। কালিক অনুভবে পুন্ট হয়ে একটি তার নিজের পরিচয় পায়, আরেকটি তার কালাতীত স্বর্পকে জানে বলে স্বচ্ছন্দে আপনাকে বিচ্ছ্রিত করে চলে কালিক অনুভবের বর্ণরাগে।

এইবার তাহলে ব্রুবতে পারব, উপনিষদের ঋষি কেন বলেছিলেন—ব্রহ্ম বিদ্যা এবং অবিদ্যা দৃত্বই, অতএব বিদ্যায় ও অবিদ্যায় ব্রহ্মের সহবেদনই আমাদের দেবে অমৃতত্বের অধিকার। বিদ্যা দেশ-কাল-নিমিত্তহীন ব্রহ্ম- চৈতন্যের সেই নির্টু বীর্য, যা অখন্ড-সদ্ভাবের স্বর্পপ্রত্যয়কে ফ্টিয়ে তোলে। এই অবিকল্পিত চৈতন্যই সম্যক তত্ত্বজ্ঞান। কেননা, তার শাশ্বত বিশেবান্তীর্ণ স্থিতিতে আছে শৃধ্য আত্মসংবিং নয়, আছে বিশেবর শাশ্বত কালিক পরম্পরার বিধৃতি বিস্কৃষ্ণি বিজ্ঞান ও প্রশাসন। কালের পরম্পরায় কলিত চেতনার যে-বৃত্তি, তা-ই অবিদ্যা। তার জ্ঞান ক্ষণসংগী, তাই খন্ডিত। দেশের খন্ডতা ও নিমিত্তের জটিলজালে অভিনিবিষ্ট বলে তার আত্মভাবও খন্ডিত। একত্বের বহুধাবিচিত্র ভাবনায় নিজেরই কারাগারে সে বন্দী। একত্ববিজ্ঞানকে নিগৃহিত রেখেছে বলে তাকে বলি অবিদ্যা। সেইজন্যে নিজেকে কি জগৎকে প্রাপ্রির বা সত্য করে সে জানে না, জানে না বিশ্বাত্মক বা বিশ্বাতীতের তত্ত্ব। এই অবিদ্যার মধ্যে থেকে ক্ষণ হতে ক্ষণে দেশ হতে দেশে নিমিন্ত হতে নিমিন্তান্তরে হোঁচট থেয়ে জ্বীব চলেছে খন্ডিত জ্ঞানের প্রমাদে বিভ্রান্ত হয়ে।* এ-অবিদ্যা অচিতির অন্ধতামস নয়্ন এর মধ্যে

^{* &#}x27;অবিদ্যারাম্নতরে বর্তামানা...জ্ব্বন্যমানাঃ পরিবন্তি মৃঢ়া অন্থেনৈব নীর্মানা বথান্ধাঃ'—অবিদ্যার মধ্যে থেকে ঘৃণির পাকে ঘৃরের মরে মৃঢ়েরা—হোঁচট খেরে-খেরে চলে আঘাতে জন্ধারিত হরে অন্থ দিশারীর পিছনে অন্থের পালের মত। —মুন্ডক উপনিবদ (১।২।৮)

তত্ত্বেরই দর্শন ও অন্ভব হয় 'সত্যান্তে মিথ্নীকৃত্য'। যে-বিদ্যা স্বর্পে অবগাহন না করে শ্ব্ব প্রতিভাসের চণ্ডল র্প দেখে, এমন আলো-আঁধারি তার মধ্যে থাকবেই।...আবার ব্যক্তরক্ষের বিদ্যাকে নিরাকৃত ক'রে অশ্বৈত-চেতনার অলক্ষণ অব্যপদেশ্য প্রত্যরে নির্ম্থ হয়ে থাকা—সেও তো 'ভূর ইব তমঃ'। সত্য বলতে কোনটাই ঠিক তম নয়। একটি যেমন বিন্দ্রচেতনার চোখধাঁধানো জ্যোতি, আরেকটি তেমনি অধাচ্ছয় দ্ভিটতে মেঘভাঙা আলোর ভিতর দিয়ে দেখা ছায়াছবির মায়া। পরা সংবিং এর কোনটিতেই একান্তভাবে নির্ম্থ হয়ে নাই—অক্ষর এক আর ক্ষর বহ্ব তাঁর শাশ্বত সর্বসমন্বয়ী আত্ম-বিজ্ঞানের মহাসংগ্রমতীথে সহজের দ্বাতিতে নিজ্যবিলাসিত।

কালের প্রচন্ড আকর্ষণে বিভজাব্ত চেতনার বন্ধ্র পথে অসহায়ভাবে মন চলেছে হোঁচট খেয়ে-খেয়ে একমাত্র স্মৃতির 'পরে ভর দিয়ে-কোথাও থামবার কি জিরোবার তার উপায় নাই। কিল্কু স্মৃতিই কি মনের ভর প্রাপ্রার সইতে পারে? আত্মসংবিতের অভণ্য শাশ্বত অপরোক্ষ প্রতায় এবং বিশ্বের অভণ্য বা বর্তুল অপরোক্ষ অনুভব-এ-দুরের আকৃতি কার্পণ্যোপহত ম্তির স্বল্প বিত্তে কি মেটে? শুধু বর্তমান ক্ষণে মন পায় আত্মসংবিতের অপরোক্ষ প্রতায়: বর্তমানের সেই সংকীর্ণ পরিবেশে, দেশের উপস্থিত ভূমিকায় ইন্দ্রিয়ের সহায়ে সে বিশ্বের অর্ধ-অপরোক্ষ খণ্ডিত একটা অনুভব পায়। তার এই ন্নেতাকে সে স্মৃতি কল্পনা ভাবনা ও প্রতীকী-চিন্তার রকমারি দিয়ে প্রিয়ে নেয়। যে প্রতিভাসের মেলা শ্বে বর্তমান দেশ ও বর্তমান কালকে অধিকার করে আছে, তাকে ধরবার যন্ত হল তার ইন্দ্রিয়। আর বর্তমানের বাইরে যা, পরোক্ষভাবে তার ছবি নিজের মধ্যে ফুটিয়ে তোল-বার সাধন হল তার স্মৃতি কম্পনা ও ভাবনা। কেবল তার বর্তমানের অপরোক্ষ আত্মসংবিংকে কোনও যন্ত্র কি সাধনের পর্যায়ে ফেলা চলে না। অতএব তত্ত্বভাব বা শাশ্বত-সদ্ভাবের সত্য সে অনায়াসে জানতে পারে শ্ব্ব এই অনুভবেরই ভিতর দিয়ে। তাই তার সঙ্কীর্ণ দুষ্টিতে, যা আত্মানুভবের বাইরে, তা প্রতিভাস নয় শৃংধঃ—হয়তো তা প্রমাদ অবিদ্যা কি বিভ্রম কেননা সে তো তার কাছে আত্মসংবিতের মত অপরোক্ষ তত্ত হয়ে ধরা দেয় না।...এই হল মায়াবাদীর সিম্থান্ত। তার কাছে সত্য শুধু শান্বত আত্মা—মনের বর্তমান অপরোক্ষ আত্মসংবিতের পিছনে যাঁর অধিন্ঠান। অথবা বৌদেধর মত বলা যেতে পারে : শাশ্বত আত্মাও একটা বিভ্রম বা মনের বিকল্প মাত্র; সদ্-ভাবের একটা মিথ্যা সংজ্ঞা বা মিথ্যা বিজ্ঞানকেই আমরা কল্পনা করি 'আত্মা' বলে। তথন মনের নিজেরই কাছে নিজেকে মনে হয় যেন থেয়ালী এক যাদ্বকর। মন আর মনের লীলা যুগপৎ আছে এবং নাইও—তত্তৃভাবের ম্পিতিস্বভাব এবং প্রমাদের ক্ষণভংগ দুইই তাদের লক্ষণ। এ অন্ভূত ব্যাপার

কি করে সম্ভব হয়, তা সে ব্ঝতে চায় অথবা চায়ও না। কিন্তু নিজেকে এবং নিজের বৃত্তিকে নিঃশেষে ধরংস ক'রে প্রতিভাসের বিদ্রম হতে নিজ্ঞানত হয়ে নিতাস্বর্পের কালকলনাহীন প্রশান্তিতে লীন হওয়া—একেই সে তার প্রব্যার্থ বলে জানে।

কিন্তু বাইরে কি ভিতরে, আত্মচেতনার অতীত বা বর্তমান মুহুতে আমরা যে একটা গভীর ভেদের কল্পনা করি, বস্তৃত তা আমাদের সংকীর্ণ ও চণ্ডল মনোব্যত্তির কারসাজি মাত্র। এই মনের পিছনে, একেই তার বহিরংগ প্রবৃত্তির সাধন ক'রে এক অচণ্ডল চেতনা রয়েছে। বর্তমান স্থিতির সংগ্ অতীত ও ভবিষ্য স্থিতির কোনও অনতেরণীয় বিচ্ছেদের কল্পনা তাকে পীডিত করে না। অথচ অতীত বর্তমান ও ভবিষ্যতে প্রবহমান কালস্রোতেও সে ভেসে চলে। কিন্তু তার অখণ্ডদ্বিট তিনটি কালকেই একটি অবিভক্ত প্রতায়ে সম্পর্টিত করে, যার মধ্যে কালাতীত অব্যয়াম্বার অচণ্ডল রঞ্গপীঠে চলে কালাত্মার চণ্ডল অনুভবের লাস্যলীলা। মন ও মনের ব্রতিসমূহ প্রত্যাহত বা নিরুদ্ধ হলে আমরা এই নিতাচেতনার অনুভব পাই—কিন্ত প্রথম দর্শনে তার অচল-স্থিতিকেই উপলব্ধি করি। তাকেই যদি একান্ত করে দেখি. তাহলে বলতে পারি: সে শুধু কালাতীত নয়, সে নিষ্ক্রিয় ও নিম্পন্দ— ভাবনা কল্পনা স্মতি সংকল্প মনন কোনও-কিছ্বরই এতট্কু হিল্লোল তার মধ্যে নাই। সে আপ্তকাম আত্মসমাহিত, অতএব বিশ্বকর্মের কোনও সাড়াই তাকে চকিত করে না। তথন মনে হয়, এই অক্ষরচৈতনাই সতা, আর-সমস্তই অসং রূপকল্পনার মিথ্যা বিজ্ঞত্ণ অথবা অপারমার্থিক রূপের মেলা—অতএব ধ্বন মাত্র। কিন্তু এই নিবিকিল্প আত্মসমাধান চৈতনোরই বৃত্তি ও পরিণাম— মনন স্মৃতি ও সংকল্পে তার আত্মবিকিরণের মত। একমাত্র সেই নিত্য-ন্বর্পই তত্তাত্মা, যাঁর মধ্যে আছে কালকলিত ক্ষরবৃত্তি ও কালম্ল অক্ষর-স্থিতি দুয়েরই সমার্থা। আর এই ব্যক্তি ও স্থিতি উভরই সমকালীন, নইলে তাদের সত্তা অসম্ভব হত। তাদের একটি শাশ্বত হয়ে আছে, আরেকটি প্রতিভাসের মেলা সন্টি করছে—এও তাদের তত্ত্ব নয়। এই নিতাস্বর্গুপেকে গীতাতে বলা হয়েছে 'পর-প্ররুষ' 'পরমাত্মা' বা 'পরব্রহ্ম'—যিনি সর্বভূত-মহেশ্বররূপে ক্ষর ও অক্ষর পুরুষের ভর্তা।

কালাবচ্ছিল্ল মনোময় আত্মসংবিতেই চিদাভাসের গোড়ার পরিচয়। এইদিক থেকে মন ও স্মৃতিকে এতক্ষণ বিচার করে দেখেছি। কিন্তু ক্সাত্মান্ভবের সংগ আত্মসংবিংকে জড়িয়ে এবং বিষয়ান্ভবের সংগ আত্মান্ভবেকে জড়িয়ে তাদের যদি বিচার করি, তাহলেও একই সিন্ধান্তে এসে পেণছব—যদিও তথ্যের ভারে সম্প্র হয়ে তথন সে-বিচার আমাদের কাছে অবিদ্যার স্বর্পকে আরও উল্জবল করে ফুটিয়ে তুলবে। এবার দেখা যাক, বিচারে আমরা কি পেলাম।

এইটাকু ব্রেছি: আমাদের মধ্যে আছেন এক শাশ্বত চিন্ময়পারুষ, যিনি কালকলনাহীন আত্মচৈতন্যের অচণ্ডল স্থিতির 'পরে মনের চণ্ডল বৃত্তির প্রতিষ্ঠা রচেছেন—আবার নিখিল কালম্পন্দকে অতিমানস বিজ্ঞানের কৃক্ষিগত করে মনের বাত্তি দিয়ে সেই স্পন্দলীলাতে বিলসিত হচ্ছেন। তিনিই ধরছেন বহিশ্চর মনোময়সত্ত্বের রূপ। ক্ষণ হতে ক্ষণান্তরে চলেছে তাঁর চটাল নৃত্য। আত্মস্বর্পের প্রতি প্রাঙ্মা্থ হয়ে কালস্পন্দিত অন্ভবের সংগ্রহ তিনি যুক্ত। সেই কা**লম্পন্দনেও অনাগতের অব্যক্ত সি**ন্ধসন্তাকে তিনি অবিদ্যা ও অসত্তার আপাতিক তমিস্রার অশ্তরালে ঠেকিয়ে রেখেছেন—শৃব্ধ বর্তমানের উজ্জ্বল মুহ্তিটিকে আদ্বাদন ক'রে পরমুহুতেই আবার তাকে ঠেলে দিচ্ছেন স্মৃতির ক্ষীণদীপে অর্ধালোকিত ওই অব্যক্তের নেপথ্যগ্রহে। এমনি করে অধ্ব-চণ্ডল সত্তার ক্ষণিক বিলাসে তিনি বিশ্বজোডা এই অধ্বৰ-চণ্ডলের পসরাকে শুধু ছুরে ছুরে চলেছেন।...কিন্তু এও তাঁর ঐকান্তিক সত্য পরিচয় নয়। ক্রমে জানব, বস্তৃত তিনি শাশ্বতকাল ধরে অতিমানস বিজ্ঞানে ধুব ও স্বধাবান নিতাস্বরূপ হয়ে আছেন। যাদের তিনি স্পর্শ করছেন, তারাও অধ্বর বা অশাশ্বত নয়—কেননা এ যে কালের ঢেউএ মানসভোগের লীলায়নে নিজেকেই তিনি আম্বাদন করে চলেছেন।

অনুভব ও কর্মের আশয়রূপে চিৎসত্তার সব পর্নাজ কালের ভান্ডারেই জমা থাকে। অতীতের (এবং অনাগতেরও) সেই পর্বজিকে বহিশ্চর মনোময়-সত্ত অহরহ বর্তমান বিত্তের রূপ দিয়ে চলেছে। সেই বিত্তের কারবারে যা ম্নাফা জোটে, তাকে অতীতের ভান্ডারে সে জমা দেয়, কিন্তু জানে না যে অতীতও তার মধ্যে নিতাবর্তমান হয়ে আছে। আবার ওই প**্রি**জ হতে প্রয়োজনমত জ্ঞান ও সিদ্ধির বিত্ত আহরণ ক'রে সে অল্লময় প্রাণময় ও মনোময় প্রবৃত্তির চলতি কারবারে তাকে ঢালে এবং তার ধারণায় তা-ই অনাগতের নবীন বিত্তে ফে'পে ওঠে। অবিদ্যা বস্তৃত পুরুষের আত্মবিদ্যার এমন-একটা উপচার, যা দিয়ে তিনি বিদ্যাকে কালাবচ্ছিন্ন অনুভব ও কর্মের উপযোগী করে তুলছেন। আমরা তাকেই বলি 'জানি না', যাকে পংজি হতে তুলে নিয়ে এখনও মনের কারবারে খাটাইনি অথবা যাকে খাটানো শেষ করে দিয়েছি। নইলে ভিতরে-ভিতরে আমরা সবই জানি। কেননা, অন্তরের অন্তঃপ্রুরে দেশ-কাল-নিমিত্তের যথাযোগ্য পরিবেশে আত্মার স্বচ্ছন্দ উপযোগের অপেক্ষাতে সবই তৈরী হয়ে আছে। এমনও বলা চলে, আমাদের এই বহিশ্চর জীবসত্ত গুহাচর শাশ্বত আত্মারই একটা উৎক্ষেপ। অন্তহীন ভব্যার্থের সম্ভূতিকে नित्य कृत्या एथलत्व वर्ल स्म यौभित्य भएएए काल्वत अन्तरन। क्रमण्डा চট্ট্রল ছন্দে নিজেকে সে বে'থেছে পদে-পদে অনাগতের বিসময় ও কোডুককে আস্বাদন করবে বলে। কি যেন তার হারিয়ে গেছে, আবার তাকে খংজে

আনতে হবে। যুগযুগান্তের আক্তিতে টলমল চিত্তের এষণা আর সাধনা নিয়ে স্থ-দ্বংথের ও আলো-ছায়ার জালবোনা সংসারের দ্বর্গম পথে তাকে চলতে হবে স্বারাজ্যের হৃতগোরবকে আবার জিনে নিতে। তাই আত্মসংবিং ও আত্মসন্তার প্র্ণতাকে সে আড়াল করে রেখেছে, নইলে নির্তৃ বীর্ষের তীক্ষ্য প্রকাশে আত্মস্বর্পের মহিমাকে উদ্ঘাটিত করবার অবসর সে কোথায় পাবে?

নবম অধ্যায়

স্মৃতি অহন্তা ও স্বাত্তব

অনৈষ দেবং দ্বংশে প্রজান্তুতং প্না প্না প্রজান্তব্তি, দৃষ্টং চাদৃষ্টং চ প্রতং চাপ্রতং চান্তুতং চানন্ত্তং চ সচ্চাস্ত সর্বাং পশ্যতি, সর্বাঃ পশ্যতি॥ প্রশেনাপনিষং ৪।৫

এইখানেই মনর্পী এই দেবতা একবার যা অনুভব করেছিলেন বারবার তা ফিরে অনুভব করেন স্বশ্নে—যা দেখা এবং না-দেখা, যা শোনা এবং না-শোনা, যা অনুভূত এবং অননুভূত, যা সং এবং অসং—সব দেখেন তিনি। তিনিই সব তাই দেখেন।

প্রশন উপনিষদ (৪।৫)

न्वत्भाविन्धि जिम्बिन्जम् अः स्मार्थः प्रतमनम् ।

मरहार्भानयः ७।२

স্বর্পে অবস্থিতিই মুক্তি; স্বর্প হতে ভ্রুট হলেই আসে অহস্তার বেদনা।
—মহোপনিষদ (৫।২)

এক: সম্দ্রে ধর্ণো রয়ীণামস্মদ্ ধ্দো ভূরিজস্মা বি চল্টে।

41714 SO 16 15

এক সম্ভূর্পে ধারণ করেছেন যিনি সকল স্লোতের ধারা, বহু জন্মের মধ্যেও এক যিনি, তিনিই দেখছেন আমাদের হুদরকে।

—ঋণেবদ (১০।৫।১**)**

মনোময়সত্ত্বের অপরোক্ষ আত্মসংবিৎই আনে তার মধ্যে বিচিত্র প্রত্যক্-ব্ত্ত অন্ভবের অবিরাম পরম্পরার পিছনে তারই নামর্পহীন শাশ্বত-সদ্ভাবের চেতনা, জীবধাতুর মনোময় ব্যাকৃতির অন্তরালে আবিন্দার করে জীবচেতনাময় পরা প্রকৃতির নিত্যম্পিতি, অহন্তার পিছনে দেখে আত্মাকে। মনোভূমি অতিক্রম ক'রে এই আত্মসংবিৎ শাশ্বত বর্তমানের কালকলনাহীন নিত্যভূমিতে উত্তীর্ণ হয়েছে। আত্মসংবিতের এই নিত্যভূমি অবিকল্পিত, ভূত-বর্তমানভিবষংর্প মনঃকল্পিত বিভাগের শ্বারা অপরাম্ভট। দেশ- বা নিমিত্ত-ভেদের পরামশপ্ত তার মধ্যে নাই। কারণ, মনোময় জীব যদিও সচরাচর বলে 'আমি দেহবান্, আমি এখানে, আমি ওখানে, আর-কোথাও থাকব আমি,' তব্ অপরোক্ষ আত্মসংবিতে প্রতিষ্ঠিত হলে সে দেখে, এ শৃধ্য তার নিত্যপরিণামী প্রত্যক্-অন্ভবের ভাষা—এতে পরিবেশ ও বহিজগতের সঙ্গে তার বহিশ্চর চৈতনার একটা বহিরগণী সম্বন্ধ মাত্র প্রকাশ পায়। বিবেকশ্বারা এই স্থলে সম্বন্ধ হতে নিজেকে গ্রিটিয়ে নিয়ে সে অন্ভব করে—্বাইরের এ-বিকারেও তার অপ-

রোক্ষান,ভূত আত্মস্বর্প নিবিকার, অবিকল্পিত, দেহ মন বা দেহ-মনের কমক্ষেত্রের বিপরিণামে অপরামৃত্য। অতএব নিজেও সে স্বর্পত অলক্ষণ অব্যবহার্য নিধমিক আপ্তকাম আত্মরতি শৃন্ধ-সন্মাত্রে নিত্যত্প্ত নিরঞ্জন চিন্মাত্র-স্বভাব।...এমনি করে আমরা স্থাণ্য আত্মার অন্ভব পাই—শান্বত 'অস্মি' অথবা প্রবৃষ্বিধতা কি কালকলনান্বারা অবিশিষ্ট নিবিকিল্প 'অস্তিত'ই যাঁর বাচক।

কিন্তু এই আত্মচৈতনা একাধারে যেমন কালাতীত তেমনি মহাকালর পে আত্মপ্রতিবিদ্বিত কালেরও তিনি অধীশ্বর। কাল তাঁর চিত্রবহ অন্ভবের নিমিত্ত অথবা প্রত্যক্-বৃত্ত ক্ষেত্র শৃধ্য। তখন 'অহমসিম' এই তাঁর শাশ্বত শৈব-প্রত্যয়—যার অপরিণামী চিন্ময় ভূমিকায় আর্বার্তত হয়ে চলেছে কাল-কলিত চিন্ময় অনুভবের তর্জগমালা। বহিশ্চর চেতনায় গ্রহণ-বর্জনের নিত্য দোলা আছে—অনুভবের পাজ বাড়িয়ে-কমিয়ে প্রতিমূহতেই সে তার নিজের রূপের অদল-বদল ঘটায়। গৃহাচর আত্মা এই বিপরিণামের ভর্তা ও আধার হয়েও স্বয়ং নিবিকার। কিন্তু বহিশ্চর আত্মার মধ্যে নিয়ত অনুভবের পুর্ণিট-সাধনা চলছে, তাই 'পূর্বক্ষণে যা ছিলাম এখনও তা-ই আছি' এমন আবি-সংবাদিত উক্তি করা তার **পক্ষে অসম্ভব।** এই বহিশ্চর কালাখাতে বাস করে বলে অক্ষরস্থিতির দিকে গ্রুটিয়ে আসা বা তার মধ্যে বাস করবার অভ্যাস যাদের নাই, তারা এই স্বতঃপরিণামী মনোময় অনুভবের ওপারে থাকবার কথা কল্পনাও করতে পারে না। নিত্যস্পন্দিত চিত্তই তাদের আত্মা, তাই অসংগ হয়ে ব্তিপরিণামের দিকে তাকিয়ে স্বচ্ছদে তারা বৈনাশিক বৌশেধর মত বলতে পারে: আত্মা বিজ্ঞানসন্তান ও চিত্তের জবন ছাড়া কিছুই নয়। দীপ-শিখার অবিচ্ছেদ-ব্রত্তিতা কল্পনা মাত্র। শাশ্বত আগ্মা বলে কিছুই নাই— অনুভবসন্তানের পিছনে আছে শুধু নিঃন্বভাব শ্ন্যতা। জ্ঞানের অনুভব আছে কিন্তু জ্ঞাতা নাই, সন্তার অনুভব আছে কিন্তু শাশ্বত-সং বলে কিছঃ নাই। ক্ষণভগ্নর অবয়বের সমাহার থাকলেও সত্যকার অবয়বী নাই। অথচ এই ক্ষণবিধরংসী প্রতায়ের কল্প-মেলন হতে দেখা দিয়েছে জ্ঞাতা জ্ঞান জ্ঞেয়ের, সং সত্তা ও সত্তান্ভবের একটা বিভ্রম।...অথবা কালকর্বালত জীবসত্ত এমনও ভাবতে পারে 'একমাত্র কালই তত্ত এবং আমরা কালের বিস্কৃতি।'...এমনি করে যাঁরা প্রত্যাহারের সাধনা করেন, তাঁদের মতে জগৎ বাস্তব হ'ক কি অবাস্তব হ'ক, তার মধ্যে একটা নিত্যসত্তার বা শাশ্বত আত্মভাবের ঠ্রবদ্রমই চলছে। আবার যাঁরা অবিচল আত্মন্থিতিতে প্রতিষ্ঠিত হয়ে সব-কিছ,তেই চঞ্চল অনাত্মার লীলা দেখেন, তাঁদের মতে কিন্তু শাশ্বত-সন্মান্ত্রই বাস্তব, আর তার মধ্যে চলছে অবাস্তব জগতের একটা বিভ্রম এবং এই জগণবিভ্রমও চেতনার একটা কারসাজি শৃধ্য।

কিন্তু কোনও মতবাদের ঝামেলায় না গিয়ে, বহিশ্চর চেতনার তথ্যগ্রিলকে একবার খুটিয়ে দেখা যাক, তার কোনও তত্ত পাই কিনা। প্রথমেই তার নিছক প্রত্যক -বৃত্তির রূপটি চোখে পড়ে। অবিরাম বয়ে চলেছে ক্ষণ-বিন্দুর একটি ধাবমান স্লোত, মুহুতের জন্যেও তাকে স্তান্ভিত করা অসম্ভব। হয়তো দেশসংস্থানের কোনও বিপর্যাস ঘটছে না, কিন্তু তবু, প্রতিনিয়ত বিপরিণামের একটা স্পন্দন চলছে--যেমন চেতনাম্বারা সাক্ষাৎ-অধ্যায়িত দেহপিন্ডে, তেমনি তার পরোক্ষবাসিত পরিবেশের বিগ্রহে। দুটি আবাসই সমানভাবে তাকে বিক্ষাৰ্থ করছে, যদিও সাক্ষাৎসম্বন্ধ রয়েছে বলৈ ক্ষাদ্র আবাসের বিক্ষোভটাই চেতনায় বেশী স্পন্ট। পিশ্ডদেহের সঙ্গে তার চেতনা সাক্ষাংযোগে যুক্ত, তাই তার বিকার সহজেই তাকে বিচলিত করে। কিন্তু ব্রহ্মাণ্ডদেহের সংগ্র তার যোগ পরোক্ষ—ইন্দ্রিয়সন্নিকর্যে এবং পিন্ডের 'পরে ব্রহ্মান্ডের অভিঘাতের মধ্যস্থতায়। এইজন্যে বিকারের চেতনাও সেখানে পরোক্ষ। কালপরিণাম অত্যন্ত দ্রুত বলে সহজেই তা ধরা পড়ে। কিন্তু দেহ ও পরিবেশের বিকার এত দ্রত নয় বলে সহজে চোখে পড়ে না। অথচ সেও প্রতিমহাতে বাস্তব, তারও গতিরোধ করা আমাদের অসাধা। মনোময় জীব তাকে খেয়াল করে. যখন মনোময় চেতনার 'পরে তার প্রভাব পড়ে—মনোময় অনুভব ও মনোময় শরীর যথন তার দ্বারা সংস্কৃত বা বিকৃত হয়। কেননা, পিণ্ড কি ব্রহ্মাণ্ডের নিরন্ত পরিণাম একমাত্র মন দিয়েই সে ধরতে পারে।...অতএব ক্ষণ-বিন্দ্র ও দেশ-সংস্থানের অবিরাম পরিবত'নের সঙ্গে-সঙ্গে দেশ ও কালদ্বারা অবচ্ছিন্ন সমগ্র পরিবেশের ক্ষণে-ক্ষণে বিপরিণাম ঘটছে এবং ফলে মনোময় জীবসতেরও অফুরোন কায়াবদল হচ্ছে। এই জীবসতুই আ**মাদের** বহিষ্চর- অথবা আভাস-আত্মার বিগ্রহ। দার্শনিক পরিভাষায় পরিবেশের এই বিপরিণামকে বলে নিমিত্তপ্রবাহ। মনে হয়, এই প্রবাহের মধ্যে পূর্বক্ষণটি যেন পরক্ষণের হেতু, অথবা পরক্ষণিট প্রক্ষণাবচ্ছিন্ন পাত্র- শক্তি- বা বস্তু-সমূহের পরিণাম। অথচ যাকে আমরা 'হেতু' বর্লাছ, আসলে তা হয়তো 'প্রত্যয়' মাত্র।...অতএব অপরোক্ষ আত্মসংবিং ছাড়া মনের অল্পাধিক অপরোক্ষ এবং নিত্যপরিণামী একটা প্রত্যক্ত-অনুভব আছে। এই অনুভবকে সে দ্র'ভাগে ভাগ করেছে : একটি প্রত্যক্-বৃত্ত অনুভব—তার চিত্তসত্ত্বের অফুরুত ব্রতিপরিণামকে আশ্রয় ক'রে, আরেকটি নিত্যপরিবর্তমান পরিবেশের পরাক্-বৃত্ত অনুভব। মনে হয় এই পরিবেশই বুঝি অংশত বা প্রোপ্রারি তার চিত্ত-সত্ত্বকে গড়ে তুলছে—কিন্তু আসলে চিত্তসত্ত্বের ব্যাপারশ্বারাও পরিবেশের বিপরিণাম চলছে।...বস্তুত এসমস্ত অনুভবই প্রত্যক্-বৃত্ত-কেননা যাকে পরাক্-বৃত্ত বলেছি, তাকেও মন জানে প্রত্যক্-চেতনারই বৃত্তি দিয়ে।

স্মৃতির যে কতখানি গ্রুর্ড, এই প্রত্যক্-অন্ভবের ক্ষেত্রে তা স্পণ্ট হয়ে

ওঠে। অপরোক্ষ আত্মসংবিতের বেলায় স্মৃতি শৃথ্য মনকে তার অতীত সন্তা সম্পর্কে সচেতন করে দিয়েছিল এবং অতীত ও বর্তমান একই মনের ধারাবাহিকতাকে দিয়েছিল নৈশ্চিত্যের মর্যাদা। কিন্তু বৈশিষ্ট্যাবগাহী অথবা বহিশ্চর প্রত্যক্-অন্ভবে স্মৃতির গ্রুত্ব ফ্টে ওঠে অতীত ও বর্তমান অন্ভবের মধ্যে সেতুবন্ধনে, যাতে বহিশ্চর মনের খাপছাড়া অগোছাল ভাব দ্রে হয়ে তার ব্যাপ্রিয়ায় একটা ধারাবাহিকতা বজায় থাকে। তাহলেও স্মৃতির ব্যাপারকে অতিরঞ্জিত করে দেখা আমাদের উচিত হবে না, অথবা তার 'পরে চেতনার সেইসব বৃত্তি আরোপ করা চলবে না যা বস্তুত মনোময়সত্ত্বের আরক্তানও শক্তিবিশেষের বিভূতি। আমাদের অহংবোধ যে কেবল স্মৃতি দিয়ে গড়া, তা নয়। ইন্দ্রিমানস এবং সমন্বয়ী বৃন্ধির মাঝে স্মৃতির শৃথ্য দ্তীন্মালি চলে: বৃন্ধির কাছে সে এনে হাজির করে অতীত অনুভবের যত সপ্তয়, যাকে বহিশ্চর জীবনের ক্ষণপরন্পরার অভিযানে বয়ে বেড়াতে পারে না বলেই মন অন্তঃপ্রের অন্তরালে গোপন রাথে।

একটা বিশ্লেষণে কথাটা ধরা পড়ে। সমস্ত মানস্ব্যাপারেরই চারটি উপা-দান আছে: মনশ্চেতনার বিষয়, বৃত্তি, নিমিত্ত এবং বিষয়ী। অন্তরাবৃত্তচক্ষ্ম সাক্ষীর প্রত্যক্-অনুভবে বিষয় হল চেতনসত্তেরই কোনও অবস্থা বৃত্তি বা তরঙগ—যেমন দ্রোধ হয় শোক ইত্যাদি কোনও বেদনা, ক্ষাং-পিপাসা প্রভৃতি প্রাণজ তাফা, ইচ্ছা-দেবষ প্রভৃতি অন্তঃপ্রাণের কোনও সংবেগ, অথবা ইন্দ্রিয়-সংবিৎ ইন্দ্রিয়বিজ্ঞান বা কোনও মননবৃত্তি। মনশ্চেতনার বৃত্তি বা ক্রিয়া বলতে বুঝি, সাক্ষীর দ্বারা এইসব মনোভাবের পর্যবেক্ষণ বা বিচার, অথবা তাদের একটা মানস সংবেদন মাত্র—যার মধ্যে পর্যকেক্ষণ ও বিচার সংবৃত্ত এমন-কি নিশ্চিহ্নও হয়ে থাকতে পারে। চিত্ত-পরুর্ষ তখন বৈশিষ্ট্যাবগাহী বৃত্তি দিয়ে মনের ক্রিয়া এবং বিষয়কে কখনও পৃথক করে, কখনও-বা মিলিয়ে-মিশিয়ে একাকার করে দেয়। উদাহরণর্পে বলা চলে : একসময় চিত্ত-পূর্ব যেন ক্রোধচেতনার ব্যক্তিতে রূপান্তরিত হয়ে গেল। তখন সে ব্রত্তির বিবিক্ত মনতা কি দ্রন্টা নয়, অথবা বৃত্তির বেদনা বা ক্রিয়ার 'পরে তার কোনও প্রশাসন নাই। আবার কখনও সে বৃত্ত্যাকার হয়েও বৃত্তির সাক্ষী ও মন্তা—তখন তার মনে জাগে 'আমি ক্রুদ্ধ' এই অনুবাবসায়। প্রথম কল্পে বিষয়ী বা চিত্ত-প্রুষ, চিত্তের প্রত্যক্-অনুভবের বৃত্তি এবং তার বিষয়র্পে মনোধাতুর চোধ-ময় পরিণাম—সব মিলেমিশে সূষ্ট হয়েছে স্পান্দত চিংশক্তির একটা উদেবলন। কিন্তু দিবতীয় কল্পে আছে তার একটা ছরিত বিশেলষণ এবং বিষয় হতে প্রত্যক্-অন্তবের অংশত-বিবিক্ত একটা বৃত্তি। এই তটপ্রপ্রায় বৃত্তির সহায়ে আমরা চিংশক্তির স্পন্দ ও পরিণামের অনুভবে প্রত্যক্-চেতনার স্ফুরন্ত রুপটিই যে আস্বাদন করি তা নয়—বিবিক্ত হয়ে সাক্ষীর ভূমিকায় থেকে

নিজেকেও খ'্লিটয়ে দেখি। এমন-কি তটম্থভাব প্রবল হলে ভাব ও কর্মকে অথবা ব্যত্তিসার পাকে থানিকটা নিয়ন্তিত করবার অধিকারও আমাদের জন্মায়। কিন্ত সাক্ষীর এই আত্মপর্যবেক্ষণের মধ্যে সাধারণত কিছু খৃত থেকে যায়। কারণ, এসবজায়গায় বিষয় হতে বৃত্তিরই আংশিক বিবেক ঘটে মাত্র— অর্থাৎ চিত্ত-পূর্ষ চিত্তবৃত্তি হতে একেবারে আলাদা হয়ে যায় না, বরং দুয়ে মিলেমিশে একাকার হবার সম্ভাবনাই হয় প্রবল। চিত্ত-পুরুষ বেদনাব্যত্তির সঙ্গে সার্প্য হতেও নিজেকে প্রাপ্রি বাঁচাতে পারে না। আমি যখন ক্রুম্ধ, তখন আমার সংবিতে আছে আমারই চেতনাধাতুর ক্রোধময় পরিণামের একটা প্রতায় এবং সেই পরিণামেরও একটা সাক্ষিপ্রতায়। কিন্তু এই সাক্ষি-প্রতায়ও যে ব্রত্তির পরিণাম—আমার স্বর্পে নয়, একথা আমার খেয়ালে আসে না। তাই চিত্তব্তির সংশ্যে আমিও একাকার হয়ে জড়িয়ে যাই—কোনমতেই নিজেকে দ্ব-তন্ত্র ও বিবিক্ত করে রাখতে পারি না। অর্থাৎ অনুব্যবসায়ের সময়ও আমার মধ্যে পূর্ণবিবিক্ত অপরোক্ষ আত্মসংবিং জার্গোন। তখনও আমি ব্রত্তিপরিণাম এবং তার অনুবাবসায় হতে প্রথক নই। যে-চিংশক্তি আমার মনোময় ও প্রাণময় প্রকৃতির উপাদান, তার বিপলে সমন্ত্রে আমার এই ব্যতিটেতনোর তরুগামালা উত্তাল হয়ে উঠেছে—আমিও এক হয়ে আছি তাদের সঙ্গে। চিত্ত-পর্র্মকে ধখন প্রত্যক্-অন্ভবের ব্যক্তি হতে সম্পূর্ণ পূথক করি, তখন আমার মধ্যে প্রথম জাগে বিশান্ধ অহণ্তার সংবিং এবং স্বার শেষে क्वार्षे भाक्तिभूत्वस वा मतामसभूत्वस्वतं भूपं रुठना। ७-भूत्वस्य कृष्धं दस ক্রোধকে দর্শন করেন, কিন্তু ক্রোধ কি দর্শন কারও বৃত্তিশ্বারা তাঁর স্বর্প

দপণ্টই বোঝা যায়, এখানে দুটি আত্মার কথা হচ্ছে না। একই চিংসত্তা চিংশক্তির তরগণদোলায় নিজেকে উদ্বেল করেছেন—নিজেরই বিচিত্র স্পন্দ-পরম্পরায় নিজেকে আস্বাদন করবেন বলে। কিন্তু এই উদ্বেলনে তাঁর তাত্ত্বিক কোনও বিকার, কোনও ক্ষয় কি উপচয় ঘটছে না। যে জড় বা শক্তি জড়জগতের আদি উপাদান, বৈজ্ঞানিক বলেন অবয়বসংযোগের নিত্য অদলবদলেও তার কোনও হ্রাস-বৃদ্ধি হয় না। এও ঠিক তা-ই—যদিও প্রাকৃত প্রমাতার দৃষ্টিতে দেখা দেয় রুপের নিত্যপরিগাম। কেননা, প্রমাতার প্রত্যক্ষ পরিচয় শ্বে

আবার নিতাসম্ভত কালকলনাময় আত্মাও।

সীমিত বা পরাম্ট হয় না। অগণিত বৃত্তি ও অনুব্যবসায়ের অফ্রন্ত পরম্পরার তিনি সাক্ষী। এও তিনি জানেন, এই পরম্পরা তাঁর স্বর্পের পরিণাম। আবার স্বর্পকে তিনি এই পরম্পরার অন্তগ্র্ট অবিকদ্পিত ভর্তা ও আধারর্পে অন্ভব করেন। তাঁর চিৎশক্তির নিত্যপরিণামী র্পায়ণ বা ঋতায়নেও তাঁর স্বর্পস্থিতি ও সন্ধিনীশক্তির মহিমা অক্ষর্থ থাকে। অতএব একাধারে তিনি যেমন অক্ষরস্বভাবে স্থিত কালাতীত আত্মা, তেমনি প্রতিভাসের সঙেগ, তার অন্তরালে যে সন্তা শক্তি বা উপাদান রয়েছে তার কোনও থবর সে রাথে না। কিন্তু ওই গৃহাচরের বার্তা যথন তার চেতনায় পেশছর, তখন দৃষ্ট প্রতিভাসকে সে অবাশ্তব বলে উড়িয়েও দিতে পারে না। প্রমাতা তখন দেখে, একদিকে আছে অবিকারী এক সন্তা শক্তি বা উপাদানতত্ব— তার স্বর্প ইন্দ্রিয়গ্রাহা নয় বলেই তাকে প্রাতিভাসিক বলা যায় না; তেমনি আরেকদিকে আছে ওই তত্ত্বস্তুর সম্ভূতি—তার সত্য পরিণাম বা বাশ্তব আ-ভাস। এই সম্ভূতি বা পরিণামকে আমরা বলি প্রতিভাস, কেননা ব্যাবহারিক ভূমিতে চেতনায় ইন্দ্রিয়সিরিকর্ষ ও ইন্দ্রিয়সংবিতের প্রয়োজনায় তার র্প ফোটে পরোক্ষ হয়ে—অপরোক্ষ-চৈতনার অনুপহিত অথন্ডব্যাপ্তি ও সর্বাবগাহী সম্ভূতিসংবিতের দীপ্তিতে তার মর্মপরিচয় ধরা পড়ে না। আত্মার বেলাতেও তা-ই। অপরোক্ষ আত্মসংবিতে তিনি সৎ, অপরিণামী। কিন্তু মনোময় সন্নিকর্ষ ও অনুভবে সম্ভূতির চিত্রলীলায় তিনি নিত্যপরিণামী। তার এই পরিণামী র্পটিকেই আমরা চিনি—চেতনার অনুপহিত শৃদ্ধবিজ্ঞান দিয়ে নয়, তার মনোময় উপাধির পরকলার ভিতর দিয়ে।

এই-যে অন্ভবের পরম্পরা, চিত্তব্তির ম্বারা উপহিত প্রমাত্টেতন্যের এই-যে পরোক্ষ বা গোণ ব্যাপার-স্মৃতির প্রয়োজন এইখানেই। ক্ষণভংগ আমাদের চিত্তব্তির একটি মৌলধর্ম। নিজেকে ক্ষণপরম্পরায় বিশ্লিষ্ট না করে সে তার অনুভবের সংহতিকে খ'জে পায় না কি ধরে রাখতে পারে না। পরিণামের যে-তরুগাকে অথবা সন্তার যে-চিৎদ্পন্দকে সদ্য-সদ্য জার্নছি, তার বেলায় স্মৃতির ব্যাপার নিষ্প্রয়োজন। আমি রেগে উঠলাম—এটা হল সম্মৃত্য প্রতায়ের ব্যাপার, স্মৃতির নয়। দেখছি যে আমি রেগেছি—এটাও স্মৃতির নয়, ইন্দ্রিয়বিজ্ঞানের ব্যাপার। কিন্তু অনুভবকে কালপরন্পরার সংগে যখন যুক্ত করি, অখণ্ড ব্রিপরিণামকে যখন ভূত-বর্তমান-ভবিষাতের পরম্পরায় ভেঙে বাল 'এইতো এখনি রেগে উঠেছিলাম' কিংবা 'রেগে আছি-এখনও রাগ পড়েনি' অথবা 'একবার রাগ ধরেছিল, আবার যদি এমনটি ঘটে তাহলে আবার রাগব', তখনই অনুভবের সঙ্গে স্মৃতিও যোগ দেয়। বর্তমান বৃত্তিপরিণামের সংখ্যেও স্মৃতির সাক্ষাং যোগ ঘটে, যখন তার নিমিত্ত হয় অংশত বা সম্পূর্ণ অতীতের কোনও ঘটনা। যেমন, বর্তমানের সদ্যোনিমিত্তের বশে নয়, কিল্ড অতীতের কোনও অন্যায় কি দঃখের স্মৃতিতে এখন যদি নতুন করে চিত্তে শোক বা রাগের ভাব জাগে; অথবা কোনও সদ্যোনিমিত্ত যদি জতীত নিমিত্তের ম্মতি জাগিয়ে এখন ওই ভাবের সৃষ্টি করে। অতীত অত্তর্গৃ হয়ে আছে চেতনার অন্তরালে অধিচেতন হয়ে। শুধু-যে আছেই, তা নয়—তার ক্রিয়াও অনেকসময় বর্তমানে প্রসূপিত হয়। কিন্তু তব্ তাকে চেতনার উপরমহলে ধরে রাখতে পারি না, তাই হারামণির কোঠা হতে আবার তাকে খংজে বার

করতে হয়। এইটি আমরা করি অন্তঃকরণের যে উদ্বোধনী ও সংযোজনী বৃত্তি দিয়ে, তাকে বলি স্মৃতি। বহিশ্চর মনোময় অন্ভবের সংকীর্ণ ক্ষেত্রে এখন যার অস্তিত্ব নাই, অন্তঃকরণের আরেকটি বৃত্তি নদিয়ে তাকে আমরা চেতনার প্রোভাগে টেনে আনি। এই বৃত্তিকে বলি কল্পনা। স্মৃতির চেয়েও তার শক্তি বড়—কেননা সাধ্য হ'ক বা অসাধ্য হ'ক, ভব্যাথের বিপ্ল সমারোহকে সে-ই আমাদের অবিদ্যার আসরে নামিয়ে আনে।

কালিক পরম্পরার মধ্যে আমাদের অনুভবের যে-অবিচ্ছেদব্যিতা, তাও মূলত প্র্যাতধ্য**ী নয়। এমন-কি প্র্যাতর কোনও প্র**য়োজনই থাকত না, র্যাদ ব্যাবহারিক চেতনায় একটা অখণ্ড ব্যাপ্তি থাকত—ক্ষণ হতে ক্ষণান্তরে তাকে র্যাদ ছাটতে না হত মান্টিচাত পূর্বক্ষণকে পিছনে ফেলে অথচ অন্ধিগত পরক্ষণের এতটাকু আভাস না পেয়েও। কালোপহিত সম্ভূতির তত্ত্ব কি অন্-ভব স্বগতভেদশ্না একটা প্রবাহ বা সমুদ্রের মত। শুধু অবিদ্যার সংকীণ ব্রত্তির শ্বারা অবচ্ছিন্ন সাক্ষী চৈতন্যই ভেদবৃদ্ধি দিয়ে তাকে খণ্ডিত করে. কেননা স্রোতের উপর চণ্ডলপক্ষ পতথেগর মত তাকেই কেবল ক্ষণে-ক্ষণে এদিক-র্তাদক ছুটতে হয়। তেমনি দেশোপহিত সদ্ভাবও যেন স্বগতভেদহীন একটা প্রবহন্ত সমদ্র। তারও মধ্যে শব্দ্ব ওই সাক্ষী চৈতন্যই খণ্ডতা দেখে, কেননা ইন্দ্রিয়ব্তির প্রসার সংকীণ বলে সমগ্রের অংশট্রকু তার নজরে পড়ে। তাই অখণ্ড বস্তুর বহুধা-রূপায়ণকে সে স্বয়ংসিন্ধ বিবিক্ত বস্তুর রূপ দেয়—যেন তারা অখণ্ড অধিষ্ঠান হতে দ্ব-তন্ত্র এক-একটি তত্ত্ব। দেশে ও কালে বস্তুর একটা সংস্থান কি বিন্যাস থাকলেও, তার মধ্যে একমাত্র অবিদ্যাই ভেদ বা ফাঁকের কল্পনা করে। মনঃকল্পিত এই ফাঁকটাকু পারতে কি ভেদটাকু জাড়তেই চিত্তব্তির নানা কসরত আমাদের প্রয়োজন হয়। তার মধ্যে একটি হল স্মৃতি।

আমার মধ্যে সংসার-সম্দ্রের একটা বিপল্ল প্রবাহ বয়ে চলেছে। দোধ হর্ষ শোক প্রভৃতি চিত্তের বৃত্তি ওই অবিচ্ছেদ প্রবাহের একটা দীর্ঘান্বত্ত তরুগ মার। স্মৃতির সংবেগ এই অনুবৃত্তির সাধন নয়—যদিও প্রবাহের বৃকে যে-তরুগ হয়তো মিলিয়ে ষেত, তার আয়াম বা আবৃত্তির সহায় সে হতে পারে। বস্তৃত চেতনায় ঢেউ জাগে কি তার দোলন চলে আধারে অন্তর্গত়ে চিংশক্তির প্রবেগ—তার স্বতঃপ্রবৃত্ত বিক্ষোভের ধারায় এগিয়ে চলে আমার বৃত্তির প্রবাহ। স্মৃতি শুখু এই বিক্ষোভের মেয়াদ বাড়ায়। তার জন্যে, হয় সে চিত্তের ভাবনাকে আবার বিক্ষোভের নিমিত্তের সংগ্ণ জ্বড়ে দেয়, নয়তো চিত্তের বেদনায় তার প্রথম হলকাকে জাগিয়ে তোলে। এইভাবে সে বিক্ষোভের আবৃত্তির একটা সার্থকতা সপ্রমাণ করে। নইলে বিক্ষোভ একবার দেখা দিয়েই হয়তো মিলিয়ে যেত, আবার ঠিক অনুর্প নিমিত্তের বদে একই

তরপোর স্বাভাবিক ব্যাখানকেও স্মৃতি-জন্য বলা চলে না—অভিনব বিচ্ছিন্ন বিক্ষোভেরই মত; স্মৃতি শৃধ্ব আবৃত্তির সহায়ে বিক্ষোভকে পাকা করে, মনকে আরও তার অধীন করে। জড়জগতে যেমন শক্তি ও র্পধাতুর লীলা-বৈচিত্রের মধ্যে একই কার্য-করণের যান্ত্রিক আবৃত্তি দেখি, মনের জগতেও দেখি ঠিক একইধরনে নিমিত্তের আবৃত্তিতে চলছে পরিণামের আবৃত্তি—যদিও এখানে মনঃশক্তির সৈবরিতা আর মনোধাতুর সাবলীলতা অনেক বেশী। অতএব এমন কথাও বলা চলে, নিখিল প্রাকৃতশক্তির মধ্যেই অবচেতন একটা স্মৃতির লীলা আছে—শক্তির সঙ্গে শক্তি-পরিণামের গাঁটছডা সে-ই বেংধছে। তাহলে কিন্তু স্মৃতি শব্দটার অর্থব্যাপ্তি সীমা ছাড়িয়ে যায়। আমরা এইটাকু বলতে পারি, চিংশক্তির তরণগবৃত্তি আবৃত্তিধমী। এইভাবে সে তার নিজের স্বরূপ-ধাতুর বিচিত্র স্পন্দনকে নিয়মের বন্ধনে বাঁধে। সত্য বলতে, স্মৃতি সাক্ষী মনের একটা কৌশল মাত্র। এই কৌশলে সে তার পৌনঃপর্নিক স্পন্দনবৃত্তির মালাকে কালের কলনায় গে°থে নেয়। তাতে তার অন,ভব কালের ছন্দে র পায়িত হয়। বিচ্ছিন্ন বৃত্তিকে সংহত ও সংসদক্ষ ক'রে তার সংকল্পশক্তি যেমন তাদের আরও কার্যোপযোগী করে তোলে, তেমনি ব্লাধ্দাক্তিও তাদের দেয় উত্তরোত্তর উপচীয়মান অর্থব্যঞ্জনার মর্যাদা। প্রের অচিতির মধ্যে যে পরিস্ফুট আত্মচেতনার সাধনা চলেছে, মনোময় জীব যে-সাধনায় আত্মপরি-ণামের লীলায়নে ফ্রটিয়ে তুলছে আত্মবিদ্যার অর্ণ আলো—স্ম,তি সেই সাধনার একটা মুখ্য ও অপরিহার্য সাধন। কিন্তু তাবলে সে-ই একমাত্র সাধন নয়। এই সাধনা ততক্ষণ চলে, যতক্ষণ চিত্তের জ্ঞানা- ও ইচ্ছা-শক্তির সমন্বয়ী ব্যত্তি প্রত্যক-অনুভবের সমস্ত উপাদানকে সম্পূর্ণ আয়ত্ত করে অথণ্ড সৌষম্যের স্করে ঝঙ্কৃত করে না তুলতে পারে। অন্তত এই তো দেখছি প্রকৃতি-পরিণামের তাৎপর্য। এইভাবে সে জডজগতের আপাত-মননহীন আত্মনিবিষ্ট শক্তির মন্ত্রোভঙ্গে ধীরে-ধীরে জাগিয়ে তলছে দীপনী।

মনোময় অবিদ্যার অরেকটি সাধন হল অহংবোধ, মনোময় জীব যা দিয়ে নিজের সংবিৎ পায়—যা শুধু তার প্রবৃত্তির বিষয় নিমিত্ত ও ব্যাপারেরই চেতনা নয়, তাদের অনুভবিতারও চেতনা। প্রথমত মনে হয় স্মৃতিই বৃঝি অহংবোধের একমাত্র উপাদান, সে-ই বৃঝি বলে যায় 'যে-আমি রেগে উঠেছিলাম একট্-আগে, সেই আমিই আবার রেগেছি কি এখনও রেগে আর্দ্ধ।' কিল্তু ক্ষতৃত স্মৃতি তার নিজের চেন্টায় এইট্কু শুধু বলতে পারে, 'চিত্তবৃত্তির একই আসরে ঘটেছে একই ব্যাপারের প্নরাবৃত্তি।' আসলে এখানে দেখা দিয়েছে মনোধর্মের একটা বৃষ্থান, অর্থাৎ মনোধাতুর উশেবল তরংশার একটা প্নর্দ্ধন্য—অলোকিক সন্নিকর্ম দিয়ে মন যার প্রত্যক্ষ অনুভব পার।

স্মৃতি এই বিভিন্ন ক্ষণের আবৃত্তির মধ্যে যোগাযোগ ঘটায়, যাতে অন্তঃকরণ ব্রুকতে পারে—এসব একই মনোধাতুর একধরনের স্ফুরদ্রুপ এবং একই অন্তঃ-করণ তাদের গ্রহীতা। অহংবোধ স্মৃতির পরিণামও নয়, কৃতিও নয়। সে যেন চিত্তের একটা নিতাস্থায়ী ধ্রবিবন্দর, যাকে আঁকড়ে ধরে অন্তঃকরণ চিত্ত-ক্ষেত্রে নিজের সপ্তরণকে ছন্দোময় করে—নইলে তাকে এলোমেলোভাবে চার-দিকে ছিটকে বেড়াতে হত। অহন্তার স্মৃতিতে অন্তঃকরণের এই ধ্রবলক্ষা প্রন্থ হয়, স্থির হয়—কিন্তু তাবলে স্মৃতিই তার উপাদান নয়। খ্ব সন্ভব ইতর প্রাণীর মধ্যে এই ব্যক্তিত্বের বোধ বা অহংচেতনা খবে গভীর নয়। ইন্দ্রিয়চেতনাকে আশ্রয় করে কালের প্রবাহে ভেসে চলেছে শুধ্য আত্মসারূপ্য ও অন্যবিবিক্ততার একটা অস্পন্ট কিংবা অনতিস্পন্ট অনুবৃত্তিবোধ—বিশেলষণ করলে পরে পশ্রর অহংএর এই চেহারাই আমরা দেখব। কিন্তু মানুষের মধ্যে তার সঙ্গে যুক্ত হয়েছে মনের জ্ঞানা-শক্তির একটা সমন্বয়ী ব.তি. যা অন্তঃকরণ- ও স্মৃতি-বৃত্তির সমবায়ে অহন্তার স্কুস্পন্ট একটা চেতনা গড়ে তোলে (অবশ্য তার সংশ্য জড়িয়ে থাকে অহংবোধের অব্যভিচরিত আদিম বোধপ্রতায়ট্রকও)। এই অহংকে কেন্দ্র করেই তর্রাঞ্গত হয় 'সংজ্ঞা' বেদনা ভাবনা ও স্মৃতি। স্মৃতি থাকু না থাকু, সব বৃত্তির মূলে যে একই অহং তাতে কোনও সংশয় নাই। সমন্বয়ী বৃত্তি বলে : এই হাজার রূপবৈচিত্র্য-সত্ত্বেও সচেতন মনোধাতু একই চেতনপ্রব্যের বিভূতি; বোধ বা বোধের নিক্তি, স্মৃতি বা কিম্নতি, বহিশ্চর চেতনা অথবা স্বৃষ্পিতে নিমন্ন অন্তরা-ব্তু চেতনা—সমস্তই তার বৃত্তি। স্মৃতি গড়বার আগেও সে যেমন ছিল, তেমনি তার পরেও আছে। শৈশবে-বার্ধক্যে, নিদ্রায়-জাগরণে, আপাত-চেতনায় বা আপাত-অচেতনায় জেগে আছে সে-ই। যে-কাজের ক্ষ্যতি আছে অথবা যার স্মৃতি নাই—সবারই সে কর্তা। তার আত্মভাবের সকল বিপরিণামের অন্ত-রালে সে-ই রয়েছে নিত্যস্থির।...মানুষের মধ্যে জ্ঞানা-শক্তির এই-যে সমন্বয়ী বৃত্তি, এই-যে আত্মসংবিং ও প্রত্যক-অনুভবের রুপবিগ্রহ, পশ্বর স্মৃতিপুটিত ও ইন্দিরপর্টিত অহন্তার চাইতে অনেক উচ্চে এর স্থান—অতএব একেই যথার্থ আত্মবিজ্ঞানের প্রতিবেশী বলতে পারি।...প্রকৃতির ব্যক্ত এবং অব্যক্ত লীলার অন্তঃপুরে প্রবেশ করলেও দেখি, ষেখানেই অহন্তার বোধ বা স্মৃতি আছে, তারই পিছনে আছে জ্ঞানা-শক্তির একটা অন্তগর্ভ সমন্বয়ী বৃত্তি। বিশ্ব-ব্যাপী চিংশক্তির আশ্রয়ে থেকে ব্যাবহারিক প্রয়োজনে এই অহন্তাকে সে-ই ফ্রিটিয়ে তুলছে। প্রকৃতি-পরিণামের আধ্রনিক পর্বে এই সমন্বরী বৃত্তি মানুষের বুন্দিতে সম্মিক বিক্সিত, যদিও বুন্দির প্রবৃত্তিতে ও উপাদানে এখনও অনেক কুণ্ঠা এবং অপূর্ণতা রয়ে গেছে। অচিতিরও অস্তরালে অব-চেতন বিজ্ঞানের একটা প্রেতি, বস্তর স্বভাবে নিরুত এক মহত্তর প্রজ্ঞার অন্-

শাসন প্রচ্ছন্ন রয়েছে—যা বিশ্বসম্ভূতির প্রমন্ততম তাণ্ডবের মধ্যেও রণিত করে সমন্বয়ের একটা ছন্দ, বৃশ্ধিকৃত নিয়ন্তণের আনে একটা আভাস।

একটা ব্যাপারে স্মৃতির গ্রেম্ব বিশেষ করে নজরে পড়ে। একই আধারে কখনও-কখনও ব্যক্তিসত্তার একটা দৈবতভাব ব্যাস্থ্য বা বিযোজন দেখা দেয়। প্র-প্র বা প্রযায়ক্রমে একই মান্ত্র অহংএর দুটি ভূমিকায় অবতীর্ণ হয়। প্রত্যেক ভূমিকায় তার স্মৃতি শৃধ্য সেই ভূমিকার অন্তব ও কর্মের মধ্যে সমন্বয় ঘটায়—অপর ভূমিকার কথা তার মনেও থাকে না। এতে মনে হয়, বিভিন্ন ব্যক্তিসত্তা যেন দানা বে'ধে উঠেছে একই মানুষের মধ্যে। কেননা, এক ভূমিকায় সে যে-মানুষ, আরেক ভূমিকায় সে-মানুষ সে নয়—তখন তার নাম-গোত্র ভাবনা-বেদনা সবারই র্পান্তর ঘটেছে। এ-অক্থায় ক্ষ্তিই ব্যক্তি-সত্তার সবখানি—এমন কথা মনে হওয়া আশ্চর্য নয়।...কিন্তু অহংএর বিযোজন না ঘটেও স্মাতির বিযোজন ঘটতে পারে—যেমন সম্মোহিত দশায়। সম্মোহিত ব্যক্তির মধ্যে কথনও অন্ভব ও স্মৃতির এমন-একটা রাজ্য ভেসে ওঠে, যার সংখ্য তার জাগ্রতের কোনই পরিচয় ছিল না। কিন্তু তাবলে নিজেকে সে আলাদা একটা মান্য মনে করে না। আবার কখনও মান্য অতীত জীবনের সব কথা এমন-কি নিজের নাম শৃন্ধ ভূলে যায়, তব্ও তার অহংবোধ বা ব্যক্তি-সত্তার কোনও বিপর্যায় ঘটে না। তাছাড়া চেতনার এমন ভূমিও আছে, যেখানে স্মৃতির ফাঁক না থাকলেও আধারের অতিদ্রত পরিবর্তনে মনশ্চেতনার এমন আশ্চর্য রূপান্তর হয় যে, ন্তন ব্যক্তিসত্তা নিয়ে মান্ষের যেন নবজন্ম ঘটে। সে-র্পান্তর এত আম্ল যে, মনের যোগস্ত না থাকলে তার অতীতকে সে বর্তমানের ভূমিকায় দাঁড়িয়ে স্বীকারই করত না—র্যাদও সে বেশ জানে, তার জন্মান্তর ঘটেছে এই দেহে এবং এই মনোধাতুতেই।...অন্তঃকরণকে ভিত্তি করে প্রত্যক্-অনুভবী মন স্মৃতির স্তায় তার অনুভবের মালা গে'থে চলে। কিণ্তু তার মধ্যে মনের সমন্বয়ী বৃত্তিই স্মৃতির আহ্ত সকল উপকরণকে, তার অতীত-বর্তমান-ভবিষাতের যোগাযোগকে স্বসম্বন্ধ করে জ্বড়ে দেয় একটি 'আমি'র সঙেগ—যে-আমি অনুভব ও ব্যক্তিসত্তার বৈচিত্র্য এবং কালের ক্ষণভঙ্গ সত্ত্তে সর্বদা একর্প।

মনোময় জীবের অহংবোধ তার যথার্থ আছাবোধ-স্ফর্বণের উদ্যোগপর্ব মাদ্র। অচিতি হতে আছাটেতন্যের দিকেঁ, আছা-ফাবদাা ও বিশ্ব-কবিদ্যা হতে প্র্ণ-বিদ্যার দিকে শরীরী মনের অভিযান চলেছে। তার মধ্যে একটি জায়গায় এসে সে এই অহংএর পরিচয় পেল, যার নিত্য-সদ্ভাবে তার বহিশ্চর চেতনাবিভূতির বিচিত্র প্রত্যায় গাঁথা রয়েছে। এই অহংকে চেতনাবিভূতির সংগ্যামিকটা সে ঘ্লিয়ে ফেলে। আবার আরেকদিকে তাকে মনে করে প্রাকৃত্বিবর্গরিশাম হতে বিবিক্ত একটা উৎকৃষ্টতর তত্ত্ব—হয়তো-বা শাশ্বত ও নিবিকার

একটা সত্ত্ব।...শেষ-পর্যাক্ত, সমন্বর করতে গিয়ে ভেঙে-দেখা যে-ব্বাধির স্বভাব, তার পরামর্শে প্রত্যক্-অন্বভবকে সে শ্ব্র বি-ভূতির ক্ষেত্রে সামিত রাখতে পারে। ভাবতে পারে: নিত্যবিপরিণামই আত্মভাবের ক্বর্প, এছাড়া স্থাণ্বভাবের কল্পনা মনের একটা খেয়াল মাত্র। থাকা নয়—হওয়াই সত্তার তত্ত্ব।... পক্ষান্তরে শাশ্বত-সদ্ভাবের অপরোক্ষ চেতনাতে প্রত্যক্-অন্বভবকে সে নির্ম্থ রাখতে পারে—বিভূতিস্পন্দের সংবিৎকে এড়িয়ে যাবার উপায় না থাকলেও, কিংবা তাকে ইন্দ্রিয় ও মনের মায়া কি কালগ্রস্ত অবরসত্তার একটা বিভ্রম বলে নিরাকৃত করতে পারে।

কিল্ত একটা কথা স্পন্ট। বিবিক্ত অহংবোধের উপর যে-আত্মজ্ঞানের প্রতিষ্ঠা, তা অসম্পূর্ণ। একমাত্র বা মুখ্যত একে আগ্রয় ক'রে এমন-কি এর প্রতিক্রিয়াবশে যে জ্ঞানের সৌধ রচিত হবে, তাকেও পূর্ণাণ্গ কি দুচমূল বলা নিরাপদ হবে না। প্রথমত এধরনের জ্ঞান শুধু আমাদের বহিশ্চর চিত্তবৃত্তির লীলা। এই আধারে আত্মবিভাবনার যে বিপলে উচ্ছলন অন্তর্গত্তি চলেছে, তার সম্পর্কে একে জ্ঞান না বলে বলতে পারি অজ্ঞান।...দ্বিতীয়ত. ব্যাণ্ট আত্মার সামিত অন্ভবের মধ্যে সত্তা ও পরিণামের যেটকু তত্ত আছে. এ-জ্ঞানে কেবল তার পরিচয় মেলে। তার বাইরে সমস্ত বিশ্বই তার কাছে অনাত্মা। অর্থাৎ বিশ্বকে সে আত্মার আত্মীয় বলে জানে না—তার বিবিক্ত চেতনার কাছে ও যেন বাইরের একটা-কিছ্ব। তার কারণ, ব্যন্টির আত্মসত্তা ও আত্মপরিণাম তার কাছে অপরোক্ষ, কিন্তু এই বিপন্ন বিশ্বসতা ও বিশ্ব-প্রকৃতি তো অপরোক্ষ নয়। এখানেও দেখছি, অজ্ঞানের বিপলে অমানিশার ্ ব্বে খণ্ডজ্ঞানের শুধু একটি খদ্যোতিকা !...তৃতীয়ত, এ-জ্ঞানে পূর্ণ আত্ম-জ্ঞানের অথবা অখন্ড বোধিচেতনার ভিত্তিতে সত্তা ও পরিণামের সত্য সম্পর্কের পরিচিতি হয় না। অবিদ্যা বা খণিডত-বঃদ্ধিই সে-পরিচয়সাধনের ভার নেয়। তার ফলে, পরমজ্ঞানের অভিযাত্রী মনের তীব্রসংবেগ প্রাকৃত বৃদিধ এবং সম্কল্পের সংযোজনী ও বিযোজনী বৃত্তি দিয়ে অনুত্তরের রহস্য ভেদ করতে চায়। অতএব আমাদের বর্তমান অনুভব ও সম্ভাবনার মাপকাঠিতে বিচার করে অখন্ডসন্তাকে সে দ্বিখন্ডিত করে এবং তার একটি কোটিকে যাক্তির শাণিত আঘাতে ছে'টে ফেলে। এই ঐকান্তিক সাধনায় কেবল এইটাকু প্রমাণিত হয় যে. মনোময় জীব একদিকে যেমন পরিণামের সকল লীলাকে আপাতদ্ভিত নস্যাৎ ক'রে অপরোক্ষ আত্মসংবিতে সমাহিত হতে পারে, তেমনি আবার স্থাণ্ আত্মসংবিংকেও আপাতত বাদ দিয়ে শুধু পরিণামের লীলাতেও সে অভি-নিবিষ্ট হতে পারে। মনের দুর্টি দিক তখন দ্বন্দ্বযুদ্ধে অবতীর্ণ হয়। উপেক্ষিত পক্ষকে তারা অবাস্তব অথবা চিত্তের একটা খেয়াল মনে করে। এক-পক্ষ বলে: ব্রহ্ম আত্মা বা জগং আপেক্ষিক সত্য মাত্র: এরা মনগড়া তত্ত্ব,

অতএব যতক্ষণ মনের বৃত্তি ততক্ষণ এদের আয়্। তেমনি আবার আরেক পক্ষ বলে : জগং আত্মার একটা অর্থা ক্রিয়াকারী দ্বন্দ মাত্র ; অথবা ব্রহ্ম ও আত্মা মনের একটা বিকলপ বা অর্থা ক্রিয়াকারী একটা বিক্রম। এতেই প্রমাণ হয়, প্রাকৃত বৃদ্ধির কাছে সন্তা আর পরিণামের সত্য সম্পর্কটি ধরা পড়েনি। কেননা একদেশী জ্ঞানের 'পরে নির্ভার বলে এ-দ্বটির মাঝে বিরোধকেই সে দেখেছে —সমাধানের কোনও ইঙ্গিত সে খ্রুঁজে পায়নি।...কিন্তু অভঙ্গ সমাক্-জ্ঞান চিংপরিণামের লক্ষ্য। বৃদ্ধির ছ্বিরতে চেতনার একটি বিভাবকে আরেকটি বিভাব হতে বিচ্ছিন্ন ক'রে আত্মা কি জগতের প্র্ণ পরিচয় মিলবে না। কারণ, দ্থাণ্ব আত্মাই যদি একমাত্র তত্ত্ব হত, তাহলে সংসারের অদ্বিতম্বও হত অসম্ভাবিত। যদি 'চলা' প্রকৃতিই সব হত, তাহলে বিশ্বপরিণামের কল্পাবর্তন চলত, কিন্তু তার মধ্যে অচিতি হতে চিতের উন্মেষের কোনও প্রযোজনা থাকত না। এই-যে আমাদের খন্ডচেতনা বা অবিদ্যার বৃক্তে জন্লছে উত্তরায়ণের একটা অনির্বাণ অভীপ্সা, আত্মভাবের অখন্ড শ্বতিচিময় অন্তবের সঙ্গে সর্বভাবের ভান্বর বিজ্ঞানকে যুক্ত করে জ্ঞানসিদ্ধির একটা অনতিবর্তনীয় আক্তি—তখন তার সম্ভাবনা কোথায় থাকত?

আমাদের প্রাকৃতসত্তা নিতাসত্তার একটা বহিরাবরণ মাত্র—আর ওইখানেই অবিদ্যার পূর্ণ অধিকার। জানতে হলে নিজের গহনে অন্তর্দু ছির সন্ধানী বিদ্বাং নিয়ে তলিয়ে যেতে হবে। এক বিপলে সত্তা অন্তর্গ চুট্ হয়ে আছে চেতনার গভীরে—বাইরের র**্পায়ণ তার অতিক্ষ**দ্র ও দিতমিত প্রতিবিদ্ব <mark>মাত্র।</mark> বহিশ্চর প্রাণ ও মনের ব্যক্তি দ্তশ্ভিত হলেই জাগে দ্থাণ, আত্মদ্বর্পের বছ্র-সত্ত প্রত্যয়। তিনি গহোহিত হয়ে আছেন। কেবল আত্মসন্তার বোধিজাত প্রত্যয়ের বিজলীঝলকে বাইরে তাঁর আভাস ফুটে ওঠে, আর দেহ-প্রাণ-মনের অহংপ্রতায়ের ধ্মল ছায়ায় তাঁর কর্দার্থিত রূপের পরিচয় পাই। তাঁর সতাকে জানতে হলে মনকে দতস্থ করে জ্বতে হবে পরমনৈঃশব্দোর গহনে।...কিন্তু বহিঃসত্তার চরিষ্ট্র বিভূতিও তেমনি আমাদের অন্তঃপ্রকৃতির গভীরে নিহিত এক বিশাল সত্যের অতিক্ষাদ্র স্তিমিত প্রতিবিদ্ব মাত্র। বহিশ্চর স্মৃতিও চেতনার একটা খণ্ডিত প্রগাবান্তি এক অন্তণ্চর অধিচেতন-ম্মতির গাহা হতে সে তার প‡জি কুড়িয়ে আনে। কিন্তু ওই অধিচেতন-স্মৃতির ভা**ন্ডা**রে জমা আছে আমাদের ভবস্লোতোবাহিত সকল অনুভবের প্রতিলিপি-এমন-কি মন যাদের দেখেনি বা বোঝেনি, তাদেরও ছবি ওইখানে তোলা আছে। আমাদের বহিষ্ট্র কল্পনাও অধিচেতনার সিম্ধ লীলাকল্পনার বিপ্লে বগৈশ্বর্যের ছিটেফোঁটা নিয়ে তার রঙিন ছবি আঁকে। এই বহিঃপরিণামী দেহ-প্রাণ-মনের জোগান আসছে এক অমেয়-বিপাল মনের অতিস্কা প্রতায়ের ভান্ডার হতে, এক অফ্রন্ত প্রাণশক্তির উচ্ছবসিত স্পন্দলীলার উৎস হতে, স্ক্রাতর ও

উদারতর গ্রহণশক্তির আধারর্পী এক ভূতস্ক্ষ্মময় র্পধাতুর বিশাল সম্ভার হতে। গ্রেচারা চিংশক্তির এই রহসাময় প্রবৃত্তির পিছনে আছে এক চৈত্যসন্তার অধিষ্ঠান। তাকে আমাদের ব্যক্তিভাবনার সত্য প্রতিষ্ঠা বলে জানি। আমাদের অহন্তা তারই মুখোস প'রে আধারের বহিরঙ্গনে বিচরণ করছে। বস্তুত ওই গ্রাশায়ী অন্তরাদ্মাই আমাদের আত্মান্ভবের সঙ্গে বিশ্বান্ভবের জ্বড়ি মিলিয়ে উভয়কেই তাঁর গভীরবেদিত্বের মহিমায় ধরে আছেন। দেহ-প্রাণ-মনকে অবলম্বন ক'রে যে বহির্ম্থ অহন্তার প্রকাশ, সে শ্ব্ব বিশ্বপ্রকৃতির একটা উপরিচর কৃত্তিম সৃষ্টি। তাই, আমাদের অধ্যাদ্ধবিজ্ঞানের ভিত তথনই পাকা হয়, যখন এই আধারের গহনে ভূবে এবং তার বহিরঙ্গানে বিচরণ ক'রে আমাদের হংশয় প্রশ্ব এবং আত্মপ্রতি উভয়েরই সমগ্র পরিচয় নিতে পারি।

দশম অধ্যায়

তাদাম্ম্যবিজ্ঞান ও বিভক্তজ্ঞান

यायनायानः भणवायनि।

গীতা ৬ ৷২০

আত্মা দিয়ে আত্মাকে দেখে তারা আত্মার মধ্যে।

—গীতা (৬।২০)

যত হি দৈৰত্মিৰ ভবতি তদিতর ইতরং পশাতি, তদিতর ইতরং শ্লোতি, তদিতর ইতরং নিজানাতি। মত্র তস্য সর্বমাঝেরাভূত্তংকেন কং বিজ্ঞানীয়াং। যেনেদং সর্বং বিজ্ঞানাতি স আছা।... সর্বং তং প্রাদাদেয়াছনায়াড়নঃ সর্বং বেদ; ইনং রক্ষ, ইমানি ভূতানীদং সর্বং বদয়মাজা॥

ब्हमानगारकार्भानवर 8 16 156,9

যেথানে শ্বৈতই যেন থাকে, সেখানে একজন আরেকজনকৈ দেখে শোনে ছোঁর ভাবে না জানে। কিন্তু যখন তার সব হয়ে যায় আত্মাই, তখন কি দিয়ে জানবে সে কাকে? আত্মা দিয়েই তখন জানে সে এই যা-কিছ্ব রয়েছে। ...সবাই তাকে ছেড়ে যায়, আত্মাতে ছাড়। আর-কোথাও দেখে যে সবাইকে; কারণ এই যা-কিছ্ব, সবই ব্রশ্ব—সর্বভূত এবং এই যা-কিছ্ব সবই এই আত্মা।

—বহদারণ্যক উপনিষদ (৪।৫।১৫.৭)

পরাণি খানি ব্যত্পং স্বয়ন্তুস্তস্মং পরাও্ পশ্যতি নাম্তরাখন্। কন্চিখারঃ প্রত্যাধানমৈক্ষাব্তচ্জ্রস্ত্যমিক্ষ্ন ॥

কঠোপনিষং ৪।১

বাইরের দিকে ইন্দ্রিয়ের দ্বারগর্নল খুলে দিয়েছেন স্বয়ন্ত; তাই বাইরেই সব-কিছু দেখে মান্য, অন্তরাত্মাতে নয়। কথনও কোনও ধার প্রয়েষ আত্মাকে দেখেন মুখামুখি আব্স্তুচক্ষু হয়ে অমুত্ত্বের আকুতি নিয়ে।

—কঠ উপনিষদ (৪।১)

ন হি প্ৰক্ৰট্ন প্ৰেলাপো বিদ্যতে। ন হি বন্ধ ক্ষে:। ন হি প্ৰোছ্ঃ প্ৰতে:। ন হি বিজ্ঞাতুৰি আতেৰি পরিলোপো বিদ্যতেহবিনাশিয়াং। ন তু তদ্ শ্বিতীয়ম্পত ততোহন্যশ্বিজ্ঞাং বংপশ্যেং নাদ যশ্ববেং যক্ষ্ন্যাং যশ্বিজ্ঞানীয়াং॥

ৰ্ছদারণ্যকোপনিষং ৪।৩।২৩-৩০

দ্রন্থীর দ্র্নিটর বিপরিলোপ হয় না, বন্ধারও হয় না বচনের বিপরিলোপ।... তেমনি হয় না শ্রোতার শ্রুতির...অথবা বিজ্ঞাতার বিজ্ঞানের কেননা তারা আবিনাশী; কিন্তু তার দোসর বা তার থেকে বিভক্ত তো কিছ্ট্ই নাই, যাকে সে দেখবে বলবে শ্রুবে কি জানবে।

--বৃহদারণ্যক উপানষদ (৪।৩।২৩-৩০)

আমাদের বহি মুখ প্রত্যয় অর্থাৎ নিজেকে অন্তরের বৃত্তিকে কি বহিজাগতের বিষয় ও ব্যাপারকে দেখবার যে মানসী দৃষ্টিভাগ্গ, জ্ঞানের চারটি
প্রকার বা ধরন হতে তার প্রামাণ্য ও গভীরতার তারতম্য নির্পিত হয়।
জানার মূল ধরন হল তাদাক্ষ্যবাধ দিয়ে জানা। এই ধরনটি সবার অন্তর্গান্

আত্মভাবের নৈস্গর্গক ধর্ম'। দিবতীয় ধরনের জ্ঞান নৈস্গ্রিক নয়, উৎপাদ্য; অপরোক্ষ-সন্নিকর্ষ হল তার সাধন। তার মুলে কখনও থাকে নিগ্তোদাত্ম্যাবিজ্ঞানের আবেশ; কখনও-বা তাদাত্ম্যাবিজ্ঞান হতে উৎসারিত হয়েও কার্যতি সে তাথেকে বিযুক্ত হয়ে পড়ে, তাই তার প্রত্যায়ে বীর্য থাকলেও পূর্ণতা থাকে না। তৃতীয় ধরনের জ্ঞানে বিষয়ী বিষয় হতে বিভক্ত হয়েও অপরোক্ষানিকর্যকে তার সাধন করে, এমন-কি তার মধ্যে আংশিক তাদাত্ম্যাবোধেরও অভাব হয় না। চতুর্থ জ্ঞানটি প্রাপর্যার বিভজাব্ত জ্ঞান; তার সাধন হল পরোক্ষ-সন্নিকর্য। সন্নিকৃষ্ট বিষয়কে গ্রহণ করা তার ধর্মা, যদিও সে নিজের অজ্ঞাতসারে অল্তরের প্রাক্তন সংবিৎ ও বিজ্ঞানের ভাশ্ডার হতে আহরণ বা তর্জমা করেই তার বিষয়কে জানে।...অতএব প্রকৃতির মধ্যে জ্ঞানের চারটি সাধন আছে : তাদাত্ম্যাবোধ দিয়ে জানা, অন্তর্গুগ অপরোক্ষ-সন্নিকর্য দিয়ে জানা, বিভজ্ঞাব্ত বা বহিরঙ্গ অপরোক্ষ সন্নিকর্য দিয়ে জানা, এবং অবশেষে পরোক্ষ-সন্নিকর্য দিয়ে বিষয়কে নিজের থেকে একেবারে আলাদা করে জানা।

প্রাকৃতচিত্তে প্রথম ধরনের জ্ঞানের বিশান্থ রূপ দেখি আমাদের স্বরূপ-সত্তার অপরোক্ষ সংবিতে। এই জ্ঞানের বিষয় কেবল আমাদের আত্মসদ্ভাবের বিশান্ধ প্রত্যয়টাকু ছাড়া আর-কিছাই নয়। জগতের আর-কোনও বিষয় সম্পর্কে প্রাকৃতচিত্তে এধরনের সংবেদন জাগে না।...কিন্তু প্রত্যক্-চেতনার সংস্থান ও ব্ত্তিসম্পর্কিত জ্ঞানেও তাদাত্মাসংবিতের থানিকটা আভাস থাকে, কেননা এক্ষেত্রে জ্ঞাতার ব্যন্তিসার প্য একটা স্বাভাবিক ব্যাপার। ক্রোধব্যন্তিব উদাহরণ আগেই দিয়েছি : ক্রোধ হঠাৎ উদ্দীপ্ত হয়ে এমনভাবে আমাদের গ্রাস করতে পারে যে, তখনকার মত মনে হবে আমাদের সমস্ত চেতনা বৃঝি ক্রোধের একটা উত্তাল তরঙ্গ মাত্র। প্রীতি শোক হর্ষ প্রভৃতি ভাবোচ্ছ্রাসেরও এর্মান করে উড়ে এসে চেতনার সবখানি জুড়ে বসবার সামর্থ্য আছে। কখনও-কখনও চিন্তাতেও এমনটা হয়। চিন্তক 'আমি'কে ভূলে গিয়ে আমরা হয়ে যাই চিন্তাময় বা চিন্তনময়। কিন্তু অধিকাংশক্ষেত্রে এর মধ্যে একটা দৈবধ-ব্যত্তি থাকে : আমাদের একভাগ রূপান্তরিত হয় চিন্তায় কি ভাবোচ্ছবাসে, আরেক ভাগ তার সঙ্গে কতকটা মাথামাখি হয়ে চলে কিংবা পাশে-পাশে থেকে তাকে অন্তর্গ্গ অপরোক্ষ-সন্নিকর্ষ দিয়ে জানে। এই অন্তর্গ্গ ভাবটা অনেকসময় তাদাত্মাপ্রতায় বা বৃত্তিসার্প্যের কাছাকাছি যায়।

এইধরনের তাদাত্ম্যভাব অথবা একই সময়ে আংশিক বিবেক এবং আংশিক তাদাত্ম্য সম্ভব হয়—বৃত্তির পরিণাম আমাদের সত্তার পরিণাম বলেই। বৃত্তিমাত্রেই আমাদের মনোময় এবং প্রাণময় ধাতু ও শক্তির ব্যাকৃতি হলেও, সত্তার একটিমাত্র অংশকে তারা দখল করে থাকে। তাই তাদের দ্বারা গ্রহত হয়ে তদাকার হতে আমরা বাধ্য নই। ইচ্ছা করলেই আমরা তটস্থ হয়ে সত্তাকে তার কালাবচ্ছিল্ল পরিণাম হতে বিবিক্ত রাখতে পারি-পরিণামের দ্রন্টা ও শাস্তা হয়ে অনায়াসে তার আবিভাবে কি তিরোভাব ঘটাতে পারি। এইভাবে অন্তশ্চর তটম্থবৃত্তির সহায়ে অর্থাৎ মনোময় বা শান্ধসত্তময় বিবেক দিয়ে মনোময় বা প্রাণময় অপরা প্রকৃতির শাসন হতে নিজেকে আমরা খানিকটা এমন-কি কখনও প্রাপর্রর নির্মন্ত করতে পারি-অনায়াস র্মাহমায় প্রতিষ্ঠিত হতে পারি সাক্ষী চেতা প্রশাস্তার আসনে। অতএব অর্তব্তির জ্ঞানের দুটি ভাগ আছে। একদিকে আছে চিত্তের ধাতু ও ব্তির তাদাত্মাস্পূন্ট অন্তর্গ্সজ্ঞান। এই অন্তর্গ্সবােধ এত নিবিড় যে বহিজা্পতের অনাত্মবস্তুর জ্ঞানের সঙ্গে তার তুলনাই চলে না, কেননা সে-জ্ঞানে আছে শুধ্ বস্তর বিবিক্ত ও পরাক-বৃত্ত প্রতায়। আবার আরেকদিকে আছে তটস্থ-দ্বিত্র জ্ঞান। তটম্থ হলেও সেখানে দুষ্টার মধ্যে অপরোক্ষ-সন্নিকধের সামর্থ্য আছে, যা প্রকৃতির মূঢ়ে পারবশ্য হতে তাকে মুক্ত ক'রে আত্মভাব ও জগংভাবের সমগ্রতার সঙ্গে বৃত্তিকে যুক্ত করবার স্বচ্ছন্দ অধিকার দেয়। এই তটেম্থ ভাবটাকু না থাকলে আত্মপ্রকৃতির স্পন্দ পরিণাম ও প্রবৃত্তির আবর্তে আমরা আত্মন্থিতির স্বাতন্ত্য ও বিজ্ঞানময় ঈশনা হারিয়ে ফেলি। তথন আত্ম-প্রকৃতির স্পন্দব্তিকে অন্তরণ্গভাবে জানলেও আয়ত্তে রাথবার মত তাকে খ্বিটয়ে জানি না। কিন্তু ব্তিতাদাস্মের সংগ্য যদি সমগ্র প্রত্যক্-সত্তার তাদাঘ্যবোধ জড়িয়ে থাকে, অর্থাৎ ব্তিপরিণামের উদ্বেলনে সম্পূর্ণ অব-গাহন করে ভাব ও কর্মের চরম অভিনিবেশের মধ্যেও যদি নিজেকে মনোময় সাক্ষী চেতা ও শাস্তা করে রাখতে পারি, তাহ**লে প্রকৃতির কবল হতে ম**ুক্তি পাই। কিন্তু ব্যাপারটা খুব সহজ নয়। আমাদের প্রাকৃত চেতনা দ্বিধা-বিভক্ত। তার যেটা প্রাণের মহল, সেখানে আছে জীবনধর্মেব তাগিদ— কামনা হ,দয়াবেগ ও কর্মপ্রমন্ততার আকারে। তারা মনকে দখলে আনতে, গ্রাস করতে চায়। আবার মনও চায় এই জ্বল্ম এড়িয়ে প্রাণকে আপন বশে আনতে। কিন্তু মনের পক্ষে তা সম্ভব হয় একমাত্র বিবিক্তভাবকে বজায় রেখে, কেননা অবিবেকেই তার মরণ ঘটে—প্রাণের স্লোত তখন তাকে অক্ল-পানে ভাসিয়ে নেয়। কিন্তু বিভক্তচেতনার দ্বটি কোটির মধ্যে তাদাখ্যাভাব দ্বারা একটা সাম্য আনা যদিও সম্ভব, তব্ সাম্য বজায় রাখা সহজ নয়। আমাদের মধ্যে আছে এক মন-আত্মা। চিত্তাবেগের সাক্ষী থেঁকৈ সে তাকে ম্বিক্ত দেয়—হয় নিজে তার আস্বাদ পেতে, নয়তো কোনও জীবনধর্মের জোর-তাগিদে বাধ্য হয়ে। আবার তার সঙেগ আছে এক প্রাণ-আত্মা—প্রকৃতির স্রোতে ভেসে যাওয়াই তার স্বভাব। অতএব আমাদের প্রত্যক্-অন্ভবে আছে চৈতন্যব্তির এমন-একটা ক্ষেত্র, যেখানে প্রত্যয়ের তিনটি ধারা এসে মিলেছে— তাদাত্ম্যবোধ-জন্য জ্ঞান, অপরোক্ষ-সন্নিকর্ষ'ঘটিত জ্ঞান এবং তাদেরই আগ্রিত বিভক্ত-জ্ঞান।

মন্তা ও মননের মাঝে তফাত করা আরও কঠিন। সাধারণত মন্তা মননের মধ্যে ডুব দিয়ে তদাকার হয়ে তার প্রবাহে ভেসে চলে। ঠিক মননের ক্ষণেই যে মন্তব্যের সাক্ষী হয়ে সে তাকে পর্যবেক্ষণ করতে পারে, তা নয়। জন্যে হয় তাকে পিছন ফিরে স্মৃতির সাহায্য নিতে হয়, নয়তো পথের মধ্যে থমকে দাঁড়িয়ে হানতে হয় সমীক্ষকের তীক্ষ্ম দ্র্ভিট। কিন্তু তব্ব মনন যদি চিত্তের স্বর্খান না জ্বড়ে থাকে, তাহলে একইস্থেগ মনন ও মানস্ক্রিয়ার সচেতন নিয়ন্ত্রণে অন্তত আংশিক সাফল্য লাভ করাও অসম্ভব নয়। এ-সাধনায় পূর্ণাসিদ্ধি তখনই আঙ্গে, যখন মন্তা মনোময়-পূরুষের ভূমিকায় নিজেকে প্রত্যাহাত করে মনঃশক্তির বিক্ষেপ হতে সম্পূর্ণ সরে দাঁড়াতে পারে। সাধারণত আমরা মন্তব্যের আবর্তে তলিয়ে যাই—বড়জোর মননক্রিয়ার অস্পন্ট একটা চেতনা তখন আমাদের মধ্যে ভেসে থাকে। কিন্তু তা না করে আমরা মনশ্চক্ষে মননের মিছিল শারা হতে শেষপর্যতি দেখেও যেতে পারি : এবং খানিকটা নিম্পন্দ অন্তদ্ভিট দিয়ে, খানিকটা-বা মনন্দ্বারা মননকে অনুবিদ্ধ করে তাদের নাড়ীনক্ষত্রের সকল খবর নিতেও পারি। অবিবেক বা তাদাস্থা-ভাবের পরিমাণ যা-ই হ'ক, আমাদের অন্তব্রিত্তর জ্ঞানের দুটি ধারা আছে— একটি বিবেক, আরেকটি অপরোক্ষ-সন্নিকর্ষ। তটস্থদশাতেও এই সন্নি-কর্ষের নিবিড়তা অটুট থাকে। কেননা যে-কোনও জ্ঞানব্তির মুলে সাক্ষাং-সংযোগের একটা আবেশ ও অপরোক্ষ-সংবিতের একটা প্রতায় আছে, যার মধ্যে তাদাম্মাভাবের কতকটা রেশ থেকেই যায়। বৃদ্ধি যথন অর্ন্তবিত্তিকে লক্ষ্য করে কি জানে, তখন তার মধ্যে বিবিক্তভাবনার প্রাধান্য থাকে। আর যখন সংজ্ঞা বেদনা বা কামনার সঙ্গে মনের স্ফুরদ্বুত্তির অনুষ্ণ্য ঘটে, তখন অস্ত-রঙ্গ-ভাবনা হয় মুখা। কিন্তু এই অনুষ্ণেগর বেলাতেও মনের মননব্তি মাঝখানে দাঁড়িয়ে সাক্ষীর তটস্থ বিবিক্তভাবনাকে জাগিয়ে তুলতে পারে এবং দ্বত-অনুষক্ত মানস স্ফুরণ অথবা প্রাণ ও শরীরের বৃত্তিকেও আপন শাসনে আনতে পারে। স্থ্লশরীরের যে-ব্রতিগর্নি আমাদের চোখে পড়ে, তাদেরও আমরা এই দুটি উপায়ে জানি এবং চালাই : স্বচ্ছন্দ অন্তর্গভাবনা দিয়ে শরীরকে এবং শারীরবৃত্তিকে যেমন আত্মীয় বলে জানি, তেমনি মনের বিবিক্ত-ভাবনা শ্বারা তটম্থ থেকে তাদের শাসনও করি।...এর্মান করে আধারের অন্দর-মহলের যে-খবরটাকু পাই, তা অনেকটা উপরভাসা এবং অপূর্ণ হলেও তার মধ্যে একটা অশ্তরণ্য ও অব্যবহিত অপরোক্ষ-অন্ভবের আমেজ থাকে। কিন্তু বহিজাগতের জ্ঞানে এই অন্তরংগভাবনার পরিচয় পাই না। কারণ, সেখানে দর্শন বা অনুভবের বিষয় হল অনাত্মা এবং অনাত্মীয়, অতএব তার

সংগে চেতনার অব্যাহত অপরোক্ষ-সন্নিকর্ষ কোনমতেই ঘটতে পারে না। সন্মিকর্ষের জন্য সেখানে ইন্দ্রিয়ের প্রয়োজন হয়। কিন্তু ইন্দ্রিয় তো বিষয়ের অব্যবহিত অন্তর্নগ বিজ্ঞান দেয় না—শৃধ্ব তার ভূমিকার্পে বিষয়ের একটা আদল সে সামনে ধরে, এই তার কাজ।

বাহ্যবিষয়ের প্রতীতিতে আমাদের জ্ঞানবৃত্তি বিবিক্তভাবনাকে পুরাপ্রির আশ্রয় করে চলে। তাই তার ধরনধারনে আগাগোড়া পরোক্ষ-বোধের ছাপ পড়ে। বাহ্যবস্তুর সঙ্গে আমরা কোর্নাদনই তদাকার হয়ে যাই না-এমন-কি মান্তবের সংগও নয়, যদিও মান্তব আমাদের সমানধমী। নিজের সন্তায় যেমন ডবতে পারি, অপরের সত্তায় তেমন পারি না। অব্যবহিত অন্তর্গুগ এবং অপরোক্ষ প্রতায় নিয়ে নিজের গতি-প্রকৃতির অপূর্ণ-বিজ্ঞান আমাদের দ্বারা র্যাদ-বা সম্ভব, অপরের বেলায় তাও সম্ভব নয়। তাদাষ্ম্যবোধ দরের থাকুক, অপরোক্ষ-সন্নিকর্ষ পর্যন্ত এক্ষেত্রে অচল। আমাদের মধ্যে চেতনার সংগ্র চেতনার, সত্তার সঙ্গে সত্তার, ধাতুর সঙ্গে ধাতুর কোথায় সাক্ষাৎ যোগাযোগ? অপরের সঙ্গে আমাদের তথাকথিত সাক্ষাৎ যোগ শুধু ইন্দ্রিয়ের মধ্যস্থতায়— ওই একটি পথে পাই তাদের যা-কিছু সরাসরি খবর। মনে হয়, দেখা শোনা বা ছোঁয়ায় যেন জ্ঞেয়বস্তর সংখ্য একটা অপরোক্ষ অন্তর্গতার সম্পর্ক প্থাপিত হল। কিন্তু আসলে তা নয়। ইন্দ্রিয়জ্ঞানের অপরোক্ষতা বা অন্ত-রংগতাকে বিশ্বাস করতে পারি না—কেননা ইন্দ্রিয় আমাদের কাছে হাজির করে বস্তুর একটা প্রতিবিশ্ব, অথবা তাকে উপলক্ষ্য করে চিত্তের একটা কম্পন. অথবা নাড়ীচক্রের প্রতিবেদন। এছাড়া বস্তুস্বভাবের অন্তর**ংগ** স্পর্শ*ট*ুকু দেবার আর-কোনও আয়োজন তার সাধ্য নয়। বাস্তবিক ইন্দ্রিয়ের সাধনসম্পদ এমান অফলা, এমান নিষ্কিণ্ডন তার দৈন্য যে, এই যদি আমাদের জ্ঞানসাধনের পর্বাজ হয়, তাহলে আমবা জানবই-বা কি-অনৈ শিচতোর একটা কুহেলিকা ছাড়া ?...কিন্তু এর মধ্যে এসে জোটে গ্রহণ-মনের বোধিবৃত্তি, ইন্দ্রিয়জনিত ওই প্রতিবিশ্ব বা কম্পনের ইশারাকে সে রূপান্তরিত করে বন্তুর প্রত্যয়ে। সেইসঙেগ প্রাণময়বোধির বৃত্তি ইন্দ্রিসালকর্যজনিত আরেকধরনের কম্পন হতে বৃহতুর বীর্য বা শক্তিরূপ আবিষ্কার করে। অবশেষে গ্রহীতৃ-মনের বোধিব্যত্তি এইসব উপকরণ হতে এক নিমেষে বস্তুর একটা যথাযথ ভাব গড়ে তোলে। এই ভাবময় রূপের যা-কিছ, ন্যুনতা, অখণ্ডগ্রাহী ব্রুদিধ এসে তা প্রণ করে। বোধিব্তির আদিব্যুহ যদি অপরোক্ষ-সলিকধে রু পরিণাম হত, অথবা তার মধ্যে সর্বগ্রাহী বোধিমানসের অকু-ঠ-ঈশনাময় বৃত্তির একটা সমা-হার থাকত, তাহলে বৃদ্ধির তদারকের কোনও প্রয়োজন হত না। তথন তার ডাক পড়ত ইন্দ্রিয়াতীত জ্ঞানের আবিষ্কর্তা বা সমাহর্তার ভূমিকায় শুধু। কিন্তু এক্ষেত্রে বোধির আলন্বন হল একটা প্রতিকিন্ব বা ইন্দ্রিয়ের পেশ-করা

একটা পরোক্ষপ্রমাণ দলিল—বিষয়ের সংগে চেতনার অপরোক্ষ-সন্নিকর্যের প্রতায় নয়। আবার ইন্দ্রিয়জন্য প্রতিবিন্দ্র বা কম্পনের মধ্যে আছে বস্তুর অপূর্ণ ও সংক্ষিপ্ত পরিচয়—বোধির দীপ্তিও কুয়াসার আবরণ পার হয়ে খিল-বীর্য হয়ে এসেছে। তাই আলো-আঁধারিতে গড়া তার বস্তুর্পের কম্পনাতে প্রমাদ বা অনিশ্চয়তা—অন্তত-পক্ষে অপূর্ণতার অবকাশ থাকে। ইন্দ্রিয়জ-বোধের ন্যানতা, প্রাকৃতমনের প্রতায়ে নৈশ্চিত্যের অভাব এবং তার আহ্তত্থ্যের তাৎপর্যনির্পণে বৈকল্য—এইসমস্ত কারণ মান্মকে তার বিচার-ব্রুদিধ পুরুষ্ট করতে বাধ্য করেছে।

আমাদের জগৎজ্ঞানের কাঠামোটা তাই নিতান্তই নড়বড়ে। তার মধ্যে আছে প্রথমত বৃহত্তর ইন্দ্রিয়জ প্রতিবিদ্বের একটা কাঁচা উপকরণ, তার সংগ গ্রহীত্-মন প্রাণময়-মন ও গ্রহণ-মনের বোধিব্, তিজাত বিবৃতির সমাহার এবং সবার উপরে বৃদ্ধি দিয়ে সে-বিবৃতির পাদপ্রণ, পরিমার্জন, উপসংখ্যানভূত জ্ঞানের সংযোজন ও সমূহ জ্ঞানবৃত্তির সমন্বয়সাধন। কিন্তু তবু আমাদের জগংজ্ঞান কত সঙ্কীর্ণ এবং অপূর্ণ, তার অর্থবিব্যুততে কত অনিশ্চয়তা। সে-অপূর্ণতার জানি মেটাতে কল্পনা জল্পনা ভাবনা ও অনুমান নিম্পক্ষ যুক্তি-বিচার, বিজ্ঞানের মাপজোখ অথবা ইন্দ্রিজ সাক্ষ্যের যাচাই সংশোধন ও সম্প্রসারণ—এমন কত-কিছ্বর ডাক পড়েছে। অথচ এত করেও আমাদের ভান্ডারে স্ত্পাকার হয়ে উঠেছে অর্ধনিশ্চিত অর্ধর্শাঞ্চত পরোক্ষজ্ঞানের সঞ্চয়, বিষয়ের কল্পম্তির ইঙ্গিত ও ভাবময় প্রতিরূপের ব্যঞ্জনা, সামান্য-প্রতায় ও সাধারণবিধির কল্পনা, বিচিত্র মতবাদ ও অভ্যুপগমের বাহরলা এবং তার সঙ্গে সংশয়ের বিপলে ভার আর তাকে ঘিরে জিজ্ঞাসা ও বিতর্কের অন্ধ আবর্তন। বিদ্যার সঙ্গে শক্তিও এসেছে। কিন্ত বিদ্যা অপূর্ণ বলে শক্তির প্রয়োগও আমরা জানি না—এমন-কি বিদ্যা ও শক্তির ধারা কোন্ খাতে বইলে তারা সার্থক হবে, সেও আমাদের অজানা। তার সঙ্গে আত্মজ্ঞানের অপূর্ণতা জুটে আমাদের অবস্থা আরও শোচনীয় করেছে। একে তো সে-জ্ঞান অকিঞ্চিংকর এবং অতি কর্মণ তার শীর্ণতা—তারপর তারও অধিকার আমাদের বহিশ্চর জীবনের সঙ্কীর্ণ সীমাকে ছাড়িয়ে যায়নি। শুধু আভাস-আত্মা এবং অপরা প্রকৃতির খানিকটা খবর আমরা জানি—জানি না আত্মস্বরূপের সত্য পরিচয় অথবা জীবনরহস্যের মর্মকথা। মানুষের মধ্যে আত্মার জ্ঞান বা আত্মার নিয়ন্ত্রণ নাই, জগংশক্তি ও জগংজ্ঞানের ব্যবহারে নাই প্রজ্ঞা অথবা সম্যক সঙ্কল্পের প্রেতি।

অবশ্য আমাদের এই প্রাকৃত দশাও বিদ্যার দশাই বলতে গেলে—কিন্তু সে-বিদ্যাকে জড়িয়ে আছে অবিদ্যার নাগপাশ। তাই আত্মসঙ্কোচের দর্ন তা অনেকটা অবিদ্যার পর্যায়ে এসে দাঁড়িয়েছে। তাকে বিদ্যা না বলে বরং বলতে পারি বিদ্যা-অবিদ্যার মিথনন। এ না হয়ে উপায়ও ছিল না—কেননা আমাদের জগংজ্ঞানের ম্লে আছে উপরভাসা বিভক্তদ্ভির একটা প্রত্যয়—কতকগর্লি পরোক্ষ সাধন যার অবলন্বন। নিজেকে খানিকটা অপরোক্ষভাবে জানলেও আমাদের সে-জানা সীমার সঙ্কোচে পঙ্গ্র হয়ে আছে। কারণ ব্যবহারের ভূমিতে আমরা আত্মসত্তার একটা বহিরঙ্গ পরিচয় শ্ধ্র পাই—আত্মার সত্য স্বর্পকে, জীবপ্রকৃতির ম্লাধারকে, মান্ধের কর্মপ্রেণার গঙ্গোত্রীকে চিনিনা। আত্মজ্ঞান যে আমাদের নিতান্ত ভাসা-ভাসা, সেকথা বলাই বাহ্লা। তাইতো আমাদের কাছে সবই রহস্যের গ্রুঠনে ঢাকা : ঢেতনা-ভাবনার উৎস একটা রহস্য, হৃদয়-মন-ইন্দ্রিয়ের সত্যর্প একটা রহস্য—জীবনের আদি-অন্ত ও সাধনার অর্থও একটা রহস্য। এ-আঁধারের যবনিকা অপস্ত হত, যদি আমাদের আত্মজ্ঞান ও জগংজ্ঞান সত্যের পূর্ণজ্যোতিতে উন্ভাসিত হত।

এই সঙ্কোচ ও অপূর্ণতার কি কারণ, তা খ্রন্ধতে গিয়ে দেখি—চিত্তের পরাক্-ব্তিকেই আমরা প্রাণপণে আঁকডে আছি : পরাঙ-মুখী চেতনা দিয়ে নিজের চারদিকে যে দলেভিয়া প্রাচীর রচেছি, তার আড়ালে হারিয়ে গেছে গভীরবেদী আত্মার জানির কে মহিমা, অখণ্ড আত্মপ্রকৃতির যত নিগতে রহসা। হয়তো জীবচেতনার পক্ষে এ-আড়ালের প্রয়োজন ছিল, নইলে বহুত্তর চেতনার বিপ্ল-গভীর সত্যের উদেবল আন্দোলনের ছোঁয়াচ বাঁচিয়ে শুধু নিজের অহংটিকে কেন্দ্র করে দেহ-প্রাণ-মনের ব্যক্তিভাবনা তার পক্ষে সম্ভব হত না। এই দেয়ালের মধ্যে যে দুটি-একটি ফাঁক বা জানলা আছে, তার ভিতর দিয়ে অন্তরাত্মার গ্রহাশয়নের দিকে যখন তাকাই তখন ছায়ালোকের রহস্যময়তা ছাড়া কিছুই দেখতে পাই না।...আবার প্রাকৃত চেতনাকেও প্রতিক্ষণ সতক থেকে ব্যাণ্টি-অহংকে আগলে রাখতে হয়—শা্ধ্ব নিজের অন্বয় আনন্ত্যের গভীর স্পর্শ হতে নয়-বিশ্বগত আনন্ত্যের নিত্য-উদ্বেল বিক্ষোভ হতেও। এখানেও সে দুয়ের মাঝে আরেকটা দেয়াল খাড়া করে; তার অহংকে কেন্দ্র করে যারা ঘন হয়ে নাই, তাদের সে নির্বাসিত করে দেয়ালের বাইরে—'অনাত্মা' নাম দিয়ে। কিন্তু তাকে এই অনাত্মা নিয়েও ঘর করতে হয়, কেননা সে তার আশ্রিত এবং সগোত্র—বলতে গেলে অনাত্মার বুকেই তার বাসা। অতএব তার সঙ্গে যোগাযোগের পথটা খোলা তাকে রাখতে হয়। দেহের মধ্যে অহংএর যে-বান্দশালা, তার দেয়ালের বাইরে তাকে পা বাড়াতে হয়—আপন গরজেই অনাত্মার কাছে হাত পাতবে বলে। চার্বাদক ঘিরে যে অনাত্মীয়ের মেলা, তাদেরও উপেক্ষা করলে তার চলে না-কেননা যে-কোনও উপায়ে তাদের বশে এনে মানুষের ব্যাচ্ট ও সমৃতি অহন্তার প্রয়োজনে মজুর-খাটানোর দায় যে প্রকৃতিরই একটা বিধান! তাই দেহের মধ্যে ইন্দ্রিয়ের দ্বয়ার দিয়ে যে চেতনার পথ খোলা আছে, সেই পথে অনাম্মীয় বহিজ'গতের সংগ্র প্রয়োজনমত তার দেখা

শোনা আনাগোনা বা কাজ-কারবার চলে। এই পথে মনেরও চলাফেরা--র্যাদও এছাড়াও তার যোগাযোগের নিজম্ব সাধন আছে। ইন্ট্রসিম্পির আশু প্রয়ো-জনে মন সব দিয়ে জ্ঞান-তন্তের একটা কাঠামো গড়ে, কেননা চার্রাদকের এই বিরাট অনাম্মীয় পরিবেশকে যথাসম্ভব বশে এনে কাজে লাগানো, এবং দুর্বশ হলেও অন্তত কারবার চালানো তার সংগে—এই হল মনুষ্যমনের গোপন আকৃতি। মনের রচিত জ্ঞানতন্ত দিয়ে সে-আকৃতিকে যথাসাধ্য তপ্ত করবার চেষ্টা চলে। কিন্তু মনের জ্ঞান বিষয়ের বাহাজ্ঞান। তাতে জগতের সদর-মহলের কিংবা তার পরের মহলের খবর মেলে শুধু। ব্যাবহারিক প্রয়োজন তাতে মিটলেও সে-সার্থকতা সঞ্কীর্ণ এবং অনিশ্চিত। তেমনি, বিশ্বশস্তির অভিঘাত থেকে বাঁচবার জন্য যে-বর্ম সে এণ্টেছে, তাও দুর্ভেদ্য কি পরো-মাপের নর। প্রবেশ-নিষেধের নোটিশ আঁটা থাকলেও অনাম্মা-জগৎ কোন্ ফাঁক দিয়ে যেন ঢুকে পড়ে, মনের সর্বাধ্য মুড়ে তাকে আপন ছাঁচে গড়ে তুলতে চায়। তার চিন্তা সঙকল্প হাদয়ের আবেগ ও প্রাণের উন্দীপনা জর্জারত হয় অপরের বা বিশ্বপ্রকৃতির ত্রণ হতে এইধরনের অনাত্মীয় শক্তির শরক্ষেপে। তার আত্মরক্ষার বর্ম শেষপর্যণত তিরস্করণীতে রূপাণ্তরিত হয়—তাই র্বাহর্জগতের সঙ্গে এই ক্রিয়াব্যতিহারের প্রো খবর সে জানতে পারে না। শুধু ইন্দ্রিয়ের পথে কি অনিশ্চিত মানসপ্রত্যক্ষের সহায়ে অথবা ইন্দ্রিয়-প্রত্যক্ষকে ভিত্তি করে অনুমান দিয়ে তার জ্ঞানের সঞ্চয় সে আহরণ করে। কেবল এইটুকু তার আলোর জগং। আর সব ছেয়ে আছে অবিদ্যার অমানিশায়।

অতএব, বহিশ্চর অহংএর সঙ্কীণ পরিসরকে ঘিরে এই-যে নিজের চারদিকে আমরা নিরাপত্তার জোড়া-দেয়াল খাড়া করছি, ওই হল আমাদের বিদ্যাকণ্ড্রক বা অবিদ্যার হেতু। এই গ্রন্টিপোকার বাসা বাঁধাই যদি আমাদের একমাত্র জীবনধর্ম হত, তাহলে অবিদ্যার কোনও প্রতিকার ছিল না। কিল্তু সত্য
বলতে, এমন করে অহংএর গ্রাট বাঁধা বিশ্বব্যাপী চিংশক্তির একটা সাময়িক
আয়োজন মাত্র। তার উদ্দেশ্য, গ্র্হাচর জীবাত্মা যেন বিরাটের নিমিত্তরপ্রে
বহিঃপ্রকৃতিতে নিজেরই একটা প্রতির্গ অথবা অবিদ্যার আধারে বাণ্টিভাবনার একটা প্রতীক গড়ে তুলতে পারে। বিশ্বব্যাপী অচিতির অমানিশা
হতে কলায়-কলায় চেতনার উদ্মেষের এই একমাত্র ধারা। আত্মা এবং জগৎ
সম্পর্কে আমাদের যে-অবিদ্যা, তা আত্মজ্ঞান ও বিশ্বজ্ঞানের অখণ্ডজ্যোতির্মার
প্রত্যয়ের দিকে তখনই এগিয়ে যেতে পারে—যখন আমাদের সঙ্কীর্ণ অহং ও
তার অর্ধচ্ছন্ন চেতনা ধীরে-ধীরে অন্তরাব্ত সত্তা পরিচয়। এমনি করে
আত্মস্বর্পকে শ্রধ্ব সে জানে না—আত্মবং প্রতীয়মান বহির্জগংকেও জানে

তার আত্মা বলে। কেননা তার সমাক্-বিজ্ঞানের এক মের্তে রয়েছে জীবপ্রকৃতিকে কৃষ্ণিগত ক'রে এক বিরাট বিশ্বপ্রকৃতি, আরেক মের্তে রয়েছে
জীবের আত্মভাবের অন্তহীন অনুবৃত্তির্পে এক লোকোত্তর সন্মাত্রের
অমেয়তা। জীবাত্মাকে তার আপন-হাতে-গড়া অহং-চেতনার প্রাচীর ভাঙতে
হবে, পিন্ডদেহের সংকীর্ণ পরিসর ছাড়িয়ে যেতে হবে—বিরাট ব্রহ্মান্ডদেহকে
করতে হবে আত্মসন্তার দ্বারা বাসিত। কেবল পরোক্ষ-সন্নিকর্ষ দিয়ে না
জেনে, সেই জানার সঞ্গে তাকে অপরোক্ষ-সন্নিকর্ষ দিয়েও জানতে হবে—
তাকে উত্তীর্ণ হতে হবে তাদাত্ম্যবিজ্ঞানের জ্যোতিলোকে। তার আত্মভাবের
এই সীমিত সান্ত প্রতায়কে করতে হবে সীমাহীন সান্তের প্রতায়ে র্পান্তরিত
—আনন্ত্রের নিঃসীম মহানীলিমায় সম্প্রসারিত।

এমনি করে আত্মবোধ আর বিশ্ববোধ—এই দুটি সিদ্ধির দিকে চেতনার অভিযান চলেছে। তার মধ্যে আত্মবোধই আমাদের প্রথম সাধ্য। কেননা অল্তরাব্ত হয়ে নিজের মধ্যে নিজেকে পেলে বিশ্বের মধ্যেও আমরা নিজেকে পাব। প্রথমে ডুবতে হবে নিজের মধ্যে—ওইখানে থাকতে এবং ওইখানে থেকে বাঁচতে শিখতে হবে। তথন প্রাকৃত দেহ-প্রাণ-মন হবে চেতনার দেউডি শাধ্য। বাস্তবিক বাইরে আমরা যা-কিছু হয়েছি, তার মলে আছে অত্তরের প্রযো-জনা। অলখের গভীর-গহন হতেই জীবনের নিগঢ়ে প্রেতি আসে, আসে স্বতঃ-পরিণামী র পায়ণের সংবেগ। ওই অতলতা হতেই আমাদের চিত্তে প্রেরণা জাগে. বৃদ্ধির 'পরে বোধির আলো পড়ে—জাগে জীবন-ছন্দ, মনের আকৃতি, সঙ্কল্পের স্বয়ংবরণ। সবই চলে স্বত-উৎসারিত স্বাতন্ত্রের লীলায়। শুধু মাঝে-মাঝে বিশ্বশক্তির অত্তিকতি উদ্বেলন কি-যেন নিগ্রুড় প্রবর্তনায় তাদের মোড় ঘুরিয়ে দেয়। কিন্তু আত্মশক্তির এই উৎসারণ ও বিশ্বশক্তির এই প্রবর্তনা আমাদের বহি মুখ প্রকৃতির শাসনে ব্যাবহারিক জগতে অনেকটা নির্গাডত এবং বিশেষ করে সংকৃচিত হয়ে পড়ে। অতএব অণ্ডশ্চর ওই প্রবর্তক আত্মার স্বরূপের সংশ্য মিলিয়ে জানতে হবে বহিশ্চর এই নিমিত্ত-আত্মার প্রথান্প্রথ পরিচয়—দ্য়ে মিলে কি করে তারা জীবনের গৃহস্থালি চালাচ্ছে তার রহস্য আবিষ্কার করতে হবে।

আত্মনবর্পের যেট্কু ম্র্ত হয়ে উঠেছে, বাইরে শ্র্য্ তারই পরিচয়
পাই। তারও কতট্কুই-বা আমরা জানি? সমগ্র ব্যাবহারিক জীবনটাই
আমাদের কাছে অস্পন্টের একটা পটভূমিকা মাত্র—ির্নাশ্চত প্রতারের র্পরেখায়
বা আলোকবিন্দ্রতে, খচিত। অন্তরাব্ত্ত হয়েও নিজের ষে-পরিচয় পাই,
তাতে দেখি শ্র্য্ কতগ্লি খন্ডিত রেখাচিত্রের সমাহার—িনজের অথন্ড
ছবিটি তার মধ্যে অর্থের পরিপ্রেণ ব্যঞ্জনা নিয়ে ভেসে ওঠে না। কিন্তু এই
সামিত আত্মজ্ঞানকেও আচ্ছেয় ও বিকৃত করে অবিদ্যার একটা বিক্ষেপশক্তি।

আত্মদর্শনের নির্মালতা প্রতিনিয়ত কল্বাধিত হচ্ছে বহিম্বাধ প্রাণ-আত্মার অবাঞ্চিত অভিঘাতে। সে চায় মননধর্মী চিত্তকেও তার দাস ক'রে যন্দের মত খাটিয়ে নিতে, কেননা প্রাণ-পরেন্ষের লক্ষ্য আত্মপ্রতিষ্ঠা," কামনার সিন্ধি. অহংএর তর্পণ—আত্মার বিজ্ঞান নয়। অতএব অনুক্ষণ সে মনের উপর চাপ দিয়ে তার ইন্টাসিন্ধির অনুকলে আভাস-আত্মার একটা মনোময় বিগ্রহ গড়ে তলতে চাইছে। নিজের ও পরের সামনে মনকে দিয়ে সে আমাদের অলীক-প্রায় একটা কল্পমূর্তি খাড়া করিয়ে নিতে চায়—যা হবে তার আত্মপ্রতিষ্ঠার আধার, কামনা ও কর্মের সমর্থক, অহামকার রসায়ন। প্রাণের এই দ্বাগ্রহের লক্ষ্য শুধু আত্মসমর্থন ও আত্মপ্রতিষ্ঠাই নয়। কখনও-কখনও তা ঝোঁকে আত্মগর্হণ ও অতিমান্তায় আত্ম-অস্যারূপ মনোবিকারের দিকে। এও এক-ধরনের অহমিকার বিলাস বা তার একটা প্রতীপ রূপ। প্রাণময় অহংএর এই আরেকটা ঠাট বা ঢং। বস্তুত প্রাণময় অহংএ প্রায়ই চালবাজি আর নাটাকে-পনার একটা মিশ্রণ থাকে। সে যেন সবসময় একটা-না-একটা ভূমিকায় নেমে নিজের কাছে—আবার পরেরও কাছে অভিনয় করছে। এমনিভাবে তোড়জোড় করে আত্ম-অবিদ্যার সংখ্যে জন্তে দেওয়া হয় আত্মবঞ্চনার ঘোর। কেবল অন্তরের মধ্যে ভাবে গিয়ে এই অনর্থের উৎসমালকে আবিষ্কার ক'রেই তার অন্ধতা আর জটপাকানোর হাত হতে নিষ্কৃতি পেতে পারি।

আমাদের বহিষ্টর শারীরচেতনার অন্তরালে এক বিশাল অন্তশ্চর মন-আত্মা প্রাণ-আত্মা এবং ভূতসূক্ষ্মময় দৈহ্য-আত্মা অন্তর্গ ূঢ় হয়ে আছে। তার মধ্যে অনুপ্রবিষ্ট অথবা তার সঙ্গে তাদাত্মাযোগে যুক্ত হয়ে আমরা আবিষ্কার করতে পারি—কোন্ উৎস হতে আমাদের ভাবনা ও বেদনা উৎসারিত হয়. কর্মের প্রেষণা জাগে, শক্তির বিচিত্র ব্যাপ্রিয়াতে বাইরের মানুষ্টা গড়ে ওঠে। বস্তুত আমাদের এই আধারেই প্রতিনিয়ত চলছে এক গ্রহাহিত প্রব্রেষর মনন ও দর্শন, প্রাণপরের্ষের নিগ্ড়ে প্রাণন ও আস্বাদন, ভূতস্ক্রময় প্রেষের স্থলে দেহ ও ইন্দ্রিয় দিয়ে বিষয়ের সংবেদন। অন্তরের প্রেতি আর বাইরের অভিঘাত দুয়ের সংঘাতে বিক্ষুখ-জটিল হয়ে উঠছে আমাদের ভাবনা আবেগ ও বেদনা, যুক্তি-বৃদ্ধি তাদের গোছাতে গিয়েও ভাল করে গৃছিয়ে উঠতে পারছে না—এই হল আমাদের জীবনের সদরমহলের খবর। কিন্তু অন্তরের অন্তঃপুরে দেখি অন্নময় প্রাণময় ও মনোময় শক্তির তপস্যা স্বাধিকারকে অতি-ক্রম করে যায়নি। অন্তরাব্ত দ্ভিতর নির্মাল আলোকে তখন পরিষ্কার করে চিনে নিতে পারি তাদের প্রত্যেকের অবিমিশ্র প্রবৃত্তি, বিবিক্ত সামর্থ্য, স্বতন্ত্র উপাদান ও অন্যোন্যসংগ্রের পরিপূর্ণ একটি ছবি। তখন ব্রুতে পারি, র্বাহশ্চর চেতনায় বিরোধ ও সংঘাত আমাদের অন্যোন্যবিরোধী দেহ-প্রাণ-মনের বিষম ও বিপরীত বৃত্তির ক্ষাস্থ আলোড়নেই উত্তাল হয়ে ওঠে। আবার সে-

আলোড়নের মলে থাকে আধারের নিগঢ়ে অথচ ফলোন্মুখ বিচিত্র সম্ভাবনার সংঘর্ষ অথবা চেতনার প্রত্যেক ভূমিতে বিভিন্ন ব্যক্তিসন্তার অন্তর্শ্বল্ব—যা আমাদের বাইরে ফুটে ওঠে পাঁচমিশেলী ধাত ও ঝোঁকের রক্মারিতে। কিন্ত বাইরে তারা তালগোল পাকিয়ে একটা লণ্ডভণ্ড ব্যাপার বাধিয়ে তললেও অন্তরের গহনে ড্ববে গিয়ে আমরা তাদের স্ব-তন্ত্র ও বিবিক্ত গতি-প্রকৃতির একটা স্বত্ব পরিচয় পাই। তাই মনোময় প্রাণ-শরীর-নেতা* প্রের্ষের অথবা 'মধ্য আত্মনি' প্রতিষ্ঠিত চৈত্যপূরে,যের প্রশাসনে তাদের নিয়ন্ত্রিত করা তখন কঠিন হয় না—র্যাদ মন ও চেতনার সত্যসৎকল্পের একটা জোর এই সাধনার পিছনে থাকে। এইখানেই সতর্ক থাকতে হয় কারণ প্রাণময়-অহংএর আক্তি-দ্বারা চালিত হয়ে আমরা যদি অধিচেতনায় অবগাহন করি, তাহলে একদিকে যেমন সমূহ বিপদ বা বিপর্যায় ঘটবার সম্ভবনা আছে, তেমান আরেকদিকে কামনা অহংকার ও আত্মপ্রতিষ্ঠাকাঞ্চার অতিস্ফীতিতে বিদ্যার উপচীয়মান বীর্ষের জায়গায় দেখা দিতে পারে অবিদ্যাশক্তির ক্রমিক উপচয়। অধিচেতন ভূমিতে থেকে আমরা প্রত্যক্ষ দেখতে পাই প্রবৃত্তির কোন্ ধারা আধ্যাত্মিক অর্থাৎ অন্তর হতে উৎসর্গ্রিত, আর কোনু ধারা আধিভৌতিক বা আধিদৈবিক অর্থাৎ বাইরে থেকে অভিসূষ্ট। তখন মহেশ্বরের স্বাতন্ত্য নিয়ে তাদের প্রশাসন করা যায়, ইচ্ছামত বৃত্তির গ্রহণ বর্জন ও নির্বাচন দ্বারা সৌষম্যের উদারছন্দে অনায়াসে নিজেকে গড়ে তোলা যায়। এই স্বচ্ছন্দ নির্মাণকোশল কেবল আমাদের অন্তরপূরে,ধেরই জানা আছে—বাইরের জোড়াতালি-দেওয়া মান্মটার হয় তার জ্ঞান নাই, নয়তো তাকে পরোপর্বর রূপ দেবার সামর্থ্য নাই। বারবার ওই অন্তরগহনে ড্বতে পারলেই অন্তরপুরুষের কণ্ডক খসে যায়, বাইরের নিমিত্তচেতনার 'পরে খিলবীর্য' প্রশাসনের কু'ঠা দূরে হয়ে যায়। হ্বমহিমার ভাহ্বর দীপ্লিতে তখন তিনি আমাদের এই জড়বিশ্বের জীবন-বেদিতে জ্বলে ওঠেন।

অন্তরপন্নব্বের বিজ্ঞান আর বহির্মন্থ চিত্তের উপরভাসা জ্ঞান এ-দন্বের মাঝে উপাদানের কোনও তফাত নাই। তাদের তফাত শন্ধ্ স্পন্টতা আর অসপ্টতায়। বহির্মন্থ জ্ঞানে যেন আলো-আঁধারের লন্টাচ্রির চলছে। আর অন্তরের বিজ্ঞান দিবালোকের মত স্বচ্ছ—কেননা যেমন সমর্থ এবং অপরোক্ষ তার সাধনস্পন্দ, তেমনি ছন্দঃস্ব্যা তার ব্রিয়োজনায়। ব্যাবহারিক চেতনায় তাদাম্মাবিজ্ঞান আত্মভাবের একটা অস্পন্ট প্রতায় ও আংশিক ব্রিসার্প্যের র্প ধরে। কিন্তু অন্তরে তার স্বান্ভবের অস্পন্টতা ও সংবেদনের কুণ্ঠা ঘ্রচে যায়, সমগ্র আন্তরসন্তার অন্তরণা অপরোক্ষসংবিতের স্বনির্মল দ্যুতিতে

^{*} ম্ব্তক উপনিষদ ২।২।৭

সে উল্জ্বল হয়ে ওঠে। তখন অর্থান্ডত প্রাণময় ও মনোময় সত্তার চিন্ময় দীপ্তি যেন আমাদের কাছে করামলকের মত হয়। তাই আমরা তখন বীর্যময় ভাবনার অপরোক্ষ নিবিড সন্নিকর্ষন্বারা প্রাণ- ও মনঃ-শক্তির ছন্দোময় সমগ্র-পরিণামকে অনুবিন্ধ ও জারিত করতে পারি। আত্মসম্ভূতির প্রত্যেকটি পর্বে, আত্মপ্রকৃতির বর্তমান ভূমিতেও পরেবের অসংকৃচিত আত্মর পায়ণে তখন অন্-ভব করি যোগযুক্ত চেতনার তাদাখ্যবোধের নিবিড়তা—যাকে বলতে পারি ব্রতি-সার প্যেরই চিন্ময় স্ব-তন্ত্র সংবেদন। এই অন্তর**ণ্য প্রত্যয়ের স**ণ্ডেগ আবার জড়িয়ে থাকে সাক্ষিপ্রেষ্শবারা প্রকৃতিলীলার তটস্থ দর্শন। অতএব তাদাত্ম্য ও বিবেকর প জ্ঞানের এই চিন্ময় যুগলবৃত্তিতে সমগ্র সন্তার সম্যক জ্ঞান ও প্রশাসন আরও স্বচ্ছন্দ হয়। অন্তরপুরুষ তখন প্রাকৃতপুরুষের সমস্ত বৃত্তিকে দেখেন তটস্থ হয়ে অথচ মর্মভেদী গভীর দৃষ্টি দিয়ে। তাইতে তার আত্ম-বঞ্চনার ঘোর ও প্রমাদের বিভূদ্বনা কেটে যায়—আত্মভাবের প্রত্যক্-বৃত্ত পরি-ণামের দর্শন ও অনুভব তীক্ষা স্পষ্ট ও স্কানিশ্চিত প্রতায়ের বিদ্যুদ্ময় রেখায় জনলে ওঠে মনের পটে, গভীরবেদী প্রেবেষর অনিমেষ দুটিই তথন হয় সমগ্র প্রকৃতির বিজ্ঞাতা অন্মশ্তা এবং শাস্তা। মনোময়পুরুষ এবং চৈতাপুরুষের দ্বারাজ্যাসান্ধতে প্রাণবাসনার সংবেগ অধ্যাত্মপ্রেরণার সম্পূর্ণ অনুগত হয়। এ বশীকার ও দেশনা প্রাকৃতমনের স্বপ্নেরও অগোচর। এমন-কি দেহ ও ভূতশক্তিও আন্তর মন ও আন্তর সংকল্পের শাসনে এসে চৈতাপ্রের্ষেরই দ্ববশ করণে রূপান্তরিত হয়। কিন্তু মনোময়পরে ব ও চৈতন্যপরে কেরিত-ভাবের সুযোগ নিয়ে প্রাণচেতনা যদি প্রবল ও উন্দাম হয়, তাহলে তীর-সংবেগের বশে প্রাণের অন্তর্ভূমিতে প্রবেশ করবার ফলে সাধকের শক্তিলাভ হতে পারে বটে, কিন্তু তার বিবেক ও তটন্থ দ্,িট সেইসঙ্গে অন্তজ্বল হয়ে পড়ে। তখন জ্ঞানের শক্তি ও অধিকার বাড়লেও তার আবিলতা ও বিপথ-চারণার বাসন দ্রে হয় না। আগে যেখানে ছিল ব্দিধ্য্ক্রের আত্মশাসন, তার জায়গায় হয়তো দেখা দেয় একটা উচ্ছৃত্থল প্রমন্ততার বিপলে প্রবেগ, অথবা অতিসংযমিত অথচ দ্রান্ত অহমিকার দ্রাগ্রহ। এতে আশ্চর্য হবার কিছ্ই নাই, কেননা সাধকের অধিচেতনা তখনও বিদ্যা-অবিদ্যার সংগমক্ষেত্র। মধ্যে যেমন আছে বিদ্যার বৃহত্তর প্রকাশ, তেমনি আছে আত্মন্ভরি অতএব গাঢ়তর অবিদ্যার অবকাশ। আত্মবিদ্যার প্রসার এই ভূমিতে স্বাভাবিক হলেও তাকে অভংগ সম্যক্-জ্ঞান বলা চলে না, কারণ অপরোক্ষ-সন্নিকর্ষজনিত সংবিৎই অধিচেতনার মুখাশক্তি—তাদাত্মাপ্রতায় নয়। তাই বিদ্যার বিপলে বীর্য ও বিভূতির সন্নিক্ষ যেমন তার পক্ষে স্বাভাবিক, তেমনি সে অবিদ্যারও বিপাল বীষ্ট ও বিভূতির সংগে যুক্ত হতে পারে।

কিন্তু অপরোক্ষ-সন্নিকর্ষের বৃহৎ যোগে জগতের সঙ্গে যুক্ত হওরাও

অধিচেতনার একটা বৈশিষ্ট্য। প্রাকৃতমনের মত ইন্দ্রিয়গৃহীত রূপ ও দপন্দকে মনোময় এবং প্রাণময় বোধিবাত্তি ও যাক্তি-বাশ্বি দিয়ে সংস্কৃত ক'রে বিশেবর পরিচয় গ্রহণ করবার প্রয়োজন তার হয় না। অধিচেতন-প্রকৃতিতে অবশ্য সক্ষা ইন্দ্রিসংবিতের একটা অন্তগর্তি সামর্থ্য আছে—শব্দ স্পর্শ রূপ রস ও গন্ধের দিবাসংবিশ্ময়ী একটা প্রবৃত্তি আছে। কিল্তু সে যে কেবল জড়-জগতের বিষয়ের প্রতিচ্ছবি চেতনায় ফুটিয়ে তোলে, তা নয়। স্থলে ইন্দ্রিয়ের সঙ্কীর্ণ সামর্থ্যের সীমা ছাড়িয়ে লোকান্তর হতেও সে বিষয়বতী প্রবৃত্তির বিচিত্র স্পাদন আনে। এই দিব্য-করণ যে রূপে বা ছবি ফুটিয়ে তোলে, অনেক-সময় তারা বাস্তব না হয়ে প্রতীকী হয়। তারা ভবা-রুপের আভাস আনে. অপর-কোনও সত্তের ভাব চিন্তা কি আকৃতির ব্যঞ্জনা অথবা বিশ্বশক্তির কোনও নিগঢ়ে বীর্য বা সম্ভাবনার মূর্ত দ্যোতনা জাগায়। বিশ্বভূবনে এমন-কিছা নাই, যাকে সে কল্পমূতিভিত ভাবের কায়ায় বা রূপঘন বিগ্রহে ফাটিয়ে তলতে পারে না। বস্তুত বহিম'নে নয়, অধিচেতন মনেই আছে চিন্তাসংক্রমণ পর্রচত্তজ্ঞান দ্রেদর্শন প্রাতিভজ্ঞান প্রভৃতি নানা অলোকিক বিভৃতি। আমাদের বহিমর্থে ব্যক্তিসত্তা ব্যক্তিভাবনার অবিরাম সাধনায় অবিদ্যার প্রাচীর গড়ে অন্তরে-বাইরে যে-ব্যবধান খাড়া করেছে, তার কোনও ফাঁক বা চিড়ের ভিতর দিয়ে এইসব সিদ্ধি অধিচেতনা হতে বহিশ্চেতনায় সংক্রামিত হয়। কিন্ত এমনভাবে আবরণ ভেদ করে আসতে হয় বলে অধিচেতন সংবিতের বর্ত্তি অনেকসময় বিপথচারণায় চিত্তকে ব্যামোহগ্রন্ত করে—বিশেষত তার অর্থ আবি-ষ্কারের ভার যদি প্রাকৃতমনের 'পরে পড়ে। সে-মন তো জানে না অধিচেতন ব্যত্তির চলন কি ধরনের, কি রীতিতে কল্পিত হয় তার ইশারা, কি রপেকের ভাষায় তার আলাপচারি চলে। অধিচেতনার রূপক ব্রুতে বা তার ভাবের মধ্যে ঠিক-ঠিক ঢুকতে হলে চাই বোধি ও বিবেকের নিগ্চেতর সামর্থা, অন্ত-মুখ চিত্তের স্ক্রেতর নৈপুণা। তব্ব অধিচেতনার সংবিং যে ইন্দ্রিংশাসিত বহিশ্চেতনার সংকীর্ণ গণ্ডি ভেঙে আমাদের জ্ঞানের প্রসারে দরে-দিগন্তের আশ্বাস আনে—একথা অনস্বীকার্য।

কিন্তু তার চাইতে বড় হল অধিচেতনার সেই দিব্য সামর্থ্য, যা দিয়ে অপর চেতনা বা বিষয়ের সভেগ তার অপরোক্ষ চিন্ময় যোগ ঘটে। তার জন্য অন্যক্ষেনিও সাধনের প্রয়োজন হয় না—শ্ব্র তার আত্মভাবের অন্যত দিব্যসংবিতের স্বর্পশক্তি ছাড়া, যা চিত্তসত্ত্বের অপরোক্ষব্তি দিয়ে জানে বিষয়ের তত্ত্বর্প। বিষয়কে সংবিতের রসে জারিত ক'রে অন্তন্তলে অন্বিল্ধ হয়ে সে তার নিগ্রেতম রহস্য আহরণ করে। বাইরের কোনও লিণ্গ বা অন্ভাবকে আশ্রয় না ক'রে চিত্তসত্ত্বেই 'পরে চিত্তসত্ত্বের অপরোক্ষ সংস্পর্শ বা আবেশ ব্যরা ভাবনা বেদনা ও শক্তির স্বতঃসঞ্চারী জ্যোতির্ময় দ্যোতনাকে সে স্ফ্রিত

করে। এর্মান করে <mark>অন্তরপ্রব্ব সব-কিছ্</mark>বর অপরোক্ষ অন্তরংগ স্বতঃস্ফ<u>ৃ</u>ত ও নিখ্ত পরিচয় পান। যে-প্রত্যক্ষলোক এবং তারও বাইরে বিশ্বপ্রকৃতির যে অদৃশ্য নিগড়েশক্তির পরিমন্ডল আমাদের ঘিরে আছে, অজ্ঞাতসারে তাদের অভিঘাতে আমাদের দেহ প্রাণ মন ও চেতনা প্রতিনিয়ত দ্বলছে। প্রাকৃতচিত্ত তার সন্ধান রাখে না, কিন্ত অন্তরপুরুষের অধিচেতন সংবিং তার সকল তত্ত জানে। আমাদের বহিমনৈও কখনও-কখনও এমন চেতনার আভাস জাগে, যার মধ্যে অপরের ভাবনা বা অন্তরের আন্দোলনের ছায়া পড়ে, ইন্দ্রিয়সন্নি-কর্ষকে প্রত্যক্ষভাবে বাহন না করেও বিষয় বা ঘটনার জ্ঞান ফোটে, অথবা এর্মানতর আর-কোনও অলোকিক সামুর্থ্যের পরিচয় মেলে। কিন্তু এসব শক্তির প্রকাশ যেমন অনিয়ত, তেমনি তার ধরন নিতান্ত কাঁচা এবং অস্পন্ট। তারা আমাদের গৃহাচর অধিচেতনসন্তার বিশিষ্ট ধর্ম। অতএব তার শক্তি কি ব্রতির উদ্বেলনে তারা চেতনার উপরস্তরে ভেসে ওঠে। আধ্রনিক গবেষকের। অধিচেতনার এই বহিবিচ্ছুরণকে 'অধ্যাত্ম-রহস্য' থেতাব দিয়ে একট্র-আধট্র নাডাচাডা করছেন, যদিও সাধারণত এসব ব্যাপারের সংখ্য আমাদের গৃহাহিত গহ্বরেণ্ঠ আত্মার সম্পর্ক খ্রবই কম। আসলে তারা পড়ে অধিচেতনার অধি-কারে স্থিত অন্তর্মান অন্তঃপ্রাণ ও ভূতস্ক্ষ্মময় সত্তার এলাকাতে। কিন্তু এক্ষেত্রেও আধুনিক বৈজ্ঞানিকের সিন্ধান্ত স্কানিশ্চিত ও যথেণ্ট ব্যাপক হতে পারে না। কেননা তাঁরা এসব তথ্যের যাচাই করেন বহিমনের মাপে—তার প্রোক্ষসাল্লকর্ষের পদ্ধতিকে প্রমাণ মেনে। বহিমনে অধিচেতন বিভৃতির প্রকাশকে অসাধারণ অপ্রাকৃত বা অতিপ্রাকৃত মনে হয়। অতএব তাদের অপ**্**রণ বিরল ও দুর্নি রীক্ষ্য আবিভাব নিয়ে গবেষণা চালাতে গেলে তার ফল কখনও সন্তোষজনক হতে পারে না। তারা যে-অন্তশ্চেতনার দ্বাভাবিক বৃত্তি, তার সঙ্গে বহির্মানের ব্যবধানের প্রাচীর যদি ভাঙতে পারি, অথবা দ্বচ্ছদে ড্রেতে কি বাসা বাঁধতে পারি যদি চেতনার গহনগ্রায়, তাহলেই আমরা এই অভিনব বিজ্ঞানরাজ্যের সকল পরিচয় পাব এবং তাকে আমাদের সমগ্রচৈতন্যের এলাকা-ভক্ত করে উদ্বৃদ্ধ আধারশক্তির পরিমণ্ডলে তার আলো ছড়িয়ে দিতে পারব।

বহিশ্চর মন দিয়ে অপর মান্ষকেও প্রতাক্ষভাবে জানবার উপায় নাই—
থদিও জানি তারা আমাদের সগোর, আমাদের সবার দেহ-প্রাণ-মন এক ছাঁচে
ঢালা। মান্বের শরীর-মনের একটা মোটাম্টি তত্ত্ব আমরা জানি। তার
অন্তরের আন্দোলনের যে-পরিচয় বাইরের চিরদ্ভ অন্ভাব বা প্রতায়ের
আকারে নিয়ত ফ্টে উঠছে, ওই তত্ত্বিচারে তাকেও আমরা কাজে লাগাই।
মন্যাপ্রকৃতির এই সংক্ষিপ্তসারের সঙ্গে আমরা জর্ড়ি ব্যক্তিগত চারির ও চালচলন সম্পর্কে আমাদের অভিজ্ঞতা। নিজেকে যতট্বকু জানি, স্বভাবত তারই
মাপে অপরকে ব্রুতে এবং বিচার করতে চাই। কথা এবং আচরণ থেকে

পরের মনের ভাব ধরতে চাই, সমবেদনার অন্তদর্শিষ্ট দিয়ে ব্রুঝতে চাই তাকে। কিন্তু মোটের উপর এই তত্ত্বজিজ্ঞাসার ফল যেমন অনিশ্চিত, তেমনি অধিকাংশ ক্ষেত্রে অত্যত্ত ভ্রমসঙ্কুল। পরচরিত্তের অনুমানে প্রায়শ থাকে আমাদের মন-গড়া সিন্ধান্তের ভেজাল—বাইরের অনুভাবের ব্যাখ্যায় শুধু আন্দাজে-ঢিল-মারার ধৃষ্টতা। মনুষ্যচরিত্তের সাধারণজ্ঞান বা আত্মজ্ঞানের নজির ব্যক্তিগত বৈশিষ্ট্যের অধরা-ধারায় ব্যর্থ হয়ে যায়। এমন-কি যাকে বলি অন্তর্দ**িট** তারও আড়ালে কত-যে ফাঁকি লুকিয়ে থাকে! বাস্তবিক মানুষ কেউ কাউকে চেনে না। অত্যন্ত ফিকা একট্মানি সমবেদনা ও অন্যোন্য-অনুভবের হালুকা ডোরে সবার হৃদয় বাঁধা। নিজেকেই-বা আমরা কতটাকু জানি। তারও চাইতে কম জানি পরকে—এমন-কি হদয়ের যারা অতি কাছে তাদিকেও। কিন্তু অধিচেতনার গভীর গহনে ডুবলে জাগে চার্রাদককার ভাবনা-বেদনার অপরোক্ষ সংবিং—চেতনায় লাগে তাদের অভিঘাতের দোলন, সমুখ দিয়ে ভেসে যায় তাদের চলচ্ছবি। অপরের চিত্তালিপি পাঠ করা তর্থন আর কঠিন কি অনিশ্চিত ব্যাপার নয়। যারাই একসঙ্গে মিলেছে কি আছে, তাদের মধ্যে চলছে মন প্রাণ ও ভূতস্ক্রের একটা নিঃশব্দ অন্যোন্যবিনিময়। মানুষ তার কোনই খবর রাখে না—শাধা কথায় কাজে বা বাইরের সংঘাতে ইন্দ্রিয়গ্রাহ্য হয়ে চেতনাকেই সে আন্দোলিত করে এবং তারই উন্দেবলনে বহিন্দেতনায় রূপ ধরে। এই নিত্যবিনিময় চলছে। বাইরে তার ক্রিয়া পরোক্ষ, কেননা পরস্পরের অধি-চেতনাকেই সে আন্দোলিত করে এবং তারই উদ্বেলনে রূপ ধরে বহিশ্চেতনায়। কিন্তু যথন অধিচেতন ভূমিতে আমরা জেগে উঠি, তথন অন্তরে-অন্তরে এই ব্যতিষংগ ক্রিয়াব্যতিহার ও অন্যোন্যবিনিময়ের চেত্নাও আমাদের মধ্যে স্কুস্পন্ট হয়ে ওঠে। তথন আর আমাদের অসহায়ভাবে তাদের অভিঘাত সইতে হয় না—তাদের গ্রহণ বা বর্জন করা, তাদের থেকে আত্মরক্ষা করা বা বিবিক্ত হওয়া সমস্তই হয় আমাদের ইচ্ছাধীন। অপরের সঙ্গে এখন আমাদের যে-যোগাযোগ, তা প্রায়ই জ্ঞানত বা ইচ্ছাকৃত নয় এবং অনেকসময় আমাদের অজ্ঞাতসারে তা অপরের হয়ত অনিষ্টকর। কিন্তু অধিচেতন ভূমিতে আর্ঢ় প্ররুষের পক্ষে এ-বাধা নাই। তাঁর চিত্তের যোগে থাকে সজ্ঞান আন্কুল্যের প্রসাদ, হ্দয়ে-হ্দয়ে জ্যোতিঃস্থাময় আর্ঘাবিনময় ও আতিথেয়তার সার্থক অবদান, হ্দয় দিয়ে হাদয়কে বোঝবার ও অন্তর্যোগে যুক্ত হবার একটা নিবিড় আয়োজন। আর প্রাকৃত ভূমিতে চিত্তের যোগে আছে শ্বেধ্ একটা বিবিক্ত আসকেগর বোধ— যা না-বোঝা এবং ভূল-বোঝার বেদনায় কণ্টকিত, পরস্পরের পরিচয় যেখানে প্রমাদী মনের দ্বর্ব্যাখ্যায় ভারাক্রান্ত ব'লে মিলনের আশাও শঙ্কাবিধরে।

অধিচেতনভূমিতে আর্ঢ় হলে অবিগ্রহ বা নৈর্ব্যক্তিক বিশ্বশক্তির সংগ্র আমাদের কারবারে আরেকটা গ্রেতুর পরিবর্তন আসবে। এই শক্তিগ্রিল

আমাদের কাছে কার্যান্মের; তাদের ক্রিয়া ও পরিণামের যেটাকু ইন্দ্রিগ্রাহ্য তা-ই দিয়ে তাদের পরিচয়। তার মধ্যে শহুধ জড়শক্তির থানিকটা তত্ত্ব আমরা জানি—অথচ অদুষ্টের মনঃশক্তি ও প্রাণশক্তির একটা বিপত্নি আবর্তের মধ্যে আমাদের বাস। তাদের আমরা চিনিও না—এমন-কি তারা যে আছে তাও জানি না। এই অদুশ্য রাজ্যের স্পন্দ ও ক্রিয়ার সংবিৎ জাগতে পারে আমাদের মধ্যে অন্তর্গু অধিচেতনার স্ফ্রণে—কেননা অপরোক্ষসাল্লকর্ষ ও অন্তদ্ভিট দিয়ে, প্রাতিভ দিব্যসংবিং দিয়ে এই অতীন্দ্রিয়লোকের তত্ত্ব অধিচেতনাই জানে। চেতনার সদরমহলে তার বার্তা সে পাঠায় বটে, কিন্তু বহিম্বখ চিত্তের মূঢ়তায় তা দেখা দেয় নানা দুবোধ ইণিগত হু:শিয়ারি আকর্ষণ-বিকর্ষণ প্রেভাস ভাবনা ও অস্পন্ট বোধিপ্রত্যয়ের শীর্ণ ও বিকলাপ্য আকার নিয়ে। এইসব বিশ্বশক্তির সাম্প্রতিক লক্ষ্য ও পরিণামকেই যে অন্তরপুরুষ তাঁর অপরোক্ষ-সন্নিকর্ষজনিত বাস্তবপ্রতায় দিয়ে জানেন, তা নয়। তাদের বর্তমানের ক্রিয়াকে ছাডিয়ে রয়েছে যে অনাগত পরিণামের সম্ভাবনা, তারও কতকটা আভাস তিনি পান। আমাদের অধিচেতনায় আছে কালের ব্যবধানকে উল্লঙ্ঘন করবার অধ্যয় বীর্য। তাই তার তারে সাদুরে দেশের বা প্রত্যাসন্ন কালের বার্তা স্পন্দিত হয়, এমন-কি কখনও তার চোখের সামনে সরে যায় দিগণতলীন অনাগতেরও যব-নিকা। অবশ্য এই প্রাতিভজ্ঞান অধিচেতনার ধর্ম হলেও তা পূর্ণাঞ্চ নর, কেননা এর মধ্যে বিদ্যা ও অবিদ্যার সংমিশ্রণ আছে বলে এ-দর্শনে যেমন সত্য আছে, তেমনি আছে প্রমাদেরও অবকাশ। তাদাত্মাবোধ নয়, অপরোক্ষসন্নিকর্ষ-জনিত জ্ঞানই অধিচেতনার সাধন। কিন্তু সন্নিকর্ষ আছে বলেই বিবিক্ত-বোধেরও ছোঁয়াচ লেগেছে তার গায়—বদিও সে-বিবিক্তপ্রত্যয়ের মধ্যে অন্তরুগ্ন-যোগের যে-নিবিড়তা, তার আভাসটাকুও আমাদের ব্যাবহারিক অনুভবে মিলবে না। বিদ্যা এবং অবিদ্যা উভয়কে ফাঁপিয়ে তোলবার যে একটা ব্যামিশ্র প্রবৃত্তি রয়েছে আমাদের প্রাণময় ও মনোময় অন্তঃপ্রকৃতিতে, তার প্রতিকার সম্ভব আরও গভীরে ডাবে গিয়ে চৈতাসন্তার সাক্ষাংকারে—িয়নি জীবের দেহ ও প্রাণের ভর্তা। এই চৈতাসন্তার প্রতিভূর্পে আমাদের মধ্যে গড়ে উঠেছে এক চিন্ময় জীবসত্ত, প্রাকৃত আধারে যা অতিস্ক্রা চিম্বীজকে নিহিত করে। ব্যবহার-দশায় আধারের মুখ্য সাধন নয় বলে এই চিন্বীব্লের ক্রিয়া স্তিমিত ও সঙ্কুচিত। বাস্তবিক প্রাকৃতদ্শায় জীবাত্মাকে জীবের ভাব ও কর্মের সাক্ষাৎ প্রভু এবং নিয়ন্তা বলা চলে না-কেননা আত্মপ্রকাশের জনা সবসময় তাকে মনোময় প্রাণ-ময় ও অন্নময় সাধনের 'পরে নির্ভার করতে হয়। মনঃশক্তি এবং প্রাণশক্তি প্রতিনিয়ত তার স্বচ্ছন্দ প্রকাশকে অভিভূত করতে চাইছে। কিন্তু অধিচেতনার গভীরে অবগাহন করে একবার যদি সে তার নিগঢ়ে বৃহৎ স্বর্পের সংখ্য নিত্যযোগে যুক্ত হয়, তাহলে তার এই পরনির্ভার স্বভাবের কার্পণা ঘুচে যায়—

দ্বারাজ্যাসিদ্ধির অকুঠ বীর্য তার করায়ত্ত হয়। স্প্রবৃদ্ধ জীবাত্মার মধ্যে তখন ফোটে তত্ত্বদর্শনের দ্বরসবাহী চিন্ময় দীপ্তি, জাগে এক দ্বতঃসিদ্ধ বিবেকখ্যাতির অগ্র্যা বৃত্তি—যা সত্যকে অবিদ্যা ও অচিতির মিথ্যা হতে বিবিক্ত করে, দৈবী মায়াকে পৃথক করে আস্বরী মায়ার ছলনা হতে। এমনি করে জীবাত্মা আধারের সর্বাংশের ভাষ্বর অধিনায়ক হয় এবং তার এই জাগ্তিতে অধ্যাত্মজীবনের মোড় ফিরে ষায় সম্যক্-বিজ্ঞান ও সম্যক্-র্পান্তরের দিকে।

এই হল অধিচেতনার প্রবৃত্তি ও প্রয়োজনের সংক্ষিপ্ত পরিচয়। আপাতত এই অন্তগ্র্ট মহাভূমির ধরন হতে তার নিখ্তে রূপটি আমরা আবি-ষ্কার করতে চাই। দেখতে চাই তত্তজ্ঞানের সঙ্গে তার সম্পর্ক কি। পর্বেই বলেছি বিষয়ের সংগ্রাকি চেতনার সংগ্রা চেতনার অপরোক্ষসন্নিকর্ষ দ্বারা তাদের তত্ত্ব জানা—এই হল অধিচেতনার মুখ্য ধর্ম। কিন্তু তলিয়ে দেখলে বুঝতে পারি, এর মূলে রয়েছে তাদাস্মাবোধের নিগঢ়ে প্রতায়, বিষয়ের বিবিক্ত-সংবিতের আকারে তাদাস্মাসংবিতের একটা তর্জমা। আমাদের প্রাকৃতচেতনার বহিষ্কর প্রতায়ে যেমন জীবের সঙ্গে জগতের প্রোক্ষসন্মিকর্বের সংঘাতে দীপ্ত-জ্ঞানের স্ফু,লিঙ্গ জ্বলে ওঠে, তেমনি অধিচেতনাতেও কোনও অলোকিক-সন্মিকধের বশে নিগ্ড়ে প্রাক্সিন্ধ জ্ঞানের একটা ঝলক বাইরে আপনাকে ফু-টিয়ে তোলে। বৃহত্ত বিষয় এবং বিষয়ীতে রয়েছে একই চৈতন্য। তাদাঘ্যা বস্তুর সংগে বস্তুর সল্লিকর্ষে আত্মচেতনায় জাগায় স্বনিহিত অথচ সুপ্ত অনাত্মসংবিং। বহিমনে এই প্রাক্সিন্ধ জ্ঞান দেখা দেয় অজিত জ্ঞানের আকারে। কিন্ত অধিচেতনায় এ যেন পূর্বান,ভবের স্মৃতি—ফ্টে উঠেছে ভিতর থেকে। আবার এ-জ্ঞান অবিমিশ্র বোধিপ্রতায় হলে, আন্তরসংবিতে তার স্বতঃপ্রামাণ্যের স্বচ্ছতা থাকে। আর সন্নিকর্ষজ বিষয়জ্ঞান হলেও তার মধ্যে থাকে স্বার্নসক প্রত্যাভজ্ঞার অব্যবহিত প্রত্যয় ৷...বহিশ্চেতনায়, সতাকে দেখছি আমরা বাইরে—এই হল জ্ঞানের ধারা : বিষয়ের সত্য যেন আমাদের 'পরে বিষয়েরই একটা প্রক্ষেপ। বিষয়ের সংদপর্শে ইন্দ্রিয়বোধের উদ্রেক, অথবা বিষয়ের বাস্তবর্পের একটা সংবিশ্ময় প্রতির্পের উদ্বোধন—এই হল ব্যাবহারিক জ্ঞানের রীতি। বহিমনের কাছে জ্ঞানের পরিচয় এইট্-কুতে সীমিত-কেননা বহিজাগং আর নিজের মাঝে যে-দেয়াল সে গড়ে তুলেছে তার মধ্যে আছে শ্বধ্ব ইন্দ্রিমংবিতের ফাঁক। সেই ফাঁক দিয়ে বিষয়ের বাইরের র পটাই সে দেখে, তার অন্তররহস্যের কোনও সন্ধান পায় না। কিন্তু ভিতরের যে-দেয়াল তার অন্তগর্ণ্ড সন্তা থেকে তাকে প্থক করেছে, তার মধ্যে আগে-থেকে তৈরী-করা অমন-কোনও ফাঁক নাই। তাই অন্তরগহনের কোনও খবর সে জানে না—দেখতে পায় না সন্তার গভীর উৎস হতে জ্ঞানের স্বচ্ছন্দ উৎসারণ। অতএব ব্যবহারঞ্জগতের নিত্যদৃষ্ট ব্যাপারকেই তত্ত্ব বলে না মেনে তার উপায়

নাই; অর্থাৎ বাহ্যবস্তুই তার কাছে জ্ঞানের মুখ্য প্রয়োজক। তাই মনের সহায়ে বিষয়কে জানবার বেলায় আমাদের জ্ঞান হয় পরাক্-বৃত্ত—সত্য যেন বাইরে থেকে আরোপিত হয় চিত্তের 'পরে। যা আমাদের সন্তর্গ্র নাই, বিষয়জ্ঞানে তাকেই দেখছি যেন মনঃকদ্পিত একটা ছবির আকারে। অতএব জ্ঞান আমাদের কাছে একটা প্রতিবিন্দ্র বা বিষয়সংস্পর্শে উদ্রিক্ত একটা নির্মাণকায় মাত্র। বস্তুত বিষয়সন্নিকর্ষে অন্তরের গভীরগহনে যে নিগ্য়ে সল্ভোদ্রেক, তাকেই বলি জ্ঞানের হেতু। ওতেই বিষয়ের একটা অন্তর্গ্র্যুণ সর্ব্যোবিজ্ঞান অন্তর হতে উৎক্ষিপ্ত হয়, কেননা বিষয় তত্ত্বত আমাদের বিরাট আত্মভাবের অন্তর্ভুক্ত। কিন্তু অবিদ্যাচ্ছন্ন বহিশ্চর জীবাত্মার বাইরে-ভিতরে খাড়া রয়েছে দ্বুটি প্রাচীরের ব্যবধান, যা আত্মন্বর্গ ও জগংস্বর্পের জ্ঞান হতে তাকে বণ্ডিত করেছে। তাইতে আমাদের প্রাকৃতচেতনায় অন্তরের নিগ্য়ে বিজ্ঞানের একটা বিকল র্পেরখা বা অপূর্ণ প্রতির্প শব্দ ভেসে ওঠে।

র্বাহর্মনের কাছে আচ্ছন্ন ও অপ্রত্যক্ষ হয়ে আছে এই-যে তাদাত্ম্যচেতনার গ্রুতসঞ্চারী প্রবৃত্তি, অপরোক্ষসংবিতের দীপ্তিতে তাও জনলে ওঠে—যখন ব্যাণ্টি-ভাবনার নিগড় ভেঙে অধিচেতনা বেরিয়ে পড়ে বিশ্বচেতনার মহাবৈপুলাের দিকে এবং বহিশ্চর চেতনাকেও ভাসিয়ে নিয়ে চলে সেই সংবেগের স্লোতে। অধিচেতনা আর বিশ্বচেতনার মাঝে আছে স্ক্রেতর মনোময় প্রাণময় ও ভূত-স্ক্রেময় কোশের ব্যবধান—যেমন বিশ্বপ্রকৃতি হতে আমাদের বহিঃপ্রকৃতি প্রথক হয়ে আছে স্থলে অলময় কোশের বাধায়। কিন্তু অধিচেতনার চার্রাদকে যে-দেয়াল, তা এত স্বচ্ছ যে তাকে বরং বেডা বলা যায় দেয়াল না বলে। তাছাড়া অধিচেতনাকে ঘিরে আছে এক চিন্ময় পরিমণ্ডল, যা ওই কোশগুলির বাইরে প্রচ্ছারিত হয়ে গড়ে তলেছে তার নিজের একটা পরিচেতন জ্যোতিম য় পরিবেষ। এই প্রভাম-ডলের ভিতর দিয়ে সে বিশ্বজগতের খবর পায়, এমন-কি বাইরের কোনও অভিঘাত আধারে প্রবেশ করবার আগেই তার সম্পর্কে সচেতন হয়ে তার গতিবিধিকে নিয়ন্ত্রিত করতে পারে। এই পরিচেতনার পরিবেষকে যথেচ্ছ বিস্ফারিত করে বিশ্বময় নিজেকে প্রচ্ছ্বরিত করবার সামর্থ্য অধিচেতনার আছে। প্রচ্ছুরণের ফলে ক্রমে এমন-একটা সময় আসে, যখন তার চার্রাদক থেকে বিবিক্তবোধের বেড়া ভেঙে পড়ে. বিশ্বসন্তার সঙ্গে একাকার হয়ে অধিচেতনা র পান্তরিত হয় বিশ্বচেতনায় এবং সর্বাত্মভাবের অপ্রমেয় ঔদার্যে। এমনি করে বিরাট প্রেম্ব ও বিরাট প্রকৃতির মধ্যে অবগাহন করবার স্বাচ্ছন্দ্য হতে জীবের মধ্যে প্রমাক্তির একটা বিপাল প্রবেগ সম্ভারিত হয়। সে তখন হয় বিশ্বচেতন বৈশ্বানর প্রেষ। এই সাধনার সিন্ধিতে প্রথম তার মধ্যে জাগে বিশ্বাধিবাস বিশ্বাদ্মার অনুভৃতি। তার তীরতায় ব্যাণ্টিম্বের বোধ বিশ্বপ্ত হয়ে অহন্তার প্রলয়ও ঘটতে পারে বিশ্বসত্তার মধ্যে। আবার এমনও হয় : বিশ্ব-

শক্তির নির্বারিত কিরণ লাবনের কাছে উন্মিষিত হয় বিকাসত চেতনার শতদল

সন্ধাসারে অভিষিক্ত হয় দেহ-প্রাণ-মনের প্রতিটি অণ্, বিলুপ্ত হয় ব্যক্তি-প্রবৃত্তির স্বতন্ত অনুভব। কিন্তু অধিকাংশক্ষেত্রেই অনুভবের প্রসার হয় সামিত : বিরাট পর্বৃষ্ধ ও বিরাট প্রকৃতির অপরোক্ষসংবিতে জীবের মন প্রাণ ও দেহ দলে-দলে উন্মিষিত হতে থাকে বিশ্বমন বিশ্বপ্রাণ ও বিশ্বজড়ের নিরন্ত শক্তির অভিষেকে। এই উন্মেষের ফলে বিশ্বের সংগ্য জীবের একটা একাত্মবোধ অর্থাৎ আত্মচেতনায় বিশেবর এবং বিশ্বচেতনায় আত্মার স্কৃনিবিড় অন্তর্ভাব হয় সাধকের প্রায়িক অথবা অবিচ্ছেদ একটা উপলব্ধি। আর সেইস্পেগ স্বভাবত 'মদাত্মা সর্বভূতাত্মা'—এই অনুভবটি জাগ্রত হয়। তথনই সাধকের চিত্তে ফোটে বিরাট প্রবৃষ্টের সন্তার স্কৃনিশ্চিত অপরোক্ষপ্রত্যয়—তাকে আর শন্ধ ভাববাসিত অনুভব বলে মনে হয় না তার।

কিন্তু তাদাস্ক্যবোধের 'পরেই বিশ্বচেতনার প্রতিষ্ঠা, কেননা বিশ্বাস্থা নিজেকে জানেন সর্বভূতের আত্মা বলে। আত্মস্বরূপে সর্বভূত তাঁতেই দ্থিত. সমুহত প্রকৃতি তাঁর দ্বীয়া প্রকৃতি। স্বাধার বলে আধেয়ের স্বান্ত তদাম্মক হয়ে তিনি অনুপ্রবিষ্ট ও অনুসূতে। আবার তদান্মিকা স্থিতির সংগ্রে জড়িয়ে আছে তাঁর অতিস্থিতি। তাই তাদাম্মাবোধের দিক দিয়ে যেমন তাঁর মধ্যে আছে অন্বয়ভাব ও সর্ববিজ্ঞান, তেমনি অতিম্থিতির দিক দিয়ে আছে সর্ব-গ্রাসিতা ও সর্বান্বেধ—আত্মচৈতনোর লোকোত্তর পরিবেশের মধ্যে ব্যক্ষি ও সমণ্টির অপরোক্ষ প্রত্যয় এবং তার সঙ্গে জড়িয়ে ব্যণ্টি ও সম্ভির মুম্বিগাহী নিবিড অনুভব। বিশ্বাম্মা গুহোহিত হয়ে আছেন ব্যক্টিতে এবং সমন্টিতে, অথচ সমৃতিকৈ ছাড়িয়েও আছেন। অতএব তাঁর আত্মবোধে এবং জগৎবোধে এমন-এক বিবেকশক্তি আছে, যা বিষয়ের অর্ল্ডার্নবিষ্ট বিশ্বচিংকে ওই আধারেই অব-রুদ্ধ থাকতে দেয় না। এইজন্যই ব্যাষ্টভাবনা ব্যক্তির ঐকান্তিক স্বধর্মের অনুকৃষ্ণ হলেও বিরাট প্রের্ধের পক্ষে তা বন্ধনের কারণ নয়। তাই তিনি ভতে-ভতে নিজেকে বিভাবিত করলেও তাঁর সর্বাধার সন্তার মহিমা কৃষ্ঠিত হয় না। এইখানে তাহলে পাই এক ব্রহ্মাণ্ডগত তাদাম্মোর আধারে অগণিত পিন্ডতাদাজ্যের সমাবেশ। কেননা বিশ্বচেতনার মধ্যে যদি বিবিক্তপ্রতায়ের কোনও লীলা থাকে কি দেখা দেয়, তাহলে এই যুগল তাদাম্মা হবে তার ভিত্তি এবং তাতে কোনও বিরোধের সৃষ্টি হবে না। সান্নকর্ষকে বজায় রেখেই প্রত্যাহারন্বারা বিবিক্ত হয়ে জানবার প্রয়োজন কোথাও যদি থাকেঁ. তাহলেও সেখানে বিবিক্তভাব থাকবে তাদাম্যভাবের কৃক্ষিগত, অভেদে সন্নিকর্ষই হবে সেখানকার সন্মিকষের স্বর্প—কারণ সর্বত আধেয় বিষয় আধারর্পী আত্মার একদেশ মাত্র। ভেদভাব যখন মুলোচ্ছেদী হয়ে দেখা দেয়, তথনই অভেদভাব আপন স্বর্পকে নিগ্রহিত ক'রে ঈষং-বিদ্যার একটা উচ্ছনাস পরোক্ষে কি

অপরোক্ষে উৎক্ষিপ্ত করে, যা নিজের উৎসম্লকে জানে না। অথচ তখনও অভেদভাব বা তাদাত্ম্যবোধেরই এক বিপ্ল সম্দ্র প্রতিনিয়ত উদ্বেল হয়ে উঠছে ব্যবহিত কি অব্যবহিত জ্ঞানের তর্গেগাচ্ছনাসে বা শীকরোংক্ষেপে।

এই হল জ্ঞান বা চেতনার দিক। তাছাড়া আছে ক্রিয়া বা শক্তির দিক। দেখছি. বিশ্বশক্তির বিপত্ন প্লাবন, অবিরাম তরংগদোলা, দিকে-দিকে প্রবাহিত নির্বারিত খরধারা। তারা গড়ছে ভাঙছে আবার গড়ছে কত বস্তু ও ভূতের মেলা, ব্নছে ছি'ড়ছে কত বিচিত্র স্পন্দ ও ঘটনার জাল—ভূতে-ভূতে অনুপ্রবিষ্ট ও ব্যহিত, আবার ভূত হতে ভূতান্তরে প্রবাহিত ও উৎসারিত হয়ে চলেছে তারা যেন কোন নির্দেশের অভিসারে। প্রত্যেক প্রাকৃতজীব যুগপং এই শক্তিপ্রবাহের আধার ও ক্ষেপণযন্ত। জীব হতে জীবে বয়ে চলেছে মনঃশক্তি ও প্রাণশক্তির অবিরাম স্লোত। জডশক্তির বিপলে প্লাবনের মত তারাও উত্তাল হয়ে উঠছে বিশ্বপ্লাবী বন্যার উদ্দাম প্রবাহে। শক্তির এই বিশাল বিক্ষেপ আমাদের বহির্মানের প্রত্যক্ষের অগোচর। কিন্তু অন্তরপুরুষ তাকে জানেন— অবশ্য অপরোক্ষসন্নিকর্ষের সহায়ে। বিশ্বচেতনায় অবগাহন করে পরেষ বিশ্বশক্তির এই লীলাকে আরও ব্যাপকভাবে জানেন নিজেরই স্পণ্দিত সত্তার নিবিড় অনুভবে। এ-অবস্থায় জ্ঞান পূর্ণতর হলেও তার ক্রিয়াপরিণাম কিন্তু আংশিক হয়, কেননা বিরাট পার,ষের সংখ্য তদাত্মক হয়ে স্বর্পে অবস্থান জীবের পক্ষে সম্ভব হলেও তার ফলে বিরাট প্রকৃতির সংখ্য সক্রিয় তাদাত্মা-বোধ সর্বাংশে সিম্ধ হয় না। সাধকের বিবিক্ত আত্মসত্তার বোধ লাপ্ত হলেও তার প্রাণ ও মনের খাতে শক্তির ধারা স্বভাবত ব্যক্তিভাবনার বৈশিল্ট্যকে স্বীকার করেই বইবে। আধারে বিশ্বশক্তির প্রবাহই বইবে তখন—জীবস্থ শক্তিকটে প্রারম্থের লীলাকে অনুসরণ করা হবে তার রীতি। কারণ, ব্যাঘ্টি-আধারে শক্তিকুটের কাজই হল শক্তির বিচিত্র ধারা হতে বিশিষ্ট কতগর্নল শক্তির নির্বাচন সংহরণ ও রূপায়ণ এবং সেই রূপায়িত শক্তিকে খাতবন্দী করে একটা ধারায় বইয়ে দেওয়া। সমূহশক্তির অনিয়ন্তিত প্লাবন সম্ভাবিত হলে এই শক্তিকটে অকেজো হয়ে পড়ে—তখন তাকে বাতিল করা কি নিশ্চেণ্ট রাখাই সংগত। এ-অবস্থায় ব্যাঘ্ট দেহ-প্রাণ-মনের আধারে তার নৈর্ব্যাক্তকতাকে খাত কি কেন্দ্র করে বইবে শ্বধ্ব বিশ্বশক্তির অবিশিষ্ট ও অনিয়ন্দিত্রত একটা স্লোত, তার মধ্যে ব্যক্তিজীবলীলার কোনও সাথকিতাই রূপায়িত হবে না। এ-অবস্থা লাভ করা অসম্ভব নয়, কিন্তু তার জন্য প্রাকৃতমনের ভূমিকে ছ্যাড়িয়ে অধ্যাদ্মচেতনার সমুক্ষশিখরে উঠতে হয়। বিশ্বাদ্মভাবের মধ্যে অচল-প্রতিষ্ঠার অনুভব যেখানে মুখা, সেখানে বিশ্বব্যাপ্ত অধিচেতনাতে থাকে বিশ্বাত্মা এবং সর্বভূতের আত্মার সংগে অভেদসিন্দির জ্ঞান। কিন্তু এই জ্ঞান ক্রিরাতে রুপান্তরিত হয়ে তাদাস্ব্যাধকে পরিণত করে শাধ্র সর্বগত চিন্ময়

অপরোক্ষসাহাকর্ষের বিপন্নতর বীর্ষে ও গভীরতর অন্তর্গগতায়। সর্বজীবে সর্বভূতে চেতনার সিন্ধবীর্ষ তথন সংক্রামিত হয় তীব্রসংবেগের সার্থক ও সন্নিবিড় উচ্ছলনে, সবাইকে আত্মসাৎ ও জারিত করবার সামর্থ্য হয় অকুণ্ঠিত, অন্তর্গ দর্শন ও অন্ভবের প্রাতিভর্শাক্ত হয় উচ্ছন্সিত এবং এই বৃহত্তর মন্ত্রপ্রকৃতিকে আশ্রয় করে আধারে উথলে ওঠে জ্ঞানা-শক্তি ও ক্রিয়া-শক্তির বিচিত্র বিভূতি।

অতএব অধিচেতনাকে বিশ্বচেতনায় প্রসারিত করেও আমরা জ্ঞানের অধি-কারকে বিস্তৃত করি মাত্র, কিন্তু তার সর্বাবগাহী আদ্যচ্ছন্দের পরিচয় পাই না। যদি আরও এগিয়ে গিয়ে তাদাত্মবোধের বিশান্ধ স্বরূপটি চিনে নিতে চাই, কি করে এই তাদাম্ম্যবিজ্ঞান অন্যান্য বিজ্ঞানশক্তির প্রবর্তক আধার বা নিয়ামক হয় তার রহস্য যদি বুঝতে চাই, তাহলে অন্তঃম্থ মন প্রাণ ও ভূত-স্ক্রের এলাকা ছাড়িয়ে আমাদের চাড়তে হবে অধিচেতনার আর দাটি প্রত্যাত-ভূমি অর্থাৎ অবচেতনার 'পরে ফেলতে হবে সন্ধানী চিত্তের আলো, স্পর্শ বা অনুবিশ্ধ করতে হবে অতিচেতনার লোকোত্তর ধাম। কিন্তু অবচেতনায় সবই আঁধারে ঢাকা—বিশ্বাত্মভাবনা সেখানে গণচেতনার মত আচ্ছন্ন, ব্যাণ্টভাবনাও তমোময় অনৈস্গিক বিকলা ও মূঢ়সংস্কার দ্বারা বাহিত। অবচেতনায় আছে এক তামস তাদাস্থ্যসংবিং যেমন আছে জানি অচিতির মধ্যে। কিন্ত সে-সংবিং অপ্রকাশ—তার রহস্য অব্যক্ত। আর লোকোত্তর অতিচেতনার স্তরে-স্তরে আছে প্রভাস্বর চিৎপ্রকাশের নির্বারিত মহিমা। বিদ্যাশক্তির গঙেগাত্রী সেইখানে—তাদাত্ম্যবিজ্ঞান আর বিভক্তজ্ঞানের যুগলধারা উৎসারিত হয়েছে ওই মহার্ভাম হতে। অতএব ওইখানে গেলে জানতে পারব তাদের নিদানকথা—তাদের প্রবৃত্তিভেদের সকল রহস্য।

কালাতীত প্রমার্থসৈতের যে-আভাসট্নুকু আমাদের আধ্যাত্মিক অনুভবে উপসংক্রান্ত হয়, তা-ই দিয়ে ব্রুতে পারি, সন্তা আর চৈতন্য সেখানে এক। সাধারণত চিন্ত ও ইন্দ্রিয়ের কতকগৃন্নি বৃত্তিকে আমরা বলে থাকি চেতনা; এই বৃত্তিগৃন্নির অভাব বা উপশম যেখানে, সে-অবস্থাকে বলি অচেতনা। কিন্তু যেখানে চেতনার কোনও স্ফুট ব্যাপার কি নিশানা নাই, এমন-কি বিষয় হতে উপসংহৃত হয়ে চেতনা যেখানে শৃন্ধসন্মাত্রে সমাহিত কিংবা আপাতিক অসন্তায় সংবৃত্ত, সেখানেও তার অস্তিত্ব সম্ভব। বস্তুত চৈতন্য সন্তায় সম্বেত—তাকে বলতে পারি সন্তার রস। অতএব চৈতন্য স্বয়ম্ভুস্বীর্প—অক্রিয়া উপশম আবরণ সংবরণ বা নির্ক্তনাস আত্মসমাধান—কিছ্বতেই তার বিপরিক্রাণ হয় না। স্ব্রুপ্তিতে জড়সমাধিতে সংবিংহারা দশায় এমন-কি অভাবের প্রতীতিতেও সন্তার সংগে এই চৈতন্য অবিনাভূত হয়ে আছে। কালাতীত প্রমা্ম্থাতিতে চেতনা সন্তার সংগে একীভূত অতএব নিস্পন্দ। কিন্তু তাবলে

তাকে পৃথক একটা তত্ত্বলতে পারি না—সেখানেও তাকে জানি আত্মসত্তায় সমবেত শুন্ধ নিবিকিল্প আত্মসংবিং বলে। সেখানে জ্ঞান নিম্প্রয়োজন, তাই তার বৃত্তি নাই। সত্তা নিজের কাছে নিজেই প্রকাশিত বলে নিজেকে জানতে কি নিজের অস্তিমকে অনুভব করতে সেখানে ব্যত্তির কোনও প্রয়োজন হয় না। বিশ্বদ্ধসন্মাত্রের বেলায় একথা যেমন সতা, তেমনি সতা লোকাদি সর্বসতের বেলাতেও। চিন্ময় স্বয়স্ভুসন্তার আত্মসংবিং যেমন স্বারসিক, তেমনি স্বার-সিক তাঁর সর্বসংবিং। কি**ন্তু** তার জন্য তাঁর আত্মবিমশ**ী জ্ঞানব্**ত্তির প্রয়োজন হয় না, কেননা তাদাম্ম্যবোধের চরম চমংকারে এক অখন্ড স্বরস্বাহী সংবিতের মধ্যে ফুটে ওঠে বিষয়-বিষয়ীর সামরস্য। স্বয়স্ভূসং নিজেই স্ব হয়েছেন বলে তাঁর আত্মসংবিং দ্বভাবত সর্বসংবিতের অবিনাভত। এমনি করে আপন কালাতীতিম্থিতিকে জানেন বলে পরমপ্রের্য এক স্বান্ভবের বিলসনে তাঁর কালকলনাময় সন্তাকে এবং তার অন্তর্ভু ক্ত যা-কিছু সব জানেন। তাঁর এই অনুভবও স্বরসবাহী পরাংপর সর্বাবগাহী এবং বৃত্তিশূন্য। একেই বলে স্বর্পবিশ্রান্ত তাদাস্কাসংবিং। বিশ্বসন্তার অনুভবে এই সংবিংই ধরে স্বর্পান্গত স্বতঃপ্রকাশ কারণহীন বিশ্বচেতনার আকার, যার মধ্যে বিশ্বাত্মা নিজেই বিশ্বরূপ হয়ে নিজেকে আস্বাদন করেন।

কিন্তু এই বিশান্ধ স্বান্ভবের স্বধা ও বীর্য হতে শান্ধসংবিতের আরেকটি বিভূতি উৎসারিত হয়, যাকে স্বান্ভবের আদি প্রচল্দ-রূপ বলে মনে হলেও বস্তৃত সে তার একটা স্বাভাবিক ভঙ্গি—কারণ পরমপ্রের্ষের আত্মসংবিতের প্রত্যেকটি বিভূতি বস্তুত তাদাঘ্যসংবিতের প্রকারভেদ মাত্র। নিজের শাশ্বত প্ররূপস্থিতির কোনও বিকার কি বিপরিণাম না ঘটিয়ে, এই আত্মসংবিতে অন্তর্ভাবনা ও অন্তর্শামত্বের একটা গোণ অথচ অবিনাভূত সংবিৎ দেখা দিতে পারে। স্বয়স্ভূ পরমপ্রেষ আপন অন্বিতীয় সত্তাতে অনুভব করেন সর্বভূতের সন্তা। আবার স্বাইকে আত্মসত্তায় অন্তর্ভাবিত করে অনুভব করেন নিজেরই সত্তা চৈতন্য আনন্দ ও শক্তির স্বর্পবিভৃতি-র্পে। সেইসংখ্য আত্মার্পে ভূতে-ভূতে সন্নিবিষ্ট হয়ে অন্তর্যামী আত্ম-দ্বভাবের ব্যাপ্তি দিয়ে বিন্দুতে পান সিন্ধুর অনুভব। কিন্তু তাঁর আত্ম-সংবিতের এই বিপাটী সকল অবন্ধাতেই ন্বরসবাহী ন্বতঃসিন্ধ ন্বতঃক্ত্ত এবং ক্রিয়া-করণ- বা বৃত্তি-শ্না। কেননা, জ্ঞান এখানে ক্রিয়ার্প নয়, আয়-দ্বভাবে নিতাসমবেত শ্বন্ধসত্তর্প মার। সমদ্ত অধ্যাত্ম অন্ভবের ম্লে আছে এই তাদাষ্যান্তন্য তাদাষ্যাসংবিং, সর্বাত্মভাবনার প্রত্যয় যার স্বাভাবিক আমাদের চেতনার ভাষায় তাকে তর্জমা করে পাই উপনিষদের এই বিজ্ঞানত্রিপটে : 'সর্বভূতকে দর্শন করা আত্মাতে' 'আত্মাকে দর্শন করা সর্ব-ভতে' 'ধাঁর মধ্যে আত্মাই হয়েছেন সর্বভূত'—অর্থাৎ অর্ন্তভাবনা অর্ন্তবামিশ্ব

ও তাদাজ্যের অপরোক্ষসংবিং। কিন্তু অন্তরসংবিতে এ-দর্শন চিন্ময় স্বান্-ভব মাত্র। সে যেন সন্মাত্রের স্বয়ন্পভা—আত্মাকে বিষয় করে আত্মার অন্-ব্যবসায়াত্মক বিবিক্তদর্শন পর্যন্ত নয়। কিন্তু এই অন্তর আত্মসংবিতে ফোটে পরম-প্রব্রের অবিনাভূত স্বর্পশক্তির নিত্যসমবেত উল্লাসর্পে এক অভিনব চিদ্বিলাস—যাকে ঠিক পরা সংবিতের আত্মসমাহিত স্বর্পনিষ্ঠ স্বয়ন্পভা ও স্বতঃপ্রামাণ্যের আদ্যাছন্দ বলা চলে না। এই চিদ্বিলাস অন্তরের একটা নতুন ভণ্গি, যার মধ্যে আমাদের পরিচিত জ্ঞানের প্রথম স্ট্রা। এতে যেমন চেতনার একটা ভূমি আছে, তেমনি আছে জ্ঞানেরও স্পন্দ বা বৃত্তি: চিৎস্বর্প নিজেকেই জানছেন জ্ঞাতা ও জ্ঞেয়ের, বিষয়ী ও বিষয়ের দ্বিট কোটিতে নিজেকে বিভক্ত ক'রে। অথবা বলা যায়, এ যেন তাঁর আত্মসংবিতের মধ্যে বিষয়-বিষয়ীর স্ববিমশ্ময় একটা সম্পন্ট। কিন্তু তাঁর এ-চিন্বিলাসও স্বরসবাহী ও স্বতঃপ্রমাণ—তাদাত্মবোধেরই এ একটা বৃত্তি। এখনও এর মধ্যে বিভক্তজ্ঞানের আভাস দেখা দের্মন।

কিন্তু বিষয়ী যথন আত্মবিষয় হতে খানিকটা দুৱে সরিয়ে নেন নিজেকে. তর্থান দেখা দেয় তাদাস্মবোধের শক্তিপরিণামের একটা তৃতীয় পর্ব। তার মধ্যে আছে এক চিন্ময় স্বগতদশনের নিবিড্তা চিদাবেশের স্বান্সাত একটা ব্যাপ্তি, সর্বভূতকে আত্মস্বরূপে দর্শন স্পর্শন ও রসনের একটা দিব্য উল্লাস। বিষয়ের মর্মে অবগাহন করে প্রজ্ঞাদ_্ষ্টিতে তাদাত্মাবোধের সর্বগ্রা**সী** ব্যাপ্তিচৈতন্য দিয়ে তার স্বরূপ ও আধেয়কে চিনে নেওয়া—এ-ভূমির এই এক বিশেষত্ব। প্রতাক্ষ সেখানে নিম্পন্ন হয় তাদাত্মাপ্রতায়দ্বারা। ভূমিতে আছে এক চিন্ময় সামান্যপ্রতায়, যাকে বলতে পারি মননের স্বর্পধাতু। অবশ্য এ-মনন অজানাকে আবিষ্কার করে না আমাদের মননের মত। আঘ-ম্বর্পে-অধিগত বিষয়কেই সে ফুটিয়ে তোলে নিজের ভিতর থেকে তারপর চিদাকাশে অর্থাৎ আত্মসংবিতের প্রসারিত পটভূমিকায় তাকে স্থাপন ক'রে আত্মসংবিন্ময় সামান্যপ্রতায় দিয়ে তাকে বিষয়রূপে গ্রহণ করে। তাছাড়াও এ-ভূমিতে আছে এক চিন্ময় রসোল্লাস-সামরস্যের পরম অনুভবে যেন অদৈবতসম্পূর্টের সংখ্য অদৈবতসম্পূর্টের মেশামেশি, সন্তায়-সন্তায় চেতনায়-চেতনায় আনন্দে-আনন্দে অন্যোন্যসংগ্রমের এক অনির্বচনীয় উচ্ছলন। আবার এখানে আছে অভেদে ভেদাভাসের আনন্দঘন নিবিড় চেতনা, রস-রতির নিত্য-সম্প্রয়োগে পরমসাম্যের অসমোধর আস্বাদন, শাশ্বত অস্বয়স্বরূপের শক্তি সত্য ও সন্তার বিচিত্র ভাবনায় অর্পের র্পের মেলায় আনন্দের নিরণ্ত আন্দোলন। চিৎশক্তির এই লীলায়নে মহাকাশের ব্বকে সম্ভূতির বর্ণরাগ বিচ্ছ্বিত হয়ে পড়ে আত্মর পায়ণের ইন্দ্রধন, হয়ে। কিন্তু অনন্তের চিন্বিলাসর পে এসব শক্তিই তাঁর স্বর্পশক্তি—তারা ব্যহিত পরিকল্পিত কি বিসূদ্ট করণশক্তি

নয়। তারা সেই চিন্ময় অয়্বয়তত্ত্বের স্বগতসংবিন্ময় প্রভাস্বর স্বর্পধাতৃ—
তাদের ক্রিয়াতে আত্মাই কর্তা কর্ম করণ ও আধার। শ্রুদ্ধিচংই এখানে দ্কাশক্তি, শ্রুদ্ধিচংই বেদনায় স্পান্দমান, শ্রুদ্ধিচংই বিশেষ- ও সামান্য-প্রত্যয়ের
আকারে স্বয়ংজ্যোতির্ময়। এসমস্তই তাদাত্মাবিজ্ঞানের লীলা—অখন্ডসংবিতের বহুধাবিস্ভা আত্মভূমিকায় তার স্বর্পশক্তির স্বতঃসঞ্চরণ।
পরমপ্রব্যের অনন্ত স্বান্ভবের বিহার দ্বিট কোটিতে : একদিকে রয়েছে
তার নির্পাধিক একরস তাদাত্ম্যপ্রত্যয়, আরেকদিকে বহুধাবিলসিত তাদাত্মাপ্রত্যয়। একদিকে আত্মসমাহিত স্বর্পানন্দ, আরেকদিকে অন্বৈতরসভাবিত
ভেদভাবনার অনিব্চনীয় রস্যোদ্পার।

অভেদভাবকে অভিভূত করে ভেদভাব যথন প্রবল হয়, তথনই দেখা দেয় বিভক্তজ্ঞানের আভাস। আত্মার প্রত্যয়ে তথনও বিষয়ের সঙ্গে তাদাত্ম্যের বোধ জাগর্ক রয়েছে। কিন্তু তব্ব স্বগত ভেদভাবনাকে সেখানে তিনি একান্ত করে দেখেন। এর মধ্যে প্রথমত আন্মা এবং অনান্মার ভেদ জাগে না—জাগে শুধু নিজের আত্মা এবং পরের আত্মা এই দুর্টি কোটি মাত্র। খানিকটা তাদাত্মাজন্য তাদাত্মাবোধ তখনও থাকে। কিন্তু প্রথমে তার উপরে চাপে ব্যতিষণ্গ- ও সন্নিকর্ষ-জন্য জ্ঞানের ভার, তারপর তাকে অভিভূত করে জ্ঞানের এই শেষোক্ত পর্যায় হয় সর্বেসর্বা। তথন অভেদপ্রত্যয়কে মনে হয় গোণ-অন্যোন্যসন্নিকর্ষের হেতু নয়, তার পরিণাম। অথচ তখনও বিবিক্ত আত্ম-ব্যুহের মধ্যে নিগ্র্ভাবে অন্মাত হয়ে থাকে অভেদভাবের সর্বগ্রাসী সর্ব-ব্যাপী ও সর্বান্বয়ী অন্তর্গপপ্রতায়। অবশেষে তাদাত্মাবোধ চলে যায় নেপথ্যের অন্তরালে। তথন সত্তার সঙ্গে অপর সত্তার, চেতনার সঙ্গে অপর চেতনার যে-খেলা চলে, নিগ্টে তাদাত্মাবোধ তার আধার হলেও সে-বোধের অন্ভব থাকে না। তার জায়গায় দেখা দেয় প্রতাক্ষগ্রহণ ও অন্যোনাসন্নি-কর্ষের অনুবেধ ব্যতিষণ্গ এবং অন্যোন্যবিনিময়। এই ক্রিয়াব্যতিহারে তখন সম্ভব হয় বিজ্ঞান অন্যোন্যসংবিং বা বিষয়সংবিংএর অম্পবিদতর অনত-রুগতা। আত্মার সভেগ আত্মার অন্যোন্যসুগ্রমের বোধ এখানে নাই, আছে অন্যোন্যাশ্রয়ের অনুভব। তাই এখনও অপরকে মনে হয় না একান্ত বিবিক্ত ও অপরিজ্ঞাত একটা পৃথক সন্তা বলে। অবশ্য এর মধ্যে চেতনার কার্পণ্য রয়েছে, কিন্তু তব্ব পূর্ব্যবিজ্ঞানের খানিকটা আভাস তাতে আছে—যদিও দ্বভাবধমের পূর্ণতা হারিয়ে বিজ্ঞান এখানে খণ্ডভাবনার দ্বারা খিলবীর্য হয়েছে। বিভজাব্ততা এ-বিজ্ঞানের সাধন বলে এ বড়জোর পেণছতে পারে অন্যোন্যসাল্লিধ্যে—কিন্তু তাদাত্ম্যভাবে নয়। চেতনার মধ্যে বিষয়ের অন্তর্ভাব এখনও সম্ভব এখনও পরিতোগ্রাহী সংবিং দিয়ে চেতনা বিষয়কে জানে। কিন্তু এই অন্তর্ভাবনা চেতনাবহির্ভুত বিষয়ের অন্তর্ভাবনা। তাই আন্মা

তাকে আপন করে নেয় অজিতি বা প্রনর্রাধগত জ্ঞান দিয়ে। এইজন্য বিষয়ে অভিনিবিষ্ট হয়ে, তাকে ধীরে-ধীরে আত্মসাৎ করে তবে চেতনার বিষয়বোধ সম্পূর্ণ হয়। এখানেও বিষয়কে অনুবিদ্ধ করবার সামর্থ্য চেতনার আছে. কিন্তু সে-অনুবেধ ব্যাপ্তিধর্মা নয় বলে তাদাত্মাবোধে তার পর্যবসান ঘটে না। বিষয়ে অনুপ্রবিষ্ট চেতনা তাই সাধামত বিষয়ের তথ্য আহরণ ক'রে বিষয়ীর কাছে উপস্থাপিত করে। চেতনার সঙ্গে চেতনার মর্মাবগাহী অপরোক্ষ-সন্নিকর্ষ এখনও সম্ভব এবং তাতে অন্তর্গ্গবিজ্ঞানের বিদ্যাৎশিখা কখনও হয়তো ঝিলিক দিয়ে ওঠে, কিন্তু তার ব্যাপ্তি অথবা স্থায়িত হয় সীমিত। চিন্ময় দুল্টি কি চিন্ময় অনুভবের অপরোক্ষসংবিং দিয়ে বিষয়ের অন্তর-বাহির দেখা বা অনুভব করা—এও এখানে অসম্ভব নয়। তাছাড়া সন্তায়-সন্তায় চেতনায়-চেতনায় আছে অন্যোন্যসংগম ও অন্যোন্যবিন্মিয়ের লীলা, আছে ভাবনা বেদুনা ও বিচিত্র শক্তিরাজির বাতিষ্ণ্য—যাদের অভিযান কখনও সম-বেদনা ও মিলনের দিকে কখনও-বা বিরোধ ও সংঘর্ষের দিকে। কখনও ঐক্যের সাধনা চলে অপরকে গ্রাস করে, কখনও-বা অপর চৈতন্য বা সন্তাদ্বারা ম্বেচ্ছায় গ্রহত হয়ে। অথবা কখনও প্রহপরের অন্তর্ভাবনা ব্যাপন ও জারণা দ্বারাই চলে একর্ঘসিদ্ধির প্রয়াস। এইসব ক্রিয়া এবং ক্রিয়াব্যতিহারকে বিজ্ঞাতা অপরোক্ষসন্নিকর্ষ দিয়ে জানেন এবং তাঁর এই জ্ঞানকে ভিত্তি করে গড়ে তোলেন তাঁর সম্বন্ধের জগং। চেতনার সংগে বিষয়ের অপরোক্ষসাল্লকর্য-র্জানত জ্ঞানের উৎস এইখানে। কিন্তু এ-জ্ঞান অন্তরপুরুষের পক্ষেই স্বাভা-বিক। আমাদের বহিঃপ্রকৃতি তাকে ভাল করে চেনে না বলে এ তার এলাকার বাইরে থেকে যায়।

বিভঙ্গাব্ত অবিদ্যার এই স্চনাতেও বিদ্যার বিলাস আছে। কিন্তু বিদ্যা এখানে সীমিত ও বিবিক্তদশী। অন্তগ্র্ট ঐক্যের আধারে এখানে খান্ডিতসত্তার লীলা চলছে—ধার পরিণামে দেখা দিছে প্রচ্ছন্ন ঐক্যের একটা আভাস মাত্র। স্বরসবাহী প্র্ণ তাদাখ্যাসংবিৎ এবং তজ্জন্য জ্ঞানবৃত্তি পরাধ-লোকের ধর্ম। আর এই অপরোক্ষসন্নিকর্ষজন্য বিজ্ঞান বিশেষ করে দেখা দেয় জড়াতীত মনশ্চেতনার সম্কৃতক শিখরে। এসব ভূমি আমাদের প্রাকৃতচেতনার কাছে অবিদ্যার আচ্ছাদনে আড়াল হয়ে আছে। মনের জড়াতীত ভূমির অবরভাগে এই সংবিৎ উনীকৃত হয়ে ফোটে—বিবিক্তভাবনার স্পুটতর ছাপ নিয়ে। যা-কিছ্ জড়োত্তর, তার মধ্যে এই অপরোক্ষসন্নিকর্ষজন্য জ্ঞানের দ্যোতনা আছে কি থাকতেও পারে। আমাদের অধিচেতনার এই হল মুখ্য সাধন—বলতে গেলে তার সংবিতের মুর্ধন্যনাড়ী। কেননা, অধিচেতন- বা অন্তর-প্রমুষ বলতে গেলে অবচেতনার প্রভ্যুন্তভূমির 'পরে ওই পরাধ্চেতনারই একটা প্রশ্বক্ষেপ। অতএব তার মধ্যে সেই উত্ত্রুণ্গ উৎসের চেতনার

বিশিষ্ট ধারা অন্সাত্র রয়েছে এবং গোচসম্পর্কে তার সংশ্য অধিচেতনার আত্মীয়তা বেশী নিবিড়। প্রাকৃতভূমিতে আমরা অচিতির তনয়; কিব্তু অন্তরের অন্তরে আমরা পেরেছি প্রাণ মন ও চেতনার উত্তরভূমির উত্তরাধিকার। তাই যতই অন্তরে ভূবি, অন্তরে থাকি, অন্তরের অন্তরে দল মেলি ফ্রলের মত, অন্তরের বিত্তে সমৃদ্ধ হই, ততই আমরা মৃক্ত হই অচিতিজননীর মৃঢ় বাহ্ববন্ধন হতে, এগিয়ে চলি অতিচেতনার সৌরকরোজ্জ্বল পথে—আজ যার সকল আভাস আড়াল হয়ে আছে অবিদ্যার তিমিরাবরণের অন্তরালে।

সত্তা হতে সত্তার সম্পূর্ণ বিচ্ছেদে পূর্ণ হয় অবিদ্যার ভরা। চেতনার সংগে চেতনার অপরোক্ষসন্মিকর্ষ তখন হয় সম্পূর্ণ তিরুক্ত অথবা স্থূল প্রলেপে আচ্ছন্ন-যদিও অধিচেতনায় তার সক্ষা, স্পাদন নিরণ্তর চলতেই থাকে। তেমনি আধারে অন্তগর্তি তাদাস্ম্যভাবনার পরিব্যাপ্তি সম্পূর্ণ প্রচ্ছন্ন ও পরোক্ষব্ত হয়ে থাকে। সতার বহিভাগে দেখা দেয় পরিপূর্ণ বিবিক্ততার বোধ—অথন্ডচেতনা র্থান্ডত হয় আত্মা ও অনাত্মার দুটি কোটিতে। অনা-ত্মার সঙ্গে কারবার করতেই হয়, অথচ তাকে জানবার কি আয়ত্ত করবার কোনও প্রত্যক্ষ উপায় থাকে না। প্রকৃতি তখন সূচ্টি করে যোগাযোগের পরোক্ষসাধন-স্থল ইন্দ্রিয়সিরকর্ষ দিয়ে, সংজ্ঞাবহা ও আজ্ঞাবহা নাড়ীর ব্যাপার দিয়ে, মনের সমন্বয়ী বৃত্তির সহায়ে স্থল ইন্দ্রিয়বৃত্তির অনুগ্রহ ও আপ্রণ করে। কিন্তু এসমুস্তই পরোক্ষজ্ঞানের সাধন; কেননা চেতনাকে এখানে অবশ হয়ে করণবৃত্তির অনুবর্তন করতে হয়—তাই বিষয়ের সঙেগ অপরোক্ষ যোগ তার সম্ভব হয় না। এদের সঙ্গে দেখা দেয় যুক্তি বুন্ধি ও বোধ। মন ও ইন্দ্রিরে আহত পরোক্ষ তথারাজিকে সাজিয়ে-গ্রছিরে তারা অনাত্মকতুকে জানতে কি হাতের মুঠায় এনে আত্মসাৎ করতে যথাসাধ্য প্রয়াস করে, অথবা খণ্ডিতসত্তার ব্যবধানকে যথাসম্ভব সংক্ষিপ্ত ক'রে অনাত্মবস্তুর সংগ্যে অন্তত আংশিক ঐক্য অন্তেব করতে চায়। কিন্তু পরোক্ষজ্ঞানের সাধনগুলি স্পন্টত অপর্যাপ্ত এবং অনেকসময় অকেজো। তাতে আবার মনের বৃত্তি প্রকারান্তরে তাদের ম্লাধার হওয়াতে সমস্ত জ্ঞানের গোড়াতেই দেখা দের একটা অনিশ্চরতা। এই ন্যুনতা আমাদের জড়ভূমির স্বভাবধর্ম। অচিতি হতে প্রকাশের কুণ্ঠা নিয়ে যা-কিছ, আবিভূতি হয়, তারই মধ্যে এই গলদ দেখা দেয়।

অচিতিকে বলতে পারি অতিচেতনার প্রতীপ ছায়া। অতিচেতনার মতই সে নির্বিশেষ, তেমনি স্বতঃক্রিয়—অথচ সম্মৃঢ় চেতনার এক বিরাট কুণ্ডলনে সংবৃত্ত। এ যেন সত্তার নিজের মধ্যে নিজের প্রলয়—নিজের আনশ্তোর অতলতায় তার আত্মনিমজ্জন। স্বয়স্ভূসন্তায় প্রভাস্বর আত্ম- সমাধান যেন এখানে রূপান্তরিত হয়েছে অন্ধতামিস্তের মধ্যে আত্মনিগ্রেনে, ঋণেবদের বর্ণনায় যাকে বলা হয়েছে 'তম আসীং তমসা গঢ়েম্'—আঁধার যেন গ্রাণ্ঠত হয়েছে আঁধারে। তাই আঁচতিকে দেখায় যেন অসতের মত। জ্যোতির্মায় নির্ঢ় আত্মসংবিতের জায়গায় দেখা দিয়েছে আত্মবিস্মৃতির অতলগহনে চেতনার নিমজ্জন। সন্তায় চেতনা অনুস্যুত হয়েও কিন্তু তার মধ্যে জেগে নাই। অথচ এই সংবৃত্ত চেতনাতে প্রচ্ছন্ন হয়ে রয়েছে নিগ্র্চ এক তাদাখাবোধ। সেই বোধে নিহিত আছে অব্যক্ত আনন্ত্যের যত নিমীলিত সত্যের সংবিং। তাই এই অন্তর্গ চু সংবিং যখন স্ভিটতে সক্রিয় হয়, তথন নির্চ বিজ্ঞানের ঋতশ্ভরা প্রবৃত্তি নিয়ে সে নিখ্ত করে ফ্রিটয়ে তোলে বিশ্বের শতদল। **কিন্তু চেতনা নয়, শক্তি** তার কৃতির আদ্যচ্ছন্দ। নিথিল জড়পদার্থের মধ্যে নিঃশব্দে নিষ্ক রয়েছে সম্ভূতবিজ্ঞানের কুণ্ডালনী সত্তা ও শক্তি-- স্বতঃপরিণামী বোধি যার বিগ্রহ। অচক্ষ্ম হয়ে এই বিজ্ঞান সম্যক্-দশ্নী—স্বতঃস্ফ্ত ব্নিশ্বর্পে আকারিত করে চলেছে তার অচিন্তিত অব্যক্ত কল্পনারাজি। তার নিমীলিত দৃষ্টির অব্যর্থ আলোক-তীর বিদ্ধ করছে সকল রহস্যের মর্মস্থল, অসাড়তার আচ্ছাদনে ঢাকা অবর্ন্ধ সংবেদনর্পে বিশ্বময় সে ছডিয়ে পড়ছে অপ্রমত্ত নৈশ্চিত্যের নিঃশব্দ সঞ্চারে—পিণ্ডে ও ব্রহ্মান্ডে যা-কিছ্ব তার ঘটাবার নিরঙ্কুশ হয়ে তা ঘটিয়ে তুলছে। অচিতির এই স্থিতি ও ক্রিয়া স্পন্টতই বিশ্বস্থ অতিচিতির স্থিতি ও ক্রিয়ার অন্বর্প —শুধু তার মধ্যে লোকোত্তরের অনাদি স্বর্পজ্যোতি আত্ম-অবিদ্যার ঘনান্ধকারে রূপান্তরিত হয়েছে। জড়বিগ্রহে অনুস্তাত থেকেও এইসব শক্তি ম্ব-তন্ত্র হয়ে কাজ করে চলেছে বিগ্রহের নির্বাক অবচেতনার অনালোকে।

এই বিজ্ঞানের দ্ণিটতে আরও দপত করে ব্ঝতে পারি, চেতনা কি করে কুণ্ডলমোচন করে পর্বে-পর্যে তার সহস্রদল পরিণামের মধ্যে জেগে ওঠে। সাধারণভাবে এই চিন্ময় উন্মেষের কথা আগেই বলেছি। আমরা জানি, জড়বিগ্রহের ব্যাণ্টসন্তা অল্লময়—মনোময় নয়। কিন্তু তব্ তার মধ্যে আছে অধিচেতনার এক নিগ্রু আবেশ—নিখিল অচেতনবিগ্রহের মধ্যে অন্বিতীয় চিৎসন্তার্পে তার অন্তর্গর্য শক্তিরাজিকে যে প্রতিনিয়ত নির্মান্ত করছে। এমনও শ্নেছি : জড়বন্তুমান্তেরই পারিপাদির্বক বন্তুসংদপর্শের ছাপকে সংদ্কারর্পে গ্রহণ ও ধারণ করবার সামর্থ্য আছে। তাছাড়া নিজের থেকে শক্তির্বিকরণ করাও তার একটা ধর্ম। এইজন্য অলৌকিক উপার্যে যে-কোনও বন্তুর অতীত ইতিহাস আবিন্কার করা, অথবা তার বিকার্ণ শক্তির সম্পর্কে সচ্চেতন হওয়া কিছ্ই অসম্ভব নয়। জড়ের এই অলৌকিক ধারণাশক্তি ও শক্তিবিক্ষেপের মূলে আছে অব্যুত্ অথচ নির্যুত্ এক মহাসংবিতের আবেশ, বা জড়বিগ্রহে পরিবাপ্ত থেকেও এখনও তাকে উন্দ্যোতিত করে তুলতে

পারেনি। বাইরে থেকে আমরা দেখি, উদ্ভিদ ও ধাতুদ্রবোর মত অচেতন পদার্থেরও বিশেষ কতকগালি শক্তি ধর্ম বা স্বার্নসক প্রভাব আছে—অথচ এদের সক্রিয় বা সঞ্চারিত করবার কোনও সাধন কি উপায় তারা জানে না। বস্তু বা ব্যক্তিবিশেষের সম্পর্কে এলে, অথবা কোনও প্রাণীর ব্দিধপূর্বক বাবহারেই এইসব শক্তি কার্ষকরী হয়ে ওঠে। এইথেকে দ্রবাগন্নকে আধার করে মানুষ একাধিক বিজ্ঞানও গড়ে তুলেছে। কিন্তু দ্রবাগন্ণ তত্ত্ত পৌর ষেয়সত্তার ধর্ম—অব্যাকৃত উপাদানমাত্রের ধর্ম নয়। তারা চিংপরে ষেরই শক্তি—সম্মাচ্ছিত অচিতির স্মাপ্ত হতে জেগে উঠেছে তাঁর তপোবীর্যের প্রবেগে। নির্ঢ় অথচ আত্মসমাহিত চিন্ময় শক্তির এই-যে মূঢ় ফলাচার. জীবজগতের প্রথম পর্বে তা ফুটে ওঠে অবমানস প্রাণনস্পন্দে—যার মধ্যে পাই সংবার ইন্দ্রিয়সংবিতের আভাস মাত্র। আদিম জীবদেহ চায় আলো-বাতাস এবং প্রন্থি—চায় একট্বর্খান হাত-পা ছড়াবার জায়গা। কিন্তু তার অন্ধ আকৃতি তখনও অন্তর্ত, স্থাণ্বিগ্রহের কারাগারে বন্দী। নিস্গ্রিত্তিকে ম্ফাটর প দিয়ে নিজেকে বাইরে আকার দেওয়া কি বহির্জাগতের সংগ্র প্রত্যক্ষ যোগস্থাপন করা তার পক্ষে সম্ভব নয়। আদিজীবের স্থাণ্ডাব জীবন-লীলার বিচিত্র ছন্দে ঝঙ্কুত হবার জন্য নয়। তাই সে বাইরের অভিঘাতকে চুপ ক'রে হজম করে। অসাড়ে হয়তো সে আঘাত করে, কিন্তু স্বেচ্ছায় নিজেকে অন্যের 'পরে চাপাতে পারে না। এখনও তার মধ্যে অচিতিই প্রবল। অন্ত-গুড়ি সংবৃত্ত তাদাত্মাভাবদ্বারা আবিষ্ট হয়ে এখনও আচিতিই আধারে কাজ করে চলেছে, জ্ঞানের সচেতন সাধন দিয়ে বাইরের সঙ্গে যোগ ঘটাবার সামর্থ এখনও তার অজিতি হয়নি। প্রগতির এই পর্বটি দেখা দেয়, প্রাণ যখন হয় ব্যক্তচেতন। তার মধ্যে দেখি, বন্দী চেতনার বাইরে আসবার জন্য আর্কুল-বিকুলি। এই ব্যাকুলতাই বিবিক্ত জীবসত্তায় জাগায় বাইরের জগৎসত্তার সঙ্গে সচেতন যোগস্থাপনের একটা অন্তিবর্তানীয় প্রয়াস। সে-প্রয়াস প্রথমত অন্ধ ও সৎকৃচিত। কিন্তু বাইরের সণ্গে দ্রুমেই তার লেন-দেনের কারবার বেড়ে চলে। শুধু পারিপাশ্বিকের নাড়া পেয়ে সাড়া দেওয়াই নয়, নিজের প্রবৃত্তি ও প্রয়োজনকে চরিতার্থ করবার জন্য ভিতরের সঞ্চিত সামর্থ্যকে বাইরে ম্ফ্রিত ও আরোপিতও সে করতে পারে। এমনি করে যোগাযোগের প'ভে বাড়িয়ে জীবধমী জড়বিগ্রহ ক্রমে তার চেতনাকে উন্মিষিত করে অচেতনা বা অবচেতনার স্তিমিত দীপ্তি হতে সংকীর্ণ বিভক্তজ্ঞানের ধুসর আলোকে।

অতএব বিবিক্তচেতনার ক্রমিক উদ্মেষের মধ্যে দেখতে পাই, স্বয়স্ভূ অনাদি পৌর্বেয়সংবিতে অন্তগ্রি চিদ্বীর্য কি করে চরম সিন্ধির দিকে কলায়-কলায় ফুটে ওঠে। এইসব শক্তি গ্রাহত ও সংবৃত্ত তাদাখ্যবোধের

দ্বর্পশক্তি—অবদ্মিত হয়ে ছিল আধারে। এবার তারা শীর্ণকায় নিয়ে শঙ্কিত চরণের হিতমিত সন্তারে ক্রমে-ক্রমে বাইরে এল। প্রথমে দেখা দিল নিতান্ত অপ্নুন্ট ও আচ্ছন্ন একটা সম্মুন্ধসংবিং—জীবনযোনি-প্রযন্ন ও প্রচ্ছন্নবোধির প্রেরণায় ধীরে-ধীরে রূপান্তরিত হল সে স্মূপন্ট ইন্দ্রিয়সংবিতে। তারপর ফ্রটল প্রাণনধমী মনের প্রত্যক্ষসংবিং—তার পিছনে রইল আচ্ছন্ন চিৎ-দূর্ণিট ও আচ্ছন্রচিতের বিষয়ান,ভব; হুদুয়ের আকম্প্র আবেগ খালতে লাগল অপর হাদয়ের দ্পর্শ। অবশেষে বহিশ্চর চেতনায় ভেসে উঠল সামান্যপ্রতায় ভাবনা ও যুক্তি—জ্ঞানের সকল তথ্য আহরণ করে গড়ে তুলল বিষয়ের সামান্য ও বিশেষ দুটি রুপেরই পরিচয়। কিন্তু এতেও বিজ্ঞানের পূর্ণতা এল না, কেননা বিভজাব্ত অবিদ্যা ও তিরস্করণী অচিতির আদিম কুণ্ঠা তাকে বিকল করেই রাখল। এখনও বহিরখ্যসাধনের 'পরে সব-কিছ্বর নির্ভার, স্বারাজ্যের র্তাধকারে কেউ স্ব-তন্দ্র নয়। চেতনার 'পরে চেতনার সাক্ষাৎ প্রভাব নাই : মনোময় চেতনা বিষয়কে পেতে চায় পরিতোগ্রহণ ও অনুবেধের একটা কৃত্রিম আয়োজন দিয়ে—তাতে বিষয়কে আয়ত্তে আনা কি তার মর্মে প্রবেশ করা সম্ভব হয় না। অধিচেতনার ২াতে রয়েছে তার একমাত্র প্রতীকার। বহিশ্চর মন ও ইন্দ্রিয়ের মধ্যে অধিচেতনার কোনও নিগ্রুড় শক্তির মুক্তধারা যথন নির্বারিত প্রবাহে বয়ে যায়—মনোময় বৃদ্ধির উপরাগে তার স্বভাবের স্বচ্ছতাকে রঞ্জিত না ক'রে, তখনই কেবল সন্তার গভীর হতে নৃতন সাধনার অস্পন্ট সূচনা জাগে। কিন্তু অভিনবের এই স্চুনাও নিয়ম নয়—নিয়মের ব্যতিক্রম মাত্র। তাই আমাদের অজিতি ও অভ্যাসত জ্ঞানের দ্বিটতে তাকে মনে হয় অনৈস্বর্গিক বা অতিপ্রাকৃত একটা-কিছু। একমাত্র হৃদয়গৃহার গ্রন্থিবিকিরণ অথবা তার মধ্যে অবগাহন করেই আমরা অন্তর্গ্য অপরোক্ষসংবিতের সম্বয়ে বহিশ্চর পরোক্ষসংবিতের ভাণ্ডার আপ্রিত করতে পারি। অন্তরাত্মার গভীর গহলে অথবা অতিচেতনার উত্তঃপা শিখরে প্রবৃদ্ধ চিত্তের প্রদীপ্ত শিখা যদি জনলে ওঠে, তবেই জীবনকে অধিকার করে অধ্যাত্মবিজ্ঞানের অমোঘ প্রবর্তনা—তাদাষ্ম্য-বোধ যার আধার শক্তি ও স্বর্পধাত।

একাদশ অধ্যায়

অবিতার অবধি

অয়ং লোকো নাগ্তি পর ইতি মানী।

क्छार्थानयः २।७

যে মনে করে, শ্ব্দ্ এই লোকই আছে—আর কোনও লোক নাই।
—কঠোপনিষদ (২।৬)

অনন্তে অতঃ পরিবীতঃ। অপাদশীর্বা গ্রহমানো অতা।

सदग्बम 81519. 55

অনন্তের অন্তরে ছড়িয়ে আছে...অপাদ, অশীর্ষ—নিগ্রিত ক'রে দ্টি অন্ত। —ঝণেবদ (৪।১।৭,১১)

ষ এবং বেদাছহং ব্রহ্মাস্মীতি স ইদং ভ্রতি। অথ যোহন্যাং দেবতাম্পাতেতহন্যো হসাবন্যোহহমস্মীতি, ন স বেদ॥

ब्रमात्रगारकार्भानवर ১।८।১०

যে জানে 'আমি ব্রহ্ম', সে হয় এই যা-কিছ্মু সব; আর যে অন্য দেবতার উপাসনা করে আত্মাকে ছেড়ে, ভাবে 'দেবতা পৃথক আর আমিও পৃথক' কিছ্মই জানে না সে।

বৃহদারণাক উপনিষদ (১।৪।১০)

সোহরমান্তা চতুম্পাং। জাগরিতম্পানো বহি:প্রজ... শ্লভুক্ প্রথম পাদঃ।
ক্রুন্স্থানোহন্ত:প্রজঃ...প্রবিবিত্তুক্ দ্বিতীরঃ পাদঃ। স্বৃত্তম্পান একীভূত
প্রজ্ঞান্তন এবানন্দময়ো হ্যানন্দভূক্ ভৃতীয়ঃ পাদঃ। এব সর্বেশ্বর এব সর্বজ্ঞ এবোহন্তর্যামী। অদৃন্টম্ অলক্ষণম্... একামপ্রভারসারং চতুর্যম্। স আন্থা, স বিজ্ঞায়ঃ।
মান্ড,ক্যোপনিবং ২—৭

এই আত্মা চতুম্পাং। জাগরিতম্থান বহিঃপ্রজ্ঞ স্থ্লভুক্ আত্মা—এই প্রথম পাদ; স্বংক্ষ্থান অন্তপ্রজ্ঞ প্রবিবন্ধভুক্—এই দ্বতীয় পাদ; স্ব্ণতম্থান একীভূত প্রজ্ঞানঘন অনন্দময় আনন্দভূক্—এই তৃতীয় পাদ; সর্বেশ্বর সর্বজ্ঞ অন্তর্থামী, অদৃত অব্যপদেশ্য একাত্মপ্রত্যয়সার—এই চতুর্থ পাদ। এই তো আত্মা, একই জানতে হবে।

—মাণ্ডুক্য উপনিষদ (২-৭)

অংগ্যেমার: প্রেৰো মধ্য আত্মনি ডিস্টডি। ঈশানো ভূতভব্যস্য স এবাদ্য স উ দ্ব: ৷:

कर्त्वार्थानवर ८।५२, ५०

অংগান্তমাত্র প্রের্ব, আছেন আমাদের আন্ধার মধ্যখানে; ভূত-ভব্যের ঈশান তিনি...তিনিই আছেন আন্ধ্র, তিনিই থাকবেন কাল।

—কঠ উপনিষদ (৪।১২,১৩)

তাদাস্ম্যবোধের অভিযাত্রী এই বিবিক্তবোধ বা অবিদ্যার একটা বিস্তৃত পরিচয় নেবার সময় হয়েছে এতক্ষণে। অবিদ্যাই আমাদের মন-শ্চেতনার ধারী। মন্বালোকেরও অবরভূমিতে চেতনার যে-প্রকাশ, তার**ও** মলে আছে এই অবিদ্যার একটা ছমতর রূপ। সত্ত্ব ও শক্তির উত্তাল তরঙগ-মালা যেমন বাইরে থেকে আছড়ে পড়ছে, তেমনি উদ্বেল হয়ে উঠছে ভিতর থেকে। আর তার সংঘাতে ঘটছে চিত্তসত্তের রূপায়ণ, জাগছে দেশ ও কালের ভূমিকায় আত্মা এবং অনাত্মার মনোময় প্রত্যয় ও মনোবাসিত ইন্দ্রিয়সংবিং। আমাদের মধ্যে এই হল অবিদ্যাশক্তির পরিচয়। এরই মধ্যে চলছে অপূর্ণ সংবিতের ক্রমিক উপচয়—কালপরিণামের নিতাস্পন্দিত প্রবাহ এবং দেশ-সংস্থানের পরাক-বৃত্ত আধারকে অবলম্বন ক'রে। কালের প্রবাহে জীব শ্বধ্ব নিত্য-বর্তমানের অপরোক্ষসংবিং নিয়ে ভেসে চলেছে। অপস্ত্রিয়মাণ স্লোতের কবল হতে প্রত্যক্ত ও পরাক্ অনুভবের খানিকটা সে বাঁচাতে পারে স্মৃতির সহায়ে। এই প্রাঞ্জ হতেই ভাবনা সংকল্প ও প্রযন্ত্র শ্বারা দেহ-প্রাণ-মনের বীর্যাশ্বারা সে তার বর্তমানের স্থিতি এবং ভবিষাতের সম্ভাবনা রচে। আধারে আবিষ্ট যে-সন্ধিনী-শক্তি মানুষের বর্তমানকে গড়ে তুলেছে, তার প্রেতির ইশারা রয়েছে আমাদের অনাগত সম্ভূতির উপচীয়মান বিপল্ল দিগন্তের দিকে। আত্মপ্রকাশের নানা উপকরণ ও বিষয়ান ভবের বিচিত্র সম্বয়, ক্ষণভংগের মেলা হতে কুড়িয়ে-নেওয়া খণ্ডজ্ঞানের প্রাঞ্জ— শিথিল মাণিতৈ মানাষ এদের আঁকড়ে আছে। তার ইন্দ্রিয়বিজ্ঞান সমতি বৃদ্ধি ও সংকলপ এই বিক্ষিপ্ত সঞ্চয়কে গে'থে তুলছে নিতান্তন অথবা নিতা-আর্বার্ত'ত সম্ভূতির আয়োজনে। বৃশ্বিকৃত এই সমাহারকে আশ্রয় করেই দেহ-প্রাণ-মনের শক্তি সচল হয়ে তার সাধ্যকে সম্ভাবিত এবং সিশ্বিকে প্রকট করে। চেতনার যত অনুভব ও শক্তির যত বিক্ষেপ, আধারে তাদের পঞ্জ-ভাবের সমাহার ও সমন্বয় ঘটে জীবসত্তকে লক্ষ্য করেই। অহংবোধের একটি বিন্দাকে কেন্দ্র করে তারা দানা বে'ধে ওঠে—কেননা এই অহন্তাই প্রকৃতির সং-স্পর্শে পুরুষের প্রত্যক -অনুভবকে উদ্রিক্ত ক'রে তাকে স**ংকীর্ণ চিত্তক্ষেত্রের** একটা বাঁধাধরা অভ্যাসে পরিণত করে। অহনতা না থাকলে আমাদের সমস্ত অন্-ভব হত ষেন স্লোতে-ভেসে-যাওয়া তৃণখণ্ড বা শৈবালের দল। অসম্বন্ধতার মধ্যে অহনতাই প্রথম ছন্দ ও সংগতি এনেছে। এই অহংবোধ থেকে মনশ্চেতনার মধ্যে বৃদ্ধির ক্ষেত্রে গড়ে উঠেছে আরেকটি কৃত্রিম বিন্দ্র-চেতনা যাকে বলতে পারি অহংজ্ঞান বা আত্মভাব। সম্মৃত্য অন্ভব অহং-বোধকে আশ্রয় করে দানা বাঁধবার পর এই অহংভাবে সমর্গিত হয়। প্রাণ-চেতনার ভূমিতে অহংবোধ আর মনশ্চেতনার ভূমিতে অহংজ্ঞান—এই দুটিতে মিলে আত্মার একটা কৃত্রিম প্রতীক খাড়া রাখে, যাকে আমরা বিবিক্ত আত্মভাব

বলে জানি। এই বিবিক্ত অহৎকার গুৰুহাহিত চিংসন্তার বা যথার্থ আত্মভাবের প্রতিভূ। বহিশ্চর মনের ব্যতিভাবনা অহরহ অহংকে কেন্দ্র করে আবর্তিত হচ্ছে। এমন-কি তার বিশ্বহিতৈষণাও স্ফীতকায় অহমিকার একটা রূপ। অহংএর এই কীলককে আশ্রয় করেই প্রকৃতির চাকা ঘ্রছে আমাদের মধ্যে। এমনিতর আত্মকেন্দ্রিকতার বিধান ততদিন কায়েম থাকে, যতদিন না তার প্রয়োজন নিঃশোষত হয় চিন্ময় আত্মপ্রব্বের আবিভাবে—যিনি য্গপং চেতনার চক্র গতি ও কীলক, একাধারে নাভি ও পরিধি।

কিন্তু আত্মান, সন্ধানের ফলে দেখতে পাই, প্রত্যক্ত অন, ভবের যে সমাহার ও সমন্বয়কে আমরা ব্যাবহারিক জীবনের ভিত্তি করেছি, তার মধ্যে আমাদের জাগ্রতচেতনারও সবটাককে পোরা যায় না। বর্তমানের চলন্ত প্রবাহে বিষয় এবং বিষয়ীর যে মনোময় সংবিং ও অনুভব আমাদের বহিশ্চর-চেতনায় অহরহ ভেসে উঠছে, তার কতটুকুই-বা আমরা খেয়ালে আনি? তারও অতি সামান্য অংশ অতীতের সর্বনাশা গহরর হতে স্মৃতির ভাণ্ডারে সঞ্চিত হয়। সেই শ্বাতির সপ্তায়ের সামান্য ভাগ বাঁধা পড়ে ব্রাণ্ধর সমন্বয়সূত্রে, আবার তারও অতি ক্ষাদ্র ভণনাংশ নিয়ে চলে সংকল্পশক্তির কর্মসাধনা। জড়বিশেব যেমন. তেমনি আমাদের প্রাকৃতচেতনার দৈনন্দিন লীলাতেও দেখি, প্রকৃতির গৃহ-প্থালিতে যেন কোনও বাঁধনিন নাই। অনেকথানি ছে'টে ফেলে কি হাতে রেখে কাজ চালাতে সামান্য-কিছু বেছে নেওয়া, কঞ্জ্বস-উড়নচন্ডীর মত একদিকে হাত গাটিয়ে রেখে আরেকদিকে খালে দেওয়া অপচয়ের সদাব্রত, যে ব্যয় কি সঞ্চয়টাকু নির্থক নয় তারও শীর্ণ পরিমাণ নিয়ে ছিনিমিনি খেলা শাধ্— মনে হয় এই যেন প্রকৃতির রীতি। কিন্তু বাইরে এমনটা দেখালেও ভিতরের কথাটা কিন্তু অন্যরকম। প্রকৃতি যা যত্ন ক'রে সপ্তয় করে না কি কাজে লাগায় না, তা যে মিছামিছি খোয়া যায় বা নষ্ট হয়—তা নয়। তার বেশির ভাগ সে গোপনে-গোপনে আমাদের আধারকে গড়ে তুলতে ব্যবহার করে। আমাদের পর্নিট সম্ভতি ও কর্মশক্তির অনেকখানি জোগান আসে তার ওই গোপন-ভাতার হতে। আমাদের সচেতন বৃণিধ সংকল্প বা স্মৃতিকে তার জন্য বাহবা দেওয়া যায় না। তার চাইতে অনেক বেশী প‡জি থেকে তার নতুন গড়নের উপকরণ হিসাবে। আমরা হয়তো তার ইতিকথা বেমাল্ম ভূলে গেছি-প্রাতনের সপ্তয়কেই ব্যবহার কর্রাছ অভিনবের স্বান্ট ভেবে। অথচ যে-উপকরণকে ভার্বাছ আমাদের নতুন স্বিট, আসলে তা অতীতের অলক্ষ্য পরিণামের সমাহার মাত্র—তার কথা আমরা ভুললেও প্রকৃতি কিন্তু ভোলেনি। চেতনার অভিব্যক্তিতে জন্মান্তরের প্রয়োজনীয়তা আছে দ্বীকার করলে ব্রিঞ্ আমাদের কোনও অনুভবই অকেজো নয়। দীর্ঘকাল ধরে প্রকৃতির যন্ত্রশালায় চলছে আমাদের গড়ে তোলবার সাধনা। তার মধ্যে অন্তবের কোনও উপাদানকে

বর্জন করা চলে না—যদি কখনও সমসত প্রয়োজন চনুকে গিয়ে ভবিষ্যতের ঘাড়ে একটা বোঝা হয়ে সে না দাঁড়ায়। চেতনার যেটনুকু উপরে জেগে আছে, তাথেকে একটা-কিছনু সিম্পান্ত করা অন্যায় হবে। কেননা একটনু ভেবে দেখলেই বৃনি, প্রকৃতিপরিণামের অতি সামান্য অংশই আমাদের চেতনায় ভাসে। তার বেশির ভাগ কাজ-কর্ম চলছে অবচেতনার আড়ালে—যেমনটি দেখছি তার জড়ের লীলায়। নিজেকে যা বলে জানি শন্ধনু তা-ই নয়, তার চাইতে আমরা ঢের বড়। সত্যি বলতে আমাদের ক্ষণিক সত্ত্ব আমাদের বিপন্ল সন্তার সমৃদ্রে একটা রঙিন বৃন্বুদ মাত্র।

এমন-কি জাগ্রংচেতনার একটা উপরভাসা পরিচয় নিতে গিয়েও দেখি, নিজের ব্যাণ্টসত্তা ও ব্যাণ্টপরিণামেরও অনেকখানি আমাদের সম্পূর্ণ অগোচর। গাছ-পালা মাটি-পাথর যেমন অচিতির শামিল, এও যেন ঠিক তা-ই। কিন্তু মনস্তত্ত্বের পরীক্ষা ও সমীক্ষাকে যদি প্রাকৃতচেতনারও ওপারে প্রসারিত করতে পারি, তাহলে বিজ্ঞানের উপচীয়মান আলোকে দেখি, আমাদের সমগ্র সন্তার কী বিশাল প্রদেশ জর্ড়ে আছে এই তথাকথিত অচিতি বা অবচেতনা (বস্তৃত তাকে গ্রুচেতন। বলাই উচিত ছিল); আর আমাদের জাগ্রতের সংবিৎ জর্ড়েছে আধারের কতট্ত্বুকু ঠাই! তথন ব্রাঝ, জাগ্রং মন ও অহন্তা এক অন্তর্গুট্ বিশাল অধিচেতন আত্মভাবের 'পরে ক্ষাণকের একটা আরোপ মাত্র। অথবা সে-গ্রোত্মার আরও সঠিক সংজ্ঞা হবে 'অন্তরপ্রর্থ'—খাঁর অন্তবের সামর্থ্য জাগ্রতের সামর্থ্যকে বহ্নুদ্রে ছাড়িয়ে গেছে। আমাদের মন ও অহন্তা যেন অস্তিত্বের কল্লোলিত সম্দ্রের ব্রুকে জেগে আছে প্রতিশিখরের মত—পর্বতের বিশাল অবয়ব নিমজ্জিত রয়েছে সম্দ্রের অতলগহনে।

এই গ্রেছা ও গ্রুচেতনাই আমাদের সত্য ও সমগ্র জীবসত্ব; বহিঃসত্ব তার একটা অংশ ও প্রতিভাস অথবা বাইরের প্রয়োজনে বাছাইকরা খণ্ডর্প মাত্র। বহিজগতের বিরামহীন অভিঘাতের কতট্বকুই-বা আমরা জানি। কিন্তু যা-কিছ্ব আমাদের আধারকে বা জগৎকে স্পর্শ করে, অন্তরপ্র্য সবার খবর রাখেন। অন্তজীবনেরও নিত্যপরিণামের সামান্য পরিচয়ই পাই; কিন্তু অন্তরপ্র্য তার সকল কথা এত খ্রিটয়ে জানেন যে, মনে হয় কিছ্ই ব্ঝি তাঁর চোখ এড়ায় না। প্রত্যক্ষের কতট্বকুই-বা জমিয়ে রাখি স্মৃতির ভাণ্ডারে? যা জমাই, তাও সময়মত হাতের কাছে পাই না। কিন্তু অন্তরপ্র্য কিছ্ই ফেলেন না, হাতের কাছে সব তিনি গর্মছের রাখেন। প্রত্যক্ষ ও স্মৃতির যেবাঞ্জনা বা যে-যোগাযোগ আমাদের মার্জিত মন-ব্নিখর বোধগামা, আমরা শ্ব্র তাদের নিয়ে জ্ঞানের স্তে সমন্বয়ের জাল ব্নতে পারি। কিন্তু অন্তর-প্রক্ষের ব্রিখকে মার্জিত করে তোলবার দরকার হয় না। কেননা, আমরা বিশ্বাস করতে কি প্রাপ্রবির মানতে না চাইলেও একথা সত্য যে, তাঁর ব্রিখ

প্রতাক্ষ ও সম্তির সকল তথ্য ও যোগাযোগের স্ত্র অনারাসে গৃছিয়ে রাখতে পারে। তাদের পরিপ্র্ণ ব্যঞ্জনা তার অধিগত যদি নাও থাকে, তব্ তাকে আয়ত্ত করতে তার একম্হ্ত্ বিলম্ব হয় না। তাছাঁড়া, জাগ্রংমনের মত শ্র্ব্ বাহের্নিদ্রয়ের উপ্প্রই তার প্রত্যক্ষের সম্বল নয়। স্ক্রেনিদ্রয়ের সাধনকে অবলম্বন করে তার প্রত্যক্ষের অধিকার অকল্পনীয় স্ক্রতায় প্রসারিত হয়—যার প্রমাণ পাই প্রাতিভজ্ঞানের নানা নিদর্শনে। বহিষ্চর সঙ্কল্প বা প্রবৃত্তির সঙ্গে অধিচেতন প্রতির কি সম্পর্ক, আজও আমরা তা তলিয়ে ব্রিকান। এখনও অধিচেতনাকে ভুল করে অচেতনা বা অবচেতনা বলি, নাড়াচাড়া করি তার কতকর্গনি অপরিচিত ও অপরিণত বিভূতি নিয়ে অথবা র্গুণ্ মন্যাচিত্তের কতগর্নি অনৈসার্গক বিকার নিয়ে। কিন্তু অন্তরাব্ত হয়ে গভীরে ভূবলে দেখি, আমাদের সমগ্র চিত্তপরিণামের পিছনে আছে অন্তরপ্র্রেষর অবাধিত প্রতায় ও নির্বারিত সঙ্কল্প বা প্রেতির সংবেগ। তাঁর নিগ্রু সাধনা ও সিন্ধির যে-অংশ সকল বাধা কাটিয়ে প্রাকৃতজ্ঞীবনে ভেসে ওঠে, আমরা শ্র্ব তাকেই দেখি চিত্তপরিণামের স্ক্রিচিত আকারে। অতএব যথার্থ আয়্বজ্ঞানের প্রথম সোপান হল আমাদের এই গ্রেছামা অন্তরপ্র্রুষটিকে চিনে নেওয়া।

নিজেকে ভাল করে জানতে গিয়ে এই অধিচেতন আত্মার জ্ঞানকে যদি অবচেতনার কুমের, হতে অতিচেতনার স্ব্মের, পর্যন্ত সম্প্রসারিত করি, তাহলে দেখি আসলে এই অধিচেতনাই আমাদের ব্যাবহারিকসন্তার সকল উপাদান জোগায়। আমাদের প্রত্যক্ষ সংকল্প স্মৃতি বৃদ্ধি সমস্তই তার প্রত্যক্ষ স্মৃতি সংকল্প ও বৃদ্ধির ব্যাপারের একটা সংকলন মাত্র—এমন-কি আমাদের অহন্তা তার আম্মচেতনা ও প্রত্যক-অনুভবের একটা ক্ষাদ্র বহিন্চর প্রতিরূপ। অধিচেতনা যেন উত্তাল সমন্ত্র, আর তার বৃকে উদ্বেল হয়ে উঠছে আমাদের এই চিত্তপরিণামের তরঙগদোলা।...কিন্তু কোথায় এই অধিচেতনার সীমা, কতদরে তার ব্যাপ্তি? কি তার স্বর্প? সাধারণত যা-কিছ, আমাদের জাগ্রতে ভাসে না, তাকেই আমরা তথাকথিত অবচেতনার কোঠায় ফেলি। কিন্<u>ত</u> অধিচেতনার স্বর্থানি না হ'ক, অনেক্থানিকেই ওই নামে ডাকা চলে না। কারণ, অবচেতনা বলতে আমরা বৃত্তির একটা আচ্ছন্ন অসপট অচেতনা বা অর্ধ-চেতনা। কিংবা কম্পনা করি জাগ্রংচেতনার তলায় একটা মন্নচৈতনোর রাজা, যা জাগুতের মত গোছানো নয় বলেই তার চাইতে অপকৃষ্ট—অন্তত স্বাতন্তোর অভাবই তার অপকর্ষের হেতু। কিন্তু অন্তদ্রিট নিয়ে চেতনার গহনে ড্বলে দেখি অধিচেতনার মধ্যে যদিও পাতালপুরীর অভাব নাই, তবু তার কোনও-এক দেশকে অধিকার করে জবলছে চৈতনোর এক বিশাল জ্যোতি—বহি-শ্চেতনার চাইতেও অবারিত তার প্রতিষ্ঠা ও ঈশনা. আমাদের দৈনন্দিন কর্মের সে অনিমেষ সাক্ষী। এই আমাদের গৃহাহিত অন্তরপুরুষ-একেই জানি

অধিচেতন আত্মা বলে। অবচেতনা হতে তিনি বিবিক্ত, কেননা অবচেতনা আমাদের আত্মপ্রকৃতির জঘন্যতম গ্রহাভূমি। তেমনি, আমাদের সমগ্রসন্তার একদেশ উদ্দ্যোতিত করে জেগে আছে অতিচেতনার উত্তরজ্যোতি, যার মধ্যে পাই 'পরতঃ পরঃ' আত্মার সাক্ষাংকার। এই অতিচেতনভূমিকেও স্বতন্ত্র একটা মর্যাদ। দিতে হবে, কেননা এ আমাদের আত্মপ্রকৃতির গ্রহাতর ম্ধ্নালোক।

কিন্তু তাহলে অবচেতনার স্বর্প কি? কোথায় তার শ্বর্? জাগ্রতের সঙ্গে তার সম্বন্ধ কি ? মনে হয়, সে যেন অধিচেতনারই একটা অংশ; তাহলে তার সংগেই-বা তার কি সম্পর্ক ?...আমাদের দেহচেতনা আছে, আছে দেহাত্ম-বোধ: অথচ দেহের অধিকাংশ ক্রিয়া আমাদের মনের কাছে বস্তৃত অচেতন। শ্ব্যু মনই যে তাদের থবর রাখে না, তা নয়; আমাদের অতিস্থলে দৈহাসন্তাও তো জানে না তার অন্তঃপরে কি ঘটছে—এমন-কি তার নিজের সত্তা সম্পর্কেও সে সচেতন নয়। তার যে-অংশট্রকু অন্তঃকরণের আলোকে আলোকিত এবং ব্যান্ধর দ্বারা অবেক্ষিত, তাকেই সে জানে অথবা বলতে গেলে সে-সম্পর্কে একটা সংবেদন মাত্র জাগে তার মধ্যে। উদ্ভিদ বা ইতরপ্রাণীর মত আমাদের এই শরীরের কাঠামোটা জুড়ে প্রাণের লীলা চলছে, অথচ তার অধিকাংশ আমাদের কাছে অবচেতন—কেননা তার চিয়া বা প্রতিচিয়ার অতি সামান্যই আমাদের নজরে আসে। প্রাণবৃত্তির সব না হ'ক, বেশির ভাগ রয়েছে যবনিকার অন্তরালে; শুধু তার অনৈস্থাপিক প্রকাশের সংবিংটাই আমাদের চেতনায় তীক্ষা হয়ে বাজে। তাই প্রাণের তর্পণের চাইতে তার বৃভুক্ষা, স্বাস্থ্যের ছন্দের চাইতে ব্যাধির বিকার, জীবনের স্বচ্ছন্দ লীলায়নের চাইতে মৃত্যুর রুঢ় আর্কাস্মকতা মনে হয় তীব্রতর। প্রয়োজনের তাগিদে সচেতন দ্রণ্টির কাছে প্রাণলীলার যতট্যুকু ধরা পড়ে, অথবা স্থ-দ্বঃখের উত্তালতায় যতট্যুকু তার বেদনার তল্তীতে প্রহত হয়, তার যে-সংবিং নাড়ীতল্তে কি দেহয়লে ক্ষর্থ আলোড়ন জাগায়—আমরা শুধু তারই খবর জানি। তাই মনে হয়, আমাদের দৈহাপ্রাণও ব্রিঝ নিজের বৃত্তি সম্পর্কে সচেতন নয়। হয় সে উদ্ভিদের মত সংজ্ঞাহীন বা অন্তঃসংজ্ঞা, নয়তো আদিজীবের মত তার মধ্যে জেগেছে শ্বে চেতনার অঙ্কুর। অতএব যতট্বকু তার অন্তঃকরণের শ্বারা আলোকিত এবং ব্রাম্থর দ্বারা অবেক্ষিত, ততটাকু সম্পর্কেই তার সচেতনতা।

কিন্তু সাধারণত মনের বৃত্তি বা সংবিতের সণ্ডেগ চেতনাকে আমরা ঘ্রলিয়ে ফেলি। তাই এ-সিম্পান্ত অতিরঞ্জন এবং প্রমাদদোষে দ্বন্ট। দেই ও প্রাণের কতকগর্নল বৃত্তির সংখ্যা মন খানিকটা জড়িয়ে যায় বলে তাদের মনে হয় মনো-বৃত্তির শামিল; তাইতে সমগ্র চেতনাকেই মনোময় ভাবতে আমরা অভ্যন্ত। কিন্তু অন্তরাবৃত্ত হয়ে মনকে সাক্ষীর আসনে বসালে দেখি, প্রাণ এবং দেহ—এমন-কি প্রাণের স্থ্লেতম দৈহাপ্রকাশ পর্যন্ত—নিতান্তই আত্মসচেতন। দেহ

ও প্রাণব,ত্তির অন্তরালে আছে এক আচ্ছন্ন অন্নময় ও প্রাণময় সত্তা, যার চেতনা কতকটা হয়তো আদিতম জীবের সম্মুশ্ধসংবিতের মত। মানুষের মন সেই সংবিতে উপরক্ত হয়ে তাকে থানিকটা মনোময় করে তলেঁছে—এইমাত তফাত। অথচ সে-চেতনার একটা স্বাধীন চলন আছে, তাকে কোনমতেই আমাদের মত মনোধমী বলা যায় না। তারও মন আছে বললে ব্রুবতে হবে, সে-মন দেহে এবং দৈহাপ্রাণে সংবৃত্ত ও গৃহাহিত। আত্ম-চেতনা সেখানে বৃত্তাহিত নয়-তাই তার মধ্যে আছে শ্বেধ্ব বিচিত্র ঘাত-প্রতিঘাত, প্রাণের স্পন্দন, আক্তির আলোড়ন, অভাবের তাড়না, বৃভুক্ষা, সৃখ-দৃঃখ-মোহ, নানা নিস্গব্তি ও প্রকৃতিশাসিত প্রযন্তের একটা আকারপ্রকারহীন বোধ মাত্র। এ-বোধ মনশ্চেত-নার চাইতে অপকৃষ্ট হলেও তার অস্পষ্ট সংকীর্ণ অথচ স্বতঃস্ফুর্ত একটা সংবিৎ আছে। আমরা যাকে মনের বিশিষ্ট লক্ষণ মনে করি, পরাপর্নার সেই ব্যাতন্ত্র তার নাই বলে তাকে অবমানস নাম পদতে পারি বটে—কিন্তু আমাদের অবচেতনার নিদ্মহলের বাসিন্দা তাকে বলতে পারি না। কারণ মনকে এই বোধ হতে বিবিক্ত রেখে পিছনে সরে দাঁড়ালে দেখি, এও নাড়ীতন্ত্রবাহিত সম্মন্ধপ্রতায়ময় স্বতঃস্ফার্ত একটা চেতনার বৃত্তি। মানসসংবিং হতে তার সংবিতের ধরন আলাদা। কেননা বিষয়সন্নিক্ষে সাডা দেবার একটা নিজস্ব ধারা, বিশিষ্ট একটা বেদনাবোধের সামর্থ্য তারও আছে—যার জন্যে মানস-সংবিতের মুখাপেক্ষী তাকে হতে হয় না। সত্যকার অবচেতনা কিন্তু এই অল্ল-প্রাণময় আধার হতে আলাদা একটা-কিছ্ব। তাকে বলতে পারি চেতনার উপক্লে অচিতির পরিস্পন্দ। আপন সংবেগকে চিত্তসত্ত্বে র্পান্তরিত কর-বার জন্য যেমন সে তাকে উৎক্ষিপ্ত করে, তেমনি অতীত অনুভবের সংস্কার-সমূহকে আকর্ষণ করে তার গভীর-গহনে। সেইখানে তারা সণ্ডিত হয় অচে-তন অভ্যাসের বীজরূপে—বহিশ্চেতনায় প্রতিনিয়ত ঘটে তাদের বিক্ষিপ্ত ব্যাখান। অবচেতনায় সণ্ডিত এই আশয়গর্মাল তার প্ররোচনায় অনর্থের বাহন হয়ে যেন কোন্ অজ্ঞানা উৎস হতে উৎসারিত হয় আমাদের স্বশ্নে বাতিকে কি মুদ্রাদোষে, বাসনার অতর্কিত সংবেগে, দেহ-প্রাণ-মনের নানা জটিল বিক্ষোভে বিপর্যাসে, আত্মপ্রকৃতির অন্ধতম আকৃতির স্বতঃস্ফৃতি নিঃশব্দ তাডনায়।

কিন্তু অধিচেতনার মধ্যে অবচেতনার এই মৃঢ়তা নাই। মন ও প্রাণশক্তির 'পরে তার পরিপূর্ণ স্বাতন্তা রয়েছে, রয়েছে বিষয়ের ভূতস্ক্রাময় স্কুপণ্ট চেতনা। জাগ্রতের মতই তার সকল সামর্থ্য: স্ক্রা ইন্দ্রিয়সংবিং ও ইন্দ্রিয়-বিজ্ঞান, সর্বগ্রাসী স্মৃতির বিপাল পরিসর, বৃদ্ধি সংকল্প ও আত্মচেতনার অতিতীর বিবেচনশক্তি—সবই তার মধ্যে আরও পৃত্ট ব্যাপক ও জোরালো হয়ে আছে। তাছাড়া তার এমন সামর্থ্যও আছে যা মনের সামর্থ্যকে বহুদ্রে

ছাড়িয়ে গেছে। প্রত্যক্-বৃত্তিতে হ'ক বা পরাক্-বৃত্তিতেই হ'ক সন্তার অপরোক্ষসংবিং আছে বলেই অধিচেতনার জ্ঞান ক্ষিপ্র, সংকল্পের সিদ্ধি অব্য-বহিত, বুল্ধি মুম্বিগাহী, আকৃতির তপ্ণও সুগভীর। আমাদের বহি মুনুকে কোনমতেই বিশান্ধমনোধমী বলা যায় না, কেননা তাকে আণ্টে-পুৰুট বে'ধে পণ্য, করে রেখেছে দেহ ও দৈহাজীবনের সঙ্কোচ, নাড়ীতন্ত্র ও ইন্দ্রিয়ব্,ত্তির আড়ন্টতা। সত্য বলতে অধিচেতন আত্মাই যথার্থ মনোধর্মণী—কারণ এইসব সঙ্কোচের বাঁধন কাটিয়ে মনের স্বচ্ছ প্রকাশ তারই মধ্যে ঘটেছে। স্থাল মন ও ইন্দ্রিয়ের স্বরূপ এবং বৃত্তি সম্পর্কে সচেতন থেকেও তাদের সে ছাড়িয়ে গেছে। শুধু তা-ই নয়, ওইসব বৃত্তি বহুলপরিমাণে তারই সূচ্ট বা প্রবৃতিত। তাকে অবচেতন বলতে পারি এই অর্থে যে, বহিশ্চেতনায় আপনাকে প্রো-প্রার প্রকট না ক'রে যর্বানকার আড়ালে থেকে সে কাজ করে যায়। কিন্তু তাহলে তাকে অবচেতন না বলে বরং বলা উচিত অন্তন্দেতন ও পরিচেতন— কেননা একাধারে বহিশ্চেতনার অন্তর্যামী ও পরিমন্ডল দুইই হল এই আধ-চেতনা। অধিচেতনার এই পরিচয় অবশ্য তার অন্দরমহলের পরিচয়। নইলে বহিশ্চেতনার খবে কাছ।কাছি তার যে-সদরমহল, তার মধ্যে খানিকটা অবিদ্যার অরাজকতা আছে। এইজন্য অন্তররাজ্যে চুকে এই সন্ধিচেতনার আলো-আঁধারির মধ্যে যারা থমকে দাঁড়ায়, দু, দিকের টানে অনেকসময় তারা বিদ্রান্ত ও বিপর্য দত হয়ে পড়ে। তব্ এ-অবিদ্যা অবচেতনার অবিদ্যা নয়—বরং বলতে পারি এই অন্তরিক্ষলোকের ধ্মল মায়া যেন অচিতির সগোত।

আমাদের সন্তার দেখছি তিনটি উপাদান : একটি অবমানস ও অবচেতনা
—আমরা যাকে মনে করি অচেতনা; দেহ-প্রাণের অনেকথানি দখল করে সে
জীবনের অল্লময় বনিয়াদ গড়েছে। তার পরে আছে অধিচেতনা, যা অন্তর্মন
অন্তঃপ্রাণ ও ভূতস্ক্ষের অথপ্ত সমবায়ে গড়েছে আমাদের অন্তর্শেচতনা;
জীবচেতনা বা চৈত্যসত্তা তার ভর্তা। আর সবার উপরে আছে এই জাগ্রংচেতনা, যা অবচেতনা ও অধিচেতনার নিগ্রু প্রেতির একটা উদ্বেল উচ্ছন্নস।
কিন্তু এতেও আমাদের আধারের পরিচয় সম্পূর্ণ হল না। কেননা, প্রাকৃতচেতনার
অন্তরালে শ্র্ম্-যে অন্তর্শেচতনাই গ্রহাহিত হয়ে আছে তা নয়—এক লোকোত্তর
পরা সংবিৎ তাকে আব্ত করে রয়েছে আপন পক্ষপ্রটে। এই পরা সংবিৎও
আমাদের স্বর্প; বহিশ্চর মনোময় জীবসত্ত্ব হতে বিবিক্ত হলেও শ্রুধ আত্মা
হতে সে বিবিক্ত নয়। ওই অনুত্তরভূমি পর্যন্ত আমাদের চিদাকাশের ব্যাপ্তি।
অবশ্য অধিচেতনাই আমাদের অন্তরপ্রস্কা বিশ্লতায় ভান্বর হয়ে, জাগ্রংচেতনার
কুন্ঠিত কলপলোককে অতিক্রম ক'রে। কিন্তু তব্ব তাকে আমাদের সমগ্র
সন্তার মহেশ্বর অথবা তার পরাংপর রহস্য বলতে পারি না। জাগ্রংচেতনা

অবচেতনা ও অধিচেতনার তিনটি ভূমি ছাড়িয়েও অন্তরাবৃত্ত অন্ভবের বিদ্যুৎদীপ্তিতে কখনও জাগে এক সর্বাতিশায়ী পরা সংবিতের দিব্য মহিমা— যাকে মান্র অভিহিত করে পরমাত্মা ঈশ্বর ব্রহ্ম বা প্রবীন্ষোত্তমের অপপট সংজ্ঞায়। ওই অন্তরধাম হতে এই চেতনায় নেমে আসে অপ্রতর্ক্য আবেশের বৈদ্যুতী—পরব্যোমে অধিষ্ঠিত ওই পরা সংবিতের দিকেই আমাদের পরমচেতনার নিত্য অভিযান। অতএব আমাদের সন্তার সমগ্র পরিমণ্ডলকে বেণ্টন করে আছে অতিচিতি ও অচিতির এক বিরাট ব্রুচাপ, আমাদের অধিচেতনা ও জাগ্রৎচেতনা যার কৃষ্ণিগত। তার স্বর্প আপাতদ্ভিতে আমাদের প্রাকৃত চেতনার কাছে অপ্রতর্ক্য অগম্য ও অজ্ঞাত।

কিন্তু জ্ঞানের প্রসারের সঙ্গো-সঙ্গে এই অধিদৈবত প্রমপ্রের ম্বরূপ আমরা জানতে পারি। ইনিই আমাদের 'হ্রিদ সন্নিবিষ্টঃ' অন্তর্তম ব্যাপ্ততম পরাংপর আত্মচেতনা। অনুত্ররের তৃৎগশ্তেগ অথবা আমাদেরও চেতনায় প্রতি-ফলিত সাচ্চদানন্দ তিনি—অন্তহীন মনোবাণীর অতীত ঋতচিন্ময় তাঁর দিব্য কবিক্রতুর বীর্যে সূচ্টি করেছেন এই ভূতগ্রাম ও জীবলোক। তিনিই পর-মার্থসং, নিখিলের স্রন্থ্যা ও ধাতা। বিশ্বাত্মার পে তিনিই দেহ-প্রাণ-মনের কণ্যকে নিজেকে আবৃত করে অন্তর্গ চুচ হয়ে নেমে এসেছেন তথাকথিত অচিতিতে, অন্তর্যামী হয়ে নিয়মিত করছেন তার অবচেতনিম্পতিকে তাঁরই অতিমানস বিজ্ঞান ও সঙ্কক্ষেপর প্রশাসনে। আবার অচিতি হতে সমুখিত হয়ে অণ্ডশ্চেতনার অধিপতিরূপে ওই প্রজ্ঞা ও সঙ্কল্পের ঋতময় বিধানে নিয়ন্তিত করছেন তার অধিচেত্নস্থিতিকে। পরিশেষে অধিচেতনা হতে তিনিই প্রতিক্ষিপ্ত করেছেন আমাদের এই বহিশ্চেতনাকে এবং তাতে অন্-প্রবিষ্ট হয়ে অনুত্তর জ্যোতির ঈশনায় তন্ত্রিত করছেন তার উদ্ঘাতিনী গতির অনিশ্চয়তাকে। অধিচেতনা ও অবচেতনাকে যদি বলি 'সম্দ্রোহণবিঃ' যা উচ্ছ্রাসত হয়ে উঠেছে মনশ্চেতনার ফেনিল তরপ্রদোলায়, তাহলে অতি-চেতনাকে বলব সেই সমুদ্রেরই আধার পরিগন্তা অধিবাস নিমিত্ত ও নিয়ন্ত-রূপে এক মহাকাশের অসীম বিস্তার। এই উত্তর-আকাশে আমরা পাই চিন্ময় আত্মনবর্পের ন্বরসবাহী নির্চ অনুভব—যা নির্ম্বচিত্তের 'পরে প্রশান্তবাহিতার প্রতিবিন্দ্রন অথবা গ্রহাহিত পরেবের তত্তাধিগমন্বারা সাধন-লভ্য কোনও প্রতায় নয়। এই অতিচেতনার আকাশ সন্তরণ করেই আমরা উত্তীর্ণ হই পরমপদে ও চরমবিজ্ঞানে—অনুভবের লোকোত্তর কোটিতে। যে-অতিচেতনভূমিকে অবলম্বন করে অনুত্তর আত্মস্বরূপের পরমস্থিতিতে আমরা পেণীছই, তার সম্পর্কে আমাদের অবিদ্যা প্রগাঢ়তম—অথচ অচিতির তমঃসম্পটেকে বিদীর্ণ করে এরই দিকে চলেছে নচিকেতার অভীপসার অভিযান। বহিশ্চেতনার প্রতি আমাদের এই-যে দুরাগ্রহ, লোকোত্তর ও

গ্রহাহিত আত্মস্বর্পের প্রতি এই-যে অন্ধতা, একেই বলি আমাদের ম্ল অবিদ্যার প্রথম আবরণ।

মান_ষের বহিশ্চর জীবন কালের পরিণামস্লোতে ভেসে চলেছে। পরাক্-বৃত্ত মনকে আমাদের স্বর্প বলে জানি, এই পরিণামপ্রবাহের অনাদি অতীতকেও যেমন সে জানে না, তেমনি জানে না তার অক্ল ভবিষ্যকেও। শ্বধ্ব বর্তমানের সঙ্কীণ পরিসরট্বকু—তারও সবখানি নয়—তার স্মৃতির ভাতারে জমা আছে। এ-জীবনেরও কত স্মৃতি তার হারিয়ে গেছে, কত রহস্য তার ঢাকা রয়েছে যবনিকার অন্তরালে। আমরা নিবিচারে কিবাস করি : দেহজন্মের দুরার দিয়ে এই প্রথম আমরা জগতে এসেছি, আবার দেহ-বিনাশের আরেক দুয়ার দিয়ে বেরিয়ে যাব এখানকার দুদিনের খেলা সাংগ করে—অ্হিতত্বের এই ক্ষণিকাবিলাসেই আমাদের সন্তার পরিচয়। অথচ এ-বিশ্বাসের মূলে আছে লোকায়তিকের মত এই মনোভাব : এছাডা কিছুই তো দেখিনি শ্রনিনি কি মনে করে রাখিনি আমরা! অত্যন্ত সহজ এবং অত্যন্ত প্রবল যান্তি বটে, কিন্তু বিচারশীল চিত্তের পক্ষে পর্যাপ্ত কিনা সন্দেহ। হতে পারে, আমাদের জড়াগ্রিভ প্রাণ মন ও অন্নময় কোশের এ-ই তত্ত—কেননা প্র্লদেহের জন্মকে আশ্রয় করে যেমন তাদের পত্তন, তেমনি প্র্লদেহের মৃত্যুতেই তাদের প্রলয়। কিন্তু এ তো জীবের কালকুতপরিণামের যথার্থ পরিচয় নয়। অতিচেতনাই আমাদের বৈশ্বানর আত্মার দ্বরূপ। সেই অতি-চেতন আত্মাই অধিচেতন হয়ে অচিতির গহন হতে এই বহিশ্চেতন পরেষকে জন্ম-মৃত্যুর সীমাণ্ডিকত অশাশ্বত চৈতনালীলার নায়করূপে উৎসারিত করে। অথচ অচেতন প্রকৃতির উপাদানে গড়া এই মর্ত্য বিগ্রহ আত্মারই অনন্ত র্পায়ণের একটি সাময়িক ভাগ্গ মাত্র। আমাদের আত্মন্বর্প অজর অমর। নটের একটি ভূমিকার অভিনয়ে যেমন নটলীলার অবসান হয় না, অথবা কবির আত্মর পায়ণ যেমন নিঃশেষ হয়ে যায় না একটিমাত্ত কবিতাতে, তেমনি একটি দেহের মরণেই আত্মারও মরণ হয় না। মর্ত্যবিগ্রহ কত্তত আত্মার একটিমার ভূমিকা, অথবা তাঁর অন্তহীন সিস্ক্লার একটিমাত্র কাব্যরূপ। প্থিবীতে বিভিন্ন মনুষ্যদেহে একই জীবাত্মা বা চৈতাসন্তার জন্মান্তরকে আমরা সত্য বলে মানি আর না-ই মানি, আমাদের আত্মসন্তার কালকতপরিণাম যে স্ফুর অতীতের গহন হতে অনাগতের ধ্বসর দিগন্ত পর্যন্ত প্রসারিত, একথা অনুস্বীকার্য। কারণ অতিচেতনা অথবা অধিচেতনাকে কোনুমাণ্ডেই কালের ক্ষণিকলীলার মধ্যে বন্দী করে রাখা যায় না। অতিচেতনা শাশ্বত কালাতীত —কাল তার একটা ভঞ্জি মাত্র। আর অধিচেতনার কাছে কাল বিচিত্র অন্-ভবের অন্তহীন পটভূমিকা শুধু। অনাদি অতীত ও অনন্ত ভবিষাতে জীব-সত্ত্বের ব্যাপ্তি থাকবে না—একথা অকল্পনীয়। অথচ আমাদের বর্তমান সত্তার

অর্থ খংকে পাই যে-অতীত দিয়ে, মন তার কতট্নকু জানে—অতিবাদতব দ্থলে অদিতত্ব ও তার খানিকটা দ্যুতি ছাড়া? এ-জানাকে কি জানা বলে? আর যে-ভবিষ্যতের অদৃশ্য আকর্ষণে পরিণামের বর্তমান ধায়া নিয়ন্তিত হচ্ছে, বলতে গেলে মন তার কিছন্ই জানে না। অবিদ্যার সংস্কারে আমরা এমনই আচ্ছন্ন যে, আমাদের মতুয়ার বৃদ্ধি ভাবে: অতীতকে জানা যায় শৃধ্ দ্যুতির কঙকাল দিয়ে, যেহেতু সে লৃপ্ত; আর ভবিষ্যৎকে জানাই যায় না, কেননা সে অজ্ঞাত। অথচ অতীত আর ভবিষ্যৎ দৃই নিহিত আছে এই বর্তমানে: গৃহাহিত চেতনার অবিচ্ছেদ শাশ্বত অনুবৃত্তিতে অতীত কাজ করছে সংবৃত্তরূপে, আর ভবিষ্যৎ আছে স্ক্রবণান্ম্য হয়ে। কালপরিণামের শাশ্বত রূপকে যে জানি না, এ-ই আমাদের অবিদ্যাজাত আরেকটি স্বর্ণনাশা সঙকীণ প্রত্যয়।

কিন্তু এইখানেই মান্বের আত্ম-অবিদ্যার শেষ নয়। কারণ শ্ব্ব-যে তার অতিচেতন অধিচেতন ও অবচেতন স্বর্পটি সে চেনে না তা নয়—তার এই বর্তমান জগংটাকেও সে জানে না। অথচ তাকে বিষয় বা নিমিত্ত করে অহরহ জগতের চিমাপরিণাম চলছে, আবার জগংকে বিষয় ও আশ্রয় করে নিত্য ম্পন্দিত হচ্ছে তারও নিজের প্রবৃত্তি। কিন্তু অবিদ্যার মোহে আচ্ছন্ন হয়ে সে ভাবে, এ-জগংটা তার সত্তার বহিন্ততে সম্পূর্ণে বিবিক্ত একটা-কিছু:। যেহেতু জগং তার ব্যক্তি প্রাকৃতরূপ ও অহন্তার বাইরে, অতএব জগং তার দ্দিটতে অনাত্মা। ঠিক এই ভূল হয় তার অতিচেতন স্বরূপ সম্পর্কেও। ব্রহ্মকে প্রথম সে মনে করে নিজের থেকে পূথক একটা তত্ত—এমন-কি তাঁকে কল্পনা করে লোকবাহা ঈশ্বর বলে। অধিচেতন আত্মার প্রথম সাক্ষাৎকারেও তার মনে হয়, সে যেন আত্মবিবিক্ত এক বিরাট প্রবৃষ বা বিরাট চেতনার সম্মাথে এসে দাঁড়িয়েছে—এই পার ্বই তার স্বতন্ত্র ভর্তা ও নিয়ন্তা। জগতের দিকে তাকিয়ে তার মনে হয়—তার দেহ-প্রাণ এই বিশাল সম্প্রের একটি ফেন-বুলবুদ মাত্র এবং এ-ই তার স্বরূপ।...কিন্তু অধিচেতনার সম্যক্-অনুভবে তাকে একাধারে আত্মব্যাপ্ত ও বিশ্বব্যাপ্ত বলেই প্রতাক্ষ করি। অতিচেতন আত্ম-দ্বরূপের সাক্ষাংকারে বিশ্বকে অনুভব করি তাঁরই লীলাবিভূতিরূপে—দেখি নিখিল বিশেবর সব-কিছাই অখন্ড অম্বয়স্বরূপ, সব-কিছাই আমাদের আত্ম-দ্বরূপ। দেখছি, এক অখন্ড ভৃতপ্রকৃতির মধ্যে এই দেহ একটা জড়ের গ্র**ন্থি**, এক অবিভক্ত প্রাণসমুদ্রে এই প্রাণ একটা আবর্তা, এক বিচ্ছেদহীন বিরাট্-মনের আয়তনে এই মন একটা বিচিত্রবার্তাবহ অথবা রূপকৃং আধার মাত্র, এক অখন্ড অনন্ত চিদাকাশে আমাদের জীবচেতনা ও ব্যক্তিসত্তা যেন অবর্ণজ্যোতির একটা ঝলক বা রশ্মিরেখা। অহংবোধই অভেদের মধ্যে ভেদবৃশ্ধিকে পাকা করে। আর তার ভিত্তিতে আমাদের বহিশ্চর অবিদ্যাচেতনা গড়ে তোলে তার

বিন্দিশালার কঠিন প্রাকার—যদিও তাকে ভেদ করা একেবারে অসাধ্য নয়। অহন্তাই বলতে গেলে অবিদ্যার সবচাইতে দুর্মোচন গ্রন্থি।

যেমন স্মৃতি দিয়ে ঘেরা একটুখানি কাল ছাড়া কালিকসত্তার আর-সবটাই আমাদের অজানা, তেমনি আমাদের দৈশিকসন্তারও-বা কতটাুকু জানি—শুধু এই একটি দেহের সংকীর্ণ পরিসরে বাঁধা ক্ষুদ্র আয়তনটি ছাডা ? মন ও ইন্দ্রিয়ের সংকুচিত চেতনায় পাই শুধু এরই প্রত্যক্ষ অনুভব এর সংগ্রে আমাদের প্রাণ ও মনকে একাত্ম বলে জানি। আর বাইরের পরিবেশকে ভাবি একটা অনাত্মবস্তু মাত্র, যার সঙ্গে আছে কেবল প্রয়োজনের সম্পর্ক ।...কারও-কারও মতে দেশ কিছ ই নয়—বদতু বা জীবাত্মার সহভাব ছাড়া। সাংখ্যমতে জীবাত্মা অসংখ্য এবং দ্ব-তন্ত্র। অতএব তাদের অনুভবের ক্ষেত্ররূপী এক অথণ্ড প্রকৃতি দিয়েই তাদের সহভাব সিন্ধ হতে পারে। কিন্তু এক্ষেত্রেও সহভাব যে আছে, তা অনুস্বীকার্য: এবং শেষপর্যন্ত এক অন্বয়সন্তার আধারে সহভাবের কল্পনাতেই তার পর্যবসান ঘটে। সেই অন্বয়সন্তার আত্মপ্রসারণের যে প্রত্যক্ কল্পনা, তাকে বলি দেশ। এক অদিবতীয় চিন্ময়সত্তাই নিজের আত্মভাবকে আধার ক'রে তাঁর চিৎশক্তির সঞ্চরণক্ষেত্র কম্পনা করলেন-এই হল তাঁর দেশ-ভাবনার তত্ত।...চিংশক্তি পরিকীর্ণ হয়ে নিহিত হল বিচিত্র দেহে প্রাণে ও মনে: জীবাত্মা সেই বহ;ভাবনার একটিতে মাত্র অর্ধিষ্ঠিত। তাই আমাদের মনশ্চেতনাও ওই একটি আধারে অভিনিবিষ্ট হয়ে তাকেই ভাবল আত্মা, আর-সবাইকে ভাবল অনাত্মা। এর্মান করে অতীত ও অনাগতকে বাদ দিয়ে, এই একটি জীবনের চার্রাদকে আবিদ্যার কুন্ডলী রচনা ক'রে তাকেই সে সমগ্রসত্তার মর্যাদা দিল। অথচ অখণ্ডের মধ্যে এমন ভাগাভাগিও একটা বিকল্প মাত্র. কেননা সমস্ত বিশিষ্টপ্রত্যয়ের পিছনে আছে সামান্যপ্রত্যয়ের উদার ভূমিকা। অখণ্ড সামান্যমনকে না জেনে আমাদের এই বিশিষ্টমনকেও কোনমতেই ঠিক-ঠিক জানতে পারি না। নিজের প্রাণের তত্ত্ব জানতে হলে ডুবতে হয় অখন্ড-প্রাণের তত্তে, এই দেহটির পরিচয় খ'লতে হয় অথণ্ড ভূতপ্রকৃতির রহস্য মন্থন করে। কারণ প্রত্যেক ক্ষেত্রে ব্যান্টর প্রকৃতি নিয়ন্তিত হয় সমন্টিপ্রকৃতির বিধান দিয়ে—তাদের প্রত্যেকটি প্রবৃত্তির পিছনে আছে অখণ্ডপ্রকৃতির প্রশাসন ও প্রবর্তনা। কিন্ত এই-যে অখন্ডসন্তার সম্দু নিরন্তর বয়ে চলেছে আমাদের শ্লাবিত ও জারিত করে, তার চৈতনোর সঙ্গে আমরা কতট্টকু যোগ রেখে চর্লোছ ? শুধু বহিমনে ভেসে ওঠে তার যেটুকু রূপ ও সংগতি, সেইট্কুর স্তেগ আমাদের যা পরিচয়। এই জগং আমাদের মধ্যে নিঃশ্বসিত র্পায়িত ও মননে স্পন্দিত হচ্ছে। কিল্কু আমরা ভাবি, জগং হতে বিবিক্ত হয়ে আমরা শ্বধ্ বে'চে আছি ভাবছি আবর্তিত হচ্ছি নিজেকে কেন্দ্র ক'রে। আমাদের কালাতীত অতিচেতন অধিচেতন অথবা অবচেতন আত্মভাবের খবর বেমন

জানি না, তেমনি এই বিশ্বাত্মভাবেরও কোনই সন্ধান রাখি না। তব্ এইট্কু বাঁচোয়া, আমাদের এই অবিদ্যার মর্মাম্লে নিহিত আছে নিজেকে পাওয়া ও নিজেকে জানার অকুন্ঠিত প্রেতি—তাই আপন স্বধর্মের অনুশাসনে শাশ্বতকাল ধরে চলেছে তার বিরামহীন সাধনার জৈত্ররথ। মানুষ মনোময় জীব। তার মধ্যে এক বহুমুখী অবিদ্যা অহরহ রুপান্তরিত হতে চাইছে স্ববিৎ বিদ্যাশক্তিতে—এই তার চেতনার পরিচয়। অথবা আরেকদিক থেকে বলতে পারি, বিষয়ের স্প্কীণ বিবিক্তসংবিৎ তার মধ্যে ফ্রুটে উঠতে চাইছে অভ্গন্তিনা ও সম্যুক্ প্রজ্ঞার সহস্তাল মহিমায়।

न्वामभा अक्षाग्र

অবিতার নিদানকথা

তপসা চীয়তে রক্ষ ততোহল্লমভিকায়তে। অল্লাং প্রাণো মনঃ সত্যং লোকাঃ॥

मृत्करकार्भानवर ১।১।৮

তপঃশক্তিতে ঘটে ব্রহ্মের প্রচয়; তাহতে অভিজ্ঞাত হয় অন্ন—অন্ন হতে প্রাণ মন এবং লোকসমূহ।

—মুক্তকোপনিষদ (১।১।৮)

সোহকাময়ত। বহু স্যাং প্রজায়েরেতি। স তপেহতপাত। স তপস্তপা ইদং সর্বমস্কৃত যদিদং কিঞা। তং সৃষ্ট্য তদেবানুপ্রা বিশং। তদন্প্রবিশ্য সচ্চ তাচ্চাভবং। নির্ভং চানির্ভং চ। নিলয়নং চানিলয়নং চ। বিজ্ঞানং চ। সত্যং চান্তঞ্য। সত্যমভবং যদিদং কিঞা। তং সত্যমিত্যচক্ষতে।

তৈত্তিরীয়োপনিষং ২।৬

তিনি কামনা করলেন, 'বহ' হয়ে প্রজাত হব আমি'; তারপর তপঃসমাহিত হলেন তিনি—সেই তপোবীর্যে এইসব স্ভি করলেন : স্ভি করে অন্প্রবিষ্ট হলেন তাতে: অন্প্রবিষ্ট হয়ে হলেন সং ও তাং, হলেন নির্ভ ও আনির্ভ, হলেন বিজ্ঞান ও অবিজ্ঞান, সত্য ও অন্ত। সত্যই হলেন তিনি—হলেন এই যা-কিছ্, সব : তাঁকে বলে 'তং সং।'

—তৈত্তিরীয় উপনিষদ (২।৬)

তপো ব্রন্থেতি।

टिखिनीसार्भानवर, ७।२,८

তপ-ই ব্ৰহ্ম।

—তৈত্তিরীয় উপনিষদ (৩।২।৫)

কথাটা অনেকথানি পরিন্ধার হয়ে এসেছে; এবার তাহলে অবিদ্যাসমস্যার গোড়া ধরে বিচার করা সম্ভব হবে। কিসের প্রয়োজনে চেতনার কোন্ পরিণামে অবিদ্যার উদ্ভব, এখন আমাদের তা-ই দেখা আবশ্যক। এক অখণ্ড অদ্বয়-তত্ত্বই পরমার্থসং—এই সিন্ধান্তকে ভিত্তি করে চলবে আমাদের বিচার, দেখতে হবে অবিদ্যাসম্পর্কিত বিভিন্ন মতবাদ তার সঞ্গে কতখানি খাপ খায়।...প্রথম প্রশন এই: অন্তর সন্মান্ত যিনি, নিশ্চয় তিনি নির্বিশেষ চিন্মার্ত্ত্ত—অতএব কোনমতেই তিনি অবিদ্যার বশ হতে পারেন না। তাহলে তাঁকে আগ্রয় করে করে অবিদ্যার প্রবৃত্তি ও দিখতি সম্ভব হল, কোথাহতে এল এই আত্ম-সংকোচক বিবিক্তক্তানের বিচিত্র বিলাস? যাঁকে অবিভক্ত বলে জানি, তাঁর মধ্যে অনন্তকাল ধরে এই বিভক্তবং প্রতায়ের সার্থক পরিণামের লালা কি

করে চলছে? শুন্ধসন্মাত্র যথন অথণ্ড-অন্বয়, তথন তাঁর মধ্যে আত্ম-অবিদ্যা থাকতেহ পারে না। বিশেবর যা-কিছু সমস্তই যথন তাঁর আত্মন্বরূপ, তাঁর চিন্ময় বিপরিণাম অথবা আত্মব্যাকৃতি, তখন এমনটি হতেই পারে না যে, তাদের ধ্বভাব ও ধ্বধমের সত্য পরিচয় কি তা তিনি জানেন না। আমরা বলি বটে 'অহং ব্রহ্মাস্মি' 'জীবো ব্রক্ষোব নাপরঃ'; অথচ আত্মা বা বিশ্ব কারও স্বরূপ আমরা চিনি না। তাহতে এই বিপরীত সিম্ধান্তই কি অনিবার্য হয়ে পড়ে না যে, স্বর্পত যা অবিদ্যালেশশ্না, তারই মধ্যে দেখা দিল অবিদ্যার কালিমা —আত্মসংকল্পের কোনও নিগঢ়ে প্রবর্তনাতে হ'ক অথবা স্বভাবধর্মের কোনও নিয়ম কি যোগ্যতাবশেই হ'ক. অবিদ্যার আঁধারে তাকে ঝাঁপিয়ে পড়তেই হয়েছে? যদি বলি: অবিদ্যার আশ্রয় মন স্বয়ং মায়িক অ-ব্রহ্ম ও অসং এবং ব্রহ্ম অণ্বিতীয় প্রমার্থসং, স্কুতরাং অসতের অন্তর্ভাবী মনের অবিদ্যান্বারা কোনমতেই তিনি স্পূষ্ট হতে পারেন না—তাহলেও কিন্তু সমস্যা মেটে না: কারণ ব্রহ্মকে অখণ্ড-অন্বয়তত্ত বলে স্বীকার করলে আর মায়ার ফাঁক দিয়ে গলবার রাস্তা থাকে না। অবিদ্যার তত্ত বোঝাতে গোডাতেই মায়াকে মান ব ব্রহ্ম হতে পূথক বলে, আবার তখনই অবাস্তব বলে তাকে উড়িয়ে দেব—এ শুধু মনোবাণীর একটা মায়া যা দিয়ে আমরা ব্রহ্মে সম্ভাবিত অদৈবতহানির র্নবিরোধকে ঢাকতে চাইছি। দুটি অন্যোন্যবিরোধী তত্ত্বকে আমরা দাঁড় করিয়েছি মুখামুখি ক'রে : একদিকে বিভ্রমলেশশ্ন্য রহ্ম, আরেকদিকে আজ-বিদ্রমোৎপাদিকা মায়া; অথচ অদৈবতের গাঁটছড়ার বাঁধতে চাইছি দ্বজনকেই! বন্ধই যাদ অখন্ড পরমার্থসং হন, তাহলে মায়া অবশাই বন্ধাশক্তি—তাঁরই চৈতন্যের বীর্য অথবা সন্তার পরিণাম। আবার জীবান্মা যখন রক্ষাস্বরূপ অথচ আত্মমায়ার অধীন, তখন তার মধ্যে ব্রহ্মাই তাঁর নিজের মায়ার কর্বলিত। কিন্তু এ-সম্ভাবনাকে স্বর্পসত্যের মৌলবিভাব বলে মান্ত্র কি করে? ব্রহ্মের মায়াবশ্যতার একমাত্র অর্থ হতে পারে—আত্মপ্রকৃতিরই কোনও নিগ্টেবীর্থের কাছে তাঁর আত্মপ্রকৃতির বশীভাব। সে হবে সর্বাধিবাস চিৎস্বরূপের চিন্ময় স্বাতন্ত্রের একটা বিলাস, তাঁর আত্মবিভাবনী সর্ববিদ্যার একটা লীলায়ন। অতএব অবিদ্যা ব্রহ্মস্পন্দেরই অস্গীভূত, তাঁর চৈতন্যের স্বেচ্ছাস্বীকৃত পরিণাম। কারও বলাংকারে নয়, আপন খ্রাশতে জেনে-শ্রনেই বিশ্ববিস্ভির প্রয়োজনে অবিদায়ে সঙ্কোচকে তিনি অংগীকার করেছেন—এই কথাই সত্য।

জীবাত্মা আর পরমাত্মা এক নয়, দুয়ের মধ্যে নিত্যভেদ আছে, কেননা জীব অলপজ্ঞ এবং রক্ষা অথপ্ডচিন্ময় অতএব সর্বজ্ঞ—একথা বলেও অবিদ্যার সমস্যা চুনিক্যে দেওয়া যায় না। কারণ, এ-কল্পনায় সন্তাশৈবতের অনুত্তর ও সর্বপ্রাহী অনুভব বাধিত হয়। প্রকৃতির ক্রিয়াপরিণামে যতই ভেদ থাকুক, এর অদৈবত সন্তায় যে সব-কিছু বিধৃত ও সমাহিত, চিত্তের এই সামান্য-

প্রতায়কে অস্বীকার করে আমরা এক পা-ও চলতে পারি না।...তার চাইতে ভেদে অভেদের তত্তকে স্বীকার করা সহজ কেননা বিশ্বব্যাপারের সর্বত্র প্রত্যক্ষ কর্রাছ এই ভেদাভেদের লীলা। বলতে পারি: ব্রন্সের সঙ্গে আমাদের অভেদও আছে, ভেদও আছে। স্বর্পসত্তায় অতএব স্বর্পপ্রকৃতিতে আমরা ব্রহ্মের সঙ্গে এক, কিন্তু আত্মার বিভাবে দুয়ে ভেদ আছে বলে সে-ভেদ দেখা দিয়েছে প্রকৃতির ক্রিয়াতেও। কিন্তু এ-সিন্ধান্তে তথ্যভাষণ হয় মাত্র, হয় না তার অন্তানহিত সমস্যার তত্ত্বনির পণ। স্বর পসন্তায় রক্ষের সংখ্য যার অভেদ-ভাব আছে, চিৎসত্তায়ও তাঁর সঙ্গে এবং সবার সঙ্গে ওই অভেদভাব যে বজায় থাকবে—একথা খুবই সংগত। তাহলে সেই অদৈবতসত্তা আত্মভাবের স্ফর্রদ্-রূপে এবং ক্রিয়াপরিণামে কি করে ভেদপ্রতায়ের কর্বালত হবে—কি করে সে অবিদ্যাগ্রন্থ হবে ? তাছাড়া ভেদাভেদিসম্বান্তের ন্যুনতা ধরা পড়ে আরেক-দিকে: জীবাত্মা যে শুধু ব্রহ্মের স্থাণুস্বরূপে সমাপত্ম হতে পারে তা নয়, তাঁর সক্রিয়ন্বভাবের সংখ্য একাত্মক হয়ে যাওয়াও তার পক্ষে অসম্ভব নয়।... অথবা সমস্যার মূলোচ্ছেদ করতে পারি এইভাবে : অস্তিত্বের যত সমস্যা, সবই জ্ঞানগম্য ভাবের সমস্যা। তার ওপারে আছে অবিজ্ঞেয় বস্তু, যাকে আমরা ভাবপ্রতায় দিয়ে কোনকালেই জানতে পারব না। সৃষ্টি না হতেই ওই আবি-জ্ঞেয়ের মধ্যে মায়ার খেলা শ্বর হয়ে গেছে। অতএব মায়িক স্থিটর অন্তর্ভুক্ত থেকে তার নিদানকথা জানব কি করে? জডবিজ্ঞানীর অজ্ঞেরবাদের মত এও একধরনের অজ্ঞেয়বাদ—চিৎতত্তকে আশ্রয় ক'রে। কিন্তু সব অজ্ঞেয়বাদেরই বিরুদ্ধে আপত্তি এই—এ শুধু বুদ্ধির পরাভব, অর্থাং চেতনার বর্তমান আপাতসঙ্কোচকে অতি সহজেই মেনে নিয়ে জিজ্ঞাস, মনের দঃসাহসকে দাবিয়ে রাখা শ্বধ্ব। প্রাকৃতচিত্তের এ-নিব ীর্যতাকে না হয় সইতে পারি : কিন্তু যে-জীবাত্মা ব্রহ্মস্বরূপ, তাকে কি করে এমন বীর্যহীন ভাবব? ব্রহ্ম যেমন নিজেকে জানেন, তেমনি জানেন অবিদ্যার হেতকেও। অতএব যে-জীব রক্ষদবরূপ, তারও কাছে কেন জ্ঞানের সকল দুয়ার উদ্ঘাটিত হবে না, অথন্ড ব্রহ্মতত্তকে জেনে কেনই-বা সে তার বর্তমান অবিদ্যার উৎসমূল আবিষ্কার করতে পারবে না ?

অবিজ্ঞেয় তত্ত্ব বলে কিছ্ম থাকলে সে কি ব্রহ্মেরই এক পরাংপর স্থিতি হবে না? অন্ভবের চরমে আমরা তাঁকে জানি সং চিং ও আনন্দের পরম ভাবপ্রতায়র্পে। তারও ওপারে আছে তাঁর অভাবপ্রতায়—উপনিষদ যাকে বলেছেন অসং। 'অসংই ছিল সবার আগে, অসং হতে হল সতের জন্ম'— উপনিষদের উক্তিটি এই। সম্ভবত ব্রেশ্বর নির্বাণেরও এই মর্মারহস্য। নির্বাণেনারা বর্তমানস্থিতির প্রলয় ঘটানোর অর্থ হয়তো এমন-এক লোকোত্তর ভূমিতে আর্তৃ হওয়া, যেখানে আত্মভাবের সংস্কার কি অন্ভবও অর্বশিষ্ট

থাকবে না—অন্তিপ্রতায় হতেও বিমৃত্তিতে ঘটবে পরমপ্র্য্যথের অনিব্দিনীয় সিন্ধি।...অথবা অসং হয়তো উপনিষদের অন্পাখ্য ও নির্পাধিক ভুমানন্দ—যা অনির্ক্ত, ভাবাতীত, সন্তা ও চেতনার চরম প্রতায় ও বিবৃতিকেও যা ছাড়িয়ে গেছে। ইতিপ্রে অসতের এই অথই আমরা মেনে নির্য়েছি— অনন্তের পথে অন্তহীন অভিসারে কোথাও দাঁড়ি টানতে চাই না বলে।... অথবা অসং হয়তো সং হতে পৃথক একটা-কিছ্— হয়তো নির্পাধিক সন্তার ভাবনাও অচল সেখানে। বৈনাশিকের চতুন্কোটিবিনিম্ক্ত 'বিনাশ' তাহলে এই অসং।

কিন্তু বিনাশের সর্বশূনাতা তো কিছুরই কারণ হতে পারে না-এমন-কি প্রতিভাস বা বিদ্রমেরও নয়। অতএব নির্পাখ্য অসতের এ-অর্থ সংগত না হলে তাকে বলতে হয় নিতা-অব্যক্ত নিবিশেষ শক্তিযোগ্যতা মাত্র। আনন্ত্যের সে যেন এক অনিব্চনীয় শূন্যতার প্রহেলিকা, যাহতে যে-কোনও মুহূতে সবিশেষ শক্তিযোগ্যতার উল্ভব হতে পারে, কিন্তু তার দুটি-একটি মাত্র কথনও পর্যবাসত হয় ভূতার্থের প্রাতিভাসিক র্পায়ণে। যা-কিছ্ ফ্টতে পারে এই অসং থেকে : कि ফুটবে বা কেন ফুটবে, কেউ তা বলতে পারে না। অর্থাৎ বলতে গেলে এ যেন প্রম নিশ্বতির গ্রভাশয় যাহতে অত্তর্কত সোভাগ্যের-না দূর্ভাগ্যের?—বশে আবিভূতি হয়েছে বিশেবর এই ঋতচ্ছন্দ।...অথবা বলতে পারি, বিশ্বে সতাকার ঋতায়ন বলে কিছুই নাই। আমরা যাকে ঋতচ্ছন্দ ভাবি, সে শ্বধ্ব ইন্দ্রিয় ও প্রাণবৃত্তির একটা চিরাভ্যস্ত সংস্কার—একটা মনের বিকল্প। অতএব বিশেবর আদিকারণ খোঁজবার চেষ্টা পণ্ডশ্রম মাত্র। ওই পরম নিশ্বতির গর্ভাশয় হতে অকল্পনীয় যত বিরোধ, অসম্ভব যত অনাস্থিট আবিভূতি হতে পারে। এ-জগংটাও কি তা-ই নয়—নানা বৈষম্য ও ধাঁধায় কর্টাকত একটা রহস্যময় প্রহেলিকা ? অথবা হয়তো শেষপর্যন্ত এ-জ্গুণ একটা অতিকায় দ্রাণ্ডি—এক অণ্ডহীন অর্থহীন উংকট প্রলাপ মাত্র। অতএব পরা সং-বিং ও পরা বিদ্যা নয়—পরম অচিতি ও অবিদ্যাই সম্ভবত একমাত্র জগংকারণ। এমন বিশেব সব-কিছাই সম্ভব : হয়তো 'কিছা-না' হতেই এখানে 'সব-কিছার' আবিভাব হয়েছে। মনের মনন হয়তো মননহীন শক্তি অথবা অচেতন জড়ের একটা বিকার মাত্র। সর্বত্র প্রকৃতির যে ঋতম্ভরা লীলা দেখছি, মিছাই তাকে ভাবছি স্বভাবসত্যের রূপায়ণ। আসলে এ শৃংধ্ শাশ্বত আত্ম-অবিদ্যার ফলা-বর্তান—দ্বকুং চিন্ময়স কলেপর দ্বতঃপরিণাম নয়। কে জানে, হয়তো শাশ্বত সম্ভূতি শাশ্বত বিনাশেরই একটা নিত্যপ্রতিভাস মাত্র।...বিশ্বরহস্য সম্পর্কে সকল জল্পনাকেই তুল্যবল ভাবতে পারি, কেননা যুক্তির দিক থেকে তাদের সপ্রমাণ কি নিম্প্রমাণ দুইই বলা চলে। বিশ্বচক্র-প্রবর্তনের কোনও আদিবিন্দু বা নিশ্চিত লক্ষ্য যেখানে খ'জে পাওয়া যায় না সেখানে মনে হয় সব-কিছুই

তো সম্ভব। এইধরনের সব মতেই মানুষের সায় ছিল: এবং ভল করে থাকলেও তাতে লাভ ছাড়া তার ক্ষতি হয়নি কিছুই-কেননা ভলের ভিতর দিয়েই মন সত্যের পথ খুজে পায়। ভুল যেমন বিপরীত ভুলকে ভাঙে, তেমনি একটা নতুন সিম্পান্তেরও ইশারা আনে; এর্মান করে ভূলে-ভূলে ঠোকাঠাকি করে জিজ্ঞাসার অভিযান এগিয়ে চলেছে নির্ভুল সত্যের দিকে। কিন্তু বৈনা-শিকবাদ্ধির এই রায়কে চরমপর্যক্ত ঠেলে নিলে দশনের সারা ইমারতটাই ভেঙে পড়ে। কারণ, দর্শন আবিষ্কার করতে চায় ঋতম্ভরা প্রজ্ঞাকে, নিশ্বতির অরাজকতাকে নয়। অজ্ঞেয়বাদই যদি হয় সকল জিজ্ঞাসার শেষ, তাহলে তত্ত্বজিজ্ঞাসার এত আড়ম্বরের কি প্রয়োজন ছিল? উপনিষ্দের ভাষায় বলতে গেলে, দর্শন সার্থক হয়—যদি একবিজ্ঞানে সর্ববিজ্ঞানের সূত্রটি সে খংজে পায়। তাই অবিজ্ঞেয়কে নিছক জানার-বাইরে বলতে চাই না; মন দিয়ে তাকে জানা যায় না, এই কথাই বরং মানতে পারি। 'কিছুই নাই', তা নয়; 'একটা-কিছ, আছে—তারই চরম চমংকারের পরম প্রকাশকে বলছি অবিজ্ঞেয়। মানুষের মন তুষ্গতম সানুতে আরোহণ ক'রে পাথা মেলে দিয়েও তার পার পায় না। কিন্তু সে-কন্তু যখন নিজের কাছে প্রকাশ, তখন আমাদেরও কাছে প্রকাশ হতে তার বাধা কোথায় ? সে-প্রকাশের আলোতে আমাদের সম্ভাবিত জ্ঞানের চরম প্রকাশ তো ম্যান হবে না, বরং সে আত্মদর্শন ও স্বান্ভবের ঐশ্বর্ষে ঢেলে দেবে মহন্তর সিদ্ধি ও বৃহত্তর সত্যের বীর্ষ। অতএব 'একটা-কিছু, আছেই—যাকে এমন করে জানা যায়, যাতে তারই মধ্যে তাকে দিয়েই ঘটে সকল সত্যের চরম স্থিতি ও পরম সমন্বয়। তাকে আমাদের জানতে হবে; ওই 'একটা-কিছ্ই' হবে আমাদের দর্শন ও মননের আদিবিন্দ্। জि**छ**।সার পথে চলতে হবে তাকেই ধরে—তবে না সকল রহস্যের সমাধান হবে। কেননা, ওই তৎস্বর্পের ভাবনাই আমাদের দিতে পারে স্বতোবিরোধ-কন্টকিত বিশ্বের রহস্যকুঞ্চিকার সন্ধান।

এই ষে 'একটা-কিছ্ব'—বেদানত বলছে এবং আমরাও বরাবর বলে এসেছি
—তার প্রকাশ অথন্ড সচিচদানন্দে অর্থাৎ সন্তা চৈতনা ও আনন্দের পরা
বিপ্রটীতে। অবিদ্যার রহস্য ব্রুতে হলে যাত্রা করতে হবে এই প্রথমজাত
সত্য হতে। বিশ্বন্ধ-চৈতন্য বিদ্যার্পে নিজেকে প্রকাশ করেও সে-বিদ্যাকে
এমনভাবে সীমিত করল, যাতে অবিদ্যার প্রতিভাস সম্ভবপর হল। চৈতনার
এই স্ব-তন্ত্র ব্রির মধ্যেই আমরা সমস্যার ঈশ্সিত সমাধান খইজে পাব।
চৈতনার শক্তিতে যে স্বাভাবিক স্পন্দলীলা আছে, অবিদ্যা তারই বিস্থিট।
অতএব অবিদ্যা স্বর্পতত্ত্ব নয়—ক্রিয়াজন্য বিক্ষেপ মাত্র। তাই অবিদ্যার তত্ত্ব
জানবার জন্য চাই চৈতন্যের এই শক্তির্পের বিশ্লেষণ। পরা সংবিৎ স্বভাবত
পরা-শক্তিশালী; চিতের প্রকৃতিই শক্তি। জ্ঞান অথবা ক্রিয়াকে লক্ষ্য ক'রে

পরিণমামান অথবা স্ট্যুন্মুখ ভাবনার বীর্ষে তপঃসমাহিত শক্তির যে-অভিনিবেশ, তাহতেই বিশেবর বিস্ফিট হয়েছে। অর্থাৎ স্ববিম্পাময় চিৎপুরেষ যেন তাঁর অন্তানিহিত নিথিল ভাবের বীজ ও পরিণতিকৈ আজুনির চ তপের* তাপে ফ_টিয়ে তলছেন। তাঁর এই স্বর্পসত্যের ও ভব্যার্থের ভাবনাই হল স্থিতিবজি। আমাদের প্রাকৃতচেতনাকে বিশেলষণ করলেও দেখতে পাই যে-কোনও বিষয়ের অভিমূখে তপঃশক্তির এই প্রেরণাতেই তার সম্ভাবিত ক্রিয়াশক্তির সর্বাপেক্ষা দুর্ধর্ষ পরিচয়। এই তপস্যার বীর্যই রয়েছে তার সকল জ্ঞান কর্ম ও স্থান্টর মূলে। তপস্যার দুটি ক্ষেত্র আছে আমাদের মধ্যে : একটি আধ্যাত্মিক লোক বা অন্তর্জগৎ, আরেকটি আধিভৌতিক লোক বা বহিজ'গং। কিন্তু অন্তরে-বাইরে বিষয়ের এমন ভাগাভাগি করে তপঃ-শক্তির প্রকৃতি ও পরিণামে একটা শ্বৈধভাব আনা আমাদের বেলায় খাটলেও অখণ্ড-সচ্চিদানদের বেলায় কিল্ড খাটে না। কারণ, বিশ্বের সমস্ত-কিছুই যখন তাঁতে রয়েছে, সবই যখন তিনি—তখন আমাদের সীমিতমনের বিভক্তবং-প্রতায় তো কোনমতেই তাঁর স্বভাবে আরোপিত হতে পারে না ৷...দিবতীয়ত, আধারের সমগ্রশক্তির একদেশ মাত্র আমাদের ঈণ্সিত প্রযন্ত্রে স্ফারিত হয়— সে-প্রযম্ম বাহ্য কি মানস, যা-ই হ'ক না কেন। শক্তির বাকিট্রকর স্ফরণ বহিশ্চেতনার কাছে হয় অবচেতন অথবা অতিচেতন. অতএব অনীণ্সিত। প্রযন্ত্রের সঙ্গে ইচ্ছার এই যোগ-বিয়োগ হতে ব্যাবহারিক জীবনে গরেতের কতগালি বিপরিণাম দেখা দেয়। কিন্তু অখন্ড সচিদানন্দে এই প্রযুত্তদ বা তার বিপরিণাম নাই—কেননা সমস্তই যে তাঁর অথণ্ড আত্মস্বরূপ, সমস্ত প্রযন্ন ও তার ফল যে তাঁর অখন্ড সত্যসৎকদেপর পরিস্পন্দ, তাঁর চিতি-শক্তির উচ্ছলন। আমাদের বেলায় চেতনার ক্রিয়া যেমন স্ফ্রিরত হয় তপে, তেমনি হয় তাঁরও। কিন্তু তাঁর তপঃ অখন্ডসন্মান্তের সর্বতোগ্রাহী সংবিতের সর্বাব-গাহী অর্থান্ডত তপসা।।

কিন্তু এইখানে প্রশ্ন হতে পারে : পরমার্থসতে ও মহাপ্রকৃতিতে আছে চরত্ব এবং অচরত্ব, অক্ষর স্বরূপস্থিতি এবং ক্ষরস্বভাব স্ফারব্তা দুইই। সাত্রাং

^{*} তপঃ শব্দের যোগিক অর্থ তাপ—র্তু অর্থ শক্তির যে-কোনও বিলাস, চিংশব্দির আত্মগত অথবা বিষয়গত অবিচল সাধনাভিনিবেশ। প্রাচীনেরা কল্পনা করেছেন, তপ হতে বিশ্বের সৃণ্টি হল—অভের আকারে; আবার তপ বা চিংশক্তির হৃদরের তাপে সেই অভ বিদেশ্বর সৃণ্টি হল অভিত-পথ প্র্যুক্তি হতে পাথির ছানার মত। ইংরাজী প্রথে সাধারণত তপস্যার অন্বাদ করা হয় penance; এ-অন্বাদটি একেবারেই ভূল। এদেশের তপস্বীদের তপাসাধনার penance বা প্রায়শ্চন্তম্লক পীড়নের নামগম্পও ছিল না। এমন-কি ষেসব কৃচ্ছ তপস্যার মধ্যে আত্মনিগ্রহের ভাব ছিল, 'শরীরুপ্থ ভূতগ্রামের কর্শন' তাদেরও লক্ষ্য ছিল না। সেখানে তপস্যাদ্বারা দৈহ্যপ্রকৃতির কবল হতে চেতনাকে মৃত্ত করা, অথবা চেতনার অলৌকিক উত্তপন্দ্বারা কেনও আধ্যাত্মিক বা লৌকিক সিন্ধি অর্জন করাই ছিল সাধকের উদ্দেশ্য।

যে-ভামতে শক্তির নিমেষে সকল গতি স্তব্ধ হয়ে আছে, সেখানে এই তপঃশক্তি ও তার অভিনিবেশের কি স্থান, কি কাজ? তপঃশক্তিকে সাধারণত আমাদের মধ্যে চৈতন্যের সন্ধ্রিয়স্বভাবের সঙ্গে যুক্ত ভাবি, বাইরের কি ভিতরের শক্তি-দ্পন্দনেই তার প্রকাশ দেখি। যা আমাদের মধ্যে দ্থাণ হয়ে আছে, সে তো ক্রিয়ার জনক নয়: অথবা সে শুধু ইচ্ছাবিষ্ট যালিককিয়ার প্রবর্তক মাত। তাই তাকে সংকল্প বা চিংশক্তির সংখ্য আমরা যুক্ত ভাবি না। কিন্ত এই <u> পথাণ্প্রকৃতিতেও ক্রিয়ার সামর্থ্য অথবা স্বতঃক্রিয়ার স্ফারণ যখন সম্ভাবিত.</u> তথন তারও মধ্যে সম্মুশ্ধবং সত্তোদ্রেক অথবা স্বতঃস্ফূর্ত চিংশক্তির একটা আবেশ আছে। অথবা তার মধ্যে আছে প্রবৃতিকা তপঃশক্তির একটা নিগ্রে ভাবনা কিংবা নিবতিকা তপঃশক্তির প্রতীপতা। হয়তো এই অনীপ্সিত ক্রিয়ার পিছনে আছে আমাদেরই আধারে নিগঢ়ে কোনও বৃহত্তর অজ্ঞাত চিং-শক্তি বা সংকল্পের প্রবর্তনা। তাকে সংকল্প যদি নাও বলি, তব, তাকে শক্তিবিশেষ বলে মানতেই হবে। সে-শক্তি হয়তো নিজেই ক্রিয়ার প্রযোজক. অথবা বিশ্বশক্তির সন্নিকর্মে আভাসে কি অভিঘাতে সাডা দেওয়া তার স্বভাব। এও জানি, বহিঃপ্রকৃতির মধ্যে যাকে স্থাণ, অসাড় বা নিষ্ক্রিয় ভাবি, তারও আত্মধৃতির মূলে আছে এক নিগুঢ়ে অবিরাম স্পন্দন, আপাতস্থাণুত্বের আধার-রূপে আছে শক্তিরই সক্রিয়তা। অতএব এখানেও দেখছি, সব-কিছু সন্ভব হচ্ছে শক্তির সালিধ্যে, বিশেবর সমস্তই তার তপোবিভৃতি।...কিন্তু এই চরত্ব ও অচরত্বের দৈবত পার হয়ে আমরা পেশছতে পারি এমন-এক লোকোত্তর ভমিতে, যেখানে চেতনা নিস্তর্গ্য প্রশান্তিতে নিমন্ত্রিত হয়ে যায়—স্তব্ধ হয়ে যায় দেহ ও মনের সকল ক্রিয়া। স্বতরাং চেতনারও দেখছি দুটি রূপ : এক রূপে সে সক্রিয়, স্পন্দমান—নিজের ভিতর হতে উৎসারিত করে চলেছে জ্ঞান ও কর্মের ফোয়ারা, অতএব তপই তার ধর্ম ; আরেক রূপে চেতনা নিষ্ক্রিয়, অ-শক্ত, শ্বন্ধ স্বর্পস্থিতি মাত্র, অতএব তপের অভাবই তার ধর্ম। কিন্তু স্ত্রিতা কি সেখানে তপের অভাব ? অখণ্ড স্ট্রিচদানন্দের ভাবাভাবের এই ভেদ কি বস্তুতই সার্থক? কেউ-কেউ বলেন—হাঁ ব্রন্ধে এমনতর ভেদের একটা সার্থ-কতা আছে। সগুণ ও নিগুণেভেদে রক্ষের দুটি বিভাবের কল্পনা এদেশের দর্শনের যেমন একটা প্রধান ও ফলোপধায়ক সিম্ধান্ত, তেমনি সাধকের অধ্যাত্ম-অনুভবেও তার সমর্থন আছে।

প্রথমেই একটা কথা বলে রাখি। স্থাণ্-ভাবের সাধনায়, বিশিষ্ট খণ্ডজ্ঞান হতে আমরা উত্তীর্ণ হই অখণ্ড সর্বসমন্বয়ী জ্ঞানের বিপন্ন উদার্যে। তারপর স্থাণ্-ত্বে প্রতিষ্ঠিত থেকে যদি লোকোত্তরের দিকে নিজেকে সম্পূর্ণ উদ্মীলিত করি, তাহলে অন্-ভব করি এক বিপন্ন শক্তিপাতের সংবেগ, যাকে কোনমতেই সঙকীর্ণ অহন্তার নিজস্ব বিত্ত বলতে পারি না। বিশ্বাত্মক অথবা বিশ্বোত্তীণ

এই শক্তির আবেশে আমাদের মধ্যে খুলে যায় তথন জ্যোতির দুয়োর. নেমে আসে জ্ঞান কর্ম' বীর্ষ' ও সিম্পির বিপলে 'লাবন-যাকে কিছ,তেই নিজের প্রায়ত্ত প্পন্দ বলে ভারতে পারি না। অনুভব করি, এ সেই সচিচ্দানন্দঘন পরমদেবতার উল্লাস—আমরা শুধু তার আধার বা নিমিত্ত মাত্র। অচলস্থিতির দুটি বিভাবেই আধারে এই সিদ্ধির অবতরণ হয়—কেননা উভয়ক্ষেত্রে ব্যজি-চেতনা অবিদ্যার সঙ্কীর্ণব্তিকে পরিহার ক'রে নিজেকে মেলে ধরে পরা দ্যিতি অথবা পরা কৃতির দিকে। শেষোক্ত পদ্থায় শক্তির উৎসম্ব খুলে যায়, আধারে নেমে আসে জ্ঞান ও কর্মের উচ্ছল প্লাবন: অতএব তাকে বলি তপের বিভৃতি। কিন্তু প্রথমোক্ত পন্থায় অর্থাৎ পরা স্থিতির দিকে আত্মো-ন্মীলনের ফলে উদ্বৃদ্ধ হয় জ্ঞান ও অভিনিবিষ্ট একাগ্রভাবনার সামর্থ্য, অথবা চেতনার স্চীমুখ বিন্ধ হয় নিম্পন্দ আত্মোপলন্ধির নিবিডতায়। কিন্ত এই আত্মধ্তিতেও তো শক্তির পরিচয় রয়েছে, অতএব এও তো তপঃ। স্কুতরাং চিৎশক্তির একাগ্র অভিনিবেশকে তপঃ বললে, রক্ষের সগাণ ও নিগাণ উভয়বিধ চৈতন্যের ধর্ম বলে তাকে মানতে হবে। এও স্বীকার করতে হবে. আমাদের স্থাণ্ডেরও মূলে এক অদুশ্য তপঃশক্তির অধিষ্ঠান বা প্রবর্তনা রয়েছে। চিংশক্তির তপোবীর্য নিখিল সূচিট কৃতি ও স্ফুরব্তার যাবংস্থায়ী আধার: আবার এই তপোবীর্য সমস্ত স্থাণ্ডের অন্তর্গুড় ভর্তা—অটল টলছে না এরই আবেশে। এমন-কি অক্ষরস্বভাবের চরম নিষ্ক্রিয়াতে, অন্তহীন দ্তব্ধতায় বা শাশ্বত নৈঃশব্দোও রয়েছে এই তপোবীর্যেরই শিলাঘন অভিনিবেশ।

কিন্তু আপত্তি হবে : তাহলেও শেষপর্যন্ত দুটি বিভাবকৈ তো ভিন্নই মানতে হয়, কেননা দুয়ের ফল তো দেখছি প্থক। নিগ্র্ব-রক্ষে সমাপত্তির ফলে ঘটে ভবের নিব্তি, আর সগ্রেণ সমাপত্তির ফলে চলে ভবের অনুবৃত্তি। কিন্তু লক্ষ্য করতে হবে, বাগ্টিচেতনা একভূমি হতে আরেক ভূমিতে উত্তীর্ণ হবার সময়েই তার মধ্যে এই পার্থক্যের বোধ জাগে। বিশ্বে অনুস্যুত বক্ষাচিতনারে অনুভবে তাঁকে জানি বিশ্বক্রিয়ার মূলাধারর্পে; আবার বিশ্বেতীর্ণ বক্ষাচিতনাকে অনুভব করি বিশ্বক্রিয়ার হতে প্রত্যাহ্ত শক্তির ব্যতিরেকম্খী একটা সংবেগর্পে। কিন্তু বিশ্বক্রিয়ার সন্ধিনী-শক্তির বিলাস যদি তপোবীর্যের বিভূতি হয়, তাহলে তপোবীর্য শ্বারা সন্ধিনী-শক্তির বিশ্ববিম্থ প্রত্যাহারও সাধিত হয়। বন্ধের নিগ্র্বণ ও সগ্রুণ চিদ্ভাব পরস্পর্রবিরোধী ও খাপছাড়া দুটি আলাদা তত্ত্ব নয়। একই চৈতন্য, একই শক্তি তারা—অথন্ডসন্তার এক কোটিতে যেমন রয়েছে আত্মসংহরণের স্তন্থতায় নিবিষ্ট, তেমনি তার আরেক কোটিতে আত্মোচ্ছলন ও আত্মোন্সীলনের পরিস্পন্দে হচ্ছে উৎসারিত। এ যেন স্তন্থ জলাশয় হতে বয়ে চলেছে বহুমুখী প্রণালিকার চণ্ডল শ্রোত।

বাস্তবিক প্রত্যেক কর্মস্পন্দনের পিছনে আছে সত্তার শাস্তবীর্যের এক অচল-প্রতিষ্ঠা—কর্মপ্রবাহের সে-ই উৎস ও ধারক। এমন-কি শেষপর্যন্ত কর্মের অন্তরালে থেকেও তার সঙেগ সম্পূর্ণ আর্বাবক্ত না হয়েই সে হয় কর্মের নিয়ন্তা। অপ্পন্দ সত্তাই স্পন্দিত হয় কর্মে, কিন্তু কর্মের মধ্যে নিঃশেষে নিজেকে ঢেলে দিয়ে একেবারে সে একাকার হয়ে যায় না। কেননা কর্ম যত বৃহৎ হ'ক, তার প্রবাহ উৎসারিত হয় যে-উৎস হতে, তাকে সে কোনমতেই সম্পূর্ণ ফ্রারিয়ে ফেলতে পারে না। শক্তির কোনও প্রকাশই শক্তিমানকে নিঃশেষ . করতে পারে না—অব্যক্ত শক্তির একটা বিপ**্**ল সঞ্চয় থেকেই যায় তার মধ্যে। কর্মস্পন্দন হতে নিজেকে সংহত ক'রে আত্মচৈতন্যে প্রতিষ্ঠিত থেকে যখন নিজের কর্মধারা লক্ষ্য করি, তখনও দেখি, যে-কোনও কর্ম কি কর্মসম্ঘির পিছনে আছে আমাদের সমগ্রসত্তার একটা আবেশ। অথন্ড দ্বরূপ-দ্থিতির বিশ্রান্তিতে সে যেমন নিবিকার, তেমনি আবার শক্তির সীমিত বিচ্ছুরেণে চণ্ডল ৷ কিন্তু তার নিবিকারত্ব সামর্থ্যহীন জড়ত্ব মাত্র নয়—বরং তাকে বলতে পারি আত্মসংহত শক্তির উদ্যত স্থাণ্ড। এই ভার্বাট আরও বৃহৎ হয়ে ফুটে উঠবে আনন্ত্যের চেতনাতেও। কেননা, যেমন নৈঃশব্দ্যের নিত্যাস্থাততে তেমনি বিস্থানির উৎসারণেও অন্তহীন অমেয় তাঁর বীর্যের প্রকাশ।

সব-কিছু নিঃস্ত হল যে-স্তৰ্থতা হতে, সে কি নির্পাধিক, না আত্ম-সংহরণের ভূমিকায় পরিদৃশ্যমান কর্মস্পন্দের দ্বারা বিশিষ্ট—এ-প্রশ্ন এখানে অপ্রাস্থিত । শুধু এইটকে জানলেই যথেন্ট, নির্গাণ আর সগাণ রক্ষে ভেদের কল্পনা প্রাকৃতমনের পক্ষে সপ্রয়োজন হলেও আসলে আছেন একই ব্রহ্ম-দুটি ব্রহ্ম নয়। এক প্রমার্থসংই তপঃশক্তির সংহরণে যেমন নিগ্লে ও নিন্দ্রিয় তেমনি তপঃশক্তির উচ্ছলনে তিনিই আবার সগণে ও সচিয়। কর্মস্পন্দ বা বিস্থির প্রয়োজনে এ যেন একই সত্তার দুটি মের, অথবা শক্তির একটা দ্বিদল প্রকাশ। স্তব্ধতা হতে উৎসারিত কর্মস্পন্দ একটা কুণ্ডলাবর্ত রচনা করে স্তব্ধতার বুকে ফিরে যায়—আবার এক ন্তন আবর্তে উৎসারিত হবার জন্যে। ব্রহ্মের নির্গন্ধভাবে প্রকাশ পায় তাঁর তপঃশক্তির দ্ববিষ্ণাময় দত্ত্বতা অর্থাৎ নিদ্পাদ বীর্যের আত্মস্মাহিত একাগ্রভাবনা। আবার তাঁর স্ব্যুণভাবে ফুটে ওঠে সেই তপঃশক্তিরই উচ্ছলন—স্তব্ধতার গভীর সম্বয় হতে উৎসারিত করে চলে সে লক্ষকোটি কর্মতরশৈর অন্তহীন উদ্বেলন। অথচ প্রত্যেকটি তরগোর উচ্ছবসিত গতিতেও অনুবিশ্ধ হয়ে আছে তার একান্ত অভিনিবেশ এবং তার প্রবেগে ঝলকে-ঝলকে তাহতে বিস্ফিট হচ্ছে সতার সংগোপন সত্য ও নিরুম্ধ সামর্থ্য। এই উচ্ছলনেও শক্তির একাগ্র-ভাবনা আছে-কিন্তু সে-ভাবনা বহুমুখী বলে আমরা তাকে মনে করি পরি-

কীর্ণতা। বাস্তবিক শক্তি সেখানে দল মেলে, ছড়িয়ে পড়ে না : ব্রহ্মের ষে-শক্তিবিক্ষেপ, তা আত্মবহিভূত মহাশ্নোর অবাস্তবতায় হারা হবার জন্য নয়। আত্মসত্তার অন্তহীন পরিসরে তাঁর শক্তির লীলায়ন চলৈ—অফুরন্ত রূপা-ত্তর ও পরিণামেও তার বীর্য সংক্ষিপ্ত কি উনীকৃত হয় না। অতএব নিগ'বাস্থাতিকে বলি শক্তির বিপ'ল সংহরণ—ব্রক্ষের তপঃ সেখানে বিচিত্র দ্পন্দলীলা এবং র্পায়ণের অধিষ্ঠান ও প্রবর্তক। তাঁর সগ্ণভাবেও শক্তির সংহরণ আছে, কিন্তু তপঃশক্তির অভিনিবেশ সেখানে স্পন্দে এবং পরিণামে। যেমন জীবে, তেমনি শিবে—শক্তির দুটি বিভাবই অন্যোন্যাপেক্ষ। তারা এক অখণ্ডসন্মাত্রের কর্মস্পন্দের দুটি মেরুরুপে যুগপৎ অবিনাভূত হয়ে আছে। প্রমার্থসংকে তাহলে অচলস্থিতির স্তব্ধতা বলতে পারি না যেমন. তেমনি তাঁকে বলতে পারি না চলংসত্তার শাশ্বত স্পন্দ। অথবা কালের বৃকে পর্যায়ক্রমে এ-দুটির আবর্তনও তিনি নন। বস্তৃত দুটির কোনটিকেই ব্রহ্মের একমাত্র অবিকল্পিত তত্তভাব বলা চলে না। আবার দুটি বিভাবের মাঝে বিরোধের কথা তখনই ওঠে যখন রক্ষাচৈতনাের ব্তির দিক থেকে তাদের বিচার করি। তাঁর সন্ধিনী-শক্তির চিন্ময় মহাবিন্দুকে বিশ্বস্পন্দে বিচ্ছুরিত দেখি যখন, তখনই বলি ব্রহ্ম সদিয়, জংগম। আবার সেই মহাবিন্দুকেই যখন দেখি দ্পন্দ হতে নিবৃত্ত হয়ে চিদ্ঘন দতব্যতায় যুগপং সংহত, তথন বলি ব্রহ্ম নিন্দ্রিয়, স্থান্। এমনি করে একই ব্রহ্ম যুগপৎ সগ্ন্ণ ও নিগ্ন্ণ, ক্ষর ও অক্ষর: এ নইলে ওইসব সংজ্ঞার কোনও অর্থই হয় না। বস্তৃত ক্ষর এবং অক্ষর দুটি স্ব-তন্ত্র তত্ত্ব নয়—তারা একই তত্ত্বের অন্যোন্যাপেক্ষ দুটি বিভাব মাত্র। সাধারণত জীবের প্রবৃত্তিদশা ও নিবৃত্তিদশার মধ্যেও আমরা এমনিতর ভেদের কল্পনা করি। ভাবি প্রবৃত্তিতে জীব অবিদ্যাচ্ছল্ল-যে-নিকৃত্তিভাব তার সত্য স্বর্প, তার কোনও খবর তখন সে রাখে না। কিন্তু নিবৃত্তির চরমান্থাততে তার প্রবৃত্তির পর্ণবিস্মৃতি ঘটে, কেননা প্রবৃত্তি ছিল তার আভাসসত্তা শ্ব্ধ। নিদ্রা ও জাগরণের মত দ্বটি দশাকে আমরা পর্যায়-ক্রমে অনুভব করি বলেই এমনটি হয়। জাগ্রতে আমরা নিদ্রাকে যেমন ভূলি, তেমনি নিদ্রাতে ভূলি জাগ্রংকে। কিন্তু পর্যায়দ্রমে নিদ্রা-জাগরণের এই আবর্তান ঘটে আমাদের সমগ্রসন্তায় নয়—তার একটি অংশে শ্বধ্ব। অথচ ভূল করে ওই একদেশকেই আমরা ভাবি সন্তার সবর্থান। অন্তরের গভীরে তলিয়ে গেলে অন্ভব করি এক বৃহত্তর সত্তা নিতাজাগ্রত রয়েছে আমাদের মধ্যে— কিছুই তার দৃষ্টি এড়ায় না। এমন-কি আমাদের বহিশ্চর খণ্ডিতচেতনার কাছে বে-ভূমি মুঢ়, তার মধ্যে যা-কিছু ঘটে তাও সে জানে। নিদ্রা কি জাগরণ শ্বারা কোনকালেই তার সংবিৎ সীমিত হয় না। যে-ব্রহ্ম সর্বজীবের অখণ্ড স্বর্পসন্তা, তাঁরও সংগ্যে আমাদের এমনি সম্পর্ক। অবিদ্যার ভূমিতে নিজেকে

আমরা একীভূত করেছি মনোময় অথবা চিন্ময়-মনোময় খণিডতচেতনার সংগ। গতির আবর্তে পড়ে তার স্থাণভোবকে এ-চেতনা ভলে যায়। আবার এই চেতনাতেই গতির সংবিৎ হারিয়ে যায় যখন, তখন স্থাণুত্বে সমাহিত হয়ে তার কর্তৃভাব হতে সে বিবিক্ত হয়ে পড়ে। পরিপূর্ণ স্থাণুডের অচলপ্রতিষ্ঠায় মন তখন হয় নিঃসম্প্র বা সমাহিত—অথবা চিন্ময় নৈঃশব্দ্যের মধ্যে মুক্তি পায়। কর্মচণ্ডল খণ্ডিতসত্তার মধ্যে যে অবিদ্যার ঘোর ঘনিয়ে আসে, এই নিঃশব্দ্য তার ক্লিডটতা হতে নিষ্কৃতি আনে। কিন্তু সেইসঙেগ সে জ্যোতি-র্মায় পাত্রশ্বারা অপাব্ত করে রক্ষের ক্ষরসত্যের মুখ, জ্যোতির্মায় বিবেকশ্বারা নিজেকে তাথেকে বিচ্ছিন্ন রাখে। সাধকের চিন্ময় মনশ্চেতনা তথন আত্ম-সমাহিত থাকে অবিচল নৈঃশব্দ্যের স্বর্পিস্থিতিতে; এবং তার ফলে—হয় কত, চৈতনার সামর্থ্য তার লুপ্ত হয়, নয়তো কর্মের প্রতি জন্মায় বিরাগ। এই অশব্দযোগ ব্রাহ্মী স্থিতির পথে অভিযাত্রী সাধকের পক্ষে বিশ্রামের একটা বিশেষ ভূমি। কিন্তু এর চাইতে মহত্তর ভূমি আছে, যেখানে আমাদের অখন্ড-সত্তার সম্যক্ সাথকিতা ঘটে—পুরুষের ক্ষর ও অক্ষর দুটি স্বভাবেরই যুগপং প্রমাক্তিতে। যিনি ক্ষর ও অক্ষর উভয়ের ভর্তা, নৈঃশব্দ্য এবং গুনুলীলা উভয়ের দ্বারা অনুপহিত যিনি, সেই তৎদ্বরূপে অবগাহন ক'রে তখনই সাধকের পরমপ্ররুষার্থ সিম্ধ হয়।

কারণ একথা সত্য নয় যে, ব্রহ্ম একবার নিম্পন্দ স্থিতি হতে নেমে আসছেন স্পন্দের দোলনে, আবার তাঁর শক্তিস্পন্দ হতে নিব্ত হয়ে উত্তীর্ণ হচ্ছেন নিস্পন্দ স্থিতিতে। এই যদি অখণ্ড অন্বয়তত্ত্বের স্বরূপ হত, তাহলে বিশ্বের স্থিতিকালে নির্গরিক্ষার সন্তা অসম্ভাবিত হত—শুধু ক্রিয়াশক্তি ছাড়া কোথাও কিছুই থাকত না। আবার বিশ্বের প্রলয়ে সগ্বারক্ষারও প্রলয় ঘটত, অক্ষর নৈঃশব্দ্যের পরমনিব্যন্তিই হত সত্তার স্বর্প। কিন্তু তা তো হচ্ছে না। নিখিল বিশ্বস্পদে, তার অভিনিবিষ্ট গতির বহুধাবৈচিত্তো, আমরা যে অনুভব করছি এক শাশ্বত নিম্পন্দতা ও আত্মনিবিষ্ট প্রশান্তির আবেশ ও বিধৃতি। এ কি সম্ভব হত, যদি স্পন্দেরও অন্তরে অন্তর্যামী ভর্তারপে দ্রুখতার অভিনিবেশ না থাকত? পূর্ণব্রহ্মে একই সময়ে ক্ষর- ও অক্ষর-ভাব দুটিই রয়েছে—জাগ্রৎ আর স্বৃত্তির মত দুয়ের মাঝে পর্যায়ের কোনও দোলন নাই। শুধু আমাদের আধারের একদেশে আছে প্রবৃত্তির এমনতর একটা আবর্তন; তার সংগ্রে নিজেকে একীভূত করে আমরাই দ্বলতে থাকি অবিদ্যার এক কোটি হতে আরেক কোটিতে। কিন্তু আমাদের অথণ্ড-সন্তার মধ্যে তো স্বগতবিরোধের এই শ্বন্দ্ব নাই। তাই আক্ষরস্বভাবকে পেতে গিয়ে ক্ষরস্বভাবের সংবিংকে তার মুছে ফেলতে হয় না। অবিদ্যাসংকুচিত র্খান্ডতসন্তার কুণ্ঠাকে পরিহার করে আমরা যথন প্রকৃতি-পরেষের সম্যক-

বিজ্ঞান ও অথপ্ডপ্রমাক্তির চেতনায় ফিরে যাই. তখন ক্ষরভাব ও অক্ষরভাবের যৌগপদ্য আমাদেরও আয়ত্ত হয়। তার ফলে বিশ্বচেতনার এই দাটি কোটিকে অনায়াসে আমরা ছাড়িয়ে যাই—প্রকৃতির সংযোগে অথবা বিয়োগে প্রকটিত এই দাটি আত্মবিভৃতির কোনটিই আর তখন একান্তভাবে আমাদের বাঁধে না।

গীতায় আছে, 'প্রেয়েয়েত্তম ক্ষরের ওপারে এবং অক্ষর হতেও উত্তম'; ক্ষর ও অক্ষরের সমবায়েও তাঁর পূর্ণ পরিচয় মেলে না। তাঁর মধ্যে ক্ষরভাব ও অক্ষরভাব যুগপৎ দুটিই রয়েছে—একথার এমন অর্থ নয় যে, একপাদ ক্ষর ও ত্রিপাদ অক্ষরের দুর্টি ভন্নাংশ জুড়ে তাঁর অভণ্য সত্তা গড়ে তোলা হয়েছে। কেননা তাহলে ব্রহ্মকে বলতে হয় অবিদ্যার সমৃতি : তাঁর অক্ষর গ্রিপাদ কেবল যে ক্ষরপাদের প্রতি উদাসীন তা-ই নয়, তার চলনেরও কোনও খবর সে রাখে না। আবার তেমনি তাঁর ক্ষরভাবও অক্ষরভাবকে জানে না. কেননা ক্ষরত্ব হতে নিব্ত না হয়ে অক্ষরসমাপত্তিও তার সম্ভব হয় না।...কল্পনা করতে পারি, দুটি ভন্নাংশের সমষ্টি হয়েও পূর্ণব্রহ্ম উভয়ের অতীত তটস্থ ও বিবিক্ত একটা-কিছ; : তাঁর সন্তার দুটি কোঠাতেই চলছে এক অনির্বাচনীয় মায়ার লীলা। আপন ঝোঁকে ক্ষরের জগতে সে যা-খর্নশ-তাই করছে, অথবা কর্ম হতে ছুটি নিয়ে নিশ্চুপ হয়ে আছে অক্ষরন্থিতিতে—ব্রহ্ম তার কিছুই জানেন না, বা সে-সম্পর্কে কোনও দায়ও তাঁর নাই।...কিন্ত স্পর্টই বোঝা যায়, ব্রহ্মই একমাত্র পরমার্থসং হলে তাঁর সগ্মণ নিগম্প দুটি ভাবকেই তিনি জানেন। কিন্তু দুটির কোনটিই তার অনুত্তর প্রস্থিতি নয়—অথচ প্রস্পর বিরুদ্ধ ধর্মী হলেও তারা তাঁর বিরাট চৈতন্যেরই অন্যোন্যাপরেক দুটি বিভাব। শাশ্বত দ্রত্থতায় সমাহিত হয়ে ব্রহ্ম নিজের ক্ষর্যতাবের লীলা জানছেন না—তাঁর এমন বিবিক্তস্থিতি কোনমতেই সতা হতে পারে না। বরং ক্ষরাতীত বলেই আপন প্বাতন্ত্রের মহিমায় তিনি তাঁর ক্ষরভাবেরও আধার—তাকে ধরে আছেন অক্ষোভ্য প্রশান্তির শান্বত বীর্ষে, আত্মসমাহিত তপস্যার নিত্যন্থিতি হতেই স্পারিত করছেন তার মধ্যে প্রবর্তনার সংবেগ। আবার ক্ষরস্বভাব ব্রহ্ম অক্ষর-দির্থাত হতে বিবিক্ত হয়ে তার কোন খবর জানেন না—একথাও সত্য হতে পারে না। কারণ নিত্য সর্বগত ব্রহ্ম নিশ্চয় তাঁর ক্ষরলীলারও ভর্তা, তার 'হুদি সমিবিষ্টঃ' হয়ে আপন প্রভাবে কর্বালত করে আছেন তাকে—অথচ শক্তির প্রচন্ডতম আবর্তের মধ্যেও শাশ্বত প্রশান্তিতে দতব্ধ অবন্ধন ও আনন্দময় হয়ে আছেন। বস্তৃত নিগর্বণিস্থিতিতে হ'ক বা গর্ণলীলাতে হ'ক, তাঁর অনুত্তর পরমার্থসত্তার সংবিং দুটিতেই নিতাস্ফুর্ত। কেননা, তাঁর এই দুটি বিভূতির যে বীর্য ও সার্থকতা, তার গোপন উৎস আছে ওই অন্তরপদের স্বর্মাহমার বীর্ষে। আমাদের অনুভবে তারা যে বিবিক্ত ও সংগতিহীন হয়ে দেখা দেয়, তার কারণ একান্তভাবনা দিয়ে আমরা তাঁর একটি বিভাবকেই

আঁকড়ে ধরি এবং এই ঐকান্তিকতার ফলে প্রিক্সের অখণ্ড আবেশের প্রসাদ হতে নিজেদের বণ্ডিত করি।

আরেকদিক থেকে বিচার ক'রে পূর্বেও বর্লোছ এবং বর্তমান আলোচনা হতেও এ-সিন্ধান্ত অনিবার্য হয়ে পড়ছে যে, পরব্রহ্ম বা অখন্ড সচিদানন্দকে কিছ্বতেই অবিদ্যার আশয় কিংবা তার বিভজাব্ততার প্রবর্তক বলা চলে না। অবিদ্যা আমাদের অথ-ডসত্তার একটা একদেশী বৃত্তি মাত। অথচ আমরা তাকেই মনে কর্রাছ আমাদের স্বর্থানি—্যেমন না কি দেহের মধ্যে থেকে স্বাপ্তি-জাগ্রতে দোলায়মান বহিশ্চর খণ্ডচেতনাকেই ভার্বাছ আমাদের স্বরূপ। অখন্ডের সবটকে না নিয়ে শুধু-যে তার একটি অংশের সঙ্গে নিজের অবিবেক ঘটানো—এই হল অবিদ্যার উপাদানকারণ। অতএব রক্ষের প্রমার্থভাবে অথবা তাঁর অখণ্ড পূর্ণতার মধ্যে অবিদ্যার স্বভাবস্থিতি যদি অসম্ভব হয়, তাহলে বিশ্বে তত্ত্বত মূলা অবিদ্যা বলেও কিছু, থাকতে পারে না। মায়াকে যদি শাশ্বত ব্রহ্মটেতন্যের নিত্যবিভাতি বলি, তাহলে তাকে অবিদ্যা কিংবা তার সগোত্রই-বা বলি কি করে? বদত্ত মায়া আত্মবিদ্যা ও সর্ববিদ্যার দবরপেশক্তি এবং যুগপং সে বিশ্বোন্তীর্ণ ও বিশ্বাত্মক—এই কথাই তখন মানতে হয়। সে-মায়াতে অবিদ্যার লীলা একটা গোর্ণবিভাত মাত্র, বিশেষ-কোনও প্রয়োজনে তার খণ্ডিত ও আপেক্ষিক সত্তা পরে দেখা দিয়েছে—মনে হয় এই য**ুক্তিই** সংগত।...তাহলে জীবের বহুত্বের সংগ্যে কি অবিদ্যার কোনও স্বার্রাসক সম্বন্ধ আছে ? ব্রহ্ম যখন নিজেকে বহু ধা বিভাবিত দেখেন, তখনই কি অবিদ্যার আবিভাব হয় ? ব্যাষ্টজীবের একটা সংকলনই কি তাঁর বহু বিভাবনার তত্ত্ব ? প্রত্যেক জীব স্বভাবতই সমূহের একটি বিবিক্ত অংশ মাত্র, কারও চেতনার সংগ্রে কারও চেতনার যোগ নাই—তাই অপরকে বহিশ্চর ও অনাত্মীয় সত্তা বলে জানা ছাডা তার আর-কোনও উপায় নাই। দেহের সঙ্গে দেহের অথবা মনের সংখ্যে মনের যোগেই জীবের সকল আত্মীয়তা পর্যবিসত হয়, তার চাইতে গভীর কোনও ঐক্যভাবনার সামর্থ্যও তার নাই।—এই কি ব্রহ্মের বহুভাবনার পরিচয় ?...কিন্তু পূর্বেই বর্লোছ, এ-অনুভব চেতনার সবচাইতে বাইরের স্তরের নিশানা মাত্র—যেখানে দেহ-প্রাণ-মন সবারই ব্যত্তি বহির্মিখ। কিস্তু এর চাইতে সক্ষা, গভীর ও বৃহৎ চেতনার বৃত্তিও এই আধারে আছে। অন্তরাবাত্ত হয়ে তার মধ্যে যত তলিয়ে যাই. ততই দেখি চেতনায়-চেতনায় বিচ্ছেদের প্রাচীর ক্রমেই ফিকা হয়ে যাচ্ছে এবং অবশেষে অবিদারী আবরণ খসে গিয়ে অভেদের স্বয়ংপ্রকাশ জ্যোতিতে বিশ্বভ্রন স্লাবিত হয়ে গেছে!

মহাপ্রকৃতি আত্ম-অবিদ্যার অন্ধতমিস্রায় ঝাঁপিয়ে পড়েছে। আবার সেই অতলগহন হতে জীবচেতনার খদ্যোতিবিন্দর্তে শ্রুর হয়েছে তার জ্যোতি-রয়ণের অভিযান। বহুধাপরিকীর্ণ তার চেতনা—খণ্ডে-খণ্ডে অন্তহীন

দ্বন্দের তুম্বলতায় বিক্ষ্বে তার মধ্যে ঐক্যের ভাবনাকে সার্থক করতে হবে ওই খণ্ডিত জীবচেতনাকেই আশ্রয় করে। তার উত্তরায়ণ-প্রবৃত্তির আদি-বিন্দু হল দেহ—যার মধ্যে আপাতভেদের প্রতীতি স্বচাইতে উগ্ন হয়ে দেখা দিয়েছে। দেহের সঙ্গে দেহের যোগাযোগে বাহ্যসাধন একমাত্র অবলম্বন। সেখানে বহিঃসত্তার ব্যবধানকে মেনে চলতেই হয়। দেহের মধ্যে দেহের অনুপ্রবেশ সম্ভব—অন্বিদ্ধ দেহকে বিদীণ করে, অথবা প্রাক্সিদ্ধ বিদারণজনিত কোনও অবকাশকে আশ্রয় করে। দেহের সঙ্গে দেহের আত্যন্তিক মিলন ঘটে অবয়বের বিশেলষণ ও গ্রসন শ্বারা। এক পক্ষ আরেক পক্ষকে কর্বালত ও জীর্ণ করার ফলে পরস্পরের আত্তীকরণ ঘটে, অথবা আত্মহারা সংমিশ্রণে উভয় পক্ষের প্রলয় ঘটলে তবে মিলন সম্পূর্ণ হয়। মন যখন দেহের সঙ্গে র্আবিবিক্ত হয়, তখন দেহের সংকৃচিত ব্যত্তিতে তারও স্বাচ্ছন্দ্য পীড়িত হয়। নইলে দেহের চাইতে সক্ষা বলে দুটি মন পরস্পরকে আহত বা বিভক্ত না করেও পরস্পরের মধ্যে অনুপ্রবিষ্ট হতে পারে—এমন-কি পরস্পরকে ক্ষুণ্ণ না করে মনোধাতর অন্যোন্যবিনিময়, অথবা একটি মনের মধ্যে আরেকটি মনের অন্ত-র্ভারও অসম্ভব নয়। তব্ব প্রত্যেক মনের মধ্যে অন্যবিবিক্ত একটা স্বকীয়তা আছে, এবং তাকে ধরেই যে সে আপন স্বাতন্ত্য খ;জবে—এও স্বাভাবিক। কিন্তু আত্মচেতনায় ফিরে গেলে পর মিলনের বাধা ধীরে-ধীরে কমে গিয়ে অবশেষে সম্পূর্ণ অপসারিত হয়। চৈতনোর ভূমিতে আত্মার সংগে আত্মার তাদাত্মাবোধ, আত্মার দ্বারা আত্মার পরিব্যাপ্তি এবং আত্মাতে আত্মার অন্-প্রবেশ—এর্মানতর সর্বাত্মভাবের সকল লীলায়নই সম্ভব। আর এ-অনুভব সিন্ধ হয় স্বৃত্তি বা নির্বাণের বিবিক্তবোধশন্য অলক্ষণ কৈবলো নয়—যার মধ্যে দেহ প্রাণ ও জীবচৈতন্যের সকল ভেদ ও বৈশিষ্ট্য লুপ্ত। সিম্থের পূর্ণ-জাগ্রৎ চেতনাতেই এই প্রতিবোধ জাগে, যা নিখিল ভেদবৈচিত্যের সাক্ষী ও রসিক হয়েই অনায়াসে তাদের ছাড়িয়ে যায়।

অতএব অবিদ্যা এবং তার বিভজাব্ততার সংগ্লাচ জীববহ্বের অন্ন্তরণীয় স্বভাবধর্ম নয়, অথবা রক্ষের বহুবিভাবনার ঐকান্তিক স্বর্পত্ত নয়।
রক্ষা যেমন সগর্ণ ও নিগর্বিভাবের অতীত, তেমনি একত্ব ও বহুব্দেরও ওপারে।
আত্মন্বর্পে অবশ্য তিনি আন্বিতীয়। কিন্তু সে-একত্ব আত্মসংগ্লাচের ন্বারা
বহুবিভাবনার সামর্থ্য হতে তাঁকে নিব্তু করে না—দেহ ও মনের বিভক্তব্তি
একত্বের মত। রক্ষের একত্ব গণিতের সংখ্যৈকত্ব নয়, যার মধ্যে এক-শার ঠাই
হয় না বলেই এক-শার চাইতে তাকে খাটো ভাবি। এক আন্বিতীয় রক্ষা
যেমন এক-শার ঠাই আছে তেমনি এক-শার প্রত্যেকের মধ্যে আবার তিনি এক।
আত্মন্বর্পে তিনি অন্বিতীয়। তাই বহুর মধ্যে একমাত্র তিনিই আছেন
এবং বহুও তাঁর মধ্যে আছে এক হয়ে। অর্থাৎ রক্ষের চিদাত্মভাবের একত্বে

জড়িয়ে আছে তাঁর জীবাস্বভাবের বহুত্বসংবিং। আবার তাঁর বহুজীবরুপে আত্মভাবের চেতনায় অনুস্তাত হয়ে আছে সর্বজীবের তাদাস্মাভাবের অনুভব। প্রত্যেক জীবে অন্তর্যামী চিন্ময়পুরুষরুপে তিনি 'হুদি সক্লিবিন্ডঃ' রয়েছেন—আপন একত্বের অপ্রচ্যুত সংবিং নিয়ে। আবার তাঁর জ্যোতিতে জ্যোতিত্মান জীবাস্মা যেমন অন্বয়স্বরুপের সঙ্গো তার তাদাস্ম্য অনুভব করে, তেমনি অনুভব করে, সর্বাস্থভাবের উল্লাস। দেহাস্থবোধে সংকুচিত আমাদের বহিশ্চর চেতনা আজ অবিদায় আছেল হয়ে আছে—বিভক্তবৃত্তি প্রাণ ও বিভজাবৃত্ত মনের সঙ্গো নিজেকে ঘুলিয়ে ফেলে। কিন্তু প্রতিবোধের দীপ্তিতে তার সংবিংকেও উজ্জ্বল করে তোলা অসম্ভব নয়। স্তরাং বহুত্বভাবনাকে কোনমতেই অবিদ্যার অপরিহার্য প্রযোজক বলা চলে না।

পূর্বেই বলেছি, অবিদ্যার তরুগ দেখা দেয় অনেক পরে—অবস্পিণী ধারার শেষের দিকে, যথন মন তার চিন্ময় ও অতিমানস অধিষ্ঠান হতে বিবিক্ত। এই পার্থিবজীবনে তার চরম ঘোর ঘনিয়ে ওঠে যখন বহুধাপরিকীর্ণ ব্যক্তি-চেতনা বিভজাব,ত্ত মনের সহায়ে মৃত্রিপে অধাস্ত হয়, কেননা একমাত্র ন্তার পকেই বলা চলে বিভাজনের সর্বাপেক্ষা নিরাপদ অবলন্বন। কিন্ত মৃত্রেপের স্বরূপ কি? এখানে তাকে দেখছি কুণ্ডলিত শক্তির একটা বিগ্রহ-রূপে—ক্রিয়ার অবিরাম আবর্তে রচিত ও বিধৃত সন্তার সে যেন একটা গ্রন্থি। সে যদি লোকোত্তর কোনও সত্য বা তত্ত্বে বিচ্ছারণ বা বিভূতিও হয়, তব. এখানে তার মধ্যে স্থায়িত্ব বা নিত্যত্বের এতট্রকু আভাস দেখতে পাই না। অখন্ডর্পেও যেমন সে নিতা নয়, তেমনি তার উপাদানভূত পরমাণ্ও নিতা নয়—কেননা পরমাণ্ড শক্তিগ্রন্থি মাত্র। শক্তির অবিরাম কুণ্ডলনেই পরমাণ্র আপাতস্থাণ্ড দেখা দিয়েছে, স্কুতরাং কুণ্ডলিত শক্তিকে শিথিল করে পর-মাণ্র অবয়বের বিশরণও অসম্ভব নয়। র্পকে আশ্রয় করে শক্তিম্পন্দের যে একাগ্র তপঃ, তা-ই তাকে ধরে রেখেছে সন্তার বক্ষে এবং তা-ই হয়েছে বিভাজনের স্থলে অবলম্বন। কিন্তু প্রেই বর্লেছি, প্রকৃতির গ্র্ণলীলায় যা-কিছ্ম ঘটছে, তারই মধ্যে আছে বিষয়কে আশ্রয় করে শক্তিস্পন্দের একটা একাগ্র তপঃ। অতএব অবিদ্যারও মূলে আছে আত্মসমাহিত একাগ্র তপেরই প্রবর্তনা—অর্থাৎ শক্তির একটা বিবিক্ত স্পন্দকে নিয়ে চিৎশক্তির স্বচ্ছন্দ লীলায়ন। আমাদের মধ্যে চিত্ত এই অবিদ্যার ক্ষেত্র। ব্যক্তিচেতনাকে আশ্রয় করে চিংশক্তির যে-বিবিক্তম্পন্দ, তার সঙ্গে চিত্ত তদাত্মক হরে যায়। শুধু তা-ই নয়, স্পন্দের প্রত্যেক বিবিক্ত পরিণামের সঙ্গে তার তাদাত্ম্য ঘটে। এই ব্, ব্রিসার্পাই চেতনার চারদিকে গড়ে তোলে বিবিক্ত বোধের একটা প্রাচীর এবং তার ফলে চিত্ত যেমন তার সমগ্রসতার পরিচয় পায় না, তেমনি অপর শরীরী চেতনাকে বা বিশ্বচেতনাকে জানাও তার পক্ষে অসম্ভব হয়। অতএব

চিত্তের এই ঐকাণ্ডিক বৃত্তির মধ্যেই অবিদ্যার রহস্য খ্রন্ধতে হবে—যে-অবিদ্যার আপাতিক ছায়ায় ঢেকে আছে মনোময় শরীরী প্রেব্যের চেতনা, জড়প্রকৃতির আপাত-অচিতিতে ফ্রটেছে যার বিপ্লে অমানিশার করাল মায়া। এই-যে সর্বনিবেশন সর্ববিভাজন সর্ববিষ্মরণ তপঃসমাধি, বিশেবর এই অব্যক্ত প্রাতিহারের দ্বর্প কি—এখন তা-ই আমাদের প্রশন।

व्याम्य अभाग्न

চিতিশক্তির ঐকান্তিক অভিনিবেশ ও অবিচ্ঠা

কতঞ্চ সত্যশুদ্ধশিখাৎ তপসোহধ্যজায়ত। ততো রান্যজায়ত ততঃ সমুদ্রো অর্পনঃ ॥

भारक्ष ५०।५५०।५

সত্য এবং ঋত জাত হল অভীষ্ধ তপঃ হতে; তাহতে জাত হল রাগ্রি এবং রাগ্রি হতে অর্ণ-বান্ সম্দ্র।

-क्**र** (५०।५५०।५)

রন্মের বিশ্বভাবনায় ফ্রটে উঠছে একত্ব ও নানাত্বের অন্যোনাসংবিং—এই তাঁর বিরাট-ভাবের তত্ত্ব। আবার স্বরূপত তিনি একম্ব এবং নানাম্ব উভয় উপাধির অতীত অথচ উভয়ের আধার ও সংবেত্তা-–এই তাঁর তত্তভাবের পরিচয়। অতএব এই তত্তদর্শনের 'পরে দাঁডিয়ে বলা চলে, চিতি-শক্তির একটা গোণপরিণাম হতেই অবিদ্যার বিস্কৃতি সম্ভব। অখণ্ডসম্ভার খণ্ডিত জ্ঞান অথবা খণ্ডিত ক্রিয়ার 'পরে অভিনিবিষ্ট চেতনার যে-ঝোঁক সন্তার আর-বাকিটুক ছে'টে ফেলে তার সংবিৎ হতে, তাকেই বলি অবিদ্যা। এই অভি-নিবেশের ধরন অনেকরকম হতে পারে। কোথাও নানাম্বকে বাদ দিয়ে একম্ব আপনাতেই আপনি অভিনিবিষ্ট: কোথাও নানার অভিনিবেশ আত্মস্পেরে বিশিষ্ট ধারার প্রতি-একত্বের সর্বগ্রাহী সংবিতের দিকে না তাকিয়ে: কোথাও-বা দেখি ব্যাণ্ট জীবের নিবিষ্ট আত্মরতি নিজেকে জড়িয়ে—একত্ব ও নানাত্ব দ্যাের কথা ভলে গিয়ে, কেননা তার বিবিক্ত প্রাকৃতচেতনায় ও-দ্বটি রয়েছে অপরোক্ষ-সংবিতের বাইরে। আবার কোথাও চিৎপরিণামের বিশিষ্ট কোনও ভূমিতে দেখা দেয় ঐকান্তিক অভিনিবেশের একটা সামান্যবিধি—যার মধ্যে উপরি-উক্ত তিনটি ধরনেরই সমাবেশ ঘটে। তখন দেখতে পাই বিবিক্ত চিতি-ক্রিয়ার একটা বিবিক্ত স্পন্দলীলা। কিন্ত তার আধার হয় প্রকৃতির গণেক্রিয়া —পোর ষেয়বোধ নয়।

মনে হয় অবিদ্যাকে চিতিশক্তির এমনিতর ঐকান্তিক অভিনিবেশর্পে কল্পনা করাই যুক্তিসংগত, কেননা এ-সম্পর্কে অন্য-কোনও অভ্যুপগম যথেন্ট প্রামাণিক কিংবা ব্যাপক নয়। অখন্ড পূর্ণব্রহ্ম প্রণম্বভাবে প্রতিষ্ঠিত থেকে অবিদ্যার জনকর্পে কল্পিত হতে পারেন না, কারণ তাঁর অখন্ড প্রণম্বের তাৎপর্যই হল প্রণপ্রজ্ঞা বা সর্বসংবিং। যিনি অন্বিতীয় সংস্বরূপ, বহুকে কোনমতেই তাঁর অখন্ডচিন্ময় সন্তার বাইরে ফেলে রাখা যায়

না, কেননা তাতে বহুত্বের সত্তা অসম্ভাবিত হয়। শুধু এইটাকু বলতে পারি হয়তো বিশ্বলীলা হতে তটম্থ ব্রহ্ম আত্মচৈতনোর কোনও লোকোন্তরভূমিতে সমাবিষ্ট থেকে জীবের মধ্যেও ওই তটস্থ-বাত্তিকে সঞ্চারিত করতে পারেন। ...তেমনি বহুর অখন্ডসমণ্টি অথবা প্রত্যেক ব্যাচ্চিবিভৃতিও যে সমৃদ্টি অম্বয়-তত্ত্বকে অথবা অপর ব্যক্তিবিভূতিকে জানে না, তা নয়। কারণ বহুত্ব বলতে আমরা বর্ঝি, এক দিব্য-পরে,ধেরই সর্বময় আবেশ। তার মধ্যে ব্যক্ষিভাবনা থাকলেও, অখণ্ড বিরাটটেতনোর সমাবেশহেতু নিখিলের সঙ্গে এক চিন্ময় তাদাত্ম্যভাবনাও রয়েছে এবং তার সঙ্গে সম্পর্টিত হয়ে আছে অনুত্তরের অনাদিসদ্ভাবের একরসপ্রতায়। অতএব অবিদ্যা আত্মটেতন্যের স্বভাবধর্ম তো নয়ই, এমন-কি জীবাত্মারও স্বভাব নয়। চিন্ময় প্রকৃতির বিশেষাভিম,খী প্রবৃত্তি যখন কর্মের প্রতি ঐকান্তিক অভিনিবেশবশত আত্মন্বরূপকে এবং আত্মশক্তির অথণ্ড পরিচয়কে ভূলে যায়, তথনই অবিদ্যার সূচনা হয়। সূতরাং অবিদ্যার বৃত্তিকে কোনমতেই অথন্ডসন্তার অথবা অথন্ড সন্ধিনী-শক্তির সমগ্র পরিণাম বলা চলে না। কেননা পরেবই বলেছি, সমগ্রতার পরিচয় পরে-প্রজ্ঞাতে—খণ্ডচেতনায় নয়। অতএব অবিদ্যা চিতিশক্তির একটা বহিশ্চর র্থান্ডত ব্যক্তি মাত্র। ব্যাকৃতির বিশেষ-একটি ধারার প্রতি তার অভিনিবেশ। যা তার এলাকার বাইরে অথবা যার বৃত্তি পরিস্ফুট নয়, তাকে ভুলে থাকাই তার স্বভাব। অবিদ্যার কুর্হেলিকায় প্রকৃতি আত্মার প্রতায়কে স্বেচ্ছায় আবৃত করেছে, ভুলেছে সর্বময়কে। তাঁদের পাশ কাটিয়ে বা পিছনে রেখে সে এখন নিজেকে একান্তভাবে নিবিষ্ট রাখতে চায় সন্তার কোনও বহিম বখ লীলায়নে। অনন্ত সন্মাত্রে ও তাঁর অনন্ত সংবিতে তপঃশক্তি অবিনাভূত হয়ে আছে চিতিশক্তির নির্ঢ় বীর্ষর্পে। এ যেন অনন্তসংবিতের আত্মনির্ঢ় কিংবা আত্মসংহত স্ববিমর্শ অথবা বিষয়বিমর্শ। কিন্তু সে-বিমর্শের বিষয় হয় সে নিজে, নয়তো তার সন্তার কোনও স্পন্দ বা বিভূতি। এই আত্মসমাধান যথন দ্ব-গত বা দ্বরুপনিষ্ঠ, তখন সে ধরে অবিকল্পিত দ্ববিমশের রূপ—আত্ম-স্বর্পের মণিকোঠায় প্রত্যক্-বৃত্তির পূর্ণগ্রস্ত প্রবিলয়ে অথবা আত্মহার। আত্মনিমজ্জনে। আবার কখনও এই আত্মসমাধান সর্বগত, কিংবা সমগ্র-বহু, ছের অখন্ডপ্রত্যয়ে উল্ভাসিত, অথবা সমগ্রেরই কলায়-কলায় বহু,ভাগ্গম অনুভবে বিলসিত। হয়তো কখনও তার মধ্যে আত্মসন্তার বা আত্মস্পন্দের একদেশের প্রতি বিবিক্ত একটা অভিনিবেশ দেখা দেয়—যেন একটি কেন্দ্রে বিশ্ব হয়ে একাগ্রতার স্চীম্থ বৃত্তিতে অথবা আত্মসত্তার একটিমাত্র বহিব্ বিভূতিতে সকল ভাবনা লীন হয়ে আছে। সবার আগে, স্ব-গত অভিনিবেশের এক প্রত্যুক্তে আছে অতিচেতনার নৈঃশব্দ্য, আরেক প্রত্যুক্তে অচিতির

অসাডতা। সর্বগত অভিনিবেশ তার পরে: তার মধ্যে আছে সং-চিং-আনন্দের

অখন্ডসংবিৎ অথবা অতিমানসের সম্যক্সমাধি। তৃতীয় ধাপে আছে বহুধাব্ত অভিনিবেশ অথবা অধিমানসের সংবর্তুল প্রতায়। আর চতুর্থ ধাপে বিবিক্ত অভিনিবেশ—অবিদ্যার যা বিশেষ ধর্ম। পরা সংবিতের অনুত্তর সম্যক্-প্রতায়ে চেতনার এই চারটি বিভাব বা শক্তিই সান্দ্র-সংহত হয়ে আছে—যেন এক অন্বিতীয় পরাংপর প্রব্যের অখন্ডদ্বিত আত্মবিমর্শের সমকালেই ভাসছে সর্বতাবিলসিত এই আত্মবিভৃতির অবিভক্ত প্রত্যয়।

এই অভিনিবেশ বা আত্মসমাধানের অর্থ যদি হয় বিষয়ীর আত্মনির্ট দ্ববিমশ অথবা বিষয়বিমশ তাহলে এ যে চিৎসত্তার দ্বভাবধর্ম—একথা প্রীকার করতেই হবে। কারণ অন্তহীন প্রসারণ অথবা বিকিরণ চৈতনোর দ্বধর্ম হলেও তার পীঠভূমিতে আছে চেতনার আত্মনির চ সর্বাধার দ্বধার বিলাস। তার শক্তির আপাতিক বিক্ষেপ বস্তুত অপক্ষয় নয়—বিভিন্ন ব্যাহে শক্তির সমাবেশ মাত্র। আত্মনির্চু অভিনিবেশ আধাররূপে তার পিছনে আছে বলেই তার বহিব ত্ত বিক্ষেপ সম্ভব হয়েছে। অতএব আধারের একদেশে কি একটি স্পন্দব্রিতে, অথবা একটি বিষয় কি বিষয়ীতে পরাক্-ব্রু বা প্রত্যক্-ব্রত্ত চেতনার ঐকান্তিক অভিনিবেশে, চিৎস্বরূপের অথন্ডসংবিং নিরাকৃত অথবা পরাব্ত হয় না। কেননা এ-অভিনিবেশ তাঁর তপঃশক্তিরই আত্মসংহরণের একটি ভাঙ্গ মাত্র। ঐকাণ্ডিক অভিনিবেশের পিছনে আবার অবশিষ্ট আত্মজ্ঞানের একটা সমূহন থাকে। তখন তার মধ্যে সর্বগ্রাহী সংবিং থাকতেও অভি-নিবেশের কাজ চলে যেন মূঢ়ের মত। এ-অবন্থাকে নিশ্চয় অবিদ্যার ভূমি বা ব্যত্তি বলা চলে না। কিল্ড অভিনিবেশের বৃত্তি দিয়ে চেতনা কখনও অন্য-ব্যাব্তির একটা প্রাচীর খাড়া করে তার চার্রাদকে এবং শক্তিম্পদের একটি-মাত্র ক্ষেত্রে বিভাগে বা আধারে আপনাকে অবর্ক্ষ রেখে নিজের মধ্যে শুধু তারই সংবিং জাগিয়ে রাখে, অথবা অপরকে জানে আত্মসত্তার বহিত্তি বলে। তখনই জ্ঞানের মধ্যে দেখা দেয় একটা আত্মসঙ্কোচনী ব্যত্তি. বিবিক্ত-জ্ঞানের আবির্ভাব যার পরিণাম: এবং চরমে তা-ই ধরে অর্থাক্রিয়াকারী অবিদ্যার বিশিষ্ট রূপ।

আমরা মান্য অর্থাৎ মনোময় জীব। আমাদের চেতনায় ঐকান্তিক অভিনিবেশ ফ্টে ওঠে কি আকারে, তার পরিচয় নিতে গিয়ে অবিদ্যার স্বর্প এবং তার ব্যাবহারিক তাৎপর্য সম্পর্কে আমাদের ধারণা অনেকটা স্পন্ট হয়ে আসবে। একটা কথা গোড়াতেই বলে রাখা ভাল। সাধারণত মান্য বলতে আমরা তার অন্তরাত্মাকে লক্ষ্য করি না। অতীত বর্তমান ও ভবিষ্যতের খাত বেয়ে চলেছে চেতনা ও শক্তির একটা আপাত-অবিচ্ছেদ প্রবাহ—তারই একটা সমাহারকে আমরা নাম দিয়েছি মান্য। মনে হয়, এই শক্তিপ্রেই বেন মান্বের সব কাজ করে চলছে—সে-ই বেন তার মননের মন্তা, তার

ভাবের অনুভবিতা। আসলে এই শক্তি চিতিশক্তির একটা ধারা—যা সম্প্রতি অভিনিবিষ্ট হয়ে আছে অন্তর্গণ ও বহিরগণ কর্মের কালাবচ্ছিল্ল প্রবাহে। কিন্তু আমরা জানি, এই শক্তিধারার পিছনে আছে চেতনর এক বিপলে সমন্ত্র। ধারাকে সে চিনলেও ধারা তার কোনও খবর রাখে না, কারণ বহিব্যক্ত এই শক্তিধারা অদৃশ্য এক মহাশক্তির একদেশী একটা পরিণাম মাত্র। মানুষের অধিচেতন আত্মাই হল ওই সমন্ত্র। তার মধ্যে আছে তার অতিচেতন অব-চেতন অন্তন্দেত্তন ও পরিচেতন সত্তার সমাবেশ এবং সকলকে জড়িয়ে তার জীবাত্মা বা চৈত্যসন্তা। আর বাইরের প্রাকৃত-মানুষটা হল ওই ধারা। তার মধ্যে অন্তগ্র্টে সন্তার শক্তিম্পন্দ বা তপঃ অভিনিবিষ্ট হয়ে আছে চেতনার বহির্বাটিতে—বহিরণ্য কতগালি কর্মের জঞ্জাল নিয়ে। কিন্তু তপঃশক্তির বেশীর ভাগই প্রচ্ছন্ন রয়েছে চেতনার অন্তঃপর্রে। চিৎসত্তার অন্পণ্ট গোধর্লি-লোক হতে একটা ছায়াময় সংবিং হয়তো উ'কি দেয় মানুষের অন্তরে, কিন্তু বাইরে বহিরঙ্গ প্রবৃত্তির ঐকান্তিক অভিনিবেশে তার কোনও আভাসই জাগে না। এই তপঃশক্তি যে নিজের স্বর্প সম্পর্কে অজ্ঞান, তা নয়। অন্তত তার অন্তঃপ্রের বা চেতনার গভীরে, আমরা অজ্ঞান বলতে যা বুঝি. তার কোনও নিশানা নাই। কেবল বহিরগা কর্মের প্রতি ঐকান্তিক অভিনিবেশ-বশত তার বৃহত্তর আত্মস্বরূপকে যেন সে ভূলে আছে ওই র্বাহম, খীনতারই প্রয়োজনে—এই হল তার অজ্ঞানের তাৎপর্য। অথচ সমস্ত কর্মের প্রকৃত কর্তা কিন্তু সন্তার অন্তঃসম্দুদ্র—তার বহিধারা নয়। বহিরখ্য কর্মের উত্তালতা জেগেছে গভীর সম্বদ্ধের আলোড়ন হতে—চেতনার বহির্ভভ্রাস হতে নয়। তরংগচেতনা তরখেগর বাইরে কিছুই দেখছে না—ওই দোলনেই সে অভি-নিবিষ্ট, ওই তার প্রাণ। অতএব নিজেকে সে তাদের কর্তা ভাবতে পারে— কিন্তু ব্যাপারটা আসলে তা নয়। বস্তৃত অন্তঃসম্দুই আত্মার স্বর্প। অখন্ড সংবিং-শক্তি ও অখন্ড সন্ধিনী-শক্তির সে আধার, অতএব অবিদ্যার এতট্রক আভাসও তার মধ্যে নাই। এমন-কি তরজ্গকেও স্বর্পত অজ্ঞান বলা চলে না, কেননা তারও মধ্যে ভুলে-যাওয়া সংবিতের একটা অন্তগর্ভ সঞ্চয় আছে, নইলে তার কৃতি কি স্থিতি দুইই অসম্ভব হত। কিন্তু তরণ্য আর্থাবস্মত-আপন দোলনে সে বিভোর হয়ে আছে। যতক্ষণ দোলন আছে, ততক্ষণ তার আবেশে সে আত্মহারা—তার বাইরে আর-কিছুর দিকে তাকাবার অবসরট্রকুও তার নাই। অতএব স্বর্পনিষ্ঠ অনতিবর্তনীয় আত্ম-অবিদ্যা নয়, ব্যাবহারিক প্রয়োজনে উদ্ভূত সংকীর্ণ আত্মবিস্মৃতিই হল এই ঐকান্তিক অভিনিবেশের স্বরূপ। এই অভিনিবেশই অবিদ্যার প্রবর্তক।

জানি, মানুষ তপঃশক্তির একটা অবিচ্ছেদ প্রবাহ—কালকলনাময় চেতন শক্তিই তার আত্মপরিচয়। অতীত কর্মের সঞ্চিত প্রবেগকে সে মূর্ত করে

তোলে তার বর্তমানে এবং ওই অতীত ও বর্তমান কর্মের সমবায়ে গড়ে তোলে তার সিম্ধ ভবিষাংকে। অথচ সে তন্ময় হয়ে আছে শ্বধ্ব বর্তমান মৃহ্তিটিতে, ক্ষণ হতে ক্ষণান্তরের তরুগদোলার ভেসে চলেছে তার জীবন ৷ চেতনার এই র্বাহশ্চর ব্যত্তিকে আঁকড়ে আছে বলেই তার অনাগতকে সে জানে না. অতীতেরও স্বাট্রকু জানে না—শা্ধ্যু স্মৃতির জালে যেটাকুকে বর্তমানের ডাঙায় টেনে তুলতে পারে সেইটুকু ছাড়া। আবার সে যে শুধু অতীতের মধ্যে বে'চে আছে, তাও নয়। স্মৃতির জালে যাকে সে টেনে তোলে, সে তো অতীতের বাস্তব রূপ নয়—অতীতের সে প্রেতচ্ছায়া। যা মরে গেছে ফ্রারিয়ে গেছে নাদিত হয়ে গেছে, স্মৃতিতে ভর করে তার একটা কল্পছবি তার সামনে অতীতের রূপে ধরে ভেসে ওঠে।...কিন্তু এসমুস্তই অবিদ্যার বহিরঙগ ব্যব্তির খেলা। আমাদের অন্তগ্র্ডি ঋত-চিৎ তো তার অতীতকে ভোলেনি। অতীত জীবনত হয়েই আছে তার মধ্যে—স্মৃতির গ্রহায় ম্ম্র্ হয়ে নয়। সে-অতীত জাগ্রত জীবন্ত স্পন্দমান ফলোন্মুখ। চিংশক্তির নিগঢ়ে প্রেরণায় মাঝে-মাঝে চেতনার উপরের কোঠায় সে ভেসে ওঠে স্মৃতির আকারে, অথবা সত্য বলতে অতীত কর্ম বা অতীত কারণের পরিণামর্পে। কর্মবাদের তত্ত্বও হল তা-ই। অন্তগর্তি ঋত-চিতের ভবিষ্যদর্শনেরও সামর্থ্য আছে : এই আধারের গহোগহনে রয়েছে প্রাতিভসংবিতের এক উদার ক্ষেত্র. সম্মাথে ও পশ্চাতে প্রসারিত যার জ্যোতিমার পরিমণ্ডল—কালসংবিং কাল-দ্দি ও কার্লবিজ্ঞানের স্ক্রা চেতনা নিয়ে। এই অন্তর্গহনে এমন একটা-কিছ্ আছে, যার সত্তা তিনটি কালে অবিভক্ত হয়ে ছড়িয়ে পড়েছে, আপন কৃক্ষিণত করে রেখেছে কালের যত আপাতবিভাগ, ভবিষাতের সম্ভাবনাকে নিজের মধ্যে উদাত রেখেছে ফোটাবার অপেক্ষায়।...অতএব বর্তমানের মধ্যে এর্মান করে তন্ময় হয়ে যাওয়া. এই হল ঐকান্তিক অভিনিবেশের দ্বিতীয় পর্ব. যা আধারে সঙ্কোচ ও জটিলতার জটকে আরও পাকিয়ে তোলে। কিন্তু তাতে কর্মের আপাতধারা সহজ ও সরল হয়, কেননা তার মধ্যে থাকে শুধ, কালের অথন্ড অনুন্ত প্রবাহের ব্যঞ্জনাকে আচ্ছন্ন ক'রে বর্তমান ক্ষণের একটা বিশিষ্ট পরম্পরা।

তাই বহিশ্চর চেতনার, ব্যাবহারিক জীবনের নিত্যস্পাদনে মান্য শ্বধ্ একটি-ক্ষণের মান্য। একদিন ছিল অথচ আজ নাই—এমন অতীতের মান্যও সে নয় যেমন, তেমনি অনাগত দ্রের মান্যও সে নয়। তার বর্তমানের সঞ্গে অতীতের সেতৃবন্ধন হয়েছে স্মৃতিতে, আর ভবিষাতের যোগ ঘটেছে প্রত্যাণিতের কল্পনায়। তিনটি কালের মধ্যে অহংবোধের একটা অবিচ্ছেদ অন্স্ত্তাতি রয়েছে, কিন্তু সে-বোধও মনগড়া একটা স্ত্র মাত্ত—ভ্ত-ভবিষ্যংবর্তমানকে গ্রাস ক'রে পরিব্যাপ্ত স্বর্পসন্তার একটা বাস্তব চেতনা তাকে

আশ্রয় করে নাই। তারও পিছনে আত্মভাবের একটা বোধি আছে। কিন্তু সে-বোধি অবিকল্পিত তাদাত্মপ্রত্যয়ের একটা আধারচেতনা মাত্র, তাই ব্যক্তি-ভাবের বিপরিণামে সে বিক্ষাস্থ হয় না। আবার আত্মসতার বহিরগানে মান্য শুধু ক্ষণিকের মানুষ—অন্তর্গু নিতা মানুষ নয়। অথচ এই ক্ষণিকসন্তাতে তার অথন্ডসত্তার সত্য কি সমগ্র পরিচয় নাই। এতে আছে শুধু বহিশ্চর জীবনের তাগিদে তারই গণ্ডির মধ্যে আর্বার্তত একটা ব্যাবহারিক সত্যের সংবেদন। অবশ্য এও সত্য—অবাস্ত্র নয়। সমগ্রস্ত্রার আংশিক প্রকাশের দিক দিয়ে তাকে যদি সত্য বলি, তাহলে অপ্রকাশের দিকে তাকিয়ে তাকে বলব অবিদ্যা। আর এই অবিদ্যার অপ্রকাশস্বভাব ব্যাবহারিক সতাকে শুধু সংক-চিত করে না-করে বিকৃত। তাইতে মানুষের সচেতন জীবনেও অনুভত হয় অবিদ্যার অন্ধ প্ররোচনা। সে পথ চলে অর্ধসতা অর্ধমিথ্যা খণ্ডিতবিজ্ঞানের নির্দেশ মেনে—আত্মার স্বর্পসত্যের অনুশাসনে নয়, কেননা সে-স্বর্পের সংবিং তার বিল্পু। অথচ তার আত্মন্বর্পই অন্তর্যামির্পে জীবনের হাল ধরে আছেন—প্রতিপদে তিনিই তার শাস্তা ও নিয়স্তা। অতএব যে বাঁধা খাতে তার জীবনধারা বয়ে চলে, তাও বস্তৃত অন্তগ্র্ট বিদ্যাশক্তির নিমিতি। এর মধ্যে বহিশ্চর অবিদ্যাশক্তি প্রয়োজনবশে একটা সীমার বেড়া খাড়া করে. জুটিয়ে আনে বর্তমান ক্ষণের উপযোগী নানা মালমসলা। তাইতে মানুষের চেতনায় ও কর্মে বর্তমানের রঙিন মায়ার ছাপ পড়ে যায়। এমনি করে, একই কারণে বর্তমান জীবনের নাম-র পের সঙ্গে মানুষ নিজেকে ঘুলিয়ে ফেলে। তাই তার কাছে জন্মপূর্বের অতীত আর মরণোত্তর ভবিষাং দুই সমান অন্ধ-কার। অথচ সে যাকে ভোলে, তার অন্তগর্ন্য অথন্ডচেতনা কিন্ত তাকে ভোলে না। তার ধ্বো স্মৃতির গোপন ভান্ডারে সমস্তই সঞ্চিত থাকে নিতাবর্তমানের স্ফুর্নত সামর্থ্য নিয়ে।

প্রাকৃতচেতনায় ঐকাদ্তিক অভিনিবেশের একটা ব্যাবহারিক দিক আছে।
তার প্রকাশ গৌণ এবং সাময়িক হলেও তার মধ্যে একটা অর্থ পূর্ণ ইশারা
আছে। এক অর্থে বহিশ্চর মান্মকে বলা চলে ক্ষণজীবী। এই বর্তমান
জীবনেই সে সংসারের রংগমণ্ডে ক্ষণে-ক্ষণে একাধিক ভূমিকার অভিনয় করে
চলেছে। একটি ভূমিকায় অবতীর্ণ হবার সময় তার ঐকাদ্তিক অভিনিবেশ
ওতেই তাকে তন্ময় করে, ক্ষণেকের জন্য নিজের আর সব-কিছ্ ভূলে গিয়ে
একটি বিভাবকেই সে একান্ত মুখ্য করে তোলে। হয়তো কিছ্মকণের জন্য
সে হল যোম্যা, অভিনেতা, কবি, কি এমনতর একটা-কিছ্ম। তার এই হবার
মলে আছে আধারে নিহিত সন্ধিনী-শক্তির একটা বিশিষ্ট প্রবৃত্তি—আছে তার
তপঃ, তার অতীত হতে প্রচ্ছমুরিত চিদ্বীর্থের প্রতিত এবং ক্রিয়া। এমনি
করে ঐকান্তিক অভিনিবেশের কাছে অন্তত কিছ্মকালের জন্য নিজের একটা

দিককে সে যে ছেড়ে দিতে পারে. শুধু তা নয়। তার কর্মের সাফল্য অনেকটা নির্ভার করে সব ভূলে এই আত্মহারার মত বর্তমানের মধ্যে ডুবে যাবার 'পরেই। অথচ একথা স্পন্ট যে, সাময়িক কর্মের মধ্যেও আমরা গোটা মানুষ্টার পরিপূর্ণ কত, ত্বের পরিচয় পাই, শুধু তার বিশেষ-একটা বিভাবের নয়। যা সে করছে যে-ধরনে করছে, চারিত্রের যেসব বৈশিক্টোর ছাপ পড়ছে তার কর্মের 'পরে— সেসমস্তই তার স্বধর্মের প্রকাশ, তার বৃদ্ধি প্রতিভা ও শিক্ষাদীক্ষার ফল। তার মধ্যে আছে অতীতের আশয় ও সংস্কার—শুধু এ-জন্মের নয়, আছে জন্ম-জন্মান্তরের সণ্ডিত কর্মের বিপাক। আবার শুধু অতীতই-বা কেন---তার সংখ্য জড়িয়ে আছে তার বর্তমান ও ভবিষ্যৎ দুইই আছে তার পরিবেশের প্রভাব। এরা সবাই তার কর্মের নিয়ন্তা। বর্তমানের যোদ্ধা অভিনেতা বা কবির পাঠ তার আধারে নিহিত তপঃশক্তির একটা বিবিক্ত বিভৃতি। সন্ধিনী-শক্তিই ব্যাহত হয়ে আপনাকে ফ্রাটিয়ে তুলছে আত্মবীর্যের এই বিশিষ্ট প্রকাশে। তপঃশক্তির যে বিশেষ প্রবৃত্তি তার মধ্যে দেখা দিল, সে যেন ক্ষণেকের তরে আর সব-কিছু, ভূলে গিয়ে ওই একটি কাজে তন্ময় হয়ে আপনাকে ঢেলে দিল। অথচ সত্য বলতে কিছুই তার হারায়নি—চেতনার পিছনে সবাই তারা সারাক্ষণ জাগ্রত এবং উদ্যত হয়ে আছে, আরশ্ব কর্মের 'পরে অলক্ষ্যে সঞ্চারিত হচ্ছে তাদের প্রভাব, অদৃশ্য তুলির টানে ফুটিয়ে তলছে তারা বর্তমানের রূপ। তপঃশক্তির এই সঙ্কোচের সামর্থ্য দৈন্য বা দুর্বলতার পরিচয় নয়, বরং তাকে বলতে পারি চেতনার একটা মহাবীর্য। বর্তমানের প্রতি ঐক্যান্তক অভিনিবেশহেতু মানুষের এই-যে আত্মবিস্মৃতি ঘটে, মৌল আত্মবিস্মৃতি হতে তার ধরন কিন্তু আলাদা। কেননা এক্ষেত্রে মনের চার্রাদকে যে-ব্যবধানের প্রাচীরটা গড়ে ওঠে, তা খুব দূঢ়ও নয়, স্থায়ীও নয়। ইচ্ছা করলেই মন যে-কোনও সময়ে খণ্ডিতবর্তমানের অভিনিবেশ ছেডে ফিরে যেতে পারে বৃহত্তর আত্মভাবের উদার পরিসরে। কিন্তু বাইরের মানুষ্টার পক্ষে ভিত্রের মানুষ্টার নাগাল পাওয়া এত সহজ নয়। ইচ্ছামাত্র চেতনার অন্দরমহলে কেউ ঢুকতে পারে না। অনৈসগিক বা অতিপ্রাকৃত উপায়ে মনের বিশেষ-কোনও অবস্থায় কখনও-কখনও মান,ষ অন্দরের ছাড়পত পায় বটে, কিল্ড সেখানকার স্থায়ী বাসিন্দা হতে হলে চাই দীর্ঘকালের দুশ্চর তপস্যা—গভীরতা উত্তরুপাতা ও বিস্তার তিন দিকেই চাই আত্মবোধের ব্যাপ্তি। তব্ তো সে অব্দরে ঢ্কতে পারে। অতএব দ্বটি আত্মবিস্মৃতির মাঝে তফাতটাও আপাতিক মাত্র—তাত্ত্বিক নয়। বস্তুত উভয়ক্ষেত্রে আছে ঐকান্তিক অভিনিবেশের একইধরনের প্রবৃত্তি। কেননা উভয়ক্ষেত্রে পরুরুষ তন্ময় হচ্ছে তার বিশেষ-একটি বিভাব কর্ম কি শক্তির প্রকাশের মধ্যে—যদিও প্রত্যেক ক্ষেত্রে পরিবেশ ও কর্মধারা স্বতন্ত।

এই ঐকান্তিক অভিনিবেশের ফলে পরেষ যে কেবল বৃহত্তর আত্মভাবের বিশেষ-কোনও বিভাবনাতে তন্ময় হয়ে যায়, তা নয়। বৃত্মান কমের মধ্যে নিজেকে ড্বিয়ে দিয়ে তার পরিপ্রে আত্মবিস্মৃতিতেও অভিনিবেশের আরেকটা দিক প্রকাশ পায়। অভিনেতা তীর অভিনিবেশবশত সে যে অভি-নেতা একথা ভূলে গিয়ে পাত্রের সঙ্গে একেবারে একাকার হয়ে যায়। সে ষে নিজেকে সত্যি-সত্যি রাম কি রাবণ ভাবে, তা নয়। কিন্তু ওই নামে সঙ্কেতিত বিশিষ্ট চারিত্র বা কর্মের সঙ্গে সম্পূর্ণ তদাত্মক হয়ে তার আসল অভিনেতার রূপটি সে ভূলে যায়। তেমনি কবিও ভূলে যায় যে, সে মানুষ বা কবিকমের কর্তা : ক্ষণেকের তরে সে একটা ভাবোদ্দীপ্ত নৈর্ব্যক্তিক তপোবীর্য মাচ--ভাষায় ও ছন্দে যার রূপায়ণ চলছে: এছাডা তার আর-সব ডাবে গেছে বিষ্মাতির অতলে। যোশ্যা নিজেকে ভলে গিয়ে মুহাতের মধ্যে রূপান্তরিত হয় রণদ্বর্ম দের দ্বর্মার তাড়নায়, জিঘাংসার উন্মাদনায়। তেমনি প্রচণ্ড ক্রোধে মান্য চলতি কথায় 'জ্ঞানশ্না' হয়ে যায়; আরও জোরালো ভাষায় তাকে ক্রোধময়' বললে বর্ণনাটা হয় এর চাইতে সম্পুষ্ট ও সংগত। এইসব সংজ্ঞায় সত্যের একটা তাত্ত্বিক বিবৃত্তি আছে। কিন্তু তব; তাতে মানুষের সমগ্র সত্তার পরিপূর্ণ সতাটি প্রকাশ পায় না—শ্বের্ তার চেতনার তপঃক্রিয়ার বিশেষ-একটা ব্যাবহারিক দিক ছাড়া। বৃত্তির উত্তালতায় সে যে আত্মহারা হয়ে যায়, তাতে ভুল নাই। মুহুতের মধ্যে তার প্রবৃত্তির একটা দিক ছাড়া আর সর্বাদক ঢাকা পড়ে যায়, আপনাকে সংযতভাবে চালিত করবার সামর্থ ল্বপ্ত হয়ে যায়। কিছ্কক্ষণের জন্য উর্ত্তেজিত চিত্তের ঐকান্তিক সংবেগ হয় তার কর্মের সার্রাথ—এমন-কি সে যেন ওই সংবেগেই রূপান্তরিত হয়। প্রাকৃত-মানুষের ক্ষুব্ধ চিত্তে আত্মবিস্মৃতির মাত্রা সাধারণত এই পর্যস্ত চড়ে। কিল্ডু কিছ্মুকণ পরেই আবার সে ফিরে আসে আত্মসংবিতের বৃহত্তর অবিক্ষা্ব আয়তনে—যার মধ্যে আত্মবিস্মৃতি জাগিয়েছিল সাময়িক একটা তবংগ মাত্র।

কিন্তু বিশ্বচেতনার মহাবৈপ্লাের মধ্যে এই আত্মবিস্মৃতিকে চরম কােটিতে উত্তীর্ণ করবার একটা সামর্থ্য আছে। অবশ্য মান্দ্রের অচেতনা সে চরম-কােটি নয়, কেমনা জাগ্রংচেতনাই মান্দ্রের বিশিষ্ট স্বভাবধর্ম বলে অচেতনার ঘাের তার চিত্তে স্কৃচিরঙ্গায়ী হতে পারে না। তাছাড়া অচেতনা একটা অভাববাচী শব্দ বলে প্রতিযােগী চেতনার 'পরেই তার তাংপর্য নির্ভার করছে। তাই মান্দ্রের অচেতনায় নয়—জড়প্রকৃতির অচিতিতে আমরা খ্রেজ পাই আত্মবিস্মৃতির চরম কােটি। অবশ্য আত্মবিস্মৃতিও বিশ্বচেতনার আপেক্ষিক ধর্ম মাত্র, স্কৃতরাং তাকে একান্ড চরম মনে করলে ভুল হবে। মান্দ্রের জাগ্রং-চেতনায় ঐকান্তিক অভিনিবেশের ফলে অবিদ্যার যে সামায়ক সঞ্চোচ দেখা দেয়, এই অচিতিও ঠিক সেইধরনের। কারণ আ্মাদের অবিদ্যার পিছনে যেমন

আছে বিদ্যার আবেশ, তেমনি প্রমাণ্তে ধাতৃখণ্ডে উল্ভিদে জড়প্রকৃতির প্রত্যেক ব্যাকৃতি ও শক্তিতে আছে এক অন্তগ্র্টি চেতনা সংকলপ ও ব্যান্ধর লীলা—যা প্রকৃতির আত্মবিস্মৃত নির্বাক রূপায়ণেরও অতীত একটা ত**ত্ত**। উপনিষদ তাকেই বলেছেন 'চেতনশ্চেতনানাম'—সবই চেতন আর সেই চেতনেরও চেতন তিন। তাঁর নিত্যসামিধ্য এবং চিদাবেশ বা তপঃ ছাডা প্রকৃতির কোনও কাজ চলতে পারে না। বিশ্বে যে অচিতির লীলা দেখছি, তাকে বলি প্রকৃতি। তার মধ্যে তপঃশক্তির একটা আত্মসমাহিত অথচ বহিব্তি স্পন্দ আছে। শক্তি নিজের স্পন্দলীলায় এমন তদ্গত হয়ে আছে সেখানে যে, তার সে-অবস্থাকে বলা চলে অন্ধতামিস্র বা জড়সমাধি। মূছাভঙেগ সে যে আপন স্বরূপে ফিরে যাবে, মনে হয় এ-সামর্থ্য তার লোপ পেয়েছে। অবশ্য তারও মধ্যে আছে অখণ্ড চিংপ্রেষের অধিষ্ঠান, আছে তাঁর চিংশক্তির লীলা। কিন্তু প্রকৃতি তাদের পিছনে রেখে শুধু কর্মস্পন্দময় জড়সমাধিতে আচ্ছন্ন ও আত্ম-বিস্মৃত হয়ে আছে। প্রকৃতি ক্রিয়াশক্তি, আর প্রেষ্ চিংসত্তা। সত্তা আর শক্তির অবিনাভাবই পরমার্থতিত। কিন্ত এখানে দেখছি, অচেতন প্রকৃতি পুরুষের সংবিং হারিয়ে অচিতির নীরন্ধ অন্ধকারে তলিয়ে গেছে, আবার ধীরে-ধীরে চেতনার উন্মেষে মূর্ছার ঘোর ভেঙে তার ওই হারানো সংবিং ফিরে পাছে। প্রকৃতি প্রে্যের যে-র্পবিগ্রহকে গড়ে তুলছে, তার মধ্যে আপনাকে ঢেলে দিয়ে পরেষও যেন অচেতন অন্নময় প্রাণময় বা মনোময় সতু হয়ে যান : অথচ প্রত্যেক র পায়ণে তাঁর তত্ত্ব পিট থাকে অবিচয়ত। তাই অন্তগ্র্টে চিংসত্তার দিব্যবিভাই প্রকৃতির ক্রিয়াশক্তিতে অন্তর্যামির্পে আবিষ্ট হয়ে অচেতনা হতে চেতনার পর্বে-পর্বে তাকে ফর্টিয়ে তোলে।

মান্বের জাগ্রংচিত্তের অবিদ্যার মত অথবা তার স্প্রচিত্তের অচেতনা কি অবচেতনার মত, প্রকৃতির আচিত্তিও একটা বহিরণ্য বৃত্তি মাত্র। বস্তৃত তার মধ্যে সবচিতের পরিপূর্ণ আবেশ অন্তানহিত রয়েছে। তাই অচিতিকে বলতে পারি অন্তান্চতেরই প্রতিভাস। কিন্তু প্রতিভাসিকতার পরাকাষ্ঠা আমরা দেখতে পাই একমাত্র আচিতিতেই, কেননা চিংতত্ত্ব এখানে সম্পূর্ণ অবল্প্ত—আপাতদ্গিতে নিশিচ্ছ। অবশ্য চিংই বিশেবর একমাত্র তত্ত্—িকন্তু আচিতিতে দেখি তার একান্ত প্রতিষেধ। অর্থাৎ তত্ত্বভাবকে সম্পূর্ণ নির্দ্ধিত ক'রে তার প্রতিভাস এখানে জয়ী হয়েছে। চিতের আত্মনিগ্রুহন এখানে এতই অনড় যে, চিংপরিগামের তীরসংবেগেও তার ম্বিক্ত ঘটে না—শতক্ষণ আচিতির নাগপাণ প্রকৃতির অন্য-কোনও র্পায়ণে এদে একট্খানি শিক্ষিল না হয়। এমনি করে পশ্রেতনায় অচিতির ঘোর তরল হয়ে আমে শত্ত-সংবিতে। অবশেষে মন্যাচেতনার চরমে দেখা দেয় প্রকৃতির চিন্মর প্রবৃত্তির একটা প্রাথমিক স্ট্না—যার মধ্যে চিংপ্রনাশের সম্ভাবনা প্রণতর হলেও তব্

সে বহিরণগই। কিন্তু অচিৎপ্রকৃতি আর চিৎপ্রকৃতির মধ্যে এ-ব্যবধান নিতান্তই প্রাতিভাসিক বা আপাতিক—বহিজ'গতের প্রাকৃত মান্ত্র আর অন্তর্জ'গতের আসল মানুষের ব্যবধানের মত, যদিও সেখানে ব্যবধানের পাষাণপ্রাচীর অত-খানি অন্ত নয়। তত্তদুষ্টিতে, একই ঋতম্ভরা প্রজ্ঞার প্রশাসন চলছে বিশেবর সর্বন্ত: অতএব জড়প্রকৃতির অচিতিতেও দেখি একই ঐকান্তিক অভিনিবেশের লীলা। মানুষের জাগ্রৎচিত্ত যেমন তার চারদিকে আত্মসঙ্কোচের একটা প্রাচীর খাড়া করে. অথবা কর্মের প্রতি অভিনিবেশে আত্মহারা হয়ে যায় ক্ষণে-ক্ষণে, তেমনি অচিংপ্রকৃতিতেও দেখি একইধরনের তন্ময়তা—শক্তির স্ফ্রেণে ও ক্রিয়ার ব্যাপারে তেমনি করে আপনাকে হারিয়ে ফেলা। দুয়ের কেবল এই তফাত, প্রকৃতির অচিতিতে আত্মসংকাচ পেণছেছে আত্মবিস্মৃতির চরম কোটিতে। তাই সে একটা সাময়িক মৃ ঢ্বৃত্তি নয় শুধু, নিখিল জড়প্রকৃতির ওই হল কর্মের ধারা। প্রকৃতির অচিতিকে বলতে পারি অবিমিশ্র আত্ম-অবিদ্যা। আর মানুষের খণ্ডজ্ঞান ও সামান্য-অজ্ঞান হল প্রকৃতির খণ্ডিত আত্ম-অবিদ্যা—আত্মবিদ্যার অভিমন্থে তার উধর্বপরিণামের একটা নিশ্চিত নিশানা। কিন্তু বিচার করে দেখলে শুধু এই দুটি অবিদ্যার কেন্ সকল অবিদ্যারই স্বর্প হল তপঃশক্তির একটা বাহাত-ঐকান্তিক আত্মবিসমত অভিনিবেশ। তার মধ্যে সন্তার চিদ্বীর্য শক্তিম্পন্দের একটি ধারায় বা একদেশে তন্ময় হয়ে শুধু তারই সংবিৎকে জাগিয়ে রাখে, অথবা আপাত-দ্দিতৈ শুধু ওই একটি লীলায়নে আপনাকে ফর্টিয়ে তোলে। নিজের রচা নির্দিষ্ট গণ্ডির মধ্যে এই অবিদ্যার একটা অর্থকিয়াকারিতা এবং সার্থক প্রামাণ্য অবশ্য আছে। কিন্তু তার বাইরে সে নিতান্তই বহিরুগ প্রাতিভাসিক ও একদেশী একটা ব্যাপার বলে, কোনমতেই তাকে অথণ্ড স্বর পতত্তের মর্যাদা দেওয়া চলে না। অবশ্য 'তত্ত' কথাটা আমরা ব্যবহার কর্রাছ গোণ অর্থে— মুখ্য অর্থে নয়। কেননা, একহিসাবে অবিদ্যাও একটা বস্তু, অতএব সেও তাত্তিক। কিন্ত তাবলে অবিদ্যা কথনও আমাদের সমগ্র সন্তা নয়। তাকে দ্ব-তন্ত্র করে দেখতে গেলে তার সত্যরূপটিও বিকৃত হয়ে ওঠে বহিশ্চর চেতনায়। আ<mark>সলে, সংব</mark>ত্ত বিজ্ঞান ও চেতনা পর্বে-পর্বে বিকশিত করে চলেছে তার অন্তর্গুড় সত্যকে—এই হল অবিদ্যার পারমার্থিক তত্ত। চলার পথে অচিতি এবং অজ্ঞান ফুটে ওঠে তারই সার্থক পরিণামরূপে।

অবিদ্যার মৌল প্রকৃতি তাহলে এই। অবিদ্যা বস্তুত চিতিশক্তিরই একটা বিবিক্ত বৃত্তি। আপাতদৃষ্ণিতৈ সে যেন তার অথণ্ড তত্ত্বর্পটি ভূলে গিয়ে তন্ময় হয়ে আছে নিজের কাজে। তাই তার মধ্যে দেখা দিয়েছে আত্মসণ্ডেকাচ ও আত্মবিভাজনের একটা প্রতিভাস—যা পরমার্থত সত্য না হলেও ব্যবহারের দিক দিয়ে একান্ত সত্য।...অবিদ্যার স্বরূপ জানলে এবার তার হেতু আধার

ও প্রবৃত্তির তত্ত্বোঝাও কঠিন হবে না। বিশ্বব্যাপারে অবিদ্যার সার্থকতা ধরা পড়ে, যখন দেখি অবিদ্যা ছাড়া বিশ্ববিস্থি নির্থক অথবা অসম্ভব হত। কিংবা সম্ভব হলেও বিস্ছিটর ব্যাপারকে কোনমতেই সম্পূর্ণভাবে বা বর্তমান রীতিতে রূপ দেওয়া চলত না। অতি বিচিত্র অবিদ্যার লীলা— কিন্তু তার প্রত্যেকটি বিভাব স্থিতীর সমগ্র তাৎপর্যের সঞ্জে স্কুসংগত অতএব সপ্রয়োজন। শাশ্বতমান ধের সত্তা কালাতীত। অবিদ্যা নইলে সে-মান ম কালের স্রোতে নিজেকে ভাসিয়ে দিয়ে তার তরগগদোলায় ক্ষণ হতে ক্ষণান্তরে আন্দোলিত হয়ে চলতে পারত কি? অথচ মানুষের বর্তমান জীবনের এই তো ধারা। অতিচেতন বা অধিচেতন ভূমিতে প্রতিষ্ঠিত থেকে তার পক্ষে ব্যাঘ্টমনের গর্হায় বসে জগতের সঙ্গে বিচিত্র সম্বন্ধের জট-পাকানো আর জট-ছাডানো সম্ভব হত কি? অথবা হয়তো তখন তার সে-কাজের ধরনই হত অন্যরকম। বিবিক্ত অহংচেতনার গণ্ডিতে না বে'ধে নিজেকে শুধ বিশ্বাস্থভাবের মহিমায় প্রতিষ্ঠিত রাখলে কোথায় থাকত তার বিবিক্ত ব্যক্তি-সত্তা—তার দূণ্টিভঙ্গি ও কর্মের বৈশিষ্টা? অথচ তার ওই ঐকান্তিক আত্মকেন্দ্রিকতাই হল বিশ্বব্যাপারে অহংবোধের বিশিষ্ট একটা দান। নিজেকে ঘিরে মান্স কাল চিত্ত ও অহন্তার অবচ্ছেদে অবিদ্যার এক-একটা প্রাচীর থাড়া করেছে—বিশ্বের অমেয় ঔদার্য ও আনশ্তোর জ্যোতিঃ*****লাবন হতে আপনাকে আগলে রাখবার জন্য। নইলে বিশেবর বৃকে তার কালাবচ্ছিল্ল ব্যাণ্টি-ভাবকে সে গড়ে তুলবে কেমন করে? শুখু এই-একটি জীবনকে কেন্দ্র করে বাঁচতে হবে তাকে—অতীত ও অনাগতের অশ্তহীন বিস্তারকে ভূলে গিয়ে। নইলে অতীত র্যাদ সবসময় উদ্যত থাকত তার চেতনায়, তাহলে বর্তমানের সম্বন্ধ-জালকে পরিবেশের সংখ্য খাপ খাইয়ে ইচ্ছামত নিয়ন্তিত করতে সে পারত না। কারণ বর্তমান প্রয়োজনের তুলনায় তার জ্ঞানের ভাণ্ডার তখন এত বৃহৎ হত যে, তাতে তার কর্মের ভারকেন্দ্র হত বিচলিত, তার অর্থ এবং ধরন যেত বদলে। মান্য বাসা বে'ধেছে মনের মধ্যে, তাকে গ্রাস করেছে দেহাশ্রয়ী জীবনের প্লেতা—অতিমানস আছে তার চেতনার আড়ালে। এ নইলে চার্রাদকে এই-যে ভেদ খণ্ডতা ও সংক্রাচের বৃত্তি দিয়ে তার মন অবিদ্যার দুর্গপ্রাকার খাড়া করেছে, তা কখনও সম্ভব হত না—অথবা সে-ব্যবধান হত প্রয়োজনের তুলনায় অতিমান্তায় শীর্ণ এবং স্বচ্ছ।

যে-প্রয়োজনে ঐকান্তিক অভিনিবেশর,পী অবিদ্যার উর্ল্ভব অপরিহার্য হয়েছে, সে হল চিংপর্ব,যের আপনাকে হারিয়ে আবার খ্রান্ত পাবার খেলা। এই আনন্দলীলার আয়োজনেই প্রকৃতির মধ্যে থেকে নিজেকে তিনি অবিদ্যার আবরণে আড়াল করেছেন। অবশ্য অবিদ্যা নইলে যে বিশ্ববিস, ডি অসম্ভব হত, তা নয়। কিন্তু তার ধারা হত বর্তমান ধারা হতে সম্পূর্ণ স্বতন্ম।

রক্ষের সিস্ক্ষা তথন চরিতার্থ হত শুধু উত্তরলোকের বিস্থিতৈ অথবা নিতাজগতের পরিণামহীন প্রস্তারে—যার মধ্যে প্রত্যেকট্রি সত্ত্থাকত আপন দ্বভাবধর্মের অখণ্ডজ্যোতিতে দীপ্ত। কিন্তু তাহলে পরিণামের আবর্তনে স্থির এই-যে প্রতীপ ধারা, এ অসম্ভব হত। এখানে যা লক্ষ্য, ওখানে তা হত ধ্রো দ্র্গিত। এখানে যা বিবর্তনের একটা ধারা, ওখানে তা চিরুতন সত্তসামান্য মাত্র। আত্মসত্তা ও আত্মপ্রকৃতির বিপরীত কোটিতে নিজেকে আস্বাদন করবার জন্যই সচ্চিদানন্দ নেমে এসেছেন জডের অচিতিতে। অবিদ্যার প্রতিভাস তাঁর একটা বাইরের মুখোস শুধু। তার আডালে নিজেকে তিনি গোপন রেখেছেন নিজেরই চিতিশক্তি হতে। তাইতে সে-শক্তি আপনভোলার মত তন্ময় হয়ে ডাবে আছে আপন র পায়ণের লীলায়। এই র পবিগ্রহের মধ্যে ধীরে-ধীরে জীবচেতনা ফুটে উঠছে—অবিদারে প্রাতিভাসিক ব্যাপ্রিয়াকে মেনে নিয়ে। অথচ আসলে সে-অবিদ্যাও আদ্য অচিতির গর্ভ হতে উন্মিষিত বিদ্যারই ফাট্রন্ত ফাল। এই ফাল-ফোটার পর্বে-পর্বে গড়ে উঠছে যে নিত্য-ন্তন পরিবেশ, তাকে আশ্রয় করে চলছে জীবের আত্ম-আবিষ্কারের সাধনা এবং তারই জ্যোতিতে ঘটছে তার জীবনের দিব্য রূপান্তর—যে-জীবন দীর্ঘ-যুগব্যাপী উত্তরণের তপস্যায় সার্থক করতে চাইছে অচিতির অন্ধতামিস্রায় তার অবতরণের প্রয়োজনকে। বৈকুপ্ঠের নিত্যধামে আছে আনন্দজ্যোতির পূর্ণোচ্ছবাস, তারও পরে আছে লোকোত্তর আনন্দের দিব্যভূমি। অবিদ্যার নিরানন্দ অন্ধকার হতে যথাসম্ভব দু,তর্গাততে তার কুলে উত্তীর্ণ হওয়াই এই বিশ্বচক্রাবর্তনের লক্ষ্য নয়। অথবা অতৃপ্ত চিত্তের হাহাকার নিয়ে বিদ্যার নিষ্ফল এষণায় অবিদ্যার খাতে মিথ্যা পাক খেয়ে মরা—এও তার নিয়তি নয়। বিশ্বলীলার এই তাৎপর্য হলে অবিদ্যা হত সর্বচিৎ ব্রহ্মের একটা দূর্বোধ প্রমাদ, অথবা তেমনি দুবেশিধ একটা লক্ষাহীন দুঃখ হত নিয়তির অন্ধতাড়না। কিন্তু বস্তৃত অবিদ্যার সাধনার মূলে আছে ব্রহ্মের আত্মরতির একটা নিগঢ়ে প্রেতি। মান্বের দেহে আত্মা নেমে এসেছেন জন্মের দ্বার-পথে, যুগ হতে যুগান্তরে আবতিতি হয়ে চলেছে মানবজাতির প্রগতির তপস্যা—কিন্তু কেন? সে কি এইজনাই নয় : বিশেষাত্তীর্ণ মহিমায় বা বিশ্বভাবনায় নয় শুধু, এছাড়া আরও অভিনব উপায়ে ব্রহ্ম চান তাঁর নিত্যসিন্ধ আনন্দস্বভাবের অন্দ্রভব. জড়দেহের কারাগারে নিজেকে বন্দী করে তার আঁধার ও নিরানন্দের মধ্যে ফ্রাটিয়ে তুলতে চান আনন্দ ও জ্যোতির নন্দনকানন, নিজের স্বর্পকে আব্ত করে আবার কচ্ছত্রতপস্যায় সে-আবরণ ঘর্রচয়ে পেতে চান আছা-আবিষ্কারের আনন্দ। এরই জন্যে ঋতম্ভরা বিশ্বপ্রজ্ঞার 'পরে নেমে এসেছে অবিদ্যার কণ্ট্রক। কিন্তু বিশ্বলীলার পক্ষে অবিদ্যা অপরিহার্ষ হলেও বিদ্যার সে একটা গোণবাত্তিই। অথচ সে একটা সাক্ত অব্তরণ—প্রমাদ অথবা পথলন

নয়, দেবশন্তির একটা আন্ক্ল্য—স্থির অভিশাপ নয়। তাইতো মনে হয়: অখণ্ড রক্ষানশ্দের সহস্রদল ঐশ্বর্ধকে ফ্টিয়ে তোলা একটি র্প্বিপ্রহের চিদ্ঘন নিবিড়তায়, আনশ্তেয়র এমন-একটি সম্ভাবনাকে মৃত্ করে তোলা যাকে আর-কোনও উপায়ে র্প দেওয়া অসম্ভব ছিল, এককথায় এই জড়ের পাষাণ কুণ্দে বার করা দেবতার চিন্ময় নিকেতন—জড়বিশ্বে অবতীর্ণ চিৎপ্রের্ধের 'পরে আছে ব্রিঝ এই মহাতপস্যার দায়।

অবিদ্যা প্রকৃতির একটা বহিরজা বৃত্তি মাত্র—অন্তরাস্থায় কিন্তু তার অধি-ষ্ঠান নাই। এমন-কি প্রকৃতির সবর্খান জুড়েও সে নাই। কেননা প্রকৃতি সর্বাচৎ রক্ষের ক্রিয়াশক্তি—তাই তার সমগ্র ব্রত্তিকে কোনমতেই অবিদ্যাগ্রহত বলা চলে না। বদ্তুত প্রকৃতির অখণ্ড অনাদি জ্যোতিঃশক্তির একটা বিশিষ্ট বিভৃতির পে অবিদ্যার আবিভাব। কিন্তু কোথায় এ-বিভৃতির উৎসমূল? শ্বেধসন্মাত্রের কোন্ তত্ত্বকে আশ্রয় করে তার বিস্থিট ? অথণ্ড সং চিং আনন্দের আনন্ত্যে নিশ্চয় অবিদ্যার কোনও স্থান নাই। কেননা সেসব লোকোত্তর মহাভূমি হল শৃশ্ধসন্মাত্তের ধ্রবপদ-তেই দিবাগণেগাত্রীর অদ্লান শক্রেতা হতেই বিশেবর যা-কিছা নেমে এসেছে এই দৈবধকাতর বিসান্তির আবিলতায়। অতএব রাহ্মী স্থিতিতে অবিদ্যার ছোঁয়াচ থাকতেই পারে না। অতিমানসেও অবিদ্যা নাই। কেননা অতিমানস সত্য উদ্ভাসিত হয়ে আছে অনন্ত জ্যোতিঃশক্তির ভাষ্বর মহিমায়, তার সান্ততম লীলায়নেও সে-শক্তির পরিপূর্ণ আবেশ রয়েছে, তার মধ্যে বৈচিত্ত্যের চেতনাকে নিত্য জড়িয়ে আছে একত্বের সর্বাবগাহী চেতনা।...কিন্তু অতিমানসের নীচে মনের ভূমিতেই আছ-সংবিতের তত্ত্তকে তিরম্কৃত করা সম্ভব হয়। কারণ মন চিংপুরুষের সেই শক্তি, যা ভেদব, শ্বিকে স্থিত ক'রে তাকেই কায়েমী ক'রে চলে। নানাছবোধ তার মুখ্যবৃত্তি, যদিও তার পিছনে একন্ববোধের একটা প্রচ্ছন্ন আভাস গোণ হয়ে থাকে—তার প্রবৃত্তির অপরোক্ষ সাধনরূপে নয়। মন অতিমানসের জন্য একটা অবান্তর্রাবভূতি মাত্র, তাই একম্ববোধ তার দ্বভাবধর্ম নয়। অতিমানসের আবেশে, তার দীপ্তির প্রতিফলনে তার মধ্যে একত্বের একটা অদ্পন্ট আভাস জেগে ওঠে। এই আভাসজ্ঞানের অবলন্বনট্যকুও যদি না থাকে, মন আর অতি-মানসের মাঝে একটা যবনিকার অন্তরাল সূষ্ট হয়ে সত্যের জ্যোতিকে যদি তিরস্কৃত করে, অথবা তার ফাঁকে-ফাঁকে ওপারের দ্ব-একটি রশ্মি যদি এপারে এসে ছিটকে পড়ে এবং আবছা আলোর ট্রকরা দিয়ে রচে শুধর্ বিকৃত প্রতি-চ্ছবির মায়া—তাহলেই চেতনায় দেখা দেবে অবিদ্যার প্রতিভাস। উপনিষদ বলেন, মনের নিজের গড়া এমনি-একটা ঘর্বানকা আছে অতিমানসকে আড়াল করে। এ অধিমানসভূমির সেই হিরন্ময় পাচ' যা অতিমানস সত্যের মুখকে অপিহিত রেখে তার আভাসকে প্রতিচ্ছারিত করে। মনের মধ্যে ওই হিরন্মর

পারই আবার দেখা দেয় অস্বচ্ছ ধ্যামলপ্রায় আবরণ হয়ে। তার ফলে অবাঙ্-মুখ মনের দ্গি নানাত্বের 'পরে অভিনিবিষ্ট হয়। যে, একত্বের নাভিবিন্দ্র হতে নানাত্বের বিকিরণ, তার প্রতি পরাঙ্মুখ হয়ে নানাত্বকৈ সৈ তার প্রবৃত্তির মুখ্য আশ্রয় করে এবং অবশেষে একত্বের স্মৃতি বা বৃত্তিকে আশ্রয় করবার কল্পনাও তার মুছে যায়। অথচ তখনও একত্বই তার বৃত্তিরে গোপন আশ্রয়, তার প্রচ্ছয় ভাবনাকে স্বীকার না করে এক পা-ও সে চলতে পারে না। কিন্তু অভিনিবিষ্ট মনঃশক্তি জানে না কোথায় তার উৎস, কোথায় তার বৃহত্তর স্বর্পের প্রপ্রকাশ। এর্মান করে আপন প্রবর্তক শক্তিকে ভূলে গিয়ে র্পায়ণী শক্তির লীলায়নে মন এতই তন্ময় হয়ে যায় য়ে, শক্তির সংপ্র একাকার হয়ে আপনাকে পর্যন্ত সে হারিয়ে ফেলে। কর্ম-সমাধিতে সম্পূর্ণ আয়াবিস্মৃত হয়ে স্বশনসন্থারীর আচ্ছয় চেতনা নিয়ে কর্মকে সে চালিয়ে নিলেও, তার সম্পর্কে স্কৃতির সংবিৎ তার থাকে না। চেতনার অবরোহের এই শেষ ধাপ। এ যেন স্কৃত্তির অতল গহনুরে তার নিমজ্জন—জড়সমাধির অথৈ গহনে ভূবে গিয়ে জড়প্রকৃতির মর্মাম্লে অঞ্কুরিত হয়ে ওঠা ক্রিয়াশক্তির প্রেতি-রূপে।

একটা কথা মনে রাখতে হবে। খণিডত ক্রিয়া ও র্পায়ণের প্রতি অভি-নিবেশবশত একটা সীমিত ক্ষেত্রে চিতিশক্তির যে কুন্ঠিত ব্যাপ্রিয়া, তাতে তার অথন্ডম্বভাব কিন্তু কোনকালে সত্যকার খন্ডভাবনায় ক্ষন্ধ হয় না। নিজের সব-কিছুকে পিছনে রেখে একটি বিভাবকেই সে যখন বর্তমানের তাগিদে কর্মক্ষেত্রের সংকীর্ণ পরিসরে এগিয়ে দেয়, তখনও তার উহ্য শক্তির প্রভাব সেখান থেকে লাপ্ত হয় না—পারঃক্ষিপ্ত শক্তির কাছে সে গাপ্ত হয়ে থাকে মাত্র। বস্তত শক্তির অভংগ বীর্যই সেখানে আবিষ্ট থাকে অচিতির আবরণে আড়াল হয়ে। আর অভগ্গ আত্মভাবন্বারা অধিষ্ঠিত ওই অভগ্গ শক্তি তার পুরঃ-ক্ষিপ্ত বীর্যবিভূতির সহায়ে তার বিশিষ্ট স্পন্দলীলার সকল ক্রিয়া নির্বাহ করে, তার সকল রূপায়ণে আবিষ্ট হয়।...আবার এও লক্ষণীয়, অবিদ্যার আবরণ দ্রে করতে আধার্রাম্থত চিন্ময় সন্ধিনী-শক্তি তার ঐকান্তিক অভিনিবেশের -বীর্যকে চালিত করে প্রাকৃতধারার বিপরীতম্বখে। ব্যন্টি-চেতনায় প্রকৃতির প্রঃক্ষিপ্ত স্পন্দনকে নির্ম্থ ক'রে গ্রহাহিত অন্তর-প্রের্ষের প্রতি তার অভিনিবেশকে সে একাগ্র করে। সে-অন্তরপ্রেষ হতে পারেন ক্টম্থ আত্মা, চৈত্যপরেষ, মনোময় বা প্রাণময় প্রেষ। যা-ই হ'ন না তিনি, চেতনায় তাঁর স্বর্প কিন্তু উন্ঘাটিত হয় অন্তরাব্ত অভিনিবেশের ফলে। স্বর্পজ্ঞানের পর সন্ধিনী-শক্তির প্রয়েজন হয় না প্রতীপ অভিনিবেশকে আঁকডে থাকবার। তখন সে ফিরে যায় তার অভগ্যসংবিতের উদার ব্যাপ্তিতে, অথবা সংর্বভূল চেতনার সম্প্রে জড়িয়ে ধরে প্রুষের ভাব ও প্রকৃতির ক্রিয়া, ক্টেম্থ আত্ম-

স্বরূপ ও আত্ম-শক্তির বিভূতি, আধারস্থ চিংকেন্দ্র এবং তার সাধনসামগ্রী উভয়কেই। তখন তার বিস্থিত সমস্ত সংকাচ হতে নির্মাক্ত বিপলেতর চৈতনোর পরিমন্ডলে অন্তর্ভাবিত হয় : অন্তরাবিষ্ট পরেষ্ঠতত্ত্বের বিস্মৃতি-বশত প্রকৃতির যে-বিকার, তার ন্যানতা আর তখন চেতনাকে স্পর্শ করে না। অথবা সন্ধিনী-শক্তি তথন তার বিস্কুট সকল বিভূতিকে দতৰুধ ক'রে পুরুষ ও প্রকৃতির উধর্বতর ভূমিতে সমাহিত হতে পারে। কিন্তু তার আত্মসমাধানে অবরভূমির সঙ্গে সকল যোগ লপ্তে হয় না। বরং আধারসত্তাকে উপরপানে আকর্ষণ ক'রে সেইসঙেগ উধর্বশক্তির প্রপাতকে সে নামিয়ে আনে অবরভামতে এবং দিব্যজ্যোতির প্লাবনে তার পূর্বতন বিস্কৃতির আমূল রূপান্তর ঘটায়। এই রপোন্তরিত সত্তা তখন উধর্বভূমি হতে বিচ্ছিন্ন হয়ে পড়ে না-অভিনব আর্ঘাবস্থির উদারতর পরিবেশের মধ্যে সে উধ্বশক্তির মহত্তর ঐশ্বর্যের বিলাসর পে ঠাঁই পায়। আধারম্থ চিংশক্তি যখন মনোময় হতে অতিমানস ভমিতে তার পরিণামের উৎসপিণী ধারাকে উত্তীর্ণ করে, তখন আমাদের সমগ্র সন্তায় ঘটে এমনিতর একটা লোকোত্তর রূপান্তর।...কিন্তু সিন্ধির প্রত্যেক ক্ষেত্রে আমরা দেখছি একই তপঃশক্তির বিভিন্ন পরিণাম—ক্ষেত্র ও প্রয়োজনের বিভিন্নতা অনুসারে। সর্বত চলেছে অনুতম্বরূপের 'জ্ঞানময়ং তপঃ'-র সাধনা—যার ম.লে আছে তাঁর ক্রমান্বিত শক্তির বিলাস এবং আর্থাবভাবনার প্রেতি।

এই র্যাদ-বা হয় অবিদ্যাপরিণামের তত্ত্ব, তব্ প্রশ্ন হতে পারে : পর্ণ-চিন্ময় যিনি, তাঁর চিংশক্তির একদেশী প্রবৃত্তিতে অবিদ্যা ও অচিতির এই আপাতবিলাসট্টকুই-বা দেখা দেবে কেন? তাকে মেনে নিলেও তো সকল গোল চোকে না। তারও পরে তার গতি প্রকৃতি ও অধিকার সম্পর্কে একটা জিল্পাসা উদ্যত হয়েই থাকে আমাদের চিত্তে—কেননা এসব তত্ত্ব খাচিয়ে না জানলে অবিদা৷ সম্পর্কে আতৎক যেমন আমাদের ঘ্রচবে না, তেমনি বিশ্বব্যাপারে এই শক্তির সার্থকতাকে হৃদয়গ্গম করে তার আন্কুল্যের সুযোগ নিতেও আমরা কুণ্ঠিত হব।...কিল্ড অবিদ্যার রহস্য আসলে আমাদের বিভজাবৃত্ত বৃদ্ধির একটা अलौक कल्पना। मुर्ति ভाবের মধ্যে বৃষ্টি দেখে कि कल्पना करत এकটा नारित्रत বিরোধ এবং তাকে সে ধরে নেয় বাস্তবের বিরোধ বলে। তার ফলে বিরুষ্ধ দুটি ভাবের সহভাব ও একত্বকে সে অসম্ভব বলে সিন্ধান্ত করে বসে। বিদ্যা আরু অবিদ্যার মাঝেও প্রাকৃতব ন্ধির কল্পিত এমনতর একটা বিরোধ আছে। কিন্তু এতক্ষণের আলোচনায় আমরা জেনেছি, অবিদ্যা বিদ্যাশক্তিরই একটা আত্মসঙেকাচনী বৃত্তি। ব্যাবহারিক প্রয়োজনের তাগিদে উপস্থিত কর্মের প্রতি ঐকান্তিক অভিনিবেশন্বারা নিজেকে সে সংহত করে। তার অভি-নিবেশের ফলে চেতনার একটি বিশিষ্ট ক্ষেত্র যেমন উজ্জ্বল হয়ে ওঠে. তেমনি

তার বাকী অংশ ঢাকা পড়ে আবছায়ার অন্তরালে। কিন্তু তাবলে অন্তর্গন্ত সমগ্র চৈতন্যের পরিপূর্ণ সভা ও ক্রিয়ার যে কোনও অভাব ঘটে সেখানে, তা নয়। আধারের অথণ্ড চৈতনাই সেখানে কাজ করে যায়—কিন্তু আত্মপ্রকৃতির 'পরে স্বকাম্পত এবং স্বারোপিত নিয়মের শাসন মেনে। চেতনার স্বেচ্ছাকৃত সকল সংক্রোচই বহন করে বিশিষ্ট আকৃতির বীর্য-দোর্বলা নয়। অভি-নিবেশমাতেই আছে চিন্ময় সন্ধিনী শক্তির প্রেতি—তার অক্ষমতা নয়। বটে, অতিমানসের অভিনিবেশে আছে বহুধা-বিসূষ্ট অথচ অখণ্ডগ্রাহী আনন্ত্যের বৈপল্যে। অথচ প্রাকৃত অভিনিবেশ বিভজ্যবৃত্ত এবং সীমার সংক্রাচে প্রীড়িত। এও সত্য, সে-অভিনিবেশ সূচ্টি করে বস্তর তত্তরপের সম্পর্কে একটা প্রতীপ বা খণ্ডিত ভাবনা একটা মিথ্যা কিংবা অর্ধসতা প্রজ্ঞপি। কিন্তু বিদ্যাকে এমনি করে খণ্ডিত ও সংকৃচিত করবার প্রয়োজন কি ছিল, তাও আমরা এখন জানি। প্রয়োজনকে একবার যদি স্বীকার করি, তাহলে তাকে সার্থক করবার সামর্থ্যকেও-বা স্বীকার করব না কেন. কেনই-বা সে-সামর্থ্যকে মান্ব না পরমার্থসন্তার পরম শক্তিরই বিলাস বলে? বস্তুত, বিশিষ্ট বিভা-বনার প্রয়োজনে এই-যে আত্মসঙেকাচের সামর্থ্য, এ তো শুদ্ধসন্মান্তের প্রম চিতিশক্তির সংগ্রে অসমজ্ঞস নয়ই: বরং অনন্তদ্বরূপের বিচিত্রবিভূতির একটি প্রকাশ যে এই ধারাতে হবে, তা-ই কি একান্ত প্রত্যাশিত ছিল না?

যিনি প্রপঞ্চাতীত, নিজের মধ্যে বিশ্বের প্রপঞ্চ যদি তিনি ফুটিয়ে তোলেন, তাতে তাঁকে সীমার বাঁধন তো পরতে হয় না—কেননা বিশেবর বিস্ফিট যে তাঁরই পরাংপর সত্তা চৈতন্য শক্তি ও আনন্দের স্বতঃস্ফূর্ত উচ্ছলন। অনন্ত র্ঘাদ নিজেরই মধ্যে সান্ত প্রতিভাসের অন্তহীন অন্যোন্যসংগমের মেলা গড়ে তোলেন, তাতে কি প্রকাশ পায় তাঁর শক্তির কণ্ঠা—না তাঁর স্বাভাবিক আত্ম-বিভাবনার ঐশ্বর্য ? এক যিনি, নানাত্বভাবনার সামর্থ্য তাঁর একত্বের মহিমাকে সংক্রচিত করে না—কেননা নানাত্বের মধ্যে তিনি যে আত্মসত্তার উল্লাসকেই আম্বাদন করেন বিচিত্তরপে। বরং এই বৈচিত্ত্যের উল্লাসেই তাঁর অনন্ত একত্বের যথার্থ পরিচয়— ব্রন্ধিকল্পিত সংখ্যৈকত্বের সান্ত আড়ুন্টতার মধ্যে কোথায় সে-মহিমা? তেমনি, অবিদ্যাকে যদি জানি চিংপ্রের্যের স্বতঃসমাহিত দ্বতঃস্থেকাচী বিচিত্র অভিনিবেশের সামর্থ্য বলে, তাহলে তাকে তাঁর দ্বতঃ-भरिक्मम विमार्गाकुत र्विष्ठितियाविधामक ছत्मानीया वर्ताहै-वा मान्य ना रकन ? অবিদ্যা তখন আর তৃচ্ছ অথবা হেয় নয়—প্রপণ্যাতীতের প্রপণ্যবিস্থিতির সে একটা বিশিষ্ট ভাগে। অনশ্তের অন্তহীন সান্তভাবনার অথবা বহুর আধারে একেরই বিচিত্র আত্মরতির সাধনরপে তার মর্যাদা তখন অনস্বীকার্য। চেতনার অন্তহীন সামর্থেরে একটি কোটিতে আছে আত্মসমাধানুদ্বারা প্রপঞ্জের কিম্ত্রি—অথচ দন্ধিনী-শক্তির প্রেতিবশত জগদ্ভাবের অনুবৃত্তি তখনও

চলতে থাকে। আবার তার আরেক কোটিতে আছে বিশ্বব্যাপারে সমাহিত হয়ে আত্মন্বর্পের বিস্মৃতি—অথচ আত্মার আবেশে সেখানেও চলছে বিশ্বের ব্যাপ্রিয়া। কিন্তু চিদ্বাধের এই আপাত-বিরোধকে ছাড়িয়ে আছে অখণ্ড সচিচদানন্দের স্বয়ংপ্রজ্ঞ অভ্যুগসন্তার মহিমা। এই কল্পিত বিরোধ সে-মহি-মাকে থবা তো করেই না, বরং তারই ভিতর দিয়ে ফ্টে ওঠে তাঁর অবাঙ্মানস-গোচর অনিব্চনীয়তার রহস্যক্রমল দ্যোতনা।

চতুর্দশ অধ্যায়

অসত্য প্রমাদ অধর্ম ও অশিবের নিদান এবং প্রতিকার

नामरख कम्जारिः भाभः न देख्य मृक्काः विजः। अख्यातनावृज्य खानः एउन मृक्जान्य अन्यवः॥

গীতা ৫।১৫

বিভূ গ্রহণ করেন না কারও পাপ বা কারও স্কৃত; অজ্ঞান দ্বারা আবৃত ররেছে জ্ঞান, তাইতে বিম্বাধ হয় মতের মান্ষ। —গীতা (৫।১৫)

অমন্তান্তাত্মানে। বৈ তে। তদিমে ম্চা উপজীবস্ত্যভিষ্কিণনোহন্তাভিশং-সিনঃ স্ত্যমিবান্তং পশ্যস্তি ইম্ফ্ললবদিতি।

देवत्रभनिषर १।५०

তত্ত্ব ছাড়া আত্মার আরেকটা ধারণাই উপজীবা তাদের; তাই তারা মূঢ় অভি-ষ_বংগী অন্তশংসী—যেন *ইন্দ্রজালে*র বশে অন্তকে তারা দেখে সত্যের মত।

—মৈত্রী উপনিষদ (৭।১০)

অবিদ্যারামণ্ডরে বর্তমানাঃ জংঘনামানাঃ পরিয়ণিত মুচোঃ অঙ্গেটনৰ নীয়মানাঃ যথানাঃ॥

স্থাক্তকোপনিষ্থ ১।২।৮

অবিদ্যার মধ্যে থেকে ঘ্রের মরে তারা—হোঁচট থেয়ে-থেয়ে চলে আঘাতে জন্ধরিত হয়ে, অব্ধ দিশারীর পিছনে অন্ধের পালের মত।

—মুক্তকোপনিষদ (১।২।৮)

ब्रिथ्युत्ता सराजीर छेट न्रंक्डम्स्ट्रिट।

গীতা ২।৫০

যে বৃদ্ধিযুক্ত, সে ত্যাগ করে স্কৃত ও দৃষ্কৃত উভয়কেই।

–গীতা (২।৫০)

আনশ্যং রক্ষণে। বিশ্বান্। এতং হ বাব ন তপতি কিমহং সাধ্ নাকরবমং কিমহং পাপমকরবমিতি। স ব এবং বিশ্বান্ উচ্চে হোবেৰ এতে আত্মানং স্পৃন্তে।

তৈত্তিরীয়োপনিবং ২।১

রক্ষের আনন্দকে জেনেছে যে, তাকে সন্তণ্ড করে না এই ভাবনা : 'কেন আমি ভাল কাজ করিনি, কেন আমি মন্দ কাজ করলাম!' আত্মাকে যে জানে এ-দ্বটি ভাবনা হতেই নিষ্কৃতি পায় সে।

—তৈত্তিরীয় উপ্সনিষদ (২।৯)

ইমে চেতারো অন্তস্য ভূরে:। ইম কতস্য বাব্ধুদ্বিরাণে শশ্মাসং প্রা অদিতেরদখাঃ ৫

बर्ग्यम १ १५० १५

এদের আছে ভূরি অন্তের চেতনা; এরা ঋতের আধারে ওঠে বেড়ে—আঁদিতির শক্তিমান্ অধ্যা প্র এরা। —ঋণ্ডেদ (৭।৬০।৬) প্রথমোন্তমে সভাং মধ্যভোহনতং তদেতদন্তমভন্তঃ সভ্যেন পরিগ্রীতং সভ্য-ভয়মেৰ ভৰতি।

ब्रह्मात्रभारकार्भानवर ७।७।১

প্রথম আর শেষ অক্ষর দুটি সত্য. মাঝখানে আছে অন্ত; এই অন্ত তাই সতাদবারাই পরিগৃহীত দুদিক হতে, অতএব সতোই তার সন্তার নির্ভার।*

—বহদার্ণাক উপনিষ্দ (৫ I৫ I১)

অখণ্ড স্বতঃসংবিতের বিস্মৃতিহেতু বিদ্যাশক্তির যে-আত্মসংখ্কাচ, তা-ই র্ঘাদ হয় অবিদ্যার স্বরূপ এবং একটি বিশিষ্ট ক্ষেত্র অথবা বিশ্বস্পন্দের বহিঃ-কণ্ণকের প্রতি ঐকান্তিক অভিনিবেশ যাদ তার প্রবৃত্তির ধারা হয়—তাহলে এই সিন্ধান্ত অনুসারে অনর্থ বা অশিবের অদিতত্বকৈ আমরা ব্যাখ্যা করব কেমন করে? জীবনরহস্য কি জগংরহস্য যার দিকেই মানুষের দুল্টি পড়ক না কেন. কোথাহতে তার মধ্যে এল অশিবের করাল ছায়া—এই বেদনাময় প্রশ্ন চিরকাল তার চিত্তকে পর্নীড়ত করে এসেছে। অন্তর্গাচ় সর্ববিদ্যান্বারা আবিষ্ট সংকীর্ণ বিদ্যাপজ্ঞিকে অবলম্বন করেই যে নিয়তিকত নিয়মের সীমিত পরিসরে গড়ে উঠবে বিশ্ববিধানের একটা বিশেষ ধারা—বিশ্বভরা চিতিশক্তির এই প্রবাত্তিকে অবশ্য দর্বোধ কি অসংগত মনে করতে পারি না। কিন্তু তার মধ্যে অসত্য আর প্রমাদ, অধর্ম আর অনর্থেরও সমাবেশ যে অপরিহার্য একথা দ্বীকার করি কি করে? সর্বগত ব্রহ্মসন্তার চিন্ময় লীলায় কোথায় খল্লৈ পাব এ-দ্বরিতের সার্থকতা ? অথচ ব্রহ্মতত্তের সম্পর্কে আমাদের ধারণা যদি যথার্থ হয়, তাহলে কোথাও-না-কোথাও এইসব বিরুদ্ধ প্রতিভাসের আবির্ভাবের একটা তাৎপর্য ও সার্থকিতা আছে বিশেবর ঋতময় বিধানের কোনও-না-কোনও আনুক্ল্যে সাধিত হচ্ছে তাদের দ্বারা। কারণ পরিদৃশ্যমান বিশেবর সব-কিছুই যখন ব্রহ্ম তখন ব্রহ্মের পরিপূর্ণ অব্যভিচরিত আত্মবিদ্যা তাঁর সর্ব-বিদ্যারই নামান্তর। অতএব তার মধ্যে অসত্য ও অশিবকে একটা যদক্ষা-কাল্পত অথবা আকৃষ্মিক উৎপাত বলে গণ্য করা যায় না। কিংবা বলা যায় না, বিশ্বপ্রজ্ঞ রক্ষের চিংশক্তিতে এ শৃধ্য একটা অনিচ্ছাকৃত আত্মবিস্মৃতি বা বিদ্রমের ছলনা। অথবা এ কেবল হংশয় প্রেষকে অতর্কিতে বন্দী করবার একটা কর্ণসিং চক্রান্ত করা হয়েছে, যার ফাঁদে একবার পা দিলে সহজে আর গোলকধাধার প্যাঁচ হতে তাঁর নিষ্কৃতি নাই! এও বলতে পারি না, এ একটা অনাদি শাশ্বত দুবোধ প্রহেলিকা। সর্বজ্ঞ সর্বগ্রে ঈশ্বরও তার রহস্য

দর্টি সত্যের একটি জড়জগতের সত্য, আরেকটি অতিচেতন চিংল্লগতের সত্য। দ্রের মাঝে আছে প্রত্যক-বৃত্ত এবং মনোমর চেতনার অবাশ্তর সত্য। তারা অসত্যশ্বারা বিশ্ব হতে পারে। কিন্তু সে-অসত্যও নিজেকে গড়ে তোলে উপর হতে বা নীচ হতে সত্যের উপাদান আহরণ করে। তাই দ্টি প্রতাশ্তলোক হতেই তার পরে চাপ পড়ছে তার অন্ত কম্পনকে জীবনসত্যে এবং অধ্যান্ত্রসতো রুপাশ্তরিত করবার জন্যে।

জানেন না, স্তরাং আমরাই-বা জানব কি করে।...এই তামস মায়ারও পিছনে আছে বিশ্বপ্রজ্ঞার একটা সার্থক প্রেতি, সর্বচিতের একটা অকুণ্ঠ ঈশনা—যা আমাদের স্বান্ত্ব এবং বিশ্বান্তবের বর্তমান কলেপ একটা অপরিহার্য প্রয়োজনকে সিন্ধ করছে। অস্তিত্বের এইদিকটা এবার আমাদের আরও খ্রাটিয়ে ব্রুতে হবে; দেখতে হবে কোথায় তার উৎস, কতট্কুই-বা তার তাত্ত্বিক্তার সীমা এবং বিশ্ব-প্রকৃতিতে কোথায় তার স্থান।

এ-সমস্যার বিচার হতে পারে তিন দিক থেকে : প্রমার্থসতের স্থেগ এর কি সম্পর্ক, বিশ্বব্যাপারের কোথায় এর উৎস এবং কোথায় স্থিতি ব্যচ্টি-জীবের 'পরে কতথানি এর প্রভাব এবং অধিকার। স্পন্টই দেখছি প্রমার্থ-সতের মধ্যে অসত্য ও অশিবের নিদান খংজে পাওয়া যাবে না, কেননা তাঁর ন্ব-ভাবে এধরনের কোনও-কিছুর সত্তাই অকল্পনীয়। এরা অবিদ্যা ও অচিতির বিস্থিত-শুন্ধসন্মাত্রের মৌল বা প্রথমজ বিভৃতি নয়। বিশ্বোত্তীর্ণ চেতনা অথবা বিশ্বাত্মা বিশ্বভাবন প্রেষের অনন্তবীর্ষের স্বধর্মও এরা নয়।... ক্থনও তর্ক ওঠে : সত্য ও শিবের যেমন চরম কোটি আছে, তেমনি আছে অসত্য এবং অশিবেরও : কিংবা এতটা না হলেও, তারা অন্যোনাসাপেক্ষ নিশ্চয়ই। এই ভূমিতেই আছে বিদ্যা আর অবিদ্যা, সত্য আর অসত্য, শিব আর অশিবের দ্বন্দ্ব। এই আপেক্ষিকতাকে আশ্রয় করে তাদের সন্তা তার বাইরে দ্বন্দ্বাতীত ভূমিতে তাদের কোনও অস্তিত্বই নাই।...কিন্তু এসব দ্বন্দ্ব-সম্পর্কের স্বর্পসত্যের তো এই পরিচয় নয়। প্রথমত, স্পণ্টই দেখছি অসত্য আর অশিব অবিদ্যার পরিণাম মাত্র: যেখানে অবিদ্যা নাই সেখানে তারাও নাই—সত্য আর শিবের সংগ্যে এইখানে তাদের তফাত। অতএব দিব্য-প্রেয়ে তাদের ব্রম্ভুসত্তা অথবা প্রমা প্রকৃতিতে তাদের সহজ-হিথতি কোন্মতেই কল্পনা করা চলে না। বিদ্যার যে-সঙ্কোচে অবিদ্যার উদ্ভব, তার বাঁধন যদি খনে যায়, অবিদ্যা যদি নিজেকে হারিয়ে ফেলে বিদ্যার উদার জ্যোতিতে. তাহলে অসত্য এবং অশিবও অপগত হয়। কেননা তারা উভয়েই অচেতনা ও বিকৃতচেতনার পরিণাম। অতএব অবিদ্যার অপসারণে অথণ্ড সত্যচেতনার আবির্ভাবে অসত্য ও অশিবেরও কোথাও দাঁডাবার ঠাঁই থাকে না। তাই অসত। ও আঁশবের নিরপেক্ষ সত্তা বা পরাকাষ্ঠা কিছুতেই সিম্ধ হতে পারে না। এরা বিশ্বভূবনের চলতি-পথের উপস্থিত মাত্র। এরা আলোর কমল নয়, অচিতির অন্ধতমঃ হতেই ফুটেছে এই অসতা আশব ও সন্তাপের কালোর ফুল। পক্ষান্তরে, সত্য ও শিবের মধ্যে এমন-কোনও অবগাণ নাই, যা তাদের চরম-ত্বের সহজ প্রকাশকে ব্যাহত করতে পারে। সত্যে-মিথ্যায় ও শিবে-অশিবে আপেক্ষিকতার যে-শ্বন্দ্র, তা আমাদের অনুভর্বসিন্ধ তথ্য হলেও তত্ত্ব নয়— তাও ব্যাবহারিক চেতনারই একটা উপস্থিত। এই দ্বন্দ্বকে অন্তিম্বের শাশ্বত

দ্বভাবধর্ম বলতে পারি না, কেননা মান্ষী চেতনার পংগ্র বিচারেই তাদের সত্যতা নির্পিত হয়েছে। সে-বিচারকে ছেয়ে আছে থানিক-জানা থানিক-না-জানার আলো-আঁধারি।

সত্যকে আমরা আপেক্ষিক মনে করি, কেননা আমাদের বিদ্যাকে ঘিরে রয়েছে অবিদ্যার বেড়া। মানুষের সতাদৃষ্টি বাইরের প্রতিভাসে আটকা পড়ে যায়, কিন্তু সেখানে তো ক্তুম্বভাবের পূর্ণ পরিচয় মেলে না। আরও গভীরে তলিয়ে গিয়ে ষেট্কু আলোর দেখা পাই, তাও শুধু আন্দাজ অনুমান বা আভাসের মায়া—অসন্দিশ্ধ তত্ত্বের দর্শন তো নয়। তাই আমাদের সিদ্ধান্তের মধ্যে থাকে একদেশদশিতা জল্পনা বা কৃত্রিমতার প্রাচ্যে। সত্যের সংক্র পরোক্ষসল্লিকর্ষজনিত অনুভবকে ভাষায় রূপ দিতে যাই যখন তথন তার মধ্যে ফোটে তত্ত্বরূপ নয়—শা্ধা তার প্রতিচ্ছবি বা রেখার মায়া, শা্ধা ছায়াময় মানসপ্রত্যক্ষের শব্দময় ছায়া। তাকে কি করে বলি সত্যের সত্যবিগ্রহ, কি করে তাকে অপরোক্ষের মর্যাদা দিই? এইসব প্রতিচ্ছবি বা রূপরেখা স্বভাবতই অপূর্ণ এবং অপ্পণ্ট, তাদের মলিন করেছে অবিদ্যা ও প্রমাদের ছায়ান,চরেরা। একটি সত্যের উপরোধে আর-সব সত্যকে তারা খেদিয়ে দেয় কি ঠেকিয়ে রাথে। এমন-কি তাদের স্বীকৃত সত্যকেও তারা পরোপর্রির প্রামাণ্যের মর্যাদা দেয় না। সত্যের একটি প্রতান্তভাগ মাত্র বিসপিতি হয় র্পের ক্লে, তার বাকিট্বকু থাকে ছায়ায় ঢাকা—অদৃশ্য বিকৃত বা সন্দিশ্ধদশন হয়ে। এমন কথাও বলা চলে, মনের ছায়াছবিতে সত্যের সত্যরূপ কোনকালেই ফুটতে পারে না : মন যাকে দেখায়, সে তো সত্যের নিরাবরণ নিরঞ্জন বিগ্রহ নয়—তাকে যে ঢেকে রয়েছে অনুতের নিচোল। অনেকসময় ওই নিচোলের আবরণটাকুই আমাদের চোখে পড়ে। কিন্ত চেতনার অপরোক্ষব্যত্তি বা তাদাম্মপ্রতায় দিয়ে সত্যকে জানার ধরন তো এমন নয়। সে-দর্শনেও সীমার সঙ্কোচ থাকতে পারে। কিন্তু যতটুকু তার প্রসার, তার মধ্যে তার প্রামাণ্য অব্যাহত। আর নির্বাধ প্রামাণ্যই আনে পরমার্থতন্তের প্রথম স্টুনা। অপরোক্ষদর্শন বা তাদাস্ম্য-প্রতায়েও দ্রান্তির ছায়াপাত হতে পারে—মনের আহ,ত নানা সংস্কার, অতি-ব্যাপ্তি-দুষ্ট অনুমান কি তত্ত্বাবধারণের বৈকল্যবশত। কিন্তু বস্তুর তত্ত্বরূপে সে-দ্রান্ত উপসংক্রান্ত হয় না। তাদাস্ক্যান্টি অথবা তত্তান,ভবের স্বতঃ-প্রামাণ্যই হল বিদ্যার স্বরূপ এবং তার স্বয়স্ভাব সত্তাতে অস্তর্গ ্রূ হয়ে আছে। কিল্ডু আমাদের মন দেখে তার গোণর প্র—যার প্রামাণ্য সংশয়িত, যার মধ্যে দ্বতঃসিম্ধতার দ্বচ্ছতা নাই। অবিদ্যার দ্বর্পে কিন্তু এই দ্বয়দ্ভাব বা স্বতঃপ্রামাণ্যের অভাব স্বাভাবিক। অবিদ্যার সত্তা নির্ভার করছে বিদ্যার সঙ্কোচ অবরোধ বা অভাবের 'পরে। তেমনি প্রমাদের মূলে আছে সত্য হতে **স্থল**ন. অনুতের মুলে আছে সত্যের বিকৃতি বিরোধ কি নিরাকৃতি। কিন্তু বিদ্যার

সম্পর্কে এমন কথা বলা চলে না যে, অবিদ্যার সঙ্কোচ অবরোধ বা অভাবই তার স্বর্প। মান্মের চিত্তে কখনও হয়তো দেখি, ত্যুবিদ্যার সঙ্কোচে কি নিরোধে বিদ্যার উদ্মেষ—অর্ধচ্ছয় আলোক হতে অম্ধকারের অপসরণে, কখনও-বা দেখি অবিদ্যারই বিদ্যায় র্পান্তর। কিন্তু তব্ জ্যানি, সন্তার গভীর গহনে আছে বিদ্যায় স্বভাবস্থিত। সেখান হতেই আমাদের চেতনায় তার স্ব-তন্ত্র আবিভাবে ঘটে।

ঋতচেতনাই শিবের আধার, আর আশব বে'চে থাকে শা্ধা অন্ত-চেতনাকে আশ্রয় করে। অবিমিশ্র ঋতচেতনাতে শ্বধ্ব শিবেরই স্থান আছে। অশিবের খাদ সেখানে থাকতেই পারে না, কিংবা আশিবের এতটকে আভাস থাকতে শিবের আর্বিভাব হয় না। কিন্তু সত্য ও প্রমাদের মত প্রাকৃতমনের কল্পিত শিব আর অশিবের সংজ্ঞাও অনিশ্চিত এবং আপেক্ষিক। বিশেষ-কোনও দেশে অথবা কালে যা সতা, অন্যকোনও দেশে বা কালে হয়তো তা প্রমাদদুন্ট। আজ আমরা যাকে মনে কর্রাছ শিবময়, অন্য-কোনও দেশে বা कारन ठा-टे ट्याटा जीगरवर्त्र निमान। जावार এও দেখি : जामता यारक বলছি শিবময়, তার পরিণাম হল অনর্থ; যাকে ভাবছি আশব, চরমে তা দেখা দিল কল্যাণের মূর্তিতে। কিন্তু শিব হতে অপ্রত্যাশিতভাবে আশবের উৎপত্তি হয় যখন, তখন তার মূলে থাকে বিদ্যার সঙ্গে অবিদ্যার সংমিশ্রণজনিত ব্যামোহ এবং ঋতচেতনার সংখ্যে অন্তচেতনার সাধ্বর্ষ—যার জন্যে অজ্ঞান অথবা প্রমাদকে আমরা কল্যাণসাধনার দিশারী করি। কখনও-বা অশিবের অনাহতে উপদ্রবে শিবের সাধনা ব্যর্থতায় পর্যবসিত হয়। আবার অশিব হতে শিবের আবিভাব যখন হয়, তখন সে অপ্রত্যাশিত বিপরীতপরিণামের মূলে থাকে অন্তর্গ কোনও ঋতময় চেতনা ও শক্তির আবেশ—যা অন্ত-চেতনা ও অনৃতসংকল্পকে আপন বীর্ষে পরাভূত করে। অথবা হয়তো কল্যাণশক্তির অতকিত আবিভাবে অমণ্যলও হয়ে ওঠে মণ্যলের নিদান। শিব-অশিবের এই সাপেক্ষত্ব ও ব্যামিশ্রতা মানবচেতনারই বিশিষ্ট ধর্ম— মানুষের জীবনে বিশ্বশক্তির লীলায়নের এই ধারা। শিব ও অশিবের স্বরূপসত্যের কোনও পরিচয় এতে নাই। আপত্তি হতে পারে, জড়প্রকৃতির অনর্থ—যেমন দেহের যক্ত্রণা ইত্যাদি—বিদ্যা ও অবিদ্যার অথবা ঋতচেতনা ও অন্তচেতনার ধার ধারে না, জড়প্রকৃতির স্বভাবেই নিহিত রয়েছে তাদের ম্ল। কিন্তু প্রকৃতপক্ষে সমস্ত দুঃখক্ষের নিদান হল বহিশ্চেতনায় চিং-শক্তির সংকোচ—যাতে আমাদের প্রাকৃত আধার পার্য ও প্রকৃতির মধ্যে সাম-রস্যের সূত্র খ'জে পায় না, অথবা বিশ্বশক্তির সকল অভিঘাতকে স্বচ্ছন্দ হয়ে আত্মসাৎ করতে পারে না। নতুবা জ্যোতিময় চেতনার অকুণ্ঠ আবেশে, চিন্ময় সন্ধিনী-শক্তির নিরুক্ত্রণ প্রেতিতে বেদনাবোধের কোনও ঠাই হতে পারে না।

অতএব সত্য ও অসত্যের অথবা কল্যাণ ও অকল্যাণের দ্বন্দ্ব দুটি স্ব-তন্দ্র বস্তুর আপেক্ষিক দ্বন্দ্ব নয়। এদের বিরোধ যেন আলো-ছায়ার বিরোধের মত। আলো না থাকলে ছায়া পড়ে না, কিন্তু তাবলে আলোর প্রকাশের জন্য ছায়ার তো কোনও প্রয়োজন নাই। অতএব রক্ষের কোনও-কোনও মৌল-বিভাবের বিরোধী প্রত্যয়ের সঙ্গে তাঁর যে-সম্পর্ক, আসলে তা কিন্তু আত্যন্তিক বিরোধের সম্পর্ক নয়। 'সত্যং শিবং' নিশ্চয় রক্ষের দুটি মৌল-বিভাবের পরিচয় বহন করে। কিন্তু তাবলে অসত্য এবং অশিবকে তাঁর মৌলবিভাতি বলা চলে না—কেননা আনন্ত্য অথবা শাশ্বত-সদ্ভাবের কোনও বীর্ষ তো নাই তাদের মধ্যে। এমন-কি স্বয়্রম্ভু রক্ষে তাদেরও স্বয়্রম্ভাব নিহিত আছে বীজাকারে, এমন কথাও বলা চলে না—স্বতঃসিন্ধ স্বভাবের প্রামাণ্য তো দ্রের কথা।

সত্য ও শিবের প্রকাশ থাকলে অসত্য ও আঁশবেরও কম্পনা এসে জোটে তার সংগে—একথা অস্বীকার করা যায় না: কারণ যার ভাব আছে, তার অভাবও অকল্পনীয় নয়। সং চিং আনন্দের প্রকাশ হতেই সম্ভব হল অসং অচিং ও নিরানন্দেরও প্রকাশের কল্পনা। আবার কল্পনা হতে দেখা দিল তাদের আপাতিক অপরিহার্য বাদতবিসিদ্ধি—কেননা যা-কিছু, সম্ভাবিত, তাতেই নিহিত রয়েছে বাস্তবে পরিণত হবার একটা অনতিবর্তনীয় প্রবেগ। অতএব ব্রহ্মসদ ভাবের দিব্য**বিভৃতিতে যেসব বিরোধের** আভাস জেগে ওঠে, তাদের বেলাতেও ঠিক এই নিয়মই খাটবে। অর্থাৎ স্ফুরণোন্মুখ ব্রাহ্মী চেতনায় বিস্পির আদিপর্বেই যদি দেখা দেয় এইসব বিরোধী প্রত্যয়ের সূচনা, তাহলে তাদের পরোক্ষ পারমাথি কতাকে তো মানতেই হয়। বিশ্বভাবনার সংগ্যে তাদের অচ্ছেদ্য সম্পর্ক'কেও স্বীকার না করে আর উপায় থাকে না তখন।...কিন্তু গোডাতেই লক্ষ্য করা উচিত, অসত্য ও আশবের সম্ভাবনা দেখা দিয়েছে বিশেবর বিসুষ্টিতেই। কালাতীত সংস্বরূপে তাদের সিম্পসত্তা অকল্পনীয়। কেননা, যে একম্ব ও আনন্দ কালাতীতের স্বর্পধাতৃ, তার সঙ্গে অসত্য ও অশিবের কোনই সামঞ্জস্য নাই। বিশেবও তাদের স্থান হতে পারে না, যতক্ষণ না সংকু-চিত ব্তিহেত দেখা দেয় সত্য ও শিবের একদেশী ও আপেক্ষিক র্পায়ণ, অখন্ড সত্তা ও চৈতন্য পরিকীর্ণ হয়ে না পড়ে বিবিক্ত সত্তা ও চৈতন্যের বিকল্পনায়। কারণ বিশ্বচেতনার বহুধাবৈচিত্রোর মধ্যেও যেখানে চিৎশক্তির বিভিন্ন ধারার একপ্রতায়সার অনোন্যসংগম, সেখানে আত্মবিজ্ঞান 🗞 অন্যোন্য-বিজ্ঞান ফ্রটে ওঠে স্বভাবের স্বতঃস্ফুর্ত সত্যর্পেই। অতএব সেথানে নিজেকে বা পরস্পরকে না জানবার ক্ষীণতম আশংকাও থাকতে পারে না। স্বতঃসংবিক্ষয় অদ্বৈতচেতনার ভিত্তিতে অখণ্ডসতোর প্রতিষ্ঠা বেখানে, সেখানে কি করে অসত্যের ঠাই হবে ? যেখানে অনৃতচেতনা ও অনৃতসৎকল্পের

বঞ্চনা নাই বলে অসতা ও প্রমাদে তাদের পর্যবসান ঘটে না, সেখানেও অশিবের প্রবেশাধিকার নাই। চেতনায় বিবিক্তবোধ যখন জাগে, তখনই দেখা দেয় অসত্য ও অশিবের সম্ভাবনা। কিন্তু তব্ব তাদের এই যৌগপদ্য একেবারে অপরিহার্য নয়। বিবিক্ত পরে, ষদের মধ্যে অদৈবতচেতনা স্কান্সন্থ জাগ্রত না হয়েও যদি পরস্পরের ভাবের যোগ নিবিড হয় এবং খণ্ডবিজ্ঞানশাসিত দ্বভাবধর্ম হতে বিচ্যুতি না ঘটে, তাহলে সেখানে আঁশবের প্রবেশের কোনও পথ থাকে না কিংবা সত্য ও সোধম্যের একচ্ছত্র প্রভাব ব্যাহত হয় না। অতএব অসত্য ও অশিবের পারমাথিক সত্তা তো নাইই—এমন-কি বিশ্বব্যাপারেরও তারা অপরিহার্য অখ্য নয়। বিশ্বব্যাপারে তাদের আবির্ভাব ঘটে প্রকৃতি-পরিণামের এক বিশেষ পর্বে—অর্থাং বিবিক্তভাব যখন পর্যবাসত হয় অন্যোন্য-বির-ম্পতায়, অবিদ্যা যখন বিদ্যাকে আবৃত ক'রে **সে-আবরণের** ভূমিকায় রচে অনৃতচেতনা ও অনৃতজ্ঞানের বিক্ষেপ এবং তাইতে সংকল্পে ও বেদনায় কর্মে ও চেতনায় অনুতের আবর্ত ঘুলিয়ে ওঠে।...প্রশন হবে বিশ্ব-বিস্থিত কোন পর্বসন্ধিতে দ্বন্দ্ববিরোধের এই মেলা দেখা দেয়? মনে হয়, বিভজাব্ত প্রাণ ও মনের মধ্যে চেতনার যে ক্রমিক আত্মনিগ্রেন, অথবা অচি-তির গহনে তার যে আত্মনিমজজন—এ-দুয়ের যে-কোনও ভূমিতে বিরোধের প্রথম সূচনা অসম্ভব নয়। তখন আবার প্রশ্ন ওঠে : অসত্য প্রমাদ অধর্ম ও অশিব—এরা কি প্রাণ ও মনের স্বাভাবিক ধর্ম—প্রাণময় ও মনোময় ভূমির প্রাক্সিম্ধ বিভূতি ? না অচিতির তমোভাবদ্বারা প্রাণে ও মনে সংক্রামিত হয়েছে বলেই জড়বিস্থির বৈশিষ্ট্যরূপে তারা দেখা দিয়েছে? আরও একটা প্রশ্ন : জড়াতীত প্রাণ ও মনের ভূমিতেও যদি তাদের অন্তিম খাজে পাই. তাহলে কি মনে করব তারা সে-ভূমির অনাদিসিন্ধ কোনও ধর্ম? কেননা, এমনও তো হতে পারে, জড়বিস্ভির স্বাভাবিক পরিণামহেতু অথবা তার উৎসপ্রের ফলে জড়াতীত ভূমিতে তারা উপচরিত হয়েছে।...এ-সিম্পান্ত যদি সমীচীন না হয়, তাহলে কি কল্পনা করা চলে : বিশ্বমন ও বিশ্বপ্রাণেই তাদের প্রথম স্টুনা দেখা দিয়েছে অজড়ভূমির ফলোন্ম্খ ধর্মরিপে, কেননা এই উপক্রমণিকাট্রক না থাকলে তাদের আবিভাব এখানে সম্ভব হত না। হয়তো-বা অচিতির সিস্কার অপরিহার্য পরিণামস্বর্প সমণ্টি প্রাণ-মনেরই সহজ ধম' তারা।

জড়ের রাজ্য ছাড়িয়ে গেলেও যে এসব অনর্থের একটা স্বধাম খ্রুজে পাওয়া যায় লোক লোকান্তরে—এমন-একটা চিরাগত সংস্কার পরস্পরাপ্রাপ্ত প্রত্যায়ের আকারে সণ্ডিত আছে মান্বের মনে। এই পৃথিবীর ব্রুকে প্রাণশক্তি ও প্রাণাগ্রয়ী মনের লীলায়নে যেসব বিকৃত বিপর্যস্ত ও বিসংবাদী শক্তি এবং ব্যাকৃতির বিক্ষোভ দেখি, তাদের উপধাভূমি আমরা খ্রুজে পাই জড়োত্তর জগতে—যেখানে প্রাণচণ্ডল মন ও প্রাণের বীর্যবিভূতির বিপ্ল উৎস নিহিত রয়েছে। অধিচেতনভূমির অন্ভব বলে: বিশ্বে এমন-সব অপাথিব শক্তি যে আছে, শৃথ্ব তা-ই নয়। সেসব শক্তির আধারর্পে এমন অপাথিব জীবও থাকা সম্ভব, যাদের মূলা প্রকৃতি অতিসক্ত হয়ে আছে অবিদ্যাতে, স্তিমিত চেতনার অম্পর্তমিস্রায়, শক্তির অপপ্রয়োগে, আনন্দের তির্যক বিলাসে। এককথায় আমরা যাকে বলি অশিব, তার সঙ্গে কার্যকারণের ওতপ্রোত সম্বশ্ধে তারা জড়িয়ে আছে। এসব শক্তি বা সত্ত্বের কাজ হল প্রথিবীর জীবের 'পরে তাদের প্রতীপ প্রবৃত্তির ভার চাপানো। বিশেবর মধ্যে তারাও চায় স্বারাজ্যের অকুণ্ঠ অধিকার, তাই সত্য শিব ও জ্যোতির উপচয়কে ব্যাহত করবে এই তাদের পণ—বিশেষ করে মানুষের অন্তরে দিব্যচেতনা ও দিব্যভাবনার উন্মেষকে পরাভূত করাই যেন তাদের ব্রত। স্ভিটর এইদিকটার বিব্তি আমরা পাই শিব ও অশিব, ঋত ও নিঋতি, দেবশক্তি ও ব্রশক্তির নিরন্তর দ্বন্দ্বে—প্থিবীর সর্বদেশের সংহিতায় ও প্রবাণে, গৃহ্যবিদ্যার সকল অনুশাসনে যুগেযুগে যার কাহিনী বর্ণিত হয়ে এসেছে।

দেবাসক্র-দ্বন্দের এই পোরাণিক কল্পনা বিন্দ্রমাত্র অযৌক্তিক নয়, কেননা আধ্যাত্মিক অনুভবের 'পরে এর প্রামাণ্য প্রতিষ্ঠিত রয়েছে। জড়কে একমাত্র সতা ভেবে মনকে কুনো করে না রাখি যদি, জড়োত্তর ভূমিকে স্বীকার করবার মত সহজ ঔদার্য যদি আমাদের থাকে, তাহলে এসব সিন্ধান্তের যোক্তিকতাকে অস্বীকার করবার কোনও কারণ দেখি না। বিশ্ব ও বিশ্বভৃতের আয়তন ও প্রতিষ্ঠার পে বিশ্বাত্মার চিন্ময়ভাবনা যেমন আছে, তেমনি রয়েছে বিশ্বশক্তিরও সব′্রসণ্ডারী নিরঙ্কুশ প্রেতি। এই আদ্যা শক্তির আবার আছে বহ্মুখী একটা প্রস্তি, বিচিত্রবীর্যের একটা বিভাবনা, অথবা বিশ্বতোম, খ প্রবর্তনার অজস্র লীলায়ন। বিশ্বে যা-কিছ্ব মূর্ত হয়ে উঠছে, তার পিছনে আছে শক্তি কি শক্তিব্যহের অধিষ্ঠান। সে-শক্তি চায় আধারের পূর্ণতা বা পর্নিষ্ট, তার অব্যাহত ক্রিয়াতে খোঁজে আপন প্রতিষ্ঠা; অর্থাৎ আধারের সিদ্ধি উপচয় ও ঈশনাতেই তার সার্থকতা। বিনা্টির অভিঘাতেও আধার যদি অটুট থাকে, জয়শ্রীতে সে যদি হয় দুর্ধর্ষ, তাহলে শক্তিরও আয়ু, বেড়ে যায়, তার আত্ম-র্পায়ণ সাথক হয়। যেমন আছে বিদ্যার বীযবিভূতি অথবা জ্যোতির শক্তিনিচয়, তেমনি আছে অবিদ্যারও বীর্ষবিভৃতি এবং অন্ধতামিস্তের তামস শক্তিরাজি। অবিদ্যা ও অচিতির রাজ্যকে চিরায়, করাই তাদের সাধনা। যেমন আছে সত্যের শক্তি. তেমনি আছে অসত্যেরও শক্তি। অসত্যই তাদের উপ-জীব্য, অসত্যের পর্নন্ট ও বিজয়ই তাদের সাধ্য। এমন শক্তি আছে, শিবের সত্তা ভাবনা ও প্রেতি যার প্রাণ; তেমনি অশিবের সত্তা ভাবনা ও প্রেতিম্বারা অনুপ্রাণিত শক্তিরও অভাব নাই। অদৃশ্যলোকের এই সত্যকে প্রাচীনেরা

র্পকের ভাষায় বর্ণনা করেছেন আলো ও আঁধারের, শিব ও আঁশবের দ্বন্দ্ব-র্পে। তারা চায় জগংকে গ্রাস করতে, মানুষের জীবনকে আপন খুশিতে চালিয়ে নিতে। বেদে আছে দেবতাদের সঙ্গে ব্রুদের ও দিতিপ্রুদের সংঘর্ষের কথা; পরবর্তী যুগে তারা কদ্পিত হয়েছে অসুর রাক্ষস ও পিশাচ-র্পে। জরথ শ্রীয় ধর্মে আছে দুটি 'মইন্যু' বা শক্তির দ্বন্দের কথা; পরের যাগে সোমটিক ধর্মে এই বিরোধই চিত্রিত হয়েছে একদিকে ঈশ্বর এবং তাঁর দেববাহিনী, আরেকদিকে শয়তান ও তার অন্চরবর্গের বিরোধর্পে। স্ব কাহিনীর একমাত্র তাৎপর্য: এমন-সব অদুশ্য শক্তি ও সত্ত আছে এ-জগতে, যাদের একদল মান্মেকে নিয়ে চলে সত্য ও শিবের দিব্য জ্যোতির্মায় পথে. আবার আরেক দল তাকে ঘ্রারিয়ে মারে অসত্য ও অশিবের অন্ধর্তামস্রায়— অদেবী মায়ার গোলকধাঁধায়। আধুনিক মন বিজ্ঞানের আবিষ্কৃত বা অনুসূষ্ট অদৃশ্যশক্তি ছাড়া আর-কোনও শক্তি মানতে চায় না। একথা সে ভাবতেই পারে না, জড়জগতে অহরহ দেখছি মান্য পশ্ব পক্ষী সরীস্প মাছ পোকা-মাকড় কি জীবাণরে যে-মেলা, তার বাইরে আর-কিছু সুন্টি করবার সামর্থ্য প্রকৃতির থাকতে পারে। কিন্তু জড়ধমী অদৃশ্য বিশ্বশক্তি অজীব পিন্ডের 'পরে ক্রিয়া করছে—একথা বিজ্ঞান স্বীকার যদি করতে পারে, তাহলে প্রাণধর্মণী ও মনোধমী অদৃশ্য বিশ্বশক্তি যে মানুষের প্রাণ-মনের 'পরেও ক্রিয়া করবে— একথা মানতেই-বা তার আপত্তি কি ? প্রাণ ও মন জড়াতীত অপ্রের্ষীয় শক্তি হয়েও যদি চেতনভূত স্থিট করতে পারে, অথবা প্রব্রুষকে শরীরী করে তুলতে পারে জড়ের জগতে, এমন-কি জড়কে ব্যবহার করতে পারে আপন শক্তির বাহনর্পে—তাহলে স্বধামে থেকে তারা যে অদৃশ্য স্ক্রাতর উপাদানে চেতন-বিগ্রহ সূষ্টি করবে, অথবা জড়প্রকৃতির অন্তর্ভুক্ত জীবের 'পরে প্রভাব বিস্তার করবে, এও তো কিছু অযোক্তিক কি অসম্ভব নয়। যেসব প্রাণকথা অতীত যুগের বিশ্বাস ও অনুভবের উপর গড়ে উঠেছে, তাদের স্বীকার করি আর না করি, একটা-কিছু, সত্যকে ভিত্তি করে যে তাদের কম্পনা, একথা অস্বীকার করা চলে না।...তাহলেই বলতে হয়, এই পার্থিবজীবনে অথবা অচিতির উধর্ব-পরিণামের কোনও পর্বে শিব ও অশিবের বীজশক্তি নিহিত নয়। ক্তৃত অন্তরিক্ষের প্রাণশক্তিতে নিগঢ়ে থেকেই এই প্রথিবীতে তারা এক জড়াতীত মহাপ্রকৃতির বিস্থিরিরে প্রতিফলিত হচ্ছে।

এর প্রমাণ পাই, যখন বহিশ্চেতনা হতে অন্তরাব্ত হয়ে প্রবেশ করি আধারের গভীর গ্রহায়। তখন দেখি, মান্ধের হৃদয় মন ইন্দ্রিয়চেতনা কিছ্ই তার আপন শাসনে নাই। এক অনিব্চনীয় বিশ্বশক্তির নিমিত্ত হয়ে সেকাজ করে চলেছে—জানে না কোথায় তার কর্মশক্তির উৎস। জড়ভূমি হতে অন্তরাব্ত্ত হয়ে মান্ধ যখন অবগাহন করে অুধিচেতনার গহনে, তখনই সে

এই শক্তির প্রত্যক্ষ অন্ভব পায় এবং আধারের 'পরে তার ক্রিয়াকে আপন বশে আনতে পারে। ক্রমে সে ব্রুতে পারে, কত অতর্কিত শক্তির আকর্ষণ তার ডাইনে-বাঁয়ে, কত ভাবের ইল্গিত ও প্রবৃত্তির প্রেরণাকে আপন মনের শ্বাভাবিক বৃত্তি ভেবে তাদের সঙ্গে লড়তে গিয়ে সে ক্ষতবিক্ষত হয়েছে। তথন সে উপলব্ধি করে, সে যে অচেতন জগতে অচিং জড়ত্বের বীজ হতে আবিভূতি চেতনার আলেয়ার্পে আত্ম-আবিদ্যার অন্ধকারে ঘ্রের বেড়াচ্ছে শ্ব্র্র্য, তা নয়। বস্তুত সে চৈতন্যবিগ্রহর্পে বিশ্বন্ভরা পরা প্রকৃতির মূর্ত আকৃতি —বিদ্যা ও অবিদ্যার এক মহাসংগ্রামভূমি তার জীবন। তার মধ্যে একদিকে রয়েছে অচিতির অমানিশা হতে উল্মিষত চিন্ময় প্রকৃতির কচ্ছ্রতপস্যা, আরেকদিকে উপচীয়মান চিতিশক্তির ইশারা—বিপ্রল জ্যোতির্লোকের অনৃষ্ট দিগন্তের দিকে। যে-শক্তিরাজি তাকে চালিত করতে চাইছে—বিশেষ করে শিব ও অশিবের শক্তি—তারা বিশ্বপ্রকৃতিরই সন্গোপন বীর্য। শ্ব্র-যে এই জড়জগৎ তাদের রঞ্গপীঠ, তা নয়। তাকেও ছাড়িয়ে তারা ব্যাপ্ত রয়েছে প্রাণ ও মনের জড়োত্তর বিপ্রল প্রসারে।

এক্ষেত্রে একটা বিষয়ের গ্রেত্বসম্পর্কে আমাদের প্রথমেই অর্বাহত হওয়া প্রয়োজন। সাধারণত দেখা যায়, এসব জড়াতীত শক্তির উদেবলন মানুষের বাঁধাধরা মাপকে বহুগুলে ছাড়িয়ে গেছে। একদিকে তাদের মধ্যে যেমন আছে দিব্য আসুর বা পৈশাচিক বীর্ষের অতিমান্য বিপ্লতা, তেমনি আবার মানুষের আধারেও গড়ে ওঠে তাদের ক্ষুদ্র-বৃহৎ নানা র্পায়ণ, মনুষ্যমের মহিমায় অথবা কার্পণ্যে তাদের প্রকাশ ঘটে। কখনও ক্ষণে-ক্ষণে, কখনও-বা দীর্ঘকাল ধরে আধারে আবিষ্ট হয়ে মানুষকে তারা চালিয়ে ফেরে-কর্ম ও প্রবৃত্তির নিয়ন্তা হয়ে তার সমগ্র প্রকৃতিকে করে জারিত। এই জারণের ফলে মানুষ হয়তো মনুষ্যোচিত ভাল-মন্দের সীমা হতে নিক্ষিপ্ত হয় অনেক দূরে। বিশেষত তার মধ্যে মন্দের ভাগটা কখনও চরমে উঠে মান্ব্রের পরিমাণব্যদ্ধিকে হত-চকিত করে, মন্ব্যুস্বভাবের পরিচিত সীমার কেটনী ছাড়িয়ে আনে অপ্রাকৃত দানবীয় বৈপুল্যের অমেয়তা। তখনই প্রশ্ন হয় : অশিবশক্তির চরম-কোটি থাকতে পারে না—একথা মনে করা ভুল নয় কি? মানুষের মধ্যে একদিকে যেমন আছে সত্য-শিব-সুন্দরের চরম-কোটির প্রতি একটা উদ্যত অভীম্সা এবং ব্যাকুলতা—তেমনি আস্বরশক্তির অপ্রমেয় উপচয় এবং দঃখ ও সন্তাপের অকল্পনীয় তীব্রতা দেখে মনে হয় না কি, আরেকদিকে অসত্য অশিব ও অস্কুদরেরও একটা পরাকাষ্ঠা তার মধ্যে মূর্ত হয়ে উঠতে চাইছে ?... কিন্তু একটা-কিছ্ম অপরিমেয় হলেই যে তার অন্যানরপেক্ষ একটা পরমকোটিও থাকবে, একথা তো সত্য নয়। কারণ পরা কোটি বা পরমন্বকে তো পরিমেয় পদার্থ বলা চলে না। স্বভাবতই সে সকল পরিমিতির অতীত—শুধু ইয়ন্তার

বৈপুলো নয়, স্বর্পসত্তার নিরংকুশ স্বাতন্ত্যেও সে অপরিমেয়। তাই সে একদিকে যেমন 'অণোরণীয়াম্', আরেকদিকে তেমনি 'মহতো মহীয়ান্'। সত্য বটে, মনোরাজ্য হতে অধ্যাত্মরাজ্যের দিকে যতই এগিয়ে চলি—আর এই চলাটাই হল পরা কোটির দিকে চলা—ততই আমাদের মধ্যে ফ্রটে ওঠে শক্তি জ্যোতি শান্তি ও আনন্দের একটা উপচীয়মান সংবেগ একটা স্ক্ল্যোতিস্ক্ল্যু পরি-ব্যাপ্তি, যাকে বলতে পারি আমাদের সীমার বাঁধন কাটবার নিশানা। কিল্ড এই অমেয়তার অন্ভব প্রথমে আনে প্রম্কির দ্যোতনা, উধর্বস্রোতা বিশ্বতো-ব্যাপ্তির বাজনা। তথনও তার মধ্যে স্বয়ম্ভ্রসন্তার অন্তগ্র্ট অনপেক্ষ স্বাত-ল্যের মহিমা ফোটে না—যা নাকি পরা কোটি বা প্রমপদের স্বরূপ। দুঃখ ও অশিব কোনকালেই পরা ভূমিতে উত্তীর্ণ হতে পারে না—কেননা তারা জনাপদার্থ, অতএব স্বভাবতই সামার সঙ্কোচে কৃণ্ঠিত। তাই বেদনা অপরিমেয় হলেই, হয় সে নিজেকে বা আধারকে বিনষ্ট করে, নয়তো পর্যবসিত হয় অসাড়তায়: কদাচিং আনন্দোচ্ছন্তমেও তার রপোন্তর ঘটে। তেমনি অকল্যাণ্ড র্মাদ একান্ত এবং অপরিমেয় হয়ে ওঠে, তাহলে হয় সে জগংকে নয়তো অকল্যাণের আধারকে বিধক্ষত করবে, অথবা বিশ্বচরাচরের সংগু নিজেকে চ্র্ণবিচ্র্ণ করে মিশিয়ে দেবে অসতের মহাশ্ন্যতায়। অবশ্য অসত্য ও অশিবের তামস শক্তি নিজের অতিস্ফীতিতে আনন্ত্যের কোঠায় যেন পেণছতে চায়। কিন্তু তব্ তাদের বৈপলাকে অপরিমেয়ই বলতে পারি—অনন্ত নয়। কখনও-বা তাদের চরমে দেখা দেয় অচিতির মত আন্তেতার একটা অতলগহন যেন: কিন্তু বস্তুত সে-অনন্ত অনন্ত নয়, অনন্তের আভাস মাত্র স্বয়স্ভাবই পরকোটিত্বের একমার লক্ষণ-এখন সে-স্বয়স্ভাব স্বরূপসতাই হ'ক অথবা স্বয়ুম্ভসতের নিতাসমূবেত ধর্মাই হ'ক। অসতা প্রমাদ আশ্ব—এরা বিশ্বশক্তি হলেও অনপেক্ষদ্বভাব নয়। কেননা, তাদের অদিতত্ব নির্ভার করছে দ্ববিরোধী তত্ত্বের বিপর্যায় বা প্রতিষেধের 'পরে। অতএব তারা কোনমতেই সত্য ও শিবের মত অনপেক্ষ দ্বয়ন্ত্তত্ত অথবা পরাংপর দ্বয়ন্ত্সন্তার দ্বগতবিভাব হতে পাবে না।

এসব তামস শক্তির জড়পূর্ব ও জড়াতীত সন্তার সম্পর্কে আমরা যে-প্রমাণ আহরণ করেছি, তাহতে কিন্তু আরেকটা সংশয় জাগে। মনে হতে পারে, এরা কি তবে বিশ্বের কোনও অনাদি মৌলিক তত্ত্ব? কিন্তু লক্ষ্য করতে হবে, জড়াতীত ভূমিতে প্রাণের অবরলোকেই এদের প্র্থান, তার উধের্ব এদের গতিবিধি নাই। 'বায়্ব-লোকের লোকপালের অন্কর' তারা—এই হল প্রাচীনদের উক্তি। বলা বাহ্লা, তাঁদের কাছে বায়্ব ছিল প্রাণতত্ত্বের প্রতীক, তাই বায়্বলোক বলতে ব্রুব অন্তরিক্ষ—যেখানে প্রাণতত্ত্বের প্রাধান্য। অতএব এইসব প্রতীপর্শাক্ত ক্থনও বিশ্বের আদ্যা শক্তি নয়ু। আসলে তারা প্রাকৃত-

প্রাণের আয়ভনে মুখ্যপ্রাণ বা মনের বিস্
তি। জড়াতীত ভূমিতে থেকেও পাথিবপ্রকৃতিতে তাদের প্রভাব সংক্রামিত হয় এইভাবে: অবরোহপ্রকৃতির সংবৃত্তিশক্তিতে যেসব লোক স্
ত হয়েছে, তাদের সগেগ ওতপ্রোত হয়ে আছে আরোহপ্রকৃতির বিবৃত্তিশক্তিতে সৃত্ট কতগর্বল সমান্তরাল লোক। এসব লোক ঠিক যে পাথিবপ্রকৃতির বিস্
তি, তা নয়। এরা দেখা দিয়েছে অবস্
পি
তালকধারার উপকশ্ঠে, পাথিব উধর্পরিগামের প্রাক্সিন্ধ আগ্রয়র্পে। এইখানেই অশিবশক্তির আবিভাব হতে পারে—অবশ্য স্বগতধর্মার্পে প্রাণের সবর্খান জর্ডে নয়, কিন্তু সম্ভাবিত একটা বীজসন্তার্পে, যা অবশেষে নিয়্তিবশেই অচিতি হতে উন্মিশ্বত চৈতন্যের ক্ষেত্রে অব্ক্রিত হয়। মোট কথা, অসত্য প্রমাদ অধর্ম ও অশিবের নিদান আমাদের খ্রসতে হবে অচিতির মধ্যে —কেননা চেতনার অভিমুখে অচিতির যাত্রা শ্রুর হয় যথন, তথন সেই পথের বাঁকে দেখি তাদের র্পায়ণ। মনে হয়, ওইখানেই তাদের আবিভাব শ্বেহ স্বাভাবিক নয়, অপরিহার্য ও বটে।

অচিতি হতে প্রথম হল জড়। জড়ের মধ্যে অসত্য বা অশিব বলে কিছুই নাই. কেননা অসত্য এবং আশিবের স্যাণ্টি হয় খণ্ডিত ও অবিদ্যাচ্ছল বহিশ্চর চেতনার বৃত্তিতে। জড়শক্তিতে কি জড়পদার্থে চেতনার এমন-কোনও বহিঃ-স্ফুট অভিব্যক্তি বা সাড়া আমরা খুজে পাই না। তার অন্তরগহনে নিগ্টে হয়ে আছে যে-চেতনা, তা অন্বিতীয় একরস নিদ্দিয়। বস্তুর আধারশক্তিতে সমবেত ও তদ্গত হয়েও সে-চেতনা নিঃসাড়। শুধু অন্তর্ত্ অব্যক্ত ভাবনা দিয়ে সে শক্তির বিগ্রহকে ধরে আছে, এইট্রকু তার প্রবর্তনা। এর বাইরে তার ক্রিয়াশক্তির আর-কোনও প্রকাশ নাই : সে যেন আত্মবিস্টে শক্তির রূপায়ণে আত্মহারা ও নিঃসম্প্র—নিজেকে প্রকাশিত বা সংক্রামিত করবার কোনও প্রচেষ্টাই যেন তার মধ্যে নাই। কঠ উপনিষদের ভাষায়, জড়বিগ্রহেও চৈতনা 'র্পং রুপং প্রতিরুপং বভব'। কিন্ত সে-প্রতিমাতে মনোবিগ্রহের আবেশ নাই বলে তাতে আত্মসচেতন ক্রিয়া বা প্রতিক্রিয়ার কোনও আভাস দেখা দেয়নি। তাই একমাত্র চেতনজীবের সংস্পর্শে এলেই জড়ের শৃভাশৃত শক্তির পরিচয় মেলে। কিন্তু সে-শ্বভাশ্বভের নিরিখ হল স্পুন্ট জীবের ইন্টানিন্ট অথবা হিতাহিতের বোধ। অতএব তারা জড়বস্তুর স্বভাবধর্ম নয়। যে-শক্তি জড়কে আপন স্বাধে ব্যবহার করছে, অথবা যে-চৈতন্য জড়ের দ্বারা স্পৃন্ট হচ্ছে, তারাই তার মধ্যে এই দ্বন্দ্বধর্মকে আরোপ করছে। আগনুন মানুষকে পেচ্চায় কি গরম রাখে—এর ভাল-মন্দের ভাবনা মান্বেরই, আগ্রনের নয়। মান্বের ইচ্ছা-অনিচ্ছার কোনও পরোয়া না করে আগ্রন তার কাজ করে যায় মাত। বনৌ-ষ্মিতে রোগ সারে বা বিষ প্রাণহরণ করে। কিন্তু উভয়ক্ষেতেই দ্রবাগ্রণের শ্বভাশ্বভ পরিণাম নির্ভার করছে দ্রব্যের 'পরে নয়, তার প্রয়োক্তার 'পরে। এও লক্ষণীয়, বিষ প্রাণ নিতেও পারে দিতেও পারে, ওষ্ধে রোগ সারাতেও পারে বাড়াতেও পারে। স্কুরাং বিশ্বন্ধ জড়ধর্ম তটম্থ উদাসীন—ভাল-মন্দের কোনও দায়ই তার নাই। মান্ষ তার 'পরে ভাল-মন্দের ফারোপ করে মাত্র। পরমা প্রকৃতিতে শিব-আশিবের দ্বন্দ্ব যেমন নাই, তেমনি নাই জড়প্রকৃতিতেও : একটি তাকে পেরিয়ে গেছে, আরেকটি পড়ে আছে তার নীচে। কিন্তু জড়বিজ্ঞানের এলাকা ছাড়িয়ে রহস্যবিজ্ঞানের গভীর গবেষণাকে যদি প্রামাণিক বলে মানি, তাহলে হয়তো বিষয়টার আরেকটা চেহারা দেখতে পাব। রহস্যবিদ্যা বলে, জড়ের সঙ্গে চেতনশক্তির একটা নৈস্বর্গিক যোগাযোগ আছে এবং সে-শক্তিযোগের পরিলাম শ্বভ কি অশ্বভ দ্বইই হতে পারে। কিন্তু তব্ব একথা অনন্দ্বীকার্য যে, এই শক্তিযোগেও বন্তুর তটম্থ ধর্ম ব্যাহত হয় না। কেননা তার ক্রিয়ার মলে কোনও ব্যক্তিচেতনার সাক্ষাৎ প্রেতি নাই—সে শ্ব্রু অপরের প্রযোজনায় শ্বভ অশ্বভ অথবা শ্বভাশ্বভ পরিণামের বাহন মাত্র। অতএব শিব-অশিবের দ্বন্দ্ব জড়তত্ত্বের সহজধর্ম নয় বলে জড়প্রকৃতিতে তার অশ্বিত আমরা খুজে পাই না।

এই দ্বন্দ্ব দেখা দেয় চেতন প্রাণের ভূমিতে এবং প্রাণের মধ্যে মনের স্ফ্রুরণে তার পূর্ণ রূপ স্ফ্ররিত হয়। প্রাণময় মন, বাসনামানস এবং ইন্দ্রিমানস যেমন অশিববোধের তেমনি অশিববস্তুরও স্রন্টা। পশুর জীবনে অশিব বা অনর্থ একটা বাস্তব সতা। দৈহিক কন্ট এবং কন্টবোধ, পরকৃত উৎপীড়ন ক্রেতা সংঘর্ষ ও বঞ্চনা—এসব পশ্বজীবনের প্রত্যক্ষ অনর্থ। কিন্তু এই অনর্থবোধের সঙ্গে অধর্মবোধ জড়িয়ে নাই কেননা পশ্বর মধ্যে পাপ-প্রণ্যের কোন বালাই নাই-প্রাণের রক্ষণ এবং পোষণ অথবা প্রাণপ্রবৃত্তির পরিতপ্রণের খাতিরে তথাকথিত ভাল-মন্দ সকল কর্মই তার মঞ্জুর হয়ে আছে। স্থ-দ্বঃখের বেদনায় অথবা প্রাণবাসনার তৃত্তি কি অতৃত্তিতে অবশ্যই শিব-অশিবের প্রচ্ছন্ন রূপ অনুস্যুত হয়ে আছে—অনুক্ল ও প্রতিক্ল ইন্দ্রিসংবেদনের আকারে। কিল্তু মনের মধ্যে ধর্মাধর্মের বোধে তারা স্পন্ট হয়ে ওঠে শ্ব মানুষের চেতনাতে। অবশ্য এহতে তাড়াতাড়ি এমন সিম্ধান্ত করা সংগত হবে না যে : পাপ-পূর্ণা মিথ্যা—মনের সংস্কার মাত্র; সূত্রাং প্রকৃতির সকল বিক্ষেপে উদাসীন থাকা, কিংবা সব-কিছুকে সমানভাবে গ্রহণ করাই আমাদের পুরুষার্থ, অথবা তার বিধানকে দৈবারত বা স্বভাবের প্রবর্তনা মনে করে সব-किছ्र्रक সমান মর্যাদা দেওয়াই আমাদের সমন্বয়ব্রিশ্বর চরম পরিচয়। মানি, এও সত্যের একটা দিক। প্রাণ ও জড়ের একটা অবরসত্য আছে, যেখানে যুক্তি পেছিয় না। সেখানে সমস্তই নিৰ্পক্ষ এবং তটন্ধ। সে-সত্যের দ্বিউতে সব-কিছ্বই প্রাকৃতিক তথ্য মাত্র এবং তা-ই নিয়ে চলছে প্রাণের স্কৃষ্টি প্র্রিষ্ট ও বিন্দির লীলা। বিশ্বশক্তির এই তিন্টি নিয়তস্পন্দের মধ্যে একটা অপরি-

হার্য অন্যোন্যযোগের সম্বন্ধ আছে। অথচ স্বস্থানে তারা কেউ কারও চেয়ে খাটো নয়।...আবার আছে বিবেকদ,িষ্টর সত্য : প্রকৃতির সমস্ত তথ্যকেই সে দেখে জড়- এবং প্রাণ-প্রবৃত্তির আবশাক সাধনরপে: সে-দুল্টি তটম্থ নিল্পক নিবিকার-সব-কিছুই তার সমানভাবে গ্রাহা। এ-দৃষ্টি দার্শনিক ও বৈজ্ঞা-নিকের। তাদের বৃদ্ধি সাক্ষীর আসনে বসে সব দেখে এবং বৃষতেও চায়, কিন্তু বিশ্বশক্তির লীলাকে ভাল-মন্দের কোঠায় ভাগ করবার চেষ্টাকে মনে করে নিরপক।...এরও পরে আছে অধ্যাত্মচেতার তত্ত্বদূণ্টির সত্য, যা যুক্তিকে ছাড়িয়ে গেছে। সে-দ্ভিতৈ ভাসছে বিশ্বের ভবার্প। প্রকৃতির সব-কিছুকে সে নিম্পক্ষ হয়ে গ্রহণ করে—অবিদ্যা ও অচিতির জগতের সত্য এবং স্বাভাবিক লক্ষণ বা পরিণামরূপে: অথবা দেবতার লীলাজ্ঞানে প্রশানত চিত্তের কারুণ্য নিয়ে সমস্তই সে মেনে নেয়। সে জানে, আজ যা অনর্থের আকারে দেখা দিয়েছে. তার কবল হতে নিষ্কৃতির একমাত্র উপায় আছে চেতনা ও বিজ্ঞানের উত্তরায়ণে। তাই দতর্শ্বচিত্তের প্রতীক্ষা নিয়ে সে বসে আছে। তবু আনুকুল্য সম্ভব ও সার্থক যেখানে, সেখানে আনুকল্যে বিতরণেও তার কার্পণ্য নাই।... কিন্ত তাসত্ত্বেও রয়েছে আমাদের চেতনার এই অন্তরিক্ষলোক—যেখানে শিব আর অশিবের দ্বন্দ্র এতই সত্য যে, তুচ্ছ কি নিরথ কি বলে তাদের ঠেলে ফেলতেও পারি না। এই প্রবাদ্ধচেতনার রায়কে প্রামাণ্যের নিরিখে ক্ষেত্রবিশেষে যা-ই মনে করি না কেন, তবু এ যে প্রকৃতিপরিণামের একটা অপরিহার্য পর্ব— একথা অনুস্বীকার্য।

কিন্তু কোথা হতে এই ন্বন্থচেতনা জাগল? মান্যের মধ্যে এমন কি আছে, যা ভাল-মন্দের উদ্যত বোধকে তার জীবনে এতথানি শক্তিমন্ত করে তোলে? শা্ম্ বহিরঙগ ব্যাপার দেখে বিচার করলে বলতে পারি, প্রাণময় মনের মধ্যেই এই ন্বন্থবোধের অঙ্কুর দেখা দেয়। তার প্রথম মাপকাঠি হল ব্যক্তির ইন্দ্রিসংবিং : যা-কিছ্ম প্রাণময় অহন্তার অন্ক্ল সম্খাবহ ও হিত্কর, তা-ই ভাল; আর যা-কিছ্ম তার প্রতিক্লে দ্বেখদায়ক অনিন্টকর বা বিনন্দির সাধন, তা-ই মন্দ।...তার ন্বিতীয় মাপকাঠি সামাজিক হিতবোধ : যা সংঘজীবনের অন্ক্ল তার জন্য সংঘানতর্ভুক্ত ব্যক্তির কাছে যা-কিছ্ম দাবি করা যেতে পারে তার দায়র্পে, সংঘজীবন ও ব্যক্তিজীবনকে পা্ট তাপ্ত উমত ও সম্শৃত্থল করতে যা-কিছ্ম সেবা আদায় করা চলে ব্যক্তির কাছ থেকে, তা-ই ভাল; আর সামাজিক দ্ভিতৈ যার পরিণাম বা প্রবর্তনা সমাজধ্বর্মের প্রতিক্লা, তা-ই মন্দ।...তারপর চিন্তনশীল মন নিয়ে আসে তার নিজের মাপকাঠি—ভাল-মন্দের বিচার করতে চায় সে ব্ন্থির ভিত্তিতে : কল্যাণ ও অকল্যাণের একটা তাত্ত্বিক রাপ আছে; তার মালে কাজ করছে হয়তো যাক্তির বিধান, কি বিশ্বব্যাপ্ত স্বভাবের বিধান, কি কর্মের বিধান। এমনি করে যাক্তিকে ভাবা-

বেগকে রসবোধকে অথবা আত্মরতিকে ভিত্তি ক'রে একটা ধর্ম সংহিতা সে খাড়া করে।...আবার ধর্ম বৃশ্বি এসে দাঁড়ায় ঋতচেতনার পোষকর্পে; প্রকৃতি অন্তের ধাত্রী বা প্রবৃতিকো হলেও ঈশ্বরের শাসন ঋতময়, তাঁর বাণী ঋতন্ভরা; এমন-কি সত্য ও ঋতই ঈশ্বর, তাছাড়া আর ঈশ্বর নাই—এই তার রায়।... কিন্তু মনে হয়, মানুষের আচারে এবং বিচারে ঋতচেতনার এই-যে স্বাভাবিক প্রবর্তনা, তার গভীরে আছে আরেকটা নিগঢ়েতর সত্যের আবেশ। এসমুস্ত মাপকাঠিই হয় অত্যন্ত সংকীর্ণ এবং আড়ফ, নয়তো জটিল এবং ব্যামিশ্র। তাদের প্রামাণ্যও অনিশ্চিত, কেননা মানুষের প্রাণে বা মনে কোনও পরিবর্তন কি বিবর্তন দেখা দিলে এসব আদর্শেরও বিপর্যয় ঘটে। অথচ হাদয় বলে চেতনার গভীরে কোথাও একটা শাশ্বতসতোর প্রতিষ্ঠা প্রচ্ছন্ন আছে, তাকে সহজে জানবার নিগঢ়ে সামর্থ্যও আছে আমাদের মধ্যে। অর্থাৎ ঋতপ্রকৃত্তির সত্যকার প্রেষণা আসে অন্তরের গভীর হতে, চৈত্যসত্তার চিন্ময় ভূমি হতে। সাধারণত একে আমরা বলি ধর্মাধর্মবোধ। স্বর্পেত দ্কুশক্তি হলেও তার আধ্খানা বোধি আধ্খানা মন—তাই এ-বোধ অগভীর কুঠিম ও অবিশ্বস্ত। সত্যকার ঋতবোধ আছে এই চেতনার আরও গভীরে—বিশ্বতশ্চক্ষ্বর চক্ষ্বরূপে প্রকৃতির অন্তর্জ্যোতির পে সে আমাদের মাঝে জবলছে। অথচ বাইরে তার ক্রিয়া স্তিমিত, <mark>বহিশ্চর চেতনার আবর্জনা</mark>য় তার রূপ আচ্ছন্ন।

কিন্তু এই গ্রহাহিত সাক্ষিচৈতন্য বা সাক্ষিজীবের স্বরূপ কি? কল্যাণ-অকল্যাণবোধের কি সার্থকতাই-বা আছে তার কাছে ?...কেউ বলবেন : জগতে অনর্থ এবং পাপ আছে—এই বোধ হতে শরীরী জীবের চিত্তে জাগে অচিতি ও অবিদ্যান্বারা আচ্ছন্ন জগতের তত্তজ্ঞান। জীব ব্রুঝতে পারে—জগৎ অনর্থ ও সন্তাপে জর্জরিত, এখানকার সূথ ও কল্যাণ আর্পেক্ষিক মাত্র। অতএব এর প্রতি বিমূখ হয়ে অনপেক্ষ ব্রহ্মসন্তার উপলব্ধিকে সে করে তার পূর**ু**ষার্থ। জীবের কাছে কল্যাণ-অকল্যাণবোধের সার্থ'কতা এই।...আবার কেউ বলবেন : এ-বোধ হতে মানুষের হৃদয়ে জাগে কল্যাণসেবন ও অকল্যাণপরিহারের প্রবৃত্তি। তার ফলে যখন তার চিত্তশাদিধ ঘটে, তখন ঈশ্বরের কল্যাণতম রূপকে দর্শন করবার জন্য জগৎ হতে বিমুখ হয়ে সে তাঁর দিকে ধাবিত হয়।... অথবা কুশলকর্মসাধনার 'পরে জোর দিয়ে বৌন্ধ হয়তো বলবেন : এ-বোধ মানুষের অবিদ্যাকল বিত অহংগ্রান্থ বিকীর্ণ করবার পক্ষে সহায় হয়ে আত্ম-ভাব ও দঃখ হতে বিমাক্তি আনে।...কিন্তু এমনও হতে পারে, ঋতচেতনার স্ফুরণ চিৎপরিণামের একটা অপরিহার্য অঙ্গ। একে অবলম্বন করে জীব র্আবদ্যার গহন হতে উত্তীর্ণ হয় চিন্ময় অশ্বৈতজ্যোতির সত্যলোকে, পায় দিব্যচেতনা ও দিব্যঙ্গীবনের স্বরাট অধিকার। আমাদের প্রাণ-মন কল্যাণ কি অকল্যাণ দ্বয়েরই দিকে অপক্ষপাতে ঝ'্বতে পারে। কিন্তু একমাত্র চৈত্য-

পত্রকে বিবেকদর্গিট দিয়ে তাদের মাঝে একটা ভেদের রেখা টানেন। সে-বিবেক নিশ্চয় মনঃকল্পিত ধর্মাধর্ম-বিবেকের চাইতে উদার ও গভীর। আধারে নিবিষ্ট চৈত্যপ্রের্যই সত্য-শিব-স্বন্দরের নিত্য প্জারী, কেননা এই প্জাতে তাঁর পর্বাট। অবশ্য অসত্য অশিব ও অস্কুদেরের সংস্পূর্ণে আসা তাঁর অথন্ড অন্তেবের একটা অবর্জনীয় অংগ—িকন্ত দৈবী সম্পদ বাডবার সংগ্র-সংগ্র তাদের ছাডিয়ে যাওয়াও নিয়তির বিধান। চিৎপরিণামের পর্বে-পর্বে সর্বতোম্বথ অনুভবের স্বাদ্যু পিপ্পলকে আস্বাদন করাই গুহাহিত চৈত্য-পুরুষের স্বভাব। তিনি যে জীবনরসিক, তার পরিচয় সকল মানাস্পর্শ হতেই তাদের অন্তগর্টে 'সৌম্য মধ্ব'র আহরণে, তাদের দিব্য প্রয়োজন ও আক্রতির আবিষ্কারে। এমনি করে বিচিত্র অনুভবের সোমপাত্র হতে আনন্দস্থা পানে আমাদের প্রাণ ও মনের পর্নাণ্ট ঘটে, তারা অচিতির অন্ধলোক হতে উত্তীর্ণ হয় পরা সংবিতের দিব্যধামে, অবিদ্যার খণ্ডবোধজর্জার অনুভবকে রূপান্তরিত করে সমাক্-চেতনা ও সমাক্-বিজ্ঞানের বৃহৎসামে। হুদয়গৢৄহায় চৈতাপুরুষ অধিষ্ঠিত রয়েছেন এইজনাই—জন্ম হতে জন্মান্তরে অনুসরণ করে চলেছেন উত্তরায়ণের পথে উপচীয়মান আলোকের নিরন্ত অভিযান। জীবের পর্যুষ্ট এবং উপচয় ঘটে 'অন্ধং তমঃ' হতে জ্যোতিলোকে অসত্য হতে সত্যে, দুঃখ-সন্তাপ হতে বিশ্বব্যাপী প্রমানন্দের স্বধামে উত্তরণে। চৈত্যপরে,ষের বিবেকদ্ভিতে শিব-অশিবের যে-রূপ ফোটে, মনঃকল্পিত কৃত্রিম আদর্শবাদের সঙ্গে তার সংগতি না থাকাই সম্ভব। কারণ চৈত্যপুর্ষের ঋতবোধ আরও গভীর। প্রাণের কোন ধারা উত্তরজ্যোতির অভিমুখী, কোন্ ধারা পরাঙ্মুখ, তার ধ্রবচেতনা তাঁর আছে। সতা বটে, অবরজ্যোতি যেমন ভাল-মন্দের নীচের তলায় পড়ে আছে, তের্মান উত্তরজ্যোতিও দুয়ের দ্বন্দ্ব পেরিয়ে গেছে। কিন্তু তার অর্থ এ নয় যে, নিম্পক্ষ তটম্থব্যত্তি নিয়ে বিশেবর সব-কিছুকে আমরা সমান দরের মনে করব, অথবা ভাল-মন্দ সকল ব্রন্তিতেই সমানভাবে সাড়া দেব। নির্দ্ধভূমি বলতে বৃত্তি এমন লোক, যেখানে বৃহত্তর ঋতের বিধান প্রবাতিত হয়েছে বলে মনঃকল্পিত শ্বন্ধবিধার বিধানের কোনও অবকাশ বা প্রয়োজনই নাই। পরমার্থসত্যের একটা স্বধর্ম আছে, যা সকল বিধিনিষেধের ওপারে। তেমনি আছে বিশ্বজনীন এক প্রমকল্যাণ--্যা স্বয়ম্ভূ স্বয়ম্প্রজ্ঞ <u> স্বতঃস্ফুর্ত স্বতঃশাসিত ও বস্তুস্বভাবে নিত্যসমবেত, অথচ যার মধ্যে আছে</u> সাবলীলতার অণ্ডহীন ব্যঞ্জনা ও প্রম আন্তেতার জ্যোতিম্য র্ধনর কুশ চিদ্-विलाञ ।

অসত্য এবং অশিব তাহলে অচিতিরই স্বাভাবিক পরিণাম; অর্থাং অবিদ্যার লীলায়নে অচিতি হতে প্রাণ ও মনের স্ফর্রণের সংগ্রা-সংগ্র তাদের আবির্ভাব ঘটে। এইবার দেখতে হবে—িক তাদের উম্ভবের রীতি, কাকে

আশ্রয় করে তারা টিকে আছে, তাদের কবল হতে নিষ্কৃতির উপায়ই-বা কি। অচিতি হতে প্রাণচেতনা ও মনশ্চেতনার বহিব্যক্তিতেই অসত্য ও অশিবের আবির্ভাবের রীতি ধরা পড়ে। এই আবির্ভাবের দুটি নিয়ামক তত্ত আছে। তাদেরই প্রশাসনে অসতা ও আশিবের অবাবহিত যুক্ষপ্রকাশ সম্ভব হয়। প্রথমত, অচিতির গহনে এক স্বতঃসিম্ধ বিজ্ঞানের নিগ্রে অব্যক্ত চেতনা ও বাঁর্য অন্তলীন হয়ে আছে, এবং তাকে ছেয়ে আছে অল্লময় ও প্রাণময় চেতনার একটা অনির্বাচ্য আকারপ্রকারহীন পিণ্ডিত ভাবনা। এই ছায়াচ্ছন্ত ক্রিষ্ট আবরণের ভিতর দিয়ে মনশ্চেতনাকে আপন পথ কেটে নিতে হয় এবং তার আড়ন্ট তামসিকতার 'পরে দখল জমাতে হয় স্বতঃসিন্ধ বিজ্ঞানের স্বচ্ছতা নিয়ে নয়—বিকল্পনার কুগ্রিমতা দিয়ে। কারণ তখনও আধারকে আচ্ছন্ন করে রয়েছে অবিদ্যার ঘোর, অচিৎ জড়ের অন্ধতামিস্রময় গ্রেভার।...আবার এইসঙ্গে প্রাণের যে বিবিক্ত রূপায়ণ চলে, আপনাকে তার প্রতিষ্ঠিত করতে হয় নিষ্প্রাণ জড়ধর্মের অসাড়তার সংখ্যে লড়াই করে। সে-অসাড়তার ঝোঁক বিস্ত্রাস্তর দিকে—নিম্প্রাণ অচিতির সনাতন তামসিকতার দিকে। এই মাধ্যা-কর্ষণ ও বিকলনশক্তির টানের সঙেগ যুঝে-যুঝে প্রাণের নিজেকে টিকিয়ে রাখতে হয়। বিবিক্ত প্রাণবিগ্রহের মধ্যে অন্যোন্যাসংগর বা অবয়ব-সংকলনের একটা সীমিত প্রয়াস আছে। এই নিয়ে তাকে বহির্জাগতের সংখ্যেও লডতে হয়। সে-জগৎ তার একান্ত পরিপন্থী না হলেও সেখানে অতার্কত আপদের লেখাজোখা নাই। অথচ এই জগতেই তাকে টিকে থাকতে হবে. এবং টিকতে হলে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে—ছিনিয়ে নিতে হবে জীবনের প্রকাশ ও প্রসারের একটা উন্মন্তে ক্ষেত্র। এমনি করে পর্বে-পর্বে চেতনার যে-উন্মেষ ঘটে, তার ফলে ব্যক্তির প্রাণময় ও অল্লময় বিগ্রহের আত্মপ্রতিষ্ঠার দাবিই মুখ্য হয়ে দেখা দেয়। অন্ন ও প্রাণের উপাদানে এইভাবে প্রকৃতি যে-আধার গড়ে তোলে, তা বস্তুত চেতনার বহিঃপ্রকাশের বাহন হলেও চিন্ময় সত্যজীব প্রথমত তার অন্তরালে প্রচ্ছন্ন থাকেন। তারপর মনশ্চেতনার বিকাশের সংগ্র-সংগ্র প্রাণময় ও অল্লময় জীবের আধারের পর্বিট ঘটে এবং তার মধ্যে ক্রমে জেগে ওঠে দেহান্মা প্রাণান্মা ও মন-আত্মার অহংপ্রতিষ্ঠার তাগিদ। আমাদের এই-যে বহিশ্চর চেতনা ও বহিশ্বখ জীবনধারা, তার বর্তমান রূপটির মূলে প্রকৃতি-পরিণামের এই দুটি আদিম ও মৌল বিধানের প্রেরণা রয়েছে।

চেতনার প্রথম উন্মেষে তাকে একটা অতর্কিত বিস্ময় বলেই মনে হয়।
চিংশক্তি জড়ের সগোত্র নয়, অথচ অচিংপ্রকৃতির বৃক্তে তার অহেতুক আবির্ভাব
হয় এবং দীর্ঘকাল ধরে চলে তার মন্থর আত্মপ্রকাশের কুচ্ছ্রসাধনা! ক্ষণভগ্গন্ব আধারে জীবের আবির্ভাব। জন্মকালে তার কোনই জ্ঞান থাকে না—
শ্বধ্ব বংশক্রমাগত একটা স্বর্পবোগ্যতা ছাড়া। স্ব্তরাং অবিদ্যার বিদ্যাভি-

মুখী মন্থর প্রগতির সেই তো যোগ্য সাধন। এইট্রকু প্রাক্ত নিয়ে তার জ্ঞানের আহরণ আপ্যায়ন ও সঞ্চয়নের সাধনা চলে। তিলে-তিলে সে যেন মহাশুনোর বুকে ফুটিয়ে তোলে সুষ্টির শতদল। কেউ হয়তো কম্পনা করবেন : চেতনা অনাদি-অচিত্রিই একটা যন্ত্রতন্ত্রিত রূপান্তর ছাড়া আর-কিছু নয়। অচিত্রি মাস্তব্দকোষে বহিজাগতের কতগালি ছাপ রেখে চলেছে। আবার কোষের দ্বাভাবিক প্রতিক্রিয়া বা সত্যোদ্রেকের বশে সে-লিপির অর্থোন্ধার হয়ে তার জবাব বেরিয়ে আসছে। এই ছাপ-পড়া এবং তার প্রতিক্রিয়াতে সাড়া-জাগা— একেই বলি চেতনা।...এ কিন্তু চেতনার পূর্ণাখ্য ব্যাখ্যা নয়। এতে পাই শুধু তার যান্ত্রিক ব্যাপারের একটা বহিদুপ্টি পরিচয়—তার স্বরূপের তত্ত নয়। তাছাড়া, মশ্তিককোষের অচেতন লিপি ও সাড়া কি করে সচেতন প্রতাক্ষে পর্যবসিত হল, কি করে তাহতে বিষয়ের এবং সেইসঙ্গে নিজেরও সচেতন প্রতায় জাগল—এর কোনও মীমাংসা কিন্ত এই ব্যাখ্যাতে নাই। অথচ তারও পরে আছে চেতনার বিচিত্র বৃত্তি—আছে ভাবনা কল্পনা জল্পনা, দৃষ্ট-বিষয়কে নিয়ে ব্রুদ্ধির কত স্বচ্ছন্দ কসরত। অচিতির যান্ত্রিক-ব্যাপার হতে এগর্মল জাগে কেমন করে? বস্তৃত জড় হতে চেতনা ও বিজ্ঞানের উন্মেষ তবেই সম্ভব হয়, যদি জড়ের মধ্যে পূর্বেই নিহিত থাকে চেতনার নিগ্ড়ে আবেশ এবং তার স্বর পশক্তির মন্থর ক্রমবিকাশের একটা প্রেতি। তাছাডা পশ্-জীবনের নানা তথা হতে এবং আমাদেরও উন্মিষ্ট মনের নানা ব্যাপার হতে এই সিন্ধান্তই অনিবার্য হয়ে পড়ে যে. এই নিগ্টে চেতনাতেও বিজ্ঞান বা বিজ্ঞানশক্তির এমন-একটা অন্তশ্চর ধারা আছে—যা পরিবেশের সঙ্গে প্রাণ-শক্তির সংঘাতে আপনাহতে বহিশ্চেতনায় উৎসারিত হয়।

পশ্তে আত্মচেতনার প্রথম উন্মেষে দেখা দেয় চিংশক্তির দৃটি প্রবৃত্তি।
স্বভাবতই পশ্তেতনা অজ্ঞ ও অসহায়—বিশেবর অজানা পরিবেশে অনভিজ্ঞ বহিশ্চরবৃত্তির সামান্য প্র্রিক্ট তার সম্বল। তাই অন্তর্গ্ চিতিশক্তি তার চেতনার সদরমহলে বোধির একটা ক্ষীণতম দীপশিখা জন্বলিয়ে রাখে। তার আলোকে তার জীবনযাত্রা নির্বাহিত হয়, তার আপনাকে টিকিয়ে রাখবার আবরাম প্রয়াস চলে। অবশ্য পশ্ দ্বয়ং এই বোধির নিয়মক নয়, বয়ং এর শ্বারাই তার সকল ব্যবহার নিয়মিত। তার চেতনার অয়ময় ও প্রাণয়য় যাতুর মর্মক্যেষে অবস্থাবিশেষে কি প্রয়োজনবশে আপনাহতে এই বোধির দৃত্তি ঝিকিয়ে ওঠে। বোধির বহিঃপরিলাম তিলে-তিলে আধারে সঞ্চিত হয়ে স্বতঃস্ফৃত সহজপ্রবৃত্তির আকার ধরে—ষা দরকার হলে পশ্র ব্যবহারে মৃহতেই সলিয় হয়ে উঠতে পারে। এই সহজপ্রবৃত্তি পশ্র জাতিসম্পদ, তাই জন্মের সঞ্চেই পশ্বাক্তি তার পূর্ণ অধিকার পায়। বোধির প্রত্যেক প্রকাশে বোধি অল্রান্ত। কিন্তু সহজপ্রবৃত্তি সাধারণত অল্রান্ড হলেও প্রমাদের

অবকাশও তাতে আছে। তার ভূল হয় কি প্ররাস ব্যর্থ হয় বহিশ্চেতনা বা অপরিণত বৃদ্ধির প্ররোচনায়। কখনও-বা পরিবেশের পরিবর্তন ঘটা সত্তেও সংস্কারবশে সহজপ্রবৃত্তি আগের ধারাতেই যদ্তের মত কাজ করে যায়—তাতেও তার বিপদ ঘটে।...বোধি ছাড়া জ্ঞান আহরণের দ্বিতীয় সাধন হল প্রাকৃত ব্যান্টিসত্ত্বের ইন্দ্রিসন্নিকর্ষ নারা আত্মবহির্ভুত জগতের বোধ। এই বোধকে আশ্রয় করে প্রথম জাগে সম্মুন্ধ ইন্দ্রিয়সংবিং ও ইন্দ্রিয়বিজ্ঞান, তার পরে বাশ্বিজাত প্রত্যয়। কিন্তু ইন্দ্রিয়ব্যাপারের মলে চৈতন্য যদি অন্তঃস্যুত না থাকত, তাহলে সন্নিকর্ষ হতে সংবিং কি বিজ্ঞান জাগা সম্ভব ছিল না। প্রত্যেক আধারে অধিচেতনার আবেশ আছে। অবচেতন প্রাণশক্তি তার সদ্যোজাত অভাব ও আক্তির প্ররোচনায় এই অধিচেতনায় উপসংক্রান্ত হয়ে তাকে উন্মুখ করে তোলে। ইন্দ্রিসন্নিকর্ষ আবার এই উন্মুখীনতাকেই বেদনাবোধে এবং বহিব্তি সত্তোদ্রেকে উন্দীপ্ত করে। তাইতে আধারে বহিজাগতের একটা সঃস্পট সংবিং দ্রমে পর্বাঞ্জত হয়ে ওঠে। ক্রুত প্রাণশক্তির অভিঘাতে বহি-শ্চেতনার উন্মেষ ঘটে এইজনো যে, সন্নিকর্ষের কর্তা ও কর্ম উভয়ের মধ্যে চিংশক্তির একটা প্রাক্সিন্ধ অভিনিবেশ আছে—অধিচেতনার অব্যক্ত সামর্থ্য-রূপে। সন্নিক্ষের গ্রাহক বা বিষয়ীর আধারে প্রাণশক্তি যথন তীক্ষা ও উন্মূখ হয়ে ওঠে, তখন এই অধিচেতনাই বহিশ্চেতনায় অভিঘাতের জবাবে সাড়ার আকারে ফুটে ওঠে। তার এই উন্মেষ প্রথম রচে পশুর প্রাণময় মন এবং অবশেষে চিং-পবিণামের ধারা বেয়ে রুপান্তরিত হয় মানুষের মননশীল বৃণিধতে।

অন্তঃস্যৃত অধিচেতনার পূর্ণর্প যদি বাইরে প্রকাশ পেত, তাহলে বিষয়ীর চেতনার সঞ্গে বিষয়ের অন্তার্নহিত আধেয়ের সাক্ষাৎ যোগ ঘটত এবং তার ফলে বিষয়ীর জ্ঞান হত অপরোক্ষ। কিন্তু তা সন্ভব হয় না প্রথমত অচিতির ব্যাঘাতবশত, দ্বিতীয়ত অপূর্ণ অথচ উপচীয়মান বহিন্দেতনাকে আপ্রয় করে মন্থর ক্রমবিকাশই চিৎপরিণামের নির্মাত বলে। তাই অন্তগর্তু চিংশক্তি প্রাণ-মনের বহিব্রুত্ত স্পন্দন ও ব্যাপারন্বারা নিজেকে অস্পন্টভাবে প্রকাশ করে মাত্র। অপরোক্ষসংবিতের অভাব অবগ্রহ বা অপ্রাচ্মুর্যবশত বাধ্য হয়ে তাকে পরোক্ষজ্ঞানের সাধনর্পে সৃষ্টি করতে হয় ইন্দির ও সহজব্রের একটা কাঠামো। এই বহিম্মুখ জ্ঞান-ব্রুম্বর আধার হয় অব্যাকৃত চৈতন্যের পর্বকিন্পত একটা ব্যহ—যাকে বলা চলে অন্তঃপ্রকৃতির সর্বপ্রথম বহিম্মুখ ব্যাকৃতি। প্রথমত এই ব্যহে চৈতন্যের ক্ষণিতম একটা আভাস থাকে। তার পরিচয় আমরা পাই ইন্দিরসংবিতের অস্পন্ট ব্রিত্তে এবং সন্ত্রোদেকের অন্থ সংবেগে। ক্রমে কায়সংস্থানের যতই উন্নতি হতে থাকে, ততই এই পিন্ডিত চেতনা সংহত ও স্কুম্পন্ট হয় প্রাণন-মন ও প্রাণময়-ব্রুম্বর আকারে। কিন্তু তাদের মধ্যে গোড়ায় স্বরংচল যন্দ্রবং-বৃত্তির প্রধান্য থাকে। তা দিয়ে ব্যাব্রু

হারিক জীবনের নানা প্রবৃত্তি আক্তি ও প্রয়োজনের তাগিদই মেটানো চলে। প্রথমত এইসব ক্রিয়ার মূলে থাকে বোধি ও সহজ-প্রবৃত্তিরই প্রেরণা এবং আধারের অন্তঃস্যাত চেতনা বাইরে ফুটে ওঠে দেহ-প্রাণের আগ্রিত চিতিধাতুর দ্বতঃস্ফুর্ত দ্পন্দনে। মনের প্রথম দ্পন্দন যখন দেখা দেয়, তখন প্রাণচেতনার এই যন্ত্র-তন্ত্রের সংখ্যা সে জডিয়ে যায়—চেতনার স্বর্গালিপতে প্রাণময় ইন্দিয়-সংবিতের স্বরই চড়া হয়, আর মনের স্বর থাকে খাদে। কিল্তু ধীরে-ধীরে মনের মধ্যে নিজেকে নিম্ক্তি করবার তপস্যা শ্রুর হয়। প্রাণের সংস্কার আক্তিও প্রয়োজনের তাগিদ মেটানো এখনও তার কাজ হলেও, এবার ফুটতে থাকে মনের স্বকীয় বৈশিষ্ট্য—ভূয়োদশনি সিস্কা কলানৈপুণ্য সাভি-প্রায় ক্রতি ও সংকল্পসিদ্ধির প্রয়াসর্পে। সেইসঙেগ ইন্দ্রিয়সংবিং ও অন্ধ-প্রবৃত্তির মধ্যে লাগে ভাবাবেগের আমেজ। তাইতে প্রাণবৃত্তির মূঢ়ে প্রতিক্রিয়াতে অতিশয় সক্ষা ও সকুমার বেদনাবোধের একটা প্রেতি ও দরদ অনুপ্রবিষ্ট হয়। এখনও মন প্রাণের সঙ্গে জড়িয়ে আছে, এখনও তার মধ্যে উচ্চস্তরের বিশ্বস্থ ব্তিকলাপ দেখা দেয়নি। সহজ-প্রবৃত্তি ও প্রাণময়-বোধির একটা বিপ্ল পরিবেশ এখনও তার সঞ্চরণক্ষেত্র। তাই এখনও বৃদ্ধিবৃত্তির উপচয় যেন আলাদা-একটা জোডাতাডার ব্যাপার যদিও পশক্ষীবনের উন্নতির সংখ্য তারও উন্মেষ অপরিহার্য।

মানুষের স্বাভাবিক পশ্ভাবের সঙেগ যথন বুল্ধির যোগ ঘটে, তথন মানুষের সচেতন ইচ্ছাশক্তির প্রবর্তনায় পশুভাব অবিলুপ্ত এবং সচিয় থাকা সত্ত্বেও তার প্রভূত পরিবর্তন পরিমার্জন ও উধর্বায়ন ঘটে। প্রাণময়-বোধি ও সহজপ্রবৃত্তির যন্তাচার ক্রমেই শিথিল হয়, আত্মসচেতন মনোময়-প্রজ্ঞার তুলনায় তার পূর্বতন প্রাধান্য অনেকপরিমাণে ক্ষুন্নও হয়। বোধির মধ্যে আর আগের মত শুন্ধ বোধিত্ব থাকে না : প্রাণময়-বোধির প্রবল প্রকাশেও প্রাণধর্ম মনো-ধর্মের দ্বারা আচ্ছন্ন হয়। আর মনোময়-বোধিকে তো নিথাদ বোধি বলাই চলে না, কেননা মনের কারবারে তাকে চাল্ম করবার জন্য স্বভাবতই তার মধ্যে অন্য-কিছুর ভেজাল মেশানো প্রয়োজন হয়। অবশ্য পশ্তেও বহিশ্চর চেতনার প্রভাবে বোধিবাত্তি ব্যাহত বা রুপোল্ডরিত হতে পারে। কিল্<u>ডু</u> সে-প্রভাব সাধারণত ক্ষীণ বলেই তার ফলে প্রকৃতির স্বতঃস্ফৃত্ যান্তিক বিধানের বিশেষ-কোনও বিপর্ষায় ঘটে না। কিন্তু মনোময় মান্বের বোধি যখন চেত-নার সদরমহলে আসতে চায়, তখন অর্থ^{পি}পথেই তার র্পান্তর ব্লাটে। কেননা তখন তার সহজ বাণীর তজমা হয় মনের প্রজ্ঞাবাদে, জ্ঞানের আদি উৎসকে আচ্ছন্ন করে ফ্রটে ওঠে মনঃকল্পিত টীকাভাষ্যের বাহ্না। সহজব্তিরও এই দশা : তার কোঁধজাত সহজ্ঞতার সংগে মনোধর্মের সংমিশ্রণ ঘটে এবং তাইতে তার চলনে একটা অনিশ্চয়তা দেখা দেয়। অবশ্য ব্রশ্ধির সজাগ বৃত্তি এই

অনিশ্চিতবৃত্তিকে দ্র করতে চায়, কেননা বৃশ্ধির সব-কিছুকে সাজিয়েগৃহিয়ে নিজের সংশ্য খাপ খাইয়ে নেবার একটা স্বাভাবিক ও সাবলীল প্রবণতা
আছে। তাই মনের মধ্যে বৃশ্ধিবৃত্তির উল্মেষে সহজ্ঞপ্রবৃত্তির সকল দায়
একেবারে না মিটলেও ক্রমে তার অনেকখানি ঝাকি এসে পড়ে বৃশ্ধির 'পরে।
প্রাণের মধ্যে মনের উল্মেষে উৎসাপাণী চিংশক্তির সামর্থ্য ও অধিকার স্কৃত্রপ্রসারী হয়। কিন্তু তার সংশ্য প্রমাদের সম্ভাবনাও সমান তালে বেড়ে চলে।
কারণ, মনের জ্যোতিরভিষানে প্রমাদের ছায়া তার নিত্য অন্কর এবং চেতনা
ও বিজ্ঞানের প্রসারের সংশ্য-সংশ্যে এই ছায়ার পরিসর স্বভাবত তার মধ্যে
বেড়েই চলে।

চিৎপরিণামের প্রত্যেক পর্বে বহিন্দেতনার দুয়ার যদি বোধির দিকে খোলা থাকত, তাহলে প্রমাদের সম্ভাবনাও তিরোহিত হত। কারণ বোধি হল আধারে নিগ্র্টু অতিমানসের জ্যোতিঃসম্পাতের একটা ঝলক। তার ফলে ঋতচিতের যে-উন্মেষ ঘটে, পরিসর একানত সংকৃচিত হলেও তার প্রবৃত্তি কিন্তু নিঃসংশয় ও নিরুকুশ হয়। এ-অবস্থায় কোনও সহজপ্রবৃত্তি গড়ে উঠলে বের্যাধর সংগ্র তার যোগ অত্যন্ত স্বচ্ছন্দ ও সাবলীল হত। অর্থাং প্রকৃতিপরিণামের নতন ছন্দে অথবা অন্তরে-বাইরে পরিবেশের পরিবর্তনে কোনমতেই তার তালভংগ হত না। তেমনি, বৃদ্ধিও গড়ে উঠত বোধির অন্কুল হয়ে— বোধির বাণীকে মনের ভাষায় তর্জমা করতে গিয়ে তাকে কোথাও সে বিকৃত করত না। হয়তো তার শাণিত দীপ্তির খরধার খানিকটা কুণ্ঠিত হত অবর-কর্মের প্রয়োজনে—যাদও এই অবরকর্মের সাধনা হত তার একটা গোণবৃত্তি মাত্র, এখনকার মত মুখ্যবৃত্তি নয়। কিন্তু তাহলেও কোথাও তার পদস্থলনের সম্ভাবনা থাকত না. কিংবা তার কুণ্ঠিত তমোভাগ জ্যোতিভাগকে অসত্য বা প্রমাদের গহনে নামিয়ে আনত না।...অথচ তা হতে পারল না। কারণ, বর্তমানে রূপধাতুর বহিঃপ্রকাশ হয়েছে জড়ে এবং প্রাণ আর মনকে তার আশ্রয়ে থেকে আত্মপ্রকাশ করতে হয়েছে। এই জড়ের মধ্যে অচিতির আবেশ এতই গভীর যে, তার প্রভাবে আচ্ছন্ন বহিশ্চেতনা অন্তর্জ্যোতির দীপনীতে সহজে আর সাড়া দিতে পারছে না। অলখের অতর্কিত ইশারা আসে বটে ভিতর হতে—কিন্ত তব্ অপূর্ণ হলেও বাইরের জগতের তথাই তার কাছে স্কুম্পন্ট ও সহজবোধ্য। অতএব ভিতরের ইশারাকে উপেক্ষা করে বাইরের স্পন্টভাষণকে সে অধিক মর্যাদা দেয়। বাধ্য হয়ে তাকে এই ন্যুনতা আঁকড়ে থাকতে হয়, কেননা ঋতচিতের মন্থর বিকাশ ঘটানো হল প্রকৃতির অভিপ্রায়। প্রকৃতি বেছে নিয়েছে কৃচ্ছ্র-তপস্যার পথ। অচিতিকে তাই ধীরে-ধীরে ফুটিয়ে তুলছে সে অবিদ্যায়, অবিদ্যাকে করছে ব্যামিশ্র সংকীণ একদেশী জ্ঞানের আধার : এমনি করে বহু সাধ্যসাধনার তার মধ্যে জাগিরে

তুলছে ঋতচিৎ ও ঋতম্ভরা প্রজ্ঞার হিরণ্যদ্যতির সম্ভাবনা। এই উত্তরায়ণ ও র্পাম্তরের পথে আমাদের অপ্র্ণ মনোময়-প্রজ্ঞা একটা অপরিহার্য পর্ব-সংক্রমণের আয়তন মাত্র।

বস্তুত ব্যাবহারিক জগতে দেখছি, চিৎপরিণামের লীলা চলছে চিং-সত্তার দুর্নিট কোটির অশ্তরালে। একদিকে রয়েছে অবিদ্যার বহি বৃত্তি—ধীরে-ধীরে বিদ্যাশক্তিতে তার রূপান্তর ঘটছে: আরেকদিকে আছে অন্তর্গতে চিংশক্তির এমন-একটা আবেশ, যার মধ্যে বিদ্যাশক্তির সকল বিভূতি প্রিপ্পত হয়ে রয়েছে—অবিদ্যার মধ্যে ধীরে-ধীরে ফ্রটে ওঠবার অপেক্ষায়। বহিব্ অবিদ্যাতামসের মধ্যে সম্ভূতিসংবিং বা বিভূতিসংবিতের এতটুকু আভাস নাই, অথচ তা-ই বিদ্যাশক্তিতে রূপাশ্তরিত হচ্ছে—কেননা চিতিশক্তি সংবৃত্ত হয়ে রয়েছে তার মর্মাগহনে। চেতনার অত্যন্তাভাব অবিদ্যার স্বভাব হলে তার বিপরিণাম অসম্ভব। অথচ দেখছি, আঁচতি রূপান্তরিত হতে চাইছে চিতিতে —এই যেন তামস অবিদ্যার সাধনা। প্রথমত তার মধ্যে দেখা দেয় অজ্ঞানের অন্ধত্মিস্ত্রা—বাইরের অভিঘাতে এবং প্রয়োজনের তাগিদে সে-ত্মিস্তার বুকে বেদনার সাডা জাগে। তারপর সে ফোটে জিজ্ঞাসাব্যাকুল অবিদ্যার আকারে। তখন জগতের যাবতীয় শক্তি ও বস্তুর সন্নিকর্ষ তার জ্ঞানের সাধন হয়-পাথরে চকর্মাক ঠোকার মত আঘাতে-আঘাতে তারা সংবিতের স্ফর্নিণ্গ জাগিয়ে তোলে। আমরা তাকেই বলি অন্তর্গ ্র্ চৈতনাের সত্ত্বাদ্রেক। কিন্তু বহিব্তু অবিদ্যাতামস এই সত্তোদেককে অভিভূত ক'রে অস্পন্ট এবং অপ্র্ণ একটা প্রত্যয়াভাসে পরিণত করে। বিষয়-সন্নিকর্ষহেত বোধির যে-সাড়া, অবিদ্যাতামস হয় প্রোপ্রার তার তাংপর্য ধরতে পারে না নয়তো তাকে বিকৃত আকারে গ্রহণ করে। তব্ব এই উপায়েই আধারচৈতন্যের প্রথম সম্প্রেক ঘটে, দেখা দেয় নিস্গ- অথবা অভ্যাস-জাত সহজ্ঞানের একটা আদিম সণ্ডয় এবং তাকে আশ্রয় করে সংবিৎশক্তি কলায়-কলায় উপচিত হয়। প্রথমে জাগে গ্রাহকসংবিতের একটা অনতিস্ফুট আভাস। তার পরে সেই আভাসই পরিণত হয় সমর্থ সংবিৎশক্তিতে, বিষয়ের তাৎপর্যগ্রাহী ব্দিধবৃত্তিতে, উদ্বৃদ্ধ-চেতনার কর্মপ্রেরণায়, কম্পনাপ্রণোদিত প্রবৃত্তির প্রযোজনায়। এমনি করে অর্ধ-বিদ্যা আর অর্ধ-অবিদ্যার সংমিশ্রণে ধীরে-ধীরে মেলতে থাকে চেতনার দল। জানাকেই আশ্রয় করে সে অজানার দিকে হাত বাড়ায় : কিন্তু জ্ঞান তার অসম্পূর্ণ—কেননা বিষয়সন্নিকর্ষে যেমন সে প্রোপ্রবি নাড়া ক্ষম না, তেমনি প্রাপ্রির সাড়াও দেয় না। তাই বিষয়ের সংস্পর্শকে সে ভুল বোঝে এবং ভুল ব্ঝে বোধিজাত সত্ত্বোদ্রেককেও বিকৃত করে। এইভাবে দ্বদিক থেকে তার 'পরে এসে পড়ে ভূলের মার।

স্পন্টই দেখছি, এ-অবস্থায় ভ্রম কি প্রমাদ চিংপরিণামের অপরিহার্য

অব্দ হবে। অবিদ্যাতামস হতে তার সামান্যব্,ত্তিকে আশ্রয় করে যেখানে বিদার দিকে মন্থর গতিতে চেতনার ঊধর পরিণাম শ্রু হয়েছে, সেখানে তাকে যে প্রমাদকেই অপরিহার্য নিমিত্ত এবং সাধন করে অগ্রন্সর হতে হবে একথা বলাই বাহঃল্য। উণ্মিষ্ত চেতনাকে পরোক্ষ উপায়ে জ্ঞান আহরণ করতে হচ্ছে। স্ত্রাং তার প্রামাণ্য সম্পকে আমাদের অংশত কুতনিশ্চয় হওয়াও অসম্ভব। কারণ বিষয়সন্মিক্ষে প্রথম একটা জড়ধর্মী রূপাভাস প্রতীক প্রতিবিম্ব বা সংবিংকম্পন মাত্র জাগে। তার পরিণামে দেখা দেয় প্রাণচেতনার একটা সম্মৃত্য সংবিং। তাতে অর্থের আরোপ ক'রে ইন্দ্রিয় এবং মন তাকে মনোময় ভাবে বা রুপে পরিণত করে। তারপর এমনিতর মনের আহ্ত কৃত্-জ্ঞানের মধ্যে বিচিত্র সম্বন্ধের যোজনা করতে হয়। যা জানা যায়নি, পর্য-বেক্ষণ দ্বারা তাকে আবিষ্কার করে সঞ্চিত অনুভব ও জ্ঞানের সঙ্গে খাপ খাইয়ে নিতে হয়। প্রতি পদে নানা ব্যঞ্জনা নিয়ে দেখা দেয় অতর্কিত কত তথা, কত অর্থ ব্যাখ্যা ও বিচার—বিচিত্র সম্বন্ধের কত জালবোনা। তাদের পর্থ করে কাউকে গ্রহণ কাউকে-বা বর্জন করতে হয়। এই জটলার মধ্যে ভ্রমের অবকাশ কোথাও থাকবে না, এমন দাবি করলে জ্ঞান-আহরণের অনেক রাস্তাই বন্ধ হয়ে যায়। ভূয়োদশনি মনের একটা মুখ্য সাধন। কিন্ত ভূয়োদর্শন ব্যাপারটা অত্যন্ত জটিল, কেননা তার প্রতি পদে আছে অজ্ঞানো-পহত ভূয়োদশী চেতনার ভুল করবার সম্ভাবনা। ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়মানস একটা তথ্যকে সহজেই ভুল ব্রুকতে পারে। তাছাড়া বিষয়গ্রহণের বেলায় আমরা তার কত-কিছু, বাদ দিয়ে চলি, তথ্য বাছতে কি জুড়তে ভুল করি, অজ্ঞাতসারে নিজের ব্যক্তিগত সংস্কার দিয়ে বিষয়কে বিকৃত করে দেখি। এমনিতর <u>জোড়াতাড়ার শেষে মনের পটে বস্তুর যে-প্রতিরূপ আঁকা হয়, তাকে খাঁটি বা</u> প্র্বাঙ্গ বলব কোন্ সাহসে ? আবার এই প্রত্যক্ষের ভূলের বোঝার সঙ্গে এসে জোটে অনুমানের ভুল, তর্কের ভুল, বিচারব দিধর ভুল। অতএব তথ্যের সংকলন যেখানে অপূর্ণ এবং অনিশ্চিত, সেখানে তাকে ভিত্তি করে একটা সিম্ধান্ত খাড়া করলে সেও যে অপ্র্ণ এবং অনিশ্চিত হবে, সেকথা বলাই বাহ্নলা।

প্রাকৃতচেতনায় জ্ঞানের অভিযান জানা হতে অজানার দিকে চলেছে।
অন্ভবের সঞ্চয় স্মৃতি সংস্কার ও বিচার দিয়ে সে জ্ঞানের একটা কাঠামো.
নানা রঙের নক্শা-কাটা একটা মনের ছক গড়ে তোলে। বাঁধাধরা একটা ছাঁদ
থাকলেও মৃহ্তে ন্হুতে তার অবয়বের অদলবদল ঘটছে। নতুন-কোনও
জ্ঞানের বিষয় পেলে তাকে যাচাই করা হয় অতীত জ্ঞানের পরিপ্রেক্ষিতে এবং
সেইভাবে তাকে প্রানো কাঠামোর সংশা জোড়া হয়। নতুনে-প্রানোতে
জোড় না মিললে কোনরকম গোঁজামিলের ব্যবস্থা হয়, অথবা নতুনকে বাতিল
করা হয়। কিন্তু জ্ঞানের যে-কাঠামোকে আমরা মানদণ্ড করেছি, তা যে নতুন

বিষয় কি জ্ঞানের নতুন ক্ষেত্রের সঙ্গে খাপ খাবেই, জোর করে তো এমন কথা বলা যায় না। এমনও হতে পারে, নতুনকে প্রোনোর সঙেগ মেলাতে গিয়ে গর্মিলটা আরও বেশী হল, অথবা তাকে বাতিল করাটা ভুল হল।...এমনি করে তথ্যকে ভুল দেখা এবং ভুল ব্যাখ্যা করা তো আছেই, তাছাড়াও আছে জ্ঞানের অপপ্রয়োগ—তথ্যের ভুল যোজনা, কল্পনার ব্যভিচার, বদ্তুদ্বরূপের কদর্থনা ইত্যাদির আকারে মনোময় প্রমাদের একটা জটিল জাল। অবশ্য গোধালির আলোকে দীপ্ত মনোরাজ্যের এই প্রদোষচ্ছায়ায় আছে গ্রেছাহত বোধির প্রেরণা ও সত্যভাবনার নিগ্টে প্রেতি—যা দ্রমকে সংশোধন করে অথবা বর্মিধকে সংশোধনের তাগিদ দেয়, তার মধ্যে বস্তুর তত্ত্বপের জিজ্ঞাসা এবং অব্যভিচারী জ্ঞানের একটা আকৃতি জাগায়। কিন্তু মন তার ইশারা ব্রুবতে পারে না বলে মানুষের অল্ডরে বোধির অধিকারও সংকীর্ণ—বলতে গেলে সে যেন পরতক্ত সেখানে। কারণ অল্লময় প্রাণময় বা মনোময়—যে-ভূমির বোধিই হ'ক না কেন, আমাদের প্রাকৃতচেতনায় ভেসে ওঠে তার নিরাবরণ বিশাৄদ্ধ রুপটি নয়, কিন্তু মনের রঙে রাঙানো অথবা মনের নীলঘন কণ্যকে আব্ত একটা ছন্মরূপ। এই কণ্ট্রককে ভেদ করে বোধির আসল চেহারাটি ধরা শক্ত। তাই মনের সঙ্গে তার কি সম্পর্ক, মনের 'পরে তার কি কাজ, তা না ব্রুঝতে পেরে মানুষের অর্ধচেতন অম্থির বুদ্ধি বোধির ব্যাপারকে উপেক্ষার দুদ্টিতে দেখে। বিষয়ভেদে বোধিরও ভেদ আছে। ভূতার্থের বোধি, ভব্যার্থের বোধি. সর্বাধার অন্তর্যামী সত্যের বোধি—প্রত্যেকের ধারা স্বতন্ত্র। কিন্তু আমাদের মন সহজেই তাদের ঘুলিয়ে ফেলে। এমনি করে জড়ো করা অর্ধজীণ উপা-দানের এলোমেলো একটা স্ত্রপ এবং তা-ই দিয়ে পরীক্ষাচ্ছলে গড়ে তোলা নিত্য-নতুন কাঠামো, আত্মা ও জগৎ সম্পর্কে মনের কোণে লালন করা একটা আডক্ট-কঠিন অথচ ব্যামিশ্র সংস্কারজজারিত ধারণা, অধে'ক-গোছানো অধে'ক-অগোছানো অধেকি-সত্য অধেকি-মিথ্যা অপূর্ণ জ্ঞানের নানা আবর্জনাতে বোঝাই করা নিজেকে—এই হল মান্বের প্রাকৃতজ্ঞানের পরিচয়।

প্রমাদমারেই যে স্বর্পত অসতা, তা নয়। হয়তো সে সত্যের অপ্রণ ছবি, ভব্যার্থের একটা আভাস বা ফলোন্ম্য্থ জলপনা। যথন জানি না কিন্তু জানতে চাই, তথন অনেক অনিশ্চিত এবং অপরীক্ষিত সম্ভাবনাকেও আমাদের মেনে নিতে হয়। তার ফলে একটা অপ্রণ বা অন্তিত প্রকল্পও যদি মনের মধ্যে গড়ে ওঠে, অপ্রত্যাশিতভাবে অজানা সত্যের দ্বার খ্লেক্তে দেওয়ায় তারও হয়তো সার্থকতা ঘটে। তথন সে-প্রকল্পকে ভেঙে নতুন করে গড়ে অথবা তার অন্তিনিহিত গোপন সত্যকে আবিষ্কার করে অন্ভবের ভান্ডারে অভিন নব সম্পদ্ও আমরা আহরণ করতে পারি। ভ্রমসম্কুল ব্যামিশ্র-জ্ঞানও চেতনা ব্রিধ্ ও ষ্বিক্তর উপচয়ে ক্রমে জ্ঞানসাক্ষর্যের ভিতর দিয়ে আত্মজ্ঞান ও জগং- জ্ঞানের অবিমিশ্র তাত্ত্বিক প্রত্যায়ে পেণছিতে পারে। এমনি করে অনাদি আচিতির সর্বপ্রাসী বাধা ধীরে-ধীরে কেটে যেতে পারে, প্রবৃদ্ধ মনশ্চেতনার দীপনীতে জবলে উঠতে পারে অথন্ডবিজ্ঞানের ভাষ্বর দুর্দত, তার স্পর্শে থরে-থরে বিকসিত হতে পারে অপরোক্ষসংবিং ও বোধিচেতনার নির্গাঢ়ে বীর্যা, এবং সে-বীর্য আধারের পরিমাজিত ও প্রতিবৃদ্ধ সাধনসম্পদকে তার বাহন করে এই সংসারের বৃকে মানসবৃদ্ধিকে গড়ে তুলতে পারে তার সত্য প্রতিভূ ও সত্যের নির্মাতার্পে।

কিন্তু এইখানে চিৎপরিণামের দিবতীয় নিমিত্ত এসে বাধার সূচ্টি করে। কারণ আমাদের জ্ঞানের আকৃতি যে মানসবৃদ্ধির স্বাভাবিক স্ভেকাচন্বারা ব্যাহত একটা নৈব্যক্তিক মনোময় ব্যাপার মাত্র, তা নয়। এছাডাও আমাদের আছে অহন্তার দারাগ্রহ। আছে দেহের অহং, প্রাণের অহং; তারা আত্মজ্ঞান বা জগংজ্ঞানের সত্যকে আবিষ্কার করতে চায় না—চায় প্রাণের স্বাধিকার-প্রতিষ্ঠা। তারও পরে আছে মনের অহং: সেও স্বরাজ্যের অধিকার খঞ্জৈছে. অথচ প্রাণের প্রেতি তাকে ব্যবহার করছে প্রাণবাসনা ও প্রাণধর্মকে চরিতার্থ করবার সাধনর পে। মনের প্রভিটর সঙ্গে-সঙ্গে আমাদের মধ্যে মনোময় ব্যক্তিচেতনাও পূর্ণ্ট হয়ে ওঠে এবং তাকে ঘিরে দেখা দেয় মনের মেজাজে সংস্কারে ও আত্মর পায়ণে ব্যক্তিগত বৈশিষ্টোর একটা ঝোঁক। এই বহিশ্চর মনোময় ব্যক্তিচেতনা কিল্তু আত্মকেল্ট্রিক। জগতের সব-কিছুকে সে নিজের দুর্ঘিকোণ হতে দেখে। তাই সে পায় শুধু নিজের 'পরে তাদের প্রভাবের পরিচয়—তত্ত্বের পরিচয় নয়। একটা-কিছ্মকে নিরপেক্ষ দ্ভিতৈ দেখা তার পক্ষে সম্ভব নয়। তাই তার সমস্ত দেখার সঙ্গে জড়িয়ে আছে নিজস্ব ঝোঁক আর মেজাজের বাহ্বলাট্বকু, চলছে নিজের রুচি ও স্ববিধার আওতায় সত্যের সাজানো-গোছানো বা বাছাই-ছাঁটাই। ভূয়োদর্শন বা যুক্তি-বিচার সবার 'পরে এই মানসব্যক্তিত্বের প্রভাব ও শাসন রয়েছে। সে-ই ব্যাষ্ট অহং-এর দাবিদাওয়ার সঙ্গে তাদের খাপ খাইয়ে চলে। কখনও-কখনও মনের মধ্যে নৈর্ব্যক্তিক যুক্তি ও তত্তের তীব্র একটা পিপাসা দেখা দেয়। কিল্ড বিশান্ধ নৈর্ব্যক্তিক দূল্টি এ-পরিবেশে ফুটবে কি করে? বুল্ধি ষতই মার্জিত সতর্ক ও কঠোর হ'ক, জগতের তথ্য ও ভাবকে গ্রহণ করতে কিংবা মনের আহ,ত জ্ঞানকে আকার দিতে গিয়ে অজ্ঞাতসারে সত্যকে যে সে মোচড় দিয়ে বসে! এর্মান করে সত্যের কত-যে বিকৃতি ঘটে, তার লেখাজোখা নাই। মনের অংগনে দিনে-দিনে মিথ্যার জঞ্জাল স্ত্রপাকার হয়ে ওঠে। ক্রমে সত্যকে মিথ্যা করবার ঝোঁকটাই হয় স্বাভাবিক। তখন অচেতন বা অর্ধসচেতনভাবে বেড়ে ওঠে ভুল করবার প্রবণতা, সত্য-মিথ্যার বিবেক না করে তথ্য কি ভাবকে গ্রহণ করতে আর সঞ্কোচ হয় না—কেননা মনের গ্রহণবৃত্তির মূলে তখন কাজ

করছে তার ব্যক্তিগত রুচি মেজাজ যোগ্যতা বা সংস্কার। মনের এই অবস্থাই হল অসত্যবীজ অংকুরিত হবার উর্বর ক্ষেত্র। এখানে ভূলের দ্বার নানাদিকে খোলা রয়েছে। তাই অন্দরমহলে কখনও সে ঢোকে ঢোরের মত, কখনও-বা হানা দেয় দ্বর্ধর্ষ দস্যুর মত—অথচ তাকে না মেনেও উপায় নাই। অবশ্য সেপথে সত্যও এসে বাসা বাঁধতে পারে—কিন্তু তার আগমন মঞ্জারি পায় স্বাধিকারের দাবিতে নয়, মনের খোশখেয়ালে।

সাংখ্যের মনোবিজ্ঞান অনুসারে ব্যক্তিচিত্তের তিনটি থাক আছে—তামসিক রাজসিক ও সাত্ত্বিক। তামসিক চিত্তের মূলে রয়েছে মোহাচ্ছল্ল অসাড়তার আবেশ—অচিতির সে-ই প্রথম সন্তান। রাজসিক চিত্তে কাজ করছে ভাবাবেগ ও কর্ম চাণ্ডল্যের ক্ষুস্থ উত্তালতা। আর সাত্তিক চিত্তকে ঘিরে আছে আলোর স্ব্যমা, সাম্যের ছন্দ।...তামস বৃদ্ধির অধিষ্ঠান অল্লময় চিত্তে। ভাব তার মধ্যে কোনও সাড়া জাগায় না। অসাড় নিষ্ক্রিয় অন্ধতার প্রেরণায় চিরাচরিত সংস্কারের যে-বোঝা একবার মাথায় তুলে নিয়েছে, তাকে সে চিরকাল আঁকডে থাকবে। অভ্যন্ত ভাবকেও সে গ্রহণ করে আচ্ছন্ন হয়ে। নিজের কণ্ডলীকে কিছ্মতেই প্রসারিত কশতে চায় না বলে নতুন ভাবের ধান্ধা পেলে সে বিদ্রোহী হয়ে ওঠে। স্বভাবতই সে গোঁড়া—অচলায়তনের বাসিন্দা, তাই পরম্পরাগত জ্ঞানের কাঠামোকেই আঁকড়ে ধরে প্রাণপণে। কল্কর বলদের মত বাঁধা পথে পাক খেয়ে মরাই তার কর্মের রীতি। তাই তার বীর্য কুণ্ঠিত হয় কেব**ল** অভ্যস্ত চিরাগত চিরপরিচিত বৃদ্ধির-বালাইশ্ন্য স্তরাং নিরাপদ আচারের অন্বর্তনে। যা-কিছ্ম নতুন বলে তার আরামশয়নে বিঘা ঘটায়, তাকেই সে দ্হাতে ঠেকাতে থাকে !...রাজসিক বৃদ্ধির অধিষ্ঠান প্রাণময় চিত্ত। তার আবার দুর্নিট ধারা : একটি আত্মরক্ষার প্রেরণায় উগ্র ও উত্তাল। ব্যক্তিমানস এবং তার অনুক্লে যা-কিছ্ব তার আক্তিসম্মত বা জীবনদর্শনের উপযোগী, তাকেই সে চায় প্রতিষ্ঠা করতে। কিন্তু তার মনোময় অহন্তার প্রতিক্ল কি ব্যক্তিশত বৃদ্ধির রুচিবিরুদ্ধ যা-কিছু, তার প্রতি সে খুড়াহস্ত। আরেকধরনের রাজসিক বৃণিধ নিত্য-নতুনের উপাসক—তার হৃদয়ে আবেগ, চিত্তে দুরাগ্রহ, গতিতে ঝঞ্জার মন্ততা। সে অস্থির, নিতাচঞ্চল, উদ্দাম। তার ভাবনায় সত্যের শাশ্ত দীপ্তি নাই, আছে খরধার বৃন্ধির যুযুংসা, গতির উচ্ছলতা, অভিনবের এষণা।...সাত্ত্বিক বৃদ্ধি সত্যাপিপাস্। সত্যের সম্পর্কে ধথাসম্ভব উদার হয়েও সে সতর্ক ও বিচারশীল। যা-কিছ, সভ্য বলে প্রতি-ভাত হয়, তাকেই সে মানিয়ে নেয় নিজের মতের সঞ্গে—কিন্তু বিনা পরখে নয়। যা গ্রহণবোগ্য তাকে গ্রহণ করতে তার দিবধা নাই, কেননা কুশলী শিল্পীর মত সমন্বয়ব্দিধর সোষম্য দিয়ে সে সত্যের প্রতিমা গড়ে। কিন্তু মানস প্রজ্ঞার দীপ্তিতে স্বাভাবিক একটা সন্কোচ আছে বলে সাত্ত্বিক ব্রণিধর দীপ্তিও

কুণ্ঠিত। তাই অত্যুদার হয়ে সত্য ও জ্ঞানের সকল বিভাবকে সমভাবে গ্রহণ করা তার সাধ্য নয়। প্রবৃদ্ধচিত্তের অহং তার নিত্য সহচর বলে, তার ভূয়ো-দর্শন যাক্তি বিচার বা রাচি সব-কিছার 'পরে এই অহংএর ছাপ পড়ে।...বেশীর ভাগ মানুষেই দেখা যায় এই তিনটি গুণের একটি-না-একটির প্রাধান্যের সংগ্ আর-দ্রটির সংমিশ্রণ। তাই একই চিত্ত হতে পারে এক বিষয়ে উদার সাবলীল ও সৌষম্যময়, আরেক বিষয়ে উত্তাল অসহিষ্ট্র সংস্কারাচ্ছন্ন ও বৈষ্ম্যে বিক্ষান্থ, আবার আরেক বিষয়ে আচ্ছন্নবাদিধ ও পরাঙ্মাখ। ব্যক্তিভাবের এই-যে সঙ্কোচ, এই-যে নিজের চারদিকে ব্যাহ রচনা করে যা-কিছু, অপাচ্য তাকে প্রত্যাখ্যান করবার একটা চেন্টা, জীবচেতনার পর্যান্টর দিক দিয়ে এরও একটা সার্থকতা আছে। পরিণামের ধারায় আজ যেখানে সে পেণছেছে সেখানে তার আত্মপ্রগতির প্রয়োজনে দেখা দিয়েছে আত্মপ্রকাশের একটি বিশেষ ভাগ্য, অনুভবের একটা বিশেষ ধরন। এই বৈশিষ্ট্য এখন হবে-প্রকৃতির না হ'ক—অন্তত তার প্রাণ-মনের নিয়ন্তা। অতএব আপাতত একেই তার ধর্ম বলে মানতে হবে। ব্যক্তিভাব দ্বারা মনশ্চেতনার এই-যে সীমায়ন. সতোর চারিদিকে এই-যে মানসিক রুচি ও মেজাজের বেষ্টনী, একে স্বভাবের আইন বলে স্বীকার করতেই হবে—যতাদন না ব্যক্তিচেতনা উত্তীর্ণ হচ্ছে বিশ্বচেতনার উদার লোকে, যতাদন না তাকে উন্মনা করে তুলছে উন্মনী ভূমির স্কুদ্র আহ্বান। কিন্তু ঠিক এই কারণে এ-অবন্থায় ভূলের ফসল যে অপরিহার্য-রূপেই ফলতে থাকে. তাও অনুস্বীকার্য। চার্নাদকে এত বাধা আছে বলেই যে-কোনও মুহুতের্ব আমাদের জ্ঞানে অসত্যের বিকৃতি দেখা দিতে পারে. অচেতন বা অর্ধজাগ্রত চিত্তে ঘনিয়ে আসতে পারে আত্মবঞ্চনার ঘোর, জাগতে পারে দুয়ার হতে সত্য জ্ঞানকে খেদিয়ে দেবার দ্বিন্দিধ, রুচিসম্মত মিথ্যা-জ্ঞানকে তত্ত্বজ্ঞান বলে প্রচার করবার তৎপরতা নির্লাজভাবে আত্মপ্রকাশ করতে পাবে।

এই তো গেল জ্ঞানের গলদ। কিন্তু এর প্নরাবৃত্তি দেখা দিতে পারে সঙকলপ এবং কর্মের ক্ষেত্রেও। অবিদ্যা হতে জাগে অন্তচেতনা এবং তাহতে দেখা দেয় 'দ্বিরত' বা ব্যবহারের একটা দ্বুট ধরন—কোনও ব্যক্তি বস্তু বা ঘটনার সংস্পর্শে চিন্তের একটা দ্বুট প্রতিক্রয়। অন্তশ্চেতনার গভীরতম অন্তম্পল হতে চৈত্যসন্তার যে-অনুশাসন প্রবৃত্তি অথবা নিবৃত্তির প্রেরণা নিয়ে আসে, তাকে উপ্পক্ষা করে বহিশ্চেতনা ক্রমে যেন আপন খ্রিশমত চলতে অভ্যুত্ত হয়। আসলে কিন্তু অপ্রবৃশ্ধ প্রাণ-মনের ইণ্গিতকেই সে মান্য করে চলে, নিজেকে প্রাণময় অহংএর উন্ধত দাবির কাছে বিকিয়ে দেয়। প্রকৃতিপরিণামের দ্বিতীয় স্ত্র—যাকে বলেছি অনাত্মবং প্রতীয়্বমান জগতে প্রাণমন্তার আত্মপ্রতিত্রার বিবিক্ত প্রয়াস—এইখানে তা দেখা দেয় পরিণামের মৃখ্য সাধন

হয়ে। বহিশ্চর প্রাণ-আত্মা কর্তুত্বের অহঙ্কারে দর্গার্ধত হয়ে ওঠে এইখানে এবং তার এই অবিদ্যাম্ট ম্পর্যা প্রধানত আধারে উদ্বেল করে তোলে যত বিসংবাদ ও বৈষম্য, জীবনকে বাইরে-ভিতরে বিক্ষান্থ করে জাগায় দুষ্কৃতি ও অনর্থের কুটিল প্ররোচনা। প্রাকৃতপ্রাণ যতক্ষণ অমাজিত অনিয়ন্তিত ও আদিমসংস্কারে জর্জারিত থাকে, ততক্ষণ সত্য সম্যক-চেত্না বা সমাক-কর্মোর কোনও ধার সে ধারে না। তার লক্ষ্য তথন আত্ম-প্রতিষ্ঠা, প্রাণশক্তির উপচয়, ভোগৈশ্বর্যের সাধনা, প্রবৃত্তির তপ[্]রতাং বাসনার নিরংকুশ চরিতার্থতা। এমনি করে প্রাণপরে ষের সকল দাবি ও প্রয়োজন মিটিয়ে চলাই হয় প্রাকৃত-প্রাণের একমাত্র কর্তব্য। এ-কর্তব্য পালন করতে সত্য ন্যায় বা কল্যাণ কোনও-কিছুর প্রতি ভ্রক্ষেপ করবার তার প্রয়োজন নাই। কিন্তু প্রাণের সঙ্গে ছড়িয়ে আছে মন, আর জীবচেতনা। মনের গহনে আছে ঋত ও শিবের কল্পনা. চেতনায় আছে তার নিগ্ঢ়ে অনুভব। অতএব মনকে কাবু করে প্রাণ হার্মাক দিয়ে তার কাছ থেকে ছিনিয়ে নিতে চায় আত্মপ্রতিষ্ঠার অন্ধ আক্রতির একটা মঞ্জুরি। সে চায়, তার নিজস্ব প্রবৃত্তি বাসনা ও প্রতিষ্ঠাকে মন সত্য ন্যায় ও কল্যাণ বলে 'ঘাষণা কর্ক—কেননা এমনিতর একটা সমর্থন পেলেই তার নিরৎকশ আত্মপ্রতিষ্ঠার পথ নিল্কণ্টক হবে। কিন্ত একবার মনের সায় পাবার পর আর তো তাকে আদর্শনিষ্ঠার কোনও দায় বহন করতে হবে না। তথন সত্য-শিবের সাধনায় জলাজালি দিয়ে একমাত্র প্রাণময় অহংএর তৃপ্তি পর্নিট বল ও মহিমা অর্জনের সাধনাই হবে তার প্ররুষার্থ। প্রাণপরের্ষের চাই আঅ-প্রসারণের একটা প্রশৃহত অবকাশ, চাই স্বারাজ্যের অকুণ্ঠ অধিকার—সবাইকে সব-কিছ্বকে তার হাতের মুঠায় চাই। তাকে বাঁচতে হবে, আপনাকে প্রতি-ষ্ঠিত করতে হবে, জন্ভতে হবে বস্ফারর অনেকখানি ঠাই—নইলে হাত-পা ছডিয়ে সে স্বচ্ছন্দ হবে কেমন করে? এ-দাবি যেমন তার নিজের জনা, তেমনি তার গোষ্ঠীর জন্য। নিজের অহংকে এবং সেই সংগে গোষ্ঠীর অহংকেও তার তৃপ্ত করতে হবে। শুধু কি তা-ই ? জগতের দরবারে এ উদ্যত দাবি তার ভাব আদর্শ কলপনা প্রতায় ও স্বার্থের খাতিরে : কেননা এসমস্তই তার নিজস্ব অহনতা ও মমতার প্রতিরূপ, অতএব এদের ভারও জগতের পরে চাপাতে হবে। আর যদি তা সাধ্যে না কুলায়, তাহলে অন্তত বাইরের মার থেকে ছলে-বলে-কৌশলে তাদের বাঁচিয়ে রাখতেই হবে। তার জন্যে যে-পথ তাকে ধরতে হবে, তার ধারণা বা খেয়াল অনুযায়ী কখনও তা হবে ন্যায়সংগতঃ কখনও-বা ন্যায়ের মুখোস প'রে আড়াল থেকে সে লেলিয়ে দেবে উলৎগ বর্বরতা বঞ্চনা ও মিথ্যাচার, সর্বধরংসী আততায়িতা ও প্রাণিহিংসার উন্মত্ত তাণ্ডব। ইন্ট-সিন্ধির জন্য সাধনশ্বন্ধির কোনও প্রয়োজন নাই : যা-ই তার সাধন হ'ক, ধর্মের বে-ব্লিই মুখে থাকুক, ভোগাকাংক্ষার নিরংকুশ তপণি হবে তার সাধনার

ম্লমন্ত ।...শ্ধ্ সাংসারিক স্বাথের জগতে নয়, ভাবের ও ধর্মের জগতেও মান্বের প্রাণময় অহং নিয়ে এসেছে আত্মপ্রতিষ্ঠা ও দ্বন্দ্ব-সংঘর্ষের উগ্রতা— জত্যাচার বলাংকার অসহিষ্কৃতা অপরের কণ্ঠরোধ ও শ্ধর্ষণকে তার সাধন করেছে। এই কল্বেষর ছায়াচ হতে ব্লিখর সত্যৈষণা এবং অধ্যাত্মসাধনার উদার ক্ষেত্রও নিষ্কৃতি পার্যান ।...শ্ধ্ আত্মপ্রতিষ্ঠার প্রমন্ততা নয়, তার সঙ্গে আছে যা-কিছ্ আত্মপ্রসারের পরিপন্ধী অথবা অহন্তার অবমন্তা, তার প্রতি একটা তীর ঘৃণা ও বিশ্বেষ। তখন প্রাণপ্রকৃতির সাধন প্রতিচিয়া অথবা দ্বাগ্রহর্পে দেখা দেয় ক্রতা বিশ্বাসঘাতকা প্রভৃতি যত অনর্থ। কামনা ও প্রব্রের নির্পকৃশ পরিতর্পণে ন্যায়-অন্যায়ের বিচার সে করে না। এমন-কি তার জন্য বেদনার বন্ধ্রে পথে বা ধ্বংসের করাল গহরের নেমে যেতেও তার দ্বিধা নাই. কেননা প্রকৃতির অন্ধ আবেগ তার মধ্যে এনেছে প্রাণের প্রতিভ্রা ও তর্পণের উন্মাদনা, প্রাণশক্তি ও প্রাণসত্তার নির্বাধিত র্পায়ণের প্রেতি—শ্ব্ আত্মরক্ষার আক্তিই নয়।

কিন্তু তাবলে প্রাণপরেষ শব্ধ এই ধাতুতেই গড়া, সে পাপাত্মা পাপ-সম্ভবঃ' এইমাত্র তার পরিচয়—এমন সিম্ধান্ত করা অসংগত। অবশ্য সত্য ও শিবের সঙ্গে প্রাণপূরুষের মুখ্য কারবার না থাকলেও তার প্রতি একটা প্রবল আকর্ষণ তার থাকতে পারে—যেমন তার একটা সহজ আকর্ষণ আছে আনন্দ ও সৌন্দর্য্যের প্রতি । প্রাণশক্তি আধারে যা-কিছা, গড়ে তোলে, তার সংগ্রে-সংগ্র সত্তার গভীরে কোথায় যেন আনন্দের একটা প্রস্রবণ খুলে ষায়। সে-আনন্দের উচ্ছলন যেমন মুগলে তেমনি অমুগলে, যেমন সতো তেমনি মিখ্যায়, যেমন জীবনের তপ্রণে তেমনি মরণের উন্মাদনায়, যেমন আরামে তেমনি পীড়ায়, যেমন নিজের মর্মাদহনে তেমনি পরের যাত্রণায়—আবার যেমন নিজের তেমনি পরের হর্ষে সূথে ও কল্যাণে। কল্যাণ অথবা অকল্যাণ দুরের মধ্যেই প্রাণশক্তি অপক্ষপাতে আত্মপ্রতিষ্ঠার তৃপ্তি খোঁজে। তার অন্তরে আছে পরোপকারের আগ্রহ, আসংখ্যের স্প্রা—আছে ঔদার্য প্রীতি নিষ্ঠা ও আত্মত্যাগ: আত্মস্বার্থ অথবা বিশ্বহিত, আত্মোংসর্গ বা পরের সর্বনাশ—দ্বয়েরই প্রতি তার সমান অনুরাগ। অর্থাৎ তার সমুস্ত কর্মে আছে প্রাণকে সূপ্রতিষ্ঠ ও সার্থক করবার একটা অদম্য স্পৃহা। প্রাণসন্তার এই প্রকাশে স্ব-কুর স্থান নিশ্চয় আছে, কিন্তু তা-ই তার প্রবৃত্তির নিয়ামক নয়। প্রাণপ্রবৃত্তির এই ধারাকে আমরা দেখি মান ষের নীচের ধাপে—ইতর প্রকৃতির নিরাবরণ প্রমত্ততার। কিন্তু মান ষের মধ্যে আছে মনের ধর্মবোধের এবং অধ্যাত্মচেতনার কল্যাণে জাগ্রত একটা বিবেক-শক্তি, তাই প্রাণপ্রবৃত্তির প্রকাশ সেখানে কুণ্ঠিত ও ছল্লর্প। কিন্তু এততেও তার স্বভাবের বদল হর্মান। প্রাকৃত-জগতে আন্ধা এবং আত্মশক্তির প্রকট ক্রিয়া আমরা কোথাও দেখতে পাই না। সেথানে প্রাণপরেষ ও প্রাণ-

শক্তির এই আত্মপ্রতিষ্ঠার উন্মাদনাই হল প্রকৃতির মুখ্য করণশক্তি। এ না থাকলে আমাদের দেহ-মন অচল হত, ব্যর্থ হত—এ-সংসারে থেকে তাদের সকল সম্ভাবনাকে সার্থক করা অসম্ভব হত। কিন্তু এই বহিব্ত প্রাণপর্ব্বের অন্তরালে সত্যকার প্রাণময়-প্র্বুষ গৃহাহিত হয়ে আছেন। তাকে জীবনের প্রোধা করতে পারলেই প্রাণের স্পর্ধিত অহমিকা শান্ত হয়ে প্রাণশক্তি আত্মন্দাক্তির অনুগামী এবং চিন্ময় সত্য-প্রবুষের মহাবীর্যময় সাধন হয়।

এই হল তবে জীবের চেতনায় ও সঞ্চল্পে অসত্য প্রমাদ অধর্ম ও অশিবের অভ্যুত্থানের তত্ত্ব। অবিদ্যাতামসের পরিণামে চেতনার যে-সঙ্কোচ দেখা দের. তা-ই হল প্রমাদের কারণ। সেই সঙ্কোচকে এবং তজ্জনিত প্রমাদকে আঁকডে থাকবার বিবিক্ত প্রয়াস থেকে আসে অসত্য: আর প্রাণের অহমিকাশ্বারা নির্মান্তত অন্তচেতনা হতে হয় আশিবের আবিভাব। কিন্ত স্পন্ট দেখছি. তাদের পরতন্ত্র প্রকৃতি বিশ্বশক্তিরই একটা উৎক্ষেপ—আত্মবিভাবনার উল্লাসে উত্তরায়ণের পথে তার একটা প্রাতিভাসিক বিস্পৃষ্টি মাত্র। অতএব মহাপ্রকৃতির লীলায়নেই এই প্রতিভাসের তাৎপর্য খ্রন্জতে হবে।...আগেই দেখেছি, জীব-ভাবকে সূর্নিথত করবাদ জন্য প্রাণময় অহংএর উন্মেষ বিশ্বপ্রকৃতির একটা কৌশল মাত্র। অবচেতনার অব্যাকৃত পিন্ডভাবের সঙ্গে যে-জীবনচেতনা জড়িয়ে আছে, তার মাক্তি চাই—অচিতির পরিণামন্বারা চাই চেতন পারুষের আবিভাব। তার জন্যে অহংবোধকে কেন্দ্র করে প্রাণের বিবিক্ত আত্মপ্রতিষ্ঠার আয়োজন। বৃহত্ত জীবের অহং একটা অর্থান্দ্রয়াকারী অবাস্তব প্রতিভাস মাত্র। তার মধ্যে বহিশেচতনার ভাষায় গুহোহিত আত্মস্বর পেরই একটা বিবৃতি ফুটেছে, অথবা ব্যবহারের জগতে দেখা দিয়েছে সত্য আত্মারই একটা মনোময় প্রতিচ্ছবি। অবিদ্যা তাকে যুগপং অপর প্রের্য এবং অন্তর্যামী দিব্য-প্রের্য হতে পূথক করেছে। তবু চিংপরিণামের গোপন আকৃতি তাকে নিঃশব্দে ঠেলে নিয়ে চলেছে বৈচিত্ত্যের মধ্যে একত্ব-সিন্ধির তপস্যার দিকে। সে সসীম, তব্ব তার অন্তরে বেজে উঠেছে অসীমের আকুল-করা বাঁশির স্বর। অবিদ্যার ভাষায় এই আক্তির তর্জমা হয় আত্মপ্রসারণের আকাঙ্ক্ষায় : সসীম হতে চায় অসীম সান্ত, বিশ্বজগৎকে চায় গ্রাস করতে. সব-কিছার অন্তরে আবিন্ট হয়ে চায় সামরস্যের সম্ভোগ—এমন-কি সম্ভুক্ত হয়েও চায় নিজেরই কামনার পরিতপণ, অপরের মধ্যে বা অপরের সহায়ে নিজেরই সত্তার উপচয়। অপরকে করায়ত্ত করে তার সত্তা ও বীর্যকে যদি সে আত্মসাং করতে পারুর, তাতে যদি তার আত্মপ্রতিষ্ঠার এতট্টকু আনত্ত্ল্য হয়, অবন্ধন প্রাণের আনন্দ উচ্ছল হয়, দেহ-প্রাণ-মনের সম্দিধর স্বন্ধ সার্থক হয়—তবেই তার সাধনা ধনা হয়।

কিন্তু জীবের এ-সাধনা চলছে বিবিক্ত আত্মস্বার্থের তাগিদে—সচেতন অন্যোন্যবিনিময় অন্যোন্যভাবনা ও একড্মিনিশর প্রেরণায় নয়। তাইতো তার

জীবন জুড়ে বৈষম্য বিসংবাদ ও সংঘর্ষের কোলাহল মুখর হয়ে উঠে। প্রাণের এই বৈষম্য ও বিসংবাদকেই আমরা বলি অধর্ম এবং অনর্থ। কিন্ত তাদের প্রতি প্রকৃতির কোনও বিরাগ নাই। কেননা তারাও তার আত্মপরি-ণামের অপরিহার্য অঞা, তার খণ্ডিত সন্তায় অথন্ডভাবনার সাধনা চলছে তাদেরই ভিতর দিয়ে। অধর্ম এবং অনর্থ অবিদ্যারই পরিণাম। খণ্ডবোধকে আশ্রয় করে অবিদ্যার চেতনা জাগে—খণ্ডবোধই তার সংকল্পের সাধন, তার আনন্দের উৎস। আর এই খন্ডবোধরূপী অবিদ্যাতে অধর্ম এবং অনুথেরও প্রতিষ্ঠা ৷ পরিণামী প্রকৃতির আকৃতি শিব ও অশিব উভয়কে আশ্রয় করে চরিতার্থ হয়। কোনও-কিছুকে বাদ দিয়ে তার চলবার উপায় নাই—কেননা শুধু সীমিত কল্যাণের সাধনায় নিজেকে ব্যাপ্ত রাখলে তার ঈপ্সিত পরিণামও র্খান্ডত এবং ব্যাহত হবে। তাই হাতের কাছে যে-উপাদান পায়, তাকেই যথা-সম্ভব সে কাজে লাগায়। এইজনোই দেখি, কখনও তথাকথিত শিব হতে আঁশবের আবিভাবে, কখনও-বা আঁশব হতে শিবের আবিভাব। কখনও দেখি এতদিন যাকে অশিব মনে করেছি আজ সে-ই পেল শিবের মর্যাদা, এত-দিন যা ছিল শিবময় আজ তা-ই হল অশিব। কিন্তু এতে আন্চর্য হবার কিছুই নাই—কেননা আমাদের শিবত্ব-অশিবত্বের আদর্শ সীমিত ও ক্ষরস্বভাব, তাকে চলতে হয় প্রকৃতি-পরিণামের আইন মেনে। বিশ্বশক্তির পাথিব-পরিণামের গোড়াতে কিন্তু এ-দ্বন্দে কোনও বালাই নাই—মহাপ্রকৃতি সেখানে শৈব আশব উভয়কে অপক্ষপাতে আপন কাজে লাগায়। অথচ এই প্রকৃতিই মান যের চেতনায় ভাল-মন্দের শ্বন্দের বোঝা চাপিয়েছে। তার দায় হতে তাকে নিষ্কৃতি দেবার মতলবও তার নাই। তখন কি মনে হয় না, এই শ্বন্দ্ববোধেরও প্রকৃতি-পরিণামের অনুকূলে বিশেষ-একটা তাৎপর্য আছে? এ-বোধকে মানুষের বর্জন করে চলবার উপায় নাই-কেননা ভাল-মন্দের এমনতর বিবেক দিয়েই সে অনর্থকে পিছনে ফেলে ধাবিত হয় অর্থের দিকে এবং অবশেষে অর্থ ও অন্থ উভয়ের দায় চুকিয়ে উত্তীর্ণ হয় পর্মার্থের অন্তহীন শাশ্বত স্থিতিতে।

কিল্তু পরিণামী প্রকৃতির এই আকৃতি কি করে সার্থক হবে? কোন্
বীর্যের সাধনায়, কোন্ প্রেতির সংবেগে, সৌষম্যের কোন্ মল্তে, প্রগতির কোন্
ধারাকে বরণ করে সে সিল্ধির চরমে পেছিবে? যুগ-যুগ ধরে মান্ধের মন
গ্রহণ ও বর্জানের পথটি শুধু বছে নিয়েছে—তার ফলে ধর্মের অনুশাসন,
শীলাচার বা সংহিতার আদর্শ হয়েছে তার জীবনের নিয়ামক। কিল্তু এধরনের জীবনমীমাংসার একটা বাজারচলতি ম্লাই শুধু আছে, তাই এতে
আসল সমস্যার কোনও সমাধান হয় না। এক্ষেত্রে চিকিৎসকের সংধানী দ্ভিট
রোগের নিদানতত্ত্ব পর্যান্ত পেছিতে পার্রোন, কেবল রোগের লক্ষণ নিয়ে একটা

দায়সারাগোছের বিচার করে থেমে গেছে। স্-কুর দ্বন্দ্বে প্রকৃতির কোন্ প্রয়োজন সিন্ধ হচ্ছে, মানুষের প্রাণ-মনের কোন্ প্রবৃত্তি এ-দ্বন্দের আশ্রয় ও প্রবর্তক—এ-সম্পর্কে নীতি শান্তের পাতায় স্কুপ্ট কোনও মীমাংসা আমরা খুজে পাই না। তাছাডা মানুষের ভাল-মন্দ যেমন একটা আপেক্ষিক ব্যাপার তেমান তার ধর্মসংহিতার কল্পিত আদশত তো আপেক্ষিক এবং অনিশ্চিত। বিভিন্ন ধর্মের যত বিধি-নিষেধ, সামাজিক বিচারে যা ভাল বা মন্দ, যা-কিছু জনহিতের অনুকূল বা প্রতিকূল বলে কল্পিত হয়েছে, মানুষের-গড়া সাময়িক আইন যাদের মঞ্জুর করেছে কি করেনি, আত্মহিত বা পরহিতের যারা প্রবর্তক বা নিবর্তক, যা-কিছঃ নানাধরনের আদশবাদের অনুগত, যে-সহজব্তিকে ধর্মবর্ণিধ বলি তার অনুমোদন যে পেয়েছে কি পার্যান—এ-সমন্তেরই একটা জগাখিচ্বড়ি দিয়ে মানুষের ধর্মসংহিতার বিধান রচিত হয়েছে। তার পর্বজিতে যেমন আছে পাঁচমিশেলী ভাবের জটিল সমাবেশ, তেমনি আছে সত্যের সংগ অর্ধ'সত্য ও প্রমাদের নিত্য সংমিশ্রণ। মানুষের সংকৃচিত মনশ্চেতনায় যখন বিদ্যা-অবিদ্যার ব্যামিশ্রভাব প্রবল, তখন এমর্নাট হওয়াই তো স্বাভাবিক। আমরা মানুষ, সৃতরাং ঘনই হবে আমাদের দেহ এবং প্রাণের স্থলে কামনা ও দ্বাভাবিক প্রবৃত্তির নিয়ামক—ঘরে-বাইরে আমাদের কর্ম ও ব্যবহারকে সে-ই নিয়ন্তিত করবে। মনের এই অনতিবর্তনীয় নিয়ন্ত্রণ-শক্তিই ধর্মবিনুদ্ধির আকারে ব্যবহারের একটা আদর্শ গড়ে তোলে। আরু আমরা তার অনুবর্তনে আত্মসংযমের চিরাচরিত কতকগুলি বিধান খাড়া করি। কিন্তু এ-বিধান একটা রফা মাত্র, সমাধান নয়। তাই আমাদের সংযমসাধনাতে কোনকালেই পূর্ণসিদ্ধি মেলে না। মানুষ যা ছিল চিরকাল তা-ই থেকে যায়, ভাল-মন্দ পাপ-প্রণোর সংমিশ্রণে স্বরাস্বরের দ্বন্দ্ব তার কোনদিন ঘ্রচতে চায় না. দেহ-প্রাণ-মনের অবশ্যা প্রকৃতিকে তার পংগু মনোময় অহং বশ করতে চায় শুধু মিথ্যা আস্ফালনের জোরেই।

কেবল চিরাচরিত প্রথার অন্বর্তন না করে সচেতন বিবেকব্র্বিধ দিয়ে যথন ভাল-মন্দের বাছাই শ্রুর্ করি, ভাবনা এবং কর্ম থেকে যা-কিছ্র্ মন্দ ঠেকে তাকে ছে'টে ফেলে শ্রুর্ ভাল দিয়ে আধারকে যথন নতুন করে গড়ে তুলতে চাই, তথন জাগ্রত চিন্তের এই আদর্শসাধনাতে ধর্মব্রন্থির একটা গভীরতর সার্থকতা ঘটে—কেননা এই উপায়ে আমাদের তপস্যা সত্যের আরও সন্মিহিত হয়। সমস্তটা জীবন সম্ভূতির লীলা, অতএব অক্ষাতেই আছে সম্ভূতির সাধনা ও সিন্ধির একটা নিত্য-প্রবেগ—এই সত্যভাবনাকে ভিত্তি করে তথন আমাদের জীবনকে গড়ে তোলবার তপস্যা চলে। কিন্তু মান্বের মন যত যড় আদর্শেরই কল্পনা কর্ক, তার মধ্যে আপেক্ষিকতার এবং কাটছাটের একটা সংক্রাচ থাকবেই। অতএব মনঃকল্পত আদর্শের ছাঁচে ঢেলে

নিজেকে গড়তে গেলে নিজের স্বভাবকে পীড়িত করতেই হয় এবং তার ফলে উপচিত প্রাণের ঔদার্যের জায়গায় দেখা দেয় কৃত্রিমতার কার্পণ্য। জীবনে সত্য হল অন্তের আহ্বান—সত্য হল লোকোন্তরের হাতছানি। প্রকৃতির আরো-পিত প্রবৃত্তি আর নিবৃত্তির বিধান দুইই ওই মহাসংগম-তীর্থের দিকে আমাদের আকর্ষণ করছে। আমাদের অহংবৃত্তি অবিদ্যাচ্ছন্ন অতএব অধর্মা. তাই প্রকৃতির 'হাঁ-না'র দ্বন্দ্ব কিছুতেই তার ঘুচতে চায় না। এই দ্বন্দের সমাধান করতে হবে প্রবৃত্তি ও নিবৃত্তির ঋতময় সম্ক্রিত বিধানকে আবিষ্কার করে। সমন্ত্রচের স্ত্রটি যদি খ্রেজ না পাই, তাহলে হয় জীবনের দর্ধর্য সংবেগ সিদ্ধির সঙ্কীর্ণ আদর্শ ছাপিয়ে যাবে, তার সাধনসম্পদকে বিস্তুস্ত পরাভূত করে চিরুতন সার্থকতার সম্ভাবনাকে পরাহত করবে—কিংবা মধ্য-পথে অর্ধাসিশ্বির চড়ায় আমাদের ঠেকিয়ে রাখবে। অথবা মনে হবে, অবিদ্যার বজ্রআঁট্রনি ছি'ড়ে বের হবার আর-কোনও উপায় নাই শ্ব্ধু জীবন হতে মুখ ফিরিয়ে ঘুরে দাঁড়ানো ছাড়া। জগতের সব ধর্মই সাধারণত মুক্তির এই পর্থাট বাতলে দেয়। 'ধর্মের অনুশাসন ভগবানের আদেশ, ধর্মশান্তের বিধান-মত পুণ্য ও সদাচারের সাধনা মানুষের একমাত্র কর্তব্যু কেননা শাস্ত্রবাক্য খ্যাবর হাদরে প্রতিফালত ভগবানের বাণী'—এই উপদেশকেই ধর্মশাস্ত্রীরা মান্ব্যের সাধনা ্গ বলে প্রচার করেন। তাঁদের মতে মান্ত্র এই পথে চলেই সামনে মহানিষ্ক্রমণের মৃক্তদুয়ার দেখতে পাবে। কিন্তু নিষ্ক্রমণে জীবন-সমস্যার কোনই সমাধান হয় না। এ শ্বধ্ব ভবপাশের দ্বর্মোচন বন্ধন হতে ব্যক্তির আমিটিকে কোনরকমে ফর্সাকয়ে নেওয়া! এ-দেশের প্রাচীন অধ্যাত্ম-বেত্তাদের কাছে কিন্তু সমস্যার স্বরূপটা আরও স্পণ্ট ছিল। তাঁরা মানতেন, সত্য সদাচার সমাক্র-সংকল্প সমাক্-কর্ম—অধ্যাত্মসিদ্ধির সাধনাংগ হিসাবে সবই অপরিহার্য। কিন্তু সিদ্ধির চরমভূমিতে প্রেয় যখন শান্বত অনন্ত-দ্বরূপের বৃহং চেতনায় উত্তীর্ণ হয়, তখন পুণা ও পাপ উভয়ের ভারকে সে নির্ধাত করে—কেননা পাপ-প্রণাের দ্বন্দ্ব অবিদ্যাবাবহারের দ্বন্দ্ব। তাঁদের এই বৃহত্তর সত্যান,ভতির পিছনে ছিল বোধির এই আশ্বাস : ব্যাবহারিক জীবনে সবিশেষ কুশলের আচরণ বিশ্বপ্রকৃতির বিহিত একটা তপস্যা মাত্র— যা ধীরে-ধীরে আমাদের নিয়ে চলেছে লোকোত্তর নির্বিশেষ কুশলের অভি-মুখে। কুশল-অকুশলের দ্বন্দ্ব অবিদ্যাস্পূন্ট প্রাণ ও মনেরই সমস্যা, তাই উল্মনী ভূমিতে তাদের স্থান নাই। যেমন অনন্ত ঋত-চিতের ভাস্বর ঔদার্যে সত্য ও প্রমাদের সকল শ্বন্দ্ব মনুছে যায়, তেমনি প্রমশিবের মহাভূমিতে পেণছেও কুশল ও অকুশলের সকল সংঘাত হতে চিত্ত পায় মন্ত্রি—পায় অতিমন্ত্রি।

এই দ্বন্দ্রবোধের সমস্যা চিরকাল মান্ধের মনকে পীড়িত করেছে। এর সন্তোষজনক কোনও সমাধান আজপর্যন্ত সে খ'লে পার্যান। কোনও কৃত্রিম

উপায়ে যে এ-সমস্যার সমাধান হবে, এ-আশাও বৃথা। ভাল-মন্দের জ্ঞানবৃক্ষে ফ'লে আছে তেতো-মিঠে দ্ব'রকমের ফল, তার শিকড় তলে-তলে ছড়িয়েছে অচিতির মম'গহন পর্যব্ত। আর এই অচিতি আমাদের আদিজননী এবং বর্তমানের ধারী—তার গভীরে প্রোথিত রয়েছে আমাদের জড়সত্তার মূল। সেই মূল হতে বহিঃস্তর ফুড়ে বেরিয়েছে অবিদ্যার কান্ড-শাখা-প্রশাখার বিচিত্র মেলা। এই অবিদ্যাই আমাদের চেতনার বেশীর ভাগ জুড়ে আছে, তার শাসনে পরা-সংবিং ও সম্যক-সন্বোধির দিকে চলেছে চেতনার কৃচ্ছ্যু-মন্থর অভিযান। যতক্ষণ জ্ঞানবৃক্ষের শিকড়ে-শিকড়ে অন্ধ-অচিতির রসের জোগান থাকবে, যতক্ষণ অবিদ্যার আলোহাওয়ায় তার ডালপালা পুন্ট হবে, ততক্ষণ তার বাড় আর বাহার থাকবেই—তার শাখায়-শাখায় দোরঙা ফ্লুল আর দোআঁশলা ফলের প্রলাপ চলবেই।...অতএব সমস্যার চরম সমাধান হতে পারে রসের জোগান বন্ধ করে—তার স্বভাবের বিপর্যয় ঘটিয়ে। অচিতিকে যদি বৃহতের চেতনায় রূপান্তরিত করতে পারি, অবিদ্যাকে যদি পরা-বিদ্যার রূপ দিতে পারি, আত্মার চিন্ময় সত্যকে যদি জীবনের প্রতিষ্ঠা করতে পারি—তবেই সকল দ্বন্দ্ব ঘ্রচবে অন্য-কোনও উপায়ে নয়। এছাড়া আর-যত কল-কোশল, সেসব হয় শুধু জ্বোড়াতাড়ার ব্যাপার, নয়তো কানার্গালতে ঢুকে পড়ার মত। চাই প্রকৃতির পরিপূর্ণ ও আম্ল র্পান্তর—নইলে আর পথ নাই। আমাদের আত্মজ্ঞান আর জগৎজ্ঞানের 'পরে অচিতি তার অনাদি তামসিকতার ভার চাপিয়েছে এবং অবিদ্যা তাকে প্রতিষ্ঠিত করেছে অপূর্ণ খণ্ডিতচেতনার ভিত্তিতে। এই তামসিকতা ও খণ্ডভাবই আমাদের চিত্তে মিথ্যাজ্ঞান ও অন্ত-সঙ্কদেপর পত্তন করে। মিথ্যাজ্ঞান না থাকলে অসত্য বা প্রমাদ থাকত না। আবার অসত্য ও প্রমাদে প্রবৃত্তি না জারিত হলে আধারে অন্তসৎকল্পের উদয় হত না। অনৃতসৎকলপ না থাকলে অধর্মাচরণ বা অনর্থের প্রাদৃ্ভাবও সম্ভব হত না। যতক্ষণ কারণ আছে, ততক্ষণ কার্য ও থাকবে। অতএব আধারে মিথ্যা প্রমাদ ও অধর্মের অভিনিবেশ থাকলে আমাদের স্বভাব ও কর্মও তার পরিণামের ছোঁরাচ থেকে রেহাই পাবে না। মনের সংযম সংযমই শ্বেধ্ব। তাতে रताগरक नानिरस ताथा यास, आताम कता यास ना। मत्नत अन्नामन निर्धानस्थ কি আদর্শবাদ শুধু অভ্যাসের একটা খাঁজ কেটে দিতে পারে, যাকে ধরে প্রাত্যহিকের যন্ত্রাবর্তন বা খঞ্জের পরিক্রমা চলে। তাতে আমাদের আত্মপ্রকৃতির স্বাভাবিক চলন কুণ্ঠিত হয়, বাধ্য হয়ে সহজের পথে সে কেবল⊾কুণ্ডলী রচে। এইজন্য চেতনার পূর্ণর পাশতর এবং প্রকৃতির আম্লে পরিবর্তনিই হল সকল সমস্যার একমাত্র সমাধান, সকল সাধনার চরম লক্ষ্য।

বিবিশ্তসন্তার সম্পেচ ও খণ্ডতা যথন সকল বিপত্তির ম্ল, তখন আধার চৈতানোর সমস্ত খণ্ডব্তিকে অখণ্ডের সৌষম্যে সংহত ও প্রস্ফটিত করে রূপা-

দ্তরের সাধনাও হওয়া চাই অভ**ংগ অথ**ণ্ডভাবের উদার সাধনা। কিন্ত আমাদের খণ্ডভাবনা বহুবিচিত্র ও জটিল। স্কুতরাং আধারের একটি অবয়বের আংশিক র্পান্তরকে অখণ্ড র্পান্তরের প্রতিভূ বলে, চালিয়ে দিলে চলবে না। ভেদব দিধ বা খণ্ডভাবনার প্রথম বিদাররেখাকে স্থিট করে আমাদের অহন্তা—বিশেষ করে আমাদের প্রাণময় অহং, কেননা প্রাকৃতচেতনায় তার জ্বাম সবচাইতে দ্পন্ট। প্রাণময় অহংই আর-সবাইকে অনাত্মা বলে দুরে সরিয়ে দেয়—অহংকেন্দ্রীণতার খাটিতে বে'ধে নকল আত্মপ্রতিষ্ঠার চক্রপথে আমাদের পাক খাইয়ে মারে। এই আত্মপ্রতিষ্ঠার প্রমাদ হতেই অধর্ম ও র্মাশবের প্রথম স্টুনা। অন্তচেতনা আধারের সর্বত্র অন্তসংকদ্পের প্রবেগ সন্তারিত করে—হুদয়ে মনে প্রাণচেতনায় ইন্দ্রিয়চেতনায় এমন-কি দেহ-চেতনায় পর্যন্ত সে-সংকল্পের বিষ সংক্রামিত হয়। অন্তসংকল্প হতে দেখা দেয় আধারের করণসম্হের অন্তব্তি—ভাবনা বেদনা সংকলপ ও ইণ্দিয়ের বহুগর্নিত প্রমাদ ও বহুশাথ কোটিল্যের দ্বারা জর্জারিত অনুত আচরণ। যত-ক্ষণ অপরকে অনাম্বীয় বলে জানি, তার অন্তন্চেতনার বা দেহ-প্রাণ-মন-হ,দয়ের আক্তির কোনই সন্ধান রাখি না, ততক্ষণ মানুষের সংগে আমাদের আচরণ কিছুতেই ঋতময় হতে পারে না। যৌথসংস্কারের গরজে এবং আমাদের পারিবারিক সামাজিক বা রাণ্ট্রীয় ব্যবস্থার কল্যাণে শুভেচ্ছা সমবেদনা কি পরচিত্তজ্ঞানের যে সামান্য পর্জিট্রকু আছে, জীবনে সম্যক্-কর্মের আদর্শকে সফল করবার পক্ষে কিছুতেই তাকে পর্যাপ্ত মনে করা চলে না। হৃদয়-মনকে প্রশস্ত করে অথবা প্রাণশক্তির উদার উপচয়ে সার্বজনীনতার পথে খানিকটা আমরা এগিয়ে যেতে পারি, কিংবা জঘন্য দুষ্কৃতির মার হতে সাময়িকভাবে হয়তো সমাজকে বাঁচাতেও পারি। কিন্তু আদর্শ সমাজ গড়ে তোলবার বাধা এতেও কাটে না. কেননা তারও পরে আমার ঈণ্সিত কল্যাণের সঙ্গে অপরের ঈশ্সিত কল্যাণের সংঘাতকে উপলক্ষ্য করে অনিষ্ট ও অশান্তির বিষ ফেনিয়ে ওঠেই। নিঃস্বার্থতার বডাই করতে গিয়ে অহামকাকে ফাঁপিয়ে তোলা, অথবা নিজের জ্ঞানব্দিধর গবে স্ফীত হয়ে অজ্ঞানের পরিচয় দেওয়া—এ তো আমাদের অহন্তা এবং অবিদ্যার স্বভাব। বিশ্বহিতৈষ্ণাকে জীবনের ব্রত করেও আমাদের নিষ্কৃতি নাই : কেননা অহংএর সঙ্কোচ ভেঙে বিশ্বময় আমি-ত্বের প্রসার ঘটাবার দীপ্ত বীর্য তার থাকলেও, এতে মানুষের অহমিকার বিনাশ হয় না অথবা সর্বাদ্মভাবনায় তার রূপান্তর ঘটে না। স্বার্থপরের অহংএর মত বিশ্বহিতৈষীর অহংও উদ্দাম এবং সর্বগ্রাসী হতে পারে। বরং তার উন্দামতা হয়তো আরও প্রবল কেননা প্রণাসাধনার গ্রমরে ফে'পে ওঠবার সম্ভাবনা তার আরও বেশী। আবার বিশ্বহিতের উন্মাদনায় যদি নিজের দেহ-প্রাণ-মন বা আত্মার নিগ্রহ করি নিজের আমিকে পরের আমির কাছে

বিনয়াবনত করবার অছিলায়—তাতে আহতের মাত্রা বাড়বেই, কমবে না। ঋতের ভিত্তিতে আত্মপ্রতিষ্ঠাই চাই, যাতে আত্মার অথব সহজ মহিমায় স্বার সংগ্ এক হতে পারি—এই হল সত্যকার জীবনাদর্শ। আত্মাকে বলি দেওয়া বা বিকল করা কখনও ঋতের পথ নয়। কদাচ-কখনও আত্মর্বালর প্রযোজন হতে পারে—বিশেষ-কোনও ক্ষেত্রে বিশেষ-কোনও ব্রতসিশ্বির জনো। হয়তো তার ম্লে আছে হৃদয়ের কোনও গভীর আকৃতি, কোনও সত্য বা মহং লক্ষাের প্রবর্তনা। কিন্তু একে বলব জীবনধর্মের অপবাদ—উৎসর্গ বা দ্বভাব নয়। শহীদ হবার তাগিদটাকে নিবি'চারে ফাঁপিয়ে তুলে একটা দলের অহংকেই শ্রধ্য অতিকায় করা চলে। কিন্তু তাতে কি ব্যঞ্জির কি সম্মিট্র সত্যকার আত্মোপলন্ধি বা আত্মপ্রতিষ্ঠার পথ সুগম হয় না। অবশ্য আত্মদান বা আত্মাহাতি জীবনের একটা গভীর সত্য এবং অপরিহার্য সাধনাজ্য, কেননা নিজের সংকীণ অহংএর চাইতে বৃহৎ একটা-কিছ্বর মধ্যে নিজেকে আহুতি দিতে কি সমপ'ণ করতে না পারলে সত্যকার আত্মপ্রতিষ্ঠা সম্ভব নয়। কিন্ত এই আত্মাহর্তি দিতে হবে ঋতচেতনা ও ঋতসঙ্কল্পের দীপ্তিকে অন্তরে উজ্জ্বল রেখে, ঋতন্ভর প্রজ্ঞার প্রবর্তনাকে জাগ্রতচিত্তে বহন ক'রে। শুন্ধ-সত্ত্বের স্বরূপ প্রজ্ঞার দীপ্তিতে উন্জবল। তার মধ্যে আছে সাম্য সৌষম্য শ্রভাশংসা সমবেদনা মৈত্রী ও কর্না আছে সংযতচিত্তের ঋতচ্ছন্দা কর্মের প্রেতি। যতক্ষণ মনের রাজ্যে বন্দী হয়ে আছি, ততক্ষণ সকুশ্রন্থির সাধন-দ্বারা দৈবী সম্পদ অর্জন করা সাধ্যাবধি হতে পারে, কিন্তু তাকেই আমাদের পরমপ্রের্যার্থ বলতে পারি না। এ-সাধনায় অন্তের ম্লোচ্ছেদ হয় না— র্যাদও তার আংশিক উপশ্মের জন্য এরও যে প্রয়োজন আছে, একথা অনস্বী-কার্য। জীবনসমস্যার সত্যকার সমাধান যতক্ষণ না হচ্ছে, ততক্ষণ এইসব পথচলতি সমাধানের কবচে নিজেকে আবৃত করে সাময়িকভাবে আত্মরক্ষা করবার একটা সার্থকতা নিশ্চয় আছে। কেননা, সত্য ও সম্যক্ সমাধানকে খাজে বার করবার সামর্থ্য অর্জন না করা পর্যন্ত এমনতর কতগর্নল আপাতিক বিধান ও আদর্শবাদকে মেনে চলা ছাড়া আমাদের এগিয়ে যাবার আর-কোনও উপায় নাই। কিন্ত তব্য বলব, শীলের সাধন আমাদের সত্যৈষণার চরম লক্ষ্য নয়। এখনও চেতনার বহু দল মেলতে বাকী। উন্মিষিত বৃদ্ধির পরিপূর্ণ দূচিট দিয়ে প্রমপ্রেষার্থকে আবিষ্কার করা এবং একান্ত নিষ্ঠার সঞ্চে তার সাধনায় নিজেকে উৎসর্গ করা—এ-ই আমাদের সত্যকার জীবনব্রুত।

সত্য সমাধানের দেখা তখনই পাব, যখন আত্মচেতনার পরিপূর্ণ উপচয়ে আমরা সর্বভূতের সঙ্গে একাত্ম হব, তাদের আমাদের আত্মভূত বলে জানব, আত্মার প্রতিরূপ জ্ঞানে তাদের সঙ্গে আমাদের ব্যবহার চলবে। এই পরম-বিজ্ঞানে ভেদবৃশ্ধি উপশমিত হবে। বিবিক্ত আত্মপ্রতিষ্ঠার যে-আয়াস এতকাল

পরকে আঘাত বা আত্মসাৎ করে সাথ কতার পথ খার্জছিল, আজ বিশ্বহিতের জন্য আত্মপ্রতিষ্ঠার তপস্যায় তার বন্ধনুমোচন ঘটবে—'বিশ্বের অধ্যার্গ্রাসিম্পতেই আমার সিদ্ধি এই বিশাল বৃদ্ধিতে ঘটবে সঙ্কীর্ণ অহামকার উদার মরণ। মৈত্রীভাবনা সকল ধর্মসাধনারই আদর্শ। সব ধর্মেই বলে, নিজের মত করে পরকে ভালবাসবে, অপরের কাছে যে-আচরণ প্রত্যাশা কর নিজেও অপরের সংখ্য তেমনি আচরণ করবে, পরের স্বেখদুঃখকে আপনার করে নেবে। কিন্ত অহংএর খোলে শামুকের মত বন্দী যে, তার পক্ষে এ-উপদেশ ঠিকমত পালন করা কি সম্ভব? বড়জোর সে বলতে পারে, 'আমার মনও তো তা-ই চায়— এই আকুতিই তো আমারও হৃদয় জুড়ে।' কাঁচা আমির সকল গলদ ঘুচিয়ে একটা মহান আদর্শে অনুপ্রাণিত হবার জন্য সরলচিত্তে নিষ্ঠার সংগে তপস্যাও সে করতে পারে। কিন্তু তাতে কতট্টকুই-বা সে এগোতে পারবে? মৈন্ত্রী-ভাবনার আদর্শ সিন্ধ হবে, যখন অপরকে শব্ধ জানব নয়—সমস্ত হ্দয় দিচ্চা অনুভব করব আমারই আত্মন্বরূপ বলে। এই অন্তরণ্য অনুভব তখন ফুটে উঠবে জীবনধর্মের সহজ ছন্দে, সিন্ধ জ্ঞান রূপায়িত হবে অকৈতব আচরণে। কিন্তু অপরের সংগ্র একাত্ম হবার অর্থ এ নয় যে, তাদের অবিদ্যাব্যত্তির সংগ্রেও আমাকে এক হতে হবে। কেননা, তাহলে একাত্মভাবের ফলে অবিদ্যা এবং অনাচারের উগ্রতা মন্দীভূত হলেও তাদের বৃত্তি সম্পূর্ণ নির্দ্ধ হবে না. স্বতরাং অবিদ্যার প্রবর্তনায় কর্মের মধ্যে অধর্ম ও প্রমাদের একট্বখানি মোলায়েম রেশ থেকেই যাবে। পিণ্ডচেতনা যদি ব্রহ্মাণ্ডচেতনায় রূপান্তরিত হয়, তাহলে বিশ্বর সব-কিছ্ই আত্মন্বর্পের অন্তর্ভুক্ত হয়, একথা সত্য। কিন্তু তব, আমাদের সর্বাত্মভাবের মূল থাকবে চিৎসত্তার তাদাত্মাভাবনাতে নির্ঢ়, শুধু অপরের হৃদয়-প্রাণ-মন-অহংএর একত্বভাবনাতেই নয়। তার জন্য চৈত্যসংবিং ও আত্মজ্ঞানের উদার ক্ষেত্রে মৃত্রি আমাদের পেতেই হবে। নিজেকে অহিমকার আড়ণ্টতা হতে মৃক্ত করে আত্মার সত্যস্বরূপে অবগাহন করা—এই আমাদের প্রথম কতা। এই জ্যোতিম্য সংবিংই তখন অধ্যাত্মপরিণামের স্বভাব-ছন্দে পর-পর খুলে দেয় জ্যোতির দুয়ার। এইজন্যই আত্মার আহ্বানকে र्वान मर्जनामा—जांत जांक भानता दर्वातरा পড़रिंटर रूप विमान-विन्ध भीन সমাজ সবার দাবিকে উপেক্ষা করে, কেননা হাজার বড় হলেও এরা অবিদ্যা-রাজ্যেরই প্রজা। এদের আদর্শ মনোময় কল্যাণের আদর্শ—যে শৃধ্য জানে আশিবের রূপের অদলবদল করতে বা তার কুদ্রীতাকে ঢাকা দিতে। কিন্তু এতে কখনও চিন্ময়রাজ্যে দিবজ হয়ে মানুষ জন্মাতে পারে না। অথচ এই দিবজত্ব ছাড়া শিবস্বর্পের সত্য ও সম্যক্ উপলব্ধি হবার নয়, কেননা আমরা বিশ্বকর্ম ও বিশ্বভাবের মর্মানলে অবগাহন করতে পারি একমাত্র চিদা-বেশদ্বারা।

অধ্যাত্মবিদ্যার সাধনায় আত্মোপলব্ধির তিনটি ধাপ আছে—যদিও তারা এক অখন্ডবিজ্ঞানের তিনটি পর্ব মাত্র। প্রথমটি জীবাত্মার সাক্ষাৎকার। অবশা জীবাত্মা বলতে এখানে লক্ষ্য করছি পরমাত্মার সনাতন অংশভূত গুহাশায়ী চৈত্যপরেষকে—ভাবনা-বেদনা-বাসনার ভোক্তা প্রাকৃতপরেষকে নয়। এই চৈত্য-প্রেষ যখন প্রকৃতির ঈশান হন অর্থাৎ আমাদের চেতনায় নিতাজাগ্রত থেকে দেহ-প্রাণ-মনকে 'যাথাতথ্যতঃ' আপন অন্তর্গ্গ সাধনর্পে প্রযোজিত করেন, তখনই আমরা অন্তরে নিত্যদিশারীর সন্ধান পাই—িযিনি সত্য-শিব-সংলরের আনন্দময় বেতারূপে আমাদের হৃদয়-মনকে নিয়ন্তিত করেন তাঁর ঋতস্ভরা প্রজ্ঞার জ্যোতির্মায় বিধানশ্বারা, 'প্রাণ-শরীর-নেতা' হয়ে আমাদের নিয়ে চলেন চিন্ময় সিন্ধির লোকোত্তর ধামের দিকে। এমন-কি অবিদ্যার তামস প্রব্যত্তির অন্তরালেও আমরা তখন দেখি এক বিশ্বতশ্চক্ষ, সাক্ষিপ্রে,ষের পলকহীন ঈক্ষণ এক জীবন্ত জ্যোতির উ**ল্ভাম্বর মহিমা।** তাকে অনুভব করি অন্তরের অন্তদ্তলে কবিক্তুরূপে। ঋতপথের অপ্রমাদী পথিক তিনি—মনের সত্যকে বিবিক্ত করেন অনুত হতে, হুদয়ের মর্মস্থল হতে উৎসারিত আকৃতিকে বেছে নেন অধর্মের প্ররোচনায় কি জ্বলমে সাড়া দেবার দ্বাগ্রহ হতে। উদগ্র বাসনায় আর্বার্ততে প্রাণপ্রকৃতির পৃষ্ঠিকল মিথ্যাচার ও তামস স্বাথৈবিণার ঘোর হতে মুক্ত করে তিনিই আমাদের প্রাণে ব্রহ্মবিহারের মুক্তচ্ছন্দ সংবেগ জাগান। আজ্মোপর্লাব্ধর এই হল প্রথম পর্ব—অর্থাৎ এর্মান করে অহন্তার জায়গায় চৈত্যপরেষকে প্রতিষ্ঠিত করা দিব্য মহিমার সিংহাসনে।...তার দ্বিতীয় পর্ব হল আমাদেরই গুহাশায়ী অজ শাশ্বত সর্বভূতাত্মভূতাত্ম ক্টম্থপ্র,ষের সংবিংকে জাগিয়ে তোলা। এই উপলব্ধিতে আসে চেতনার মুক্তি—আসে তার বিশ্বময় প্রসার। অবিদ্যার সংসারে ত্ব, আমাদের কর্মসাধনা চলতে পারে বটে। কিন্তু সে-কর্মে তখন আর প্রমাদ বা বন্ধন থাকে না, কেননা আমাদের অন্তরপরের তথন আর্থাবদ্যার শাশ্বত জ্যোতির্লোকে সমাসীন।... তৃতীয় পর্ব হল পরেরষোত্তমের উপলব্ধি—িযিনি যুগপং আমাদের পরাংপর বিশ্বোত্তীর্ণ আত্মা, আমাদের বিশ্বাত্মভাবের অধিষ্ঠানস্বরূপ বিরাট্ পরেষ, আবার প্রত্যেকের 'হুদি সন্মিবিষ্টঃ' অন্তর্যামী ভগবান। আমাদের চৈত্যপরেষ তাঁর সনাতন অংশম্বর্প। এই চৈত্যপ্র্যুষ্ট সত্য জীব, আমাদের প্রকৃতিতে জন্ম-জন্ম ধরে চলছে এ'র নিত্য পরিণাম। শাশ্বত স্ফুদীপ্ত পাবক হতে বিস্ফর্লি পার্পে ইনিই জাত হয়ে 'বর্ধ'মানঃ স্বে দমে'—প্রবৃদ্ধ হয়ে চলেছেন আপন ঘরে। বৈশ্বানরের প্রতিভূরপে ইনিই জীবের আধারে শাশ্বত মহা-প্রাণী—তাঁর জ্যোতি কান্তি বীর্য ও আনন্দের চিন্ময় বাহন। পুরুষোত্তমকে আমাদের সত্তা ও কর্মের মহেশ্বররূপে জ্ঞেনে নিজেকে তাঁর দিব্য অমিত-বিক্রমের প্রণালিকা, তার মহাশক্তির আধার করতে পারি। তখন সেই শক্তির

অধ্যা জ্যোতির্মার নির্দেশে এই পার্থিবজ্ঞীবন হবে প্রশাসিত। অশৃদ্ধে প্রাণের আবেগ বা মনোময় সংকীণ আদর্শ তথন আমাদের কর্মের নিয়নতা হবে না, কেননা মহাশক্তির লীলায়ন ঘটে বস্তুস্বর্পের শাস্কত সত্যের সাবলীল ছন্দে। সে-ছন্দ মনের বিকলপ হতে আবির্ভূত হয় না। তার প্রতি পর্বে ও প্রত্যেক বিশিষ্ট সংস্থানে যে লোকোন্তরের স্মৃস্ক্রের আতিগহন সত্যের প্রেতি থাকে, সে-সত্য বিরাটের পরা প্রজ্ঞা দ্বারা পরিদৃষ্ট এবং তাঁর পরসংকলপ দ্বারা কিল্পত। তথন জ্ঞানের মৃত্তি নিয়ে আসে সংকলেপরও মৃত্তি—তাকে বলতে পারি বিজ্ঞানসিদ্ধির অবশ্যাভাবী পরিণাম। অনর্থ আত্ম-অবিদ্যার ফল, অতএব আত্মচেতনার উন্মেষে আত্মবিদ্যার জ্যোতিতে তার ঘোর কেটে যাবে। আজ ভূতে-ভূতে আমরা যে-বিভক্তভাবের সৃষ্টি করেছি, তার কার্পণ্য দ্রে হবে—যখন অন্তর্যামী সত্যপর্কুষের আবেশ হতে প্রকৃতিকে আমরা আর বিযুক্ত রাথব না, স্বর্পিম্থতি আর প্রকৃতিপরিণামের মধ্যে কল্পিত ভেদের প্রাচীর ভেঙে ফেলব, এই প্রকৃতি-স্থ জীবভাবের সঙ্গে প্রকৃতিস্থ ও প্রকৃত্যতীত সর্বগত প্রস্থান্তমের সকল ব্যবধান ঘ্রচিয়ে তাঁর নিত্য সদ্ভাবের অন্ভবে নিন্দত হব।

পরমা প্রকৃতিকে চিন্ময় সন্মাত্রের স্বর্পশক্তি বলে জানি। এই দিবা-প্রকৃতির সঙ্গে অপরা প্রকৃতির যে-ভেদ, অবিদ্যাকদ্পিত বিভক্তপ্রতায়ের তা-ই হল চরম কোটি। বিদ্যা-অবিদ্যার মিথ্নলীলা আধার হতে দরে হয়নি, এখনও তা চিং-সত্তার বিকল বাহনরপে কাজ করছে—এমন অবস্থাতেও পরা শক্তি বা পরমা প্রকৃতি আমাদের মধ্যে লীলায়িত হতে পারেন, এমন-কি তাঁর ক্রিয়ার সংবিংও আমাদের জাগতে পারে। কিন্তু তব্ অপরা প্রকৃতির দ্বারা অধ্য-ষিত দেহ-প্রাণ-মন তাঁর জ্যোতি ও বীর্যকে পূর্ণরূপে ধারণ করতে পারে না বলে তাঁর আবেশ আধারে তথন কাজ করে স্তিমিত ও গ্রণীভূত হয়ে। কিন্তু একে তো আমাদের পরম সিন্ধি বলতে পারি না। পুরুষোত্তমের পরমা প্রকৃতির দিব্যভাবে ও দিব্যবীর্যে আধারের সব-কিছু আবার নতুন ছাঁচে ঢালা হবে—এই তো আমাদের কাম্য। কিন্তু সন্তার এই সহস্রদল মহিমা সিন্ধ হবে না. যদি আধারের <u>ক্রিয়াশক্তিতে</u> রীতের রূপান্তর না ঘটে। প্রকৃতির সমগ্র ধারায় উধর্বগপরিণামের অধ্যা সংবেগ আনতে হবে—শর্ধ আধারের এখানে-সেখানে দ্-চার্রাট প্রদীপ জেবলে ভিতরে-ভিতরে একট্বখানি অদল-বদলের ব্যবস্থা করলেই চলবে না। এক শাশ্বত ঋত-চিতের দেববীর্য আমাদের মধ্যে আবিষ্ট হয়ে প্রাকৃতধারাকে উধর্বস্রোতা করবে—নিজের সত্তা জ্ঞান ও ক্রিয়ার উজানধারাতে র পান্তরিত করবে তাকে। তথনই এক স্বতঃস্ফ্র্ত সত্যসংবিং সত্যসংকল্প সত্যবেদনা সত্যস্পন্দ ও সত্যকৃতি হবে আমাদের আত্ম-প্রকৃতির সতা ও সমাক ছন্দ।

দ্বিতীয় খণ্ড বিতা ও অবিতা— চিন্ময় পরিণাম

উত্তরার্থ বিজ্ঞা এবং চিন্ময় পরিণাম

পণ্ডদশ অধ্যায়

তত্ত্বভাব ও সম্যক-জ্ঞান

সত্যেন লভ্যো হোৰ আত্মা সম্গ্ৰানেন।

भाष्ट्रकार्थात्रकः ०१५।४

আত্মাকে পেতে হবে সত্য আর সমাক-জ্ঞান দিয়ে।

—মু-ডকোপণিষং ৩।১।৫

অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যাসি তচ্ছৃণ্।.. যততামপি সিন্ধানাং কণিচণ্মাং বেতি তত্ত্বতঃ।

গীতা ৭ ৷১.৩

সমগ্রভাবে আমাকে জানবে কি করে তা-ই শোন।... সাধকদের মধ্যে সিম্প যারা, তাদের মধ্যে একজনও আমায় তত্ত্বত জানে কি না সন্দেহ।

—গীতা ৭।১,৩

এই তবে অবিদ্যার নিদান স্বরূপ এবং অধিকার। বিদ্যার সঙ্কোচ হতে তার উৎপত্তি, জীবের দ্বর পচেতনাকে সম্যক্ত ও অথন্ড তত্তভাব হতে বিবিক্ত করা তার বিশিষ্ট ধর্ম'। চেতনায় এই বিবিক্তভাবের উপচয়ই তার অধিকার নির্রাপত করে। কেননা অবিদ্যা আমাদের আত্মন্বর্প ও বহিজ'গতের অখন্ড সত্যুদ্বর পকে আবৃত ক'রে জীবনের উপর বিছিয়ে দেয় বহিশ্চর প্রতিভাসের একটা দুরতায়া মায়া। অতএব বিদ্যার প্রতি অন্তরের উদ্যত অভীপ্সার লক্ষণ হবে ঠিক তার বিপরীত। সমাক্-দ্বভাবের উপচীয়মান মহিমার প্রতি চিত্তের মোড সে ফিরিয়ে দেবে—ঘোচাবে সঙ্কোচের আবরণ. ভাঙ্বে খণ্ডবোধের রুন্ধকারা, ছাড়িয়ে যাবে অবিদ্যার সুদ্রেবিসপিতি অধিকার, তত্ত্বভাবের অখণ্ড সত্যস্বর্পকে আবার প্রদ্যোতিত করে তুলবে এই বর্তমানের এই বিবিক্ত ও সংকৃচিত চেতনার দৈন্যকে পরাভূত করে তখন জাগবে অকুণ্ঠিত সম্যক্-চেতনার সিন্ধ মহিমা—্যার মধ্যে ব্রহ্মসদ্-ভাবের অনাদি সত্যের সঙ্গে আত্মভাব ও জগদ্ভাবের সমগ্র সত্য অবিকল্পিত তাদাঘ্যপ্রতায়ে নিত্য অনস্তমিত থাকবে। অথণ্ড সর্বতোম্খী সম্যক্-জ্ঞান পূর্ণ রক্ষের নিত্যসিন্ধ স্বভাব। অতএব অধ্যাত্মচেতনায় তার স্ফ্রণকে প্রাগভাবের নিরসনজনিত অভিনব একটা আবিভাব বলা চলে ন্য। সম্যক্-জ্ঞান মনের সৃষ্ট অজিতি অধিগত বা কল্পিত কোনও কৃত্রিম বস্তু নয়। তাই তার সিন্ধর্পটির আবরণ উন্মোচন করেই মন তার সাক্ষাৎ পায়। অধ্যাত্ম-সাধনার চরম পর্বে আপনাহতে তার সত্য চেতনায় ফ্র্টে ওঠে, কেননা আমাদেরই বৃহত্তর চেতনার গভীর গৃহায় সে দতব্ধ হয়ে আছে অধ্যাম্বচেতনার ম্বর্পধাতু হয়ে। তাকে পাওয়া তখনই অনিঃশেষ হয়, যখন বহিশ্চর চেতনাতে থেকেও তার দিকে আমাদের দ্বিট হয় আনিমেষ। অখণ্ড আছা-জ্ঞানের সংখ্য-সংখ্য আবার অখণ্ড জগংজ্ঞানও আমাদের ফিরে পেতে হবে, কেননা বিশেবর আছা যে আমাদেরই আছা। মনের কল্পিত বা অধিগত বিদ্যাও যে আছে এবং তার সার্থকতাও যে উপেক্ষণীয় নয়, তা মানি। কিন্তু আমরা এখানে অবিদ্যা হতে পৃথক করে যার বিদ্যা নাম দিয়েছি, সে কিন্তু শ্বুণ্ধবিদ্যা বা সন্বিদ্যা—বিদ্যাকগুক নয়।

অভংগ অধ্যাত্মচেতনায় আছে সত্তার সর্বাবগাহী সম্যক্র-বিজ্ঞান। অবান্তর সকল ভূমির সংকলনে প্রমকে সে যুক্ত করে অব্যের সংগ্র তাই একটি অখণ্ড নিটোল পূর্ণতায় তার অক্ষ্মন মহিমা ফুটে ওঠে। সে-চেতনার অনুত্তর শ্রেগ নিবিশেষ প্রমার্থসতের অতিচেতন অতএব অনুপাখ্য স্বয়ংসংবিৎ রয়েছে, আর তার প্রত্যুক্ততম গহনে রয়েছে অচিতির সংবিং—যে তমোঘন অব্যক্ত হতে জীবপ্রকৃতির যাত্রা শ্বর্। কিন্তু অচিতির অব্যক্তগৃহাতেও সে আবিষ্কার করে আন্বতীয় সর্বসতের আত্মসমাহিত স্বয়ংগঢ়ে চৈতন্যের দাপ্তি। পরাবর সত্তার দুটি কোটির অন্তরালে বিচরণশীল এই সম্যক্-চেতনার স্বয়ংজ্যোতিতে বিশ্বের নিগ্রু ব্যঞ্জনা উম্ভাসিত হয়—তার স্ক্রিমল প্রজ্ঞাচক্ষ্ম দর্শন করে বহুর মধ্যে একের রূপায়ণ, সান্তের অনন্ত বৈচিত্রো আনন্ত্যের তাদাখ্যাবিভূতি, শাশ্বত কালাতীতের বক্ষে শাশ্বত কালের অন্তহীন বীচিভঙ্গ। এই অথণ্ড দর্শনে বিশ্বের অক্ষুণ্ণ তাংপর্য আমাদের চেতনায় ঝলমল হয়ে ওঠে। তাতে বিশেবর বিলাপ্তি ঘটে না, কিন্তু সর্বগ্রাহী প্রত্যয়ের আলোর ছোঁয়ায় সে দেদীপ্যমান হয়ে ওঠে তার অন্তগ্র্ট অর্থের দীপ্তিতে। তাতে ব্যক্তিভাবের বৈশিষ্ট্য লোপ পায় না, কিন্তু জীবপুরুষ ও জীবপ্রকৃতির অপর্প র্পান্তর ঘটে। কেননা, এই সম্যক্ দর্শনে আত্মভাবের স্বর্পসত্য তাদের কাছে উদুর্ঘাটিত হয়, নিজিত হয় দিব্যপার ও দিব্যপ্রকৃতি হতে তাদের বিবিক্তাম্থিতির যত কুণ্ঠা।

সমাক্-জ্ঞান থাকলে পরাবর রক্ষের অথন্ড পরমার্থসত্তাও আছে, কেননা এ-জ্ঞান ঋত-চিতের বিভূতি এবং ঋত-চিং পরমার্থসতের স্বর্পচৈতন্য। কিন্তু আমাদের বেলায় চেতনার ভূমি ও বৃত্তির সন্দো-সন্ধো পরমার্থসতের ভাবনা ও অন্ভবের বদল হয়। চেতনার যেমন দ্দিট, যেমন ঝোঁক বা গ্রহণ-সামর্থ্য, তার কাছে তেমনি ফোটে ভাবের র্প। তার দ্দিট কি ঝোঁক কখনও মর্মাবগাহী ও ব্যাবৃত্ত, কখনও-বা সর্বাবগাহী ব্যাপ্ত ও উদার। তাই একমাত্র অন্পাখ্য ব্রহ্মসদ্ভাবের অবিকল্পিত তত্ত্বকে স্বীকার করে আমাদের তত্ত্বভাবনা ও তত্ত্বচেতনা হতে আত্মভাবের সিদ্ধির জন্যে জীবভাব ও জগদ্ভাবকে সম্পূর্ণ নিরাকৃত করা—এমন সাধনাও অসম্ভব নয়। শৃধ্য তা-ই নয়, এ

যে একটা উচ্চকোটির দর্শন এবং আপন অধিকারের মধ্যে এর যে একটা অবিসংবাদিত প্রামাণ্য আছে, একথাও অনন্দ্রীকার্য। এই দৃণ্টিতে দেখলে ব্রহ্মই জীবের তত্ত্বরূপ এবং জগতেরও তা-ই। আপাতপ্রতীয়মান জীবভাব জগতের ভূমিকায় একটা কালিক প্রতিভাস মাত্র। জগৎ তেমনি একটা বৃহত্তর এবং জটিলতর কালিক প্রতিভাস। বিদ্যা আর অবিদ্যা এই প্রতিভাসের অন্তর্গত; অতএব নির্বিশেষ অতিচেতনায় উত্তীর্ণ হতে গেলে বিদ্যা ও অবিদ্যা দুয়েরই অধিকার ছাড়িয়ে যেতে হবে। তুরীয়ের প্রমপ্রতায়ে অহন্তা আর ইদন্তা দুয়েরই চেতনা বিল্বপ্ত হয়—জেগে থাকে শুধু নির্বিশেষের অবর্ণ জ্যোতি। নিবিশেষ ব্রহ্মসদ্ভাবে আছে শ্বধ্ব সর্ববিধ অনাত্মপ্রতায়ের অতীত একমাত্র আত্মতাদাত্ম্যের নিঃশব্দ কৈবল্য। সেখানে জ্ঞাতা ও জ্ঞেয়ের আভাসট্টকুও নাই, অতএব উভয়ের একীভাবের সেতৃস্বরূপ জ্ঞানেরও সত্তা নাই। তাই বিপ্রটীর লয়ে কোনও প্রমাণ-প্রমেয়ভাবও থাকে না বলে ব্রহ্মকে বলা হয় অবাঙ্মানসগোচর।...এই নিবিশেষ অশ্বৈতবাদের প্রতিবাদে অথবা তার আপ্রেণ করতে আমরা বলি : অবিদ্যা বস্তৃত বিদ্যার সংকৃচিত ও সংবৃত্ত ব্রত্তিমাত্র—খণ্ডচেতন জীবে বিদ্যা সংকৃচিত, আর অচেতন পদার্থে সংবৃত্ত। যে-দর্শনে শাধ্য ব্রহ্ম আছেন—জীব ও জগৎ নাই, তাকে বিদ্যা না বলে বলতে পারি উচ্চকোটির একটা অবিদ্যা। কেননা, সে-বিদ্যা নির্বিশেষ ব্রহ্মের দুয়ার অর্বাধ পেণছে থমকে গেছে—তার ওপারে যা আছে তার কাছে তা স্বসংবেদ্য. মনের অগোচর অতএব অপ্রমেয়। অবশ্য নিবি'শেষবাদকে ভাবনার সতা এবং অধ্যাত্ম-অনুভবের পরমসত্যের একটা দিক বলতে আমাদের দ্বিধা নাই। কিন্তু তাবলে একেই অধ্যাত্মভাবনার সর্বগ্রাহী অখণ্ড প্রত্যয় বলতে পারি না, কেননা চিন্ময় অনুভবের পরমধামে এছাড়াও উদারতর ও গভীরতর দর্শনের সম্ভাবনা আছে।

রক্ষার তত্ত্ব চেতনা ও জ্ঞান সম্পর্কে প্রচলিত নির্বিশেষবাদের প্রতিষ্ঠা প্রাচীন বেদান্তের একদেশিমতের 'পরে। কিন্তু বেদান্তের সমস্ত তাৎপর্য এতেই পর্যবিসত হর্মন। উপনিষদের প্রতিবোধদীপ্ত বাণীতে আমরা পাই নির্বিশেষ রক্ষার বিবৃতি—অনুপাখ্য তুরীয়স্বর্পের অবর্ণ অনুভবের অনির্বচনীয় প্রত্যয়। কিন্তু সেইসখ্যে তার প্রতিষেধর্পে নয়, অনুবৃত্তির্পুপে পাই বিশ্বভাবন দিব্য-প্র্রুষেরও বিবৃত্তি—বিশ্বাত্মা ও বিশ্বর্পে রক্ষাসম্ভূতির বর্ণাত্য অনুভবের জ্যোতির্মায় প্রতীতি। আবার পাই জীবের মধ্যে রক্ষাের অথন্ড চিদাবেশের কথা। এও একটা অপরােক্ষ অনুভবের সত্য, সম্ভূতির বাস্ত্রব সত্য—প্রতিভাসের বিকল্পনা নয়। প্রপঞ্চাতীত নির্বিশেষ রক্ষাই একমান্ত সত্য, তাছাড়া আর-কিছ্বই কোথাও নাই—পরমার্থতত্ত্ব সম্পর্কে এমন একান্তবাদ উপনিষদের মূল স্কুর নয়। বরং তার মধ্যে আছে এক

সর্বাবগাহী অনেকান্তবাদের পরম ব্যঞ্জনা। বিশ্ব ও বিশ্বাতীতকে একই অখণ্ডতত্ত ও একবিজ্ঞানের উদার আলিংগনে বে'ধে নেওয়া—উপনিষদের এই সম্যক্-দর্শনের স্বর্রাট আমাদেরও দর্শনের মূল স্বর। শকেননা, এ-দর্শনে অবিদ্যা বিদ্যার অর্ধ চ্ছন্ন প্রতিরূপ, বিশ্ববিদ্যা আত্মবিদ্যার অন্তর্ভুক্ত। স্বশোপনিষদের মতে ব্রন্ধের সমস্ত বিভাবনাই অখণ্ড ও বাস্তব, ব্রন্ধের একটি-মাত্র বিভাবকে সত্য বলতে সে রাজী নয়। খাষির দ্যাণীতে ব্রহ্ম 'অনেজং' অথচ 'মনসো জবীয়ঃ': 'সর্বস্য অন্তঃ' এবং 'অন্তিকে'—আধারে নিগ্রেত্তম চিদাবেশরূপে, আবার 'সর্বস্য বাহ্যতঃ' এবং 'দরে'—দেশ ও কালের অন্তহনীন প্রসারে; ব্রহ্ম 'স্বয়ম্ভূ' অথচ 'সর্বাণি ভূতানি'; তিনি শূদ্ধ অশব্দ অকায় অদ্নাবির অলক্ষণ, আবার তিনিই কবি ও মনীষী—'যাথাতথ্যতঃ' বিশেবর বিধাতা। সেই পরম অন্বয়ন্বর পই জগতে এই যা-কিছা দেখছি সব হয়েছেন। তিনিই সর্বান,স্যাত, তিনিই সর্বভূতাধিবাস। ঈশোপনিষদের মতে সেই বিজ্ঞানেই পূর্ণতা এবং মুক্তি—যা আত্মস্বর্প অথবা তার সম্ভূতির্প কাউকেই প্রত্যাখ্যান করে না। মৃক্ত প্রের্ষ অধ্যাত্মদৃষ্টিতে দেখেন—স্বয়দ্ভ আত্মাই সর্বভূত হয়েছেন। তাঁর অন্তরাবৃত্ত চেতনা আত্মার মধ্যেই বিশ্বকে প্রতিষ্ঠিত দেখে—অনাত্মদশী অহংদুন্ট সংকীর্ণ মনশ্চেতনার মত তাকে বিবিক্ত ও বহিঃস্থিত দেখে না। যারা অবিদ্যায় রত, তারা অন্ধতমসে প্রবেশ করে বটে—কিন্তু তার চাইতে গভীর অন্ধতমসে প্রবেশ করে, যারা বিদ্যার ঐকান্তিক অভিনিবেশে রত। কিন্তু ব্রহ্মকে যুগপং বিদ্যা এবং অবিদ্যার সমন্বয় ও সমাহারর পে জানা, সম্ভূতি ও অসম্ভূতি উভয়ের বিজ্ঞানদ্বারা পরমপদে উত্তীর্ণ হওয়া, বিশ্বোত্তীর্ণ ও বিশ্বাত্মার যাগলবিভাবকে অখণ্ড উপলব্ধির দুর্নটি দলে ফুর্নিয়ে তোলা, লোকোত্তরে প্রতিষ্ঠিত থেকে লোক-বিস্থির অনিরুদ্ধ দ্বতঃসংবিতে উল্লাসিত হওয়া—এই তো সমাক্-জ্ঞানের দ্বর্প, এই তো অম্তের সন্ভোগ। এই প্রপ্তান্ত অখন্ড চেতনার 'পরেই দিব্য-জীবনের ভিত্তি, এরই সাধনায় তার সিশ্ধি। অতএব ব্রহ্মের নিবিশেষ তথতার অর্থ অব্যাকত অন্বয়ভাবের অসংগ কৈবল্য অথবা নানাত্ব ও সান্তত্বের সংস্কারলেশহীন বিশূদ্ধ স্বয়স্ভ্সন্তার নির্বর্ণ আনস্তামাত্র নয়। তার অর্থ, তিনি ইতি বা নেতি সর্ববিধ বিশেষণের অতীত এক অনিব চনীয় বস্ত-সং। ইতিবাদ এবং নেতিবাদ দৃইই তাঁর বিভাবের এক-একটি দিক মাত্র প্রকাশ করে। অতএব যুগপং ইতিভাব ও নেতিভাবের চরম প্রতায় দিয়েই আমরা তাঁর অনুপাখ্য স্বরূপের মহাভূমিতে পেণছতে পারি।

স্তরাং পরমার্থতত্ত্বর দ্বিট দিক পেলাম। একদিকে ব্রহ্ম নিবিশেষ দ্বয়স্ভূ সন্মান্ত—অন্বিতীয় ও শান্বত আত্মস্বর্পের নিবিশেষস্থিত মাত। নিজিক্তর আত্মভাবের পরমা প্রশান্তি অথবা প্রকৃতি হতে বিবিক্ত অক্ষরপ্রব্যের

অন্ভবকে প্রেরাধা করে আমরা এগিয়ে যেতে পারি এই অলক্ষণ অব্যবহার্য নিবিশেষ-রন্মের দিকে, নির্দ্ধ করতে পারি মায়া বা প্রকৃতির্পিণী স্ছিট-শক্তির সকল উচ্ছনাস, প্রপঞ্চবিদ্রমের চক্রাবর্তন হতে নিচ্চান্ত হয়ে প্রবিষ্ট হতে পারি শাশ্বত শাশ্তি ও নৈঃশব্দ্যের অতল গহনে, ব্যক্তিভাবের নিরসন-দ্বারা আত্মহারা হয়ে যেতে পারি আদ্বতীয় প্রমার্থসতের মহাভাবে।... আরেকদিকে ব্রহ্ম পরিভূ—পরিভবন তাঁর স্বয়স্ভূশক্তির সত্য বিলাস। দ্বয়ম্ভ আর পরিভূ দুটি ভাব একই পরমার্থতত্ত্বের দুটি সত্য বিভাব। এই দুটি দর্শনের প্রথমটির ভিত্তি হল দার্শনিকের একান্তবাদ—যা আমাদের সমস্ত ভাবনার চরমকোটিতে একাগ্রচিত্তের পরমবিন্দুতে অব্যবহার্য নিবিশেষ রক্ষের প্রত্যয়কেই একমাত্র পরমার্থতত্ত্বরূপে স্থাপন করে। এই স্থাপনা হতে ন্যায়ত এবং ব্যবহারত সবিশেষ জগংকে মিথ্যা প্রতিভাস অথবা অবস্তু-অসং জ্ঞানে প্রত্যাখ্যান করবার একটা দরোগ্রহ দেখা দেয়। অন্তত মনে হয়, এ-জগৎ একটা কালকলনাময় অচিরস্থায়ী অবরসত্য মাত্র, শুধু প্রাকৃত ব্যবহারের তাগিদে আমাদের চেতনায় তার রূপ ফ্রটছে। অতএব তার প্রতায়কে নিরুদ্ধ করে মিথ্যাদ্ িট অথবা অবরস্ভিটর দায় হতে আত্মাকে চিরম্কু করাই আমাদের পরমপুরুষার্থ। দ্বিতীয় দর্শনিটির মূলে আছে ব্রহ্মের এই প্রতায় যে, তিনি ইতি অথবা নেতি কোনও বিশেষণে বিশেষিত হতে পারেন না বলেই নির্বিশেষ। ব্রহ্ম অব্যবহার্য—তার অর্থ এই যে, সম্বন্ধতত্ত্বের কোনও বিভাবই তাঁর অপ্রমেয় সন্ধিনী-শক্তির বীর্যকে সীমিত করতে পারে না। আমাদের ইতি অথবা নেতি, চরম বা অবম কোনও প্রতায়ের দ্বন্দ্বই তাঁর দ্বাতন্ত্রাকে নিগড়িত কিংবা প্রসারকে সংকৃচিত করতে পারে না। আমাদের বিদ্যাতেও তিনি নিঃশেষিত হন না, আবার অবিদ্যাতেও আবৃত হন না— এমন-কি আমাদের <mark>সত্তা ও অসত্তার</mark> ভাবনাও তাঁর সীমা রচতে পারে না। অথচ ব্যবহার বা সম্বন্ধতত্ত্বের বৈচিত্র্যকে ধারণ পোষণ অথবা বর্জন করবার নিরঙ্কুশ স্বাতন্ত্রাও তাঁর আছে। একছের আনন্ত্যের সঙগে-সঙগে বহুছের আন্তের নিজেকে বিস্থুট করবার বীর্য তাঁর নিবিশেষ স্বভাবেই নির্চ রয়েছে। এই স্বাতন্ত্রাই তাঁর অনুত্তর স্ব-ধর্মের লক্ষণ ও পরিণাম এবং এর ভবদ্র পকে আমরা বিশ্বর পের অকুণিঠত লীলায়নে স্ফ্রিত দেখি। দ্বভাবত প্রপঞ্জের বিস্পৃতিতে রক্ষের যেমন কোনও পারবশ্য নাই, তেমনি তাকে বিসূত্ট না করবার দায়ও তাঁর নাই। আবার তাঁকে নিঃসত্ত সর্বশালাও বলতে পারি না। কেননা, শুনারক্ষা রক্ষই নন—আমাদের সর্বশ্নাতার কল্পনা তাঁকে মন দিয়ে জানবার কি ধরবার অসামর্থোর পরিচয় মাত্র। বিশ্বে বা-কিছ্ম ভূত বা ভবা, তার অনিব চনীয় স্বর্পসত্যের তিনিই ম্লাধার। নিখিলের স্বর্প-সত্য এবং ভব্যার্থের আধার বলে আমাদের অন্তরে-বাইরে ভূতার্থের যা-কিছ্ম

নিয়ত বিধান, তারও ভর্তা তিনিই। তাদের শাশ্বত সত্য অথবা নির্ঢ় বীজভাবের সম্ভাবনাকে তাঁর নিবিশেষস্বভাবের অচিম্ত্য বৈভবে নিত্য তিনি বহন করেন। এই বীজীভূত ভূতার্থের অঞ্কুরণ অথবা গ্রই শাশ্বতসত্যের নিগ্ঢ়ে বীর্ষের বিভাবনাকে আমরা বিস্ফি বলি এবং তাকেই প্রত্যক্ষ করি বিশেবর আকারে।

অতএব ব্রহ্মভাবের ধারণায় কি উপলব্ধিতে জগদ্ভাবের প্রত্যাখ্যান বা প্রলয় ঘটাতেই হবে, এমন-কোনও অনতিবর্তানীয় বিধানের জ্বল্বম আমরা মানি না। যদি মনে করি : এ-জগৎ তত্ত্ত অবাস্তব, শুধু অনির্বচনীয় মায়াশক্তির ইন্দ্রজালে এর প্রতিভাস, নির্বিশেষ ব্রহ্ম এর প্রতি উদাসীন, অথবা একে প্রভাবিত না করে কি এর দ্বারা প্রভাবিত না হয়ে তটস্থ হয়ে আছেন, তাহলে এমন কল্পনা হবে আমাদেরই মনের বিকল্প। তার মূলে আছে তংস্বরূপকে সীমার বাঁধনে বাঁধবার জন্যে ব্রহ্মটেতন্যের 'পরে আমাদেরই মনশ্চেতনার অশক্তির একটা অধ্যারোপ। মনশ্চেতনা যখন স্বোত্তরভূমিতে উত্তীর্ণ হয়, তখন সে তার জ্ঞানের माधन शांतरस रफल, धीरत-धीरत जीनरस यास निर्वाख वा छेलभारमत फिरक। তখন তার প্রাকৃতজগতের ধৃতিও শিথিল হয়ে পড়ে। এতাদন যাকে সে একমাত্র বাদত্তব বলে জানত, তার বাদত্বতার ধারণা সে-ভূমিতে আর অনুবুত্ত হয় না। প্রাকৃতমনের এই অশক্তিকে আমরা পরব্রন্ধে আরোপ করি। কল্পনা করি: তাঁর শাশ্বত অব্যক্তম্বরূপে এইধরনের একটা অশক্তি আছে। আমাদের কাছে এখন যা অবাস্তববং তার প্রতি ব্রন্ধেরও একটা বিবিক্ত তটম্থতার ভাব আছে। আমাদের মনোনিব্রিতে বা আত্মভাবের প্রলয়ে যেমন প্রপঞ্চের উপশম ঘটে, তেমনি প্রাতিভাসিক জগতের সঙ্গে সম্পর্কশনো ব্রন্মের নিরঞ্জন নিবিশেষ দ্বভাবেও আছে জগৎকে প্রতায়ারটে করবার অথবা দ্বাভাবিক স্ফারন্তাদ্বারা তার ভর্তা হরার একটা অসামর্থা। অতএব তুরীয়ভূমিতে যেমন আমাদের কাছে তেমনি ব্রন্মেরও কাছে জগৎ অবাস্তব। জগৎপ্রতায় যদি-বা সেথানে থাকে, তাহলেও তার সদ্ভাব অসদ্ভাবের কর্বালত। অর্থাৎ জগৎপ্রতায় সেখানে মায়াকল্পিত ইন্দ্রজাল মাত্র।...কিন্তু ব্রহ্মে আর জগতে এমন-একটা দক্রের ব্যবধান থাকবেই, এ-কল্পনা কি অপরিহার্য ? আমাদের প্রাক্বতচেতনার সাধ্য বা অসাধ্য দিয়ে অপ্রমেয় অপ্রাকৃত চেতনার বিচার বা পরিমাণ কি চলে কখনও ? প্রাকৃতচিত্তের কোনও ধারণাই স্বতঃসংবিতের প্রমকোটিতে পেণছতে পারে না, অতএব তার রহস্যও সে ভেদ করতে পারে না। নিজের বন্ধনজাল হতে নিষ্কৃতি পেতে মনোময়ী অবিদ্যাকে বাধ্য হয়ে যে সর্বনাশের পথ বেছে নিতে হয়, ব্রহ্মকেও সেই পথ ধরতে হবে এমন কী দায় তাঁর আছে? ব্রহ্মের তো নিজের কাছ থেকে পালাবার, অথবা যা-কিছু, প্রত্যরযোগ্য তার প্রতীতির প্রতি পরাঙ্মুখ হবার কোনও প্রয়োজন নাই।

ওই রয়েছে অব্যক্ত অবিজ্ঞেয় তত্ব। আর এই-যে রয়েছে ব্যক্ত জ্ঞেয়তত্ব—যার খানিকটা আমাদের অবিদ্যার কাছে ব্যক্ত। কিন্তু পরমপ্রর্মের দিব্যপ্রজ্ঞার কাছে তার সবখানিই ব্যক্ত, কেননা সে-প্রজ্ঞার অনন্তস্বর্পে যে তার তত্ত্বভাব বিধ্ত। একথা সত্য বটে, আমাদের অবিদ্যা দিয়ে বা মনোময়ী বিদ্যার চরম প্রসার দিয়েও আমরা অবিজ্ঞেয়-সতের কোনও কিনারা করতে পারি না। কিন্তু সেইসণ্ডেগ একথাও মানতে হবে, বিদ্যায় হ'ক কি অবিদ্যায় হ'ক, আমাদের চিত্তের ব্রত্তিও ওই অনিব্চনীয় তৎস্বর্পের বিচিত্র বিভূতি। কারণ তৎস্বর্প ছাড়া আর-কিছ্ই যদি বিশ্বে না থাকে, তাহলে যেখানে যা-কিছ্ ফ্টছে, সব তো তাঁরই বিস্কিট। এই বৈচিত্রের ভিতর দিয়েই তাঁর একত্বের নিরঙ্কুশ প্রকাশ—তাই তাঁর নানাত্বকে ছ্বয়ে আমরা একত্বের স্পর্শ পাই।...কিন্তু একত্ব এবং নানাত্বের সহভাবকে মেনে নিয়েও ব্রদ্ধির চরম রায়ে সম্ভূতির সত্য তিরস্কৃত হতে পারে এই অজ্বহাতে যে, রক্ষের অনানিরপেক্ষ পরমার্থতিত্ব আর সাপেক্ষ জগতের প্রমাদী ও খণ্ডিত তত্ত্বভাবনার মধ্যে একটা ভেদ আছেই। অতএব সম্ভূতিকে প্রত্যাখ্যান করে অসম্ভূতিতে অবগাহন করাই আমাদের পরমপ্র্যুর্থে।

বিদ্যার উন্মেষের সংখ্য-সংখ্য একটা দৈবতবোধ আমাদের চেতনায় দেখা দেরেই। এক আর বহু, অনন্ত আর সান্ত, সন্ভূতি আর অসম্ভূত নিত্য-সং. র্পী আর অর্প, চিৎ আর জড়, পরম অতিচেতনা আর অবম অচেতনা—চিত্তের আঙিনায় এমনতর কত-না দ্বন্দের ভিড়। এই দ্বন্দ্ববোধ হতে অব্যাহতি পাবার জন্য আমরা তার একটি কোটিকে বিদ্যার অধিকারে ফেলতে পারি, আর-একটিকে ঠেলে দিতে পারি অবিদ্যার এলাকায়। আমাদের চরম পরে যার্থ তখন হবে সম্ভূতির অবরসত্য হতে পরাবৃত্ত হয়ে অসম্ভূতির উত্তরসত্যে আর্ঢ় হত্তয়া, অবিদ্যা হতে ছিট্কে পড়া বিদ্যার অধিকারে, অবিদ্যাচ্ছন্ল বহর মায়াকে প্রত্যাখ্যান করে উত্তর্গর্ণ হওয়া একত্বের শাশ্বত ধামে—সান্ত হতে অনন্তে, রূপ হতে অরূপে, জড়বিশ্ব হতে চিন্ময়লোকে, অচিতির দুরাগ্রহ হতে অতিচেতন জীবনের স্বাতন্ত্র্যে আপন আসনকে অবিচল করে নেওয়া। জীবনসমস্যার এমনতর সমাধানে ধরে নিই—আমাদের দ্বন্দ্ববোধের দুর্টি কোটির মাঝে সর্বত অন-পনের একটা বিরোধ, চরম ও পরম একটা অসামঞ্জস্য রয়েছে। যদি মানি পরাবর দুটি কোটি রক্ষেরই আত্মবিভূতির প্রকাশ : তব্ব বলব, তাঁর অবর্যবভূতিতে আছে সত্যের ছল্ল বা বিকৃত রূপ, সত্তরাং তার উপাসনায় আমরা কঞ্চনও ত্পি অথবা সিম্পির চরম নিলয়ে উত্তীর্ণ হব না। অতএব বহুদের সকল ঝামেল। এড়িয়ে, সম্ভূতির জ্যোতির্মায় ঐশ্বর্যোর অফ্রনত সম্ভোগকেও ধিক্কৃত করে একাষ্মপ্রতায়ের একাগ্র বিবিক্ততার দিকে আমাদের চলতেই হবে—বিচিত্র আঘ্য-পরিণামের প্রলয় ঘটিয়ে। অনন্তের আহ্বান এসে আমাদের কানে পেণছেছে,

আর-কি সান্তের বন্ধনে বাঁধা থাকতে পারি! সান্তের মধ্যে কোথায় ত্রপ্তি কোথায় শান্তি. কোথায় মাক্তির ঔদার্য? অতএব ভাঙো কারাগার, ছি'ড়ে ফেল আত্মপ্রকৃতি ও বিশ্বপ্রকৃতির সকল বন্ধন, ফ্রংকারে উড়িয়ে দাও অসীমের 'পরে কদিপত যত সীমার মায়া, প্রতীক ও প্রতিমার যত কন্প-ছায়া, উপাধি ও বিশেষণের যত জঞ্জাল—সমস্ত ক্ষ্মদ্রতা ও খণ্ডবোধকে নিমন্জিত কর আনন্ত্যের মহারসায়নে নিত্যত্প্ত আত্মার <mark>অব্যক্ত বৈপন্নো। বিবেকীর কাছে র</mark>ুপের সম্মেহন তুচ্ছ—তার মিথ্যা আকর্ষণের চণ্ডল মায়া আর তাঁকে ভোলাতে পারবে আঁধারের বুকে বারবার বিদ্যাতের ক্ষণদীপ্তি, একই ছলনার অন্তহীন প্রনরাব্তি নৈরাশ্যে ক্লান্তিতে সকল হুদয় ভরে দিয়েছে! অতএব মৄঢ় প্রকৃতির এই চক্রাবর্তন হতে সবলে ছিনিয়ে নাও নিজেকে—ঝাঁপ দাও শাশ্বত সন্মান্তের অরূপ অলক্ষণ অচলস্থিতির অনুত্তরংগ পারাবারে। আত্মাকে লম্জিত করেছে জড়ের স্থলেম, লক্ষ্যহীন চণ্ডল প্রাণের ক্ষুস্থতা অসহিষ্ণু করে তুলছে তাকে দিনে-দিনে, উদ্দ্রান্ত চিত্তের ছটফটি এনেছে বিপাল ক্লান্তি, তার সকল সাধনা ও লক্ষ্যের প্রতি এনেছে গভীর অনাশ্বাস। তাই বাঁধন ছেড্বার সময় এসেছে এবার—এসেছে চিৎস্বরূপের শাশ্বত নিরঞ্জন প্রশান্তির অতলে তলিয়ে যাবার দুর্বার আহ্বান। জেনেছি, র্জাচাত একটা স্কুপ্তির ঘোর—একটা অন্ধ-কারা, আর চেতনাও লক্ষাহীন পরিণামহীন একটা মূঢ় আবর্তন বা স্বপেনর বিভ্রম মাত্র। অতএব উভয়ের মোহ হতে নিজেকে মুক্ত করে জাগতে হবে অতিচেতনার আনন্দজ্যোতিম'য় শাশ্বত ধামে, যেখানে অচিতির অন্ধর্তমিস্লা বা অবিদ্যাচেতনার প্রদোষচ্ছায়া নাই। ব্রহ্মপদই আমাদের পরম শরণ। তাকে ছেড়ে মিথ্যা এই জগৎ, মিথ্যা অবিদ্যার ছলনা—প্রকৃতির চক্রে যন্তার্ট জীবের মিথ্যা এই অন্তহীন আবর্তন।...

আমরা কিল্তু বিদ্যা আর অবিদ্যার মাঝে অন্যোন্যবিরোধকে এমন একাল্ড করে তুলি না। দ্রহ্ হলেও একটা মহন্তর উদার্যের ভূমিকায় আমরা সকল বিরোধের সমাধান ঘটাতে চাই। আমরা জানি, এক আর নানা, র্প আর অর্প, সাল্ড আর অনল্ড পরম্পরের ব্যাবর্তক নয়—আপ্রক। এমন-কি রক্ষের মধ্যে এই দ্বন্দ্ব যে পর্যায়ক্রমে আব্তু হয়ে চলেছে, তাও নয়। বিস্ভিটর বহুধাবিলাসে রক্ষা নিঃশেষে আপন একম্বকে হারিয়ে ফেলেন, তারপর বহুদ্বের গোলকধাধায় তাকে আর খাজে না পেয়ে বহুদ্বকে গাটিয়ে নিয়ে আবার তাঁর একত্বের মহিমায় ফিরে যান—একথাও সত্য নয়। একত্ব আর নানাত্ব, র্প আর অর্প সমস্তই তাঁর নিত্যসহচরিত দ্বিদল বিভৃতি। তারা অন্যোন্যসাপেক্ষ—অন্যোন্যসমাধানহীন পর্যায়মাল নয়। আমরা তাদের মধ্যে একই তত্বভাবের দাটি বিভাব দেখছি। তাই প্রক অন্শালনে নয়, কিল্তু উভয়ের ম্রপৎ অন্ধ্যানে আমাদের কাছে প্রশিবর্বের জ্যোতির দায়ার খালে যার।

অবশ্য পৃথক অন্শীলনও যে অন্যাষ্য, তা নয়। এমন-কি তাকে বিজ্ঞান-সাধনার অপরিহার্য অংগ বলতেও বাধা নাই। বিজ্ঞান যে সর্বন্তই একবিজ্ঞান মার, তাতে সন্দেহ নাই। পরমার্থসতের আর্দ্মবৃদ্মতিই যে অজ্ঞান তাও সত্য। তার ফলে বহুর মধ্যে নিজেকে আমরা একান্ত বিবিক্ত বলে জানি. সম্ভূতির দিশাহারা গোলকধাধায় অন্ধ হয়ে ঘুরে মরি—এও মানি। কিন্তু সেইসংখ্য একথাও মানতে হয় : সম্ভূতির মধ্যেই তো চিংপরিণামের ধারা ধরে বিজ্ঞানের উন্মেষে জীবচেতনার অজ্ঞানের ঘোর কেটে যাচ্ছে। বহু,ত্বের বিলাসে এক পরমার্থ সংই যে সর্বভূত হয়েছেন—এই সংবিংই ধীরে-ধীরে তার মধ্যে জাগছে। একের এই বহু বিভাবনাও তার কাছে অসম্ভব ঠেকে না—কেননা বহুর স্বরূপসতা যে একের কালাতীত সদ্ভাবে পূর্ব হতেই নিহিত ছিল। রক্ষের সম্যক-জ্ঞানে তাঁর দুটি বিভাবই চেতনায় সুষম হয়ে ফুটে উঠবে— কেননা দ্রটির একটিকে মাত্র একান্তভাবে আঁকড়ে ধরলে, তাঁর সর্বাগত ন্বরূপ-সত্যের আর-একটি দিকের প্রতি আমাদের দূ, চিট অন্ধ হয়ে পড়ে। সর্বসম্ভূতির অতীত অসম্ভাতিতে প্রতিষ্ঠিত হয়ে, সংসারে অনুস্যুত আর্সাক্ত ও অবিদ্যার বন্ধন ছিল্ল করে আমরা স্বাতন্ত্যের অধিকার পাই। তখন সেই স্বাতন্ত্যাস্বারাই আমরা সম্ভূতিকে ও সংসারকে নিরঙ্কুশ হয়ে সম্ভোগ করি। অতএব সম্ভূতির বিজ্ঞানও ব্রহ্মবিদ্যার অঙ্গ। এ-বিদ্যাও আমাদের চেতনায় অবিদ্যা হয়ে ওঠে। কেননা, আমরা নিতাসতোর একছবোধকে হারিয়ে অবিদ্যার অণ্ডস্তলে অভি-নিবিষ্ট হয়ে আছি-জার্নাছ না, অন্বয়ন্বর্প অবিদ্যারও অধিষ্ঠানতত্ত্ব এবং তাৎপর্য, এ'রই আবেশে তার বিস্থান্ট, এ'কে আশ্রয় করেই তার অহ্নিতত্ব সম্ভব হয়েছে।

বস্তুত ব্রহ্ম যে কেবল অব্যবহার্য অলক্ষণ স্বভাবে 'একমেবাদ্বিতীয়ম্', তা নয়; বিশেবর বহুধাবিস্থিতৈও তিনি এক। মনের বিভজনব্তিকে জেনেও তিনি স্বয়ং তার দ্বারা সীমিত হন না। তাই বহুত্বকে ব্যবহারকে ও সম্ভূতিকে দ্বীকার করেও তাঁর অদ্বয়ভাব তেমনি সহজ ও অব্যাহত—যেমন সে সহজ তাদের নিরসনে। অতএব তাঁর একত্বের মহিমাকে পরিপূর্ণ আস্বাদন করতে হলে বিশ্বের অন্তহীন আত্মর্পায়ণের বৈচিত্যে খ্রুতে হবে তার অনিব্চনীয় চর্বণা। কেননা সেই এক ষখন বিশ্বর্পে বহু হয়েছেন, তখন এই বহুত্বের মধ্যেও তাঁর অখন্ড একত্ব অনুস্যুত আছে। একত্বের আনন্তাদ্বারা বিধৃত এবং আবিষ্ট হয়ে চেতনার অর্থপূর্ণ ও সার্থক হয়ে ফোটে ব্রহ্মাবিস্ট আনন্তার রসর্প। আবার একের আনন্তা নিষিক্ত হয়ে জারিত করে বহুর আনন্তাকে। এমনি করে আপন উচ্ছালত বীর্ষের ধারাকে ঢেলে দিয়েও অটল থাকা, আত্মবিপারণামের অন্তহীন অজস্ত্র বিভাবনাতেও উদ্ভানত না হয়ে উন্থাৰ অথচ অবিচল থাকা, আত্মবিচিত্যের অকুণ্ঠ উৎসারণেও নিজের মধ্যে

অটুট থাকা-এই তো নিমহুক্ত পরেষের অবন্ধা দেববীর্ষ, এই তো চিন্ময় পার,যের আত্মবিদ্যান্বারা অমতের সন্ভোগ। আত্মার যে সান্ত আত্মবৈচিত্তাের মধ্যে আত্মবিদ্যাহীন মন জড়িয়ে গিয়ে বৈচিত্তাের মেলায়- ছড়িয়ে পড়ে তাও কিন্তু তাঁর আনন্ত্যের নিরাকৃতি নয়। বরং তার মধ্যে আনন্ত্যেরই অন্তহীন প্রকাশের সামর্থ্য বিচ্ছ্বরিত হচ্ছে নইলে এ সান্তের মেলা অহেতৃক বা অর্থহীন হত। অনন্তস্বর্পের মধ্যে যেমন আছে সত্তার স্বপ্রতিষ্ঠ অসীমতার আনন্দ, তেমনি আছে বিশ্বরূপে অন্তহীন আত্মবিশেষণের দ্বারা ওই অসীমতার দিব্য-সম্ভোগ। স্বর্পত অর্প বলে যে দিবা-প্রের্ষের অগণিত রূপায়ণের নিরুক্রণ প্রতিভা নাই, তা নয়। আবার রূপকে স্বীকার করলেই যে তাঁর দিব্যভাবের প্রচ্যাতি ঘটে তা নয়—বরং ওই আত্মকন্পিত রূপের আধারে তিনি ঢেলে দেন তাঁর সত্তার আনন্দ, তাঁর দেবত্বের মহিমা। সোনা কি আর সোনা রইল না কনককুণ্ডলে বা বিচিত্র মূল্যের স্বর্ণমনুদ্রায় নিজেকে রূপান্তরিত করল বলে? যে-প্থনীশক্তি হতে এই বহুরূপা জড়প্রকৃতির উল্ভব তার অপ্রচ্যুত দিব্যভাব কি এই জীবধাত্রী ধরিত্রীতে এই পর্বতে-কন্দরে নিজেকে সে আকারিত করেছে বলে হারিয়ে গেল? কুমারের হাতে কাদার তাল কি কামারের হাতে লোহার তাল হয়ে শিল্পের বিচিত্র উপকরণ জ্বোটাতে কি তার কোনও বাধা আছে? উপনিষদ যাকে 'অন্ন' বলেছেন, সেই মৃংশক্তি বা র্পধাতৃ—স্থ্ল-স্ক্রু ম্ক্ষয়-মনোময় যা-ই সে হ'ক না কেন—সে তো চিৎসত্তার রুপবিগ্রহ। চিৎপুরুষের আত্মরুপায়ণের উপাদানরুপে কল্পিত না হলে তার স্থিই যে অসম্ভব হত। জর্ডাবশ্বের আপাত-অচিতির তমোঘন গর্ভাশয়ে জ্যোতিম'রী অতিচিতির শাশ্বত যত স্বাক্ত মহিমা নিহিত আছে। কালের কলনায় তাদের ধীরে-ধীরে ফুটিয়ে তোলাই তো প্রকৃতির ইন্টসাধনার আনন্দ, তার কল্পাবর্তনের পরম প্রয়োজন।

তত্ত্বস্তু ও তত্ত্বজ্ঞানের স্বর্পসম্পর্কে আরও যেসব সিম্ধান্ত আছে, তারাও একটা আলোচনার দাবি রাখে। কেউ-কেউ বলেন : এ-জগৎ মনের প্রত্যক্ত্ব কলপনামান্ত—এ কেবল 'বিজ্ঞানের' একটা প্রবাহ। বিজ্ঞান হতে স্ব-তন্ত্ব স্বয়ম্ভূ পরাক্-বৃত্ত তত্ত্বও আছে—এ আমাদের মনের বিভ্রম শৃথ্ন। কেননা এধরনের কোনও স্ব-তন্ত্র পদার্থের সন্তা আজও আমাদের কাছে নিল্পুমাণ। এ-দর্শনের শেষ সিম্ধান্ত হবে—বিজ্ঞানই একমান্ত তত্ত্ব; অথবা সর্ববিধ সম্বস্তুর প্রতিষেধ-হত্তু অসৎ বা শ্নাই একমান্ত তত্ত্ব। এক মতে বিজ্ঞানকল্পিত বস্তুর কোনও বাস্তব সন্তা নাই, তারা কল্পনার একটা আকার শৃথ্ন। এমন-কি তারা বে-আলয়বিজ্ঞান বা চিন্তের পরিকল্পনা, সেও বিজ্ঞানসম্তান ছাড়া কিছ্ই নর। চিন্তের অনন্ত বৃত্তির পরম্পরা কাল্পনিক যোগস্ত্রে গ্রথিত হয়ে কালিক অন্ব্রিত্তর একটা বিশ্রম সৃষ্টি করে। কিন্তু এসব কল্পনার বস্তুত কোনও

ভিত্তি নাই—কেননা আগাগোড়াই তারা তত্ত্ব নয়, তত্ত্বের প্রতিভাসমাত্র। অর্থাৎ তত্ত্বস্তুর স্বুরূপ হল একাধারে চিৎসত্ত ও স্পন্দধর্মের শাদ্বত শূনাতা। পরিকদ্পিত বিশ্বের প্রতিভাস হতে পরাবৃত্ত হয়ে এই শ্নাতাতে অবগাহন कतारे रम जबुख्यात्मत न्वत्भ। এर विख्यात्म म्रामिक राज आपाजात्वत श्रमा ঘটবে। প্রের্বের নির্বাণের সঙ্গে-সঙ্গে প্রকৃতিও নিবৃত্ত অথবা প্রলীন হবে— কেননা প্রেষ আর প্রকৃতিই হল আমাদের সত্তার দুটি দল, অতএব মহা-নির্বাণের সিন্ধি আসবে উভয়ের নিরাকৃতিতে। চিৎসত্ত এবং স্পন্দর্শক্তি দুইই র্ষাদ অতাত্ত্বিক হয়, তাহলে অচিতিই হল একমাত্র তত্ত্ব যার মধ্যে দেখা দেয় ক্ষণবিজ্ঞানের এই পরম্পরা। অথবা আত্মভাব ও ভাবপ্রতারের অতীত অতিচিতিই হল তত্ত্বের স্বরূপ।...কিন্তু এ-দর্শন সত্য হতে পারে, যদি প্রাকৃত-চিত্তকেই মনে করি আমাদের চেতনার সর্বস্ব। চিত্তলীলার বিবৃতি হিসাবে এর মধ্যে অপ্রামাণিক কথা কিছ্ই নাই, কেননা চিত্ত-চৈতসিকের ভূমিতে সমস্তই মনে হয় অশাশ্বত বিজ্ঞানধাতুর ক্ষণভংগ্বর পরিকল্পনা। কিন্তু একেই তত্ত্ব-বস্তুর সমাক্-দর্শন বলতে পারি না-্যদি আত্মা এবং জগৎ সম্পর্কে আরও উদার ও গভীর উপলব্ধি সম্ভব হয়। সে-উপলব্ধির সাধন হবে তাদাত্মবোধ, তার আশ্রয় হবে স্বাভাবিক তাদাত্ম্যসংবিংয্কু দিব্যচেতনা এবং এই চেতনা হবে কোনও চিন্ময়পুরুষের শাশ্বত আত্মসংবিতের ক্ষরুরণ। এই তাদাত্ম্য-সংবিতের বিষয় ও বিষয়ী দুটি কোটির সত্তা চেতনার কাছে সামরস্যের অন্তর্গাতায় সত্য হয়ে ওঠে। তারা তখন হয় তাদাঘ্যা-চেতনারই ন্বাণগীভূত দ্বটি দল, অতএব তার সত্তার প্রামাণ্য সপ্রমাণ।

কিন্তু চিত্ত বা আলয়বিজ্ঞান যদি একমাত্র তত্ত্ব হয়, তাহলে বিশেবর জড়ভাব ও জড়বন্তুর কথািগুংসত্তা থাকলেও সে-সত্তা হবে চিত্তের বিকল্প মাত্র। জগং তখন বিজ্ঞানধাতুর শ্বারা বিস্টা ও বিধৃত এবং অন্তকালে বিজ্ঞানেই তার প্রলয়। কারণ সৃণ্টিশক্তির অধিন্ঠানর্পে কোনও পারমাথি ক সত্তা কি প্রব্রুষ কিছুই যদি না থাকে, এমন-কি অসং বা শ্নাও যদি সৃণ্টির আধার না হয়, তাহলে সত্তা বা ভাবকে বিশ্বস্রন্টা বিজ্ঞানের ধর্মা কিংবা স্বর্প বলে মানতে হবে। কিন্তু যে-বিজ্ঞান কোনও সন্তার স্বধর্মা নয় অথবা স্বয়ং সত্তাস্বর্প নয়, সে তো অবাস্তব। তাকে বলতে পারি মহাশ্নোর একটা নিরালম্ব দৃক্শক্তিমাত্র—অসং হতে মহাশ্নোর রচনা করে চলেছে অবস্তুর বিকল্পজাল! কিন্তু আর-সব সিম্পাত অপাঙ্গেক্তেয় না হলে এ-সিম্পান্তকে স্বীক্তার করা তো সহজ্ব নয়। স্ত্রাং বাধ্য হয়ে মানতে হয়, ষাকে বিজ্ঞান বা চেতনা বলছি, সে এমন-কোনও প্রবৃষ্ক কি সন্তার স্বর্পশক্তি বার চিন্ময় উপাদান হতেই বিশেবর বিসৃণ্টি।

কিন্তু এমনি করে সন্তা ও চেতনার ন্বিদল তত্ত্বভাবে যদি ফিরে যাই,

তাহলে হয় বেদান্তের সিম্ধান্ত অনুসারে মানতে হবে এক পূর্ব্য সংপুরুষকে, অথবা সাংখ্যের সঞ্গে সায় দিয়ে মানতে হবে বহুপুরুষকে—যার কাছে বা যাদের কাছে বিজ্ঞান কি বিজ্ঞানধর্মী কোনও শক্তি তার এমনিতর বিকল্পনা উপস্থাপিত করছে। বহুপুরুষবাদ সত্য হলে বলতে হবে, প্রত্যেক পুরুষ আত্মচেতনার সীমার মধ্যে বিবিক্তভাবে—হয় বিশ্বর্প নয়তো বিশ্বস্রুষ্টা। তখন প্রশন হয়, একই বিশেবর মধ্যে তাদের অন্যোন্যসম্বন্ধকে প্রতিষ্ঠিত করা যায় কেমন করে। বহু সর্প প্রেয়ের ভোগক্ষেত্রপে সাংখ্য যেমন একটিমাত্র অচেতনা প্রকৃতিকে স্বীকার করেছে, তেমনি আমাদেরও মানতে হবে এক অদ্বিতীয় চেতনা বা শক্তি—যার আধারে বহু পরেরুষের মনঃকল্পিত বিশেবর অন্যোন্যসম্বন্ধ এবং সার প্য সিন্ধ হবে। এ-সিদু ধান্তের সূর্বিধা এই যে, এতে বহুপুরুষ ও বহুভূতের সন্তার সমর্থন মেলে, তাদের অনুভববৈচিত্রোও একত্বের দ্যোতনা পাওয়া যায়—অথচ সেইসংগে প্রত্যেক ব্যাণ্টিপুর,যের আধ্যাত্মিক প্রগতি ও নিয়তির বৈশিষ্ট্যও বাস্তব হয়। কিল্ড এক বিশ্বশক্তি বা বিশ্বচেতনা র্যাদ নিজেকে বহুধা রূপায়িত করে তার বিশ্বরাজ্যে বহু পুরুষের ঠাঁই করে দিতে পারে, তাহলে এক অনাদি বিশ্বশ্ভর পুরুষই-বা কেন বহু পুরুষের আধার বা র্পায়ণর্পে নিজেকে ফ্রটিয়ে তুলতে পারবেন না? বহুপরেষ তখন হবে তাঁর অখন্ডসন্তার অংশকলা বা চিন্বীর্য এবং বহুভূত অথবা চেতনাব বহারপে হবে সেই পরমপার ষের বহার প।...তখন প্রশ্ন হবে, এই বহার এবং রুপায়ণ কি এক অখণ্ড পরমার্থসতের তত্ত্বরূপ, না তাঁর প্রের্যবিধতার একটা কদ্পিত প্রতিরূপ মাত্র? না মনের বিকল্পনায় এ কেবল তাঁর প্রতিচ্ছবি? এ-প্রশেনর সমাধান নির্ভার করছে আরেকটা প্রশেনর 'পরে। বিশেবর মূলে কি রয়েছে আমাদের এই প্রাকৃতমনের প্রবৃত্তি—না আরও বৃহৎ ও গভীর কোনও চেতনার প্রবর্তনা, মন যার প্রেতির বহিষ্চর সাধনা বা বিস্টিটর অবলম্বন মাত্র? প্রথম কল্প সত্য হলে. মনঃকল্পিত ও মনোদৃষ্ট বাস্তবতা প্রত্যক্-বৃত্ত, প্রতীক-ধমী বা তত্ত্বের প্রতিচ্ছায়া মাত্র। আর দ্বিতীয় কল্প সত্য হলে, বিশ্বপ্রকৃতি এবং তার আত্মভূত তাবং পদার্থ পরমার্থ-সতের যথাভূত তত্ত্বরূপ—তাঁর সন্ধিনী-শক্তির দ্বারা বিস্ফু আত্মসন্তার বীর্যবিভূতি বা রূপায়ণ। সর্বগত ব্রহ্ম এবং তাঁর স্থিপরা শক্তি মায়া বা প্রকৃতির মধ্যে মন তখন ভাবনার একটা সেত মাত্র।

আমাদের প্রাকৃতবৃদ্ধিতে যে-চিন্তসত্ত্বের প্রকাশ, সে যে সন্তার একটা গোণ বিভূতি মান্র, তাতে কোনও সন্দেহ নাই। এই চিন্তসত্ত্বে বা মনে অশক্তি ও অবিদ্যার লাঞ্ছন আছে। তাতেই প্রমাণ হয়, সে জন্য-শক্তি মান্ত—প্রবিতিকা জনক-শক্তি নয়। স্পন্টই দেখছি, প্রাকৃতমন বা-কিছু দেখে, তাকে জানে না বা বোঝে না, কিংবা তার স্বচ্ছন্দ নিয়ন্তাণের ক্ষমতাও তার নাই। জ্ঞান ও শক্তি মনের স্বভাবধর্ম নয়—তার দীর্ঘকালব্যাপী কৃচ্ছ্রসাধনার সঞ্চয় মাত্র। এ র্যাদ তার আত্মশক্তির বিভূতি হত, তাহলে গোড়া হতেই তার জ্ঞানে কুণ্ঠা বা শক্তিতে পঞ্জাতা থাকত না। পারাষের এই দৈন্যের মালে হয়তো ব্যাচ্চিমনের উপচারত ও পরাক্-বৃত্ত জ্ঞান আর শক্তির বৈকল্য রয়েছে। হয়তো এই মনেরও পরে এক বিরাট্ মন আছে—সর্বজ্ঞত্ব ও সর্বৈশ্বর্যের নিটোল পূর্ণতা যার ধর্ম। কিন্তু বিদ্যার অভীম্সাবাহিনী অবিদ্যা আমাদের প্রাকৃতমনের স্বর্প। সে শ্ব্র ভগ্নাংশকে জানে, কেবল জোড়াতাড়া নিয়ে কারবার করে। এমনি করে সে অভ্যাের কােঠায় পেছিতে চায়। কিন্তু বস্তুর ন্বর্প বা সমগ্ররূপ কোনটিই তার দখলে নাই। বিশ্বমনেরও এই ধর্ম হলে, শুধু বিশ্ব-ব্যাপ্তির জোরে সে হয়তো আপন খণ্ডভাবের সমাহারকে জানতে পারবে—কিন্তু তব্ব বস্তুর স্বর্পজ্ঞান তার থাকবে না এবং স্বর্পজ্ঞানের অভাবে তত্ত্বের সম্যক্-জ্ঞানও সম্ভব হবে না। কিন্তু যে-চেতনায় স্বর্পের সম্যক্-বিজ্ঞানের ম্বার্রাসক সামর্থ্য আছে এবং ম্বর্পাবগাহনের শক্তিতে যে-চেতনা সত্তার মর্মে অনুপ্রবিষ্ট হয়ে তার সমগ্রতায় প্রসারিত হয় এবং সমগ্রভাব হতে অংশে-অংশে পরিব্যাপ্ত, তাকে আর কোনমতেই মন বলা চলে না। তাকে আমরা বলব পূর্ণসিদ্ধ ঋত-চিৎ, যার মধ্যে আত্মজ্ঞান ও বিশ্বজ্ঞানের স্বভাবশক্তি স্বরসবাহী হয়ে আছে। এই ঋত-চিতের ভূমিকা হতেই আমরা তত্ত্বভাবের প্রত্যক্-ব্তত পরিচয় গ্রহণ করব। চেতনা হতে স্ব-তন্দ্র পরাক্-বৃত্ত কোনও তত্তভাব ষে অসম্ভব, একথা সত্য। অথচ পরাক্-ব্রন্তিরও একটা সত্যতা আছে। সে-সত্যের তাৎপর্য এই : বস্তুর তত্ত্বভাব তার অন্তগর্ন্য কোনও স্ব-ভাবের মধ্যে নিহিত রয়েছে। অতএব ভূয়োদর্শন ম্বারা মন তার তত্ত্বর্পের যে-কল্পনা ও ব্যাখ্যা করে, তার সঙ্গে আসল সত্যের কোনও নৈসগিক সম্পর্ক নাই। মনের বিকল্প বিশ্বসম্পর্কে মনেরই প্রত্যক্-বৃত্ত কল্পর্পে বা আলেখ্য। কিন্তু বিশ্ব বা বিশ্বভূত তো কল্পর্প কি আলেখ্য নয় শ্বে। তত্ত্বত তারা চেতনার বিস্'ছিট। কিন্তু সে-চেতনা সত্তার অবিনাভূত, তার ধাতু সত্তার দ্বর্পেধাতু এবং সেই ধাতুতে তার জগৎ গড়া। অতএব তার জগৎও তারই মত সতা। এইভাবে দেখলে জগৎকে আর চেতনা বা বিজ্ঞানের প্রত্যক্-বৃত্ত বিস্ভিট বলতে পারি না। তখন দেখি, বস্তুর প্রত্যক্স্থিতি আর পরাক্স্থিতি দুইই বাস্ত্র —তারা একই পরমার্থসতের দুটি বিভাব মাত।

অবশ্য বৈথরী বাকের আপেক্ষিকতা ও অপ্রণ ব্যঞ্জনাশক্তির সংগ্র সায় দিয়ে বলতে পারি, একদিক থেকে দেখতে গেলে জগতের সব-কিছ্ই প্রতীক মাত্র। তংশ্বর্প আমাদের সর্বাধার হলেও এই প্রতীকের ভিতর দিয়েই তাঁর দিকে এগিয়ে বাবার পথ রয়েছে। একত্বের আনন্ত্য বেমন একটা প্রতীক, বহুদ্বের আনন্ত্যও তা-ই। আবার বহুদ্যবনার প্রত্যেকটি ভাবের ইশারা ধখন

একের দিকে, তথাকথিত প্রত্যেকটি সান্তভাব যথন অনন্তের প্রতিচ্ছবি, পারঃ-ক্ষিপ্ত রূপারণ বা তার ব্যঞ্জনাবাহী কম্পছায়া—তখন বিশ্বে যা-কিছ**ু** আছে কি ঘটছে, প্রাণ বা মনের রূপায়ণে যা-কিছা ব্যাকৃত হচ্ছে, সেসমুস্তই একটা প্রতীক বা দ্যোতনা মাত্র। মনের প্রত্যক্-বৃত্তির কাছে সন্তার আনন্ত্যও যেমন একটা প্রতীক, অসন্তার আনন্তাও তা-ই—দ্বয়েরই মধ্যে আছে অনির্বচনীয় অব্যক্তের নিগঢ়ে ব্যঞ্জনা। পররক্ষের ব্যক্তমধ্য স্থিতির এক প্রান্তে অচিতির আনন্ত্য, আরেক প্রান্তে অতিচিতির আনন্ত্য। আমরা আছি দুরের মাঝ-খার্নাটতে। একটি প্রত্যন্তসীমা হতে আরেকটি প্রত্যন্তের দিকে চলেছে আমাদের অভিযান এবং সেই চলার বেগে অব্যক্ত আমাদের চেতনায় ব্যক্তরূপ ধরছে। তার তাৎপর্যকে প্রতিনিয়ত আবিষ্কার করে সত্যধৃতির কলায়-কলায় উপচিত করাই আমাদের সাধনা। এমনি করে আত্মসন্তার ক্রমোন্মীলনের ভিতর দিয়ে একদিন আমরা পেশছব অনুত্তরের অনুপাখ্য চেতনায়—আত্মভাব ও জগদভাবের পরম প্রত্যয়ে। সেদিন বুঝব, যা-কিছু আছে আর যা-কিছু নাই—দূরইই সেই চিরগর্বিস্ততের গ্রন্থনমোচনের অনিব্চনীয় ছন্দোদোলা, কেননা তাঁর পরিপূর্ণ তত্ত্বের প্রকাশ শুধু তাঁর শাশ্বত প্রম স্বয়ংজ্যোতির বর্ণরাগ-হীন নৈঃশব্দ্য।

কিন্তু এমনি করে প্রতীকের ভিতর দিয়ে সব-কিছুকে দেখাও মনোময় দর্শনের একটা ভাগ্য। অসম্ভাতর সংগ্য বাহ্যসম্ভাতর সম্পর্ককে মন এই ধারাতে ব্রুতে চায়। মনের কাছে বিস্ভির সত্যের একটা চলচ্চিত্র হিসাবে এর প্রামাণ্যকে অস্বীকার করা চলে না। কিন্তু সেইসংগে একথাও মানতে হয় যে, বস্তুর প্রতীকর্পকে স্বীকার করলেই তারা অর্থপূর্ণ সঙ্কেতমাত্রে পর্যবাসত হয় না—গণিতের বস্তুশনো সঞ্চেতের মত। জ্ঞানের সাধন হিসাবে এমন সঙ্কেতের ব্যবহার বস্তুনিষ্ঠ মনের পক্ষে অপরিহার্য। তবু প্রতীক তার কাছে ভাবের দিক দিয়ে বাস্তব **হলেও বস্তুর** দিক দিয়ে অবাস্তব। কিন্তু বিশ্বের রূপ ও ভাবনা অবাস্তবের আভাসযুক্ত প্রতীক নয় শুধ্— তারা ব্রহ্মবস্তুর তথাভূত সম্ভূতি। তারা তংস্বর্পের আত্মর**্পায়ণ এবং তাঁ**র সদ্ভাবের স্পন্দ ও বীর্ষ। বিশেবর প্রত্যেকটি রূপের আবির্ভাবের পিছনে অন্তর্যামী তৎস্বরূপেরই কোন বীর্যবিভূতির প্রেতি আছে। বিশ্বের প্রত্যেকটি ভাবনার মূলে আছে সন্মান্তেরই কোনও সত্য-ভাবনার স্পন্দ—তাঁর বিস্কি-লীলার কোনও প্রবর্তনা। বিশেবর মধ্যে এমনি করে যাথাতথ্যত অর্থের বিধান আছে বলেই মন তার একটা প্রামাণিক তাৎপর্য খ'বেজ পায়, প্রত্যক্রচেতনায় তার কল্পর্প গড়তে পারে। আমাদের মন মুখ্যত বিশ্বের দ্রুটা এবং বোষ্ধা, গোণত সে স্রুটা-অবশ্য সিন্ধ স্ভির প্রবর্তনাকে অনুসরণ করেই। মনের সমস্ত প্রত্যক্-বৃত্তির এই বিশেষত্ব যে, তার মধ্যে পরমার্থসতের কোনও-না-

কোনও সত্যের প্রতিবিদ্দ্র পড়ে। প্রতিবিদ্দ্রের বিদ্দর্যথানীয় যা, তার স্ব-তন্ত্র একটা সন্তা আছে। সেই স্বাতন্ত্র্য কখনও প্রকাশ পায় জড়বস্তুর প্রত্যক্-স্থিতিতে, কখনও-বা মনোগ্রাহ্য অথচ অতীন্দ্রিয় জড়োত্তর তত্ত্বভাবের আকারে। অতএব মনকে বিশ্বের আদিবিধাতা বলতে পারি না। মন বস্তুত একটা অবান্তরবিভূতির্পে সন্তার কতকগ্নলি ভূতার্থের গ্রাহক এবং প্রমাপক। তটস্থ সাধনর্পে ভব্যার্থকে ভূতার্থে পরিণত করে স্টিটর সে সহায় হলেও, সত্যকার স্টিবীর্য আছে একমান্ত চিতি-শক্তির—যে-শক্তি বিশ্বোত্তীর্ণ ও বিশ্বাত্মক চিৎস্বর্পে নিত্যসমবেত।

তত্ত্বস্তু ও তত্ত্বজ্ঞান সম্পর্কে সম্পূর্ণ বিপরীত সিম্ধান্তও আছে। কেউ-কেউ বলেন : পরাক্ তত্ত্বই একমাত্র পূর্ণ সত্য এবং পরাক্-বৃত্ত অর্থাৎ বিষয়-নিষ্ঠ জ্ঞানেরই অবিসংবাদিত প্রামাণ্য আছে। এই মতে জড়ের সত্তা বিশেবর আদি সত্য, চিদ্বস্তু বা জীবচেতনার সত্তা সংশয়িত। চেতনা চিত্ত চিৎ কি জীবাত্মা বিশেব লীলায়িত জড়শক্তির একটা সাময়িক পরিণাম। যা-কিছ, প্রেল কি ইন্দ্রিয়প্রাহ্য নয়, তার তত্তভাবে একটা ন্যানতা আছে—কেননা জড়ের পরাক্-ব্তির 'পরেই সম ত প্রামাণ্যের নির্ভার। জড়াগ্রয়ী মনের কাছে জড়া-তীতের সত্তা সিন্ধ করতে তাই ইন্দ্রিয়গ্রাহ্য সাক্ষ্যের প্রয়োজন। উপযুক্ত সমীক্ষা ও পরীক্ষার শ্বারা বাহ্য জড়পদার্থের সঙ্গে তার গোত্রসম্পর্ক প্রমাণিত হলে তবেই সে ততুলোকে প্রবেশের ছাড়পত্র পাবে।...কিন্তু এ-সিম্ধান্তে সমাক-দর্শনের ঔদার্য নাই বলে একে প্রোপর্নির মেনে নেওয়া কঠিন। এ শব্দু দেখে অস্তিত্বের একটা বিভাব—এমন-কি তার একটা খণ্ডদেশ মাত। তার বাইরে যা-কিছ্ব, তা-ই তার কাছে নিস্তত্ত্ব নিরথ'ক অতএব বিচারেরও অযোগ্য। একান্ত-জডবাদীর কাছে একটা মাটির ঢেলা কি তালের বড়া যতখানি সত্য, তার তুলনায় প্রেম বীর্য মনস্বিতা প্রতিভা বা মহত্ত কিছুই কিছু নয়। মানুষের অদম্য হাদয়-মন এই যে অজানা বিশ্বের সহস্র শৃতিকলতার বিরুদ্ধে লড়াই করে তাদের আপন হাতের মুঠায় আনছে, তার কাছে এই পৌরুষেরও কোনও মূল্য নাই। কেননা এ তো তার দৃষ্টিতে একটা পরতন্ত্র অবরসত্য মাত্র— বস্ততন্ত্রতাহীন ক্ষণিকার চমক ছাড়া একে আর কি বলবে সে? আমরা মনের ঘোরে যাদের এত বড় করে দেখছি, তারা তার কাছে ইন্দ্রিয়গ্রাহ্য জড় আধারের সঙ্গে ইন্দ্রিয়গ্রাহ্য জড়বন্দ্তুর ঠোকাঠ্বকির ফল ছাড়া কিছ্বই নর। অতএব ইন্দ্রিয়গ্রাহ্য কর্ন্তু নিয়ে যতক্ষণ ভাবের কারবার, ততক্ষণই তার প্রামাশ্য। ভাবের সার্থকতা ইন্দ্রিয়গ্রাহ্য জগতের সার্থক আবর্তনায়। মানুষের আত্মা বলে যদি কিছু থাকে, সে এই পরিদৃশ্যমান অতিবাস্তব জড়প্রকৃতির একটা অবস্থাস্তর। ...কিল্ডু এও বলা চলে : বিষয়ী আছে বলেই বিষয়ের সার্থকতা—গ্রাহক আত্মা-ম্বারা গৃহীত হয়ে গ্রাহ্যকত্র যা-কিছ, মর্যাদা। কালের পথে অভিযাতী

আন্থার ক্ষেত্র নিমিত্ত বা সাধন হল এই গ্রাহ্যবিষয়ের মেলা। অতএব বিষয়ীর আন্থাবিস্থির আধারর্পেই বিষয়ের অভিব্যক্তি। এই পরাক্ বিশ্ব চিৎদ্বর্পের আন্থাসম্ভূতির একটা বহিব্যঞ্জনা মাত্র। এ তাঁর লীলায়নের আদিচ্ছাদ্দ্র আদাপীঠ হলেও একেই সন্তার দ্বর্পসত্য বলা চলে না। বিষয় আর বিষয়ী ব্যক্তরক্ষার অন্যোন্যসাপেক্ষ ও তুল্যম্ল্য দ্বিট বিভাব। বিষয়ের রাজ্যেইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের প্রামাণ্য যতখানি, চেতোগ্রাহ্য অতীন্দ্রিয় বিষয়েরও প্রামাণ্য ততখানি—তাকে আগোভাগেই কুহক বা চিত্তবিদ্রম বলে উড়িয়ে দেবার অধিকার কারও নাই।

বস্তৃত বিষয় আর বিষয়ী দুটি অনপেক্ষ তত্ত্ব নয়। চিৎশক্তির সহায়ে একই পরমার্থসং বিষয়ের দ্রুষ্টারপে যেমন নিজের দিকে তাকিয়ে আছেন. তেমনি বিষয়ীর দুশ্যরপে নিজেকে নিজের কাছে উপস্থাপিত করছেন। একদেশিমত অনুসারে, যা শুধু চেতনায় আছে, তার কোনও বাস্তব সত্যতা থাকতে পারে না। আরও নিখৃত করে বলতে গোলে, শুখু অন্তশ্চেতনা কি অন্তরিন্দ্রিরের সাক্ষ্যে যার সত্তা প্রমাণিত হয়, কিন্তু বহিরিন্দ্রিয়ের কাছে যা নিরাধার বা অবাস্তব, তার কোনও বাস্তবতা মানতে আমরা বাধ্য নই। অথচ বহিরিন্দ্রিরে সাক্ষ্য তখনই নির্ভারযোগ্য হয়, যখন বিষয়ের সংবেদনকে চেতনার কাছে তারা ধরলে পরে চেতনা অর্থের বিধান করে তার মধ্যে—ইন্দিয়সংবিতের বাইরের খোলসটাকে অন্তরের বোধির প্রত্যয়ে ভরে তুলে ব্রন্থির যোগাযোগে তাকে সার্থক করে। নইলে ইন্দ্রিয়ের সাক্ষ্য সবসময় অপূর্ণ। তাকে অতি-নিশ্চিত বলে গ্রহণ করা দূরে থাকুক, সম্পূর্ণ নির্ভরযোগ্য প্রমাণ বলেও মানা চলে না। কেননা একে তো ইন্দির খণ্ডদশী, তাছাড়া তার মধ্যে প্রমাদের নিত্য সম্ভাবনা। বস্তৃত দৃশাজগংকে জানবার আমাদের কোনও উপায় নাই—চৈতন্যের দৃক্শক্তি ছাড়া। বহিরিন্দিয় সেই দৃক্শক্তির সাধন মাত্র। দুক্শক্তির শুধু কাছে নয়, দুক্শক্তির মধ্যেই জগতের যে-রূপ ফুটে ওঠে, তাকেই আমরা জানি। মনোময় বা অতীন্দ্রিয় দ্লোর সম্পর্কে এই বিশ্বত-শ্চক্ষরে সাক্ষ্যকে যদি অপ্রমাণ বলে উড়িয়ে দিই, তাহলে ইন্দ্রিয়গ্রাহ্য দ্শোর সম্পর্কে তার সাক্ষ্যকেই-বা সপ্রমাণ বলে মানি কোন নজিরে? যদি অনত-শেচতনার অতীশির দুশ্য মিখ্যা হয়, তাহলে বহিশেচতনার ইন্দ্রিয়গ্রাহ্য দুশাই-বা মিথ্যা হবে না কেন? অবশ্য উভয়ক্ষেত্রে প্রামাণ্যের প্রতিষ্ঠা হবে বোধন বিবেক ও প্রবৃত্তিসামর্থ্যের দ্বারা। কিন্তু তাবলে সত্য যাচাইএর ধরন উভয়ত্র এক হতে পারে না। ইন্দিরগ্রাহা বাহাবস্তুর বেলার যে প্রমাণপর্মতি নিখ'তভাবে সার্থক, অতীন্দ্রিয় রাজ্যে তা একেবারে অচল। বহিরিন্দ্রিয়ের সাক্ষ্যের উপর নির্ভার করে আন্তর অনুভবের বিচার চলতে পারে না—কেননা অন্তরের আছে দর্শনের একটা নিজ্ঞব ধারা. প্রামাণ্যসিন্ধির একটা অন্তরণ্গ উপায়। তেমনি

অতীন্দিয় তত্তকেও জড়াশ্রমী বা ইন্দ্রিয়াশ্রমী মনের আদালতে হাজির করা চলে না—यि ना সে জড়ের রাজ্যে স্বেচ্ছায় এসে ধরা দেয়। সম্পর্কে মনের অপট্র রায়কে সতর্কতার সঙ্গে গ্রহণ করবার প্রয়োজন ফুরিয়ে যায় না। জড়াতীত বস্তুর তত্ত্ব নির্নাপিত করতে চাই আরেকধরনের **ইন্দ্রিয়,** চাই তার স্বর্প ও স্বভাবের অন্ক্ল বিতর্ক ও বিচারের একটা নতুন ধারা। তত্ত্বেরও বিভিন্ন ভূমি আছে। ইন্দ্রিয়গ্রাহ্য জড়জগৎ তার একটা ভূমি মাত্র। অপরোক্ষভাবে ইন্দ্রিয়গ্রাহ্য বলে বহিরাবৃত্ত জড়াশ্রয়ী মনের কাছে জড়ের জগৎ সত্য। কিন্তু যা প্রত্যক্-বৃত্ত এবং জড়াতীত, প্রাকৃতমনের **তাকে** প্ররাপর্নর জানবার কোনও উপায় নাই। ওক্ষেত্রে তার সম্বল শর্ধ্ব লক্ষণ ও তথ্যের নানান্ টুকিটাকি এবং তাদের ধরে কতগুলি খোঁড়া অনুমান-প্রতি পদে যাদের ভুল হবার আশংকা আছে। কিন্তু বহিন্ত্র গাতের ঘটনাবলী যেমন সত্য, তেমনি সত্য অন্তরের বৃত্তি ও অনুভবের জগং—সেখানেও চলছে চিং-শক্তির বিচিত্র ভাবনা। জীবের মন অপরোক্ষ অনুভব দিয়ে আপন অন্তরের কিছু-কিছু খবর যদিও-বা রাখে, তবু অপরের চিত্তে কি ঘটছে তার কিছুই সে জানে না—শাধ্র নিশের সঙ্গে তুলনা করে কিংবা বাইরে থেকে দেখে-শানে আভাসে-ইঙ্গিতে খানিকটা তার আঁচ করে মাত্র। অতএব অন্তদ্রিষ্টতে আমার কাছে আমি সত্য হলেও অপরের জীবন আমার দৃষ্টির অগোচর। আমার ইন্দ্রিয়-প্রাণ-মনের 'পরে তার যে-চাপ পড়ে, তা-ই দিয়ে আমি পরোক্ষভাবে তাকে সত্য বলে জানি। জডাশ্রয়ী মন তার এই সীমার বাঁধনে বন্দী রয়েছে। তাই শুধু জড়কে বিশ্বাস করা তার একটা মন্জাগত অভ্যাসে দাঁড়িয়ে গেছে। এইজনাই মনের সীমিত অনুভব কি বৃদ্ধির আমলে যা আসে না, তার অজিত সংস্কার বা বিদ্যার মাপকাঠিতে যাকে মাপা যায় না, তার বিরুদ্ধে মনের সংশয় ও তর্ক বৃদ্ধি সবসময় উদ্যত হয়েই থাকে।

কিছ্বদিন ধরে অহংকেন্দ্রীণ চেতনার রায়কে প্রামাণ্যের আসন দেওয়া একটা রেওয়াজ হয়েছে। সমদত সত্যের যাচাই হওয়া চাই আপামর-সাধারণের ব্যক্তিগত মন-ব্দিধ ও অন্ভবের বিচারে, বারোয়ারি অন্ভবের দরবারে পরীক্ষায় পাস না হলে কোনও সত্যই প্রামাণ্যের সনদ পাবে না—পরোক্ষে বা অপরোক্ষে এমন-একটা মতকে স্বতঃসিদ্ধ সত্যের মর্যাদা দেওয়া হয়েছে। কিন্তু তত্ত্ব অথবা বিদ্যাকে এমনতর মাপকাঠিতে বিচার করা স্পন্টতই ভূল। কেননা, এতে আমাদের প্রাকৃতমনের সীমিত অন্ভব ও সামর্থ্যকে সর্বেম্বর্ণা করে ধা অতীন্দ্রিয় বা প্রাকৃতব্দিধর অগোচর তাকে একেবারে আমলেই আনা হয় না। ব্যক্তির চেতনাই সব-কিছ্বর একমাত্র বিচারক, এ-ধারণার চরমে আছে অহন্তার প্রমাদ বা জড়নিন্ট্র মনের একটা কুসংস্কার—গণমতের অমার্জিত স্থ্ল প্রমন্ত বৃদ্ধিতে যার পরিচয়। সত্যের এইট্বুকু বীজ এর মধ্যে আছে যে, চিন্তার

ক্ষেত্রে প্রত্যেক মানুষের একটা স্বাধীনতা রয়েছে—আপন সামর্থ্য অনুষায়ী জ্ঞান আহরণ করবার অধিকারকে বলতে পারি সর্বজনীন। কিন্তু ব্যক্তির বিচারকে প্রামাণ্যের মর্যাদা তখনই দিতে পারি, যখন জানি, তার শেখবার বা বৃহত্তর জ্ঞানের দিকে নিজেকে উন্মীলিত করবার আগ্রহ বরাবর সজাগ রয়েছে। যুক্তি দেখানো হয় যে, জড়বিজ্ঞানের মাপকাঠি বর্জন করে ব্যক্তিগত বা সর্ব-জনীন বস্তুনিষ্ঠ প্রামাণ্যবিচারের অপেক্ষা না রেখে আমরা যদি চলি--তাহলে বণ্টনার ঘোরে পদে-পদে আমাদের বৃদ্ধি যেমন আচ্ছন্ন হবে, তেমনি নিম্পুমাণ সত্য ও খেয়ালী চিত্তের ছায়াবাহিনী এসে মানুষের বিদ্যার এলাকা ছেয়ে ফেলবে।...কিন্তু বিদ্যার এষণায় প্রমাদ ও বঞ্চনার, ব্যক্তিচিত্তের সংস্কার ও কম্পনার ভেজাল কোথায় নাই? বস্তুনিষ্ঠ জড়বিজ্ঞানের সাধনাতেও কি তাদের ছোঁয়াচ লাগে না ? ভুল হতে পারে—এই যুক্তিতে কি সত্য আবিষ্কারের প্রচেষ্টাকেই আমরা ছেড়ে দেব? অন্তর্জগতের সত্যকে জানতে হলে আমাদের অধ্যাত্মগবেষণার পথ ধরতে হবে—তার অনুকূল ভূয়োদর্শন ও প্রামাণ্যার্সান্ধকে করতে হবে পথের দোসর। যে-পর্ন্ধতিতে জডজগতের জডপদার্থের বিশেলষণ অথবা জড়শক্তির রীতের বিচার চলে, সে-পন্ধতি এখানে খাটবে না—এখানে চাই নতুন ধরনের সাধনপন্থার উদ্ভাবন ও সমীক্ষা।

ইওরোপে একবার বৈজ্ঞানিক আবিষ্কিয়ার পথকে রুখে দাঁড়িয়েছিল ধর্ম-সংস্কারের তামস মূঢ়তা। সেই মূঢ়তাই আবার পেয়ে বসবে আমাদের, যদি প্রাক্তন কোনও সংস্কারের বশে আগেভাগেই জিজ্ঞাসার কণ্ঠরোধ করে আমরা সত্য আবিষ্কারের সম্ভাবনাকে সংকুচিত করি। মানুষের অন্তর্জগতেও অজানা সত্যের এক বিপ্লে ভান্ডার আছে—তাকে জানবার তপস্যাকেও বলতে পারি তার পরমপুরুষার্থ। স্বয়স্ভু আত্মার অনুভব, বিশ্বচেতনার অসীম প্রসার, মুক্ত আত্মার অনুত্তরঙগ প্রশান্তি, চিত্তের সঙগে চিত্তের সাক্ষাৎ সমাযোগ, অপরোক্ষসন্মিকর্ষ দ্বারা চেতনার সঙ্গে চেতনা বা বিষয়ের সম্প্রয়োগহেতু তাদের সাক্ষাৎ জ্ঞান—এমনতর কত ঐশ্বর্য অধ্যাত্মার্সান্ধর ভাণ্ডারে সণ্ডিত আছে। কিন্তু তাবলে প্রামাণ্য যাচাই করতে কি তাদের প্রাকৃতমনের আদালতে হাজির করা চলে—যে-মন এসব অনুভবের কোনও খোঁজই রাখে না, নিজস্ব বোধের অভাব বা অসামর্থাই যে-মনের কাছে তাদের অনন্তিত্ব কি অপ্রামাণ্যের সবচাইতে বড় প্রমাণ? মন শুধু জড়াগ্রিত ভূয়োদর্শনের ভিত্তিতে স্থল-জগতের কোনও সত্য কোনও স্ত্র বা আবিষ্কারকে গড়ে তুলতে পারে। কিন্তু সেখানেও শিক্ষার বনিয়াদ পাকা না হলে ঠিক-ঠিক বোঝবার কি বিচার করবার অধিকার তার জন্মায় না। আইনস্টাইনের আপেক্ষিকতাবাদের মত দ্রহ বৈজ্ঞানিক সিন্ধান্তের নাড়ীবিচার করা কি অশিক্ষিত অগণিতজ্ঞের কর্ম ? অবশ্য সমস্ত তত্ত্বান,ভবের সত্যতা যাচাই হবে প্রবৃত্তিসামর্থ্যের একই ধরন

দিয়ে। তাই যেমন করে বহির্জাগতের তথ্যের প্রামাণ্য সবার কাছে সিন্ধ হয়, তেমনি করে অন্তর্জাগতের সত্যও সপ্রমাণ হবে অনুশীলনলভ্য অপরোক্ষ অনুভবের বিচারে। কিন্তু তারও জন্য শিক্ষা চাই, দেখবার ও বোঝবার সামর্থা অর্জান করা চাই—যে-আত্মসাধনায় অনুভব এবং সমর্থপ্রবৃত্তির উদয় সম্ভব, তার অনুশীলন চাই। এই সহজব্দিধগম্য কথাটাও যে এখানে তুলতে হচ্ছে, তার কারণ আর-কিছু নয়। কিছু দিন যাবৎ এই সহজ সত্যের বিপরীত একটা ধারণা মানুষের চিত্তকে বেদখল করে আছে। ধীরে-ধীরে তার জ্যোর কমে এলেও, আজও মানুষের বিজ্ঞানাসিন্ধির অচিন্তনীয় সম্ভাবনাকে এইধরনের অন্ধসংস্কারই পর্জা, করে রেখেছে। মানুষের মন সংস্কারমুক্ত থাকবে। কেন সে জড়াশ্রমী মনের কারাগ্যরে নিজেকে অবরুদ্ধ রাখবে—শুধু বহির্জাগতের নিয়েট বাস্তবতার সঙ্কীণ ক্ষেরে আনাগোনা করবে? কেন সে দুর্দাম আগ্রহ নিয়ে ঝাঁপিয়ে পড়বে না অন্তরের গহন সমুদ্রে—প্রত্যক্ষ করতে চাইবে না অধিচেতনা ও অতিচেতনার চিন্ময় সত্যকে? এমনি করেই না তার অবিদ্যার পাশ ছিল্ল হবে—তার আচ্ছল্ল চিত্ত মুক্তি পাবে পূর্ণচেতনার উদার ক্ষেরে, সত্য ও সম্যুক্ত আত্মবিদ্যা ও আত্মোপলন্ধির নীলাকাশে মেলে দেবে অবন্ধন দুটি তার পাখা?

সম্যক্-জ্ঞান হবে সর্বাবগাহী। চেতনা ও অনুভবের সকল রাজ্যে তার গতি অবাধ হবে, তার কাছে সকল রহস্যের আবরণ অনাবৃত হবে। এই বহিশ্চেতনার অন্তরালে অন্তশ্চেতনার এক বিপাল পারাবার প্রসারিত রয়েছে। ড্বতে হবে তারও গভীরে, সেখান থেকে আহ্ত অন্ভবকেও অথন্ডতত্ত্বের মধ্যে যথাযোগ্য আসন দিতে হবে। অধ্যাত্ম-অনুভবের দিগন্তপ্রসার মানব-চেতনার একটা প্রকাণ্ড বৈশিষ্টা। তার গভীরতম গঃহায় অবগাহন করে তার প্রতান্ততম সীমায় আপনাকে ব্যাপ্ত করে তবেই-না তার মন্যাত্বের সত্যকার সার্থকতা। জড়াতীতের জ্ঞানকে আমরা ভাবকালি ও রহস্যবিদ্যার এলাকায় टिटल पिटे, त्रट्रमाविषारक कूमःश्कात ७ आङ्गादी कान्छ वटल नाक मि र्छकारे। কিন্তু যা রহস্যে আব্ত, সেও তো সন্তারই একটা অংশ। প্রাকৃতবিজ্ঞানের মত রসহ্যবিজ্ঞানও সত্যের সন্ধানী—কিন্তু তার সত্য জড়োত্তীর্ণ। প্রাকৃত-দ্ভির আড়ালে সত্তা ও প্রকৃতির যে নিগ্রে বিধান গোপন রয়েছে, তাকেও সে আবিষ্কার করতে চায়—এই তার এষণার সত্য পরিচয়। মন প্রাণ স্ক্ষাভূত ও তাদের সক্ষ্মেবীর্যের যে গৃহাহিত ধর্মকৈ প্রকৃতি আজও বহিশ্চেতনায় প্রত্যক্ষগোচর করে তোলেনি, রহস্যবিজ্ঞান বেরিয়েছে তালের মর্মসত্যের সন্ধানে। শুবু তা-ই নয়, সে চায় বিদ্যার প্রয়োগ। প্রকৃতির নিগড়ে সত্য ও শক্তির সহায়ে মানুষের চিংস্বভাবের ঈশনাকে প্রাকৃত দেহ-প্রাণ-মনের সীমিত প্রবৃত্তির ওপারেও প্রসারিত করা—এই তার আক্তি। চিংজগৎ বহিশ্চর মনের কাছে একটা রহস্যলোক, কেননা সে-রাজ্যের অন্ভব অপ্রাকৃত এবং

অতীন্দ্রিয়। কিন্তু এই রহস্যলোকেই আমরা চিন্ময় আত্মন্বরূপের সন্ধান পাই। শুধু তা-ই নয়, অধ্যাত্মতেতনার যে জ্যোতির্ময় বীর্য আধারে আবিষ্ট হয়ে উত্তারের পথে তাকে প্রচোদিত করে. জ্ঞানে ও কর্মে সম্বারিত করে সিম্ধ-চিত্তের চিন্ময় ভাবনার বৈদ্যাতী, তারও উৎস আমরা খ'জে পাই এই অলকায়। এখানকার তত্ত জেনে তার সত্য ও শক্তিকে বিশ্বমানবের জীবনে ও কর্মে সংক্রামত করা. এও তো প্রকৃতিপরিণামের একটা অপরিহার্য অধ্য। বলতে গেলে প্রাকৃতবিজ্ঞানও তো রহস্যবিজ্ঞান। কেননা, সেও প্রকৃতির গোপন সত্যকে আবিষ্কার করে তার দৈনন্দিন ব্যাপারের স্তিমত আড়ষ্টতার মধ্যে আনে প্রমৃক্ত শক্তির স্বাচ্ছন্দ্য-মানুষের হাতে তুলে দেয় প্রকৃতির নিগতে ক্রিয়াশক্তির নিরঙ্কশ প্রয়োগের অধিকার। বিজ্ঞানের কীর্তিকেও তো বলতে পারি জড়-শক্তির একটা বিরাট ইন্দ্রজাল-কেননা সন্তার নিগঢ়ে সত্য ও প্রকৃতির নিগঢ়ে শক্তিকে স্বচ্ছন্দে প্রয়োগ করতে পারাই কি ঐন্দ্রজালিকের সত্য নিশানা নয়? ক্রমে এও বর্নিখ, জড়ের বিজ্ঞানকে পূর্ণে করতেও জড়াতীত বিদ্যার প্রয়োজন হয়, কেননা প্রকৃতির জড়ব্যাপারের অন্তরালে অজড-শক্তিরই আবেশ প্রচ্ছন্ন আছে। সে-শক্তি প্রাণময় মনোময় কি চিন্ময়—অল্লময় নয়। তাই জ্ঞানের বহির**ং**গ সাধন দিয়ে কোনকালে তার সন্ধান মেলে না।

একমাত্র পরাক্-বৃত্ত তত্তকে সত্য বলে মানব, এই জিদের পিছনে রয়েছে জড়কেই বিশেবর ম্লতত্ত্মনে করবার দ্রাগ্রহ। কিন্তু জড় যে বিশ্বম্ল নয়, সেকথা বৈজ্ঞানিকের কাছে আজ স্পন্ট। তিনি জানেন, জড় শক্তির পরিণাম মাত্র। এমন-কি জড়শক্তির কীতিকিলাপের আড়ালে এক অন্তগ্র্টে মনঃশক্তি বা চিংশক্তিরই বিভাতস্পন্দ আছে, নইলে শক্তিরহস্যের কলে মেলে না— এমন-একটা সন্দেহও তাঁর মনে উণিক দিতে শুরু করেছে। অতএব জডকে বিশ্বের একমাত্র তত্ত্ব বলা আজকালকার যুগে আর শোভা পায় না। অতীতের জডবাদ ছিল মানবচিত্তের একটা ঐকান্তিক অভিনিবেশের ফল। তখন বিশেবর জডত্বের দিকটা নিয়েই সে মেতে উঠেছিল। এ-অভিনিবেশের একটা প্রয়োজন ছিল, সত্রাং তাকে আমল দিতে আমাদের আপত্তি নাই। সাম্প্রতিক জড়-বিজ্ঞানের বহু স্ক্রে ও স্দ্রেপ্রসারী তত্ত্বে আবিষ্কারেও তার সমর্থন রয়েছে। কিন্তু একদেশী একান্তবাদ দিয়ে বিশ্বের সমগ্র রহস্যের মীমাংসা কোনকালেই হবার নয়। তাই শ্ধ্ব জড়ের তত্ত্ব ও প্রবৃত্তির খবর জানলেই আমাদের চলবে না—সেইসঙ্গে জানতে হবে প্রাণ ও মনের রহস্য, আবিষ্কার করতে হবে জড়ের আন্তরণের অন্তরালে যা-কিছু চেতনা বা চিৎসত্তার বীর্যার পো গোপন রয়েছে। জ্ঞানের পরিক্রমা এমনি করে পূর্ণ হলে বিশ্ব-রহস্যের সমাধানও সর্বাধ্গীণ হবে। এইজনাই যেসব একাল্ডবাদে মনকে অথবা মন-প্রাণকে বিশ্বের একমাত্র তত্ত্বলৈ ছোষণা করা হয়েছে, জড়বাদকে

তারা পেরিয়ে গেলেও আমরা তাদের যথেষ্ট উদার বলে ভাবতে পারি না। এমন একান্তবাদীর অভিনিবেশের ফলে প্রাণ-মনের অনেক নিগ্রু তত্ত্বের আবিষ্কার সম্ভব হলেও, তাতেই বিশ্বসমস্যার সর্বতাম্থ সমাধান হয় না। এমন-কি অধিচেতনসম্ভার প্রতি ঐকান্তিক অভিনিবেশের ফলে সাধক যদি বহিজ্গংকে অন্তর্জ্জগতের একান্তসত্যের একটা স্বন্দাছেয় প্রতীক বলে মনে করে, তাতে হয়তো অধিচেতনার তত্ত্ব ও প্রকৃতি উদ্ভাস্বর হয়ে উঠবে তার চেতনায়, অলোকিক শক্তির শ্লাবন নেমে আসবে তার আধারে। কিন্তু তাতেই অস্তিষ্বের সকল রহস্যের সম্যক্ সমাধান বা ব্রহ্মের সম্যক্ বিজ্ঞান তার করায়ত্ত হবে না। আমরা চিংকে জানি বিশ্বম্ল। কিন্তু তাকেই একমাত্র তত্ত্ব ভেবে তার প্রতি ঐকান্তিক অভিনিবেশ্বশত যদি জড়-প্রাণ-মনের তত্ত্বকে অস্বীকার করি, অথবা তাদের একটা অধ্যারোপ কি অবাস্তব চিংপ্রতিবিশ্ব মাত্র মনে করি, তাহলে তাতে আমাদের অধ্যাত্ম উপলব্ধিতে স্ব-তন্ত্র ও মর্মাব-গাহী অনুধ্যানের পরিচয় থাকবে বটে, কিন্তু তার ফলে জীব ও জগতের অথশত স্বর্পসত্যের কোনও সন্ধান মিলবে না।

পরমার্থসতের প্রত্যেকটি বিভূতির তত্ত্বকে পৃথকভাবে অথচ এক মহা-সমষ্টির অংগর্পে জেনে, চিৎম্বর্পের অথণ্ড-সত্যের সংগ্য সবাইকে সম্পৃক্ত করে জানা—এই হল সম্যক্-জ্ঞানের আদর্শ। আমরা এখন অবিদ্যাচ্ছন্ন, অথচ আমাদের জিজ্ঞাসা বহুমুখী। মানুষ সব-কিছুর সত্যকে জানতে চায়। কিন্তু তবু তার বিশেষ ঝোঁক এমন-একটি সর্বাধার প্রথমজ সত্যের প্রতি, যার আলোতে বিশ্বের সকল সত্য ব্যাখ্যাত হবে। এই সার্বভৌম সত্যের স্বর্প নিয়ে তার কল্পনা-জল্পনার অণ্ত নাই। কিন্তু এক সর্বাগত অনাদি তত্ত্ব-বস্তুর আবিৎকারেই তার ঈশ্সিত তত্ত্বের সন্ধান মিলবে। সে-তত্ত্ব এমন হওয়া চাই, 'যদ্মিন্ বিজ্ঞাতে সর্বমিদং বিজ্ঞাতং ভর্বতি'—যাকে জানলে এখানকার সব-কিছ্ব জানা যায়। এই অনাদি তত্ত্বস্তু সর্বভূত ও সর্বভাবের আধার এবং স্বরূপ হবে-তার মধ্যে থাকবে ব্যক্তির সত্য, বিশ্বের সত্য এবং বিশ্বো-তীর্ণেরও সত্য। মানুষের মন ফিরছে এই তত্ত্বের সন্ধানে—জড় হতে শুরু করে একে-একে সবাইকে যাচাই করে চলছে তার জিজ্ঞাসার উত্তরায়ণ। অতএব তার প্রগতির মূলে রয়েছে সত্যোপলব্ধির আক্তি। এ-আক্তি সার্থক হবে, মান্ব যদি কোথাও না থামে—অন্ভবের পরমভূমিতে তার জিজ্ঞাসাকে উত্তীর্ণ করে যদি সে চরমসত্যের মুখামুখি হয়ে দাঁড়ায়।

কিন্তু অবিদ্যা হতে আমাদের যাত্রা শ্রুর্। অতএব সবার আগে জানতে হবে অবিদ্যার স্বর্পরহস্য এবং তার অধিকারের সীমা। জড়বিশেব দেশ ও কালের শ্বারা অবচ্ছিল্ল হয়ে আমরা প্রত্যেকে একটা অন্যোন্যবিবিক্ত জীবন বাপন করছি। স্তরাং অবিদ্যা দিয়েই আমাদের জীবনের অন্ধকার পরিবেশ

র্রাচত হয়েছে। এই আঁধারের মায়াকে যেদিক দিয়ে বিচার করি না কেন, তার মধ্যে দেখি বহু,ধাবুত্ত আত্ম-অবিদ্যার ঘোর ঘনিয়ে উঠেছে। যে-পরব্রক্ষের মধ্যে নিতাসত্ত্ব ও সম্ভূতিলীলার দুটি দল বিধৃত রয়েছে, আমরা তাঁকে জানি নিত্যের একদেশকে এবং সম্ভূতির কালকলনাকেই আমরা মনে করি অহিতত্বের সমগ্র সত্য। এই হল আমাদের প্রথম বা 'ম্লা' অবিদ্যা। মাত্মার দেশ ও কালের অতীত অবিচল অক্ষরস্বরূপকে আমরা চিনি না, মনে করি দেশে ও কালে বিশ্বসম্ভূতির যে-ক্ষরলীলা তা-ই ব্রিঝ সন্তার সমগ্র তত্ত্ব। এই হল আমাদের দ্বিতীয় বা 'বিশ্বগত' অবিদ্যা। আমাদের বিরাট স্বর্পকে আমরা চিনি না—জানি না আমরা বিশ্বরূপ ও বিশ্বচেতন বিশ্বভাব ও বিশ্ববিভূতির সংখ্য অন্তহীন সামরস্যে আমরা নিতাযুক্ত। বিমৃত্ দেহ-প্রাণ-মনের সংকীর্ণ পরিসরকেই মনে করি আমাদের আত্মা—তার বাইরে আর-সবাইকে ভাবি অনাত্মা। এই আমাদের ত্তীয় বা 'অহন্তাম্টু' অবিদ্যা। অনন্তকাল ধরে আমাদের নিত্যসম্ভতির থবর আমরা জানি না— সংকীর্ণ আয়ুকাল দ্বারা সীমিত, ক্ষুদ্র দেশদ্বারা পরিচ্ছিল্ল এই দুর্নিনের জীবনকেই মনে করি আমাদের আদি মধ্য এবং অন্ত। এই আমাদের **চত**র্থ বা 'কালাবচ্চিন্ন' অবিদ্যা। আবার এই কালকলিত জীবনেও যে আমরা এক বিপলে চেতনার বিচিত্র-জটিল আবেশে আবিষ্ট রয়েছি, আমাদের এই বহি-শেচতনার অগোচরে যে অতিচেতনা অবচেতনা অন্তন্দেতনা ও পরিচেতনার একটা বিশাল রাজ্য রয়েছে, তাও আমরা জানি না। বহিশ্চেতনার একাল্ড-মনোময় ব্রত্তির ক্ষাদ্র পর্বজিকেই আমরা মনে করি আমাদের সর্বস্ব। এই আমাদের পঞ্চম বা 'চিত্তগত' অবিদ্যা। আমাদের সম্ভূতির স্বরূপ আমরা জানি না। কখনও দেহকে, কখনও প্রাণকে বা মনকে, কখনও এদের দুটি বা তিনটির সমবায়কেই মনে করি আধারের উপাদান। যে মলে তত্ত্বের 'পরে আধারের নির্ভার, যার নিগঢ়ে আবেশে তার প্রবৃত্তি নির্যান্তত, যার উন্মেষ ও বশিত্ব আধারের চরম নিয়তি, তার কোনও সন্ধান আমরা রাখি না। এই আমাদের ষষ্ঠ বা 'আধারগত' বা সাংস্থানিক অবিদ্যা। এই ছয়টি অবিদ্যার জালে জডিয়ে আছি বলে আমরা জীবনের রহস্যকে ব্রিঝ না, তাকে আপন বশে এনে ভোগ করতেও জানি না। আমাদের চিন্তা সংকল্প সংবিত্তি বা কর্ম সমস্তই মোহগ্রস্ত—তাই জগতের অভিঘাতে পদে-পদে শ্বং একটা ভূল বা খোঁডা জবাব দিই। সূখ ও দঃখ, আয়াস ও ব্যর্থতা, পাপ ও স্থলন, প্রমাদ ও বাসনার গোলকধাঁধায় ঘুরে মার, কুটিল পথের বাঁকে-বাঁকে অন্থের মত হাতড়ে বেড়াই শেষ লক্ষ্যের চণ্ডল মায়ার জন্যে। এই আমাদের সপ্তম বা 'ব্যাবহারিক' অবিদ্যা।

আমাদের অবিদ্যার ধারণা দিয়েই বিদ্যার ধারণা নির্পিত হবে এবং

তাহতে বোঝা যাবে জীবের প্র্যার্থ কি, বিশ্বপ্রবৃত্তিরই-বা কি লক্ষ্য। কেননা, য্গপং বিদ্যার নিরসন এবং এষণাই আমাদের জীবনে অবিদ্যার মুখ্য পরিচয়। তথন সম্যক্-জ্ঞানের অর্থ হবে—এই সপ্ত-অবিদ্যার মধ্যে কোথার ফাঁক বা আঁধার, তা জেনে তাদের পূর্ণ নিরাকৃতি এবং সেইসঙ্গে চেতনার আত্মজ্যোতির সাতটি কমল ফ্টিয়ে তোলা। আমরা তথন জানব : ব্রক্ষাই সর্বম্লাধার। আত্মা বা চিন্ময়পুর্য্য আছেন শান্বত আ্রিণ্ডানর্পে—এ-বিশ্ব তাঁর সম্ভূতির লীলা, তাঁর চিদ্বিলাস। আত্মার স্বর্পজ্ঞানে বিশ্বের সঙ্গো আমরা একীভূত, অতএব অহংক্লিপত বিবিক্তবোধ একেবারেই মিথ্যা। চৈত্যসন্তাই আমাদের আত্মভাবের সত্য—সে-সন্তা মৃত্যু ও মত্যের অধিকার ছাড়িয়ে শান্বত অমৃত্স্বর্পে ব্যাপ্ত হয়ে রয়েছে। চিন্ময় অতিচেতন ও অতিমানস মুর্ধনাজ্যোতির সঙ্গে এবং হংশার আত্মপুর্ব্বের সঙ্গে সত্যের যোগে যুক্ত হয়ে আছে আমাদের দেহ প্রাণ এবং মন। অতএব আমাদের জীবনে বৃহৎসামের মূর্ছনা—আমাদের ভাবে সঙ্কল্পে ও কর্মে ঋতময় প্রবৃত্তির উদার ছন্দ। আমাদের সমগ্র প্রকৃতির র্পান্তরে ফ্টে উঠেছে পরাবর চিন্ময় দিব্য-পূর্বের অথন্ড স্বর্পসত্যের জ্যোতিমর্য ব্যঞ্জনা।

কিন্তু এ-জ্ঞান তো ব্লিধগম্য নয়, অতএব চেতনার বর্তমান ছাঁচ বজায় রেখে তো একে সর্বতোভাবে আয়ত্ত করা যাবে না। এর জন্য চাই আধার ও চেতনার র্পান্তর, চাই অপরোক্ষ অন্ভব হতে সঞ্চারিত দিবাসম্ভূতির বীর্য। এতেই ব্রুঝি, বিশ্বসম্ভূতির মধ্যে পরিণামের একটা ছন্দঃপরম্পরা আছে—প্রাকৃতমনের অবিদ্যা তার একটা ধাপ মাত্র। অতএব সম্যাক্-জ্ঞান আসবে সত্ত্ব ও প্রকৃতির সংকল্পিত পরিণামের ধারা ধরে। তার জন্য অন্যান্য প্রকৃতি-পরিণামের মত চাই কালদ্রমের একটা মন্থর লয়।...কিন্ডু কালের এই মন্দাক্রান্তা গতির বিরুদ্ধে বলা চলে : প্রকৃতির পরিণাম এবার সচেতন ও সজাগ হয়ে ঘটছে। স্তরাং এখনও-যে সে আগেকার অবচেতন পরিণামের রীতি অন্সরণ করবে, একথা সত্য নয়। যখন চেতনার র্পান্তর হতে সম্যক্-জ্ঞান সিম্ধ হবে, তখন তার সাধনায় আমাদের সৎকল্প ও প্রয়ত্নেরও একটা স্থান নিশ্চয় থাকবে। অর্থাৎ আপন স্বভাবের অনুক্ল সাধনপন্থা আবিষ্কার করে তাকে প্রয়োগ করবার স্বাতন্দ্যও তারা পাবে। তখন সচেতন আত্ম-র্পাণ্ডরম্বারা আমাদের মধ্যে বিকশিত হবে সম্যক-বিজ্ঞানের পূর্ণ শতদল।.... এইবার তাহলে দেখতে হবে, প্রকৃতির এই অভিনব পরিণামের স্বর্প কি এবং তাহতে সমাক্-জ্ঞানের কোন্-কোন্ ছন্দ উন্মিষিত হবে। অর্থাৎ যে-চেতনা দিবা-জীবনের আধার হবে, তার স্বর্প কি হবে—কি করে সে-জীবনকে আমরা ফ্রটিয়ে তুলব অথবা আপনাহতেই কোন্ আনন্দের স্পন্দবেগে সে ফর্টবে ? এই মাটির ব্রকে মর্তি ধরবে সে কোন্ র্পে ?

ষোড়শ অধ্যায়

সম্যক্-জ্ঞান পুরুষার্থ ও দৃষ্টিচতুষ্টয়

মদা দৰ্বে প্ৰম্চাণ্ডে কামা যেহস্য হৃদি প্ৰিতাঃ। অথ মত্যোহমূতো ভৰত্যৱ রক্ষ সমন্মৃতে॥

ब्ह्मात्रगारकार्भानवर ८।८।५

হৃদরে তার জড়িরে ছিল যেসব বাসনা, তাদের যখন সে ঝেড়ে ফেলে, তখন মর্ত্য হয় অমৃত এবং এইখানেই ব্লশ্বকে করে সম্ভোগ।

—ব্হদারণ্যক উপনিষদ (৪।৪।৭)

রদ্ধৈৰ সন্ রক্ষাপ্যেতি।

बृह्मात्रभारकार्भानवः ८।८।५

ব্ৰহ্ম হয়েই ব্ৰহ্মে সে বায় মিশে।

—ব্রদারণ্যক উপনিষদ (৪।৪।৬)

অধায়দশরীরোহমৃতঃ প্রণো রক্ষৈব তেজ এব।

बृह्मात्रगुरकार्थानवर 8 18 14

অশরীর ও অমৃত প্রাণ এবং তেজই রক্ষ।

—বৃহদারণাক উপনিষদ (৪।৪।৭)

অশ্য পদ্পা বিভক্তঃ প্রোদো খাং স্প্রেটাছন্বিত্তো ময়ৈব। তেন ধীরা অপি যদিত ব্লাবিদঃ স্বর্গং লোক্ষিব উধর্বং বিম্কোঃ ॥

ब्ह्रात्रगारकार्भानवः ७ ।८ ।४

অণ্প্রমাণ সে প্রাণ পথ রয়েছে বিতত। আমি ছ্বায়েছি তাকে—পেয়েছি তার সন্ধান। সেই পথে ব্রহ্মবিং ধীরেরা চলে যান এখান হতে বিম্বত হয়ে উধর্বতন স্বর্গলোকে।

— त्रमात्रगाक উপनिषम (८।८।৮)

মাতা ভূমি: প্রো অহং প্রিব্যা:।
নিষিং বিজ্ঞী বহুখা গ্রে বস্মুখিং হিরপ্যং প্রিবী দদাভূ মে।
বে গ্রামা বদরশ্যং বাঃ সভা অধি ভূম্যাম্।
বে সংগ্রামাঃ সমিতরুতেওব্ চার্ বতেম তে॥

अधर्व रवम ১२।১।১२,88,७७

ভূমি আমার মাতা—পুর আমি প্থিবীর।...তাঁর বহুবিচিত্র নিধি আর গুহুবিহত ধন প্থিবী দিন আমাকে।...তোমার চার্তার কথা বলতে পারি বেন হে প্থিবী, বলতে পারি বে-মাধ্রী আ্ছে তোমার গ্রামে আর অরণ্যে, আছে তোমার সভার সংগ্রামে আর সমিতিতে।

-अथर्वराय (५२।५।५२,८८,५५)

না নো ভূতস্য ভব্যস্য পত্নী উর্ব লোকং প্থিবী না কুণোতি। বার্ণবৈহ্যি সনিলমপ্র আসীদ বাং মারাভিরন্তরক্ষনীবিশঃ ॥ বস্যা হ্দরং প্রমে ব্যোমশ্ত সত্যেনাব্তমম্তং প্থিব্যাঃ। সা নো ভূমিশিয়বিং বলং রাজৌ দ্যাত্তমে ॥

जनवर्षक ३२।५।५,४

ভূত ও ভবোর ঈশ্বরী যে-প্থিবী, বিশাল লোক বিছিয়ে দিন তিনি আমাদের তরে ৷...বিনি অপবে ছিলেন সলিল হয়ে সবার আগে, বিজ্ঞানের মায়ায় বাঁর পথ অন্সরণ করলেন মনীবীরা, বাঁর হ্দয়টি আছে পরম বাোমে সত্যে আব্ত এবং অম্ত হয়ে, সেই ভূমিই আমাদের মধ্যে তেজ ও বল বিধান কর্ন ওই লোকোন্তর রাম্মে ।

—অথববিদ (১২ I১ I১,৮)

ত্বং তমশ্লে অমৃত্যু উত্তমে মত্র দধাসি প্রবলে দিবেদিবে। যুদ্তাত্বাপ উভয়ায় জন্মনে ময়ঃ কুপোষি প্রয় আ চ স্বরে॥

कटच्चन ५ १०५ १०

তুমিই সে-মর্ত্যকে, হে অণিন, অন্তর অম্তে কর প্রতিষ্ঠিত—দিব্যপ্রতির উপচয়ের তরে দিনে-দিনে; বার তৃষ্ণা জেগেছে উভয়-জ্বন্সের তরে, সেই স্নির তরে ফ্রটিয়ে তোল দেবতার আনন্দ আর মান্বের স্মৃথ।

—ঋশেবদ (১।৩১।৭)

नः...रम्य मिणिः ह ब्रान्यामिणियात्त्वा।

बर्ग्बर 812155

হে দেবতা, দিতিকে ঢেলে দাও আমাদের মধ্যে—আগলে রাখ অদিতিকে।
—ঋশেবদ ৪।২।১১)

চেতনার ঊধর্পরিণামের তত্ত্ব এবং ধারা কি, তা আলোচনা করবার আগে আরেকবার দেখা যাক—আমাদের দ্বারা উপস্থাপিত প্র্ভ্রানের সিম্পান্ত অন্যায়ী পরমার্থসং ও লোকবিস্ভির মূল তত্ত্বগুলি কি; বিস্ভির অর্থক্রিয়াকারিতা ও স্পন্দবিভূতির কোন্ ব্যঞ্জনাকে বাস্তব বলে স্বীকার করেও তাকে জগং- ও জীবন-রহস্যের অকুণ্ঠ সমাধানের নিমিত্ত বলে মানতে পারব না; কারণ, বিজ্ঞানের সত্যই জীবনসত্যের ধারক—সে-ই প্রব্রাথেরি স্বর্প নির্দেশ করে। বিশ্বপরিণামের মূল কথা হল, এই পৃথিবীতে প্র্য অচিতির গহনে গ্রাহিত স্বর্পসত্যের ক্রমিক উল্মেষ। অচিতির সম্প্রিত কোরক হতে থরে-থরে চেতনা তার সহজপ্রকাশের সেই দল মেলছে। অবশেষে একদিন তারা তার মর্মকোষে ফ্রিটিয়ে তুলবে অখন্ড বিশ্বতত্ত্ব ও অকুণ্ঠ আত্মজ্ঞানের বিক্চ স্ব্যা। ষে-সত্য হতে এই পরিণামের প্রবর্তনা, যাকে র্প দেওয়া তার লক্ষ্য, তারই স্বর্পপ্রকৃতি বিশ্বপরিণামের ধারাকে নির্পিত করবে—পর্বে-পর্বে নির্মান্তত করবে তার সার্থক পদক্ষেপ।

প্রথমেই বলেছি, ব্রহ্ম সব-কিছ্র উৎস আশ্রয় ও অন্তর্গান্ত তত্ত্বতা।
নির্বিশেষ ব্রহ্ম অনিদেশ্যি অনিবচনীয়—মনের ভাব কি ভাষা দিয়ে তাঁকে
প্রকাশ করা চলে না। সমস্ত পরমতত্ত্বের মত তিনি স্বয়স্ত্ ও স্বপ্রকাশ।
কিন্তু আমাদের মনঃকল্পিত ইতিবাদ কি নেতিবাদের ব্যক্তি অথবা সমষ্টি
ভাবনা দিয়ে তাঁকে সীমিত বা নির্পিত করা যায় না। অথচ আমাদের
অধ্যাত্মচেতনায় তাদাত্মাবোধের এমন-একটা বিজ্ঞানময় বৃত্তি আছে, যা এই
ব্রহ্মতত্ত্বের মর্মে অবগাহন করে তার স্বর্প ও বিভূতি উভ্রেরই উদ্দেশ পার।

এই তাদাস্মাবোধের কাছে সব-কিছুই স্বপ্রকাশ। এই বিজ্ঞানদূণ্টিতে সবার দ্বর্পসত্যের পরিচয় মেলে, তাদের গ্রহাচর রহস্য অনাবৃত হয়—পরমার্থসতের বাস্তব বিভূতিররূপে তারা চেতনায় প্রতিভাত হয়। প্রমার্থসতের মৌল-বিভূতি বা নিতাধর্মার পে দেখলে ব্যক্তবিশেবর তত্তও স্বয়ম্ভ ও স্বপ্রকাশ। কারণ বিশ্বের যা-কিছ্ম মূল তত্ত্ব, তা ব্রন্মের কোনও শাশ্বত ও নিত্যসমবেত সতাধর্মের অভিব্যক্তি মাত্র। বিশ্বতত্ত্বে যা-কিছ্ম জন্য বা কালাবচ্ছিল্ল, প্রাতি-ভাসিক হলেও তারা কোনও-একটা তত্তভাবের আগ্রিত এবং তারই বীর্যবিভৃতি ও র্পায়ণ। অতএব তত্তভাবের আখ্রিত বলে সেও তত্তর্প—তারও তাংপর্যে অন্তর্নিহিত সত্যের অভিব্যঞ্জনা আছে। তাই আমরা তাকে তত্তই বলব— যদ্চ্ছাবশে আবিভূতি অম্লক বিভ্রম বা তুচ্ছ বিকল্পের মেলা বলে উড়িয়ে দেব না। এমন-কি তত্তকে যা আবৃত ও বিরূপ করে, অচিতির সত্য পরিণাম বলে তারও একটা কালোপহিত তত্তভাব আছে। প্রাকৃত জগতে মিথ্যা সত্যকে, অশিব শিবকে আচ্ছন্ন এবং বিকৃত করে। কিন্তু এসব বিপরীতভাবনা আপন অধিকারে অতিবাস্তব হলেও বিশ্ববিস্ভির তারা গোণ সাধন শুধু, স্বরূপ-সত্য নয়। বিশ্বের শাশ্বত স্পন্দে তারা কালকৃত রূপ কি বীর্ষের একটা আনুষ্ঠাপক প্রকাশ মাত্র। অতএব ব্রহ্মের অধিষ্ঠানবশত এই বিশ্ব তাঁর আর্থাবস্নির্পে সত্য। আর বিশ্ব সত্য বলে যা-কিছ, তার মধ্যে আছে, তাও সত্য--কেননা তারাও বিরাটেরই ব্যাকৃতি মাত্র।

ব্রহ্মের দুটি বিভাব, একটি তাঁর স্বয়ম্ভূর্প, আরেকটি তাঁর সম্ভূতির্প। স্বয়স্ভাব তাঁর প্রথমজ তত্ত্ব। সম্ভূতি তাঁর অর্থক্রিয়াকারী পরিণামী তত্ত্ব। সম্ভূতি স্বয়ম্ভূতত্ত্বের স্পান্দ্বীর্য ও পরিণাম, তার ক্রতু ও ব্যাকৃতি—অর্প অক্ষর স্বর্পসত্তার ক্ষরধর্মী নিত্যপরিণামী বিচিত্ত র্পায়ণ। অথচ প্রবাহ-র্পে সেও[ঁ] শাশ্বত। অতএব যেসব সিম্ধান্তে সম্ভূতিকে অনন্যাশ্রয়র্পে কম্পনা করা হয়, তারা অর্ধ সত্য মাত্র। সত্যের একটি বিভাবের প্রতি দ্র্যিট নিবন্ধ রেখে তারা ঐকান্তিক অভিনিবেশন্বারা বিস্পৃষ্টির খানিকটা তত্ত্ব আহরণ করে—এইমাত তাদের সার্থকতা। কিন্তু এও সম্ভব হয়, সম্ভূতির ম্লে স্বয়ম্ভাব অবিনাভূত হয়ে রয়েছে বলে। স্বয়ম্ভূই সম্ভূতির স্বর্পধাতু— তার 'অণোরণীয়ান্' অবয়বে, তার 'মহতো মহীয়ান্' বিস্তারে আছে তার নিত্য সমাবেশ। সম্ভূতির স্বর্পজ্ঞান পূর্ণ হয়, যখন নিজেকে সে স্বয়ম্ভূ-র্পে জানে। সম্ভূতিবাহিত জীবাত্মা যখন পরব্রহ্মকে জেনে তাঁর শাশ্বত অন্তস্বর্পে সমাহিত হয়়, তখনই আত্মজ্ঞানের পরিপূর্ণতায় সে অমৃতত্বের অধিকার পায়। এই অমৃতত্বে প্রতিষ্ঠিত হওয়াই আমাদের পরমপরে মার্থ। কেননা, শাশ্বত অমৃতত্ব যদি আমাদের স্বরূপের সত্য হয়, তাহলে তার আক্তি হবে আমাদের রূপায়ণেরও ঋতম্ভরা প্রেতি ও তার ধ্রুব নিয়তি। এই স্বর্প-

সত্য আমাদের আত্মায় সিস্ক্ষার অনিবার্য প্রবেগর্পে ফোটে। আবার সেই সত্যই জড়ের অন্তর্নিহিত শক্তি, প্রাণের প্রেতি প্রবৃত্তি বাসনা ও এষণা, মনের সঙ্কল্প আক্তি প্রয়াস ও অভিপ্রায়। প্রথম হতে যা তার গর্ভাশয়ে অন্তর্গ্ হয়ে আছে, তাকে তিলে-তিলে স্ফ্রিত করাই তো প্রকৃতিপরিণামের মর্মনিহিত নিগ্রে প্রবর্তনা।

অতএব যেসব দর্শন বিশেবাতীর্ণ তত্ত্বকে একমাত্র সত্য বলে মানে, তাদের সঙ্গেও আমাদের কোনও বিরোধ নাই। এমন-কি মায়াবাদকেও আমরা সপ্ররোজন বলে স্বীকার করি, যদিও তার চরম সিম্পান্তের সংখ্য আমাদের মিল নাই। সম্ভাত হতে বিচ্ছিন্ন হয়ে মনোময় প্রেষ দ্বয়ম্ভূ সত্যের গহনে যখন ঝাঁপ দিতে চায়, তখন অধ্যাত্মসিশ্ধির প্রয়োজনে বিশ্বকে তার দেখতে হয় যেন কুয়াসায় ছাওয়া। এই ঐকান্তিক অন্তরাবৃত্তির অন্যতম সাধন হল মায়াবাদ। কিন্তু সম্ভূতিও যখন সত্য, শাশ্বত অনন্তস্বরূপের আত্মশক্তিতে যখন তার অনতিবর্তনীয় স্ফ্রেক্তা নিহিত রয়েছে, তখন স্ভূতিকে মায়া বলে উডিয়ে দিলে তো জীবনদর্শন পূর্ণ হয় না। সম্ভূতির মধ্যে থেকেও জীবাম্মা আপনাকে স্বয়ম্ভূস্বভাব জেনে সম্ভূতির ভর্তা হতে পারে, আপন অনুষ্ঠ-ম্বরূপে অচলপ্রতিষ্ঠ থেকেও সাদত আত্মভাবের অন্তহীন রূপায়ণে আপনাকে লীলায়িত করতে পারে, কালাতীত শাশ্বত সদ্ভাবে প্রতিষ্ঠিত থেকে নিজের সত্ত ও ক্রিয়াকে অনুভব করতে পারে শাশ্বত মহাকালের স্বর্পস্থিতি ও সম্ভূতিস্পদের যুগলবিলাসরূপে। সম্ভূতি যে স্বয়ম্ভর দিব্যক্ত্—এই উপলিব্ধিই সম্ভূতিবিজ্ঞানের চরম সত্য। স্বয়ম্ভর অন্তগ্র্ড স্ফরুরতার তত্ত্বভাব রূপ ধরেছে সম্ভূতিতে এবং তাতেই তার নিটোল পূর্ণতা। অতএব সম্ভূতি-বিজ্ঞানকেও অথন্ড সত্যদর্শনের অপরিহার্য অংগ বলে মানতে হবে, কেননা সম্ভূতির তত্ত্তেই আমরা বিশ্বের চিন্ময় তাৎপর্য ও জীবের আত্মবিভাবনার পূর্ণায়ত একটি রূপ খংজে পাই। যে-তত্ত্ব্যাখ্যায় বিশ্ব ও জীব উভয়েই নির্থক বলে সাবাস্ত হয়, তাকে একদেশী ব্যাখ্যা ছাড়া কিছ্বই বলতে পারি না—তার সমাধানকে অহিতত্বরহস্যের সত্য সমাধান বলেও মানতে পারি না।

তাছাড়া আমরা এও বলেছি : ব্রহ্মের নির্ঢ় তত্ত্বভাব আমাদের অধ্যাত্ম অন্ভবে ফোটে অথন্ড সন্তা চৈতন্য ও আনন্দের অবিকল্পিত প্রভারে। এই অথন্ড সচিদানন্দ যেমন বিশেবাত্তীর্ণ স্বয়স্ভ তত্ত্ব, তেমনি আবার অথিল বিশ্বভাবনার অন্তর্গ্ চৃ মর্মস্তাও বটে—কেননা যা স্বয়স্ভাবের শতত্ত্ব, তা-ই হবে সম্ভূতিরও তত্ত্ব। বিশেবর যা-কিছ্, সমস্তই তৎস্বর্পের বিস্থিট। এমন-কি যা-কিছ্ আপাতদ্ভিতে তার বিরোধী বলে প্রতীয়মান, তারও মধ্যে তিনি আবিন্ট হয়ে আছেন এবং তার নিগ্ড় প্রবর্তনায় তাঁকেই সে অনতিব্রতারীয় পরিগামের ছন্দে ফ্রিটয়ে তুলছে। এমনি করে অচিতির হ্দয়ে থেকে

তার মধ্যে তিনি অন্তর্গত চেতনার উন্মেষের আকৃতি জাগিয়ে তুলছেন, আপাত-অসতের অব্যক্তকে রোমাণ্ডিত করছেন নিগতে চিৎসত্তার বিদ্যুদ্মর শিহরনে, অসাড় জড়ম্বের মৃছাভিজ্যে তাকে চকিত করে তুলছেন গৃহাহিত আনন্দের বিচিত্র আন্দোলনে—অবরচেতনার দৃঃখ-স্থের দ্বন্ধবিধ্রতা হতে নিম্ক্ত করে চিন্ময় আত্মভাবের স্কৃনিবিড় রসচেতনায় তাকে উল্লাসিত করছেন।

স্বয়ম্ভ-সং 'একমেবাদ্বিতীয়ম্'। কিন্তু তাঁর একছও আনন্ত্যে উচ্ছলিত. কেননা তার মধ্যে আছে আত্মভাবনার অন্তহীন বৈচিত্র। যিনি এক. তিনিই সর্ব—ির্যান স্বরূপসন্তা, তিনিই আবার সর্বসং। অন্তহীন বহুত্বে একের আত্মরপায়ণ, আর শাশ্বত একত্বে বহুর সংহতি—দুটি একই তত্ত্বের যুগল বিভাব এবং এরই 'পরে বিস্টির প্রতিষ্ঠা। বিস্টির এই প্রথমজ ঋতের প্রবর্তনাতে স্বয়ম্ভূসং আমাদের কাছে বিশ্বচেতনার তিনটি ভূমিকায় আবিভূতি হন—তিনি বিশ্বোত্তীর্ণ সন্মাত্র, তিনি বিশ্বাত্মা, আবার বহুত্বের লীলায়নে তিনি জীবাত্মা। কিন্তু তাঁর বহুছের বিলাসে চেতনার প্রাতিভাসিক খন্ডতা प्रिया प्रियः अथि कियाकाती अविमात आकात्त। उर्दे अविमात वर्ष्ण वदः वा জীব তার শাশ্বত প্রয়ম্ভ একত্বের সংবিৎ হারিয়ে ফেলে, বিশ্বাত্মার সপ্সে তার তাদাঝ্যের নিবিড় প্রত্যয় ভূলে যায়। অথচ এই তাদাম্ম্যবোধ তাদের সন্তার দবর্প, জীবলীলার আশ্রয় ও ব্যবহারের বনিয়াদ। কিন্তু অন্তর্গ ্চ্ অন্তৈত-চেতনার সংবেগ তাকে ভলে থাকতে দেয় না, আত্মনর পের অলক্ষ্য প্রভাব এবং প্রকৃতির ঊধর্বপরিণামের দুর্নিবরীক্ষ্য প্রবর্তনা সম্ভূতিবাহিত জীবকে অবি-দ্যার তমোজাল বিকীর্ণ করে আবার দিবা-প্রেষের পরমসামোর জ্যোতিমায় সংবিতে ফিরে যেতে প্রচোদিত করে—যাতে বিশ্বময় ঘটে-ঘটে চিশ্ময় তাদাস্থা-ভাবনার হারানো সূর্রাট আবার সে ফিরে পায়। নিজেকে শুধ্ব বিশ্বের অশ্ত-র্ভুক্ত জেনে তার তৃপ্তি নাই। আত্মবিস্ফারণের স্বারা বিশ্বকেও যে তার নিজের মধ্যে অনুভব করতে হবে—বিশ্বন্ডর পারুষকে জ্বানতে হবে নিজেরই পরতর আত্মা বলে। এমনি করে নর-কে বৈশ্বানর হতে হবে এবং সেই চিন্ময় সংবৈগের প্রবর্তনায় নিজের বিশ্বোত্তীর্ণ তুর্যাতীত স্বর্পটি চিনতে হবে। তাই জীব বিশ্ব ও বিশ্বোত্তীর্ণ—তত্তভাবের এই চিপ্রটীকে আত্মতত্ত্ব ও বিশ্বতত্ত্বের অখন্ড বিবৃত্তির অঞ্গীভূত করে প্রকৃতির উধর্পরিণামের চরম তাৎপর্য নির্পেণ করতে হবে।

ষেসব দৃষ্টিতে বিশ্বোত্তীর্ণের কোনও খবর নাই, তাদের অখণ্ড সত্যদৃষ্টি বলতে পারি না। সর্বব্রহ্মবাদে ব্রহ্ম আর বিশ্ব একাত্মক। এও সত্যদৃষ্টি— কেননা ব্রহ্মই এই যা-কিছ্ম সব হয়েছেন। কিন্তু ব্রহ্মের বিশ্বোত্তীর্ণ ভাবকে ভূলে বিশেবর সন্পো ব্রহ্মের সে সমীকরণ করে যখন, তৃখন আর সর্বব্রহ্মবাদকে

পূর্ণ সত্য বলতে পারি না।...আবার ষেসব দুচ্টি বিশ্বকেই শুধু মানে এবং জীবকে বিশ্বশক্তির একটা অবান্তর সুন্দি বলে হিসাব থেকে বাদ দেয়, তারাও পূর্ণ সত্যকে দেখে না। বিশ্বপ্রবৃত্তির কেবল তথ্যের দিকটাকে তারা বড় করে তোলে—এই তাদের ভুল। প্রাকৃত জীবলীল কে বিশ্বশক্তির উচ্চিন্ট বলতেও পারি, কিন্তু তাতে তার সম্পূর্ণ সতার্পিট উদ্ঘাটিত হয় না। কারণ প্রাকৃতজীব বা প্রকৃতি-স্থ প্রেষ্ব বিশ্বশক্তির পরিণাম হলেও জীবাত্মারই সে প্রাকৃত বিগ্রহ, অন্তরাম্মা বা অন্তরপুরুষেরই প্রকট বিভূতি। জীবাম্মা তো জীবকোষের মত নশ্বর পদার্থ নর, অথবা বিশ্বাত্মার একটা প্রলয়ধ্মী অংশ-মাত্রও নয়—কেননা তার অনাদি অমৃতভাবের তত্ত বিশ্বোত্তীর্ণের মর্মকোষে প্রতিষ্ঠিত। সত্য বটে বিশ্বাত্মা নিজেকে জীবাত্মার ভিতর দিয়ে প্রকাশ করেন। কিন্তু এও সত্য যে, জীব ও বিশ্ব দুয়ের আশ্রয়ে বিশ্বোত্তীর্ণ তত্ত্ত-ভাবের বিস্ভিট ঘটছে। তাই জীব পরমপ্রে,ষেরই সনাতন অংশ-প্রকৃতির একটা খন্ডভাব মাত্র নয়।...আবার যে-দুষ্টি বলে, কেবল জীবের চেতুনাতেই বিশ্বের সত্তা রয়েছে, সেও একাজ্গী দর্শন মাত্র। অধ্যাত্মচেতনার যে-ব্যাপ্তিবোধ সমগ্র বিশ্বকে আপন চেতনার কৃক্ষিগত দেখে, শুধু সেই পরিব্যাপ্ত অনুভবে এ-দ,ষ্টির প্রামাণ্য। কিন্তু বিশ্ব বা ব্যক্তিচেতনা কাউকেই তো একমাত্র পরমার্থসত্য বলতে পারি না—কেননা তাদের উভয়ের নির্ভার যে রয়েছে বিশ্বো-ত্তীর্ণ দিবা-প্রেয়ের 'পরে।

এই দিবা-পরের্ষ বা সচ্চিদানন্দ যুগপৎ প্রের্ববিধ এবং অমানব। একদিকে তিনি শুন্ধসন্মান্ত—নিখিল সত্য শক্তি বীর্য ও ভাবক্তর উৎস এবং প্রতিষ্ঠা। আবার আরেক দিকে তিনিই তুর্যাতীত চিন্ময়পুরুষ—পুরুষোত্তমরূপে নিখিল চেতনপুরুষের তিনি 'বন্ধুরাখা', সর্বভূত তাঁর পোরুষেয়বিভতির উল্লাস। কারণ, তিনিই সর্বভূতের প্রমান্মা, সর্বগত অন্তর্যামী অধিষ্ঠান-তত্ত্ব। এই গ্রহাশয় প্রেষকে জানাই জীবের নিয়তি। তাই বিশ্বশক্তির নিগ্রু আক্তি চিন্ময়পরিণামের ধারা বেরে ওই লোকোত্তর মহাসংগ্মতীথের অভিমুখে ধাবিত হয়েছে। আত্মস্বরূপের এই বিপল্ল সত্যকে জীবের জানতে হবে এবং সেই বিজ্ঞানে আপ্যায়িত করতে হবে তার সমগ্র সত্তা। তার অপরা প্রকৃতিকে উত্তীর্ণ করতে হবে দিব্যপ্রকৃতির পরম ধামে, সন্তাকে র্পান্তরিত করতে হবে দিব্য-পরে,ষের চিন্ময় সন্তার। তার এই চেতনাই হবে পরম-প্রেবের দিব্যচেতনা, এই আনন্দই উছলে উঠবে তাঁর অন্তহীন আত্মরতির রসোল্লাসে। শুধু তা-ই নর, দ্যালোকের ওই মুক্তধারা তার ভূলোকের সম্ভূতিতে নেমে আসবে-তার সমুহত সাধনা হবে ওই পরমসতাের লীলাবিভতি। চিন্মর আত্মন্বর পজ্ঞানে জীবনদেবতাকে হাদরে জড়িয়ে তাঁর আলিগানে সে আত্মহারা হয়ে বাঁধা পড়বে—প্রতি পদক্ষেপে অনুভব করবে তাঁর চিন্ময় বীর্ষের অমোঘ

প্রশাসন, তার সমস্ত জীবন ও কর্ম হবে অনিঃশেষ আত্মনিবেদনের ডালি।... এইদিক দিয়ে ঈশ্বরবাদী ও দ্বৈতবাদীর দৃষ্টিতেও অখণ্ডসন্তার একটা সত্য মহিমা ফোটে। ঈশ্বর ষেমন শাশ্বত তত্ত্ব, জীবও তাই; তৈমনি তাঁর শক্তিরও শাশ্বত সদ্ভাব ও বিশ্বপ্রবৃত্তি দৃইই সত্য। কিন্তু জীব ও শিবের পারমাথিক তাদাত্মাকে দ্বৈতবাদী যদি অস্বীকার করেন, তবে তাঁর দৃষ্টি হয় একদেশী। জীব ও শিবে পরমসামরসাও সম্ভব। প্রেমেরও চরম কোটিতে অখণ্ডচিন্ময় রসে বিগলিত আ্বার পরমসাম্যের অন্ভব আছে—আছে চেতনার সংখ্য চেতনার, সন্তার সংখ্য সন্তার আত্মহারা সম্মেলনের রসোদ্গার। এই অম্বয়ান্ভুতির নিবিড় মাধ্র্যকে দ্বতবাদী যদি উপেক্ষা করেন. তবে তাঁর দর্শনকে কি সম্যক্-দর্শন বলতে পারব?

স্বয়স্ভুসতের লীলাবিভূতি এ-জগতে সংবৃত্তির রূপ ধরেছে। আবার এই সংব্যত্তি হতেই দেখা দিল বিব্যত্তির স্ত্রনা—তাই অন্তিপের কুমেরতে দেখছি জড়, সুমেরুতে দেখছি চিৎসত্তা। আত্মসংবৃত্তির অবসপি^ৰণী ধারায় রয়েছে বিস্বৃণ্টির সাতটি স্তর—চিৎপরিণামের সাতটি পর্ব। বিশ্বরূপে হ'ক আর প্রতিবিশ্বর্পেই হ'ক তারা আমাদের অন্ভবগম্য—এমন-কি আধারে তাদের সদ্ভাব ও জারণাকে আমরা করামলকবং প্রত্যক্ষও করতে পারি। সাতটি পর্বের প্রথম তিনটি হল প্রথমজ অনাদিতত্ত। তারা বিশ্বচেতনার ত্রিপর্টী—তারা আমাদের পরমপ্রর্ষার্থ। তাদের পরমধামে আর্ চু হলে অন্-ভব করি চিন্ময় তত্ত্বভাবের পরম ও চরম আত্মবিভাবনা, অথবা পূর্ব্য আত্ম-বিস্পিটর এক লোকোত্তর চমৎকার। তার প্রোধার্পে রয়েছে ব্রহ্মসন্ভাবের পরম একছ, ব্রহ্মটেতন্যের অমোঘ বীর্য এবং ব্রহ্মানন্দের নিরৎকৃশ উল্লাস। এখানকার মত তারা সেখানে আচ্ছন্ন কি বিরূপ নয়, কেননা চেতনার পরম-ব্যোমে এই মহাত্রিপ্টোর ভাষ্বর অন্তব অনাব্ত স্বর্পমহিমাতে জনল ওঠে। তার সঙ্গে যুক্ত রয়েছে অতিমানস ঋতচিতের তুরীয় ততু। অন্তহীন বহু,ভাবনার একত্বকে রু,পায়িত ক'রে আনন্তোর আত্মবিভাবনাকে সে স্ফু,রিত করে—এই তার বীর্য। সাচ্চদানন্দ আর অতিমানস—এই দিব্যচতৃষ্ট্রীতে প্রকট হয়েছে রন্ধোর শাশ্বত আত্মসংবিতে প্রতিষ্ঠিত আত্মবিস্**ষ্টির পরম পরার্ধ**। এইসব পরমতত্ত্বের স্বধামে অথবা বিশাস্থ তত্ত্বভাবের অপরোক্ষ অন্তবের কোনও রাজ্যে উত্তীর্ণ হলে, আমাদের চেতনায় স্বাতন্তা ও জ্ঞানের চরম চরিতার্থতা ঘটে।...মন প্রাণ ও জড় নিয়ে তাঁর আত্মবিস্থিতর অপরার্থ। এরা আমাদের নিত্যপরিচিত প্রাকৃতভূমি। স্বরূপত এরা উধর্বতত্ত্বের বিভূতি। কিন্তু আপন চিন্ময় উৎস হতে বিবিক্ত হয়ে প্রকাশ পেলেই এদের মধ্যে দেখা দেয় অখণ্ড আত্মভাব হতে খণ্ডিত ভাবনায় একটা আপাতিক অবস্থলন। এই বিবিক্তভাব ও অবস্থলন হতে সূষ্ট হয় বিদ্যার কণ্টক—যা বিশ্বের যে-কোনও

সীমিত বিভাবের প্রতি ঐকান্তিক অভিনিবেশবশত তার অখণ্ড অধিদ্ঠান-তত্ত্বকে ভূলে যায়। এই হল বিশ্বগত ও জীবগত অবিদ্যার তত্ত্ব।

আমাদের প্রাকৃত জীবন জড়ভূমির অন্তর্গত। এই জডভূমিতে চিংশক্তির অবস্থাপণী ধারা স্বার শেষে অচিতিতে পর্যবাসত হয়েছে। অচিতির ক্বল হতে সত্তা ও চিতিশক্তির ক্রমিক উন্মেষ হল প্রকৃতিপরিণামের তত্ত। এই অপরিহার্য পরিণামের আদিপর্বে ঘটে জড় ও জড়বিশ্বের একান্তপ্রত্যাশিত আবির্ভাব। তারপর জড়ের মধ্যে দেখা দেয় প্রাণ ও জড়বিগ্রহ প্রাণী। তারও পরে প্রাণের মধ্যে ফোটে মন, দেখা দেয় জর্ডাবগ্রহ প্রাণনধর্মী মননশীল জীব। জড়ের বিগ্রহে মনের বীর্য এবং সংবেগ যত উপচে উঠবে, ততই তার মধ্যে অপরিহার্য হয়ে দেখা দেবে অতিমানস বা ঋত-চিতের সম্ভাবনা। অচিতির অন্তগ্র্টে বীজসত্তার অবন্ধ্য প্রেতি এবং সেই সত্তাকে প্রকট করবার প্রাভাবিক নিয়তি সে-আবিভাবের প্রেরণা জোগাবে। অতিমানসের আবিভাবে অতি-মানস জীবদেহেই চিৎসত্তার আত্মবিদ্যা ও সর্ববিদ্যার ভাষ্বর মহিমা আবিভূতি হবে। একই নিয়মে পরা প্রকৃতির অনুন্তরণীয় নিয়তির বশে এই জগতে দেখা দেবে অখন্ড-সচ্চিদানন্দের লীলাঘন বিগ্রহ। পাথিবিপরিণামের আজ যে-ছক দেখছি—এ-ই তার তাৎপর্য, এই নিয়তির অনুশাসনে বিধৃত তার তত্ত্ব, তার ক্রিয়া এবং পর্বায়ণ। দীর্ঘানুগের পরিণামের ফলে মন প্রাণ ও জড় প্রকৃতির এই তিনটি বিভৃতি আজ সিন্ধ হয়েছে। আমরা তাদের ভাল করেই চিনি। কিন্তু অতিমানস আর সং-চিং-আনন্দের মহাগ্রিপটো এখনও নিগুতে হয়ে আছে যুর্বনিকার অন্তরালে, এখনও তারা সিম্ধরূপে আধারে প্রকট হতে বাকী। আমরা শুধু আভাসে-ইপ্সিতে তাদের পরিচয় পাই। কেননা প্রকৃতির অবরম্পন্দের ছোঁয়াচ লেগে এখনও তাদের ক্রিয়া আধারে খণ্ডিত এবং মন্থর—তাই তাদের চিনতে পারা খুব.সহজ নয়। কিন্তু তাদেরও উন্মেষ সম্ভতিবাহিত জীবচেতনার দিব্যানয়তির অংগীভূত। অতএব এই পার্থিব প্রাণলীলায়, এই জড়ের বুকে সিন্ধবীর্য নিয়ে স্ফুরিত হবে শুধু মনই নয়— ফুটবে মনেরও ওপারে যা-কিছু আছে. মাটির কোলে নেমে এসেও আজও যারা ঢাকা আছে তার আঁচলের আডালে।

আমাদের সিম্পান্ত অন্সারে, সম্যক্-জ্ঞানের ছকে মনকে আমরা পরমার্থসতের বিভূতি বলে জেনেছি এবং তার স্ভিসামর্থ্যকে স্বীকার করে বিস্ভির
লীলায় তার একটা স্থানও করে দিরেছি। আবার এও বলেছিং প্রাণ এবং
জড়ও চিংস্বর্পের বিভূতি—স্তরাং তাদের মধ্যেও স্ভির তপস্যা স্ফ্রিড
হচ্ছে। কিন্তু যে-দ্ভিতে কেবল মনেরই স্ভির সামর্থ্য আছে, অথবা প্রাণ
কি জড়ই বিশ্বের একমাত্র বা প্রধান তত্ত্ব. তাকে সম্যক্-জ্ঞান না বলে বলতে
পারি অর্ধসত্য। মানি, জড়ের প্রথম উন্মেষে জড়ই বিশ্বব্যাপারের মুখ্য

আশ্রয় হবে। জড়ের রাজ্যে জড় সর্বেসর্বা, সে-ই সবার আদি উপাদান ও অনত—একথা অনুস্বীকার্য। কিন্তু গবেষণার ফলে এও জানি, জড় আসলে অজড় শক্তির পরিণাম। আবার শক্তিও শ্নাসণ্ডারী বরুদ্ভূ কোনও তত্ত্ব নয়—বরং গভীর সমীক্ষার শেষে দেখি, সে যেন নিগ্ড় চিংসন্তার স্পন্দমাত্র। অধ্যাত্ম-বিজ্ঞানীর অপরোক্ষ অনুভবে এ-প্রতীতি একটা স্কানিশ্চিত সত্যা, অনুমান মাত্র নয়। জড়ের মধ্যে স্ভিশক্তির যে-সংবেগ, যোগীর তত্ত্বদ্ভিতৈ তা চিদ্বীর্যের স্পন্দন। অতএব জড়কে কখনও বিশেবর প্রথমজ পরমতত্ত্ব বলতে পারি না। আবার যে-দ্ভিতৈ চিং আর জড় সন্তার অন্যোন্যবিবিক্ত দ্টি মের্মাত্র, তাকেও সত্য বলে মানতে পারি না। আমরা বলি : জড় চিদাধার এবং চিতেরই আ-কৃতি, অতএব জড়ের মধ্যে মূর্ত হয়ে ওঠা চিংসন্তার পক্ষে অসম্ভব নয়।

আবার এও সত্য, প্রকৃতির মধ্যে প্রাণের উন্মেষে প্রাণ যেন হয় বিশ্বজিং। জড়কে যখন সে কর্বলিত ক'রে আপন বিস্থিতীর সাধন করে, তখন মনে হয় সে-ই যেন স্থির আদিরহস্য-বিশ্বজ্বড়ে দিকে-দিকে তারই বিচ্ছারণ, ঘটে-ঘটে জডম্বের আডালে সে-ই যেন আপনাকে আবৃত করে রেখেছে। প্রতীতিও সত্য, অতএব একেও সম্যক্-জ্ঞানের অংগীভূত বলতে আমাদের দিবধা নাই। প্রাণ পরমার্থ তত্ত্ব না হলেও সে তার একটা রূপায়ণ ও সিম্ধবীর্য--জড়ের বুকে সূন্থির প্রেতি জাগিয়ে তোলা তার কাজ। প্রাণ তাই আমাদের কর্মস্ফ্রির নিমিত্ত—এই প্থিবীতে তার স্ফ্রন্ত নাড়ীতে আমাদের ঢালতে হবে ব্রহ্মসদ্ভাবের বিদ্যাদ্বাহিনী ধারা। প্রাণ দেবাত্মশক্তির একটা বিভূতি এবং সে-শক্তি প্রাণনশক্তির চাইতে বড। তাই প্রাণকে রন্ধবীর্যের স্লোতোবহ মানতে কোনও বাধা নাই। কিন্তু তাবলে প্রাণতত্ত্বকেই সর্বভূতের উৎস এবং ম্লাধার বলতে পারি না। প্রাণের সৃষ্টির তপস্যা অপূর্ণ অনীশ্বর ও অসার্থক থেকে যায়, এমন-কি নিজের সত্য রূপটিও সে চিনতে পারে না— যতক্ষণ নিজেকে সে দিবাপরেষের স্বর্পেশক্তি বলে না জানে, যতক্ষণ নিজের প্রবাত্তিকে সক্ষ্মে এবং ঊধর্বস্রোতা করে নাড়ীতে-নাড়ীতে সে পরা-প্রকৃতির চিন্ময় সংবেগ সঞ্চারিত করতে না পারে।

এমনি করে মনের উদ্মেষে প্রকৃতির মধ্যে মনেরই আধিপত্য দেখা দের।
মন তথন প্রাণ ও জড়কৈ তার আত্মপ্রকাশের সাধন এবং আত্মপর্নুন্দি ও
ঐশবর্ষের নিমিত্ত করে। ধরন দেখে তথন মনে হয়, মনই যেন একমাত্র
পরমার্থতত্ত্ব। বিশেবর শ্রুধ সাক্ষীই নয়—সে তার প্রকাও যেন। কিল্তু
এও জানি, মন পরতল্য এবং তার সামর্থ্য সীমিত। বদ্পুত মন অতিমানসেরই
পরিণাম, অথবা পথিবীর ব্কে চিন্ময় অতিমানসের জ্যোতিময়ি ছায়া মাত্র।
মহত্তর বিজ্ঞানের দীপ্তিতে উদ্ভাসিত হয়েই তার পরিপ্রশ্ ঐশবর্ষ সে খালে

পায়। অবিদ্যাচ্ছয়, অপ্রণ, দ্বন্দ্ববিধ্ব বৃত্তি ও শক্তিকে দেবশক্তির সিম্ধবীরে এবং ঋতিচন্ময় বৃত্তির সৌষমেয় র্পান্তরিত করতে পারলেই মন সার্থক হয়।...এমনি করে অপরাধের সমস্ত শক্তি অবিদ্যার জালে জড়িয়ে আছে। শাশ্বত আত্মসংবিতের পরার্ধভূমি হতে জ্যোতির্ময় শক্তির স্লাবনে তাদের দিব্য র্পায়ণ ঘটলেই তারা আত্মস্বর্পের সন্ধান পেতে পারে।

অচিতি হল পরমার্থসতের এই তিনটি অবরশক্তির ভিত্তি। মনে হয়. অচিতিই যেন তাদের উৎস এবং আয়তন। অধ্যারপর্ণী অচিতির বিপ্ল প্রসারিত বক্ষের 'পরে রয়েছে সমগ্র জর্ডবিশ্বের ভার : তার অন্ধর্শাক্তর বিধনেনে আর্বার্তত হয়ে চলে বস্তপ্রবাহের তরংগভংগ—তার স্তিমিত স্ফারণ যেন চেতনার আদিবিন্দ্র, বিশ্বব্যাপী প্রাণসংবেগের উৎসম্ভ্রথ। অচিতির মধ্যে এই ঈশনা ও প্রবর্তনা দেখতে পান বলে আধুনিক যুগের কোনও-কোনও দার্শনিক তাকেই বিশেবর আদ্যা শক্তি ও বিধান্ত্রী মনে করেন। অবশ্য একথা সত্য, চেতনাহীন জড়ের উপাদানে অচিংশক্তির আলোড়ন হতে বিশ্ব-পরিণামের শ্রুর। অথচ তার ফলে কিন্তু চেতন আত্মাই ক্যুরিত হচ্ছে— অচেতন কোনও সত্ত নয়। অচিতি আর তার আদালীলার মর্মে-মর্মে সন্ধিনীশক্তির উধর্বস্রোতা বীর্ষের ক্রমিক উপচয় দিশ্ধ হয়ে আছে এবং তাকে আবিষ্ট ক'রে আছে সংবিংশক্তির অনির্দ্ধ সংবেগ—যাতে ধীরে-ধীরে বিশেবর প্রগতির পথে অচিতির তামসী নিরোধশক্তির বলয়িত বাধা খসে যায়. হিরণ্যপাণি সবিতার জ্যোতিঃসায়কে বিশ্ধ হয়ে এলিয়ে পড়ে তার তমিস্তার নাগকু-ডলী। এর্মান করে দিনে-দিনে আধারে জড়ম্বের সঙ্কোচ শীর্ণ হয়ে আসছে। অবশেষে একদিন তার সকল বন্ধন মৃত্তি পাবে লোকোত্তরের উদার ব্যাপ্তিতে—বৃহতের ঋতভূং চেতনা বীর্ষ ও ভাবের শ্বারা আঞ্চনুত হয়ে এই দেহ-প্রাণ-মনেরও দিব্য রূপান্তর ঘটবে। সম্যক্-জ্ঞান বিভিন্ন দ্ভির সমুহত সত্যকে স্বীকার করে, আপন-আপন অধিকারে তাদের প্রামাণ্যকেও নিষ্পক্ষ মর্যাদা দেয়। কিন্তু সেইসঙ্গে সে তাদের সংকীর্ণতা ও খণ্ডনবৃত্তি দ্রে করতে চায় এবং এক বৃহত্তর সত্যের উদার ভূমিকায় খণ্ডসত্যের সোষমা ও সমাধান খোঁজে—যাতে সেই সত্যের আলোকে আমাদের সত্তার বহুমুখী সম্ভাবনা সহস্রদল মেলে ফুটতে পারে সর্বগত অদৈবতভাবের সুষমা নিয়ে।

এইবার আমাদের আরেকট্র এগিয়ে যেতে হবে। এতক্ষণ ধরে যে দার্শনিক তত্ত্বের বিবৃতি দিয়েছি, এবার তাকে শ্র্য্ব ভাব ও অন্তরবৃত্তির অধিনায়ক না করে জীবন-পথের দিশারী করতে হবে—তার কাছে আত্মান্তব ও বিশ্বান্ত্বকে ব্যবহারে ছন্দিত করবার সঞ্চেতিও শিখতে হবে। পরমার্থ-সম্পর্কে আমাদের অজিভি জ্ঞান অথবা বিশেবর তত্ত্ব ও অস্তিত্বের তাৎপর্য-সম্পর্কে বিশিষ্ট দ্ভিউভিগ আমাদের সমগ্র জীবনাদর্শকে নিয়ন্তিত করে।

মানুষের পরেষার্থের কল্পনাও এই দার্শনিক দৃণ্টিকে আশ্রয় ক'রে গড়ে ওঠে। লোকোত্তরের দর্শন সদ্বস্তুর প্রবৃত্তি ও তঙ্জনিত পরিণামের প্রসংগ ছেড়ে তার মূল তত্ত্ব ও ধর্মসমূহের একটা সূনিশ্চিত পরিচয় চায়। অথচ যে-কোনও বস্তুর প্রবৃত্তি ও পরিণাম নির্ভার করে তার মূলতত্তের 'পরে। নিত্যের যে-সত্যকে আমরা প্রত্যক্ষ করছি, জীবনের লীলার দিক তার অনুরূপ হবে—তার লক্ষ্য এবং ধারায় থাকবে তারই প্রবর্তনা। নইলে দার্শনিক তত্ত্বিচার হবে অকর্মা বৃষ্ণিধর একটা কসরত মাত্র। আগেভাগেই ব্যাবহারিক ইন্টসিদ্ধির অন্যায় কোনও উপরোধ না শুনে বুদ্ধি শুধু সত্যের খাতিরে সত্যের সন্ধান করবে, একথা মানতে পারি। কিন্তু তবু সত্যের সন্ধান পেলে তাকে অন্তর্জনীবনে এবং বাইরের কর্মেও যে রূপ দিতে হবে—একথাই-বা অস্বীকার করি কি করে? ব্রণ্ধির সত্য যাদ জাবনের সত্য না হয়ে ওঠে, তাহলে ব্রন্থির দরবারে তার মান থাকলেও সমাক্-দর্শনের কারবারে তার কোনও স্থান নাই। যে-সত্যে জীবনের ছোঁয়া নাই, সে তো বৃদ্ধির কোশলে সমস্যার প্রেণ মাত্র। তাকে সত্য না বলে বলব অতত্ত্বের মর্রীচকা—মরা-কথার যাদ্বর। অতএব নিত্যের সত্যে জীবনের লীলার সত্য বিধৃত থাকবে। मारात भारत कानल अरनानामन्त्रन्थ नारे—এकथा भानरा आभता ताङ्गी नरे। তত্তজিজ্ঞাসার দ্বারা জীবনসত্যের যে পরম অর্থ পেলাম, অহিতত্বের যে ঋতময় প্রথমজ রূপ দেখলাম, তার অকুণ্ঠ অভিব্যক্তিকে আমাদের ব্যবহারে ও জীবনাদর্শেও স্বীকার করতে হবে।

এইদিক দিয়ে বিচার করলে দেখি, পরমার্থ তত্ত্ব সম্পর্কে চারটি বিভিন্ন ধারণার অন্বর্গ প্রর্থার্থ বা জীবনদর্শনেরও চারটি প্রস্থান আছে। এই প্রস্থান- বা দর্শন-ভেদকে আমরা বলতে পারি—বিশ্বোত্তর, বিশ্বগত ও ঐহিক, অপার্থিব বা পারি রক, এবং সমবায়- সমন্বয়- বা সম্যক্-দর্শন। শেষের দর্শনিটিতে প্রের তিনটি কিংবা যে-কোনও দুটি দর্শনের সমন্বয়সাধনার প্রয়াস আছে। কিন্তু প্রথম তিনটি দর্শনের মধ্যে একটা অহিনকুল-সম্পর্ক রয়েছে। বলা বাহ্লা, শেষের দর্শনিটিই আমাদের সিম্ধান্ত। এ-জীবনকে আমরা সম্ভূতির লীলা বলে মানি, অথচ স্বয়ম্ভূর দিব্যভাবকে জানি তার উৎস এবং পরম অয়ন। এ-জীবন চিন্ময় পরিণামের একটা অবিচ্ছেদ ধারা—স্কৃত্বির লীলাকমলের একে-একে দল-মেলা যেন। বিশ্বোত্তর তার উধর্বমূল ও প্রতিত্ঠা, পরলোক তার নিমিত্ত ও সেতু, আর বিশ্ব এবং ইহলোক তার সাধনার ক্ষেত্র। আর মান্বের প্রাণ-মন তার উত্তরায়ণের বিষ্ববিন্দ্র, যেখান হতে আদিত্যের উত্তর ও উত্তম জ্যোতির অভিমুখে তার অভিযান। স্বার আগে প্রথম তিনটি দৃষ্টির আলোচনা করব, দেখব সম্যক্-দর্শনের সঞ্গে কোথায় তাদের তফাত এবং তার সত্য এদের সত্যকে কতট্বকুই-বা আত্মসাৎ করতে পারে।

বিশ্বোত্তর-দর্শনে প্রমার্থ-সং একমাত্র সদ্বস্তু। এই দুষ্টিতে জীব ও জগৎ দুইই যেন কতকটা ঝাপসা ঠেকে. উভয়কেই মনে হয় বিভ্রম বলে—এই হল এ-দর্শনের একটা বৈশিষ্ট্য। অথচ মায়াবাদ বিশ্বোত্তর-দর্শনের মূল চিন্তাধারার অপরিহ।র্য পরিণতি নয়। মানবজীবন একটা অর্থহীন প্রলাপ মাত্র—এই হল এ-পক্ষের চরম কথা। জীবন জীবচেতনার একটা বঞ্চনা, বাঁচবার আক্তি হতে সৃষ্ট একটা মৃগত্ঞিকা, কিংবা প্রমাদ বা অবিদ্যার একটা ছলনা। প্রমার্থসতের স্বচ্ছ প্রকাশকে কি করে সে যেন আচ্ছন্ন ও আবিল করেছে। একমাত্র বিশ্বোত্তরই সত্য: অথবা পরব্রহ্মই সব-কিছুরে আদি ও অবসান—মাঝখানটায় শাুধা মায়ার খেলা, যার মধ্যে সার বা সত্য বলে কিছাই নাই। অতএব আমাদের একমাত্র কর্তব্য হল, আন্তরপরিণামের ফলে কিংবা চিৎসত্তার কোনও নিগঢ়ে বিধানের অনুবর্তনদ্বারা ঐহিক বা পার্রাত্রক জীবনের সকল বন্ধনা হতে মুক্ত হওয়া। এতেই প্রাজ্ঞের জীবনসাধনার একমাত্র সাথকিতা। অবশ্য যতক্ষণ মায়ার রাজ্যে আছি, ততক্ষণ মনে হয় মায়া সত্য-এই অর্থাহীন প্রলাপেরও যেন একটা অর্থ আছে। যতক্ষণ এই বন্ধনাকে সত্য ভাবি, ততক্ষণ তার তথ্য আর বিধির জালে আমরা জড়িয়ে থাকি। তব্ মানতে হবে. মায়িক তথা তথাই—তত্ত্ব নয়। তার সত্যতা ব্যাবহারিক— পারমার্থিক নয়। তত্তুজ্ঞান বা পরমার্থদুষ্টির এতটুকু আভাস পেলে বুঝি, মায়ার বিধান যেন বিশ্বজোড়া পাগলাগারদের বিধান। পাগল হয়ে যতক্ষণ গারদে থাকব ততক্ষণ তার আইন-কাননে মানতে হবে, আপন-আপন রুচি-মাফিক তার সুযোগ-দুর্যোগের সকল ঝুকি বইতেই হবে। কিন্তু সবসময় আমাদের লক্ষ্য থাকবে, কি করে এই পাগলামির ঘোর কাটিয়ে সত্য ও জ্যোতির অবন্ধন ভূমিতে উত্তীর্ণ হব।...এই ধরনের আপসরফাহীন যুক্তির কঠোরতাকে যতই মোলায়েম করে নিই, জীবত্ব ও জীবনের দাবিকে আপাতত যতই রেয়াত करत চलि, তবু নেতিবাদের সংস্কার হতে চিত্তকে মুক্ত করতে পারি না। ব্যাবহারিক জীবনে যা-ই করি না কেন, জানি আমাদের পারমার্থিক জীবনের একমাত্র লক্ষ্য হল আত্মজ্ঞানের ক্ষিপ্রতম উপায় অবলন্বন করে সোজাস্কিজ মহানির্বাণের পথ ধরা—রন্মের মধ্যে জীব ও জগতের প্রলয় ঘটিয়ে নিজেকে চিরতরে নিশ্চিক্ত করে দেওয়া। বৌদ্ধেরা নিভাীকভাবে এমনিতর আত্ম-বিলোপের আদর্শ জোরগলাতেই ঘোষণা করেছেন। তার একট্ব রকমফের ক'রে বেদান্তীরা বলেছেন আত্মোপলব্ধির কথা। কিন্তু জীবের আত্মোপলব্ধি সত্য হবে, যদি রক্ষের বৃহত্ত্বের মধ্যে নিজেকে ব্যাপ্ত করে তার স্বর্পের সত্যকে সে ফিরে পায়। তার জন্য রক্ষা আর জীব উভয়কেই অন্যোন্যসম্বন্ধ তত্ত্বস্তু বলে জানতে হবে। অথচ বেদান্ত জগংকে বিলম্পে করে দিয়ে ব্রহ্মের মধ্যে অবাস্ত্র বা কালাবচ্ছিন্ন জীবের আত্মপ্রতিষ্ঠা খোঁজে। সে-আত্মপ্রতিষ্ঠায়

যেমন তার মিথ্যা আত্মভাবনার প্রলয় ঘটবে, তেমনি জীবসত্তা ও জগৎসত্তার শেষ রেশট্বুকু জীবচেতনার আকাশ থেকে মুছে যাবে। অথচ এদিকে রহ্মের অনুশাসনে বিশ্বব্যাপ্ত শাশ্বত অবিনাশী অবিদ্যার অধিকার তেমনি অক্ষ্র থাকবে—তেমনি নির্পায় ও অন্তরণীয় হয়ে চলবে জগৎ জ্ভে এই প্রমাদের মেলা!

কিন্তু বিশ্বে।ত্তর সত্যকে মানতে গেলে জগৎকে যে মিথ্যা বলতে হবে— এ-সিদ্ধান্ত একেবারে অপরিহার্য নয়। ঔপনিষ্যাদক বন্ধাবাদে ব্রন্ধার সম্ভূতিকেও তত্ত বলে মানা হয়েছে। অতএব সত্যের রাজ্যে সম্ভূতিরও একটা প্থান আছে। সম্ভতির সত্যেই জীবনে ঋতের বিধান দেখা দেয়, আধারে নিহিত আত্মরতির একটা সাথাকতার সন্ধান মেলে, প্রথিবীর ধর্লি হয় মধ্ময়, চেতনায় নিহিত ক্রিয়াশক্তির চরিতার্থতা ঘটে সার্থক কর্মের উদ্যাপনে। কিন্তু সম্ভূতির ঋত এবং সত্য ব্যক্তির জীবনে একবার চরিতার্থ হলে আবার তাকে চরম আছ্মো-পলব্ধির অনুপাখ্যতায় ফিরে যেতে হয়। কেননা শাশ্বত আত্মন্বরূপের কালাতীত তত্তভাবে অবগাহন করা, সর্ববন্ধবিনিম ক্ত হয়ে আপন প্রেস্বর্পে ফিরে যাওয়া—এই তো জীবের পরম প্রের্যার্থ। সম্ভূতির চক্র প্রবর্তিত হয় স্বয়ম্ভূর শাশ্বত বিন্দ্র হতে, আবার তার নিব্তিও ঘটে সেই মহা-বিন্দুতে।...অথবা পরব্রহ্মকে যদি পুরুষ বা পুরুষোত্তম বলে মনে করি, তাহলে বিশ্ব তাঁর একটা সাময়িক লীলা মাত্র—বিশ্ব জ্বড়ে খেলার ছলে তাঁর এই সম্ভূতি ও জীবযাত্রার বিলাস। এক্ষেত্রে জীবনের একমাত্র তাৎপর্য নিহিত রয়েছে স্বয়স্ভূসতের সম্ভূত হবার আকৃতিতে। চৈতন্যে নির্ঢ় সংক**ল্প** ও শক্তির প্রেতি বিচ্ছারিত হতে চাইছে সম্ভূতির আনন্দময় উচ্ছলনে। কিন্তু প্রয়ম্ভর এই আকৃতি জীবকে যখন ছেড়ে যায়, অথবা তার প্রে,ষার্থসিম্পিতে আকৃতির নিবৃত্তি ঘটে, তখন সম্ভূতির লীলাও তার আধারে থেমে যায়। অথচ বিশ্বব্যাপার চলতেই থাকে—ব্রহ্মাণ্ডবিস্ভির নৃত্যচ্ছলে কখনও যতি-ভণ্গ হয় না। কেননা, সম্ভূতির আকৃতিতে একটা শাশ্বত সংবেগ আছে— শাশ্বতসতের সে নিতাসমবেত সতাসৎকল্প বলেই।...এ-দর্শনের একটা মারাত্মক হ্রটি এই যে, এর মধ্যে জীবের কোনও স্ব-তন্দ্র বাস্তব সত্তা স্বীকার করা হর্মন বলে, তার ব্যাবহারিক কি পারমাথিক প্রবৃত্তির একটা স্থায়ী মূল্য বা তাৎপর্যেরও কোনও ইঞ্গিত মেলে না। পূর্বপক্ষী হয়তো বলবেন : ব্যক্তিসন্তার এমনতর একটা চিরন্তন তাৎপর্য বা শাশ্বত সদ্ভাবের সন্ধানে ফেরা আমাদের অবিদ্যাচ্ছল্ল বহিশ্চর চেতনার প্রমাদ শুখু। জীবত্ব যে পরম-শিবের কালকলিত বিভূতি মাত্র—এই কি তার মর্যাদা ও সার্থকতার পক্ষে যথেষ্ট নয় ? তাছাড়া শুদ্ধ নিবিশেষ সন্মায়ের বেলায় সার্থকতা কি মর্যাদার কোনও কথাই তো উঠতে পারে না। বাবহারের দিক থেকে বিশেবর প্রত্যেক

বস্তুর একটা বিশেষ মূল্য আছে, যদিও সে-মূল্য কালকলনার স্থিত। কিন্তু কালকলিত বলেই তাকে চরম বা পরম মূল্যের গৌরব দিতে পারি না—বলতে পারি না, কালেরও বীচিভণেগ শাশ্বত ও স্বতঃসিশ্ধ কোনও অর্থের ব্যপ্তানা আছে।...মনে হয়, এ-যুক্তির বুঝি আর জবাব নাই। কিন্তু তব্ আমাদের মন মানে না। ব্যক্তিসন্তার উপর যতখানি জোর দিই, তার কাছে যতখানি দাবি করি—এমন-কি ব্যক্তির সিশ্ধি ও মুক্তিকে যেভাবে মূল্যবান মনে করি, তাতে তার গ্রুত্বক একেবারে উপেক্ষা তো করতে পারি না। বলতে তো পারি না, জীবলীলা বিশ্বলীলার একটা গৌণব্যাপার মান্ত—শাশ্বত সন্মান্তের বিশ্বব্যাপী সম্ভূতিচক্রের মহা আবর্তনের মধ্যে জীবকুণ্ডলীর এই রচন ও মোচন একান্তই অকিন্তিংকর।

তারপর ঐহিক-দর্শনের কথা। এ-দর্শন বিশ্বোত্তর দর্শনের সম্পূর্ণ বিপরীত, কেননা এর মতে জগৎ সত্য। শ্বেধ্ব তা-ই নয়—একমাত্র জগৎই সত্য এবং সে-জগৎ এই জড়ের জগৎ। ঈশ্বর বলে যদি কেউ থাকেন, তবে তিনি শাশ্বত সম্ভূতি ছাড়া আর-কিছ্ম নন। আর ঈশ্বর না থাকলে প্রকৃতিই একমাত্র তত্ত্ব এবং চিরুত্তন সম্ভূতি তারও স্বভাব—এখন প্রকৃতিকে আমরা যা-ই ভাবি না কেন। প্রকৃতি হয়তো জড়কে নিয়ে শক্তির একটা খেলা, হয়তো সে বিশ্বপ্রাণের অমিত বৈপত্না, অথবা জড় ও প্রাণের বৃকে একটা নৈর্ব্যক্তিক বিরাট মনের স্পন্দন—এই তার স্বরূপ। পূথিবী সম্ভূতিলীলার সাময়িক রঙ্গভূমি মাত্র, আর মানুষ হয়তো সে-লীলার চরম চমংকার কিংবা তার ক্ষণেকের খেলা। মানবব্যক্তি তো নশ্বর বটেই, মানবজাতিরও আয়ুক্তাল প্রথিবীর আয়ুর একটা ভানাংশ মাত্র। প্রথিবীর বুকে প্রাণের খেলা আরও-একট্র দীর্ঘ হয়তো। কিন্ত তাহলেও সৌরজগতের তলনায় কি প্রথিবীকে চিরায় অতী বলা চলে ? সৌরজগংই-বা কদিনের—একদিন তারও আয় ফ্র'বে অথবা সম্ভূতির মধ্যে তার হৃদয়-স্পদ্দন স্তব্ধ হবে, তার স্ভিটর আবেগ নিরুম্ধ হবে। এই ব্রহ্মান্ডও হয়তো একদিন শ্লো মিলিয়ে যাবে, অথবা আবার সংকুচিত হয়ে ফিরে যাবে মহাশক্তির বীজভাবনায়। কিল্তু সম্ভূতির তত্ত শাশ্বত—অনন্ত অস্তিত্বের এই ছারার মারায় একটা আপেক্ষিক নিত্যতা তো তার আছেই।...কালের প্রবাহে চৈতাসন্তার্পে মান্যব্যক্তির একটা স্থায়িছ কল্পনা অসম্ভব নয়। হয়তো তার পক্ষে প্রেতলোক বা লোকান্তর বলে কিছু নাই, অথচ এই প্রথিবীতে বা ব্রহ্মান্ডকটাহে নতুন-নতুন শরীর হরে বারবার সে আসছে। তার এই নিরুত সম্ভূতির মূলে আছে এই ব্রহ্মাণ্ডের অন্তর্গত কোনও সুখাবতীর দিকে অবিরাম অভিযান, অথবা নিত্য-উপচীয়মান প্রণ্তার সিন্ধি বা সাধনার আকৃতি। কিন্তু ঐহিক সন্তাকে একান্ত ভাবলে চৈতা-সন্তার স্থায়িছের কল্পনা টেকে না। মানুষের জল্পনা কথনও-কথনও এই

স্ত্র ধরে থানিকটা এগিয়ে বেতে চেয়েছে, কিন্তু কোনও স্বানিশ্চিত সিম্ধান্তে পোছতে পারেনি। সম্ভূতির রঙগমণ্ডে বারবার নামতে হলে একটা বৃহত্তর অপাথিব সন্তার নেপথ্য যে নিতান্তই আবশ্যক, একথার যৌক্তিকতা সে অস্বীকার করেনি।

একমাত্র পার্থিবজীবনকে যারা সত্য বলে মানে, অথবা ভাবে জড়জগতে জীব দুদিনের অতিথি মাত্র (কেননা অন্যান্য গ্রহে মননধমী জীবের সত্তা একেবারে অসম্ভাবিত নয়)—তাদের পক্ষে জীবনসাধনার দুটিমাত্র পথ খোলা আছে। মানুষ মরবেই জেনে হয় নিব্তিধর্মের চর্চা করে মুখ বুজে সয়ে যাও মরণের মার, নয়তো ব্যক্তি বা সমাজের সংকীর্ণ জীবনাদর্শের অনুশীলনে প্রবৃত্তিধর্মকে সজাগ করে তোল নিজের মধ্যে। মানুষ শুধু ব্যক্তিস্বার্থের জাবর কেটে বা কোনরকমে দিন-গ্রন্থরান করে যদি ত্পু না থাকতে পারে, তাহলে তার সামনে ন্যায়ধর্মের অনুমোদিত একটিমাত্র সাধনার উদার ক্ষেত্র উন্মুক্ত রয়েছে। সম্ভূতির বিধানকে মানুষ দার্শনিকের মত খাটিয়ে ব্ঝুক। তারপর বৃদ্ধি দিয়ে হ'ক বা বোধি দিয়ে হ'ক, অন্তরের ধ্যানলোকে হ'ক বা বহিজীবনের কুরুক্ষেত্রে হ'ক-্যে-সম্ভাবনা ব্যক্তি বা জাতির মধ্যে সম্পর্টিত রয়েছে, নিজের বা স্বজাতির কল্যাণের জন্য সম্ভূতির বিধান মেনে তাকে সে ফ্রাটিয়ে **তুল্**ক। হাতের কাছে যে-ভূতার্থকে পেয়েছে, তার সমস্তট্<u>ক</u> রস আদায় করে সে সাধ্য বা সম্ভবং ভব্যার্থের উচ্ছিত্রত মহিমার দিকে হাত বাডাবে—এই হল তাব জীবনব্রত। কালের দীর্ঘবিলম্বিত লয়ে, ব্যক্ষি ও গোষ্ঠীর কর্মসঞ্চয়ের দ্বারা পরিপ্রেট জাতিধর্মের ক্রমিক উপচয়ে এ-ব্রতের পরম সিন্ধি একমাত্র সমন্টিমানবের পক্ষেই সম্ভব। ব্যক্তিমানব তার পরিমিত আয় ফুললের মধ্যে সেই মহাসিন্ধির অন কূলে তার যতটকু সাধ্য তা করে যেতে পারে মাত্র। বিশেষত, তার ভাব এবং কর্ম জাতির বর্তমান শিক্ষা-দীক্ষা ও জীবনকল্যাণের এবং ভবিষ্য প্রগতির বেদিতে একনিষ্ঠ সাধকের পূজোপচার হতে পারে। জীবনকে একদিক দিয়ে সার্থক ও মহৎ করে তোলবার সামর্থ্যও তার আছে। মহাবিনাশের করাল আঁধারে দর্নদনেই যে তার ব্যক্তিজীবনের খদ্যোতিকা মিলিয়ে যাবে, এ-ধ্রুবসত্যকে জেনেও তার দীর্ঘ-আর্সেবিত ভাব ও সংকল্পের বীর্যকে সে দিকে-দিকে ছডিয়ে দিতে পারে, তার অণ্নিগর্ভ ভাবনাকে অনাগত মানবের বিপ্র্ল উত্তরাধিকার এবং দায়র্পে রেথে যেতে পারে। তাছাড়া গোণ্ঠীমানবের অচিরস্থায়িত্ব নিয়ে ক্ষর্ত্থ হওয়াও আমাদের সাজে না—অবশ্য ঝান, জড়বাদীর কাছে যদি ইতিমধ্যে মাথা না বিকিয়ে থাকি। কারণ মানবদেহ আর মানবমনের আকারে যতাদন বিশ্বসম্ভূতির ফ্রল ফুটবে, ততদিন মানুষের ভাবনা ও সঙ্কদেপর অভিযানকে ঠেকাবে কে? তখন ওই প্রগতির ধারাকে অনুসরণ করে চলাই কি আমাদের নৈসগিকি ধর্ম

এবং অনুত্রম ব্রত হবে না? যতদিন প্রিথবীতে মানুষ আছে, ততদিন তার প্রগতি ও কল্যাণের তপস্যাই আমাদের ঐহিক জীবনের প্রুর্ষার্থ। মানুষের সাধনার বিপ্লে ক্ষেত্র এবং সাধ্যের স্বাভাবিক অবধিও তা-ই। স্বৃতরাং জড়ীয় উৎকর্ষের স্থায়িত্ববিধান এবং গোষ্ঠীজীবনের মহত্ব ও গ্রুর্ত্ব সম্পাদনের তপস্যার ব্যারাই আমাদের জীবনাদর্শের স্বর্প ও অধিকার নির্পিত হবে। যদি বলি, মানবহিতের দায়ই-বা আমাদের কোথায়—কেননা ও তো শ্ব্র্থ আলেয়ার পিছনে ছোটা: তাহলেও ব্যক্তির দায় তো একটা আছেই। ব্যক্তির সিম্পিকে যথাশক্তি প্র্পর্ব্প দেওয়া, অথবা আত্মপ্রকৃতির অন্কৃলে জীবনকে সার্থক করে তোলা—এই কি মানুষের প্রুর্ব্যার্থ হতে পারে না?

তারপর আছে পার্বারক-দর্শন। এ-দ্ভিতে জড়বিশ্ব সত্য হলেও, প্থিবী ও মানবজীবন দুইই যে অচিরঙ্গ্যায়ী—একথা মেনে নিয়েই হবে এষণার শুরু। ইহলোক নশ্বর হতে পারে, কিন্তু এছাড়াও অন্য লোক বা অন্য ভূমি আছে। তারা যদি শাশ্বত নাও হয়, তব্ তাদের আয়ুন্জাল ভূলোক হতে বেশী তো বটেই। মানুষের দেহ মরণধর্মী, অথচ এই দেহেই আবার অমর আঘার নিবাস। তাই পার্রারক-দর্শনের মূল কথা হল আত্মার অমরত্বে এবং দেহাতিরিক্ত নিত্য আত্মার অভিতত্বে বিশ্বাস। অমরত্বে বিশ্বাস থাকলেই ভূলোক বা প্রথিবী ছাড়া কোনও উধর্বভূমির অভিতত্ব মানতে হবে। কেননা, বিদেহী আত্মাকে টিকে থাকতে হলে জড়বিশ্ব তার আশ্রয় হতে পারে না এইজন্যে যে, এখানকার সকল কারবার চলছে জড়ের আধারে জড়কে নিয়ে শক্তির লীলায়নে—এখন, সে-শক্তি অল্লময় প্রাণময় মনোময় কি চিন্ময় যা-ই হ'ক না কেন। তাইতে কল্পনা জাগে: মানুষের সত্যধাম এপারে নয়, ওপারে—এ-প্রথবীতে সে দুর্দানের অতিথি মাত্র, তার অমরজীবনে এ শুধ্ব ক্ষণেকের মেলা। বস্তুত সে অমরাবতীর অধিবাসী—শাশ্বত চিন্ময় মহিমা হতে স্থলিত হয়ে ঝরে পড়েছে এই মূন্ময়ীর বুকে।

প্রশন হবে, জীবাত্মার এই চ্যুতি ও স্থলনের স্বর্প হেতু বা পরিবাম কি? কোনও-কোনও ধর্মের মতে, জড়দেহধারী জীবর্পে প্থিবীর ব্রুকে স্ট হবার পর মানুষের মধ্যে নবজাত একটি দিব্য আত্মাকে যুক্ত বা সপ্যারিত করা হয় সর্বশক্তিমান বিধাতার ব্যাহ্তিমন্তে। এ-মত চিরাগত ও বহু প্রাচীন হলেও আজ আর এতে মানুষের তেমন আস্থা নাই। একটিবারমার মানুষের দেহধারণ ঘটে। অতএব তার মুক্তিসাধনারও এই একটিমাক্ত সুযোগ। মরণান্তে পাপ-পুণার হিসাব খতিয়ে পুণার ভাগ বেশী হলে তার কপালে ঘটে অনুষ্ঠ স্বর্গাস্থা, আর পাপের ভাগ ছাপিয়ে উঠলে অনুষ্ঠ নরক্ষক্রণ।। বিশেষ্কানও ধর্মামত, উপাসনাপন্থতি বা প্রগশ্বকে মানা না-মানার 'পরেও তার ভাগালিপি নির্ভার করতে পারে। অথবা তার কপালে সব বাবস্থাই হয়তো

আগেভাগে ঠিক হয়ে আছে খোশখেয়ালী খোদার মর্রাজতে! অবশ্য এধরনের পার্রাত্রক-দর্শন যুক্তিতে এতই কাঁচা যে তাকে অপ্রমাণ অন্ধবিশ্বাসের পর্যায়ে ফেলতে দ্বিধা হয় না।...দেহধারণের সঙ্গে-সঙ্গে আত্মার জন্ম হয়, একথা মেনে নিয়েও কম্পনা করা যেতে পারে : পার্থিবজীবনের অবসানে জীবাত্মার অস্তিত্বের বাকী অংশ কাটে অপাথিব কোনও উত্তরভামতে। তখন অন্নময় কোশের আদিম আচ্ছাদন খসিয়ে গ্রুটিকাটা প্রজাপতির মত আনন্দজ্যোতিতে রঙিন পাখা মেলে সে উড়ে বেড়ায়। জীবের এটি সার্বভৌম নিয়তি। অথবা এর চাইতেও সুন্দর কল্পনা : পার্থিবদেহে অবতীর্ণ হবার পূর্বে অপার্থিব লোকে আত্মা শাশ্বত মহিমায় বিরাজমান ছিলেন। তারপর প্রথিবীর পঞ্চে অবস্থলিত হয়ে আবার তিনি স্বলোকের জ্যোতির্ময় ধামে উত্তীর্ণ হন। জীবাত্মার প্রাক্সন্তাকে যদি স্বীকার করি, তাহলে চিংজগতের অন্তত একটা নৈমিত্তিক ব্যাপারর পে আরেকটা সম্ভাবনার কথা মনে জাগে। আত্মা হয়তো লোকান্তরের অধিবাসী হয়েও বিশেষ-কোনও প্রয়োজনে মানুষের শরীর ও প্রকৃতিকে অঞ্চীকার করে এই মর্ত্যলোকে অবতীর্ণ হয়েছেন। কিল্ড এ-বিধানকে মত্যজীবনের সর্বজনীন বিধান বলা চলে না, অথবা জড়বিশ্বস্থিতীর একটা সঞ্জাত অজুহাত বলেও মানা যায় না।

কেউ-কেউ বলেন, প্রথিবীতে জীব একবার মাত্র আসে। মরণের পর অপার্থিব লোকের স্তরে-স্তরে তার আত্মার পর্নিট এবং উদয়ন চলে। আপন জ্যোতির্মায় পর্ব্যমহিমায় ফিরে যাবার পথে লোকান্তরের পরন্পরা তার ক্রমিক অভ্যুদয়ের সোপানমালা। এই জড়বিশ্ব, বিশেষ করে এই প্রথিবী তাহলে স্রুটার দিব্য জ্ঞান বীর্য বা খেয়ালের খালিতে সৃষ্ট বিচিত্রসম্ভারপার্ণ একটা রংগমণ্ড—যেখানে জীবের জীবননাটোর একটি প্রবেশক অভিনীত হবে। অভ্যস্ত শিক্ষা ও সংস্কার অনুযায়ী এ-জগংকে তখন বলতে পারি জীবের পরীক্ষা বা প্রতিষ্ঠ ক্ষেত্র, অথবা তার আত্মিক স্থলন ও নির্বাসনের ভূমি।... এদেশের কারও-কারও মতে এ-জগৎ দিব্য-পরে,ষের প্রমোদকানন-এখানে অপরা প্রকৃতির পরিবেশে প্রাপণ্ডিক অর্থ নিয়ে তাঁর লীলার বিলাস চলছে। জন্ম-জন্মান্তরের দীর্ঘধারায় জীব তাঁর লীলার নিত্য সহচর। লীলাময়ের প্রধামে উত্তীর্ণ হয়ে তাঁর শাশ্বত সামীপ্য 🗝 সাযুক্ত্য লাভই তার নির্য়াত। এ-মতে স্ভিব্যাপার ও জীবের অধ্যাত্মসাধনার য্রাক্তসংগত একটা তাংপর্য তব্ব খাজে পাওয়া যায়—যা এইধরনের ভবচক্র বা জীবগতির বর্ণনায় অন্যত্র হয় অনুদ্রিখিত অথবা অস্পন্টভাবে সূচিত হয়েছে মাত্র।...কিন্তু সর্বত্ত পার্রারক-দর্শনের ম্লেস্ত্র তিনটি : প্রথমত ব্যক্তি মানবের আত্মার অমরছে বিশ্বাস। দ্বিতীয়ত, এই বিশ্বাসেরই অবশাস্ভাবী পরিণামরূপে প্রথিবীতে আত্মার সাময়িক অবস্থান অথবা স্বর পচ্যতির কল্পনা এবং সেইসংশ্য বিশ্বাস

করা—আত্মার স্বধাম এই প্থিবীর ওপারে, স্বলোকে। তৃতীয়ত, শীলপালন ও অধ্যাত্মবিদ্যার অনুশীলনকে মৃত্তিপথের উপায় জ্ঞানে তাকে জড়জগতে জীবের একমাত্র প্রের্যার্থ বলে প্রচার করা।

তত্তদর্শনের এই তিনটি মূল ধারার প্রত্যেকের সঙ্গে জীবনদর্শনেরও একটা বিশিষ্ট ভাগ্গি যুক্ত আছে। বিভিন্ন দর্শনে এই তিনটি মূল ধারারই রকমফের দেখি। তাদের কেউ নিয়েছে মধ্যপথ, কেউ-বা ধরেছে সমন্বয়ের পথ। সবারই উদ্দেশ্য সমস্যার জটিলতাকে আপন রুচির সংগে খাপ খাইয়ে সহজ করা। কারণ, তিনটি দর্শনের যে-কোনও একটিকে একান্তভাবে আঁকড়ে থাকা দুচারজন একনিষ্ঠ সাধকের পক্ষে সম্ভব হলেও, সাধারণ মানুষ কখনও একটি মতকে প্রাপ্ররি বা চির্নাদনের মত তার জীবনপথের দিশারী করতে পারে না—কেননা তার স্বভাবের দুয়ারে পৈণছিয় জীবনের সকল রসেরই সমান দাবি। প্রবৃত্তির বিচিত্র সংঘাতে মানুষের জীবন জটিল হয়ে আছে। তাছ।ড়া প্রবৃত্তি যার নজির খোঁজে, সেই বোধিকে নিয়েও তার টানাটানি চলে নানানিদিকে। এই গণ্ডগোল হতে বাঁচতে গিয়ে মানুষ কখনও দুটি বা তিনটি দর্শনেরই একটা জগাখিচাড়ি পাকায়, কখনও তার চিত্ত তাদের দ্বিধায় দোলে কি সংঘর্ষে ক্ষতবিক্ষত হয়, আবার কখনও হয়তো চলে সর্বসমন্বয়ের একটা পংগ্র প্রয়াস। প্রায় সবমানুষের সাধারণ ঝোঁক পড়ে ঐহিক-দর্শনের দিকে। মানুষের বেশীর ভাগ শক্তি ব্যায়ত হয় পাথিবজীবনের স্বাচ্ছন্যাবিধানে, অভাব-পরেণ বা স্বার্থের সাধনায়, কি কামনার তর্পণে। ব্যক্তিজীবনের বা জাতীয়জীবনের ঐহিক আদর্শকে সফল করে তোলাই হয় তার জীবনব্রত। এতে আশ্চর্য হবার কিছুই নাই। কেননা পূথিবীর জীব বলেই মানুষকে দেহের পরিচর্যা করতে হয়, প্রাণময় ও মনোময় সন্তার পর্নিষ্ট এবং ত্রাপ্তি খ্রুজতে হয়, ব্যাঘ্ট- আর গোষ্ঠী-জীবনের উন্নত ও মহান আদর্শকে রূপ দেবার জন্য কুচ্ছত্রপা হতে হয়। কেননা, মানুষ বিশ্বাস করে, প্রগতির সাধারণ নিয়মে একদিন সে মনুষ্যুত্বের চরমধাপে পে'ছিবে অন্তত তার কাছাকাছি তো যাবেই। এই আকৃতি আর তপস্যা মানুষের স্বধর্ম—এর দিকে তার স্বভাবের ঝোঁক, এতেই তার প্রাণ্ট। এছাড়া কি মনুষাত্বের সাধনা তার পূর্ণ হতে পারত? আমাদের 'পরে প্রথিবীর দাবিই বৃত্তি সবার বড়। যে-জীবনদর্শন তাকে অন্যায়ভাবে উপেক্ষা বা খর্ব করে, অথবা অর্সাহস্ক, হয়ে লাঞ্ছিত করে—তার মধ্যে আরেকদিকের সত্য বা প্রয়োজনের তাগিদ যত বড়ই হ'ক, অধ্যাত্ম-পরিণামের পর্ববিশেষে বিশেষ-রুচির মানুষের কাছে তার আদর্শ বতই উপাদেয় হ'ক, তবু তাকে মানুষের পরিপূর্ণ ও সার্বভৌম জীবনদর্শন বলে তো মানতে পারব না। মাটির ভাকে সাড়া দেওয়া প্রকৃতিপরিণামের একটা অপরিহার্য অংগ। অতএব মান্য যাতে তাকে অবহেলা না করে, তার দিকে প্রকৃতির কড়া

নজর রয়েছে। আমাদের ধ্রেবনিয়তিতে যে-দিব্যভাবনার ছক আঁকা আছে, তার বিচিত্রপর্বের আদিপর্ব হল এই পাথিবপ্রকৃতির আরতি। এর যাতে অবমাননা না হয়, দেহ আর মনের স্কুদ্ ভিত্তিতে যাতে টিন্ময় বিগ্রহের রঙ্-মহল গড়ে ওঠে, তার জন্য তার সতর্কতার সীমা নাই—কেননা এই 'পাথিবং রজঃ'-ই হল মহাপ্রকৃতির অনাগত মহিমার ভিত্তি এবং কাঠামো।

অথচ এই মাটির মানুষেই যে একটা-কি আছে, যা তার মর্ত্য-স্বভাবের আদ্যচ্ছন্দকে উঠেছে ছাপিয়ে—এমন বোধও প্রকৃতি আমাদের অল্তরে সঞ্চরমাণ রেখেছে। এইজনাই ঊধর্বলোকের আহ্বানকে উপেক্ষা করে শুধু এই মাটির বুক আঁকড়ে থাকার অনুশাসনকে আমরা বেশিদিন বরদাসত করতে পারি না। লোকোত্তরের একটা অম্পন্ট অথচ প্রাতিভ সংবিং, দেহ-প্রাণ-মনের সংস্কার্মক্ত একটা বৃহত্তর আত্মচেতনার অনুভব পূথিবীর ধূলিতে আচ্ছন্ন হয়েও আবার ফিরে এসে আমাদের সকল চিত্ত জবড়ে বসে। সাধারণ মানুষ এই অধ্যাত্ম-বোধের দাবিকে সহজেই মেটাতে পারে—জীবনের বিশেষ-একটা লংনকে কিংবা গলিতনখদন্ত বার্ধক্যের জীর্ণ অবকাশকে তার উদ্দেশে উৎসর্গ ক'রে, অথবা প্রাকৃত স্বভাবের দুর্রধিগম্য অথচ তারই আধারে গুহাহিত এই অপ্রাকৃত ভাবের প্রতি একটা মূঢ় শ্রন্থার ক্রৈব্যকে মাত্র লালন ক'রে। দ্ব-চার জন অধ্যাত্মচেতা আবার এই লোকোত্তরের আহ্বানকেই তাদের জীবনপথের একমাত দিশারী করে, আধারের দিব্যভাবকে পরিপ্রন্থ করবার আকাঙ্ক্ষায় মর্ত্যভাবকে সাধ্যমত খর্ব এবং নিজিত করে। এমন যুগও এসেছে জগতে, যখন 'ইহ'র চেয়ে 'অমুত্র'র সর্বনাশা ডাক মানুষের চিত্তকে উতলা করেছে—স্বর্গ আর মর্ত্যের মাঝে অকর্বণ দ্বিধায় ত্রিশংকুর মত সে আন্দোলিত হয়েছে। মর্ত্যের জীবনে তার সোয়াস্তি নাই, কেননা আত্মপ্রকৃতির উদার স্বাচ্ছন্দ্য প্রতি পদক্ষেপে এখানে কুণ্ঠাবিকৃত। আবার স্বর্গের আক্তিও তার নিচ্ফল তপস্যার বিড়ম্বনায় ক্রিন্ট হয়েছে, কেননা বিশান্ধ স্বর্গসা্থ যে প্রাংশালভা ফলের মত—উদ্বাহা হলেই কি বামনেরা তার নাগাল পায় ? এমনি করে আধারে দেখা দিয়েছে স্বর্গ আর মর্ত্যের মাঝে অস্বৃ্দিতকর একটা মিথ্যা বিরোধ। তার ফলে, হয় আমরা প্রকৃতিপরিণামের স্বাভাবিক নির্দেশিকে উপেক্ষা করে অবাস্তব একটা আদর্শ বা সাধনপথ খাড়া করেছি, নয়তো আমাদেরই প্রকৃতিতে নিহিত রয়েছে যে সর্বসমন্বয়ী সাম্যের বিধান, তার প্রতি অন্ধ হয়ে একপক্ষের দিকে অতিরিক্ত ঝোঁক দিয়েছি।

কিন্তু মনন যত গভীর হবে, স্ক্রাতর বিজ্ঞানের উন্মেষ যত সহজ হবে, ততই আমাদের দ্ণিটর সন্মাথে খবলে যাবে ইহ আর অম্রুকে ছাড়িয়েও অনন্তের দিগন্তনিলীন অন্তরভূমির জ্যোতির্মায় ইণ্গিত। আমরা জ্বানব, ঐহিক ও পার্রারক বিশেবরও প্রপারে আছে বিশেবতীর্ণের তুর্যাতীত ধাম—

আমাদের অস্তিত্বের স্ফুরেতম গণ্গোন্তী। ওই স্ফুরে দ্বর্গমের ডাক এসে অন্তরে পেণছয় যখন. তখন আত্মার উদগ্র অভীণসায় কখনও সমিন্ধ বীর্যের দুদুর্ম প্রবেগ অথবা সত্য সঙ্কল্পের তীর উন্মাদনা জাগে। কখনও শাণিত ব্রিম্পর ক্ষরধার বিবেক নিয়ে আসে তত্ত্বদশীর নির্বিকার ঔদাসীন্য। কখনও-বা জীবনের বিভীষিকায় আতৃ কিত অথবা আশাভ্রণের বেদনায় বিধুর প্রাণে প্রবল বিতৃষ্ণার ঢেউ ফেনিয়ে উঠে। অন্তরের এইসব গোপন প্রোত তর্থন চিত্তে ইহবিম,খীনতার একটা গভীর স্বর জাগায়। মনে হয় : ওই স্বৃদ্র লোকোত্তর ছাড়া বিশেবর সবই অসার—সবই মিথ্যা। এ-জগং শুধু দ্বপ্লছায়া নিষ্ঠুর কুৎসিৎ তিক্ততায় ভরা এই প্রথিবী, অবিশ্বদিধক্ষয়াতিশ্য়যুক্ত দ্বর্গসূত্রও অকিণ্ডিংকর, সাংসারচক্রের লক্ষ্যহীন আবর্তনে বারবার দেহধারণ একটা অভি-শাপ। এ-বিষাদযোগ সাধারণ মান্ত্র্যকে পীড়িত করলেও উদ্বৃদ্ধ করে না— শ্বধ্ব তার জীবনে সন্তারিত করে অতৃপ্ত অস্থিরতার একটা ধ্সের ছায়া। অথচ জীবনাসন্তিকেও সে বর্জন করতে পারে না। কিন্তু অসাধারণ মান্**ষ স**ত্যের চকিত আভাস পেয়ে তার সন্ধানে সব ছেড়ে বেরিয়ে পড়ে। তথন বৈরাগ্যের ওই সর্বনাশা উন্মাদনা হয় তার অধ্যাত্মপথের পাথেয়, তার তীব্রসংবেগ 'মন্তের সাধন কিংবা শরীর-পাতনে' তাকে করে উদ্দীপিত। এক-এক যুগে অথবা এক-এক দেশে বৈরাগ্যের ধ্যো এত প্রবল হয়েছে যে, সমাজের একটা বড় অংশ ঝুকে পড়েছে সন্ন্যাসের দিকে—তার প্রতি সবার সত্যকার টান থাক্ বা না থাক্। যারা ঘর ছাডতে পারেনি, তারা ঘরে রয়েছে সংসারের অবাস্তবতা সম্পর্কে একটা লম্জিত বিশ্বাসকে মনের গোপনে লালন ক'রে। চার্রাদক হতে 'এ-সংসার ধোঁকার টাটি'—এই বৈরাগ্যের গাথা সে-বিশ্বাসের আরও ইন্ধন যুগিয়েছে। তার ফলে জীবনের প্রতি মানুষের আগ্রহ শিথিল হয়েছে. তার সাধনা ক্রমেই তুচ্ছ ও বীর্যহীন হয়েছে। এমন-কি প্রকৃতির স্ক্রা 🔊তি-ক্রিয়ার বশে সংসার-বৈরাগোর আদর্শই সংসারের প্রতি একটা মূঢ় সংকীর্ণ আসক্তি এনেছে—মানুষ ভূলে গেছে সহজ আনন্দে দিব্য-পুরুষের প্রপঞ্চো-প্লাসের উদার ছন্দে সাড়া দিতে, ব্যক্তির ক্ষরদ্র স্বার্থের চরিতার্থতার কাছে বিরাট মানবকল্যাণের প্রগতিশীল আদর্শ অকিণ্ডিংকর হয়ে গেছে, একের জীবন একান্ত হয়ে সবার জীবনকে পংগু করেছে, সমষ্টির হিতকদেপ বিশ্বের কুর্-ক্ষেত্রে কর্মাযোগীর অকুণ্ঠ আত্মদানের উদ্দীপনাকে নির্বাপিত করেছে।... এইখানেই মনে হয়, বিশ্বোত্তর তত্ত্বের বিবৃতিতে কোথায় যেন খেঁকে গেছে একটা ফাঁক—হয়তো একটা অতিরঞ্জন, নয়তো প্রমাদী চিত্তের কল্পিত একটা বিরোধ। তাইতে সামরস্যের দিব্য আনন্দ হতে আমরা বণ্ডিত হয়েছি—স্'িষ্টর সমগ্র তাৎপর্যকে, স্রন্ধার অঞ্চ সত্যসঙ্কদ্পের ব্যঞ্জনাকে ভূল ব্রুকেছি।

সামরস্যের সঙ্কেত তখনই খ'জে পাব, যখন বিশ্বলীলার বিপলে সৌষম্যের

সংগ্রে আমাদেরও নানা গ্রন্থিজটিল মানবপ্রকৃতির সমগ্র স্কুরটিকে মিলিয়ে নিতে পারব। আমাদের আধার বিচিত্র উপাদানে গড়া—বহুমুখী অভীপ্সায় সে সংকল। তার প্রত্যেকটি অংশের ন্যায়সংগত দাবিকে পূর্ণে করা, প্রত্যেকের বৈশিষ্ট্যকে মর্যাদা দিয়ে ঐক্য ও সৌষ্ট্যোর মূল ছন্দ আবিষ্কার করা—এইতো আমাদের সাধনার লক্ষা। সমন্বয় বা অভংগসমাহার এই আবিভিন্যার সাধন হবে। আর ক্রমিক পর্নন্টি যখন মানবান্ধার স্বধর্মা, তখন প্রকৃতিপরিণামের পর্বে-পর্বে সমন্বয়ের সাধনাই হবে ইন্ট্রসিন্ধির সোপান। এদেশের প্রাচীন সংস্কৃতিতে এমনিতর একটা ব্যবস্থার প্রয়াস ছিল। প্রাচীন ভারত মানুষের চারটি প্রেষার্থ মেনেছিল : প্রথমত অর্থ বা মানুষের প্রাণধর্মের অনুকূল উপ-করণের সঞ্চয়, দ্বিতীয়ত কাম, তৃতীয়ত ধর্ম বা সাধনজীবনের অভীপসা, চতুর্থত মোক্ষ—অধ্যাত্মযোগের যা চরম লক্ষ্য ও নিয়তি। প্রথম দুটিতে মান,যের দেহ প্রাণ ও হৃদয়ের দাবি মিটবে। তৃতীয়টিতে ঈশ্বর জগৎ ও জীবের স্বধর্ম জেনে তার শীল- ও ধর্ম-সাধনার আকাষ্ক্রা তপ্ত হবে এবং শেষের্রাটতে শান্ত হবে তার লোকোত্তরের আক্রিত—আবিদ্যাচ্ছন্ন পাথিব-জীবনের বন্ধনমুক্ত হয়ে সে নির্বাতির চরম অধিকার পাবে। এই জীবনা-দর্শকে মেনে দেখা দিল চতরাশ্রমের কল্পনা—জীবনব্যাপী শিক্ষানবিশির চারটি পর্ব। প্রথম দুর্টি পর্বে শীল ও ধর্মের অনুশীলনে সংযামত চিত্তের দ্বারা মানুষের নৈস্গিক কামনা ও প্রবৃত্তির তপণি, তৃতীয় পর্বে সংসার হতে সরে গিয়ে অধ্যাত্মজীবনের জন্য প্রস্তৃতি এবং শেষ পর্বে জীবনাসক্তি বর্জন করে চিন্ময় স্বরূপে অবগাহন। অবশ্য জীবনযাত্রার এই শাস্ত্রশাসিত ছককে সর্বজনীন বলবার বিরুদ্ধে আপত্তি এই যে, একটি ব্যক্তির সীমিত আয়ু-ত্কালের মধ্যে এই চতত্পর্বা সাধনাকে সিন্ধির কোঠায় উত্তীর্ণ করা সবার পক্ষে সম্ভব কিনা সন্দেহ। তার জবাবে বলতে হল : মোক্ষপর্বই মানুষের পরম প্রেষার্থ। এই পর্বে পে'ছিতে গিয়ে সকল ঘাঁটিই সে পেরিয়ে আসে জন্ম-জন্মান্তরের দীর্ঘ পরম্পরার ভিতর দিয়ে।...প্রাচীন ভারতের এই সমন্বয়ের আদশে ছিল আধ্যাত্মিক অন্তদ্ভির গভীরতা, পরিপ্রেক্ষিতের ঔদার্য, একটা সর্বাংগীণ সামঞ্জস্য ও পূর্ণতার পরিকল্পনা। তার ফলে মানুষের জীবন-তন্ত্রীও উচ্চ ঘাটে বাঁধা হয়েছিল। কিন্তু এ-ব্যবস্থা শেষপর্যন্ত জখম হল বৈরাগ্যসাধনার মান্রাছাড়া ঝোঁকে। তাতে সমাজব্যবন্থার সামঞ্জস্য নন্ট হয়ে গেল, জীবনের অংগনে দেখা দিল প্রবৃত্তিমুখী আর নিবৃত্তিমুখী আদশের তুমলে দ্বন্ধ। সমাজের একদিকে রইল প্রবৃত্তি ও কামনায় ক্ষুখে গৃহচ্ছের প্রাকৃত জীবন—শীল ও ধর্মের গৈরিক আভাসে রাঙানো। আরেকদিকে দেখা দিল সম্যাসীর অপ্রাকৃত বা অতিপ্রাকৃত অন্তর্ম খী জীবন—ইহবিম খ বৈরাগ্য যার ভিত্তি। বিরোধের বীজ কিন্ত সমন্বয়ের প্রাচীন কম্পনাতেই নিহিত ছিল।

তার আদর্শান্সারে জীবনের মৃথ ফেরানো থাকবে বৈরাগ্যের দিকে। অতএব কালক্রমে বৈরাগ্যের স্বর এদেশে যে চড়া হয়ে উঠবে, তাতে আর আশ্চর্য কি? জীবন হতে মহাভিনিষ্ক্রমণকে যদি পরমপ্রবৃষার্থ করি, সার্থক জীবনের কোনও উন্নত ও উদার কল্পনা যদি চিত্তকে উন্বৃদ্ধ না করে, জীবনের মর্মাম্লে যদি পরমদেবতার আর-কোনও কল্যাণময় ইন্গিত খাজে না পাই, তাহলে মান্বের বৃদ্ধ ও সংকল্পের দ্বর্দম আবেগ জীবনকে বর্জন করে মোক্ষের সংক্ষিপ্ত রাস্তাটাই তো খাজে বার করবে—কেন সে মিছিমিছি ভবচক্রের গোলকধাধায় ঘ্রতে যাবে? আর মোক্ষের পাকদিডটা যদি নিতান্তই তার পক্ষে দ্বারোহ হয়, তাহলে অহংবিম্বিক্তর আশা ছেড়ে অহংএরই যোড়শোপচার প্রজায় সে লেগে যাবে—জানবে এর চেয়ে বড় আর-কোনও প্রবৃষার্থই তার নাই! এমনি করে সংসারে আর সন্ন্যাসে, ম্ন্ময়ে আর চিন্ময়ে জীবন দ্বভাগ হয়ে পড়ে। তখন উল্লম্ফন ছাড়া দ্বয়ের ব্যবধান পার হবার আর উপায় থাকে না। তাইতে মন্যুপ্রকৃতির দ্বিট বিভাবের মধ্যে সৌষম্য কি সমন্বয় ঘটাবার কল্পনা ব্যর্থ হয়।

যদি জানি : নিখিল বিশ্ব এক চিন্ময় উধর্বপরিণামের অভিযাত্রী, জন্ম হতে জন্মান্তরে আধারে উন্মিষিত হচ্ছে পর্যমপুরুষের অমৃত জ্যোতির শতদল। এই দল-মেলার আয়োজনে মানুষ তাঁর মুখ্য সাধন, মনুষ্যজীবনেরই শিরো-বিন্দুতে দেখা দেয় উত্তরায়ণের মহাসংক্রান্তি।—তাহলেই সাংসারজীবনের সংগ অধ্যাত্মজীবনের সূমম সমন্বয়ের ছন্দটি আমরা খ্রাজে পাব। কারণ, এই উদার দূণ্টিতে মনুষ্য-প্রকৃতির সমগ্ররূপটি আমাদের কাছে ধরা পড়বে। ভূলোক দ্যুলোক আর লোকোন্তরের প্রতি যে তার অন্তরের গ্রিস্রোতা আকর্ষণ তার যথাযথ মর্যাদা দেওয়াও তথন সম্ভব হবে। কিন্তু এই তিনটি আকর্ষণের মাঝে যে-অন্যোন্যবিরোধ রয়েছে, তার সম্যাক সমাধান হতে পারে শ্ব্ধ এই কথাটি জেনে যে : দেহ-প্রাণ-মনকে আশ্রয় করে চেতনার যে অবর-চিপ্টৌ রয়েছে, তার চরম সার্থকতা তখনই ঘটবে—যখন চিন্ময় উত্তরজ্যোতির বীর্যে ও আনন্দে আপ্লত এবং রূপান্তরিত হয়ে সে নতুন ভাগ্গতে দেখা দেবে। এই উত্তরজ্যোতি প্রকৃতির অবর-ছন্দকে যদি প্রত্যাখ্যান করে, তাহলে কিন্তু তার ন্বভাবের ঋতম্ভরা প্রেতি সার্থক হয় না। তার সত্যধর্ম হল অপরা প্রকৃতির ঈশ্বর হয়ে তাকে উপর দিকে টেনে তোলা, ন্যুনতার আপ্রেণ করে তার গোত্রান্তর এবং রূপান্তর ঘটানো—এককথায় অন্নময় প্রাণময় আর মনোময় প্রকৃতিকে চিন্ময় এবং অতিমানস করে তোলা। ঐহিক-দর্শনের দাবি আজ মান, राव भारत अवल श्राह्म सान, यह भाषित की वनरक, समिष्टिमानरवि উচ্জবল ভবিষ্যের প্রত্যাশাকে সে মর্যাদার আসনে বসিয়েছে—জীবনসমস্যার সমগ্র সমাধান সম্পর্কে তার জিজ্ঞাসাকে নিরন্তর উদাত রেখেছে। ঐহিক-

দর্শন এইট্কু উপকার আমাদের করেছে। কিন্তু ঐকান্তিক অভিনিবেশের আতিশব্যে মান্বের অধিকারকেও সে খর্ব করেছে—জীবনের অন্তর্গত্বে সর্বেত্তম ও উদারতম সম্ভাবনার প্রতি তার দৃষ্টিকে অন্ধ করেছে, আর এই ন্যুনতাতে নিজেও সে লক্ষ্যচ্যুত হয়েছে। মান্বের মধ্যে এবং বিশ্বপ্রকৃতিতে মনই যদি চরমতত্ত্ব হত, তাহলে হয়তো তার এ-পরাভব ঘটত না। তব্ব তার অধিকার সংকৃচিত হত, ভবিতব্য সংকীর্ণ হত, আনাগতের দিশ্বলয়ে সমৃদ্রের হাতছানি থাকত না। কিন্তু মন যদি চেতনার আংশিক উন্মীলনমাত্র হয়, তাকে ছাড়িয়েও যদি মান্বের সাধ্যায়ন্ত ব্হত্তর কোনও শক্তির সঞ্চয় থাকে বিশ্বপ্রকৃতির ভাণ্ডারে, তাহলে ওপারের কথা ছেড়ে দিলেও আমাদের এপারের সিদ্ধিই যে ওই অন্তর্গত্বি উন্মীলনের 'পরে নির্ভর করবে, তাতে কি সন্দেহ আছে কারও? তখন গড়ে শক্তির উন্মেষই কি আমাদের উধ্বায়নের একমাত্র পথ হবে না?

বহং চেতনার বৈপালোর দিকে নিজেকে উন্মীলিত না করলে প্রাণ ও মনের পরিপূর্ণ ঐশ্বর্য কখনই ফুটতে পারে না। উপনিষদের ভাষায়, মন এই বৃহৎ জ্যোতির দ্বারপাল মাত্র। এ-জ্যোতি চিৎদ্বরূপের আত্মজ্যোতি। এ শুধু সর্বোত্তর নয়, সর্বাবগাহীও বটে। বৃহতের চেতনা ছড়িয়ে আছে বিশ্বময়—ছাডিয়ে গেছে বিশ্বকেও। তাই সে প্রাণ ও মনকে গ্রাস করে আপন জ্যোতি মন্ডলে তুলে নিতে পারে, তাদের সর্ববিধ এষণার সত্য ও চরম সার্থ কতা ঘটাতে পারে। কারণ এই দিবাচেতনাতেই আছে বিজ্ঞানের অলোকিক দিব্য-সামর্থ্য, আছে অকুণ্ঠ বীর্য ও সংকল্পের চির উৎস, আছে প্রীতি রতি ও কান্তির অফ্রন্ত প্রসর ও অতল গহনতা। আমাদের দেহ প্রাণ ও মন জ্ঞান বীর্য ও আনন্দের নির্বারিত প্লাবনের জন্য বৃভূক্ষিত হয়ে আছে। বৈরাগ্যের প্রলয়মন্ত্রসাধনায় তাথেকে তাদের বঞ্চিত করা—সে তো হবে তাদের আত্মভাবের পূর্ণতম ঐশ্বর্যকে কার্পণ্যোপহত করা। অধ্যাত্মচেতনার অন্বিতীয় অবর্ণ শ্দ্রতার প্রতি যার ঐকান্তিক আগ্রহ, চিদাত্মার সিস্ক্রাকে সে কুন্ঠিত করতে চায়—এই আধারে উপচীয়মান দেবতার বর্ণবিভৃতির প্রতি আমাদের দ্রুষ্টিকে সে পরাঙ্ম খ করে। এই সর্বনাশা দশনের কাছে প্রকৃতির পরিণাম অর্থ হীন ও লক্ষ্যশ্না-কেননা আজ পর্যন্ত প্রকৃতিতে যা-কিছু ফুটেছে তার মূলোং-পাটন করাই তো তার পরম প্রের্ষার্থ। তাই তার কাছে আমাদের জীবনায়ন শ্বধ্ব উদ্দ্রান্ত লক্ষ্যহীনতায় অবিদ্যার গহনে ঝাঁপিয়ে পড়ে কোনও উপায়ে বেরিয়ে আসা, অথবা অর্থহীন বিশ্বসম্ভৃতির ঘূর্ণিচক্রে জড়িয়ে গিয়ে আবার তাহতে ছিটকে পড়া।...এর মধ্যে লোকৈষণা এসে আরও গোল বাধায়। লোকৈষণা হল অন্তরিক্ষচারী। তাই লোকোত্তর ভূমিতে সত্তার পূর্ণসিদ্ধিকে সে যেমন ব্যাহত করে অলৈবতোপলন্ধির পরমপ্রতায়কে কুণ্ঠিত ক'রে, তেমনি

প্রাকৃতভূমিতেও তাকে খর্ব করে—জড়বিশ্বে চিংসত্তার অন্তর্ভাব এবং আত্মার স্থলেশরীর গ্রহণের গভীর তাৎপর্যের প্রতি আমাদের বোধশক্তিকে যথাযথ জাগ্রত না ক'রে। কিন্তু অখন্ড একাত্মপ্রতায়ের উদার উন্মেষে আবার আমরা সাম্যের হারানো স্বর ফিরে পাই। তার জ্যোতিতে আত্মসত্তার সমগ্র সত্য আমাদের চেতনায় ঝলমল হয়ে ওঠে—এক অবিচ্ছেদ সম্বন্ধের স্ক্রে গাঁথা পড়ে বিশ্বপ্রকৃতির সকল পর্ব।

এই অখণ্ড সম্যক্-দর্শনে বিশ্বোত্তীর্ণ ব্রহ্মতত্ত্বকে আমরা প্রমার্থসং বলে জানি। তাঁর উপলম্পিতে আমাদের চেতনার পরম স্ফূর্তি। কিন্তু বিশ্বোত্তীর্ণ তত্ত্ব হতে আবার বিশ্বভাব বিশ্বচেতনা বিশ্বক্রত ও বিশ্বপ্রাণের বিকিরণ। সে-বিকিরণ তাঁরই পরিমণ্ডলে—তাঁর বাইরে নয়, তাঁর আত্মপ্রকাশ ও আত্ম-উন্মীলনের বিলাসরূপে—আত্মবিরোধী তত্ত্বপে নয়। বিশ্বোত্তীর্ণের বিশ্বভাব একটা অর্থহীন খেয়াল বা বিশ্রম কি আক্ষিমক প্রমাদ নয়। এর মধ্যে আছে এক চিন্ময় সত্যের গভীর ব্যঞ্জনা। চিৎন্বরূপের বিচিত্র আত্মবিভাবনা এর অপ্রাকৃত তাৎপর্য—দিব্য-পূরুষ নিজেই তাঁর আত্ম-রহস্যের কুঞ্চিকা। চিৎন্বর্পের পরিপূর্ণ ম্ফূর্তি আমাদের মর্ত্যজীবনের লক্ষ্য। কিন্তু প্রমার্থসতের চেতনা অন্তরে স্ফুরিত না হলে এ-লক্ষ্যে পেণছনো সম্ভব নয়, কেননা সেই পরমের বিদ্যুন্ময় স্পর্শেই তো আমাদেরও আধারে শিউরে উঠবে পরা গতির চেতনা। আবার বিশ্বতত্ত্বকে বাদ দিয়ে কি এই আত্ম-উন্মীলন সম্ভব হবে? আমাদেরও যে বিশ্বময় ছড়াতে হবে, কেননা বিশ্বভাবে অনুপ্রবিষ্ট না হলে আমাদের জীবভাবও যে অসম্পূর্ণ থাকবে। সর্বের ভাব হতে নিজেকে বিযুক্ত করে জীব যখন অনুত্তরে পেণছতে চায়, তথন পরা সংবিতের উত্তঃগ শিখরে তার আত্মসংবিং হারিয়ে যায়। কিন্তু সর্বসংবিংকে আত্মসংবিতে ধারণ করলে নিজেকে যেমন সে পরো-পর্বার ফিরে পায়, তেমনি অনুত্তরের স্পর্শমণির ছোঁয়াকেও বাঁচিয়ে রাখে। অনুত্তর এবং আত্মার প্রতায়কে সে তখন আপ্রিত করে বিশ্বভাবের পূর্ণতায়। অতএব বিশেবাত্তর, বিশ্ব এবং ব্যাষ্টির অশৈবত উপলম্পিই হল চিৎস্বর্পের পরিপূর্ণ আত্মক্ষুরণের অপরিহার্য সাধন। কারণ বিশ্ব যেমন চিৎস্বর্পের সমগ্র আত্মপ্রকাশের ক্ষেত্র, তেমনি ব্যক্তির ভিতর দিয়েই এই বিশ্বে তাঁর কলায়-কলায় আত্ম-উন্মীলনের পরম ছন্দ স্ফুরিত হয়। কিন্তু তাহলে জীব পরম-শিবের অংশ হয়েও নিত্য এবং সত্য। শ্বধ্ব তা-ই নয়, অন্তরের নিগতে যোগে বিশ্ব এবং বিশ্বোত্তরের সংগ্রে তাদাস্মাভাবনাতেও সে যোগযুক্ত। তাই আস্ম-ভাবের অখণ্ড স্বর্পোপলম্বিতে ব্যাঘিজীব যেমন বিশ্বাত্মক হবে তেমনি হবে বিশ্বোত্তীর্ণ ও।

আবার পৃথিবী ছাড়া আরও-যে লোক আছে, এও সতা। আমরা যে

শুধু জড়ের ভূমিতে আবন্ধ রয়েছি, তা নয়। জড় ছাড়া চেতনার আরও-সব ভূমি আছে। আমাদের সংগে তাদের নিগ্যুত যোগ আছে এবং ইচ্ছা করলে সেসব ভূমিতে আমরা পেণছতেও পারি। এই আধার্ট্রেই খোলা রয়েছে লোকোত্তর জ্যোতির দুয়ার—অথচ আমরা তার সন্ধান জানি না, দুয়ার ঠেলে ওপার হতে এই আধারে দ্যালে।কের ঋতম্ভরা দ্যাতি ফাটিয়ে তুলতে পারি না। এতে কি আমাদের অখণ্ড সন্তার মহিমাকে খর্ব এবং খণ্ডিত করা হয় না ?...কিন্ত উত্তরচেতনার দিব্যধামই যে সিন্ধজীবের একমাত্র স্বধাম, তা নয়। অথবা কোনও অপরিণামী নিত্যলোকেই যে বিশ্বে চিৎস্বর**্**পের আত্মবিভাবনার চরম বা সমগ্র অর্থাট মূত হয়ে উঠেছে, তাও নয়। এই জড়বিশ্ব, এই মাটির প্রথিবী, এই মানুষের জীবন-এও তাঁর আর্মাবভাবনার অংগীভূত, এরও অন্তরে গোপন রয়েছে দিবাসন্ভূতির অমর মহিমা। সে-সম্ভূতির ছন্দ পরিণামের ছন্দ এবং তার মধ্যে বিশেবর সমুস্ত লোকের অমূর্ত সম্ভাবনা মূর্ত হবার প্রতীক্ষায় নিহিত রয়েছে। অতএব মর্ত্যজীবন অসার দঃখহত অদিব্যভাবের পংককুণ্ডে আত্মার নিমন্জন নয়; অথবা লোকোত্তর মহাশক্তির সূষ্ট এই দুঃখনাট্যের সে-ই যে নির্মাম দর্শক, কিংবা বিশ্বশক্তির দূর্বোধ বিধানে শরীরী জীবের দূঃখভোগ ও দূঃখ-পরিহারের সাধনাই যে জীবনের তাৎপর্য, তাও নয়। এ-জীবন চিৎস্বর্পেরই দলে-দলে আপনাকে উন্মালিত করবার রঙ্গভূমি। চিন্ময় দাীপ্ত বীর্য ও আনন্দের পরম ঐশ্বর্যের দিকে তাঁর অভিযান, কিন্তু চিন্ময় আত্মপরিণামের বহুমুখী বৈচিত্রাকেও তার সঙ্গে-সঙ্গে তিনি ফুটিয়ে চলেছেন। পাথিব-স্থির অন্তরে এক সর্বদশী আকৃতি প্রচ্ছন্ন রয়েছে। আমরা যেখানে দেখছি বিরোধ ও জটিলতার জঞ্জাল, তারও অন্তরালে এক দিব্য পরিকল্পনা রূপ ধরেছে বহু-বিচিত্র সিন্ধির অবন্ধন উল্লাসে। এই বহুভাবনার ঐশ্বর্যকে স্ফুরিত করাই জীবাত্মার অভ্যাদয় এবং প্রকৃতির তপস্যার লক্ষ্য।

ভূলোকেরও ওপারে উত্তরচেতনার দিব্যধামে জীব আর্ড় হতে পারে একথা যেমন সত্য, তেমনি উত্তরলোকের দিব্যশাক্তি ও বৃহত্তর চেতনার বিপ্ল বীর্য এই মর্ত্যভূমিতে যে একদিন র্পায়িত হবে—এ-সম্ভাবনাও সমান সত্য। চিংশক্তির এমনিতর মর্ত্যে অবতরণের জন্যই তো আত্মার শরীরগ্রহণ। পরাসংবিতের নিত্যবিভূতির্পে চেতনার উত্তরভূমিসমূহ যেমন সত্য, তেমনি তার পরিণামবিভূতির্পে এই পার্থিবচেতনার ভূমিও সত্য। আমাদের পার্থিবসত্তা সম্ভূত হয়েছে পরমসত্তার ওই লোকোত্তর বীর্যকে আপন আধারে ধারণ করবে বলে। আজ তার খণ্ডিত ছল্ল র্প দের্থছি। কিন্তু তার এই আদিপর্বকেই চরম ভাবা, মন্ধ্যত্বের পঞ্জা প্রকাশকেই প্রকৃতি-পরিণামের অন্তিম অধ্যায় মনে করা—এ কি কেবল আমাদের দিবাসম্ভূতির

অবন্ধ্য দ্রুক্তকে অস্বীকার করা নয়? মানুষের জীবনকে এত ক্ষুদ্র করে দেখলে তো চলবে না—তার অর্থাকে দেখতে হবে আরও বৃহৎ করে, আধারের অন্তর্গু ঐশ্বর্যের বিপলে সম্ভাবনাকে তার মধ্যে রুপায়িত করতে হবে। অমরত্বের মহিমাতেই আমাদের মরধর্ম সার্থাক হয়েছে। দল্পলোকের দিকে হিরণাবক্ষকে উন্মীলিত করেই ভূলোক পাবে দিব্যজ্ঞান ও দিব্যভাবনার অখন্ড অধিকার। জীবও আত্মস্বরুপের সম্যক্ পরিচয় এবং আপন জগতের 'পরে দিব্য ঈশনার অধিকার পাবে, যখন উত্তরচেতনার দিব্যধামে আর্ড় হয়ে সে অনুত্তর জ্যোতির পরম অনুভবে এবং শাশ্বত দিব্য-প্রুব্রের সন্ত্যা ও বীর্যের আবেশে জারিত হবে।

প্রথিবীতে আমরা যে এসেছি এবং আছি, জীবপ্রকৃতির চিন্ময়পরিণাম তার চরম তাৎপর্য না হলে এমনিতর অভগ্যসমাহারের সিন্ধি অসম্ভব হয়। জড়ের মধ্যে যে প্রাণ মন ও চিৎসত্ত্বের ক্রমিক আবিভাব ঘটল, তাইতে প্রমাণ হয়, চিৎশক্তির সমস্ত বিভূতির অভংগসমাহার অর্থাৎ জড়ের অন্ত-নিহিত চিদামার পরিপূর্ণ প্রকাশই জড়লীলার চরম অভিপ্রায়। তাই, চিৎসত্তার পরিপূর্ণ অাম্ম-সংবৃত্তি এবং পরিণামের পর্বে-পর্বে তার আম্ম-বিবৃত্তি—এই দুটি অয়ন আমাদের জড়াগ্রিত জীবনে সম্মিলিত হয়েছে। সন্তার প্রকাশ যেমন ঘটতে পারে নিরাবরণ নিতাস্বর্পের অকুণ্ঠ জ্যোতিতে, তেমনি স্বতঃসিম্ধ স্বতঃপূর্ণ নিত্যবিভূতির অন্তহীন বৈচিত্তো সে দল মেলতেও পারে। উধর্বলোকে সম্ভূতির এই শেষের ধারা দেখা দেয়। সেখানে বিস্ভির পর্বে-পর্বে নিত্যসিন্ধ বৈভবের শান্বত প্রতিপ্রকাশ—এখানকার মত কালিক পরিণামের ছন্দোদোলা সেখানে নাই। প্রত্যেকটি বিভৃতি সেখানে স্বয়ংপূর্ণ হলেও সে-পূর্ণতাকে ঘিরে আছে একটি বিশিষ্ট জগদ্ভাবের দিগ্বন্ধনমন্ত। কিন্তু এছাড়াও আত্মপ্রকাশের আরেকটি ছন্দ আছে, যা আত্ম-এষণাতে ব্যক্ত হয়। আপনাকে নিগ[হিত করে আবার আপনাকে খলে পাবার তপস্যা—এমনিতর কালতরজ্গিত অবস্পণ ও উৎসপ্ণেও তাঁর আত্মর্পায়ণের লীলা চলতে পারে। এই বিশ্বে সেই লীলাই দেখছি—যার আদিপর্বে আছে চেতনার সংবৃত্তি অথবা মৃংএর গহনে চিংএর আত্মনিগ্রহন।

অচিতির অন্ধর্তমিস্রায় চিংএর আত্মসংবৃত্তি, এই হল কালকলনাময় সম্ভূতির আদ্যলীলা। আর তার মধ্যলীলায় দেখা দিল অবিদ্যার পরিবেশে চিতিশক্তির উধর্বপরিণাম, যার মধ্যে বিজ্ঞানের অধ্স্ফুট কোরক আপন প্র্প্র্যমার সম্ভাবনাকে খ্রুজ ফিরছে। সেই এষণাই আমাদের প্রকৃতিতে নানা বিরুশ্ববৃত্তির সংঘাত ঘনিয়ে তুলছে। এখনও যে আমরা অপ্র্ণ, কলায়-কলায় ফুটতে পেয়েও এখনও যে আমরা প্রণিমার ক্লে পেশছইনি, আজ্ঞও যে পথের সম্থানে ব্যাকুল পথিকের দিন কেটে যায়—ভাইতে প্রমাণ

হয়, এখনও সংক্রান্তিযুগের গণ্ডিকে আমরা পার হয়ে যেতে পারিন। এই এষণার চরম পর্বে, সম্ভূতির অন্ত্যলীলায় দেখা দেবে চিৎস্বরূপের স্বতঃস্ফূর্ত আত্মসংবিতের বিদ্যান্ময় ঝলক—তাঁর দিবাভাব ও দিবাটেতনার স্বরূপবীর্য। …বিশ্বপ্রাণের মধ্যে চিৎম্বরূপের ক্রমিক আত্মরূপায়ণের এই তিনটি পর্ব। তার মধ্যে আজ-পর্যন্ত দেখা দিয়েছে দুটি পরের আবর্তন। প্রথম দুভিতৈ মনে হয়, এরও পরে আরেকটা চরম পর্বের উদয়ন ব্রুঝি অসম্ভব। কিন্ত যাক্তিবাদ্ধি বলে. দাটি পর্বের উত্তরকান্ডরাপে চরম পর্বের আবিভাব অবশ্যম্ভাবী। কারণ, অচিতি হতে চেতনার উন্মেষ যদি সম্ভব হয়, তাহলে অংশত-ব্যক্ত চেতনার পূর্ণ অভিব্যক্তিই-বা সম্ভব হবে না কেন? পাথিব-প্রকৃতির বুকে জবলছে সাধনসিদ্ধ দিব্য-জীবনের উৎশিখ অভীপ্সা এবং এই অভীগ্সাই বহন করছে বিশ্বপ্রকৃতির অন্তরে প্রমপ্রেরুষের দিব্যক্তর দ্যোতনা। অবশ্য সাধকের আরও অভীপ্সা আছে এবং তাদের সাধনাও সিদ্ধির ক্লে পেণছয়। কেউ চায় প্রপঞ্চোপশম প্রশান্তিতে অথবা নির্বিকল্প সমাধিতে আত্মার প্রলয়, কেউ-বা চায় শাশ্বত সামীপ্যের আনন্দে আত্মহারা হতে। তাদের আক্তিও পূর্ণ হয়—কেননা অনন্তস্বরূপের বৈভবও যে অনন্ত, অতএব আত্মভাবের বহু,ধা রুপায়ণে তিনি তো নিঃশেষিত হন না। কিন্তু মত্যের বুকে তাঁর সম্ভূতিলীলার যে-পসর। মেলা আছে, তার অনাদি আক্তি ওই প্রলয় বা নিক্ষমণের সিন্ধিতে কখনও সার্থক হয় না-কেননা তাহলে বিশ্ব জনতে এই দীর্ঘপর্বা প্রকৃতিপরিণামের কী প্রয়োজন ছিল? এ-জগৎ র্যাদ জীবের উত্তরায়ণের আয়তন হয়, তাহলে সে-অভিযানের সিদ্ধিও ঘটবে এইখানে। তখন অনবদ্য সম্ভূতিলীলায় স্বয়ম্ভ্সতের আত্মবিচ্ছুরণকে বলব বিশ্বক্মলের এমনিতর দল-মেলার এক্মাত্র নিগতে তাৎপর্য।

मश्रुम्भ वधाय

বিজ্ঞার পথে—জীব জগৎ ও ঈশ্বর

তত্ত্ৰমাস শ্বেতকেতো।

हात्मारभगभिवस ७ १४ १०

তুমি হচ্ছ তা-ই, শ্বেতকেতু।

—ছান্দোগ্যোপনিষং (৬।৮।৭)

ब्रेट्मिव जीवः मकलः जगक।

বিবেকচ,ডার্মাণ ৪৭৯

জীব ব্রহাই-সমস্ত জগংই ব্রহা।

—বিবেকচ,ভার্মাণ (৪৭৯)

প্রকৃতিং বিশ্বি মে পরাম্। জীবভূতাং...যয়েদং ধার্যতে জগং। এতদ্যোনীনি ভূতানি সর্বাণীভূগধারয়।

গীতা ৭।৫,৬

আমার পরা প্রুতিই হয়েছে জীব এবং সেই প্রকৃতি ধরে আছে এই জ্বনং।... সে-ই সর্বভূতের যোনি।

—গীতা (৭।৫,৬)

ছং দ্বী ছং প্রমানসি ছং কুমার উত বা কুমারী, ছং জীপোঁ দশ্ভেন বঞ্চি... নীলঃ পতংগা হরিতো লেহিতাক্ষঃ।

ন্বেতাশ্বতরোপনিবং ৪।৩.৪

তুমিই প্র্র্ব, তুমিই দ্বী—তুমিই কুমার অথবা কুমারী; জরাজীর্ণ হয়ে লাঠি ভর দিযে চল বাঁকা হয়ে; নীল পাখি, সব্জ পাখি, লালচোখের পাখি—সে তো তুমিই।

—শ্বেতাশ্বতর উপনিষদ (৪।৩,৪)

তস্যাবয়বভূতৈশ্রু ব্যাশ্তং সর্বাহ্মদং জগং।

শ্ৰেতাশ্ৰতরোপনিবং ৪।১০

তাঁরই অবয়ব যারা, তারাই ছেয়ে আছে এই নিখিল জ্বগং।

—শ্বেতাশ্বতর উপনিষদ (৪।১০)

রান্ধী সন্তাই বিশ্বের অন্বিতীয় চিন্ময় তত্ত্ব। সেই চিংন্বর্প জড়ের আপাত-অচিতির গহনে অন্তর্নিগ্রিত হয়ে আছেন। তাঁর এই বীজভাব হতেই দেখা দিয়েছে বিশ্বপরিণামের অঞ্কুর। রন্ধ ন্বর্পত শাশ্বত সং চিং এবং আনন্দ। অতএব পরিণম্যমান বিশ্বেও তাঁর সং-চিং-আনন্দের দিব্য ন্বভাব ক্ষ্রিত হবে। কিন্তু প্রথম হতেই তাঁর ন্বর্পসত্যের শা সমগ্রসত্যের ক্ষ্রেণ ঘটবে না। পরিণামের পর্বে-পর্বে দেখা দেবে কখনও তাঁর প্রকট কখনও-বা ছন্ম র্প। অচিতির অব্যক্ত হতে অচিংশক্তির প্রবর্তনায় পরিণামের আদিপর্বে রন্ধের সদ্ভাব জড়-ধাতু হয়ে ফ্রটল। যে-চেতনা তার আড়ালে প্রচ্ছেম্ব ও সংব্ত হয়ে ছিল, তার প্রথম ছন্মর্পকে ফ্রটতে দেখলাম প্রাণের

কম্পনে—সে জীবনত কিন্তু অবচেতন। তারপর দেখা দিল চেতনপ্রাণের কুনিঠত র পায়ণে জড়বিগ্রহের পরম্পরায় ওই প্রাণেরই নিজেকে পাবার তপস্যা—যার মধ্যে একে-একে বিকসিত হল তার পূর্ণতর আত্মপ্রকাশের^{*}নৈসগিক ছন্দ। প্রাণের লীলায়নে চেতনা অন্নময় নিষ্প্রাণ অচিতির আদিম অসাড়তাকে ঝেড়ে ফেলতে চাইছে—আপনাকে প্রকাশ করতে চাইছে আত্মরূপায়ণের স্ফুটতর মহিমায়। তার এই তপস্যার অপরিহার্য পরিণতি দেখা দিল অবিদ্যাতে। অবিদ্যার স্চনাতে পাই মনোময় প্রত্যক্ষের সম্মৃণ্ধপ্রত্যয়ের সঙ্গে জড়িয়ে বিষয় ও বিষয়ীর একটা প্রাণময় সংবিৎ মাত্র। গোডার দিকে এই প্রাণজপ্রত্যক জড ও অপর প্রাণের অভিঘাতে উদ্বৃদ্ধ একটা অন্তঃসংজ্ঞা বা আন্তর সংবেদনকে আশ্রয় করে গড়ে ওঠে। সংজ্ঞার এই কার্পণ্যের ভিতর দিয়ে চেতনা তার আত্ম-সত্তার নির্চে আনন্দর পটি যথাসাধ্য ফ্রটিয়ে তুলতে চায়। কিন্তু তার সে-প্রয়াস পর্যবাসত হয় শুধু সূত্র ও দুঃথের দ্বন্দ্ববিধর বেদনায়। অবশেষে মানুষের আধারে চেতনার এই তপস্যা মনের রূপ ধরে—তাতে বিষয় ও বিষয়ীর সংবিৎ আরও স্পন্ট হয়। কিন্তু তাতে চেতনার ষোড়শকল সামর্থ্যের একটি কলামাত্র ফোটে। সে যেন চিদাকাশে সম্ভাবিত জ্যোতিমহিমার প্রথম রাশ্ম-রেখা। এই অরুণোদয় মধ্যাহ্নতপনের দ্যাতিতে স্ফুরিত হবে—এই তো প্রকৃতিপরিণামের চরম কথা।

মান্য বিশ্বে আপন দখল পাকা করতে চায়—এই তার সাধনার আদি-কান্ড। কিন্তু তার উত্তরকান্ড হল নিজেকে ফুর্টিয়ে তুলে অবশেষে নিজেকেও ছাড়িয়ে যাওয়া। তার খণ্ডিত সত্তাকে বৃহতের পরিপূর্ণ সত্তায় আপ্রিত করতে হবে, খণ্ডচেতনাকে রপোন্তরিত করতে হবে সম্যক্-চেতনায়। প্রকৃতিকে সে জয় করবে বটে: কিম্তু সমগ্র বিশ্বকে একছের সূরস্বমায় গাঁথতে হবে —এও তো তার দায়। শুধু ব্যক্তিম্বের বিকাশ ঘটালেই চলবে না, সমগ্র বিশেব সেই ব্যক্তিত্বকে ব্যাপ্ত করে বিশ্বাত্মার অন্তব পেতে হবে, বৈশ্বানরের চিন্ময় আনন্দে উল্লাসিত হতে হবে। তার চিত্তে যা-কিছ্ অপ্পণ্ট অজ্ঞান ও প্রমাদ-গ্রুস্ত, তাকে পরিমান্ত্রিত পরিশন্ত্র্য ও রূপান্তরিত করে উত্তীর্ণ হতে হবে জ্ঞান কর্ম সংকলপ বেদনা ও চারিত্রের জ্যোতির্মায় বৃহৎসামের পরম ওদার্যে। তার প্রকৃতি এই লোকোত্তর সিশ্বির আকৃতিই বহন করছে—মহাশক্তি এই আদশে তার ব্রন্থিকে অন্প্রাণিত করেছে, তার প্রাণ ও মনের নাড়ীতে-নাড়ীতে ঢেলে দিয়েছে এই এষণার বৈদ্যাতী। কিন্তু সিদ্ধি আসবে তার সত্তা ও চেতনার আপনাকে তার বৃহং ও সার্থক করতে হবে—বহিশ্চর প্রকৃতির আপাতপ্রবৃত্তির সাময়িক সঙ্কোচ হতে নিজেকে নিম';ক্ত ক'রে চেতনায় জাগাতে হবে তারই পূহাচর চিদামার জ্যোতিবিশাল মহিমা। যা-কিছু তার মধ্যে সংবৃত্ত হয়ে আছে, তাকে বিবৃত্ত ও বিস্ফারিত করতে হবে আত্মপরিণামের

কলায়-কলায়—এই তার বিস্ভিটর তাৎপর্য। এই প্রত্যাশা আছে বলেই প্রকৃতিতে মান্বের আবির্ভাবের একটা গভীর সার্থাকতা রয়েছে। আজ বাইরে থেকে দেখছি, মান্ব যেন অস্তিত্বের পটে ক্ষণিকার লেখা মান্ত—স্থলে দেহের কারাগারে সংকীণ চিন্তের শৃঙখলে সে বন্দী। কিন্তু এই মান্বকেই খ্রেজ বার করতে হবে তার অন্তরের সত্য মান্বটি—বৈশ্বানর প্র্রুষর্পে যিনি নিজের ও নিজস্ব পরিবেশের ঈশ্বর। দার্শনিকের পরিভাষা বর্জন করে আরও স্পণ্ট ভাষায় বলতে পারি: মাটির মান্বকে চিন্ময় মান্ব হয়ে ফ্টতে হবে, মৃত্যুর সন্তানকে হতে হবে 'অম্তস্য প্রতঃ'—এই তার দিব্য নির্যাত। এইজন্যেই বলেছিলাম, মান্বের আবির্ভাব প্রকৃতিপরিণামের যেন একটা বর্তনি। এইখান থেকেই পার্থিবপ্রকৃতি দিব্যপ্রকৃতির দিকে মোড় নিয়েছে।

তাইতে বৃঝি, এই অপাথিব সিদ্ধির অনুক্ল যে-জ্ঞানযোগ, সে কেবল বৃদ্ধিপ্রাহ্য তত্ত্বের সপ্তর নয়। আত্মা ও জগৎ সম্পর্কে খাঁটি খবর সংগ্রহ করে একটা খাঁটি মত-বিশ্বাস থাড়া করতে পারলেই সব হল না। বহিশ্চর মন অবশ্য জ্ঞান বলতে তা-ই বোঝে। ব্রহ্ম জীব ও জগৎ সম্পর্কে একটা প্র্পাষ্ট ধারণা গড়ে তোলাতে বৃদ্ধির জিজ্ঞাসা তৃপ্ত হতে পারে। কিন্তু তাতে আত্মার পিপাসা মেটে না—কেননা এমনতর পরোক্ষজ্ঞানে তো আমরা আনন্ত্যের চিন্ময় তনয় হব না। প্রাচীন ঋষিরা জ্ঞান বলতে বৃঝতেন আত্মায় পরমার্থের অপরোক্ষ-অনুভবে চেতনার র্পান্তর। 'ব্রহ্ম বেদ, ব্রহ্ম এব ভর্বাত': পরাৎপরকে জেনে পরাংপর হওয়া—এই তো জ্ঞানের লক্ষণ। এইজনাই ব্যাবহারিক জীবন ও কর্মকে শৃধ্ব সত্য ও ঋতের বৃদ্ধিকদ্পিত সংস্কার অনুযায়ী কিংবা সার্থক সাংসারিক বৃদ্ধির হ্বুমুমে পরিচালিত করা, অথবা শীলপালন ও প্রাণবাসনার তিপ্তিসাধন করা কথনও আমাদের চরম প্রের্যার্থ হতে পারে না। আমাদের লক্ষ্য হবে আত্মসত্তার চিন্ময় মর্মসত্যে অবগাহন করা—অথন্ড সচিচদানন্দের শাশ্বত পরমন্বভাবে উত্তীর্ণ হওয়া।

ওই প্রমসত্তাই আমাদের সমগ্র সন্তার প্রতিষ্ঠা এবং আয়তন—এই আধারে তাঁরই উদ্মেষ চলছে তিলে-তিলে। তাঁর সত্তায় আমাদের সত্তা, তাঁর চেতনায় আমাদের চেতনা, তাঁর চিন্ময়ী শক্তিতে আমাদের শক্তি—তাঁরি আনন্দ উপচে পড়ছে আমাদের সত্তায় ন্বতঃস্ফৃত আনন্দপ্রবেগে, আমাদের শক্তি ও চেতনার উল্লাসে : এই হল আমাদের জীবনের মর্মকথা। কিন্তু এই সংচিং-আনন্দ-শক্তি আরেক ছন্দে বাইরে ফোটে—অবিদ্যার লাঞ্ছনে লাঞ্ছিত হয়ে। আমাদের অহন্তা সেই চিন্ময় প্রেষ নয়—দিব্য-প্রের্ষের দিকে তাকিয়ে যে বলতে পারে 'সোহহর্মাস্ম!' আমাদের চিত্ত ব্রাহ্মী চেতনা নয়, সঙ্কলপ তাঁর চিংশক্তির মন্ত্রধারা নয়। আমাদের সন্থে-দ্রংখে—এমন-কি হর্ষ ও উল্লাসের চরম কোটিতেও তাঁর অমেয় আনন্দের উপমা নাই। ব্যাবহারিক জীবনে এখন

পর্যন্ত আমাদের অহনতাই আত্মন্বরূপের ভান করছে—আমাদের অবিদ্যায় চলছে বিদ্যার এষণা, সংকল্প খ্রুছে সত্যভাবনার নিরংক্রণ সংবেগ, কামনা ফিরছে সদানদের সন্ধানে। আত্মার স্বরূপ না জেনেও তাঁর পরিচিতিতে যে অর্ধচ্ছন্ন ভাবকের মন্ত্রবর্ণ মুখর হয়ে উঠেছিল, তার প্রতিধর্নন করে বলতে পারি—'নিজেকে ছাডিয়ে গিয়েই নিজেকে পাওয়া' এই তো আমাদের জীবনের নিয়তিকৃত কুছু, তপস্যা। এমনি করে আত্মাহ,তির কঠিন দায়কে আমরা বহন করে চলেছি দুর্দার্শ স্বারাজ্য-মহিমার আকর্ষণে। আমাদের উধের্ব ও অন্তরকন্দরে, অনন্তচেতনা ও শাশ্বতপ্রজ্ঞার্পিণী মহাযোগিনীর সন্মিত দুষ্টিতে ঘনিয়ে উঠেছে এক আলোর আডাল জনিব চনীয়া দৈবী মায়ার রহস্যে গহন হয়ে—আর চেতনার অধদতলে অবিদ্যার্পিণী ডাকিনীর কুটিল অধরে উদ্যত হয়ে আছে এক অনাদি জিজ্ঞাসা। এই উভয়ের রহস্যকে ভেদ করে আত্মস্বরূপের সত্য পরিচয় নেওয়া—এই আমাদের একমাত্র সাধনা। অহমিকার গণ্ডি ভেঙে নিজের সতাস্বরপ্রেক ফিরে পাওয়া, সত্তার মূলাধারকে আবিষ্কার করে তার ভাবনায় নিত্যনন্দিত হওয়া আধারের স্বত-উচ্ছল আনন্দের নিঝরিণে —এই তো আমাদের পাথিবজীবনের পরম তাৎপর্য। এরই নিগ্রেড আক্তি বয়ে আমরা বিশ্বের রঙ্গমণ্ডে জীবের ভূমিকা নিয়ে নেমে এসেছি।

আমাদের বুন্ধিজন্য বিদ্যা এবং ব্যাবহারিক কর্মও মহাপ্রকৃতির বিধান। এই বিদ্যা ও কর্মের দ্বারা অন্তর্গ চূচ্ সত্তা চৈতন্য বীর্য ও ভোগশক্তির যতটাকু আমাদের অপরা প্রকৃতিতে রূপায়িত হয়েছে, ততট্বকুকেই আমরা বাইরে বিচ্ছ্বরিত করতে পারি। তাদের দিয়ে আমাদের আত্মর্পায়ণ ও আত্ম-বিচ্ছ্রবণের উত্তরসাধনা চলে, নিজের মধ্যে ভব্যার্থের বিপল্ল সঞ্চয়কে ভূতার্থে র্পান্তরিত করবার অক্লান্ত প্রয়াস চলে। কিন্তু এই প্রাকৃত বৃদ্ধি ও মনো-ময়ী বিদ্যা কিংবা কর্মসংবেগকে আমাদের চেতনা ও শক্তির একমাত্র সাধন বলতে পারি না। আমাদের আত্মপ্রকৃতিতে সন্ধিনী-শক্তির ভূতভব্যবিধায়িকা বিভূতির লীলা চলছে। তাই, কি চেতনার ঋতায়নে, কি শক্তির প্রযোজনায় তার বৈচিত্র্য ও জটিলতার অন্ত নাই। এই গ্রান্থজটিল জালের যে-কোনও একটি সূত্রকে সহজভাবে নিজের হাতের মুঠায় যদি পাই. তবে তাকে ধরে তার অর্কানহিত মহন্তম ও সক্ষাত্রতম সম্ভাবনাকে রূপ দেওয়াই হবে আমাদের জীবনব্রত। এমান করে আত্ম-আবিষ্কারের দ্বারা যে খদ্ধি এবং বীর্য আমাদের অধিগত হবে, তাকে একটিমাত্র লক্ষ্যের সাধনায় নিয়োজিত করতে হবে। সে লক্ষ্য এই : আত্মসম্ভূতির অনির্বৃদ্ধ প্রবেগে আপনাকে আমরা উৎসারিত করব, আনখনিখ চিন্ময় হয়ে উপচে পড়ব সিন্ধ আধারের ঐশ্বর্ষে এবং আত্মসংবিং ও বিশ্বসংবিতের নীরন্ধ অনুভবে, সন্ধিনী-শক্তির সার্থক র পায়ণে আনন্দর্নিবড় হবে আমাদের চেতনা। আর, এই সম্ভূতির বীর্ষকে

সিম্ধকর্মের অধ্যা প্লাবনে আমরা বইরে দেব জগতের 'পরে, দিব্যভাবনার অবন্ধ্য প্রেতিতে তাকে উপচিত ও উন্দেবল করে তুলব লোকোত্তর সিন্ধির তুজাশ্রেগর অভিমুখে, আনন্তার বিশ্বব্যাপ্ত অবন্ধন উদার্যে তাকে প্রসারিত করব। মানুষের যুগ-যুগান্তব্যাপী তপস্যায়, তার ধর্মে কর্মে সমাজে শিল্পে বিজ্ঞানে ও শীলাচারে—এককথায় জীবনের বিচিত্র সাধনায় তার অল্লময় প্রাণময় মনোময় ও চিন্ময় সন্তার যে প্রকাশ ও পর্বাণ্টর আয়োজন, সে যেন মহাপ্রকৃতির বিপর্শ তপোনাটোর এক-একটি অঙ্ক। আমাদের থর্ব দৃষ্টি তার অর্থকে যত সংকুচিত করেই দেখুক না কেন, তব্ব এই উত্তরায়ণের তপস্যাই জীবনের সত্যকার প্রতিষ্ঠা এবং তাৎপর্য। তাই প্রাচীন বৈদিক ঋষিরা 'বিদ্যা' বলতে ব্রুত্বেন শর্থ্ব বৃদ্ধি দিয়ে জানা নয়, কিন্তু জীব হয়েও সমগ্র সন্তা দিয়ে শিবত্বের বিশ্বভাবন চিন্ময় ব্যাপ্তি এবং পরম আনন্তার অনুভবে দীপ্ত হওয়া। শর্থ্ব তার খন্ডিত অনুভবে নয়, আনন্তাকে করামলকবং অধিগত করে তাতে নিরন্তর বাস করা, তাকে জেনে তা-ই হয়ে আধারের অণ্তে-অণ্তে চেতনার তন্দ্র-তন্তে উল্লেসিত বীর্যে তাকে ফর্টিয়ে তোলা—একেই তাঁরা বলতেন অমৃত্ব, একেই জানতেন মানুষের দিব্যভাবনার চরম আদর্শ বলে।

কিন্তু প্রাকৃতমান,ষের চিত্তের গঠন, তার অধ্যাত্ম এবং অধিভূত দুষ্টির ধরন অন্যরকম। দেহ আর ইন্দ্রিয়ের সঙ্কোচবশত গোড়া হতেই যা-কিছু; স্থলে আপেক্ষিক ও আপাতিক তার সংগে সে জড়িয়ে আছে। তাই প্রকৃতি-পরিণামের বিশাল কন্বরেখায় তাকে বাধ্য হয়ে প্রথমত মন্থরগতিতে অন্থের মত হাতড়ে-হাতড়ে এগোতে হয়। সন্তার সমগ্র পরিচয় তার দ্রন্থিতে অশ্বৈত-সম্বমায় প্রথমেই ফুটে ওঠে না। সে তার মধ্যে দেখে নানাত্বকে, যাকে তার জিজ্ঞাসা তিনটি মুখ্য পদার্থে বা তত্ত্বে পর্যবাসত করে। প্রথম পদার্থটি জীবাত্মা বা সে নিজে: আর দুর্টি প্রকৃতি ও ঈশ্বর। প্রাকৃত অজ্ঞানদশায় শ্বধ্ব প্রথমটির সঙ্গে তার অপরোক্ষ পরিচয় আছে। নিজেকে সে বিশ্ব হতে আপাতবিষাক্ত বলে অনাভব করে, অথচ বিশ্ব হতে কোনকালেই তার যোগ ছিল্ল হবার নয়। আপনাতে আপনি পর্যাপ্ত হতে চেয়েও সে বার্থকাম হয়, কেননা সবাইকে ছেডে তার আত্মলাভ স্থিতি বা সিশ্বি কোনও-কিছুই সম্ভব-পর নয়। অন্তিম্বের প্রতি পদক্ষেপে অপরের সহায়তা তার চাই, চাই বিশ্ব-সত্তা ও বিশ্বপ্রকৃতির আন্কেল্য।...িশ্বতীয় পদার্থটিকে সে জানে পরোক্ষ উপায়ে—মন ও স্থলে ইন্দিয়ে এবং তাদের বিষয়জনিত বিকার দিঁরে। এই জানার পরিধিকে প্রসারিত করবার জন্য তার অক্রান্ত প্রয়াস। নিজের বাইরে সন্তার এই-যে পরিশেষ, তাকে এড়িয়ে যাবার জো নাই। অথচ একদিকে তার সঙ্গে অবিনাভূত হয়েও আরেকদিকে তার থেকে সে বিবিক্ত। এই পরিশিষ্ট সত্তা হল প্রকৃতি বা বিশ্বজগৎ অথবা স্ব-ভিন্ন জীবব্যক্তি, যারা তার দৃষ্টিতে

যুগপৎ আত্মসদৃশ হয়েও বিসদৃশ। গাছপালা পশ্পাথির সঙ্গে পর্যক্ত তার এমনিতর প্রকৃতিগত সাম্য ও বৈষম্যের সম্পর্ক। মনে হয়, প্রত্যেক জীব যেন প্রতক্ত্র—প্রভাবের পথ ধরে আপন মনে চলেছে। অর্থাচ সবাইকে নিয়ে প্রকৃতিপরিণামের একটা বিরাট কম্ব্রেখা আবিতিত হয়ে চলেছে, য়য় মধ্যে মান্বেরর সঙ্গে আপন কোঠায় আর-সকলেও প্রান পেয়েছে।...তারও পরে মান্ব আভাসে আর-একটি বস্তুর সম্থান পায়—র্যদিও তার সম্পর্কে তার জ্ঞান নিতাম্তই পরোক্ষ এবং সামিত। শ্র্য্ নিজেকে এবং নিজের সন্তার আক্তিকে দিয়ে সে এই তৃতীয় বস্তুটির একটা অস্পত্ট পরিচয় পায়। কখনও জগতের মধ্যে, তার দিগন্তলীন লক্ষ্যের ইশারায় যেন তার চকিত আভাস মেলে: এ-জগৎ যেন কাকে চায়, অস্ফ্রট প্রকাশের বেদনায় যেন গড়তে চায় কার আকার। কিংবা কোনও অদ্শ্য তত্ত্বভাবের বা গ্রহাচর অনন্তের গোপন ছন্দে তার অজ্ঞাতসারে অকল্পিত র্পের মেলা গড়ে ওঠে। বিশ্বের এই গভীর আক্তিও মান্বের চিত্তে কখনও ওই রহস্যময় অজানার ছায়া ফেলে।

এই-যে অজানা বস্তুটি, এই-যে 'তাত ীয়ং কিং স্বিদ্'—একে মান্ষ নাম দিয়েছে ঈশ্বর। ঈশ্বর বলতে সে বোঝে এমন একটা-কিছ্ব বা একজন, যিনি পরাংপর চিন্ময় সর্বময় সর্বজারণ। কখনও একটি বিভূতিতে সে তাঁর প্রকাশ কলপনা করেছে, কখনও-বা তাঁর মধ্যে দেখেছে সর্ববিভূতির সমাহার। এখানে যা-কিছ্ব অপ্র্ণ বা খন্ডিত, তাঁর সমগ্রতায় তারা প্র্ণতা পেয়েছে। এই বিশেবর লক্ষ্ণ-কোটি বিশেষের আশ্রয় পরম-নিবিশেষ তিনি—তিনি সেই অজানা, যাঁকে জানলে বুল্ধির কাছে সকল জানার সত্য রহস্য উদ্ঘাটিত হয়।

আত্মা বিশ্ব ও ঈশ্বর—এই তিনটি পদার্থকে ঘিরে তত্ত্বজিজ্ঞাসা জেগেছে মান্বের চিন্তে। আবার এই তিনটিকেই সে প্রত্যাখ্যন করেছে। কখনও সে আত্মার বাস্তবতাকে নিরাকৃত করেছে, কখনও বলেছে জগৎ নাই, কখনওবা ঈশ্বরের অস্তিছে অর্বিশ্বাস করেছে। কিন্তু সে-প্রতিষেধের অস্তরালেও তার দর্নিবার জ্ঞানের পিপাসা প্রচ্ছন্ন রয়েছে। চিরকাল, এই তিনটি পরম পদার্থের একটা অশ্বতসমাহার সে চেয়ে এসেছে. তার জন্য দ্টিকে একের মধ্যে তালিয়ে দিতে বা ছেটে ফেলতেও তার আপত্তি নাই। এইজন্যে কখনও সে বলেছে: একমাত্র আমিই রয়েছি কারণর্পে—এ-জগৎ আমারই বিজ্ঞানের কলপনা শ্ব্। কখনও-বা বলেছে: প্রকৃতিই সত্য—বিশ্বজগৎ প্রকৃতিশক্তির খেলা; আত্মা প্রকৃতির পরিণাম মাত্র এবং ঈশ্বর সেই আত্মার একটি কল্পনা। আবার কখনও উদান্তক্বপ্ঠে সে ঘোষণা করেছে: একমাত্র ব্রন্ধাই সত্য; এ-জগৎ মিথ্যা—ব্রন্ধের পরের বা আমাদের পরের আরোপিত অনির্বচনীয়া মায়ার খেলা! কিন্তু এইধরনের নেতিম্লক অশ্বৈতিসিন্ধিতে কোনকালেই মান্বের সকল জিজ্ঞাসার পরিত্তিপ্ত বা সমগ্র সমস্যার সমাধান ঘটেনি। এসব সিন্ধানেতর

প্রত্যেকটির বিরুদ্ধে প্রামাণ্য এবং নৈশ্চিত্যের তর্ক উঠতে পারে—বিশেষত যেসিম্পান্তের প্রতি ইন্দ্রিয়শাসিত বৃদ্ধির সৃষ্পান্ট একটা পক্ষপাত আছে। কিন্তৃ
ইন্দ্রিরের প্রামাণ্যকে আমল দিয়ে ঈশ্বরকে মানুষ বেশিদিন দ্রের ঠেকিয়ে
রাখতে পারে না, কারণ তাঁকে বাদ দিয়ে তার সত্যের এষণা হয় বন্ধ্যা, তার
নিজেরই চরম ও পরম স্বর্পটি হয় তিরস্কৃত। দর্শনের জগতে নিরীশ্বর
প্রকৃতিবাদকে আমরা স্বল্পায়্র বলেই জানি, কেননা একে মেনে মানুষের
অন্তরের রহস্যবৃদ্ধি কোনমতেই তৃপ্ত হতে পারেনি। মানুষের মনোময়ী
বিদ্যা নিজেকে যে-বেদের সন্ধানে উৎসর্গ করেছে, তার সঙ্গো যার মিল নাই—
কি করে তাকে বেদের শিরোভাগ বলে মানতে পারি? যেখানেই জীবনবেদের
সঙ্গে কলিপত বেদের এই গর্মিল দেখা দিয়েছে—সেখানে সমস্যার সমাধানে
তার্কিকের তর্কনিপ্রুদ্ধ কিছ্বতেই তাকে পরা বিদ্যার চরম বাণী বলে মানতে
পারেন নি।

কিছুতেই মানুষ ভাবতে পারে না যে নিজের কাছে নিজে সে পর্যাপ্ত। জগং হতে বি বক্ত অথবা শাশ্বত সর্বময়ও সে নয়। অতএব তাকে দিয়ে বিশ্বতত্ত্বের ব্যাখ্যা চলতে পারে না, কেননা তার দেহ-প্রাণ-মন যে বিশ্বেরই একটা অণুপ্রমাণ অবয়ব মাত্র। আবার পরিদুশামান বিশ্বকেও সে ভাবতে পারে না স্বতঃপর্যাপ্ত, কেননা অদুশ্য জড়শক্তির আইন-কানুন দিয়ে বিশ্ব-তত্ত্বের স্কুসঙ্গত একটা সমাধান মেলে না। জগতের মধ্যে মানুষের নিজের মধ্যে এমন অনেক-কিছুই আছে যা জড়শক্তির এল।কার বাইরে—সত্য বলতে জড়শক্তি যার একটা বহিরাবরণ বা মুখোস মাত্র। মানুষের বুলিধ বোধি ও হাদ্যব্ত্তিও এমন এক অদ্বয়পুরুষ বা অদ্বয়তত্ত্বে ছোঁয়া চায়, যার সঙ্গে জীব-শক্তি ও বিশ্বশক্তির একটা সম্পর্ক স্থাপন করে তারা সাধার এবং সার্থক হতে পারে। গুহাচর অনুভব অন্তহীন সান্তের আধাররূপী এক পরম আনন্ত্যের আভাস আনে। এই দৃশ্য বিশ্বের অল্ডরে ও অল্ডরালে এক অদৃশ্য অনন্ত তাকে ঘিরে আছে, যা বিশ্বের বহুখাবৈচিত্রাকে অন্যোন্যসম্পত্ত অন্বৈত-স্বভাবের স্বরস্বমায় গে'থে তুলছে। মান্ষের মন ফেরে এক পরম নিবি-শেষের সন্ধানে যার আশ্রয়ে অগণিত সান্ত সবিশেষের স্থান হবে। সে চায় বিশ্বম্ল এক প্রমার্থতত্ত্ব, স্পিটর প্রবর্তক এক অপ্রমেয় বীর্ষ্ শক্তি বা পুরুষ—বে হবে বিশ্বের অসংখ্যের ভূতগ্রামের স্রন্ধা এবং ভর্তা। বি-নামই সে তাকে দিক না, তব্ব তার চাই একটা পরাংপর বস্তু, একটা চিন্ময় সন্তা, একটা কারণতত্ত্ব, একটা শাশ্বত আনশ্তা নিত্যাম্পতি বা অখণ্ড পূর্ণতা—যার দিকে উল্মুখ হয়ে আছে সবার হাদয়, নিত্যকাল যে-সর্বের মধ্যে রয়েছে নিখিলের অদৃশ্য সমাহার, ষে-সর্বাধারকে ছেড়ে কারও সন্তাই সম্ভাবিত নর।

অথচ জীব ও জগংকে বাদ দিয়ে শুধু নিবিশেষ ব্রহ্মকে মানলেও তার চলবে না। কেননা, জীবনসমস্যা ও বিশ্বসমস্যা হতে তাহলে ছিটকে পড়ে জীব ও জগৎকে সে দূর্বোধ একটা প্রহেলিকা অথবা উদ্দ্রান্ত একটা রহস্য করে তুলবে। এক। নত-ব্রহ্মবাদে তার বৃদ্ধির আংশিক তুর্পণ অথবা শানিত-পিপাসার চরিতার্থতা ঘটে—যেমন নাকি স্থলেসেবী বুল্ধি লোকোত্তরকে অস্বীকার করে জড়প্রকৃতিকে পরমদেবতার আসনে বসিয়ে সহজেই তৃপ্তি মানে। কিন্তু এ-সমাধানে মানুষের হৃদয়, তার চিত্তের সংবেগ, তার সন্তার বীর্যবন্তম সান্দ্রতম ভাগ অর্থহীন উদ্দ্রান্ত এবং অসার্থক থেকেই যায়। মনে হয়, তারা যেন শূর্ণসন্মাত্রের শার্ণবত প্রশান্তির ভূমিকায় আকস্মিক মুঢ়তার একটা চণ্ডল প্রেতচ্ছবি, অথবা বিশেবর শাশ্বত অচিতির পটে একটা অর্থহীন ছায়ার মায়া। আর বিশ্ব ? সে তো অন্তের স্বত্বর্রচিত অনুপ্রম মিথ্যার জাল শুধ্র। তার হিংস্র-বর্বর আততায়িতায় জীব অতিষ্ঠ, অথচ আসলে সে স্বতোবিরোধ-কর্ণাকিত একটা আকাশকুসমুম মাত্র। তত্ত্ত একটা দুঃখালয় দ্বন্দ্বজর্জর প্রহেলিকা হয়েও বাইরে সে সেজে আছে অপর্প বিস্ময় ও আনন্দের মোহিনী-মূর্তিতে। অথবা বিশ্ব হয়তো একটা অন্ধ অথচ ব্যহিত শক্তির অর্থহীন অপ্রমেয় উচ্ছনাস—জীব তার বৃকে কালোৎক্ষিপ্ত বৈষম্যের বৃশ্বৃদ মাত্র— অচিতির বিরাটবক্ষে কেন তার আবির্ভাব কে জানে !...কিন্তু জীবে ও জগতে যে প্রাণ ও চেতনা মঞ্জরিত হয়ে উঠেছে, এ-কম্পনায় তার কোনও সার্থক পরিণাম তো খাজে পাওয়া যায় না। তাই মান, ষের মন সমন্বয়ের সেই যোগ-স্তুটি চায়, যাকে ধরে জগৎ সার্থক হবে জীবে এবং জীবও সার্থক হবে জগতে এবং উভয়ের পরম সার্থকতা ঘটবে ব্রহ্মে—কেননা চরম দৃষ্টিতে ব্রহ্মই তো নিজেকে যুগপৎ জীবে ও জগতে অভিব্যক্ত করছেন।

জীব জগং ও ব্রহ্ম—এই তিনটি তত্ত্বের অন্বয়-সমন্বয়ের স্বীকৃতি ও অন্ভবে পরা বিদ্যার সত্যর্প ফোটে। এই পরম চিপ্টীর একত্ব এবং অভ্গাসমাহারের উপলম্বিকে লক্ষ্য করে মান্বের উপচীয়মান আত্মসংবিতের কমলদল
উন্মিষিত হচ্ছে। এই মহাসামরস্যের দিবাধামেই তার পরম তৃপ্তি ও চরম
প্র্তা। একত্বের বিজ্ঞান ছাড়া এ-তিনের জ্ঞান কখনও প্র্ণাপ্য হতে পারে
না। এদের অবিপ্রত্ অবিনাভাবের 'পরে প্রত্যেকের অভ্গাপ্র্ণতার প্রতিন্ঠা।
আবার প্রত্যেককে প্র্ণভাবে জানলেই আমাদের চেতনায় তাদের চিবেণীস্পাম
ঘটে। তখন সর্ববিজ্ঞানের উদার পরিবেশে অখন্ডেকরস হয়ে মিলিত হয়
জানার সকল ধারা। নইলে তিনের মধ্যে অন্যোন্যভেদের স্টিউ ক'রে, একটির
প্রতি একান্ত অভিনিবেশ্বশত আর-দ্টিকে নিরাকৃত ক'রে আমরা শ্ব্র্য্
অশ্বৈতের একটা পঞ্জা ধারণা পাই। অতএব মান্বকে বিদ্যাবিব্নিশ্বর তপস্যা
করতে হবে নিশ্পক্ষ হয়ে। আত্মবিদ্যা বিশ্ববিদ্যা ও ব্রক্ষবিদ্যার সম্যক উপচরে

সে ত্রিবদ্যার অন্যোন্যসম্পর্টিত অদৈবতভাবনার মহাসংগমতীথে উত্তীর্ণ হবে। এই সমগ্রবিজ্ঞানে তার জ্ঞানযজ্ঞের প্রণাহর্তি। যতক্ষণ সে আত্মা জগং ও রক্ষের একদেশকে মাত্র জানবে, ততক্ষণ তার সে অপর্ণ জ্ঞান হতে ভেদের স্থিতি হবে। দ্ভিটর এই ন্যানতা দ্র হবে অম্বয়সমন্বয়ের উদারভূমিতে তিনটি তত্ত্বের সম্যক্ উপলব্ধিতে। তখনই তাদের সত্ত্যের সমগ্র রূপ মান্বের কাছে উদ্ঘাটিত হবে—অপস্ত হবে অদ্তত্বের অনাদিরহস্যের যর্বানকা।

অবশ্য একথার এমন অর্থ নয় যে, রক্ষা স্বয়ম্পূর্ণ স্বয়ম্ভূ তত্ত্ব নন। রক্ষা আপনাতে আপনি আছেন—জীব কি জগংকে আশ্রয় করে নয়। অথচ জীব ও জগৎ ব্রহ্মকে ধরেই আছে—আপনাতে আপনি থাকবার সাধ্য তাদের নাই। ব্রহ্মসত্তার সঙ্গে জীব ও জগতের সত্তা এক হয়ে আছে—তাদের স্বয়স্ভাবের এইমাত্র তাৎপর্য। কিন্তু তব্ব তারা ব্রহ্মশাক্তির বিস্পৃষ্টি এবং তাঁর শাশ্বত সদুভাবে তাদের চিন্ময় তত্তভাব কোনও-না-কোনও উপায়ে নিহিত আছে— নইলে তাদের বিস্থিত সম্ভব হত না, অথবা বিস্থত হয়েও তারা অর্থাহীন হত। এখানে যাকে নররপে দেখছি, ক্সতৃত সে নারায়ণের ব্যক্টিবিগ্রহ। এক পরমদেবতাই বহুধা বিভাবিত হয়ে হয়েছেন সর্বভৃতান্তরাম্মা (কঠোপনিষদ ৫।১২)। আবার, আত্মাকে এবং জগৎকে জেনেই মানুষ ব্রহ্মকে জানতে পারে— নইলে তাঁকে জানবার আর-কোনও উপায় নাই। নিরাকৃত করতে হবে রঙ্কোর বিস্থিতিক নয়—মানুষের নিজের অবিদ্যা এবং অবিদ্যাপরিণামকে, যাতে তার সমগ্র আধারকে তার চেতনা শক্তি ও আনন্দসত্তার স্বর্থানিকে আত্মনিবেদনের পূর্ণ উপচাররূপে সে ব্রাহ্মী স্থিতির অনুন্তর ধামে তুলে ধরতে পারে। জীব ব্রহ্মের বিভূতি বলে, নিজেকে আলম্বন ক'রে তার এ-ভাব যেমন সিম্ধ হতে পারে, তেমনি হতে পারে বিশ্বকে আলম্বন করেও—কেননা বিশ্বও তাঁর বিভূতি। শুধু নিজের ভিতর দিয়ে যে-পথ, সাধককে তা নিয়ে যায় অনি-রুক্তের অতল গহনের দিকে—ব্যাষ্টচেতনার নিমন্জন বা নির্বাপণ দ্বারা। আবার শুধু বিশেবর ভিতর দিয়ে যে-পথ, তাকে ধরে সে বিরাট-পুরুষের নৈৰ্ব্যক্তিক স্থিতিতে অথবা চিৎশক্ত্যালি পিত লীলাময় প্রেষের বিশ্ববিগ্রহে ব্যক্তিত্বের প্রলয় ঘটাতে পারে। এমনি করে, হয় সে প্রলীন হয় বিশ্বাত্মাতে. কিংবা নিজেকে বিশ্বশক্তির তটম্থ বাহনর পে রূপান্তরিত দেখে। আত্মভাব ও জগদ্ভাবের সম্যক্ ও সমরস উপলব্বিতে সে উত্তীর্ণ হয় উভয় ভাবের পরপারে এবং দিব্য-প্রব্নেষকে ধারণ করে 'সর্বভাবেন'। ဳ এই উত্তরণে প্রটি ভাবই তার মধ্যে প্রেতা পায়। দিব্য-প্রের্যকে যেমন সে সমগ্র সত্তা দিয়ে অধিগত করে, তেমনি তাঁর সত্তা চৈতন্য আনন্দ শক্তি জ্যোতি ও বিজ্ঞান-শ্বারা নিজেও আবৃত অনুবিশ্ধ জারিত এবং আবিষ্ট হয়। এমনি করে তাঁকে সে পায় নিজের মধ্যে—পায় বিশেব। বিশ্বপ্রজ্ঞার সন্দীপন দ্যাতিতে তার

চেতনায় তখন ভেসে ওঠে—কেন সে-প্রজ্ঞার প্রবর্তনায় তার স্থিট হল, আবার কেমন করে তারই সিম্পিতে জগংস্থির প্রয়োজন সার্থক হল। এসব তত্ত্বের অবন্ধ্য বীর্য বাস্তবে প্রকৃতিত হবে—অতিমানসী পরমা প্রকৃতির পরমধামে চেতনার উত্তরণে এবং এই বিস্থিতীর মধ্যে তার শক্তির অবতরণে। সে-প্র্ণিসিম্পি আজ যদি-বা স্থান্র এবং দাশ্চর, তব্ এই অল্ল-প্রাণ-মনোময়ী প্রকৃতিতে ওই চিন্ময়ী দ্যাতির প্রতিফলন বা স্বীকৃতিতে সত্যের বিজ্ঞানকে এখনও অন্তর্ণিচন্তিত-স্বাভীষ্ট একটি রূপে দেওয়া চলে।

কিন্তু এই চিন্ময় সত্য ও পরমপুরুষার্থের জ্ঞান মানুষের চেতনায় পরি-ণামের অনেক ধাপ পার হয়ে ফোটে। প্রকৃতির উদ্যোগপর্বে মানুষের সাধনার বিষয় হয় তার ব্যক্তিসত্তার বীর্যময় পূর্ণপ্রতিষ্ঠা—নিজেকে স্ব্রাক্ত সমূদ্ধ ও স্বরাট করে তোলা তার লক্ষ্য। এইজন্যে প্রথম তাকে নিজের অহংকে নিয়ে ব্যস্ত থাকতে হয়। এই অহংসর্বস্বতার যুগে, জগৎ কি আর-কেউ তার চাইতে বড় নয়—বরং তার আত্মপ্রতিষ্ঠার সাধন ও সহায়র্**পে**ই তাদের যা-কি**ছ, মূল্য।** তখন ভগবানকেও সে নিজের চেয়ে বড় ভাবতে পারে না। তাই ধর্ম বোধের প্রথম উন্মেষে দেখি, ঈশ্বর বা দেবতাকে মানুষ তার কামনা-তর্পণের পরম সাধনর পে কম্পনা করেছে। যেন মান্ত্র আছে বলেই দেবতারা আছেন। এ-জগংকে দোহন করে মানুষের অভাব ও আকাশ্দা মেটাতে হবে—দেবতারা সেই কাজে তার দোসর। এই অহংসর্বস্বতায় অন্যায় ও অত্যাচারের স্থলে-হস্তের অবলেপ আছে। কিন্তু তব্ব তাকে অপরা প্রকৃতির অনর্থ বা প্রমাদ বলে তিরস্কৃত করলে চলবে না—কেননা বিশ্বব্যবস্থায় তারও একটা স্থান আছে। অহংএর পর্নিউতে মান্বের আত্মোদেবাধনের প্রথম পর্ব। জগতের পিণ্ডিতচেতনার ম্বারা অভিভূত হয়ে এতদিন অবচেতনার রসাতলে সে তলিয়ে ছিল—প্রকৃতির যান্তিক আবর্তনকে ম্চ্ভাবে অন্বর্তন করা ছাড়া তার কোনও উপায় ছিল না। আজ অহংকে আশ্রয় করে আপনাকে সে ফিরে পেল, সবলে নিজেকে ছিনিয়ে নিল অন্ধপ্রকৃতির দাসত্ব হতে। প্রকৃতি হতে বিবিক্ত হয়ে মান্যুষকে আত্মপ্রতিষ্ঠার দুর্ধর্ষ বীর্যাদ্বারা তার স্থু যত শক্তি জ্ঞান ও সম্ভোগের সামর্থ্য উদ্বৃদ্ধ করতে হবে এবং তাদের দিয়ে জগৎকে নিজিত করতে হবে—প্রকৃতিকে আনতে হবে হাতের ম্ঠায়। চিন্ময়পরিণামের এই প্রথম প্রয়োজনটি সিন্ধ করবার জন্যই উগ্র অহমিকা দিরে মহাশক্তি একধরনের বিবেকখ্যাতির আয়োজন করেছেন তার মধ্যে। এমনি করে তার ব্যক্তিসন্তা ও বিবিক্ত সামর্থ্যকে পর্ষ্ট না করলে ভবিষ্যতের মহা-তপস্যার বীর্য সে কোথা হতে পাবে, কি করে দেবতার উদার বিপ্রল ব্রতকে উদ্যাপিত করবে? অবিদ্যার মধ্যে নিজেকে স্বরাট্ করেই না সে বিদ্যার মধ্যে বৈরাজ্ঞার অধিকার পেতে পারে।

অচিতি হতে প্রবৃতিতি চিন্ময়পরিণামের আদিবিন্দুতে দুটি শক্তি কাজ করছে। একটি অচিতির 'পরে অন্তর্নিহিত বিশ্বচেতনার নিগুটে চাপু আরেকটি বহিশ্চর জীবচেতনার প্রস্ফুট ক্রিয়া। নিগুটে বিশ্বচিৎ প্রাকৃত-জীবের কাছে তার অধিচেতনাকে আশ্রয় করে নিগঢ়েই থেকে যায়। বাইরে তার শব্তি ফোটে অন্যোন্যবিবিক্ত ভূত ও বস্তুর স্থিতে। কিন্তু ব্যক্তিজীবের দেহ মন ও বিবিক্ত ভোগ্যবস্তু সৃষ্ঠি করবার সংগ্র-সংগ্রে সে চিংশক্তিরও বিচিত্র ব্যাহ গড়ে তোলে। এইসব চিংশক্তি বিশ্বপ্রকৃতির ভাবময় বিপলে র পায়ণ হয়েও দেহমনর পী বাস্তব ভোগায়তন হতে বার্জত। তাই তারা ব্যাষ্ট্র গোষ্ঠীকে আশ্রয় করে। বিশ্বচিৎ তাদের জন্য একটা গোষ্ঠী-মন নিত্যপরিণামী অথচ নিত্য-অনুবৃত্ত একটা গোষ্ঠী-দেহ গড়ে তোলে। স্পষ্টই বোঝা যায়, গোষ্ঠীর অন্তর্ভু ক্র্রিউপ্লের্ষেরা যত আত্মসচেতন হবে, গোষ্ঠী-পুরুষের চিৎসত্তাও ততই উল্জাল হবে। অতএব গোষ্ঠী-পুরুষের শক্তি যেভাবেই বাইরে ছড়াক তার অন্তরের পর্নিষ্টর অপরিহার্য সাধন কিন্তু হবে ব্যক্তিপুরুষের পুর্কি এবং তপস্যা। এইখানে দেখা দেয় ব্যক্তি জীবচেতনার দুটি বৈশিষ্টা। প্রথমত তাকেই আশ্রয় করে বিশ্বচিৎ ব্যহচিৎএর মেলা সৃষ্টি করে এবং ব্যাণ্টচেতনার সহায়ে তাদের প্রবর্তিত করে প্রকাশ ও প্রগতির দিকে। দিবতীয়ত, জীবের মাধ্যমে প্রকৃতিকে সে অচিতি হতে অতিচিতিতে উত্তীর্ণ করে—উত্তরায়ণের পথে তাকে পাঠায় অনুত্তরের সুদূরে দিগন্তে।...গণ-চেতনাকে বলতে পারি অচিতির প্রতিবেশী। গণমন অবচেতন—নিঃশব্দ আঁধারের পথে তার চলাফেরা। দিনের আলোকে তাকে প্রকাশ করতে তাকে ব্যাঢ় ও কার্যক্ষম করতে চাই ব্যক্তিমনের প্রেষণা। গণচেতনা যখন নিজের ঝোঁকে চলে, তখন তার বাইরে ফোটে অধিচেতনার অস্ফুট বা অর্ধস্ফুট আকার-প্রকারহীন প্রেতির সঙ্গে জড়িত অবচেতনার একটা প্রবেগ। তাই তার মধ্যে দেখা দেয় অन्ध वा আচ্ছলদ্ ছিট ঐকামতোর একটা জ্বল্ম, या বারোয়ারি হটুগোলের অজ্বহাতে ব্যক্তির স্বাতন্তাকে ক্ষ্মে করে। তার ভাবের ম্লে প্রেরণা জোগায় তথাকথিত আপ্তের উপদেশ, দলের জিগির, হুজুগের মন্ত্র, অতিসাধারণ খেলো চিন্তা বা বাজারচর্লাত সংস্কার। আর তার কর্মকে নিয়ন্তিত করে হয় সহজবৃদ্ধি ও অন্ধ আবেগ, নয়তো জাতিধর্ম, পালের হ্রকুমত কি ষ্থাচন্তের সংস্কার। গণাচন্তের ক্রিয়া অসাধারণ কার্যকরী হতে পারে, যদি এক বা একাধিক শক্তিশালী প্রেষ তার বাহন মুর্খপার রপেকার কি অধিনায়ক হয়। কখনও-বা তার সমূহ উত্তালতা দুর্নিবার প্রচণ্ডতায় সমাজের 'পরে ঝাঁপিয়ে পড়ে—বরফের ধসের মত কি কড়ের মত। গণচেতনার চাপে ব্যক্তিত্বকে এমনি করে দাবিয়ে রাখা কি খেলার পত্রেল করা একটা জ্ঞাতি বা সম্প্রদারের অভীন্টসিন্ধির বিশেষ অন্তক্ত হয়—বদি অধিচেতন

গোষ্ঠী-প্রষ্ তার ভাব ও দেশনার বাহনর,পে অনতিবর্তনীয় সংস্কারের একটা কাঠামো গড়ে তুলতে পারে, অথবা হাতের কাছে একটা দল কি কোম বা কোনও মোড়লকে পার। প্রকৃতির এই গোপন রহস্যকে আয়ন্ত করেই ব্রোব্রাণ দেখা দিয়েছে ক্ষারবীর্যশাসিত বিরাট রাষ্ট্র, প্রাচীন সংস্কৃতির কঠিন নিষ্পষণে ব্যক্তির প্রাণকে পিষ্ট করে সামাজিক জ্লুন্মের নাগপাশ, অথবা দিশ্বিজয়ী বীরের প্রথিবী-টলানো র্দ্ধতাশ্ব। কিন্তু এমনি করে জাতি সমাজ বা ব্যক্তির ইন্ট্রসিশ্ব কেবল মান্মের বাইরের জীবনটাকে নাড়া দেয়। কোনমতেই তাকে আমাদের সন্তার সর্বোক্তম বা চরম সার্থকতা বলতে পারি না। আমাদের মধ্যে আছে মন, আছে চেতনা, আছে চিৎসত্তা। এই চেতনার উন্মেষ যদি না ঘটে, মন যদি না দল মেলে, প্রাণ আর মন যদি গ্রহাশায়ী চিৎপ্র্বিষর প্রম্কৃতি ও সম্প্রতির সাধন এবং তাঁর আত্মবিভাবনার সার্থক বাহন না হয়—তাহলে শতসহস্র জ্লুন্ম বা বিশ্ববের অভিযাতেও আমাদের জীবনতন্দ্রীতে সত্তার স্বরটি কিছ্বতেই বাজবে না।

কিন্তু মানসিক উৎকর্ষ ও চেতনার উন্মেয-এমন-কি গোষ্ঠীর মন ও চেতনার পর্নিষ্টও নির্ভার করে ব্যক্তির 'পরে, ব্যক্তির যথেষ্ট স্বাচ্ছন্দ্য ও দ্বাতন্ত্র্যের 'পরে। গর্ণাচত্তে আজও যা অস্ফুট তাকে স্ফুটরপে জাগিয়ে তোলা, আজও যা অবচেতনার রহস্যপ্রবীতে গ্রহাহিত হয়ে আছে অথবা অতিচেতনার তুরীয়লোক হতে নেমে আর্সেনি তাকে রূপ দেওয়া—ব্যক্তিরই একক তপস্যার দায়। গোষ্ঠী-চেতনা আছে সংপিণ্ডিত হয়ে—র পব্যাকৃতির ক্ষেত্ররূপে। তার মধ্যে ব্যক্তিচেতনাই সত্যদ্রন্থী রূপকার বা স্রন্থী। ভিডের মধ্যে ব্যক্তি তার অন্তরের বিশেষ প্রেতি হারিয়ে ফেলে—গণদেহের একটা কোষরপে তাই সে গোষ্ঠীর ভাব সংকল্প বা ঝোঁকের দ্বারা চালিত হয়। এইজনোই ব্যক্তিত্বের একটা বিবিক্ত সাধনা তার পক্ষে অপরিহার্য। পঞ্চভূতের বিশ্বব্যাপী খেলার মধ্যে তার ব্যক্তিদেহের যেমন একটা অনন্যসাধারণ পরিচয় আছে—তের্মান গোষ্ঠী-জীবন ও গোষ্ঠী-চিত্তের একরঙা জমিতেই তাকে জীবন ও মনের বিশিষ্ট একটি বর্ণরাগ ফোটাতে হবে, সবার থেকে পূথক হয়ে তার দ্বকীয়তাকে স্পষ্টরেখায় আঁকতে হবে সমাজের বুকে। এমন-কি এর জন্যে নিজেকে পেতে তার নিজের মধ্যে গ**্রিট**য়ে যেতে হবে। এমনি করে আপনাকে পেলেই অনুভবের চিন্ময়লোকে সবাইকে সে আপন করে পাবে। ব্যক্তিত্বের বনিয়াদ পাকা না হতেই সে যদি প্রাণ ও মনের স্থলে পরিবেশে একত্বের সাধনা করতে চায়, তাহলে গণচেতনার মঢ়েতায় অভিভূত হয়ে তার প্রাণ-মন-চেতনার সম্যক স্ফ্রতি না-ও ঘটতে পারে—তার জীবন পর্যবাসত হতে পারে গণদেহের কোষিকী সত্তার। গোষ্ঠী-পরেষের বল ও প্রভাব তার ফলে দর্দম হলেও তার মধ্যে সাবলীলতার স্বাচ্ছল্য থাকবে

না, বা প্রকৃতিপরিণামের সহজ ছন্দ দেখা দেবে না। তাইতো দেখি, বিলণ্ঠ প্রাণ মন ও চেতনা নিয়ে যে-সমাজে মহারথী সমাজপতির আবির্ভাব ঘটেছে, সেইখানেই মানুবের পক্ষে প্রগতির পথে পর্বসংক্রমণ নিরুকুশ হয়েছে। এইজনাই বিশ্বপ্রকৃতি মানুবের মধ্যে ব্যক্তির অহংকে উদ্দীপ্ত করেছে, যাতে সে গোষ্ঠীর অচেতনা বা অবচেতনার মৃঢ়তা হতে নিজেকে ছিনিয়ে নিয়ে প্রাণ মন হৃদয় ও আত্মার গভীর স্বাতদ্যো আপন স্বকীয়তাকে সমৃত্ত্বল করতে পারে। তখন পরিবেশের সঙ্গে একসা হয়ে আপন শক্তিকে সেবন্ধ্যা করে রাখে না—নিজের সঙ্গে ছন্দে গেখে আপন বৈশিষ্ট্যের বীর্যকে তার মধ্যে সঞ্চারিতই করে। কারণ ব্যক্তিসন্তা বিশ্বসন্তার অঞ্চাভূত হলেও তার একটা অতিশয় বা ব্যতিরেক আছে। অনুত্রর হতে তার মর্মে চিৎসন্তার অবতরণ ঘটেছে। কিন্তু তাকে সদ্য-সদ্যই উদ্দীপ্ত করে তুলতে সে পারে না—কেননা একদিকে সে যেমন বিশ্বের অচিতির অতি কাছে, তেমনি আবার অতিচিতির উৎস হতেও অনেক দ্রে। তাই চিন্ময়র্পে নিজেকে প্রকট করবার প্রের্ব বাধ্য হয়ে তাকে প্রাণময় ও মনোময় অহংএর ভিতর দিয়ে আসতেই হয়।

তব্ব বলব, ব্যক্তির অহংপ্রতিষ্ঠা কখনও আত্মজ্ঞান হতে পারে না। চিন্ময় সত্যজ্ঞীব তো দেহের অহং প্রাণের অহং বা মনের অহং নয়। তব্ব জ্ঞীবের মধ্যে অহন্তার এই-যে আদিপর্ব, মুখ্যত এ তার আচ্ছন্ন শক্তি সংকলে ও আত্মভাবনার পরিণাম মাত্র। জ্ঞানের স্থান এর মধ্যে গোণ। তাই এমন সময় আসে, যখন মানুষ তার আচ্ছন্ন অহংভাবের চর্মভেদ করে আত্মভাবের মর্ম মুলে অবগাহন করতে চায়। মনের মানুষ্টিকে তার খুজে বার করতেই হবে, নইলে প্রকৃতির পাঠশালায় প্রথমপাঠের পর্বও যে তার শেষ হবে না— এর পরের পাঠ নেওয়া তো দ্রের কথা। ব্যাবহারিক জ্ঞান ও কর্মকুশলতায় যতই সে টন্টনে হ'ক, নিজেকে না জানলে সে তো পশ্র একটা উন্নত সংস্করণ ছাড়া কিছুই নয়। তাই প্রথমত তাকে জানতে হবে মনের তত্ত্ বিশেলষণ করে দেখতে হবে কি তার নৈসগিক উপাদান। দেহ প্রাণ চিত্ত চৈতাসক ও অহ•কার—এই নিয়ে তার অন্তর্জীবন। কিন্তু মান্ত্র যে এমনিতর কতগ্রনি নৈস্গিক উপাদানের খেলা শুধু—এ বল্ললে তার পূর্ণ পরিচয় হয় না। শুধু অহন্তার প্রতিষ্ঠা এবং তপ'ণই যে তার লক্ষ্য—এও তো সত্য নর। হয়তো জীবনের পরিপূর্ণ অর্থ সে খ্রেজবে বিশ্বপ্রকৃতির মধ্যে বা মানবগোষ্ঠীতে। এ হবে তার বিশ্বাত্মভাবসাধনার প্রথম পাঠ। হয়তো সে-অর্থ খ্রেক্সবে সে পরমা প্রকৃতির মধ্যে বা ঈশ্বরে। এ হবে তার রক্ষাত্ম-ভাবের প্রথম সোপান। কিন্তু সত্য বলতে দুটি পথ ধরেই সে চলতে চার। চলতে গিয়ে প্রতিমহতে তার চরণ টলে, কেননা সাধনার শ্বৈতমার্গে

যেসব খন্ডসত্যের আবিষ্কার সে করেছে, তাদের সঙ্গে যথাসাধ্য মিল রেখে একে-একে জীবনসমস্যার যত সমাধান সে উপস্থিত কর্ক, তার কোনটাতেই তার চিত্ত নিশ্চিত একটা অবলম্বন পায় না।

মানুষের এই-যে নিরুতর ব্যাকল এষণা, এর মধ্যে ঘুরে-ফিরে সেই একই সার বাজছে—জানতে হবে, পেতে হবে, ভাবতে হবে নিজেকেই। তার বিশ্ব-বিদ্যা আর ব্রহ্মবিদ্যা আত্মবিদ্যারই সাধন মাত্র। ও-দুটি সাধনার পথ ধরে নিজেকেই সে পূর্ণ করে তুলতে চাইছে—চরিতার্থ করতে চাইছে তার ব্যক্তি-সত্তার পরম প্রের্বার্থকে। বিশ্ব এবং প্রকৃতি যদি সাধনার লক্ষ্য হয়, তা**হলে** তার ফলে আত্মজ্ঞানের সংগ্য-সংগ্য আসবে প্রাণময় ও মনোময় ভূমির 'পরে স্বারাজ্য এবং বিশ্বসংসারের 'পরে আধিপত্য। আর লক্ষ্য যদি হয় ঈশ্বর, তখনও আসবে আত্মার স্বারাজ্য ও বিশেবর বৈরাজ্য—কিন্তু আত্মা ও বিশেবর সম্পর্কে থাকবে একটা অপ্রাকৃত চিন্ময়ভাবের প্রদ্যোতনা। অথবা হয়তো দেখা দেবে অধ্যাত্মসাধকের সেই সুপরিচিত ও সুনিশ্চিত মুক্তি-এষণা—যার চরমে আছে লোকোত্তর বৈক্রণ্ঠধামে আত্মার নিত্যস্থিতি, কিংবা প্রমাত্মার গহনে আত্মার বিবিক্ত নিমন্জন, অথবা আত্মার অনুপাথ্য শূন্যতায় তার পরিনির্বাণ। কিন্তু যে-পথই সে ধরুক, বিবিক্তভাবে নিজেকে জানা এবং নিজের পরেষার্থকে সিদ্ধ করাই ব্যক্তির সকল সাধনার চরম লক্ষ্য। বিশ্বহিতৈষণা বিশ্বমৈতী মানবসেবা--এমন-কি আত্মবিসজ'ন বা আত্মবিলোপের উন্মাদনায় পর্যন্ত আছে ব্যক্তির্ঘাসন্ধির ঐকান্তিক আকৃতির একটা স্ক্রা ছন্মর্প। মনে হতে পারে, এ শুধু প্রকারাল্তরে মানুষের অহমিকার সম্প্রসারণ। অতএব বিবিক্ত অহংভাবই মানুষের আত্মভাবের মর্মসত্য। অহ•কার কিছুতেই মান্মকে ছাড়ে না, যে-পর্যন্ত আনন্তোর শাশ্বত অনুপাখ্যতায় নিজেকে নির্বাপিত করে তার কবল হতে সে নিষ্কৃতি না পায়।...কিন্তু মানুষের ব্যক্তিসতার পিছনে আছে আরেকটা গভীর রহস্য—আছে চিন্মর নিত্যজীব বা পোর যেয় সত্তার নিগ্ন ত ব্যঞ্জনা, যাকে আশ্রয় করে বিশ্বলীলায় জীবের জীবত্ব সার্থক হয়েছে।

জীবের হ্দরে চিন্মরপ্র্ব্ধর্পে তিনিই সন্নিবিন্ট। তাই সংসার হতে জীবব্যক্তিরই মৃক্তি ঘটে—জীবসমন্তির নয়। সমন্তির প্র্ণতা সাধিত হয় তার অংগীভূত ব্যন্তির প্র্ণতাতে। জীব তংশ্বর্প বলেই নিজেকে পাওয়া তার পরম প্রয়োজন। পরমদেবতার কাছে চরম আত্মনিবেদনে নিজেকে সংপে দিয়ে, প্রাপ্রির দেবার মধ্যে সে-ই তো জানে নিজেকে প্রাপ্রার পাবার মধ্য। অস্ত্রময় প্রাণময় ও মনোময় অহন্তার প্রলয়ে—এমন-কি চিন্ময় অহন্তারও প্রলয়ে অর্প অসীম জীবাত্মাই তো অন্ভব করে আপন আনন্ত্য অবগাহনের শান্তি ও আনন্দ। অনাত্মভাব, সর্বাত্মভাব অথবা নির্শিষ তুরীয়াত্মভাব—

অধ্যাত্ম অন্ভবের যে-কোনও ভূমিতে জীব-ব্রহ্মই তো সিশ্ধ করেন এই পরমসামরস্যের চমংকার বা আনবর্তনীয় যোগের রহস্য—তাঁর শাশ্বত ব্যক্তিসন্তার সন্ধো বিরাট বিশ্বাত্মসন্তা অথবা পরম-অন্বয় অন্তরসন্তার অন্পম তাদায্ম্যের অকল্প্য অন্ভব। অহংকে ছাড়িয়ে যেতেই হবে, কিন্তু তাবলে আত্মাকে তো ছাড়িয়ে যাগ্র না। ছাড়াতে গেলেই যে তাকে ছড়িয়ে দিয়ে পেতে হয় বিশ্বময়, পেতে হয় অন্তরের পরমধামে। কারণ, আত্মা তো অহং নয়। আত্মা সর্বময়, আত্মা অন্বয়স্বর্প। অতএব আত্মাকে পেতে গিয়ে এই আধারেই স্বাইকে পাই, পাই সে পরম এককে। তখন ঘটে-ঘটে ভেদ আর বিরোধ ঘ্টে যায়, থাকে শ্ব্ব আত্মার চিন্ময় তত্ত্ভাব—ভেদের অবসানে সত্তার প্রম্বিক্ততে যা স্বার সংগ্র জড়িয়ে যায়, ছড়িয়ে থাকে একের বৃকে।

আজ যে মানুষ বহিশ্চর আপাতিক আত্মভাবের সংখ্য না জড়িয়ে বিশ্ব বা ঈশ্বরের তত্ত্ব ধরতে পারছে না, এই মোহ দ্রে না হলে আত্মবিদ্যার পরের পাঠ তার কোনকালে আয়ত্ত হবে না। তার প্রথম পর্বে তাকে জানতে হবে : এই বর্তমান জীবনই তার সর্বস্ব নয়। কালাবচ্ছেদেও একটা নিতাসত্তা তার আছে—তার আভাস জাগে আত্মার অমরত্ব সম্পর্কে তার অন্তরের অস্পন্ট অথচ অনতিবর্তানীয় সংস্কারে। তত্তভাবের নিরেট অনুভব দিয়ে এই সংস্কারকে পাকা করতে হবে। যখন সে ব্রুবতে পারে : এই ভূলোকেরও ওপারে আরও-অনেক লোক আছে, এ-জন্মের পূর্বে ছিল এবং পরেও থাকবে আরও-অনেক জন্ম—জন্মান্তর না থাকলেও আত্মার একটা প্রাগভোবী এবং পরভাবী সত্তা আছে: তখনই কালগত অবিদ্যাকে নিজিতি এবং বর্তমানের অভিনিবেশকে পরাভত করে শাশ্বত আত্মভাবের আনশ্তো তার সন্তা প্রসারিত হয়।...তারপর, দ্বিতীয় পর্বে তাকে জানতে হবে : তার বহিশ্চর জাগ্রংচেতনা সন্তার একটা ক্ষুদ্র অংশ খাত্র। তাকে ডুবতে হবে অচিতির পাতালপ্ররীতে, আলোড়িত করতে হবে অবচেতনা ও অধিচেতনার অতল গহন, উত্তীর্ণ হতে হবে অতিচেতনার উত্তঃপা ভূমিতে। এই সাধনায় তার চিত্তগত-অবিদ্যার আবরণ খসে পড়বে ৷...সাধনার ত্তীয় পর্বে সে আবিষ্কার করবে : তার দেহ-প্রাণ-মনর পী যন্ত্রকে চালাবার জন্যে তার মধ্যে আরও-কেউ আছে। তার প্রকৃতিকে ধরে আছে শ্ব্ধ্ এক নিত্য-উপচীয়মান মৃত্যুঞ্জয় জীবাত্মাই নয়, আছে এক শাশ্বত নির্বিকার কটেম্থ চিদাত্মাও। তাকে জানতে হবে. কি তার চিম্ময়-বিগ্রহের উপাদান এবং সেই এষণার ফলে আবিষ্কার করতে হর্বৈ অবরসন্তার আর উত্তরসত্তার যোগস্ত কি—ব্রুতে হবে তার আধারের সমস্ত ব্তি চিংসত্তার বিলাস মাত্র। এমনি করে তার সাংস্থানিক-অবিদ্যার আবরণ খসে পড়বে।...চিদান্ধার আবিষ্কারে বন্ধের স্বর্প তার কাছে অনাবৃত হয়। সে দেখে—কালকলনার অতীতে আত্মার ক্টেম্থ প্রকাশ। আবার বিশ্বচেতনার

উদেম্যে সেই আত্মাকেই সে দর্শন করে বিশ্বপ্রকৃতি ও সর্বভূতের অধিষ্ঠান চিন্ময় পরমার্থতত্ত্বর্পে। ধারে-ধারে রক্ষের নির্বিশেষ ভাব অথবা অন্ভব তার চিত্তকে অধিকার করে—সে দেখে আত্মা জাব ও জগং তাঁরই বিচিত্র বিভূতি। তথন তার চেতনা হতে বিশ্বগত অহন্তাবাচ্ছয় ও ম্লা অবিদ্যার আড়ন্ট বন্ধনও শিথিল হয়ে খসে পড়ে। এমনি করে তার আত্মবিদ্যার মহিমা কলায়-কলায় প্র হয়ে ওঠে। তার ছাঁচে জাবনকে ঢালতে গিয়ে তার ভাব ও কর্মের সমগ্র ধারাতে ক্রমে একটা গোলান্তর এবং র্পান্তর দেখা দেয়। ব্যাবহারিক অবিদ্যার যে-ঘোর তার প্রকৃতিকে আড়ন্ট এবং প্রব্রুষার্থকে কুন্ঠিত করেছিল, তার বাঁধন তখন আলগা হয়ে যায়। এমনি করে সপ্তপর্বা অবিদ্যার প্রলমে তার সম্মুখে খুলে যায় দেবযানের জ্যোতির দ্রয়ার—সাঁমিত ও খন্ডিত সত্তার অন্ত এবং সন্তাপ হতে সে উত্তার্ণ হয় ঋতন্তরা অখন্ডসত্তার নিক্কন্টক অধিকার ও অক্ষ্ময় সন্দেভাগে।

এই উদয়নের পথে সাধকের মধ্যে জীব জগৎ ও ব্রন্মের অবিনাভাবের চেতনা পর্বে-পর্বে স্পন্ট হয়ে ফুটে ওঠে। প্রথমত সে উপলব্ধি করে : ব্যক্তমধ্য দশাতে বিশ্ব ও প্রকৃতির সংখ্য সে একাকার হয়ে রয়েছে। দেহ-প্রাণ-মন. কালের পরম্পরায় জীবভাবের পরিণাম, চেতনভূমির অবরপ্রান্তে অবচেতনা আর পরমপ্রান্তে অতিচেতনা—এদের নিয়ে বিচিত্র সম্বন্ধের যে জালবোনা চলেছে, তার সমাণ্টফলই তার বিশ্ব এবং প্রকৃতি। সেইসংগে এও সে উপলব্ধি করে : বিশ্বপ্রকৃতির অন্তরালে অথবা তার অধিন্ঠানরূপে যে-তত্ত্ব অনুসূত্রত রয়েছে, তার আবেষ্টনে রন্ধোর সংগে সে অবিনাভূত হয়ে রয়েছে। কারণ দেশকালাতীত নির্বিশেষ চিন্ময় যে-আত্মন্বরূপ বিশ্বরূপে অভিব্যক্ত এবং প্রকৃতির ভর্তা, আমরা তাঁকেই ব্রহ্ম বলি—অতএব অধিন্ঠানতত্ত্বে অবগাহন করে জীবও হয় ব্রহ্ম-জ এবং ব্রহ্মভূত। নিজেকে তখন সে অন্বভব করে নিবিশেষ চিদাত্মার পে—দেখে আত্মবিক্ষেপদ্বারা সে-ই বহুর পে বিশেব প্রজাত এবং প্রকৃতিতে নিগ্বহিত হয়েছে ৷...দুটি উপলব্ধিতেই নিজের আত্মাকে সে সর্বভৃতের আত্মারূপে উপলব্ধি করে। বিশ্বাত্মভাবে এবং ব্রহ্মাত্মভাবে সে-উপলব্ধির দুটি বিভাব ফোটে। বিশ্বাত্মভাবে তার অনুভব সবিশেষ : কেননা জড়ে প্রাণে মনে চেতনায়—এককথায় প্রত্যেক বিশ্বতত্ত্বের যে-কোনও পরিণামে শক্তির লীলায় তত্ত্বের বিন্যাসে এবং পরিণামের সংস্থানে যত বৈচিত্র্যাই দেখা দিক, সেসমুস্ত বৈচিত্র্যকে অগ্গীকার করেই সর্বভূতের সংগ্ সে এক হয়ে রয়েছে। আবার রক্ষাত্মভাবে এই অনুভবই নির্বিশেষ হয় : কেননা এক ব্রহ্ম, এক আত্মা, এক চিৎসত্তাই সবার শাশ্বত আত্মস্বরূপ এবং তাদের বহু,ভা•গম বৈচিত্র্যের উৎস ভোক্তা ও স্ত্রধার। অতএব ব্রহ্মের অনুর্ভাততেও সে সবার আত্মভূত। এমনি করে অবশেষে সে ব্রহ্ম এবং জগতের

অবিনাভাবে পেণছিয়। কারণ, সে অন্ভব করে, নিবিশেষ ব্রহ্মই সবিশেষ জগতে পরিণত হয়েছেন, বিশেবর সমস্ত তত্ত্ব চিৎসত্তার বিভূতি বা বিস্চিট, সবভূতমহেশ্বরের সন্ধিনী- ও সংবিৎ-শক্তিই প্রকৃতির্পে বিশেব লীলায়িত। আত্মবিদ্যার পথে ধাপে-ধাপে উঠতে গিয়ে এমনি করে আমরা সেই পরমতত্ত্বে উত্তীর্ণ হই—যাকে জানলে আত্মার অবিনাভূতর্পে স্বাইকে জানা হয়, যাকে পেলে স্বাত্বভাবের নিবিড উল্লাসে নিজের মধ্যে স্বাইকে পাওয়া হয়।

তেমনি এই অশ্বৈতান ভবে বিশ্ববিদ্যাও মান ধের চিত্তে একই সত্যার্থ-প্রকাশের বিপলে ব্যঞ্জনা ফোটায়। কারণ, বিশ্বপ্রকৃতিকে শুধু জড় প্রাণ ও শক্তিরপে বলে ভাবলেও তাদের সংখ্য মনশ্চেতনার কি সম্পর্ক, তা তাকে তালিয়ে ব্রুতেই হবে। কিন্ত একবার মনের স্বরূপতত্ত জানতে পারলে বিশেবর উপরভাসা তত্তবিচারকে ছাড়িয়ে আরও গভীরে না ডুবে তার উপায় নাই। তখন সে দেখবে : শক্তির সকল ক্রিয়ায়, জড ও প্রাণের সকল খেলায় অন্তর্গ চু ইচ্ছা- ও জ্ঞানা-শক্তির প্রবর্তনা কাজ করছে। মানুষের জাগ্রতে অব-চেতনায় ও অতিচেতনায় ওই একই শক্তির লীলায়ন। অবশেষে জডবিশ্বের মুন্ময় দেহে একদিন সে তার চিন্ময় দেহীকে আবিষ্কার করবে। বিশ্বপ্রকৃতির পর্বে-পর্বে যে-সর্বাত্মভাবের নিবিড়তায় তার চেতনা উল্লাসিত হবে, তার চরমে সে আবিষ্কার করবে নিখিল প্রতিভাসের অন্তরালে এক পরমা প্রকৃতির স্বর্পসত্য। দেশকালে অভিব্যক্ত হয়েও সে-প্রকৃতি দেশকালের অতীত এক চিৎস্বরূপের পরম বীর্য। এ সেই দেবাত্মশক্তি যাকে আশ্রয় করে আত্মা হয়েছেন 'সর্বাণি ভূতানি', নির্বিশেষ আপনাকে ফুটিয়ে তুলছেন অশেষ বিশেষে। অতএব স্থাপ্রবৃদ্ধ চেতনার দ্র্গিতে বিশ্বপ্রকৃতি জড়শক্তি প্রাণশক্তি ও মনঃশক্তির বৈচিত্রেই লীলায়িত নয়—স্বরূপত সে সর্বভূতমহেশ্বর পরম-দেবতার কবিক্রতুর বীর্য, ধ্বয়ম্ভ শা**শ্বত অনন্তের আত্মভূত** চিৎশক্তি।

মান্বের সকল জিজ্ঞাসা ছাপিয়ে যে-ব্রহ্মাজিজ্ঞাসা একদিন একটা অনতিবর্তনীয় পরম জিজ্ঞাসা হয়ে ওঠে, তার শ্রুর্ কিন্তু হয়েছে প্রকৃতিতত্ত্বের অমপন্ট এষণা হতে—মান্বের নিজের মধ্যে গ্রহাহিত অদৃন্ট রহস্যের বোধ হতে। আধ্বনিক বিজ্ঞান বলে, ধর্মবোধের অন্কুর দেখা দেয় অসভ্য মানবের বিশ্বময় প্রাণের ভাবনায়, ভূতপ্রেত দৈত্যদানার উপাসনায়, প্রাকৃত শক্তিতে দেবত্বের আরোপে। একথা সত্য হলেও, মানবচিত্তের এই আদিম সংস্কারে পাই শিশ্ব-কল্পনার অস্ফুট দ্যোতনায় অবচেতনেরই একটা প্রচ্ছন্ন প্রতায়। মান্বের অজ্ঞানাজ্জ্ব চেতনায় অচিন্ত্যশক্তির সন্ধ্যোপন প্রভাব সম্পর্কে একটা আকারপ্রকারহীন অন্ভব সঞ্চারিত হয়েছে। আমরা যাকে অচেতন বলে জানি, তারও মধ্যে সে দেখেছে চেতনসত্ত্ব-স্কুলভ ইচ্ছা ও জ্ঞানের আভাস। দ্শ্যের পিছনে অদৃশ্যকে, শক্তির যে-কোনও লীলায়নে চিংসন্তার অন্তর্গ্ আবেশকে

অস্পন্টরূপে সে কল্পনা করেছে—এই তার প্রত্যয়ের তাৎপর্য। বিশাস্থ তত্তজ্ঞানের আদশে বিচার করলে এই আদিম প্রতায়কে যদিও নিতানত ঝাপসা এবং পুল্যু মনে হবে, তব্ তার মধ্যে মানুষের হুদয়-মনের চিরুতন এষণার যে-রূপটি ফুটে উঠেছে, তার সতা ও সার্থকতাকে কিছুতেই অস্বীকার করা চলে না। আমাদের সকল জিজ্ঞাসা-এমন-কি বৈজ্ঞানিক জিজ্ঞাসারও শ্রুর হয় নিগ্যে সত্যের অজ্ঞানাচ্ছল্ল অস্পন্ট অন্ভব হতে। অবিদ্যার কুর্হেলিকার শ্রিমত দুল্টি দিয়ে আমরা প্রথম দেখি সত্যের কণ্মকাবৃত ছন্মর্প, তারপর ধীরে-ধীরে চোখের সামনে ভেসে ওঠে তার জ্যোতির্ময় আলেখ্য। মান্যয যখন নারায়ণকে নরের রূপে কল্পনা করে, তখনও সে-আরোপে থাকে এই সত্যের স্বীকৃতি যে, নারায়ণেরই স্বর্পতত্ত্বের 'পরে রয়েছে নর-স্বর্পের নিভার, বিশ্বনিখিল এক অখণ্ডচেতনারই অখণ্ডবিগ্রহ। নরের অপূর্ণতার মধ্যে আছে নারায়ণেরই মর্ত্যবিস্পির সাম্প্রতিক পূর্ণতার পরিচয় এবং আজ নরের আধারে যা অপূর্ণ, নারায়ণের স্বরূপে রয়েছে তারই পরম পূর্ণতা। নর যে সর্বা নিজেকে দেখে এবং নিজেরই উপাসনা করে নারায়ণর পে—এও সত্য। কিন্ত এখানেও দেখি, তার অন্ধ অবিদ্যা হাতডে-হাতডে অবশেষে এই গভীর সত্যের অস্পণ্ট ছোঁয়া পেয়েছে : তার সত্তা আর ব্রহ্মসত্তা এক. এখানে পড়েছে ওখানকারই খণিডত প্রতিচ্ছবি। অতএব নিজের বৃহৎ স্বর্পকে সর্বত্ত আবিষ্কার করার অর্থ হল ব্রহ্মকে সর্বত্ত দর্শন করা, আর এই দর্শনই তাকে নিয়ে যাবে নিখিলের স্বরূপসত্যের তোরণম্বারে।

আপাতিক বৈচিত্র্য ও বিরোধের পিছনে রয়েছে একের স্র-এই হল মান্বের ধর্ম ও দর্শনে প্রস্থানভেদের মর্মকথা। প্রত্যেক ধর্মে ফ্র্টেছে অখণ্ড অনাদি সত্যের একটা ইণ্গিত বা প্রতির্ক্প, এক অনন্তবিচিত্র মহিমার একটি বিশেষ বিভাব। কত বিচিত্র রূপেই-না মান্ব সেই একের পরিচয় প্রেছে। কখনও জড়বিশ্বকে সে অস্পত্টভাবে পরমদেবতার কায়ার্পে দেখেছে, প্রাণকে তাঁর নিঃশ্বসিতের বিরাট ছন্দ বলে জেনেছে, বিশ্বের সবক্রিছরেকে ভেবেছে এক বিরাট মনের ভাবনা, অথবা সবার অন্তরালে এক মহত্ত্রর স্ক্রেতর চিৎসত্তার নিগ্রু আবেশকে বিশ্ব-বিস্ভির অভাবনীয় উৎসর্পে অন্তব করেছে।...কখনও ঈশ্বরকে সে অবিমিশ্র অচিতি বলে কল্পনা করেছে। আবার কখনও তাঁকে জেনেছে অচেতন বিশ্বের ম্লে এক পরমচেতনার্পে। বৈরাগ্যের তাঁরসংবেগ প্রথবীর সকল মায়া কাটিয়ে দেহ-প্রাণ-মনের প্রলয়্ম ঘটিয়ে ঝাঁপ দিয়েছে সে অতিচেতনার অন্পাখ্য স্বর্পসন্তায়। অথবা ভেদভাবকে নিজিত করে অন্ভব করেছে—তিনিই ব্গপৎ চেতনায় ও অতিচতনায় বিলসিত, এবং জীবনসাধনায় এই পরমদর্শনের উদার সভ্যকে নিঃ-শৃৎকচিত্তে বরণ করে নিয়েছে।...কখনও মান্য তাঁর বিশ্ববিগ্রহের উপাসনা

করেছে হিরণাগর্ভ বিরাট্ পরেষর পে। আবার কল্পনাপোঢ় প্রত্যক্ষবাদের দোহ।ই দিয়ে কখনও যদি ঈশ্বরকে শ্বেধ্ব বিশ্বমানবের বেণ্টনীতে সে সংকৃচিত রেখেছে. তেমনি তাঁকে আরেক ঝটকায় বিশ্ব ও প্রকৃতি হতে পাঠিয়েছে দূর-নির্বাসনে—দেশকালাতীত অক্ষরতত্তের সর্বনাশা অনুভবের উন্মাদনায়। কথনও-বা মান্য তাঁর মধ্যে নিজেরই বিচিত্র স্কুলর বা বিস্ফারিত অহমিকার আরতি করেছে, তাঁতে আরোপ করেছে তার ঈণ্সিত গণে ও মহিমার অথন্ড সমাবেশ, অথবা তাঁর দিব্যবিভতিকে প্রকট দেখেছে লোকোত্তর শক্তি প্রীতি কান্তি সত্য ঋত ও প্রজ্ঞার চিন্ময় অনুভবে।...কখনও তার কাছে তিনি বিশ্ব-প্রকৃতির ভর্তা, জগতের পিতা ও ধাতা। কথনও তিনিই প্রকৃতিস্বর্পা— জগন্মাতা, অথবা নিখিলের চিত্তচোর—বিশ্বজনের প্রাণের ব'ধ্। কখনও-বা নিখিলকমের অন্তর্যামী নিয়ন্তার প্রণিধান নিয়ে কর্মযোগে চলেছে তাঁর উপা-সনা।...আদ্বতীয় একেশ্বরের কাছে মানুষ যেমন *ঢেলে*ছে তার প্রাণের নতি, তেমনি লাটিয়ে পড়েছে তাঁর বহাধাবিচিত্র দেবমহিমার বেদিমালে। অবতারী দেবমানবর পে তাঁর চরণে অঞ্জলি দিয়েছে যেমন, তেমনি আবার বিশ্বমানবের বিগ্রহে এক পরমদেবতার অর্চনা করেছে। অথবা সম্বুদ্ধ চিত্তের উদার ভাবনায় বিশেবর সর্বায় অনুভব করেছে সেই একেরই অথন্ডসত্তা—যাঁর আবেশ তার চেতনায় কর্মে ও জীবনে এনেছে বিশ্বভৃতের সঙ্গে তাদাজ্যের পরম প্রত্যয়, অনন্ত দেশে ও কালে যা-কিছু আছে তার সংগে তাকে যোগযুক্ত করেছে, প্রকৃতির চিৎ অচিৎ সকল শক্তির অনুভবকে তার চেতনায় ফ্রটিয়েছে আত্ম-শক্তির বিলাসরপে।...এমনি করে মানুষ যে-পথ ধরেই চলেছে, পথের শেষে পেয়েছে সে একই পরমসত্যের অনুভব। কেননা এসবই তো সেই চিন্ময়-আন্তের বিচিত্র বিভতি—যাঁর দিকে ধাবিত হয়েছে নিখিল চিত্তের সকল এষণা। বিশেবর সবই সেই পরম অন্বয়তত্ত্ব থ্যন, তথ্ন মান্ব্রের সাধনায় স্বভাবতই অন্তবিহীন বৈচিত্র্য দেখা দেবে। এমনি করে বিচিত্রভাবে না জানলে সর্ব'তোভাবে তাঁকে জানা যাবে না বলেই তো তাঁর আরতির এই বিপাল আয়োজন। কিন্তু জ্ঞানের তুগ্গতম শৃংগ্গে আর্ । হলে কি ত।র সর্বতো-ব্যাপ্ত অদৈবতর পটি কেউ চিনতে পারে? সবার উণ্চতে থেকে সবচাইতে বড করে দেখাই হল চরম প্রজ্ঞাদুষ্টি—কেননা তখন অনুভবের এক চরম ক্ষেপে ধরা পড়ে সকল বিচিত্র জ্ঞানের অনন্য এবং উদার রহস্য। বিজ্ঞানী তখন দেখেন : সমুস্ত ধর্মের অভিযান এক প্রমুসত্যের দিকে, সকল দুর্শনে একই চরমতত্তের বিভিন্ন ভূমি হতে দুশ্নজনিত প্রস্থানের বৈচিত্রা, এক পরা বিদ্যায় সমুহত বিদ্যার পরিসমাপ্তি: ইন্দ্রিয় দিয়ে মন দিয়ে অতীন্দ্রিয় অনুভব দিয়ে আমরা যে-তত্তকে খ্রেক্সছি. তার সর্বতোম্থ সমাক অনুভর্বাট ফোটে—যথন ব্রহ্ম জীব জগং, এবং জগতের সব-কিছুকে একাত্মক বলে জানি।

ব্রহ্মই চিন্ময় পরমতত্ত্ব—কালাতীত আত্মা হয়েও তিনি কালাত্মা। তিনি প্রকৃতির ভর্তা, বিশ্বের স্রন্টা এবং আধার, সর্বভূতে অন্মুন্ত থেকে সর্ব-জীবের উৎস এবং পরম অয়ন—এই হল মানুষের ব্রহ্মানুভবের চরমকোটিতে অনুত্রর সত্যের পরম পরিচয়। এই নির্বিশেষ ব্রহ্ম আবার অশেষ বিশেষে আপনাকে রূপায়িত করেন, চিন্মাত্রুস্বরূপ হয়েও বিশ্বমন বিশ্বপ্রাণ ও বিশ্ব-জড়ে তাঁর বিরাট বিগ্রহ রচনা করেন। মহাপ্রকৃতি তাঁর শক্তিস্বর পা বলে তার সকল বিস্তিতৈ ফোটে তাঁর চিদ।আম্বরপের বিচিত্র বিভাবনা—সন্ধিনী-শক্তির আধারে সংবিংশক্তিকে উপলক্ষ্য করে হ্যাদিনীশক্তির উল্লাসরূপে। এই পরমসত্যের অন্তেবের দিকেই মান্যকে নিয়ে চলেছে তার বিশ্ব- ও প্রকৃতি-বিজ্ঞানের তপস্যা। বিশ্ববিদ্যার সংখ্য যেদিন ব্রহ্মবিদ্যার পূর্ণযোগ ঘটবে, সেইদিন তার এ-তপস্যার সিম্পি। পরব্রন্ধের এই সতাই বিশ্বচক্রের নাভি—এ তার প্রতিষেধ বা নিরাকৃতি নয়।...তাঁর প্রয়ম্ভ-সত্তাই ধরেছে সম্ভূতির রূপ। আত্মারূপে তিনিই হয়েছেন বিশ্বের সব-কিছ্য,—আত্মারূপে তিনিই সর্বভৃতের শাশ্বত কীলকন্বরূপ। এই অনুভব আমাদের চেতনায় সোহহংমদের জরলে ওঠে। বিশেবর শক্তি সেই স্বয়ম্ভ সন্মান্তের চিন্ময়ী মহাশক্তি। এই শক্তির বিলাসে রিশ্বপ্রকৃতিতে আত্মরূপের অর্গাণত বিভাবনায় তিনি আপনাকে বিভা-বিত করছেন। আবার প্রত্যেক ব্যন্টিরূপে বিশ্বোত্তীর্ণ ও বিশ্বাত্মক মহিমার আবেশকে অব্যাহত রেখেই আধারে তিনি ঢেলে দেন আত্মসন্তার স্বর্খান। তখন একের মধ্যে, সবার মধ্যে, সবার সংখ্য একের অন্যোন্যসংগ্মে তাঁর নিত্য-সদ্ভাব ও অকুণ্ঠ বীর্যের রসোল্লাস অনুভূত হয়। তাঁর দিবাপ্রকৃতির এ-বিভূতি তাঁর স্বর্পসত্যের আরেকদিক। ব্রহ্মাধিষ্ঠিত ও শক্ত্যাগ্রিত জীবের অখন্ড আত্মবিদ্যার সাধনা একেই লক্ষ্য করে চলেছে।...পূর্ণ ব্রহ্মবিদ্যা, পূর্ণ আত্মবিদ্যা ও পূর্ণ শক্তিবিদ্যা—এই তিনটি বিদ্যার ত্রিবেণীসংগমে রয়েছে জীবের পরমপুরুষার্থসিদ্ধির মহাতীর্থ। এরই মধ্যে আমরা খুঁজে পাই বিশ্বমানবের অক্লান্ত সাধনার বৃহৎ ও পরিপূর্ণ তাৎপর্য। মানুষের প্রবৃদ্ধ চেতনায় যখন ব্রহ্ম আত্মা ও প্রকৃতির অবিনাভাবের আভাস ফটেবে, তখনই তার পূর্ণসিদ্ধির সম্ভাবনা সূনিশ্চিত হবে, বৃহৎসামের সূরমূর্ছনা তার আধারে ঝণ্কত হবে। এই হবে তার সন্তার লোকোত্তম ও মহত্তম ভূমি, তার দিবাচেতনা ও দিবাজীবনের প্রমা স্থিতি। এই মহাভূমির স্ট্নাতেই তার জীবনে স্ফুটিত হবে আত্মজ্ঞান জগংজ্ঞান ও ব্রহ্মজ্ঞানের পথে উত্তরায়ণের আদিবিন্দ্র।

अष्टीमभ अक्षाय

উত্তরায়ণের পথে—উদয়ন ও সমাহরণ

यर जातनाः जानस्थात्रहर जीनत्मा वर्धर क्रजीज...॥

मर्ग्वम 5 150 12

যথন সান্ হতে সান্তে আরোহণ করে সে...তথন ইন্দ্র তাকে দেন তার সেই লক্ষ্যের চেডনা।

-सद्द्यम (२।२०।२)

শ্বিমাতা হোতা বিদ্ধেষ্ সমূল-দ্বগ্রং চরতি ক্ষেতি বৃধ্য:॥

भारानम ०।७७।१

দ্টি মাতা তাঁর—বিদ্যার সিদ্ধিতে সম্রাট তিনি; অগ্রভূমিতে কবেন বিচরণ, বাস করেন ঊধর্মালে।

—ঝেশ্বেদ (৩।৫৫।৭)

भाविता अहम्मानग्जीतकमात्र्यम्जीतकाण्मित्रमात्र्यम् । पिरता नाकमा भाष्टीन् स्टब्लाजित्रभाष्ट्रम् ॥

बक्दर्बम ५० १७०

প্থিবী হতে উত্থিত হয়ে আমি অন্তরিক্ষে করলাম আরোহণ; অন্তরিক্ষ হতে উঠলাম দ্যালোকে; দ্যালোকের পৃষ্ঠ হতে স্বর্জ্যোতিতে গেলাম আমি।*
—-যজুর্বেদ (১৭।৬৭)

পার্থিবপ্রকৃতি বিশ্বপরিণামের কোন্ পর্বে এসে আজ দাঁড়িয়েছে এবং কোন্ চরম লক্ষ্যের দিকে তার অভিযান উদ্যত বা সম্ভাবিত হয়েছে, এতক্ষণে তার একটা যথাসম্ভব স্পন্ট ধারণা আমরা পেয়েছি। এইবার আমাদের ব্রুতে হবে : পরিণামের কোন্ স্ত ধরে কি রীতিতে আজ প্রকৃতি তার বর্তমান ম্পিতিতে এসে পেণছেছে। আবার, হয়তো-বা ওই রীতির একট্খানি হের-ফের করে পরিণামের চরম পর্বে মনোময়ী অবিদ্যার কবল হতে কি করে সে অতিমানসী চেতনা ও সম্যক-বিজ্ঞানের পরমভূমিতে উত্তীর্ণ হবে।...আমরা দেখেছি, বিশ্বশক্তির সামান্যবিধানের মধ্যে নির্মাতকৃতিনিয়মের একটা বাঁধ্ননি থাকে, কেননা তার মলে আছে বস্তুর স্বভাবসত্যের প্রবর্তনা। সত্যের তত্ত্বভাবের কোনও বিপর্যয় ঘটে না, যদিও তার কৃতিতে দেখা দেয় অবাস্তর বৈচিত্রের প্রাচ্বর্থ—এ আমাদের অজানা নয়। একটা কথা গোড়াতেই স্পন্ট : জগ্দব্যাপার যখন অল্লময় অচিং হতে প্রকৃতির চিন্ময় পরিণামের খেলা, অর্থাণ এখানে জড়কে আধার করেই যখন চিংন্বর্প পর্বে-পর্বে আপনাকে র্পায়িত

^{*} এখানে আছে চারটি ভূমির কথা ঃ জড় প্রাণ শূম্ব-মন ও অতিমানস।

করছেন, তখন এই র্পায়ণের মধ্যে একটা বিপর্বা প্রগতির ছন্দ দেখা দেবে। জড় র্পের ক্রমিক পরিণমনে আধারের ক্রমস্ক্রা ও জটিল র্পায়ণ, যাতে তা উপচীয়মান চেতনাসংহতির স্ক্র্যাতিস্ক্রা এবং সমর্থ প্রবৃত্তির জটিলতাকে স্বচ্ছন্দে বহন করতে পারে—এই হল চিন্ময়পরিণামের একান্ত অপরিহার্য অস্ত্রময় ভিত্তি। তারপর এই ভিত্তির 'পরে দেখা দেবে পর্বে-পর্বে চেতনার একটা উধর্বপরিণাম বা উদয়ন—ক্রমিক উন্মেষের উৎস্পির্ণাণী কন্ব্রেখার আকার নিয়ে। পরিশেষে উধর্বভূমিতে আরোহণ করবার সময় অবরভূমির উন্মেষিত তত্ত্বকে আত্মসাৎ করে তার অন্পবিদ্তর র্পান্তর ঘটানো, যাতে সমগ্র আধারে এবং প্রকৃতিতে একটা নবজন্মের দ্যোতনা ও অভিনব সময়হরণের ঐন্বর্য জাগে—এই হল প্রগতির তৃতীয় পর্বা, যাকে ছেড়ে দিলে প্রকৃতিপরিণামের কোনও সার্থাকতাই থাকে না।

এই ত্রিপর্বা পরিণামের ফলে অবিদ্যার্শক্তি বিদ্যার্শক্তিতে রূপান্তরিত হবে, জীবনের মর্মানুলে নিহিত অচিতির জায়গা দখল করবে পূর্ণচেতনার প্রিমা—আজ যার জ্যোৎস্নাস্থায় আমাদের অতিচেতন ভূমিই স্লাবিত শুধু। নবোন্মেষিত তত্ত্বের জারণাশক্তির ফলে উদয়নের প্রত্যেক পর্বে পূর্বে-প্রকৃতির একটা আংশিক বিপরিণাম দেখা দেবে। অচিতি পরিণত হবে অর্ধ-চেতনা বা অবিদ্যার আলো-আঁধারিতে—যার মধ্যে ক্রমে জ্ঞান এবং শক্তির আক্তি উন্বেল হয়ে উঠবে। কিন্তু এর মধ্যে উদয়নের বিশেষ-কোনও পর্বে আধারের নবীন নিয়ন্তার পে অচিতি ও অবিদ্যার জায়গায় দেখা দেবে বিদ্যাতত্ত বা ঋতময় চেতনার নিরাবরণ দ্যাতি—মুন্ময়ী প্রকৃতি হবে চিন্ময়ী। অচিতির পরিবেশে প্রকৃতির সম্মতে পরিণাম হল জীবনের আদিপর্ব। তার মধ্যপর্ব অবিদ্যাকৃত পরিণাম। কিন্তু অন্ত্যপর্বে ঋতম্ভরা চেতনায় চিৎসত্তার প্রমৃত্তি ঘটবে। তথন বিদ্যাশক্তিকে আশ্রয় করে চলবে আধারের চিন্ময়পরিণাম। আজ পর্যন্ত প্রকৃতিকে পরিণামের এই ধারা অনুসরণ করে চলতে দেখেছি। প্রগতির ভবিষ্যধারাও যে এর অনুরূপ হবে, চারিদিকে তার প্রচুর নিশানা ছড়ানো আছে। যা ফুটবে, প্রথমে তা বীজরপে নিগুহিত হবে। তারপর সেই বীজ-ভাবকে ভিত্তি করে উন্মিষ্ণত অন্তর্গাঢ় শক্তির চাপে দেখা দেবে উদয়নের কতগর্নল দ্বন্দ্বসঙ্কুল পর্ব। এবং অবশেষে পরুমা শক্তির উন্মেষে উধর্বভূমির দতরগালি দ্বন্দ্রহীন স্বাচ্ছন্দোর লীলায় ফাটে উঠবে। প্রকৃতির উত্তরায়ণের মানচিত্র এই।

আরও দপদ্ট করে বলি। প্রকৃতিপরিণামের গোড়াতে প্রিসিম্ধ একটা মৌলিক সত্ত্ব বা উপাদান মানতে হয়, যাকে আশ্রয় করে তার অন্তদ্তলে সংবৃত্ত কোনও-একটা বিশেষ তত্ত্ব দফ্রিত হবে। এই অভিনব তত্ত্বটি মৌলিক তত্ত্বে অন্তর্গন্ট্ না থেকে আগন্তুকও হতে পারে। ক্রিন্তু তাহলে তার মধ্যে

থানিকটা ধর্মবিপরিণাম ঘটা আশ্চর্য নয়, কেননা এক্ষেত্রে আধারশক্তি প্রবল বলে মোলিক তত্ত্বের বহির গ যা-কিছু তার এলাকায় চুক্বে, তাকে সে আপন স্বভাবের রঙে খানিকটা ছাপিয়ে নেবেই। এমন-কি এ যদি অকম্প্য-পরিগামও হয়, অর্থাৎ পরিণামের প্রত্যেক পর্বে যদি এমন অকল্পিত বিভতির আবিভাব ঘটে, যা উপাদানতত্ত্বের সহজাত ধর্ম ছিল না কিন্তু বাইরের অতিথি হয়েও আজ ঘরের লোকের মত তার অংগীভূত হয়ে গেছে, তাহলেও প্রকৃতিপরিণামের মলে রীতির কোনও বিপর্যায় হবে না—অর্থাৎ অতিথির গায়েও ঘরোয়া গন্ধ কতকটা হবেই। কিন্তু আধারে অভিনব ষে তত্ত্ব কি বিভূতির স্ফারণ হবে. সে যদি আগেই অসংহত বা অব্যক্ত অবন্ধায় তার মধ্যে সংবৃত্ত থেকে থাকে. তাহলেও উন্মেষকালে আধারতত্ত্বের স্বভাব ও ধর্মের স্বারা অম্পবিস্তর অন্-রঞ্জিত তাকে হতেই হবে। কিম্তু এ-অনুরঞ্জন একতরফা হবে না-কেননা আধারতত্ত্বের মধ্যে উদ্মিষ্ণত তত্ত্বত আপন ৰীর্য ও স্বভাবের প্রেতি নিষিক্ত করবে এবং তাতেও তার খানিকটা বিপরিপাম ঘটবে।...এক্ষেত্রে অন্যোন্য-বিপরিণাম ছাড়া আরেকটা ব্যাপার ঘটতে পারে। প্রকৃতিপরিণামের উধের্ব উন্মিষনত তত্ত্বের নিত্যাস্থাতির একটা ভূমি থাকতে পারে, যেখানে অক্ষা মহিমায় সে প্রতিষ্ঠিত। এই স্বধাম হতে শক্তিপাতের দ্বারা অভিনব তত্তটি আধারকে যদি কর্বলিত করতে চায়, তাহলে তার পক্ষে আধারের মুখ্য উপাদান বা নিয়ন্তা হওয়াও কিছু আশ্চর্য নয়। তখন সে ঘরের লোকই হ'ক আর অতিথিই হ'ক, যে-ভূমিতে সে বাসা বাঁধবে, তার চেতনা ও চিন্মার মধ্যে পর্যাপ্ত অথবা আমূল রূপাম্তর সে আনবেই। কিন্তু যে-আধারতত্তকে সে আঅ-পরিণামের মাতৃকারপে বেছে নিয়েছে, তার ধর্মে-কর্মে কতথানি বিপর্যয় বা বিপরিণাম ঘটবে, তা নির্ভার করবে অভিনবের নির্চে সামর্থোর সংবেগের 'পরে। অনাদি সন্মাত্রের স্বর্পবীর্য না হয়ে সে যদি কেবল তার জন্য ধর্ম বা সাধন বীর্ষ হয়, তাহলে আধারের আমূল রূপান্তর ঘটানো যে তার সাধ্যাতীত হবে, একথা বলাই বাহুল্য।

এখানে দেখছি, প্রকৃতির পরিণাম শ্রু হয়েছে জড়বিশ্বকে আশ্রয় করে। জড়ই হল এখানকার আধার, প্রে উপাদান ও প্রিসিন্ধ নিমিত্তসামানা। মন আর প্রাণ উদ্মেষিত হয়েছে এই জড়ের ব্কে।, কিন্তু তাদের ক্রিয়ার্শাক্তি সীমিত ও বিকৃত হয়ে দেখা দিয়েছে, কেননা প্রতি পদেই জড়ধাতুকে তাদের মাধনর্পে ব্যবহার করতে হয়েছে এবং জড়প্রকৃতিকে আপন ইাঁচে ঢালবার চেন্টা করেও তার শাসনের বাঁধন থেকে কোনকালেই তারা মৃক্তি পার্মান। জড়ধাতুর অনেকটা র্পান্তর তারা ঘটিয়েছে, কেননা তাদের ছোঁয়া পেয়েই জড়ধাতুর অনেকটা র্পান্তর ধাতু, পরে হয়েছে চেতন ধাতু। জড়ের অসাড়তা স্থান্ত্ব ও অচেতনাতে তারা চেতনা বেদনা ও প্রাণনের স্পন্দন এনেছে। কিন্তু

তাতেও কি জড়ের আম্ল র্পান্তর সিন্ধ হরেছে? জড়কে তারা একেবারে প্রাণময় চিন্ময় করতে পারেনি। তাই জগতে প্রাণপ্রকৃতির উন্মেষ ব্যাহত হয়েছে মৃত্যুর দ্বারা, উন্মিষন্ত মনের মধ্যে পড়েছে জড় এবং প্রাণের পপত্ট ছাপ। মন স্বচ্ছন্দে পাখা মেলতে পারে না, কেননা তার ম্লে আছে অচিতির টান, আছে অবিদ্যার বেড়াজাল। প্রাণশক্তির দ্বৈরাচার তাকে তাড়িয়ে ফেরে আপন প্রয়োজনে, জড়শক্তি তাকে যন্তের শামিল করে তোলে—অথচ তাকে ছেড়ে আত্মপ্রকাশের সাধ্যও তার নাই। এতেই প্রমাণ হয়, মন কি প্রাণ কেউ আদ্য সৃষ্টিশক্তি নয়। পরিণামের লীলায় তারা জড়েরই মত পরম্পরিত ও শ্রেণীকৃত অবান্তরসাধন মাত্র। আদ্যশক্তি জড়শক্তি না হলে তাকে খ্রুজতে হবে প্রাণ ও মনেরও ওপারে। কেননা একটা গ্রহাহিত গভীর তত্ত্ব কোথাও আছেই—এখনও প্রকৃতিতে যার র্পায়ণ প্রত্যাশার বিষয় মাত্র।

স্থিত বা পরিণামের মূলে একটা আদাশক্তির প্রেষণা রয়েছে-একথা অনস্বীকার্য। কিন্তু জড় বিশ্বের আদ্যধাতু হলেও আদ্যশক্তিকে কোনমতেই অচিং জড়শক্তি বলা চলে না. কেননা তাহলে বিশ্বে প্রাণ বা চেতনার স্থান হবে কেমন করে? অচিতি হতে চেতনার উন্মেষ অথবা নিম্প্রাণ শক্তিবেগ হতে প্রাণের উন্মেষ একটা অসম্ভব কল্পনা মাত্র। আবার প্রাণ অথবা মনও যখন বিশ্বের মূল তত্ত্ব নয়, তখন এক নিগুড় চিৎশক্তিকেই বিশ্ববিধানী আদ্যা শক্তি বলে মানতে হবে। তার চিদংশ হবে প্রাণচেতনা ও মনশ্চেতনার চাইতেও বৃহৎ, আর তার শস্ত্যংশ হবে জড়শক্তির চেয়েও মোলিক। মনের চাইতে সে বড়, তাই তাকে বলব অতিমানস চিতিশক্তি। আবার বিশেবর রূপধাত হয়েও জড় যখন জড়াতিরিক্ত কোনও স্বর্পধাতুর বীর্য, তখন তাকে চিংস্বর্পের বীর্য বলেই মানতে হবে—কেননা চিৎসত্ত্বই সর্বভূতের পরম সত্ত্ব ও চরম ধাতু। মন আর প্রাণশক্তিতেও সিস্কার বীর্য আছে। কিন্তু তাতে প্রথম প্রেতির অবন্ধ্য সামর্থ্য নাই বলে তার ক্রিয়া গোণ এবং থণ্ডিত। তাই দেখি, প্রাণ ও মন যে কেবল আধারের জড়ধাতুর শাসন মেনে চলে তা নয়, তার সত্ত ও শক্তির যথেষ্ট বিপরিণামও ঘটায়। কিন্তু তাহলেও এই বিপরিণাম এবং প্রশাসনের ধারা ও পরিমাণ সর্বাধিবাস ও সর্বাধার চিং-প্রের্ষের ঈশনায় নির্পিত হয়। তাঁর মধ্যে রয়েছে যে গহুহাহিত অন্তর্জ্যোতি, অতিমানসের যে-প্রবেগ, বিজ্ঞানশক্তির যে রহস্যময় প্রবর্তনা, আত্মবিদ্যা ও সর্ববিদ্যার যে অবাঙ্মানসগোচর ঐশ্বর্য— প্রাণ ও মনের লীলায়নের কান্ডারী হয় সে-ই। অতএব আধারের পূর্ণ র্পান্তর ঘটতে পারে একমাত্র চিং-পারুষের স্বধমের অকুণ্ঠিত স্ফারণে। তাঁর অতিমানস বা বিজ্ঞানঘন স্বর্পবীর্য জড়ে অনুপ্রবিষ্ট হয়ে সহস্রদল মহিমায় ফোটে যথন, তথনই রুপোন্তরসিন্ধি পূর্ণায়ত হয়। তথন মনোময় পুরুষকে সে করে অতিমানস 'অমানব পুরুষ', অচেতনকে করে সচেতন,

অল্লময় আধারকে করে চিদ্ঘন বিগ্রহ, বিজ্ঞানঘন চেতনার জ্যোতিঃপ্লাবনে আমাদের প্রাকৃত সত্ত্ব ও প্রকৃতির পরিণমনের রীতিতে ঘটায় আমলে রুপান্তর। একেই বলি চিৎপ্রকাশের চরম পর্ব। অন্তত এখান হতেই শ্রুর হয় গোগ্রান্ত-রিত প্রকৃতির নব পরিণামের তপস্যা—্যা অবিদ্যাশক্তিকে বিদ্যাশক্তিতে এবং অচিতির মূলকে বিজ্ঞানধাতুতে পরিবতিতি করে।

জড়বিশ্বে চিংসন্তার এই ক্রমিক আত্মোন্মীলনে যে পরিণামের ধারা আবর্তিত হয়ে চলেছে, প্রতি পদে তাকে একটা বিষয়ের হিসাব রেখে চলতে হয়। জড়গাতুর রূপায়ণ ও ক্রিয়ার মধ্যে চিংশক্তি যে নিজেকে সংবৃত্ত করে রেখেছে, একথা ভুললে তার চলে না। আধারে সংবৃত্ত ও নিগৃহিত চেতনা এবং শক্তিকে জাগিয়ে তুলে তার উত্তরায়ণের অভিযান শ্বর হয়। তারপর তত্ত্ব-তত্ত্বে চক্রে-চক্রে চলে গু:হাহিত শিববীর্যের সমুন্ধতর উদয়ন। শক্তির উধর্ব সংক্রমণে তব্বও অনেক জটিলতা থাকে। উত্তারের পথে প্রত্যেকটি চক্রে বা ভূমিতে ক্রিয়াশক্তির ধর্ম কি বেগ নির্পিত হয় শ্ধ্য তার স্বধামোচিত শ্যাবধর্মের স্বচ্ছাদ প্রেতি বা স্বভাবধর্মের তীব্রসংবেগ দ্বারাই নয়। সংখ্য জড়িয়ে থাকে চিন্ময় শক্তির বাহনর পী মন্ময় আধারেরও খানিকটা প্রভাব। চিংশক্তি জড়কে কতথানি বশে এনেছে, চিংসত্তের কতটুক সিদ্<mark>ধ</mark>ি মধ্যে নির্ভকশ প্রতিষ্ঠা লাভ করতে পেরেছে—এককথায় জডের ঘরে চিংশক্তির মর্যাদা কতথানি, তারও পরিমাণ দেখে বিচার করতে হয় আধারের চিন্মর রূপান্তর সহজ হল কিনা। এইজনাই চিৎশক্তির সার্থক প্রবাত্তির বেলায় দেখি, দুর্নিকের হিসাব মিলিয়ে তার কাজ চলছে। একদিকে রয়েছে উধর পরিণামের বশে চিৎ-প্রকাশের একটা নিশ্চিত বরান্দ-এই হল তার জমার দিক; আর খরচের দিকে আছে উন্মিযিত চিৎশক্তির 'পরে অচিতির প্রভাব, কেননা এখনও অচিতি তাকে নাগপাশের আড়ষ্ট বন্ধনে জড়িয়ে আছে, তার প্রকাশকে অন্ধর্শাক্তর দ্বারা আচ্ছন্ন অনুবিদ্ধ এবং দিত্মিত করে রেখেছে। তাই দেখি, চিংসত্তের শক্তি হয়েও প্রাকৃত মন তার শুন্ধ্বভাবের স্বাতন্ত্র্য পার্যান—আঁচাতর আবেষ্টনে সে অনচ্ছ এবং কৃণ্ঠিত। তব্ অন্ধতামসকে বিদীণ করে জ্ঞানের আলো ফ্রিটিয়ে তোলবার জন্যে তার বিরামহীন তপস্যা বাস্তবিক সব-কিছুই নির্ভার করছে চেতনার কতথানি সংবৃত্ত আর কতখানি বিবৃত্ত, তার 'পরে। আচিৎ জড়ে চেতনাকে দেখি প্রণসংবৃত্ত; তার-পর জড়ের আধারে প্রাণের প্রথম উন্মেষে চিত্তহীন জীবের আবিভূর্াবে তাকে দোল খেতে দেখি অচিৎ সংবৃত্তি আর সচিৎ বিবৃত্তির মধ্যে। তারও পরে দেখি তার জাগ্রত পরিণাম—জীবদেহে বন্দী মনের সৎকীর্ণ ও কুন্ঠিত প্রচারে। সবার শেষে, চেয়ে আছি তার অন্তিম পরিণামের দিকে, যখন মনোময় সত্ত ও প্রকৃতির স্থলে বিগ্রহেই জাগবে অতিমানসের সূপ্রবৃদ্ধ চেতনা।

চিংপরিণামের প্রত্যেক পর্বে তারই প্রতিরূপ এক-একটি ভতগ্রাম দেখা দেয়। একে-একে আবিভূতি হয় শ্বশ্ধজড়ের বিগ্রহ ও জড়শক্তি, উদিভদ, পশ্ব, পশ্পায় মান্য, প্রা মান্য, অল্প-বিস্তর পরিণত চিন্নয়-সত্ত। কিন্ত পরিণামের ধারা অবিচ্ছেদ বলে তাদের মধ্যে দুস্তর ব্যবধান কোথাও নাই। তাই পূর্বকান্ডকে আত্মসাৎ করে দেখা দেয় প্রগতি বা রূপায়ণের উত্তরকান্ড। এমনি করে পশ্র শ্বারা কর্বালত হয় সজীব এবং অজীব জড়ের ধর্ম, আবার মান্য গ্রাস করে পশত্বে এবং সজীব ও অজীব জড়ম্ব—এই তিনটিকেই। অবশ্য পর্বসংক্রান্তির মাঝে-মাঝে অহল্যা প্রকৃতির বুকে হলাকর্ষের বিদাররেখা দেখা দেয়—যা তার চিরাচরিত অভ্যাসের ফল। কিন্তু এতে একটি পর্বের সংগ আরেকটি পর্বের প্রভেদই স্টিত হয়। হয়তো তার উদ্দেশ্য সিন্ধপরিণামের পিছিয়ে-আসাট্রকু বারণ করা—পরিণামের অবিচ্ছেদ সূত্রকে ত্রুটিত করা নয়। চিৎপরিণামের এই পর্বসংক্রান্তি ঘটে—কখনও অতিস্ক্রের কুমায়ণের দুর্লক্ষ্য শুন্ব্রগতিতে, কখনও-বা আকস্মিক মন্ড্রেন্স্রতিতে। আবার কখনও সংক্রমণের মুলে থাকে শক্তিপাত—অর্থাৎ প্রকৃতির উত্তরভূমি হতে নেমে আসে চিদ্-বিভূতির একটা বিশেষ সংবেগ। কিন্তু যেমন করেই হ'ক, গ্রহাশায়ী গ্রহ-পতির পে জড়ের আধারে যে-চেতনা অন্তর্গ চে হয়ে রয়েছে, তার পক্ষে এতে অবরভূমি হতে উত্তরভূমিতে উধর্বায়নের পথ নিষ্কণ্টকই হয়। দে যা ছিল, তাকে সে-যা-হয়েছে তার রসে জীর্ণ করে অতীত ও বর্তমান উভয়কেই সে ভবিষ্যের কোঠায় টেনে তোলবার আয়োজন করে। তাইতে দেখি, জড়সত্ত্ব জড়র্প জড়শক্তি ও জড়ভূত দিয়ে সে তার বিস্ভিত্তর গোড়াপত্তন করে। মনে হয়, সে বুঝি জড়ের মধ্যে অসাড় হয়ে ঘুমিয়ে আছে। কিন্তু এখন জানি, ওই আপাতস্থির ঘোরেও সে অবচেতন স্পন্দের বাহন হয়ে ধীরে-ধীরে জড়ের মধ্যে ফুটিয়ে তোলে প্রাণ ও প্রাণী, জাগায় মন ও মানব। অতএব এরই অনুব্রন্তিস্বরূপ নিশ্চয় সে এবার ফোটাবে অতিমানস এবং অতিমানব। দীর্ঘাবাহী পরিণামের ধারা বেয়ে আজ প্রকৃতি যেখানে এসে দাঁড়িয়েছে, সেখানে মান্ত্রকে মনে হয় তার সূচ্টির চরম বিভৃতি। কিন্তু বাস্তবিক মান্বে পেণছেই তো চিৎপরিণামের শেষ হর্মান। উত্তরায়ণের পথে মান্ত্র দাঁড়িয়ে আছে মহাবিষাবের সংক্রান্তিবিন্দাতে, এই তার বৈশিষ্টা। প্রকৃতির পরিণামে যদি একটা অবিচ্ছেদ অনুবৃত্তি থাকে, তাহলে তার যে-কোনও পর্বে দেখা দেবে অতীতের মুখ্য পরিণামসমূহের একটা প্রত্যক্ষগোচর সমাহার, বর্তমানের সাধ্য পরিণামসমূহের একটা সম্ভূতি এবং ভবিষ্য-পরিণামের একটা সম্ভাবনা—যার মধ্যে অনুনিম্বিত শক্তি ও সত্ত্বের সার্থক আবির্ভাবে বিস্থিতর ষোড়শকলা পূর্ণ হবে। বিশ্ব জ্বড়ে আমরা এই ব্যাপারই দেখছি। অতীত যুগের ইতিহাস অবচেতনার অতিমন্থর কুছুত্রতপস্যার ইতিহাস-ধার ফল তল-

দপশী হতে পারেনি। প্রকৃতিপরিণামের এই হল অচেতন পর্ব। বর্তমান যুগকে বলতে পারি তার ক্রমসচেতন মধ্য পর্ব। প্রগতির ধারা এখানে চলেছে যেন একটা অনিশ্চিত কন্ব্রেখার অনুসরণে। সন্ধিনীশক্তির নিগ্ঢ়ে প্রেতি মানুষের ব্লিধকে এবার পরিণামের সাধনর্পে গ্রহণ করেছে, কিন্তৃ তাকে তার কর্মসচিব করেও সকল বিশ্রেদ্ভের অধিকারী করেনি। ঠিক এই ধারা ধরে ভবিষ্যযুগে দেখা দেবে চিংসন্তার উত্তরোত্তর সচেতন পরিণাম, যার চরম পর্বে বিজ্ঞানঘন তত্ত্বে উন্মেষে তার ক্রিয়া হবে আত্মসংবিতের পরিপ্র্ণ প্রদ্যোতনায় স্বচ্ছন্দ।

এই বিজ্ঞানঘন উন্মেষের গোড়ার বনিয়াদ হল জড়বিগ্রহের বিস্থিট। তারও আদিকান্ডে দেখা দিল অচিং ও অজীব জড-সংঘাত, তার পরে সজীব ও সমনা জড়-সংঘাত। ধীরে-ধীরে ফুটল চেতনার উপচীয়মান বীর্যকে অনায়াসে প্রকাশ করবার উপযোগী আধারের উত্তরোত্তর সম্যক্-সংহতি— চিদাধার জড় ক্রমে হয়ে উঠল স্ক্র্যুতর চিদ্বিলাসের বাহন। আধ্রনিক বিজ্ঞান জডের দিক থেকে এই আরুতিপরিণামের ইতিহাসকে খ্টিয়ে আলোচনা করেছে, কিন্ত তার আন্তর চিৎপরিণামের দিকটাতে তার নজর পর্ডোন। সে-সম্পর্কে যেটুকু গবেষণা হয়েছে, তারও বেলায় চেতনার জড়ীয় ভিত্তি ও জড়ীয় সাধনের কথাটাই বড় হয়েছে—প্রগতির পথে স্বভাবধর্মের তাগিদে চেতনার ক্রিয়া কেমন করে ফটেছে, তার কথা বিশেষ-কিছুই হয়নি। প্রকৃতির পরিণামে একটা অবিচ্ছেদ অন্বাত্তি আছেই। জড়কে আত্মসাং করে যেমন প্রাণের প্রকাশ, তেমনি অবমানস প্রাণকে আত্মসাৎ করে দেখা দেয় মন। আবার ইন্দ্রি-প্রাণময় মনকে গ্রাস করে দেখা দেয় বৃন্ধিময় মন। তব্ পরিণামের একটি পর্ব হতে আরেকটি পর্বে চেতনার উৎক্রমণে আমরা একটা দূরতায় ব্যবধান দেখি। মনে হয় উল্লখ্যন বা সেতুবন্ধন কোনও উপায়েই এ-সাগর ডিঙানো অসম্ভব। কি করে যে প্রকৃতি <mark>এ</mark>-সাগর লণ্যন করেছিল অতীত যাগে অথবা আদপেই করেছিল কিনা, তারও কোন প্রত্যক্ষ ও সন্তোষজনক প্রমাণ আমরা খ'জে পাই না। এমন-কি আকৃতিপরিণামের বেলাতেও, যেথানে স্কৃপন্ট তথ্যের সংকলন প্রচ্বের, সেথানেও এমন কর্তগর্বাল লব্পপর্ব আছে, যারা চিরকাল লাপ্তই থেকে যাবে। কিন্তু চিৎপরিণামের বেলায় বিচ্ছেদের রেখাটা আরও গভীর। মনে হয় সেখানে সংক্রমণ ঘটেনি, ঘটেছে র্পান্তর। এ-ধারণার কারণ সম্ভবত আমাদের দুন্দিশৈক্তির ক্ষীণতা। যা অবমান্ত্রস বা অব-চেতন অথবা আমাদের চিত্তভূমি থেকে পৃথক কি নীচের ধাপে, আমরা তার মধ্যে ঢুকতে পারি না কিংবা তাকে ভাল করে বুঝতে পারি না। তাই চিং-পরিণামের প্রত্যেক ধাপে এবং দুটি ধাপের সীমান্তে যে অর্গণত স্ক্রে পর্ব-ভেদ, তা আমাদের চোখেই পড়ে না। জড়বিজ্ঞানী জড়ের তথাকে তন্নতন্ন

বিচার করেও প্রকৃতিপরিণামের অনেক ফাঁক ও লন্পুপর্ব আজও খ'নুজে পাননি। কিন্তু পরিণামের ধারাবাহিকতায় অবিশ্বাস করবার কোনও কারণও তিনি দেখেন না। আমরাও যদি আন্তরপরিণামকে তেমনি করে খ'নুটিয়ে দেখতে পারতাম, তাহলে বিপুল বিচ্ছেদের মধ্যে অনুবৃত্তির সেতৃবন্ধন করা নিশ্চয়ই অসম্ভব হত না।...কিন্তু তব্ পর্বে-পর্বে বস্তুতই যে-একটা মৌলিক ব্যবধান আছে, তা অস্বীকার করবার উপায় নাই। অনেকসময় ব্যবধানটা এতই বিরাট যে, একটি পর্বের তুলনায় তার উত্তরপর্বকে মনে হয় একটা নতুন স্কৃতি বা অলৌকিক রুপান্তর। কিছুতেই ভাবতে পারা যায় না যে, প্রকৃতির এ একটা স্বচ্ছন্দান্মেয় স্বাভাবিক পরিণতি, কিংবা অনায়াস পরম্পরার সোপান বেয়ে পা গ্রুনে-গ্রুনে সে এক পর্ব হতে আরেক পর্বে হাজির হয়েছে।

প্রকৃতিপরিণামের ঊধর্বপর্বে অন্যোন্যব্যবধান হয় সংকীর্ণ কিন্তু গভীরতর। বৈজ্ঞানিক সম্প্রতি আবিষ্কার করেছেন, ধাতুতে আর উদ্ভিদে প্রাণের সাড়া স্বরূপত একইধরনের। কিন্তু আধারগত বৈষম্যের দর্ন এই ক্রিয়ার প্রকাশে এতখানি পার্থক্য দেখা দেয় যে, ধাতুকে আমরা মনে করি নিষ্প্রাণ আর র্ডান্ডদকে স্থান দিই আপাত-অচেতন অথচ প্রাণবান জীবের পর্যায়ে। উদ্ভিদ-জীবনের উচ্চতম কোটির সংখ্য পশুজীবনের নিন্দতম কোটির তুলনায় ব্যবধানটা আরও গভীর হয়ে দেখা দেয়—কেননা পশ্র মধ্যে আছে মন, আর উদ্ভিদের মধ্যে মনশ্চেতনার বিন্দ্বম।ত্র আভাসও বাইরে ফোটেনি। উদ্ভিদের মনোধাতু অসাড় অপ্রবন্ধ, অথচ তার জীবনে প্রাণের সাড়া খ্রই ম্পেন্ট। মনে হয়, অবদামত অবচেতন বা অবমানস হলেও ইন্দ্রিয়সংবেদনের একটা আকারপ্রকারহীন অথচ অতিতীব্র স্পন্দন তার আছেই। কিন্তু ইতর-জীবের আদিপর্যায়ে জীবনের শুরু হয় অবচেতনাকে নিয়ে—ব্যক্তচেতনার অপূর্ণ অভিব্যক্তিতে একটা নিজস্ব নতুন ধারার প্রবর্তন হয় তার মধ্যে। তাই তার প্রাণলীলাও উদ্ভিদের মত নির্বাধ ও স্বয়ংতন্ত্র নয়। অথচ তার মধ্যে মন জেগেছে, জীবনে চেতনার আবিভাবে দেখা দিয়েছে প্রকৃতিপরিণামের একেবারে নতুন একটা পর্ব। উদ্ভিদে আর পশত্তে কায়সংস্থানের তারতম্য যতই থাকুক, উভয়ের প্রাণলীলার সারুপ্য ব্যবধানের গভীরতাকে পরেণ না করলেও তার বিস্তারকে সংকীর্ণ করেছে। আবার পশ্বর পরম কোটির সংগ মানুষের অবম কোটির তুলনায় উভয়ের মধ্যে ব্যবধান দেখা দিয়েছে ইন্দ্রিয়-মানস আর বৃদ্ধিতে। এখানেও দেখি, ব্যবধানের বিস্তার যেমন কমেছে, তের্মান বেড়েছে তার গভীরতা। অসভ্য মানুষের আদিম প্রকৃতিকে যত অমার্জিতই বলি না কেন, তব্ সে যে পশ্ হতে একেবারে অন্য পর্যায়ের জীব-একথা অনুস্বীকার্য। পশুর মত অসভ্যতম মানুষেরও ইন্দ্রিমানস আছে, আছে প্রক্ষান্ধ প্রাণের সংবেগ ও ব্যাবহারিক ব্রাণ্ধর একটা কাঁচা

বনিয়াদ। কিন্তু এছাড়াও তার মধ্যে দেখা দিয়েছে মনুষ্যবৃদ্ধির সকল বৈশিষ্টোর আভাস। পরিমাণে যত স্বল্প হ'ক, তব, তার আছে বিতর্ক বিচার ও ভাবনার সামর্থা, নতুন-কিছু, গড়বার সচেতন নৈপুণা, চরিত্র ধর্ম ও পরলোক সম্পর্কে চিন্তা ও বেদনা—এককথায় মনুষ্যজতির যা-কিছু সাধ্য, সেসমন্তেরই একটা পরিষ্কার স্চনা। অসভ্য আর সভ্য মানুষের ব্রিধর গড়ন একইধরনের—শ্রধ্র অতীতের শিক্ষা-দীক্ষার দৈন্যবশত অসভ্য মানুষের ব্যাদিধ নতুন দিকে মোড় নিতে পারেনি, অথবা তার সামর্থ্য প্রবৃত্তি এবং তীক্ষাতা যথেষ্ট পরিনতি লাভ করবার সুযোগ পার্যান।...এর্মান করে প্রকৃতি-পরিণামে পর্বভেদ থাকলেও, প্রজাপতি বা ঈশ্বর যে প্রত্যেকটি জীবজাতিকে দেহে এবং চেতনায় আলাদা-আলাদা সুষ্টি করে জগতের আঙিনায় ছেডে দিয়ে হাত-পা গ্রাটিয়ে বসে আছেন, আর নিজের স্থান্টির তারিফ করছেন—এ-কম্পনাও অপ্রন্থেয়। একটা কথা স্পষ্ট হয়ে উঠেছে : হয়তো গঢ়েচেতন অথবা অচেতন এক মহার্শাক্ত ক্ষিপ্র বা মন্থর গতিতে স্টিউর পর্বে-পর্বে এই ভেদের পরম্পরা গড়ে তুলেছে—অল্লময় প্রাণময় অথবা মনোময় বিচিত্র যন্তকৌশলের নিপণে প্রয়োগে। হয়তো এককালে যা ছিল পর্বসংক্রমণের সোপান অথচ আজ হয়েছে প্রকৃতিপরিণামের পক্ষে নির্থ'ক কি অবান্তর, তাকে আলাদা করে জিইয়ে রাখবার কোনও প্রয়োজনীয়তা সে অনুভব করেনি। তার পরিণামের ধারা-বাহিকতায় মাঝে-মাঝে দেখা দিয়েছে এক-একটা দৃ্হতর ফাঁক।...কিন্তু এ-সিন্ধান্ত এখন পর্যন্ত অনেকটা কল্পনার শামিল, কেননা তাকে স্প্রেতিষ্ঠ করবার মত মালমসলা এখনও আমরা হাতের কাছে পাইনি। বরং এমন হওয়াই সম্ভব যে, মোলিক পর্বভেদের কারণ নিহিত রয়েছে পরিণামের অন্তর্গ চুচ্ শক্তির প্রবর্তনাতে, বাহ্যিক আরুতিপরিণামের ধারাতে নয়। প্রকৃতি-পরিণামের সূত্র বাইরে না খংজে যদি ভিতরে খংজি অর্থাৎ চিৎপরিণাম দিয়ে র্যাদ আকৃতিপরিণামের ব্যাখ্যা করি, তাহলে জাত্যন্তর-পরিণামের রহস্য ব্রুতে আর কন্ট হয় না। তখন মনে হয়, প্রকৃতিপরিণামের স্বাভাবিক ছন্দ অন্-সারেই তো আলোচিত পর্বভেদ অনিবার্য হয়ে ওঠে।

ব্যাপারটাকে জড়বিজ্ঞানীর বহি দৃষ্টি দিয়ে না দেখে মনোবিজ্ঞানের দৃষ্টিতৈ বিচার করলে দেখি, প্রকৃতিপরিণামের এক পর্বের সঙ্গে আরেক পর্বের তফাত ঘটছে এক ভূমি হতে আরেক ভূমিতে চেতনার উদয়নে—এই হল আসল তত্ত্ব। ধাতুর স্বভাব নির্ট হয়ে আছে জড়ের নিষ্প্রাণ অচ্চিতিস্বভাবে। যদি-বা প্রাণনের আভাস নিয়ে একট্খানি সাড়া তার মধ্যে জেগেও থাকে, অথবা উদ্ভিদের আধারে প্রাণোদ্মেষের অস্ফুট স্চনা নিয়ে এতট্কু কাঁপনও লেগে থাকে তার বৃকে, তব্ প্রাণনের বিশিষ্ট ধর্মের বাহন যে সে নয়, সে যে বিশেষ করে জড়ধমী—একথা অনুস্বীকার্য। তেমনি উদ্ভিদের স্বভাব বন্দী

রয়েছে প্রাণের অবচেতন প্রবৃত্তিতে। তাবলে সে যে জড়ের অধীন নয় কিংবা অন্তত তার কতগর্নল সাড়। যে মননধর্মণী নয়, তা কিন্তু বলা চলে না। উদ্ভিদের কতকগর্নি ব্রতি বস্তুতই অবমানস—আমাদের চিত্তগত সূখ-দুঃখ বা আকর্ষণ-বিকর্ষ ণের মৌল উপাদানের সঙ্গে তাদের একটা মিল রয়েছে। তব; উদ্ভিদকে যেমন জড়রপে বলব না, তেমনি সম্ভবত মনশ্চেতন জীবও বলব না—তাকে বলব প্রাণেরই একটা রূপায়ণ। মানুষ আর পশু দুয়ের মধ্যেই মনের চেতনা আছে। কিন্তু পশ্ম আটকা পড়েছে প্রাণময় মনে ও ইন্দ্রিয়মানসে, তার গণিডকে পার হবার তার উপায় নাই। আর মানুষের ইন্দিরমানসের 'পরে পড়েছে বুন্ধি-র পী একটা নতুন তত্ত্বের আলো—যা বৃদ্তুত অতিমানসের যুগপং বিকার এবং প্রতিবিন্দ্র। তুর্যাতীত বিজ্ঞানের একটি রশ্মি পড়েছে মানুষের ইন্দ্রিয়মানসের মুকুরে, কিন্তু তার বন্ধরেতায় সে-রেখা বাঁকা হয়ে আরেক রূপ ধরেছে। তার দর্ন ইন্দ্রিয়মানসের তাঁবেদার হয়ে বিজ্ঞানধর্মকে হারিয়ে সে সংশয়ীর অজ্ঞান-ধর্ম কবুল করেছে। তাই সে জ্ঞানের সন্ধানী—কেননা তার জ্ঞানের ভাণ্ডার দেউলিয়া, অতিমানসের মত জ্ঞানস্বভাবে সে নিতাপ্রতিষ্ঠিত নয়।...এমনি করে প্রকৃতিপরিণামের প্রত্যেক পর্বে বিশ্বসং তার চেতনার বৃত্তিকে এক-একটা পূথক তত্ত্বের বেষ্টনীতে বন্দী করেছে। অথবা উত্তমধর্মের শ্বারা না হ'ক অন্তত উত্তরধর্মের দ্বারা ভাবিত করেছে অবরধর্মকে—যেমন মানুষ আর পশুর বেলায়। এক তত্ত্ব হতে সম্পূর্ণ পৃথক আরেক তত্ত্বে এমনতর উৎপ্রবনের ফলেই প্রকৃতির পরিণামে দেখা দেয় পর্বের ভেদ, বিভাজনের গভীর রেখা বা দৃহ্নতর ব্যবধান। তাইতে জাতিতে-জাতিতে সকল ধরনের ধর্ম ভেদ না হ'ক. স্বভাবের একটা মোলিক ভেদের সূচ্টি অপরিহার্য হয়।

কিন্তু এক্থা ভূললে চলবে না, উত্তরেত্তর তত্ত্বসংক্রমণের ধারা ধরে এই-যে প্রকৃতির উদয়ন, এতে কিন্তু উত্তরভূমিতে আরোহণের ফলে অবরভূমি পরিত্যক্ত হয় না। আবার অবরভূমিতে দিথতির অর্থ ও এ নয় যে তার মধ্যে উত্তরতত্ত্বের আবেশের কোনও আভাস নাই। পর্ববিচ্ছেদের দর্ন পরিণামবাদের বির্দেধ যে-আপত্তি উঠেছিল, এইদিক দিয়ে দেখলে তাকে আর তেমন গ্রহ্বের মনে হয় না। কেননা, অবরপর্বে উত্তরপর্বের অঙকুর যদি থাকে এবং সত্তার উ ধর্ম-পরিণামে যদি অবরধর্মেরও উর্ধর্শিতন ঘটে, তবে তাকে নিঃসংশয়ে আমরা প্রকৃতিপরিণামের পর্যায়ে ফেলতে পারি। অব্যাহত পরিণামের জন্য প্রয়োজন শর্ম্ব অবরপর্বের অনুশীলনন্বারা এমন-একটা ভূমিতে তাকে উন্নীত করা, যেখানে উত্তরপর্বের প্রকাশ স্বচ্ছেন্দ এবং আয়াসশ্না হতে পারে। এই ভূমিতে এলে পর, কোনও উধর্মতের ভূমি হতে শক্তিপাতের ফলে অবরপর্বের অন্পাধিক কিপ্র এবং স্মানিন্চত র্পান্তর ঘটে—কখনও তড়িংগতিতে, কখনও-বা দমকেদ্মানে। প্রথমে হয়তো দ্বিনিরীক্ষ্য শন্ব্যাতিতে অথবা অলক্ষ্য ফল্স্বারায়

উত্তরায়ণের অভিযান শ্বর্ হয়। তারপর আকস্মিক দ্রুতবিসপ্ণে উপান্ত-ভূমিতে এসে প্রকৃতি ঝাঁপিয়ে পড়ে পরিণামের আরেক পর্বে। মনে হয়, এমনিতর এক রীতিতে নিশ্নভূমি হতে উধর্বভূমিতে চেতনার সংক্রমণ ঘটেছে।

বস্তুত জড়পরমাণ্বর মধ্যেও প্রাণ মন ও অতিমানসের ক্রিয়া চলছে—শক্তির অবচেতন বা আপাত-অচেতন ছন্দোলীলায়, অদুশ্য অতীন্দ্রিয় ও অন্তর্গচে একটা প্রবর্তনা নিয়ে। তার অশ্তরে এক অশ্তর্বাসী চিৎসত্তার অধিবাস রয়েছে এবং তাকে ঘিরে গড়ে উঠেছে শক্তি ও আকুতির একটা বহিব্যঞ্জনা—যাকে আমরা বলতে পারি পরমাণ্যর অশ্তঃস্যুত এবং অশ্তর্গাঢ় চিন্ময় নিয়ন্ত্রশক্তি হতে বিবিক্ত একটা র প্রময় বৃহত্ হিথতি মাত। প্রমাণ র এই বাহ্যশক্তি এবং বাহ্য-আকৃতি জড়ের ক্রিয়ায় আত্মভোলা হয়ে আছে। সে-ক্রিয়ায় তার এত প্রগাঢ় অভিনিবেশ যে, আত্মবিস্মৃতির অতলে তলিয়ে সে স্থাণ্যুর রূপ ধরেছে, তার ম্বর্প বা কর্মের সকল চেতনা হারিয়ে ফেলেছে। অতএব বলতে পারি, প্রকৃতির রাজ্যে প্রমাণ, আর অতিপ্রমাণ,রা যেন চিরন্তন স্বান্চর বা নিশিতে-পাওয়া সন্ত্রাবশেষ। প্রত্যেক জড়ভূতের এই ধারা। তাদের প্রত্যেকের রূপের মধ্যে সংব্রুত এবং অভিনিবিষ্ট একটা রূপচৈতনা রয়েছে—সাপ্তির ঘোরে অচে-তন হয়ে কোন-এক অজ্ঞাত অননভেত আন্তরসন্তার প্রবেগে সে বাহিত হয়ে ওই আন্তরসত্তাকেই উপনিষদ বলেছেন 'প্রত্যেক স্ব্যুপ্তে নিত্য-জাগ্রত সর্ব'ভূতাধিবাস প্রের্ষ'। পরমাণ্ডতে এই র্পচৈতন্য নিতাস**্য**প্ত— কোনদিন সে জাগেনি বা জেগেও উঠবে না নিশিতে-পাওয়া মান্বের মত।... এই স্বপ্তির উপরুস্তরে দেখা দিল প্রাণ। অর্থাৎ অস্তর্গ ঢ়ে চিৎসত্তার শক্তি এতখানি ঘনীভূত ও তীক্ষাবীর্য হল যে তার মধ্যে ক্রিয়াশক্তির নতুন একটা ধারা প্রবৃতিত হল—জীবের জীবনীশক্তিতে আমরা অহরহ যার পরিচয় পাচ্ছি। বিশ্বের অভিঘাতে সে প্রাণের স্পন্দন দিয়ে সাড়া দেয়, যদিও সে-সাড়াতে মনের সংবিৎ নাই। অথচ তাকেই আগ্রয় করে উৎসারিত হল ক্রিয়া-শক্তির একটা উধর্বতন ও সক্ষাত্র প্রবৃত্তি—বিশাদধ জড়বৃত্তিতে যার কোনই আভাস ছিল না। সেইসংগ্র তার মধ্যে অনাত্মীয়কে আত্মসাৎ করবার এক অভিনব সামর্থ্য দেখা ছিল। বিশ্বপ্রকৃতির দেওয়া জড় ও প্রাণের অভিঘাতকে গ্রহণ ক'রে অ-পূর্ব জীবনস্পন্দের বিচ্ছুরণে তাদের র্পান্তরিত করা হল তার একটা বৈশিষ্টা। শৃদ্ধ জড়ময় সংঘাত শ্বারা এ-ব্যাপার কথনও সাধিত হতে পারে না। শক্তির অভিঘাতকে প্রাণ বা তৎসম কোনও ব্রত্তিতে র্পান্তরিত করবার ক্ষমতা জড়ের নাই, কেননা জড়সংঘাতের গ্রহণশক্তি থাকলেও (অতী-নির্বাদশনের সাক্ষ্য মানলে এধরনের গ্রহণশক্তির অস্তিম্ব সম্পর্কে কোনও সন্দেহ থাকতে পারে না) তা এমনি স্তিমিত যে, নিশ্চুপ হয়ে গ্রহণ করে নিঃ-সাডে সাডা দেওয়াই তার সাধ্যের সীমা। তাছাড়া জড়বিগ্রহের নিম্প্রাণ স্থ্যেম্বও

এমনি নিরেট যে, শক্তির স্ক্রাতিক্ষা অভিঘাতকে কোনও কাজে লাগাবার সামর্থ্যও সে রাখে না । জড়দেহ দিয়ে উদ্ভিদের প্রাণের ক্রিয়া নির্মান্ত হলেও, প্রাণশক্তি সেখানে জড়কে প্রাণের মর্যাদা দিয়ে জড়সন্তার একটা অভিনব র্পান্তর ঘটিয়েছে।

তারপর পশ্বতে ইন্দ্রিয় এবং মন ফ্রটল, দেখা দিল চেতন জীবন। কিন্তু সেখানেও চিংপ্রকাশের এই একই র**ীতি। পশ**ুর আধারে সন্ধিনীশক্তি আরও ঘনীভূত ও তীক্ষাবীর্য হয়ে একটা নতুন তত্ত্বের অবতারণা করল— অন্তত জড়ের রাজ্যে তাকে নতুন-একটা আবিভাবে বলতেই হবে। অর্থাৎ পশ্রে মধ্যে জড় ও প্রাণকে ছাপিয়ে ফুটল মন। আত্মীয় এবং অনাত্মীয় সত্তা সম্পর্কে পশার মানসসংবিৎ আছে। তার প্রবৃত্তির ধরনও অনেকটা সাক্ষ্ম এবং উন্নত, অনাত্মবিগ্রহ হতে অন্নময় প্রাণময় এবং মনোময় অভিঘাতের বৈচিত্র্যকে গ্রহণ করবার সামর্থ্য এবং অধিকারও তার ব্যাপক। অল্লময় এবং প্রাণময় জগৎকে আত্মসাৎ ক'রে তাদের মধ্যে সে ইন্দ্রিসংবিৎ এবং ইন্দ্রিয়-মানসের রূপ ফোটায়। পশ্র বোধময়, কিন্তু সে-বোধ শুধু শরীর ও প্রাণের বোধ নয়—মনেরও বোধ। কেননা কেবল যে নাড়ীতন্ত্রের মঢ়ে প্রবৃত্তিই তার রয়েছে, তা নয়—তার আছে সংজ্ঞা বেদনা ভাবনা বাসনা স্মৃতি ও সংস্কার, আছে প্রবৃত্তি ইচ্ছা ও হৃদয়ের সচেতন সংবেগ। এমন-কি খানিকটা ব্যাবহারিক-ব্রুদ্ধিও তার আছে—ভুয়োদর্শন অনুষ্ণ্য স্মৃতি অভাবের তাড়না এবং খানিকটা কুশলী প্রতিভা যার ভিত্তি। চাতুরী উপায়কুশলতা ও পরিকম্পনার্শাক্তরও তার অভাব হয় না। একটা নতুন-কিছু আবিষ্কার করা এবং পরিবেশের সঙ্গে তাকে খানিকটা খাপ খাইয়ে নেওয়া অথবা নতুন পরিস্থিতির গরজে কোথাও-কোথাও তার অদলে-বদল করা—এদিকেও পশ্রুর বৃদ্ধি খেলে। একে অর্ধ-চেতন নিস্পাব্রিও বলা চলে না। বস্তৃত পশ্ববুল্খি মনুষ্যবুল্খির ভূমিকা-মাত ।

কিন্তু মান্বের মধ্যে দেখি, সমস্ত ব্যাপারটা চৈতনার দীপ্তিতে উজ্জ্বল হয়ে উঠেছে। মান্ব ব্রহ্মান্ডের ক্ষ্র সংস্করণ। তাই তাকে নিমিত্ত করে ব্রহ্মান্ড নিজের কাছে আত্মপরিচয় ফ্রটিয়ে তোলে। পশ্বজের অবমকোটিতে পশ্বকে বলতে পারি স্বশ্নচর, কিন্তু উত্তরকোটির পশ্বকে তা বলা চলে না। অথচ তার মন জাগ্রত হলেও সঙ্কীর্ণ, কেননা তার বৃত্তি শ্বধ্ প্রাণের তাগিদ মেটাতেই ফ্রিয়ে যায়। মানুবের মধ্যে মনশ্চেতনা আরও সজাগ। হয়তো প্রথম-প্রথম তার চেতনা হয় বহিম্ব, আত্মসচেতনতার দৈন্যে কৃশ। কিন্তু ক্মেই সে প্রবৃত্থ হয়ে তার অন্তর্গ্ তৃ অখন্ডসন্তার সম্যক পরিচয় নিতে পারে। উত্তরায়ণের আদিম দ্বটি পর্বের মত, এখানেও সন্ধিনীশক্তির চিন্ময় ঘনীভাবে আধারে নতুন শক্তি এবং স্ক্ষাত্র নতুন বৃত্তি আবির্ভূত হয়েছে। প্রাণমর

মন এখানে উঠে এসেছে বিচারশীল ও মননধমী চিত্তের ভূমিতে। ভূয়ো-দর্শন ও নর্বানমিতির সামর্থ্য আরও পরিপুষ্ট হয়েছে। তথ্যের সংকলন ও অন্বয়সাধন, কার্যকারণসম্বন্ধের চেতনা, কল্পনা ও রসস্ভির প্রতিভা, অন্ভূতির অতিস্ক্র সাবলীলতা, বৃদ্ধির সমন্বয়সাধনী ও অর্থবিধারণী ব্ৰত্তি প্ৰভৃতি চেতনার নানা বিভৃতি প্ৰস্ফাট হয়েছে এই ভূমিতে। বৃদিধ আর এখানে প্রতিবর্তী বা প্রতিঘাতী নয়—তার মধ্যে ফুটেছে মেধা ঈশনা ও আর্মাব্বেকের সামর্থ্য। অবরপর্বের মত এখানেও চেতনার অধিকার ক্রমেই দুরাবগাহী হয়েছে, মানুষ পিণ্ড ও ব্রহ্মান্ডের খবর আরও বেশী করে জেনেছে এবং সে-জ্ঞানকে রূপায়িত করেছে সচেতন অনুভবের মহন্তর ও পূর্ণতর ঐশ্বর্ষে। অতএব এখানেও দেখি উদয়নের তৃতীয় সূত্রের একাশ্ত-প্রত্যাশিত প্রয়োগ : নিন্দ পর্বের ধর্মগর্মানকে আপন ভূমিতে তুলে নিয়ে মন তাদের ক্রিয়া এবং প্রতিক্রিয়াকে বৃদ্ধিধর্ম দ্বারা অনুষিক্ত করছে। পশুর মত মান ষেরও দেহ এবং প্রাণের সম্পর্কে একটা সচেতনতা আছে। শুধু তা-ই নয়, তার প্রাণের বোধ বৃদ্ধির দীপ্তিতে উল্জব্বল, তার দেহবোধ যেমন সজাগ তেমনি ভূয়োদশনিশ্বার। সম্ভধ। পশ্র স্থলে শারীরবৃত্তির সংগ্রা-সংগ্র পশরে মনোময় জীবনকেও সে অধিকার করেছে। কোনও-কোনও বিষয়ে পশ্র তুলনায় মানুষের মধ্যে খানিকটা ন্যুনতা দেখা দিলেও তাকে সে প্রেণ করেছে অধিগত বৃত্তির উৎকর্ষসাধনশ্বারা। তার সংজ্ঞা ও সংস্কার, প্রবৃত্তি ইচ্ছা ও হৃদয়ের সংবেগ সমস্তই ভাববাসিত এবং বৃদ্ধির দ্বারা দীপ্ত। পশ্বর মধ্যে যা ছিল ভাবনা-বেদনা-কামনার একটা মূঢ় এবং স্থলে আনাড়িপনামাত, তাকে সে শিল্পনৈপ্রণ্যের চরম চমৎকারে রূপান্তরিত করেছে। পশাও ভাবে, কিন্তু তার ভাবনা স্মৃতি ও সংস্কারের যন্ত্রমূড় অবশ আবর্তন শ্বধ্। প্রকৃতির ইশারাকে যথাবং মেনে চলাই তার স্বভাব। যেখানে বিশেষ-কোনও কারণে পর্যবেক্ষণ ও পরিকল্পনশক্তির পরিচয় দেওয়া প্রয়োজন হয়, শুধু সেইখানেই তার মধ্যে সচেতন ব্যক্তিস্বাতন্দ্যের একটা ঝলক দেখা দেয়। পশতে ব্যাবহারিক বৃদ্ধির আভাসমাত্র ফুটেছে। মানুষের বিচারবৃদ্ধি হতে এখনও সে অনেক দরে। পশ্র উন্মিষ্ণত চেতনা যেন মনোরাজ্যের আশিক্ষিত অনিপূণ কারিগর। কিন্তু মানব-আধারে সেই চেতনাই হয়েছে স্নিপ্নণ কার্। তার আশা, ভবিষাতে শ্বধ্ কলাবিং নয়, শিল্পাচার্য হবারও গোরব সে অর্জন করবে—যদিও এ-আশাকে সফল করবার চেণ্টা তার ফাজও তেমন জোর ধরেনি।

পাথি বপ্রকৃতির রাজ্যে আপাতত মান্বের মধ্যেই চেতনার চরম উন্মেষ দেখছি। এই উন্মেষের দ্বটি বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য করলে তার ম্লস্তটি আমরা ধরতে পারব। প্রথমত, চেতনার উধর্বভূমিতে জীবনের অবরধর্মের

ওই-যে উল্লয়ন, সাক্ষিত্বের মর্ম'ভেদী দুডিই কিন্তু তার নিয়ন্তা। ব্যক্তির আধারে অধিষ্ঠিত আছেন যে বিরাট পুরুষ অথবা উন্মেষের গুঢ়ুসং-বেগে স্পন্দমান যে চিৎসত্তা, স্বারাজ্যের তুর্গাশখর হতত তাঁর মাহেশ্বরী দুদ্টি অবস্থিত হয় শৈলমূলের উপত্যকার দিকে। তাঁর সে-দুদ্টিতে জনল ওঠে চিতিশক্তির যুগলবিভতি—ঈশানের উদার জ্ঞানাশক্তির সংগ্রহক হয় ইচ্ছার্শান্তর অনমনীয় দঢ়তা। রূপান্তরিত চেতনার ওই অভিনব প্রসার হতে. গ্রোত্রান্তরিত দৃ্ণ্টি ও প্রকৃতির ওই মৃক্তচ্ছন্দ দিয়ে, অবরপ্রাণের বা-কিছু সম্ভাবনা তার নিগ্রু বীর্যকে ম্ফুরিত ক'রে আধারশক্তিকে তিনি করেন উধর্বস্রোত।। অবরপ্রাণকে বিনষ্ট করতে চান না বলেই তাঁর এই উধর্বায়নের তপস্যা। আনন্দের উচ্চলনই তাঁর চিরন্তন সাধনা। সে-রাগিণী সাধেন তিনি সংবাদী-বিবাদী সকল স্কুরের অপরূপ সংগতিতে—শুখু সংবাদী সুরের মধুর আলাপে নয়। তাই তাঁর হাতে জীবনযন্তে অবরপ্রাণেরও অবহেলিত স্বরগ্রাম কংকৃত হয়, আদিমকুণ্ঠার পীড়ন হতে মুক্ত হয়ে তাঁর নন্দনগীতিতে তারাও আনে কত-যে অশ্রুত শ্রুতির অনুরণন। কিন্তু এখানেও তাঁর একটা প্রতীক্ষা আছে। উত্তরভূমির ঐশ্বর্যকে স্বেচ্ছায় স্বীকার করবার দায় অবরব্যত্তিরই। সে-স্বীকৃতির পরিচয় না পেলে তিনিও তাদের চির-আপন করে নিতে চান না। আবার স্বীকৃতিতে যদি বিলম্ব ঘটে, যদি তারা অমোঘ ইচ্ছার বিদ্রোহী হয়, তথন রদ্রতাণ্ডবের প্রচন্ড পীড়নে তাদের আপন বশে আনতেও তাঁর দিবধা নাই। শীলাচার আত্মনিগ্রহ ও তপস্যার এই হল অর্ন্তর্নিহিত সত্যকার লক্ষ্য এবং তাৎপর্য[ে]। অল্লময় প্রাণময় ও অবর্মনোময় জীবনকে বশে এনে তার সমস্ত ব্তিকে পরিশান্ধ করে উধর্বলোকের যোগ্য সাধনে র্পান্তরিত করা—যাতে তারা উত্তরমনের এবং পরিশেষে অতিমানসের বৃহৎসামের দিব্যরাগিণীতে রূপান্তরিত হতে পারে, এই তো জীবনসাধনার লক্ষ্য। জীব**নকে পণ্য**ুও বিকলাণ্গ করে হত্যা করা—এ তো আমাদের পর্যার্থ নয়। উত্তরায়ণের পথে অভিযানই সাধনার প্রথম এবং অপব্লিহার্য অর্গ বটে। কিন্তু সেইসঙ্গে ষে সমাহরণেরও সাধনা চলবে-প্রকৃতি-স্থ প্রেষের এও একটা অন্তিবর্তনীয় আকুতি।

বিজ্ঞান ও সঙ্কল্পের তলস্পাশী দ্ভিতিত অন্বিশ্ব করে সব-কিছুকে তুলে ধরা এবং স্গভীর সমগ্র-ভাবনার শ্বারা সব-কিছুকে আরও স্কার্ম স্কুমার ও সম্শ্ব করা—কবিক্রতু অন্তর্যামী প্রব্যের প্রথম হতেই এই ধরন। উদ্ভিদ্সিথত প্রত্যের বলতে গেলে আছে নাড়ীসংবেদনময় একটা স্থলে দ্ভিট। সেই দ্ভিটকে তার অল্লময় জগতের সর্বত্ত ছড়িয়ে দিয়ে, সাধ্যমত তাহতে সে অল্লপ্রাথময় একটা তীক্ষারসের আস্বাদন প্রতে চায়। মনে হয়, নিঃশব্দ প্রাণকস্পনের এমন-একটা তীব্র উন্মাদনা তার মধ্যে আছে, যা আমাদের

কন্পনারও অগোচর। পাশব দেহ-মনের উন্নত ও সমর্থ আধারের চাইতে উম্ভিদের জীবনাধার কত অপরিণত। তবু তার ওই মূঢ় অনুভবের তীব্রতাকে হয়তো পশ্র আধার কোনমতেই সইতে পারবে না।...আবার পশ্রে জগৎ অম-প্রাণময়—তাকে সে মনোবাসিত ইন্দ্রিয়দ্ভি দিয়ে দেখে এবং সাধ্যমত তাহতে ইন্দ্রিলভা রস আহরণ করে। বিশান্ধ ইন্দ্রির্বোধ বা ইন্দ্রির্বাসিত প্রক্ষোভ কি প্রাণবাসনার সুখেময় তপুণ হিসাবে দেখতে গেলে, সে-রসের তীব্রতা অনেক ক্ষেত্রে মানুষের ইন্দ্রিয়জ রসবোধকে ছাড়িয়ে যায়।...কিন্তু মানুষ তার জগতের দিকে তাকিয়ে আছে বুন্দি ও সংকল্পের ভূমি হতে, অতএব অবরভূমির তীর মাদকতার আকর্ষণ তার নাই। ইন্দ্রিয়-প্রাণ-মন হতে সে দোহন করতে চায় আরও উন্নত ধরনের একটা উন্মাদনা—সে চায় ব্রদ্ধির রসবোধের শীলাচারের বা আধ্যাত্মিকতার পরিতপণ, সে চায় কর্মক্ষেত্রে মনের সচল তার ্ণা। এর্মানতর উধর ব্রত্তির পরিশীলনে জীবনের সাধনাকে উন্নত উদার এবং স্থলতা-বজিত করাই তার লক্ষ্য। পশ্চিত বৃত্তি কি ভোগকে সে বর্জন করে না, কিন্তু চিত্ত-রসের সৌরভে বাসিত করে তাদের আরও স্ক্রা স্বচ্ছ ও সংবেদনশীল করে তোলে। প্রাকৃতমান,ধের হীনাবস্থাতেও এই উৎকর্ষের সাধনা চলে। কিন্তু মনুষাত্বের চেতনা তার মধ্যে যতই জাগ্রত হয়ে ওঠে, ততই আধারের অবরব্তি-গুলিকে তপস্যার অনলে দৃশ্ধ করে সে চায় তাদের আম্ল পরিবর্তন, অন্যথা আমূল পরিবর্জন। চিন্ময়জীবনে উত্তরণের সাধনায় এই হল মনের স্বাভাবিক ধরন।

কিন্তু উত্তরভূমিতে প্রতিষ্ঠিত হয়ে মান্য যে তার দৃষ্টিকৈ কেবল নীচে বা চারদিকেই প্রসারিত করে, তা নয়। তার একটি দৃষ্টি উৎক্ষিপ্ত হয় লোকোন্তরের দিকে, আরেকটি দৃষ্টি অন্বিশ্ধ হয় আন্তররহস্যের গভার গ্রহায়। মান্যের চেতনায় শ্র্য্ বিরাটপ্রম্যের তলম্পশী দৃষ্টিই জাগ্রত হয়ে ওঠেনি, তাঁর উধর্বদৃষ্টি ও অন্তর্দৃষ্টিও ফ্রটে উঠেছে। পশ্ম অপরা প্রকৃতির কৃতিছেই ত্প্ত। তার অন্তর্যামী চিন্ময়প্রম্যের মধ্যে শিবদৃষ্টি থাকলেও তার প্রেরণা পশ্মর অগোচরে প্রকৃতিকেই উদ্বৃশ্ধ করে—পশ্মকে নয়। একমার মান্য এই শিবদৃষ্টির তাৎপর্য ব্যো সচেতন হয় ওঠে। মান্যে বৃদ্ধিযোগের আবিভাব ঘটেছে—লোকেন্তর বিজ্ঞানের আলো বাঁকাচোরা' হয়েও পড়েছে এসে তার চেতনায়। তাই তার অন্তরে সচিদানন্দের য্গলবিভাব সহজেই স্ফ্রিত হয়। সে আর অপরা প্রকৃতির ন্বায়া শাসিত অপরিগত চেতনপ্রয় নঙ্ক পশ্মর মত যে, প্রকৃতি তাকে তার মৃত্ বন্তমানিকাম করের রাখবে। এবার তার অন্তরে জ্ঞেগছে নিত্যপরিক্যামান চিন্ময়প্রম্যের প্রেতি—প্রকৃতির স্বায়াচারে সে বাধা এনেছে, তীক্ষ্ম করে তুলেছে আপন ইচ্ছার দাবি এবং পরিশেষে চেয়েছে প্রকৃতির ভর্তা হবার অধিকার। অবশ্য এখনও সে প্রকৃতির শাসতা

হতে পারেনি, তার বন্ধনজালে জড়িয়ে এখনও সে চিরাগত যন্ত্রশাসনের লাঞ্চনা ভোগ করছে। কিন্তু অনিশ্চয়তার অস্পন্ট রেখায় হলেও তার চেতনায় ভাসে দিগণ্টের কোলে স্বারাজ্যের ছবি : অন্তরে সে অনুভব করে স্ফুদ্রে নীলিমার দিকে চিৎসত্তার অশানত পক্ষ-বিধানন—এই অন্ধকারা ভাঙাবার নিরুত প্রয়াস। দুরোন্তের বার্তাবহ সমীরণে ভেসে আসে কোন রহস্যলোকের অস্ত্রান্ত গঞ্জেরণ, 'হেথা নয়—হেথা নয়—অন্য কোনু খানে'। তার অন্তর-বেদিতে সমাসীন প্রকৃতি-পার্য কিছাতেই এই ধ্লিধাসর সংকীপতায় তাকে ক্রিষ্ট হতে দেবেন না। এই পূথিবীর অল্লপ্রাণের বিত্তকে হাতের মুঠোয় এনে যখনই সে ভবিষ্য সম্ভাবনার দিগন্তের দিকে তাকাবার একট্রখানি অবসর পেয়েছে, তথনই তার অন্তরে জনলে উঠেছে সন্দ্রসঞ্চারী অভীপ্সার শিখা— সে চেয়েছে শিথর হতে শিথরে সঞ্চরণ, চেয়েছে প্রমাক্তির উপচীয়মান স্বাচ্ছন্দ্য, চেয়েছে তার অবরপ্রকৃতির রূপান্তর। মানুষের এ-আকৃতি অনতিবর্তনীয়, কেননা এ তো তার কুহকিনী কল্পনার বন্ধনা নয় শুধু। অপূর্ণ হলেও পূর্ণ-তারই অভিমুখে তার জীবনের গাতি—অতএব পূর্ণতার পরিণাতি ও ার্সান্ধর প্রতি অভীপ্সা তার স্বভাবধর্ম। তাছাডা পূথিবীর জীবের মধ্যে একমাত্র সে-ই জানে তার মনোময় সত্ত।রও অন্তরালে কোন গভীর রহস্য ল্কানো আছে—সে-ই পায় অল্তরাত্মার আভাস, মনেরও ওপারে দেখে অতিমানস ও চিদান্মার বিজলীঝলক। সে-জ্যোতির দিকে আপনাকে মেলে ধরবার, জীবনে তাকে বরণ করবার, উধর্বায়নের তপস্যায় তাকে আয়ত্ত করবার বীর্যাও তার আছে। তাই প্রত্যেক মাদ্ববের অন্তরে রয়েছে ম্বোত্তরভূমিতে আর্ঢ় হবার অদম্য পিপাসা, আত্মম্বরণের সচেতন সাধনায় মুহুতে -মুহুতে নিজেকে ছাড়িয়ে যাবার একটা দুর্নিবার ব্যাকুলতা। এ শ্ব্ধ্ব ব্যক্তির অভীপ্সাই নয়—জাতির জীবনেও একদিন এই উধর্বমুখী হোমের শিখা জবলে উঠতে পারে। জাতির অন্তর্গত প্রত্যেক ব্যক্তির মধ্যে না হ'ক, জাতীয় জীবনের সামান্যধারায় একটা রূপান্তরের প্রেরণা আসা কিছুই অসম্ভব নয়। স্বাদৃঢ় সম্কল্পের প্রবর্তনা যদি পিছনে থাকে, তাহলে যে-কোনও জাতিই বর্তমান আস্করী প্রকৃতির সমস্ত কল্ক্ষ হতে নিজেকে মৃক্ত করে মন্য্যবের উত্তরভূমিতে আপনাকে প্রতিষ্ঠিত করতে পারে। দেবমানব বা অতিমানবের মহিমাকে আয়ত্ত করা যদি সাধ্য না-ও হয়, তব্ তার কাছাকাছি পে'ছিবার জন্য চিত্তকে উদ্যত রাখা তার পক্ষে অসাধ্য নয়। যা-ই হ'ক না কেন, মান,ষের উত্তরায়ণের তপস্যা, তার আদর্শের কল্পনা, অক্লান্ত সাধনার কাছে নিজেকে তার উৎস্প করা—এ সমস্ত তার উধ্বপিরিণামিনী আত্মপ্রকৃতিরই অন্তরণীয় প্রবর্তন।

এই-যে আত্মোত্তরণের শ্বারা আত্মসম্ভূতির সাধনা, কোথায় এর শেষ

পরিণাম ? এক মনের মধ্যেই পরিণতির কত গুর রয়েছে। আবার প্রত্যেক স্তরেই পরিণতির কত অবাশ্তর ধারা। এই উচ্চাবচ শ্তরসমূহকে আমরা বলতে পারি মনোময় সত্তা ও চেতনার বিভিন্ন ভূমি এবং উপভূমি। এই সোপান বেয়ে উপরে ওঠাই হল আমাদের মনোময় সত্ত্বের পর্বান্টর সাধন। এর যেকোনও ভূমিতে দাঁড়িয়ে আমরা নীচের ভূমির উপর খানিকটা ভর দিয়ে মাঝে-মাঝে উঠে যাই উপরের ভূমিতে, অথবা এইখানে থেকেই নিজেকে উন্মুখ করে রাখি উপর হতে শক্তিপাতের জন্য। বর্তমানে, বুল্খির নিন্নতম উপভূমিতে আমরা নিরাপদ প্রতিষ্ঠার আসন পেতে রেখেছি। একে অল্লমনোময় ভূমিও বলতে পারি, কেননা তথ্যের সাক্ষ্য এবং তত্ত্বের বোধের জন্য এখনও আমাদের অশ্লময় স্থলে মাস্তিম্ক, স্থাল ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়মানসের 'পরে নির্ভার করতে হয়। তাইতে আমরা এ-জগতের অল্লময়কোষের জীব। আমাদের জীবন পরাক্-বৃত্ত, আমাদের কাছে পরাক্-দৃষ্ট বিষয়েরই কদর—অন্তরাবৃত্ত প্রত্যক্সতার অনুভব মোটেই আমাদের চেতনায় নিবিড হয়ে ওঠেন। চিরকাল তাই অন্তরের দাবির চাইতে আমরা বাইরের দাবিকে বড করেছি।...কিন্ত জডাসক্ত মানুষের একটা প্রাণময় কাশও আছে। তার মুখ্য উপাদান হল অবচেতনা হতে উৎক্ষিপ্ত প্রাণসংবিতের ক্ষাদ্র-ক্ষাদ্র নিসর্গধর্ম ও প্রবৃত্তির বিক্ষোভ, এবং সংজ্ঞা বেদনা বাসনা আশা ও তৃপ্তির চিরপরিচিত একটা জটলা। বলা বাহনুলা এদের নির্ভার শাধ্য বাহ্যবিষয় ও বাহ্যসংস্পর্শের 'পরে। তাই যা-কিছ্যু সন্য সাধ্য কি সম্ভাবিত, যা-কিছু অভ্যমত বা মামুলী, তাদের নিয়ে শুধু ব্যবহারের জগতে এদের কারবার।...আবার জড়াসক্ত মান্ব্যের একটা মনোময় কোষ আছে। কিন্তু সেও চিরাচরিত ও গতান গতিক ব্যবহারের দাস, তারও দৃষ্টি নিবন্ধ বাহ্যবিষয়ের প্রতি। দেহ এবং ইন্দ্রিয়ের পর্নিট প্রয়োজন আরাম তপণ ও বিনোদনের জন্য যা-কিছু দরকার, মনের ভাষ্ডারে তারই অনুক্ল সঞ্চয়ের প্রতি তার আগ্রহ। জড়াসক্ত মন জড় এবং জড়জগংকে ভিত্তি করে দাঁড়িয়ে আছে। দেহ আর দৈহ্য-জীবন, ইন্দ্রিয়ান ভব আর ব্যাবহারিক প্রাকৃত স্বভাবের অন্-বর্তন—এরাই তার আশ্রয়। যা-কিছু এর বাইরে, তাকে সে গণ্য করে ইন্দ্রিয়-মানসের বনিয়াদে গড়া একটা অপরিসর হাওয়ার মহল বলে। জীবনের শিখরে প্রস্ফ্রটিত যা-কিছ্র লোকোত্তর ঐশ্বর্য, তাকে সে জানে অন্তর্জগতের তত্ত বলে নয়—কল্পনা ভাবোচ্ছনাস ও আচ্ছিন্ন ভাবনার নির্থক অথচ মনোরম **विमान वरम, या অনেকটা আভূষণের কাজ করে মান,**ষের বাস্টব জীবনে। ভাবৈশ্বর্যকে একটা তত্ত্বস্তু বলে কখনও-যদি সে মেনেও নেয়, তব, তাকে কিছুতেই সে বাহাবস্তর মত নিরেট ভাবতে পারে না—কেননা ভাবের স্বরূপ-ধাতৃ জড়পদাথে র চাইতে বহুগুণে স্ক্রা এবং অতীন্দ্রির, অতএব তার অভাস্ত বোধের এলাকার বাইরে। কান্ধেই তার কাছে ভাবের জগৎ জড়-জগতেরই

একটা মনোময় সংস্করণ, স্ত্রাং স্থ্লের চাইতে তার মধ্যে বাস্তবতার গ্রহ্ম অনেক কম।...মান্ম যে এমনি করে জড়কেই সবার আগে আঁকড়ে ধরবে, বহির্জগতের তথ্যর্পটাকেই কৌলীনাের মর্যাদা দিতে স্কে কস্বর করবে না, এটা অসংগত কিছ্ব নয়। কারণ এই বহিরাসক্তি দিয়েই প্রকৃতি আমাদের জীবনের প্রথম ভিত গড়েছে—তাই তাকে কোনমতেই সে শিথিল হতে দিতে পারে না। আমাদের মধ্যে অল্লময়কোষের দাবিটাকে অত্যন্ত প্রবল করে জগতে তাকে বহ্ল পরিমাণে ছড়িয়ে দেবার ব্যবস্থা সে করেছে, কেননা খানিকটা অসাড় হলেও জীবনের এই জড়ময় ভিত্তির 'পরেই তার উত্তরসাধনার নিরাপত্তা নির্ভর করছে। অল্লময়কোষে আপনাকে স্প্রতিষ্ঠিত রেখেই মান্মের মধ্যে সে উধর্বপরিণামের তপস্যা করবে—এই হল প্রকৃতির আক্তি। কিন্তু মান্মের মনােময় ব্যাকৃতিতে প্রগতির বীর্য নাই, কিংবা থাকলেও তার লক্ষ্য শ্র্ব্ স্থ্লের প্রগতি। অবশ্য এ আমাদের মনােরাজ্যের উপান্তভূমির কথা—যেখান হতে মান্মের মনােময় পরিণামের উজানধারা শ্রুর্ হল। এইখানেই যে সে-ধারার শেষ, একথা অপ্রদেধয়।

এই জড়াসক্ত মনকে ছাড়িয়ে, স্থলে ইন্দিয়সংবিতের আরও গভীরে আছে —যাকে আমরা বলতে পারি প্রাণাধার প্রজ্ঞা। তার বৃত্তি চণ্ডল প্রাণোচ্ছল এবং স্পর্শকাতর। চৈত্যপ্রর্ষের প্র্তি তার প্রচ্ছন্ন একটা অভিম্খীনতা আছে, জীবচেতনাকে একটা প্রাথমিক বিশিষ্ট রূপ দেওয়া তার প্রধান কৃতিত্ব—যদিও প্রাণের রজোব্যন্তিতে সে-রূপ ধূমল হয়ে ফোটে। এই চেতনাকে চৈত্যপূর্ব বলতে পারি না—ত কে জানি প্রাণময়পুরেষের একটা পুরঃক্ষেপ বলে। প্রাণাত্মার কাছে প্রাণলে।কের বিষয়ের স্পর্শ ও অনুভব নিতান্ত বাস্তব। জড়ের ভূমিতে তাদের মূর্ত করে তোলাই তার সাধনা। প্রাণসত্তা প্রাণশক্তি ও প্রাণ-প্রকৃতিকে সার্থ ক ও পরিতৃপ্ত করাকে সে মনে করে পরমপ্রবৃষার্থ, তাই তার কাছে জড়ভূমি প্রাণপ্রবৃত্তির আত্মসমর্পণের ক্ষেত্র শাধ্য। জড়ের জগতে চাই শক্তির প্রকাশ, চারিত্রের সবলতা, হৃদয়ের প্রমত্ত উচ্ছন্নস, উৎসপিণী আকাষ্ক্রার উন্মাদনা, দ্বঃসাহসের পথে নিত্য-ন্তন অভিযান। ব্যক্তিতে সমাজে এমন-কি সমগ্র মানবজাতির মধ্যে চলবে জীবনের নতুন স্বাদ পাবার জন্যে জীবনকে নিয়ে বিচিত্ররকমের পরীক্ষা এবং দ্যুতক্রীড়া। এই বীর্য, এই রস, এই লক্ষ্য যদি না থাকবে, তাহলে প্রাণোঞ্লাসহীন নিস্তর•গ মর্ত্যজীবনের কোথায় সার্থকতা? অধিচেতনভূমিতে অন্তর্গ ্র্ট হয়ে আছেন যে প্রাণপার্য, তিনিই প্রাণাধার মনের ভর্তা। সক্ষা প্রাণলোকের সংগে এই মনের একটা প্রচ্ছল যোগাযোগ আছে। তার ফলে অতীন্দ্রিয়ের দ্বার দিয়ে সহজেই সে জড়বিশ্বের অন্ত-রালস্থিত অদৃশ্য শক্তি ও ভাবের উচ্ছলন অনুভব করতে পারে। এই স্ক্রা প্রাণাধার মন স্থলে ইন্দ্রিয়ের সাক্ষ্য ছাড়াই দেখতে পায়—অলময় মনের মত

তার সামর্থ্যকে তারা ধর্ব করে না। এই ভূমিতে এলে, ব্যক্তি ও বিশ্বের অন্তঃপ্রে লীলায়িত প্রাণশক্তির সতার পাট দেহনিরপেক্ষ হয়ে জডবিশ্বের সর্ববিধ প্রতীকের বন্ধনমুক্ত হয়ে আমাদের চেতনায় ফুটে ওঠে। অপচ এই প্রতীকগ্নলিকে আমরা বলি 'প্রাকৃতিক ব্যাপার'—যেন এর চাইতে বড় কোনও ব্যাপার প্রকৃতির সাধ্য নয়, যেন জড়ের নিরেট তত্ত্বের বাইরে আর-কোনও তত্ত্বেই পর্নাঞ্চ তার নাই।...জ্ঞাতসারে অথবা অজ্ঞাতসারে, প্রাণাত্মবাদী মানুষের আধার গড়ে ওঠে ওই সক্ষা প্রাণলোকের শক্তিসন্মিপাতে। তাই তার ইন্দ্রিয় হয় তীক্ষা, বাসনা হয় উন্দাম, কর্মের তান্ডবে সে দেয় শক্তির পরিচয়, হাদয়ের আবেগে-উচ্ছন্তাসে হয় উদ্বেল, নিত্যচরিষ্ণ, তার স্বভাব। জডভূমিকে সে অস্বীকার করে না—এমন-কি জড়ের দিকে তার প্রবল ঝোঁক। কিন্তু সদ্যঃ-কালীন ভূতার্থ নিয়ে অতিব্যাপ্ত থেকেও এ-জগংটাকে সমুখপানে একটা ঠেলা না দিয়ে সে পারে না-কেননা তার জীবনে চাই বিচিত্র অনুভবের সমা-রোহ, চাই নবীন উপলব্ধির তীক্ষা বীর্য, চাই প্রাণের প্রসার ও প্রাণের বীর্য, এক কথার চাই জীবনধর্মের প্রতিষ্ঠা এবং ব্যাপ্তি যা দিয়ে সংকীর্ণ আধারের মধ্যে প্রকৃতি আনবে মশাসমন্দের কল্লোল। প্রাণপ্রবেগের তীব্রতম অভিঘাতে বিদ্রোহী মানুষ সকল শৃঙ্খল ছিল্ল করে বেরিয়ে পড়ে, নবীন দিগন্তের এষণায় ঝাঁপিয়ে পড়ে মহাশ্নোর বক্ষে তন্দ্রাতুর অতীত এবং মন্থর বর্তমানকে চকিত করে সে বাজায় অনাগতের পাণ্ডজন্য। তার মনোজীবন প্রায়ই প্রাণশক্তির পর-তন্ত্র বলে প্রাণাবেগ ও প্রাণবাসনার তর্পণই হয় তার মনের ধর্ম। কিন্তু একবার মনোরাজ্যের দিকে তার ঝোঁক পড়লে সে হয় নবীন নবীর প্জারী—কম্প-লোকের নতেন পথিকং। অথবা সে হয় ভাবের শহীদ, সূকুমারবেদী কলা-বিদ, সঞ্জীবন জীবনমন্ত্রের কবি, মহাব্রতের প্রবক্তা বা একনিষ্ঠ সাধক। প্রাণা-শ্রয়ী মন চরিষ্ট্র বলে প্রকৃতিপরিণামের সে একটা শক্তিশালী সাধন।

প্রাণময় মনের উপরে অথচ তার চাইতে গভীর হয়ে প্রসারিত রয়েছে শান্ধ ভাবনা ও বৃশ্ধির স্তর—যাকে বলতে পারি মনোময় ভূমি। এই ভূমিতে মনোজগতের বস্তুই একাশত বাস্তব। মনোভূমির শক্তিতে আবিষ্ট যারা, তারাই হয় দার্শনিক, বৈজ্ঞানিক, ভাবের মান্ধ, বাণীর সাধক, চিশ্তাশীল বৃশ্ধি-জীবী, ভবিষয়ধুগের স্বশ্নপাগল। আজপর্যশত এই হল মনোময় জীবের প্রগতির সীমা। মনোময় মান্ধেরও আধারে প্রাণময়কোষে আছে—যা প্রাণাবেগ ও প্রাণবাসনার শ্বারা আন্দোলিত এবং বিচিত্র আশা-আকাশ্দের ম্লাধার। তাছাড়া তার অক্সময়কোশেও ইন্দিয়সংবিতের অবর সংস্কার আছে। আধারের এই দৃটি অবর অংশ প্রায়ই তার মনোময় উত্তর অংশের সমকক্ষ হয়ে ওঠে বা তাকে আওতায় ফেলে রাখে। তখন মানব-আধারের সারভাগ হয়েও মন তার অশব্দেও প্রকৃতির শাস্তা ও রুপকার হতে পারে না। কিন্তু মান্ধভাবের চরম

উৎকর্ষে এ-বাধা আর টেকে না—তখন মনের প্রজ্ঞা এবং সংকল্পর্শক্তিই অল্লময় ও প্রাণময় কোশকে আপন শাসনে রেখে নিয়ন্তিত করে। আত্মপ্রকৃতির রূপা-ন্তর ঘটাতে না পারলেও মনোময় মান্য সৌষম্য ও শৃঙ্খলা ন্তার মধ্যে আনতে পারে, মনোময় আদর্শদ্বারা ভাবিত করে তাকে সমত্বে প্রতিষ্ঠিত করতে পারে. অথবা উধর্বপাতনের প্রভাবে তার বৃত্তিসমূহকে মাজিতি ও পরিশান্থ করে তুলতে পারে। আমাদের বহুশাথ ও অব্যর্বাসত ব্যক্তিভাবনার রাজ্যে যে সংঘর্ষ ও বিপর্যায়, অথবা আধারের খণ্ডিত ও অর্ধসমাপ্ত কাঠামোর 'পরে দায়সারা-গোছের যে-জোডাতালি, তার মধ্যে এর্মান করেই দেখা দেয় একটা বৃহৎ সংগতির ছন্দ। মানুষ তখন হয় তার মন-প্রাণের সাক্ষী ও নিয়ন্তা এবং বুন্দিধপূর্বক তাদের পুন্তিসাধনদ্বারা আপনাকে গড়ে তোলবার অধিকার পায়। এই শাংধব্দিধযাক্ত মনের পিছনে আছে আমাদের অন্তর্ব বা অধিচেতন মন। মনোর্ভামর সকল বদ্তুই তার অপরোক্ষসংবিতের বিষয়। মনোজগতের বিচিত্র শক্তিসন্নিপাতের সে স্বাভাবিক আধার। সূক্ষ্ম ভাবনার ষেসব অলোকিক সংবেগ প্রতিনিয়ত প্রাণের ভূমিতে এবং জড়ের জগতে প্রহত হচ্ছে, তাদের প্রত্যক্ষ অন্ভব কোনকালেই আমরা পাই না—শা্ধ্ব অনুমানে-পাওয়া একটা আভাস ছাড়া। কিন্তু মনোময় মানুষের অধিচেতনায় এসব অস্পর্শ অগম ভাবনাও স্কুপন্ট বাস্তবের রূপ ধরে। তখন মানুষের মধ্যে বা পার্থিব প্রকৃতিতে তাদের মূর্ত হবার দাবিকে সে আর অবিশ্বাসের দৃষ্টিতে দেখতে পারে না। অন্তররাজ্যে মন এবং মন-আত্মা দেহনিরপেক্ষ নিরবচ্ছিল্ল বাস্তবতা নিয়ে আমাদের চেতনায় ফুটতে পারে। তখন দেহে বাস করার মত সচেতন-ভাবে মনে বাস করাও আমাদের পক্ষে অসম্ভব হয় না। এর্মান করে মনো-রাজ্যের অধিবাসী হওয়া, দেহরূপ বা প্রাণরূপ না হয়ে বৃশ্ধিরূপ হওয়া— বলতে গেলে প্রকৃতির আরোহক্রমে এই আমাদের চরম স্থিতি। এর পরে বাকি থাকে শ্বধ্ব প্রকৃতির চিন্ময়পরিণাম। প্রাণময় মান্ব কমী, বহিজীবনে ক্ষিপ্রসিন্ধির প্রবর্তক। তাই মনোময় মান,ষেরই মত সে বীর্যশালী—এমন-কি অভিনবের পথিকুৎরূপে সমগ্র মানবজাতির পক্ষে অধিকতর সার্থ ক তার বীর্য। কিন্তু মনোময় মান্বধের মধ্যে এমন ক্ষিপ্রসিন্ধির চরিষ্কৃতা নাই। সে প্রজ্ঞা-বান মনস্বী এবং মূনি—তার মধ্যে স্বকৃং ও স্বরাট্ চিত্ত এবং সংকল্পের প্রবেগ আছে, আছে আদর্শের সিন্ধি ও সাধনার সম্পর্কে একটা উদ্যত চেতনা। মানবতার ভূমিতে উধর্বপরিণামিনী প্রকৃতির এ-ই মনে হয় প্রাভাবিক চরম-কোটি।...তিনটি মনোভূমি প্পষ্টত পৃথকস্বভাব হলেও আমাদের মধ্যে প্রায়ই তাদের একটা সাম্কর্ষ দেখা দেয়। তাই সাধারণবঃশ্বির বিচারে তারা চিত্ত-পরিণামের তিনটি জাতির প মাত্র—এছাড়া আর-কোনও সার্থকতা তাদের নাই। কিন্তু বস্তুত তাদের মধ্যেও নিগ্রুড় অর্থের একটা দ্যোতনা আছে, কেননা এই

তিনটি ভূমি উত্তরায়ণের পথে মনোময় সত্ত্বের আত্মপরিণামের তিনটি সোপান। শেষ সোপানে প্রকৃতি এসে পেণছৈছে মননধর্মী মান্দ্রে। তাই সর্বসাধারণের মধ্যে খাঁটি মনোময় মান্দ্রের কচিং আবিভাবকে বলা যেতে পারে প্রকৃতির সাম্প্রতিক সিম্পির চরম। এরও পরে এগোতে হলে. মনের মধ্যে চিংতত্ত্বকে স্ফ্রেরত করে দেহে-প্রাণে-মনে তার বীর্যকে সঞ্চারিত করাই হবে প্রকৃতির তপস্যা।

আমাদের বহিশ্চর চেতনার ভূমিকাতেই প্রকৃতি মনোময় প্রাণময় ও অন্নময় মান্মকে এতকাল ধরে গড়ে এসেছে। এ-সাধনার উৎকর্ষ ঘটাতে হলে প্রাকৃত-চেতনার গহনে প্রচ্ছন্ন অদুশ্য উপাদানকে ব্যবহার করতে হবে তার অকুপণ হয়ে। সত্তার গভীরে ডুবে হয় প্রকৃতিকে আবিষ্কার করতে হবে গৃহাশায়ী চৈত্যপ্রব্রুষকে, নয়তো প্রাকৃত মনোভূমির উধের্ব বোধিচেতনার বিজ্ঞানঘন জ্যোতিলোকে আর্ড় হয়ে বিশ্বন্ধ চিন্ময়মনের উধর্বপরম্পরাকে অতিবাহন করতে হবে—আনন্ত্যের সাক্ষাংযোগে যুক্ত হয়ে পেতে হবে সর্বভূতাত্মভূতাত্মা অখন্ড-সচ্চিদানন্দের বিদ্যান্ময় সংস্পর্শ। এই আধারে, এই বহিষ্চর প্রাকৃত-সত্তার অন্তরালে আছে এক অন্তর্গন্ত জীবসত্ত, এক অন্তর্মন ও অন্তঃপ্রাণ— যা যুগপৎ ওই লোকোত্তরের দিকে এবং আমাদেরই হংশয় গ্রেছায়ার দিকে আপনাকে উন্মীলিত করতে পারে। এই উভয়তোম্খ উন্মীলনই হল প্রকৃতির নব-পরিণামের মম'রহস্য। এমনি করে পাত্তকে অপাব্ত করে গুহার্গাণ্থকে বিকীর্ণ করে দিক চক্রবালকে উল্লখ্যন করে চেতনা উত্তীর্ণ হবে উদয়াচলের তৃংগশিখরে, সমাক্সমাহরণের মহাভূমিতে। তার ফলে, একদিন যেমন মনের আবিভাবে মানুষের প্রকৃতি মনোবাসিত হয়েছিল, তেমনি এই অভিনব জাত্যতরপরিণামও আধারের সকল শক্তিকে চিদ্বাসিত করবে। কারণ মনো-ময় মানুষই প্রকৃতির স্থিতপ্স্যার চরম সিন্ধি নয়। যদিও মানুষের মধ্যে আত্মপ্রকৃতির পরিণাম মোটের উপর যতথানি সার্থক হয়েছে. এতথানি আর-কোথাও হয়নি—মানুষের অধস্তন জীবের লোকিক সিন্ধিতেও নয় অথবা তার ঊধর্বতন সত্তের অলোকিক অভীপ্সাতেও নয়। মানুষের কাছে প্রকৃতি লোকো-ত্তরের দুর্গম ভূমির ইশারা এনেছে, চিন্ময় জীবনের অভীণ্সায় আকুল করেছে তার হাদয়, অন্তরে তার অঙ্করিত করেছে চিন্ময় দিবাসত্তের ভাবনা। চিন্ময় মানবের স্বািন্টই বলতে গেলে মন্স্যস্থির চরম চমংকার—এ যেন প্রকৃতির অতিপ্রাকৃত একটা সাধনা। মানুষের মধ্যে সে ফুটিয়ে তুলেছে মনস্বী স্রন্ধী, চিন্তাবীর, মুনি, নরাদর্শের নবী অথবা যতচিত্ত সংশিতরত ছন্দোরসিক মনোময় পরেষকে। কিন্তু এতেও তার তাপ্তি হয়নি। তাই সন্তার উধের্ব এবং গভীরে সমাহিত হয়ে সে চেয়েছে চৈতাপুরুষ অল্ডর্মন ও অল্ডহ্ দ্য়কে অনাব্ত করে আধারের প্রেরাধা করতে, চেয়েছে উত্তরভূমি হতে উত্তরমানস

ও অধিমানসের বীর্যকে এইখানে নামিয়ে আনতে এবং তাদেরই জ্যোতিঃশক্তিতে গড়তে চেয়েছে চিন্ময় মানবের বাহিনী—মান্ধের সমাজে যোগী ঋষি স্ফীনবী মরমী বিজ্ঞানী বা ভাগবত নামে যাদের পরিচয়।

মানুষ নিজেকে এমনি করেই ছাড়িয়ে যায়। যতক্ষণ বহিম খৈ চিন্ত নিয়ে শুধু মাটি আঁকড়ে পড়ে আছি, ততক্ষণ উপরপানে ডানা মেলবার শক্তি কোথায় আমাদের ? তখন জাত্যন্তরপরিণামের স্কুরেতম সম্ভাবনাও যে এই আধারে নিহিত আছে—এ-কম্পনাও তো বাতুলতা। প্রাণময় অথবা মনোময় মান্য পাথিবজীবনে অনেক তোলাপাড়া ঘটিয়েছে, মানুষকে পশুর পর্যায় হতে টেনে তুলেছে মনুষ্যত্বের বর্তমান ভূমিতে। কিন্তু তব্ প্রকৃতিপরিণামের সুব্যবস্থিত বিধানকে ডিঙিয়ে কাজ করবার অধিকার তারা পায়নি। মনুষ্যদ্বের পরিধিকে তারা প্রসারিত করতে পারে মাত্র, কিম্তু তাতেই বর্তমান মন্ব্যা-চেতনার কি তার বিশিষ্টব্,ত্তির রূপান্তর ঘটে না। প্রাণময় বা মনোময় মানুষের অপরিমিত অতিরঞ্জনদ্বারা নীট্শে-কল্পিত অতিকায় মানবত্বে আমরা পেণছতে পারি বটে, কিন্তু তাতে মন্যাজীবের অতিস্ফীতিই ঘটবে শুধু-আমলে রূপান্তর ন্বারা তাকে দেবতা করে তোলা যাবে না। কিন্তু প্রকৃতি-পরিণামের আরেকটা ধারা খুলে যায়—র্যাদ অন্তরে অবগাহন করে আমরা অন্তরপরে মোলোক্য লাভ করি এবং তাঁকেই করি আমাদের জীবনের সাক্ষাং প্রশাস্তা। অথবা চিন্ময় বোধিলোকের মহাভূমিতে প্রতিষ্ঠিত হয়ে সেইখান থেকে এবং তারই শক্তিতে প্রকৃতিকেও চিন্ময়ী করে তুলি।

চিন্ময় মান্য জগতে বহন করে এনেছে এই নব-পরিণামের স্চনা—প্রকৃতির এই অভিনব উধর্ম্খী আক্তির দ্যোতনা। কিন্তু শক্তিপরিণামের অতীত ধারা হতে বর্তমান ধারা দর্টি বিষয়ে প্রথক। প্রথমত, এর ম্লে আছে মন্যাচিত্তের সচেতন প্রবর্তনা। দ্বিতীয়ত, শ্ব্রু বহিঃপ্রকৃতির সচেতন প্রগতিতেই এ-পরিণামের সাধনা পর্যবাসত হয়নি—এর মধ্যে দেখা দিয়েছে অবিদ্যার তমঃসম্পর্টকে বিদীর্গ করে অন্তঃসমাধির দ্বারা আধারের নিগ্রু অধিদ্ঠানতত্ত্বকে আবিদ্কার করবার এবং বহিব্যাপ্তি ও উধর্বলান্তিদ্বারা বিশ্ব ও বিশেবাত্তরকে অধিগত করবার প্রয়াস। এতকাল প্রকৃতি শ্ব্রু বহিন্দেতনায় মিথ্নীভূত বিদ্যা-অবিদ্যার গণ্ডিকেই প্রসারিত করে এসেছে। কিন্তু চিন্ময় তপস্যার লক্ষ্য হল অবিদ্যার প্রকার ঘটানো—অন্তঃসমাহিত হয়ে আত্মাকে আবিদ্বার করা এবং বিশ্ব ও ব্রক্ষের সন্পো তাদাত্মাচেতনায় যুক্ত হওয়া। মান্যের করা এবং বিশ্ব ও ব্রক্ষের সন্পো তাদাত্মাচেতনায় যুক্ত হওয়া। মান্যের মধ্যে প্রকৃতির মনোময় পরিণামের এই হল চরম সাধ্য। অথচ অবিদ্যাকে বিদ্যাশক্তিতে রুপান্তরিত করবার এ শ্ব্রু উন্তেরমানসের স্কৃপত শক্তিন্সংক্ষমণে। বাইরেও তার ক্রিয়া অন্তুত হয় এবং মন তাকে মেনেও নেয়।

কিন্তু র্পান্তরের পক্ষে এইট্রকুই পর্যাপ্ত নয়। কেননা, এতে শ্ব্র্য প্রদীপ্ত মনের ভাবচ্ছটার বিকিরণ ঘটে চেতনায়, অথবা মন অধ্যাত্মম্থী হয়, প্রভাবে একটা ধর্মভাব ফোটে এবং তার ফলে হ্দরে ভক্তির উন্মেষ ও সদাচারে মান্বের র্ন্চি হয়। চিতের প্রতি চিত্তের প্রথম অভিসারেই কিন্তু তার গোগ্রান্তর ঘটে না—তার জন্য আরও সাধনার প্রয়োজন। চেতনার বর্তমান গণিডকে ছাপিয়ে, প্রকৃতির বর্তমান ভূমিকে অতিক্রম করে আমাদের ভ্রতে হবে আরও গভীরে—তবেই র্পান্তরের সাধনা সার্থক হবে।

একটা কথা স্পন্ট। গৃহাহিত হয়েও উধর্বশক্তির প্রবাহকে আমরা নিশ্চেষ্ট হয়ে ধারণা করি—এই পর্যন্তই আমাদের বর্তমান সিম্পির সীমা। কিন্তু গুহাশয়ন হতে অন্তঃশক্তির প্রবাহকে আধারের বহিঃকরণেও যদি অবিচ্ছেদে সংক্রামিত করতে পারি অথবা লোকোত্তর ভূমির বিপ্লেতায় নিজেকে প্রতিষ্ঠিত করে এই মর্ত্যজীবনেই অলকানন্দার বীর্যপ্রবাহ নামিয়ে আনতে পারি—তাহলে এই আধারেই চিংসত্তায় স্ফুরিত হয় একটা উজানধারার অভাবনীয় সংবেগ এবং তাইতে চেতনার মধ্যে দেখা দেয় একটা নবীন পর্যায়. একটা নবীন প্রবর্তনা-একটা নবভাবের নেত্রাঞ্জনে জগতের রূপ বদলে যায়, প্রাণ ও চেতনার মোহানা প্রশস্ত হয়, সন্তার অবর্জমিকে আত্মসাৎ করে তাদের র্পান্তর ঘটানোর সাধনা অনায়াস হয়। এমনি করেই প্রকৃতি-স্থ পরেষ চিন্ময় পরিণামের দ্বারা এই আধারকে 'দেবায় জন্মনে' প্রস্তৃত করেন। লক্ষ্য হতে যত দুরে থাকি না কেন, উত্তরায়ণের পথে প্রত্যেকটি পদক্ষেপ সার্থক হতে পারে—প্রতি চরণপাতেই আমরা এগিয়ে যেতে পারি দিব্যভাবনার উত্তরোত্তর প্রসারের দিকে চেতনা ও শক্তির জ্ঞান ও সৎকল্পের বৃহত্তর ও দিবাতর অভিব্যক্তির দিকে, আত্মভাবের অব্যাধিত অনুভব ও স্বর্পানন্দের উপচীয়মান উচ্ছলনের দিকে। এমন-কি প্রথম হতেই আমাদের আধারে ফ্টতে পারে দিব্যজ্ঞীবনের অমৃত্বর্ণ মঞ্জরী। সমস্ত ধর্মে, সমস্ত রহস্যবিদ্যায়, চিত্তের অতিপ্রাকৃত (বিকৃত নম্ন কিন্তু) সমস্ত অনুভবে, অধ্যাত্মযোগের সমস্ত সাধনায় ও উপলব্ধিতে আছে চিৎসত্তের নিগ্রে আত্মোন্মীলনের অবিরাম অভিযানের ইশারা।

কিন্তু জড়ের মাধ্যাকর্ষণ এখনও বোঝা হয়ে চেপে আছে মান্বের চিত্তের 'পরে—অপরাজিত 'পাথিবং রজঃ'-র টানকে এখনও মান্ব ছাড়িয়ে বেতে পারেনি। তাই আজও তার 'পরে মান্তিত্ক-মনের বা জড়াসন্ত-ব্শিশ্বর দৌরাদ্ধ্য চলছে। এমান করে সহস্র পাকে জড়িয়ে আছে বলে ওপারের স্কুপণ্ট ইশারাতেও তার দ্বিধা কাটে না, কিংবা অধ্যাত্মসাধনার অতিনির্মম দাবিতে অপ্পেই সে হাঁপিয়ে ওঠে। তাছাড়া এখনও মান্বের মধ্যে প্লেটভূত রয়েছে বৃদ্ধিহীন সংশর, অপরিসমীম জড়ছ, চিন্তা ও চেতনার অপরিমেয় ভীর্তা

এবং গতান গতিকতা। অভ্যাসের বাঁধা পথ হতে সরে আসতে বললেই এইসব বৃত্তি তার মধ্যে মাথা চাড়া দিয়ে ওঠে। অথচ যেক্ষেত্রেই মানুষ জয়শ্রীকে চায়, সেক্ষেত্রেই তাকে পায়—জীবনের পাতায়-পাতায় তার ন**ী**জর ছডানো আছে। জড়বিজ্ঞান প্রকৃতির একটা নিতান্ত অবরশক্তির অনুশীলনের ফল, অথচ সেখানেও মানুষের সাফল্য কী অস্ভুত। তবু সংশয়ের অভ্যাস মানুষকে ছাডতে চায় না। তাই অভিনবের আহ্বান আসলে পরে কজনই-বা তাতে সাড়া দেয়? কিন্তু উত্তরায়ণের সিন্ধি সমগ্র মানবজাতির সিন্ধসন্পদ না হয়ে শুধু ব্যক্তির অজিত বিত্ত হয়ে থাকলে প্রকৃতির পরিণাম তো সার্থক হবে না। কেননা, ব্যক্তির সঙ্গে জাতিও যদি প্রগতির পথে এগিয়ে চলে, তবেই আত্মার জয়শ্রী অক্ষোভ্য হবে, জাতির কল্যাণে মহাকালের ভাণ্ডারে তার সণ্ডয় স্ক্রিনিশ্চত হবে। তখন কোনও কারণে যদি প্রকৃতির পরাবর্তনও ঘটে এবং তার ফলে তার সাধনায় শৈথিল্য দেখা দেয়, তাহলেও তার অন্তরপ্রের্য প্রচ্ছন্ন স্মৃতির সহায়ে আবার জাতিকে টেনে তুলবেন উপরপানে। তখন অতীতের স্থিত তপস্যার বীর্ষে জাতির নবীন অভ্যুদয় আরও সহজ এবং দীর্ঘায়ু হবে। অতীত তপদ্যার সংবেগ ও পরিণাম যে মন্মাজাতির অবচেতনায় সঞ্চিত থাকবে, এ কিছু অসম্ভব নয়। চিৎপরে বের গোপন স্মৃতির পরিচয় পাই প্রকৃতির অবস্পিণী প্রবৃত্তিতেও—যখন জাতির মধ্যে দেখা দেয় পিছ-হটবার একটা ঝোঁক। আসলে সে-ঝোঁকটা অবিলাপ্ত স্মৃতিরই একটা সংবেগ— যা আমাদের উপরেও যেমন তুলতে পারে, তেমনি আবার টেনে নামাতেও পারে। কে জানে অতীতের অগণিত সাধকের তপস্যায় কি সিন্ধিই-বা অজিত হয়েছিল, আর আজ উদয়নের পরের পর্ব কতথানিই-বা আসন্ন? সমগ্র মানবজাতি যে মনোময় জীব হতে চিণ্ময় জীবে রূপান্তরিত হবে—তা সম্ভব নয়, আবশ্যকও নয়। কিন্তু দেবজন্মের আদর্শকে সাধারণভাবে সবাই স্বীকার করবে এবং তার সাধনা ছড়িয়ে পড়বে জগৎময়, চিত্তের তীক্ষা এষণাকে সচেতনভাবে সেই-দিকেই মান্ত্র্য নিয়োজিত করবে—এট্রকুর অবশ্যই প্রয়োজন আছে আজকের অম্পণ্ট বাসনার ধারাকে স্কুম্পণ্ট সিম্পির সাগরসঞ্গমে নিয়ে যেতে। সর্ব-সাধারণে এ-ভাব ছড়িয়ে না পড়লে, শ্বধ্ব দ্ব-চারজন সাধকের সিম্পিতে মান্বের মধ্যে একটা নতুন থাক দেখা দেবে মাত্র। তখন সমগ্র মানবজাতি স্বেচ্ছায় নিজেকে এ-সাধনায় অপাঙ্জেয় প্রমাণ করে আবার হয়তো পরিণামের অব-र्मार्भभी धाताय गाँएरा भएरव, नयरा स्थाप् इराय वर्ष्म थाकरव भरथत शास्त्र । কারণ এতকাল ধরে উধর্বমুখী সাধনার একটা অবিচ্ছেদ প্রবাহই মানবজাতিকে সজীব রেখে এসেছে, সৃষ্টজীবের জীবনযক্তে তাকে প্রেরাধার আসনে বসিয়েছে।

প্রকৃতিপরিণামের তাহলে এই ধারা। প্রথমে চাই পরিণামের একটা স্মৃদৃঢ়

ভিত্তি, সেই ভিত্তি হতে আধারশক্তির উদয়ন এবং তার ফলে চেতনার রুপান্তর। তারপর র্পান্তবিত চেতনার লোকোত্তর মহাভূমি হতে অবরভূমিরও রূপান্তর এবং সমগ্র প্রকৃতিতে সমাক্সমাহরণের একটা নবীন দীপনী। পরিণামের ভিত্তি হল জড়। জড়কে অবলম্বন করে প্রকৃতির উদয়ন ঘটছে। তার প্রথমপর্বে অচেতন বা অর্ধচেতনভাবে প্রকৃতির স্বতঃস্ফূর্তে রূপান্তরের ফলে প্রকৃতির ন্বারাই সমাহরণের সাধনা। কিন্তু যথন পরেষ এসে পূর্ণচেতন হয়ে প্রকৃতির কাজে যোগ দেয়, তখনই পরিণামের সমগ্র ধারাতে ঘটে অপরিহার্য একটা পরিবর্তান। জড়ের আধার তব্তুও থাকে, কিন্তু সে আর তখন চেতনার প্রবর্তক নয়। চেতনা তখন অচিতির অন্ধতামস হতে উৎসারিত হয় না. অথবা বিশ্বশক্তির অভিঘাতে অন্তগর্ভু অধিচেতনার উৎস হতে ফলগ্রধারার মত বয়ে চলে না। অভিনব পরিণামের ভিত্তি হবে উধর্রলোকের চিন্ময়ী স্থিতি অথবা অন্তরের অনাবরণ আত্মস্থিতি। উপর হতে প্রজ্ঞা ও ক্রতুর জ্যোতিম'র অবতরণ আর অন্তর হতে তাদের স্বীকরণ—এই হবে প্রেমের বিশ্ব।ন্ভবের নিয়ামক। প্রেষের আত্মসমাহিত চেতনার সমগ্র ধারা তখন নীচ হতে উধর্বপানে এবং বাহির হতে অন্তরের অভিমুখে প্রবাহিত হবে। যে প্রমান্মা এবং অন্তরাম্মা এখন সংবিতের বাইরে, তখন তিনিই হবেন আমাদের প্রতিষ্ঠা এবং দ্ব-ভাব। আর অধুনাসংকৃচিত বহিরাত্মা হবে তাঁর বহিবাটিকা বা বিশ্বযোগের সাধন। অধ্যাত্মচেতনার কাছে সমগ্র বিশ্বজগৎ তথন আত্মস্বরূপের অপ্গীভূত হয়ে র পান্তরিত হবে অন্তর্জগতে। একত্ব এবং তাদাত্মাবোধের চেতনা ও বেদনা জুগংকে অন্তর্গুগুভাবনার নিবিড় আলিখ্যুনে জড়িয়ে ধরবে, চিন্ময় মনের বোধিদীপ্ত দুষ্টি অনুবিশ্ধ করবে তাকে. প্রবৃশ্ধ চিত্তের তক্ত্র-তক্ত্রে তার সাড়া জাগবে চেতনার সংগ চেতনার অপরোক্ষ সম্প্রয়োগে—এককথায় অভশাসমা-হারের লোকোত্তর সিশ্বিতে বিশ্বের ভাবনা হবে বিরাট আত্মভাবনার অন্তর্ভুক্ত। এমন-কি, উধ্ব হতে জ্যোতিঃসংবিতের অনির্ম্থ প্রবাহে আধারে অচিতির বনিয়াদও চিন্ময় ধাততে রূপান্তরিত হবে, তার অন্ধত্মিস্রার গভীর গহনও হবে চিৎসত্তার তুজ্গদীপ্তির কর্বালত। এমনি করে এই আধারেই প্রকৃতি-প্রুষের অনবচ্ছিল রুপান্তরের সামরস্যে ও সমাহরণে বৃহৎসামের অখন্ড মূর্ছনা ঝঞ্কৃত হবে জীবনের পর্বে-পর্বে সম্যক্সংবিতের অবন্ধ্য প্রেতিতে।

উনবিংশ অধ্যায়

সপ্তধা অবিত্যা হতে সপ্তধা বিত্যার পথে

अखानकः मञ्ज्ञभा साकः मञ्ज्ञरेमव हि।

मरहार्भानवर ७।১

সণ্তপদা অজ্ঞানভূমি; তেমনি সণ্তপদা জ্ঞানভূমিও।

---মহোপনিষদ (৫।১)

ইমাং ধিয়ং সণ্ডশীক্ষীং পিতা ন শতপ্রজাতাং বৃহতীমবিশাং।
তুরীয়ং ত্বিশুলনমন্বিশ্বজনা।
শতং শংসণ্ড শুজু দীধ্যানা দিবশগুরাসো অস্কুস্য বীরাঃ।
বিপ্রং পদম্বিগরসো দ্ধানা যজস্য ধাম প্রথমং মন্ত ॥
অশ্বস্থানি নহনা বাসনে।

ৰ্হস্থিকভিকনিক্দদ্গাঃ...
অবো শ্ৰাডাং পর একয়া গা গ্রা ডিষ্টস্তীরন্তস্য সেতো।
ৰ্হস্থিতস্তমসি জ্যোতিরিচ্ছান্দ্রা আকর্ষি হি ডিপ্র আবং ॥
বিভিদ্যা প্রেং শয়থেমপাচীং নিস্তীশি সাক্ম্দুধেরকৃস্তং।
ৰ্হস্থিতর্ষসং স্থাং গাম অকং বিবেদ স্তনয়লিব দ্যাং॥

कर्ष्यम ১०१७९।५-७

ঝত হতে প্রজাত সপতশীর্ষ এই বৃহৎ ধীকে পেলেন তিনি—কোন্ তুরীয়কে জন্ম দিয়ে হলেন আবার বিশ্বজনীন।...দ্যুলোকের পরু যাঁরা বিশ্বপ্রাণের বীর সেনানী, ঋতের শংসন ও ঋজ্বচিত্তের ধ্যান দ্বারা বোধিদীপ্তির পদকে তাঁরা করলেন প্রতিষ্ঠিত, মননে রচলেন আবার যজ্ঞের প্রথম ধাম।...শিলাময় বাধাকে বিক্ষিত্ত করে জ্যোতির্মায় গোয্পকে ভাক দিলেন বৃহস্পতি...যারা গোপনে ছিল অন্তের সেতুর 'পরে নীচের দ্বিট লোক আর উপরের একটি লোকের মধ্যধানে। তমসায় মধ্যে জ্যোতির এবণায় কিরণযুথকে উশ্ভিম্ন করলেন তিনি—তিনটি ভূমিকে করলেন অনাব্ত। আড়ালে ল্কিয়ে 'থাকে যে-প্র, তাকে বিদীপ করে উদধি হতে তিনটিকেই কেটে বার করলেন তিনি—জ্ঞানলেন উষা আর স্ব্রিক, জ্ঞানলেন আলো আর আলোর জ্ঞাকে।

-- **भ**रन्यम (১०।५१।১-৫)

ৰ্হস্পতিঃ প্ৰথমং জান্নমানো মহো জ্যোতিবঃ প্ৰমে ব্যোমন্। সম্তাস্যুস্ত্ৰিজাতো বৰেৰ বি সম্তর্শিন্নথমং তমাংসি ॥

बद्ध्यम् ८।६०।८

বৃহস্পতি প্রথম জন্মালেন ধখন মহাজ্যোতির পরমব্যোমে, বহুধা-জাত সংতাস্য সংতর্মিম সেই দেবতা ফৃংকারে উড়িয়ে দিলেন যত অন্ধকার।

—খাণেবদ (৪।৫০।৪)

বিশ্বপ্রকৃতি পরমার্থসতের চিদ্বিভূতি অতএব চিংশক্তির উদ্দীপনই প্রকৃতিপরিণামের তত্ত্ব। জড় হতে প্রাণ, প্রাণ হতে মন, মন হতে চিং—এমনি করে তীব্রতর দীপ্তিতে চেতনার ব্যক্ত বিভূতি হতে স্বাক্তকে ফ্র্টিয়ে তোলা— এই তার তাংপর্য। আমাদেরও পরিণামের ধারা হবে এই। মনের অভিব্যক্তি হতে চিন্ময় এবং অভিমানস বিভূতির অভিব্যক্তি হবে, আজকের অর্ধপাশ্ব মানবতার কোরক হতে ফুটবে দেবমানব এবং দিবাজীবনের মহিমা। আমাদের উত্তীর্ণ হতে হবে চিংশ্বগতের নূতন সান্ধতে, চেতনার ধাতু বীর্য এবং সংবেদন-শক্তিকে আরও উদার স্ক্র্য তীক্ষ্য এবং গভীর করতে হবে, আধারকে তুলে ধরে প্রসারিত সাবলীলতায় উপচিত করতে হবে তার সহস্রদল সামর্থ্য, মন এবং তার অবরভূমিকে বৃহতের ভাবনায় জারিত এবং উদ্দ্যোতিত করতে হবে। প্রকৃতিপরিণামের যা স্বরূপ ও রীতি, আগামী রূপান্তরের দিনে প্রত্যাশিত বিপরিণাম সত্তেও তার মধ্যে মোলিক কোনও পরিবর্তন দেখা দেবে না—কেবল তার গতির সমারোহ আরও বিপলে নির্মান্তে এবং স্বচ্ছন্দ হবে। চেতনা ও দ্বভাবিম্থিতির উধর্বপরিণাম আর রুপান্তর কেবল-যে ধর্ম-কর্ম যোগ<mark>যাগ</mark> এবং সর্ববিধ তপশ্চর্যার একমাত্র লক্ষ্য তা নয়, আমাদের জীবনধারাও চলেছে ওই আদশের অভিমাথে—তার সকল সাধনার মালে আছে রূপান্তরসাধনার নিগুটে প্রবর্তনা। আজ দেহ প্রাণ ও মন হল আমাদের প্রাকৃতজীবনের আল-ম্বন। এদের মধ্যে পূর্ণমহিমায় নিজেকে প্রতিষ্ঠিত করা—এই তার অবিরাম কিন্তু এখানেই তার সাধনার শেষ নয়। প্রাকৃতভূমির সিদ্ধিকে চিন্ময় উন্মেষের সাধনে রূপান্তরিত করে স্বোত্তরভূমিতে উত্তীর্ণ হবার আকৃতি তার স্বভাবের মধ্যে নিহিত রয়েছে। আধারের কোনও একটা অংশ— হতে পারে তা আমাদের বৃদিধ হৃদয় সঙ্কল্প বা প্রাণবাসনা—যদি নিজের অপূর্ণতায় কি সংসারের অব্যবস্থায় বিরক্ত হয়ে উত্তরভূমির সন্ধানে ছোটে এবং আধারের অপর ব্ত্তিগ্রাল শ্রাকিয়ে মরলেও তাদের দিকে ফিরে না তাকায়— তাহলে যে সমগ্র রূপাত্তরের কথা এতবার বলে এসেছি, তা কখনও সিন্ধ হতে পারে না। অন্তত এ-জগতে তার সিন্ধির প্রত্যাশা তখন স্দ্রেপরাহত। জীবনের অখণ্ড তাৎপর্য কিন্তু এমন একদেশী নয়। আমাদের সমগ্র প্রকৃতিতে একটা উধর্বমুখী তপস্যা আছে—অহ্তিত্বের বর্তমান ভূমি হতে প্রতিনিয়ত সে উত্তীর্ণ হতে চাইছে একটা উধনতন ভূমিতে। অথচ এই উদয়নের ফলে আত্ম-বিনাশ সে চায় না। অপরা প্রকৃতিকে নিরাক্তত এবং বিনষ্ট করে শুধু পরা প্রকৃতির একান্ত প্রতিষ্ঠা কখনও বিশ্বপরিণামের লক্ষ্য হতে পারে না। চিং-শক্তির উদ্দীপনায় দেহ-প্রাণ-মনের যন্ত্র-তন্ত্রণাকে ছাড়িয়ে চেতনা শূদ্ধবীর্যের স্বাতদ্যা পাবে—এ-সাধনা আমাদের পক্ষে অপরিহার্য হলেও শৄধৄ এইটৄকুই আমাদের পরমপরুরুষার্থ নয়।

সন্তার সবখানিকে চেতনার একটা নতুন শিখরে উত্তীর্ণ করা আমাদের লক্ষ্য। কিন্তু তার জন্যে আধারের চরিস্কৃ ভাগকে প্রকৃতির অব্যাকৃত অন্ধগহনে বিসর্জন দিয়ে ভারমৃক্ত হয়ে চিন্ময় স্থাণ্ডাবের আনন্দে বিভার হবার সাধনাই একমান্ত্র পথ নয়। অবশ্য এ-সাধনা সবসময়েই করা চলে এবং তাতে

চেতনায় মৃত্তিও বিশ্রান্তির বিপলে প্লাবনও নেমে আসে। কিন্তু আমাদের কাছে প্রকৃতির দাবি আরেকধরনের। সে চায়, বর্তমানের স্বর্থানিই আমরা তলে নেব ঊধর্বচেতনার জ্যোতির শিখরে এবং চিৎস্বর্রপের বিচিত্রবীর্যের বিভৃতিরূপে তাকে উদ্ভাসিত করব। প্রকৃতির অভ[ু]গ রূপান্তরসাধনই পুরুষের অনবচ্ছিন্ন আকৃতি। এইজনোই বিশেবর মর্মে-মর্মে নিহিত রয়েছে আত্ম-উত্তরণের অনিবাণ আকুলতা। একটা অভিনব তত্ত্বে উত্তীর্ণ হলেই যে প্রকৃতির উদয়ন সার্থক হল, তা নয়। সিদ্ধির নতুন শিখরটি একটি ক্রম-স্ক্রা গিরিক্ট মাত্র নয়। আধারে শ্ব্রু একাগ্র অভিনিবেশের তীব্রতাই সে आत्म मा-आत्म विभाव छेनार्य, तरह जीवनमाधनात विश्वत श्रीतरवर्ग, यात मर्रा নবর্শাক্তর রূপায়ণ ও লীলায়ন স্বচ্ছন্দ এবং অকুণ্ঠিত। এই-যে চেতনার উল্ল-য়ন ও পরিব্যাপ্তি, এতে শা্ধ্ব-যে নবাধিগত তত্ত্বের স্বর্পশক্তির অনিয়ন্তিত বিলাসের সংযোগ ঘটে তা নয়। এতে ঊধর্বভূমিতে উত্তরণশ্বারা আধারের অবরশক্তিরও প্রত্যুক্জীবন সিম্ধ হয়। চিন্ময়-বা দিব্য-জীবন মনোময় প্রাণ-ময় ও অমময় জীবনকে কেবল আত্মসাংই করবে না—তাদের মধ্যে সে আনবে পূর্ণতর এবং উদারতর লীলায়নের স্বাচ্ছন্দা, যা প্রাকৃতভূমিতে ছিল তাদের সাধ্যের অগোচর। নিজেকে ছাডিয়ে যাব বলে দেহ-প্রাণ-মনকে ধরংস করতে হবে, অথবা চিন্ময় রূপান্তরের ফলে তারা থর্ব এবং খিলবীর্য হবে—একথা সত্য নয়। বরং তারা হবে আরও বৃহৎ সমৃন্ধ নিটোল এবং বীর্যময়। চিন্ময় পরিণামের সংবেগে এমন নববিভাতির উন্মেষ হবে তাদের মধ্যে, প্রাকৃতদশায় যাদের সিশ্বি তো দুরের কথা—কল্পনাও ছিল সাধকের সামর্থ্যের বাইরে।

অমনি করে চেতনার উন্দীপনে প্রসারণে ও সমাহরণে প্রকৃতির যে-উধর্ব-পরিণাম স্চিত হয়, তার স্বর্প হল সপ্তধা অবিদ্যা হতে অখণ্ড পরা বিদ্যার উন্মেষ এবং উদয়ন। তার মধ্যে সাংস্থানিক অবিদ্যাকে বলা চলে আর-সব অবিদ্যার জননী। এই অবিদ্যাই আমাদের সম্ভূতির সত্যর্পটিকে বহুধা-আবরণে আবৃত ক'রে আত্মভাবের সমগ্রসংবিংকে আচ্ছয় করে। বর্তমানে যেভূমিতে আমরা দাঁড়িয়ে আছি এবং আত্মপ্রকৃতির যে-ধাতু আমাদের মধ্যে প্রবল, শ্ব্ তাদের দিয়ে সত্তা ও চেতনাকে সীমিত করাই হল এ-অনর্থের ম্ল। আমরা আছি জড়ের ভূমিতে এবং সম্প্রতি আমাদের প্রকৃতিতে মানসী ব্দিধ এবং ইন্দ্রিয়মানসের দ্রিয়াই প্রবল। আবার মন-ব্রন্থিরও আশ্রয় এবং পাদপীঠ হল ওই জড়প্রকৃতি। এইজন্যই সাংস্থানিক অবিদ্যাতে বিশেষ করে ফোটে মানসী ব্রিদ্ধ এবং তার ব্রিসম্হের জড়াভিম্খী একটা অভিনিবেশ। ইন্দিয়ের সহায়ে জড়ের জগংকে যেমনটি দেখা য়ায়, জড় ও প্রাণের মধ্যে আপোসের ফলে জীবনের যে-র্প ফুটেছে, জড়াশ্রমী ব্রন্ধির কারবার তাদের নিরে। এমনিতর লোকায়ত জড়বাদ বা জড়বাসিত প্রাণবাদের দেহে।ই দিয়ে বারাপথের

শ্রেন্তেই খ্রিট গেড়ে বসা—এ শ্রেন্ জীবনের বিপ্ল সম্ভাবনাকে আত্মসংক্ষান্তের খোলে গ্রিটের আনা। অথচ মান্বের এ একটা মন্ত্জাগত সংস্কার।
অবশ্য একসময় এই আত্মসংকাচ ছিল তার মর্ত্যাজীবনের অপরিহার্য প্রথম
সাধন। কিন্তু মূলা অবিদ্যা ক্রমে তাকে দীর্ঘপর্বা করে গড়েছে তার পায়ের
শিকল। এখন চলতে গিয়ে এরই জন্যে প্রতিপদে তার গতি ব্যাহত হচ্ছে।
অতএব বিশ্বমানবের যথার্থ প্রগতিসাধনার প্রথম অংগই হল চিংসত্তার সত্যবীর্য
ও নিটোল প্র্তার এই ব্রন্থিকৃত সংক্ষাচ হতে নিজেকে উন্ধার করা, জড়প্রকৃতির কাছে আত্মসমর্পণের দৈন্য হতে আত্মাকে মৃক্ত করা। বাস্ত্রবিক
আমাদের অবিদ্যা তো নিরেট আধার নয় একেবারে—তাকে বলতে পারি
চেতনার সংকৃচিত ব্রত্ত। অবিমিশ্র জড়ের ভূমিতে অবিদ্যা হয়েছে পরিপ্র্ণ
অজ্ঞানের আমানিশা। জড় যে-ভূমির প্রধান তত্ত্ব, সেথানকার এই রীতি। কিন্তু
আমাদের মধ্যে অবিদ্যা বিদ্যারই খন্ডিত র্প। তার ধর্ম সন্তার সংকাচসাধন
ও বিভাজন—বিশেষ করে সত্যকে মিথ্যার র্প দেওয়া। এই সংকোচ ও মিথ্যাচার হতে অন্তর্গাত্ চিন্ময় সন্তার সত্যলোকে উত্তীর্ণ হওয়াই আমাদের
প্রেষ্থার্থ।

জড় ও প্রাণের প্রতি মানুষের ঐকান্তিক আগ্রহকে গোড়ার দিকে অসংগত বা নিম্প্রয়োজন বলতে পারি না, কেননা মান্যের প্রথম কাজ হচ্ছে জড়ের জগংকে জানা এবং তাকে আয়ত্ত করা। তার জন্য প্রাকৃত মন-বৃদ্ধির সহায়ে ইন্দ্রিমানস্বারা আহরিত বিষয়ানুভবের সাধামত পরিশীলন তার মুখ্য সাধন। কিন্তু মানুষের প্রকৃতিপরিণামের এ কেবল উপক্রমণিকা। এইখানেই থেমে থাকলে তার সতাকার প্রগতি পরাহত হবে। এর ফলে, আমরা যেখানে আছি. সেইখানে থেকেই বাইরের জগতে একট্রখানি হাত-পা ছড়াবার জায়গা করে নিতে পারি মাত্র। তাতে মনের এইটুকু লাভ যে, জড়জগৎ সম্পর্কে তার ব্যাব-হারিক জ্ঞান খানিকটা পোক্ত হয় এবং পরিবেশের 'পরে অপর্যাপ্ত ও অনিশ্চিত একটা আধিপত্যও হয়তো জন্মায়। প্রাণবাসনাও তখন জড়শক্তি ও জড়বস্তুর আসরে ইচ্ছামত ঠেলাঠেলি আর দাপাদাপি করবার একটা সুযোগ পায়। কিন্তু জড়জগতের বৈষয়িক জ্ঞান যতই বাড়ুক-এমন-কি স্ফুরতম সৌরজগতের সীমান্তে, প্রথিবীর কি সম্দ্রের গভীরতম তলদেশে অথবা জড়বস্তু ও জড়-শক্তির স্ক্রেতম বিভূতির রাজ্যেও যদি সে ছড়িয়ে পড়ে, তব্ও তাতে সত্যকার লাভ আমাদের কিছুই নাই। কেননা জড়ের বিজ্ঞানই যে মানীষের একমাত প্র্যার্থ—একথাই-বা বলি কি করে? এইজন্যেই বিজ্ঞানের চোখধাঁধানো সিম্পির বিপ্ল সমারোহ সত্ত্বেও জড়বাদের গাঁতা বার্থ হয়েছে মানুষের জীবনে। মানবসমাজের স্থলে আরামের অজস্র ব্যবস্থা করেও জড়বিজ্ঞান তাকে সত্যকার সূত্র বা জীবনের পূর্ণতার একটা নিশ্চিত আশ্বাস দিতে পারেনি।

বাস্তাবিক সত্যকার সূখে আছে সমগ্র আধারের সত্যকার প্রন্থিতে, জীবনের সকল পর্ব জাড়ে সিন্ধার্থের জয়শ্রীতে, বহির্জগতের চাইতে অর্ন্তজগতের নির-ৎকুশ বশীকারে, বহিঃপ্রকৃতির প্রশাসনের চাইতে অন্তঃপ্রকৃতির স্বচ্ছন্দ প্রশা-সনে। একই ভূমিতে দাঁড়িয়ে শুধু বিষয়ের পরিধি বাড়ানোকে পূর্ণতা বলে না-পূর্ণতা আসে অভ্যস্ত ভূমির উংক্রমণে। এইজন্যেই জড এবং প্রাণের র্বানয়াদে জীবনকে প্রতিষ্ঠিত করবার পর চিংশক্তির উদ্দীপনই হবে আমাদের নাধনা—তাকে সক্ষা গভীর ও বিশাল করাই হবে আমাদের ব্রত। তার জন্যে প্রথমে চাই মনোময় সত্তের মাক্তি-মনোজীবনের আরও স্বচ্ছন্দ সাকুমার এবং আর্যজনোচিত লীলায়ন, কারণ জডের জীবনের চাইতে মনের জীবনই আমা-দের কাছে বেশী সত্য। মানুষের অপরা প্রকৃতি চিন্ময়ী মহাপ্রকৃতির নৈমি-ত্তিক প্রকাশ হলেও এর মধ্যে মনই মুখ্য হয়ে দেখা দিয়েছে, জড় নয়। মনো-ময় জীব বলেই আমাদের বিশিষ্ট পরিচয়—অল্লময় জীব বলে নয়। প্রাপনুরি মনোময় জীব হওয়াই হল সিন্ধি ও স্বাতল্যের অভিযাত্রী মানুষের প্রথম সাধনা। অবশ্য এতেই সিন্ধি তার করায়ত্ত হয় না, অথবা আত্মারত মৃত্তি ঘটে না। কিন্তু জড় ও প্রাণের অভিনিবেশ হতে মৃক্ত করে এ তাকে লক্ষ্যের দিকে একধাপ এগিয়ে দেয়—অবিদ্যার নাগপাশকে শিথিল করবার ভূমিকা রচে।

মনোময়ী সিন্ধির সত্যকার সাথাকতা হল—সত্তা চেতনা শক্তি সোমনস্য ও আনন্দের উদ্দীপনে প্রসারণে ও স্ক্রোতর অভিব্যক্তিতে। আমাদের মধ্যে মনান্বতা যত বাডবে, এইসব দিব্যবিভৃতির জোরও ততই ৰাডবে। সেইস**েগ** মনশ্চেতনার দ্রাণ্ট উদার এবং গভীর হবে, সামর্থ্য হবে অকুণ্ঠিত, তার স্ক্রেতা ও সাবলীলতা হবে অব্যাহত। তার ফলে জড ও প্রাণের জগৎ আমাদের আরও আয়ত্ত হবে। আমরা তাকে আরও ভাল করে জানব, ভাল করে ব্যবহার করতে শিখব। তার মহিমা ও অধিকার আমাদের কাছে প্রশস্ততর হবে, তার প্রবৃত্তিতে দেখা দেবে উধর্বপরিণামের বাঞ্জনা, তার দ্রেদিগন্তের কোলে থাকবে মহনীয় নিয়তির ইশারা। মনোময় স্বভাবেই মনুষ্যপ্রকৃতির বিশিষ্ট বীর্য প্রকাশ পেয়েছে। কিন্তু আত্মোন্মেষের প্রথম পর্বে মান্ত্র আবিভূতি হয় মনোবাসিত পশ্রেপে। তখন পশ্রেই মত তার ঝোঁক পড়ে দৈহাসত্তার দিকে। মনকে সে তখন দেহ প্রাণের কামাচার ও স্বার্থসিন্ধির প্রয়োজনে খাটায়। মন তখনও দেহ-প্রাণের পরিচারক ভূতামান্ত—তাদের সর্বেসর্বা মালিক নয়। কিন্তু মানুষের মন বাড়বার সংগো-সংগো মনুষাত্বও বাড়ে। জড় ও প্রাণের মড় নিয়ন্ত্রণকে ছাপিয়ে মনের আত্মভাব ও স্বাতন্ত্রোর প্রতিষ্ঠা বতই নিশ্চিত হয়, ততই মানুষের সামনে আরেকটা জগৎ স্পত্ট হয়ে ওঠে। বন্ধনমুক্ত মন এক-দিকে যেমন প্রাণ ও জড়ভাবকে সংস্কৃত এবং ভাস্বর করে তোলে, আরেকদিকে তেমনি তার বিশাশ্ধ আকৃতি প্রবৃত্তি ও জ্ঞানৈষণাও জীবনসাধনায় বিশেষ-

একটা মর্যাদা পায়। অবরভূমির পারবশ্য এবং অভিনিবেশ হতে মৃক্ত হয়ে মন তখন জীবনে একটা সৃশাসন ভাবসংশৃশিধ ও উধর্বমুখীনতার প্রেরণা এবং সমত্ব ও সোধম্যের একটা সৃশ্বাতর ছন্দ আনে। তার ফলে আধারের অল্লময় ও প্রাণময় ভাগেরও গতি-প্রকৃতি স্থানির্লিশ্বত হয়—এমন-কি মানসবীর্বের প্রভাবে তাদের যথাসম্ভব র্পান্তরও ঘটে। তখন তারা য্বক্তি মেনে চলতে শেখে, প্রদীপ্ত সঙ্কলপ ধর্মবৃদ্ধি বা রসচেতনার অনুগত হতে আপত্তি করে না মৃট্রের মত। মনোবীর্যের এ-সিম্পি যত সহজ হবে, ততই সমগ্র মানবজাতি মন্পুত্র বা মনোময় জীবের প্রায়ে উল্লীত হবে।

এই জীবনদর্শনই ছিল প্রাচীন গ্রীক মনস্বীদের আদর্শ। এরই গোরবো-জ্জবল মহিমা চিরকাল মান্ধকে হেলেনীয় জীবন ও সংস্কৃতির মুশ্ধ প্জারী করেছে। উত্তরকালে জাতির চেতনায় এর বোধ ম্যান হয়ে যায়। আবার যখন এ-বোধ ফিরে এল-এল শীর্ণ হয়ে, বহু আবর্জনার আবিলতা নিয়ে। প্রাচীন গ্রীসের আদর্শকে যারা গ্রহণ করল, তাদের বৃদ্ধি তার অধ্যাত্মবাণীর মর্মগ্রহণ করতে পারল না—জীবনের দৈর্নান্দন আচারে মোটেই তার ছন্দ ফোটাতে পারল অথচ মানুষের মন ও চারিত্রের পরে সে-সংস্কৃতির অনুকৃল এবং প্রতি-কূল উভয় প্রভাবই কায়েম হয়ে রইল। গ্রীসের আধ্যাত্মিকতা ইওরোপের যে-চিত্তকে প্রক্ষুব্ধ করেছিল, তার মধ্যে ছিল ক্লভাঙা প্রাণোচ্ছবাসের উদ্দামতা। আজও সে-চিত্ত আত্মতৃপ্তির একটা স্বচ্ছন্দ সর্রাণ খ্রুজে পার্য়ান। এই দোটানায় পড়ে ইওরোপ প্রাচীন গ্রীসের পরিপূর্ণ উত্তর।ধিকার হতে বঞ্চিত হল—তার মনের প্রারাজ্য, জীবনের সোষম্য, সোন্দর্য ও সমত্ববোধের সিন্ধি কিছুই ইওরোপের চিত্তে সংক্রামিত হল না। কতগুলি উন্নত আদর্শের সন্ধান সে পেল বটে, জীবনের পরিসরও অনেকখানি বাড়ল। কিন্তু গ্রীক জগৎ হতে আহ্ত অভিনব আদর্শবাদ তার কর্মে দ্র থেকে প্রেরণা জোগাল শ্ব্ধ্—শাস্তা হয়ে তার রুপান্তর ঘটাতে পারল না। শেষপর্যন্ত মর্মগ্রহণ ও সাধনার অভাবে গ্রীসের আধ্যাত্মিকতা ইওরোপের চিত্তপ্রাণ্গণের বাইরে পড়ে রইল। তার চরিত্রের 'পরে গ্রীক সংস্কৃতির খানিকটা প্রভাব থাকলেও, আধ্যাত্মিকতার রসায়ন হতে বঞ্চিত হয়ে দিনে-দিনে তা শিথিল এবং বীর্যহীন হল। তথন জড়াসক্ত ব্যাশ্বর অমিত ঐশ্বর্যের উপচরে প্রাণোচ্ছনাসের উন্মাদনাই জাতির জীবনে হল সর্ব-জয়া। তাতে প্রথম দেখা দিল অপরা বিদ্যার এবং কর্মকুশলতার একটা চোখ-ঝলসানো প্রাচর্য । তার অতি-সাম্প্রতিক পরিণামর্পে দেখা দিরেছৈ মারাত্মক-রকমের একটা আধ্যাত্মিক অস্বাস্থ্য এবং দক্ষষজ্ঞের প্রনঃস্চনা।

কারণ স্কুপন্ট। শুখু মনই তো আমাদের সন্তার সবর্থান নয়। তাই বৃদ্ধিবৃত্তির অকল্পনীয় প্রসারেও জ্ঞানের রাজ্যে সৃন্ট হয় কেবল আলো-আধারির একটা শ্বন্দ। মনের সহায়ে জড়বিশ্বের শুখু একটা উপরভাসা তত্ত্ব-

জ্ঞান—চলার পথে তার দেশনার মূল্য আরও কম। মানুষ মননধ্মী পশ্ব হলে এ-ই হয়তো তার পক্ষে যথেষ্ট হত। কিন্তু যে মনোময় জীবের অন্তরে নিহিত রয়েছে চিন্ময় পরিণামের অভীপা, সে কখনও এতে তৃপ্ত হতে পারে না। তাছাড়া শুধু জড়বিদ্যার বহিম খী জ্ঞান দিয়ে কি জড়প্রক্রিয়ার যন্ত্রাচারকে আয়ত্তে এনেই জড়ের তত্তকে প্রুরাপর্নার জানা অথবা জড়র্শাক্তর স্কু, বাবহার করা কখনও সম্ভব নয়। জড়শক্তির সমাক্-জ্ঞান ও স্কুঠ্ প্রয়োগের জন্য আমাদের জড়ের প্রতিভাস ও প্রক্রিয়ার তত্ত্বকে ছাপিয়ে অণ্ত-দ'্বিটর সহায়ে জানতে হবে তার অন্তরে বা অন্তরালে কি আছে। কেননা. শ্বধ্ব শরীর-মনই তো আমাদের স্বরূপ নয়। আমাদের মধ্যে আছে একটা চিন্ময় সত্তা ও চিন্ময় তত্ত—আত্মপ্রকৃতির একটা চিন্ময় ভূমি। চিংশক্তিকে উদ্দীপিত করে ওই ভূমিতে আমাদের পে'ছিতে হবে, ওই চিৎসত্তাকে দিয়েই জীবন ও কর্মের স্কুরোবগাহী প্রসার ঘটাতে হবে—বর্তমানের এই সংগ্রুচ ছাপিয়ে বিশ্বের উদার অঞ্চানে, অনন্তের নির্বাধিত ব্যাপ্তিতে। আবার ওই সত্তার আবেশেই এই ধূলায় ধূসর জীবনকে আবিষ্ট করতে হবে, চিন্ময় জীবনের সত্যে তার ম্যানতাকে দীপ্ত করে তাকে উৎসর্গ করতে হবে মহৎ ব্রত ও বিপত্নল পরিকলপনার বেদিমলে। যুষ্ৎস্থ প্রাণ ও মনের সকল সাধনা অসমাপ্ত থেকে যাবে, যতক্ষণ না অপরা প্রকৃতির মূঢ় দ্বোগ্রহের শাসন হতে আমরা মৃক্ত হব, এই প্রাকৃত সন্তাকে জারিত ও রূপান্তরিত করব চিৎসত্তার দিবাভাবনায়, এই প্রাকৃত করণগালিকে চালনা করতে শিখব চিৎশক্তির প্রেষণায় এবং চিদানন্দের উন্মাদনায়। তখনই আমাদের চিত্ত হতে সাংস্থানিক অবিদ্যার বন্ধন খসে পড়বে, যা এতদিন আমাদের জানতে দেয়নি কোন্ উপাদানে বা কি রীতিতে প্রাকৃতজীবনের কাঠামো গড়ে উঠেছে। এই অজ্ঞানুই তখন আমাদের আত্মভাব ও আত্মসম্ভূতির তাত্ত্বিক ও অর্থক্রিয়াকারী বিজ্ঞানের শক্তিতে রূপা-ন্তরিত হবে। আমরা চিৎস্বরূপ—এই আমাদের আত্মভাবের তত্ত্ব। কিন্তু সম্প্রতি মন আমাদের মুখ্য সাধন এবং কায়-প্রাণ গোণ সাধন—আর জড়জগৎ আমাদের অনুভবের একমাত্র ক্ষেত্র না হলেও তার আদিক্ষেত্র। কিন্তু তব্ব এ আমাদের সাম্প্রতিক ম্থিতিমাত্র। মনের অপূর্ণ লীলায়নেই যে আমাদের সম্ভাবিত সামর্থ্যের অবসান, একথা সত্য নয়। কেননা আমাদের এই আধারে অমনীভাবের বহু বিভূতি স্থ হয়ে আছে অথবা অলক্ষ্যে স্তিমিতভাবে কাজ করে চলেছে। তারা আমাদের অন্তর্গ ্রু চিৎস্বভাবের আসম্লচর। আমাদের অম্নময় প্রাণময় ও মনোময় বর্তমান জীবনে যা-কিছ, স্ফ্রারত হয়েছে, তার চাইতেও বিপলে জীবনস্পল্দের কত বিচিত্র ছন্দ, কত জ্যোতিমায় সাধন, চিদ্-বীর্ষের কত অপরোক্ষ বিভূতি স্তম্ধ হয়ে আছে এই আধারের উত্তরভূমিতে। আত্মপ্রকৃতির প্রসারণে এইসব বীর্যবিভৃতি ও সাধনসম্পত্তি আমাদের উদ্মিষিত

সন্তার অংগীভূত হতে পারে—ওই উত্তরভূমি হতে পারে আমাদের প্রবৃদ্ধ চেতনার দ্বধাম। কিন্তু তার জন্যে জ্যোতিঃপথের অম্পন্ট চেতনা নিয়ে সহসা সমাধিভূমিতে উৎক্ষিপ্ত হওয়া, অথবা চিন্ময় আনন্তার স্পর্শে আকারপ্রকারহীন ভাবরসে বিগলিত হওয়াই সাধকের পক্ষে যথেল্ট নয়। যেভাবে প্রকৃতির দ্বভাবছন্দে প্রাণ ও মনের উন্মেষ হয়েছে, তেমনি করে এই আধারে ওই চিন্ময় মহিমা দল মেলবে—আপন আনন্দের ছন্দে আপনিই গড়ে তুলবে তার দিব্যসাধনের আয়োজন। তখনই আমরা আমাদের জীবসত্ত্বের সত্য উপাদানের পরিচয় পাব এবং তাকে অধিগত করে অবিদ্যার কৃণ্ঠাকে পরাভূত করব।

কিল্ড চিত্তগত অবিদ্যাকে পরাভূত না করলে সাংস্থানিক অবিদ্যার পরা-ভব স্ক্রনিশ্চিত এবং সর্বতোভাবে ফলপ্রস্কু হয় না, কেননা অবিদ্যার এই দুর্বিট পর্যায় আমাদের আধারে ওতপ্রোত হয়ে জড়িয়ে আছে। মানুষের জাগ্রংচেতনা তার সমগ্রসন্তার একটা তরংগভংগ বা সংকীণ বহির্ভ্রাসমান্ত। কিন্তু তাকেই আমাদের সর্বস্ব মনে করা হল চিত্তগত অবিদ্যার লক্ষণ। অব্যাকৃত অথবা অনতিব্যাকৃত অনুভবের একটা প্রতঃপ্রবাহ ক্ষণভংগের তরঙেগ বয়ে চলেছে। একদিকে বহিশ্চর স্মৃতির সচল বৃত্তি, আরেকদিকে অন্তশ্চর চেতনার তটস্থ বৃত্তি হয়েছে তার ধারক এবং পোষক। সেইসংখ্য সাক্ষির্পিণী বৃদ্ধি তার খণ্ডে-খণ্ডে সংযোগ ও সমন্বয় ঘটিয়ে তাকে একটা স্কেপট আকার দেবার চেষ্টা করছে—এই তো আমাদের জাগ্রংচেতনার পরিচয়। কিন্তু এর পিছনে রয়েছে হৃৎশয় পুরুষের অতীন্দ্রিয় সত্তা ও শক্তির আবেশ,—নইলে চেতনার এই বহিব্যক্তি কোনমতেই সম্ভব হত না। জড়ে আমরা দেখি শুধু ক্রিয়া-শক্তির লীলা। আবার বস্তুর কেবল বহিরাকৃতিকে দেখি বলে সে-ক্রিয়াও আমাদের দৃষ্টিতে অচেতন। জড়ের আধারে গ্রহাশায়ী চেতনা অন্তর্গত্ত এবং অধিচেতন—জড়ের অচেতন আকৃতিতে অথবা অভিনিবিষ্ট শক্তিতে তার প্রকাশ নাই। কিন্তু আমাদের মধ্যে চেতনা অর্ধচ্ছন্ন অর্ধজাগ্রত। তার চার-দিকে চিরাভাস্ত আত্মসংকাচের বেণ্টনী—সংকীণ পরিসরের মধ্যে কুণিঠত চরণে তার আনাগোনা। কেবল মাঝে-মাঝে অন্তরের গহন হতে ক্ষণিকার চমকে যেন কিসের আভাস জাগে, কোন্ অজানার উং॰লাবন উচ্ছ্রসিত হয়ে ওঠে। আধারের গণ্ডি ভেঙে বাইরে তারা ছড়িয়ে পড়ে, অনুভবের সঙ্কীর্ণ মণ্ডলকে খানিকটা প্রসারিত করে। কিন্তু ওপারের শ্রই চকিত আবিভাবে আমাদের বর্তমান সামধেরে দৈন্য ঘোচে না—আধারে বিশ্লবী র্পান্তর ঘটে না। তার জন্য চাই এই আধারেই অন্তর্নিবিল্ট অথচ অপরি-ম্ফুট জ্যোতি ও শক্তির বিচ্ছুরণ, প্রবর্ণ্ধ চেতনার পরিবেষে সহজ করে তোলা চাই তাদের লীলায়ন। আজ পর্যন্ত আমাদের মধ্যে যা অবচেতন বা

অলতশ্চেতন ও পরিচেতন বা অতিচেতন হয়ে আছে, চিং-শক্তির সেই নিগ্রে বৈদ্যাতিকে তার স্বধাম হতে স্বচ্ছেন্দে এই আধারে নামিয়ে আনা—এই তো আমাদের সাধনা। কিন্তু এইখানেই তার শেষ নয়। প্রচেতনার পথে আরও এগিয়ে ঝাঁপ দিতে হবে অন্তরের গহন গভীরে—চিন্ময় অন্বেধের স্কোশল সাধনায় এই আধারেরই অন্তর্গর্ ছধর্ভ্যমতে আর্ড় হতে হবে এবং তার রহস্যরাজিকে আকর্ষণ করে নিয়ে আসতে হবে ব্যাখিতচেতনার বহিবগান। শুধ্র কি তা-ই? চাই চেতনার আরও গভীর আম্ল র্পান্তর। জীবনের বহিবগাতিতে আর আসর না জাময়ে বিবিক্তসেবী এবং গ্রেশায়ী হওয়া চাই। অন্তঃ ও অন্তঃ স্বর্গ হয়ে প্রকৃতির মহেন্বরর্পে তার প্রবৃত্তিকে নিয়নিশ্রত করা চাই অন্তর্থামিম্বের সহজন্থিতিকে করা চাই বহিব্তি কর্মধারার উৎসম্ল।

প্রাকৃত মন ও জীবনচেতনার তলায় আছে বলে আমরা যাকে অবচেতনার অন্বর্থক নাম দিতে পারি, তার অধিকার কিন্তু আমাদের দৈহা আধারের অলময় ও প্রাণময় ভাগ পর্যন্তই পরিব্যাপ্ত। এই অবচেতনা সন্তার একটা ধুমাচ্ছন্ন অবর্রবিভূতি মাত্র। তার 'পরে মনের কোনও প্রভাব নাই, কেননা মন কোনকালেই অধ্যক্ষরপে অবচেতনার ব্তিকে শাসন করতে পারে না। আমাদের দেহকোষে নাড়ীতন্ত্রে বা সপ্তমধাতুতে নিগঢ়ে থেকে যে অবাক্তচেতন। তাদের প্রাণন এবং দ্বতঃসংবেদনকে নিয়ন্তিত করে, তাকে বলতে পারি অবচেতনারই একটা রূপ। সে-চেতনা চরিষ্ট্র হয়েও মানস অন্ভবের অগোচর। তাছাড়া ইন্দ্রিয়মানসের পাতালপ্রীতে যেসব অলক্ষ্য ব্যাপার ঘটছে তারাও এই অবচেতনার অন্তর্ভুক্ত। পশ্ব, এবং উদ্ভিদের ইন্দিয়-চেতনার 'পরেই তার বিশেষ অধিকার। উধর্বপরিণামের ফলে সে-এলাকা আমরা ছাডিয়ে এসেছি বলে আজকাল আমাদের ব্যক্তচেতনায় অবচেতনার ক্রিয়াকান্ডের বিশেষ-কোনও তোডজোড নাই--যদিও চেতনার অন্তস্তলে নিমন্জিত থেকে তার প্রচ্ছর ধ্মায়ন এখনও চলছে। এই প্রচ্ছর লীলার অধিকার মনের একটা অন্তর্গুড় এবং অবগ্যন্ঠিত তলদেশ পর্যন্ত ব্যাপ্ত হয়েছে। আমাদের অতীতের যত সংস্কার ও বহির্মানের যত উচ্ছিণ্ট-আবর্জানা সেইখানেই তলিয়ে যায়। সুপ্তি বা অমনস্কতার সুযোগ নিয়ে ওই গুহাশয়ন হতে তারা কখনও-কখনও চেতনার উপরতলায় ভেসে ওঠে স্বশ্নের আকারে, মনের যন্তালিতবং বৃত্তিতে ও কল্পনায়, প্রাণের স্বতঃস্ফৃত্ প্রবেগে কি প্রতিক্রিয়ায়, দেহের নানা বিকারে বা নাড়ীতন্তের বিপর্যয়ে, অথবা নানা ব্যাধি দৌর্মনস্য ও চিন্তবিকারের আকারে। সাধারণত আমাদের জাগ্রত বান্ধি এবং ইন্দ্রিয়মানস অবচেতনার ভান্ডার হতে প্রয়োজন অনুসারে কিছু উপকরণ সংগ্রহ করে বটে, কিন্তু সে-উপকরণের উৎস প্রকৃতি বা প্রবৃত্তি সম্পর্কে

সচরাচর কোনও চেতনাই আমাদের থাকে না। তাই তাদের স্বর্প বোঝবার চেন্টা না করে জাগ্রতচেতনার সংস্কার দিয়ে আমরা তাদের তর্জমা করি। অবচেতনার এই উদ্বেলন এবং দেহ-মনে তার আলোড়ন প্রায়ই একটা অপ্রত্যাশিত অনীশ্সিত বা স্বত-উৎসারিত ব্যাপার—কেননা অবচেতনার কোনও জ্ঞান নাই বলে তাকে বশে রাখবার সামর্থাও আমাদের নাই। কেবল অপ্রাকৃত কোনও উপায়ে—বিশেষত অস্কৃত্থ বা অপ্রকৃতিস্থ অবস্থায়—এই অস্বর্থ অথচ অতিক্রিয় অস্ত্রময় ও প্রাণময় লোকের খানিকটা প্রত্যক্ষ পরিচয় আমরা পাই এবং তাতে প্রাকৃতচেতনার অন্তস্তলে অন্ত-প্রাণময় অবমান্য মানসের যত্ত্যম্ গ্রুসগ্রের কতকটা আভাস মেলে। তথন ব্রিষ, আমাদের চেতনার গোষ্ঠীতে থেকেও এ যেন আমাদের অনাত্মীয়, কেননা এ তো আমাদের পরিচিত মনোরাজ্যের অধিবাসী নয়।...অবচেতনার রহস্য শ্বন্ এইট্কুতেই নিঃশেষিত হয়নি—আরও অনেক-কিছু সণ্ডিত আছে তার ভাণ্ডারে।

অবচেতনার গহনে সোজাস্বজি নেমে গিয়ে খান।তল্লাস চালানো সম্ভব নয়। কেননা তা করতে গিয়ে আমরা এক কিম্ভূত্তিকমাকারের রাজ্যে পেশছব. অথবা স্বপ্তি জড়সমানি বা আচ্ছন্নচেতনার ধ্মলোকে ম্ছিতি হয়ে পড়ব। প্রাকৃতমনের গবেষণা কি অন্তদ্রণিট অবচেতনার নিগ্রু প্রবৃত্তি সম্পর্কে একটা পরোক্ষ এবং আনুমানিক জ্ঞানই আমাদের দিতে পারে। অবচেতনার অন্ধপ্ররে প্রচ্ছন্ন অন্ন-প্রাণ-মনোময় প্রকৃতির অপরোক্ষ এবং সম্যক্ পরিচয় জানতে হলে, হয় চিত্তকে গত্নটিয়ে আনতে হবে অধিচেতনায়, নয়তো তাকে উৎক্ষিপ্ত করতে হবে অতিচেতনায়। আবার লোকোত্তর ভূমিতে প্রতিষ্ঠিত থেকে, অস্তরের ছায়াগহন লোকে অশ্তদ্রণিউকে নিহিত বা প্রসারিত করেই অবচেতনাকে প্রশাসন করবার সামর্থ্য মিলতে পারে। অথচ অবচেতনার সংবিং ও প্রশাসন আমাদের সাধনজীবনের পক্ষে অপরিহার্য। কারণ, অচিতির চেতনাভিম্বী প্রবৃত্তির পথে ফোটে অবচেতনা: আধারের অবরভাগের সে-ই হল মূলাধার এবং প্রবর্তক। অপরিবর্তনীয় দ্বাগ্রহরূপে যা-কিছ্ব আমাদের মধ্যে অনড় হয়ে আছে, বৃদ্ধির দীপ্তিহীন যত নির্থক ভাবনা বারবার যন্তের মত আর্বতিত হয়ে চলেছে, সংজ্ঞা বেদনা প্রেতি ও প্রবৃত্তির যত অন্তরণীয় দৈবরাচার, দ্বভাবের যত অনায়ত্ত এবং দ্যুমূল সংস্কার—তারা অবচেতনারই আখ্রিত এবং তারই রসে প্রন্থ। এমন-কি আধারে যা-কিছ্ব পাশব বা পৈশাচিক, তাদেরও বাসা অবচেতনার ওই অন্ধক্পে। ওই নিগ্ঢ়ে সত্তার গভীরে অবগাহন করে দিব্যচেতনার রশ্মিপাতে তাদের আপন বশে আনা অধ্যাত্মজীবনের প্রেসিশিধর পক্ষে অপরিহার্য। কেননা অবচেতনার রূপান্ডর না ঘটলে, জীবপ্রকৃতির সমাক্রপাশ্তর সিন্ধ হয়েছে—এমন কথা আমরা বলতে পারি না।

আধারের যে-অংশকে অন্তশ্চেতন এবং পরিচেতন বলেছি, তার শক্তি

আরও বেশী। অতএব তার রহস্যের উল্ভেদ করা আরও আবশাক। এই আধ-চেতনার রাজ্যে আছে আন্তর বৃদ্ধি, আন্তর ইন্দ্রিয়মানস, আন্তর প্রাণ—এমন-কি আন্তর ভূতস্ক্রময়-বিগ্রহের উদার প্রবৃত্তি, যা আমাদের জাগ্রহেতনার আধার এবং উপজীব্য। নিগঢ়ে অধিচেতনাকে বহিশ্চেতনার এলাকায় আনতে পারি না বলেই আধুনিক ভাষায় তাকে বলি Subliminal। কিন্তু যখন এই অ-তগুট্টি আত্মসত্তায় অবগাহন করে তার পরিচয় গ্রহণ করি, তখন দেখি আমাদের জাগ্রতের জ্ঞানবর্শিধ বেশির ভাগ ওই গুহাহিত স্বরূপসত্তা বা বীজ-ভাবের একটা চর্য়ানকা মাত্র। অন্তরের অন্তস্তলে আমরা যা হয়ে আছি. আমাদের বাইরে ফুটেছে তার একটা উৎক্ষেপ, অথবা একটা অনার্য বিকলাংগ ও বহিমুখে সংস্করণ মাত্র। অধিচেতনার প্রভাবে অচিতির পরিণমনে আমাদের বহিশ্চেতনার বিস্থান্ট। তার লক্ষ্য প্রিবীতে আমাদের বর্তমান জড়াগ্রয়ী মনোময় জীবনের প্রবৃত্তিকে সার্থক করা। চিংশক্তির আত্মসংবৃত্তিজনিত অবসপাণের ফলে যে বিশাল প্রাণলোক ও মনোলোকের স্থান্টি হয়েছে, তাদের চাপে জডকে উদ্ভিন্ন করে প্রাণ ও মনের উন্মেষ সম্ভাবিত হয়েছে। অচিতি আর প্রাণ-মনের ওই শ্বন্ধভূমির মাঝখানটায় আমাদের আধারে নিগঢ়ে অধি-চেতনার স্থান। বহির্জাগতের অভিঘাতে আমাদের চেতনায় যে বহির্মা,খ সাড়া জাগে, তার প্রেরণা আসে ওই প্রচ্ছন্ন অধিচেতনার স্ক্রা প্রবৃত্তি হতে। এমন-কি অনেক ক্ষেত্রে তারা বহিম'নের লিপিতে লেখা অধিচেতনারই ভাষা মাত্র। আমাদের প্রাণ-মনের একটা বৃহৎ অংশ বহির্জাগতের নিরপেক্ষ হয়ে স্বাতন্ত্রের স্বাচ্ছন্য নিয়ে বিচরণ করে—বহির্জাগকে আপন বশে আনবার জনা হানাও দেয় তার দুয়ারে। আমরা তাকে ব্যক্তিসত্ত বলি এবং একটা স্ব-তন্ত্র সন্তা মনে করি। কিন্তু বাস্তবিক এই ব্যক্তিসত্তও ওই অন্তন্দেতনার রহসাগহন হতে উৎসারিত একটা বীর্যবিভৃতি—তার গঃহাহিত অনুভাব ও প্রেতির একটা ব্যামিশ্র রূপায়ণ মাত্র।

আবার এই অধিচেতনাই পরিচেতনা হয়ে আমাদের আধারকে ঘিরে আছে। পরিচেতনার স্ক্ষাত্রতের বেজে ওঠে বিরাট মন বিরাট প্রাণ এবং বিরাট ভূত-স্কা-শক্তির দ্বলক্ষ্যি কম্পনের বৈদ্যাতী। আমাদের বহিশ্চেতনা তাদের উদ্দেশ না পেলেও অধিচেতনা তাদের ধরে র্পাশ্তরিত করে বিচিত্র শক্তিক্টে; আমাদের অজ্ঞাতসারেই জীবনে এই শক্তিক্টের প্রবল প্রভাব পড়ে। বহিঃসত্তা আর আশ্তরসন্তার ব্যবধানকে অন্বিশ্ধ করে যদি প্রাকৃত মনন- ও প্রাণন-শক্তির উৎসম্লে পেশছতে পারি, তাহলে আজ অবশভাবে তাদের শ্বারা চালিত না হয়ে আমরাই তাদের নিয়ন্তা হতাম। চেন্টা করলে অন্বেধ এবং অন্তদ্গিটর ঘারা কিংবা স্বচ্ছন্দ আনাগোনার ফলে ভিতরের খবর অনেকথানি জানা যায় বটে। কিন্তু তব্ব তার পূর্ণ পরিচয় পেতে হলে বহির্মানের পর্দা। সরিয়ে

অন্তরের অন্তঃপ্রের দ্বুক্তে হবে এবং সেইখানে আন্তর প্রাণ-মনের গভীর গহনে অন্তরাত্মার নিগ্, ঢৃতম পীঠে অচল আসন পাততে হবে—জাগ্রংচেতনার আশ্রয় এই প্রাকৃতমনের মায়া কাটিয়ে তার উধর্ব স্তরে উঠতে হবে। এখনও আমাদের সম্ভাবিত উধর্ব পরিণাম বাইরের বাধায় প্রতি পদে ব্যাহত হয়ে কবন্ধের মত পড়ে আছে। তার নির্বাধ প্রসার ও নিরঃকুশ সিদ্ধি তখনই সম্ভব হবে, যখন আমরা অন্তঃপ্রজ্ঞ এবং অন্তর্যামী হব। কিন্তু বর্তমানের সম্ভাবিত সিদ্ধিকে ছাড়িয়ে যদি আরও উধের্ব উঠতে চাই, তাহলে আজ্যা আমাদের মধ্যে অতিচেতন, তার সংবিংকে ফ্রিয়ে তুলতে হবে এই আধারে—আর্, চু হতে হবে চিংসন্তার সন্মের্বিশ্বরে, আনন্ত্যচেতনার সহজধামে।

চেতনার বর্তমান ভূমি ছাড়িয়ে অতিচেতনার উত্ত্যুগ্গভূমিতে মনেরও অনেক উত্তরপর্ব আছে—আছে অতিমানস শুন্র্ণচিন্মাত্রের স্বারাজ্যের মণিকুট। উত্তরায়ণের অভিযাত্রীর পক্ষে প্রথম অপরিহার্য সাধনা হবে মনের ওই উত্তর-ভূমিতে চিৎশক্তিকে উত্তীর্ণ করা। এসব ভূমি যে দুর্রাধগম্য, তাও নয়। কেননা, আমাদের চিত্তের অধিকাংশ উদার বৃত্তির—বিশেষত যাদের মধ্যে বিপলেতর দীপ্তি এবং শক্তি, লোকোত্তরের শ্রুতি বোধি এবং প্রেতি আছে--আমাদের অগোচরে ওই উত্তরভূমি হতেই তাদের জোগান আসে। এসব ভূমির অবন্ধন বৈপুল্যে অবগাহন করে একবার সেখানে যদি স্থিতধী হতে পারি, তাহলে চিৎসত্তার নিত্যযোগ ও অকৃণ্ঠ বীর্যের একটা অপরোক্ষ আভাস-এমন-কি অতিমানসেরও একটা পরোক্ষ বা হিতমিত আভা চিত্তাকাশে নবীন ঊষার অরুণিমা ছডিয়ে দিতে পারে। প্রথম স্চুনাতেই এই দিব্যবিভা অপরাপ্রকৃতির শাসনভার আপন হাতে নিয়ে তাকে নতুন ছাঁচে ঢ'লবার আয়োজনও করতে পারে। চেতনার নবীন রূপায়ণে যে-বীর্য প্রাকৃত আধারে সঞ্চারিত হবে, তার প্রবেগ তখন ঊধর্বপরিণামের সাধনাকে অনায়াস করবে এবং মনোময়ী প্রকৃতির আডণ্টতা হতে আমাদের উত্তীর্ণ করবে অতিমানসী ও চিন্ময়ী পরমা প্রকৃতির উদার ব্যাপ্তিতে। এই সব আপাত-অতিচেতন মনোভূমিতে আর্ঢ় না হয়ে কিংবা তাদের মধ্যে অচলপ্রতিষ্ঠা লাভ না করেও, কেবল যদি তাদের দিকে আধারকে উন্মীলিত রাখি এবং তাদের সংবিং ও শক্তির ধারাসারে অভিষিক্ত হই—তাতেও আমাদের সাংস্থানিক ও চিত্তগত অবিদ্যার আংশিক নিরসন সম্ভব। এমনতর উধর্বশক্তির অভিষেকে নিজেকে চিন্ময় জেনে চিন্ময় ভাবনার দ্বারা প্রাক্তজীবন ও প্রাকৃতচেতনাকেও আমরা খানিকট্ঠ দিব্যজ্যোতি-ম'র করে তুলতে পারি। তখন ওই জ্যোতিমানসের বিপলে প্রসার হতে আমাদের জ্ঞাতসারেই স্বচ্ছন্দ যোগয়নিক্তর সহজ ধারায় আধারে নেমে আসে প্রতিবোধ এবং রূপান্তরের প্রেতি। খুব উন্নতদ্তরের সাধক বা প্রবন্ধ অধ্যাত্মচেতার পক্ষে এ-অবস্থায় পেণছনো অসাধ্য নয়। কিন্তু তবু একে সিদ্ধির

উপক্রমণিকা ছাড়া আর-কিছ্বই বলব না। আধারের শক্তি ও চেতনাকে প্র্ণজ্ঞান্তত করে সর্বাবগাহী আত্মবিদ্যার অথন্ড অধিকার লাভ করতে হলে, প্রাকৃতমনের ভূমি ছাড়িয়ে অনেক উধের্ব আরোহণ করতে হবে। অতিচেতনায় সমাহিত হয়ে আমরা অমনীভাবের অনুভব পাই—এই সিন্ধিই আমাদের করায়ত্ত হয়েছে। কিন্তু তাতে আমরা লোকে।ত্তর ডুমিতে উত্তীর্ণ হই শ্ব্রু বৃত্তিশ্না জড়সমাধির নিশ্চলতা নিয়ে। চিন্ময় অনুভরের প্রশাসনকে যদি এই জান্ত্রত জীবনেই মৃত্র্ করতে হয়, তাহলে প্রাকৃত সন্তা চেতনা ও শক্তিকে জান্ত্রতিত্তর সম্বক্ষণ দিয়ে নবীন সন্তা নবীন চেতনা ও নবীন শক্তি-বিভূতির বিপ্রল উদার্যে টেনে তুলতে হবে, যথাসম্ভব অক্ষত রেথেই চিৎশক্তির জারণান্বারা তাদের র্পান্তরিক করতে হবে চিন্ময় দৈবী-সম্পদে এবং এমনি করে আমাদের এই মান্বভাবের কারাবদল ঘটাতে হবে। প্রকৃতিতে পর্বসংক্রান্তির ফলে বেথানেই জাত্যন্তর-পরিণাম দেখা দিয়েছে, সেখানেই উদয়ন, আধার ও ক্ষেত্রের সম্প্রসারণ এবং সমম্ত কলাবিভূতির সমাহরণ—এই তিনটি উপায়ে প্রকৃতির আত্ম-উত্তরণের তপস্যা সাধিত হয়েছে।

এমনি করে আধারের গোতান্তর ঘটাতে হলে কালগত অবিদ্যার সঙ্কোচকে পরিহার করা আমাদের অপরিহার্য হয়ে পড়ে। ক্ষণভণ্ডেগর স্রোতে খদ্যোত-চেতনার দীপ জেবলে আমরা ভেসে চলেছি। জন্ম ও মরণ ন্বারা সীমিত একটিমাত্র জীবনের ওপারে আমাদের দুষ্টি চলে না। যেমন পিছনপানে অতীতের গহনে আমাদের দূষ্টি ঠেকে যায়, তেমনি সম্মুখে ভবিষ্যের যব-নিকাকে সরিয়ে এগিয়ে যেতেও সে পারে না। তাই স্থলে স্মৃতির আড়ষ্ট বন্ধনে আমরা নুশ্বরদেহের কারায় অবরুদ্ধ শুধু এই বর্তমান জীবনচেতনার আবেষ্টনে বাঁধা পড়েছি। কিন্তু এই কাল-কণ্ণকের অন্তর্গ্গ আগ্রয় হল— বর্তমান জড়াসক্ত জীবনের প্রতি চিত্তের অভিনিবেশ। কাল-কণ্মক চিৎ-সন্তার পক্ষে স্বাভাবিক নয়। এ শ্বধ্ব আমাদের বাক্ত জীবপ্রকৃতির প্রথম প্রেতির একটা অনিত্য সাধন মাত। জড়াসক্তি শিথিল বা নিব্তু হলে দ্বভাবতই চিত্তের সম্প্রসারণ ঘটে। তথন অধিচেতনা ও অতি-চেতনার দ্বয়ার দিয়ে এই আধারে নিগ্ঢ় অন্তঃপরুরুষ এবং অধিপুরুষকে সে জানতে পারে। শাশ্বত কালে এবং কালাতীত শাশ্বতে আমাদের আত্ম-সত্তার নিত্যাস্থিতি তখন প্রতাক্ষ অনুভবের বিষয় হয়। এই শাশ্বত দ্থিট অর্জন না করলে আত্মবিদ্যার কেন্দ্রবিন্দর্ভিকে আমরা খংজে পাব না। অধ্যাত্ম-দ্ভির উৎকেন্দ্রতাবশত আমাদের সমস্ত কর্মে ও চেতনায় এখন অর্থাস্থিতির বৈকল্য জড়িয়ে আছে। তাই আত্মভাবের স্বরূপ লক্ষ্য এবং নিমিত্ত-পরিবেশকে যুক্তান,পাতের দুন্টিতে দেখা আমাদের সম্ভব হয় না। আত্মার অমরত্বে বিশ্বাসকে প্রত্যেক ধর্মেই খুব উ'চা একটা স্থান দেওয়া হয়েছে, কেননা

দেহাত্মবোধ এবং স্থ্লের প্রতি অত্যাসন্তির হাত হতে বাঁচতে হলে এবিশ্বাসকে আঁকড়ে ধরা একান্ত আবশ্যক। কিন্তু শৃধ্ব বিশ্বাসের জােরেই
আমাদের দ্বিতিবিপর্যায়ের ছাের কাটবে না। অমরত্বের প্রত্য়য় য়খন অন্ভবে
জবিন্ত হয়ে ওঠে, তখনই আমরা কালাবচ্ছিল্ল আত্মভাবের সত্য পরিচয় পাই।
কালপ্রবাহে আত্মার নিত্যস্থিতি এবং কালাতীত ভূমিতে তাঁর শাশ্বত প্রতিষ্ঠা—
এ-দর্বিট বিভাবই যে আত্মভাবের স্বর্প, তার অবিকল্পিত প্রতাক্ষ অন্ভবকে
আমাদের চেতনায় উন্বর্গ্ধ করা চাই।

কারণ, দেহের মৃত্যুতেও জীবব্যক্তি কোনরকমে টিকে থাকে—এ কখনও আত্মার অমরত্বের আসল অর্থ নয়। আত্মসত্তার অনাদি অনন্ত শাশ্বত সদ্ভাবই তার অমরত্ব। স্থলে জন্ম-মৃত্যুর যত প্রম্পরার ভিতর দিয়ে চলি না কেন, লোকে-লোকান্তরে আত্মভাবের যত বিকার ঘটকে, সেসবকে ছাডিয়েও অধিষ্ঠাত্রী চিৎসত্তার যে কালাতীত স্বরূপস্থিতি, সেইখানেই আমাদের আত্মা অমর। অবশ্য অমরত্বের একটা গৌণ অর্থ আছে—তাও মিথ্যা নয়। এমনিতর অবিপরিণামী অমরত্বের অনুষংগক্রমে পিন্ডপাতের পরেও জন্ম হতে জন্মান্তরে লোক হতে লোকান্তরে কালাবচ্ছিন্ন সত্তা ও অনুভবের একটা অবিচ্ছেদ অনুবৃত্তি আছে। কিন্তু এ-অনুবৃত্তি আমাদের কালাতীত সদ্ভাবেরই স্বাভাবিক পরিণাম। কেননা কালাতীতের নিস্পন্দ ছন্দই কালকলনার শাশ্বত ছন্দে আপনাকে হিল্লোলিত করে—এই হল সত্তার ম্বরূপসত্য। অজাতি ও অসম্ভৃতিতে রত আত্মার জ্ঞান হতে আমরা পাই কালাতীত অমৃতত্বের অনুভব। একটি আমাদের মধ্যে জাগায় অন্তর্গত্ত ক্টম্প চিৎসত্তার অপরোক্ষপ্রতায়, আরেকটি আনে দেহ-প্রাণ-মনের সর্ববিধ বিকারের অন্তরালেও জীবাত্মার অভেদপ্রত্যয়ের অবিচ্ছেদ অনুবৃত্তি। এই শেষোক্ত অবস্থান প্রাকৃতস্থিতির অতিরেকমাত্র নর—কালাতীতের কালিক অভিব্যক্তিরই সে নিশানা। প্রথম উপলব্ধিতে জন্ম-মৃত্যুর তামসী প্রম্পরার বন্ধন হতে আমরা মৃত্তি পাই—ভারতবর্ষের বহু সাধনপন্থার চরম লক্ষ্য তা-ই। আর এই উপলব্ধির সঙেগ যুক্ত হয়ে দিবতীয় উপলব্ধিটি আমাদের এনে দেয় চিৎ-সত্তার শাশ্বতকালব্যাপী জীবনোল্লাসের অমৃত অনুভব—যার মধ্যে অবিদ্যার ঘোর নাই, কর্মশৃঙখলের বন্ধন নাই, আছে শ্ব্ধ সম্যক্-জ্ঞানের দীপনী, শ্ব্ধ অকু-ঠ স্বাতশ্যের ঈশনা। কালাতীত সন্তার বিশৃন্থ অনুভবে, আত্মসতার শাশ্বতকালে অন্ব্তির অন্ভব নাও থাকতে পারে। আবার মর্রণোত্তর আত্ম-স্থিতির অনুভবসত্ত্বেও, আত্মসত্তার আদি বা অন্ত কম্পনা অসম্ভব নাও হতে কিন্তু দুটি অনুভব একই সত্যের এপিঠ-ওপিঠ মাত। দুরের মধ্যেই এই সত্যাটি উম্জ্বল হয়ে উঠেছে : ক্ষণভংগের তাড়নায় তাড়িত এবং

সীমিত কালের বন্ধনে পজ্যু না হয়ে শাশ্বত সদ্ভাবের দীপ্তিতে নিত্য সচেতন হয়ে থাকাই প্রেত্যভাবের যথার্থ তাৎপর্য। এমনিতর নিত্যবৃত্তিই দিবাচেতনা ও দিবাজীবনের প্রথম সাধ্য। এই নিত্যস্থিতির অন্তর্দশা হতৈ নিত্যস্ভিতির লীলাকে আয়ত্তে এনে প্রশাসন করা—এই হল দ্বিতীয় সাধনাংগ। ক্রিয়াশক্তির বীর্য ফোটে, এবং তার অপরিহার্য পরিণামন্বরূপ ন্বধা ও দ্বারাজ্যের নিরঙকুশ মহিমা অধিগত হয়। জড়ের প্রতি একান্ত অভিনিবেশ হতে চিত্তকে নিব্তু করেই এ-সাধনায় সিন্ধি আসে। কিন্তু তার জন্য দৈহ্য-জীবনকে অবজ্ঞা বা প্রত্যাখ্যান করবার কোনও প্রয়োজন হয় না। অবশ্য চিত্ত এবং চিংসত্তার অন্তর্লোকে ও ঊধর্বলোকে নিরন্তর বাস করবার সাধনা এক্ষেত্রে অপরিহার্য। প্রাকৃতভূমিতে আমাদের জীবন যেন ক্ষণ হতে ক্ষণান্তরে আবতিতি একটা অশাশ্বত ব্যাপার্মাত্র। এই ক্ষণবিভ্রম হতে অমৃত-চেতনার শাশ্বতী দ্বিতিতে আমাদের উত্তীর্ণ হতে হবে। তার জন্য যুগপৎ উধর্বভূমিতে আরোহণ এবং প্রত্যাহার দ্বারা অন্তর্ভুমিতে অবগাহন—এই দুটি সাধনাই একান্ত আবশ্যক। এমনিতর উদ্দীপনে চেতনা বিশ্বদ্ধসত্তে রূপান্তরিত হয়। সেইসংখ্য কালের উদার দিগন্তে চেতনার অভাবনীয় ব্যাপ্তি ও কর্মক্ষেত্রের অচিন্তিতপূর্ব প্রসার ঘটে, এবং উধর্বস্রোতা অম্প্রপাণ-মনোময় আধারের দিব্য উপযোগের কৌশল অধিগত হয়। তথন আত্মভাবকে আমরা জানি দেহাগ্রিত চেতনারূপে নয়, কিন্তু শাশ্বত চিৎসত্তরূপে—যার কাছে লোক-লোকান্তর ও জুকা-জুকানতর বিচিত্র স্বান্নভবের বিলাস মাত্র। অন্নভব করি : আমরা চিৎস্বর্প—জীবচেতনার অবিচ্ছেদ প্রবাহে অর্গাণত কালপরম্পরার বীচিভগ্গ তলে বয়ে চলেছি আত্মবিভূতির নিতা-উপচীয়মান লীলায়নে। আমরা ক্টম্থ-নিত্য হয়েই নিতাসম্ভূতির **ঈশ্ব**র। শুধু কল্পনায় নয়, সন্তার অণ্মতে-অণুতে এই বিজ্ঞান যখন স্থিরপ্রতিষ্ঠা পায়, তখনই আমাদের জীবন হয় অন্ধ কর্মসংবেগের দাস নয়—কিন্তু অন্বিতীয় গৃহাহিত অন্তর্যামীর অনুগত, অথচ আত্মসত্তা ও আত্মপ্রকৃতির মহেশ্বর।

সেইসঙ্গে আমাদের অহং-কৃত অবিদ্যার বাঁধনও খসে পড়ে। আধারের কোথাও একট্বর্খান অহংএর ছোঁরাচ থাকলেও দিব্যজীবন হয় অলভা হবে, নয়তো তার আত্মপ্রকাশে বৈকল্য দেখা দেবে। কারণ অহং আমাদের থথার্থ আত্মভাবের একটা বিকৃতি মাত্র—এই দেহ এই প্রাণ অথবা এই মনের সঙ্গে আত্মার অবিবেক ঘটিয়ে আত্মসঙ্গেচের মোহে সে আমাদের প্রবণ্ডিত করে। শ্ব্দ্ তা-ই নয় : অপর জীব হতে বিবিক্ত থাকাই অহংএর স্বভাব, অতএব ব্যক্তিগত জালে বন্দী করে এই অহংই বিশ্বব্যাপ্ত বৈশ্বানর সন্তার উদার অন্তব হতে আমাদের বণ্ডিত করে। স্প্রবর হতে পর্মাত্মা হতে বিচ্ছিন্ন

থেকে এই অহংই সর্বভূতাক্মভূতাক্মা অন্তর্যামী দিবা প্রাধের সংবিংকে আবৃত করে। কিন্তু চেতনা যখন শৃষ্ধচিতের উত্ত্রুগ গভীর ও সর্বতোব্যাপ্ত দিবামহিমায় রুপা**দ**তরিত হয়, আধারে তখন আর অহংএর ঠাঁই হয় না। ভূমার অন-তবীৰ ব্যাপ্তিচেতন৷য় তার সঙ্কুচিত ও দ্বেল সত্তা কোথায় তলিয়ে যায় কে জানে? সীমার সঙেকাচ অহংএর প্রাণ, অতএব সীমার প্রসারণে তার মৃত্যু ঘটে। বিবিক্ত আত্মভাবের প্রাচীর ভেঙে প্রেয়ুষ তখন বেরিয়ে পড়ে বিশ্বাঝভাবের উদার বৈপ্লো—বিশ্বচেতনায় আবিষ্ট হয়ে সর্বভ্তের দেহ প্রাণ মন ও আত্মার সঙেগ সে অবিনাভূত হয়। অথবা কথনও সে অহমিকার ক্ষ্যুদ্ বেষ্টনী হতে উৎক্ষিপ্ত হয় স্বয়স্ভূ পরা সংবিতের শাস্বত অননত উত্তঃগতন মহিমায়—যেখানে তার বিরাটভাব বা ব্যক্তিভাব কারও কোনও আভাস মেলে না। এমনি করে বিবিক্তভাবের দেয়াল ভাঙলে বিশীর্ণ অহং হয় ছড়িয়ে যায় বিশ্বচেতনার অমেয়তায়, নয়তো প্রম্ব্যোমের তু৽গশ্চেগ নির্ম্ধচেতনার মহাশনের মিলিয়ে যায়। প্রাকৃতসংস্কারবশে তার বৃত্তির কোথাও যদি একট্খানি রেশ বেণ্চেও থাকে. তারও স্বভাবের দ্রুত পরিবর্তনে দেখা দেয় এক অভিনব অব্যক্ত-ব্যক্তচৈতন্যের আবেশ, যার দর্শন অনুভব ও কর্ম হয় যেন নিঃসন্তাসত্ত্বের একটা লীলায়ন। কিন্তু অহংএর এমনিতর প্রলয়ে স্তাকার ব্যক্তিভাবের কথনও প্রলয় ঘটে না কেননা আমাদের যথার্থ আত্মসত্তা চিন্মব সর্বগত এবং অনুত্তরের অবিনাভত। বিবিক্ত অহংএর বিলোপে চেতনায় যে-র পান্তর আসে, তাতে অহংএর স্থানে আধারে পরে ্রষতত্ত্বের প্রতিষ্ঠা ঘটে। এই পুরুষ একাধারে যেমন বিরাটের প্রতীক ও বিভৃতি, তেমনি অনুত্রের স্বরূপ ও বীর্য, এবং বিশ্বপ্রকৃতিই তার আয়তন।

ঠিক এইসময়ে সত্ত্রশ্বন্ধির দীপনীর সংশ্য বিশ্বচেতনার উল্মেষে বিশ্বগত অবিদ্যার প্রলয় ঘটে। কালাতীত অক্ষর আন্মভাবের তত্ত্ব আমরা জেনেছি —িতনি বিশেব অন্স্যুত হয়েও বিশেবান্তীর্ণ, এই বিজ্ঞানই কালের মঞ্চে দিবারসোল্লাসের অকৈতব অন্ভবের ভিত্তি হয়, একের সংশ্য বহুকে শাশ্বত একত্বের সংশ্য শাশ্বত নানাত্বক সংগত করে, জীব ও শিবের মিলনে দ্তী হয় এবং বিশেবর অণ্তে-অণ্তে বিশেবশ্বরের সদ্ভাবকে চেতনায় অপাব্ত করে। তাইতে ব্রহ্মকে সর্বনিমিন্তের প্রবর্তক এবং সর্বব্যবহারের আধাররূপে জানি, নিজের মধ্যে নিরুক্শ তৃপ্তির রসায়নে রসিত করে অন্ভব করি বিশেবর অমেয় বৈপ্লা—তার উধর্বম্লের অব্যাহত আবেশকে জাগ্রত চেতনীর দীপ্তিতে অন্ভব করি। এই চিল্ময় অন্ভবে বিশ্বকে সম্ম্থৃত করে তার মধ্যে আমরা উপলব্ধি করি অন্তরের সম্প্তি সকল বিভূতির চরম চমৎকার।...এমনি করে আত্মবিদ্যার অন্তরেগ সকল সাধন প্রণাঞ্গ ও প্রণিস্থ হলে আমাদের

ব্যাবহারিক অবিদ্যার আঁধারও অপস্ত হয়। এই অবিদ্যার চরমপর্বে দেখা দিয়েছিল দৃষ্কৃতি সন্তাপ অসত্য ও প্রমাদের জঞ্জাল এবং তাইতে ব্যামাহ ও সংঘর্ষে জীবন দ্বর্হ হয়ে উঠেছিল। কিন্তু আত্মবিদ্যার প্রণপ্রতিষ্ঠায় ব্যাবহারিক অবিদ্যার সকল দ্বিত দ্র হয়ে জীবনের ম্লে সম্যক্সঙ্কলেপর শতন্তরা প্রবর্তনা সঞ্চারিত হয়, অকুণ্ঠ চিংশক্তি ও আননদর্শক্তির অম্তপ্রাবনে অন্ত ও অপ্রণ্তার সব বঞ্চনা ভেসে যায়। আমাদের সত্তা চেতনা ও কর্মকে যদি ধর্ম্য এবং শতময় করতে হয়, মান্যুষের সঙ্কীণ ধর্মব্র্দির আড়ষ্ট সঙ্কোচে পীড়িত না করে দিব্য-জীবনের উদার ও ভাস্বর মহিমায় তাদের ম্বিক্ত দিতে হয় যদি, তাহলে তার অপরিহার্য সাধন হবে ব্রহ্মসায্ত্রাও সর্বাত্মভাব। জীবন তথন হবে অন্তর্যামীর দিব্য প্রশাসনে বিধৃত তাঁরই বহির্বৃত্ত আত্মর্ণায়ণ—তার সকল ভাবনা সঙ্কলপ ও কর্মের উৎস হবে চিন্ময়প্রর্যের শতম্ভরা প্রতিত ও লোকোত্তর ধর্মের বিধান। এ-বিধান সংত্যেরই স্বয়ন্ত্র স্বত্ত স্বতঃস্কৃত্ বিভাবনা—অবিদ্যা-মনের কৃতি কিংবা কল্পনা নয়, এমন-কি তাকে বিধান না বলে বলা চলে সত্যের আত্মসংবিতের চিন্ময়ী বৃত্তি—তার সিন্ধবিজ্ঞানের স্ব-তন্য ও সাবলীল প্রবর্তনার জ্যোতির্ময় ছন্দ।

আত্মসচেতন চিৎপরিণামের এই হবে রীতি ও বিপাক : অবিদ্যার জীবন র্পাশ্তরিত হবে ঋত-চিশ্ময় প্রুম্বের দিব্য-জীবনে, আধারের মনোময় ছল্দ পরিণত হবে অতিমানস চিশ্ময় ছল্দে, সপ্তধা অবিদ্যার সঙ্কোচ হতে সপ্তধা বিদ্যার প্রম্ক্তিতে ঘটবে সন্তার দ্বত-উন্মীলন। এমনিতর র্পাশ্তর প্রকৃতির উধর্নপরিণামের দ্বাভাবিক সিন্ধি হবে, কেননা চিৎশক্তিকে অবরতত্ত্ব হতে পরতত্ত্বে এবং অবশেষে পরমতত্ত্বে উত্তীর্ণ করাই তার ব্রত। চিৎতত্ত্বই তার উৎসপণের পরম কোটি। প্রকৃতির মধ্যে এই তত্ত্বের প্রকাশে এবং প্রশাসনে জীবের ব্যক্তিভাব ও বিরাট্ভাব অবরভূমির অন্ত হতে চিৎদ্বভাবের সত্যে উত্তীর্ণ হয় এবং আধারের সবখানি র্পাশ্তরিত হয় দ্বয়শভূ প্রেমের চিদ্বিলাসে। এই র্পাশ্তরে চিন্ময়প্র্র্বর্পে আধারে সত্যজীবের আবির্ভাব হয়। সে-প্রুম্ব জীব হয়েও বিরাট, বিরাট হয়েও অতি-ষ্ঠা। তাঁর আবেশে জীবন হয় বিদ্যাশক্তির লীলায়ন—তাকে আর মনে হয় না বিবিচ্যবৃত্ত অবিদ্যাশক্তির কল্পিত একটা বৃশ্তুপ্রের সঙ্কলন বা সন্তার তরঙ্গ মার।

বিংশ অধ্যায়

জনান্তরতত্ত্ব

অশ্তৰণত ইমে দেহা নিতাস্যোক্তাঃ শ্রণীরণঃ।...
ন জায়তে খ্রিয়তে বা কদাচিলায়ং ভূড়া ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোহয়ং প্রাণো ন হন্যতে হন্যমানে শ্রীরে॥
বাসাংসি জীপানি যথা বিহায় নবানি গৃহ্ণতি নরোহপরাণি।
তথা শ্রীরাণি বিহায় জীপান্যন্যানি সংযাতি নবানি দেহী॥
জাতস্য হি ধ্বো মৃত্যধ্বং অশ্য মৃত্স্য চ।

गौंठा २।১४,२०,२२,२१

শরীরী নিতা, কিন্তু তাঁর এইসব দেহ অন্তবান; ইনি জন্মান না কি মরেন না কোনকালেই—একবার হয়ে আবার যে হবেন না, তাও নয়। অজ নিতা শাশ্বত প্রাণ ইনি; শরীর হন্যমান হলেও ইনি হত হন না। জীর্ণ বাস ছেড়ে দিয়ে ষেমন আবার নতুন কাপড় পরে মান্য, তেমনি জীর্ণ শরীর ছেড়ে দিয়ে আবার নতুন শরীরে সংগত হন দেহী। জন্মেছে যে, তার যেমন মরণ ধ্রুব, তেমনি যে মরেছে তারও জন্ম ধ্রুব।

—গীতা (২।১৮,২০,২২,২৭)

...আছবিব্নিধজক। কৰ্মান্গানান্কমেণ দেহী স্থানেষ্ রুপাণ্যভিসংপ্রপদ্যতে॥ স্থ্লানি স্ক্য়াণি বহুনি চৈব রুপাণি দেহী স্বগ্নেব্লোতি॥

শ্ৰেতাশ্ৰতরোপনিষং ৫।১১, ১২

আত্মাব জন্ম আছে, বৃদ্ধিও আছে। কর্মান্সারে দেহী পর পর নানা রূপ গ্রহণ করে অনেক স্থানে : স্থাল স্ক্রা বহু রূপই দেহী বরণ করে নেয় আপন স্বভাবগুণে।

—শেবতাশ্বতর উপানষদ (৫ ISS.S2)

জড়বিশেবর প্রথম আধ্যাত্মিক রহস্য হল জন্ম। আরেকটি রহস্য মৃত্যু, যা জন্মের রহস্যকে আরও ঘোরালো করেছে। প্রাণনকে বিশেবর একটা স্বতঃসিন্দ্র তথ্য বলে মানতে কোনই নিবধা হত না, যদি জন্ম-মৃত্যুর রহস্যজ্ঞালে তার আদি এবং অন্ত ঘেরা না থাকত। অথচ হাজারো প্রমাণ থেকে জানছি, জন্মেই প্রাণনের আদি নয় বা মরণেই তার শেষ নয়—জন্ম-মরণ তার রহস্যময় প্রগতির দ্বটি অবান্তরপর্ব মাত্র। আপাতদ্ভিতে মনে হয়, মৃত্যু সকল ঠাইছেয়ে আছে, তার ব্বেক জন্ম যেন প্রাণোচ্ছনসের একটা আবর্তন—বিশ্বজ্ঞাড়া নিন্প্রাণ জড়ছের মধ্যে একটা নৈমিত্তিক অথচ অপরাজেয় ব্যাপার মাত্র। আরও

খ্রাটরে দেখলে মনে হয়. প্রাণ ব্রিঝ জড়ের মধ্যেও সংবৃত্ত হয়ে রয়েছে—এমনিক মহাশান্তির নির্তৃ বীর্যার্পে প্রাণই হয়তো জড়কে স্থিট করে। জড়ের মধ্যে প্রাণ থাকলেও নিজের বৈশিষ্ট্যকৈ ফোটাবার বা নিজের সংঘাতর্পটি ঠিকমত গড়বার উপযুক্ত পরিবেশ না পেলে তার সফ্রন সম্ভব হয় না। কিল্তু জন্মের ভিতর দিয়ে প্রাণের যে-প্রকাশ, তার মধ্যে এমন-একটা রহস্য আছে, যাকে আর জড় বলা চলে না। সেইখানে দেখি চিংস্পদ্দনের প্রথম স্চনা—অণিনশিখার মত জীবান্থার একটা প্রবল উন্দ্যোতনা যেন।

জন্মের পরিবেশ ও পরিণাম দেখে কেবলই মনে হয়, এ একটা আক্ষিমক ব্যাপার নয়। এর অতীতে অজানা একটা প্রাক সত্তা ছিল, এর বর্তমানে দেখছি বিশ্বব্যাপ্তির একটা সূচনা ও জীবনকে আঁকড়ে থাকবাব অনুম্য সংকল্প। আবার মৃত্যুতেও এর অবসান দেখছি না—মনে হচ্ছে এক হজানা অনাগতের দিকে যেন তার ইশারা। জন্মের আগে কি ছিলাম, মৃত্যুর পরেই-বা কি হব-অন্যোন্যসাপেক্ষ এই দুটি প্রশেনর জবাব খাজে মান্তবের বালিধ হয়রান হয়েছে কোন্ আদ্যকাল হতে, কিন্তু এখনও তার শেষ উত্তর্গ্রি সে পার্যান। বাস্তবিক এর শেষ উত্তর বৃদ্ধির এলাকার বাইরে। কেননা স্পর্টই বোঝা যাচ্ছে, প্রশ্ন দুটির অধিকার ব্যাপ্ত হয়েছে স্থাল চেতনা ও স্থাল স্মাতির অধিকার ছাড়িয়ে—এখন সে-স্মৃতি ও চেতনা জাতির হ'ক বা ব্যক্তির হ'ক। অথচ লোকান্তরের রহসা সমাধান করতে গিয়ে বুন্ধি দৃঢ় প্রত্যয়ের সঙ্গে প্রত্যক্ষগোচর তথ্যকেই কিন্তু আঁকড়ে ধরে। উপাদানের অপ্রতুলতা আর অনিশ্চয়তার ঘোরে বৃদ্ধি এক অভ্যুপগম হতে আরেক অভ্যুপগমে ছিটকে পড়ে এবং পর্যায়ক্রমে প্রত্যেকটিকৈ নিশ্চিত সিন্ধান্তের মর্যাদা দেয়। বস্তৃত এ-সমস্যার সমাধান নিভার করছে বিশ্বলীলার উৎস প্রকৃতি এবং লক্ষোর 'পরে। এ-সম্পর্কে যার যেমন রায়, তার 'পরে আমরা জন্ম জীবন ও মরণ নিয়ে, জীবাত্মার অতীত ও অনাগতের রহস্য নিয়ে যত বিচার এবং জল্পনা গড়ে তুলি।

প্রথমেই প্রশ্ন হয়, জীবের প্রাক্সন্তা এবং উত্তরসত্তা কি শ্বধ্ জড় ও প্রাণের ব্যাপার না তা একটা বিশিষ্ট মার্নাসক এবং আধ্যাত্মিক সত্তা ? জড়-বাদীরা বলেন, জড়ই বিশেবর মোলিক তত্ত্ব। এদেশেও বর্নপন্ত ভ্গন্শাশ্বত-রক্ষের ধ্যানে সর্বপ্রথম আবিশ্বার কর্রোছলেন বিশ্বরহস্যের এই স্ত্র—'অয়ই রক্ষা, কেননা অয় হতে জাত হয় সকল ভূত, অয়েই থাকে বেচে এবং অবশেষে অয়ের দিকে ধাবিত হয়ে তাতেই হয় সংবিষ্ট।' এ যদি সত্য হয়, তাহলে আমাদের প্রশেবর জবাব খ্রুজতে আর বিশেষ মাথা ঘামাতে হবে না। অনায়াসে তখন বলব, আমাদের দেহের প্রাক্তন হল—বীজশক্তি ও অয়রসের সহায়ে এবং অতীন্দিয় অথচ জড়ীয় কোনও শক্তির প্রবর্তনায় বিভিন্ন জড়ভূত হতে দেহের উপাদানগ্রেলকে ব্রহিত করা। আর আমাদের চেতনসত্ত্বের প্রাক্তন

হল—বংশ।ন্কমের স্ত ধরে অথবা অন্য-কোনও জড়াশ্রয়ী প্রাণন কি মননের ব্যাপারন্বারা জড়সামান্যের মধ্যে একটা বিশিষ্ট ক্রিয়ার প্রবর্তনা—যার ফলে পিতামাতার দেহাশ্রিত বীজকোষ জীন্'ও 'ক্রামোসাম'এর সহায়ে প্রকৃতি আমাদের ব্যক্তিসন্তা গড়ে তোলে। তেমনি দেহের মরণোত্তর পরিণাম হবে তার ভৌতিক উপাদানের বিকলন বা বিশরণ। আর চেতনসত্ত্বের পরিণাম হবে নানবজাতির জীবন-মনে তার কর্মের একটা সাধাবণ ছাপ রেখে আবার সেই জড়ের ব্রুকে ক্রিরে যাওয়া। এই ছাপ-রাখাকে যদি বল জীবের মরণোত্তর সন্তার নিশানা, তাহলে ওই হল আমাদের অমৃতত্বলাভের একমাত্র আশ্বাস। কিল্তু জড়সামান্যের সন্তা থেকে কি করে মনের স্থিট হল তা যখন ভাল বোঝা যায় না, এমন-কি জড় একটা স্বয়্রম্ভু তত্ত্ব নয বলে জড় দিয়ে জড়ের ব্যাখ্যাও যখন আজকাল অচল হয়ে পড়েছে, তখন লোকোত্তর তত্ত্বের এত সহজ মীমাংসাতে মানুষের ব্রুদ্ধি কোন্মতেই তৃপ্ত হতে পারে না।

কোনও-কোনও প্রাচীনধর্মের পর্রাণকথায় একটা আজগ্বী ও অয়োক্তিক সিন্ধান্ত আছে : ঈশ্বর তাঁর সত্তা হতে অবিরাম অমর জীবাত্মার সূড়ি করে চলেছেন; অথবা জড়প্রত্নতিতে কি জড় হতে তাঁরই সূষ্ট জীবদেহে নিজের 'নিঃ*বসিত' বা প্রাণনশক্তিকে সংক্রামিত করে অন্তঃশীলা চিংশক্তির উদ্দীপনা জাগিয়ে তুলেছেন তাদের মধ্যে। এ-সিন্ধান্ত যদি পরম প্রন্থেয় রহস্যাখ্যান হয়, তাহলে তার সত্য-মিথ্যা নিয়ে মাথা ঘামাবার কোনও প্রয়োজন নাই— কেননা যা অবুঝ শ্রন্থার বস্তু, তাকে নিয়ে যুক্তিবিচার চলে না। তব্ও মান্য দার্শনিক যোক্তিকতার দাবি ছাড়ে না। সেদিক দিয়ে এ-সিম্ধানত একে-বারেই নিষ্প্রমাণ, কেননা আমাদের উপলভ্যমান তত্ত্বের সঙ্গে এর কোনও সামঞ্জস্য নাই। একে মানবার আগে দুটি বিরোধের সমাধান চাই, নইলে বিচারব্যাম্বসম্পল্ল কোনও ব্যক্তিই এর প্রসংখ্য কান দেবেন না। প্রথম বিরোধ এই : ঈশ্বর প্রতিমুহ্তে যে জীব স্থিত করে চলেছেন, কালাবচ্ছেদে তাদের আদি আছে, কিন্তু অন্ত নাই; অধিকন্তু দেহের জন্মে জন্ম হলেও দেহের মরণে তাদের মরণ হয় না। দিবতীয় বিরোধ : জন্মের সময়ই দোষ-গণে শক্তি-অশক্তি বা স্বভাবগত ঐশ্বর্য কি দৈন্যের একটা তৈরী বোঝা জীবের ঘাড়ে চাপানো হয়। এর কিছুই তার আত্মপরিণাম বা কৃতকর্মের বিপাক নয়, এমন-কি বংশান্ক্রমেরও ফল নয়—এ শৃধ্ খোদার খোদকারি, অথচ এর জন্যে এবং এই প্রাজ ভাঙিয়ে থেতে হয় বলেই স্লন্টার কাছে তার জবার্বাদহিও আছে!

দার্শনিক যুক্তির কতকগ্নলি ন্যায্য অভ্যুপগম আছে। সমস্ত তর্কের গোড়াতেই অন্তত সাময়িকভাবে তাদের মেনে নিতে কারও বাধা নাই। যারা তাদের মানতে চায় না, আমাদের সিম্ধান্তকে মিথ্যা প্রমাণ করবার দায় আমরা স্বাচ্ছন্দে তাদেরই ঘাড়ে ফেলতে পারি। একটি অভ্যুপগম এই : যার অন্ত

নাই. নিশ্চয় তার আদিও নাই। যার আদি আছে বা স্যান্ট হয়েছে, তার অন্তও অবশ্যমভাবী--স্মৃষ্টি-ও ম্পিতি-ব্যাপারের নিব্তিতে কিংবা উপাদানসংযোগের বিঘটনে অথবা উদ্দেশ্যসাধনের পরিসমাপ্তিতে। এ-নিয়মের ব্যতিক্র সম্ভব হয় শ্বে জড়ের মধ্যে চিংসত্তার অবতরণশ্বারা জডকে চিন্ময় বা অমর করে তোলার বেলায়। কিন্তু সেক্ষেত্রেও চিৎসত্তা দ্বয়ং অমর-কৃত্রিম বা সূত্র পদার্থ নয়। যদি দেহকে চেতন করবার জন্য আত্মার সূচ্টি হয়ে থাকে অর্থাৎ আত্মার আবির্ভাব শেষ পর্যন্ত দেহের 'পরেই নির্ভার করে যদি, তাহলে দেহের ধ্বংসে তার অস্তিত্ব অযোক্তিক বা নিরাধার হবে।...দেহের ধ্বংসে তার প্রাণন-শক্তি বা ঈশ্বরের নিঃশ্বসিত আবার ঈশ্বরের মধ্যে ফিরে যাবে, এ-কল্পনা স্বাভাবিক। কিন্তু তার বদলে সে যদি অমর দেহী হয়ে টিকে থাকতে চায়, তাহলে তার জন্যে তাকে একটা সক্ষা বা চৈত্য শরীর আশ্রয় করতেই হবে। এই চৈত্যদেহ এবং তার দেহী যে জড়দেহের পূর্বভাবী হবে, তাতে সন্দেহ নাই। কেননা ক্ষণস্থায়ী নশ্বর জড়দেহকে আশ্রয় করবে বলে চৈত্যদেহ এবং দেহীর সূষ্টি হয়েছে—এ-কম্পনা অর্থোক্তিক। জড়দেহ-সূষ্টির মত একটা অচিরস্থায়ী ব্যাপারকে অবলদ্বন করে শাদ্বত জীবের আবিভাব নিতান্তই মৃত্যুর পর জীবাত্মা বিদেহ অবস্থায় থাকে বললে মানতে হবে, দেহের সংখ্য তার আশ্রয়াশ্রয়িভাব নিত্যসিদ্ধ নয়। অতএব মরবার পর জীবাত্মার বিদেহ স্থিতি যেমন স্বাভাবিক, তেমনি জন্মের পূর্বে কায়৷হীন অবস্থায় থাকাও তার পক্ষে অসম্ভব নয়।

আরেকটি অভ্যুপগম এই : প্রবহমান কালের মধ্যে যদি পরিণামের একটি পর্ব দেখতে পাই, তাহলে তার অতীতে আরও পর্ব ছিল—একথা অনন্দ্রীকার্য। অতএব এ-জীবনে জীব যদি একটা পরিণত ব্যক্তিভাব নিয়ে আবিভূতি হয়ে থাকে, তাহলে এখানে হ'ক আর মেখানেই হ'ক, প্র্ব-পূর্ব জন্মে এর জন্য একটা প্রস্তৃতির অধ্যায় নিশ্চয়ই তার ছিল। যদি বল, এখানে এসে জীব একটা তৈরী-করা জীবন ও ব্যক্তিভাবের খোলস পরেছে মান্ত—এ-খোলস সেনিজে গর্ডোন, গড়েছে অন্ন-প্রাণ-মনোময় বংশান্কমের শক্তি—তাহলে মানতে হবে, জীব স্বয়ং নির্পাধিক, তার মধ্যে বর্তমান জীবন বা ব্যক্তিভাবের কোনও ছোঁয়াচই নাই : স্তরং দেহ-মনের সঙ্গে তার যোগাযোগ যখন আকস্মিক, তখন বর্তমান দেহে বা মনে যা-কিছ্ ঘটছে, তার শ্বারা বস্তৃত সে অপরাম্ভা। জীব যদি কৃত্রিমসত্ম বা আভাসমান্ত না হয়ে বস্তৃভূত এবং অম্তস্বভাব হয়, তাহলে অবশ্যই সে নিত্য—অতীতে তার আদি ছিল না যেমন, তেমনি ভবিষ্যতে অন্তও থাকবে না। কিন্তু জীব নিত্য হলে, হয় সে জীবলীলাশ্বারা অপরাম্ভা নির্বিকার আত্মস্বর্প, নয়তো সে কালাতীত শাশ্বত চিন্মর প্রয়্য—কালের প্রবাহে ফ্রিটিয়ে চলেছে নিত্যপরিণামী ব্যক্তিভাবের চপল লীলা। এই

পর্র্যভাবই যদি জীবের তত্ত্ব হয়, তাহলে জন্মমরণবিধ্র জগতে তার ব্যক্তিভাবের প্রবাহকে রূপ দিতে সে পারে একমাত্র কায়পরন্পরার স্বীকৃতিতেই অর্থাৎ প্রাকৃত বিগ্রহে অবিচ্ছেদে কিংবা বারংবার প্রজাত হয়েই।

জডবাদকে সত্য বলে না মানলেও আত্মার অমরত্ব বা শাশ্বতবাদকে অনুস্বী-কার্য সিম্ধানত বলতে আমরা বাধ্য নই। কেউ-কেউ বলেন : বিশ্বের মূলে আছে এক অন্বয়তত্ত—সর্বভূত তাহতে জাত, তাতেই জীবিত এবং তারই মধ্যে তাদের অবসান। এই অম্বয়তত্ত্বের শক্তিপরিণামবশত জীবান্ধা একটা সাময়িক বা আপাতিক বিস্টিমার।...প্রশ্ন হবে, সে-অন্বয়তত্ত্বের স্বরূপ কি ? আধ্যনিক দর্শনের কতগালি আবিষ্কার হতে সিন্ধান্ত হতে পারে, অচিতিই বিশ্বমূল অন্বয়তত্ত্ব। অচিতির বুকে ক্ষণিকচেতনার আবিভাবিকে আমরা জীবাত্মা বলি, —তার আদি যেমন অব্যক্ত অন্তও তেমনি অব্যক্ত, মাঝখানে শুধু দেখা যায় ব্যক্তমধ্যের একটা ঝলক। অথবা এক শাশ্বত সম্ভতিতত্তই বিশ্বমূল। বিশ্ব-ব্যাপিনী প্রাণশক্তির পে তার প্রকাশ—তারই স্পন্দলীলার পরাক-প্রান্তে দেখা দিয়েছে জড় আর প্রত্যক্-প্রান্তে দেখা দিয়েছে চিত্ত। প্রাণশক্তির এ-দর্মি বিভাতির ক্রিয়াব্যতিহারই আমাদের মানবজীবনের নিদানকথা।...এই হল অচিং-অদৈবতবাদ। চিদদৈবতবাদীদের একটা প্রাচীন সিম্পান্ত এই : এক অন্বিতীয় অতিচেতন শাশ্বত নিবিকার শুন্ধসন্মাত্রই তত্ত্ব। এ-জগৎ চিত্ত ও জড়ের সমবায়ে গড়া। তাদের একটা সাময়িক ও প্রাতিভাসিক সন্তা থাকলেও বস্তুত তারা অবাস্ত্র, কেননা এক শাশ্বত নিবিকার চিৎস্বর পই আন্বতীয় তত্ত্বস্তু। প্রাতি-ভাসিক জগতে জীবাত্মা সেই সন্মানের মায়াশক্তির কল্পিত বা বিসূদ্ট একটা বিভ্রমমার।...আবার বৌশ্ধ অশৈবতবাদে সর্বশূন্য বা নির্বাণ প্রমার্থ তত্ত্ব। সেই শুন্যতার বুকে স্পন্দিত হচ্ছে এক শাশ্বত সম্ভূতির অন্তহীন প্রম্পরা— আমরা তাকে বাল কর্ম। এই কর্মাই সংজ্ঞা ভাবনা স্মাতি কম্পনা ও অনুষঙ্গের ছেদহীন অনুব্রত্তিতে একটা শাশ্বত আত্মভাবরূপী বিভ্রমের জাল বনে চলেছে।...উপরি-উক্ত তিনটি মতেই জীবনসমস্যার সমাধান হয়েছে প্রায় একই চিদ্দৈবতবাদীর অতিচেতন ব্রহ্মও বলতে গেলে বিশ্বব্যাপারে অচিতির শামিল। ব্রহ্মের মধ্যে আছে কেবল তাঁর অবিকার্য স্বয়ম্ভূসন্তার সংবিং। জীব-জগতের স্যৃতি এই স্বয়স্ভাবে মায়ার কল্পিত একটা অধ্যারোপ-মাত্র। আত্মসমাহিত রক্ষের সুষ্ঠিপ্রদশাই স্থিতর প্রবিতিকা-ওই সুষ্ঠি হতেই উন্মেষিত হয় চেতনার যত ক্রিয়া. প্রাতিভাসিক সম্প্রতির যত বিপরিণাম। আধুনিক অচিদদৈবতবাদীও বলেন, চেতনা অচিতির একটা ক্ষণস্থায়ী পরিণামমাত। তিনটি মতেই জীবাত্মার কোনও স্বারসিক শাস্বত

^{*} মাণ্ড্কা উপনিষদে স্বৃণিত প্রজ্ঞা; আত্মা স্বৃণিততে সমাহিত থেকেই সর্বেশ্বর এবং স্ব্রোন।

সন্তা নাই, অতএব তাকে অমৃতস্বভাব বলা চলে না। জীবান্থা একটা চিদাভাস শন্ধন্—কালাবচ্ছেদে তার আদিও আছে, অন্তও আছে। অচিতি অথবা অতিচিতি হতে প্রকৃতির সহজশক্তি বা ব্রহ্মের মায়াশক্তি কি বিশেবর্ধ কর্মাশক্তির বশে জীবান্থা একটা বিক্ষেপমাত্র—অতএব স্বভাবতই সে অশাশ্বত। তিনটি মতেই জন্মানতর হয় বিদ্রম, নয়তো অনাবশ্যক। অচিতির আবর্তনে চেতন জীবেব আবির্ভাব একটা আক্ষ্মিক ঘটনা হলে, একবারের বেশী জন্মাবার কোনও প্রয়োজন দেখা যায় না—অতএব জন্মানতরবাদ সেক্ষেত্রে অচল। আর-দন্টি মতে জন্মানতর হয় পন্নবাব্যত্তির ফলে বিদ্রমের একটা জের-টানা শন্ধন্, নয়তো সম্ভূতিব যন্ত্রক্টে আবর্তমান অগণিত চক্রের মধ্যে আরেকটি চক্রের সমাবেশ মাত্র।

তিনটি মতের একটি মতে শাশ্বত-সন্মাত্র একটা প্রাণচণ্ডল সম্ভূতি. আবেকটি মতে অক্ষর অবিকাষ চিন্ময় সত্তা, এবং শেষ মতে নামর্পহীন অসম্ভূতি মাত্র। যে-মতই নিই না কেন, তিনটি মতেই জীবাত্মা কেবল চিদ্-্রিত্র একটা নিতাপরিণামী পিশ্ড বা চণ্ডল প্রবাহ। সম্ভতি সত্য হ'ক বা বিভ্রম হ'ক, সমুদ্রের বক্ষে তরপোর মত তার আধারে ক্ষণেকের জন্য জীবাত্মার আবিভাব হয়েছে। অথবা জীবাত্মা হয়তো সাময়িক চিদাধাৰ মাত্ৰ—শাশ্বত অতি-চেতনেব সে একটা চেতন আভাস, প্রতিভাসেব বিধ্তিব জন্য যার সদ্ভাব একান্ত আবশাক। অতএব কোনমতেই সে শাশ্বতদ্বভাব হতে পারে না. সম্ভৃতির অনুবৃত্তির তাবতমোর 'পরে নির্ভার করছে তার অমরত্বের মেয়াদ। সে যে নিতাসং বাস্তব প্রেষরপে প্রতিভাসেব প্রবাহ বা পিশ্ডের ভর্তা ও ভোক্তা—একথা সত্য নয়। নিতাসং এবং বস্তুসংর্পে প্রতিভাসেব যে ভর্তা, হয় সে অন্বিতীয় শাশ্বত সম্ভূতিমার, নয়তো সে অন্বিতীয় এবং শাশ্বত অপুরুষবিধ সন্তামাত, কিংবা সে শুধু শক্তির কর্মচণ্ডল অবিচ্ছেদ প্রবাহ। শাশ্বত চৈত্যসন্তার কল্পনা এই ধরনের সিন্ধান্তে অপরিহার্য নয়। একই চৈত্যসন্তা যুগ-যুগান্তের আবর্তনে কায়া হতে কায়াতে, রূপ হতে রূপে অনুস্যুত হয়ে চলেছে এবং অবশেষে নিমিত্তবশত প্রথম প্রেতির সংবরণে তারও লীলাসংবরণ ঘটছে—একথা মনে করবার কি কোনও সংগত কারণ আছে? এমনও তো হতে পারে, বিগ্রহস্থির সংখ্য-সংখ্য তার অন্যরূপ চেতনার উন্মেষ হচ্ছে যেমন, তেমনি বিগ্রহের ধরংসে সে-চেতনাও বিলীন হয়ে যাচ্ছে—শুধ্ শাশ্বত হয়ে বিরাজ করছে রূপকুং অম্বয়তত্ত। অথবা, জড়ের সামান্য-উপা-দানের সঙ্কলনে যেমন দেহেব সৃষ্টি, যেমন জন্মে তার আরম্ভ এবং মৃত্যুতে তার শেষ, তেমনি চিত্তের সামান্য-উপাদান হতেই চেতনারও স্ভিট--তারও জন্ম দিয়ে শ্বুর্ এবং মৃত্যু দিয়ে সারা। এক্ষেত্রেও অম্বয়তত্ত্বই একমাত্র শাশ্বত বস্ত্ —প্রকৃতি বা মায়ার শক্তিতে সে-ই উপাদানের সংক্রলন বা বিস্তৃতি করছে।... মোট কথা, উপরিউক্ত তিনটি মতের কোনটিতেই জন্তান্তরবাদ একটা স্বার্রসিক বা অপরিহার্য সিদ্ধান্তর্পে গণ্য হবার যোগ্যতা লাভ কর্রোন।*

অথচ কার্যত তিনটি সিম্ধান্তের মধ্যে দেখি অনেক তফাত। প্রচীন দুটি অদৈবতবাদেই জন্মান্তর বিশ্বলীলার অংগীভত, কিন্তু আধুনিক মতে জন্মান্তর অস্বীকৃত। সান্প্রতিক দর্শনে স্থালেদেইই আমাদেব স্ত্তার আধার। জডবিশ্ব ছাড়া আর-কোনও লোক তার দ্র্যিটতে বাস্তব নয়। এখানে দেখছি. জীবন্ত দেহের সংগে ্ডিয়ে আছে মনোময়ী একটা চেতন। তার জন্মের সময যেমন ব্যক্তিগত প্রাক্সভার কোনও নিশানা পাইনি, তেমনি মৃত্যুর পর ব্যক্তি-রূপে টিকে থাকবার কোনও প্রমাণও সে রেখে যায় না। জীবজক্মের পূর্বে দেখি প্রাণবীজবাহী জড়শক্তির অহিতত্বমাত্র, অথবা নিদানপক্ষে প্রাণশক্তিব একটা সংবেগ। পিতামাতার দেওয়া বাঁজে এই প্রাণ-শক্তিরই অনুসূর্যতি এবং অনুব্রত্তি থাকে। কি-এক রহস্যময় উপায়ে ওই তচ্ছাত্তিচ্ছ আধারেই সে অতীত প্রগতির যত পুঞ্জি সংকলিত করে, তারপর নতুন ব্যক্তিদেহে এবং ব্যক্তি-মনে একটা অভিনব বৈশিষ্টোব ছাপ মাদিত করে দেয়। জীবের মাতার পব এই জড়শক্তি বা প্রাণশক্তিই সন্তানে সংক্রামিত বীজ্পক্তির মধ্যে বে চে থাকে এবং তার অন্তর্নিহিতসংবেগে দেহ-মনেব নতন আধারে প্রগতির লীলা অনুসূত্ত হয়ে চলে। শুধু সন্তানের মধ্যে আমরা যা সংক্রামিত করি তাছাড়া এখানে কিছাই আমাদের পড়ে থাকে না। অথবা জীবেব যে জন্ম ও জীবনপরিবেশ. সে শাধ্য শক্তির বিশ্বব্যাপী লীলার একটা প্রাক্তন প্রিথতি ও প্রিমণ্ডল। জীবের জীবন ও কর্মপরিণাম সেই শক্তিলীলারই আরেকটা পর্ব মাত্র। সতুরাং জীবের জন্ম হতে মরণ প্র্যুক্ত যাকে আমরা ব্যক্তিগত প্রবাত্তির বৈশিষ্টা মনে কর্বছি. আসলে তা বিশ্বশক্তিব একটা দীর্ঘায়িত তর্গাদোলা। একটি তরগের অনতা-কোটি হতে আরেকটি তরুপোব আদ্যুকোটিতে যা অনুবৃত্ত হয়, বিশ্বলীলায় শুধু তাকেই জীববাক্তির জীবনবাপে প্রবাত্তির পবিশেষ বলে জানি। যদ্যহাবশেই হ'ক অথবা জড়শক্তির নিয়ম মেনেই হ'ক যা-কিছু অপর জীবের প্রাণ-মনোময় উপাদান ও পরিবেশ গড়ে তোলে, জীবব্যক্তির মৃত্যুতে এ-জগতে তা-ই শুধু বে'চে থাকে। বিশেবর অন্ন-মনোময় লীলার পিছনে হয়তো একটা বিশ্ব-প্রাণের প্রেতি আছে। আমরা হয়তো সেই প্রাণসামানোর ব্যক্তিরূপ, তার সম্ভৃতির পর্বায়িত একটা প্রতিভাস। এই বিশ্বপ্রাণের পক্ষে একটা বাস্তব জগৎ ও

^{় *} কিন্তু কৌশ্বমতে জন্মান্তৰ অবশান্তাৰী, কেননা কমেৰি তা অপরিহার্য পরিণাম। চৈতনার আপাতিক অনুবৃত্তিৰ মধ্যে সেত হচ্ছে জীবাঝা নয—কম। চেতনা ক্ষণে-ক্ষণে রূপ বদলায় অথচ তার মধ্যে থাকে অনুবৃত্তিৰ একটা প্রতিভাস—আমৰা তাকেই ভাবি আগা। কিন্তু বাদত্তিৰক শান্বত আজা বলে এমন কিছুই নাই, যা দেহেৰ সংগ্য জন্ম নিয়ে দেহের মরণে লোকান্ত্রিক হয়ে আবাব আবেক দেহে আবিকৃতি হবে।

বাদতব ভূতগ্রাম স্থি করা অসম্ভব নয়। কিন্তু প্রতি ভূতে অভিব্যক্ত চেতন ব্যক্তিসত্তকে দেখে বলতে পারি না, তার পিছনে শাদবত অথবা নিত্যান্বত্ত জীবাত্মা কি জড়োত্তীর্ণ প্রব্যেষর চৈতনাের কােনও অধিষ্ঠান আছে। দেহের মৃত্যুর পরেও যে একটা চৈত্যসন্তার অন্ব্তি চলবে—জগতের ধারা দেখে একথা বিশ্বাস করবার অন্ক্লে কােনও য্তিত আমরা পাই না। অতএব জন্মান্তরকে বিশ্বলীলার অজ্য বলে স্বীকার করা শ্ধ্যু অযৌক্তিক নয়, অনাব্যাকও বটে।

শ্বের জড়সত্তা ও জড়বিশেবর তথা নিয়ে গবেষণা করে আমরা স্বভাবত এই সিন্ধান্তে পেণছই যে, জীবের মনোময় বা চৈতাসত্তা নিতান্তই দেহ-নির্ভার। অথচ এ-যুগেরই নানা গবেষণা ও আবিদ্দিয়ার ফলে দেখছি, জড়-নিভ′রতার 'পরে এতথানি ঝোঁক দেওয়াটা আমাদের উচিত হয়নি। বান্ধির সঙ্গে-সঙ্গে পূর্বসিন্ধান্তকে এবার যদি পালটাতে হয়, যদি প্রমাণ পাই দেহের মত্যুর পরেও মানুষের ব্যক্তিসত্ত। শুধু যে টিকেই থাকে তা নয়, ইহলোক এবং অন্যান্য লোকের মধ্যে আনাগোনাও করে—তাহলে নিভেজাল জড়বাদের গতি কি হবে? তখন অধ্যনাকিল্পত কালাবচ্ছিন্ন-চৈতন্যবাদকে আরও সম্প্রসারিত করে মানতে হবে, বিশ্বপ্রাণের সকল সামর্থ্য যে শুধু জডবিশ্বের স্ভিতৈ নিঃশেষিত হয়েছে তা নয়, অথবা জীবের ব্যক্তিসত্তা শুধ্-যে জড়-দেহের আশ্রয়ে টিকে আছে তাও নয়। তখন হয়তো আবার ফিরে যেতে হবে চৈত্যসত্তাম্বারা অধ্যবিত স্ক্ষাদেহের প্রাচীন কম্পনায়। মানতে হবে, স্থালদেহের মৃত্যুর পরেও তার অনুবতী সক্ষাদেহকে আশ্রয় করে জীবাত্মা বা চৈতাসত্তা মনশ্চেতনার বাহন হয়ে টিকে থাকে। অনাদি জীবাত্মার অস্তিত স্বীকার করতে যদি কুণ্ঠা হয়, তাহলে তার জায়গায় ক্রমোপচিত এবং নিত্যান্ব্র মনোময় জীবব্যাক্তকে অন্তত মানা চলে। উপরি-উক্ত স্ক্রাদেহ, হয় জীবের এই জন্মের পূর্বেই সূষ্ট হয়েছিল, কিংবা তার জন্মের সংগ্য-সংগ্য কি জীবন্দশাতেই সে গড়ে উঠেছে। অর্থাৎ হয় চৈতাসত্তা জীবজন্মের পূর্ব হতেই স্ক্রোদেহে অন্য-কোনও লোকে ছিল, তারপর জীবজন্মের সংক্র দ্বিদনের প্রবাসী হয়ে ওই স্ক্রাদেহকে আগ্রয় করে প্রথিবীতে এসেছে। নয়তো এই জড়জগতেই জীবাত্মা জীবের সঙ্গে গড়ে ওঠে তিলে-তিলে এবং সেই সমরে প্রাকৃতিক নিয়মে তার একটা চৈত্যদেহও সৃষ্ট হয়। মৃত্যুর পর এই চৈত্যদেহই পরলোকে যায় কিংবা প্রনর্জন্মের ফলে আবার প্রথিবীতে ফিরে আসে।... মৃত্যুর পরেও জীবচেতনার অনুবৃত্তি সম্পর্কে এই দুর্টি কল্প উপস্থাপিত করা চলে।

আবার এমনও হতে পারে, মানুষের দেহে অনুপ্রবিষ্ট হবার পূর্বেই হয়তো একটা জীবসত্ত বিশ্বপ্রাণের বিবর্তনের সংগ্রু-সঙ্গে গড়ে উঠেছে এবং

পরিণামের শেষ পর্বে সে ধরেছে মান্বের কায়া। অর্থাৎ মন্বাস্থির প্রে মান্যষের আত্মা অপরাপর জীববিগ্রহের ভিতর দিয়ে বিবতিতি হয়ে এসেছে। তাহলে মানতে হয়, মান ্ষের জীবসত্ত প্রের্ণ পশ্বদেহের অধিবাসী ছিল। তার স্ক্রাদেহই জন্ম-জন্মান্তরের মধ্যে যোগস্ত্রের কাজ করছে, স্তুরাং দৈহিক পরিবর্তনের অনুর্প পরিবর্তন স্বীকার করবার মত স্বাভাবিক সাবলীলতাও তার আছে।...নতুবা এমনও হতে পারে, মৃত্যুঞ্জয় ব্যক্তিসত্তা গড়বার আকৃতি ও সামর্থ্য বিশ্বপ্রাণের আছে, কিন্তু প্রকৃতিপরিণামের ফলে মন্ব্যবিগ্রহের আবিভাব না ঘটা পর্যনত তার সে আকৃতি সার্থক হয় না। মানুষের মধ্যে মনশ্চেতনার আকস্মিক উপচয় ব্যক্তিসত্তার ভিত্তি রচনা করে। সেইসংগ্য সক্ষ্ম মনোধাতুর একটা কোশ সূষ্ট হয়--্যা মনশ্চেতনার 'পরে ব্যক্তিগত বৈশিষ্ট্যের ছাপ ফেলে। এই মনোময় কোশ তখন মানুষের আন্তর বিগ্রহ এবং ব্যক্তিসত্তার আধার হয়—ঠিক যেমন তার স্থলে জড়বিগ্রহ জান্তব প্রাণ-মনের আধারর্পে বিবিক্ত একটা জান্তব সত্তা গড়ে তোলে।...এই দুর্ঘি সিম্ধান্তের প্রথমটিকে মানলে বলতে হয়, পশ্বসত্তাও মৃত্যুজয়ী, দেহের ধ্বংস-সত্তেও টিকে থাকবার সামর্থ্য তার আছে। জীবানার মত একটা স্ক্রাসত্ত তার মধ্যেও আছে এবং সেই জীবসত্ত্বই মৃত্যুর পর এই পৃথিবীতে অন্য পশ্বিগ্রহে আবিভূতি হয়ে দ্রুম-বিবত নের ফলে মনুষ্যবিগ্রহে জন্ম নেয়। পশুর আত্মা যে প্রথিবীর বন্ধন ছাড়িয়ে জড়োত্তর অন্য-কোনও লোকে উত্তীর্ণ হতে পারে, তা সম্ভব মনে হয় না। মন্ব্যজনেমর অধিকার যতদিন সে না পায়, ততদিন এই প্থিবীতেই তার জন্মান্তরের আবর্তন চলে। পশুর মধ্যে ব্যক্তিভাবনার একটা সচেতন প্রয়াস থাকলেও তা এমন ঘাতসহ নয় যে, প্রথিবী ছাড়া অনা-কোনও লোকের ধারুা সে সইতে পারে কিংবা নিজেকে তার বাহন করে গড়তে পারে।... শ্বিতীয় সিম্ধান্ত অনুসারে, দেহের মৃত্যুকে উৎরে যাবার সামর্থ্য দেখা দেয় একমাত্র মন্বাজীবের আবির্ভাবে। প্রাণপরিণামের ফলে ব্যক্তিসত্তার আবির্ভাবকে যদি জীবাত্মার প্রকৃতি বলে না মানি, যদি বলি জীবাত্মা একটা নিতাব্ত অপরিণামী তত্ত এবং পাথিব জীবন ও পাথিব দেহ তার অনুবৃত্তির অপরি-হার্যসাধন—তাহলে জন্মান্তরবাদ হয় পিথাগোরাসের দেহান্তর-সংক্রমণবাদের কিন্তু জীবাত্মা যদি নিত্যব্ত পরিণামী তত্ত্ব হয়, তাহলে মৃত্যুর পর তার লোকান্ত্রসংক্রমণ এবং প্রথিবীতে জন্মান্তরগ্রহণ—ভারতীয় দর্শনের এই সিম্পান্তকে সম্ভাব্য এবং নিম্চিতপ্রায় বলে মানতে কোনও অপিত্তি থাকে না।...কিন্তু তব্ হুন্মান্তরকে অপরিহার্য বলতে পারি না। কেননা এমনও হতে পারে, মানুষ-ব্যক্তি একবার লোকাশ্তরে যেতে পারলে আর সেখান থেকে তার ফিরে আসবার প্রয়োজন থাকে না। বিশেষ কারণে একান্ড বাধাবাধকতার মধ্যে না পড়লে স্বভাবত নবলন্ধ উধর্বলোকে থেকেই প্রগতির পথে এগিয়ে চলবার

তার ঝোঁক হবে। পাথিব প্রাণপরিণামের ঝামেলা হতে সে ছ্বটি পেরেছে, আর তার সেখানে ফিরে যাবার কি দরকার ? মান্ব লোকান্তরে গিয়েও আবার ফিরে এসেছে এর যদি প্রত্যক্ষ প্রমাণ পাই, তাহলেই লোকান্তরগত্তির কল্পনাকে আরও প্রসারিত করে মানতে পারি—এই প্থিবীতে মান্বের বারবার ফিরে আসার সিন্ধান্ত একটা অনতিবর্তনীয় সত্যই বটে।

কিন্তু জন্মান্তরবাদকে প্রাণপরিণামবাদের সঞ্চে জুফ্ডে দিলেও তার আধ্যাত্মিক গোত্রান্তর সিম্ধ হয় না। অর্থাৎ প্রাণপরিণামের ফলে জন্মান্তর সম্ভাবিত হলেও তাতে জীবান্ধার তাত্তিক সন্তা, শাশ্বত সদুভাব বা অমরত্ব কিছুই প্রমাণিত হয় না। জন্মান্তর মেনেও প্রাণবাদী হয়তো বলবেন, ব্যক্তি-সত্তা বিশ্বপ্রাণেরই একটা প্রাতিভাসিক স্বান্টি—প্রাণচেতনার সংগে জড়শক্তি ও জড়বিগ্রহের ঘাত-প্রতিঘাতে তার আবির্ভাব। জন্মান্তরের কল্পনায় এই ক্রিয়া-ব্যতিহারের রূপটি আরও সক্ষ্ম বিচিত্র এবং ব্যাপক হয়েছে, তার ইতিহাসও এখন আরেকরকম দাঁড়িয়ে গেছে—আমাদের আগের ধারণার সঙ্গে এখনকার ধারণার এই-যা তফাত।...এথেকে একধরনের বৌদ্ধ প্রাণবাদে পেণছনোও আমাদের পক্ষে কঠিন নয়। বলতে পারি, কর্মই বিশেবর তত্ত্—িকন্ত কর্ম বিশ্বব্যাপিনী প্রাণশক্তির লীলামান। কর্মের বিপাকে প্রবাহ জন্ম হতে জন্মান্তরে বিজ্ঞানস্তানকে অনুবুত্ত হয়ে চলেছে। তার জন্যে একটা আত্মবস্তু বা শাশ্বত ব্যক্তিসত্তা স্বীকার করা অনাবশ্যক। অতএব নিতাচণ্ডল প্রাণময় সম্ভূতিই বিশেবর একমাত্র মৌলিক তত্ত।...এই কথাগর্বালর একটুখানি মোড় ঘর্বারয়ে প্রাণবাদের আরেকটা বিকল্পে আমরা পেশছতে পারি। বলতে পারি : এক সর্বগত বিশ্বাত্মা বা বিরাট চিৎ-পুরুষই বিশ্বমূল, বিশ্বপ্রাণ তাঁর স্বরূপশক্তি বা নিমিত্ত মাত। এইধরনের চিন্ময় প্রাণাদৈবতবাদের একট্রখানি কদর দেখা দিয়েছে আজকাল। এ-সিম্ধান্ত অনুসারে জন্মান্তর সম্ভব হলেও অপরিহার্য নয়, কেননা এমনও হতে পারে, জন্মান্তর একটা প্রাতিভাসিক তথ্য কি প্রাণলীলার বাস্তব বিধান হলেও শন্ম্ব-সন্মাত্রের তত্তভাব বা তার স্বার্রাসক বিভাতির ন্যায়সংগত পরিণামর্পে তাকে গণ্য করবার কোনও অধিকার আমাদের নাই।

বৌদ্ধদের মত মায়াবাদীরাও ধরে নিয়েছিলেন, পৃথিবী ছাড়াও জড়োত্তর ছুমি ও জগৎ আছে এবং আমাদের তাদের সপ্তেগ একটা ঘনিষ্ঠতাও আছে। মানুষ মৃত্যুর পর ঐসব লোকে গিয়ে আবার ওখান থেকে পৃথিবীতে ফিরে আসে। এই ফিরে-আসার তথ্যটা খুব প্রাচীন আবিষ্কার হয়তো নয়। কিন্তু তাহলেও পরলোকের অন্তিত্ব এবং মানুষের সঙ্গে তার গভীর সম্পর্কের কথা বহু-বুগের প্রাচীন ও সম্প্রদায়লব্ধ একটা বিশ্বাস। এ-বিশ্বাসের পিছনে আছে স্বদ্রে অতীতের একটা প্রত্যায়, হয়তো-বা একটা ক্লানুভব—অন্তত আবহমান

একটা সংস্কার তো বটেই। ব্যক্তিসন্তা শ্ধ্ জড়বিশ্বের ভোক্তা নয়—তার এই মর্ত্যজীবনেরও একটা পূর্বাপর আছে। জড়োত্তর চৈতনাই বিশ্বমূল, জড় তার আশ্রিত একটা গোণবিভূতি মাত্র : এইসব বিশ্বাসের 'পরে প্রচাটন বেদান্তের আত্মা এবং জগৎ সম্পর্কে মতবাদের ভিত্তি। এই সিম্পান্তকে সত্য মেনে প্রাচীনেরা শাশ্বত তত্ত্বভাবের স্বর্প এবং প্রতিভাসমান সম্ভূতির মূল নির্ণয় করতে প্রবৃত্ত হয়েছিলেন। মৃত্যুর পর লোকান্তরে জীবের গতি এবং সেখান থেকে প্রনরাবৃত্ত হয়ে এই জগতে তার জন্মগ্রহণ—এ-দ্টি তাঁদের সকল দর্শনেরই সাধারণ অভ্যুপগম ছিল। কিন্তু বোদ্ধেরা প্রকর্লম মানলেও কোনও চিন্ময় সত্যপ্রবৃষ্ধের সত্যকার প্রনজন্ম বিশ্বাস করতেন না। পরবতী অশৈবতবাদে জীবাত্মাকে চিন্ময় তত্ত্বস্তু মেনেও তার জীবভাবকে প্রাতিভাসিক বলা হয়েছে। স্ত্রাং তার মতে, জীবের জন্ম এবং জন্মান্তর বিশ্ববিদ্রমের অংগীভত বিশ্বমায়ার একটা অর্থ চিন্মাকারী ছলনামাত্র।

বৌশ্বেরা অনাত্মবাদী। অতএব তাঁদের সিন্ধান্তে জন্মান্তরপ্রবাহ শুধু সংজ্ঞা কর্ম ও বিজ্ঞানের অনুব্রত্তিমাত্র। এই আবহমান বিজ্ঞানসদতানের 'পরে আমরা অলীক একটা ভাীবান্মার কম্পনা চাপাই এবং মনে করি লোক হতে লোকান্তরে সে আবৃত্ত হয়ে চলেছে। বস্তুত লোকান্তরও সংজ্ঞা ও বিজ্ঞানের বিভিন্ন সংস্থান ছাড়া কিছুই নয়। তার মধ্যে ক্ষণভঞ্গের সচেতন অনুব্,ত্তিই আত্মা এবং ব্যক্তিসন্তার একটা প্রতিভাস স্যৃতি করে।...মায়াবাদীরা জীবাত্মা মানেন, এমন-কি জীবের একটা সত্যকার আত্মস্বরূপ মানতেও তাঁদের আপত্তি নাই।* কিন্তু সত্য বলতে 'আত্মন্বরূপ' তাঁদের একটা কথার কথা। মায়াবাদীর মতে শাশ্বত সত্যজীব বলে কিছ, নাই—'আমিও' নাই, 'তুমিও' নাই। স্বতরাং জীবের সত্যকার আত্মস্বর্পই-বা থাকবে কোথা থেকে? কি বিশ্বাত্মা বলেও সত্যকার কিছু নাই—আছেন শুধু বিশ্বশ্বারা অনুপহিত এক অজ নিবিকার শাশ্বত সদ্রহ্ম—যাঁকে প্রতিভাসের অশাশ্বত বিকৃতির পরম্পরা ছংয়েও যায় না। জন্ম জীবন বা মরণ, জীবভাব ও বিশ্বাদ্যভাবের যত অন্ভ্ব—সমুহতই শেষপর্যক্ত একটা ক্ষণেকের বিদ্রুম বা মায়ার খেলা। এমন-কি বন্ধন ও মুক্তিও একটা মায়া—কেননা তারা কালাবচ্ছিল্ল প্রতিভাসের অংশীভূত। অহংএর মায়িক অন্ভবের সচেতন অন্ব্রিতে দেখা দিয়েছে— আমরা যাকে বলছি 'বন্ধন'। আর তংস্বর্পের অতিচেতনায় এই অন্ব্তি ও চেতনার একান্ত উপশমই 'ম্বিক্ত'। কিন্তু আসলে অহংও মহমািয়ার একটা বিলাস, স্বতরাং বন্ধন ও ম্বিক্তরই-বা বাস্তবতা কোথায় ? বাস্তব বলে কোথাও

^{*} মারাবাদীরা আবার একজীববাদী। আস্থা এক—তিনি বহু নন বা বহু হতেও পারেন না; অতএব সত্যকার জীববাতি কোথাও নাই। এক সর্বগত আস্থাই দেহাবচ্ছেদে প্রত্যেক অন্তঃকরণকে অহংভাবন্বারা উল্ভাসিত করে তুলছেন : তা-ই জীবের জীবদ্ব।

কিছ্ নাই—একমাত্র সেই তৎস্বর্প ছাড়া। তিনিই ছিলেন, তিনিই আছেন এবং তিনিই থাকবেন। অথবা এও আমাদের মনোবিকল্পমাত্র—তিনি কালাতীত অজ অনির্বাচ্য, কালের পর্বভেদ শ্বারা তাঁকে বিশেষিত করতে যাওয়াও অজ্ঞানতা।

প্রাণাদৈবতবাদে তবু একটা সত্য বিশ্ব আছে। তার মতে জীবলীলা ক্ষণ-স্থায়ী হলেও মিথ্যা নয়। শাশ্বতপুরুষের অধিষ্ঠান না থাকলেও জীবব্যক্তির কর্ম ও অনুভবের একটা সার্থকতা আছে সেখানে, কেননা তারা সত্য সম্ভূতির সত্য পরিণাম। কিন্তু মায়াবাদে জীবের কর্ম বা অনুভবের কোনও সত্যকার অর্থক্রিয়া নাই, অতএব স্বন্দগত পারম্পর্যের মতই তারা অবান্তর এবং নিরথ ক। এমন-কি মোক্ষও বিশ্বস্বশেনর একটা পর্বমাত্র। বিশ্ববিভ্রমকে সত্য বলে মের্নেছি বলেই ব্যাষ্ট দেহভাবনা ও অন্তঃকরণের প্রলয়ে মোক্ষের কুহককেও সত্য বলে মানছি। বৃহত্ত কেউ কোথাও বন্ধ নয়, মুক্তও নয়। বন্ধন-মুক্তি অহংকল্পিত বিভ্রমমান্ত—এক এবং অদ্বিতীয় ব্লাসন্তাকে সে বিভ্রম স্পর্শ ও করে না। এই নেতি-ভাবনার যুক্তিযুক্ত পরিণাম এসে ঠেকে সর্বনাশা এক উষরতায়। কিন্তু নিঃশ্বাস রোধ করে মানুষ সেখানে কতক্ষণ থাকতে পারে? তাই সাধ্য ও সাধনার দিকে দুন্ডি ফিরিয়ে আবার তাকে অনেক-কিছুই মানতে হয়। হ'ক এ-জীবন স্বশ্নছায়ার পরম্পরা, তব্ব এর মধ্যে বন্ধনের দৃঃখ সত্য যখন, তখন মাজির আনন্দই-বা সত্য এবং সাধ্য হবে না কেন? আত্মস্বরূপে বন্ধন নাই মোক্ষও নাই এবং জীবের জীবনও একটা মায়ার খেলা: কিন্ত তব্ব মায়ার হাতে এই মিথ্যার মারকে অস্বীকার করবার তো উপায় নাই। জীবের স্বরূপ যা-ই হ'ক, আপাতত তার জীবন সত্য হয়েছে বন্ধনের দুঃখেই। সেই দুঃখকে দুর করবার জন্য তার একমাত্র পুরুষার্থ হবে— জীবনকেই নিরাকৃত করবার সাধনা। জীবত্বের প্রলয় এ বং বিশ্ববিদ্রমের অবসান ঘটানো—এই তার লক্ষ্য। অথচ এই লক্ষ্যে পেণছবার আয়োজন করতে হবে জীবন দিয়েই—জীবনের যা-কিছু সার্থকতা এইখানে।

অবশ্য মায়াবাদ হল আধ্বনিক অদৈবতবাদের চরম কোটি। উপনিষদের প্রাচীন অদৈবতবাদ কিন্তু এতদ্র এগোরানি। ঔপনিষদ-সিন্ধানত শানবত-সন্মারের কালকৃত বাসতব সম্ভূতিকে অস্বীকার করে না, স্বৃতরাং তার মতে জগৎ সত্য। জীবও কিছ্ব কম সত্য নর, কারণ প্রত্যেক জীব তত্ত্ব ব্রহ্মান্বর্ম। জীবের ভিতর দিয়েই ব্রহ্ম নাম-র্পে অভিব্যক্ত হয়েছেন এবং নিতা আবতিতি ভবচক্রে আর্ঢ় থেকে বিশ্ববিস্থিতির রঞ্গপীঠে জীবলীলার ভর্তা হয়েছেন। জীবের কামনাতেই ভবচক্রের আবর্তন। কামনা তার প্রক্রেমরও প্রযোজক। শান্বত আত্মবিদ্যা হতে পরাত্ম্ম্থ তার চিত্ত যে কালিক সম্ভূতির লীলায় নিমন্ন হয়ে আছে, এ-ও সংসারাবর্তনের অন্যুত্ম হেতু। এই কামনা

ও অবিদ্যার নিব্রিতেই জীবাধিষ্ঠিত শাশ্বতসন্মান্ন ব্যক্তিভাবনা ও ব্যক্তি অন্তব হতে আপনাকে প্রত্যাহ্ত করে সমাহিত হন তাঁর কালাতীত ও গ্নণা-তীত অক্ষরস্বভাবে।

কিন্তু জীবের বাস্তবতা কালাবচ্ছিন্ন। তার কোনও স্থির ভিত্তি নাই— এমন কি কালপ্রবাহে নিত্য আবর্তনের সম্ভাবনাও তার নাই। জন্মান্তর বিশ্বব্যাপারের একটা গ্রুত্বপূর্ণ ঘটনা হলেও, তাকে জীবভাব ও সৃষ্টি-প্রবর্তনার অন্যোন্যসম্বন্ধের অপরিহার্য পরিণাম বলা চলে না। কারণ উপ-নিষদের মতে রক্ষের সিস,ক্ষার তপ'ণ ছাড়া স,ন্টির আর-কোনও লক্ষ্য নাই। স্তরাং ব্রহ্মের স্থিসংকল্প সংহাত হলে স্থিত লাপ্ত হবে। অতএব তাঁর বৈরাজ-সঙ্কদ্পের লীলায়নের জনা জীবের কামনা বা জন্মান্তরকে মাঝখানে দাঁড করাবার কোনও প্রয়োজন থাকতে পারে না। বরং জীবের কামনা হবে স্থিতিলীলার পরিণাম—তার অপরিহার্য হেত-প্রতায় নয়। কেননা এই মতে জীব বিশ্ববিস্থাতির একটা বিভৃতি—বিশ্বসম্ভৃতির প্রাক্তন কোনও তত্ত্ব নয়। অতএব প্রত্যেক নাম-রূপে ব্যাফিম্বের একটা সাময়িক ভাবনাম্বারাই ব্রন্মের স্থিসংকল্প সার্থক হতে পারে। ৭২, অশাশ্বত জীবত্বের পরম্পরায় একটি জীবনদীপের আলোতে বিশ্বের জ্যোতির ংসব চলছে—এই কল্পনাই এখানে পর্যাপ্ত। অবশ্য প্রত্যেক ঘটে অখণ্ডচৈতন্যের সত্তান্ত্রপে আত্মর্পায়ণ চলবে, কিন্তু সে-র্পায়ণ প্রতি বিগ্রহের আবির্ভাবে আরশ্ব হয়ে তার নিব্তির সঞ্জে-সংগাই নিব্তু হবে। তরশোর পর তরগোর মত জীবের পর জীবের পর-ম্পরা—একই সমাদ্রের বাকে *। এক-একটি চেত্রনবিগ্রহ বিশ্বচেত্নার বক্ষ হতে উচ্ছবসিত হয়ে দলেতে থাকবে যতক্ষণ তার আয়ুর মেয়াদ, তারপর সে ঢলে পড়বে অন্তহীন নৈঃশব্দ্যের বুকে। এর জন্যে নিতা-অনুবৃত্ত ব্যক্তিচৈতন্যের কল্পনা একেবারেই অনাবশ্যক। একই পরেত্ব নামের পর নাম নিয়ে বা রূপের পর রূপের সাজ প'রে লোক হতে লোকান্তরে আনাগোনা করছে--এ যেমন প্রতীয়মান বা সম্ভাবিত সত্য নয়. তেমনি একে যুক্তিসঙ্গত বলেও মনে হয় না। মোট কথা, জন্মান্তরকল্পনা ছাডাও উপনিষদের জীব-ব্রহ্মবাদ সম্থিত

^{*} ভারতীয় দর্শন সম্পর্কে তাঁর গ্রন্থে Dr. Schweitzer বলেছেন, উপনিষদের বাণীর এই হল যথার্থ তাৎপর্য, ক্রুন্সান্ডরবাদ পরের যুগের কলপনা। কিন্তু প্রায় সমুদ্রত উপনিষদেরই অনেকজায়গায় জ্লুন্সান্ডরের স্পান্ট উল্লেখ পাওয়া য়ায়। অন্তত, মৃত্যুর পরেও ব্যান্তসন্তার অনুবৃত্তিও লোকান্ডর-গতি উপনিষদের একটি অনুপেক্ষণীয় ক্লিখান্ড। এসব উত্তির সংশ্যে উপরি-উত্ত ব্যাখ্যার কোনও মিল নাই। মতে গর শরীরী জ্লীবের পক্ষে লোকান্ডরে গতি এবং দিবছি যদি সম্ভব হয় ব্রহ্মসমাপত্তিতে মৃত্তির ঘদি হয় তার চরম নিয়তি ভাহলে ক্লুম্মান্ডরবাদ অপরিহার্য হয়ে পড়ে; স্ত্রাং তাকে পরবর্তী যুগের কল্পনা বলে উত্তিয়ে দেওয়া চলে না। লেখক স্পটই পাশ্চাতাদ্র্মনের সংস্কার ছাড়িয়ে উঠতে পারেননি, ভাই প্রাচীন বেদান্ডের অতিস্ক্ষম ও জ্লিটল ভাবনার মধ্যে দেখেছেন শৃথ্ব সর্বেশ্বরবাদের ছায়া।

হতে পারে। জন্মান্তরবাদ সে-দর্শনের অপরিহার্য অণ্য নয়। কিন্তু রুপারণের এক পর্ব হতে উধর্বতন পরেব উত্তরণই র্যাদ জীবের অনতিবর্তনীয়
নিয়তি হয়, তাহলেই জন্মান্তরবাদের একটা সত্যকার সার্থকতা আমরা খংজে
পাই। তথন জড়ের গ্রহায় চিতের সংবৃত্তি এবং তার বিবৃত্তিই হয় পাথিব
জীবলীলার যথার্থ তাৎপর্য এবং জন্মান্তর হয় তার স্বাভাবিক সাধন। কিন্তু
এমনতর উত্তরায়ণের কন্পনা উপনিষদ-দর্শনের অপরিহার্য সিম্ধান্ত নয়।

এমনও কম্পনা করা চলে : রক্ষই স্বেচ্ছায় নিজেকে প্রকট অথবা সতি বলতে প্রচ্ছন্ন করছেন জীবদেহে: নিজেরই সংকল্পবশে তিনি মনুষ্যুযোনি ও পশ্রযোনির নিত্যান্ত্র পরম্পরার ভিতর দিয়ে ব্যক্তিজীবরূপে বিহার করছেন জন্ম হতে মৃত্যুতে, আবার মৃত্যু হতে নবজন্মের জয়ন্তীতে। এ-জীবলীলা সত্যও হতে পারে, প্রাতিভাসিকও হতে পারে। স্বরূপত তিনি অন্বিতীয় সন্মাত্র। কিন্তু তিনিই আবার পার্যবিধ হয়ে সম্ভূতির বিচিত্র র পলীলায় আবতি ত হয়ে চলেছেন—হয়তো তাঁর খেয়ালখ, শিতে, হয়তো-বা কর্মবিপাকের নিয়ম মেনে। অবশেষে চলার পথে পূর্ণচ্ছেদের সময় এল র্যোদন, প্রতিবোধের আলোকে উদ্দীপ্ত হয়ে সেদিন তিনি ফিরে গেলেন তাঁর অদৈবত মহিমার অনুত্তর প্রত্যয়ে, ব্যাষ্ট জীবলীলা হতে নিজেকে গুটিয়ে নিয়ে তাঁর অদ্বিতীয় তাদাঘ্যাভাবে প্রতিষ্ঠিত হলেন। কিল্ড এই আব্যক্তির আদিতে বা অন্তে কোথাও **এমনকোনও সত্যের প্রশাসন নাই**, যা তাকে অনুপেক্ষণীয় সার্থকতার একটা মর্যাদা দেবে। কেনই-বা ব্রহ্ম জীবরূপে আর্বতিত হতে যাবেন, তার কোনও হেতু আমরা খাজে পাই না। শাধ্য বলতে পারি, এ তাঁর লীলা। কিন্তু যদি বলি, চিৎন্বর পই অচিতিতে সংবৃত্ত এবং গৃহাহিত হয়ে আবার জীবের মধ্যে নিজেকে চিৎপরিণামের পবে-পর্বে ফুটিয়ে তুলছেন, তাহলে সমুহত ব্যাপারটাতে একটা তাৎপর্য এবং সংগতি দেখা দেয়। পর্বে-পর্বে জীবের উদয়ন তখন হয় বিশ্বলীলার মর্মারহস্য এবং জীবাত্মার দেহান্তরপ্রাপ্তি হয় সম্ভূতির স্বার্রাসক সত্যের স্বাভাবিক ও অন্তিবর্তনীয় একটা পরিণাম। চিৎপরিণামকে সিন্ধ করতে হলে জন্মান্তর তার অপরিহার্য সাধন হবে। জড়-বিশ্বে চিন্ময় সত্তের আবিভাবের জন্য এর চাইতে সার্থক নিমিত্তের প্রযোজনা এবং ক্রিয়াশক্তির প্রবর্তনা আমাদের কম্পনার অতীত।

জড়ের পরিণামকে এইভাবে দেখছি আমরা : বিশ্ব এক পরমার্থ সতের স্বত-উৎসারিত আত্মর্পায়ণ, অতএব চিৎসত্ত্বই সর্বভূতের স্বর্পধাতৃ। বিশ্বে ষা-কিছ্ম আছে, তা চিৎস্বর্পের আত্মবিস্ফির বিভূতি সাধন এবং বিগ্রহ। বিশ্বের বিচিত্র প্রতিভাসের পিছনে অন্তর্গ ্ট হয়ে আছে এক অনন্ত সত্তা, অনন্ত চেতনা, অনন্ত শক্তি ও সঙ্কল্প, অনন্ত আনন্দের নিরন্ত নির্মার। এই

পরমার্থ-সতের অতিমানস বা 'প্রাণী প্রজ্ঞা' রচনা করেছে বিশেবর বিরাট ছন্দ—গোণ বিভাবনার তিনটি ক্রমবিলান্বিত লয়ে, আমরা এখানে যাদের জানি মন প্রাণ এবং জড় বলে। বিশেবর বিস্থিতিত তাঁর যে আত্মনিগ্রহনের লীলা তার অবম পর্ব হল জড়ের জগং—যার মধ্যে অখণ্ড সং-চিং-আনন্দ আপন প্রকাশকে সংবৃত্ত করে ধরেছেন নিজেরই আপাত-অচেতনার রূপ: তাকেই আমরা বলেছি অচিতি। এই অচিতি হতে ক্রমোন্মেষের ধারায় আবার ফিরে যাওয়া অখণ্ড আত্মসংবিতে—স্বভাবত এই হবে তার অনতিবর্তনীয় আদ প্রবর্তনা। একে অনতিবর্তনীয় বলছি এইজন্য যে, যা সংবৃত্ত হয়ে আছে তার বিবৃত্তি অবশাদভাবী। যা বীজীভূত, তা যেমন একটা সদ্ভূত অর্থ, তেমনি আপন আপাতবিরোধী বিভাবনায় নিগ্রহিত শক্তির একটা সংবেগও বটে। সে-শক্তি আজ কুণ্ডালত হয়ে থাকলেও তার অল্তরে-অল্তরে আছৈ-ষণার প্রেতি নিগতে হয়ে আছে—সে চায় নিজেকে উপলব্ধি করতে, লীলায়িত করতে। বীজশক্তি শুধু শক্তিরূপ নয়: যে-আধারে সে সংবৃত্ত, তার তত্ত-র পও ওই বীজের মধ্যে নিহিত আছে। এমনি করে অবিদ্যার অন্তরগহনে তার যে-আত্মন্দরত্বপ প্রচ্ছন্ন আছে, তাকে আবার খ'লে বার করাই হবে তার অনবচ্ছিল্ল মর্মারহসা, তার সকল প্রবাত্তির অবিরাম প্রেতি। চেতন জীবের আধারকে আশ্রয় করে এই ফিরে-পাওয়া সম্ভব হয়। জীবের মধ্যেই উন্মি-ষ্কুত চেতনা সহস্রদলে বিক্সিত হয়ে জেগে ওঠে আপন ততুভাবের মহিমায়। অব্যাকৃত অবিদ্যাপ্রকৃতিতে না ছিল চেতনা, না ছিল ব্যক্তিভাবনার বৈশিষ্টা। ওই অব্যক্ত হতে যে-বিশ্বভাবের যাত্রা শরে, তার সর্বোত্তম বিভূতি হবে পর্বে-পর্বে ব্যক্তিসন্তার ক্রমিক উপচয়। অতএব বিশ্বলীলায় জীব তচ্ছ নয়. বরং জীবত্বের পরিপূর্ণ উন্মেষ্ট সে-লীলার লক্ষ্য। জীবত্বের এই মহিমাকে সার্থক বলে মানতে পারি, যদি জানি পরমাত্মার জীবরূপ যেমন সতা, তেমনি সতা তাঁর কিশ্বর্প-কেননা দ্বইই তাঁর আনন্ত্যের সত্য বিভূতি। তা-ই যদি হয়, তাহলে ব্রিঝ-জীবভাবের প্রেষ্ট এবং জীবের আত্মোপলব্ধির সাধনা কি করে বিশ্বচেতন বিরাটের এবং প্রব্রক্ষের উপলব্ধির অপরিহার্য সাধনর পে গণ্য হতে পারে।...এই সিম্ধান্তের প্রথম সূত্র হল—জীব সত্য এবং সনাতন। একথা মানলে জন্মান্তরকে আর বৈকল্পিক সম্ভাবনার কোঠায় ফেলে রাখা যায় না— তখন তাকে বলতে হয় আমাদের সত্তার মৌলপ্রকৃতির একটা অপরিহার্য পরিণাম।

চিৎশক্তির লীলারনে প্রত্যেক বিগ্রহে একটা সাময়িক বা কাল্পনিক জীব-সত্ত্বের আবিভাবে ঘটে—এ-সিম্ধান্তে জীবনের সকল সমস্যার সমাধান হয় না। জীবভাব যে দেহের আকারে চিদ্বিলাসের অবান্তর একটা বিভৃতি শ্ব্র, দেহের বিনাশে জীবভাবের অনুবৃত্তি যে বিকল্পিত অর্থাৎ দেহান্তরে কি

জন্মান্তরে তার আত্মভাবের কাম্পনিক অনুবৃত্তি চলতেও পারে না-ও চলতে পারে—এই বৈকল্পিক সিন্ধান্তের শৈথিল্যকে কোনমতেই আমল দেওয়া চলে অবশ্য প্রথম দ্রাণ্টতে মনে হয়, জীবের পরে জীবের আবির্ভাবে এই জীবভাবের অনুবৃত্তির কোনও কথাই ওঠে না। কেননা স্পন্ট দেখছি, জীব-বিগ্রহের ধরংসে মিথ্যা বা ক্ষণস্থায়ী জীবভাবেরও ধরংস হচ্ছে—সে-ধরংস-লীলার আধাররূপে বিশ্বশক্তি বা বিশ্বসন্তার চিরন্তন একটা অধিন্ঠান শা্বন্ জেগে আছে। মনে হয়, বিশ্ববিস্থিতির সমগ্র তাৎপর্য এর্মান করে শুধু ঢেউএর ওঠা-পড়াতেই পর্যবিসত হয়েছে।...কিন্তু জীবকে যদি নিত্যান,বুত্ত তত্ত্বস্ত বলে জানি, সে যদি রক্ষের সনাতন অংশ বা বিভৃতি হয়, তার চিতিশক্তির উপ-চয় যদি হয় অন্তর্গতে চিৎপরেষের আত্মপ্রকাশের সাধন—তাহলে বিশ্বলীলার একটা গভীরতর তাৎপর্য আমাদের কাছে উদ্ঘাটিত হয়। তথন দেখি, অথন্ড স্চিদানন্দের শাশ্বত বহুভাবের সঙ্গে শাশ্বত অদৈবতভাবের যে-বিলাস এ-বিশ্বজগৎ তার ছন্দোময় প্রকাশ। আমাদের ব্যক্তিভাবের সকল বিপরিণামের পিছনে দত্রস্থ হয়ে আছেন এক সত্য পরেষ বা শাশ্বত চিন্ময় জীবসত্ত—ির্যান আমাদের প্রবহমান ক্ষরভাবের ঈশ্বর। যে-অন্বয়স্বরূপ বিশ্বভাবনায় সম্প্র-সারিত, তিনিই ঘটে-ঘটে নিজের ব্যক্তিভাবনাকে নিরুক্ত্রণ লীলায়নে প্রতি-ষ্ঠিত করছেন। ব্যাঘটজীবে তাঁর সমগ্র সন্তাকে তিনি সর্বাত্মভাবের অদ্বয় অনুভবে প্রকট করেন। আবার এই ব্যাঘ্ট্রজীবেই তিনি তাঁর বিশ্বোত্তীর্ণ মহিমা ফুটিয়ে তোলেন, প্রদীপ্ত করেন সেই অনির্বাণ আনন্তাচেতনা—'যত্ত বিশ্বং ভবত্যেকনীডম''। আত্মপ্রকাশের এই-যে হিভ্ন্স, এই-যে বহু,ধাবিল-সিত অশ্বৈতভাবনার অনুত্রে লীলা, এই-যে তাঁর অনিব্চনীয় মায়া অথবা আনন্ত্যের চিন্ময় সত্যের পরের সো বিভূতি—এর জ্যোতির্মায়ী বর্ণচ্ছটা ধীরে-ধীরে জীবচেতনায় ফুটে ওঠে অনাদি অচিতির অব্যক্ত গহন হতে উন্মিষনতী উষার অর্থারাগে।

অখণ্ড সচিচদানলের মধ্যে আত্মৈষণার আকৃতি না থেকে শৃথ্য যদি লীলা-সম্ভোগের অফ্রন্ত উল্লাস থাকত, তাহলে চিৎপরিণাম ও জন্মান্তরের বিধান অনাবশ্যক হত। অবশ্য চিৎস্বভাবের পরমকোটিতে এমন নির্ক্ত্ম রসোল্লাসও যে নাই, তা নয়। কিন্তু এ-জগতে তাঁর অশ্বৈতভাব সংবৃত্ত হয়েছে বিভজ্ঞান্তর মনের লীলায়, আত্মবিস্মৃতির অতল গভীরে তাঁর অবিকল্পিত একত্বের ধ্বা স্মৃতি হারিয়ে গেছে, বিবিক্ত ভেদভাবনার লীলাই উদগ্র হয়ে ফ্টেছে সকল বিভৃতির প্রোভাগে—যদিও এ-ভেদভাব প্রাতিভাসিক, কেননা ভেদে অভেদের তত্তভাব তার অন্তরালে অথিন্ডিত মহিমায় নিগ্রু হয়ে আছে। এই ভেদের লীলা মনঃকল্পিত খণ্ডতাবোধে চরমে উঠছে, যখন বিভঞ্জাব্ত মন দেহকে আগ্রয় করে সহসা জেগে উঠেছে বিবিক্ত অহুংএর চেতনা নিয়ে। খণ্ড-

লীলার নিবিড় ও নিরেট ভিত্তি রয়েছে জগংজোড়া জড়কুশ্ডলীর বিবিক্ত বিগ্রহে. যার মধ্যে সচ্চিদানদ্দের স্ফুরন্ত আত্মসংবিং আত্ম-অবিদ্যার প্রতিভাসে সংব্তত ও আচ্ছন্ন হয়ে আছে। এই অজ্ঞানকে আশ্রয় করে খণ্ডতাবোধ আরও নিরেট হয়. কেননা অশ্বৈতচেতনায় ফিরে যাবার পথকে সর্বদা এ রুখে দাঁড়ায়। দ্মতর হলেও অজ্ঞানের বাধা সত্য বা অনপনের নয়, কেননা এই অজ্ঞানের অনত-রালে উধের ও মালে আছে সর্ববিং চিৎন্বরূপের অধিষ্ঠান। তত্ত্বদূষ্টিতে দেখি. আপাত-অজ্ঞান বস্থৃত চিংশক্তিরই একটা ঐকান্তিক অভিনিবেশ—আত্মবিস্মৃতির অতলে সে সমাহিত হয়ে আছে প্রকৃতির জড়লীলার অন্ধর্তামন্ত্রায় ঝাঁপ দিয়ে। এই জড়সমাধির সূত্রে বিশেবর ষে-বিসূ্ষ্টি, তার মধ্যে বিবিক্ত বিগ্রহকে আশ্রয় করে প্রাণলীলার শ্বর হয়। তাই জড়ের জগতে পরমপ্ররুষের সণ্ডেগ বিশ্ব-যোগের সম্বন্ধে যুক্ত হতে ব্যক্তিপ্রের্যকে একটা বিবিক্ত বিগ্রহ আশ্রয় করতে হয় অর্থাৎ তাকে জন্মাতে হয় শরীরী হয়ে। দেহকে ভিত্তি করে তারই আশ্রয়ে এ-জগতে তার প্রাণ মন ও চেতনার প্রগতিসাধনা শুরু হয়। পুরুষের এই শরীরধারণকেই আমরা বলি জন্ম। এই শরীরেই চলে তার আত্মবান হবার তপস্যা, বিশ্বের ও বিশ্বভৃতের সংখ্য তার অন্যোন্যসম্বন্ধের লীলায়ন। আবার সেই ব্রহ্মসায়,জ্যের লোকোত্তর ধামে ফিরে যাওয়া, তাঁর মধ্যে সবার যোগে যুক্ত হওয়া—এই পরমা সিন্ধির দিকে তিলে-তিলে জাগ্রত চিত্তের যে-উদয়ন, তারও সাধনা চলতে পারে একমাত্র এই দেহের ক্ষেত্রে। জড়ের জগতে আমরা যাকে জীবনায়ন বলি, মানবাত্মার প্রগতিই তার একমাত্র লক্ষ্য এবং তারও সাধন হল আত্মার শরীরপরিগ্রহ। এই শরীরকে কীলক করেই চলে আত্মার যত তপস্যা—উত্তরায়ণের পথে জন্ম হতে জন্মান্তরের নিত্য-অনুব্যত্তির অবি-চ্ছেদ যত সাধনা।

অতএব মর্ত্যভূমিতে আবির্ভূত হতে গেলে শরীরগ্রহণ ছাড়া প্র,ষের আর-কোনও উপার নাই। মন্মাযোনিতেই হ'ক বা অন্যান্য যোনিতেই হ'ক প্র,ষের এই দেহধারণকে বিশ্বলীলায় প্রাপরসদ্বন্ধহীন একটা আক্ষিমক ব্যাপার বলা চলে না। এমনও বলতে পারি না—জীবাত্মা যেন হঠাং মর্ত্যের ব্রুকে ঝাপিয়ে পড়েছে। এর জন্য যেমন অতীতের প্রস্তৃতি ছিল না, তেমনি অনাগত সার্থকতারও কোনও স্টুনা নাই। বিশ্ব জর্ড়ে চলছে সংবৃত্তি হতে বিবৃত্তির সাধনা। শ্ব্রু জড়বিগ্রহের বেলাতেই নয়, প্রাণ-মনের ভূমি হতে চিন্ময় ভূমিতে চেতন জীবের উদয়নের মধ্যেও দেখছি একটা দলমেলার তর্পস্যা। এক্ষেয়ে জীবাত্মার আক্ষিমকভাবে মন্যাদেহধারণকে তার স্বভাবের নিয়ম বলে মানতে পারি না। এ কি অর্থহীন লক্ষ্যহীন থেয়ালখ্যালর একটা খেলা শ্ব্রু? বিশ্বপ্রকৃতিতে বা বৃস্তু-স্বভাবের মধ্যে এমন খেয়ালের স্থান কোথায়? চিং-স্বরূপের আত্মার্ণায়ণের ছন্দে সহসা কেন এমনতর তালভংগের একটা

অনাহতে উপদ্ৰব দেখা দেবে? স্পন্টই যেখানে দেখছি চিৎপরিণামের পর্বে-পর্বে প্রকৃতির উদয়ন বিশ্বলীলার স্বাভাবিক নিয়তি, সেখানে জীবাত্মার মূর্ত আবিভাবিকে আকৃষ্মিকতার কোঠায় ফেললে কি বিশ্ববাপী কার্যকারণের নিয়ম ভাঙা হয় না? অতীত ও অনাগত হতে বিচ্ছিন্ন একট্রক্রা বর্তমানকে বিশ্বনিয়মের পর্বসন্ততির সঙ্গে খাপ খাওয়ানো যাবে কেমন করে? বিশ্বের জীবনস্পন্দে যে সার্থক ছন্দ অথবা প্রগতির যে-রীতি, ব্যক্তির জীবনস্পন্দেও তার অনক্রতি এবং অনক্রি চলবে। অতএব বিরাটের ছন্দে ব্যক্তির জীবন র্যাতভংগার একটা নির্থাক জ্বলাম হবে না—বরং তাকে বিশ্বলীলার ধ্রাব-নিয়তির অপরিহার্য সাধন বলেই জানব।...আবার একথাও মানতে পারি না যে. मन्यार्यानित्व भूपः এकवात जीवत जन्म इत्र, वात भूदर्य वात जीवन অনাদিকাল ধরে লোকান্তরেই কাটে—মাঝখানে এই প্রথম তার মর্তালীলা এবং এই শেষও বটে। লোক হতে লোকান্তরে জীবাত্মার যাগ্রাপথে এই জড়বিশেব শ্বধ্ব একটিবার সে আনমনা হয়ে মাটির ব্বকে আসন পাতে, প্রকৃতি-পরিণামের ধারা দেখে একথা কিছুতেই বিশ্বাস হয় না। মর্ত্যভূমিতে জীবাত্মার প্রগতিকে একটা হঠাৎ-সিন্ধির পর্যায়েও ফেলতে পারি না। কেননা যে সর্বতো-মুখী বৃহৎ সাথকিতার দিকে সে চলেছে, তার সাধনা যেমন মন্থর, তেমনি দীর্ঘায়্গসাপেক্ষ। তার জন্যে এই মাটির প্রথিবীকে একটিবার শুধু ছুয়ে গেলেই তো চলবে না। বিশ্বপ্রগতির একটি পর্ব হল মানুষের জীবন, যার ভিতর দিয়ে গ্রহাহিত বিশ্বস্ভর চিংপরেষ ধীরে-ধীরে তাঁর আক্তিকে র পায়িত করছেন এবং পরিশেষে দেহাশ্রয়ী ব্যক্ষি জীবচেতনার সম্প্রসারণ ও উদয়নে তাঁর বিপলে ব্রত উদ্যাপিত করছেন। কিন্তু উত্তরায়ণের একটি পরের পরিমন্ডলে বার-বার জন্মান্তর শ্বারাই জীবাত্মার এই উদয়ন সিদ্ধ হতে পারে। শুধু চকিতের মত একবার এসে তাকে ছুংয়ে আরেক পথে উধাও হয়ে গেলে পরিণামের সাধনায় কোনও ছন্দ বা সংগতি থাকে না। উধরায়নের জন্যই চিংশক্তি যদি জড়দেহকে স্বীকার করে থাকে. তাহলে সে-উধর পরিণামের চরম পর্ব পর্যন্ত জড়ের সঙ্গে তাকে যুক্ত থাকতে হবে এবং তার জন্য বারবার ফিরে আসতে হবে এই মাটির ব্রকেই।

নিরঙকুশ খেয়ালের বশে অথবা কর্ম ও কর্মবিপাকের স্বচ্ছন্দ স্বতঃস্ফ্র্ত বৈচিত্র্যবশত মান্ব্রের আত্মা লোক হতে লোকান্তরে অবাধ আনন্দে প্রজাপতির মত বিহার করে চলেছে—এ-কল্পনাও য্ব্রিন্ত্র্যক্ত নয়। চরমম্ব্রিত্তে বা ক্রমমর্ক্ত্রির পথে মানবাত্মার এই জ্যোতিরভিযানের ছবি জড়োত্তর ভূমিতে সার্থক
হলেও পার্থিব জীবনের প্রথম পর্বেই তা সম্ভব বলে মনে হয় না। প্থিবীতে
মান্য অধ্যাত্মচেতনার একটা যুক্মবিভাব নিয়ে জন্মায়। মান্বের আধারে
একদিকে আছেন কুট্স্থ চিন্ময় প্রয়্যু—বিদিন ত্যুর বিশেবাত্তীর্ণ শাশ্বত

তত্ত্বভাব, আরেকদিকে আছেন প্রকৃতি-স্থ চৈত্যপরেষ্ মানি তার বিশ্বগত নিত্যত্ত্ব ক্ষরভাব। ক্টেম্থ প্রেষর্পে জীব নির্গণ সচিদানন্দ-স্বর্প—অন্মন্তা বা শাস্তার নিরঙকুশ স্বাতন্যো নিজেকে তিনি অজ্ঞানের অন্ধতামসে নির্গৃহিত করেছেন স্বেচ্ছায় সংসারভোগের জন্য। আছানিগ্রেম জনতভাড়া এ-ভোগ তার নিজ্পন্ন হত না। অথচ এরই মধ্যে তিনি চিংপরিণামের অন্তর্শমী নিয়ন্তার্পে জেগে আছেন। আবার প্রকৃতি-স্থ প্রেষর্পে ব্লচ্চকের সজো নিজেকে যোজিত করে তিনিই সংসারপরিণাম অজ্যীকার করেছেন। প্রাকৃতবিগ্রহের দীর্ঘ পরম্পরায় আত্মভাবের যে-উপচয়, সে এই চৈত্যপ্রেষরই আত্মর্পায়ণের লীলা। বিশ্বপরিণামের রীতি ও ধারা ধরে চলছে তাঁর আত্মপরিমাণের নীরন্দ্র সাধনা। ক্টেস্থর্পে বিশ্বোত্তীর্ণ হয়েও তিনি বিশ্বগত এবং বিশ্বব্যাপ্ত। আবার জীবাত্মার্পে তিনি বিশ্বর্পে সচিচদানন্দের সর্বগত বিভূতির অংশ এবং আত্মভূত। অতএব তাঁর আত্মর্পায়ণ বিশ্বর্পায়ণেরই পর্বস্বতির অন্গত হবে—ব্লাচক্রের আবর্তনের অন্ত্বতির হয়ে চলবে তার উপচীয়মান আত্মান্ভবের তপস্যা।

সর্বভূতের অন্তর্যাম। বিরাট প্রেষ জড়বিশ্বের অন্ধর্তামস্রায় নিগ্রিছত হয়ে আবার তাঁর প্রকৃতি-স্থ আত্মভাবকে জড়বিগ্রহের পরম্পরায় ফুটিয়ে তুলছেন—জড় প্রাণ চিত্ত ও চিংসত্ত্বের উধর্বগ সোপান বেয়ে। তাঁর প্রথম উন্মেষ জড়বিগ্রহের অন্তর্গাচ় পরেব্বর্পে—যাঁকে বাইরে থেকে মনে হয় অবিদ্যাতামসের সম্পূর্ণ কবলিত। তারপর অন্তর্গত্ত পুরুষের ঈষং স্ফুরণের সূচনা নিয়ে তিনি প্রাণবিগ্রহে ফোটেন—অচিতি এবং ছায়াচ্ছল্ল অর্ধ-চিতির সন্ধিভূমিতে। বলা বাহ,লা ওই অর্ধচিতিই আমাদের অবিদ্যা। তারপর আরও এগিয়ে পশ্রচিত্তে আত্মসচেতনতার অস্ফর্ট আভাস নিয়ে তাঁর চিং-শক্তির উপচীয়মান দীপ্তি ফোটে। অবশেষে মান,ষের মধ্যে বহিশেচতন অথচ অপূর্ণসংবিক্ষয় পুরুষরূপে তাঁর উপান্ত্য আবিভ1়ব ঘটে। প্রতোক পরেই অপরিণামী চিৎস্বরূপ অন্তর্যামিরূপে অধিণ্ঠিত আছেন, প্রকৃতিতে ঘটছে তাঁর বিভৃতিপরিণাম। এই প্রকৃতিপরিণামে বিশ্বগত এবং ব্যক্তিগত দুটি ধারা রয়েছে। বিশ্ব-বিরাটের মধ্যে আছে তার আত্মস্বর্পের একটা ক্রমায়ণ-বিশ্বভাবনার ছন্দোবশ্ধ একটা বৈচিত্র। এই ক্রম ও বৈচিত্রকে সে ফ্রটিয়ে তোলে আর্মাবভূতির সিন্ধর্পায়ণের পরম্পরায়। ব্যচ্টিজীবাস্থা আবার এই বিশ্বগত ক্রমায়ণের ধারা ধরে এগিয়ে চলে—চিৎস্বর্গপের বিশ্ব-ভাবনায় যা প্রাক্সিম্ধ, তাকেই আধারে র্পায়িত করে। 'মনঃ পিতা' বা বিশ্ব-মানুষ অথবা নিখিলমানব-বিগ্রহ বিরাট পুরুষ এই মানবজাতিতেই ফু, টিয়ে তুলছেন শাশ্বত 'মন,'-শক্তিকে, যা আজ মনশ্চেতনার অবরভূমি হতে মন্ম্যত্বের পর্যায়ে উল্লীত হয়ে চলেছে অতিমানসচেতনার লোকোত্তর ভূমির দিকে। এই শক্তিই একদিন মানুষের মধ্যে দিব্যভাবের ভাষ্বর মহিমায় জনলে উঠবে, তার চেতনায় সর্বতোভাবী সত্যাস্বর্পের অথন্ড সংবিং আনবে—চিন্ময়ী বিন্বব্যাপ্তির অনির্ম্থ ব্যঞ্জনা ফ্রটিয়ে তুলবে তার প্রকৃতিতে। ব্যক্তিমান্য মন্শক্তির এই ধারাকেই অনুসরণ করে চলেছে। মানুষের পর্যায়ে উল্লীত হবার পূর্বে তার চেতনা প্রাণের অবর্রবিগ্রহে বিচরণ করে উপচীয়মান আত্মান্ভবের বৈচিত্র্য সঞ্চয় করেছে। অদ্বতীয় পরমার্থ সং যেমন তার বিশ্বভাবনার নিরংকুশ লীলায় ওর্ষাধ ও পশ্র অবর্রবিগ্রহে আপনাকে গ্রন্থিত করেছেন, জীবসত্ত্বও তেমনি চিংপরিণামের প্রাক্তন পর্বে ওই স্তরগ্রনি পার হয়েই আজ মানবাত্মার রূপ ধরেছে। তার চিংসন্ত্রা আজ বাইরে-ভিতরে মানবধর্মকে প্রাপ্রির অংগীকার করেও এই উপাধির আবেন্ডনৈ নিজেকে অবর্দ্ধ রাথেনি—যেমন অতীতকালে ওর্ষাধ-বা পশ্বভাবের উপাধিকে স্বীকার করেও সে-বন্ধনে সে বাঁধা পর্ডোন। আজ সে মানুষ হয়েছে। কিন্তু মানুষভাবেক ছাড়িয়েও আত্মবিভাবনার উত্তর্সিন্ধিতে পরা প্রকৃতির আক্রতিকে সাথ্র ক করা নিন্চয়ই তার সাধ্যের বাইরে নয়।

একথা স্বীকার না করলে বলতে হয়, যে চিৎসত্তা মানুষের সংসার-অনু-ভবের অধিষ্ঠাতা, মানুষের কায় এবং চিত্তই তাকে গড়ে তলেছে। অতএব কায়-চিত্তই তার আশ্রয় বলে, মান্যভাবকে ছেড়ে নীচেও যেমন সে নামতে পারে না, উপরেও তের্মান উঠতে পারে না। আত্মাকে আর তখন অবিনশ্বর অমৃত-স্বরূপ বলে সিম্থান্ত করা চলে না। বলতে হয়, প্রকৃতিপরিণামের ফলে মনশ্চেতনার সংখ্য মানবদেহে যেমন তাঁর আবিভাব হয়েছে, তেমনি তাঁর তিরো-ভাবও হবে দেহ-মনের বিল_প্রিতে। কিন্তু দেহ-মন চিৎসত্তেরই বিস্পিট— চিংসত্ত তো দেহ-মনের পরিণামজনিত কোনও বিকার নয়। চিত্ত ও রূপের যেসব উপাদানের যোজনায় স্কন্ধের উৎপত্তি হয়, তারা যে চিৎসত্তেরও উৎপাদক, একথা সত্য নয়। বরং চিৎসত্ত্বের ভাবনাম্বারাই চিত্ত ও রূপের উম্ভব, এই সিম্ধান্তই সংগত। অথচ বাইরে থেকে মনে হয়, চিৎসত্তু যেন কায়চিত্তেরই পরিণাম। কিন্তু আসলে এই আপাতপরিণাম কোনও অভিনব বস্তুর সূচিট নয়, সিন্ধবস্তুরই ক্রমিক অভিব্যক্তিমাত্র। চিৎসত্ত্বের অভিব্যক্তির সঙ্গে-সঙ্গে ফোটে তার স্বাতন্য্য এবং ঈশনা। তখন দেখি কায়-চিন্ত তার গোণবিভূতি মাত্র. কেননা চিদভিব্যক্তির পরম কোটিতে কায়-চিত্তের সমস্ত বৈকল্য মাজিত ও পরিশ্বশ্ব হলে তারা চিংসত্ত্বের সাক্ষাৎ বিগ্রহ এবং সাধনর পে রূপান্তরিত হয়। আমরা জানি, চিৎসত্তু এমন-একটা তত্ত্ব, কোনমতেই নাম-রূপ যার উপাদান হতে পারে না। বস্তৃত চিৎসত্তই জীবচেতনার পী বিচিত্র বিভাবনায় আপনাকে নাম-রুপের বা চিত্ত-কায়ের বিচিত্র রুপায়ণে রুপায়িত করেন। মত্যভূমিতে এই র পারণ চলে চিংপরিণাম ও প্রকৃতিপরিণামের প্ররম্পরায়। একদিকে বৈমন

তিনি কায়ার পরে কায়া, র্পের পরে র্প ফ্রিটয়ে চলেন—তেমনি আবার তার সংগ জ্রিড় মিলিয়ে রচেন চিত্তভূমির পরম্পরা। তাঁর বিচিত্র বিভাবনার সকল উল্লাস একটিমাত্র রপে অথবা একটিমাত্র চিত্তে বা নামে বন্দী থাকবে, এ তো তাঁর স্বভাব নয়। এইজনাই জীবচেতনাকেও একমাত্র মনোময় মন্য়ায়ের আড়ফ বন্ধনে আমরা পংগ্র করে রাখতে পারি না। এই দিয়ে যেমন তার শ্রন্ন নয় তেমনি এইখানে তার শেষও নয়। অতীতে যে-মান্ষ ছিল অ-মান্ষ, ভবিষাতে সে হবে অতি-মান্ষ।

জন্ম-জন্মান্তরের ধারায় জীবাত্মা যে রূপ হতে রূপান্তরে আর্বর্তিত হয়ে অবশেষে মানবস্কুলভ ব্যক্তচেতনার ভূমিতে মনুষ্যোত্তর উধর্বপরিণামের প্রেতি আবিভতি হয়েছে—বিশ্বপ্রকৃতি এবং মানবপ্রকৃতিকে নিবিষ্টাচত্তে অধায়ন করলে এই সিন্ধান্তেই আমরা উপনীত হই। চোথের সামনে দেখছি, প্রকৃতিপরিণাম পর্বে-পর্বে এগিয়ে চলেছে এবং প্রত্যেক পর্বে অতীতের সমাহরণ ও র পান্তরন্বারা অভিনব পর্বের সচেনা সিন্ধ হচ্ছে। আবার দেখছি, মানুষের বেলাতে এ-নিয়মের ব্যতিক্রম ঘটেনি, কেননা প্রথিবীর পরিণামধারার সমগ্র ইতিহাস তারই মধ্যে সংকলিত হয়েছে। মানুষের আধারে যেমন অল্লময় উপাদান রয়েছে প্রাণশক্তির দ্বারা জারিত হয়ে, তেমনি রয়েছে মনোবাসিত প্রাণময় উপাদান। আবার তার ভাণ্ডারে চিদ্বাসিত মনোময় উপাদানেরও অভাব নাই। আজও মানুষের মনুষাত্তে পশুত্তের ছাপ রয়ে গেছে। তার সমগ্র প্রকৃতিতে এই একটি কথা স্পন্ট হয়ে উঠেছে : মানুষের মনোময় বৈশিষ্ট্য ফুটবে বলেই তার মধ্যে অল্লময় ও প্রাণময় ভূমি তৈরী করবার সাধনা চলছে— তার অতীতের পশ্ভাবেও দেখা দিয়েছে বিচিত্ত-জটিল মন্যাভাবের প্রথম আয়োজন। কিন্তু তাতেই প্রমাণ হয় না যে, যুগব্যাপী পরিণামের ফলে জড়-প্রকৃতি মানুষের দেহ প্রাণ ও পশ্ব-মন সূচ্চি করবার পর কোথাও থেকে সেই আধারে জীবচৈতন্যের আবিভাব হয়েছে। অবশ্য কথাটা একেবারে মিথ্যাও নয়। তব্ব তার সমস্তটুকু ব্যঞ্জনাকে সত্য বলে মানতে পারি না। কারণ তাহলে বলতে হয়, জীবাত্মার সঙ্গে দেহের প্রাণের বা মনের একটা দরেতিক্রমণীয় ব্যবধান আছে। কিন্ত এও সত্য তো নয়। দেহ তো কোথাও আত্মাকে ছেড়ে থাকতে পারে না. দেহকেই তো বলা চলে না যে আত্মসত্তার বিগ্রহ সে নয়। জড় চিৎএরই বিভৃতি এবং ঘনবিগ্রহ। চিংএর রূপায়ণ ছাঁড়া জড়ের সত্তাই সম্ভব নয়, কেননা যা বক্ষাভূত ও বন্ধাবিভূতি নয়, কোনও অস্তিত্বই যে কোনকালে থাকতে পারে না। জড় যদি চিৎসত্ত শ্বারা ভাবিত হয়ে থাকে, তাহ*লে* প্রাণ-মনও যে তা-ই হবে—একথা আরও স্পষ্ট এবং সুনিশ্চিত। জড় এবং প্রাণ চিদাভাসযুক্ত না হলে জীবনত জড়বিগ্রহে

মান,ষের আবির্ভাবও সম্ভব হত না। অথবা তার আবির্ভাব হত আকস্মিক একটা অঘটনর,পে—বিশ্বপরিণামের অংগর,পে নয়।

অতএব শেষপর্যন্ত এই সিম্ধান্তই অপরিহার্য যে, প্রথিবীতে মানুষের জন্ম একটা স্বদ্রোগত জন্মপরম্পরার অনিঃশেষিত শেষ পর্ব। মানুষের ভূমিতে পে'ছিতে জীবাত্মাকে এই প্ৰিবীতেই একটা প্ৰস্তুতির যুগ পার হয়ে আসতে হয়েছে অবরযোনির দীর্ঘ পরম্পরার ভিতর দিয়ে। জড়বিশেব প্রাণের সতায় জড়বিগ্রহের যে মালা গাঁথা হয়েছে, জীবাত্মাকে তার প্রত্যেকটি ফাল ছাঁয়ে-ছাঁয়ে আসতে হয়েছে।...তখনই প্রন্ন হয়, মানুষ হবার পরেও কি জীবের এই জন্মান্তরপ্রবাহ চলতে থাকে? চললে পর কেমন করে কোনু ধারায় র্পান্তরের কোন্ছন্দে সে চলে? তাছাড়াও একটা প্রশ্ন আছে : একবার মানুষের ভূমিতে এসে জীবাত্মা আবার কি পশ্বযোনিতে ফিরে যেতে পারে? দেহান্তরসংক্রমনের প্রাচীন লোকাতত সিন্ধান্ত এমনতর পিছু-হটাকে একটা সাধারণ ব্যাপার বলেই গণ্য করে। কিন্তু লোকপ্রবাদকে এক্ষেত্রে সমর্থন করা যায় না এইজনোই যে, পশ্বযোনি হতে মন্ব্যযোনিতে উত্তীর্ণ হবার সময় জীবচেতনার এমন-একটা জাত্যন্তরপরিণাম ঘটে যে তার ফলে আবার পশ্বর পর্যায়ে প্রোপ্রার নেমে যাওয়া তার পক্ষে অসম্ভব মনে হয়। ওষধির প্রাণময় চেতনা পশ্বর মনোময় চেতনায় রূপান্তরিত হলে যেমন একটা আম্ল বিপর্যায় ঘটে, এ-র পান্তর তারই সগোত্ত। প্রকৃতি যদি পশ্বচেতনাকে মন্ম্য-চেতনায় উন্নীত করে এমনতর বৈপ্লবিক একটা পরিণাম ঘটিয়ে থাকে. তাহলে পরেষে যে তার বাদী হবে, প্রকৃতির অন্তর্যামী কটেম্থপুরেষের সতাসংকল্প যে ব্যর্থতায় পর্যবসিত হবে—কিছ্কতেই তা সম্ভব নয়। কিন্তু ধরা যাকা, কোনও মানবাজায় জাত্যশ্তরপরিণাম হয়তো দৃঢ়েম্ল হয়নি। অর্থাৎ পরিণামের পথে তার এতটকে প্রগতি হয়েছে, যার ফলে মানবদেহ অধিকার ধারণ বা স্ভিট করবার সামর্থ্য জন্মালেও তার 'পরে জীবাত্মার কায়েমী স্বত্ব জন্মায়নি— অতএব মানবচেতনাকে নিষ্ঠাসহকারে আঁকডে ধরবার তার নাই। এক্ষেত্রে মান্বধের আবার পশ্বযোনিতে ফিরে যাওয়া অসম্ভব নাও হতে পারে। কিন্তু এমন অদ্ঢ়ম্ল মানবাত্মার অন্তিম্ও বিরল।...আবার এমনও হয় : কোনও-কোনও মান-্যের মধ্যে কোনও-একটা পশ্বত্তি এতই উদ্দাম যে, তার বিশিষ্ট তপ্রণের জন্য একটা পৃথক আধারের প্রয়োজন হয়। তখন মান্য হবার পরেও দ্-একবারের জন্য তার পশ্বজন্ম হওয়া বিচিন্ন নয়। কিন্তু তব্ সে-জন্মান্তর তার প্রগতির সরল পথে ক্ষণেকের একটা আবর্তমা<u>ন</u>। ...মোটকথা, প্রকৃতিপরিণামের ধারা এতই জটিল যে, এসম্পর্কে আমাদের কোনও মতুয়ারবৃদ্ধি পোষণ করা মোটেই উচিত নয়। সৃতরাং মানুষের পক্ষে পশ্বযোনিতে ফিরে যাওয়া একেবারে অসম্ভব নাওু হতে পারে। কিন্তু তাবলে মন্ব্যলোকে উত্তীর্ণ জীবাত্মার যে অতিতৃচ্ছ কারণে হামেশাই মান্য্জন্মের মত পশ্রজন্ম হচ্ছে, লোকপ্রবাদের এই অতিরঞ্জনকে মেনে নেওয়া কঠিন। মান্ধের পশ্রজন্ম সম্ভব হ'ক্ বা না হ'ক্, একবার যদি জীবাত্মা মান্ধের ভূমিতে পে'ছিতে পারে, তাহলে তার পক্ষে আবার নতুন করে মান্ধ হয়েই জন্মানোটাই মনে হয় স্বভাবের বিধান।

কিন্তু প্রশ্ন হবে, একবার মান্ত্র হয়ে জন্মানোই কি চিৎপরিণামের পক্ষে যথেষ্ট নয় ? তার জন্য জন্মান্তর স্বীকার করবার কি প্রয়োজন ? সহজ। অতীতের উৎসপিণী জন্মপরন্পরার চরম সার্থকতা ঘটল মানুষ-জন্মে; স্বতরাং চিন্ময় পরিণামের তাগিদেই এই ভূমিতে এখন জীবাত্মার ম্পিতি হওয়া আবশ্যক। মন্ষ্যলোকে একবার উত্তীর্ণ হলেই তো জীব।ত্মার প্রগতিসাধনায় দাঁড়ি পড়ে না। মনুষাত্ববিকাশেরও অনেক দতর আছে: জীবা-ত্মাকে তার সবগ্রাল পার হতে হবে। অসভ্য অশিক্ষিত নাগা বা কুকির মধ্যে কিংবা সমাজবন্ধনহীন গ্রন্ডাপ্রকৃতির মানুষের মধ্যে যে-জীবাত্মা গ্রহাহিত হয়ে আছে, সে কি মনুষ্যত্বের সকল সাধনায় সিন্ধিলাভ করেছে, নরোত্তমের আধারে সং-চিং-আনন্দের অকুণ্ঠ প্রকাশে কি ধন্য হয়েছে তার জীবন যে আর তার মানবদেহ গ্রহণ করবার প্রয়োজন নাই? প্রাণোচ্চল ইওরোপীয়ান আত্মহারা হয়ে আছে উত্তাল কর্মজীবন বা ভোগজীবনের প্রমত্ততায়, কিংবা এসিয়াখন্ডের মুঢ়ে চাষা ঘুরছে তার দৈনন্দিন গৃহস্থালির ঘানিগাছে। বলব কি, এরা দুজনেই জীবনসাধনার চরম সিম্পিতে পেণছে গেছে? এমন-কি প্লেটো বা শংকরের মত মানুষের জীবনেই যে চিৎপ্রকাশের বাসন্তসমারোহ শেষ হয়ে গেছে—একথাই কি জোর করে বলা চলে? আমরা হয়তো ভাবি মন্সাত্তের এই তো চরম, কেননা মানুষের মন ও চেতনা এধরনের সিন্ধিকেও যে ছাপিয়ে উঠতে পারে, সে-ধারণা আমাদের নাই। কিন্তু অমাদের তথাকথিত সত্য ধারণাও তো বর্তমানের একটা ধোঁকা হতে পারে। মহন্তর না হ'ক, একটা বৃহত্তর সম্ভাবনাও যে মান্ধ্রের মধ্যে ল্বকিয়ে নাই, তা-ই বা বলি কেমন করে? হয়তো এইসব মহামানবের সিম্পির ভিতর দিয়েই ভগবান মানুষকে লোকোত্তর সিম্পির দিকে নিয়ে চলে-ছেন—এ'দের সাধনার সোপান বেয়েই একদিন আমরা হয়তো অকল্প্য জ্যোতি-লেশিকের তোরণম্বারে পেশছব। অল্তত কোনও জীবাত্মা মান-ষের বর্তমান সিদ্ধির চরম শিখরে যতদিন না পোছতে পারছে, ততদিন তার জন্মান্তরগ্রহণের প্রয়োজনকে আমরা বাতিল করতে পারি না। মান্ব প্থিবীতে এসেছে চিং-দ্বভাবের উন্মেষ্বারা অবিদ্যাক্বলিত দেহ-মনের স৹কীণ তা হতে বিজ্ঞান্ময় দিব্য-জীবনের ভাস্বর মহিমায় উত্তীর্ণ হবার জন্যই। এখানে থেকে অন্তত আধারের চিংকমলকে তার ফ্রটিয়ে নিতেই হবে, আত্মন্বর্পকে জেনে পেতেই হবে চিম্ময় জীবনের আস্বাদন—তারপর না হয় শ্রুর হবে তার লোকাশ্তরে

নিত্যকালের নিশ্চিত অভিযান। এই তার পাথিবিসিন্ধির প্রথম পর্ব। হয়তো এরও পরে আছে মর্ত্যজীবনেই চিন্ময় মহিমার সহস্রদল উন্মেষের সম্ভাবনা— মান্ষের বর্তমান সিন্ধিতে বার কোরকমাত্র দেখা দিয়েছে। 'মান্ষের অপ্রণ-তাকে যেমন প্রকৃতিপরিণামের চরম নিয়তি বলতে পারি না, তেমনি তার প্রণ-তাকেও বলতে পারি না চিংপরিণামের শেষ পর্ব।

চিত্তপরিণামের চরমোংকর্ষর্পে আজ মান্যের মধ্যে বৃদ্ধিতত্ত্বের প্রতিভঠা হয়েছে। কিন্তু এইখানেই যদি তার প্রগতির ইতি না হয়ে থাকে, তাহলে মান্যের লোকোত্তর সিদ্ধির সম্ভাবনা ধরে অসংশায়ত নৈশ্চিত্যের রূপ ! প্রাকৃতিচিত্তের এমন-সব শক্তি আছে, আজ যা শ্রেণ্ঠ মান্যেরও প্রাদখলে আর্সেনি। স্তরাং চিত্তপরিণামের আরও উৎকর্ষের জন্য ব্যক্তিকেও বাধ্য হয়ে উৎসর্পিণী জন্মপরম্পরার ধারা ধরে চলতে হবে, নইলে চিত্তশক্তিকে আকার দেওয়া সম্ভব হবে কেমন করে? অতিমানসের বীর্য যদি মান্যের চেতনায় অন্তর্গত্ত থেকে থাকে, তাহলে শন্ধ্ চিত্তোংকর্ষের সিদ্ধিতেই তার প্রস্ফ্রন শেষ হয়ে যাবে না। যতক্ষণ মনোময়ী প্রকৃতি অতিমানসী প্রকৃতিতে না রুপান্তরিত হচ্ছে, এই মর্ত্যভূমির নায়কর্পে ষতক্ষণ অতিমানব বিগ্রহের আবির্ভাবে না ঘটছে, ততক্ষণ পার্থিবলোকে জীবাদ্মার অনাব্তির কথা উঠতেই পারে না।

জন্মান্তরবাদের পক্ষে তাহলে এই হল দার্শনিক যুক্তি : পার্থিবপ্রকৃতির মধ্যে পরিণামের প্রবর্তনা যদি থেকে থাকে এবং এই নিতাপরিণামিনী প্রকৃতিতে আবির্ভুত জীবাত্মার সত্তা যদি নিতা হয়, তাহলে জন্মান্তরপরিগ্রহ তার পক্ষে ন্যায়সংগত এবং অপরিহার্য।...জীবাত্মা বলে কিছুই যদি না থাকে, তাহলে প্রকৃতিতে আছে একটা অর্থাহীন ও নিম্প্রয়োজন ভূতপরিণামমার; ভার মধ্যে জীবের জন্ম একটা অর্থাহীন ও আক্ষিত্রক ব্যাপার শুধু।...আবার জীব যদি দেহের আদি ও অন্তের সঙ্গে বাঁধা চিৎশক্তির একটা কালাবচ্ছিন্ন রূপায়ণ হয়, তাহলে বিশ্বপরিণামকে বলব বিরাট প্রেরুষ বা বিশ্বাম্মার একটা উৎ-স্পিণী লীলা—জাতির উৎকর্ষসাধনার শ্বারা সম্ভৃতির চরম কোটিতে কি চিদ্ বিভূতির প্রতাশ্ততম পর্বে পেশছনোই তার লক্ষ্য। এক্ষেত্রে ব্যক্তির জন্মা-ন্তর অসম্ভব হয়, নয়তো নিষ্প্রয়োজন।...যদি বলি, নিতাব্ত অথচ মায়িক জীবব্যক্তিতে সর্বসং আপনাকে প্রকট করছেন—তাহলে জীবের জন্মান্ডর সম্ভব হলেও তা অবাস্তব। জন্মান্তরকে তখন অনতিবর্তনীয় অধ্যাত্মসাধন বলা দুরের কথা, প্রকৃতিপরিণামের একটা অপরিহার্য অগ্ণও বলা যায় না। এ-সিন্ধান্ত অনুসারে, জন্মান্তরপ্রবাহ একটা বিভ্রমকে যথাসম্ভব দীর্ঘায়ত এবং দ্বরপনের করে তোলবার সাধন মাত।... যদি দেহনিরপেক্ষ অথচ দেহের অধ্যক্ষ এবং ভোক্তা জীবাদ্মা কি প্রেয় বলে কেউ ্থাকেন, আর দেহ যদি হয় তাঁর ইন্টার্সান্ধর সাধন—তাহলে জীবের জন্মান্তরকে একটা সম্ভাবিত ব্যাপার বলে মনে হয়। কিন্তু প্রেষ্ প্রকৃতি-স্থ থেকেই চিংপরিণামের আক্তিকে বহন না করলে, জন্মান্তর তথনও অপরিহার্য হবে না। তথন হয়তো ব্যন্টি-দেহে ব্যন্টি-আত্মার অধিন্টান হবে একটা ক্ষণেকের ঘটনা—এই প্থিবীর সপ্পে তার অতীত বা ভবিষ্যতের কোনও যোগাযোগ থাকবে না। জীবাত্মার বিগত বা অনাগত পরিণামের সিন্ধিকে তথন ঠেলতে হবে প্থিবীর ওপারে—লোকান্তরে। ...কিন্তু দেহপরিণামের সপ্পে যদি চিংপরিণামেরও ছন্দের মিল থাকে এবং দেহাধিন্টিত জীবাত্মা যদি একটা বান্তব চিন্ময় তত্ত্ব হয়, তাহলে জন্মান্তর হবে চিংপরিণামের অপরিহার্য সাধন। কেননা প্রকৃতি-স্থ প্রেষ্ একমাত এই উপায়েই তাঁর আত্মান্ভবকে কলায়-কলায় ফ্টিয়ে তুলতে পারেন। জন্মের মত জন্মান্তরও একান্ত আবশ্যক। জন্মান্তর নইলে জন্ম হবে পরিণামের ইন্থিগতহীন একটা স্কুনা শ্ব্ন এ যেন দীর্ঘ্যাত্রার জন্য পা বাড়িয়েই থমকে যাবার মত। জন্মান্তর আছে বলেই অপ্রণ জীবের দেহপরিগ্রেহর একটা স্কুন্রপ্রস্ত সার্থকতা আছে—তার অধ্যাত্মজীবনেরও প্রণ্তাসিন্ধির একটা সম্ভাবনা দেখা দিয়েছে।

একবিংশ অধ্যায়

লোকসংস্থান

সণত ইমে লোকা যেষ, চরণিত প্রাণা গ্রোশয় নিহিতাঃ সণত সণত॥

म्द्र-फरकार्शनियः २ १८ १४

এই তো সাতটি লোক, যার মধ্যে বিচরণ করে গ্রাশারী প্রাণেরা—িনহিত হয়ে সম্তগ্রনিত সম্ত ধামে।

—মুণ্ডক উপনিষদ (২।১।৮)

পঞ্জ জনো মম হোতঃ জ্বুৰুতাং গোজাতা উত যে যজ্জিয়াস:।
প্ৰিৰী ন: পাৰিবাং পাছংহসোহক্তরিকং বিদ্যাং পাছক্ষান্।
তক্তুং তব্বন্ রজসো ভান্মবিহি জ্যোতিক্ষতঃ পথো রক্ষ বিদ্যা কৃতান্।
অন্বেশং বয়ত জোগ্রামপো মন্তবি জনমা দৈবাং জনম্।।
সতো ন্নং ক্রয়ঃ সং শিশীত বাশীভিযাভিরম্ভায় তক্ষ্য।
বিশ্বাংসং পদা গ্রোনি ক্রন্ যেন দেবালো অম্ভ্রমানশ্যঃ !!

भारत्वम ५०।६०।६, ७, ५०

পণ্ড-জনেরা আমার আহ্বিতকে গ্রহণ কর্ন—যাঁরা কিরণ-জাত এবং যজনীর পূথিবী আমাদের রক্ষা কর্ন পাথিব দ্বিত হতে—অন্তরিক্ষ দ্বালাকের দ্বিত হতে বাঁচান আমাদের। অন্তরিক্ষে আতত প্রভাময় তন্তুকে কর অন্সরণ—জিইয়ে বাখ ধ্যানে-গড়া জ্যোতিন্সান যত পথ: অতি স্ক্ষা নিক্ল্ম কর্ম কর বয়ন, মন্
হও—জন্ম দাও দিব্য জাতিকে।...সত্যের কবি তোমরা, শাণ দাও সেই বাইনে—
যাদের দিয়ে অম্তের পথকে কেটে বার করবে; তোমরা জান গ্রাধাম যত—স্থি
কর তাদের, যাদের ধরে দেবতারা পেয়েছিলেন অম্তের অধিকার।

—ঋশেবদ (১০।৫৩।৫,৬,১০)

উধৰ্নম্লোহৰাক্ শাখ এষোহণ্ৰখঃ সনাতনঃ। তদেৰ শ্বঃং তদ্বন্ধ তদেৰাম্তম্চাতে। তদিমলোকাঃ দ্ৰিতাঃ সৰ্বে তদ্ব নাত্যেতি কাশ্চন্।

এতদৈৰ তং ॥

कर्छार्भानवर ७।১

উধর্ম্ল অবাক্-শাখ এই সেই সনাতন অত্বথ; সে-ই তো ব্রহ্ম, সে-ই তো অম্ত; তাতেই আগ্রিত সকল লোক, তাকে পেরিয়ে যায় না কেউ। এই হল সেই।
--কঠ উপনিষদ (৬।১)

জড়ের জগতে চেতনার ঊধর্বপরিণাম এবং অবিচ্ছেদে বা বারংবার জীবের জন্মান্তর যদি একটা অবিসংবাদিত সত্য হয়, তাহলে প্রশ্ন ওঠে : এই পরিণাম-লীলা কি শর্ধ্ব জড়বিশেব ঘটছে—বিবিক্ত এবং অন্যানরপেক্ষ একটা ব্যাপার-র্পে, না কোনও বিরাট বিশ্ববিধানের সঞ্গে এর যোগ আছে—জড়জগৎ যে-বিধানের একটা শাখামাত? এ-প্রশ্নের উত্তর প্রেই স্চিত হয়েছে— অবরোহিণী চিংশক্তির সংবৃত্তিপরিণামে। আমরা জানি, সংবৃত্তিপরিণাম ছাড়া বিবৃত্তিপরিণাম সম্ভব নয়। কিন্তু সংবৃত্তির প্রাক্সন্তা স্বীকার করলে লোকান্তরেরও প্রাক্সন্তা মানতে হয়—অন্তত সন্তার উধর্ভিমিকে না মানলে চলে না। যা সংবৃত্ত রয়েছে তা-ই যদি শ্ব্রু বিবৃত্ত হতে পারে, তাহলে সংবৃত্ত এবং বিবৃত্ত তত্ত্বের অন্যোন্যসম্বন্থও স্বতঃসিদ্ধ হবে। কল্পনা করতে পারি, উধর্বতত্ত্বের অর্থান্তিয়াকারী সাহ্মিধ্যবশত অথবা প্র্রীচেতনার 'পরে তাদের চাপে, প্রাণ মন ও চিৎসত্ত্ব সংবৃত্তদশা হতে মৃক্ত হয়ে জড়প্রকৃতিতে আপনাকে অভিব্যক্ত ও সম্প্রসারিত করবার স্বযোগ পায়। কিন্তু এতেই য়ে তাদের অন্যোন্যসম্বন্ধ চ্বুকে গেল, কিছ্বুতেই তা সম্ভব বলে মনে হয় না। জড়ভূমির সংগে অন্যান্য জড়োত্তর ভূমির একটা নিগ্রু অথচ অবিচ্ছেদ আদানপ্রদান যে চলছে—এমন সম্ভাবনাকে আমল দেবার পক্ষে অনেক যুক্তি আছে। ব্যাপারটাকে এবার আরও তলিয়ে বোঝা আবশ্যক। ইহলোক আর পর-লোকের সংগে ওতপ্রোত সম্পর্কটা কি ধরনের, জন্মান্তরবাদ ও প্রকৃতিপরিণামবাদের সংগেই-বা তার কি সম্বন্ধ—স্বতন্তভাবে এ-সমস্যার বিচার করবার এখন সময় হয়েছে।

ইহলোক আর পরলোকে কি সম্বন্ধ, তা নিয়ে নানা মর্নর নানা মত। কেউ-কেউ বলেন : নিরঞ্জন চিংম্বভাব জীবাত্মা অতিচেতনার শ্রুখাবাস হতে বিনা ভূমিকায় সহসা নিক্ষিপ্ত বা স্থালিত হয়েছে অনাদি অচিতির গহনে— অবিদ্যাচ্ছন্ন জগতে জীবের অবতরণকাহিনী হল এই। এখানে আসবার পর তার জড়প্রকৃতির আশ্রয়ে উধর্ব-পরিণামের অভিযান শ্রুর্ হল। এই মতে উধের্ব পরমার্থসং আর পার্থিবভূমিতে অচিতি—এছাড়া লোকান্তরের কল্পনা নিন্পুয়োজন। জড়জগং অচিতির বিস্কৃতি। এখান হতে জীবের আবার স্বধামে ফিরে যাওয়া হবে তেমনি আক্সিমক একটা উংক্ষেপে—জড়বিগ্রহ সংসারীর বন্ধনদশা হতে লোকোত্তর নৈঃশব্দের মধ্যে আত্মার চকিত নির্বাপণে। জড় আর চিতের মধ্যে আর-কোনও অবান্তর শক্তি বা তবু নাই, জড়ভূমি ছাড়া আরক্ষানও ভূমি নাই, জড়ভূমি ছাড়া আরক্ষানও ভূমি নাই, জড়ভূমি ছাড়া আরক্ষানেও ভূমি নাই, জড়ভূমি ছাড়া আরক্ষানেও ভূমি নাই, জড়ভূমি ছাড়া আরক্ষানেও ভূমি নাই, জড়ভূমি ছাড়া আরক্ষানের জিটলতার গ্রন্থিমোচন সম্ভব হয় না।

অবশ্য বিশ্ববিস্থির একাধিক নিমিন্তকারণের কলপনা আমুরা করতে পারি—যার প্রযোজনায় জগংব্যবস্থার এমনতর চরম অনড় শৃঙ্খলার উৎপত্তি হয়েছে। বিশ্বক্রতু প্রব্বের মধ্যে হয়তো এইধরনেরই একটা ভাবনা বা ব্যাহ্তির সংবেগ ছিল—জীবাদ্ধার মধ্যে ছিল জড়াশ্রয়ী অহংসবস্ব অবিদ্যাজীবনের একটা কলপনা বা আক্তি। কোনও দ্বেশিধ অন্তর্গত্তি বাসনান্বারা প্রণোদিত হয়ে শাশ্বত জীবাদ্ধা হয়তো জ্যোতিমর্য স্বধাম হতে অবিদ্যাজগতের

প্রসূতি অচিতির অন্ধতমসাচ্ছল্ল পথের অভিযাতী হয়ে লীলাচ্ছলে ঝাঁপিয়ে পড়েছে। অথবা একটি ব্যাষ্ট জীবাত্মাতেই নয়, আধ্বনিক বেদান্তীর 'হিরণ্য-গর্ভে' বা সর্মাণ্ট জীবাত্মাতে এমনিতর একটা আকৃতি র্জেগেছে। কারণ, ব্রহ্মাণ্ড বলতে আমরা বর্ঝি নৈবর্গক্তিক বা বহুপুরুষের সমবায়ঘটিত একটা ভাবনা, অথবা বিরাটপুরুষ কি অনন্তসন্মাত্রের বি-সূচিট বা আত্ম-বিভাবনা। স্কুতরাং একটি জীব দিয়ে কখনও একটা ব্রহ্মাণ্ড গড়া চলে না। হয়তো জীবাত্মার এই আকৃতির আকর্ষণেই অখিলাত্মা অচিতির নিগ্রু বীর্ষ আশ্রয় করে ব্রহ্মান্ডকে গড়ে তুলতে নেমে এসেছেন।...তা নয়তো সর্ববিং অখিলাম্মাই সহসা তাঁর আত্মসংবিংকে অচিতির অন্ধকারে নিমন্জিত করে ঝাঁপিয়ে পড়েছেন অন্তর্নিহিত জীবাত্মার ব্যহকে সংগে নিয়ে। তারপর থেকে প্রাণ ও চেতনার উধর্বায়নে শুরে হয়েছে জীবের উধর্বপরিণাম—আমরা তাকেই বলি সংসার।... র্যাদ বলি, জীবাত্মার প্রাক্ত সত্তা আমরা মানি না : জীব বিশ্বচেতনার একটা অত্রকিত স্ফালিজ্য কিংবা অবিদ্যার একটা বিজ্নভ্নমাত্র মাত। এক অনাদি অব্যাকৃত মূলা প্রকৃতি হতে নাম-রূপের ক্রমপরিণামে এই গণনাতীত জীবের কল্পনা—তার পিছনে রয়েছে শুধু ওই অবিদ্যার বা বিশ্বচেতনার সিসক্ষার প্রেতি ৷...তাহলে কল্পনা করতে হয়, অচিংশক্তিময় উপাদানের অব্যাকত পিশ্ড-ভাব হতে জড়বিশেবর প্রথম সূচনা এবং তার কালকত পরিণামে জীবাত্মার উদ্ভব ।

শেষোক্ত মতে—অথবা প্রেণক্ত যে-কোনও মতান্সারেই—আমরা মানতে পারি মাত্র দুটি লোক। একটি এই জড়বিশ্ব-অচিতির গ্রন হতে শক্তি বা প্রকৃতির অন্ধতমোময় সংবেগ হতে যার বিসূচি। হয়তো সে-সংবেগের মূলে আছে অন্তর্গ ্র্ এবং অপ্রত্যক্ষ একটা আত্মসত্তার প্রেতি—যা বিশ্বপ্রকৃতির এই দ্বপনসঞ্চরণবং প্রবৃত্তির অধাক্ষ। একে বলতে পারি অদ্ভিত্তের কুমের প্রান্ত। তার সংমের্তে আছে এক অতিচেতন অশ্বয় সন্মাত্রের স্বধাম, যার ক্লে অচিতির ও অবিদ্যার কবল হতে মৃক্ত হয়ে আবার আমরা ফিরে যাব। অথবা এও বলা চলে : এই জড়বিশ্বই শ্বশ্ব, আছে। জড়বিশ্বের অন্তর্গটে আত্মভাব ছাড়া স্বয়ংসিম্ধ অতিচেতনার কল্পনা নিষ্প্রমাণ। কিন্তু যদি দেখা যায়, চেতনার প্রাকৃত ভূমি ছাড়া আরও ভূমি আছে, এই জড়লোক ছাড়া আরও লোকের সন্ধান মিলছে, তাহলে উপরি-উক্ত সিন্ধান্তকে বহাল রাখা কঠিন হয়। তকের মুখে অবশ্য বলা চলে, ওসব অন্তরিক্ষলোক পরে দেখা দিয়েছে। অচিতির গহন হতে জীবাম্মার উৎক্রান্তির সণ্গে-সংশ্যে, অথবা তার ঊধর্বপরি-ণামকে সহজ করবার জনোই তাদের আবিভাব। মোট কথা, বিশ্বরক্ষাণ্ড অচিতিরই পরিণাম। হয় শুখু জড়বিশেবর সূন্টিতে তার পরিণামের ধারা সমাপ্ত হয়েছে: অথবা এখান হতে আরোহক্রমে একে-একে বিবর্তিত হয়ে

চলেছে লোকান্তরের একটা সোপানমালা—যাকে বেয়ে জীব প্রমার্থসংএর চরম ধামে পে'ছিতে পারে। কিন্তু আমরা বলি, বিশ্বজগং অতিচেতন সং-চিং-আনন্দেরই আত্মর্পায়ণের দল মেলা। অথচ প্র্বপক্ষীর মতে এ শ্ব্ধ অচিতির মৃতৃ পরিণাম—বিজ্ঞানভূমির একটা অম্পন্ট লক্ষ্যের দিকে তার হোঁচট খেয়ে চলা। জীবাত্মার সৃন্টি বা স্কৃতি দ্বইই একটা ভূলের ফসল। তার ফলে দেখা দিয়েছে অবিদ্যা বা বাসনার যে আদিম প্রেতি, যে-কোনও উপায়ে তার আত্যন্তিক নিরোধ শ্বারা জীবভাবের ধ্বংসসাধনই আমাদের প্রব্যার্থ এবং অচিতির বিদ্যাভীশ্সারও এই তাৎপর্য।

এধরনের সিম্ধান্তে ব্যাষ্ট্জীবকে বা মনকে স্রন্টার আসনে বসিয়ে তাদের গুরুত্বকে অযথা বাড়ানো হয়েছে। জীব কি জীবের মন কেউ খাটো নয়। তব্ব শাশ্বত অম্বয় চিন্মাত্রই পরমার্থসং—তিনিই বিশ্বের আদ্যা শক্তি। বিজ্ঞান হতে কল্পনার বিস্কৃতি, তা মনের ব্যাপারমাত; তাকে বলতে পারি না পরমার্থসংএর সদ্ভূতবিজ্ঞান—যা তাঁর অণ্তনিহিত দ্ব-ভাবের ঋতশ্ভরা চেতনা এবং ওই ঋতচিতেরই সংবেগে আত্মবিভাবনার স্বতঃস্ফারণ। বাসনাও তেমনি মনের আধারে প্রাণের ব্যাপারমাত্র। অতএব প্রাণ ও মন দুইই প্রাক সিম্ধ শক্তি এবং জড়বিশ্বের বিস্কৃতিতে তাদের প্রভাবও অনস্বীকার্য। তা-ই যদি হয়, তাহলে আপন জড়োত্তর প্রকৃতির অন্বরূপ স্বতন্ত লোকস্নিউও তাদের পক্ষে অসম্ভব নয়। এই হল একদিককার কথা।...আবার আরেকদিকে বলতে পারি : চিৎস্বর্পের সত্যসৎকঃপই বিশ্বস্ভির আদিম প্রেতি—ব্যক্তির বাসনা দুরের কথা, বিশ্বমন বা বিশ্বপ্রাণের আক্তিও স্ভির প্রবর্তক নয়। স্ভিট এক কবিক্রতুর আত্মবিভাবনা কি চিদ্বিলাস—তাঁর চিন্ময়ী সিস্কার সম্মূর্ছনা বা আত্মসংবিতের বিদ্যোতনা কিংবা তাঁর স্বকৃৎ আত্মশক্তির সিন্ধ প্রবর্ত না, অথবা তাঁর স্বর্পানদ্দের একটা বিশিষ্ট র্পায়ণ। কিন্তু বিশ্ব যদি ব্রহ্মের সর্বগত আনন্দের বি-ভাতি না হয়ে জীবের ক্ষ্বন্দ বাসনার পরি-তপণি বা তার অহংম, ড় সন্ভোগের জন্য কল্পিত হয়ে থাকে, তাহলে বিরাট্-প্রব্যকে বা বিশ্বোত্তর দিব্য-প্রেয়কে তার স্রন্টা ও সাক্ষী না বলে মনোময় জীবকেই সেই আসনে বসাতে হয়। অতীত যুগে ব্যচ্টিজীবের একটা অতিকার বিগ্রহ মান্ব্যের চিন্তাঞ্গতের প্র্রোধা হয়েছিল, তারই মহিমা তাই সবার মহিমাকে ছাপিয়ে গেছে। জীবছের গৌরবকে খব[ি] না করে আজও তাকে স্রষ্টার আসনে বসানো যায় বটে; কেননা জড়প্রকৃতির আড়ালে চি[ঁ]ংস্বর্পের আত্মনিগ্রনের মধ্যে তাঁর চিদ্রপিণী স্বর্পশক্তির যে-লীলা, তাতে ব্যক্টি-প্রব্যেরও যে সায় আছে, একথা অনস্বীকার্য। প্রব্য অবিদ্যার জীবনকে ম্বেচ্ছায় অপ্গীকার করেছেন—এও সত্য। কিন্তু তাহলেও জগৎকে ব্যাণ্টমনের স্ভিট অথবা তার চিত্তনাট্যের রঞাভূমি বলতে পারি না; কিংবা এ ষে শুখু

জীবের অহমিকার সিন্ধি-অসিন্ধির লীলাক্ষেত্রর্পে কল্পিত, এও মানতে পারি না। ব্যক্তির চাইতে বিশ্ব বড়, ব্যক্তি বিশ্বেরই আগ্রিত—এই বােধ আমাদের মধ্যে জাগ্রত হলে ব্যক্তিপ্রাধান্যের সিন্ধান্তে ব্লিধর আর-কোনও সায় থাকে না। ব্রহ্মান্ডের লীলা এতই বিরাট যে, তাকে জীবশাসিত বলে কল্পনা করা অসম্ভব। একমাত্র বিশ্বশক্তি বা বিরাট্প্রেই বিশ্বের প্রন্থটা এবং ভর্তা হতে পারেন। বিশ্বের তত্ত্বভাব তাংপ্য' অথবা লক্ষ্যও তার নিজের মানদন্ডে নির্পিত হবে—জীবের ব্যক্তিগত প্রয়োজনের মাপে নয়।

অতএব যথন জগৎ হয়নি, তখনও বিশ্ববিস্থিতীর যজ্ঞভাক্ এই বাণ্টি-জীবের সত্তা ছিল। আর অবিদ্যাকে অপ্সীকার করবার এই-যে তার বাসনা বা অনুমতি, তার প্রবর্তনা তখনও জাগ্রত ছিল। যে বিশ্বোত্তীর্ণ অতিচেতনা হতে জীবের অভিব্যক্তি এবং অহন্তাসঙ্কীর্ণ জীবনের অবসানে যার বক্ষে তার বিশ্রাম, তার মধ্যেই ওই বাসনার বীজ নিহিত ছিল। একের মধ্যে বহুর অন্তর্ভাবকে বিশ্বের একটা মোলিক তত্ত বলে মানতেই হবে। অতএব কল্পনা করতে পারি, লোকোত্তর আনন্ত্যের মধ্যে একটা সংকল্প সংবেগ বা চিন্ময়ী প্রেতির আলোড়ন জাগল এবং তার সংক্ষোভে বহু বা বিরাটের একদেশ অবক্ষিপ্ত হয়ে সুষ্টি করল এই অবিদ্যার জগং। কিন্ত বহু যখন একের আগ্রিত, একের আত্মবিভূতি, একেরই সত্তায় সন্তাবান—তখন বিশ্বাবভাসের মূলেও অন্বয়ভাবের আবেশ এবং প্রেতি রয়েছে। প্রত্যক্ষ দেখছি, বিশ্ব ব্যক্তির প্রাক্-ভাবী, তার শক্তিস্ফারণের ক্ষেত্র। বিশ্বোত্তীর্ণ সত্যে ব্যক্তির প্রতিষ্ঠা হলেও বিশ্বই তার বিরাটভাবের আধার। অখিলাত্মার 'পরেই জীবাত্মার নির্ভার, তিনিই তার জীবাধার। কিন্তু অথিলাত্মা স্ব-তন্ত্র ও স্বরাট্ এমন-কি তাঁকে ব্যক্তিজীবের যোগফল বা ব্যক্তিজীবচেতনার বহু ধাবিকীপ্ সংকলনও বলা চলে না। অথিলাত্মা অখন্ড বিশ্বটেতনার্পে অথন্ড বিশ্ব-শক্তির বিচিত্র লীলার নিয়ামক। বহুর একনির্ভারতার মৌলিক তত্ত্বটি এখানেও তিনি বিশ্বচ্ছন্দের বিশিষ্ট ভিগ্নিমায় ফুটিয়ে তুলছেন। বহুর বিশ্বভাবনা একটা দ্ব-তন্ত্র ব্যাপার, কিংবা অদ্বয়দ্বরূপের অবন্ধ্য সংকল্পের একটা অপবাদ— একথা অকল্পনীয়। এমন-কি বহুর উদগ্র বাসনার বিকর্ষণে অথণ্ড-সচ্চিদানন্দ অগতাা বা অনিচ্ছায় অচিতির অন্ধতমিস্রায় নেমে এসেছেন-এ-কল্পনাও অশ্রদেধয়, কেননা এতে একের সখেগ বহুর আশ্রয়াশ্রয়ি-সম্বন্ধের সত্য বিপর্ষস্ত হয়। অবশ্য একটা বিশেষ অর্থে বলতে পারি, বহুর সঞ্চলপ বা চিংসংবেগ হতেই জগতের সাক্ষাৎ বিস্পৃতি। কিন্তু তাহলেও সে-সংবেগের মূলে যে সিচ্চিদানন্দের প্রথম সংকল্পের প্রেতি নিহিত ছিল-একথা মানতেই হবে। কেননা তাঁর কামনার সংবেগ ছাড়া কোথাও কোনও সংক্ষোভের সূচিট একান্তই অসম্ভব। এক্ষেত্রে বিশ্বক্রতু তাঁর কামনা বা সত্যসংকুল্প। চিৎদ্বর্পে বা কবি-

দ্রুত্, জীবের অহণতায় তা-ই ধরে কামনা বা কামসঞ্চল্পের র্প। যে অদ্বয় অখিলাত্মা জীব-চেতনার ঈশ্বর এবং নিয়ামক, আত্মসঙ্কোতের স্বাতল্যো তিনিই যদি অচিৎপ্রকৃতির কঞ্চন্ককে প্রথম না স্বীকার করেন, তাহলে জড়বিশ্বে অবিদ্যার গ্রন্থনৈ নিজেকে আবৃত করা কি জীবের বেলায় সম্ভব হত?

পরাংপর বিরাট্প্রের্ষের দ্রুত্বা সংকল্পকে যদি জড়বিশ্বের আবিভাবের অপরিহার্য নিমিত্ত বলে স্বীকার করি, তাহলে কামনাকে আর স্থির প্রবর্তক বলতে পারি না। কেননা, সর্বসং অনুত্তর পুরুষ আপ্তকাম—তার মধ্যে স্পুতা কোথায় ? কোনও কাম্য তাঁর থাকতে পারে না এইজনাই যে, কামনা অত্যপ্ত ও অপূর্ণতার সূচক। যা অনবাপ্ত বা অসম্ভুক্ত, তার অবাপ্তি বা সম্ভোগের পিপাসাই কামনা। কিন্তু অনুত্তর সর্বগত পুরুষের মধ্যে আছে সর্বাত্ম-ভাবের নিরঞ্কুশ আনন্দ—সে-আনন্দ তো কামনাবিকল হতে পারে না। কামনা অপূর্ণে অথচ উপচীয়মান অহন্তার ধর্ম এবং এই অহন্তাও বিশ্বলীলার একটা পরিণাম।...তাছাডা, ব্রহ্মের সর্বসংবিং জড়ত্বের মূঢ়তায় নিজেকে যদি সংবৃত্ত করতে চেয়ে থাকে, তাহলেও তার মূলে আছে কোনও অতৃপ্ত বাসনার তাগিদ নয়—কিন্তু নবীন ভাগ্গনায় তাঁর আত্মবিস্ভির কোনও কল্পনা। সর্বসতের আত্মবিভাবনার অন্তহীন সামর্থ্য যে শুধু জড়বিশেবর বিস্থিতিত অথবা অচিৎ হতে চিতের অভাদয়েই পর্যবিসিত হয়েছে—এও সতা নয়। একথা মানতাম, যদি জানতাম জড়শক্তিই বিশেবর আদ্যা শক্তি, জড়ডেই অব্যাকতের একমাত্র প্রথম ব্যাকৃতি। তখন জড়কে ভিত্তি করে অচিতির ভিতর দিয়ে নিজকে ফ্রটিয়ে তোলা ছাড়া সত্তার আর-কোনও উপায় থাকত না। তার ফলে আমরা পেতাম 'দ্বতঃপরিণামী জড়ৈকরন্ধবাদ'। এই মতে বিশ্বস্থ সর্বভূত এক অন্বয়তত্ত্বের আত্মন্বর্প বটে, কিন্তু তারা তাঁর মধ্যে আবিভূতি হয়েছে এইখানেই। এই মর্ত্যলোকেই তাদের উধর পরিণাম চলছে—অজৈব জৈব ও মনোময় বিগ্রহের পরম্পরায়। এমনি করে অতিচেতন অপরব্রহ্মলোকে তাঁর বিশ্বাত্মভাবে অবগাহন করে জীবনের অখণ্ড পূর্ণতাকে ফিরে পাওয়া— এই হল সর্বজীবের প্রম প্রেষার্থ। এই মর্ত্যভূমিতেই স্বার উন্মেষ হয়েছে —প্রাণ মন ও চিংসত্ত্বের আবিভাব হয়েছে এই জড়বিশ্বে অন্বস্ত্রত অদ্বয়-তত্ত্বের নিগ্র্ বীর্য হতে। স্তরাং এই জড়বিশেবই ঘটবে তাদের পরিপ্রণ সার্থক পরিণাম। জড়লোক ছাড়া আর-কোনও অতিচেতন ভূমি কেথাও নাই— কেননা অতিচেতন প্রেষ বিশ্বাত্মক, বিশ্বাত্তীর্ণ নন। অর্তএব জড়োত্তর অন্তরিক্ষলোকের পরম্পরাও নাই, প্রাণ ও মনের প্রাক্সিম্ধ কোনও সত্তাও নাই অথবা জড়ভূমির 'পরে জড়োত্তর কোনও তত্ত্বের প্রৈষাও নাই।

প্রশন হবে, তাহলে প্রাণ ও মনের স্বর্প কি? উত্তরে বলব, তারা জড় ও জড়শক্তির পরিণাম। অচিতি হতে অতিচেতনার অভিমুখে চেতনার উত্ত-

রায়ণের পর্বে-পরে তাদের আবিভাব ঘটছে। অচিতি ও অতিচিতির মধ্যে চেতনা যেন সেতৃর মত। অতিচেতনার স্বর পজ্যোতিতে সমাহিত হবার পরে^র চিৎসত্তের অপূর্ণ আত্মসংবিৎই জীবচেতনা। বৃহত্তর প্রাণভূমি ও মনোভূমির সত্তা যদি প্রমাণিতও হয়, তবু, তাদের বলব অতিচেতনার প্রে অভিযাত্রী তটপ্র-চেতনার কল্পনার বিজ্যুভগমাত ।...কিন্তু মুর্শাকল এই প্রাণ ও মন জড় হতে ম্বরূপত এতই বিভিন্ন যে তাদের জড়ের পরিণাম বলা চলে না। জড় নিজেই যদি শক্তির পরিণাম হয়, তাহলে প্রাণ-মনকেও বলতে হবে সেই শক্তিরই উৎকৃষ্টতর পরিণাম। বিশ্বচিৎএর সত্তা যদি স্বীকার করি, তাহলে এই বিশ্ব-শক্তিকেও চিন্ময়ী না বলে উপায় নাই। তথন প্রাণ-মনও হবে ওই চিংশক্তির স্ব-তন্ত্র পরিণাম এবং স্বরূপত চিংসন্তারই আত্মবিভাবনার বীর্য । তাহ**লে**. জড় এবং চিং ছাড়া আর-কোনও তত্ত্ব নাই—একথা অযৌক্তিক। আবার, জড় আর চিং অন্যোন্যবিরোধী দুটি তত্ত এবং জড় চিদভিব্যক্তির একমাত্র বাহন বলে কেবল এই জড়বিশ্বই সত্য-এসব উক্তিও নিষ্প্রমাণ। জড়কে ভিত্তি করে যেমন চিদ্বিভৃতির অভিব্যক্তি হয়. তেমনি শুদ্ধপ্রাণ ও শুদ্ধমনকৈ আশ্রয় করেও-বা হবে না কেন? অতএব প্রাণলোক কি মনোলোকের সন্তাকে অযোক্তিক বলে উডিয়ে দেওয়া চলে না i এমন-কি জডের চাইতে সাবলীল এবং প্রসাদধর্মী ভূতসক্ষেত্রর উপাদানে গঠিত সক্ষ্মালোকের সন্তাও অসম্ভব বলে মনে হয় না।

এই প্রসংখ্য তখন তিনটি ওতপ্রোত বা অন্যোনাসম্পৃক্ত প্রশেনর উদয় হয়। প্রথম প্রশ্ন, জড়োত্তর লোকের অহ্তিত্ব বহতুতই স্টিত হয়, এমন-কোনও প্রমাণ আমরা পেয়েছি কি ? দিবতীয় প্রশ্ন, জড়োত্তর লোক থাকলেও তাদের স্বর্প কি যেমনটি আমরা বলেছি ঠিক তেমন? অর্থাৎ তারা কি জড আর চিতের মধ্যে আরোহ এবং অবরোহের সোপানমালার গাঁথা? তৃতীয় প্রশন, ক্রমান্ত্রগ হয়েও কি তারা স্ব-তন্ত্র এবং অপ্যক্ত, না জড়লোকের সংগে উধর্বলোকের কোনও সম্পর্ক ও যোগাযোগ আছে?...বলতে গেলে মানবস্যুন্টির আদিযুক হতে কিংবা জনপ্রবাদ ও ইতিহাসের জন্মদিন হতে মান্ত্র অতীন্দ্রিয়লোকের সত্তায় বিশ্বাস করে এসেছে। তাদের শক্তি ও সত্তসমূহের সংগ্যে মানুষের যোগা-যোগ যে সম্ভব, একথা মানতেও তার দিবধা হয়নি। কেবল অতিসাম্প্রতিক যুক্তির যুগেই এ-সমস্ত বিশ্বাসকে স্কিরসণ্ডিত কুসংস্কার বলে উড়িয়ে দেবার কথা শ্বনতে পাই। অতীন্দিয় তথ্যের আভাস বা প্রমাণকে আমরা গোড়া থেকেই অশ্রন্থেয় এবং গবেষণার অযোগ্য বলে বিনা বিচারে হাঁকিয়ে দিই. কেননা আমাদের কাছে জড় জড়ের জগ্ৎ এবং জড়াগ্রিত অনুভবই একমাত্র স্বতঃসিম্ধ সত্য। স্ত্রাং জড়বাদের সঞ্গে বার গরমিল, সে-অন্ভব আমাদের মতে মিখ্যা হতে বাধ্য। অভোতিক বা-কিছু ঘটনা, তা হয় অম্লক-শ্ৰম বা

প্রবঞ্চনা, নয়তো অতিবিশ্বাসী কুসংস্কারাচ্ছন্ন চিত্তের আজগ্রবী কল্পনা মাত্র। তার মধ্যে দৈবাৎ যদি এক-আধটার সত্যতা অতিনিশ্চিত হয়ে ঘাড়ে চাপে, তাহলে তাকে অভৌতিক ব্যাপারের মর্যাদা না দিয়ে তার ভৌতিক ব্যাপ্যা করাই যুক্তিসঙ্গত। ইন্দ্রিয়গ্রাহা ভৌতিক প্রমাণের আমলে না আসা পর্যন্ত কোনও তথাকথিত অভৌতিক ঘটনার সত্যতাকে মানতে আমরা বাধ্য নই। ব্যাপারটা নিতান্তই অভৌতিক এমন লক্ষণ দেখা দিলেও, তাকে ততক্ষণ কোনমতেই মেনে নেওয়া উচিত নয়, যতক্ষণ সম্ভাবিত সকল প্রকল্প বা জন্পনার শ্বারা তার ব্যাথ্য করবার প্রয়াস না হার মানছে।

কিন্তু অভৌতিক ব্যাপারের ভৌতিক ব্যাখ্যার দাবি স্পন্টতই অর্যোক্তিক। বলতে পারি, এও সেই 'ভূত'-গ্রুস্ত মনের একধরনের কুসংস্কার, যে-মন শুধু ইন্দ্রিয়গ্রাহ্য জড়বস্তুকে তত্ত্ব বলে মানে এবং তার বাইরে যা-কিছ্ম তাকেই কল্পনার অপবাদ দিয়ে উড়িয়ে দেয়। অভৌতিক শক্তির আবেশ জড়জগতে সংক্রামিত হয়ে জড়ের স্থলে বিকারেও আত্মপ্রকাশ করতে পারে—এমন-কি **স্থ্**ল ইন্দ্রিরের গোচর হতেও তার বাধা নাই। কিন্তু এমনতর স্থলে অভি-ব্যক্তি যে তার হবেই, এমন-কোনও আইন নাই কিংবা এ তার স্বভাবও নয়। অভৌতিক শক্তির স্কেপন্ট ছাপ বা প্রত্যক্ষ পরিণাম সাধারণত দেখা দেয় প্রাণ-সত্ত্বে এবং মনে, কেননা আমাদের আধারে প্রাণ-মনই মূলত সে-শক্তির সগোত্র। প্রাণ-মনের মাধ্যমে কদাচ-কথনও জড়ের জগতে এবং জড়াগ্রিত জীবনে তার পরোক্ষ প্রভাব এসে পড়ে। কোনও ইন্দিরগ্রাহা রূপ তার থাকলেও সে আমাদের সক্ষ্মে ইন্দ্রিয়ের গোচরীভূত হবে এবং তার স্থলে বহিরিন্দ্রিয়ের গোচরতা হবে গোণ। অবশ্য এই গোণ গোচরতা অর্থোক্তিক বা অসম্ভব নয়। স্কাদেহ এবং স্কা ইন্দিয়ের সঙ্গে স্থালদেহ এবং স্থাল ইন্দিয়ের নিবিড় অনুষ্ণ্য যদি থাকে, তাহলে অভৌতিক ব্যাপারও আমাদের ভৌতিক অনুভবের আমলে আসতে পারে। আমরা যাকে প্রাতিভদর্শন বলি, এমনটি তার বেলাতেও षर्छ। অনেক অলৌকিক অন্ভবেরও ঠিক এই ধারা। বহিরিন্দ্রিয় দিয়েই আমরা কিছু দেখি বা শুনি, অথচ চিত্তে তার অনুরূপ বা প্রতীকী এমন-কোনও ছায়া কি বাঞ্জনার বোধ জাগে না, যাতে তাকে আন্তর অন,ভবের নিদর্শন বলে মনে করা যেতে পারে। অথবা কথনও-কখনও তাকে কোনও-একটা অব্যক্ত স্ক্রাধাতৃর র্পারণ বলে স্পন্টই বোঝা যায়। অতএব লোকান্তর যে আছে এবং তার সপো আমাদের একটা যোগাযোগও আছে, তার একাধিক প্রমাণ দ্বর্শভ নর। কখনও তার বিভূতি বহিরিন্দিয়গোচর হয়ে দেখা দেয়, কখনও-বা স্ক্রে ইন্দ্রিরে প্রাণে মনে অথবা অধিচেতনার অপ্রাকৃত ভূমিতে যোগজ-সন্মিকর্ষবশত তার প্রত্যক্ষ হয়। আমাদের স্থ্ল মনই আধারের স্বর্খান নয়। এমন-কি বহিশ্চেতনার প্রায় স্বর্থানি জ্বড়ে থাকলেও তাকে আধারের সারাংশ

বলা চলে না। অতএব তত্ত্বজ্ঞানকে একমাত্র বহিমনের সঙ্কীর্ণ পরিসরের অন্তর্ভুক্ত কিংবা তারি সীমিত ও স্পরিচিত প্রকারন্বারা বিশেষিত মনে করা অন্যায়।

কেউ বলবেন : সক্ষাদর্শন বা মানস অনুভবকে যাচাই করবার কোনও নির্দিষ্ট পর্ণাত কি মাপকাঠি যখন নাই, অথচ অসাধারণ অলোকিক বা অপ্রা-কৃত ব্যাপারকে অবিচারে মেনে নেবার একটা প্রবল ঝোঁক আমাদের আছে, তখন এইসব দর্শনকে বিভ্রম বা বঞ্চনা জ্ঞানে এড়িয়ে যাওয়াই কি উচিত নয়? কথাটা মিথাা নয়। কিন্তু ভুল করা বা ভুল বোঝা যে কেবল আমাদের অন্ত-র্মানস বা আধচেতন বৃত্তির একচেটিয়া, তা তো নয়। বহিমান এবং তার ইন্দ্রিয়-গ্রাহ্য প্রমাণের আদর্শ ও পর্ম্বাতর মধ্যেও ভুল ঘটবার প্রচার সম্ভাবনা রয়েছে। ভূলের সম্ভাবনা আছে বলেই অনুভবের একটা বৃহৎ ও প্রধান ক্ষেত্রকে পাশ কাটিয়ে যেতে হবে, এ-ই বা কেমন কথা ? বরং এইজনাই তো তাকে বিশেষ করে খাটিয়ে দেখে তার তত্ত্বনিধারণের নিজম্ব পর্ণ্ধতি এবং সত্যকার মাপ-কাঠিটি খ'লে বার করা আরও আবশ্যক। আমাদের প্রত্যক্-চেতনা হল পরাক্-অনুভবের আধার। সেই চেতনার স্থাল বিষয়াকারা ব্রিউই সপ্রমাণ, আর-সমস্তই অশ্রন্থেয়-—এও কি সম্ভব ? অধিচেতনভূমি নিয়ে ঠিকমত গবেষণা চালাতে পারলে, তার দর্শন যে সতা দর্শন, তার একাধিক বহিঃসংবাদী প্রমাণও মেলে। এইসব প্রমাণের বলে আমরা যখন অন্তররাজ্যের এবং জড়ো-ন্তর লোক বা ভূমির সন্ধান পাই, তখন তাদের উপেক্ষা করা সঞ্গত কি ? অথচ এও সত্য যে, শুধু বিশ্বাসই তত্ত্বের প্রমাপক নয়-বিশ্বাসেরও একটা দূঢ়তর ভূমি থাকলে তবেই তাকে সত্য বলে মানতে পারি। স্পন্টই দেখছি, অতীতের বিশ্বাসকে জিজ্ঞাসার ভিত্তি করা নিরাপদ নয়—যদিও তাদের একেবারে নাকচ করাও চলে না। বিশ্বাস মনের একটা বিকল্প, স্কুতরাং তার গঠনের ব্রুটি থাকতেও পারে। অনেকসময় বিশ্বাস অন্তর্জগতের কোনও ইশারার বাহন— তখন তার দাম অনেকখানি। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আমাদের চিরাভাস্ত পরাক্-অন্ভবের স্থলে ভাষায় তর্জমা করে সে-ইশারার সে বিকার ঘটায়। উদাহরণস্বরূপ বলা যেতে পারে : অধ্যাত্ম লোকসংস্থানকে আমরা প্রাকৃত ভূসংস্থানে পরিণত করেছি। স্ক্রেধাতুতে গড়া চেতনার উধর্বলোক আছে— এই কথাটা ব্রুবতে কম্পনা করি দেবলোকের আকাশচ্ম্বী সাতমহল, অস্তরের শিবকে বসিয়ে দিই বাইরের কৈলাসের চ্ডায়। জড়ের সত্যই হ'ক আর **জ**ড়ো-ন্তর সতাই হ'ক, তার প্রতিষ্ঠা শুধু মনের বিশ্বাসের 'পরে নয়—অন্তরের অন্-ভবের 'পরে। কিন্তু প্রত্যেক ক্ষেত্রে সভ্যের প্রকারভেদে অনুভবেরও প্রকার-ভেদ ঘটবে—বিষয়বস্ত স্থলে অধিচেতন বা চিন্ময় হলে অনুভবও হবে তার অনুরূপ। তাদের তাৎপর্য এবং প্রামাণ্যকে খটেরে বিচার করতে হবে বটে,

— কিন্তু করতে হবে ওই ভূমির আইন-কান্ন ও সাক্ষী-সাব্দ দিয়ে। যে-ভূমি নিয়ে গবেষণা, চাই তারই অন্রপ্ চেতনা। অবরভূমির চেতনা দিরে উত্তরভূমিকে যাচাই করবার চেষ্টা ধৃষ্টতা এবং আত্মবন্তনা। প্রত্যেক ভূমির উপযোগী চেতনা যদি আমাদের আয়ত্ত হয়, তাহলেই বিজ্ঞানের প্রসার নিঃসংশর এবং স্থাতিষ্ঠ হবে।

মানুষের বিজ্ঞানসাধনার আদিযুগ হতে আজ পর্যত জড়োত্তর ভূমির আভাসে-অন্ভবের যে-ইতিহাস মেলে, তার সঙ্গে আমাদের নিজস্ব অন্ভব মিলিয়ে লোকান্তরের একটা সংক্ষিপ্ত বিবৃতি ও ব্যাখ্যা খাড়া করা চলে। তার ফলে এই সিম্ধান্ত অপরিহার্য হয় যে, আমাদের প্রাকৃত অনুভবের বাইরে সন্তার ও চেতনার আরও বৃহৎ ভূমি আছে এবং মর্ত্যভূমির 'পরে তাদের প্রভাবও সামান্য নয়। প্থ₄ীতত্ত্বের সংকীণ পরিসরে বাঁধা পড়ে শ্ব্ধ্ব এই মর্ত্যভূমির সীমিত সন্তা ও শন্তিকে আমরা জেনেছি। কিন্তু এ-ই যে আমাদের শেষ নয়, অন্তরের স্কুপন্ট এবং স্কুদুড় অনুভবই তার প্রমাণ। এইসব মহা-ভূমি যে আমাদের সত্তা ও চেতনার সীমা ছাড়িয়ে দ্রোন্তরে আছে, তাও নয়। অবশ্য একটা স্বকীয়তা তাদের আছেই। সন্তার একটা বিশিষ্ট রূপায়ণ এবং অন্ভবের বিশিষ্ট ধারাও তাদের আছে। কিন্তু তব্ব অদৃশ্য আবেশ ও অধি-ষ্ঠানম্বারা এই মর্ত্যভূমিকে তারা জারিত করে রয়েছে—এর প্রত্যেকটি বস্ত ও ক্রিয়ার পিছনে আছে তাদের অধ্যা বীর্ষের অনুভাব। জডোত্তর-সন্নিকর্ষ-জনিত অনুভবের দুটি ধারা : একটি নিতান্তই প্রতাক্ব্তু, তবু, অত্যন্ত স্পদ্ট —ধরাছোঁয়ার বাইরে নয়; আরেকটি অপেক্ষাকৃত পরাক্বত্ত। প্রত্যক্-অন্-ভবে দেখি, পার্থিবচেতনায় যা আমাদের কাছে মর্তাপ্রাণের নিগ্রু আকৃতি সংবেগ বা ব্যাকৃতিরূপে ফোটে, বাস্তবিক তা উৎসারিত হচ্ছে সাবলীল সিস্ক্লায় স্পন্দমান এক স্ক্ল্বাতর ও বৃহত্তর অব্যাকৃত প্রাণলোক হতে। সেথানকার পূর্ব সিম্ধ শক্তি এবং ভাবরাশিই আমাদের ভিতর দিয়ে এই জড়ের জগতে রূপ ধরতে চাইছে। কিন্তু এখানকার বাধাকে অতিক্রম করে সম্পূর্ণ র্পায়িত হতে তারা পারে না। এমন-কি তাদের এই আংশিক আত্মপ্রকাশও পাথিবিনিয়তির দ্বারা শাসিত ব্যাকৃতি ও পরিবেশের মধ্যেই ঘটে। শক্তির এই অবক্ষেপ সাধারণত আমাদের অগোচর। এমন-কি অনেকসময় তার আবেশকে আমাদেরই প্রাণ-মনের বিস্কৃতি বলে আমরা ভুল করি-যদিও বিচার-বৃদ্ধি দিয়ে বা সংকল্পের দৃঢ়তা দিয়ে চেন্টা করেও নিজেকে তার প্রভাব হতে বাঁচারত পারি না। কিন্তু বহিশ্চেতনার আলোড়ন হতে তটন্থ হয়ে অন্তরের গভীরে যখন তলিয়ে যাই, তখন সংক্ষ্মেন্দিয়ের স্ক্রিনিবড় সংবিং দিয়ে অন্তব করি স্ক্র প্রাণলোকের স্বর্প ও সংবেদন—সাক্ষির্পে দেখে যাই তাদের গ্রুশক্তির বিচিত্র প্রবৃত্তি। ইচ্ছামত তাদের গ্রহণ বর্জন বা র্পান্তরসাধন করা,

দেহে প্রাণে চিত্তে বা সৎকল্পে তাদের অবাধ সশুরণের অধিকার দেওয়া বা তাদের নির্দ্ধ করা—এসমস্তই তখন অনায়াস হয়।...এমনি করে অল্তরাব্ত হয়ে স্ক্রাতর ও বৃহত্তর মনোলোকেরও সন্ধান পাই—যেখানে চলুছে অকল্পা-বিচিত্র মানস র্পায়ণের অজস্র উচ্ছলন, অপ্র্ব স্থিত ও সম্ভোগের নিরৎকুশ সাবলীলতা। মর্ত্যপ্রাণের 'পরে স্ক্রালোকের আবেশের মত প্রাকৃতমনের 'পরেও অল্তর্ত্ত চেতনাকে শিউরে দিয়ে রহস্যলোকের শক্তির নির্বর্ব বরে পড়ে। সাধারণত এই মানসলোকের অন্ভব হয় প্রত্যক্-ব্ত্ত। চেতনায়ে সে অভিনবের ভাবনা বা ব্যক্তনার প্রৈষার্পে ফোটে, চিত্তে আনে ভাবের উন্মাদনা, আধারে সন্ধারিত করে তীরতর ইন্দ্রিয়সংবিতের আক্তি অথবা প্রাণোচ্ছল অন্ভব ও কর্মপ্রেরণার বৈদ্যুতী। এই প্রৈষার বেশির ভাগ হয়তো আসে আমাদেরই অধিচেতন ভূমি হতে অথবা এই প্রিবীর অল্তর্গত বিশ্বপ্রাণ ও বিশ্বমনের শক্তিভান্ডার হতে। অথচ তার মধ্যে লোকান্তর হতে উৎসারিত অপাথিব ধর্মের একটা স্ক্রেপ্টেছ ছাপ যে আছে, তাও অন্থীকার করা যায় না।

কিন্তু ইহ-পরলোকের যোগাযোগ এইখানেই শেষ হয়ে যায়নি। সচেতন প্রাণ-মনের কাছে প্রবিবিক্ত অন্ভবের এমন-একটা বিপ্লে রাজ্য খুলে যায়, যেখানে জড়োত্তর ভূমিসমূহ স্বতন্ত্র লোকর্পে আবিভূতি হয়---শ্ব্ধ প্রত্যক্-চেতনার অতিদেশরূপে নয়। তখন দেখি, এখানকার মত সেখানকার অন,ভবও সংহত, তবে কিনা তাদের সংস্থান প্রবৃত্তি ও রীতি অবশ্য স্বতন্ত এবং তাদের আয়তনও অজড় ধাতু দিয়ে গড়া। প্থিবীর মত সেসব লোকে এমনসব সত্ত্র আছে, যাদের সাংসিদ্ধিক বা ইচ্ছাকৃত রূপও আছে। স্বভাব-কায় বা নির্মাণ-কায় দুইই গ্রহণ করা তাদের পক্ষে সম্ভব, কিন্তু তাদের কায়ের উপাদান আমাদের মত নয়—সে আরও স্ক্রা এবং স্ক্রেক্রিগ্রগ্রাহ্য অজড় র্পময় ধাতৃ। সাধারণত ভূলোকের সংগ্রে এইসব লোক ও সত্ত্বের সাক্ষাংভাবে কোনও সম্বন্ধ থাকে না, কিংবা তাদের কোনও প্রত্যক্ষ প্রভাবও আমাদের জীবনে পড়ে না। কিন্তু অনেকসময় পরম্পরাক্রমে ভূলোকের সঙ্গে নিগড়েযোগে যুক্ত হয়ে বিশ্ব-শক্তির বাহন ও অবাদ্তর সাধনর পে আমাদের চেতনাকে তারা স্ক্রেম্পন্টভাবে আবিষ্টও করে। কখনও-বা পূর্ণিবীর কান্তে-কর্মে লক্ষ্যে বা ঘটনা-স্রোতে আপনাহতেই তারা মাথা গলায় এবং ইণ্টানিন্টের দায় নিয়ে স্ক্পথে কি বিপ্রথে আমাদের চালনা করে। এমন-কি জড়োত্তর সত্ত্বের অধীন হয়ে কখনও-কখনও আবিষ্টের মত তাদের শ্বভাশ্বভ প্রয়োজনিসিন্ধির বাহন হতেও আমাদের আটকায় না। একেকসময় পৃথিবীর প্রগতিসাধনা হয় ওই শভে বা স্পশ্ভ শক্তিসমূহের মহাসংঘর্ষের রঞাভূমি। তথন শভেশক্তিরা মানুষের উধর্বপরি-ণামকে বা জড়বিশ্বে জীবচেতনার আত্মস্ফরণের তপস্যাকে জয়ধ্ত এবং প্রভাস্বর করতে চার, আর অশ্বভশক্তিরা তাকে চার পরাবর্তিত ব্যাহত

নিগ্রহীত এমন-কি বিধন্ধত করতে। উভয়বিধ শক্তি বা সত্তের মধ্যে যারা জ্যোতির্মায়, মান্ব্রের যারা হিতৈষী এবং মহাবীর্যশালী সহায়, তাদের আমরা র্বাল দিব্য; আর যারা মাঝে-মাঝে জগতে উম্কিয়ে তোলে কি স্নৃষ্টি করে একটা প্রলয়ৎকর বিপ্লবের উত্তালতা বা প্রবৃত্তির প্রমন্ত তান্ডব—যার প্রচন্ড সংবেগ মান,ষের সাধ্যকে ছাড়িয়ে যায়, আমরা তাদের বলি আস,র রাক্ষস বা পৈশাচিক। তাছাড়া আরেকধরনের সতু বা শক্তির অন্তেব মেলে—যারা ঠিক অপার্থিব নয়, কিন্তু এই ভূলোকেরই অন্তস্তলে অন্তর্গন্ত হয়ে লাকিয়ে আছে। জড়োত্তরের ছোঁয়া পাওয়ার মত, যারা 'প্রেত' অর্থাৎ পার্থিবশরীর ছেড়ে লোকন্তরিত হয়ে অজডভূমিতে পেশছেছে, তাদের চেতনার সঙ্গে আমাদের চেতনার যোগ ঘটানোও অসম্ভব নয়। এই যোগাযোগ প্রত্যক্-বৃত্ত বা পরাক্-বৃত্ত (অন্তত পরাক্কৃত)—দুইই হতে পারে। শুধু মানসযোগ বা সক্ষ্ম ইন্দ্রিয়ের প্রত্যক্ষ দিয়ে নয়, অধিচেতনার আরও গভীরে ডবে কখনও-কখনও এইসব সাক্ষ্যলোকে অনুপ্রবিষ্ট হয়ে তাদের রহস্য সাক্ষাংভাবেও কিছ্-কিছু জানা যায়। লোকান্তরের এর্মানতর কতগুলি বাস্তব অনুভব প্রাচীন যুগে মানুষের কল্পনাকে উর্ত্তোজত কর্বোছল। কিন্তু মুঢ় ইতরজনের স্থল সংস্কার চিরদৃষ্ট প্রাফৃতব্যাপারের সঙ্গে একটা গোর্চসম্পর্ক আবিষ্কার করে তাদের নিরেট বাস্তবতার অযোক্তিক রূপ দিয়েছে। এতে আশ্চর্য কিছুই নাই, কেননা সব-কিছুকে স্বান্ভবের অভাস্ত র্পে তর্জমা করা আমাদের মনের ধর্ম।

মোটের উপর, অতীতের সকল যুগেই লোকান্তর সম্পর্কে মানুষের বিশ্বাস ও অনুভবের এই একই ধারা। হয়তো তার নাম-রুপের কিছু-কিছু অদলবদল হয়েছে, কিন্তু সব দেশে এবং সব যুগে অনুভবের চেহারায় বিশ্বাসকর একটা সাদৃশ্য আছে। অতীন্দ্রিয় জগৎসম্পর্কে মানুষের এই অনপনেয় বিশ্বাস ও স্ত্পাকার অনুভবের সাক্ষাকে কী মর্যাদা দেব? শুধ্ব অতকিত ঘটনার এলোমেলো ছোঁয়াচ থেকে নয়, একট্খানি অন্তরঙ্গ ঘনিষ্ঠতা হতে এ-সম্বন্ধে থানিকটা অভিজ্ঞতা যে অর্জন করেছে, সে তো এদের কুসংস্কার বা অমুলদ্রম বলে উড়িয়ে দিতে পারেনা। সত্য বলতে এসব ব্যাপার অনেকসময় এমন বাস্তব ও জীবন্ত, ক্রিয়া এবং ফলের দিক দিয়েও তাদের প্রামাণ্য এমন অনুভবের ও জীবন্ত, ক্রিয়া এবং ফলের দিক দিয়েও তাদের প্রামাণ্য এমন অনুভবের বাং তাদের সত্যতার পোনঃপ্রনিক দাবিকে কোনমতেই ঠেকিয়ে রাখা চলে না। এ-দিকেও যে আমাদের অনুভবের একটা বিরাট রাজ্য পড়ে আছে, তার গ্রুম্বকে স্বীকার করে জড়োত্তর তথ্যের একটা যুক্তি-যুক্ত ব্যাখ্যা দাঁড় করানো আমাদের অপরিহার্য কর্তব্য।

একটা ব্যাখ্যা এই হতে পারে। লোকাশ্তর বা পরলোক মান্ত্রের নিজেরই কল্পনার স্ভিট। তার ধারণা, মৃত্যুর পরেও সে লোকাশ্তরে বে'চে থাকবে।

দেবতারা মানুষের মনগড়া। এমন-কি ঈশ্বরও তার সূষ্টি, তার অসংস্কৃত চিত্তের একটা বিভ্রম—আজ এতদিন পরে স্কুসংস্কৃত মানুষ তার কবল থেকে নিষ্কৃতি পেয়েছে। চেতনার পরিণামের সংখ্য-সংখ্য এমনি করে সে বিচিত্র কলপনার जान वृत्त চলেছে এবং निष्क्रतरे श्वन्नकातास वन्ती रहा वाम कतहाः—कन्त्रनाहक অবাস্তব বস্তুর্প দেবার মায়ামন্ত জানে বলেই। কিন্তু লোকান্তর তো শুধ কল্পনাই নয়। তাকে ততক্ষণ কল্পনা বলব, যতক্ষণ তার উপস্থাপিত বিষয়কে আমাদের স্বান্ভবের এলাকায় আনতে পারব না।...তব্ শেষপর্যন্ত তারা হয়তো আকাশকুস্ম বা কল্পনাই। হয়তো তাদের দিয়ে সূড্যান্ম্খী চিংশক্তি আপন ভাবসংবেগকে মূর্ত রূপ দেয়। কল্পনার বীর্য মূর্তবিগ্রহে দ্মুপায়িত হয়ে ভূতস্ক্রময় ভাবলোকে হয়তো প্থায়ী হয় এবং সেখানে থেকে কল্পককে আবিষ্ট করে রাখে। লোকান্তরও সম্ভবত এর্মানতর কল্পলোকের একটা পরম্পরা। কিন্তু প্রত্যক্চেতনার ন্বারা এইধরনের সক্ষ্মেতর সত্ত্ব-ও লোক-সৃষ্টি যদি সম্ভব হয়, তাহলে এই প্র্যুল জগংই-বা চেতনার কল্পমায়া হবে না কেন? এমনও হতে পারে, চেতনা নিজেই অনাদি অচিতির একটা অলীক কল্পনা। এর্মানতর বৃক্তিতে আবার আমরা ফিরে যাই অন্ধর্তমিস্তায়। এ-জগতের সব-কিছ ই তথন অতত্ত্বের করালছায়ায় পান্ডুর হয়ে যায়—তত্ত্বরূপে অবশিষ্ট থাকে শুধু সর্বপ্রসবিনী অচিতির উপাদান এবং অবিদ্যার নিমিত্ত। আর খুব সম্ভবত অস্তিত্বের আরেক কোটিতে থাকে অতিচেতন বা অচেতন নৈর্ব্যক্তিক একটা সন্তামাত্র—যার তটম্প্রম্পিতির নির্বর্ণতায় শেষপর্যন্ত মিলিয়ে যায় বর্ণবাগের যত সমারোহ।

কিন্তু কিছ্ই যেখানে ছিল না সেখানে মান্যের মন যে শ্নো-শ্নো নিরাধার নির্পাদান একটা জগৎ স্থি করতে পারে. একথা নিষ্প্রমাণ এবং অশ্রুদ্ধেয়। স্থিসিম্ধ জগতের 'পরেই মনের খানিকটা কারিগারি চলতে পারে—এ-ই তো আমরা জানি। মনের শক্তি অসাধারণ—এত অসাধারণ যে, আমাদেরও তা কল্পনার বাইরে। মনের ব্যাকৃতি নিজের কি পরের চেতনায় ও জীবনে বিপর্যার ঘটাতে পারে, এমন-কি সময়বিশ্যেষ অচেতন জড়কেও পরিচালিত করতে পারে। কিন্তু তাহলেও মহাশ্নো স্থিটর আদিবিক্ষেপ একেবারেই তার সাধ্যাতীত। শৃধ্র এইট্কু বলা চলে, মনের প্রসারের সংগ্রামেশ্যে মান্য সন্তা ও চেতনার অভিনব ভূমির সন্ধান পায়। কিন্তু এইসব ভূমি মনের কাছে আনকোরা নতুন, মনের স্থিট মোটেই তারা নয়—কেননা তাদের সন্তা সর্ব-সতের মধ্যে প্রিশিশ্যই ছিল। অন্তর্জগতের অন্ত্রৰ যত বাড়ে, ততই মান্য এই আধারেই নতুন-নতুন স্তরের সন্ধান পায়—অন্তন্দেতনার প্রসারের গ্রন্থিভেদের ফলে পায় লোকোত্তর মহাভূমির আভাস। তাদের শ্বারা প্রভাবিত ও আবিষ্ট হয়ে এই পার্থিব মনে ও অন্তরিন্দ্রিয়েও সে অতীন্দ্রিরের

প্রতিচ্ছবি ধরে রাখতে পারে। লোকোত্তর অনুভবের প্রতীক প্রতিচ্ছবি বা ভাববিগ্রহকে সে স্বাষ্টি করে বটে, নইলে অপ্রাকৃত অনুভব নিয়ে তার প্রাকৃত মনের কারবার চলতে পারে না। এই অর্থেই বলতে পারি, উপাস্য-দেবতার র পকল্পনা মনেরই কীর্তি—নিজের মধ্যেই মান ব নতুন ভূমি ও নতুন জগৎ স্থিট করে, তার ঠাকুরকে সে-ই গড়ে তার স্বাভীষ্ট ভাবের আলো দিয়ে। অথচ এই র পস্ভি মিথ্যা নয়, কেননা এই কল্প-লোকের ভিতর দিয়ে পার্থিবচেতনায় সত্যলোকের শক্তিপাত ঘটে এবং তার আবেশে চেতনার মর্ত্যান্বভাবে দেখা দেয় জ্যোতির্ময় দিবা র পান্তর। লোক থেকে শক্তিপাত হয়, তার বাস্তবতা কিন্তু মনের কম্পনানিরপেক্ষ। বস্তৃত সাধনার ফলে এর্মান করে অবিদ্যার আবরণ অপস্ত হলে, মর্ত্যজীবের চেতনার চিন্মর জগতের সত্যরূপ উদ্ঘাটিত হয় মান্ত-সূন্ট হয় না। শক্তি-পাতের প্রবেগে চেতনার যে-র পান্তর, তা-ই যথার্থ র পস্তি। উধর্বলোক বস্তৃত আমাদেরই সন্তার উধর্বভূমি। জডধুমী অচিতির আবরণে তার সংগ্র পার্থিবচেতনার সত্য সম্পর্ক এতকাল ঢাকা ছিল। এইবার তাকে আবিষ্কার করে এই মর্ত্যভূমিতেই অন্তজীবিনের প্রসার ঘটানো—একেই বলি আত্মার লোকসূণ্টি। অচিতির আবরণও মর্ত্য দেহীর পক্ষে নিষ্প্রয়োজন নয়। যেন চিৎসত্ত্বের দ্র্নদশা। আপন বিপলে সম্ভাবনাকে আপাতত আড়ালে রেখে, চিৎশক্তির ঐকান্তিক অভিনিবেশকে এই মর্ত্য জীবনসাধনার আদিকান্ডে নিয়োজিত করা—এই তার লক্ষ্য। কিন্তু আদিকান্ডের আয়োজন উত্তরকান্ডের সিন্ধিতে তথনই উত্তীর্ণ হবে—যখন প্রাণ-মন-চেতনার উধর্বলোক হতে শক্তির স্রোত অচিতির আড়ালকে অন্তত অংশতও ভেঙে ফেলে কি দীর্ণ করে নির্বারিত ধারায় ঝরে পড়বে এই পার্থিব আধারের 'পরে এবং মর্ত্যজীবনের পর্বে-পর্বে তার চিন্ময় ব্যঞ্জনা ফুটিরে তুলবে।

এমনও কলপনা করা চলে : এইসব উধর্বলোকের স্থিত হয়েছে জড়বিশ্বের আবিভাবের পর। হয়তো প্রকৃতিপরিণামের তারা অন্ক্ল সাধন,
নয়তো তর স্বাভাবিক ফল। জড়াসক্ত মনকে জড়োত্তর সন্তার অস্তিত্ব যদি
মানতেই হয়, তাহলে তার পক্ষে এই ধারণাই সহজ। কেননা চিরপরিচিত জড়বিশ্বকেই সে-মন সকল ভাবনা-সাধনার আদি বলে জানে—জড়কে সে বিশ্লেষণ
করে থানিকটা হাতের ম্ঠাতেও এনেছে। প্রকৃতিপরিণামের যে-লীলা তার
প্রত্যক্ষ, সে দেখছে জড়বিশ্ব তার রক্ষাপীঠ, অচিতি তার প্রবর্তনার আদিবিশ্দ্দ,
অতএব অচিতিকে ও জড়জগংকে সর্বাধার কল্পনা করা তার পক্ষে খ্বই
স্বাভাবিক। বাস্তবিক জড়ের সংগ্রেই আমাদের মনের প্রথম পরিচয়—
হাতের কাছে তাকেই জ্ঞানের নিশ্চিত বিষয়র্পে পেরেছি। স্তরাং জড় ও
জড়গান্তিকে আদি-সং জেনে, জড়োত্তর চিশ্ময় তত্ত্বকে তার আশ্রিত এবং তাতেই

র্ড়ম্ল ভাবতে আপত্তি কি ?* কিন্তু জড় হতে তাহলে লোকান্তরের সৃষ্টি হল কিসের শক্তিতে, কোন্ নিমিন্তের প্রযোজনায় ? বলতে পারি : অচিতি হতে বখন প্রাণ-মনের উন্মেষ হল, তখন নিখিল প্রাণীর প্লাধিচেতনাতে তারাই লোকান্তরের এই পরম্পরা ফ্রিটিয়ে তুলল। মান্বের মধ্যে ষে-আধিচেতনপ্র্যু গ্রহশায়ী রয়েছেন, দেহের ম্ত্যুতেও তাঁর মরণ হয় না—স্তরাং জীবনমরণব্যাপী তাঁর বিপ্ল চেতনায় এইসব জগং ডেসে ওঠে বলে তাঁর কাছে হয়তো তারা সত্য। অধিচেতনপ্র্যুষই তাহলে লোক হতে লোকান্তরে বিচরণ করেন—বাস্তবতার একটা জন্য অথচ স্নিনিন্চিত প্রত্য়য় নিয়ে, এবং তাঁর অন্ভবকে বহিন্দেতন প্র্যুষের মধ্যে বিশ্বাস কি কম্পনার আকারে সন্ধারিত করেন।...চৈতন্যকে যদি স্ভির একমান্ত প্রবির্তকা শক্তি মনে করি এবং বিশ্বের সব-কিছুকে যদি চৈতন্যের র্পায়ণ বলে জানি, তাহলে লোকান্তরের এই বিবৃতি অসম্ভব নাও হতে পারে। কিন্তু জড়াসক্ত মনের রায় মেনে তখন আর জড়োত্তর জগংকে অবাস্তব বা অনতিবাস্তব বলা চলবে না। স্বীকার করতেই হবে, এই জড়ের জগং বা প্রাকৃত অন্ভবের ভূমি যতখানি সত্য, লোকান্তরেও ঠিক ততখানিই সত্য।

জড়স্মিট আদিস্মিট, তার পরে অচিতির কোনও বৃহত্তর গড়েপরিণামের বশে উধর্বলোকের উন্মেষ হয়েছে—এই কথাই যদি সত্য হয়, তাহলেও মানতে হবে, কোনও অথিলাত্মা পুরুষের আত্মস্ফুরণের সংবেগেই জড়োত্তরভূমির স্থিত সম্ভব হয়েছে। অবশ্য কি করে কি হল, আমরা তা জানি না। শুধু অনুমান করতে পারি, লোকান্তরস্থিত এখানকার প্রকৃতিপরিণামের একটা আনুষ্ণিক ব্যাপার বা বহত্তর বিপাক। জডভমিতে আত্মপ্রকাশ করতে হলে অখিলাত্মার পক্ষে প্রাণ-মন-চেতনার অনায়াস স্ফ্ররণের জন্য একটা লোকোত্তর পরিবেশ আবশ্যক—যার উদার ভূমি হতে উত্তরশক্তি ও অজড় অনুভবের বীর্যকে জড়ের মধ্যে সঞ্চারিত করে তার ঊধর্বপরিণামকে স্বচ্ছন্দ করা চলে।...কিন্তু লোকা-ল্তরের প্রত্যক্ষ অনুভব এ-সিম্ধান্তের বাদী হয়ে দাঁড়ায়। অতীন্দ্রিয়দর্শনের म्मणे जिम्मान्ठ এই, कर्फावन्यक करफाखन-लारकन প্রতিষ্ঠাভূমি বলা চলে ना এইজন্যে যে, সেখানে সন্তার বিপলেতর ব্যাপ্তিতে চেতনার বহরের ও স্বচ্ছন্দতর লীলায়নে অনুভবের সকল আড়ষ্টতা ঘুচে যায় সহজ-প্রকাশের অনায়াস ছন্দে। তখন মনে হয় না. সক্ষ্মেলোক জড়ের ভিত্তিতে গড়ে উঠেছে, বরং জড়োত্তরকেই মনে হয় জড়জগতের সকল প্রবৃত্তির উৎস-মনে হয় প্ররাপ্রির না হলেও জডের বিবর্তানও ওই জডোনেরের আগ্রিত। বাস্তবিক প্রাণ-মনের উধর্বস্তর

শ মনে হয় এ-কল্পনায় ঋশেবদের কোনও-কোনও মন্দের সায় আছে। প্রথিবীকে
সেখানে বলা হয়েছে বিশ্বভূবনের প্রতিত্ঠা অথবা সম্ভলাককে বলা হয়েছে প্রথিবীয়ই
সাতিটি ভূমি।

হতে, অধিমানস হতে অমিত শক্তি ও বিভূতির প্রচ্ছন্ন প্রবাহ অজস্ত্র ধারার আমাদের 'পরে ঝরে পড়ছে। কিন্তু পার্থিবচেতনার তার করেকটিকে মাত্র আমরা র্প দিতে পেরেছি—আর-সমস্তই মূর্ত হবার জন্য থবনিকার অন্তরাশে উপযুক্ত কাল ও নিমিত্তের প্রতীক্ষার স্পন্দিত হচ্ছে। কেননা একথা অনস্বীকার্য যে, পার্থিব*-পরিণামে যথন চিদ্বিভূতির অথণ্ড উন্মেষের স্কুনা রয়েছে, তথন নিশ্চরই উধর্শক্তির নিরঞ্কুশ প্রকাশও তার অংগীভূত।

একবার লোকান্তরের অন্ভব পেলে, আমাদের এই প্রাকৃতভূমিকে কিংবা প্রথিবীর রঙ্গমণ্ডে জীবননাট্যের অভিনয়কে একটা মুখ্যম্থান দেবার সকল প্রয়াসই ব্যর্থ হয়। তখন আর বলতে পারি না, ঈশ্বর আমাদেরই চেতনার কল্পমায়া। বরং অনুভেব করি, আমরাই জডের আধারে ঈশ্বরচৈতন্যের ক্রমোন্মেষের নিমিত্ত মাত। আমাদের কম্পনা দেবলোক গড়েনি; দেবতারা তারই বিভূতি, অথবা আমাদের মধ্যে যে দেবত্বের প্রকাশ, তা এই মর্ত্যভূমিতেই শাশ্বত অমৃতিসিন্ধির অনুদ্যাপিত সাধনার বাঞ্জনাবহ। তেমনি লোকাশ্তরও আমাদের সূচ্টি নয়; বরং তারাই আমাদের বাহন করে এই মর্ত্যভূমিতে ফুটিয়ে তুলছে তাদের ভাষ্বতী শ্রী ও শক্তিকে—প্রাকৃত শক্তির সাধ্য ও কল্পনার অনুরূপে। দিব্য প্রাণলোকের আবেশেই পূর্ণিবনীতে আমাদের পরিচিত প্রাণের উন্মেষ ও র পায়ণ। কিন্তু সে-আবেশ তো জড়ত্বের বর্তমান কুঠা ও অশক্তি হতে মত্য আধারকে নির্মান্ত করে দতব্ধ হয়ে যায়নি—এখনও আমাদের মধ্যে তার নির্বারিত প্রাণোচ্ছনসকে প্রস্ফারিত করবার তপস্যা চলছে। এমনি করে মনোলোকের অবন্ধ্য আবেশে এখানে মনের সূচ্টি ও পুটি হয়েছে। তারপর তার প্রেতিতে আমাদের মধ্যে জেগেছে মনের উদয়ন ও প্রসারণের উদ্যত আক্তি —আমাদের ধীশক্তিকে নিত্য প্রচোদিত করে জড়ত্বের মধ্যে কুণ্ডলিত স্থলে মননের কারাপ্রাচীরকে ভেঙে ফেলবার এসেছে দর্বার আহত্তান। অতিমানস ও চিন্ময় লোকের প্রৈষাই এখানে চিদ্বীর্যের নিরঙকুশ স্ফ্রণের আয়োজন করছে—এই পার্থিবচেতনাতে ধীরে-ধীরে উন্মন্ত হচ্ছে জ্যোতির দুয়োর, এই মূর্ত্য-আধারই অতিচেতনার দিব্য সোমরসকে ধারণা করবার ষোগ্যতা লাভ করছে তিলে-তিলে। আপাত-অচিতি হতে আমাদের জীবনের যাত্রা শ্বর্—িকিন্তু অতিমানসের ওই সংস্পর্শ এবং সংবেগই তার ব্বক আলো করে ফ্রটিয়ে তুলবে সর্বচিৎ অমৃতত্ত্বের অন্তর্গন্ত সংবিং। বিশ্বব্যাপী এই চিৎপরিণামের নিমিত্ত বা বাহন হল মান-ষের চেতনা। অচিতি হতে চিজ্জ্যোতি ও চিদ্বীর্ষের উদয়নের এই বিন্দুতেই প্রমুক্তির ধ্রবজ্যোতির ইশারা দেখা

^{*} অবশ্য 'পার্ছি'ব' বলতে আমরা আমাদের এই অচিরায়্ত্মতী প্থিবীকে লক্ষ্য করছি
না—বলছি বৈদান্তিক প্রথবী বা প্র্বীতত্ত্বের কথা, বা জীবাখার জড়বিয়হের আবাসভূমি
স্থিত করে।

দিয়েছে। এইখানেই মন্ব্যচেতনার বিপলে সার্থকতা, কেননা প্রকৃতিপরিণামের পরমা-সিন্ধিতে মন্ব্যছের উদ্মেষ বে একাল্ড অপরিহার্ষ একটা পর্ব—তার পরিচয় এইখানেই।

কিন্ত একটা কথা আছে। অধিচেতনভূমির কোনও-কোনও অন,ভব হতে প্রশন ওঠে : লোকান্তরসমূহ কি সর্বতোভাবে জড়স্, ষ্টির প্রাগ্ ভাবী ? এ-আশৃ কার দুর্টি কারণ রয়েছে। প্রথমত, মরণোত্তর অনুভব সম্পর্কে একটা কথা আবহমান চলে এসেছে যে, মৃত্যুর পরে অস্তত কিছুকাল ধরে জড়োত্তর ভূমিতেও এখানকার পরিবেশ প্রকৃতি ও অন্তবের অনুবৃত্তি চলতে থাকে। দ্বিতীয়ত, প্রাণলোকে এমন কতগালি ব্যাকৃতির সন্ধান মেলে, যারা ভলোকের অবরপ্রবৃত্তির অনুরূপ। যে অসত্য অনর্থ অশক্তি ও তামসিকতাকে স্থলে অচিতি পরিণামের ফল বলে জানি, প্রাণলোকের নিশ্নস্তরেও তাদের স্প্রতিষ্ঠিত দেখতে পাই। এমন-কি যেসমস্ত অপশক্তি মানুষের জীবনে বিক্ষোভের সূতি করে, প্রাণলোকেই দেখি তাদের স্বাভাবিক নিবাসভাম। ব্যাপার্টা অসঞ্চতিও নয়। কেননা প্রাণময় সন্তাকে আশ্রয় করেই তারা আমাদের বিক্ষার্থ করে, অতএব কোনও বৃহত্তর ও বীর্যবন্তর প্রাণসত্তার বিভূতি হন্তয়া তাদের পক্ষে স্বাভাবিক। প্রকৃতিপরিণামের মধ্যে মন ও প্রাণের অবসর্পণেই যে সত্তা ও চেতনার সঙ্কোচজনিত এই অবাঞ্চনীয় বিকার দেখা দিয়েছে, তাও বলতে পারি না। কারণ অবসপণের স্বধর্ম হল বিদ্যার সঙ্কোচসাধন। তার ফলে সং-চিং-আনন্দের স্ফ্রি সত্য-শিব-স্কুদেরেরই সঙ্কীর্ণ পবিসরের মধ্যে ঘটবে, বৃহংসামের অকুণ্ঠ ঐশ্বর্য তাতে না থাকলেও অন্তত বেসুরা কিছুই থাকবে না—এট্রকু আমরা নিশ্চয়ই আশা করতে পারি। আলোর মেলা ক্ষীণপ্রভ হ'ক কিন্তু অনর্থ ও সন্তাপের আঁধার তাকে ছেয়ে ফেলবে কেন? সক্ষ্মপ্রাণ ও স্ক্রেমনের লোকে এইধরনের বিরুম্ধশক্তির প্রকাশ ব্যাপক না হ'ক, অংশত ম্ব-তন্ত্র হলেও সিম্ধান্ত করতে হবে—দর্ঘট কারণে এ-ব্যাপার সম্ভব হয়েছে। হয় উধর্বলোকে অশিবের প্রতিষ্ঠা প্রকৃতির অবরপরিণামের একটা উৎক্ষেপ— অধিচেতন প্রকৃতির গহনে অশিবশক্তির প্রচ্ছন্ন সঞ্চয় একটা প্রবল উচ্ছনাসে ছাড়া পেয়েছে ওই ভূমিতে। নয়তো চেতনার অবরোহক্রমের পাশাপাশি একটা আরোহক্রমের অঞ্গর্গে পূর্ব হতেই উধর্বলাকে তাদের আবির্ভাব ঘটেছে। দ্বিতীয় সিম্পান্ত মানলে বলতে হবে, আরোহক্রমন্বারা দর্টি প্রয়োজন সিম্প হচ্ছে। প্রকৃতি-স্থ প্রেব্রের চিন্মর পরিণামের অন্বপ্গে মর্ত্যের ব্রেক যে-সংঘর্ষ অপরিহার্য সেই সম্ভাবিত সংঘর্ষই শিব এবং অশিবের জনক। আরোহদ্রমে যদি এই শিব-অশিবের একটা পূর্ণায়তন প্রাক্তন প্রকাশ ঘটে. তাহলে একদিকে তাদের স্ব-তন্ত স্বভাবস্থিতিতে দেখা দেয় বিশ্ববিধানের একটা বিশেষ চরিতার্থতা—কেননা বিস্তৃতির বে-কোনও ধারাতে আছে পরিপূর্ণ

আত্মপ্রকাশ ও নিরঙ্কুশ আত্মতর্পণের দ্বনিবার সংবেগ। সেইসঙ্গে উধর্ব-লোকে প্রতিষ্ঠিত থেকে শিব-অশিব দ্বটি শক্তিই উধর্বপরিণামী ভূতগ্রামের 'পরে তাদেরও বিশিষ্ট প্রভাব সন্থারিত করে।

এমনি করে প্রাণভূমির উধর্বস্তরে নিহিত থাকে এই পাথিবজীবনেরই আরও জ্যোতির্মায় এবং আরও তমোময় রূপবিভৃতির বিপূল সঞ্চয়। সেখানকার পরিবেশ অব্যাহত প্রকাশের অন্কৃল বলে তাদের প্র-তন্ত্র ক্ষুরণে কোনও বাধা থাকে না। পরিণাম সু বা কু যা-ই হ'ক্, তাদের জাতি-ধর্মের রূপায়ণে দেখা দেয় একটা নিরঙ্কুশ স্বাতন্তা ও স্বাভাবিক পূর্ণতা—এমন-কি একটা ছন্দ-স্বমাও। আমাদের প্রাকৃতভূমিতে তাদের এমনতর অবিমিশ্র পূর্ণতা ও স্বাতন্দ্যের প্রকাশ সম্ভব নয়—কেননা এখানে চরম সমন্বয় ও সমাহরণের স্কুদ্রে আদর্শকে লক্ষ্য করে যে বহুমুখী পরিণামের তপস্যা চলছে, তার জন্যে ব্যামিশ্র শক্তির বিচিত্র সংঘাত আবশ্যক। আমরা যাদের সূ বা কু মনে করি, উধর্বলোকে তাদের বেলায় সে-সংজ্ঞা খাটে কিনা সন্দেহ। এখানে যাকে অসত্য অশিব বা তার্মাসক ভাবছি, ওথানে তারও একটা স্বরূপসত্য এবং স্বয়ং-সিশ্ব সন্তা আছে। অতএব বিশিষ্ট জাতি-ধর্মের অভিব্যক্তিতেই তার পূর্ণ তপ্তি. কেননা উধৰ্বলোকে সে-ধর্মের প্রকাশ অব্যাহত। স্বধর্মের অব্যাহত প্রকাশ স্বভাবতই আনে সন্ধিনীশক্তির একটা অবারিত উল্লাস-পরিবেশের সংগ্রে আত্মস্বরূপের একটা পরিপূর্ণ সংগতি ও সামঞ্জস্য। অশিবের মধ্যেও আছে আত্মচেতনার একটা ছন্দ্, আত্মবীর্যের একটা মহিমা, আত্মস্বরূপের একটা আনন্দ। তার অসপত্র সম্ভোগ আমাদের কাছে হেয় হলেও তার কাছে নিশ্চয়ই তা উপাদেয়। পার্থিবপ্রকৃতির পরিবেশে যে-প্রাণসংবেগ অসাধারণ অপ্রমের প্রতীপচারী বা অনৈস্থাপিক, আপন ধামে সে-ও পায় স্বারাজ্যসিন্ধির অথবা জাতি-ধর্মের নিরঙ্কশ লীলায়নের অবাধ অবকাশ। আমরা যাকে দিব্য আসুরিক রাক্ষস বা পৈশাচিক আখ্যা দিই, আমাদের দূর্গ্টিতে অতিপ্রাকৃত হলেও আপন-আপন অধিকারে তারা নিতাশ্তই প্বাভাবিক। এইসব উৎকট ভাব যাদের মধ্যে মূর্ত হয়েছে, তারা কিল্ডু তাহতে স্বভাবের আনন্দ পায়, স্বর্পের সোষম্যই আস্বাদন করে। এমন-কি বৈষম্য আয়াস অশক্তি বা সন্তাপের মধ্যেও প্রাণের একটা রসায়ন আছে. যাহতে বঞ্চিত হলে অচরিতার্থ তার বেদনার সে হ্তবীর্য হয়। প্রাণের গহনলোকে এইসব অলোকিক শক্তির অবাধ অধিকার, সেইখানে তারা আপনমনে তাদের জীবনসোধ গড়ে চলেছে। ওই পাতালপ্রীতে অবগাহন করে যখন তাদের নিরংকুশ প্রবৃত্তির পরিচয় পাই. তখন বৃঝি কোন্ উৎস হতে কিসের প্রয়োজনে তারা উৎসারিত, কেন মানুষের জীবনকে তারা জড়িরে আছে—আপন অপর্ণেতার প্রতি কেনই-বা মানুষের এত আসন্তি, সুখ-দুঃখ পাপ-পুণা জয়-পরাজয় হাসি-অগ্রুর দ্বন্দে বিকল এই

জীবননাটোর মাঝে কী রস সে পেরেছে! প্থিবীতে এইসব শক্তির প্রকাশ ব্যাহত, অভৃপ্তিবিধ্বর, সংঘর্ষ ও ব্যামিশ্রতার ঘােরে আচ্ছস্রপ্রায়। কিন্তু স্বধামের একান্তবিবিক্ত পরিবেশের মধ্যে ফােটে তাদের স্বভাব ও আত্মবীর্ষের পরিপ্র্ণ মহিমা এবং তাহতে অন্তর্দ ভির কাছে তাদের নিগ্রু তত্ত্ব ও প্রয়োজনের সকল রহস্য উদ্ঘাটিত হয়। মান্বের স্বর্গ-নরক বা জ্যােতির্লোক ও অস্বর্গলাকের ছবিতে অবান্তব কল্পনার যত খাদই মেশানাে থাক্, তার আসল ভিত্তি কিন্তু এইসব দৈবী বা দানবী শক্তির স্বপ্রতিষ্ঠ অবিকৃত স্বর্পের প্রত্যক্ষ অন্ভবে। অমর্ত্যজ্ঞবিনের পারান্তর হতে এই জীবনের 'পরে ঝরছে তাদের শক্তির ধারা এবং তাইতে মান্বের মধ্যে আবিতিত হয়ে চলেছে উধ্বপিরিণামের নিরন্ত প্রবাহ।

প্রাকৃতপ্রাণের বিভৃতি যেমন বৃহত্তর প্রাণের লোকোত্তর ভূমিতে প্রণাহিমার প্রতিষ্ঠিত রয়েছে, তেমনি মনের বিভৃতিও বৃহত্তর মানসলোকে পেয়েছে আপন দ্ব-ভাবের পরিপ্রণ প্রকাশের অখন্ড অধিকার। মনের তত্ত্ব ও ভাবনা আমাদের পার্থিবচেতনাকে নিরন্তর আবিষ্ট রাখলেও তাদের র্পায়ণ ছয় খন্ডিত, কেননা বিভিন্ন শক্তি ও তত্ত্বের সংঘাত ও সংমিশ্রণের ফলে এখানে তারা আত্মপ্রতিষ্ঠার পথ খাজে পায় না। এই সংঘাত ও সংমিশ্রণ তাদের প্রণতাকে বিকল করে, বিশ্বন্থ দ্বভাবকে আবিল করে, শক্তিসংক্রমণকে করে বিকৃত এবং ব্যাহত। বস্তৃত জড়োত্তর লোকসমূহ নিতাসিন্ধ—মর্ত্যলোকের মত তারা সাধ্য এবং পরিণামী নয়। চিংশক্তির সংবৃত্তিপরিণামের সংখ্যাত যেসব তত্ত্বের উদ্ভব হয়, এরা যেমন তাদের আধার—তেমনি বিবৃত্তিপরিণামের সংঘাতে যেসব বিচিত্র-শক্তির আবির্ভাব ঘটে, তাদেরও আশ্রয় এরাই। তারা এই উভয়বিধ বিস্তির দ্ব-ভাবস্থিতি ও নিরন্থকুশ স্বারাজ্যসিন্ধির ক্ষেত্র। প্রতিষ্ঠার এই নিত্যভূমি হতে তাদের প্রভাব ও প্রবৃত্তি বীজর্পে প্রকৃতিপরিণামের বিচিত্র-জটিল ধারায় নিক্ষিপ্ত হয়। লোকান্তরের অন্তিম্বের একমাত্র হেতৃ না হলেও একে বলতে পারি তার অন্যতম হেতৃ।

এইদিক থেকে দেখি, পরলোকসম্পর্কিত লোকাতত বিবৃতির মধ্যে প্রাকৃত-প্রাণের অসিম্পি সন্ফোচ ও অপ্রণতা হতে নির্মান্ত উদার প্রাণময় পরিবেশের প্রতি একটা স্কেপন্ট ইম্পিত আছে। এসব বিবরণে প্রচার কম্পনার খাদ আছে, কিম্তু বোধি ও প্রাতিভজ্ঞানের সোনাও যে নাই তা নয়। কোনও-না-কোনও ভূমিতে নির্মান্ত প্রাণের সিম্প অথবা সাধ্য রুপ যে আছে, এ-অন্ভবের পরিচয় যেমন এদের মধ্যে পাই, তেমনি পাই অধিচেতনভূমির সত্যকার অভিজ্ঞতারও কিছা-কিছা নিদর্শন। কিম্তু প্রকৃতির অন্যান্য ভূমি হতে যা-কিছার দর্শন ও স্পর্শন মান্য পায়, তাকেই সে পার্থিবচেতনার ভাষায় রুপান্তরিত করে। জড়োত্তর তত্ত্বকে জড়ের রুপে ও বিশ্বহে তর্জ্বমা করে তাদের ভিতর দিরে আবার

সে তত্ত্তাবের সংস্পর্শ পায় এবং তাকে খানিকটা মূর্ত এবং সার্থকও করে তোলে। মৃত্যুর পরেও যে প্রকারান্তরে এই পার্থিবজীবনের অনুর্বৃত্তি চলে— এ-অনুভবের মূলে এমনিতর তর্জমার একটা কারসাজি আছে। অথবা একে কতকটা বিদেহীর মানসস্থিত বলা যেতে পারে, কেননা মৃত্যুর পর লোকা-ন্তরের তত্ত্বভাবে অনুপ্রবিষ্ট হবার পূর্বে পাথিবিজীবনের অভ্যান্ত অনুভবের সংস্কারকে কিছ**্রকাল সে আঁকড়ে থাকে। কিংবা ইহলোক আ**র পরলোকের সন্ধিম্থলে এ শুধু তার বিশ্রামভূমি। লোকান্তরের যে-ভাব মর্ত্যজীবনে তাকে আকৃষ্ট করেছিল, প্রাণলোকের এই উপান্তভূমিতে তার সিন্ধরপের সন্ধান পেয়ে প্রাণপারাষ হয়তো তার স্বাভাবিক আকর্ষণে এইখানে কিছাকাল অতি-বাহিত করে। অবশ্য এসমস্তই স্ক্র্যপ্রাণের ভূমি। কিন্তু পারলৌকিক শাস্তে এছাড়াও অন্যান্য ভূমির কথা আছে, যদিও লোকাতত বিবৃতিতে তাদের কোনও উল্লেখ নাই। স্পণ্টই বোঝা যায়, এসব মনোময় কিংবা চিদাভাসিত-মনোময় ভূমির বর্ণনা—প্রাণভূমির নয়। অন্তরাবৃত্ত চেতনায় এসব ভূমিতে আরোহণ করা আমাদের পক্ষে অসম্ভব নয়। অতএব বিশ্ববিস্থিতে আমরা যে লোক-পরম্পরার অস্তিত্ত্বের কণা বলছি, তা অর্যোক্তিক নয়। কিন্তু এই পরম্পরার বিবৃতি স্বার বেলায় অবিকল এক নাও হতে পারে—কেননা অধ্যাত্মদৃষ্টির ভেদে অনুভবের ভেদ হওয়া যেমন স্বাভাবিক, তেমনি সংগতও। একটা বিশিষ্ট ভূমি হতে বিশিষ্ট পর্ন্ধতিতে কোনও বিষয়ের একধরনের বগীকরণকে যেমন প্রামাণিক বলতে পারি, তেমনি আরেক ভূমি হতে আরেক ধরনের বগীকিরণকেই বা প্রামাণিক বলব না কেন ? লোকসংস্থানকে আমরা যে-দ্যন্টিতে দেখছি, তার সবচাইতে বড সার্থকতা এই যে. এ-দৃষ্টি বিশ্বতত্ত্বের একেবাবে মূলঘে'যা এবং তাতে বিশ্বস্থির এমন-একটি তত্ত্ব রূপায়িত হয়েছে যা আমাদের ব্যাবহারিক জীবনের সর্বশ্রেষ্ঠ আলম্বন। এই দৃষ্টিতে আত্মপ্রকৃতির তত্ত্ব এবং বিশ্ব-প্রকৃতির সংবৃত্তি ও বিবৃত্তির যুগলধারার পরিচয় দুইই আমাদের কাছে স্পণ্ট হয়ে ওঠে। সেইসঞো এও ব্রুতে পারি, লোকান্তরসম্হ জড়বিন্ব ও পার্থিব-প্রকৃতি হতে বিযুক্ত কি বিবিক্ত তো নয়ই, বরং তাদের প্রভাব আ-ব্ত এবং অন্বিশ্ধ করে আছে জড়ের জগংকে। আমরা প্রত্যক্ষ অন্ভব করতে না পারলেও তাদের নিগড়ে শক্তি অলক্ষ্যে মত্যের পরিণামকে র্পায়িত এবং নিয়মিত করছে। তাদের অন্তর্গাঢ় প্রভাবের স্বর্প এবং প্রবৃত্তির কি ধারা, তা বোঝবার জন্যই লোকান্তরের জ্ঞান এবং অন্ভবকে একটা বৈজ্ঞানিক কাঠামোর মধ্যে ফেলা দরকার।

পার্থিবপ্রকৃতির আগ্রিত হলেও আমাদের চিন্ময়-পরিণামের অধিকার যে স্দ্রবিস্তৃত, এই সম্ভাবনাকে সার্থক করবার জনাই লোকান্তরের অস্তিত্ব এবং প্রভাবের জ্ঞান আমাদের পক্ষে অপরিহার্য। জড়বিশ্বই যদি অনন্ত-

সন্মাত্রের আত্মবিস্ভির একমাত্র ক্ষেত্র হত, তাহলে বাধ্য হয়ে বলতে হত—জড হতে চিং পর্যন্ত তার সমস্ত বিভূতির পরিপূর্ণ অভিব্যক্তি ঘটছে একমাত্র এই মর্ত্যাভূমিতে এবং তার জন্যে জড়ে অন্তর্গ চু অতিচেতনার আবেশ ছাড়া আর কোনও-কিছ্বর আবেশ বা আনুক্ল্য নিষ্প্রয়োজন। কেননা, আপাত-অচেতন জড়শক্তিই য়খন বিশ্বব্যাপারের আদি প্রবর্তক এবং আন্তেত্যর সকল বিভৃতি তার মধ্যেই অন্তর্গ ্র্চ হয়ে আছে, তখন অচিতি এবং অতিচিতি ছাড়া আর-কোনও তত্তকে স্বীকার করা কল্পনাগোরব মাত্র। দার্শনিকের দ্রন্থিতে জড়তত্তই তখন হবে বিশ্বসংস্থানের ভিত্তি এবং বিস্কৃতির সকল বিভতির পূর্ব্য নিমিত্ত ও উপাদান। হয়তো বিশ্বপরিণামের শেষ পর্বে চিংসত্তা আপন স্বাতন্তা খানিকটা ফিরে পাবে। হয়তো-বা জডের ভিত্তিতে প্রতিষ্ঠিত থেকেও. তাকে সে আপন অনুত্তম স্বর্পবিভূতির অনতিবাধিত প্রকাশের সাবলীল সাধনরূপে অনেকখানিই র্পান্তরিত করবে। এখনকার মত চিৎপ্রবৃত্তির প্রতিক্ল জড়ত্বের আড়ন্ট বাধা তখন এমন দ্বরপনেয় থাকবে না। কিন্তু তব্ব জড় ছাড়া চিৎসত্তার আর্থাবস্থির আর-কোনও ক্ষেত্র থাকবে না। যতই সে উপরপানে উচ্ছন্সিত হয়ে উঠ্কুক, তবু তার শিকড় থাকবে মাটির বুকে, জড়ের অনুষ্পকে ছাড়িয়ে আত্মপ্রকাশের একটা নতুন ধারা অবলম্বন করা কিছুতেই তার পক্ষে সম্ভব হবে না। এমন-কি জড়ের মধ্যে থেকেও, তাকে ছাপিয়ে আর্থাবভূতির কোনও-একটি বৈশিষ্টাকে যে সে স্বরাট করে তুলবে, তাও চলবে না। একমাত্র জডই শেষপর্য দত থাকবে সমস্ত চিদ্বিভৃতির একচ্ছত্র নিয়ামক। প্রাণ তখন আর জড়ের শাস্তা ও নিয়ন্তা হবে না, মনের কর্তৃত্ব স্রষ্ট্রান্তর স্বাতন্ত্য থাকবে না —কেননা জডের সামর্থ্যদ্বারাই তাদের সকল সামর্থ্য সীমিত হবে। জড়শক্তির খানিকটা অদলবদল বা সম্প্রসারণ তারা করতে পারবে, কিন্তু তার আম্ল রুপান্তর ঘটাতে বা জড়োত্তরের মাঝে তাকে মুক্তি দিতে পারবে না। এক-কথায়, জড়ের তমঃশক্তির পরিবেশে সন্তার সকল বিভূতি চিরকাল আচ্ছন্ন হয়ে থাকবে—কোনকালেই কারও স্বচ্ছন্দ বা অব্যাহত প্রকাশ ঘটবে না: প্রাণ মন বা চিং কারও দ্ব-ধাম বা দ্ব-ভাব বলতে কিছুই থাকবে না।...কিন্তু চিংসত্তা যদি স্ভির প্রবর্তক হয় এবং প্রাণ-মন যদি জড়শক্তির পরিণাম বা বিভৃতি না হয়ে স্ব-তন্ম কোনও তত্ত্ব হয়, তাহলে চিংস্বভাব ও চিদ্বিভৃতির এই আত্ম-সঙ্কোচ যে অনুত্তরণীয় হবে—একথা বিশ্বাস করা সহজ নয়।

অনন্ত সন্মাত্র চিংশক্তির লীলায়নে নিরঞ্কুশ হন যদি, তাহলে আদ্ধাবিভাবনার গোড়াতে তাঁকে জড়দ্বের অচিতিতে আদ্মাবরণ যে করতেই হবে— এমন-কোনও বিধি থাকতে পারে না। বরং লোকসংস্থানের এমন বিস্থিতিও সম্ভব তাঁর পক্ষে, যার মধ্যে চিংসন্তার অন্বয়স্বভাবই সর্বপ্রবর্তক ও সর্বয়েনি, আদ্মাবিতের চিন্ময় পরিস্পন্দে যেখানে ফুটছে শক্তির বিলাস, নাম-রপ্রের

বৈচিত্র্য যেখানে অন্বর্ম চিদানন্দেরই স্বর্পবিভূতি।...অথবা এমন লোকস্থিতিও তিনি করতে পারেন, যেখানে তাঁর অকুণিঠত চিংশক্তি বা সত্যসংকলপ আত্মর্পারণের স্বাতন্ত্যকে অপরোক্ষ আত্মবিস্থিতির স্বতঃস্ফৃত্ উল্লাসে অন্ভব করবে—জড়ের মধ্যে প্রাণের সিস্ক্রার মত তা ব্যাহত কুণিঠত ও মন্থর হবে না। সেখানে নিরঙকুশ আত্মর্পায়ণ হবে বিস্থিত্বির আদি প্রবর্তক এবং তার অকুণ্ঠ আনন্দময় প্রবৃত্তির চরম লক্ষ্য।...অথবা তাঁর সিস্ক্রা সার্থাক হবে এমন লোকের আবির্ভাবে, যেখানে অন্তহীন স্বর্পানন্দের নিরঙকুশ অন্যোন্যসদ্ভোগ একমাত্র লক্ষ্য। সে-লোকে চিদ্ঘন বহুর আবির্ভাব হবে—অথচ অন্তর্গান্ত শাশ্বত একত্বের সম্পর্কে যেমন তারা সচেতন থাকবে, তেমনি তাদের সদ্যঃস্থিতির প্রতিটি মৃহ্ত্র থাকবে অন্বতভাবনার আনন্দে নিত্যবাসিত। সে-লোকে আনন্দের স্বয়ম্ভূ উল্লাস হবে মূল তত্ত্ব এবং লীলার সার্বভৌম প্রযোজক।...অথবা এমন লোকেরও আবির্ভাব হতে পারে, যেখানে অতিমানস হবে আদিম তত্ত্ব। সেখানে অভেদে ভেদের বিচিত্র আনন্দরসায়নে সার্থাক হবে চিন্ময় ভতগ্রামের দিব্য ব্যক্তিভাবনার জ্যোতির্ম্য স্বাতন্যের লীলা।

বিস্ভির ধারা যে এইখানে এসেই ফ্রিরেয়ে যাবে, তা নয়। পার্থিব-ভূমিতে দেখছি, জড়াগ্রিত প্রাণের ন্বারা মনের ন্বাতন্তা কুণ্ঠিত হয়েছে—প্রাণ ও জড়ের বিভিন্নমুখী বাধাকে কিছুতেই সে কাটিয়ে উঠতে পারছে না। প্রাণও তেমনি সংকৃচিত হয়ে আছে জড়শক্তির পরিণামর্পী মৃত্যু অসাড়তা ও অস্থৈর্যের বৈকল্যান্বারা। অথচ এমন লোক নিশ্চয়ই থাকতে পারে, যেখানে গোড়া হতেই প্রাণের বৈকল্য বা জড়ের বাধা দিয়ে স্চিটর পত্তন করা হয়নি। সে-লোকে মনই সর্বনিয়ন্তা, মনোধাতকে বা জড়ধাতৃকে আপন জগতের সাবলীল উপাদানর,পে বাবহার করতে তার কোনই বাধা নাই. অথবা জড সেখানে পেণ্টত িবিশ্বমনের প্রাণর্পে আজুর্পায়ণের পরিণাম্মা**র। বদ্তৃত মত্যভূমিতেও** এই হল মনের নিগড়ে পরিচয়। কিন্তু বহুকাল ধরে অবচেতনার কবলিত থেকে মন যেন কেমন অসাড় হয়ে যায়। তাই জড়ের বাঁধন হতে ম_{র্}ক্তি পেয়েও সে স্বরাট্ হতে পারে না—আধারের আড়ষ্টতা তাকে যেন পাকে-পাকে জড়িয়ে থাকে। অথচ শৃদ্ধমনের লোকে সে স্বরাট্। সে-জগতের উপাদানও তার আপন বশে. কেননা জড়ধমী স্থ্লজগতের উপাদানের চেয়ে সে-উপাদান অনেক স্ক্রা ও সাবলীল।...তেমনি বিশ্বন্ধ প্রাণলোকও থাকতে পারে। প্রাণ সেখানে স্বরাট্ বলে তার স্বচ্ছুন্দ সাবলীল বিচিত্র বাসনা ও প্রবৃত্তির অকুণ্ঠিত প্রকাশে কোনও বাধা নাই, কেননা বির্দধশক্তির আঘাতে প্রতিম্হুতে ভেঙে পড়বার আশ•কা তার নাই। এইজনাই তার সকল শক্তি শ্ব্ধ আত্মরক্ষার প্রচেষ্টাতেই ব্যয়িত হয় না কিংবা কেবল টানা-হে চড়ার ঝামেলায় পড়ে তার সিস্ক্ষা আত্মতপণ ও নবায়নের উদাত আক্তিকে ধর্ব রাখতে হয় না।...এর্মান করে সং চিং আনন্দ

অতিমানস মন ও প্রাণ প্রত্যেকটি তত্ত্বই স্ব-তন্ত্রভাবে লোকস্নিটর প্রবর্তক হতে পারে—অসীমের আত্মর্পায়ণের বৈচিত্যে এ-সম্ভাবনা নির্ঢ় হয়ে আছে। শ্বধ্ একটি কথা মনে রাখতে হবে, প্রত্যেকটি বিভূতি স্বর্পত এক, কিন্তু তাদের লীলায়নের বীর্য এবং রীতি প্রতি ক্ষেত্রেই স্বতন্ত্র।

লোকান্তরের পরিকল্পনা যদি দার্শনিক মনের একটা বিকল্প অথবা সচিদানন্দের এমন-একটা কম্পবীজ হত-যা আজও প্রর্ঢ় বা রূপায়িত হয়নি কিংবা কোনকালে হবেও না, অথবা হলেও মর্ত্যলোকের জীবচেতনায় কখনও তার আভাস ফ্টবে না, তাহলেও না হয় কথা ছিল। কিন্তু আমাদের চিন্ময় অতীন্দ্রিয় অনুভবের অনুকূলে সাক্ষ্য অবিরাম বহন করে আনছে উধুর লোকের অবন্ধন ভূমির অবিচ্ছেদ এবং তত্তত-অবিকল্পিত প্রত্যয়ের পরম্পরা। আধুনিক যুগে আমরা জড়ের শাসনকে শিরোধার্য করে নিরেছি। জড় ইন্দ্রিয়ের ভিত্তিতে যে-অনুভব, একমাত্র তারই প্রামাণ্য আছে, বুন্ধি সত্যানরূপণ করতে পারে শ্বধ্য জড়ের অন্বভবকে যাচাই করে, জড়ের সত্তাও অনুভবের বাইরে যা-কিছা তা শাধ্য প্রমাদ আত্মবশুনা বা অলীক বিদ্রম মাত্র—এই হল আমাদের লোকাতত মত। কিন্তু এ-মতের প্রামাণ্যকে সবার উপরে স্থান দিতে আমরা বাধ্য নই। অতএব অতীন্দ্রিয় অনুভবের সাক্ষ্য মেনে জড়োত্তর ভূমির সত্তাকে দ্বীকার করতে আমাদের কোনও বাধা নাই। বস্তৃত পার্থিবলোকের ছন্দ হতে এসমস্ত উধর্বলোকের ছন্দ আলাদা। এদের সম্পর্কে আমরা সাধারণত 'ভূমি' শব্দটি ব্যবহার করে থাকি। তাতেই বোঝা যায়, লোকান্তরের এক-একটি পর্ব সন্তারই এক-একটি পৃথক স্তর এবং প্রত্যেক স্তরে তত্ত্বের বিন্যাসের রীতিও দ্বতন্ত্র। এখানকার দেশ-কালের সংগ্যে তাদের কোনও সংগতি আছে. না দেশের সংস্থান ও কালের প্রবাহ তাদের বেলায় অন্যরকম—আপাতত তা নিয়ে আমাদের আলোচনার কোনও প্রয়োজন নাই। শুধু এইট্রকু জানলেই যথেষ্ট, লোকান্ডরের উপাদান আরও সক্ষা এবং তাদের ছন্দঃস্পন্দনও পৃথক। ...কিন্তু একটা প্রশ্ন তব্বও থেকে যায়। জড়োত্তরের প্রত্যেকটি ভূমি কি স্বরংপূর্ণ আলাদা একটা জগৎ? তাদের মধ্যে কি কোনও সাৎকর্য বা মেশামিশি নাই? কোনরকমেই কি তারা পরস্পরকে প্রভাবিত করে না? না তারা এক অখণ্ড সন্তার পর্বায়িত এবং ওতপ্রোত একটা তন্ত্রসংস্থান, অতএব এক বিচিত্রজটিল বহুপর্বা বিশ্বপ্রকৃতির অধ্যপ্রত্যধ্য? তারা যে আমাদের মনশ্চেতনার গোচরীভূত হতে পারে, তাইতে মনে হয় দ্বিতীয় সিদ্ধান্তটিই সমীচীন। কিন্তু শুধু এতেই তার প্রামাণ্য নিঃসংশয়রূপে প্রতিষ্ঠিত হয় না। পার্থিবলোকের সংখ্যা উধর্বলোকের প্রতিমূহ্তের যোগাযোগ এবং শক্তিসংক্রমণ একটা অতিবাস্তব সত্য। অথচ আমাদের প্রাকৃত চিত্তে বা বহিশ্চেতনার স্বভাবতই তার কোনও সাড়া জাগে না, কেননা বহিশ্চেতনার মোড় বিশেষ করে ফেরানো

আছে মাত্রাম্পর্শের আদান ও উপযোগের দিকে। কিন্তু চিত্ত যখন অধিচেতনার গভীরে তলিয়ে যায় অথবা এই জাগ্রংচেতনাই মান্রাম্পর্শের সীমা ছাডিয়ে প্রসারিত হয়, তখনই আমরা অতীন্দ্রিয় ভূমির স্ক্রাম্পন্দনের সাডা পাই। এমন-কি চিত্তের বিশেষ-কোনও অবস্থায় এই দেহে থেকেই মান্ত্রে নিজেকে উধর্বলোকে থানিকটা উপসংক্রান্ত করতে পারে। স্বতরাং বিদেহ অবস্থায় এই উপসংক্রমণ যে আরও পূর্ণাপ্য হবে তা বলাই বাহুলা—কেননা স্থাল শরীরের সঙ্গে মর্ত্যপ্রাণের নিবিড় বন্ধনের বাধা তখন থাকবে না। যোগাযোগ এবং উধর্বসংক্রমণের একটা গভীর সার্থকতা আছে। একদিক দিয়ে. স্থাল শরীর ধরংস হবার পরেও মান্ত্র যে সাময়িকভাবে জড়োত্তর ভূমিতে বাস করে—এই চিরাগত বিশ্বাসের অনুকলে অন্তত তার সম্ভাব্যতার একটা প্রমাণ মেলে। আরেক দিক দিয়ে, আমাদের মর্ত্য আধারে উধর্বলোক হতে শক্তিপাতের ফলে প্রাণ মন ও চিংসত্তার যে লোকোত্তর শক্তি নিগ্র্ট ও অবরুদ্ধ হয়ে আছে, তার প্রম্বন্তির একটা আশ্বাস দেখা দেয়। জড়ের গ্রেয়ে এইসব শক্তি নিগ্রহিত আছে বলেই চিন্ময় পরিণাম প্রকৃতির সকল সাধনার একমাত্র ক্ষেয়। উধর্বলোকের সন্তা ও অনুভাব সেই সাধনাকেই সিন্ধিব পথে এগিয়ে দেয়।

জড়োত্তর লোকের সূষ্টি জড়বিশ্বের সূষ্টির প্রাগ্ভাবী—পরভাবী নয়। কালিক প্রাগ্ভাব না মানলেও, অশ্তত শক্তিসংক্রমণের দিক থেকে তাদের প্রাগ্ ভাব অনুস্বীকার্ষ। কারণ আরোহ আর অবরোহের দুর্টি ক্রম পাশাপাশি থাকলেও, আরোহকুমের প্রমুখ বৈশিষ্ট্য হবে জড়ের মধ্যে উধর্বপরিণামের পথকে স**ুগ্ম করে দেওয়া। প্রকৃতিপরিণামের তপস্যাকে** সার্থক করবার সিম্ধবীর্যরূপে তপস্যার অনুকৃল কি প্রতিকৃল সবধরনের উপকরণ জোটানোই হবে তার কাজ। অতএব ^{*} আরোহক্রমকে শুধু পার্থিবপরিণামের ফল মনে করলে চলবে না। কেননা এ-কলপনা যুক্তির দিক দিয়ে যেমন অসম্ভব, তেমনি চিন্ময়-ভাবনা বা অর্থক্রিয়াকারী শক্তিপরিণামের দিক দিয়েও অসার্থক। অর্থাৎ নীচে থেকে জড়বিশ্বের চাপে ঊধর্বলোকের বিস্'দিট হয়েছে—একথা সত্য নয়। নীচের চাপকে বোঝাতে গিয়ে কেউ হয়তো বলবেন : জড় অচিতিতে অল্ডগ ্ট্ সাচ্চদানন্দের সাক্ষাৎ উৎক্ষেপেই উধর্বলোকের আবির্ভাব হয়েছে। বলবেন : এই উৎক্ষেপেরও একটা পরম্পরা আছে। ব্রন্ধের সন্ধিনীশক্তির প্রেতি অচিতি হতে যখন প্রাণ মন ও চেতনার উদ্মেষ ঘটাল, তখনই তার মধ্যে উধর ভূমির কল্পনা জাগল—যেখানে প্রাণ-মন-চেতনার প্রবৃত্তি নিরংকুশ হবে এবং মান-ধেরও প্রাণময় মনোমর কি চিন্ময় সংস্কারসম্হ প্রত হবার অবাধ অবকাশ পাবে। কিল্তু এসমস্ত কথাই অযৌক্তিক। আদর্শের স্বংন কিংবা স্থ্লচেতনার সঙ্কোচকে উল্লাহন করে প্রতিম্বত্তে

তার প্রাণচণ্ডল সিস্ক্ষার সম্মুখ অভিযান—এরাই যে উধর লোকের স্রুড়া একথাও সত্য নয়। এদিক দিয়ে মন্যাচিত্তের স্ভিসামর্থ্যের শুধু এই পরিচয় আমরা পাই : মানুষ ভাবনার শ্বারা তার দৈহা-চেতনায় •উধুর লোকের একটা প্রতিচ্ছবি গডতে পারে এবং তাকে উপরের ছোঁয়ায় সাডা দেবার যোগ্য করেও তুলতে পারে। ক্রমে জড়ভূমির সঙ্গে উধর্বলোকের অন্তর্যোগের অন্ভব তার চিত্তকে সচেতন ও তৎপর করে তোলে—এইট্রকুই তার কৃতিছ। কখনও-কখনও মান্যের উধর্বপ্রাণ ও উধর্বমনের ক্রিয়ার পরিণাম কি উৎক্ষেপ উধর্বলোকেও সংক্রামত হয়। কিন্তু সে-উৎক্ষেপকে পাথিবলোকের শক্তি-সংক্রমণ না বলে উধর্বশক্তির প্রতিক্ষেপ বলাই সঙ্গত। অর্থাৎ এক্ষেত্রে ব্রুষতে হবে, উপর হতে পার্থিবমনের 'পরে যে-শক্তিপাত হয়েছিল, তা-ই আবার ফিরে গেল উধর্বলোকে, কেননা মানুষের প্রাণ-মনের ঊধর্বপ্রবৃত্তির প্রেরণা মূলত জড়োত্তর ভূমি হতেই আসে। তাছাড়া জড়োত্তর ভূমিতে কি তার উপান্তে মানুষের চিত্তের সংবেগ কখনও-কখনও অর্ধবাস্তব ভাবলোকের একটা আভাস গড়ে তোলে। কিন্তু তারা তার সচেতন প্রাণ-মনেরই সুকল্পিত একটা কণ্টক-মাত্র--সত্যকার কোনও জগৎ নয়। জীবন্দশায় লোকান্তরের যে-রূপ আঁকতে সে চেষ্টা করে. সেই মনগড়া স্বর্গলোকের ছবিই এমনি করে তাকে ঘিরে কল্পনাবিজ্যুভণের ফলে সূষ্টি করে একটা ছায়ার মায়া। কিন্তু তথাকথিত উৎক্ষেপ আর এই কম্পমায়া—কোনটাতেই কোনও সতা জগতের হ্ব-তন্ত ও দ্ব-প্রতিষ্ঠ বিস্কৃতি হয় না।

অতএব এইসব ভূমি বা লোকসংস্থান যে অন্তত পরিদৃশ্যমান জড়বিশ্বের সমকালীন ও সহভাবী, তাতে কোনও ভূল নাই। আলোচনার ফলে এই সিন্ধান্তেই আমরা পেণছৈছি যে, জড়ের আধারে প্রাণ মন ও চেতনার উদ্মেষ ঘটাতে হলে লোকসংস্থানের প্রাক্ সন্তা একটা অপরিহার্য নিমিন্ত। কারণ, জড়ের ভূমিতে এইসব জড়োত্তর বিভূতির উদ্মেষ হয় দুটি সাপেক্ষ শক্তির সহযোগে—একটি অবরভূমির উৎসাপণী শক্তি আরেকটি উত্তরভূমির সৎকর্ষণী ও অবসপিণী প্রৈমশন্তি। অচিতির যেমন নিজের অন্তলীন বিভূতিকে প্রকট করবার দায় আছে, তেমনি উধ্বভূমির উত্তরশক্তিরাজির মধ্যেও আছে এমন-একটা প্রৈমা—যা কেবল অচিতির এই দায়কেই ফে নির্বাহ করে তা নয়, তার চরমাসিন্থির বিশিন্ট ধারাকেও বহুল পরিমাণে নির্মান্তিত করে। এমনতর একটা প্রৈষা ও সৎকর্ষণের শক্তি উপর হতে অবিরাম কাজ্ব করছে বলেই, জড়ভূমির 'পরে চিন্ময় মনোমর ও প্রাণমর লোকসম্হের দুর্লক্ষ্য অনুভাব অবিচ্ছিন্ন ধারায় সঞ্চারিত হচ্ছে। এই অবিচ্ছেদ প্রৈষা ও অনুভাবকে একটা অসমভব ব্যাপারও বলতে পারি না। কেননা, বিশ্বসংস্থানের সর্বন্ত যদি আমাদের প্রেক্তিপত সাতিট বিশ্বস্তের টানা-প'ডেন দিয়ে একটা জটিল রহস্যের জালা

বোনা হয়ে থাকে, তাহলে ওই সাতটি শক্তির অন্যোন্যসংগমজনিত সত্ত্বোদ্রেক ও ক্রিয়াব্যতিহার যে বিশ্বপরিণামের একটা অপরিহার্য বিধান হবে এবং ব্যক্ত-বিশ্বের স্বভাবের মূলে তার অনুস্যুতি থাকবে—একথা অনুস্বীকার্য।

অধিচেতন প্রেষকে আশ্রয় করে উত্তরভূমির তত্ত্ব ও শক্তিসম্হের নিগ্টে অন্ভাব অবিশ্রান্ত করে পড়ছে পাথিব সত্তা ও প্রকৃতির 'পরে—কেননা অধিচেতন প্রেষকে বলতে পারি এইসব উত্তরভূমি হতে অচিতির জগতে চিতি-শক্তির একটা প্রসর্পণ, অতএব এখানে উত্তরশক্তির আস্তবের সে-ই হল যোগ্যতম বাহন। এই শক্তিসংক্রমণের বিশেষ-একটা পরিণাম ও তাৎপর্য আছে—একথা বলাই বাহুলা। তার প্রথম পরিণাম, জডের বন্ধন হতে প্রাণ ও মনের প্রম্বক্তি এবং তার শেষ পরিণাম মূল্ময় আধারে চিল্ময় ভাবনার উন্মেষ—এই মর্ত্যের মানুষেই চিন্ময়ী প্রেতি ও অধ্যাত্ম জীবনচেতনার একটা ম্ফুরণ। এর সংবেগে বহিম^{*}র্থ জীবনের প্রতি কিংবা তার সংগে জডিত বিচিত্র মনোময়ী আকৃতির চরিতার্থতার প্রতি তার একান্ত অভিনিবেশ শিথিল হয়ে পড়ে। তথন বহিজ'গৎ ছেড়ে অন্তরের দিকে তার দৃষ্টি আবৃত্ত হয়, হ্দয়ের মাণকোঠায় সে আবিষ্কার করে তার চিন্ময় আত্মনবর্পকে—মর্ত্যভূমির সকল সঞ্চেলাচ কাটিয়ে তার জাগ্রত অভীপ্সা তখন পাথা মেলে অমৃতলোকের দিকে। তার মধ্যে এই অন্তরাব্যন্ত সন্তার যতই উপচয় ঘটে, ততই তার প্রাণ মন ও চিৎসত্তের সীমানত প্রসারিত হয়, প্রাণ-মন-চেতনার আদ্যচ্ছন্দের আড়ম্ট বন্ধন শিথিল কি ব্রুটিত হয়ে মনোময় মানুষের বিস্মিত দ্ভিটর সম্মুখে ভেসে ওঠে প্রাক্তন মর্ত্যক্ষীবনের অগোচর এক অধ্যাত্মজগতের বিপলে স্বারাজ্যের ছবি। অবশ্য মানুষ যতদিন বহিম ৄখ থাকে, ততদিন তার প্রাকৃতজীবনের সঙ্কীর্ণ ভিত্তির 'পরে ভাবনা ও কল্পনা দিয়ে আদর্শলোকের একটা আলগা কাঠামোই সে গড়তে পারে। কিন্তু ক্রচিদ্-উন্মীলিত দিব্যদর্শনের ঈশারা মেনে একবার যদি ভিতরপানে তার সাধনার মোড ঘ্ররে যায়, তাহলে তার অন্তরগহনেই সে আবিষ্কার করে নির্মান্ত প্রাণ ও চেতনার এক বিপাল রাজ্য। তখন তার অন্তরের অভীপ্সা আর উত্তরভূমির শক্তিপাত দ্বয়ের সংবেগে জড়-ত্বের উদ্রিক্ত সংস্কার অভিভূত হয় এবং অচিতির প্রভাব ক্ষীণতর হয়ে অব-শেষে শ্লো মিলিয়ে যায়। মান্ধের চেতনার খাতে তখন বইতে থাকে দ্যুলোকের উজানধারা, জড়কে ছেড়ে চিৎসত্তা হয় তার আধারের প্রবৃদ্ধ অধি-ষ্ঠান এবং তার উত্তরবিভূতিসমূহ অকুষ্ঠ স্বারাজ্যের পরিপূর্ণ মহিমার মুক্তি পায় প্রকৃতি-স্থ পরুষের জীবনছন্দে।

শ্বাবিংশ অধ্যায়

জন্মান্তর ও লোকান্তর ; কর্ম জীব এবং অমরত্ব

অস্মানোকাংপ্রেডা। এতমর্মর্মানান্স্পান্ক্র্যা। এতং প্রাণ্মর্মানান্স্পাক্র্যা এতং মনোম্র্মানানান্স্পাক্র্যা। এতং বিজ্ঞানমর্মানান্স্পাক্র্যা। এতমানস্মর্মানানান্স্পাক্র্যা মানানান্স্পাক্র্যা ইমানোকান্ কামারী কামর্পান্সগুরন্য

তৈত্তিৰ বৈষাপ্ৰিষং ৩ ১১০ ৫

এই লোক হতে প্রয়াণকালে তিনি এই অয়ময় আত্মাতে উপসংক্রান্ত হন; এই প্রাণময় আত্মাতে উপসংক্রান্ত হন; এই মনোময় আত্মাতে উপসংক্রান্ত হন; এই বিজ্ঞানময় আত্মাতে উপসংক্রান্ত হন; এই আনন্দময় আত্মাতে উপসংক্রান্ত হন; এইসব লোকে কামর্পী হয়ে সঞ্জবন করেন তিনি।

—তৈত্তিরীয় উপনিষদ (৩।১০।৫)

অধো খলনাহা; কামমন্ন এবায়ং প্রেন্থ ইতি। স যথাকামো ভবতি তংকতুভবিতি, যংক্তভবিতি তংকম কুর্তে, যংকম কুর্তে তদভিসংপদ্যতে। তদেৰ সন্তঃ সহ কমপৈতি লিংগং মনো যত নিৰন্তমস্য। প্রাপ্যান্তঃ কর্মপশ্তসা যংকিশ্বেছ করোতায়ম্। তম্মান্ত্রোকাং প্রের্তাসে লোকায় কর্মপ্য।

ब्रमानगरकार्थानयः ८।८।५.७

তাইতো বলা হয, প্রেষ্থ কামময়। য়েমন তাঁর কামনা, তেমনি তাঁর রুতু; য়েমন তাঁর রুতু, তেমনি কর্মাই করেন তিনি; আবার য়েমন কর্মা করেন, তেমনি (ফলই) পান।...কর্মোর* দ্বারা সম্ভ হয়ে লিঙগশরীরে সেইখানে মান তিনি, তাঁর মন য়েখানে রয়েছে নিমন্ত। তারপর সেই কর্মোর অল্ডে পেপছে অর্থাৎ য়া-কিছ্, এখানে করেন তিনি—তার শেষে, ওই লোক হতে আবার আসেন এই লোকে কর্মোর জ্পনে।

—বৃহদারণাক উপনিষদ (৪।৪।৫,৬)

গ্ণান্বয়ে য: ফলকর্মকর্তা কৃতস্য তলৈবে স চোপছোরা।
...প্রাণাধিপঃ সঞ্চরতি প্রকর্মনিঃ

সংকলপাহত্কারসমন্বিতো য:।
ব্বেধগর্ণেনাস্থাগ্নেন চৈব...দৃত্টঃ
বালাপ্রশত্তাগাস্য শতধা ক্লিপ্তস্য চ।
ভাগো জ্বীবঃ স বিজ্ঞেয় স: চানন্তায় কলপতে ॥
নৈব স্থা ন প্রানেব ন চৈবায়ং নপ্রেসকঃ।
বদ্যাজ্বীরমাদতে তেন তেন স ব্জেতে ॥

শ্ৰেতাশ্ৰতরোপনিষং, ৫ ৷৭-১০

গ্লোন্বিত এবং কর্মা ও ফলের কর্তা হয়ে সেই কৃতকর্মোর ফল তিনি করেন উপ-ভোগ; প্রাণাধিপ তিনি, সম্বরণ করেন নিজের কর্মা অনুসারে। সম্কল্প এবং অহুম্কার-

* উপনিবদের এই শেলাকের মতে ইছজন্মের কর্ম সমাপ্ত হয় লোকান্তরে—কর্মফলের বিপাকন্বারা; তারপর জাব আবার প্থিবীতে আসে নতুন কর্মের জনা। প্থিবীর জন্ম ও কর্ম, লোকান্তরে গতি, আবার এই প্থিবীতে ফিরে আসা—এ-সমন্তেরই ম্লে আছে জাবৈর নিজের চেতনা সংক্রপ ও কামনা।

সমন্বিত তিনি, বৃদ্ধির গুলুণ ও আত্মার গুলুণ দিয়ে তাঁকে যায় জানা। কেশাগ্র-শতভাগের শতভাগ যে-জাঁব, তিনিই হন আনন্তোর যোগ্য। তিনি স্থা নন, প্রেব্ নন—নপ্ংসকও নন তিনি; যে-যে শরীরকে আপন বলে গ্রহণ করেন তিনি, তারই সংগ্য হন যুক্ত।

—শ্বেতাশ্বতর উপনিষদ (৫।৭-১০)

মতাসং সক্তো অমৃতত্মানশুঃ ॥

अर्थेक २ १२२० १८

মত্য হয়েও অমৃতত্বকে পেলেন তাঁরা।

—খণেবদ (১।১১০।৪)

জন্মান্তর সম্পর্কে আমাদের প্রথম সিম্ধান্ত তাহলে এই : পার্থিবপ্রকৃতিতে চিদভিব্যক্তির যে পর্ব্য আক্তি ও সাধনা নিহিত রয়েছে, তার
অপরিহার্য পরিণামর্পে জীব বারবার পার্থিবশরীরে ফিরে আসে। কিন্তু
এই সিম্ধান্তের অনুষ্ঠেগ আরও কডগর্লি সমস্যা এবং অনুসিম্ধান্ত জাগে,
যাদের বিশদভাবে আলোচনা করা এখন আবশ্যক। প্রথম প্রশ্ন, জন্মান্তরের
কি কি ধারা? মৃত্যুর অব্যবহিত পরে জন্মান্তর না ঘটলে একই ব্যক্তির
জীবনধারায় একটা অবিচ্ছিল্ল পরম্পরা বজায় থাকে না; তখন মৃত্যু আর
পর্নজন্মের মধ্যে খানিকটা অবকাশ মানতে হয়। এই অবকাশের সময়টাতে
জীব লোকান্তরে থাকে। তখন প্রশ্ন ওঠে, জীবের লোকান্তরসংক্রমণের কি
তত্ত্ব বা কি রীতি? আবার এই প্রথিবীতেই-বা সে ফিরে আসে কেমন করে?
শেষ প্রশ্ন এই : জীবের চিন্ময় পরিণামেরই-বা কি ধারা? জন্ম-জন্মান্তরের
ভিতর দিয়ে সংসারাভিযাত্রী জীবের প্রকৃতিতে যে-বিপরিণাম ঘটে, তারই-বা
নর্প কি?

জড়বিশ্বের অভিব্যক্তিতেই লোকস্থি যদি নিঃশোষত হত, অথবা জড়বিশ্ব যদি একটা স্বয়ংতদ্র অসম্প্ত লোক মাত্র হত, তাহলে প্রকৃতিপরিণামের অংগীভূত জম্মান্তরের একমাত্র ধারা হত দেহান্তরপ্রাপ্তির একটা অবিচ্ছিল্ল পরম্পরা। অর্থাৎ মৃত্যুর পরক্ষণে এই পৃথিবীতেই আবার জীবের জন্ম হত —মরণ আর প্রশ্জন্মের মধ্যে কোনও অবকাশ থাকত না। তথন জন্মান্তর হত জড়প্রকৃতির একটা অপরিহার্য গতান্গতিক পরিণামের নিরবচ্ছিল্ল অন্বৃত্তি—জীবের উপসংক্রান্তি হত তার সমান্তরাল একটা চিদ্ব্যাপার মাত্র। জড়ের কবল হতে জীব আর ছাড়া পেত না তথন। দেহযদেত্রর সঞ্চো তার সংযোজন হত চিরন্তন, কেননা তার অবিচ্ছেদ আত্মাভিব্যক্তির একমাত্র সাধন হত দেহ। কিন্তু আমরা জানি, একথা সত্য নয়। মৃত্যু ও প্রকর্জনের মধ্যে লোকান্তর-স্থিতির একটা অবকাশ আছে, যাকে বলতে পারি একাধারে বিগত জীবনের জের এবং অনাগত পার্থিব জন্মের প্রস্তৃতি। এই পার্থিবলোকের সংগে জিডুরে আছে লোকান্তরের একটা পরন্পরা—ভূলোক যার সর্বকনিন্ট

পর্বমাত। স্থালের 'পরে স্ক্র্যুলোকের একটা অনতিবর্তনীয় অন্ভাব নিয়ত সংক্রামিত হচ্ছে, কেননা দ্রের মধ্যে নিগ্র্ড যোগাযোগ এবং আদানপ্রদানের কোনকালেই বিরতি ঘটছে না। লোকান্তরসম্হ মান্বের জ্নভবের বাইরেও নয়। অবস্থাবিশেষে এই দেহে থেকেই সে নিজের চেতনাকে তাদের ভূমিতে থানিকটা উৎক্রিপ্ত করতে পারে—মৃত্যুর পর বিদেহ অবস্থায় আরও ভাল করে পারে। এখানে থাকতেই আত্মসংক্রামণের সামর্থ্য যদি তার আয়ত্ত হয়ে থাকে, তাহলে মৃত্যুর অব্যবহিত পরে জীবাত্মার লোকান্তরে উৎক্রান্তি বা উৎক্রেপ একটা সহজ ও স্বতঃস্ফ্রত পরিণতির্পে দেখা দিতে পারে। নইলে এ হয়তো কালিক পরিণামের একটা অপেক্ষা রাখে। কারণ অসংস্কৃত ও অপরিণত জীবাত্মার পক্ষে প্রাণলোক বা মনোলোকের বৃহত্তর ভূমিতে তার অমার্জিত প্রাণ-মনকে নিয়ে যাওয়া সম্ভব নয়। স্তরাং বাধ্য হয়ে মৃত্যুর সংজ্যে-সঙ্গে তাকে এই প্যার্থবিলোকেই দেহান্তর-সংক্রমণের পথ ধরতে হয় — কেননা এছাড়া বর্তমানে আত্মভাবের অন্ব্রতি আর-কোনও উপায়ে তার পক্ষে

মৃত্যু আর জন্মান্তরের মধ্যে একটা অবকাশ ও লোকান্তর-গতির দুটি কারণ থাকতে পারে। প্রথমত, মানুষের প্রকৃতিতে বহুভাবের সংসূষ্টি আছে। তার মধ্যে তার প্রাণময় ও মনোময় সত্তা উধর্বলোকের সগোত্র, অতএব তাব প্রতি এদের একটা আকর্ষণ থাকা খুবই স্বাভাবিক। দ্বিতীয়ত, মান্বের বিগত জীবনের ভাবসমুখ্টির পরিপাক এবং অনাবশ্যক ভাবের বর্জনম্বারা নতুন দেহে প্রথিবীতে নতুন করে ফিরে আসবার একটা প্রস্তৃতি—এর জনোও মৃত্যুর পর একটা অবকাশের সার্থকতাই শৃধ্ব নয়, প্রয়োজনও আছে বিশেষ করে। কিন্তু জড়াসক্ত অর্ধ পশ্ম মানবের মধ্যে প্রাণ ও মনের স্বকীয়তা একটা বিশিষ্ট রূপ না ধরা পর্যন্ত উধর্বলোকের এই আকর্ষণ অথবা অতীতের পরি-পাক কোনটাই কার্যকরী হতে পারে না—এমন-কি তাদের অহ্নিতত্ব অথবা ম্পন্দনের কোনও চেতনাও হয়তো তার মধ্যে থাকে না। যে-মান্য অর্ধ-পশ্র, তার জীবনে আছে অমার্জিত অন্তবের আদিম সারলা। তার প্রাকৃত সত্ত্ত এমনই অপরিপক্ক যে চিত্তপরিপাকের জটিলতার মধ্যে প্রবেশ করবার সাধ্য তার নাই। ভাছাড়া ঊধর্বলেকের আকর্ষণে সাড়া দেবার মত আধারের উত্তমাণগর্গালও তার ভাল করে এখনও ফোর্টেন। এ-অবস্থায় উধর্বলোকের সংগ যোগাযোগ না থাকায় প্রাক্তারে একমাত্র অর্থ হতে পারে—দেহান্তর-সংক্রমণের একটা অবিচ্ছিন্ন পরম্পরামাত্ত। তখন লোকান্তরের অস্তিত এবং আত্মার উৎক্রান্তি ও লোকান্তরবাস দুইই অসার্থক এবং নিষ্প্রয়োজন। কেউ-কেউ মনে করেন, উৎফ্রান্তি সকল জীবাত্মার পক্ষেই একটা অপরিহার্য বিধান, সত্তরাং মৃত্যুর সঙ্গো-সঙ্গোই কারও দেহান্তর-সংক্রমণ ঘটে না। নতুন দেহ

নিয়ে অন্ভবের নতুন রাজ্যে অবতীর্ণ হবার প্রে প্রস্কৃতির একটা অবকাশ জীবাত্মার পক্ষে একাশ্ত প্রয়োজন। দুটি মতের মধ্যে একটা রফা হতে পারে : জীবাত্মা যতক্ষণ ঊধর্বলাকে বাস করবার মত পরিপক্তা লাভ না করছে, ততক্ষণ তার জন্য অব্যবহিত দেহান্তর-সংক্রমণের ব্যক্ত্যা : আর পরিপকদশায় ঘটে তার উৎক্রান্তি। তৃতীয় একটা সম্ভাবনার কথাও কেউ-কেউ বলেন : কারও-কারও আধ্যাত্মিক প্রাণ্ট এত দ্রুত ও বীর্যশালী হয়, চিন্ময় বিদ্যুতে তার সকল আধার এমনি ভরে ওঠে যে, লোকান্তরে কালক্ষেপণ তার পক্ষে আনাবশ্যক হয়। স্কৃতরাং তার উধর্বপরিণাম যাতে অযথা না বিলম্বিত হয়, তার জন্যে মৃত্যুর পরেই তার জন্মান্তর ঘটে।

যেসব ধর্ম জন্মান্তর মানে, তাদের আওতার সাধারণের মধ্যে কতগর্বল অযৌক্তিক ধারণার সৃষ্টি হয়েছে। প্রাকৃতচিত্তের স্বাভাবিক সংস্কারম্ভতা-বশত তাদের সামঞ্জস্য সাধনের চেষ্টাও কেউ করে না। একটা অস্পন্ট অথচ বেশ ব্যাপক ধারণা এই যে. বলতে গেলে মৃত্যুর পরেই জীবাত্মার দেহান্তর-প্রাপ্তি ঘটে। অথচ শাস্ত্রের সিন্ধান্ত, ইহলোকে অনুষ্ঠিত পাপ-প্রণোর ফলে মৃত্যুর পরে কিছ্মকাল তাকে স্বর্গে নরকে বা অন্য-কোনও লোকে থাকতে হয়। ভোগশ্বারা পাপ-প্রণা ক্ষীণ হয়ে আবার যখন জীবের মর্তা-বাসের সময় হয়, তখনই সে পৃথিবীতে ফিরে আসে। দুটি মতের বিরোধ ঘোচে, যদি বলি প্রকৃতি-স্থ প্রেষের অধ্যাত্মপরিণামের তারতম্যবশত উৎ-ক্রান্তিরও উচ্চাব্চতা ঘটে। অর্থাৎ সব-কিছ্ব নির্ভর করবে, পার্থিবজীবনকে ছাড়িয়ে ওঠবার যার যতখানি সামর্থ্য হয়েছে তার 'পরে। কিন্তু প্রচলিত জন্মান্তরবাদে অধ্যাত্মপরিণামের কথাটা তেমন স্কেশত নয়। তার মধ্যে আভাসে এইট্-কু স্বীকৃতি আছে যে, জীবাত্মাকে এমন-একটা জায়গায় পে'ছিতে হবে, যেখান থেকে প্রনর্জ দেমর সম্ভাবনাকে অতিক্রম করে তার শাশ্বত স্বধামে সে ফিরে যেতে পারে। কিন্তু অনাব্ত্তির বিন্দ্বতে পে'ছিবার পথে অধ্যাত্ম-পরিণামের একটা সোপানায়িত কম বদি না থাকে, তাহলে এলোমেলো আঁকা-বাঁকা পথেও তো সেখানে ওঠা চলে। তার ফলে, আমাদের কাছে উৎদ্রান্তির রীতি হয় দুবেশিধ। অবশ্য এ সমস্যার নিশ্চিত সমাধান হবে অধ্যাত্ম অনুভব ও **গবেষণা হতে—জল্পনা দিয়ে নয়। ব্তিক-বৃ**দ্ধি দিয়ে শৃংধ্ এই বিচারই চলতে পারে, মৃত্যুর পর অব্যবহিত দেহান্তরপ্রাপ্তি, কিংবা লোকান্তরে বিপ্রামের পর স্বকায়কৃৎ জীবসত্ত্বের নবকলেবর ধারণ—এ-দ্টির মধ্যে জীবাত্মার কোন্ গতিটি স্বাভাবিক বা পরিজ্ঞাত বিশ্ববিধানের অন্ক্ল।

সপ্তলোক ওতপ্রোত ও অন্যোন্যনির্ভর হয়ে রয়েছে এবং আমাদের অধ্যাত্ম-পরিণামও এই লোকসংস্থানের সংগ্য জড়িয়ে আছে। তাইতে তত্ত্ব না হলেও কার্যত জীবাত্মার লোকান্তরে অবস্থান আবস্যক হয়ে পড়ে। প্থিবীর তীর

আকর্ষণে অথবা পরিণমামানা প্রকৃতির অতিরিক্ত স্থল্জত্বশত এ-ব্যবস্থার সাময়িক ব্যতিক্রম হওয়া অবশ্য অসম্ভব নয়। উত্তরায়ণের পথে কোনও জীব একবার মন্ব্যযোনিতে জন্মগ্রহণ করবার পর, মন্ব্যপ্রকৃতিকে প্ররাপর্নর আয়ত্ত করতে বারবার তাকে মান্য হয়েই যে জন্মাতে হবে, অমাদের এ-ধারণা অর্যোক্তিক নয়। কারণ জীবাদ্মাকে ভূলোকের এক দতর হতে আরেক দতরে উৎক্রান্ত হয়ে অবশেষে মানুষের দ্তরে যথন পেশছতে হয়, তখন আত্মপ্রকৃতির পূর্ণ পরিণতির জনাই বারবার মনুষ্যযোনিতে জন্মানো কি তার একান্ত আবশ্যক নয় ? একবারমাত্র স্বম্পকালের জন্য প্রথিবীতে মান্ত্র হয়ে আসাটা কি তার অধ্যাত্ম-পরিণামের পক্ষে পর্যাপ্ত বলে গণ্য হবে? মনুষ্যত্বস্ফুরণের প্রথম পর্বে মন্ষ্যযোনিতে আর্বার্তত হবার সময় কিছ্কাল ধরে মৃত্যুর অব্য-র্বাহত পরেই দেহান্তর-সংক্রমণ জীবাত্মার পক্ষে সপ্রয়োজন মনে হতে পারে। হয়তো প্রাণবৃত্তির নিবৃত্তি বা উৎক্রান্তির সংশে-সংগে দেহরূপ ভৌতিক সং-ঘাতটি যেই ভেঙে পড়ে, অর্মান মানবদেহেই জীবাত্মার নতুন করে জন্ম হয়। কিন্তু এমনতর অব্যবহিত জন্মান্তরদ্বারা অধ্যাত্মপরিণামের কোন্ প্রয়োজন সিম্ধ হবে ? মানুষের অন্তর্গ ্য় জীবসত্ত্ব নয়—কিন্তু প্রকৃতির উপাপ্রিত তার চিত্তসত্ত বা জীবভাবনা যদি অপরিণত অবস্থায় থাকে অর্থাৎ এই জন্মের দেহ-প্রাণ-মনের অভ্যন্ত সংস্কারের অনুবৃত্তি ছাড়া আত্মভাবকে টিকিয়ে রাখা তার পক্ষে যদি অসম্ভব হয়, তাহলে লোকান্তরে অবকাশযাপন হয়তো নিষ্প্রয়োজন হবে। কারণ তখনও মান্ম স্বপ্রতিষ্ঠ হয়নি বলে, প্রাণ-মনের অতীত সংঘাতকে বর্জান করে লোকান্তরে থেকে নতুন সংঘাত গড়ে তোলা ইয়তো তার সাধ্যে কুলবে না। অতএব মৃত্যুর পরেই অপরিপ্র্ণু ব্যক্তিসত্ত্বকে অভ্যস্ত খাতে বইয়ে দিতে নতুন দেহ নেওয়া ছাড়া তার উপায় নাই।...কিন্তু জীবাত্মা একবার যদি মন্যাকোটিতে পেশছতে পারে, তাহলে তার চিত্তসত্ত এমন অপরিপ্রুট অবস্থায় থাকে কিনা সন্দেহ—কেননা ব্যণ্টিভাবনায় জীবের খুব আঁট না থাকলে তার মধ্যে মান্ষী চেতনার উদ্মেষ হওয়া অসম্ভব। মান্ষ যত নিম্নস্তরের হ'ক, তব্ সে মনোময় জীবসত্ত। তার মন হয়তো নিতান্ত অপরিণত, অল্লময় ও প্রাণময় চেতনার স্থাল আড়ন্টতায় খর্ব ও সর্জ্কচিত—হয়তো আত্মর্পায়ণের অবরমায়া হতে নিজেকে মৃক্ত করবার ইচ্ছা বা সাধ্য কোনটাই তার নাই। তব্ মান্য যে মনোলোকের জীব-এতে কোনও ভুল নাই। অতএব অব্যবহিত দেহান্তরসংক্রমণ তার পক্ষে অন্তিবর্তনীয় বিধান হতে পারে না।...অথচ একথাও অনস্বীকার্য যে, ক্ষেত্রবিশেষে তাও মানুষের পক্ষে অসম্ভব নয়। কখনও হয়তো পার্থিব স্তরের আকর্ষণ এতই দুর্বার হয় যে আবার তাকে সদ্য-সদ্য প্থিবীতে ফিরে আসতে হয়, কেননা তার প্রাকৃত আধার তখনও প্রথিবী ছাড়া আর-কোনও উধর্বস্তরে থাকবার যোগ্যতা বা স্বাচ্ছন্দ্য অর্জন করেনি।

কথনও-বা মর্ত্যের ভোগ তার এতই দ্বল্পায়্র্যে, তার অন্ব্রন্তির জন্যই আবার তাকে আর-কোথাও কালক্ষেপ না করে এখানে ফিরতে হয়। প্রকৃতির জটিল জালে এমন কত গ্রন্থিই হয়তো আছে—কোথাও অনতিবর্তনীয় প্রয়োজনের তাড়া. কোথাও-বা অজানা কোনও অধঃশক্তির আকর্ষণ। তাইতে দ্র্দম পার্থিব বাসনার ক্ষিপ্রসিদ্ধির আক্তিত একই ব্যক্তিসভাকে লোকান্তরে বিশ্রামের অব-কাশ না দিয়ে নতুন দেহে টেনে নামায়।...তব্ চিংপরিণামের ফলে জীবসত্ত্ব একবার যদি মন্বাকোটিতে পেশছয়, তাহলে জন্মান্তরে শ্ব্র্থ দেহান্তরপ্রাপ্তি ঘটবে না কিন্তু একটা অভিনব ব্যক্তিত্বসম্পন্ন প্রব্র্বর্পে তার আবির্ভাব হবে —এইটাই সংগত ও স্বাভাবিক।

কারণ চৈতাসন্তার পরিপর্নিটর সংগে-সংগে আত্মপ্রকৃতির র্পায়ণে প্রেষের যেমন যথেষ্ট বশীকার জন্মাবে, তেমনি প্রাণময় ও মনোময় সন্তার বৈশিষ্ট্যকে স্বপ্রতিষ্ঠ করবার সামর্থাও দেখা দেবে। অতএব স্থ্লদেহ-নিরপেক্ষ হয়েও, জড়ভূমি ও জড়জীবনের প্রতি দুর্বার অত্যাসক্তিকে বর্জন করে স্বকীয় জীব-ভাবকে টিকিয়ে রাথা তার পক্ষে তখন অসম্ভব হবে না। ভূতস্ক্ষ্মের উপাশ্রিত লি॰গদেহকে আমরা অন্তরপ্র্যের বিশিষ্ট কোশ বা আধার বলে জানি। এই লিঙ্গদেহকে আশ্রয় করে চৈতাপ্রেষ মৃত্যুর পর স্থলে দেহ হতে প্রাণ ও মনকে নিয়ে লোকান্তরের পথে বেরিয়ে পড়েন। জীবভাবের ক্রমিক প্রবিষ্টতে এই চৈত্যসত্তা ও লিঙ্গদেহ দ্বয়েরই পর্বাষ্ট হয় এবং তাদের লোকান্তর সংক্রমণের সামর্থ্যও বাড়ে। কিন্তু প্রাণলোকে ও মনোলোকে স্বচ্ছন্দে উৎ-ক্রমণের জন্য জীবের প্রাণসত্ত্ব এবং মনঃসত্ত্বেরও ষথেন্ট পর্বান্ট ও সংহতি আবশ্যক, যাতে ঊধর্বলোকে গিয়ে দীর্ঘকাল তারা বিস্তুস্ত না হয়ে টিকে থাকতে পারে। অতএব চৈত্যসত্তার যথাযোগ্য পরিণতি, লিঙ্গদেহের পরিপর্নিণ্ট এবং প্রাণ ও মনঃসত্ত্বের উপযুক্ত সংহতি—এতগুলি নিমিত্তের যোগাযোগে মৃত্যুর পরেই দেহান্তর-সংক্রমণ না হয়ে জীবাত্মার লোকান্তরস্থিতি সম্ভব হবে এবং ঊধর্ব-লোকের আকর্ষণ তার পক্ষে কার্যকরী হবে। কিন্তু শ্বধ্ব এইট্কু বাকস্থা থাকলে, একই প্রাণ- ও মনঃ-সত্ত নিয়ে জীব আবার প্রথিবীতে ফিরে আসবে— প্রনর্জক্ষের দর্ন তার আত্মপ্রকৃতির কোনও স্বচ্ছন্দ পরিণাম ঘটবে না। অতএব লোকান্তরস্থিতির ফলে চাই চৈতাসত্তারও বিশিষ্ট পরিণাম, যাতে অতীতের দেহের মত প্রাণ-মনের অতীত র্পায়ণকেও বর্জন করে নতুন জন্মে সবরকমে নতুন একটা আয়তন সে গড়ে তুলতে পারে। এইভাবে অতীতের বর্জন আর অনাগতের প্রস্তৃতির জন্যই জীবাত্মাকে মৃত্যু ও প্রনর্জন্মের মাঝে খানিকটা সময় ভূলোকের অভ্যস্ত পরিবেশ ছেড়ে লোকান্তরে বাস করতে হয়, কারণ ভূলোক কোনমতেই বিদেহী জীবাত্মার স্থায়ী বাসভূমি হতে পারে না। ভূলোকের সন্মিহিত এবং তার অম্তঃপাতী প্রাণ ও মনের সক্ষ্মেস্তরে কিছ্কোল সে বাস করতে পারে বটে, কিন্তু পার্থিব আকর্ষণ নিতান্ত প্রবল না হলে দীর্ঘ-কাল সেখানে অবস্থান করাও তার সম্ভব নয়। জড়দেহ ছাড়বার পরেও জীবাত্মাকে টিকতে হলে অবশ্য জড়োত্তর ভূমিতেই থকেতে হবে। সে-ভূমি হয়তো হবে অধ্যাত্মপরিণামের অন্ক্ল কোনও স্ক্ষালোক। অথবা অধ্যাত্ম-পরিণামের প্রয়োজন না থাকলে সে হবে মরণ ও জন্মান্তরের অন্তরালে আত্মার একটা স্বাভাবিক বিশ্রামভূমি। কিংবা সে হবে তার চিরবাঞ্ছিত পরম ধাম, যেখান থেকে তাকে আর মর্ত্যপ্রকৃতির কোলে ফিরতে হবে না।

তাহলে জডোত্তর ভূমির কোন স্তরে জীবের পান্থশালা বা তার অন্যতর আবাসম্থান হবে ? হয়তো মনোময় লোকের কোনও দতর মানুষের অমর্ত্য আবাসভূমি হতে পারে। কেননা মনোময় জীব বলে মানুষের আধারে যে-মনোলোকের আকর্ষণ সারাজীবন ক্রিয়া করেছে, মৃত্যুর পর দেহাসক্তির বাধা দরে হওয়াতে তার শক্তিই প্রবল হবে। তাছাডা মনোময় জীবের পক্ষে মনো-লোকই যে তার নিবাসভূমি, এই কি স্বাভাবিক নয় ? কিন্ত এ-সম্ভাবনাকে দ্বতঃসিন্ধ বলতে পারি না, কেননা মানুষের আধার বিচিত্র উপাদানে গড়া। তার মনোময় সত্তাকে জড়িয়ে আছে প্রাণময় সত্তা—এমন-কি অনেকসময় মনের চেয়ে প্রাণেরই প্রভাব তার 'পরে বেশী। তাছাডা মনের পিছনে আছে জীবাত্মা, মন যার প্রতিভূমার। তারও পরে তাকে ঘিরে আছে স্ক্রেলোকের বহ আবেষ্টন—জীবাত্মাকে দ্বধামে পের্ণছতে হলে যাদের পার হয়ে যেতেই হবে। আবার ভূলোকের কাছাকাছি ক্রমস্ক্র্যু কতগুলি স্তর আছে—তাদের বলতে পারি জডজগতেরই প্রাণ- ও মনো-ধর্মস্পৃষ্ট কতকগুর্নল উপভূমি। এরা জড়-জগংকে ঘিরে জড আর জডোত্তরের মাঝে সেত্রপে ওতপ্রোত হয়ে আছে। মনঃসত্তের অপরিণত অবস্থায় জীব যথন প্রাণ-মনের জড়ক্রিয়াতেই অভ্যস্ত, তখন মতার পর এইসব অবান্তর-লোকে আটকে পড়াও তার অসম্ভব নয়। এমন-কি মরণ আর প্রনর্জন্মের অবকাশট্যকু শুধু এইখানেই সে কাটিয়ে দিতে পারে—যদিও সচরাচর এমনটি ঘটবার কথা নয়। তবে কখনও যদি পার্থিব-জীবনের আকর্ষণ এতই প্রবল হয় যে জীবের স্বাভাবিক ঊধর্বগতিকে তা নির্ম্থ বা ব্যাহত করে, তাহলে এইখানে সে আটকে যেতেও পারে। কারণ সাধারণত জীবাত্মার পারলোকিক স্থিতি নির্পেত হয় তার ঐহিক পরিণতির পরিমাণশ্বারা। পথ ভূলে মর্ত্যাম্পতিতে নেমে কিছুকাল এখানে কাটিয়ে মৃত্যুর পর অবারিত ঊধর্বপ্রয়াণ লোকান্তরগতির তাৎপর্য নয়। তার সার্থকতা জড়ের গহন হতে চিংশক্তির অতিমন্থর ও দুরুহ উধর্বায়নকে সহজ করবার জন্য জীবাত্মাকে বারবার বিশ্রাম ও শক্তিসগুয়নের অবকাশ দেওয়াতে। পার্থিব-পরিণামের সঙ্গো-সঙ্গোই ঊধর্বলোক আর মান্যবের মধ্যে একটা সম্বন্ধ স্থাপিত হয়—যা তার লোকান্তরস্থিতির মুখা নিয়ন্তা। উধর্বলোকের এই নিগড়ে

প্রভাবই মান্ব্যের মরণোত্তর পথের দিশারী—কোথায় কতকাল কিভাবে সে কাটাবে তার ব্যবস্থাপক।

মৃত্যুর পরে এখানকার অভ্যস্ত সংস্কাব বা বিশিষ্ট আক্তির দ্বারা সৃষ্ট পারলৌকিক উপান্তভূমিতেও মান্বের কিছ্কাল কাটতে পারে। উধর্বলোকের কোনও তত্ত্বকে আশ্রয় করে কল্পনার্শান্তির বলে মানুষ প্রাপ্রার একটা লোক-সংস্থান স্থি করতে পারে—একথা প্রেই বলেছি। তীর বাসনার **বশে** অতিবাস্তববং কামলোকের তার পক্ষে স্বিটও অসম্ভব নয়। স্বকিপত হলেও এইসব লোকের বাস্তবতা তাকে অভিভূত করে মৃত্যুর পর একটা কৃত্রিম আবেণ্টনীর মধ্যে কিছুকাল বন্দী করে রাখতে পারে। মনুষামনের ষে র পকৃৎ কল্পনাশক্তি ইহজীবনে ছিল তার জ্ঞানার্জন ও জীবনশিল্প-সাধনার সহায় মাত্র, ঊধর্বলোকে সেই কল্পনাই অবাধে বিস্ফ্রিত হয়ে মানসী স্ছিটর সামর্থ্য লাভ করে। অধ্যাত্মশক্তির সংবেগে যতদিন এই কল্পলোকের মায়া ভেঙে না পড়ছে. ততদিন তাব কর্বালত হয়ে কাল কাটানো জীবাত্মার পক্ষে আশ্চর্য নয়। এমনতর কল্পকৃতিকে বলা চলে জীবনশিলেপর একটা বৃহত্তর সাধনা। এর মধ্যে প্রাণলোক কি মনোলোকের কোনও তত্তকে ভূলোকের অন্ভবে র্পান্তরিত করে প্রাণন-শক্তির নিম ্কু বীংর জীবাত্মা তাকে এমন বিরাট ও দীর্ঘায়িত করে তোলে যে, অবশেষে তাকে অপার্থিব বলেই তার ধারণা হয়। এমনি করে জড়াপ্রিত প্রাণের স্বখদঃথেব উদ্বেলনকে জড়োত্তর ভূমিতে উত্তীর্ণ করে সে তাদের পরিপূর্ণ ও দীর্ঘবিলম্বিত অবাধ আপ্যায়ন ঘটায়। অতএব জড়োত্তর ভূমির অন্তর্গত হলেও এইসব কম্পলোককে অবিশংখ প্রাণের অথবা অবর-মনেরই উপান্তা ভূমির্পে গণা করতে হবে।

কিন্তু এছাড়াও আছে শ্রুণ প্রাণলোক—নিন্বপ্রাণের যারা স্বধাম এবং তার আদাকৃতি ও সংহত পরিণাম। তারা বিশ্বমন্ডর প্রাণাত্মপর্ব্বেষর স্বভাবছন্দের লীলাভূমি। ভূলোকে প্রাণেব উল্লাস যদি জীবাত্মাকে অতিমান্তায় প্রভাবিত কবে থাকে, তাহলে প্রাণলোকেব সহজ ও অন্কুল আকর্ষণে এখানেও কিছ্কুলাল তার স্পিতি হতে পারে—কেননা ইহলোকে জীব যার কর্বালত ছিল পরলোকেও তারই কর্বালত হওয়া তার পক্ষে স্বাভাবিক। ভূলোকের উপান্তে বা কল্পলোকে বাস উধর্বপ্রযাতীর পক্ষে একটা সংক্রাভিকপর্বমান, কারণ সত্যকার জড়োত্তর লোকের প্রতিই তার চেতনার নিগ্রুত আকর্ষণ। মৃত্যুর অব্যবহিত 'পরে যেমন উধর্বলোকে তার উৎক্রান্তি হতে পারে, তেমনি উধর্বসংক্রমণের ভূমিকার্পে ভূতস্ক্রময় পরিবেশেও তার কিছ্নিন কাটতে পারে। এই স্ক্রমু পরিবশকে তখন পাথিবিজীবনের অন্কৃত্তি কলে তার ধারণা হয়। শ্রম্ব্রথমানকার স্ক্র্যুত্র উপাদানের গ্রেণ তার স্বাতন্ত্য অনেকটা অব্যাহত এবং মন প্রাণ আর স্ক্র্যুক্রীরের প্রবৃত্তি স্বচ্ছন্দ ও আনন্দময় হয়।…

ভূতস্ক্রময় লোক ও প্রাণলোকের ওপারে আছে মনোময় বা চিন্ময়-লোকের পরম্পরা। গতি মনোময় এসব লোকে কিংবা স্থিতি জীবাত্মার মৃত্যু ও জ**ন্মের মাঝে যোজক হতে পারে।** কিন্ত ভূলোকে থাকতেই মন বা চৈত্যসত্তার যথেষ্ট পর্বিষ্ট না হলে এখানে এসে জীবের কোনও সংজ্ঞা থাকে না। সাধারণত এইসমস্ত ভূমিতে অন্তরাভব-স্থিতিই মান,ষের পক্ষে চরম স্কৃতি। কেননা মর্ত্যভূমিতে মনের সীমা যে ছাড়িয়ে যেতে পারেনি, বিদেহ অবস্থায় অধিমানস কি অতিমানস ভূমিতে আরোহণ করা তার সাধ্যের বাইরে। সাধনার ফলে মনোভূমি হতে উৎক্ষিপ্ত হয়ে এইসব লোকোত্তর ভূমিতে আরু চু হওয়া জীবাত্মার পক্ষে অসম্ভব নয়। কিন্তু তখন, মত্যভূমিতে জড়ের চিন্ময় পরিণামন্বারা অধিমানস বা অতিমানস জীবনের আবিভাব যতদিন না হচ্ছে, ততদিন সেখান থেকে তার প্রনরাব্তি নাও ঘটতে পাবে।

কিন্তু তব্ স্বভাবের নিয়মে মনোময় ভূমি পর্যন্তই যে মান্বের মরণোত্তর গতি সীমিত থাকবে, একথা সম্ভবত সত্য নয়। কারণ মান্য শৃংধ্ব মনোময় নয়—সে চিন্ময়ও। জন্ম-মরণের পথে আনাগোনা করে চৈত্যপরেষই—মন নয়। মনোময়পুরুষ চৈত্যপুরুষের আত্মবিভাবনার একটা বিশিষ্ট ভঙ্গিমার। স্কুতরাং শেষপর্যন্ত জীব মনোলোকের উধের চৈত্যসত্তার শর্ম্বভূমিতে উত্তীর্ণ হয়েই জন্মান্তরের প্রতীক্ষায় থাকে এবং এইখানেই চলে তার অতীত অন্তবের পবিপাক ও অনাগত জীবনের প্রস্তৃতি। ভূলোকে যদি স্বাভাবিক রীতিতে মনের যথেষ্ট পরিণতি ঘটে থাকে, তাহলে মৃত্যুর পর জীবাত্মা একে-একে ভূতস্ক্রাম্য প্রাণময় ও মনোময় লোক পার হয়ে অবশেষে পেশছয় তার স্বধামে অর্থাৎ চৈত্যভূমিতে। প্রত্যেক লোকে সে অতিক্রান্ত জীবনের কালাবচ্ছিন্ন র্বাহশ্চর ও কুলিম ব্যক্তিভাবনার সংস্কারশেষ নিঃশেষে বর্জন করে চলে—উৎ-ক্রান্তির পথে অল্লময় কোশের মত প্রাণ-ময় ও মনোময় কোশকেও সে ঝেড়ে ফেলে। কিন্তু দেহ-প্রাণ-মনের সক্ষমভাবে ব্যক্তিসত্ত্বের উপজীব্যরূপে অন্তলনি আশয় হয়ে অথবা ভবিষ্যের স্ফারণোন্ম খ বীজরূপে তার অন্-বর্তন করে। মন যার অপরিণত, সচেতন অবস্থায় সে প্রাণলোকের ওপারে পেতে পারে না। স্বতরাং প্রাণময় স্বর্গ-নরক ভোগের পর হয় প্রাণলোক থেকেই তাকে ফিরতে হয় প্থিবীতে, নয়তো স্বভাবের নিয়মে অন্তরাভব-দশার বাকী সময়টুকু কাটে তার অন্তর্গাঢ় কর্মপরিপাকের যোগনিদ্রায় আচ্ছন্ন হয়ে। মৃত্যুর পর উধর্বভূমিতে সচেতন থাকা বিশেষ সাধনাসাপেক্ষ—একথা বলাই বাহুলা।

কিন্তু লোকান্তরস্থিতির এই বিবৃতি অধিচেতন ভূমির অন্ভবন্বারা সম্থিত এবং কার্যত তার সার্থকতা অপরিহার্য হুলেও, মান্বের তার্কিক মন

তাকে অনস্বীকার্য না বলে বলবে বিশ্বলীলার একটা সম্ভাবিত ছন্দোর প। প্রশ্ন হবে : তত্ত্বের দিক দিয়েই হ'ক বা প্রয়োজনের দিক দিয়েই হ'ক অন্তরাভব-হিথতিকে একটা অনতিবত'নীয় সিম্ধান্ত বলে মানবার পক্ষে কি যুক্তি আছে ? ...একটা যুক্তি খুবই দপষ্ট। উধর্বলোকের সঙ্গে পাথিবপরিণামের যে গভীর যোগ আছে এবং জীবচেতনার ঊধর্বপরিণামের সংগেও যে তাদের নিবিড় সম্পর্ক রয়েছে—একথা অস্বীকার করা যায় না। মানুষের প্রগতি সম্ভব হচ্ছে মর্ত্যভূমির 'পরে ঊধ_রলোকের নিগ**্**ঢ় শক্তিপাতের ফলে। অচিতি বা অবচেতনার গহনে সবই রয়েছে—কিন্তু রয়েছে বীজরূপে। তাদের বিকাশ ঘটে উপরের চাপে। জড়প্রকৃতির আধারে আমাদের যে প্রাণময় ও মনোময় পরিণাম চলছে, তার প্রগতিকে নিয়ন্তিত করবার জন্য উধর্ব হতে অবিচ্ছিল্ল শক্তিপাতের প্রয়োজন আছে। প্রাণ ও মনকে চার্রাদক হতে ঘিরে আছে অজ্ঞান ও অচেতন জডপ্রকৃতির অসাড বাধা। তাকে নিজিতি করে প্রগতির পূর্ণসংবেগকে কি আপন নিগা্ড় ঐশ্বর্যকে স্বচ্ছন্দে ফর্টিয়ে তোলবার জন্য চাই জড়োত্তর সগোত্র শক্তির অন্তর্গ ূঢ় অথচ অবিশ্রাম আবেশ ও আধারের এই নিগ্রে গোরসম্পর্কের প্রৈষা এবং অধারের পারার্থ্য প্রধানত আশ্রয় করে আমাদের অধিচেতন সত্তাকে—বহিঃসত্তাকে নয়। অধিচেতনাই আমাদের চিংশক্তির ভাশ্ডার। ওখান থেকে আমরা যে শুধু শক্তি আহরণ করি, তা নয়। অহরহ সংঘাতের ফলে আমাদের আধারে চেতনার যে স্ফ্রেণ হয়, তারও শক্তি সঞ্চিত এবং পুষ্ট হতে থাকে ওইখানে—বীর্যবত্তর ভবিষ্য-প্রকাশের উদ্যতি নিয়ে। অধিচেতনার সংখ্য বহিশ্চেতনার এমনিতর ফ্রিয়া-ব্যতিহার আছে বলেই, একবার জড়গ্রন্ত মনের অবরভূমিগর্মল পার হয়ে গেলে মানুষের জীবনে অধ্যাত্মপ্রগতি দুত্বিসপী হয়।

অন্তরাভবিদ্থিতিতেও এই আবেশ ও পারার্থ্য অব্যাহত থাকে। কারণ, বিগত জীবনের ঠিক শেষ অনুচ্ছেদ থেকে তারই অনুকৃত্তিকে নবজাতক জীবনের নতুন ধারা বলতে পারি না। নতুন জন্ম সর্বাদক দিয়েই নতুন—সে শুধু অতীতের বহিশ্চর সত্ত্ব ও প্রকৃতির গতানুগতিক অনুসৃতি নয়। তার মধ্যে আছে অতীত ভাব ও প্রেতির সমানয়ন পরিবর্জন ও পরিপ্রিট, অতীত বিত্তের নবীন বিন্যাস এবং অনাগতের জন্য অনুকৃল উপাদানের নির্বাচন: নইলে অভিনবের প্রবর্তনা সার্থক প্রগতির পথে এগিয়ে চলতে পারে না। প্রত্যেক জন্মই নতুন করে আমাদের যাত্রা শুরু, অতীতের পরিণাম হলেও সে তার মৃত্যুংশ্কারের অন্ধ অনুবর্তন নয়। প্রকর্ণম শুধু অন্তহীন প্রনরাবৃত্তি নয়—অবিচ্ছেদ প্রগতিই হল তার মম্ছেন্দ। চিন্ময় পরিণামের লীলায়নকৈ সার্থক করবার কৌশল সে। তার জন্যে আধারের উপকরণগ্রলিকে তেলে সাজবার যে-ব্যবন্ধা, বিশেষত অতীত ব্যক্তিসন্তার বহু দুর্ব্যর স্পন্দনকে

স্তব্ধ করবার যে-প্রয়োজন, তা ক্থনও মৃত্যুর পরে দেহ-প্রাণ-মনের প্রাক্তন তীব্রসংবেগের অবক্ষয় না ঘটলে সিন্ধ হতে পারে না। এই অবক্ষয় অথবা নতুন র্রীতিতে ব্রহনের জন্য, যে-ভূমির শক্তিপাতে সংবেগের উৎপত্তি সেই ভূমিতে গিয়ে অন্তর্ম**ুক্তি** বা ভারমোচনের সাধনা করতে হবে। কেননা সংবেগের পরিশীলন দ্বারাই তার অবক্ষয় সম্ভব—অতএব চেতনাকে তার সংস্কার হতে মুক্ত হয়ে নতুন ভাবে ভাবিত হবার জন্য সংবেগের জন্মভূমিতেই বাসা বাঁধতে হবে। তাছাড়া যখন অনুকূল উপাদানের সমাহরণদ্বারা নব-জন্মের ভূমিকারচনা ও তার প্রকৃতি-নির্পণ চৈতা-প্রেষের নির্দেশেই ঘটবে. তথন স্বধামে আত্মস্বরূপে বিশ্রান্ত হয়ে তিনি নিজের মধ্যে সকলকে সংহত করে প্রগতিনাটোর নতুন অঙ্কের প্রতীক্ষা করবেন—এই তো স্বাভাবিক। এইজনা মৃত্যুর পর একে-একে ভূতস্ক্র্যুলোক, প্রাণলোক ও মনোলোক পার হয়ে জীবাত্মাকে অবশেষে উত্তীর্ণ হতে হয় চৈত্যলোকে এবং সেখান হতে শুরু হয় তার মর্ত্যের অভিযান। এই ভূমিতেই তার পার্থিব উপাদানের সমাহরণ ও পরিপাক চলে এবং অন্তরাভবিস্থিতির এই আবেশে তারা মর্ত্যজীবনে সহজ হয়ে ফাটতে পায়। এমনি করে মানাষের নবজন্ম হয় দেহীর বিশিষ্ট চিৎ-পরিণামের একটা অভিনব ঊধর্বকণ্ডলী, অথবা তার সংহত শক্তির পরি-স্ফুরণের নবীন ক্ষেত্র।

যখন বলি, জীবাত্মা প্থিবীতে তার অল্লময় প্রাণময় মনোময় ও চিশ্মর সন্তাকে একে-একে ফ্রটিয়ে তুলছে, তখন তার অর্থ এ নয় যে এদের কোনও প্রাক্সন্তা ছিল না—এরা জীবাত্মার আনকোরা নতুন স্থিট। বরং এসমঙ্গত তার চিৎন্বভাবের বিভৃতি। তাদের প্রিসিন্ধ সন্তাকেই জড়প্রকৃতির আরোপিত নিমিন্ত-পরিবেশের মধ্যে সে স্ফ্রিরত করছে, এই তার কৃতিত্ব। তাই জীবাত্মার বিস্ভিতিতে দেখা দিল একটা কৃত্রিম ব্যক্তিসন্তার প্রথক্তেশ । বা ক্তৃত জড়ের ছলেদ ও জড়ের ভাষায় জীবের অল্তরাত্মারই র্পাল্তর। প্রপ্রিদের সিন্ধান্তে সায় দিয়ে বলতে হবে, মান্যের মধ্যে যে শ্র্য অল্ররসময় প্র্যুই আছেন তা নয়, তার মধ্যে নিবিষ্ট হয়ে আছেন প্রাণময় মনোময় চিতিময় অতিমানস ও পর-চিন্ময় প্র্যুষ্ও। মান্যের অধিচেতনায় অন্তর্গ, ঢ় কিংবা অতিচেতনায় অব্যাকৃত হয়ে আছে তাঁদের সমগ্র না হ'ক্ স্ম্বিপ্ল আবেশ ও প্রৈষার বৈদ্যুতী। সেই বীর্যবিভৃতিকে আধারের চিৎশক্তিতে জন্নালয়ে তোলা, তাদের অগোচর প্রভাবকে প্রাকৃতচেতনার গোচরীভূত করা—এই তো মান্যের তপস্যা। কিন্তু এসব অপ্রাকৃত শক্তি মর্ত্য আধারের নিবিষ্ট থাকলেও তাদের প্রত্যেকের একটা স্বধ্যম আছে এবং সেখানথেকেই

কৈরিবীয় উপনিষদ।

আমাদের উদ্মুখ অধিচেতনায় তাদের আবেশ বা নিয়ামিকা শক্তি নেমে আসে। অধ্যাত্মপ্রগতির সংগ্র-সংগ্র এই আবেশ ও পারার্থ্য সম্পর্কে ক্রমেই আমরা সচেতন হয়ে উঠি। যদি বলি, আত্মপরিগামের সচেতন সাধনায় এইসব অপ্রাকৃত শক্তির যতথানি উপচয় ঘটে, তার 'পরেই আমাদের অন্তরাভবিদ্পতির বৈশিষ্ট্য নির্ভার করে—যার মুলে রয়েছে মানুষের এই মর্ত্যাক্রমকে আশ্রয় করে প্রকৃতির উধর্বমুখী পরিগামের প্রেরণা, তাহলে কথাটা অযৌক্তিক হয় না। অবশ্য অন্তরাভবিদ্পতির ক্রম ও পরিবেশ অত্যন্ত জটিল। প্রচলিত ধর্ম-বিশ্বাস তার যেমন অতিসহজ ও নিরেট একটা বিবৃত্তি দিয়েছে, আসলে ব্যাপারটা তেমন সহজ নয়। তব্ একথা সত্য যে, আত্মার জড়দেহ ধারণের মুলে এবং তার ধরনধারনের সঙ্গো লোকান্তর্মান্থতির একটা গভীর সম্বন্ধ আছে। বন্দ্তুত বিশ্ব জনুড়ে পরিণাম ও ব্যতিষঙ্গের এক জটিল জাল বোনা রয়ৈছে—চিন্ময়ী মহাশক্তি যার গ্রন্থিযোজনা করেছেন আপন অন্তর্নিহিত প্রেতির ঋতচ্ছন্দের অনুসরণে, অনন্তর এই সান্ত-লীলার অপ্রাকৃত ন্যায়যুক্তির প্রবর্তনায়।

জীবাত্মার জন্মান্তর এবং সাময়িক লোকান্তর-গতির এই বিবৃতি যদি সত্য হয়, তাহলে এ-সম্পর্কে আমাদের আবহমান ধারণার সংস্কার করা আবশ্যক হয়ে পড়ে—কেননা এই দুষ্টিতে সমস্ত ব্যাপারটার মূলে দেখা দেয় নতুন একটা তাৎপর্য। জন্মান্তরের দুটি দিক আছে বলে সাধারণের ধারণা—একটা তাত্ত্বিক, আরেকটি নৈতিক। তত্ত্বত জম্মান্তর ঘটে আধ্যাত্মিক প্রয়োজনে, কিন্তু নীতির দিক থেকে দেখলে জন্মান্তর ধর্মান্যাসন ও বিশ্বজনীন ন্যায়বিধানের এই মতে জীব সত্য। পৃথিবীতে তার জন্ম হয় অবিদ্যা এবং বাসনার প্ররোচনায়। বাসনার ঝামেলায় শ্রান্ত হয়ে যতদিন না তার অবিদ্যা-সম্পর্কে চেতনা জাগছে এবং বিদ্যার উদয় হচ্ছে. ততদিন এই প্রথিবীতেই তাকে থাকতে হবে কিংবা এইখানেই বারবার আসতে হবে। বাসনা তাকে ফিরে-ফিরে নতুন শরীর নিতে বাধ্য করে। স্বতরাং জীবকে ভবচক্রে আর্বার্ত ত হয়ে চলতেই হবে, যতক্ষণ না জ্ঞানোদয়ে তার মৃক্তি হচ্ছে। শুধু পৃথিবীই জীবাত্মার বাসভূমি নয়। এখানে অনুন্ঠিত পাপ-প্রণ্যের ফল ভোগ করতে মৃত্যুর পর লোকান্তরে তার নরক বা স্বর্গবাস হয়, তারপর পাপ-প্রণ্যের অবক্ষয়ে আবার সে পৃথিবীতে ফিরে পার্থিব দেহ ধরে—কখনও মান্বর্পে, কখনও-বা তির্যক কি উদ্ভিদর্পে। কোন্ যোনিতে কি কপাল নিয়ে জন্ম হবে, তা স্বভাবতই নির্ভ'র করে তার অতীত কর্মের 'পরে। প্রণ্যের জোর মোটের উপর বেশী হলে জীবের জন্ম হবে উচ্চযেনিতে, জীবনে নামবে সূখ সিন্ধি বা অতর্কিত সৌভাগোর জোয়ার। আর পাপের ফলে জন্ম হবে নীচযোনিতে,—তার মধ্যে মান্যজন্ম হলে তার দঃখ দ্যতি ও সন্তাপের

আর অন্ত থাকবে না। আবার প্রেজকে স্কৃতি-দৃষ্কৃতির মিশ্রণ থাকলে, প্রকৃতিও পাকা হিসাবীর মত অতীত কর্মের বাটথারায় নিথ্তভাবে ওজন করে স্থাদ্থেরে মিশ্র-ভোগের ব্যবহথা করবে—সিদ্ধির সঙ্গে অসিদ্ধিকে, অতুল সৌভাগ্যের সঙ্গে দার্ণ দৃভাগ্যিকে অসঙেকাচে জড়িয়ে দেবে। তাছাড়া জীবের তীর বাসনা বা দ্র্রার সঙকলপও কখনও জন্মান্তরের নিয়ামক হয়। কর্মফলন্তনৈর বেলায় প্রকৃতির হিসাব একেবারে চ্বলচেরা : যেমন কর্ম ঠিক তেমনি ফল, যেমন পাপ তেমনি সাজা, ঢিলটি মারলে ঠিক পাটকেলটি থেতে হবে— এই হল কর্মের অলঙ্ঘ্য বিধান। কর্মফলের বিধাতা একাধারে শৃভঙ্কর এবং ধর্মরাজ দ্ইই। কর্ম এবং কর্মফলের আর্যা যেমন তাঁর নথাগ্রে, তেমনি দন্ডবিধর ধারাও তাঁর উদ্যত হয়ে আছে বহুপ্রের দৃষ্কৃতি ও অপরাধের নিথাইত বিচারের জন্য। অথচ রহস্য এই, তাঁর এজলাসে একই কর্মের দর্বন আছে দন্ড-প্রক্রারের ডবল বিধান : পাপের জন্য পাপীকে একবার তো নরকভোগ করতেই হবে, আবার সেই পাপের ফলে ইহলোকেও দ্বর্গতিভোগটা তার বাদ যাবে না। তেমনি প্র্যুজার জন্য একবার স্বর্গস্থা, আবার ওই একই প্র্যুক্তর্মের প্রক্রারস্বর্প নতুন জন্মে সংসারস্থ্রের অচেল বরাদ্দ।

বলা বাহ্মলা, এক্ষেত্রে জনমতের রায় বেশ সংক্ষিপ্ত ও জোরালো হলেও তার দার্শনিক মূল্য খুবই কম—তাতে জীবনরহস্যেরও কোনও মীমাংসা হয় না। বিরাট বিশ্ব অবিদ্যাচক্রে আবর্তিত একটা যন্ত্র শর্ধা, কোনরকমে এই যন্তের খম্পর হতে একবার ছিটকে পড়বার আশাট্যকুই জীবের অবলম্বন—এ-কল্পনার একটা নির্ভর জিজ্ঞাসা থেকেই যায় : এমন জগৎস্থির কি কোনও প্রয়োজন ছিল ? আবার সংসারটা যদি হয় কর্মফলক্ষয়ের একটা কারখানা শুখু যার মধ্যে মোয়া আর চাবুকের ব্যবস্থাটাই পাকা—তাতেও আমাদের ব্রাম্থ খুশী হয়ে ওঠে না। জীবের আত্ম-পুরুষ যদি চিন্ময় অমতে ও দিবাধামবাসী হন, তাহলে এমনতর কেঠো নৈতিক-শিক্ষার জন্য মোয়া-চাবুকের ব্যবস্থা করে তাঁকে জগতে পাঠানোর কি-যে মহিমা, তাও চোখে পড়ে না। আত্মাই যদি অবিদ্যাকে অংগীকার করে থাকেন, তাহলে কারও থেয়ালের বশে তা করেননি —করেছেন অবিদ্যাকে নিমিত্ত করে তাঁর অন্তর্গ_ু কোনও-একটা বৃহত্তর তত্ত্ব বা সম্ভাবনাকে ফুর্টিয়ে তোলবার জন্য। পক্ষান্তরে, জীবাত্মা যদি অনন্ত-দ্বরূপের পরা প্রকৃতি হয়, জড়ের গহনে তার আত্মনিগ্রন এবং সে-তমিস্লাকে দীর্ণ করে চিন্ময় উন্মেষের তপস্যা যদি বিশেবর একটা ঋতচ্ছন্দ বিধান হয়, তাহলে জীবের এই মর্ত্যজীবন ও তার তাৎপর্য শুধু মোয়া-চাব্কের দৌলতে ছেলে মানুষ করবার ব্যবস্থাতেই পর্যবিস্ত হবে না। আত্মবিস্থির উল্লাসে দেবচ্ছাকল্পিত অবিদ্যার আবরণকে পরাভূত করে স্বর্মাহমায় প্রতিষ্ঠিত হওয়া, অচিতির অন্তর্নিহিত দিব্যবিভৃতিকে তার আপন আধারেই অমৃত চেতনায়

চিন্ময় বীর্ষে ও লোকোত্তর শ্চি-শ্রীতে ভাস্বর করে তোলা—এই হবে জীবনের গভীর তাৎপর্য। কর্মবাদ এ-সাধনায় সিদ্ধি আনবে, এ-কলপনা নিতাশ্তই ছেলেমান্মি। এমন-কি জীব যদি সৃষ্ট এবং পরতদ্পত্ত হয়, প্রকৃতি-জননীর লালনে-তাড়নে শৈশব কাটলে তবে যদি সে অম্তের অধিকার পায়, তব্ তার অধ্যাত্মপ্রগতির মূলে থাকবে বৃহত্তর কোনও ঝতের বিধান—দশ্ড-প্রস্কারের মান্ধাতায্গী বর্বরোচিত বিধান নয়। কর্ম-বিধানের একলপনার উশ্ভব হয়েছে মান্যের অবরপ্রাণের সঙ্কীর্ণ সংস্কার ছেকে—যার মধ্যে ক্ষ্মন্ত রাগ-শ্বেষ ও তুচ্ছ স্থ-দ্ঃথের আন্দোলনটাই একাশ্ত। কিন্তু এমনি করে সঙ্কুচিত প্রাণের মাপকাঠিতে বিশ্ববিধানের লক্ষ্যকে মাপতে যাওয়া অবিদ্যাম্ট মানবিচিত্তর নির্থ জলপনামাত। চিন্তাশীল বিবেকী চিত্ত কোন-মতেই তাকে য্বিক্তিসংধ বলে গ্রহণ করতে পারে না।

কিন্ত কর্মবাদেরও একটা বিচারসম্মত রূপ আ**ছে। সেখানে সে** অসম্ভাবনাদোব হতে নির্মান্ত হয়ে দেখা দের বিশ্ববিধানের বর্ণরাগ নিরে। কর্মবাদের পক্ষে যুক্তি এই। প্রথমত একথা অনুস্বীকার্য বে, প্রকৃতির সমুস্ত শক্তিরই স্বাভাবিক বিপাক আছে। সে-বিপাক সদা-সদা দেখা না দিলেও তা বিলম্বিত হয় মান্র—ল.পু হয় না। জীবমান্তেই স্বভার্বানহিত শক্তির বিচ্ছারণে কর্ম করে এবং তার কৃত-কর্মের বিপাক বা পরিণাম হয় তার ভোগ্য। বে-বিপাক এ-জীবনে দেখা দিল না. তা তোলা থাকবে পরবর্তী কোনও জন্মের জন্য। অবশ্য একথাও সত্য যে, কর্মফলের সবটাই মানুষের একার ভোগে আসে না। হামেশা দেখছি, মানুষের জীবনকালেই তার কর্মের ফল অপরের ভোগে লাগে—মৃত্যুর পর তো কথাই নাই। তার কারণ, প্রকৃতির মধ্যে অথন্ড ঐকোর একটা সংহতিতে সর্বত্র এক অবিভাজ্য প্রাণের প্রকাশ ঘটছে। তাই ইচ্ছা করলেও বাণ্টিজীব সমৃণ্টি হতে বিষ্ফু থাকতে পারে না। কিন্তু প্রাণ-প্রবাহের অনুবৃত্তি কেবল সমাজ বা বিশ্বের বেলায় সত্য না হয়ে জন্মান্তরের মাধামে ব্যচ্টির বেলাতেও যদি সত্য হয়, ব্যচ্টির মধ্যেও যদি আত্মভাব ও আত্ম-প্রকৃতির বিশিষ্ট-পরিণামের একটা ধারা অব্যাহতভাবে চলতে থাকে, তাহলে ব্যাণ্টিজীবও নিজ্ঞস্ব শক্তিপরিণামের ফল হতে কখনও বাণ্ডত থাকতে পারে না —অখণ্ড জীবনযাত্রার কোনও-না-কোনও পর্বে সে-ফল তার ভোগে আসেই। মান-ষের আধার প্রকৃতি ও পরিবেশ সমস্তই তার অন্তরুগ ও বহিরুগ আত্ম-শক্তির পরিণামমান্ত—তার মধ্যে অতকিতি বা অবোধ্য কিছ্ই নাই 🕽 সে নিজেই নিজের বিধাতা। তার অতীতই বর্তমানের জনক, আবার এই বর্তমানই জ**ন্ম** দেবে তার ভবিষ্যকে। কর্মান্যায়ী ফলভোগ সবাইকে করতে হবে। মান্ষের স্খদ্বংখ সমস্তই কৃতকমের বিপাক মাত্র। এই হল কর্মবাদ বা স্বভাবশক্তির বিচ্ছ্রগ্রাদ। এর মধ্যে ধ্রিক্তর ষে-ব্যাপকতা আছে, অন্যান্য জীবনদর্শনে তা

নাই—কেননা এতে আমাদের সন্তা চ্বভাব চারিত্র ও কর্মের অথপ্ডবিভূতির একটা তাৎপর্য আমরা খ্রেজ পাই। কর্মবাদ অন্সারে, মান্বের অতীত ও বর্তমান কর্ম তার অনাগত জাতি আয়্ব এবং ভোগ নির্পিত করে।, এসমঙ্গতই তার আত্মণক্তির পরিণাম। অতীতে সে যা ছিল বা যা করেছে, তা-ই তার বর্তমানের সত্ত্ব এবং ভোগ স্থিট করেছে। তেমনি বর্তমানে সে যা হয়েছে বা করছে, তা-ই গড়ে তুলবে তার অনাগতকে। মান্ব শ্ব্দ্ নিজেকেই স্থিট করে না—স্থিট করে তার ভাগাকেও।...এসমঙ্গত য্ক্তিই বলতে গেলে অনঙ্গবীকার্য। কর্মবাদ যে বিশ্ববিধানের একটা অপরিহার্য অঙ্গ—তা মানতেই হবে। কেননা জীবনপ্রবাহ জন্মান্তরের ধারা ধরে বয়ে চলেছে, একথা ঙ্বীকার করলে কর্মবাদের স্কুপন্ট সতাকে অঙ্গবীকার করবার উপায় থাকে না।

কিন্তু এ-সিম্ধান্তের দুটি অনুসিম্ধান্ত আছে। তাদের অধিকার তত ব্যাপক ও প্রামাণিক নয় বলে আমাদের চিত্তে তারা সংশয়ের ছায়া ফেলে। হয়তো কিছ, সত্য তাদের মধ্যেও আছে। কিন্তু তার অতিরঞ্জনটাকেই কর্ম-বাদের মর্ম সত্য বলে প্রচার করাতে দুন্টিবিকারের একটা বন্ধনা দেখা দিয়েছে। গ্রথম অনুসিদ্ধান্তটি এই। শক্তির পরিণাম নিরূপিত হয় শক্তির প্রকৃতি-ল্বারা। শৃভ্রণক্তির পরিণাম যেমন শৃভ, অশৃভ্রণক্তির পরিণামও তেমনি অশ্বভ। দ্বিতীয় অনুসিম্পান্ত এই : কর্মের বিধান মূলত ন্যায়ের বিধান। অতএব শ্বভকর্মের ফলে স্ব্রখ ও সোভাগ্য, এবং অশ্বভক্মের ফলে দৃঃখ দৈন্য ও দুর্গতি অনিবার্য। যেমন করেই হ'ক, বিশ্বজনীন ন্যায়ের অলঙ্ঘ্য বিধান প্রকৃতির সদ্যোভূত এবং প্রতীয়মান সমস্ত ব্যাপারের উপদ্রুষ্টা ও নিয়ন্তা। সে-নিয়মনকে জীবনের প্রতিম্হতেে স্মপন্ট দেখতে না পেলেও সে-যে সমণ্টি-প্রকৃতির নিগঢ়ে প্রবৃত্তির সর্বত বর্তমান, তাতে সংশয় নাই। হয়তো সে সংক্ষা এবং অদৃশাপ্রায় অথচ দুশ্ছেদ্য সূত্ররূপে প্রকৃতির খাটিনাটি এলোমেলো সকল ব্যাপারকেই একটা ছন্দে গেথে তুলছে। প্রদ্ন হবে : কেবল শ্বভাশ্বভ কর্মের বিপাক ঘটবে—শ,ভাশ,ভ চিন্তা ও ভাবের কেন বিপাক ঘটবে না? তার উত্তর এই : ভাব চিন্তা ও কর্ম—সবারই বিপাক ঘটে। কিন্তু কর্ম জ্বড়ে আছে भन् राष्ट्रीवर्तनत श्राय प्रवर्शान, कर्म फिराइट मान् स्वत प्रखात याहाटे दस এवः শক্তির রূপায়ণ ঘটে—ভাব বা চিন্তা তার ইচ্ছার নিয়ন্ত্রণের বাইরে। কর্ম তার ইচ্ছাধীন বলে মানুষকে কৃতকর্মের জন্যেই দায়ী করা চলে। তাই কর্মকেই তার ভাগ্যের নিয়ন্তা এবং তার অনাগতের সর্বাপেক্ষা নির্ভক্ষ বিধাতা বলি। এই হল কর্মবাদের পূর্ণ পরিচয়।

কিন্তু প্রথমেই দেখছি, কর্মের বিধান যান্তিক বিধানমাত। বিশ্বজগৎ অলঙ্ঘ্য নিয়তির একটা যন্ত্র না হলে, কর্মবাদ দিয়ে তার প্রাণলীলার সকল তত্ত্বের ব্যাখ্যা হয় না। অনেকের ধারণা, বিশ্বব্যাপার শুধু নিয়তিকৃত নিয়মের

আবর্তন। এর অন্তরে কি অন্তরালে কোনও চিন্ময়পুরুষ বা সত্যসংকল্পের প্রেতি নাই। আমাদের মানুষী বুন্থিও নিয়মের লীলা আবিষ্কার করতে পারলে খুশী—যুক্তির দাবিই তার কাছে সবার বড়। অতএব বিশ্ববিধান যদি গণিতের বিধানের মত নিভূলি ও নিখৃত হয়, তাহলে সে-ই তো সত্য-স্কুদেরের শ্রেষ্ঠ প্রকাশ হবে।...কিন্তু বিশ্বে শ্ব্রু নিয়মের খেলাই তো চলছে না— পুরুষের সত্তা ও চৈতনোর প্রৈষাও যে আছে তার মধ্যে। বিশেব যেমন যন্ত্র আছে, তেমনি আছে চিন্ময় যন্ত্রী। যেমন আছে প্রকৃতি ও বিশ্ববিধান, তেমনি আছে বিশ্বশ্ভর প্রেরেরও অধিষ্ঠান। প্রাকৃত জীবের মধ্যে আছে শুধু দেহ-প্রাণ-মনের ব্যাপ্রিয়া নয়—আছে তাদের ভর্তা ও ভোক্তা এক অধ্যাত্ম-সত্ত। এই আত্মসত্তাকে বাদ দিয়ে জন্মান্তর বা কর্মবাদ কোনটাই দাঁডাতে পারে না। প্রকৃতির যন্ত্রমাত্র না হ'য়ে আমরা যদি আত্মবান্ প্ররুষ হয়ে থাকি, তাহলে হং-শয় সেই পার্যুষ্ট হবেন আমাদের শক্তিপরিণামের প্রমাথ নিয়ন্তা এবং কর্ম-বিধান হবে তাঁরই প্রবার্তিত একটা সাধন। অর্থাৎ আমাদের আত্মা কর্মের চেয়েও বড। নিয়তির নিয়ম যেমন আছে, তেমনি আছে আত্মার স্বাতন্তা। নিয়মের খেলা আমাদেব জীবনের বহিরঙগনে অর্থাৎ প্রাকৃত দেহ-প্রাণ-মনের ব্যাপারে, কেননা এরাই বলতে গেলে প্রকৃতির যক্তলীলার পরবশ। সেখানেও আবার নিয়মের শাসন প্রাপর্নার খাটে দেহ আর জড়ের 'পরেই। প্রাণের বেলায় জড়ের চাইতে নিয়মের জটিলতা বেশী, কিন্তু আড়ণ্টতা কম। যেখানে প্রাণের স্ফ্রণ, সেখানেই প্রাকৃত ব্যাপারে যান্তিকতার জায়গায় ফ্টেছে সাবলীলতার ছন্দ। মনের স্ক্রতের লীলায়নে এ-ভাবটি আরও পরিস্ফুট। প্রথম হতেই সেখানে দেখি একটা অল্তঃশীল স্বাতন্ত্যের আভাস। আর যত অন্তর্ম ্থী হই, ততই পাই আত্মার দৈবরিতা ও ঈশনার পরিচয়। প্রকৃতি বিধি ও ব্যাপারের ক্ষেত্র শন্ধনু, আসলে পনুর্যই তার প্রবর্তক ও অন্মণ্ডা। সাধারণত তাঁর মধ্যে সাক্ষিস্বভাবের স্বতঃস্ফৃত অনুমতির দ্যোতনা থাকলেও, ইচ্ছামাত্র তিনি আপন প্রকৃতিকে অবষ্টশ্ব করে তার মহেশ্বর হতে পারেন।

আমাদের অন্তঃপথ চিৎসত্তা কর্মাতন্ত্র, প্রের্য এ-জীবনে অতীত কর্মানিপাকের ক্রীড়নকমাক্র—একথা অগ্রন্থেয়। সত্যের লীলায়ন লঘ্ ও সাবলীল —আড়ন্ট ও ভারগ্রন্থত কথনই নয়। অতীতের খানিকটা কর্মানে বাদ রুপায়িত হয়েও থাকে, তব্ও জানি চৈত্যপ্রেষই আমাদের পাথিব নবজন্মের অধিনায়ক এবং তাঁরই অনুমাতিক্রমে প্রকৃতির এই আয়োজন। অাঁর ঈক্ষণ যে শুধু প্রকৃতির আবশ্যিক বহিরশ্য ব্যাপারের পিছনেই আছে তা নয়, জীবনের মর্মো নিহিত দিব্য ক্রতু এবং অনুশাসনেরও ম্লে রয়েছে তাঁর প্রবর্তনা। তাঁর সেক্ত চিন্ময়, জড়তন্ত্র নয়। তাঁর অনুশাসন ব্রিধ্যোগের, অনুশাসন, বন্দ্রব্যাপারকে সাধনর্পে ব্যাপারিত করে বলেই সে তার অধীন নয়। শরীর

পরিগ্রহ করে জীবাত্মা চাইছেন আত্মবিভাবনা ও স্বান্তবের আনন্দ। ওই আনন্দর পটি এই জীবনে ফুটিয়ে তুলতে যা-কিছু প্রয়োজন—হ'ক তা অতীত জীবনের স্বতঃস্ফুর্ত কর্মবিপাক অথবা ঈশ্সিত বিপাকের চুর্য়নিকা ও অনু-বৃত্তি, কিংবা আনকোরা নতুন সৃষ্টি—এককথায় যা-কিছু অনাগতের সৃষ্টি-সাধন. তাকেই তিনি মূর্ত করতে চাইবেন। তার এ-আকৃতির গোড়ার কথা হল কোনও যাল্ফিক বিশ্ববিধানের অনুবর্তান নয়, কিল্ডু বিশ্বব্যাপারকে অংগী-কার করেই প্রকৃতির চিন্ময় পরিণাম স্বারা অবিদ্যার কবল হতে তার প্রমৃক্তি। অতএব এর মধ্যে একদিকে কর্ম ও যেমন সাধন হবে, তেমনি আরেকদিকে তার দ্ব-তন্দ্র সাধক হবেন আমাদেরই অন্তর্যামী কবিক্রত—দেহ প্রাণ ও মনের লীলায়নে যাঁর চিন্ময় সংকল্পের প্রকাশ। নিয়তি অন্ধই হ'ক বা আমাদের কর্মবিপাকের স্পাটিই হ'ক—মানুষের সত্তার শুধু সে একটা দিক। চাইতেও বড় হল অধিষ্ঠানপুরুষের চৈতন্য এবং ক্রতু। আমাদের ফলিত জ্যোতিষ ঘোরতর কর্মবাদী। তার মতে আকাশের তারায় অনাগত জীবনের ইতিহাস দুর্মোচন অক্ষরে লেখা আছে। কিন্তু সেও স্বীকার করে, পুরুষকার দ্বারা দৈবকে প্রতিহত বা পরিবর্তিত করবার শক্তি মানুষের আছে—এমন-কি কর্মের অতিদক্ষেত্র বিধানকে পালটে দিতেও সে পারে। এতে হিসাবের হের-ফের অনেকটা মেটে বটে। কিন্তু এই কথাটিও জ্বড়তে হবে তার সঞ্চো : নিয়তিও অত্যন্ত জটিল—মোটেই সে সরল নয়। আমাদের জড়সত্তাকে যে-নিয়তি নিয়মিত করছে, তার অধিকার ততটাকু বা ততক্ষণ, যতক্ষণ না জীবনে একটা বাহন্তর বিধানের অধিকার দেখা দেবে। কর্মা আমাদের আত্মসন্তার স্থল পরিণাম, অতএব সে আধারের জড় অংশের অন্তর্গত। কিন্তু এই বহি-শ্চেতনার অন্তরালে রয়েছে যে প্রমাক্ত প্রাণ ও মনের স্ব-তন্ত শক্তি, তার আছে অভিনব একটা নিয়তিকে প্রবৃতিত করে আদিনিয়তিকে পরাবৃতিত করবার আশ্চর্য সামর্থ্য। আবার চৈত্যসত্তা ও আত্মসত্তার উন্মেষে চিন্মর পুরুষরপ্রে যথন দ্বপ্রকাশ হব, আমরা তথন হব নিয়তিরও নিয়ন্তা। অতএব কর্মকে— অন্তত কার্মণ-যন্ত্রবাদকে—আমাদের জীবনপরিবেশের একমাত্র নিয়ন্তা অথবা জন্মান্তর ও ভবিষাপরিণামের একমার সাধন বলে কোনমতেই মানা চলে না।

শুধ্ তা-ই নয়। অধ্যাত্মপরিণামের গহন বৈচিত্রাকে প্রচলিত কর্মবাদের অতিসরল স্ত্র দিয়ে এত সহজে ব্যাখ্যা করা চলে না। কর্ম নিশ্চয়ই শক্তির পরিণাম, কিল্টু শক্তি তো একরকমের নয়। চিংশক্তির প্রকাশভাগ্গি বিচিত্র এবং শতম্খী। ইন্দ্রিরব্যাপার ও জীবনযোনিপ্রযন্ত, প্রাণন মনন বাসনা প্রবৃত্তি ও উত্তেজনার আন্দোলন, সত্য জ্ঞান ও সৌন্দর্যের এবণা, ধর্মাধর্মের অন্শীলন, শক্তি প্রীতি হর্ষ সৃথ সিন্ধি ও ঋন্ধির তপস্যা, প্রাণের বিচিত্র তপ্রণ ও প্রসারের সাধনা, ব্যক্তির বিত্তৈষণা বা লোকসংগ্রহের ব্রত, কায়িক আরোগ্য বল

সামর্থ্য ও আরামের আয়োজন ইত্যাদি কত বিচিত্র অনুভবে ও বহুমুখী প্রবাত্তিতে চিৎশক্তির স্ফারণ ঘটছে জীবনে। এই অতিজ্ঞাটল বৈচিত্রাকে কোনও-একটি বিশেষ তত্ত্বের কৃষ্ণিগত করবার চেণ্টা করা, অথবা সবাইকে জোর করে পাপ-বাত্তি ও প্রণ্য-ব্যত্তির দুর্যিমাত্র কোঠায় প্রুরে দেওয়া কখনও সমীচীন হতে পারে না। মন,ষ্যকন্পিত ধর্মশাস্তের বিধানকে বাঁচিয়ে চলবার দায় কখনও বিশ্ববিধানের নয়, অথবা তথাকথিত ধর্মান,শাসনকেই কর্মফলের একমাত্র নিয়া-মক বলতে পারি না। শক্তির প্রকৃতি যদি তার পরিণামেরও প্রকৃতিকে নির্-পিত করে, তাহলে শক্তির বহুবিচিত্র ভেদের ফলে তার পরিণামভেদও অনি-বার্য। স্বতরাং সমন্টির হিসাব কসতে গিয়ে ব্যন্টির বৈচিত্রাকে আমরা বাদ দিতে পারি না। সত্য ও জ্ঞানের এষণাতে যে-শক্তির স্ফরেণ হল, স্বভাবত তার পরিণাম (ইচ্ছা হলে প্রেম্কারও বলতে পার তাকে) হবে সতাভাবনার প্রাণ্ট এবং জ্ঞানের উপচয়। তেমান মিথ্যার সাধনায় যে-শক্তি নিয়োজিত হবে, তার পরিণামে মিথ্যার কালিমা ও অবিদ্যার ঘোরই ঘনিয়ে উঠবে জীবনে। এমনি করে সৌন্দর্যের সাধনা সার্থক হবে গভীরতর সৌন্দর্যবোধে বা সৌন্দর্যের নিবিড্তর সভেতাের, অথবা জীবনে ও চারিত্রে শ্রী ও সংক্ষার অনবদ্য বিচ্ছ্রেরেণ। কায়সম্পদের সাধনায় সূষ্ট হবে মল্লবীর: শীল ও ধর্মের সাধনায় উপচিত হবে চারিত্রের প্রণ্যদীপ্তি, ধর্ম ব্যদ্ধির আনন্দচ্ছটা অথবা শ্রচি-স্কুলর জীবনের সারলামাখা লাবণ্য। আবার তেমনি পাপব্তির অনুশীলনে পাপা-সক্তিই গাঢ়তর, নিদার্ণ বিকৃতি ও বিপর্যয়ে প্রকৃতি হবে বিপ্লয়ত-এমন-কি অকুশল কর্মের আতিশ্যা চরমে আনবে আত্মহা-র 'মহতী বিনাঘটঃ'। কেউ র্যাদ শক্তির সাধনা করে অথবা প্রাণের পর্বাষ্ট চায়, সেও ব্যর্থকাম হবে না-তারও ভাণ্ডার পুরে উঠবে বীর্য ও যোগেশ্বর্যের উপচয়ে। শক্তির এর্মানতর যথাযোগ্য পরিণমন হল প্রকৃতির নির্চে রীতি। প্রকৃতির কাছে যদি ন্যায্য বিধানের দাবি করি, তাহলে সাধনার অনুরূপ সিদ্ধির বাবস্থা করে ন্যায়ের মর্যাদাকে সে যে অক্ষরে রেখেছে-একথা স্বচ্ছদে বলতে পারি। ক্ষেপিষ্ঠকেই সে দেয় ক্ষিপ্রগতির পরেস্কার, কুশলী শ্রেবীরকেই সে পরায় সংগ্রামের বিজয়-মালা, কশাগ্রধী জ্ঞানতপ্রস্বীকেই সে করে জ্ঞানেশ্বর্যের ভাণ্ডারী। যে নিতাশ্তই ভালমানুষ, অথচ মন্থর দুর্বল আনাড়ী বা নির্বোধ—লোকমান্য সাধ্যপ্রের বলেই এসব বিত্তে তার অধিকার জন্মাবে না। এসব ঐশ্বর্যের প্রতি লোভ থাকলৈ তার জন্য রীতিমত সাধনা করে যোগাতা অর্জন করতে হবে তাকে, নইলে শ্বধ্ব ভালমান্বির জোরেই এদিক দিয়ে তার বরাত ফিরবে না। প্রকৃতির ব্যবস্থা অন্যরকম হলে, অন্যায়ের সমর্থক বলে তাকে গাল দেওয়া চলত। কি**ল্ডু** সাধনার অন্বর্প সিদ্ধির ব্যবস্থা করে সে তো এতট্টকু অন্যায় করেনি। আমি প্রণোর সাধনা করলে প্রকৃতি আমাকে চিত্তের প্রসাদই দেবে—এইটাই স্বাভাবিক

এবং যাজিসংগত। কিন্তু তার জন্যে আরেক জন্মে যদি একটা বড় চাকরি কি ব্যাঙ্কের মোটা তহবিল বা আয়েশী নিশ্চিন্ত জীবনের দাবি করে বসি, তাহলে প্র্ণাকারীর প্রতি পক্ষপাতহেতু সে অন্যায় দাবি প্রেণ করতে প্রকৃতি নিশ্চয় বাধ্য নয়। এমন পক্ষপাত মোটেই জন্মান্তরের তাৎপর্য নয়, অথবা বিশ্বজনীন কর্মবিধানের ভিত্তিও এমন শিথিল নয়।

অবশ্য আমাদের জীবনে নসিবের খেলা বা বরাতজোরের বরান্দও নিতান্ত কম নয়। তার ফলে কখনও হয়তো সাধনা করেও যেমন তার ফল পাই না. তেমনি কখনও অসাধনায় বা অম্পসাধনাতেই সিদ্ধি এসে দুয়ারে দাঁড়ায়। ভাগ্য-লক্ষ্যীর এই খেয়ালখাশির মালে একাধিক কারণ থাকতে পারে। অতীতের গোপন ভান্ডার হতে খানিকটা জোগান যে তার এসেছে, তাও অনুস্বীকার্য। কিন্ত তাবলে অতীতের কোনও বিস্মৃত পুণাের জােরে এ-জন্মে আমার বরাত খলে গেল, কিংবা আজকার দূর্ভাগ্য কোনও সুদূর অতীতের পাপের শাহ্তি—একথা হজম করা শক্ত। এ-জগতে কোনও প্রাাাার লাঞ্চনা দেখলে কি মানতে হবে, আজকার এই আদর্শ সাধ্যপ্রবৃষ্টি আর-জন্মে ছিলেন একটি বঙ্জাতের ধাডি—নবজন্মের জাত্যন্তর-পরিণামেও আজপর্যন্ত যার পাপের বকেয়া মিটল না ? না অসাধ্রকে লক্ষ্মীমন্ত দেখলে বলব, আর-জন্মে ইনি ছিলেন মহাপুরুষ, অকস্মাৎ স্বভাবের মোড় ফিরলেও অতীত পুণোর তহবিল থেকে এখনও তাঁর দৌলতের নগদ জোগান আসছে ? অবশ্য জীবনের এক ধারা হতে আরেক ধারায় এমন ডিগবাজি খাওয়া একেবারে অসম্ভব নয়, কিন্ত তব্ব এটাই সনাতন রীতি একথা কিছুতেই বলা চলে না। ব্যক্তিসন্তার আনকোরা-নতন বিপরীত রূপায়ণকে অতীতের দণ্ড-পরুষ্কারের ভাগী কল্পনা করলে, কর্মবাদ পর্যবাসত হয় অর্থহীন একটা যান্ত্রিক বিধানে। কর্ম'বাদের প্রচলিত ব্যাখ্যার এমনতর অনেক গলদ আছে। মোটকথা তার যুক্তিকে দূর্বল করেছে অতিসারল্য। কর্মফল দিয়ে শুধু প্রকৃতির দেনা-পাওনার একটা হিসাব-নিকাশ চলে—একথা বললে কর্মবাদের ভিত্তি দূর্বল হয়ে পড়ে: কারণ এতে মন,ষ্যকল্পিত একটা অগভীর ও উপর-ভাসা আদুর্শবোধকেই বিশ্ব-বিধানের মাপকাঠি করা হয়। তার মধ্যে যুক্তির দুর্বলতা এতই স্পষ্ট যে. বাধ্য হয়ে কর্মবাদের এর চাইতে পোক্ত একটা ভিত্তি আমাদের খঞ্জতে হয়।

যা অন্যত্র হয়ে থাকে, এক্ষেত্রেও তা-ই হয়েছে। অর্থাৎ ভুল হয়েছে এইথানে যে, মান্বের প্রাকৃত-মনের মাপকাঠিতে আমরা বিশ্বের প্রাণী প্রজ্ঞার প্রমন্ত উদার ও ব্যাপক লীলায়নকে বিচার করতে গিয়েছি। প্রচলিত কর্মবাদে, প্রকৃতির বহুবিচিত্র কর্মপরিণামের মধ্যে শ্ব্ধ ধর্মাধর্ম বা পাপপ্ণা এবং বাহ্যিক স্থ-দ্বংথ ও শভাশ্বভ কি দৈহ্যপ্রাণের ভাল-মন্দ—এই দ্বিটমাত্র পরিণামকে স্বীকার করে তাদের মধ্যে একটা সমান্পাত দেখাবার চেচ্টা হয়েছে।

প্রণার প্রস্কার স্থ, আর পাপের শাস্তি দ্বংখ-প্রকৃতির নিগ্র্ড নাারের বিধানে শেষপর্যকত যেন এই দুটি ধারাই আছে! স্পন্টই দেখছি, এই সহচার-কল্পনার মূলে আছে প্রাকৃত-মানুষের অবরপ্রাণের মূঢ বাসনার প্রেরণা। অবর-প্রাণ চায় সাংসারিক সূত্র-দ্বাচ্ছন্দ্য-দুঃখ-দুভোগের ছায়াপাতেই সে আতৎেক শিউরে ওঠে। অতএব প্রবৃত্তিকে দমন করে কশলকর্মের উদযাপন এবং অকশলকর্মের পরিবর্জনশ্বারা জীবনকে মহন্তর করবার দাবিকে সে যখন মেনে নেয়, তথন এই অনতিরোচক কুচ্ছ্যুতপস্যার প্রেম্কার্ম্বর প কিববিধানের সংগ্র সে একটা রফা করতে চায়—যার ফলে একদিকে যেমন জৈবতপ্লির কতগালি উপকরণে তার তপংক্রেশের জানি দরে হবে, তেমনি আবার বিধাতার নির্দিষ্ট দণ্ডভয আত্মতাগের দশ্চের সাধনায় তাকে প্রবন্ত রাখবে। কিল্ত যথার্থই কুশলাভিগামী যিনি, দন্ড-প্রেফ্কারের ভয়ে কি লোভে তিনি অকুশলবর্জন বা কশলানুষ্ঠান করেন না। প্রণোর দীপ্তিই প্রণ্যাচরণের প্রেফ্কার, স্বভাবের বিচ্যাতিই পাপাচরণের দন্ড—ধর্মের এই শাশ্বত বিধানকেই শুধু তিনি মানেন। পক্ষান্তরে, দণ্ড-পারুস্কারের কল্পনা ধর্মের স্বার্রাসক মর্যাদাকে লাঞ্চিত কবে প্রাোচরণ তখন পর্যবিসিত হয় স্বার্থপর বেনিয়া-ব্রাণ্ধর হীনতায়. পার্পবিরতিব সত্যকার প্রেতিকে স্থানচ্যত করে মলিনচিত্তের প্ররোচনা। মান্ত্র দণ্ড-পরেম্কারের সাঘ্টি করেছে সামাজিক প্রয়োজনে—অপরিণতবৃদ্ধিকে সমাজের অনিষ্টাচরণ হতে নিবৃত্ত করে হিতসাধনায় প্রবৃদ্ধ করবার জন্য। কিন্তু মান্ধের এই কণ্ঠাহত পরিকল্পনা যে বিশ্বপ্রকৃতিরও বিধান কিংবা প্রমার্থ সতের হ্ব-ভাবের চরম হৃহত্রতি—একথা অশ্রদেধয়। আমাদের অবিদ্যাকল্পিত পুখ্যা ও সুখ্কীর্ণ বিধিবিধানকে বিশ্বপ্রকৃতির বিচিত্র-জটিল অথচ ঋতুময় উদার ছন্দের স্থানে বসানো মনুষ্যসূলভ বৃদ্ধির কাজ হলেও তাকে নিতান্ত ছেলে-মান, বিই বলব। মান, ষের অধ্যাত্মপরিণাম ঘটছে 'হু দি সলিবিষ্টঃ' পরম-প্রেবের চিন্ময় শিবান,ধ্যানের নিগ্রে প্রেরণায়-বহিশ্চর প্রাণপ্রকৃতির 'পরে लोकिक म॰ড-প্রবৃষ্কারের বালকোচিত বিধানের বশে নয়। বহুমুখী বিচিত্র-জটিল অনুভবে ছাওয়া জীবাত্মার উত্তরায়ণের পথ। কর্মবাদ কি শক্তিপরি-ণামবাদকে তার সংখ্য খাপ খাওয়াতে হলে বিচিত্র-জটিলর পেই তাকে কল্পনা করতে হবে—তার একান্ত-সরল অথবা একান্ত-আড়ন্ট একদেশী বিবৃতি দিয়ে কোনও-কিছুকেই সুষ্ঠাভাবে ব্যাখ্যা করা সম্ভব হবে না।

তবে তত্ত্বের দিক দিয়ে সাধারণভাবে না হ'ক্, তথাের দিক দিয়ে ক্ষেত্র-বিশেষে প্রচলিত কর্মবাদকে খানিকটা সমর্থন করা যেতে পারে। শক্তি-পরিণামের ধারাগ্রলি বিবিক্ত ও স্ব-তন্ত্র হলেও তাদের মধ্যে ক্রিয়াসমাহার ও ক্রিয়াব্যতিহার অসম্ভব নয়, যদিও তার কোনও প্রথান্প্রথ সম্পতি খ্রেস পাওয়া কঠিন। বহুব্যাপক প্রকৃতি-লীলার কোনও-একটা স্তরে পাপ-প্রণের

সঙ্গে স্থ্ল স্থ-দ্বংখের একটা মোটাম্টি যোগাযোগ বা ব্যতিষংগ থাকতেও পারে। কিল্ড সেখানেও বিজাতীয় দুটি মিথুনের মধ্যে সংগতি ও সমাযোগের একটা সীমা থাকবে, তাদের মধ্যে অযুত্রসিদ্ধির সম্বন্ধ কল্পনা করলে চলবে আমাদের বাসনায় কর্মপ্রেরণায় ও বাবহারে একটা সংমিশ্র প্রবৃত্তির বেগ আছে এবং তার পরিণামেও দেখা দেয় একটা ভাবের সাৎকর্য। অবর-প্রাণ কায়িক বা মানসিক যে-কোনও সাধনার ফলে—হ'ক্ত তা ধর্মের জ্ঞানের ব্রাম্বর কি রসের সাধনা—একটা স্থাল ইন্দ্রিয়গ্রাহ্য প্রেস্কার চায়। পাপের তো বটেই, এমন-কি অজ্ঞানের দন্ডকেও সে অপরিহার্য বলে বিশ্বাস করে। এই আকৃতি ও আতঞ্কের জবাবে বিশ্বশক্তির ক্রিয়াতেও একটা অনুরূপ সাড়া জাগতে পারে, কেননা প্রকৃতির লক্ষ্য সন্দ্রোবগাহী হলেও আমাদের উপস্থিত প্রয়োজন বা দাবিকে খানিকটা মেনে চলতে তার আপত্তি নাই। মনুষ্যজীবনের 'পরে অদুশার্শক্তির ক্রিয়াকে যদি মানি, তাহলে আমাদের পিণ্ডগত অবর-প্রাণের অন্কুলে ব্রহ্মান্ডগত প্রাণপ্রকৃতিরও একটা অদৃশ্য লীলা থাকবে না কেন? কারণ পিশ্ভপ্রকৃতি আর ব্রহ্মাশ্ভপ্রকৃতি একই চিৎশক্তির দুটি সর্প বিভাতি অতএব তারা একই প্রেতির শাসনে একই পরিকল্পনা অনুযায়ী চলবে —এ কিছু, অযৌক্তিক নয়। প্রায়ই দেখা যায়, মদোন্ধত কোনও উগ্র প্রাণের অহমিকা যখন নির্মাম দুর্নিবার বেগে তার কামনা বা সঙ্কল্পের সকল বাধা দলিত করে চলে, তথন চার্রাদকে তার প্রতিক্রিয়ার্পে উত্তাল হয়ে ওঠে লাঞ্ছিত মানবের চিত্তসন্থিত ঘূণা বিস্বেষ ও অস্বস্থিতর একটা পুরিঞ্জত বিক্ষোভ। তার পরিণাম সদ্য-সদ্য দেখা না দিলেও একটা তুম্বল ঝড়কে সে আসম্ল করে তোলে বিশ্বপ্রকৃতির বুকে। মনে হয়, প্রকৃতি যেন ধৈর্যের শেষ সীমায় এসে পেণছৈছে—আর তার পক্ষে অন্যায়ের অনুক্লে সায় দিয়ে চলা সম্ভব নয়। তখন মদান্ধ প্রেষের দূর্বার প্রাণ বলাংকারন্বারা আপন বাসনার চরিতার্থতায় যে-শক্তিকে নিয়োজিত করেছিল, সেই শক্তিই হয় বিদ্রোহিণী—নির্যাতিতের বাহ্মকেই আশ্রয় করে বন্ধ্রুম্বণ্টি হানে সে অহািমকার উন্ধত শিরে, ধ্লায় লাটিয়ে দেয় তার যত স্পর্যা। মানা্যের মদমন্ত প্রাণশক্তি নিয়তির পাষাণ-বেদিকায় আহত হয়ে শতধা চূর্ণবিচূর্ণ হয়ে যায়, প্রকৃতির মন্থর দন্ডশক্তি বজ্রের বেগে নেমে আসে সার্থকদ্মন্য অত্যাচারীর 'পরে। ঔন্ধত্যের এই প্রতিক্রিয়া সদ্যঃসম্পাতী না হয়ে জন্মান্তরেও অনুবৃত্ত হতে পারে। বিক্ষান্থ শক্তির ক্ষেত্রে আবার বখন মান্য ফিরে আসে, তখন হয়তো সে কর্মবিপাকের এই দার্ণ বোঝা সঞ্গে করেই আনে। শুধু-যে বৃহৎ অহমিকার এই পরিণাম ঘটে, তা নর—ক্ষুদ্র অহমিকার ক্ষুদ্র অপচারেও এমনিতর ছোটখাটো বিপর্যয় ঘটা অসম্ভব নয়। কারণ শক্তির অপপ্রয়োগে প্রতিক্রিয়া ও দন্ডের বিধান সর্বাহই এক। আপাতবশ্যা প্রকৃতির প্রতি বলাংকারন্বারা ইন্টরিসিন্ধ চায় যে

মনোময় প্র্যুষ, অবশেষে একদিন বিদ্রোহিণী প্রকৃতি তার জবাব দেয় অসিদ্ধি পরাভব ও বেদনার দহনে তাকে দশ্ধ ক'রে। কিল্ডু তাহলেও কার্য-কারণের এই বিধান বিরাট বিশ্ববিধানের মধ্যে গোণস্থান অধিকার করে আছে। তাকে অর্নাতবর্তনীয় শাশ্বত বিধান মনে করা কিংবা পরমপ্রুর্ষের বিশ্বকর্মের একমাত্র খতায়ন বলে গণ্য করা য্তিস্পত্যত হতে পারে না। শ্ব্রু এইট্রুক্ বলা চলে, বিশ্বের অল্তরতম বা পরম সত্যের স্বভাবস্থিতি আর জড়প্রকৃতির নিজ্পক্ষ গতান্ত্রগতিকতা—দ্বয়ের মাঝামাঝি এ একটা অবাল্তর ব্যবস্থামাত।

আর যা-ই হ'ক্, দণ্ড-প্রেম্কারের বিধানই প্রকৃতিলীলার মুম্কিথা নয়। তার আসল তাৎপর্য বস্তর স্বভাবধর্মের অন্যোন্যসম্বন্ধের স্ফুরণে। মানুষের অধ্যাত্মপরিণামের সংগে এইটুকু তার সম্পর্ক—অনুভবের বৈচিত্ত্যের ভিতর দিয়ে বিশ্বের পাঠশালায় জীবাত্মাকে সে শুধু উত্তরায়ণের পাঠ দিয়ে যায়। আগনে হাত দিলে হাত পোডে। এখানে হাত-পোডাটা আগ্রনে হাত দেবার শাহ্তি নয়, কিন্ত কার্যকারণ-সন্বন্ধজ্ঞানের ও অভিজ্ঞতাসঞ্চয়ের একটা উপলক্ষ্যমাত। প্রকৃতির সঙ্গে আমাদের সকল কারবারের এই একই ধরন। বিশ্বশক্তির ক্রিয়া বিচিত্র এবং বহুমুখী। অবস্থাভেদে পাত্রভেদে অথবা প্রকৃতির নিগড়ে অভিপ্রায়ভেদে একই শক্তির পৃথক-পৃথক ক্রিয়া হতে পারে। শ্ব্ব যে আত্মশক্তির লীলায়ন তা নয়—অপরের শক্তি বা বিশ্বের শক্তিশ্বারাও সে প্রভাবিত। শক্তিবিপরিণামের এই দুজের গহন বৈচিত্রকে শুধু ধর্ম-শাস্ত্রের সর্বনিয়ামক বিধান দিয়ে কিংবা তার কল্পিত ব্যক্তিজীবনের পাপ-পূণ্যের একটা খতিয়ান দিয়ে ব্যাখ্যা করা চলে না। মানুষের সূখ-দূঃখ হর্ষ-শোক বা সোভাগ্য-দুর্ভাগ্যকে কেবল তার প্রাকৃত চিত্তের ভালমন্দ-বিচারের প্রবর্তক বা নিবর্তক মনে করাও সংগত নয়। জীবাত্মা জন্মান্তর স্বীকার করে কুতকর্মের ফলভোগ করতেই নয়। জন্মান্তর তার আধ্যাত্মিক প্রগতি-সাধনারও উপায়—তার হর্ষ-শোক স্বখ-দ্বঃখ সোভাগ্য-দ্বভাগ্য সমস্তই তার প্রগতি-অভিমুখী বৃহৎ সাধনার অংগ। এমন-কি দুর্তাসিদ্ধির অন্কল হবে জেনে জীবাত্মা দঃখ দারিদ্রা ও দারদৃষ্টকে স্বেচ্ছায় বরণ করে—সিদ্ধি ঋদিধ ও সম্পদকে স্বেচ্ছায় প্রত্যাখ্যান করে তপোবিঘাকর শৈথিলার নিদান ভেবে। স্থ ও সিন্ধির আকাশ্কা মানবপ্রাণের স্বাভাবিক বৃত্তি সন্দেহ নাই। অপার্থিব আনন্দের একটা স্থলে প্রতীক বা মালন ছায়াকে ধরবার জন্যই দেহ-মনের এমন আঁকুপাঁকু। আপাত-সূত্র অথবা স্থলে সিন্ধি অবরপ্রাণের একাশ্ত রুচিকর হলেও—'ন হি বিত্তেন তপ'ণীয়ো মন্সঃ'। স্থলে ভোগেশ্বর্যই যদি জীবনের পরমার্থ হত, তাহলে জগংক্যবস্থাও অন্যরকম হত। জন্মান্তরের প্রয়োজন শ্ব্ধ্ব কর্মান্ব্যায়ী ভোগৈশ্বর্ষের বাঁটোয়ারা নয়—অন্ভববৈচিত্যের ভিতর দিয়ে উত্তরায়ণের পথে এগিয়ে যাওয়াই তার পরম তাৎপর্য। এই তার মর্মকথা,

আর-সব তার আনুষণিগক বাবস্থা মাত্র। বিশ্বব্রহ্মান্ড একটা সাবজিনীন ধর্মাধিকরণ নয়, কর্মবিধানও বিশ্বজোড়া দন্ড-প্রুক্সারের অনুশাসন নয় কিংবা বিশ্বনাথও সংহিতাকার বা ধর্মাধিকরণিকের পদে আসীন নুন। বিশ্বপ্রকৃতিতে প্রথমে দেখি একটা বিরাট শক্তির স্বতঃস্ফ্রণ। তারপর তার ব্রকে দেখা দেয় চিংশক্তির স্বত-উংসারণ। অতএব শক্তির অভিব্যক্তি চিংস্বর্পের আত্মপরিণামের লীলায়ন ছাড়া আর-কিছ্ই নয়। এই পরিস্পদেদ জন্ম-জন্মান্তরের যে-কন্ব্রেখা, তাকে অনুসরণ করে চৈত্যপ্র্রেষর অভিযান চলছে স্বতঃ-প্রণাদিত হয়ে কিংবা বিশ্বব্যাপিনী প্রানী প্রজ্ঞার প্রচোদনায়, অতীত বর্তমান ও ভবিষ্যতে প্রস্ত বীচিভংগচণ্ডল বিচিত্র শক্তিধারার সমাহারে রচিত হচ্ছে তাঁর আগামী জন্মের বিপচ্যমান প্রবৃত্তির বীজাশয়, নিয়মিত হচ্ছে প্রতি জন্মে তাঁর প্রগতির এক-একটি পদক্ষেপ বা ব্যক্তিভাবনার এক-একটি ভাগমা। হয়তো এই অভিযানে চলার নানান ছন্দ আছে-কথনও এগিয়ে-যাওয়া, কথনও পিছিয়ে-আসা, কথনও-বা মন্ডলাকারে আবর্তন। কিন্তু তব্ প্রবৃবের প্রত্যেকটি পদক্ষেপ তাঁকে নিয়ে চলেছে প্রকৃতির মধ্যে আত্ম-উন্মীলনের ধ্রব নিয়তির অভিম্বথেই।

এইখানে মনে পড়ে জন্মান্তর সম্পর্কে স্থালব শির দ্রান্তিপ্রস্ত আরেকটি লোকায়ত ধারণার কথা। সাধারণত জন্মান্তরাভিযাত্রী জীবাআকে কল্পনা করা হয় অপরিণামী অথচ সীমিত একটা ব্যক্তিসত্তা বলে। আমাদের জড়া-সক্ত মন তার সংকল্পিত প্রাতিভাসিক জীবনচেতনার বর্তমান গণ্ডি ছাডিয়ে দ্ভিতৈ দূরে প্রসারিত করতে পারে না বলেই এই অনায়াস ও অমূলক ধারণার উৎপত্তি। ইতরজনের কম্পনায়, জন্মান্তরে শুধু যে একই আত্মা ও একই চৈত্যপুরুষের পুনরাবিভাবে ঘটে তা নয়, অতীত দেহের আশ্রিত একই প্রকৃতির প্রনরাব্তি চলে এই জন্মেও। জন্মান্তরে দেহ এবং পরিবেশেরই যেট্রকু বদল হয়—নইলে প্ররুষের মন স্বভাব ধরন-ধারন ঝোঁক বা মেজাজ ইত্যাদি কোনও উপাধিরই অদলবদল হয় না। অর্থাৎ আগের জন্মের রাম-চরণ এ-জন্মেও দেহের সাজ বদলে সেই রামচরণ হয়েই ফিরে আসে। কিল্ড একথা সতা হলে জন্মান্তরের কোনও আধ্যাত্মিক প্রয়োজন বা তাৎপর্যও থাকতে পারে না। প্রলয়কাল পর্যন্ত সঙ্কীর্ণ প্রাণ-মনের উপাদানে গড়া সীমিত ব্যক্তিসন্তারই একটা পৌনঃপর্নিক সংস্করণ চললে তার ফলে কার কি ইষ্টিসিম্পি দেহীকে তার স্বর্পসত্যের পূর্ণমহিমায় প্রতিষ্ঠিত হতে গেলে শ্ধ্ অনুভবের নৃতন ক্ষেত্র রচনা করলে চলবে না—তার ব্যক্তিসত্ত্বের রূপান্তরসাধনও করতে হবে। একই ব্যক্তিসত্তের প্রনরাব্তির একটা সার্থকতা থাকতে পারে, যদি কোনও জন্মের অসম্পূর্ণ জীবনধারাকে সম্পূর্ণ করতে প্রাণ-মন-চেতনার একটি বিশিষ্ট র পায়ণের ভিতর দিয়ে জীবের আবর্তন অত্যাবশ্যক হয়। কিন্তু

সর্বসাধারণের বেলায় একঘেয়ে প্নরাবৃত্তির ব্যবস্থা একেবারেই অকেজা। রামচরণ যদি চিরকাল রামচরণই থেকে যায়, তাহলে তার জীবনধারা হবে পৌনঃপ্নিক দশমিকের মত। একই দ্বভাব একই র্চি একই প্রবৃত্তি অর্থাৎ বাইরে-ভিতরে একই ধরনের জীবনস্পন্দ আবহমান চলতে থাকলে ঋন্ধি বা সিন্ধি কোনও-কিছ্র দিকে সে এগোতে পারবে না। এমনতর জন্মান্তরের আবর্তনে আছে শ্ব্র চিরন্তন প্নরাবৃত্তির একটা অর্থহীন প্রন্পরা—নাই অধ্যাত্ম-পরিণামের কোনও ইভিগত। অবশ্য বর্তমান ব্যক্তিসন্তার প্রতি মৃত্ আসন্তিবশত এমন অবিচ্ছেদ আবৃত্তিই আমরা চাই—রামচরণ আর-কিছ্ই হতে চায় না রামচরণ ছাড়া। কিন্তু এ তার অব্যুক্ত আবদার। এ-আবদার বাথতে গেলে তার জীবন শ্ব্র পশ্ত হবে—সার্থকতার ক্লে তা কোনকালেই ভিড্বে না। বহিরাত্মার র্পান্তরসাধন ও আত্মপ্রকৃতির অবিচ্ছেদ উধ্বায়নদারা চিৎসত্ত্বক প্রস্ফুটিত করে তোলাতেই আমাদের জীবনের সত্যকার সার্থকতা।

আমাদের মধ্যে চৈত্যসতুই সত্যকার পরেষ। পথ্ল ব্যক্তিসতু দেহ-প্রাণ-মনের সমাহারে বিসূত্ট তাঁর একটা সাময়িক প্রেঃক্ষেপ মাত্র—তাকে কোনমতেই নিতাপ্রতিষ্ঠ আত্মতত্ত্ব বলা চলে না। প্রেষের প্রেরণায় প্রতি জন্মে বিশিষ্ট অনুভবের উপযোগী এক-একটি বিশিষ্ট ব্যক্তিসত্ত্বের আবিভাব হয-প্রেষের আত্মসন্তাকে উন্মীলিত করবার জন্য। দেহত্যাগের পর কিছুকাল অতীত প্রাণরূপ ও মনোরূপের একটা অনুবৃত্তি চলে। কিন্তু অবশেষে ওই দুটি কোশও খসে পড়ে, বাকী থাকে অতীতের সারভূত সংস্কার শাুধ্য—যার খানিকটা আগামী জন্মে কাজে লাগতেও পারে নাও লাগতে পারে। অতীত ব্যক্তি-সত্ত্বের একটা নির্যাস পুরুষসত্ত্বের বহু উপাদানের অন্যতম হয়ে তাকে জড়িয়ে থাকে, তাঁর অর্গাণত ব্যক্তিভাবনার একটি ভাবনার পে বহিঃস্ফটে দেহ-প্রাণ-মনের অন্তরালে অধিচেতনার গ্রহাশয়নে প্রচ্ছন্ন থাকে এবং সেইখান থেকে তার নিজস্ব সঞ্চয় হতে জ্রাটিয়ে দেয় নবীন র পায়ণের উপাদান। কিন্তু তাবলে নবর পায়ণের সবটাকু সে নয়, বা পারাতন প্রকৃতিকে অপরিবর্তিত আকারে ফাটিয়ে তোলবার দায়ও তার নাই। এমনও হতে পারে, বর্তমান রূপায়ণে অতীতের কোনও-কিছার অনাবাত্তি রইল না—তার মধ্যে দেখা দিল একটা বিপরীত স্বভাব ও বেমকা মেজাজ, অন্যধরনের সামর্থা বা আর-কোনও দিকের ঝোঁক। তার কারণ, হয়তো স্কুদূর অতীতের কোনও নির্কুণ আশয় এ-জন্মে আপনাকে ফুটিয়ে তোলবার অবকাশ খুজছে। হয়তো-বা বিগত জন্মে কোনও বৃত্তির ক্রিয়া শ্বর হর্মোছল মাত্র, কিন্তু আরও অন্ক্ল যোগাযোগের অপেক্ষায় তার রাস টেনে রাখতে হয়েছিল--এইবার তার ছাডা পাবার সময় এসেছে। বর্তমানের পিছনে সমগ্র অতীত প্রচ্ছন্ন রয়েছে—তার উপচীয়মান সংবেগ ও উদ্যত সম্ভাবনা নিয়ে ভবিষ্যংকে গড়ে তোলবার জন্য। তব্ তার সবর্থান বর্তমানে মৃত্ ও

সক্রিয় হয়ে ওঠে না। অতীতের ভান্ডার ব্যক্তিভাবনার সার্থক বিচিত্র সঞ্চয়ে যত পূর্ণ হয়ে উঠবে, অনুভবের অকল্পনীয় ঐশ্বর্যের সমারোহ জীবনকে যতই ঘিরে থাকবে এবং তার মুখ্যফলর্পে নবজন্মের মালগে যুতই ফুটবে বিদ্যা বীর্য চারিত্র কর্মণ্যতা ও বিশ্বতোম্খী সংবেদনের সহস্রদল সৌষম্যের অকুণ্ঠ সামর্থ্য, অভিনব ব্যক্তিসত্ত্বের বহির্ব্যক্তিতে প্রস্ফুরিত প্রাণমনোময় ও ভত-স্ক্রময় প্রচ্ছন্ন ব্যক্তিভাবনার যতই বাহ্লা ঘটবে—ততই বৃহৎ ব্যক্তিদের উপচিত বৈভবে সে-জীবন উচ্ছল হবে, তার মনোময় পরিণামের শেষ ধাপে দাঁড়িয়ে উন্মনী ভূমির দিকে পাখা মেলবার পরম লগন আসন্নতর হবে। একটি ব্যক্তির আধারে এমনতর বহু ব্যক্তিভাবনার জটিল সমাহরণ জীবাত্মার অধ্যাত্মপরিণামের এক অভিনব উত্তরকান্ডের সূচনা আনে—যেখানে কেন্দ্র-পুরুষের কীলককে আশ্রয় করে বহুভাবনার বিচিত্র ঐশ্বর্য সংহত হয় এবং আত্মপ্রকৃতির এই বহুভাগ্গম লীলায়ন চলে এক সম্যক্র-সৌষম্যের উদয়-তীর্থের দিকে। কিন্তু অতীতের সণ্ডিত বৈভব এর্মান করে সমন্ধ হবার সুযোগ পেলে, কখনও তা শুধু ব্যক্তিসন্তার পুনরাব্তির রূপ ধরবে না—বরং এই সমাহরণকে আশ্রয় করে দেখা দেবে অভিনবের অভাদয়ে জন্মান্তরের একটা বৃহত্তর সার্থকিতা। জন্মান্তর কেবল অবিকৃত ব্যক্তিসন্তার পুনুরাবৃত্তি বা অন্ব্রতি ঘটাবার কোশল নয়—বস্তৃত তা প্রকৃতি-স্থ চিৎসত্তার উদ্মীলনের একটা অপরিহার্য সাধন।

এই যদি জন্মান্তরের মর্মকথা হয়, তাহলে জাতিস্মরতাকে মিছামিছি এতথানি বাড়িয়ে দেখবার কোনও প্রয়োজন হয় না। প্রচলিত কর্মবাদে দণ্ড-প্রম্কারের ব্যবস্থাই আছে শ্বধ্ব--নাই জীবের কল্বয়ক্ষালনের কোনও দ্যোতনা। কিন্তু তা না হয়ে কর্মফল বন্টনের মূলে যদি দেহীকে প্রণাচরিত করে তোলবার একটা আক্তি থাকত, অতএব দশ্ড-প্রেক্কারের ব্যবস্থাই যদি জন্মান্তরের প্রযোজক হত—তাহলে নতুন জন্মে অতীত জন্ম-কর্মের সমস্ত স্মৃতি হতে জীবকে বঞ্চিত করা একটা বিষম অন্যায় ও নিব′্বদ্ধিতার পরিচায়ক হত। কারণ, জাতিস্মর না হলে জীব কি করে ব্রুবে অতীতের কোন্ পাপ বা প্রেণার ফলে তার এ-জন্মের এই দুর্গতি বা ভাগালক্ষ্মীর এই প্রসমতা? পাপ-প্রণ্যের হিসাবের সংখ্য লাভ-লোকসানের হিসাবও যে এমনি করে জড়িয়ে আছে, তা বোঝবারই-বা সুযোগ সে পাবে কোথায়? বরং সে ব্যাবহারিক জীবনে দেখতে পায় একটা উল্টা ধারা। এ-জগতে প্ন্যাত্মাকে স্কৃতির জন্য লাঞ্চিত এবং পাপীকে দুষ্কৃতির ফলে সমৃন্ধ হতে হামেশাই দেখে-দেখে এই প্রতীক বিধানকে সত্য বলে মানবার প্রবৃত্তিই কি তার মধ্যে জোর ধরবে না? জীব জাতিস্মর না হলে অতীতের স্বানিশ্চিত অব্যাভচারী অভিজ্ঞতার অভাবে কি করে সে ব্রঝবে, প্রণ্যাত্মার এই দুর্ভোগ তাঁর অতীত দুষ্কৃতির সাজা এবং

পাপীর ওই অভ্যাদরও তার অতীতের স্বিচরসণ্ঠিত স্কৃতির দীপ্তছ্টা—অতএব প্রকৃতির বাঁটোয়ারাকে শিরোধার্য করে ব্লিধমান জীবের পক্ষে শেষ-পর্যক্ত প্র্ণাচরণকে প্রেণ্ঠ পন্থা বলে স্বীকার করাই হবে প্রোচ্নিচারের একমার পরিচর? বলতে পার, বহিশ্চর মন জাতিস্মর না হলেও চৈত্যপ্রের্থের স্মৃতিতো অবিল্প্ত। কিন্তু তাঁর অপ্রকট প্রছেম স্মৃতিতে বহিশ্চর মনের কি লাভ? ...বিদ বল: এ-জীবনে বা-কিছ্ ঘটছে, সব জমা থাকছে চৈত্যপ্রের্থের স্মৃতির ভাশ্ডারে। দেহত্যাগের পর সে-স্মৃতির তলব পড়ে—তখন অতীত অন্ভবের হিসাব খতিয়ে বা-কিছ্ শেখবার বা বোঝবার তা তিনি আয়ত্ত করে নেন। কিন্তু বিদেহীর এই অন্তরা-প্রবৃশ্ধ স্মৃতিতে তার ভাবী জন্মের কোনও-একটা স্বরাহা হয় কি? কেননা এত হিসাবিনকাশের পরেও তো আমরা পাপাসক্তিও প্রমাদের কর্বলিত হতে শ্বিধা করি না—আমাদের ব্যবহার থেকে তো প্রমাণ হয় না যে অতীতের অন্ভব হতে কিছ্মান্ত অন্ক্ল শিক্ষা আমরা গ্রহণ করতে প্রেরিছ কোনওকালে।

কিল্ড উপচীয়মান বিশ্বাত্মবোধের উল্বোধন শ্বারা অধ্যাত্মচেতনার অবিরত অভাদর যাদ জন্মান্তরেন তাৎপর্য হয় এবং প্রতি জন্মে অভিনব ব্যক্তিসত্ত্বের অবিভাব যদি হয় তার সাথক সাধন—তাহলে বিগত জন্মের বা জন্ম-পরন্পরার অবিচ্ছিল্ল ও অখণ্ড স্মৃতি জীবাম্মার প্রগতির অন্ক্ল না হয়ে তার পারের বেডি বা চলতি পথের বিষম বাধা হবে। কারণ জাতিসমরতা তখন হবে অতীতের সংস্কার চারিত্র ও অভিনিবেশকে জিইয়ে রাখবার একটা অনিবার্য প্রবৃত্তি এবং তার প্রবল পিছাটানে পদে-পদে অভিনব ব্যক্তিসত্তের স্বচ্ছন্দ অভ্যুদয় ব্যাহত হবে, বিকল হবে তার অনুভবের স্ব-তন্দ্র রুপায়ণ। অতীত জীবনের আসজি-বিশ্বেষ বা অনুরাগ-বিরাগের পৃংখান্পুংখ ও স্মুপিই স্মৃতির জের এ-জীবনেও টানতে হলে ঝামেলার আর অন্ত থাকবে না। জাতি-স্মরতা তখন নবজাতককে বহিশ্চর অতীতের নির্থাক প্রনরাব্যত্তি বা গত্যন্তর-হীন অনুব্তির আবতে আটকে রাখবে, অতীতকে এড়িয়ে চিংসত্তার গহনে ভূবে অভিনবের সম্ভাব্যতাকে আবিষ্কার করবার পথে দ্বর্ল খ্যা ব্যাঘাত স্থি করবে। কেবল মনের তালিমেই যদি অধ্যাত্মসাধনার সার্থক পরিসমাপ্তি ঘটত. তাহলে প্র্বস্মৃতির একটা গ্রেম্ব স্বীকার করতে আপত্তি ছিল না। কিন্তু বাস্ত্রবিক অধ্যাত্মপরিণাম ঘটে জীবাত্মার চৈতাসত্তার উপচয়ে. সত্তার গভীর গহনে অতীতের সার্থক শক্তিপরিণামের অর্থকিয়াকারী সমাহরণে এবং তার ফলে আত্মপ্রকৃতিতে সিস্কার অভিনব প্রেতির উন্মেষে। দৈনন্দিন আলোড়নের প্ৰেয়ান্প্ৰেথ থবর সেথানে পেছিনো নির্থকি, অতথ্ৰব প্র'স্মৃতির বিশেষ গ্রুছও সেখানে নাই। গাছ যেমন রোদ-ব্ভিট সার-জল প্রভৃতি ভৃতশক্তির বিচিত্র পরিণামকে অবচেতন বা অচেতনভাবে পরিপাক করে

বেড়ে ওঠে, জীবাত্মাও তের্মান অধিচেতনায় কি অন্তদেচতনায় অতীতের শক্তিপরিণামকে পরিপাক করে তার অন্তর্নিহিত সম্ভাবনাকে ভবিষ্যতের দিকে মেলে দিয়ে এগিয়ে চলে। অতএব জাতিস্মরতার অভাবই আমার্দের অধ্যাত্মপরিণামের সর্বতোভাবে অনুক্ল এবং বিশ্বপ্রকৃতির সর্বদর্শী বিজ্ঞানশক্তির নিদর্শন।

অতীত জন্মের ম্মৃতি থাকে না বলে জন্মান্তর একটা অবাস্তব কল্পনা— এ-ধারণায় আমাদের অজ্ঞান এবং অর্যোক্তিকতাই সূচিত হয় মাত্র। স্মৃতির অভাব এ-জন্মেও ঘটে। অতীতের সকল ঘটনা আমাদের মনে থাকে না: কত স্মৃতি ঝাপসা হয়ে মিলিয়ে যায়, শৈশবের স্মৃতি যৌবনের তাপে মূর্ছিত হয়ে পড়ে। তব, স্মৃতির এই দৃ্স্তর ফাঁক নিয়ে আমরা বে'চে থাকি, বেড়ে চলি। এমন-কি অতীতের সব ঘটনা মন থেকে মুছে গিয়ে সম্পূর্ণ আত্ম-বিষ্মরণও যদি ঘটে, তব্তু তো ব্যক্তিস্তার ছেদ হয় না বা লুপ্ত স্মৃতির পুন-র জীবন অসম্ভব হয় না। ইহজন্মেই যদি ক্ষাতির এত বিপর্যায় ঘটতে পারে, তাহলে লোকান্তর-স্থিতির আমূল-নবীন অনুভবের পর একেবারে নতুন পরিবেশে নতুন দেহে জন্ম নেবার সঙ্গে-সঙ্গে অতীতের বহিশ্চর বা মনোময় স্মৃতি যে নিঃশেষে মুছে যাবে, তাতেই-বা আশ্চর্যের কি আছে? জীবসন্তার দ্বর পের বিপর্যয় বা আত্মপ্রকৃতির দ্বাভাবিক পরিণামের বাধাই-বা ঘটবে কেন? বরং নতুন পরিবেশে অতীতের জীর্ণ সাধনসম্পত্তিকে পরিহার করে জীবাত্মা যদি নতন দেহ-প্রাণ-মনের আশ্রয়ে অভিনব ভাগ্গতে তার ব্যক্তি-সত্তকে ফুটিয়ে তোলে, তাহলে বহিশ্চর মনোময় স্মৃতির বিপরিলোপই হবে তার স্মানিশ্চিত এবং অপরিহার্য সাধন। নতুন মস্তিত্ক প্রোনো মস্তিত্কের সমুহত চিন্তার ছাপ বয়ে বেড়াবে কিংবা পরেনো প্রাণ-মনের যত বাতিল সংস্কারের প্রেতচ্ছায়া ঘুরে বেড়াবে নতুন প্রাণ-মনের আনাচে-কানাচে—এটা আশা করাই আমাদের অন্যায়। অবশ্য অধিচেতন পরে বের পক্ষে অবিলর্প্ত স্মতির বাহন হওয়া অসম্ভব নয়—কেননা তিনি তো বহিশ্চর জীবনের প্রগারা লাঞ্চিত নন। কিন্তু অধিচেতন স্মৃতিতে অতীত জীবনের স্কেশ্ট ছবি জিয়ানো থাকলেও বহিশ্চর মনের সংগ্যে তার কোনও সম্পর্কই থাকে না। এই নিঃসম্পর্কতাও অর্থহীন নয়, কেননা অন্তরগহনের একটা স্কুম্পন্ট চেতনা উদ্বৃদ্ধ না করেই অভিনব ব্যক্তিসত্ত্বকে গড়ে তুলতে হবে বাইরে-বাইরে—এই হল প্রকৃতির সহজ বিধান। বহিশ্চর সত্তার অন্যান্য বৃত্তির মত এই ব্যক্তিসত্ত অবশ্য অন্তর্যামীর প্রেরণাতেই রূপ নেয়, কিন্ত তাহলেও সে-সম্পর্কে সে সচেতন নয়—নিজেকে স্বয়ম্ভ মনে করা অথবা বিশ্ব-প্রকৃতির অব্যক্ত পরিণাম হতে উচ্ছত মনে করাই তার স্বভাব। এত দঃস্তর বাধা সত্ত্বেও পূর্বজন্মের স্মৃতিকে কখনও অংশত উল্জীবিত হতে দেখা ষায়— এমন-কি শিশ্ব-মনের পূর্ণ জাতিক্ষরতার দ্ব-একটি বিক্ষয়কর কাহিনীও

কথনও-কথনও কানে আসে। তাছাড়া অধ্যাত্মসাধনার ফলে বহিশ্চেতনাকে অভিভূত করে অন্তশ্চেতনা যথন প্রেরাধা হয়ে জেগে ওঠে, তখন অতীতের গভীর গহন হতে জন্মান্তরের স্মৃতি মাঝে-মাঝে চিত্তের পরদায় ছায়া ফেলে। এই উম্জীবিত স্মৃতিতে প্রায়ই বিগত জন্মের খাটিনাটির কোনও থবর থাকে না—থাকে শাধা 'জন্মকথনতা-সংবাধ' অর্থাৎ অতীত ব্যক্তিসন্তার কোন্ শক্তিপরিণামের অনুবৃত্তিতে এ-জন্মের ধাতু-প্রকৃতি নির্নুপিত হয়েছে, তার স্ক্রা অন্ভব। অবশ্য স্মৃতি-সংযম ন্বারা অধিচেতন ভূমি হতে বা গাহাহিত চিৎ-ধাতুর অন্তর্গ ভূ ভান্ডার হতে অতীতের প্রথমানপ্রথম স্মৃতিও জাগানো যায়। কিন্তু স্মৃতির এই উদ্বোধনে বর্তমান জীবনের প্রগতির কোনও আনুক্ল্য সাধিত হয় না, তাই প্রকৃতিও আমাদের জীবনে প্রায়ই তার কোনও ব্যবস্থা রাখেনি। প্রকৃতির লক্ষ্য জীবসন্তার ভবিষ্য-পরিণামকে গাড়ে তোলা। তার জন্য স্বার অলক্ষ্যে সে অতীতের গোপন ভান্ডার হতে উপ্যাক্ত উপকরণ সংগ্রহ করে, অতএব অতীতকে চোথের সামনে স্বর্ণা জাগিয়ে রাখাকে সে মনে করে অন্যবশকে।

ব্যান্টিপ্রের ও ব্যান্ডিসত্তের এই স্বর্পকথাকে সত্য মানলে, আত্মার অমরত্ব সম্পর্কে আমাদের প্রচলিত সংস্কারেরও শোধন-মার্জন প্রয়োজন হবে। সাধারণত আত্মার অমরত্ব বলতে আমরা বৃঝি মৃত্যুর পরেও একটা বিশিষ্ট এবং অপরি-বর্তানীয় ব্যক্তিসত্ত্বের চিরন্তন অস্তিত্ব। আমরা ভাবি, এই একটি ব্যক্তিসত্তুই অনন্তকাল জন্তে অবিকল একভাবে ছিল এবং থাকবেও। অথচ এ-ব্যক্তিসত্ত আমাদের বহিশ্চর অপূর্ণ অহনতা ছাড়া আর-কিছ্বই নয়। মহাপ্রকৃতি তাকে চিৎসত্তার একটা কালাবচ্ছিন্ন রূপায়ণ বলেই জানে, তাই তাকে জিইয়ে রাখবার গরজও তার নাই। কেবল আমরাই তাকে অমরত্বের শাশ্বত মহিমার আসনে প্রতিষ্ঠিত করতে চাই! আমাদের এ-দাবি যে স্বন্টিছাড়া স্বতরাং নামঞ্জর হতে বাধ্য, সেকথা বলাই বাহ্ল্য। ক্ষণভগন্ন 'অহং' চিরঞ্জীব হবার যোগ্যতা অর্জন করতে পারে, যদি পরিণামের প্রবাহে ভেসে যেতে তার আপত্তি না থাকে। তখন আত্মোৎসর্গের অবিরাম সাধনার ফলে তার গতি হবে বৃহত্তর ও মহত্তর সিন্ধি এবং ঋন্ধির দিকে—দিনে-দিনে বিজ্ঞানের জ্যোতিতে সে হবে উদ্দীপ্ততর, অন্তরের শাশ্বত স্ব্যমায় ক্রমেই তার প্রতিমা লাবণ্যোচ্ছল হয়ে উঠবে, গ্রহাহিত চিৎপ্রব্যের দিব্যভাবের দিকে আরও থরস্রোতা হবে তার উত্তরায়ণের প্রবেগ। এই গ্রহাহিত চিংপ্রেষ বা আত্মার দিব্যভাবনাই আমাদের মধ্যে অবিনশ্বর হয়ে আছে—কেননা এ-ভাব অজ এবং শাশ্বত। আমাদের অন্তঃস্থ চৈত্যপ্রহ্ব এবই প্রতিভূ। আমাদের চিন্ময় জীবভাবের অথবা পৌর্বেয়বোধের মূল এইখানে। ব্যক্তিজীবনের ক্ষণভণ্গা্র অহ**ল্**তা অল্ডঃল্থ প্রেবের একটা সাময়িক বিস্ভিট মাত। তাকে বলতে পারি প্রকৃতিপরিণামের

বহ্বা-পরম্পরিত পর্বের একটি পর্ব শ্ব্ধ। তার সার্থকতা স্বোত্তরভূমিতে উৎক্রমণে—সত্তা ও চৈতন্যের উত্তরকোটির সামীপ্য অর্জনে। বস্তৃত অন্তর-প্রব্ধই মৃত্যুঞ্জয় এবং বর্তমান জন্মেরও প্রাগ্ভাবী। জন্মজন্মান্তরে অন্ব্র্ত তাঁর মৃত্যুঞ্জিং বিভাবনায় আমাদের কালাতীত ক্টেম্থ স্বর্পকে তিনি র্পায়িত করে চলেছেন কালস্রোতের তরুগদোলায়।

মৃত্যুঞ্জর হবার প্রাকৃত আকৃতি এই প্রাণকে. এই মনকে—এমনকি এই দেহকেই আবার ফিরে পেতে চার। এই শেষের দাবি রূপ নিয়েছে 'কিয়ামং'-এর দিনে বর্তমান দেহেরই প্রনর্ভ্জীবনের য্রিক্তহীন কল্পনায়। যুগ-যুগ ধরে মানুষ, অমৃত-রসায়নের সন্ধানে প্রাণপাত করেছে, ইন্দ্রজাল কিমিয়া কিংবা জড়বিজ্ঞানের সাধনায় দেহের মৃত্যুকে নির্মুধ করে অমর হতে চেয়েছে। কিন্তু এ-স্বপ্ন তার সার্থক হয়, যদি এই দেহ-প্রাণ-মনই গ্রহাশায়ী চিৎ-পুরুষের মৃত্যুঞ্জয় দিব্য স্বভাবের প্রসাদ পায়। অবশ্য বিশেষ-কোনও কারণে অন্তঃম্থ মনোময় প্রুর্বের প্রতিভূম্থানীয় বহিশ্চর মনোময় সত্তেরও মৃত্যুজিং হবার সম্ভাবনা দেখা দিতে পারে। বহিশ্চর মানসসত্ত কখনও তার ব্যক্তি-ভাবনাকে সর্বাভিভাবী করে তুলেও ভিতরে-ভিতরে অন্তর্মন ও মনোময় প্রেষের সংগে একাত্ম হয়ে থাকে। সেইসংশে অন্তরপ্রেয়ের অন্তহীন প্রগতির অভিযানে সাবলীল ছন্দে সাড়া দেবার সামর্থ্য যদি তার অক্ষ্ম হয়, উত্তরায়ণের জন্যে তাহলে মনের প্রোনো কাঠামোকে বর্জন করে একটা নতুন কাঠামো গড়বার কোনও প্রয়োজনই হয় না। অন্তশ্চর প্রাণময় প্রে,ষের প্রতিভূর্পে আমাদের বহিশ্চর প্রাণসত্তও এর্মান করে একাগ্র ব্যক্তি-ভাবনা, শক্তির সমাহরণ এবং অকুণ্ঠ আত্মোন্মীলনের ফলে মৃত্যুঞ্জয় হবার সামর্থ্য পায়। এ-ির্সাম্থ তার করায়ত্ত হলে, অন্তরাত্মা ও বহিম^{*} রখ জীবসত্ত্বের মাঝখানকার বাবধান ভেঙে পড়ে এবং চৈতাপ্রের্যের প্রশাসনে জীবন নিয়ন্তিত হয় তাঁরই প্রতিভূস্বরূপ শাশ্বত প্রাণময় ও মনোময় প্রেষের প্রবর্তনায়। জীবের প্রাণপ্রকৃতি ও মনঃপ্রকৃতি তখন প্ররুষের স্বীয়া প্রকৃতির**ু**পে অবাধ ছন্দে প্রগতির পথে এগিয়ে যায়—বারবার রূপান্তরগ্রহণের ভিতর দিয়ে নিজের স্বর্পকে টিকিয়ে রাখবার প্রয়াস আর তাদের করতে হয় না। হতে জন্মান্তরে তখন চলে একই প্রাণসত্ত ও মনঃসত্তের নিম্প্রলয় লীলায়ন। তাদের অমর্ত্য বলতে তখন কোনও বাধা থাকে না-কেননা দেহান্তর-সংক্রমনের আবর্তানেও তথন তাদের তাদাম্মারোধের অন্ব্রিত অবিচ্ছেদ হয়। একেই বলতে পারি অচিতি ও জ্বড়প্রকৃতির সকল সংকাচকে পরাভূত করে প্রাণ মন ও চিৎসত্তের বিজয়গোরবের নিদর্শন।

কিন্তু একমাত্র স্ক্রাদেহই এমনতর মৃত্যুঞ্জর মহিমার যোগ্য আধার হতে পারে। স্থালদেহকে পরিবর্জন করে লোকান্ডরে উৎক্রান্ডি এবং সেখান হতে

আবার নতুন দেহে এখানে ফিরে আসা তখনও জীবাম্মার পক্ষে অপরিহার্য হবে। উৎক্রান্তির সময় জীব সাধারণত সক্ষ্মেদেহস্থ প্রাণময় ও মনোময় কোশকেও ছেড়ে চলে। কিন্তু প্রাণময় ও মনোময় পুরুষ তার মধ্যে প্রবুষ থাকলে এই দুটি কোশকে অক্ষ্ম রেখেই আবার সে নতুন দেহে ফিরতে পারে। তখন প্রাণ ও মনের শাশ্বত সদ্ভাবের একটা স্কেপ্স্ট এবং অবিচ্ছিল্ল প্রতায় তার নবজন্মের চেতনাতেও জাগ্রত থাকে—বর্তমান ও ভবিষ্য সম্ভাবনার মধ্যে অতীতের সার্থক অনুবৃত্তির আকারে। কিন্তু যে-স্থলেদেহ জীবের অল্লময় জীবনের আশ্রয়, আধারের এই গোৱান্তরেও কিন্ত তাকে জিইয়ে রাখা সম্ভব হয় না। অন্নময়-বিগ্রহ চিরঞ্জীব হত, যদি কোনও উপায়ে তার ক্ষয় ও বিশরণের জডাগ্রিত নিমিত্তগর্মল আমাদের স্ববশে যেত * এবং সংগ্র-সংগ্র তার ধাতৃ-প্রকৃতিতে এমন-একটা প্রগতিশীল সাবলীলতা দেখা দিত, যাতে অন্তর-প্রেষের প্রগতিচ্ছন্দের সংখ্য পিণ্ডদেহেরও রূপান্তরের ছন্দ মিল রেখে চলত। জীবাত্মার মধ্যে আছে ব্যক্তিসত্তের বৈশিন্টো নিজেকে ফর্টিয়ে তোলবার একটা সংবেগ, দীর্ঘদিনের তপস্যায় তার অন্তর্গতে চিন্ময় দিব্যভাবকে উন্মিষিত করবার একটা প্রেতি এবং তার ফলে মনোময় আধারকে দিব্যমানস বা চিং-সত্তার ব্যক্তবিভূতিতে রূপান্তরিত করবার নিরন্তর প্রয়াস। জীবনচেতনার এই দিবাভাবনার সংখ্য জীবদেহও যদি তাল রেখে চলতে পারে, তাহলেই তার অমরত্বের আকৃতি সার্থক হয়। চিৎসন্তার নিতাসিন্ধ অমরত্ব ও চৈতাসতার মতাজয়ী মহিমাকে আপ্রিত করে প্রকৃতিও যদি অম্তর্পিণী হয়—তাহলে ত্রিপর্বা অমৃতত্ত্বের এই মহাসিদ্ধিই হবে জন্মান্তর-প্রবাহের চরম পরিণাম এবং জডশক্তির মর্মাগহনে অধিষ্ঠিত অন্ধ অচিতি ও অবিদ্যার নিশ্চিত পরাভবের অবন্ধ্য সূচনা। কিন্তু তাহলেও অমৃতত্বের সত্যকার তাৎপর্য নিহিত থাকবে চিংসত্তার শাশ্বত সদ্ভাবের 'দ্বে মহিদ্নি'। জড়বিগ্রহের চিরঞ্জীবতা হবে একটা আপেক্ষিক বিভৃতিমাত্র—যাকে ইচ্ছামাত্রেই সংহরণ করা চলবে। মত্যভূমিতেও চিংপুরুষ যে জড়জিং ও মৃত্যুঞ্জয়, ইচ্ছামৃত্যু হবে তার একটা কালাবচ্ছিন্ন নিদর্শন।

^{*} জড়বিদ্যা বা বিভৃতিবিদ্যা যদি স্থ্লদেহকে অনিদিশ্টকাল জিইয়ে রাখবার কোনও অবার্থ কৌশল আবিশ্বার করতেও পারে, তব্ জীবান্ধা চিরদিন সে-দেহকে আকড়ে থাকবে না। কেননা, চিংসড়ের উপচরকে রূপ দেবার যোগা বাহনর্পে দেহ যদি নতুন করে নিজেকে না গড়তে পারে, তাহলে বে-কোনও উপারে তার বাধন কাটিয়ে জীবান্ধাকে নতুন শ্রীর নিতেই হবে। মৃত্যুর যে-কারণ আধারের জড়ত্ব বা স্থ্লদের সংগ্য জড়িত, তাই তার একমার বা সত্য কারণ নর। মৃত্যুর নিগ্তেম যথার্থ কারণ হল জীবের অভিনব পরিণামের মৃলে নিগ্তিত চিংশব্রির অন্তর্বণীর প্রেতি।

नुसाविश्य खशास

মাকৃষ ও প্রক্রতিপরিণাম

একো দেব: সর্বভূতের, গ্রু: সর্বরাপী সর্বভূতাতরাত্ম। কর্মাধাক: সাক্ষী চেতা কেবল: ॥ একো वनी निष्क्रश्रामाः बद्दानात्मकः वीक्षः बद्दाश यः करताि ॥

শ্বেতাশ্বতরোপনিষং ৬।১১.১২

এক দেবতা সর্বভতে আছেন গঢ়ে হয়ে, সর্বব্যাপী ও সর্বভতের অন্তরাত্মা তিনি: তিনিই কর্মাধ্যক সাক্ষী চেতা ও নিগুণ।...এক তিনি—বহু, নিচ্ছিয়ের বশীশ্বর, একটি বীজ্ঞকেই বহু,খা করেন রূ,পায়িত।

—শ্বেতাশ্বতর উপনিষ্দ (৬।১১।১২)

একৈকং জালং বহাধা বিকুর্বন্ অস্মিন্ ক্ষেত্রে সপ্রত্যেষ দেবং। ্যোনিস্বভাবান্যিতিস্ঠত্যেকঃ ধ

यक न्वजावः भारति विन्वत्यानिः भारताः मर्वान् भविशामसमाः।

ग्रांशंभ्क नर्वान् विनित्साख्यसमः ॥

শ্বেতাশ্বতরোপনিষং ৫।৩-৫

এক-একটি জালকে বহুধা ব্যাকৃত করে এই ক্ষেত্রেই সম্বরণ করেন এই দেবতা। সেই এক দেবতাই অধিষ্ঠিত আছেন সকল যোনিতে এবং সকল স্বভাবে। বিশ্বযোনির পে তিনিই সত্তের দ্বভাবকে করেন পরিপক-পরিপাকের যোগ্য যারা. সে সবার পরিপাম ঘটান তিনিই: আবার তিনিই করেন সকল গণের বিনিয়োগ। —শ্বেতাশ্বতব উপনিষদ (৫।৩.৫)

এकः तृभः बद्द्या यः करवािछ।

कर्कार्भानम् ५।১३

একই রূপকে বহুধা রূপায়িত করেন তিনি।

—কঠ উপনিষদ (৫।১২)

ক ইমং বো নিশাসা চিকেত বংসো মাজু প্রনিয়ত শ্বধাডি:। बद्दीनाः शर्छा अभगाम,भन्धान्यदान् कविनि न्हर्ता व्यथावान ॥ व्यानित्को। नर्य रूठ हान् नान, किमानाम पर्दः व्यवस्था उत्रत्य।

बटावर 5 15 6 18.6

কে তোমাদের মধ্যে এই রহস্যকে জেনেছে। বংসই মায়েদের জন্ম দিল স্বধার वौर्या, वर, जन्ज कान राज व्यविदास कान य-निम्म, महान कवि रास अभवन করছে সে আপন স্বধার অধিকার পেয়ে। প্রকাশ হতে আবিভূতি সে-বেড়ে চলেছে কুটিলাদের কোলে, বেড়ে চলেছে উপরপানে চার্রুপে—আপন মহিমায়।

-- খণেবদ (১ I৯৫ I8.৫)

অসতো মা সদ্সমর ভরসো মা জ্যোতিগময় মুতোমাম,তং গময়।

ब्रह्माद्रवादकार्भानवर ১।७।२৮

আমার নিম্নে বাও অসং হতে সতে, তমঃ হতে জ্বোতিতে, মৃত্যু হতে অমৃতে। - वृहमात्रगुक উপनिष्म (১।७।२४)

জড়ত্বের অন্তর্নিহিত চেতনা আত্মর পারণের বিচিত্র পরম্পরায় পরিশেষে কারার চিকার স্বাক্তার অব্যারিতভাবে আপনাকে ফ্রটিয়ে তুলবে—অধ্যাত্ম-

পরিণামের এই অকি.তিই হল মর্তাজীবনের মর্মকথা, তার অন্তর্গতে রহসের ইশারাও এরই দিকে। চিৎসভার অন্তঃপরিণামবশত এই ইশারা প্রথম সংব্রত রইল জড় অচিতির গভীর গহনে—অন্তশ্চারিণী চিৎশক্তিব 'পরে পড়ল অসাড জ**ড়ত্বের আচ্ছাদন। তাই বিস্**ষ্টির প্রথম পরে ভূতশক্তি জড়বিশেব দেখা দিল একটা অচেতন অন্ধবেগের আকারে, যদিও তার আড়াল হতে ফুটে উঠল প্রত্যক্ষের অগোচর এক বিশালবুদ্ধির লীলা। চিররহসাময়ী মহাপ্রকৃতি অব-শেষে অন্তর্গ চেতনাকে অন্ধর্তামস্রার গহন কারা হতে মর্ক্তি দিল বটে—কিন্ত্ সে-বন্ধনমোচন ঘটল অতিমন্থর গতিতে, তিলে-তিলে, চিংশক্তির অতিকৃশ উৎসাবণে, চেতনার বিন্দ্র-বিন্দ্র উদ্গমনে। রূপায়ণী শক্তি ও রূপধাতব স্ক্রাতিস্ক্র পরিস্পন্নে, প্রাণ ও মনের ক্ষীণাতিক্ষীণ কম্প্রাশখায় দেখা দিল মহাপ্রকৃতির ব্যাকৃতির লীলা—মনে হল জড়ত্বের বিপুল বাধাকে অপসারিত কবে অচিতির অসাড় দুরাগ্রহের আড়ন্ট উপাদান হতে এর বেশী আলো ফুটিয়ে তোলা যেন তার সাধ্যাতীত। তার প্রথম র পায়ণ জডের অচেতন সংহতিতে। তাবপব সজীব জড়দ্বের আধারে দেখা দিল মানস অভিব্যক্তির কুছ্ম-সাধনা—অবশেষে চেত্র জীবে তার অপূর্ণ প্রকাশ। সে চেত্রাও প্রথম ফুটল অর্ধ-অবচেতনায় অথবা জীবের সহজপ্রবৃত্তির সহচারী আভাস-চেতনায়— চেতনার দ্রুণের মত। ক্রমে জড়ের আধারে প্রাণশক্তি উৎকুণ্টতর পরিণামকে আশ্রর করে বৃদ্ধির উন্মেষ ঘটল এবং অবশেষে প্রাণিজগতের শেষ পর্বে মনন-थभी मान, खत भए। प्रत्या निल जात हतम हमश्कात। किन्छू मान, य मनन्ती त्रीष्ध-মান ও যাক্তিজীবী হলেও তাব মধ্যে চিংশক্তির পূর্ণ প্রমাক্তি ঘটল না। মানব-চেতনার সর্বোচ্চ শ্তরেও রয়ে গেল আদিম পশ্বছের ছাপ, দৈহা অবচেতনার মুচ্ভাব তামসিকতা ও অজ্ঞানের দিকে চিত্তের দুরতিক্রমণীয় অবকর্ষ—অব-চেতন জড়প্রকৃতির দুর্ধর্স শাসন পদে-পদে তার অধ্যাত্মপরিণামের চেতনাকে সংকৃচিত বিলম্বিত ব্যাহত ৫ কুছ্মুসাধ্য করে তুলল। অনাদি অচিতির বক্ষ হতে উৎসারিত চেতনার 'পরে জ্ঞতপ্রকৃতির এই প্রশাসন মনের মধ্যে বিদ্যার অভীম্সার আকারে ফোটে। অথচ তখনও মনে হয় র্আবদ্যাই যেন আমাদের মনেব স্বর্পপ্রকৃতি। এমনি করে মূঢ়তার ভাবে কুঠাচার হলেও মান্যের প্রগতির পথে দাঁড়ি টানা চলে না। পূর্ণচেতনার দিবাভূমিতে দেবমানবর্পে অথবা চিন্ময় অতিমানস অতিমানবরূপে তাকে উত্তীর্ণ হতেই হবে—এই তার অধ্যাত্ম-পরিণামের উত্তরকাণ্ড। এই উৎফ্রান্তিতে তার আধারে অবিদ্যার খেলা নিঃশেষে ফ্রিরে গিয়ে বিদ্যাশক্তির বৃহত্তর পরিণামের লীলা শরের হবে, অচিতি ও অবিদ্যার অন্ধসম্পুটকে বিদীর্ণ করে সহস্রদল মহিমায় বিকশিত হবে অতি-চেতনার জ্যোতির্মন্ত লীলাকমল।

এমনি করে এই প্রিথবীতে জড় হতে মনে এবং তারও ওপারে উন্মনী-

ভূমিতে উত্তরণের যে-মর্ত্যলীলা অভিনীত হচ্ছে, তার দুটি ধারা। একটি ধারায় জডপরিণামের ব্যক্ত লীলা—জীবের জন্ম বা শরীরধারণ তার সাধন। দেহের এক-একটি রূপায়ণকে আধার করে চেতনার ক্রমোন্মেষিত শক্তির স্ফূর্তি ঘটছে এবং বংশান্ক্রমের নিয়মকে আশ্রয় করে চলছে তার পর্নিষ্ট এবং অনু-বৃত্তি। আবার পরিণামের আরেকটি ধারায় প্রত্যক্ষের অগোচরে জীবাত্মার ক্রমিক অভিব্যক্তি ঘটছে—জন্মান্তরের আরোহক্রমে রূপ ও চেতনার উত্তরায়ণ হল তার সাধন। কেবল প্রথম ধারাটি থাকলে মহাপ্রকৃতির বিশ্বগত-পরিণাম হত বিস্থির একমাত্র তাংপর্য। ব্যক্তির অচিরস্থায়িত্ব হত তার অবাস্তর একটা সাধন মাত্র—প্রকৃতির আসল লক্ষ্য হত জাতি বা ব্যক্তিব্যহের স্থায়িত্ব বিধান করে মর্ত্যলোকে বিরাট প্রেষের প্রকাশকে ধীরে-ধীরে সম্ভাবিত করে তোলা। কিন্তু মতাভূমিতে ব্যক্তির স্থায়িত্ববিধান এবং অধ্যাত্মপরিণাম সম্ভব হতে পারে একমাত্র জন্মান্তরের ধারাকে অনুসরণ করে। বিশ্বপরিণামের প্রত্যেক পর্বে গ্রহাশায়ী চিৎপরের্ষের ভোগায়তনর্পে যে র্প-সামান্য কিংবা আরুতি কি জাতির পরম্পরা দেখা দেয়, তাকে আশ্রয় করে জন্মান্তরের সহায়ে জীবাত্মা বা চৈতাসত্তা আপন অন্তর্গন্তে চিংশক্তিকে ব্যক্ততর করেন। প্রত্যেক ব্যক্তিরই জীবন এমনি করে জডের 'পরে চিংশক্তির বিজয়মহিমার লীলাভূমি হয়—জড়ের মধ্যে তিলে-তিলে ব্যাপ্ত হয় চেতনার নির্ণক্রশ অধিকার এবং অবশেষে জড়ই হয়তো চিংসত্তের পরিপূর্ণ অভিব্যক্তির সর্বানুকূল সাধন হয়ে ওঠে।

কিন্তু মর্ত্য বিস্ভির বিশিষ্ট রীতি ও তাংপর্যের এই বিবৃতি পদে-পদে মান্বের চিত্তে সংশয় এবং অত্প্ত জিজ্ঞাসার অস্বিদত জাগাবে। কেননা মর্ত্য-পরিগামের ধারা আজও যে পথের মাঝখানে ঠেকে রয়েছে। আজও সে-ধারা অবিদ্যার কবলিত, আজও সে অর্ধোন্মিষিত মানবচিত্তের গোধ্লিলোকে তার আক্তি ও তাংপর্যের স্পষ্টতর একটা দ্যোতনা খ্রেজ ফিরছে। এ-অবস্থায় পরিগামবাদের বির্দ্থে অনেক আপত্তিই উঠতে পারে। কেউ বলবেন, চিন্ময়-পরিগামবাদের প্রতিষ্ঠা কোনও দৃঢ় ভিত্তির 'পরে নয়—এমন-কি মর্ত্যব্যাপারের ব্যক্তিস্পত ব্যাখ্যার পক্ষে এ-কন্সনা একেবারেই নিন্পুরোজন। চিন্ময়-পরিগাম যদি সম্ভবও হয়, তব্ পরিগামের উর্ধৃতন কোনও পর্বে উমীত হওয়া মান্বের সাধ্যায়ত্ত কিনা সে-বিষয়ে সন্দেহ আছে। পরিগামের ধারা আজ বেখানে থেমে রয়েছে, তাকে পেরিয়ে সে এগিয়ে যাবে কি না তা-ই বা কে জানে! জনাদি অবিদ্যার অন্ধ-তমঃ নির্ঢ় হয়ে আছে মর্ত্য প্রকৃতিতে; অতিমানসপরিগামের প্রবেগে সে বে কোনদিন ঋত-চিতের প্র্ণদ্যতিতে র্পান্তরিত হবে, এই প্রথবীর ব্কে বিজ্ঞানখন সন্তের আবির্ভাব সম্ভব হবে—এ কি সত্য?...লক্ষ্যাভিসারী পরিগামবাদ স্বীকার না করেও মর্ত্য-

ভূমিতে চিংসত্ত্বের স্ফ্রেণকে অন্য উপায়ে ব্যাখ্যা করা চলে। আমাদের তরফের বক্তব্যকে পরিস্ফুট করবার আগে পূর্বপক্ষীর এই চিন্তাধারাকে আমরা প্রুখান্পুখ্য আলোচনার দ্বারা স্পন্ট করবার চেষ্টা করব।

মানলাম, শাশ্বত কালাতীতের শাশ্বত কালে অভিব্যক্তিই স্ফির তত্ত্ব। মানলাম, চেতনার আছে সাতটি সোপানের পরম্পরা এবং জডের অচিতিও চিং-সত্তার উত্তরায়ণের মোলিক সাধন। মানলাম, জন্মান্তর সত্য এবং মর্ত্য-বিধানের সপ্যে একটা নাড়ীর যোগও তার আছে। কিন্তু তবু বাণ্টি কিংবা সমন্টিভাবে এসব অভ্যপগমের 'পরে নির্ভার করেও তো বলা চলে না—জীবের অধ্যাত্মপরিণাম একটা অপরিহার্য সিম্ধান্ত। মত্য প্রকৃতির অন্তঃশীলা প্রবৃত্তি এবং তার আধ্যাত্মিক তাৎপর্যের অন্যধরনের বিবৃতিও তো সম্ভব। এ-জগতের সব-কিছু যদি চিন্ময় ব্যক্তরক্ষের বিভৃতি হয়, তাহলে অন্তর্যামীর দিব্য অধিষ্ঠানবশত প্রত্যেক বস্তুই স্বরূপত চিন্ময় হবে-বহিঃ-প্রকৃতিতে তার প্রতিভাস আকৃতি বা স্বভাব যে-রূপ ধরেই ফুটক না কেন। নাম-রূপের প্রত্যেক অভিব্যক্তিতে যখন দিব্য-পূর্ব্বের আনন্দরসায়ন উছলে উঠছে, তখন তার মধ্যে পরিণাম বা পরিবর্তনের ধারাকে স্বীকার করবার সার্থকিতা কোথায় ? অনন্তস্বর্পের স্বভাবে যে-ভব্যার্থের সিন্ধর্পের ঋতময় প্রকাশ বা পারম্পর্যের অলঙ্ঘ্য প্রেতি নিহিত রয়েছে, আপনাহতেই তার সার্থকতা ঘটছে বিশ্বপ্রকৃতির অর্গাণত বৈচিত্রো—আমাদের চারদিকে ছড়ানো রূপ ও চিত্তের, সংখ্যাতীত জীবপ্রকৃতির উচ্ছবসিত প্রাচ্বর্যে। সত্তরাং স্থিতর মূলে একটা লক্ষ্যাভিসারী আকৃতির কম্পনা একেবারেই নির্থক, কেননা বিশেবর সব-কিছুই তো অনন্তস্বর্পের উদার বক্ষে সমভাবে বিধৃত বয়েছে। দিব্য-প্রের্ষ আপ্তকাম, নিঃচ্পূহ—তাঁর অবাপ্তব্য কিছুই নাই। বিস্ভিট বা প্রকাশের লীলা তাঁর আনন্দকে ফুটিয়ে তোলবার জন্যই—এছাড়া আর-কোনও অর্থ তার থাকতেই পারে না। অতএব একটা পরমভূমিকে লক্ষ্য করে বিশেষ-কোনও ইন্টার্সাম্থর জন্য কিংবা অনিঃশেষ পূর্ণতার তাগিদে এ-জগতে একটা চিন্ময় পরিণাম চলছে—এ-কম্পনা একেবারে অহেতক।

বস্তৃত স্থির সকল তত্ত্বই তো চিরন্তন ও অপরিবর্তনীয়। বিস্থির প্রত্যেকটি সামান্য-র্প বা আকৃতি স্ব-তন্দ্র এবং স্বর্পে অভিনিবিষ্ট, তারা র্পাশ্তর চার না কেউ—র্পাশ্তরের প্রয়োজনও তাদের নাই। মানি, একটি আকৃতির তিরোধান কিংবা আরেকটির আবির্ভাব—এও আমরা দ্বুখতে পাই। কিন্তু তার ম্লে রয়েছে চিংশক্তির লীলাস্বাতন্দ্য। বিশ্বের একটি র্পাসামান্যকে সংহরণ করে আরেকটির অভিব্যক্তিতে শ্বুধ্ চিং-শক্তির রসাস্বাদনের বৈচিত্য প্রকাশ পার—এছাড়া আর-কোনও তাংপর্য তার নাই। আবার প্রাণের প্রত্যেকটি সামন্যর্পের স্থিতিকাল জন্তে দেখা দেয় একটা স্মুপাট স্বকীয়তা

—বিশিষ্ট একটা ধাঁচ। খাটিনাটিতে সামান্য ইতর্রবশেষ হলেও এই মূল ধাঁচের কোনও ব্যতায় হয় না। প্রত্যেকটি আকৃতিই আমটেতনাের অনুবতী তাকে উল্লেখ্যন করে পরচৈতন্যে আপনাকে সে মিলিয়ে দিতে পারে না। আত্ম-প্রকৃতির সীমিত বন্ধনকে অতিক্রম করে পরপ্রকৃতিকে অংগীকার করা তার পক্ষে অসম্ভব। অনন্তম্বরপের চিৎশক্তি যদি জডের পরে প্রাণ এবং প্রাণের পরে মনের অভিব্যক্তি ঘটিয়ে থাকে, তাহলে তার পরেই যে মর্ত্যভূমিতে অতি-মানসের অভিবাক্তি সে ঘটাবে, তার কোনও প্রমাণ নাই। কারণ মন আর অতিমানস কুমের, আর সুমের,র মতই বিবিক্ত। মন অবিদ্যার্শক্তির কর্বাঙ্গত, আর অতিমানস পূর্ণ প্রজ্ঞার স্বর্পবিভৃতি। এ-জগৎ অবিদ্যার জগৎ, চিরকাল তা-ই সে থাকবে--এই হল বিধির বিধান। অতএব প্রমপ্রাধের শক্তিরাজিকে এখানে নামিয়ে আনবার অথবা তাদের অল্তর্গতে বীর্যকে এখানে প্রকট করবার কোনও আকৃতিই প্রকৃতির মধ্যে প্রচ্ছন্ন নাই। উধর্শক্তি এখানে অন্তর্গ চু থাকলে স্থিত্র মূলে অনিবাচ্য নিগ্র্ডে ধ্তিশক্তির আবেশব্পেই আছে— পরিণামশক্তিরপে নয়। মানুষ দাঁডিয়ে আছে অবিদ্যাজগতের শেষ ধাপে। জ্ঞান ও সংবিতের সাধ্যাবধিতে সে পেণছে গেছে। তাকেও পেরিয়ে সে যদি এগোতে চায়, তাহলে আপন মনশ্চক্রেরই বৃহত্তর আবর্তের মধ্যে সে পাক খেরে মরবে শুধু। মনের চক্রগতিই মানুষের মর্ত্যপরিণামের শেষ পর্ব। কুডলীর বাইরে যাবার ক্ষমতা তার নাই—দ্বুরে-দ্বুরে আবার তাকে এইখানেই ফিরতে হয়। ঋজুগতিতে অন্তহীন উধর্বায়নের অভিযান, অথবা তির্ষক-গতিতে অনন্তের মধ্যে অবগাহন—দ্বইই মনের বিকল্পমাত। মান্ব্রের আস্বা র্যাদ মানবতার গণ্ডি ছাড়িয়ে অতিমানসে বা তারও উধর্বভূমিতে উত্তীর্ণ হতে চায় তাহলে এই বিশ্বচক্রের সীমা ছাডিয়ে তাকে যেতে হবে—হয় কোনও চিদানন্দময় লোকোত্তর দিবাধামে নয়তো অবাক্তজ্ঞোতিম'র শাশ্বত আনন্তোর অতল গহনে।

আধ্নিক বিজ্ঞান পাথিব-পরিণামবাদের সমর্থক—একথা সত্য। কিন্তু বিজ্ঞানের আহ্ত তথাপঞ্জী নিভর্বেষাগ্য হলেও তার উপস্থাপিত সিন্ধান্ত-সম্হ প্রায়ই অচিরভাবী। এক-একটা সিন্ধান্তকে দশ-বিশ বছর কি একশ' বছর পর্যন্ত আঁকড়ে থেকেও, তাকে ছেড়ে একটা নতুন সিন্ধান্তে বা মতবাদে পেশছতে তার ন্বিধা নাই। জড়জগতের তথ্যগ্রিল নিতান্তই নিরেট, পরীক্ষাসমীক্ষার ন্বারা তাদের যাচাই করাও অসম্ভব নয়। তব্ জড়বিজ্ঞানের সিন্ধান্তকে অচলপ্রতিষ্ঠ বলতে পারি না। তাছাড়া, চিৎপরিণামের যাচাই হবে মনোবিজ্ঞানের সহায়ে। সেখানে সকল তথাই জণ্গম, স্তরাং বিজ্ঞানের অচলপ্রতিষ্ঠার কথা সেখানে আরও অচল। মনোবিজ্ঞানের ক্ষেত্রে একটি সিন্ধান্তের আসন পাকা হতে-না-হতেই আরেকটি সিন্ধান্ত গড়িয়ে পড়া অথবা

অন্যোন্য-বিরোধী বহু, সিম্ধান্তের হাট জমানো—কোনটাই অসম্ভব নয়। বৈজ্ঞানিক সিম্পান্তের এমনতর চোরাবালির 'পরে তত্ত্বিদ্যার কোনও ইমারতই গডে তোলা চলে না। বৈজ্ঞানিকের প্রাণপরিণামবাদের ভিত্তি হল বংশান্-ক্রমের 'পরে। বংশানক্রম আকৃতি বা সামানার্পকে অবিকৃত রাখবার একটা মস্ত সাধন। কিন্ত তার ভিতর দিয়ে জাতির্পের ক্রমনিয়ত বিপরিণাম**ও** যে ঘটে—এ-সিম্ধান্তে সংশয় করবার যথেষ্ট কারণ আছে। বংশান্তম বরং রক্ষণশীলতারই অনুকূল—পরিণামের নয়। প্রাণশক্তি যে তার 'পরে নতুন ধর্ম চাপাতে চায়, তাকে অংশীকার করা তার পক্ষে সহজ নয়। তথ্যের প্রমাণ হতে এইট্রকু তত্ত্ব শর্ধর নিষ্কাশন করা চলে যে, প্রত্যেক জাতিরপের মধ্যে আত্মপ্রকৃতির বৈশিষ্ট্য বজায় রেখে ব্যক্তির,পের সামান্য ইতর্রবিশেষ ঘটতে পারে। কিন্তু তাবলে তার মধ্যে জাতান্তরপরিণামও যে ঘটে, তার কোনও প্রমাণ নাই। বানরজাতিই যে মানুষজাতিতে পরিণত হয়েছে, এ-সিম্ধানত এখন পর্যন্ত বস্তৃত অসিন্ধ। মান্যজাতির যারা পূর্ব প্রুয়, তারা বানর-সদৃশে হলেও বানরজাতীয় নয়। আভাসিক মনুষাত্বেই তাদের বৈশিষ্ট্য স্পষ্ট হয়ে উঠেছে--বানরত্বে নয়। আত্মপ্রকৃতির বিশিষ্ট ধারাকে অনুসরণ করেই প্রাক্তন মান্স পরিণত হয়েছে আজকার মান্ত্রে। এমন-কি মান্ত্রের বেলাতেও যে অবরজাতি হতে উত্তরজাতির উদ্ভব হয়েছে এমন কথা বলতে পারি না। সংহতি ও সামর্থো যারা নিরুষ্ট ছিল, তারা লোপ পেয়েছে সতা। কিন্তু তাবলে আজকার মান্বকে তাদেরই বংশধরর্পে তারা রেখে গেছে. এ-সিম্ধান্তের কোনও প্রমাণ নাই। অথচ একটি জাতিরপের মধ্যে প্রকৃতির এমনতর উৎকর্ষভাবনাও অকল্পনীয় নয়। বিশ্বপ্রকৃতি জড় হতে প্রাণে এবং প্রাণ হতে মনের দিকে এগিয়ে গেছে বটে। কিন্তু তাবলে জড়ই প্রাণ হয়েছে অথবা প্রাণশক্তি রূপান্তরিত হয়েছে মনঃশক্তিতে—তার প্রমাণ কোথায়? জড়ের আধারে প্রাণের স্ফারণ হয়েছে এবং প্রাণবন্ত জড়ে ঘটেছে মনের স্ফারণ— এইট্রক্ট আমরা মানতে পারি। কোনও বিশিষ্ট উদ্ভিদজাতিই যে পশ্তে পরিণত হয়েছে অথবা নিষ্প্রাণ জড়ের সংস্থানবিশেষ হতেই জীবন্ত কায়সংস্থান উদ্ভত হয়েছে—এর অবিসংবাদিত প্রমাণ কি কোথাও আছে? এমন যদি হয় যে, কতগলে রাসায়নিক উপাদান বা নিমিত্তবিশেষের সংযোজন হতে প্রাণের আবিভাবে হল—তাহলেও তাতে এ-ই শুধু প্রমাণিত হবে যে জড়ের বিশেষ-একটা পরিবেশে প্রাক্তি সিন্ধ প্রাণশক্তির অভিব্যক্তি হতে পারে। কিল্ড তাবলে রাসায়নিক সংস্থানই যে প্রাণের নিমিত্ত কি উপাদান বা নিম্প্রাণ জড়ের সপ্রাণ পরিণামের প্রয়োজক, এ-সিম্বান্তে আমরা পেণছতে পারি না। অতএব প্রকৃতিপরিণামের প্রত্যেকটি পর্ব স্বধাবান ও স্বপ্রতিষ্ঠ—আত্মশক্তির উল্লাসে আপন স্বভাবকে সে ফুটিয়ে চলেছে। তার উপরের বা নীচেরকার

কোনও পর্বই তার নিমিত্ত কি পরিণাম কিছ্ই নয়—শৃধ্ পার্থিবপ্রকৃতির কুমায়ত স্বরগ্রামের এক-একটি পর্দা তারা।

র্যাদ বল, তাহলে বিভিন্ন জাতির পের এই উচ্চ-নীচ্ন পর্দাই-বা দেখা দিল কেথা হতে? জবাবে বলব, বস্তুত জড়ের আধারে জড়ত্বের অর্শ্তরি-হিত চিংশক্তিরই এই বহুধা বিস্থিি—অন্তর্যামী চিংপুরুষের বিশ্বভাবনার অনুরোধে সম্ভূতবিজ্ঞানের এই সার্থক রূপ ও জাতির আত্মনিষ্ঠ কম্পন। তার মধ্যে সাজাত্যের একটা মৌলিক ধারার প্রতীতি অবাস্তব না হলেও, স্থলে স্যান্টব্যাপারে প্রকৃতি কখনও পর্বে-পর্বে অবিকল একটি রীতির অনুসরণ করে চলে না। এমন-কি একাধিক রীতি কি শক্তির সংগমনও তার স্থির ধারা হতে পারে। জডের বেলায় দেখি, পরমাণ্য-সংযোজন হল প্রাকৃত স্টির মুখা এক-একটি পরমাণ, অমেয় শক্তির আধার—তাদের সংখ্যা ও সংস্থানের বৈচিত্রাবশত বিচিত্র অণুরে উৎপত্তি। আবার ব্যাহন ও সংযোজনের এই মোলিক রীতিকে অনুসরণ করে মাটি জল ধাতু খনিজ প্রভৃতি দিয়ে বিরাট জড়জগতের পত্তন।...প্রাণের বেলাতেও দেখি ওই অণ্য-সংযোজনের লীলা। আণ্বীক্ষণিক উণ্ভিজ্জ কোষ ও প্রাণিকোষের মেলা নিয়ে সেখানে চিৎশক্তির কারবার শরে। প্রাণপঞ্জের আদিকণাকে বহুগুর্নিত করে অণুপ্রমাণ জীব-কোষকে অবয়বরূপে সূচিট করে, বীজ বা 'জীন'-রূপী অতিসক্ষ্ম নিকায়কে প্রাণধারার বাহন করে, ব্যাহন ও সংযোজনের ওই একই রাীত অনুসারে অথচ বিচিত্র কৌশলে সে গড়ে তুলেছে কায়সংস্থানের চিত্রশালা। এর্মান করে প্রকৃতিতে জাতির পের নিরণ্তর আবিভাব হচ্ছে। তবু তার মধ্যে পরিণাম-পরম্পরার নিঃসংশয় সূত্র আবিষ্কার করা কঠিন। জাতির্পুগ**়লি**ও আ<mark>বার</mark> কখনও পরস্পরের ব্যবহিত, কখনও অন্যোন্যসার প্য হেত ঘনিষ্ঠ-কখনও-বা মৌলিক সাম্য সত্ত্বেও তাদের খাটিনাটিতে অনেক বৈষম্য। সর্বত্ত দেখি, নানানরকমের ধাঁচ—গোড়াতে সাম্যের ক্ষীণ একটা আভাস থাকলেও অভিব্যক্তির কত-না বৈচিত্র্য তাদের মধ্যে। দেখে মনে হয়. এ যেন এক অখণ্ড চেতনশক্তি বহুভবনের নির্বারিত উল্লাসে খেয়ালখানির ফলে ফটিয়ে চলেছে দিকে-দিকে! প্রাণিস ষ্টির গোড়ার দিকে ভ্রণদশায় হয়তো সৃষ্টির ধরন সর্বত্র এক। কিছ্বদুর পর্যন্ত ক্রমিক পর্নান্টর ধারাটা সর্বাংশে না হ'ক অনেকাংশে চলেছে একই খাত বেয়ে-কিন্তু তার পরেই বহুশাখ বৈচিত্রে তা ছড়িয়ে পড়েছে। দ্বটি বিভিন্নপ্রকৃতির জাতিরপের মধ্যে সেতৃস্বর্প একটা মধ্যস্থ জাতিরপের সংকর হয়তো পাওয়া গেল। কিন্ত তাতেই প্রমাণ হয় না যে তিনটি জ্বাতি-রূপ পরিণামের একটা পরম্পরায় গাঁথা। তাছাড়া নবীন জাতিধর্মের আবি-র্ভাবের মূলে কেবল যে বংশান ক্রমিক বিপরিণামই কাজ করছে, তাও নর। আলোকরণিম আহার প্রভৃতি জড়শক্তির প্রভাবেও যে বিপরিণাম সম্ভব,

এতদিনে আমরা তা জানতে পেরেছি। তাছাড়া আরও-কত শক্তির প্রভাব থাকতে পারে, এখনও আমরা যার খবর জানি না। অদৃশ্য প্রাণশক্তি ও দ্বজের মনঃশক্তির প্রভাবও যে বিপরিণামের ম্লে নাই, তাই-বা বাল কি করে? তথাকথিত 'প্রাকৃতিক নির্বাচন' বিপরিণামের হেতু—একথা বললে প্রাণ-মনের প্রভাবকেও স্বীকার করতে হয়, নইলে নির্বাচন কথাটার সার্থাকতা থাকে না। পারিপাশ্বিক প্রয়োজন অনুসারে কোনও জাতি-র্পের অন্তর্গত্ বা অবচেতন ক্রিয়াশক্তি কোথাও উদ্দীপ্ত হয়ে ওঠে। অথচ সেই পরিবেশেই অপরের শক্তি থাকে অসাড়, কিংবা জীবনযুদ্ধে টিকতে না পেরে নিশ্চিহ্ হয়ে যায়। এতেই প্রমাণ হয়, বিশ্ববৈচিত্যের ম্লে শৃধ্ জড়ের খেলা নয়—আছে বিচিত্র প্রাণ- ও মনঃ-শক্তিরও লীলায়ন, অজড় চিতিশক্তিরও একটা প্রেতি। মোট কথা, প্রকৃতির লীলাবৈচিত্যের সমস্যা দ্র্জের তথ্যের জটিলতায় এখনও আমাদের কাছে প্রহেলিকা হয়েই আছে। এসম্পর্কে নিশ্চিত সিন্ধান্ত সেপিছবার সময় এখনও আমাদের আর্সেন।

জডপ্রকৃতির রাজ্যে যে বহুবিচিত্র জাতিরপের আবিভাব ঘটেছে, মানুষ তার <mark>অন্যতম অথচ অনন্যসাধারণ একটি</mark> জাতিরূপ মাত্র। প্রাকৃত স্নিন্টর সে সবচেয়ে জটিল নিদর্শন। তার চেতনার ঐশ্বর্য অন্যুপম, তাকে গড়তে প্রকৃতি শিশ্প-নৈপ্রণ্যের পরাকাষ্ঠা দেখিয়েছে। মর্ত্যসূতির সে মরুকুটমণি, কিন্তু তব**ু মৃত্তিকার আলিপানকে ছাড়ি**য়ে যাবার সাধ্য তার নাই। সবার মত তারও স্বভাব ও স্বধর্মের একটা সীমিত বৈশিষ্টা আছে। ওই বেন্টনীর মধ্যেই তার প্রসার ও প্রন্থির আয়োজন, তাকে ডিভিয়ে যাবার সামর্থ্য তার কোথায়? স্বভাবধর্মের পরিমণ্ডল দিয়ে ঘেরা তার পূর্ণতাসিশিধর আক্তি। স্বধর্মের অব্যাহত স্ফার্তিতে অথচ তার নিজস্ব রীতি ও মিতি বজায় রেখেই তার জীবনসাধনা উদ্যাপিত হবে—তাকে অতিক্রম কববার প্রয়াস দ্বারা নয়। মানুষ যত উচ্চতে উঠ্ক, তব্ সে মানুষই থেকে যাবে। নিজেকে ছাড়িয়ে অতিমানবের ভূমিকায় উত্তীর্ণ হওয়া কিংবা নেবতার স্বভাব ও সামর্থ্যকে অধিগত করা তার পক্ষে অসাধ্য এবং অসম্ভব—কেননা তা হবে তার স্বতঃস্ফুর্ত স্বধর্মের প্রতিষেধ। প্রত্যেকটি সত্তের রূপ ও রীতিতে ফ্রটছে তার স্বর্পের অনুর্প আনন্দের লীলা। অতএব মনোধমী মানুষের পক্ষে, মনঃশক্তির সাহায্যে মর্ত্য পরিবেশের ভোগেশ্বর্যকে আয়ত্ত করবার সাধনাই হল একমাত্র প্রের্যার্থ। তারও ওপারে দৃণ্টিকে প্রসারিত করা, মনের সীমাকে লক্ষন করবার আকৃতি নিয়ে অমানব-সিন্ধির আলেয়ার পিছনে ছোটা—এতে উদ্দেশ্যহীন বিশ্ববিধানের 'পরে একটা কল্পিত উদ্দেশ্য আরোপ করা হয় শ্বে:। মর্ত্যাভূমিতে অতিমানস-সত্তের আবির্ভাব কথনও সম্ভব হলেও তা হবে মহাপ্রকৃতির একটা স্ব-তন্দ্র ও অভিনব বিস্কৃতি। জড়ের মধ্যে যেমন করে প্রাণ ও মনের স্ব-তন্দ্র আবির্ভাব হয়েছে, অতিমানসের জ্বাবির্ভাবও সেই রীতিতেই হবে—কিন্তু অন্তর্গাঢ় চিংশস্থিকে তার স্বর্প-বিস্তৃতি এই ষোড়শী কলাকে প্রকট করবার জন্য গড়ে তুলতে হবে একটা নতুন ধাঁচ বা র্পাদর্শ। অথচ আজ পর্যান্ত প্রকৃতিতে তেমন-কোনও আয়োজনের লক্ষণ দেখা বাছে না।

স্থির একটা উত্তরমের বদি প্রকৃতির লক্ষ্য হয়েও থাকে, তব্ মান্য হতেই যে সে অভিনব বিভূতির আবির্ভাব হবে তার কোনও প্রমাণ নাই। তাহলে মানবজাতির কোনও-না-কোনও শাখায়, কারও-না-কারও প্রকৃতিতে অতিমানবতার উপাদান পূর্ব হতেই নিহিত থাকত। পশ্বম্বের যে বিশিষ্ট থাক হতে মনুষাত্বের আবির্ভাব হয়েছে, তার মধ্যে মানবতার বীজ আগে থেকেই যেমন নিহিত বা উদ্যত হয়ে ছিল, এক্ষেত্রেও-বা তার অন্যথা হবে কেন? কিন্ত অতিমানবতার বাহন বিশেষ-কোনও মানব-জাতি বা -প্রকৃতি তো আমাদের চোখে পডছে না। বড্জোর এ-জগতে দেখতে পাচ্ছি অধ্যামতেতনায় সমূদ্ধ মহামানবের আবিভাব। কিন্তু স্বভাবতই তাঁরা মনোময় সত্ত্র—মতাস্থিতীর বাইরে গিয়ে দাঁড়ানোই তাঁদের পরমপ্রেমার্থ। অতএব মহাপ্রকৃতির কোনও গ্রংগতিগ্রং ধর্মের প্রেরণায় মান্য হতেই যদি অতিমানবের আবিভাব সম্ভাবিত হয়ে থাকে, তাহলে সমষ্টিমানব হতে বিবিক্ত গুটিকয়েক আলাদা থাকের মানুষের মধ্যেই সে-সম্ভাবনা সার্থক হবে। হয়তো তাঁরা হবেন 'ঈশ্বর-কোটি'—নব মানবতার অগ্রণী। কিন্ত জীবকোটি মানুষের সবাই যে ক্রম্বরকোটি হয়ে দাঁড়াবে একদিন, তা কখনও সম্ভব নয়—কেননা মনুষাপ্রকৃতির সামান্যধারার এমন রূপান্তরের কোনও আভাস আজপর্যন্ত দেখা দেয়ন।

পশ্রহতে মান্বের উদ্মেষ প্রকৃতিতে একদিন ঘটেছে বটে। তব্ আজ আর-কোনও পশ্রজাতির মধ্যে নিজের জাতির্পের গণিড ছাড়িরে এগিয়ে যাবার কোনও লক্ষণ তো কোথাও দেখছি না। স্তরাং পশ্রজাতে জাতান্তরপরিণামের একটা তাগিদ কোথাও এতদিন থাকলেও, মান্বের আবির্ভাবের সঙ্গো-সঙ্গে প্রকৃতির অভীন্টার্সান্থির ফলে সে-ঝোঁকও নিঃশেষিত হরে গেছে। আবার যদি প্রকৃতির মধ্যে ন্তন পরিণামের বা স্বোত্তরায়ণের কোনও প্রেরণা দেখা দেয়, তাহলে সেও কিন্তু অতিমানস-সত্ত্বের আবির্ভাবের সঙ্গো-সঙ্গে কৃতার্থন্মনা হয়ে তের্মান করে ঝিমিয়ে পড়বে। অথচ প্রকৃতিতে তেমন-কোনও প্রেতির আভাস কোথাও নাই। এমন-কি মানবপ্রগতির কল্পনাও খ্র সম্ভব একটা মরীচিকা মান্ত—কেননা পশ্রর পর্যায় হতে উম্বর্তনের পর আজপর্যন্ত কোনও মৌলিক প্রগতির নিশানা মন্ব্যক্তাতির ইতিহাসে কোথাও খ্রে পাওরা যাবে না। মান্ব বড়জোর জড়প্রকৃতির জ্ঞান বাড়িরছে বিজ্ঞানের সহায়ে, কিংবা নিছক ব্যাবহারিক প্রয়েজনের তাগিদে

প্রকৃতির রহস্যকে করায়ন্ত করে নিজের পরিবেশের 'পরে খানিকটা দখল জমিয়েছে। প্রগতির হিসাবে এই হল তার জমার দিক। নইলে সভ্যতার গোড়াতেও মানুষ যা ছিল, আজও সে তা-ই আছে। আজও তার মধ্যে ফুটছে দোষে-গ্রণে জড়িরে সেই চিরন্তন ক্রণ্ঠিত সামর্থ্য, সেই প্রয়াস ও প্রমাদের সিদ্ধি ও অসিদ্ধির দ্বন্দ্ববিধারতা। মান্ধের প্রগতি হয়ে থাকলেও তার কক্ষা হয়েছে বৃত্তাকার-বড়জোর সে-বৃত্তের পরিষিই হয়তো বেড়েছে তিলে-তিলে। কিন্তু প্রগতির এক ধাপ ছাড়িয়ে মানুষ আরেক ধাপে কোনকালেই উঠে যেতে পার্রোন। অতীতের মানি-ঋষি বা দার্শনিকের চাইতে আজকার মানুষ কি বেশী জ্ঞানী? তার অধ্যাত্মসাধনা কি আদিষ্টোর মহাভাবকদের বিপ্ল এষণার প্রবেগকে আজও ছাড়িয়ে যেতে পেরেছে? সে-যুগের শিল্পী ও কারুর চাইতে এ-যুগের মানুষের কলানৈপুণ্য কি খুব বেশী? অতীতের ষেসব জাতি আজ নিশ্চিক হরে গেছে, আধ্বনিক মানবের মত জীবনসাধনায় তারাও মৌলিক প্রতিভা কৃতিছ ও স্বাণ্টিকৌশলের অতলনীয় পরিচয় দিয়ে গেছে। এখনকার মান্ত্রে খানিকটা তাদের ছাডিয়ে গেছে-প্রগতির কোনও সত্যকার বিবর্তানের ফলে নয়, কিন্তু তার মাত্রা অধিকার ও প্রাচ্যের স্ফীতিতে মাত্র। আর তারও মূলে আছে পূর্বপুরুষের কীর্তির দায়াধিকার। আর অর্ধ-অবিদ্যার লাঞ্চনে চিহ্নিত মানুষ কথনও যে এই অর্শক্তির ব্যহভেদ করে বেরিয়ে আসবে, তার কোনও লক্ষণই দেখা যাচ্ছে না। এমন-কি পরা বিদ্যার সম্পদ অর্জন করেও মানসচক্রের চরম প্রসারকে যে সে ডিঙিয়ে যেতে পারবে কোর্নাদন, তারই-বা ভরুমা কোথায় ?

জন্মান্তরকে চিন্ময়পরিণামের পরোক্ষ সাধনর্পে কল্পনা করবার ঝোঁক হয়তো অর্যোক্তিক নয়। কিন্তু জন্মান্তর সত্য হলেও চিৎপরিণামই তার তাৎপর্য, একথা নিশ্চয় করে বলা কঠিন। আবহমান কাল জন্মান্তরকে শৃধ্ধ তির্যক হতে মানুষ এবং মানুষ হতে তির্যক যোনিতে জীবাত্মার অবিরাম সংক্রমণ বলেই ধরা হয়েছে। ভারতীয় দর্শন তার সঙ্গে যোগ করেছে কর্মবাদ —যার ফলে অতীতের স্কৃতি-দৃহ্কৃতি কিংবা সঙ্কলপ ও সাধনার নিরিথে স্খ-দৃঃখের একটা ব্যবন্থিতির সিন্ধান্তই প্রাধানা পেয়েছে মাত্র। কিন্তু জাতির্পের ক্রমিক উধর্বপরিণামের আভাসট্কৃও তাতে নাই—আর্জ না হ'ক, ভবিষ্যতে সম্ভাবিত অতিমানবের আবির্তাব তো দ্রের কথা। প্রকৃতির পরিণাম যদি হয়ে থাকে তো মানুষই তার চরম পর্ব। কেননা মনুষ্যেনানিতে জন্ম নিয়েই জীবাত্মা সংসারচক্রের গতানুগতিক আবর্তন হতে নিক্রান্ত হয়ে জবোত্তর দ্বালোক বা নির্বাণের চরম অধিকার পায়। অতীতের সকল দর্শনেই এই হল মানুষের পরমপ্রের্যার্থ। সারা বিশ্ব জুড়ে অবিদ্যার খেলা না চললেও, এই মত্যভূমি যে গোড়া হতে চিরল্তনী অবিদ্যার কর্বলিত, তাতে

কোনও ভূল নাই। সত্তরাং ভবচক্র হতে নিষ্ক্রমণই যে জন্ম-পুরম্পরার চরম লক্ষ্য হবে, তাতে আর সম্পেহ কি ?

এইধরনের যুক্তির গ্রেড় বা তার প্রামাণ্যের দাবি নিতান্ত উপেক্ষণীয় গ্রেছের তলনায় তার বিবৃতি অতি সংক্ষিপ্ত হলেও, তাকে খণ্ডন করবার জন্য এখানে তার উল্লেখ না করে আমরা পারলাম না। এ-মতবাদের কতগর্নি প্রতিজ্ঞার প্রামাণ্য অনস্বীকার্য, কিন্তু তব্ব তার দ্রণ্টিকে উদার ও পূর্ণায়ত এবং তার তর্ককে নির্ণায়ের অনুকূলে বলতে পারি না। পরিণামের একটা প্রেনিরপিত ধারাকে অনুসরণ করে অচিতি হতে অতিচেতনার উন্মেষ, সত্তপরম্পরার ক্রমোদয়ের ফলে চরম পর্বে এই অবিদ্যাচ্ছল্ল জীবনেরই র পান্তর বিদ্যার দিবাজ্যোতিতে—মত্যভূমিতে প্রকৃতিপরিণামের এমনতর একটা সাভিপ্রায় বা লক্ষ্যাভিসারী প্রগতির কথা পূর্বেই আমরা বলেছি। বিরুদেধ ষে-আপত্তি উঠবে, তাকে খণ্ডন করা কঠিন নয়। আপত্তি হতে পারে দর্যাত বিভিন্ন তরফ খেকে—একটি বৈজ্ঞানিক, আরেকটি দার্শনিক। বৈজ্ঞানিকের যুক্তির মূলে আছে এই অভ্যুপগম : বিশ্বব্যাপারের সর্বত্র দেখছি একটা অচেতন শক্তির লীলা। তার মধ্যে অর্থহীন যান্ত্রিকতার স্বয়ংচলতাই আছে. কোনও নিগতে অভিপ্রায়ের দ্যোতনা নাই। আর দার্শনিকের যাক্তির মালে আছে এই দর্শন : বিশ্বলভর অন্তম্বর পের মধ্যে সমুহতই তো নিত্যসিম্ধ, নিত্যপ্রাপ্ত। সেখানে অনিষ্পন্ন অতএব নিষ্পাদ্য কিছ,ই নাই, নিজের সংগ্র যোগ করবার ফুটিয়ে তোলবার কি রূপ দেবারও কিছু নাই—স্তরাং প্রগতি উন্মেষ বা আকৃতির আদিম কোনও প্রেতিও নাই।

আপাত-অচেতন জড়শক্তির অস্তরে বা অন্তরালে চিংশক্তিই যদি নিগ্ছে হয়ে থাকে, তাহলে সাভিপ্রায় স্থির বির্দেধ জড়বিজ্ঞানীর আপত্তি টেকে না। স্পণ্টই দেখছি, অচিতি তো একেবারে অসাড় নয়। তারও মধ্যে স্বারসিক নির্যাতর একটা অবন্ধ্য প্রেতি নিহিত রয়েছে—যা দলে-দলে ফ্টিয়ে তুলছে র্পের ফ্ল এবং প্রত্যেকটি র্পের ব্কে জাগিয়ে তুলছে চেতনার উপচীয়মান অর্ণরাগ। এই প্রতিকে স্বচ্ছন্দে এক অন্তর্গ্ছে চিন্ময়প্র্মের পরিনামবাহী সত্যসঙ্কল্পের প্রবেগ বলতে পারি—তাঁর পর্বে-পর্বে আত্মবিস্ভির এমানতর আক্তিতে ধরা পড়ছে প্রকৃতিপরিণামের আদিতে একটা স্বরসবাহী অভিপ্রায়ের ব্যঞ্জনা। এই লক্ষ্যাভিসারিণী আক্তিকে স্বীকার করবার মধ্যে অযৌক্তিকতা কিছ্ই নাই। যে-কোনও সচেতন এম্ন-কি অচেতন প্রয়াসের গোড়ার আছে চেতনসত্ত্বেরই সত্যধ্তির একটা প্রেতি—জড়প্রকৃতির স্বতঃস্ফৃত্র্ ফললীলাতেও প্রেম্ব চাইছেন নিজের জপ্যমন্বভাবের একটা সার্থক র্পায়ণ। এই প্রয়াসের ম্লে যে অভিপ্রায় বা আক্তি প্রছেল রক্তিছে, তাতে প্রেম্বের আত্মস্বর্পের স্বতং-সত্য র্পায়িত হচ্ছে তাঁর অবন্ধ্য ক্রত্র সিন্ধবার্থে।

ষেখানে চেতনা আছে, সেখানেই এমনতর ক্রতুর একটা প্রবেগ আছে। আর স্ফরেন্ত আকৃতির আকারে তার রুপান্তরও নিতান্ত স্বাভাবিক এবং অপরিহার্য। সন্তার সত্যের অবন্ধ্য আত্মর্পায়ণ প্রকৃতিপরিণামের মর্মকথা। কিন্তু তার মধ্যে বিশ্বপ্রবৃত্তির অনতিবর্তনীয় সাধনাগ্গর্পে প্রকৃষ্টের ক্রতু ও তার আকৃতির স্ফরেণ্ড ঘটবে।

দার্শনিকের আপত্তি আরও গ্রের্তর। তাঁর মতে 'আপ্তকামস্য কা স্পৃহা?' স্তরাং বিস্থির আনন্দেই প্রমার্থসতের এই বিস্থিট, তাছাড়া এর ম্লে আর-কোনও উদ্দেশ্য প্রচ্ছন্ন নাই। জড়ের মধ্যে পরিণামশক্তির যে-লীলা, তাও ওই বিরাট আনন্দলীলার একটা ছন্দ—আপনাকে শুধু ফুটিয়ে তোলবার, পর্বে-পর্বে অবন্ধন কল্পনাকে সিন্ধর্প দেবার, কলায়-কলায় নিজেকে উন্মীলিত করবার একটা লক্ষ্যহীন প্রবেগমাত্র। বিশ্বগত সমণ্টিভাবকে বলতে পারি স্বয়ংপূর্ণ একটা তত্ত্ব—তার নিটোল সমগ্রতার মধ্যে বাইরে থেকে জোড়বার তো কিছ্বই নাই।...কিন্তু জড়ের জগৎকে এমন অভংগ সমগ্রতার মর্যাদা দিই কি জড়বিশ্ব স্পান্টই কোনও বিরাট অংশীর অংশভূত কিংবা অথণ্ড পর্ব পরম্পরার একটি ধাপ শুধু। স্বতরাং তার জড়ত্বের গহনে সমগ্রভাবনার যে অজড় তত্ত্ব বা বিভূতি নিবিষ্ট হয়ে আছে, তাদের অনভিবাক্ত সত্তাকে শ্বীকার করতে আপত্তি কি? অথবা লোকোত্তর স্বধাম হতে ওই বিভৃতি র্যাদ তাদের সগোত্র ভাবনাকে জড়ের আড়ন্ট বন্ধন হতে এইখানে মুক্তি দিতে নেমে আসে, তাতেই-বা বাধা কোথায়? সন্মাতের মহত্তর বীর্ষ এইখানে মূর্ত হরে উঠবে, এই মত্যভূমিতে অখণ্ড পূর্ণতার মহিমা রূপায়িত হবে লোকোত্তর চিন্ময় বিস্থিতর বিভাবনায়—এই তো প্রকৃতিপরিণামের নিগড়ে অভিপ্রার। এ-আকৃতিকে অখণ্ডের বহির্ভুত কোনও তত্ত্বের আগম বলে কল্পনা করা নিষ্প্রয়োজন, কেননা এর মধ্যে আছে শহুধ অংশের ব্বকে অংশীর প্র্পমহিমাকে স্ফ্ররিত করবার প্রেতি। বিশ্বগত সমণ্টিভাবের একদেশে একটা সাভিপ্রায় স্পন্দের লীলাকে স্বীকার করতে আমাদের আপত্তি হবে কেন —বাদ জানি সে-অভিপ্রায়কে কামস[ু]কল্প মান্যের অতৃপ্ত আক্তির সংগ্ তলনা করা চলে না? কেননা এ তো যা নাই তার জন্য অশস্তের আক্লেতা নয়। এ হল অন্তর্যামী চিংপরে,যের দিবাক্তততে উন্দেবল স্বর্,পসত্যের অবন্ধ্য নির্বাতর প্রবেগ-সমন্টিতে নিতাসমবেত সমস্ত সম্ভাবনার পরিপ্র্ণ স্ফ্রেণ এ-জগতে যা-কিছ্ আছে, অস্তিছের নিরুকুশ উল্লাসকে বহন করেই তা আছে—তাতে সন্দেহ নাই। সমস্তই এখানে সংস্বর্পের আনন্দ-লীলা। কিন্ত লীলারও সার্থক পরিণামের অভিমূখে একটা সংবেগ থাকে, বা সিন্ধ না হলে তার তাংপর্য খণ্ডিত হয়। নির্বহণশ্ন্য নাটকরচনা অবশ্য শিল্পীর খেরালের ফলে অসম্ভব নয়। তার মধ্যে হয়তো চারিচিক বৈশিষ্টা

কিংবা সমাধানহীন সমস্যার অসম্ভাব নাই, অথবা নাটকের সাম্ধি সেখানে বিমশে হি এসে ঠেকে আছে, উপসংহ্তিতে উত্তীর্ণ হচ্ছে নাই। হয়তো তা-ই দেখে সামাজিকের আনন্দ। কলপনা করা চলে, এই পার্থিবপরিণামের নাটালীলাও সেইধরনের। কিন্তু তার চাইতে অন্তঃস্যুত নির্বহণের দিকে তার একটা স্বাভাবিক পরিণতি রয়েছে, এই কলপনাই কি আরও স্মুস্গত ও নিশ্চয়াবহ নয়? আনন্দই সন্তার মর্মারহস্য এবং তার নিখিল প্রবৃত্তির ম্লাধার। কিন্তু তাবলে সন্তায় সমবেত সত্যের স্ফ্রেণে কিংবা তার শক্তিতে কি সংকলেপ আনন্দ অন্স্যুত হয়ে নাই, একথা মান্ব কি করে? এই অধিষ্ঠানসন্তার চিতিশন্তির অন্তর্গত্য আয়সংবিং নিত্যকাল ধরে তার নিখিল প্রবৃত্তির প্রবর্তক ও মর্মবিং হয়ে আছে। তার এই বিধ্তির ম্লে আনন্দের প্রেরণা নাই—এ কখনও হতে পারে না। আনন্দের সঙ্গে কবিক্রতুর অক্ধ্য আক্তির সংযোগে লীলার নিরঙ্কুশতা খর্ব হয় কিংবা আপ্তকামের অত্পিপ্ত স্টিত হয়—এ-আশঙ্কা নিতান্তই অম্লক।

চিন্ময়পরিণাম আর বৈজ্ঞানিকের কল্পিত আকৃতিপরিণাম বা স্থলে প্রাণপরিণাম ঠিক এক জিনিস নয়। চিন্মরপরিণামকে পরতঃপ্রমাণ না বলে বলব স্বতঃপ্রমাণ। বৈজ্ঞানিকের ভূতপরিণামবাদকে তার একটা অনুক্**ল** প্রমাণ বা উপাধ্য হিসাবে গ্রহণ করলেও এক্ষেত্রে বৈজ্ঞানিকের সমর্থন তার্র প্রামাণ্যসিন্ধির পক্ষে অপরিহার্য নয়। বৈজ্ঞানিকের সিন্ধানত ইন্দ্রিয়-গোচর প্রকৃতিপরিণামের বহিরশেের বিবৃতি মাত্র। প্রাকৃতব্যাপারের নানা খ্রিটনাটি নিয়ে, জড়পরিণাম এবং জড়ের আধারে প্রাণ ও মনের পরিণাম নিষে তার কারবার। নতুন তথ্যের আবিষ্কারে যে-কোনও মুহুর্তে তার মার্জন-বর্জনও সম্ভব, কিন্তু তাতে চিন্ময়পরিণামের কোনও র্পান্তর ঘটে না, কেননা এ-পরিণাম স্বান্তবগম্য অতএব স্বতঃসিম্ধ। জড়ের চেতনার উন্মেষ এবং পর্বে-পর্বে জীবচেতনার স্ফরণ চিৎপরিণামের সর্বজন-বিদিত রীতি, সতেরাং বৈজ্ঞানিক সিম্ধান্তের অদলবদলে তার প্রামাণ্য ব্যাহত হবার কোনও সম্ভাবনা নাই। বাইরে থেকে দেখতে গেলে পরিণামবাদের মোটাম্বটি সিন্ধান্ত এই। মর্ত্যভূমিতে আমরা দেখছি আরোহক্রমে রূপ ও কায়ের একটা ক্রমিক উৎকর্ষ—জডের সংহতি ক্রমেই জটিলতর হয়ে রূপান্তরিত হচ্ছে জড়ের মধ্যে প্রাণ এবং প্রাণবন্ত জড়ের মধ্যে চেতনার উন্মেষের যোগ্যতর বাহনর্পে। আধার যত স্মংহত হয়ে উঠছে, ততই তাকে আশ্রয় করে প্রাণ ও চেতনার আরও সংহত জটিল সমর্থ ও পরিণত প্রকাশ সম্ভব হচ্ছে। পরিণামবাদের কম্পনার মধ্যে তার অনুকূলে সকল তথ্যকে একবার সাজিরে নিলে, পার্থিবপরিণামের এদিকটা এত স্কুসম্বর্ট হরে ওঠে যে তাকে অস্বীকার করবার কোনও উপায় থাকে না। পরিণামের প্রত্যেকটি ধাপ আজও আমরা

আবিষ্কার করতে পার্রিন বটে—বিভিন্ন জাতিরপের সঠিক বংশলতা বা ধারা-বাহিক ইতিহাস আজও আমাদের খুটিয়ে জানা নাই। তথাসংকলনের দিকটা চিত্তাকর্ষক এবং গ্রেড্রপূর্ণ হলেও তত্তপ্রতিষ্ঠার দিক থেকে তার মর্যাদা অনেকটা আনুষ্ণিগক। অপরিণত পূর্বজ আধার হতে পরিণত আধারের ক্রমিক উন্মেষ, প্রাকৃতিক নির্বাচন, জীবনসংগ্রাম, বংশধারায় অজিত ধর্মের অন্সংক্রমণ ইত্যাদি নানা বিষয়ে তর্কের অবকাশ থাকলেও, স্যাট্টব্যাপারে যে ক্রমবন্ধ পরিণামের একটা পরিকল্পনা আছেই—এই অনুস্বীকার্য তত্তািট হল আসল কথা। আরেকটি স্বতঃসিম্ধ তত্ত্ব এই : প্রকৃতিতে পরিণাম ঘটেছে অনুব্রন্তির একটা নিয়ত পরম্পরাকে অনুসরণ করে। প্রথম হয়েছে জড়ের উন্মেষ, তারপর সেই জড়ে প্রাণের স্ফরেণ, তারপর জীবনত জড়ের আধারে মনের বিকাশ এবং এই শেষ পর্বে পশ্বজগতের অন্বর্ত্তর্পে মানুষের আবির্ভাব। ধারাবাহিক প্রথম তিনটি পর্ব আমাদের এতই পরিচিত যে তাদের সম্পর্কে সংশয়ের কোনও অবকাশ নাই। তির্বকপ্রাণী হতে মানুষের আবির্ভাব হয়েছে, না তির্বক ও মান্য একই মূল হতে বির্বার্তত হয়ে অবশেষে মনের উৎকর্ষে মান্যেই তির্যাককে ছাড়িয়ে গেছে—এ নিয়ে বিতর্কা চলতে পারে। এমন-কি এমন মতবাদও আছে, প্রাণিজগতে মানুষ এসেছে সবার শেষে নয়-সবার আগে। অবশ্য এ-মতটি সম্প্রাচীন হলেও সর্ববাদিসম্মত নয়। মান্ব প্রিথবীর সেরা জীব, এই অবিসংবাদিত বোধ হতে এ-মতের উৎপত্তি, অর্থাৎ মানুষের আভিজাত্যের মহিমাই যেন তার প্রাক্তন আবিভাবের প্রমাণ। কিন্তু পরিণামের স্বাভাবিক রীতিতে অভিজাতের আবিস্তাব হয় গোডার দিকে নয়. শেষের দিকে—অপরিণতের প্রাক্তন আবির্ভাবই রচনা করে পরিণততর অভি-ব্যক্তির ভূমিকা।

কালের মাপে অবর প্রাণর্শের আবির্ভাবই যে প্রান্তন, প্রাচীন কালেও এ-মতের একাল্ড অসম্ভাব ছিল না। স্টির নানা কাল্পনিক বিবরণের কথা ছেড়ে দিলেও, এদেশের প্রাচীন ও মধাব্দের বহু শাল্রে এফন-সব উক্তিও পাওয়া বায়, বা আধ্নিক পরিণামবাদের মত মান্ধের তুলনায় পশ্র প্রাক্তনতাকেই সমর্থন করে। একটি উপনিষদে আছে : আত্মা প্রাণবিস্ছিটর সম্পুলক পার্রি উপনিষদে আছে : আত্মা প্রাণবিস্ছিটর সম্পুলক পার্রি প্রথম গড়লেন পশ্রাতি—গো আর অদেবর আকারে। কিল্ড় দেবতারা (উপনিষদের মতে তারা চিদ্বিত্তি ও প্রকৃতির শক্তি) দেখলেন, পশ্রে আধার তাঁদের পক্ষে অপর্যাপ্ত। তাই আত্মা সর্বশেষে স্ছিট করলেন মান্ধ। তথন দেবতারা তাকে স্নিমিত ও পর্যাপ্ত আধার মনে করে তাতেই অন্প্রবিদ্ট হলেন তাঁদের বিশ্বজনীন লীলাকে রুপ দেবার জন্যে। এই আত্মারিকাতে স্পন্টই বলা হচ্ছে, একটির পর একটি করে দ্বমোহ্রত আধার-স্থির দ্বিশ্ব পরক্ষার দেবে এমন-একটি আধার দেখা দিল বার মধ্যে পরিণত

চেতনার অবস্থান হল স্বচ্ছদ।...পুরোণেও বলা হয়েছে, তার্মাসক তির্যক স্নান্টিই প্রাক্তন। 'ত্যঃ' বলতে বুঝি চেতনা ও শক্তির অসাড স্তিমিত ভাব। যে-চেতনা নিম্প্রভ মন্থর ও কৃণ্ঠিত-প্রচার, তা-ই তার্মাসক চেতনা। তেমনি যে-শক্তি অলস ও সীমিত-সামর্থা, শ্বধ্ব সহজাত-প্রবৃত্তির সংকীর্ণ আবর্তে যে পাক খেয়ে ফেরে, প্রগতি ও এষণার প্রেতি নাই যার মধ্যে, বৃহত্তর স্ফুরন্তায় বা চিন্ময়-ভাবনার দীপ্তিতে জনলে ওঠবার প্রবেগ যার নাই, তাকেই বলব তামসী শক্তি। তির্যক্যোনিতে চিতিশক্তির এমনতর পঙ্গা প্রকাশ ঘটেছে বলে প্রাণ-স্থিতির বেলায় তির্যক স্বার অগ্রজ। মান্ধের চেতনা আরও পরিণত, মনঃ-শক্তির চরিষ্ণতো ও বোধের দীপ্তি তার মধ্যে আরও প্রথর। তাই মানুষ এসেছে তির্ষকের পরে।...তন্তে আছে, স্বধামচ্যত জীবাত্মা বহ, লক্ষ জন্ম উদ্ভিদ ও তির্যক্রোনিতে কাটিয়ে অবশেষে মনুষ্যযোনিতে জন্মগ্রহণ করে মুক্তির অধিকার পায়। সেখানেও দেখি, উদ্ভিদ ও পশ্যযোনি প্রাণপরিণামের নীচের ধ্যারত্বপে কল্পিত হয়েছে। মানুষ হওয়া যেন পুরুষের সংস্তির শেষ-পরিণাম—এইখানে এসেই জীবাম্বা যেন অধ্যাম্বপ্রগতির একটা তাগিদ খংজে পায়, দেহ-প্রাণ-মনের গণিড কাটিয়ে চিন্ময় ভামিতে তার উত্তীর্ণ হবার একটা সম্ভাবনা দেখা দেয়।...প্রকৃতিপরিণামের এই ধারণাই স্বাভাবিক। বৃদ্ধি ও বোধি দুয়ের দিক থেকে এ-ধারণা এতই স্কুসঙ্গত যে, এ নিয়ে বিতর্ক নিষ্প্রয়োজন—বলতে গেলে এ-সিম্ধান্ত প্রায় অনতিবর্তনীয়।

অতএব প্রকৃতি পরিণামের ক্রমপ্রবাহের সূত্র ধরে আমাদের বিচার করতে হবে মানুষের উৎসমূল ও প্রথম আবিজাবের কথা, দেখতে হবে বিশ্ববিস্থিটর মধ্যে কোথায় তার স্থান। এ-বিচারের দুটি কম্প আছে। বলতে পারি : পার্থিব প্রকৃতিতে মনুষ্যদেহ ও মনুষাচেতনার আবির্ভাব আকিষ্মিক। জড়ের মধ্যে আপনাহতেই কারও অপেক্ষা না রেখে হঠাৎ যেমন অবচেতন এবং সচেতন জীবকায়ের আবিভাব ঘটেছে, তেমনি আকস্মিকভাবে তার পরের যুগে দেখা দিয়েছে বৃদ্ধিজীবী মনোময় জীব। অথবা বলতে পারি : ইতরপ্রাণী হতেই মন্থর প্রস্তৃতি ও দীর্ঘায়িত ক্রমোন্মেষের ধারা ধরে মন্সাম্বের উন্মেষ হয়েছে —কেবল বিশিষ্ট পর্বসন্ধিতে তার গতি হয়েছে উৎপ্লাবী ও ক্রান্ডিকারী। এই শেষোক্ত সিম্ধান্তটিকে মনে হয় সহজ ও সমীচীন। জাতির্পের মৌলিক র্পান্তর ঘটানো সম্ভব না হলেও তার শাখা-উপশাখার বিশিষ্ট ধর্মে যে পরি-বর্তন আনা সম্ভব, মান্ব তা জানে এবং ফলিত-বিজ্ঞানের সহায়ে এ-বিষয়ে আশ্চর্য সাফল্যও সে অর্জন করেছে ছোট-খাটো ব্যক্তিরে। তাই যদি হয়, ভাহলে প্রকৃতিতে অন্স্তুত গড়েচেতন শক্তিও যে এইধরনের বিপ্লে ও ব্যাপক পরিবর্তন এনে সিস্কার স্কোশল প্রেরণায়, জাতির্পের মধ্যে একটা ক্রান্তি-কারী র পাল্তর ঘটাতে পারে—তা কিছু অসম্ভব নয়। তখন সাধারণ তির্বক

প্রাণী হতে মনুষ্যত্বের বিবর্তনের জন্য প্রয়োজন হবে শুধু জড়ীয় আধারের উৎকর্ষ—যাতে তা চেতনার ক্ষিপ্র উধর্বায়ন বা বিপর্যয়ের বাহন হতে পারে। তার ফলে চেতনা অভিনবের তুংগত্ত্মিতে আর্চ হয়ে সেইখানে থেকে নীচে-কার ভূমির সাক্ষী হবে, সঙ্গে-সঙ্গে আধারের উধর্বাহী ও পরিব্যাপ্ত নব-জাগ্রত সামর্থ্যও প্রাক্তন পশ্ববৃত্তিকে পরিমার্জিত ও প্রসারিত করবে মনুষোা-চিত সাবলীল বৃদ্ধিবৃত্তির ভূমিকার্পে। তারপর হয় যুগপং কিংবা কিছু-কাল পরে অধারে দেখা দেবে ন্তন জাতির্পের উপযোগী সূক্ষ্য ও বিপ্লেতর নানাধরনের শক্তি—ভাবনা যুক্তিবিচার ভয়োদর্শন তত্তাবিচ্চার ও স্কাংহত নির্মাণব্রন্থির আকারে। চিৎশক্তির উন্মেষ্ট যদি স্থির নিগ্রে অভিপ্রায় হয়, তাহলে যোগ্য আধার পেলে চেতনার এই উৎক্রান্তি মোটেই দ্যঃসাধ্য হবে না—কেবল জড় অচিতির বাধা ও প্রতিক্লতাকে কাটিয়ে ওঠবার পথটাুকু তার পক্ষে দৃষ্ট্তর হবে। পশাুর মধ্যে মনঃশক্তির যে-বিকাশ ঘটেছে, মানুষের মনোধর্মের অনুরূপ হলেও তার পরিধি সংকীর্ণ এবং তাতে ক্রিয়ার দিকটাই ফুটেছে, জ্ঞানের দিকটা নয়। পশ্র আধারে মনোধর্মের যে-সংহতি, তার মধ্যে আছে দ্রুণোচিত আদিম সারল্য। তাই বৃত্তিসমূহের অধিকার যেমন সংকৃচিত, সাবলীলতাও তেমনি কৃণ্ঠিত। আত্মকর্তুত্বের স্বাতন্তা অত্যন্ত ক্ষীণ ও অনিয়ত বলে তাদের বৃত্তির স্ফ্রেণে দেখা দেয় বিচারহীন যান্তিকতার মুঢ়তা। মনে হয়, অপরা প্রকৃতি যেন পদার আধারে অপরিণত আদিচেতনার একটা অপ্রবৃদ্ধ যন্ত্রলীলাকে শুধু সচল রেখেছে। তাই মান্ধের মত তার মধ্যে চেতনশক্তির নিত্যজাগ্রত দৃষ্টি নাই—যে-দৃষ্টি চেতনার ব্রিওসম্হের শাসন ও নিয়ন্ত্রণই করে না শুধু, তাদের বৃণ্ধিপূর্বক পরিবর্তন বা বিপরি-ণামও ঘটায়। এইখানেই মানুষের বৈশিষ্টা। নইলে পশ্রচেতনার অন্যান্য বৃত্তির সঙ্গে মানুষের মোলিক কোনও প্রভেদ নাই। পশ্বর বৃত্তিগর্নিকেই মনের উধর ভূমিতে উঠিয়ে নিয়ে মান্য তাদের পর্ট ও প্রসারিত করেছে— সম্ভব হলে তাদের স্ক্রেও সংস্কৃত করে মনোধর্মী করে তুলেছে মাত্র। এক-কথায় বলতে গেলে পশ্বধর্মকেই মান্ত্র উদ্দ্যোতিত করেছে তার নবলব্ধ ব্রুদ্ধি ও বিচারশক্তির আলোকে, মৃঢ় আবর্তনের 'পরে এনেছে যুক্তির প্রশাসন— ষা কোনকালেই পশ্র সাধ্য ছিল না। একবার এই পরিবর্তন বুা বিপর্যয় ঘটবার পরে মান্বের মনে নিজেকে এবং জগৎকে আলোড়িত করবার একটা সামর্থ্য আবির্ভূত হয়, ধ্রণান্ডব্যাপী পরিণামের মোহানায় তার মধ্যে সঞ্চারিত হয় বিজ্ঞান জল্পনা ও স্বভিব উপচীয়মান প্রবেগ। এদের আবিভবি যে অতির্কিত, তাও নয়। স্বচ্ছলে কল্পনা করতে পারি, মন্**ষ্যস্**ষ্টির আদিপর্বেও তারা ছিল—পশ্রম্বের কাছ ঘে'ষে, সংকীণ গণিডর মধ্যে, নিতান্ত অপরিণত ও অনল-কৃত প্রবৃত্তির আকারে। প্রকৃতির মধ্যে প্রত্যেক ক্রান্তিকারী পর্বসন্ধিতে

এমনতর বিপর্যায় দেখা দিয়েছে। জড়ের মধ্যে প্রাণশক্তির উল্মেষের পর জড়ই তার বাহন হয়েছে, জড়শক্তির ব্যাপ্রিয়ায় প্রাণধর্মের ছোঁয়াচ লেগেছে এবং সেই-সঙ্গে স্ফর্নিত হয়েছে প্রাণেরও বিশিষ্ট বৃত্তি এবং স্পন্দ। তারপর প্রাণশক্তি ও জড়কে আধার করে দেখা দিয়েছে প্রাণন-মন। সেও তাদের আপন চেতনার রঙে ছর্নপয়েছে, সেইসঙ্গে ফ্রিটিয় তুলেছে নিজের বিশিষ্ট বৃত্তি এবং ক্রিয়া। প্রকৃতিপরিণামের রঙ্গভূমিতে এই নজিরে আবার একটা বড়রকমের তোলাপাড়া হয়ে মন্বাত্তের যে উল্মেষ হবে, সে কিছ্ব আশ্চর্য নয়। তাকে বলতে পারি, প্রকৃতিলীলার সাধারণ স্ত্রেরই একটা নতুনধরনের প্রয়োগ মাত্র।

অতএব এ-সিম্পান্তকে মানা সহজ. কেননা এর রীতিনীতি আমাদের কাছে দুর্বোধ নয়। কিন্তু আকস্মিক-আবিভাবের সিম্ধান্তকে মানবার পথে অনেক কাঁটা। প্রথমত মন,ষাধের অভিনব আবিভাবিকে চেতনার দিক দিয়ে বলতে হবে –বিশ্বপ্রকৃতিতে অশ্তঃসংবৃত্ত নিগ্যু চিতিশক্তির প্রচণ্ড একটা উৎক্ষেপ। কিন্তু তাহলে মানতে হয়, ওই উৎক্ষেপের বাহন হবার জন্য একটা জড়ীয় আধার পূর্ব হতেই উন্মুখ হয়ে ছিল—এখন শুধু উৎক্ষেপের বেগে নবীন সিসক্ষার অনুকুলে তার বিশিষ্ট রূপায়ণ ঘটেছে। অথবা বলতে হয়, প্রাক্তন ম্থ্ল আকৃতি বা ধাঁচের সম্পে প্রবল বৈধর্ম্যের ব্যবধানবশত মানুষের মধ্যে একটা নতুন তত্ত্বের আবির্ভাব হয়েছে। দুটি সিন্ধান্তের যেটিকে মানি না কেন. তারা এক পরিণামবাদেরই রকমফের মাত্র—শুধু বৈজাত্য বা পর্বসংক্রমণের রীতি ও কৌশলে তাদের যা-কিছু তফাত।...আবার এও বলা যায় : মানুষের আবিভাব উৎক্ষেপের পরিণাম নয়, বরং উধর্বতন মনোলোক হতে মনশ্চেতনার অবক্ষেপের ফল-হয়তো-বা উপর হতে মনোময়-পক্রেষ কি জীবাত্মার অবতরণ হয়েছে মর্ত্যপ্রকৃতিতে। তখন প্রশ্ন হবে, এই অবক্ষেপকে ধারণ করবার উপ-যোগী মনুষ্যদেহরূপী এমন দুঃসাধ্য ও জটিল আধারের আকস্মিক উল্ভব হল কেমন করে? জড়োত্তর ভূমিতে কোনও দ্রুমের অপেক্ষা না রেখে যা-ইচ্ছা-তাই ঘটতে পারে বিদ্যাতের বেগে। কিন্তু জড়শক্তি স্ফুরণেরও যে এই ধারা, এ তো এখানকার স্পরিচিত বা স্বাভাবিক রীতি নর। বিশ্বপ্রকৃতির কোনও জড়োত্তর প্রবেগ কি ধর্ম অথবা বিধাত-মানসের অধ্যা বীর্য যদি সাক্ষাংভাবে জড়ের 'পরে প্রহত হয়, তাহলেই এখানে এমনতর বিপর্যয় ঘটা সম্ভব। জড়ের আধারে প্রত্যেক নবসত্ত্বের আবির্ভাবের মূলে এমনতর জড়োত্তর শক্তির আবেশ বা বিধাতার সিস্কা মানতে আমাদের কিছুই আপত্তি নাই : বলতে গেলে প্রত্যেক নবস্থিত প্রচ্ছন্ন প্রাণশক্তি বা মনঃশক্তির আয়তনে কল্পিত অন্তর্গতে চিংশক্তির একটা অনির্বাচ্য লীলা। কিন্তু তাহলেও তার চিন্নাকে কোথাও অব্যবহিত ও স্ব-তন্দ্র হয়ে বাইরে ফুটতে তো দেখি না—সর্বন্ত দেখি, প্রাক্সিম্ধ কোনও

জড়ীয় আধারের 'পরে অধিক্ষিপ্ত হয়েই চিংশক্তি তার কাজ করছে প্রকৃতির ভতপর্বে কোনও সিম্পির ধারাকে সম্প্রসারিত করে। কোনও পার্থিব আধারের আত্মোন্মীলনের ফলে জডোত্তর শক্তির একটা আস্ত্রব ঘটেছে তার মধ্যে এবং তাইতে তার নবকলেবর সিন্ধ হয়েছে—এ-কল্পনাকে বরং সম্ভবপর বলতে পারি। কিন্তু জড়প্রকৃতির অতীত ইতিহাসে এমন ঘটনা অনায়াসে ঘটেছে, তার কোনও প্রমাণ নাই। অভিনবের আবির্ভাবের জন্য, হয় কোনও অদৃশ্য মনোময়-প্রে,ষের ঈক্ষণ প্রয়োজন—যার ফলে তাঁর আবেশের অন্ক্ল কায়স্ভি সম্ভব হবে: অথবা জড়াতীত শক্তির আস্রবকে ধারণ করে জড়ত্বের আড়ন্ট সৎকীর্ণ বিধানকে আবিষ্ট ও আলোড়িত করতে পারে, জডেরই মধ্যে এমন মনোময় সত্ত্বের প্রাক্সত্তাকে স্বীকার করতে হবে। নইলে কল্পনা করব : জড় আধারই পরিণামের পথে পূর্ব হতে এতদূর এগিয়ে ছিল যে, বিপূল মন-শ্চেতনার আস্ত্রবকে বা কোনও মনোময়-পুরুষের অবতরণকে স্বচ্ছন্দ সাবলীলতায় ধারণ করা তার পক্ষে মোটেই কঠিন হয়নি। কিন্তু তাহলে মানতে হয়, জড়-দেহে মনোধর্মের প্রাক্তন উন্মেষ এই শক্তিপাতের জন্যে উদ্যত হয়েই ছিল। উধর্ব হতে শক্তিপাত আর জড়সত্তার উধর্বায়ন—উভয়ের যোগাযোগে মর্তা-প্রকৃতিতে যে মানুষভাবের আবির্ভাব সম্ভব হয়েছে, তা অকল্পনীয় নয় বটে। পশ্রের আধারে অন্তর্নিহিত নিগ্টে চৈত্যসত্তার আবাহনে হয়তো প্রাণবন্ত জড়ের রাজ্যে মনোময়-পুরুষের আবিভাব ঘটেছে এবং তাঁর প্রৈষাতে প্রাণমিশ্রা মনঃ-শক্তি উত্তীর্ণ হয়েছে শুন্ধতর মনোভূমিতে। কিন্তু তাহলেও একে পরিণাম-বাদই বলব, কেননা ঊধর্ব শক্তির আবেশ এক্ষেত্রে পার্থি বপ্রকৃতিতে তার স্বধর্মের অভিব্যক্তি এবং প্রসারণের সহায়ক হয়েছে মাত।

না হয় মানলাম, আধারদথ চেতনা ও সত্ত্বের প্রত্যেকটি আকৃতি বা ধাঁচ একবার স্থাতিষ্ঠ হলে তার মধ্যে আর স্বধর্মের ব্যাভিচার ঘটবে না—স্বভাবের নিয়ম ও পরিকল্পনাকে সর্বতোভাবে অন্সরণ করাই হবে তার কাজ। এ যদি সত্য হয়, তাহলে পরিণামবাদের কোনও সার্থকতা থাকে না।...এ-আপত্তির জবাবে স্বচ্ছন্দে বলতে পারি: স্বোত্তরায়ণের প্রেতিই মানবী আকৃতির একটা বিশেষ ধর্ম, মান্ব্যের অধ্যাত্মবীর্যের ভাণ্ডারে জাগ্রত চেতনা নিয়ে আপনাকে ছাড়িয়ে যাবার সকল সাধনই সঞ্চিত আছে। এমনতর সামর্থেরে প্রশ্বিজ তার থাকবে—এই পরিকল্পনা নিয়েই বিশেবর বিধাতা তাকে গড়ে তুলেছেন।... প্র্বিশক্ষী বলতে পারেন, আজপর্যন্ত মান্য যা-কিছ্ করেছে, সে কেবল তার স্বভাবের গণিডতে অবর্ম্থ থেকেই। তার প্রগতি হয়েছে প্রকৃতির কন্ব্ব্রেখায়—ক্ষনও সে নেমেছে আবার ক্ষনও উঠেছে, কিন্তু সরলরেখায় এগিয়ে কোনকালেই যেতে পারেনি, বা তার অজিত স্বভাবের একটা অবিসংবাদিত মোলিক উধ্রশিরিণাম ঘটাতে পারেনি। মোটের উপর, তার নির্চু সামর্থকে

সক্ষা ও শাণিত করে নানা বিচিত্র ও সাবলীল উপায়ে তাদের ব্যাপারিত করা— এতদিন ধরে এ-ই তো দেখছি তার সাধ্যের সীমা। কিল্ড পূর্ব পক্ষীর এ-আপত্তি অনেকাংশে সত্য হলেও একথা সত্য নয় যে, প্রথিবীতে মানুষের আবির্ভাবের যুগ হতে আজপর্যন্ত, এমন-কি তার সাম্প্রতিক ইতিহাসের সাক্ষোও মানুষের প্রগতির কোনও নিশানা নাই। প্রাচীনেরা যত বড়ই হ'ন, তাঁদের কোনও-কোনও কীতি ও স্থিটর মহিমা যত উত্তঃগাই হ'ক, ব্রণিধ চারিত্র ও অধ্যাত্মসম্পদের বীর্যে আমাদের দ্র্ভিতে তাঁরা যত জ্যোতিষ্মানই হ'ন,—তব্ব পরের যুগের মানুষ যে জ্ঞান ও কর্মের সাধনায় আরও সক্ষাত্র জটিল ও বিচিত্র বীর্যের উপচীয়মান পরিচয় দিয়েছে, জীবনে সমাজে রাজ্যে দর্শনে বিজ্ঞানে শিল্পে সাহিত্যে বহুদিক দিয়েই প্রাচীনদের কীতিকে বহুগুণে ছাডিয়ে গেছে—নিরপেক্ষ বিচারের ফলে একথা আমাদের মানতেই হবে। এমন-কি আধুনিক মানবের অধ্যাত্মসাধনায় প্রাচীন সিন্ধির বিস্ময়কর তুৎগতা ও বিরাট বৈভব না থাকলেও, তার মধ্যে দেখা দিয়েছে মনীষার একটা উপচীয়মান স্ক্রাতা—সাবলীল দূরবগাহ অথচ বহুমুখী এষণার একটা আশ্চর্য প্রতিভা। মানি, আজকালকার সভ্য মান্য সংস্কৃতির উন্নত শিখর হতে অনেকদ্র গড়িয়ে পড়েছে, কিছুদিন ধরে হঠাং সে নেমে এসেছে অধ্যাত্মপ্রগতি-বিরোধী নাদ্তিকতার গভীর খাদে—চিন্ময়ী অভীপ্সার উধর্বশিখা তার মধ্যে নির্বাপিত, প্রাকৃত জড়বাদের বর্ব'রতায় তার দৃষ্টি আচ্ছন্ন। কিন্তু তব্ব বলব, তার এ অধোগতি সাময়িক—এ শ্বধ্ব প্রগতির কন্বরেখার অবরোহের দিকটাই আমরা দেখছি। সত্য বটে, মানুষের প্রগতির বেগ আজও তাকে আপন গণ্ডি ছাড়িয়ে স্বোত্তরায়ণের পথে উত্তীর্ণ করেনি—আজও তার মনোময় স্বভাবের আমূল রূপান্তর ঘটেনি। কিন্তু এ তো কেউ প্রত্যাশাও করেনি। কারণ প্রত্যেকটি আকৃতি বা জাতিরপের চেতনায় প্রকৃতিপরিণামের শক্তি এমনভাবে কাজ করে যায় যে, তার ফলে আকৃতির অন্তর্নিহিত সামর্থ্য সক্ষাতা ও বৈচিচ্রোর উপচীয়মান ঐশ্বর্যে তার অন্তিম কোটিতে পেশছয়। অবশেষে স্বভাবের চরম পরিপাকে আপন সম্প**্রটকে বিদীর্ণ করবার** দিন যখন ঘনিয়ে আসে, তখন তার মধ্যে দেখা দেয় চেতনার একটা বিপর্যয়—পরিণামের নতুন পর্বে সর্নাশ্চত উৎক্রান্তির একটা অর্নাতবর্তানীয় প্রেতি। মনোময় মানুষের পর চিন্ময় ও অতিমানস সত্তের আবিভাবে যদি প্রকৃতির লক্ষ্য হয়, তাহলে তার স্চনা আমরা দেখতে পাচ্ছি মান্ধের অল্তরে চিন্ময়-ভাবনার সংবেগে। সে-সংবেগ হতেই প্রমাণিত হচ্ছে যে, নিজের চেন্টায় ক্ষিংবা প্রকৃতির সাহায্যে এই অভিনব পর্বসংক্রমণট্রকু ঘটিয়ে তোলবার সামর্থ্যও তার আছে। তির্যক প্রাণীর মধ্যে কোনও-কোনও বিষয়ে বানরগোতের মানুরূপ অথচ গোড়া হতেই মন্যাধর্মাদ্রান্ত জীবের আবিভাবে ঘটিয়ে, মান্ত্রের আবিভাবের

পথকে প্রকৃতি স্কাম করে দিয়েছিল। তারই উত্তরপর্বে চিন্ময় ও অতিমানস সত্ত্বে আবির্ভাবকে সহজ করবার জন্য অন্বর্প রীতির অন্সরণ সে করবে। অর্থাৎ মান্ব্যেরই মধ্যে স্থিট করবে পশ্বগোত্র মনোময় মান্ব্যের অন্বর্প অথচ চিন্ময়ী অভীপ্সার আবেগযুক্ত একধরনের নতুন মান্য ।

একথা মেনেও প্র্বপক্ষী একটা আপাতস্কুট্র তর্ক তলতে পারেন এই বলে যে, মান্যকে বাহন করে অতিমানবের আবিভাবে ঘটানো যদি প্রকৃতির উন্দেশ্য হয়, তাহলে নতুন জাতির্পের নিদর্শনন্বরূপ গুটিকয়েক উন্নত-শ্রেণীর মান্য স্থি করেই হয়তো তার সে-উদ্দেশ্য চরিতার্থ হবে। তখন এই নতুন মানুষেরা জীবনের নতুন পথে চলতে থাকবে। আর প্রকৃতির চিন্ময়ী অভীপ্সার এমন তপ'ণের পর, মানবজাতির অর্বাশন্টভাগ ঊধর্বায়নের আকৃতিকে বর্জন করে আবার ফিরে যাবে মনোময়ী স্থিতির বন্ধজলে।...এ-তকের জবাবে বলতে পারি : জন্মান্তরের সহায়ে প্রকৃতিপরিণামের ধারায় জীবাম্মা বাস্তবিক যদি সতিমানসভূমিতে উত্তীর্ণ হয়, তাহলে উত্তরণের সে সোপান-পরম্পরাকে প্রকৃতি মান্বের মধ্যে টিকিয়ে রাখবেই-নতুবা অতি-মানবতার আংশিক সিদ্ধি হবে পূর্বাপরহীন একটা আকস্মিক খেয়ালের খেলা। অবশ্য এইসঙ্গে একথাও বলি, সমগ্র মানবজাতিই যে একজোটে অতি-মানসভূমিতে উত্তীর্ণ হবে, এমন সিদ্ধি বা সম্ভাবনা স্ফুর্পরাহত। ধরনের বিস্ময়কর একটা বিপ্লবের ইঙ্গিতও আমরা করছি না। আমাদের বক্তব্য শাধ্য এই যে, চিৎপরিণামের স্বাভাবিক সংবেগে মান্যের মন এমন-একটা জায়গায় উঠে আসবে, যেখানে তার অন্তর্নিহিত সামর্থ্য অনায়াসে লোকোত্তর চেতনার অভিযাত্রী হবে এবং সে-চেতনাকে কায়ে র্পায়িত করবার আক্তিও তার মধ্যে জাগবে। এই কায়পরিগ্রহের ফলে অবশ্য জীবের প্রাকৃত স্বভাবেরও একটা পরিবর্তন ঘটবে। তার হৃদয় মন ইন্দ্রিয়ে তো বটেই—এমন-কি দৈহাচেতনা ও শারীরব্যক্তির সংগঠনেও গ্রেত্র একটা র্পা-ল্ডর দেখা দেবে। কিল্ডু সবচাইতে বড় র্পান্তর হবে তার চেতনার। তার প্রথম প্রৈষার একটা গোণ সিম্ধি বা বিপাকর্পে ঘটবে স্থ্ল আধারের বিপরিণাম। চৈত্যসত্তার সমিন্ধনে হ্দর-মন যখন ভাস্বর হয়ে উঠবে এবং আধার যখন প্রস্তৃত থাকবে, তথন যে-কোনও দেখা দেবে এই চিন্ময়-রূপান্তরের সামর্থ্য ও সম্ভাবনা। অভীপ্সা মানুষের স্বভাবগত। মানুষ পশুর মত স্বভাবতৃণ্ড নর---সঙ্কোচ ও অপূর্ণতার বোধ নিরন্তর তাকে বর্তমানের গণ্ডিকে ছাড়িয়ে বেতে প্রচোদিত করছে। এই স্বোত্তরায়ণের প্রচোদনাই মন্ব্যন্থ মানবজ্ঞাতির অন্তর হতে এ কখনও নিঃশেষে বিলম্পত হতে পারে না। মান্বের মধ্যে মনোময়ী সন্তার স্থান একটা থাকবেই। কিন্তু সে শ্ব্ধ তার সংস্তির প্রয়োজক

হবে না—তার মধ্যে চিন্ময়ী অতিমানসী ভূমির দিকে একটা টুদ্যত প্রেরণা দেখা দেবেই।

একটা ব্যাপার লক্ষণীয়। পৃথিবীর বৃকে মনুষ্যকায় ও মনুষ্যমনের আবির্ভাবে পরিণামের অতীত ধারার অনুব্রত্তিই যে আছে শুধু তা নয়—এই-সঙ্গে প্রকৃতিপরিণামের লক্ষ্যে ও রীতিতে দেখা দিয়েছে অন্পিতিচর অথচ স্ক্রনিশ্চিত একটা বিপর্যায়। এতকাল জডের উন্মিষ্ঠ আধারে মননধ্মী পরিণত চিত্তের আবিভাবে ঘটেছে—জীবের আত্মসচেতন অভীপ্সা আকৃতি সংকল্প বা এষণার বশে নয়, কিন্তু প্রকৃতির যন্ত্রমূড় প্রবৃত্তির তাগিদে অব-চেতনা ও অধিচেতনার নিগঢ়ে লীলায়নে। কারণ আর কিছুই নয়। অচিতি হতে যে-পরিণামের শ্বরু, তার মধ্যে চেতনার সঞ্চরণ হয় অন্তর্গন্তে। চেতনার উন্মেষ অপরিস্ফুট বলে আধারে তার ক্রিয়া আত্মসচেতন জীবের জাগ্রত সঙ্কল্পের শরিক হয়ে চলবার সূ্যোগ পায় না। একমাত্র মানুষের আধারে একটা যুগান্তর দেখা দিয়েছে। জীবসত্ত এখানে প্রবৃদ্ধ ও আত্মসচেতন হয়ে উঠেছে। তাই তার মনের মধ্যে ফুটেছে অভ্যদয়ের একটা আকৃতি, জ্ঞানে ও শক্তিতে নিজেকে সমূদ্ধ করে বহিজ্ঞীবনকে উদারতর এবং অন্তজ্ঞীবনকে গভীরতর করবার একটা সচেতন প্রয়াস। একমার মান, ষই জানে, তার প্রাকৃত আত্মচেতনারও উধের্ব একটা বৃহত্তর চিন্ময় ভূমি আছে। উধর্বপরিণামের দুর্বার কামনায় স্পান্দত তার প্রাণ-মন—স্বোত্তরায়ণের অভীপ্সা মূর্ত ও উদগ্র হয়ে উঠেছে তার মধ্যে : সে পেয়েছে আত্মার সন্ধান, পেয়েছে চিন্ময় আত্ম-স্বরূপের আভাস। অতএব অবচেতন পরিণামকে সচেতন করে তোলা তারই আধারে সম্ভব হয়েছে। এইজন্যই অভীপ্সার যে-তীব্রসংবেগ তার মধ্যে নিরন্তর তপস্যার অন্নিবীর্যে প্রজ্বল হয়েছে, আমরা স্বচ্ছন্দে তাকে ধরে নিতে পারি মহাপ্রকৃতির মহন্তর সিশ্ধি অথবা বৃহত্তর বিভূতির উদ্মেষের অবন্ধ্য আক্তির নিশ্চিত নিশানার পে।

পরিণামের প্রথম পর্বে প্রকৃতির ঝোঁক ছিল কায়িক সংস্থানের র্পান্তর-সাধনের দিকে, কেননা তখন তারই 'পরে ছিল চেতনার র্পান্তরের নির্ভর । দেহের র্পান্তরেসাধনে ব্যাপ্ত চেতনার বীর্য তখন তীক্ষ্য ছিল না বলে এছাড়া প্রকৃতির সামনে আর-কোনও পথ খোলা ছিল না । কিন্তু মান্মের মধ্যে এ-ব্যবস্থার বিপর্যয় শ্র্য্ সম্ভাবিত নয়—অপরিহার্যও বটে, কেননা এখানে উধর্পরিণামের একমাত্র সাধন হল চেতনারই র্পান্তর । একটা অভিনব কায়সংস্থান যে তার প্রাথমিক বাহন হক্টে, এমন-কোনও বাধ্যবাধকতা এক্ষেত্রে নাই । বস্তৃত তত্ত্বদ্ধিতৈ দেখতে গেলে চিংপরিণামই প্রকৃতিপরিণামের মূলকথা । পরিণামের প্রত্যেক পর্বের ইশারা অধ্যাম্বাসিন্ধির দিকেই—স্থ্লের বিপরিণাম তার একটা অবান্তর সাধন মাত্র । কিন্তু গোড়ার

দিকে চিৎ ও জড়ের মধ্যে একটা অস্বাভাবিক বৈষম্য ছিল, তাই এ-তথ্যটি ছিল যবনিকার অন্তরালে। তখন বহি^বর্ত্ত অচিতির বিপ**্**ল কায় অন্ত**শ্চর চিং**-পুরুষের মহিমাকে খর্ব এবং দিতমিত করে রেখেছিল। কিন্তু এবার সে-বৈষম্য দরে হয়েছে। তাই এখন আর চেতনার রূপান্তরের জন্য পূর্বে হতেই দেহের রূপান্তর আবশ্যক হয় না—চেতনা এখন নিজেরই বিপরিণামন্বারা আধারের ঈপ্সিত গোত্রান্তর সিম্ধ করে। মনে রাখতে হবে, মানুষ আর সকল ক্ষেত্রে প্রকৃতিচালিত নয়। উদ্ভিদ ও পশ্রে মধ্যে জাত্যন্তর-পরিণাম র্ঘাটয়ে প্রকৃতির আনুকূল্য করা তার মনোবীর্যের পক্ষে এখন অসাধ্য নয়। তার পরিবেশকে নানাদিক দিয়ে সে নতন করে গড়েছে, জ্ঞানের সাধনায় নিজের মনেরও অভাবনীয় উৎকর্ষ ঘটিয়েছে। স্বতরাং আপন দৈহা ও চিন্ময় পরিণাম বা র্পান্তর সাধনে সে-যে প্রকৃতির সচেতন আন্ক্ল্য করবে, এ-প্রত্যাশা কি অযোক্তিক ? এমনিতর একটা প্রেতি তার অন্তরে আছেই এবং তার আংশিক সার্থকতাও ইতিমধ্যে ঘটেছে। শুধু বহিশ্চর মন পুরাপুরি বুঝতে পারছে না বলেই তাকে মানতে পারছে না। কিল্ডু একদিন অল্তরাবৃত্ত হয়ে নিজের মধ্যে ভূবে গিয়ে এই মনই হয়তো অন্তর্গ চুচ্ চিৎশক্তির সম্গোপন সাধনবীর্য ও সাসতে প্রবৃত্তির রহস্য আবিষ্কার করবে। আমরা যাকে প্রকৃতি বলি, চিৎশক্তির এই আকৃতি তার মুম্কথা। মানব্মন তাকে যেদিন ব্রুবে, সেইদিন তার জগতে যুগান্তর আসবে।

প্রাকৃত প্রগতির বহিরপা বিভূতির পর্যবেক্ষণ হতে অর্থাৎ শুধু কায়িক জন্ম ও কায়িক স্থিতিকে আশ্রয় করে সন্তা ও চেতনার যে বহিব্ ও পরিণাম সাধিত হচ্ছে, তাকে দিয়ে এসব সিম্ধান্ত স্বচ্ছন্দে সমর্থিত হতে পারে। কিন্তু এর মধ্যে আরেকটা ব্যাপার রয়েছে প্রত্যক্ষের অগোচর—সে হল জীবের জন্মান্তর। উন্মিষ্কত আত্মভাবের পর্ব হতে পর্বান্তরে উদয়নের সোপান বেয়ে জীব এগিয়ে চলেছে—প্রত্যেক পর্বে তার কায়িক ও মানস সাধনসম্পদ সমূদ্ধতর হয়ে উঠছে। কিন্তু এই প্রগতির মধ্যে চৈতাসত্তা এখনও ঢাকা আছে দেহ-প্রাণ-মনর্পী সাধনের অশ্তরালে—এমন-কি মান্ষের মত সচেতন মনোময়-জীবেরও আধারে। এখন চৈত্যসন্তার প্রকাশ ব্যাহত, আত্মপ্রকৃতিকে বশে এনে এখনও সে জীবনের প্ররোধা হতে পার্রোন। প্রব্লুষ এখনও প্রকৃতির অধীন-বিকল সাধনের খানিকটা নিয়ন্ত্রণও মেনে চলতে সে বাধ্য। কিন্তু মানুষের মধ্যে পুরুষের চৈত্যসত্ত্ পূর্ণপরিণতির দিকে ইতরপ্রাণীর চাইতে ক্ষিপ্রগতিতে এগিয়ে যেতে পারে। ক্রমে এমন-একটা সময় আসে, যখন আধারের সকল বাধা ঠেলে নির্মান্ত প্রকাশের জ্যোতিরক্ষানে সে এসে দাঁড়ায় প্রকৃতি-স্থ সাধনসম্পদের ঈশ্বর হয়ে। চৈত্যসত্ত্বের এই ঈশনা গ**্**হা-হিত অন্তর্যামী চিন্ময়পুরুষের আসন্ন আবির্ভাবের দ্যোতনা আনে। চৈত্য-

সত্তার অন্তঃশীল অন্ভাবে যখন প্রাকৃত-মনের গোত্রান্তর ঘট্টছিল, তখন এই চিংপর্ব্বই তার মধ্যে আড়াল থেকে দীপালির আয়োজন করেছিলেন। আজ তাই আধারে নিজেকে সম্পূর্ণ উন্মিষিত করবার সপো-সগো জীবনকে তিনি চিন্ময় দিবাভাবনায় আরও ঝলমল করে তুলতে চাইবেন। কিন্তু মর্ত্যা-প্রকৃতিতে মন অবিদ্যার সাধন মাত্র। অতএব এই চিন্ময়-র্পান্তর সিন্ধ হবে একমাত্র চেতনার র্পান্তরে—যার ফলে অবিদ্যাম্ল জীবন হবে বিদ্যায় প্রতিষ্ঠিত, মনোময় চেতনা পরিণত হবে অতিমানস চেতনায়, মহাপ্রকৃতির অতিমানস প্রযোজনা দেখা দেবে এই আধারেই।

এ-জগৎ অবিদ্যাশাসিত বলে অতিমানস-রূপান্তর এখানে অসম্ভব, কিংবা 'প্রেত্য অসমাৎ লোকাৎ' দানুলোকে গিয়েই তা সম্ভব, অথবা চৈতাসত্তের এমন আক্তি অজ্ঞানপ্রসূত বলে নিবিশেষ রন্ধে আত্মবিলোপই তার একমাত্র প্ররুষার্থ—এধরনের উক্তি নিতান্তই যুক্তিহীন। এ-সিম্ধান্ত প্রামাণিক হত-যদি অবিদ্যার লীলাই হত বিশ্ববিস্থিতীর তাংপর্য প্রযোজক ও উপাদান, কিংবা বিশ্বপ্রকৃতিতে এমন-কোনও তত্ত্ব না থাকত, যাকে ধরে অবিদ্যামানসের বর্তমান গ্রেব্ভার ঠেলে উত্তরায়ণের পথে আমাদের এগিয়ে যাওয়া চলে। কিন্ত অবিদ্যা বিশ্বপ্রকৃতির একাংশ মাত্র। সে তার সবখানি নয়, কিংবা তার অনাদি বিধাতী বা প্রযোজিকাও নয়। বরং অবিদ্যা নিজেই বিদ্যার আত্মসঙেকাচ হতে উৎপন্ন হয়েছে—এই তার ঊধর্বকোটির পরিচয়। আবার অবর কোটিতেও অচিতির নিরেট জড়ত্ব হতে তার উন্মেষ হয়েছে অবদমিত বিদ্যাশক্তির পে—তাই বিদ্যার নিরঙ্কুশ প্রকাশে নিজের যথার্থ স্বরূপ ও প্রতিষ্ঠাকে ফিরে পাবার আকৃতি তার মধ্যে এত প্রবল। বিরাট্-মনের মধ্যে এমন-সব স্তর আছে, যারা আমাদের প্রাকৃত-মনের নাগালের বাইরে। বিরাটের ঋতম্ভরা প্রজ্ঞার তারা অতীন্দ্রিয় সাধন হলেও, মনোময় জীব সমাধিযোগে সেসব দতরে পে^{ণ্}ছতে পারে। এমন-কি প্রাকৃতভূমিতেও তাদের দিকে খানিকটা সে উজিয়ে যেতে পারে অতিপ্রাকৃত আবেশের ফলে। কখনও-বা বোধির ঝলক, চিন্ময়ী দ্যোতনা, প্রতিবোধের বিপাল স্লাবন বা যোগবিভূতির আকারে তাদের সে আভাস পায়—কিন্তু তাদের ব্রঝতে বা ধরে রাখতে পারে না। অতিপ্রাকৃত সকল দতরই দেবাত্তরভূমি সম্পর্কে সচে-তন ও ঊধর্বমুখ। শেষ স্তর্টি আবার অতিমানসের অব্যবহিত এবং তার দিকে উন্মীলিত—ঋত-চিতের দিবাসংবিতে সম্ভজ্জ। উন্মিষ্ট মর্ত্য আধারে এইসব লোকোত্তর চিদ্বিভূতির আবেশ औরে—চিত্তব্তির আড়ালে প্রচ্ছন্ন থেকে তারাই চিত্তসত্ত্বের নিয়ন্তা এবং ভর্তা। এই অতিমানস আর তার ঋতবিভূতির নিগ্রু আবেশে নিখিল প্রকৃতি বিধৃত রয়েছে—এমন-কি আমাদের চিত্তসত্তও তাদের পরিণাম বা কৃণ্ঠিতবৃত্তি আংশিক রূপায়ণ মাত।

অতএব মনঃশক্তি যেমন জড় ও প্রাণের মধ্যে নেমে এসেছে, তেমনি শাশ্বত সন্মান্তের এইসব উত্তর্রবিভৃতিও যে আপন স্বর্পে প্রাকৃতমনে প্রকট হবে— এ কেবল স্বাভাবিক নয়, অপরিহার্যও বটে।

মান ধের চিন্ময়ী অভীপ্সাতে তার অন্তর্গ চিৎসত্ত্বের আস্মোন্মীলনের আকৃতি আছে—আধারে নিহিত চিংশক্তি এমনি করে প্রকাশের পরের ধাপে আপনাকে র পায়িত করতে চায়। সত্য বটে, আজপর্যন্ত এ-অভীপ্সা দ্যুলোকের ছবিকে মত্যের ওপারে কল্পনা করে এসেছে, অথবা মনোময় ব্যাফি-জীবের আর্মাবলোপে ও নেতিবাদেই তার চরম সার্থকতা খাজেছে। কিল্ড এ হল অভীপ্সার একটা দিক এবং তার এই দীর্ঘযুগব্যাপী উদগ্র দাবিকে একেবারে নিম্প্রয়োজনও বলতে পারিনা। অনাদি অচিতির অধ্বকবল হতে. দেহের বাধা প্রাণের তার্মাসকতা ও মনের অবিদ্যাব্যক্তির মূড় দ্বোগ্রহ হতে নিজেকে সবলে ছিনিয়ে নিয়ে চিন্ময় সত্তার দিবাভূমিতে প্রতিষ্ঠিত করবার প্রাথমিক প্রয়াস এই ইহবিম,খীনতায় রূপ নিয়েছে। কিন্তু চিন্ময়ী অভীপ্সার শ্বা নিষ্কৃতির দিকটা নয়, তার কৃতির দিকটাও মান্বের চিত্তে ফ্টেছে-দিব্যভাবনার দ্বারা প্রকৃতির বশীকার ও র্পান্তরের আক্তিতে, হ্দয় ও মনের এমন-কি এই দেহেরও দেবায়নের সাধনাতে। অন্তশ্চক্ষ মান্ব দেখেছে এই মতৰ্গভূমিতেই অনাগত অমরাবতীর স্বপ্ন, ব্যক্তির র্পান্তরকে অতিক্রম করে সমগ্র প্থিবীরই অভিনব দিব্য র্পান্তর, এইখানেই ভাগবত-শক্তির অবতরণ, সিদেধর স্বারাজা ও স্বর্গরাজোর প্রতিষ্ঠা—শধ্যু মান্ষের অন্তরে নয়, তার বাইরে সমৃ্চিমানবের সংঘজীবনেও। এই চিন্ময়ী অভীপ্সার বহু কল্পছবি আজও হয়তো মানুষের চেতনায় নীহারিকার বাষ্প-মায়া হয়ে আছে। কিন্তু তবু এই পাথিবি প্রকৃতিতে অন্তর্গত়ে চিংপ্রের্ধের উদয়নের আক্তি যে অনিবাণ দহনে কাঁপছে তাদের মধ্যে—একথা তো অস্বীকার করবার উপায় নাই।

এ যদি সত্য হয় যে জড়ের আধারে জীবজন্মের অর্থ ই হল মৃন্ময় পারে চিন্ময়ী দ্যাতির আত্মোন্মীলনের আয়োজন, বিশ্ব জ্বড়ে প্রকৃতিপরিণামের একমাত্র তাৎপর্য যদি হয় চেতনার নিরঙকুশ উধর্বপরিণাম, তাহলে মান্বে এসেই সে-পরিণামের ছলেদ যতি পড়েছে—একথা মানতে পার্রির না। অসভেকাটেই বলব, মান্বেও চিৎসন্তার অপর্ণ অভিব্যক্তিমাত্র—মনের র্পায়ণে চিৎশক্তির সাধনবীর্য সামানাই ফ্টেছে। মন শ্বে চেতনার মধ্যকাণ্ড, মনোন্ম সত্ত্ব উন্মিষ্টত চিৎসন্তের সংকালিতপর্বের বিভৃতি মাত্র। মান্ব যদি মানসভাবের ঘাের কাটিয়ে না উঠতে পারে, তাহলে এইখানেই সে প্রকৃতির বন্ধ্যা স্থিত হয়ে পড়ে থাকবে এবং তাকে অতিক্রম করে অতিমানস আর অতিমানবের অনির্শ্থ প্রকটশক্তি হবে ভবিষ্য-স্থিত নায়ক। কিন্তু উন্মনী-

ভাবের দিকে মন যদি আজ দল মেলতে পারে, তাহলে এই মান্বই কেন অতি-মানবতার অতিমানস জ্যোতিলোকে উত্তীর্ণ হবে না—অন্তত তার দেহ-প্রাণ-মনকে কেন সে আহ্বতি দেবে না বিশ্বপ্রকৃতিতে চিংপ্রেক্ষের অভিনব আথ্যোন্মীলনের বিরাট উত্তরবেদিকায়?

চতুৰিংশ অধ্যায়

চিন্ময় মানবের বিবর্তন

যে যথা মাং প্রপদাকে তাংশ্তথৈব ভজামাহম্। মম বর্থান্বৈতকৈত মন্ধ্যাঃ পার্থ সর্বশঃ॥

গীতা ৪।১১

যো যো যাং যাং তন্ত্ ডক্ত: শ্রুম্মাচি ভূমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রুম্যাং তামের বিদ্ধাম্যহম্ ॥
স তয়া শ্রুম্যা যাত্তস্তারাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ ময়ের বিহিতান্ হি তান্ ॥
অম্তবভ্র ফলং তেষাম্...।
দেবান্ দেবযকো যাত্তি...।
ভূতানি যাতি ভূতেজ্যা যাতি মদ্যাজিনোহিপি মাম্ ॥

গীতা ৭।২১-২৩, ৯।২৫

যে যেমনভাবে আমার কাছে আনে, তাকে তেমনভাবেই আমি গ্রহণ করি। মানুষ আমারই পথেব অনুবর্তন কবে সবরকমে।...যে-ভক্ত যে-তনুকে গ্রুণধার অর্চনা করতে চায়, তার সেই গ্রুণধাকে অচল করি আমি। সেই গ্রুণধাযোগে ওই তনুব আবাধনা করে সে এবং তার ফলে আমারই বিধানে লাভ করে তার কাম্য যত। দেবতাব যজনকরে যারা তারা পায় দেবভাকে; আর আমাব ভক্তেরা আমাকেই পায।

—গীতা (৪।১১; ৭।২১-২০)

...ন यात्रा, চিত্রং দ শে ন यक्तम्। . .ন বাং নিশ্যান্যচিত্তে অভূবন্যা

सदम्बम १ ।७५ । ६

এদের মধ্যে না দেখা দিল অপর্প, না দেখা দিল বীর্য; বহস্য যা, আচিতেব জন্য তো হয়নি ডা।

—ঋণেবদ (৭।৬১।৫)

কৰিপ নিশাং বিদ্থানি সাধন... ...। দিব ইখা জীজনৎ সণ্ড কার্নহা চিচ্চকুর্মানা গ্ণন্ডঃ।

अर्चम ८।५५।०

কবির মত সত্যের রহস্য এবং বিদারে সিন্ধিকে ফ্টিয়ে তুলে দ্বলোকের সাতটি কার্কে জন্ম দিলেন তিনি; দিনেরই আলোতে তাবা কইল কথা, করল তাদের কাজ।
—ক্ষেণ্ডেদ (৪।১৬।৩)

...निन्ता बहारित्र। निबहना कवत्त्र काब्यानि।

भारन्यम 810156

কত-যে রহস্য-বাণী--কত-যে কাব্য, কবির কাছেই যারা বলে তাপের মর্মাকথা।
--ঋণেবদ (৪।৩।১৬)

নকিহেছিবাং জনুংৰি বেদ তে অংগ বিচ্ছে মিখো জনিচম্। এডানি ধীরো নিণ্যা চিকেড প্লিন্মদিংধা মহো জাভার ॥

करन्यम १।६५।२.8

কেউ জানেনা এদের জন্ম; জানে এরা পরম্পরের জন্মধারা : কিন্তু এসব রহস্য ধীরেরা জানেন, বিপ্রেলা প্রমিন যাদের ধরে আছেন আপন পালানে।

-- शरक्षम (१।७७।२,८)

বেদাশ্ডবিজ্ঞানস্ক্রিশ্চিতার্থা...শৃশ্বসন্তাঃ।

মাণ্ডকোপনিষং ৩।২।৬

বেদান্তবিজ্ঞানের অর্থ স্থানিশ্চিত তাদৈর মধ্যে—তারা শুন্ধসত্ত।

—মুক্তক উপনিষদ (৩।২।৬)

এতৈর,পায়ের্যতিতে যস্তু বিশ্বাংস্তলৈষ আত্মা বিশতে ব্রহ্মধাম ॥

...জানত,শ্তাঃ কৃতাত্মানঃ...।
তে সর্বাংং সর্বতঃ প্রাপ্ত। ধরিয়ঃ যুক্তাত্মানঃ সর্বমেবাবিশ্বিত॥

ম্বেজকোপনিষং ৩।২.৪.৫

এইসব উপায়ে সাধন করে বিশ্বান যিনি, তাঁর মধ্যে এই আত্মা প্রবেশ করেন ব্রহ্মধামে।...জ্ঞানতৃণ্ড কৃতাত্মা ধাঁর ঋষিরা য্রাত্মা হয়ে, সর্বণ ব্রহ্মকে স্বথানে পেয়ে স্বারই মধ্যে হন আবিষ্ট।

—মুন্ডক উপনিষদ (৩।২।৪,৫)

প্রকৃতিপরিণামের আদিকান্ডে আমরা দেখি মূঢ় অচিতির নির্বাক রহস্য। তখন মনে হয় না, মহাপ্রকৃতির প্রবৃত্তিতে কোনও আকৃতি বা তাৎপর্য প্রচ্ছন্ত রয়েছে। যেন অচিতির ওই আদিবিক্ষেপ ছাড়া শাশ্বতকাল ধরে তার আর-কোনও কাজ নাই, ওই একটিমাত্র ঐকান্তিক অভিনিবেশের তলায় যেন তলিয়ে গেছে সত্তার আর-যত বিভতির ইণ্গিত। এমনি করে প্রকৃতির প্রথম কীতি রূপে ফোটে জড়—বিশ্বের একমাত্র তত্তের নির্বাক নিরেট ব্যঞ্জনা নিয়ে। কল্পনা করা যাক, এই বিস্ভিটর একজন সাক্ষী আছেন, যিনি এর মুম্রিহস্য কিছ,ই জানেন না। সূচ্টির প্রারন্ডে তিনি দেখবেন : অপ্রতর্ক্য আপাতঅসতের বিপাল গহন হতে অনিব্চনীয় মহাশক্তির আন্দোলনে সুষ্ট হল জডজগং ও জড়পদাথে সংকুল এক মহাবিপ**ু**ল জড়ের মেলা, অচিতির নিরুত বিস্তার কর্টাকত হয়ে উঠল অগণন ব্রহ্মান্ডের সীমাহীন পরিকীর্ণতায়। তাঁকে ঘিরে অন্তহীন মহাকাশের অসীম অঞ্গন জ্বড়ে চলল কোটি-কোটি নীহারিকা নক্ষ্যপঞ্জে আদিত্য ও গ্রহমণ্ডলীর অবিশ্রাম উৎসারণ—যার কোনও অর্থ নাই. হেত নাই, লক্ষ্য নাই। তাঁর মনে হবে, এ যেন এক অতিকায় যন্তের অর্থহীন দুর্নিবার আবর্তন, যুগ হতে যুগান্তর ছেয়ে এক দর্শকহীন দুশোর অব-তারণ্য, এক অনধ্যাষিত বিশেবর বিরাট পরিকল্পনা। কেননা, তখনও তিনি এর মধ্যে এমন-কোনও অন্তর্যামী চিন্ময়-পুরুষের আভাস খুজে পেতেন না, যাঁর আনন্দ-বিধানের জন্য প্রকৃতির এই অয়োজন। এইধরনের স্ফিকৈ বলা চলে এক অচেতনা মহাশক্তির বিক্ষেপ অথবা উদাসীন অতি-চেতন নির্বিশেষের পটভূমিকায় প্রতিফলিত রূপাবলির একটা মায়াছবি কি ছায়াবাজি বা প্রত্যানাচ মার। জীবচেতনার আভাস দূরে থাকুক, এই অমের অনুত জড়লীলার মধ্যে কোথাও তিনি মন বা প্রাণের এতটাকু স্পন্দন দেখতে পেতেন না। ওই উষর বিশেবর নিঃসংজ্ঞ নিম্প্রাণ বুকে কোনদিন যে উচ্ছ-

সিত প্রাণের অতকি ত শিহরন জাগবে, এক অপ্রতর্কা রহস্যানিবিড় প্রাণ-চেতনার অর্ণ স্পন্দন দেখা দেবে, কোনও অন্তর্গ ্ট চিন্ময় সন্তার বহিঃ-প্রকাশের মন্থর অভিযান শ্রু হবে—এ কি কল্পনারও গোচর ছিল তার!

কিন্তু বহুয়ুগের অবসানে এই অর্থহীন রজ্গলীলার দিকে আরেকবার তাকিয়ে সাক্ষী প্রেষ হয়তো দেখতে পেতেন, ওই জড়বিশ্বের একপ্রান্তে— যেখানে জড়শক্তি যেন সংহত স্ববিন্যুস্ত ও দ্ঢ়ম্ল হয়েছে এক অভিনৰ র্পায়ণের জনা, সেইখানেই দেখা দিল জড়ের আধারে প্রাণের প্রথম স্ফ্রুরণ, প্রাণের স্ক্রেষ্প উল্মেষে সহসা কে'পে উঠল জড়ের ব্রক! তব্ব কিছুই তিনি ব্রুঝতে পারতেন না, কেননা তখনও প্রকৃতি তার পরিণামরহসের ঢাকা খোলেনি তাঁর কাছে। প্রকৃতিকে তিনি প্রাণের এই অভিনব উচ্ছ্রাসকে স্প্রতিষ্ঠ করবার চেষ্টাতেই ব্যাপ্ত দেখতেন, কিন্তু প্রাণের অয়নে খ'জে পেতেন না কোনও লক্ষ্যের ইশারা। প্রাচ্বর্যের উচ্ছু এল প্রমন্ততায় মহা-প্রকৃতি দিকে-দিকে ছড়িলে চলেছে তার নবলখা বিভূতির বীজ্ঞ, র পবৈচিত্রোর সন্বমাময় অফারনত ঐশ্বর্য ফা্টিয়ে তুলছে আপন বাকে, অথবা শাধা স্বাদ্টির উল্লাসেই রচনা করে চলেছে বিচিত্র গণ ও প্রজাতির অর্গণত পরম্পরা। বিশেবর বর্ণরাগহীন অকূল মরুতে ঝিকিমিকি করছে একটুখানি রঙের ছোঁয়াচ, একট্মানি গতির ইশারা—এর বেশী কিছুই নয়! প্রাণের এই শীর্ণ মর্দ্যানে অচিতির সম্পর্টকে বিদীর্ণ করে কোর্নাদন যে চেতনার ফুল ফুটবে মননধর্মের চিত্রসন্থ্রমা নিয়ে, এক নবীন বৃহৎ ও সক্ষেত্রতর কম্পনের সংবেদনে বিশ্বের নাড়ীতে অন্তঃশীল চিদ্ভাবের সত্তা স্ফুরিত হবে—এ কি সেই সাক্ষী প্রায় কল্পনায় আনতে পারতেন? শুধু তাঁর মনে হত, প্রাণ যেন কী করে আত্মসচেতন হয়ে উঠেছে। ওই কি মনের দ্রূণ? কিল্তু এখনও মনের এই ক্ষীণকায় নবজাতক প্রাণের ক্রীডনক, তারই বাঁচবার এবং টিকে থাকবার একটা সাধনমাত্র। প্রাণের ইন্টার্সান্ধ ও বৃক্তক্ষার তপ্তি চাই, চাই সহজাত বৃত্তি ও প্রেতির অবাধ সার্থকতা। অতএব আঘাত করে ও আঘাত বাঁচিয়ে চলবার জন্য মনেরই মত একটা সাধন তারও চাই। জড়ত্বের মহাবৈপুলোর মধ্যে অদুশ্যপ্রায় প্রাণের এই স্বল্প পরিসরে নগণ্য জীবব।হিনীর একটিমাত্র পর্যায়ে মনোময় জীবের কোনদিন যে আবিভাব হবে, এ কি সাক্ষী প্রেব্রুষর ধারণায় আসত ? তিনি কি জানতেন, প্রাণের আজ্ঞাবহ হয়েও এই মনই একদিন প্রাণ ও জড়কে কর্বালত করে আপন ভাবনা সঙ্কল্প ও বাসনার সার্থকতায় নিয়োজিত করবে ? এই মনোময় জীবই নিজের সর্ববিধ প্রয়োজন সিন্ধ করতে জড়ের উপাদান ছেনে গড়বে কত তৈজস হাতিয়ার ও যন্দ্রপাতি, রচবে সৌধ মন্দির প্রেক্ষাগৃহ বীক্ষণাগার ও শিল্পশালায় আকীণ কত মহানগরী, পাথর ক'দে বার করবে মূর্তি, পাহাড় খাড়ে গড়বে চৈত্যগাহা, স্থাপত্যে ভাস্কর্যে চিত্রে

শিলেপ চার্কলায় ও কাব্যে দেবে সন্ধানী প্রতিভার সহস্র পরিচয়, জড়বিদেবর তত্ব ও গণিতের অনুশীলনে অপাব্ত করবে তার রচনার গোপন রহস্য, মনের শতর্পা আক্তির উচ্ছলনে জ্ঞান ও বিজ্ঞানের এষণায় ধন্য করবে জীবনকে, দার্শনিক মনস্বী ও বৈজ্ঞানিকের আসনকে করবে অলঙ্কৃত, এবং অবশেষে জড়ের আধিপত্যকে ধ্লিসাং করে নিজেরই মধ্যে জাগিয়ে তুলবে গৃহাহিত দেবত্বের মহিমা, অলথের ব্যাকুল এষণায় পাগল হয়ে অবিষ্কার করবে লোকোত্তর চেতনার তুঙ্গশিখর।...কিন্তু এই অনাগত ঐশ্বর্ষের এতট্বকু আভাসও কি সেদিন সাক্ষী প্রব্বের চোখে পড়ত?

বহু যুগ বা কল্পের পরে সে অঘটনও ঘটল। বিশেবর রঞাভূমির দিকে তাকিয়ে সাক্ষী পরেষ দেখতে পেলেন মানুষের চিত্তৈশ্বর্যের অভাবনীয় লীলা। কিন্তু বহ্নলক্ষযুগব্যাপী জড়ত্বের অনুধ্যানে তথনও হয়তো তাঁর দূষ্টি আচ্ছন্ন। অতএব এর অন্তর্গাচু চিন্ময় তাৎপর্য তাঁর বৃণ্যির অগোচর রইল। চিদাভাস যে চিদাকাশ হয়ে ফ্টবে, মৃন্ময় আধারে চিন্ময় পূর্ণপ্রস্ফ্ট চেতনা যে আর্মাবং ও সর্ববিংর্পে দেখা দেবে প্রকৃতির শাস্তা এবং ভর্তা হয়ে—এ-সম্ভাবনা তখনও তাঁর মনে জার্গোন। তার একটুখানি ইঙ্গিতে চকিত হয়ে তিনি বললেন, 'অসম্ভব! এমন-কী আর ঘটেছে এত যুগ পরেও ? মন্তিড্কের সংবেদনশীল ধ্সের উপাদান একট্ব গে'জে উঠেছে, বিশেবর তিলমাত্র-ঠাই-জোড়া নিম্প্রাণ জড়ের এককোণে দেখা দিয়েছে খেয়ালী প্রকৃতির একটা আজগ্বী খেয়াল-এই তো?' কিন্তু আদিকান্ডের বঞ্চনায় আচ্ছন্ন হর্মান যে-পুরে,ষের দূষ্টি, অতীত পরিণামের ধারাকে অনুসরণ করে এই উত্তর-কান্ডে এসে তিনি হয়তো বলে উঠবেন, 'বুঝেছি! এই চরম চমংকারের আকৃতিই তবে গোপন ছিল প্রকৃতির বুকে! অচিতির গহনে অন্তলীন ছিল যে-চিংসত্তা, তার আত্মপ্রকাশের সংবেগে তারই উন্মেষের আধাররূপে লক্ষ-যুগ ধরে চলেছে এই রূপায়ণের লীলা। আজ তার শেষ পর্বে চিন্ময় তনতে হল চিন্মর মহেশ্বরের নির্মান্ত আবিভাব।' কিন্তু সাক্ষীর দূল্টি আরও স্বচ্ছ ও গভীর থাকলে, সুন্দির আদিতেই হয়তো প্রকৃতির এই আক্তি তাঁর কাছে ধরা প্রভত-পরিণামের প্রতিপর্বে স্পন্ট হয়ে উঠত তার দ্রোন্তরের লক্ষ্য। কারণ প্রকৃতি রহস্যময়ী হলেও উধর্বায়নের প্রতি পর্বেই তার রহস্যের ঘোর তরল হয়ে আসে, প্রতি পদক্ষেপেই সে দেয় পরবতী পদক্ষেপের সম্পেষ্ট স্কোনা, অনাগতের আয়োজনকে দুন্দির সম্মূখে করে আরও অনাবৃত। তাই দ্থাবর প্রাণের অচেতনবং ব্তিতেও লক্ষ্য করি ইন্দ্রিসংবেদনের বহিরভিসারের স্পন্ট নিশানা: তারপর জ্ব্যুম ও উচ্ছ্বাসী প্রাণের মধ্যে দেখি সংবেদনশীল মনের উন্মেষ এবং তার অন্তরালে মননধর্মের আরোজনও একান্ত দ্বর্লক্ষা নষ। অবশেষে মননধর্মী চিত্তের আবির্ভাবের সঙ্গে গোড়া হতেই দেখা দের

অধ্যাত্মচেতনার অপরিণত অথচ উপচীয়মান আকৃতি। এমনি করে উদ্ভিদের মধ্যে সচেতন পশ্বত্বের অব্যক্ত স্চনা নিহিত থাকে। আবার পশ্ব চিত্ত দ্লে ওঠে ইন্দ্রিসংবিং ও বেদনার স্পন্দনে, মন্যুত্বের ভূমিকার্পে দেখা দেয় সামান্যভাবনার ক্ষীণতম আভাস। অবশেষে মননধমণী মান্বের মধ্যে উধর্ব-পরিণামিনী প্রকৃতির দ্শুচর তপস্যা সার্থক হয় চিন্মর মান্বের আবিভাবের সম্ভাবনায়—যে-মান্বের প্র্শিক্ষ্ট চেতনা দৈহ্য-আত্মার আদ্যচ্ছন্দকে অতিক্রম করে আবিভ্লার করে তার পরম আত্মা ও পরমা প্রকৃতির মুক্তচ্ছন্দ।

এই যদি প্রকৃতির আকৃতি হয়, তাহলেও এ-বিষয়ে দুটি প্রশেনর নিশ্চিত জবাব আমাদের পাওনা থাকে। প্রথম প্রশ্ন : মনোময় পারেষ হতে চিন্ময় পুরুষের বিবর্তনের প্রকৃত স্বরূপ কি ? একথাটা পরিষ্কার হলে তার পরের প্রশ্ন : এই বিবর্তনের কি ধারা, কি রীতি ?...এপর্যন্ত দেখে এসেছি, প্রকৃতি-পরিণামের প্রত্যেক পর্বে প্রাক্তন পর্বের একটা অনুবৃত্তি ও পরিবেশ থাকে। জড়ের মধ্যে প্রাণের উন্মেষ হলেও জড় আধারের নিমিত্তশ্বারাই তার আত্ম-র পায়ণের সংবেগ সীমিত ও নিয়ন্তিত হয়। আবার এমনি করে প্রাণময় জড়ে মনের উন্মেষকে ঘিরে থাকে প্রাণময় ও অন্নময় পরিবেশের শাসন। অতএব এই রীতিতে প্রাণময় জডবিগ্রহে নিহিত মনের কোলে চিংসত্তেরও উন্মেষ হবে এবং তার সকল বৃত্তি বহুলপরিমাণে সীমিত ও নিয়ন্তিত হবে শুধু আশ্রয়ভূত মনোধর্মের নিমিত্তদ্বারা নয়-এই মর্ত্যজীবনের প্রাণময় ও জড়ময় পরিবেশের দ্বারাও। এমনও বলতে পারি, আমাদের মধ্যে চিন্ময়পরিণাম ঘটে থাকলেও তাকে গণ্য করতে হবে মনোময়পরিণামের অংগরূপে, মানুষের মননধর্মেরই একটা বিশেষ ব্যাপাররূপে। মানুষের চিৎদ্বভাব একটা স্কুপণ্ট কি বিবিক্ত বস্তু নয়, স্বৃতরাং তার স্ত-তন্ত্র উল্মেষ বা অতিমানস পরিণামের কল্পনা অর্যোক্তিক। আধ্যাত্মিকতার প্রতি অনুরাগ বা অভিনিবেশবশত মনোময় জীব খানিকটা বৃদ্ধির উৎকর্ষসাধন বা অধ্যাত্মসম্পদ আহরণ করতে পারে, মনোময় মাটিতে চিন্ময় ফুলের ফসল ফোটাতে পারে—এইটুকু সম্ভব। যেমন শিলেপ কি ফলিত-বিজ্ঞানে কারও বিশেষ ঝোঁক থাকে. তেমনি আধ্যাত্মিকসাধনারও দিকে হয়তো কারও-কারও একটা ঝোঁক থাকতে পারে: কিন্ত তাবলে কোনও চিন্ময় পরেষ যে মনোময় প্রকৃতিকে চিন্ময় প্রকৃতিতে র্পান্তরিত কুরবেন—এ কিছ্বতেই সম্ভবপর মনে হয় না। আসলে মানুষের মধ্যে নিভাঁজ চিৎস্বভাবের উন্মেষ হতেই পারে না, কদাচিৎ তার মনোময় আধারে স্ক্রেতর একটা অসামান্য ধর্মের স্ফুরণ হয় মাত্র।...এইধরনের পূর্বপক্ষকে খণ্ডন করবার জন্য আমাদের বিশেষ করে জানতে হবে, চিন্ময় আর মনোময় প্রকৃতির মাঝে স্কৃপন্ট পার্থকা কোথায়, চিন্ময় পরিণামের স্বর্প কি, এবং শ্বেষ্ তা সম্ভব না হয়ে অপরি-হার্যই-বা কেন। চিন্ময় ব্রত্তির ধরনধারন কি তার উন্মেষের রীতি অনেক-

ক্ষেত্রে আজ মনোময় বৃত্তির অন্বতী অথবা প্রায়ই তার মধ্যে মননধর্মের একটা দ্বরাট বিভৃতি ফোটে। কিন্তু এ তো তার প্রকৃত রূপ নয়। বদ্তুত চিন্ময় বৃত্তিতে সত্তার একটা নবীন ও দ্ব-তন্ত বীর্য দফ্রিরত হয়, যা অবশেষে আধারে জনলে ওঠে মনোধর্মের শিখামণি হয়ে এবং তার দ্থানকে অধিকার করে জীবন ও প্রকৃতির নিয়ন্তার্পে। চিংদ্বভাবের এই বৈশিষ্ট্যট্রকু এবার আমাদের তলিয়ে ব্রুতে হবে, নইলে মনের ধাঁধা ঘ্রুবে না।

সত্য বটে, বাইরে খেকে দেখতে গেলে প্রাণকে মনে হয় নিছক একটা জড়ের ব্যাপার, মনকে মনে হয় প্রাণেরই পরিস্পন্দ। এহতে সিম্ধানত করতে পারি, জীবচেতনা বা চিৎসত্তা মনেরই বিভূতি। জীবাত্মা মনের একটা সক্ষ্ম-বিগ্রহ মাত্র, আর চিৎসত্ত মনোময় দেহীর উৎকৃষ্ট একটা ব্রতিপরিণাম। কিন্ত এ-ধারণা আমাদের বহিম থে দুন্টির ফল। প্রতিভাসের দিকে তাকিয়ে মন যখন ক্রিয়াশক্তির খেলা ছাড়া আর-কিছুই দেখতে পায় না অর্থাৎ ক্রিয়ার পিছনে কর্তার প্রতি সে অন্ধ যখন, তখনই তার এই ভূল হয়। এ যেন বিদ্যাৎকে জলভরা মেঘের পরিণাম বলে সিন্ধান্ত করার মত—যেহেত জলভরা মেঘেই সাধারণত বিদ্যুৎসঞ্চার হয়ে থাকে। কিন্তু বৈজ্ঞানিক গবেষণার দূচ্চিতে মেঘ আর জল দুইই বিদ্যুৎশক্তির পরিণাম—বিদ্যুৎই তাদের শক্তি-ধাতু বা মূলা প্রকৃতি। যাকে আমরা বিকৃতি ভাবছি—আকারে না হ'ক, তত্তুত সে-ই কিন্তু প্রকৃতি। বস্তুত কার্যের সত্তা পূর্ব হতেই স্ক্ষার্পে কারণে নিহিত ছিল অর্থাৎ উন্মিষ্ট্ত ক্রিয়াশক্তি তত্ত বর্তমান ক্রিয়ার আধারের প্রাগ্ভাবী। প্রকৃতিপরিণামের সর্বত্র এই ব্যাপার। বহিঃপরিণামে তা-ই স্ফুরিত হয়, যা পূর্ব হতে সন্তাতে বীজের আকারে অনুস্যাত ছিল। জড় প্রাণময় হয়ে উঠত না, যদি প্রাণের তত্ত্ব জড়ের প্রকৃতি না হত। এই মূলা প্রকৃতিরই বিকৃতিতে দেখা দিল জীবন্ত জড়ের প্রতিভাস। আবার জীবন্ত জড়ের আধারে সংজ্ঞা বেদনা ভাবনা বা বৃশ্ধির বৃত্তি ফুটত না, যদি প্রাণ ও র্পধাতুর অন্তরালে মনের বীর্য প্রচ্ছন্ন না থাকত। মনের প্রাক্সিম্ধ সত্তাই তাদের স্বব্যাপারকে আশ্রয় করে ফুটেছে মননধমী জীববিগ্রহের আকারে। তেমনি মানুষের মনে অধ্যাত্মচেতনার স্ফুরণে প্রমাণিত হচ্ছে—এই চিংশক্তিই ছিল জড় প্রাণ ও মনের প্রকৃতি এবং প্রতিষ্ঠা, তাই আজ মনোময় জীবন্ত আধারে চিন্ময় পরে,যুরুরেপ তার অভিবাক্তি সম্ভব হয়েছে। এই অভিব্যক্তির প্রসার কতদ্রে, স্বরাট হয়ে আধারের আম্ল র্পান্তর সে ঘটাবে কি না—সে হল পরের কথা। আপাতত এই তথাটি জানতে হবে, চিৎসত্ত্ব মনের চাইতে বিরটি এবং বিবিক্ত একটা তত্ত্ব, আর আধ্যাত্মিকতা মানুষের মানসধর্মেরও বাড়া—অতএব চিন্ময় পুরুষ মনোময় পুরুষ হতে সম্পূর্ণ আলাদা। পরিণামের পরম্পরার চিৎসত্তার প্রকাশ সবার শেষে কেননা অন্তঃপরিণামের ধারায় সে-ই ছিল সবার আদি প্রযোজক তত্ত।

অন্তঃপরিণামের প্রতীপ বৃত্তিই হল বহিঃপরিণাম। তাই সংবৃত্তির শেষ পর্বে যার আবিভাব, সে-ই দেখা দেয় বিবৃত্তির আদিপরে। আবার যে ছিল সংবৃত্তির আদিবিন্দ্রতে, বিবৃত্তির অন্ত্যপর্বে সে-ই ফুটবে চরম ক্ষুরণের মহিমা নিয়ে।

এও সতা, জীবাত্মা চিৎসত্ত্ব বা চিদ্বু, তিকে আধারভূত প্রাণময় ও মনোময় বৃত্তি হতে বিবিক্ত করে দেখা মান্যের পক্ষে কঠিন। কিন্তু চিৎন্বভাবের সম্পূর্ণ স্ফারণ না হওয়া পর্যন্তই এই বাধা। পশ্রর মধ্যে মনোবৃত্তি প্রাণময় ধাত ও মাতৃকা হতে সম্পূর্ণ বিবিক্ত নয়। তার সকল বৃত্তি প্রাণের সংখ্য এমন-ভাবে জড়িয়ে আছে যে, নিজেকে তাহতে পৃথক করে বৃত্তির উদাসীন সাক্ষী হওয়া তার পক্ষে অসম্ভব। কিন্তু মানুষের বেলায় মন বিবিক্ত তাই মনোবৃত্তিকে প্রাণ-বৃত্তি হতে আলাদা করে দেখবার সামর্থ্য সে রাখে। ইন্দ্রিরের সংবিৎ ও চিত্তের সংবিৎকে বাসনা ও বেদনার বিক্ষোভকে ইচ্ছা করলেই সে ঠেকিয়ে রেখে তাদের পর্যবেক্ষণ ও শাসন করতে পারে—তাদের প্রবর্তন বা নিবর্তনের স্বাতন্যাও তার আছে। অবশ্য আজও তার সন্তার সকল রহস্য সে জানে না, অতএব সে-যে অম্ন-প্রাণের আধারে প্রতিষ্ঠিত স্ব-তন্ত্র মনোময় সত্ত—আত্মস্বরূপের এ সর্নাশ্চিত বোধ তার নাই। অথচ এমনতর একটা সংস্কার তার আছে এবং অন্তরে-অন্তরে স্বাতন্ত্যের সাধনাও সে করতে পারে। ...পশ্র-মনের মত মানুষের চৈতাসত্তাও প্রথম যেন তার মন এবং মনোবাসিত প্রাণের সঙ্গে অবিবিক্ত হয়ে জড়িয়ে থাকে, তাই তার বৃত্তিকে হৃদয়-মনের বৃত্তি বলে ভূল হয়। মনোময় মানুষ জানে না, তার মধ্যে অধিষ্ঠিত রয়েছে দেহ-প্রাণ-মন হতে বিবিক্ত এক চৈত্যসত্তা—তাদেরই বৃত্তি ও রুপায়ণের উপদ্রুষ্টা শাসতা ও স্থপতিরপে। কিন্তু অন্তর যখন দল মেলতে থাকে, তার সংগ্রে-সঙ্গে মানুষের মধ্যে দেখা দেয় ঈশনার এই অবিসংবাদিত সামর্থ্য। কেননা বহুবিলন্দিত হলেও মনোময় পর্বের পরে এই চিন্ময় পর্বের আবিভাব আমাদের প্রকৃতিপরিণামের অপরিহার্য নিয়তি। আধারে চিৎ-সত্তের উন্মেষ এতখানি সম্প্রতিষ্ঠ হতে পারে যে. সাধক মনন হতে বিবিক্ত হয়ে অল্ডরের নৈঃশব্দ্যে তালয়ে গিয়ে নিজেকে মনের অধিষ্ঠাতা চিৎসত্তরূপে অন্ভব করতে পারে। কিংবা প্রাণের স্পন্দ আকৃতি প্রবৃত্তি ও অন্ভব হতে সরে দাঁড়িয়ে নিজেকে প্রাণের ভর্তা চিৎসত্তরূপে দেখতে পারে। অথবা দেহবোধ হতে বিষ্কু হয়ে নিজেকে জড়বিগ্রহ অথচ চিম্ময় দেহীর্পে জানতে পারে। এই হল নিজেকে 'প্রেষ' রূপে জানা : আমরা শ্ধু দেহী প্রাণী বা মান্ষ নই— আমরা অমময় প্রাণময় ও মনোময় প্রের্য। অনেকের ধারণা, আত্মবি**জ্ঞানের** সাধনা এতেই বুঝি পূর্ণ হল। একহিসাবে কথাটা মিথ্যা নয়, কেননা এ-দর্শনে আত্মা বা চিৎসন্তাই যে প্রকৃতির নিয়ন্তা, এই বোধ হতে প্রকৃতি-পরেবের

বিবেকসাধন সহজ হয়। কিন্তু আত্মোপলব্দি আরও গভাীর হতে পারে— প্রকৃতির ক্রিয়া বা সম্মূর্ছনের সংগে পারুষের সকল সম্পর্ক একেবারে ছিল্লও হতে পারে। বস্তৃত অল্লময় প্রাণময় ও মনোময় প্রের্য এক দিবা-প্রের্যের বিভূতি—দেহ-প্রাণ-মন তার বিগ্রহ ও সাধন মাত্র। নিজের মধ্যে যখন পোর ষেয় সত্তার সন্ধান পাই, তখন ব্রুতে পারি প্রকৃতি-স্থ প্রের্ষই প্রকৃতির উপদুষ্টা। প্রকৃতির যা-কিছ, ব্যাপার আধারে ঘটছে, সবই তিনি জানেন-মানসপ্রত্যক দিয়ে নয়, কিন্তু স্বতোভাস্বর নি**র্ম**ুক্ত চেতনার অপরোক্ষ বৃত্তি দিয়ে। এমনি করে প্রকৃতির মর্মসত্যে অবগাহন করতে পারেন বলেই, আধারে পরে, যসতের উন্মেষ হলে তিনিই আমাদের অপরা প্রকৃতির নিয়ন্ত্রণ ও রূপান্তরের কর্তা হন! আত্মবিবেকের এই হল প্রথম স্তর। কিন্ত চরম বিবেকে সমস্ত সন্তা যথন নিথর হয়ে যায়. কিংবা বাহ্য বিক্ষোভের অন্তরালে অক্ষোভ্য নিস্পন্দতার সমাহিত থাকে—তথনই আমরা জানতে পারি সেই কুট-স্থ প্রের্ষ বা আত্ম-ার পকে এই আধারের যিনি চিদ্ঘন-সত্তর্পী, ব্যাচ্ট জীবচেতনাকেও অতিক্রম করে যিনি বিশ্বাত্মভাবনার পরম ব্যাপ্তিতে ছডিয়ে আছেন, প্রাকৃত বিগ্রহ বা ক্রিয়ার উপরাগ হতে নির্মান্তে হয়ে বিশেবাত্তীর্ণের অলখ নিঃসীমতার দিকে উৎক্ষিপ্ত হয়েছে যাঁর উত্তরজ্যোতির দীপ্তচ্ছটা। এমনি করে আধারের চিদংশের প্রমাক্তিই হল প্রকৃতির চিন্ময়-পরিণামের বিশিষ্ট এবং অপরিহার্য ধারা।

প্রকৃতির এই ক্রান্তিকারী প্রবৃত্তি হতে তার আবহমান পরিণামের যথার্থ রূপটি ধরা পড়ে। তার পূর্বে চলে শুধু প্রমাক্তির আয়োজন—দেহ-প্রাণ-মনের 'পরে চৈতাসত্তার আবেশে আধারে ফোটে জীবভূতা প্রকৃতির ঋতময় বৃত্তি, চিন্ময় আত্মসত্তার আবেশে অহন্তা ও অবিদ্যার বহিম্মি প্রবৃত্তির আড়ন্টতা দূরে হয়, প্রাণ ও মনের মধ্যে জাগে গৃহাহিত তত্ত্বস্তুর জন্য একটা ব্যাকুলতা। কিন্তু এও চিন্ময় অনুভবের আদিপর্ব মাত্র। এতে চিদ্ বাসিত প্রাণ ও মনের একটা আদরা গড়ে ওঠে শুখু-প্রকৃতি-স্থ ও কটেস্থ পারুষের নিম'্ক্ত প্রকাশে কিংবা প্রকৃতির আম্ল র্পান্তরে আধার একেবারে চিন্ময় হয়ে ওঠে না। পূর্ণপ্রমনৃত্তি বা চিৎসতার স্বরসবাহী বিশিষ্ট স্ফুরণের একটা লক্ষণ এই ষে, তাকে আশ্রয় করে আমাদের আধারে নির্চ্ অন্তর্গুগ স্বয়স্ভ-চেতনার একটা স্থিতি বা বৃত্তি ফোটে। সে-চেতনা সত্তার সন্গে অবিনাভূত বলে তার আত্মসংবিং যেমন স্বপ্রকাশ, তাদাত্মাবোধের নিবিড়তায় তার আত্ম-ব্তির সংবিংও তেমনি অপরোক্ষ। শৃধ্ তা-ই নীয়। আমাদের মন বাকে বাইরে দেখে, এই চেতনার তাদাম্মাবোধ বা অন্তরখ্য অপরোক্ষ অনুভবের সহজ্ঞ বৃত্তি তাকে আবৃত অনুবিশ্ধ ও জারিত করে আত্মস্বর্পকেই তার মধ্যে আস্বাদন করে—বিষয়ে অবগাহন করে তার অন্তদ্তলে আবিষ্কার করে দেহ-

প্রাণ-মনের অতীত একটা অনির্বাচনীয় সত্তা। এই অনুভব হতে প্রমাণ হয়, মনোময় চেতনার পরেও একটা অধ্যাত্মচেতনার ভূমি আছে, অতএব আমাদের বহিম ্থ মনোময় প্রেষেরও উপরে আছে এক চিন্ময় প্রেষের অধিষ্ঠান। প্রথমত এই অধ্যাম্মচেতনা ফোটে অবিদ্যা-প্রকৃতির বহিম য ক্রিয়া হতে বিবিক্ত ও বিষ্কু সাক্ষিচৈতনার্পে। এ-অবস্থায় জ্ঞানই সে-চেতনার বৃত্তি। সাক্ষিটেতন্য বিষয়কে দর্শন করে শুধু নিবিকল্প সন্তার চিন্ময় বোধ দিয়ে। ক্রিয়ার জন্য তখনও তাকে দেহ-প্রাণ-মনরূপী সাধনের 'পরে নির্ভর করতে হয়। অথবা দেহ-প্রাণ-মনকে স্বভাবের পথে ছেড়ে দিয়ে আত্মজ্ঞান ও আত্মর্রাতর মধ্যেই সে পরিনির্বাণের দরেগন্ধবহ আন্তর মাক্তির তপ্তি পায়।...কিন্ত অধ্যাত্মচেতনার এই একটিমাত্র রূপ নয়। প্রায়ই তার মধ্যে দেখা দেয় শাস্তা ও নিয়ন্তার একটা ভাব--যা দেহ-প্রাণ-মনের ক্রিয়াকে নিয়ন্তিত ও পরিশন্ধ ক'রে স্বভাবসিন্ধ উত্তরায়ণের ঋতময় পথে প্রচোদিত করে। তার অনুশাসনে প্রাণ-মন তখন লোকোত্তরের কোনও জ্যোতিঃশক্তির নিমিত্ত কিংবা অন্ত্রত হয়। এক জ্যোতির্মায়ী দেশনার অবন্ধ্য প্রেতি তাদের মধ্যে নেমে আসে। সে-দেশনায় মনের প্ররোচনা নাই, আছে দেবাদেশের স্কুপণ্ট-লাঞ্ছনযুক্ত চিন্ময়ী প্রচোদনা—যাকে বলতে পারি পরমান্মার প্রেরণা বা সর্ব'ভূতমহেশ্বরের অমোঘ অনুশাসন।...অথবা আরও গভীর অনুধ্যানের ফলে, চৈত্যপরেষের নির্দেশ মেনে প্রকৃতি অন্তরের জ্যোতিলোকে বিচরণ করে—অন্তর্যামীর অন্তঃশীলা প্রেষণার বাহন হরে। ওই অবস্থা এলে ব্রুতে হবে পরিণামের পথে আমরা অনেকখানি এগিয়ে গেছি—কেননা এইহতে আধারে চৈত্য ও চিন্ময় র্পান্তরের শ্বরু। কিন্তু এখানেই শেষ নয়। আন্তর ম্বক্তির ফলে একবার স্বচ্ছন্দ হলে চিৎসত্ত এই প্রাকৃত-মনের মধ্যেই তার অপ্রাকৃত স্বভাবের উত্তরবিভূতিদের গড়ে তুলতে পারে, অতিমানস হতে নামিয়ে আনতে পারে ঋত-চিতের জ্যোতিঃপ্রবাহের বন্যা। এই স্লাবনেই প্রাকৃত দেহ-প্রাণ-মনর্পী সাধনসম্পদের পূর্ণ রূপান্তর সিম্ধ হয়। অবিদ্যার যত জল্মই থাকুক, তারা তখন আর তার অন্বতী হয়ে চলে না—কেননা অতিমানসের সিস্কা এবার তাদের গড়ে তোলে ঋত-চিতের দিবাপ্রজ্ঞা ও ঋতম্ভরা প্রবৃত্তির বাহন ক'রে।

চিৎসন্তা ও অধ্যাত্মচেতনার সত্যকে মান্ধের মন প্রথমেই স্বতর্গ্রসম্থ বলে গ্রহণ করতে পারে না। জীবাত্মা যে দেহ হতে স্বতন্ত এবং প্রাকৃত প্রাণমনেরও উপরে—এমনতর একটা মানসপ্রতায় থাকলেও তার চেহারাটা মান্ধের কাছে খ্ব স্পন্ট নয়, কেননা প্রাকৃতজ্ঞীবনের 'পরে একটা গৌণ প্রভাব ছাড়া আত্মার আর-কোনও পরিচয় তার জানা নাই। এই প্রভাবও আবার ফোটে প্রাণময় অত্থবা মনোময় বৃত্তির আকারে। উভয়ের পার্থকা তাই চেতনায় খ্ব গভীর রেখাপাত করে না বলে আমাদের মধ্যে আত্মবোধ নিশ্চিত স্বাতল্যের

দীপ্তিতে উজ্জ্বল হয়ে উঠতে পারে না। পরমার্থদ্যন্তিতে বিশ্বচেতনা ও ব্যক্তি-চেতনা দুইই আত্মার স্বরূপ হলেও, বিবিক্ত অহংবোধকে আমরা যেমন আত্মা বলে ভুল করি, তেমনি প্রাণ-মনের 'পরে চৈতাসত্তার অপূর্ণ আবেশহেতু মনের আকৃতি ও প্রাণের বাসনার খাদ-মেশানো একটা ব্যামিশ্র আত্মপ্রতায়কে আমরা প্রায়ই মনে করি আত্মবোধের স্বরূপ। কখনও-কখনও প্রাণ-মনের এই আক্তি ও উৎসাহের দীপ্তি কোনও অটল বিশ্বাস কি শ্রন্থা অথবা আত্মোৎসর্গ কি লোকহিতৈষণার উন্মাদনায় আরও উৎশিখ হয়ে ওঠে। আর আমরা তাকেই ভাবি আধ্যাত্মিকতার একটা জ্বলন্ত নিদর্শন। কিন্তু প্রকৃতিপরিণামের ধাপে-ধাপে এইধরনের সাময়িক অস্পষ্টতা ও ব্যামিশ্রভাব মোটেই অস্বাভাবিক নয়। কেননা অবিদ্যা হতে যখন সবার যাত্রা শ্রের, তখন প্রকৃতির আদিপর্ব জ্বড়ে থাকবে শুধু অম্পন্ট বোধিচেতনা ও সহজাতপ্রবৃত্তি বা এষণার সংবেগ— সাধনলব্ধ প্রজ্ঞার স্ক্রনির্মাল দীপ্তি নয়। এমন-কি চিন্ময়-পরিণামের স্ক্রনায় অথবা তার অনুক্ল প্রজ্ঞা বা প্রেতির উদেবাধনে যেসব বৃত্তির স্ফুরণ হয়, তাদের মধ্যেও এমনতর অপূর্ণতা ও অনিশ্চয়তার ছাপ থাকে। চিন্ময় ব্রিভ वर्तन जारमत जुन कतरान आभारमतरे मजाकात रवारधामरावत भरथ काँठी भर्जर । তাই গোড়াতেই জেনে রাখা ভাল, বৃদ্ধির উৎকর্ষ আর আধ্যাত্মিকতা এক ক্ষত নয়-এমন-কি যে-কোনও ধরনের আদর্শবাদ শীলান্রাগ চারিত্রিক বিশ্বনিধ তপশ্চর্যা ধর্মনিন্ঠা উচ্ছ্রনিত ভাবোন্মাদ বা এতগ্রাল সদ্ব্তির একত্র সমা-বেশও সত্যকার আধ্যাত্মিকতা নয়। কোনও সাম্প্রদায়িক মতবাদের প্রতি মনের শ্রুখা বা বিশ্বাস, ভাবুকের উধর্ব মুখী ব্যাকুলতা, আচার বা ধর্মবিধানের প্রখান্বপ্রখ্য অন্বর্তন—এতেও অধ্যাত্মির্সাণ্ধ আয়ত্ত হবার নয়। এরা যে নির্থক, তা নয়। প্রাণ ও মনের উৎকর্ষসাধনের পক্ষে এরা অপরিহার্য— এমন-কি চিন্ময়-পরিণামেরও বহিরপা সাধনরূপে এদের প্রয়োজনীয়তা অনুস্বীকার্য, কেনুনা আধারের মার্জন ও শোধনুদ্বারা এরা তাকে সত্যধারণার উপযোগী করে তোলে। কিন্তু তব্ এরা মনোময়-পরিণামেরই অন্তর্গত— যার মধ্যে চিন্ময় সিদ্ধি বা রুপান্তরের সূচনা এখনও দেখা দেয়নি। আত্ম-সত্তার অন্তর্গ ্রু তত্তভাবের সম্পর্কে চেতনার যে-প্রতিবোধ, তা-ই হল আধ্যাত্মিকতার স্বরূপ। সে-চেতনা আনে দেহ-প্রাণ-মনের অতীত এক প্রকৃতি-স্থ ও কূটেস্থ চিংসত্তের অবাধিত প্রতায় এবং তাকে জেনে অন্ভব ক'রে তৎস্বরূপ হবার একটা অন্তঃসমাহিত অভীপ্সা। প্রাণ তখন চায়, আমারই হৃদয়ে সন্নিবিষ্ট যে বৃহৎ জ্যোতিঃ বিশ্বকৈ আ-বৃত ক'রে তারও ওপারে অতি-ষ্ঠা হয়ে আছে, তার সামীপ্য সাযুক্তা ও তাদাত্মা লাভ করতে। এই অভীম্সা সন্নিকর্ষ ও তাদাম্ম্যের ফলে সমগ্র আধারের যে-পরিবৃত্তি বা রুপান্তর, উত্তম রহ্মসংস্পর্শ ও রহ্মসাযুজ্যের যে-চেতনা, একটা নবীন সত্তা বা সম্ভূতির পরিবেষে চিন্তের যে-অভ্যুদয়, আত্মভাব ও আত্মপ্রকৃতির একটা নবীন-ছন্দে তার যে-জাগ্যতি—তা-ই হল আধ্যাত্মিকতার যথার্থ রূপ।

বস্তৃত প্রথিবীতে চিংশক্তির সিস্কা প্রবাহিত হয়েছে পরাবর পরিণামের যুগলধারায়। দুটি ধারা প্রায় একই সময়ে প্রবর্তিত হলেও, অবর ধারাটির দিকেই যেন তার বিশেষ পক্ষপাত এবং ঝোঁক। পরিণামের একটি বহির**ং**গ ধারা—যার ফলে আমাদের বহিঃপ্রকৃতির অর্থাৎ দেহ ও প্রাণের আগ্রিত মনো-ময় সন্তার উৎকর্ষ ঘটছে। আবার তার অন্তরালে, সেই মানস-পরিগামকেই অন_কূল নিমিত্ত ক'রে আত্মপ্রকাশের জন্য উন্মূখ হয়ে আছে আরেকটা অন্তরঙ্গ পরিণামের ধারা—যা আমাদের গ্বহাশায়ী প্রের্যকে এবং তাঁর অব্যক্ত অধিচেতন চিন্ময় প্রকৃতিকে ফর্টিয়ে তুলতে চায়। এই উন্মেষ স্কৃপণ্ট হ'ক বা না হ'ক অন্তত তার একটা আয়োজন—এমন-কি একটা সূচনা যে প্রাকৃত আধারে দেখা দিয়েছে, তাতে কোনও সন্দেহ নাই। কিন্তু এখনও বহু, যুগ ধরে মহাপ্রকৃতির বিশেষ শোঁক হবে মনোময়-পরিণামের চরম প্রসার উন্নতি ও স্ক্র্বতা সম্পাদনের দিকে। কেননা, এমনি করেই তার বোধিজ-ব্রাখ অধিমানস ও অতিমানসের অব্যাহত উন্মীলনের প্রস্কৃতি সার্থক হবে, চিৎ-প্রব্যের দিব্যসাধন-প্রযোজনার দৃশ্চর তপস্যা সিন্দ হবে। শৃংধ চিন্ময় প্রমার্থতত্ত্বের অভিব্যক্তি এবং তার শুন্ধস্বভাবে আমাদের আত্মবিলোপ ঘটানোই যাদ প্রকৃতির লক্ষ্য হত, তাহলে মানস-পরিণামের জন্য তার মাথা-ঘামানোর কোনও প্রয়োজন ছিল না। কেননা প্রকৃতিপরিণামের যে-কোনও পর্বে চিৎসত্তার ক্ষুরণ এবং তার মধ্যে আমাদের আর্থানমজ্জন অসম্ভব-কিছু নয়। সে চরম সিম্পির জন্য চাই শুধু হৃদয়ের তীব্রসংবেগ, চিত্তবৃত্তির সম্পূর্ণ নিরোধ এবং একাগ্র সৎকল্পের তন্ময়তা। ইহবিম খীনতাই যদি প্রকৃতির চরম লক্ষ্য হত, তাহলেও এই কথাই খাটত। কারণ ইহবিম,খীনতার তীব্রসংবেগও ঠিক এমনি করে যে-কোনও ভূমিতে আবিভূতি হয়ে পৃথিবীর আকর্ষণ কাটিয়ে জীবকে অপর-কোনও দিব্যভূমির দিকে উধাও করে দিতে পারে। কিল্তু আধারের সর্বাঙ্গীণ পরিণামসাধন যদি প্রকৃতির নিগড়ে আক্তি হয়ে থাকে, তাহলেই বহিরস্গ ও অন্তর্প্গ পরিণামের য্ব্গল ধারার একটা তাৎপর্য ও সংগতি আমরা খুজে পাই—কেননা এই দিববিঞ্চ পরিণাম সমাক -রূপান্তরসাধনের পক্ষে অপরিহার্য।

অথচ তার ফলে অধ্যাত্মপ্রগতি দ্বর্হ এবং মন্থর হয়। প্রথমত, চিদ-ভিব্যক্তিকে প্রতিপর্বে আধারের প্রস্তৃতির প্রতীক্ষার থাকতে হয়। দ্বিতীয়ত, অভিব্যক্তির উপক্রমে তাকে অপরিণত দেহ-প্রাণ-মনের অবিশান্ধ সংস্কার বৃত্তি ও সংবেগের জটিল জালে জড়িয়ে পড়তে হয়। তার দর্ন, এইসব অন্ধ-প্রবৃত্তির দাবি মেনে চিৎসত্তুকে তাদেরই পোষকতা করতে হয় এবং তাইতে ব্যামিশ্রভাবের আতৎককর লাঞ্চনে কলন্দিত হয়ে তাকে নেমে য়েতে হয় নীচের টানে, তার প্রতি পদক্ষেপে থাকে অধঃপতনের প্রলোভন বা আশুকা—আর-কিছ্ না হ'ক, পায়ে-পায়ে জড়ানো দুর্মোচন শৃঙ্থলের গুরুভার, নয়তো একটা পিছ,টান। কখনও-বা উপরে উঠে আবার তাকে নেমে যেতে হয় অবর-প্রকৃতির কোনও আড়ন্ট বাধাকে দূর ক'রে উধর্বাভিযানকে সহজ করতে। তার সর্বশেষ ব্যাঘাত আসে চিত্তক্ষেত্রের স্বাভাবিক সম্কীর্ণ প্রবৃত্তি হতে—কেননা চিত্তের অপরিসর আধারে উন্মিষ্ণত চিংজ্যোতি ও চিংশক্তি সংকৃচিত হয়ে কাজ করে। চিৎসত্তকে বাধ্য হয়ে তখন খণ্ডিতব্,ত্তির পণ্যাতা নিয়ে চলতে হয়। একাগ্রতার ছলে তার মধ্যে অনাব্যাব্ত একদেশী অভিনিবেশ দেখা দেয় এবং তার ফলে তার স্বাভাবিক অথণ্ডভাবনার প্রত্যাশিত সিন্ধি চিরায়িত হয়। দেহ-প্রাণ-মনের এই বাধা ও ব্যাঘাত—দেহের গ্রেব্রভার অসাড়তা ও দুরাগ্রহ. প্রাণের উত্তাল আবিলতা, মনের মড়েতা সংশয় অনিশ্চয়তা অথবা সত্যের প্রতি পরাখ্ম,খীনতা বা তার অন্যথাকার—এদের স্ফীতকায় অত্যাচার কখনও এতই অসহন হয়ে ওঠে যে, উল্বেম্খ চিত্তের অধীর অধ্যাত্মসংবেগ তখন এইসব প্রতিপক্ষ বা যোগবিঘাকে নির্মমভাবে নির্জিত করতে চায়। প্রাণের প্রত্যাখ্যান ও চিত্তের নিরোধ দ্বারা সাধক তখন অন্যনিরপেক্ষ আত্ম-ম্বক্তির সাধনার জন্য ব্যাকুল হয়ে ওঠে—মূঢ় অদিব্যপ্রকৃতির সমস্ত সংশ্রব বর্জন করে বিশান্থ চিৎস্বরূপে চায় চিৎসত্ত্বের আত্যন্তিক প্রলয়। উধর্ব-ভূমির একটা প্রলয়ঞ্কর আহনান আছে সত্য-যার টানে আধারের চিন্ময়ী বৃত্তি ম্বভাবতই আত্মস্বরূপের অনুত্তর ধামের দিকে ছুটে যেতে চায়। শূব্দ অধ্যাত্মচেতনার প্রতি অল্লময় ও প্রাণময় প্রকৃতির এই প্রতিকূলতা সে-উধর্বসংবেগকে বাধ্য করে তপঃকুচ্ছ্রতা মায়াবাদ ইহবিমুখীনতা বা জীবনের প্রতি তীব্র বিতৃষ্ণা ও নিবিশেষ শ্বন্ধচৈতন্যের প্রতি ঐকান্তিক আগ্রহের আশ্রয় নিতে। মানবাত্মার মধ্যে নিবিশেষের প্রতি পরমত্যা স্বর্পপ্রতিষ্ঠারই অনুকূল একটা প্রবৃত্তি এবং মহাপ্রকৃতির আকৃতিসিন্ধিব পক্ষে তা অপরি-হার্য ও-কেননা এর্মানতর একটা রোখ না থাকলে ব্যামিশ্র-প্রকৃতির আকর্ষণ হতে নিষ্কৃতি পাওয়া সম্ভব হয় না। অতএব কৃচ্ছ্যুতপা বিবিক্তসেবী বৈরাগী নিবিশেষবাদের চরমপন্থীরূপে চিদাত্মারই বিজয়কেতন উড়িয়ে দিয়েছে—তার গৈরিকের অণিন-নিশান প্রকৃতিপারবশ্যের [া]বিরুদ্ধে অনম্য বিদ্রোহেরই নিদর্শন। রফা করতে সে জানে না, কেননা চিদভিব্যক্তির উগ্রসাধনা রফার ধার ধারে না। তাই অবরপ্রকৃতির পূর্ণ পরাভবদ্বারা চিং-শক্তির বিজয়মহিমাকে প্রতিষ্ঠিত না করে কিছুতেই সে নিরুত হবে না। মর্ত্যভূমিতে এ-সাধনা যদি সিম্ধ না হয়—অন্য-কৈাথাও হবে। প্রকৃতি র্যাদ উন্মিষ্ণত প্রের্ষের কাছে নতি স্বীকার না করে, তাহলে তার সঙ্গে অসহযোগ ছাড়া আর-কোনও উপায় নাই।...এমনি করে চিদভিব্যক্তির মধ্যেও কাজ করছে দুটি প্রেরণা : একদিকে অসহযোগদ্বারা হলেও চাই অধ্যাত্ম-চেতনার দ্বারাজ্য-প্রতিষ্ঠা, আরেন্দিকে চাই প্রকৃতির সর্বাংশে সে-চেতনার অবাধ সংক্রমণ। কিন্তু প্রথমটি সিন্ধ না হলে দ্বিতীয়টির সাধনা পঙ্গা, এবং ব্যাহত হবে। চিন্ময় প্রবুষের বিবর্তনের গোড়ার কথাই হল শুন্ধটেতন্যের সম্যক্ প্রতিষ্ঠা। অতএব অধ্যাত্মসাধনের একমাত্র প্র্যুথ হবে এই চিৎপ্রতিষ্ঠা এবং রক্ষা আত্মা বা ভগবানের সাযুক্যাসিন্ধির সংবেগকে চেতনায় দীপ্ত করে তোলা। যতদিন এ-সাধনায় সিন্ধি না আসবে, ততদিন তার পিছ্রু হটবার উপায় নাই। নিজের সাধ্যমত যে কোনও উপায়ে হ'ক্ স্বধর্মের অনুশীলনন্দ্বারা এই প্রবুষার্থসিন্ধির প্রযত্নই যে স্বাইকে করতে হবে—এ-অনুশাসন অনতিবর্তনীয়।

চিন্ময়-পুরুষের বিবর্তন এপর্যন্ত কতথানি এগিয়ে গেছে আমরা তার বিচার করব দুর্দিক থেকে। প্রথম দেখব, কোন্ উপায়ে কি ধারা ধরে প্রকৃতির মধ্যে এই বিবর্তনের সাধনা চলছে। তারপর দেখব, মানুষের ব্যাঘ্ট আধারে তা কতখানি সার্থক হয়েছে।...অন্তরের ফ্বল ফোটাতে প্রকৃতি মুখ্যত অনুসরণ করে চলেছে চারটি ধারা : ধর্মসাধনা, রহস্যবিদ্যা বা বিভৃতিযোগ, অধ্যাত্মবিচার, এবং অধ্যাত্ম অনুভব ও তত্ত্বসাক্ষাৎকার। প্রথম তিনটি সাধনা বহিরণ্গ, কেবল শেষেরটি বলতে গেলে অধ্যাত্মসিন্ধির সত্যকার ব্যহমুখ। সাধনার এই চারটি ধারাই এগিয়ে চলেছে কখনও অল্পাধিক সংযোগ রেখে একজোটে, কখনও ভাগে-ভাগে ছড়িয়ে প'ড়ে কখনও পরস্পর ঝগড়া ক'রে, কখনও-বা ছাড়া-ছাড়া হয়ে। ধর্মসাধনার আচারে অনুষ্ঠানে ও সংস্কারে রহস্যবিজ্ঞানের ছাপ স্কুম্পন্ট। তেমনি অধ্যাত্মবিচার হতে ধর্মসাধনা কথনও খল্লৈছে তার নিজম্ব মত বা বিশ্বাসের প্রামাণ্য, কখনও-বা সাধনার অনুক্লে যুক্তিসিন্ধ কোনও দর্শন —পূর্বের পন্থাটি সাধারণত প্রতীচ্য, আর পরেরটি প্রাচ্য। কিন্তু অধ্যাত্ম অন্তব ও তত্ত্বসাক্ষাৎকারই হল ধর্মসাধনার চরম সাধ্য এবং সিদ্ধি— উত্তরায়ণের শেষে তার প্রমৃক্ত মহাকাশের উত্ত্ব-পাতা।...আবার ধর্মসাধনা বিভৃতিযোগকে কখনও একেবারে বাদ দিয়ে, কখনও-বা যথাসম্ভব কেটে-ছেঁটে চলেছে। কখনও দর্শনের যুক্তিকে সে ঠেলে ফেলেছে বিজাতীয় শহুক্ততকের কচ কচি বলে, আর সেইসংগ গা এলিয়ে দিয়েছে আচার-নিষ্ঠা, মতুয়ারি ও সাধ্বচিত ভাবোচ্ছবাসের উদ্বেলতায়। আবার কথনও সে চলতে চেয়েছে অধ্যাদ্ম অন্ত্রত ও তত্ত্বসাক্ষাৎকারকে বর্জন বা তার প্রয়োজনকে যথাসম্ভব সংক্ষিপ্ত ক'রে।...বিভূতিযোগ কথনও অধ্যাদ্মসিন্ধিকেই তার লক্ষ্য বলে ঘোষণা করেছে এবং নানা অলৌকিক অন্তেব ও সাধনার ভিত্তিতে গড়তে চেয়েছে একটা মরমীয়া দর্শন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে তার গ্রহ্যবিদ্যা ও গ্রহাসাধনা

পর্যবাসত হয়েছে অধ্যাত্মযোগবজিত সিম্ধাই ও ইন্দ্রজালে-এমন-কি নানা পৈশাচিক উৎকটতার।...অধ্যাত্ম-মনন প্রায়ই ধর্মসাধনাকে তার ভিত্তি বা অনুভবের সাধন করেছে। অনুভব ও তত্ত্বসাক্ষাংকারকে অবলম্বন ক'রে অথবা তার সোপানরূপে গড়ে উঠেছে তার বিচারশাদ্ব। কখনও আবার সে চলার পথে বাধা ভেবে ধর্মের ঠেক নাকে ছাতে ফেলেছে এবং আপন স্বাতন্দ্রোর দুঃসাহসে এগিয়ে চলেছে--হয় শুধু মানসবিত্তের সণ্ডয়ে খুশী থেকে, নয়তো স্বকীয় সাধনার জোরেই সিন্ধির পথ আবিষ্কার করবে বলে।...অধ্যাত্মযোগ তিনটি ধারা ধরেই অগ্রসর হয়েছে বটে, কিন্ত তিনটিকে সে প্রত্যাখ্যানও করেছে ন্ব-তন্ত্র বীর্যের দুপ্তিতে। বিভাতবিদ্যা ও সিম্ধাইকে সমাধির উপস্গ বা সর্বনাশা প্রলোভনজ্ঞানে প্রত্যাখ্যান করে সে খ্রুজেছে শুধু সত্যের শুদ্ধ-চিন্মর র্পটি। 'বিচারের মাথায় বজ্রাঘাত' করে কেবল হ্দয়ের আকুলি-বিকুলি দিয়ে, অথবা চিন্ময় ভাবনার রহস্যানিবিড় পথ ধরে সে আপন লক্ষ্যে পেশছেছে। কিংবা ধর্মের সমস্ত মতবাদ অর্চনা ও অনুষ্ঠানকে পুতুলখেলার মত ছেলেমানুষি ভেবে দরে সরিয়ে নিরাভরণ ঋজ্বতায় নিজেকে নিরাবরণ সত্যের উপাসনায় স'পে দিয়েছে।...সাধনপর্ম্বাতর এই বৈচিত্তাের প্রয়োজন ছিল, কেননা এমনিতর বিচিত্র পরখের ভিতর দিয়েই পরিণামিনী প্রকৃতির তপস্যা খ'জে ফিরেছে পরা সংবিং ও সম্যক্-জ্ঞানের সত্য এবং অনবচ্ছিল্ল পথ।

সাধনার প্রত্যেকটি ধারাই আমাদের সমগ্র স্বভাবের কোনও-না-কোন্ড বিশিষ্ট প্রবৃত্তির অন্ক্ল, অতএব প্রকৃতিপরিণামের অখণ্ড প্রয়োজনসিশিধর পক্ষে অপরিহার্য। আজ মানুষের বাহাপ্রকৃতি বিশ্বশক্তির ক্ষুদ্র খর্ব অর্ধপক ক্রীড়নকমাত্র। বহিশ্চর অবিদ্যার আলো-আঁধারিতে মানুষ আজ সত্যের সন্ধানে অন্ধের মত হাতড়ে বেড়াচ্ছে এবং খণ্ডজ্ঞানের টুকিটাকিকে জড়ো করে তার জ্ঞানের ইমারত গড়তে চাইছে। এই দীনতার সঙ্কোচ হতে মুক্ত হয়ে নিচ্ছেকে বহুৎ করবার জন্য চারটি জিনিস তার আবশ্যক।...সবার আগে নিজেকে জানতে হবে এবং নিজের সম্ভাবিত সকল শক্তির উদেবাধন ও উপযোগ করতে হবে। কিন্ত নিজেকে এবং জগৎকে জানতে গেলেই তাকে আত্মপ্রকৃতি ও বিশ্বপ্রকৃতির বাইরের পর্দা সরিয়ে নিজেরই মানসপ্রকৃতির গভীরে ডুবতে হবে। তার একমাত্র সাধনা হবে—নিজের গুহাহিত অল্লময় প্রাণময় মনোময় ও চৈত্য সত্তার স্বর্পটিকে চিনে তার বীর্য ও প্রবৃত্তির সকল রহস্য অধিগত করা, এবং বিশেবর জড়ময় আবরণের অ্ব্তরালে অধিষ্ঠিত রয়েছে যে অতীন্দ্রিয় বিশ্বপ্রাণ ও বিশ্বমনের তত্ত্ব, তাদেরও ধর্ম ও কর্মের খবর নেওয়া। রহস্যবিদ্যা বা বিভৃতিযোগকে ব্যাপক অর্থে গ্রহণ করলে এসব সাধনা তার এলাকায় পড়ে।...তারপর, যে-শক্তি বা শক্তিকটে জগঁংকে নিয়ন্তিত করেছে তারও পরিচয় নিতে হবে। বিশেবর মূলে কোনও বিরাট-পুরুষ পরমামা বা

বিশ্বস্রন্থার অধিন্ঠান থাকলে, তাঁর সন্ধো যুক্ত হওয়া মানুষের পারুষার্থ বলে গণা হবে। সে-যোগ শুধু ক্ষণেকের হবে না। যার-যার শক্তি ও সংস্কার অনুযায়ী সম্প্রয়োগ বা সাযুজ্যের একটি বিশিষ্ট পর্যায়ে প্রতিষ্ঠিত হওয়া, বিশ্বভাবন প্রেয় কিংবা তাঁর বিভৃতিবর্গের সঙেগ কোনও-না-কোনও উপায়ে যোগযুক্ত থেকে তাঁর বিশ্বচ্ছন্দের অনুবর্তন করা অথবা পরাংপর পুরুষের লোকোত্তর ছন্দে নিজেকে ঝঙ্কৃত করা—এই হবে মানুষের ব্রত। তার জীবনে ও আচারে ফুটবে তাঁর দিব্যবিধানের আনুগত্য এবং তাঁরই নিরুপিত বা প্রতি-বোধিত প্রেষার্থের নিষ্ঠাপ্ত সাধনা। ইহলোকে কি লোকান্তরে যে প্রমা সিদ্ধির দিকে তিনি তার জীবনকে প্রচোদিত করছেন, তার তৃঞ্গতম শিখরের দিকে নিজেকে উদ্যত রাখা হবে তার স্বধর্ম। আর বিশ্বের মূলে তেমন-কোনও চিন্ময় সত্তা বা প্রেরুষের অধিষ্ঠান যদি সে না মানে তাহলেও সেখানে কি আছে তা জেনে বর্তমানের এই অপূর্ণতা ও অর্শাক্ত হতে নিজেকে সেই বিশ্বমূলের কূলে উত্তীর্ণ করাই হবে তার কর্তব্য । ধর্মসাধনার এ-ই লক্ষ্য : মান ষকে সে চায় প্রমদেবতার সঙ্গে মিলিয়ে দিতে এবং তার ফলে দেহ-প্রাণ-মনের উধর্বায়নন্বারা দিব্যভাবনার বীর্যে তাদের অনুপ্রাণিত করতে।...কিন্তু শুধু অসমীক্ষিত আপ্তবচন বা অতীন্দ্রিয় শ্রুতিবাকাই ধর্ম জ্ঞানের ভিত্তি হলে যথেষ্ট হল না। মানুষের জাগ্রত চিত্তের শাণিত মনন যদি শ্রোত মতকে স্বীকার করে এবং বস্তুস্বভাব ও বিশ্বের সমীক্ষিত সত্যের সংগে তার সমন্বয় ঘটাতে পারে, তবেই তার সার্থকতা। এইটি দার্শনিক বিচারের কাজ। বাহুলা, অধ্যাত্মসত্যের গবেষণায় একমাত্র আধ্যাত্মিক দর্শনই বিশেষ উপযোগী —এখন বৃদ্ধি কিংবা রোধি যা-ই তার তত্ত্বিচারের কর্ণধার হ'ক্ না কেন। কিন্তু সমুস্ত বিদ্যা ও সাধনার চরম সার্থকতা অপরোক্ষ অনুভবে অর্থাৎ চেতনার অংগীভূত হয়ে নির্ঢ় চিদ্ব্ত্তিতে তাদের র্পান্তরে। তাই বিভূতিযোগ ধর্ম সাধনা ও অধ্যাত্মবিচারের একমাত্র লক্ষ্য হবে অধ্যাত্মচেতনার উন্মীলন, নইলে অধ্যাত্মসাধনার রাজ্যে তারা হবে নিষ্ফলা পাতাবাহারের মেলা। সাধনার ফলে এমন অনুভব জাগ্রত হওয়া চাই—যা অধ্যাত্মচেতনাকে আধারে সম্প্রতিষ্ঠিত উদ্দীপিত সমূদ্ধ ও সম্প্রসারিত করবে, জীবন ও কর্মকে বেংধে দেবে চিন্ময় সত্যের বৃহৎ স্বরে। এই হল অধ্যাত্ম অনুভব ও তত্ত্ব-সাক্ষাংকারের কাজ।

পরিণামের সমসত প্রবৃত্তিই স্বভাবত অতি মন্থর, কেননা পরিণম্যমান প্রত্যেকটি তত্ত্বকে অচিতি ও অবিদ্যার সম্পাট বিদীর্ণ করে মেলতে হয় তার বিভতির দল। যে-আধারে কোনও তত্ত্বের প্রথম প্রকাশ, তার মৃঢ়ভার বন্ধ-মৃন্দিকৈ মিথিল ক'রে আচিতির স্বাভাবিক বাধা ও ব্যাঘাতের অবকর্ষকে পরা-ভূত ক'রে এবং ব্যামিশ্রবৃত্তি অবিদ্যার অন্ধ একগংয়ে পিছ্টানের সকল বাধা

टिटल एक्टल, निरक्षरक क्रिंड रूट क्र्रूलित माखा क्र्रिटिस एवाला कि मरक সাধনা ? পরিণামের প্রথম পর্বে প্রকৃতির মধ্যে তাই দেখা দেয় একটা অস্ফুট প্রেতির আন্দোলন, যাতে স্ট্রিচত হয় অতল হতে অন্তর্গটে অবচেতন তত্ত্বের বহিরভিষানের প্রবেগ মাত্র। তারপর শীর্ণ অর্ধাস্ফট ইঙ্গানায় দেখা দেয় ভাবী জাতকের একটা অপরিণত স্চুচনা—অমার্জিত উপাদানের প্রাথমিক বিন্যাসে সম্ভাবিতের একটা ভূচ্ছ কৃশ এবং দুর্লক্ষ্য পরিচয়। তারপরে আসে বহু-বিচিত্র ব্যাকৃতির মেলা—ক্ষুদ্র-বৃহৎ নানা রূপায়ণে। প্রথমত এখানে-সেখানে বিশিষ্ট ধর্মের ক্ষীণবীর্য অথচ লক্ষণীয় প্রকাশ তারপর তার স্পষ্টতর ব্যাকৃতির ব্যঞ্জনা। অবশেষে ঘটে অভিনবের নিশ্চিত উন্মেষ—চেতনার বিপর্যয়ে তার সম্ভাবিত রূপোন্তরের ভূমিকা। কিন্তু এইখানে এসেই পবিণামের তপস্যা ফুরিয়ে যায় না; দিকে-দিকে এখনও পড়ে আছে তার কত কাজ—পূর্ণতার দিকে কী দীঘ মন্থর অভিযানেব পালা। যা ফুটল, তাকে যে স্বরূপে প্রতিষ্ঠিত হতে হবে কিংবা অবকর্ষ ও পরাবর্ত হতে আত্মরক্ষা করতে হবে, শুধু তা-ই নয়। অন্তর্গতে সম্ভাবনার সমস্ত দল মেলে তাকে পেতে হবে অখণ্ড আত্মাসিন্ধির পরিপূর্ণে অধিকার, পেণছতে হবে তার সক্ষ্মে-তম তুঙ্গতম বৃহত্তম ঐশ্বর্যের কম্পলোকে—স্বারাজ্যের বিপাল উদার্যে সবাইকে তার কুক্ষিগত করতে হবে। সর্বত্র প্রকৃতির এই একই ধারা। এর প্রতি অন্ধ থাকলে প্রকৃতির লীলাবৈচিত্রোর নিগতে অভিপ্রায়টি না ধরতে পেরে আমরা শ্ব্ধ্ব তার গোলকধাঁধায় দিশাহারা হব।

এই ধারাতে মান্যের চিত্তে ও চেতনায় ধর্মবাধেরও উদ্মেষ হয়েছে। ধর্মবাধে মানবজাতির কি কাজে এসেছে তার ঠিকমত যাচাই হবে না, যদি তার বিবর্তনের প্রয়োজন ও পরিবেশকে আমরা তলিয়ে বোঝবার চেন্টা না করি। তার প্রথম পর্বে নিশ্চয়ই অর্গাণত অমার্জিত ও অপরিণত সংস্কারের বাহ্লাছল। মান্যের অপরিশৃশ্ধ প্রাণ-মনের নানা এলোমেলো বৃত্তির আবদার ও ভ্লম্রান্তির শ্বারা তখন তার প্রগতি পদে-পদে ব্যাহত হয়েছে। ধর্মবৃশ্ধির ম্থোস প'রে নানা অজ্ঞানাছম্ম অনিষ্টকর এমন-কি সর্বনাশা বৃত্তিও মান্যকে অনর্থ ও প্রমাদের পথে প্ররোচিত করেছে এবং করছে। সন্ফার্ণ চিত্তের দম্ভ আর মতুয়ারি, উন্ধত অহামকার অসহিষ্ণ যুযুৎসা, সীমিত সত্যের প্রতি পক্ষপাত এবং অভ্যস্ত প্রমাদের প্রতি ততোধিক দ্বাগ্রহ, অবরপ্রাণের প্ররোচনায় ফোনিয়ে ওঠা হিংম্র জ্বল্ম ও গোঁড়ামি, আত্মপ্রতিত বাসনার মঞ্জারি পাবার জন্য মনের সঙ্গো প্রারে মিথ্যাচার—এইগ্রান্থ আধ্যাত্মিকতার স্পিন্ডাকরণ ক'রে ধর্মক্ষেত্রকে দাঁড় করায় কুর্ক্ষেত্র। ধর্মের নামে এমনি করে চলে অজ্ঞানতার কত ছন্মলীলা, স্বছণ্ডে প্রশ্ন পায় প্রমাদ ও অধ্মর্য সৃত্তির অবাস্থিত

বাহ্বল্য—এমন-কি দ্বন্ধৃতি ও ব্যভিচারও প্রণাের লাঞ্চনে সম্মানিত হয়।... কিন্তু মান্ববের সমস্ত সাধনার ইতিহাসই তাে এমনি কলঙ্কবিকৃত। বিকারের নজিরে ধর্মের সত্যতা ও প্রয়াজনকে নাকচ করতে হলে মান্বের আর-সব কর্ম ও সাধনাকেও নাকচ করতে হয়—তার চিন্তা আদর্শবাদ শিল্প বিজ্ঞান কিছ্বই তাে অপবাদের হাত হতে রেহাই পায় না।

ধর্মের বিরুদ্ধে একটা নালিশ এই : ধর্ম সত্যপ্রতিষ্ঠার দাবি করে লোকো-ত্তর সত্তা অনুভব বা প্রেরণার প্রামাণ্যে। উপর হতে বাদশাহী যে-সন্দ সে পেয়েছে, তার হত্ত্বমতকে অগ্রাহ্য করবার অধিকার কারও নাই—এই যেন তার এমনি করে মানুষের ভাবনা-বেদনা আচার-বিচারের 'পরে সে দখল জমাতে চেয়েছে—যুক্তিতকের কোনও অবকাশ না দিয়ে। অবশা অনুভবিতার কাছে লোকোত্তর অনুভব ও প্রেরণার একটা অনস্বীকার্য ও নিঃসংশয় প্রামাণ্য থাকতে পারে। তাছাড়া মানুষের মন যেখানে অজ্ঞান দুর্বল ও সংশয়াদেদালিত. সেখানে আত্মার অন্তর্গ চু দীপ্তি ও বীর্যরূপে বিশ্বাসেরও একটা অবিসংবাদিত প্রয়োজন আছে। এইজন্যেই ধর্মের বেলায় অলোকিক প্রামাণ্যের দাবিকে একেবারে নিরথক বলতে পারি না। কিন্তু তাহলেও সে-দাবিতে অনেকখানি বাডাবাডি আর জবরদ্দিতও আছে। বিশ্বাসের দীপ না হলে মানুযের চলবে না—সে ছাড়া অজানার পথে তাকে আলো দেখাবে কে? কিন্তু তাবলে বিশ্বাসকে কারও ঘাড়ে চাপিয়ে দেওয়া উচিত নয়—বিশ্বাস আসবে অন্তরের নির্মাক্ত দুষ্টি হতে, অধ্যাত্ম অনুভবের অলঙ্ঘ্য দেশনা হতে। অবিচারে একটা-কিছুকে মেনে নেবার প্রণোদনা তবেই দেওয়া চলে, যদি মান,ষের অধ্যাত্মসাধনা তাকে ঋত-চিতের সমগ্র ও সখণ্ড দর্শনের দিব্যধামে উত্তীর্ণ করে থাকে। চেতনা মুক্ত হওয়া চাই আবিদ্যাচ্ছন্ন প্রাণ-মনের ব্যামিশ্র সংস্কারের আবিলতা হতে। আমাদের অধ্যাত্মসাধনার লক্ষ্যও তা ই। কিন্তু এখনও আমরা তার ক্লে পের্ণছতে পারিনি। অতএব ধর্মান্মাসনের স্বতঃপ্রামাণোর দাবি এখনও অচল। বরং সে-দাবি মানুষের ধর্মবর্দিধকে আচ্ছন্নই করেছে। ধর্মবোধ মান্বকে নিয়ে যাবে দিবাচেতনার দিকে, সকল সিন্ধিকে সংহত ক'রে তাকে প্রচোদিত করবে ওই লক্ষ্যের অভিমুখে। প্রত্যেক মান্রকে সে দেবে অধ্যাত্ম-সাধনার একটা বিশিষ্ট সঙ্কেত—প্রত্যেকের অন্তঃপ্রকৃতির স্বধর্ম ও সামর্থ্য অনুযায়ী পরমসত্যের এষণা ও সামীপ্যের একটা বিশিষ্ট সাধনা।

ধমৈ ধনার বেলাতেও যে প্রকৃতিপরিণামের উদার সাবলীলতা বহু বিচিত্র সাধনার নিরঙকুশ অবকাশ দিরেই ধর্ম বোধের সতাকার লক্ষ্যটিকে জিইয়ে রেখেছে, তার স্কুলর পরিচয় আমরা পাই ভারতবর্ষের ধর্ম সাধনার ইতিহাসে। এখানে বিচিত্র ধর্ম মত আচার ও সাধনা শুধু যে পাশাপাশি ঠাই পেয়েছে তা নয়, গলাগালি হয়ে বেড়েও উঠেছে—আপন ভাবনা-বেদনা রুচি ও প্রকৃতি

অনুসারে প্রত্যেক মানুষই তার দ্বধর্মকে অনুসরণ করবার দ্বচ্ছন্দ অধিকার পেয়েছে। পরিণামের পরখ চলছে যখন, তখন তার মধ্যে এমনতর একটা সাব-লীলতা থাকা খুবই সংগত-কেননা ধর্মসাধনার প্রকৃত উদ্দেশ্য হচ্ছে মানুষের দেহ-প্রাণ-মনকে অধ্যাত্মচেতনার আবেশের উপযোগী করে গড়ে তোলা। ধর্ম মান্যকে এমন-একটি ভূমিতে উত্তীর্ণ করবে, যেখানে তার অন্তর্জ্যোতির সম্যক্ স্ফুরণের কোনও বাধা থাকবে না। এইখানে এসে ধর্মকেও শাস্তার আসন থেকে নামতে হবে, বাহ্য আচারের বাধ্যবাধকতার উপর জোর না দিয়ে অন্তরাত্মাকে দিতে হবে তার স্বরূপ ও সত্যকে ফুটিয়ে তোলবার পরিপূর্ণ সেইসংশ্য দেহ-প্রাণ-মনের সত্যকেও যতটা-সম্ভব স্বীকার ক'রে অধ্যাত্মচেতনার দিকে মানুষের সমস্ত প্রবৃত্তির মোড় ফিরিয়ে দিতে হবে— তার জীবনের প্রত্যেকটি স্পন্দে আবিষ্কার করতে হবে একটা চিন্ময় ছন্দ. মাখিয়ে দিতে হবে একটা দিব্যভাবের লাবণ্য, ফুটিয়ে তুলতে হবে একটা চিন্ময় ম্বভাবের দ্যোতনা। ধর্মের ক্ষেত্রে প্রমাদ এসে জোটে এইখানেই, কেননা এই র্পান্তরের সাধনায় যে-মালমসলা নিয়ে তার কারবার, দুর্গিটর বীজ রয়েছে লিণ্ড তারই মধ্যে। মান,ষের দেহ-প্রাণ-মনের আগ্রিত অবরচেতনা আর অধ্যাত্মচেতনার মধ্যে সেতুস্বরূপ যে আচারগত সাধনা, তাকে অবলম্বন করে যত আবর্জনা স্ত্তুপাকার হয়ে ওঠে—যা সে-সাধনার তাৎপর্যকে কল্ব সংকীর্ণতা ও বিকৃতির দ্বারা কল্ডিকত করে। অথচ পরেম আর প্রকৃতির মধ্যে দ্তীয়ালিই তো ধর্মের সবচেয়ে বড় কাজ। মানুষের চিত্তবিবর্তনের ঘরে সত্য আর প্রমাদ একই সপো বাসা বে'ধেছে। কিন্তু প্রমাদের সপাী বলে সত্যকে তো ছে'টে ফেলা চলে না। অথচ প্রমাদের সংশোধন চাই—র্যাদও ব্যাপারটা খ্ব সহজ নয়। হাতুড়ের মত প্রমাদের 'পরে অস্ত্রোপচার করতে গিয়ে ধর্মের অংগহানি ঘটাবার যথেষ্ট আশুকা আছে। কারণ আমরা যাকে প্রমাদ ভাবি, অনেকক্ষেত্রে তা হয়তো সত্যের প্রতীক বিকৃতি ছন্মরূপ বা অব্বদমাত্র। নির্মাম হয়ে তাকে উচ্ছেদ করতে গিয়ে আমরা তথন সত্যেরই মরণ-দশা ডেকে আনি। ফসল আর আগাছাকে বেশীদিন একসংখ্য বাড়তে দেওয়া প্রকৃতির রীত নয়, কেননা আগাছা না নিড়িয়ে ফেললে তার সাক্ত-পরিণামের লীলা সার্থক হবে কেমন করে?

মান্বের মধ্যে অধ্যাত্মচেতনার প্রথম অঙ্কুরণে মহাপ্রকৃতি তার চিত্তে জাগিয়ে তোলে অতীন্দ্রিয় আনন্ত্যের একটা অস্পৃত্টু বোধ—বেন একটা-কিছ্ম অজানা রহস্য তার দৈহ্যসত্তাকে ঘিরে আছে। কাঁবেন প্রচ্ছেন আছে বিশ্ব-পটের অন্তরালে—যা তার চাইতে বহুগানে বৃহৎ, যার কাছে তার চিত্ত আর সঙ্কদেপর বীর্য নিজ্পভ ও সঙ্কুচিত। অদৃশ্য এক শাক্তিক্টের পরিমন্ডল তার চারদিকে, যাদের তুল্টি বা রা্ন্টির শ্বারা তার কর্মের ফল নিয়ান্তিত হচ্ছে।

এই জড়জগতের পিছনে হয়তো এক অলক্ষ্য শক্তির অধিন্ঠান রয়েছে—সে-ই তাকে এবং জগংকে গড়েছে। আবার সে-শক্তিরও পিছনে আছে এক বিরাট শক্তিকটে—যা জগদ্ব্যাপী শক্তিম্পন্দের অন্তর্যামী ও শাস্তা। তারও পরে, ওই শক্তিক্টের ওপারে আছে এক অজানার অধিষ্ঠান-অদৃশ্য শক্তিক্টেরও যে নিয়ন্তা। এই শক্তিব্যহের স্বর্প জেনে মান্ধকে একটা যোগাযোগের সেতু আবিষ্কার করতে হবে—যাতে শক্তিকে প্রসন্ন ক'রে তার অভীষ্ঠার্সান্ধ সহজ হয়। তাছাড়া বহিঃপ্রকৃতির চলনের রহস্য জেনে তারও স্ত্রেধার হতে হবে তাকে।...এই ছিল আদিমানবের আকৃতি। কিন্তু এক্ষেত্রে বৃদিধ তার বিশেষ কাজে আসেনি। কেননা বৃদ্ধির কারবার শুধু জড়তথ্যের সংগ্রে আর এ হল অলখের রাজ্য—এখানে চাই অতীন্দ্রিয় দর্শন ও বিজ্ঞানের আনুকুলা। মান্য তার জন্য বোধি আর সহজাত-বৃত্তিকে তীক্ষাতর করল। এ-বৃত্তি পশ্তেও ছিল, কিন্তু মানুষের মধ্যে এসে মনোধর্মের ছোঁয়াচ লেগে তার সামর্থ্য বাড়ল। আদিমানবের বোধিবৃত্তি নিশ্চয় আজকের চাইতে তীক্ষা ও সজাগ ছিল। কিন্তু সম্ভবত তার প্রয়োগের ক্ষেত্র ছিল সঞ্কীর্ণ, কেননা সাধারণত সেই আদিয়ুগের আবিষ্ক্রিয়ার আবশ্যক সাধনা এর 'পরে নির্ভ'র করেই তাকে চালাতে হত। তাছাড়া অধিচেতন অনুভব ছিল তার একটা মুহত সে-যুগে মানুষের মধ্যে অধিচেতনা ছিল আরও জাগ্রত, তার বিস্ফোরণ ছিল আরও সহজ, বহিস্চেতনায় আপন ব্তিকে র্পায়িত করবার সামর্থ্য ছিল আরও নির্ণ্ডুশ। ক্রমে বুলিধ ও ইন্দ্রিয়ের 'পরে নির্ভার করাতে অধিচেতনার স্বাভাবিক স্ফুরণ হতে মানুষকে বণ্ডিত হতে হয়েছে। প্রকৃতির সংস্পর্শে এসে স্বভাবত বোগিব,ত্তির যে-উন্মেষ হত, তাকে মনের কাঠামোয় সাজিয়ে মানুষ ধর্মের আদিম রূপ গড়েছে। বোধির এই সজাগ তংপরতা তার মধ্যে জড়োত্তর শক্তির একটা বোধ ফর্টিয়ে তুলল। সেইসঙগে সহজাত-ব্তির প্রেরণায় অথবা অধিচেতন ও অতিপ্রাকৃত অন্ভবের আকস্মিক স্ফ্রেণে সে নানা অতীন্দ্রিয় সত্ত্বের সন্ধান পেল। কোনরকমে তাদের সঙ্গে যোগ ঘটিয়ে এই নবলস্থ বিজ্ঞানকে সে ব্যাবহারিক সিম্থির একটা সার্থক ও সংহত পন্থার আবিষ্কারে প্রয়োগ করল। এর্মান করে গড়ে উঠল প্রাচীন যুগের যাদ্ববিদ্যা ও বিভূতি-বিজ্ঞানের বিচিত্র নিদর্শন ৷...মানুষের দেহাতীত অজড় অমর একটা আত্মসত্তা আছে—কোনও সময়ে তার চিত্তে এ-জ্ঞানেরও উদ্মেষ হয়েছে। অদ্শ্যকে জানবার আক্তিতে অন্তরে যেসব অতি-প্রাকৃত অন্বভব কথনও-কথনও স্ফ্রারত হয়েছে, তারাই হয়তো তার চেতনার এই অন্তর্গ ্র্ সন্তার একটা অমাজিত আদিম প্রত্যয় জাগিয়েছে। এর অনেক পরে হয়তো সে ব্রুঝেছে, চোখের সামনে বিশ্বে যে শক্তির লীলা, তার অন্তর্প স্পন্দন তার অস্তরেও আছে। আর তার মধ্যে এমন-কিছ, আছে, যা শহুভাশহুভের

নিমিন্ত হয়ে বিশ্বের অদৃশ্য শক্তির ডাকে সাড়া দেয়। এই বোধ হতেই মান্যে জেগেছে ধর্মবৃদ্ধির উপাশ্রিত নীতির চেতনা, দেখা দিয়েছে অধ্যাত্ম অন্ভবের সম্ভাবনা। এমনিতর বোধির আদিম সংস্কার, নানা ধরনের গ্রাচার, ধর্ম ও সমাজের কাঠামোতে গড়া একটা অস্পন্ট ঋতবোধ, বিচিত্র প্রাণকাহিনীতে নানা অলোকিক অন্ভবের প্রচ্ছন্ত্র ইঙ্গিত এবং দীক্ষাও সাধনার গ্রহ্য অনুষ্ঠানের ভিতর দিয়ে তাদের জিইয়ে রাখবার প্রয়াস—এই হল মান্যের আদিম ধর্মের র্প। যেসব উপাদানে এ-ধর্ম গড়ে উঠেছে, গোড়াতে তাদের সহস্র দৈন্য ও ব্র্টি সত্ত্বেও বহ্মব্রের অনুশীলনে ক্রমেই তারা ব্যাপক ও গভীর হয়েছে—এমন-কি কোনও-কোনও সংস্কৃতিতে তাদের অভ্তপূর্ব একটা প্রসার এবং ব্যঞ্জনা দেখা দিয়েছে।

মান যের মধ্যে প্রাণ ও মনের উৎকর্যসাধন হল প্রকৃতির প্রথম কাজ— আধারের আর-সব উপাদানের সম্যক পর্বাষ্ট এর পরে হলেও তার চলে। কিন্তু প্রাণ-মনের এই আপ্যায়নের সঙ্গো-সঙ্গোই তার ঝোঁক পড়ে ব্রন্থিকে শাণিত করবার দিকে। তার ফলে বোধি সহজ-সংস্কার ও অধিচেতনার যে আদিম ব্রতিগর্নল এতকাল অপরিহার্য ছিল, তার 'পরে দিনে-দিনে ভার হয়ে চেপে বসে যুক্তি ও মনোময়ী বুক্তির কারুকৃতি। জডপ্রকৃতির ক্রিয়া ও রহস্যের আবিষ্কারের সংগ্র-সংখ্য মান্য বিভূতি-বিজ্ঞান ও যাদ্ববিদ্যার আবহমান চর্চা হতে সরে যায়। বিশ্বব্যাপারের প্রাকৃত ও যান্ত্রিক ব্যাখ্যা যত বেড়ে চলে, ততই তার চেতনা হতে অদৃশ্যশক্তি ও দেববীর্যের স্কৃপণ্ট অন্ভব অপস্ত হয়। তবু তার জীবনে আধ্যাত্মিকতার একটা বাস্তব স্পর্শ চাই। সত্তরাং কিছ, দিন ধরে বিজ্ঞানের প্রাকৃত আর অপ্রাকৃত দু, টি ধারাই সে বজায় রাখে। কিন্তু অলোকিকত্বের যে-সঞ্চয়টাকু এতদিন ধর্মের মধ্যে বিশ্বাসের আকারে কিংবা আচার-অনুষ্ঠা**ন ও পরুরাণকথার তলায় বে°চে ছিল, দ্রুমেই** তা যুক্তির শাণিত দীপ্তির কাছে অর্থহীন ও নিষ্প্রভ হয়ে আসে। অবশেষে যুক্তি-বাদের নেশা সবাইকে যখন ছাপিয়ে ওঠে, তখন তার তোড়ে সব-কিছু, ভেসে গিয়ে ধর্মের মধ্যে অবশিষ্ঠ থাকে শুধু মতুয়ারি, আচার-অনুষ্ঠান, বাহ্যিক সাধনা আর নীতিবাদ। সেই সঙ্গে অধ্যাত্মঅনুভবের ধারাটিও ক্ষীণ হয়ে আসে—কেবল বিশ্বাস ভাবোচ্ছনাস ও চারিত্রকেই মানুষ তথন মনে করে ধর্ম-সাধনার সর্বস্ব। আদিযুগে ধর্মবোধ বিভৃতিবিদ্যা ও অধ্যাত্মযোগের যে বিবেণীসঞ্চাম ঘটেছিল, এখন তা বিশ্লিষ্ট হয়ে প্রত্যেক**টি** ধারা স্বতন্ত খাতে বইতে থাকে—আপন খ্রিশতে, আপন বিবিক্ত লক্ষ্যের দিকে। অবশ্য এ-ঝোঁকটা সবজায়গায় প্ররাপর্নর ফুটে ওঠে না, কিন্তু তব্ব তার সক্রপন্ট লক্ষণকে চিনতে ভুল হয় না। এর চরম পর্বে দেখা দেয় পরিপূর্ণ দান্তিক্য। ধর্ম মিথ্যা, বিভৃতিবিজ্ঞান মিথ্যা—কোথাও কিছু নাই জড়ের বাইরে! বহিম খ বৃদ্ধির

শ_ব্দত্তকের কালাপাহাড়িতে অন্তঃপ্রকৃতির গহনরহস্যের সব আশ্রয় তখন চূর্ণ হয়ে যায়। তাহলেও পরিণামিনী প্রকৃতি তার পরম আক্তিকে দ্বটি-্ চারটি সাধকের হৃদয়ে জিইয়ে রাখে এবং মান্বের মনোময়-পরিণামের উৎ-কর্ষের যোগে তাকে তারও উচ্ছিতে ও গভীর করে তোলে। আজকের দিনেও দেখি, জড়বাদ ও ব্রন্থিচর্চার বিজয়-জয়ন্তীর পরেও একই স্বাভাবিক ধারার স্কৃপন্ট প্রনরাব্তি: আবার মান্ষের মধ্যে ফিরে এসেছে সেই আইম্বেণার অন্তর্ম,খীনতা, তেমনি করে অনির্বাচোর সন্ধানে মনের গহনে তলিয়ে যাওয়া. খুজে ফেরা অন্তরের সেই কটেম্ব সন্তাকে, নতুন করে মরমী অনুভবকে পাবার জন্যে উতলা হওয়া, চিৎসত্তার সত্য ও বীর্ষের দ্যাতিতে আবার যেন চকিত হয়ে ওঠা! মান্ধের আত্মৈষণা ও তত্ত্বৈশার রহস্যভরা আকৃতি আবার যেন ল্পেবীর্যকে ফিরে পেয়ে তার মধ্যে জেগে উঠেছে. অতীতের বিশ্বাস ও সাধনাকে উজ্জীবিত করছে নতুন তেজে, সাম্প্রদায়িকতার নিগড় ভেঙে গড়ে তুলছে স্ব-তন্ত্র উদার নতুন পর্ম। জড়প্রকৃতির রহস্যভেদের যেট্যকু স্বাভাবিক সামর্থ্য বৃদ্ধির ছিল, আজ প্রায় তার শেষ সীমায় সে এসে পেণছেছে। কিন্তু সাধ্যের অর্বাধতে পেণছে সে দেখছে, এত করেও জডপ্রকৃতির বাইরের ঢাকনাটা শুধু সে খুলতে পেরেছে কোথাও-কোথাও। তাই আবার সে দ্বিধান্দোলিত চিত্তে শুধু পর্থ করবার জন্যই যেন তার সন্ধানী চোথের দ্রন্টিকে পাঠিয়েছে মন ও প্রাণশক্তির পাতালপ্রীতে—এতকাল উপেক্ষিত অতীন্দ্রিয়-লোকের রহসাযবনিকা সরিয়ে দেখতে চাইছে, তার মধ্যে কিসের সত্য ল, কিয়ে আছে। এত আঘাতেও ধর্মবোধ যে মর্রোন, তার প্রমাণ তার অভিনব র পান্তরে—যার চরম তাৎপর্য এখনও আমাদেব বৃদ্ধির অগোচর। মানুষের চিত্তপরিণামের এই নতুন পর্বের মধ্যে অমার্জিত ব্যক্তির যত দ্বিধাই থাকুক, তার অন্তরালে আমরা দেখছি বিশিষ্ট একটা বর্তানর অবন্ধ্য সংবেগের আভাস–প্রকৃতিতে চিৎপরিণামের একটা প্রাগ্রসর সূচনা। প্রাচীন **যুগের ধর্মবোধে ঐ**×বর্ষ থাকলেও শাণিত বৃণিধর অভাবে তার মধ্যে প্রথমত থানিকটা অম্পন্টতা ছিল। আজ বৃদ্ধির অতিরিক্ত ধারে ধর্মের সকল বাহ্না ছে'টে মান্য তাকে একটা ঋজ্ব ও অনাড়ন্বর রূপ দিতে চাইছে। কিন্তু বৃদ্ধির এই অন্তরিক্ষলোক হতে মাক্তি পেয়ে অবশেষে একদিন মানবচিত্তের উত্তরায়ণের পথ ধরে তার যাত্রা শুরু হবে এবং তার শীর্ষবিন্দুতে এসে সে পাথা মেলবে অতর্ক্য বিজ্ঞান ও চেতনার দিব্যধামের দিকে--আপন সত্য ও স্বারাজ্যের শাশ্বত মহিমার সন্ধানে।

অতীতের দিকে চেয়ে দেখি, প্রকৃতিপরিণামের এই চলনের চিহ্নই আঁকা তার সরণিতে, যদিও প্রাগৈতিহাসিকের আঁলখিত পৃষ্ঠায় তার আদিপর্বের অধিকাংশ ইতিবৃত্ত গোপন রয়েছে। কারও-কারও মতে আদিম ধর্ম

'এনিমিজ্ম্' 'ফেটিশিজ্ম্' 'টোটেমিজম্' 'টাব্' যাদ্বিদ্যা প্রাণের আষাঢ়ে-গল্প এবং কৃসংস্কারাচ্ছন্ন প্রতীকোপাসনার একটা জগাখিচ্বড়ি—আধা-বৈদ্য আধাপুরুত যাদ্বকর তার পাণ্ডা। তাকে বলতে পারি আদিমানবের অজ্ঞানাচ্চয় মনের ছত্রাকলীলা—চরম উৎকর্ষের দিনেও যা প্রকৃতিপ্জার উধের্ব উঠতে পারেনি। আদিমানবের ধর্মবোধের এ-চেহারা নিছক কল্পনা নাও হতে পারে। কিন্তু সপ্সে-সংগ্র একথাও মনে রাখতে হবে, এর বহ[ু] সংস্কার ও আচারের পিছনে এমন-একটা অবর-সত্যের জোরালো বনিয়াদ ছিল, যার সঙ্গে সভ্যতার অতি-উৎকর্ষের ফলে আমাদের য্যোগসূত্র আজ ছিল্ল হয়ে গেছে। আদিমানব সাধারণত বাস করত প্রাণসত্তের সঙ্কীর্ণ অবরভামতে। তার অনুরূপ এক অদৃশ্য-প্রকৃতির রাজ্যও অতীন্দ্রিয়-ভূমিতে আছে। আদিমানব হয়তো অজ্ঞাত কোনও বিদ্যার সাধনায় সে-প্রকৃতির অলক্ষ্য বীর্যকে আকর্ষণ করে আনতে পারত—যার রহস্য তার অবরপ্রাণের বোধি ও সহজবৃত্তিরই শুধু জানা ছিল। এর ফলে হয়তো ধর্মবিশ্বাস ও ধর্মসাধনার একটা প্রাথমিক স্তর গড়ে উঠেছে। দ্বভাবতই তার ঝোঁক থাকবে অপুন্ট ও অমাজিত রহস্যবিদ্যার দিকে— অধ্যাত্মবিদ্যার দিকে নয়। অতএব তার প্রধান লক্ষ্য হবে ক্ষুদ্র প্রাণ-বিভৃতি ও ভূতস্ক্রময় সত্তের আবাহন করে তাদের দিয়ে তৃচ্ছ প্রাণবাসনার ও স্থল প্রাকৃত অভ্যদয়ের চরিতার্থতা খোঁজা।

ধর্মবোধের এই অনুস্লত অবস্থা যে সভ্যতার কোনও পুরাকল্পে প্রচলিত পরা বিদ্যার পরাবর্তানজনিত অপকর্ষের নিদর্শন নয়, কিংবা কোনও লাপ্ত বা অপ্রচলিত প্রাতন সংস্কৃতির বিকৃত অবশেষ নয়—একথা জোর করে বলা যায় কিন্তু একে ধর্মের আদিয় গের ছবি বলে মানলেও ক্ষতি নাই-কেননা পরিণামের ধারা যে এইখানে এসেই থেমে গেছে, তা তো নয়। আমাদের অজানা অনেক পর্ব পার হয়ে ক্রমে দেখা দিয়েছে আরও উন্নতধরনের নানান্ ধর্ম-প্রাচীন সভ্য জাতিসমূহের সাহিত্য বা লেখমালার অবিল্পু অংশে যাদের ইতিবৃত্ত আমরা খংজে পাই। এই নতুনধরনের ধর্মে আছে বহুদেবতার উপাসনা, স্থিতত্ত্বের জল্পনা, বিচিত্র প্রোণকাহিনী, নানা আচার অনুষ্ঠান সাধনা ও শীলান,শাসনের জটিল সমাহার—যারা অনেকসময় সমাজব্যবস্থার সংগ্য ওতপ্রোত হয়ে গভীরভাবে জডিয়ে গেছে। অধিকাং**শক্ষেত্রে এ**সব ধর্ম কোনও জাতি বা উপজাতির ধর্ম এবং বিশেষ করে তাদের জীবন ও চিন্তার উৎকর্ষের একটা মাপকাঠি। বাইরের থেকে দেখুতে গেলে কোনও গভীর আধ্যাত্মিকতার স্মৃপন্ট প্রভাব তাদের মধ্যে খ্রুজে পাই না। কিন্তু অপেক্ষাকৃত উন্নততর সংস্কৃতির বেলায় রহস্যবিদ্যা ও গ্রহাসাধনার একটা পাকাপোক্ত ভিত্তির 'পরে ধর্মকে প্রতিষ্ঠিত করে, কিংবা অধ্যাত্মবিজ্ঞান ও অধ্যাত্মভাবনার আভাসযুক্ত নানা স্বস্থগোপিত গ্রেন্ম্খী রহস্যের উপদেশ স্বারা এ-ন্যুনতার

প্রণ হয়েছে। তব্ এসব ধর্মে রহস্যবিদ্যা কি বিভূতিযোগ অনেকক্ষেত্রেই অবান্তর একটা প্রক্ষেপ অথবা পরিশেষমাত্র এবং সবসময়ে ধর্মের সাধনায় তার সন্ধানও মেলে না। দেবশক্তির উপাসনা, যাগযজ্ঞ, সদাচার এবং সমাজধর্মের গতান্ব্যতিক অন্বর্তন—এই হল এক্ষেত্রে ধর্মের সাধারণ র্পরেখা। তার মধ্যে অধ্যাত্মবিচার বা জীবনদর্শন সম্পর্কে গোড়াতে কোনও সম্ম্পট বিব্তি না থাকলেও, অনেকসময় নানা তল্ত্রে ও প্রাণকথায় তার আভাস স্তিত হয়েছে এবং দ্ব-এক জায়গায় অবান্তর অন্শাসনের জঞ্জাল ঠেলে তা বিবিক্ত আত্মসত্তা নিয়ে মূর্ত হয়েও উঠেছে।

সর্বত্র সিন্ধ ভাবক বা বিভূতিযোগের প্রবর্ত-সাধকেরাই সম্ভবত ধর্মের প্রদ্যা। নিজের রহস্যান ভবকে নানা বিশ্বাস কল্পকাহিনী ও অন ুষ্ঠানের আকারে তাঁরাই সর্বসাধারণের চিত্তে সংক্রামিত করেছেন। প্রকৃতির রহস্য সর্বপ্রথম ধরা পড়ে ব্যক্তির হৃদয়ে এবং ব্যক্তিই তথন গণচিত্তকে অভিনবের পথে টেনে বা হি'চড়ে নিয়ে চলে। হয়তো অবচেতন গণচিত্তে প্রথম দেখা দেয় নব-স, ষ্টির অরুণলেখা। তবু সে-চিত্তের রহস্যান, ভতি ও ভাবক-ব্রত্তিকে আশ্রয় করেই তার অভিব্যক্তি ঘটে এবং ব্যক্তিবিশেষকে যোগ্য আধার-রূপে পেলে তবে তার আকূতি চরিতার্থ হয়। অভিনবের আলোকচ্ছটায় গণচেতনাকে সহসা দীপ্ত করে তোলা প্রকৃতিপরিণামের আদিচ্ছন্দ নয়। এখানে-সেখানে আধার বেছে প্রথম একটি-একটি করে দীপের শিখা জত্বলে—তারপর শুরু হয় গণদেবতার বিপাল জ্যোতিরংসব। ভাবকের চিন্ময় অভীপ্সা ও অনুভব সাধারণত গাঁথা হয় 'উপনিষং' বা রহসাশাস্ত্রের মন্ত্রমালায় এবং দু-চারটি দীক্ষিত ছাড়া অপরের তাতে অধিকার থাকে না। ক্রমে ধর্মসাধনার পরম্পরাগত প্রতীকের ভিতর দিয়ে সর্বসাধারণের হিতার্থে তার বিতরণ বা সঞ্চয়ের ব্যবস্থা হয়। আদিমানবের চিত্তে এই প্রতীকরাশিই ছিল ধর্মের মর্মরহসোর বাহন।

ধর্ম সাধনার এই দ্বিতীয় স্তরের পরে দেখা দিল তৃতীয় একটা স্তর। তার লক্ষ্য হল অধ্যাত্ম যোগবিদ্যার রহস্যের ঢাকা খুলে তার সত্যকে সবার মধ্যে পরিবেশন করা—যা-কিছ্ব তার সর্বসাধারণের র্চিকর, তাকে সর্বজনলভা করে তোলা। এখনথেকে আধ্যাত্মিকতাই হল ধর্ম সাধনার মর্মকথা। শৃথ্য তা-ই নয়, তাকে সাধক-সাধারণের অধিগম্য করবার জন্য প্রকাশ্য অনুশাসনের ব্যবস্থা হল। প্রে যেমন রহস্যতক্তের মধ্যে বিদ্যা ও সাধনার বিশেষ-বিশেষ পন্ধতি প্রচলিত ছিল, এবার তেমনি প্রত্যেক ধর্মে তার নিজস্ব মতবাদের অনুক্ল দর্শন ও সাধনার বিশিষ্ট ধারা দেখা দিল।...চিন্ময়-পরিণামের এমনিতর অন্তর্গ ও বহিরণ্গ দৃটি তক্তের মধ্যে মরমী সাধক বেছে নিরেছেন আগেরটি, আর ধার্মিক নিরেছেন পরেরটি। বস্তুত দৃটি পন্ধতিতে দেখা

দিয়েছে প্রকৃতিপরিণামের একটা যুক্ষবিভাব : একটিকে পরিণামশক্তি সীমিত পরিসরের মধ্যে সংহতে হবার ফলে তীক্ষাবীর্য হয়ে উঠেছে. আরেকটিতে সেই বীর্যেরই নতুন সূচিট ব্যাপক পরিসরের কূলে-কূলে ছডিয়ে পডছে। প্রথমটির লক্ষ্য একাগ্রতাসিন্ধির ন্বারা শক্তিকে ফলোন্ম্য করা. আর দ্বিতীয়টির দ্বারা সাধিত হচ্ছে তার ব্যাপ্তি এবং প্রতিষ্ঠা। শক্তি-পরিণামের বহিরখ্য প্রবৃত্তির দর্ক মর্মীদের অভীপ্সালম্ব গোপন সম্পদ সবার ভোগে এল বটে, কিন্তু তার মাহাত্ম্য শূর্চিতা ও তীব্রসংবেগ কুণ্ঠিত হল। মরমীদের সাধনার মূলে ছিল অতর্ক্য বোধিজাত দিব্যভাবাবেশে উৎসারিত বিজ্ঞানের বীর্য । চিৎ-শক্তির নিগতে সংবেগেই তাঁদের অতীন্দিয় সত্যের অপরোক্ষ সাক্ষাৎকার ঘটত। কিন্তু গণচিত্তের তো সে-বীর্য নাই--থাকলেও আছে অপূর্ণ অমার্জিত অপরিপূষ্ট দ্র্ণের আকারে। তাকে ভিত্তি করে একটা-কিছু গড়ে তোলা কখনও নিরাপদ নয়। তাই জনসাধারণের বহিরঙগ-সাধনার জন্য সত্যকে সাজাতে হল বুদ্ধিকদ্পিত মতবাদের সঙ্জায়—তাদের উপাসনা-পর্ম্বতিতে রইল শুধু ভাবের আবেগ এবং অনাডম্বর অথচ অর্থ পূর্ণ আচারের অনুষ্ঠান মাত্র। সেইসংশ্য গণচিত্তে চিদ্বীর্যের বৈন্দ্ব-সত্তা হল ব্যামিশ্র এবং তর্রালত—তাকে হাতের মুঠায় পেয়ে দেহ-প্রাণ-মনের অবরব্যাত্ত তার নকল করতে শরে, করল। এমান করে বিজাতীয় ব্তির ছোঁয়াচে আসলের স**েগ** নকলের খাদ মিশলে যেমন রহস্যবিদ্যার বীর্যহানি ও অপভ্রংশের সম্ভাবনা আছে: তেমনি অদুশাশক্তির সাধনায় অজিতি বিভৃতির অপবাবহরেরও আশুকা আছে। এই ভয়েই প্রাচীনকালের মরমী সাধকেরা বিদ্যাগর্বাপ্ত, অধিকারিভেদ ও কঠিন বিধি-নিষেধের দ্বারা সাধনরহস্যকে এত করে আগলে রাখতে চাইতেন। বিদ্যার অতিপ্রচার এবং তঙ্জনিত ব্যভিচারের আরেকটা অবাঞ্চিত আতঙ্ককর পরিণাম হল অধ্যাত্মতত্ত্বকে বু, দিধর খোপে পুরে আড়ন্ট মতবাদে পর্যবিসিত করা এবং জীবনত সাধনার প্রাণশক্তিকে অন্ধ আচার-অন্তুঠান ও ব্রত-নিয়মের দত্পীকৃত জঞ্জালের তলায় চাপা দেওয়া। তার ফলে দিনে-দিনে ধর্মের বিগ্রহ অসাড এবং প্রাণহীন হয়ে ওঠে। তবু এ-দুর্গতির দায় প্রকৃতিকে বহন করতেই হয়: কেননা শুধু শক্তির সংহরণ নয়—তার পরিব্যাপ্তিও যে পরি-ণামিনী প্রকৃতির চিন্ময় প্রবেগের একটা স্বারসিক সাধন।

অধ্যাত্মসিদ্ধর জন্য আপ্ত-প্রামাণ্য ও আচার-অন্ত্রানের 'পরেই প্রধানত বাদের নির্ভার, এমনি করে সেইসব ধর্মের উৎপত্তি হুল। অনুভূতির কিছ্ননা-কিছ্ন সত্য তাদের মধ্যে আছে বলে সমাজে তারা টিকেও থাকে। জনসাধারণের বৃদ্ধিমান্দ্য কেবল আচারের দিকটাকে বড় করলেও, দ্ব-চারজন সাধকও যতদিন এসব ধর্মের অন্তর্নিহিত সনাত্র সত্যাটকৈ সম্প্রদারের পরম্পরায় জিইয়ে রাখেন অথবা যুগে-যুগে প্রাণের ম্পর্শে নতুন করে তাকে

রাঙিয়ে তোলেন,—ততদিন তীরসংবেগী অধ্যাত্মপিপাস,র রন্ধাজিজ্ঞাসা এবং আত্মমুম্মুক্ষাকে তৃপ্ত করবার সামর্থ্যও এদের থাকে। তার ফলে এসব ধর্মে কালক্রমে দেখা দেয় উদারপন্থী আর নর্বাবধানী এই দু,'ধরনের সাধনার ধারা। প্রথমটির ঝোঁক ধর্মের সাবলীল আদিম রূপটি বজায় রাখবার দিকে। মতে ধর্ম বহু,ভাগ্গম—মনুষ্যপ্রকৃতির সর্বন্ত তার প্রভাব ছড়িয়ে আছে। কিন্তু নববিধানী সাধক এই লোকরঞ্জনাকে মোটেই আমল দিতে চান না। তাঁর মতে ধর্ম হবে অনাড়ম্বর। বিশ্বাস আচার ও উপাসনার এমন্-একটি সহজ ও সংস্কৃত রূপকে তিনি দাঁড় করাতে চান, যা সাধারণ মানুষেরও বুলিং হুদুয় ও শীলসাধনার প্রবৃত্তিকে অনায়াসে পরিতপ্ত করতে পারে। ধর্মের রাজ্যে দেখা দিয়েছে যুক্তিবাদের আতিশয্য। অতীন্দ্রিয় অনুভবের যে সাধনা অলখের সঙ্গে চিত্তকে যোগযুক্ত করবে, তার প্রতি নব্য নৈষ্ঠিকের বিশেষ-কোনও প্রীতি কি আম্থা নাই। অধ্যাত্মসাধনার জন্য বহিশ্চর মনের ব্তিসমূহের অনুশীলনই যথেষ্ট—এই তাঁর মত। এইজন্যেই নর্বাবধানী সম্প্রদায়ে প্রায়ই দেখি, মানুষের ধর্মজীবন রসহীন অনুদার ও কার্পণ্যোপহত। তাছাড়া ব্যান্ধর নেতিবাদ সেখানে অতিমাত্রায় প্রশ্রয় পেয়ে, আধ্যাত্মিকতার সব বিভূতি ছাঁটতে-ছাঁটতে অবশেষে কিছুকেই আর মানতে চায় না। তার মতে তখন ধর্ম মিথ্যা, অধ্যাতা অনুভব মিথ্যা—সত্য শুধু বুদ্ধির এষণালখ্য বিত্তটাক। কিন্তু চিৎসত্তার ছোঁয়াচ না পেলে ব্যদ্ধি কেবল জড়ো করবে অর্থকরী অপরা বিদ্যা ও কল-কারখানার উপকরণ, প্রাণগঙ্গার গোম খীকে শ্বকিয়ে ফেলে অভিশপ্ত জীবনে আনবে মৃত্যু ও বিস্তান্তির মার এবং এমনি করে আবার সে চক্রাবৃত্ত অবিদ্যাশক্তির কবলে ফিরে যাবে। এছাড়া তার দেউলিয়া শক্তির ভাণ্ডারে প্রাণকে বাঁচাবার বা তাকে নতুন করে স্যাণ্টি করবার আর-কোনও উপায় অবশিষ্ট থাকবে না।

প্রাচীনকালের অধ্যাত্মসাধনায় যে অথণ্ড সৌষম্যের বোধ ছিল, তাকে বিপর্যক্ত না করে প্রসারিত করতে পারলেই অধ্যাত্মপরিণামের প্রগতি নির্ভক্ষ হত, অথচ তাতে থাকত আদিম অথণ্ডভাবনার অট্ট ছল। অর্থাৎ সংহতির সঙ্গো বিচ্ছুরণের জর্ড় মিলিয়ে একটা উদারতর সামঞ্জস্যের স্ত্র আবিদ্দার করা তথন কিছুই কঠিন হত না। এদেশে দেখেছি ধর্মসাধনার বেলাম বোধির আদিম প্রেতিকে কখনও কেউ থব করেনি, কিংবা প্রকৃতিপরিণামের সমগ্র ছল্দে যতিভঙ্গ ঘটায়নি। কারণ ভারতবর্ষে ধর্ম কথনও একছেন মতবাদের গোঁড়ামিতে বাঁধা পড়েনি। ধর্মের বিচিত্র রূপায়ণের বিপত্ন সমারোহকে এদেশ যে স্বীকারই করেছে শৃধ্ তা নয়, ধর্মবাধের ক্রমিক বিকাশে যা-কিছুই বৈশিষ্ট্য দেখা দিয়েছে, অপক্ষপাতে তাকেই সে জীর্ণ করবার চেষ্টা করেছে—কাউকে ঠেকিয়ে রাখতে বা ছেটে ফেলতে চায়নি। তাই দেখি রহস্যবিদ্যার

সাধনাকে ভারতবর্ষ চরমে তুলেছে যেমন—তেমনি সবধরনের অধ্যাত্মবিচারকে আপন কোলে স্থান দিয়েছে, অধ্যাত্ম অনুভব সিদ্ধি ও সাধনার প্রত্যেকটি ধারাকে অনুসরণ করেছে তার তৃষ্গাশিখর হতে সাগরগহন প্যাদ্ত-বিচরণ করেছে তার অমিত প্রসারের ক্লে-ক্লে। প্রকৃতিপরিণামের স্বাভাবিক রীতিতে ষে-বদান্যতা আছে, তার অনুবর্তানে এদেশ ঘটে-ঘটে চিন্ময় আবেশ ও অভ্যুদয়ের সকল ধারাকে সহজেই স্বীকার করেছে, ব্রহ্মসাযুজ্যের কোনও সাধনাকে প্রত্যাখ্যান করেনি, অধ্যাত্মপ্রগতির প্রত্যেকটি পথ ধরে চলেছে চরম লক্ষ্যের দিকে—এমন-কি তার উৎকটতম আতিশ্যাকেও বাজিয়ে নিতে সে ভয় পায়নি। অধ্যাত্মপরিণামের বিভিন্ন ভূমিতে মান্ব দাঁড়িয়ে আছে। প্রত্যেককে তার অধিকার অনুযায়ী স্বধর্মানুকূল সাধনার পথ দেখিয়ে দিতে হবে—এই হল এদেশের ধর্মনীতি। তাই অধ্যাত্মবোধের তৃষ্গতম শিখরে চিদাকাশের অনুত্তর মহিমায় অবগাহন করবার আকৃতি নিয়েও আদিমানবের লুপ্তাবশেষ ধর্ম সাধনাকে সে উপেক্ষা করেনি, বরং একটা গভীরতম অনুভবের বাঞ্জনা দিয়ে তাকে মহীয়ান করতেই চেয়েছে। এমন-কি সাম্প্রদায়িক ধর্মের একান্ত কর্নোমকেও সে কোনঠাসা করে রাখেনি। আধ্যাত্মিকতার সাধারণ লক্ষ্য ও সাধনার সঙ্গে একটা গোত্রসম্পর্ক থাকলেই তাকে সে স্থান দিয়েছে গণসভার অর্গাণত বৈচিত্রোর মেলায়। কিন্তু ধর্মসম্পর্কে এই উদার সাবলীলতাকে সে প্রতিষ্ঠিত করতে চেয়েছে ধর্মশাসিত সমাজব্যবস্থার 'পরে। মূলসূত্র হল পর্বে-পর্বে মানুষের প্রকৃতিকে এমন করে ফুটিয়ে তোলা, যাতে শেষ পর্বে এসে সে চরম অধ্যাত্মসাধনার একটা অবাধ অবকাশ পায়। সামাজিক কাঠামোর এই অপরিবর্তানীয়তা একসময়ে হয়তো জীবনকে আচারে যেমন সংহত করেছে, তেমনি বিচারে মাজিসাধনার ভিত্তিকেও করেছে দুঢ়মূল। তার দর্ন একদিকে নিষ্ঠার বীর্য যদিও সমাজকে আত্মরক্ষার শক্তি দিয়েছে, তব্ত আরেকদিকে অখন্ড-ঔদার্যের স্বভাবছন্দকে বিকৃত করে তার মধ্যে এনেছে আত্মসঙ্কোচ ও দানা-বাঁধবার প্রবৃত্তির অনিষ্ঠকর অতিশয্য। সমাজের একটা দ্র্যভিত্তি অবশাই চাই। কিন্তু পরিণামের লীলায়নে লীলায়িত হবার সামর্থাও তার থাকা উচিত। সমাজে ক্রম থাকবে, কিন্তু সে-ক্রমের ন্বভাব হবে উপচয়—আডণ্টতা নয়।

তব্ বলব, ভারতবর্ষে ধর্ম ও অধ্যাত্মপরিণামের এই বহুভণিগম প্রকাশ একটা স্বাদেথ্যর লক্ষণ। এদেশ ধর্মাসাধনায় মান্ধের জাবিন ও প্রকৃতির সবথানিকে ঠাই দিয়েছে, তার আধ্যাত্মিক সম্ভাবনাকে কোনদিকেই থর্ব করতে
চায়নি। অথচ বৃদ্ধির স্বাতন্ত্যকে কৃষ্ঠিত না করে কিংবা বৃদ্ধির পরিপন্থী
না হয়ে তার স্বাভাবিক স্ফ্তিকে সে অধ্যাত্ম এষণার অন্ক্লে নিয়োজিত
করেছে। তার ফলে পাশ্চাত্যদেশের মত বৃদ্ধির দ্বন্থ ও অতিপ্রাধান্যের নীচে

চাপা পড়ে মানুষের স্বাভাবিক ধর্মবোধ এদেশে শুকিয়ে ওঠেনি, কিংবা ইহসর্বস্ব জড়বাদের কুটিল আবতে তলিয়ে যায়নি। ধর্মের সমস্ত খুটি-নাটিকেই মেনে নেওয়া, কোনও মত কি পথকে প্রত্যাখ্যান না করে সবার উধের থাকা—ধর্মসম্পর্কে এমনতর বিশ্বজনীন সাবলীলতাকে নানা অবাঞ্চিত বিকৃতির প্রসূতি বলে শ্বন্ধিবাদী নৈষ্ঠিক হয়তো হাঁকিয়ে দিতেই চাইবেন। কিন্তু এর একটা প্রতাক্ষ শৃভফল দেখছি আধ্যাত্মিক এষণা সাধনা ও সিদ্ধির অতিবিচিত্র ও অনুপম ঐশ্বযে^ৰ, তার বহুযুগব্যাপী আয়ুষ্য এবং অধ্যা প্রতিষ্ঠায়, তার লোকাতত সর্বজনীনতায় এবং তার তুজাতা সক্ষাতা ও বিশ্বতোম, খ বৈপ,লো। এমন ঔদার্য ও সাবলীলতা ছাড়া প্রকৃতিপরিণামের বিরাট আকৃতি পরিপূর্ণ সিদ্ধির কৃলে কোনমতেই পেণছতে পারে না। ব্যক্তির আকৃতি ধর্মের কাছে চায় অধ্যাত্ম অনুভবের একটা প্রবেশিকা কিংবা তারই অনুকলে কোনও সাধন—চায় দিশারী আলোর অচপল দীপ্তি, অনাগত সংখ্যবতীর পর্থানদেশি, ইংহাত্তর সিন্ধির আশ্বাস কিংবা ঈশ্বরের সাযুক্তা। সাম্প্রদায়িক ধর্ম তার সংকীর্ণ মত ও পথের অনুশীলন দ্বারা ব্যক্তিমনের এ-দাবি সহজেই মেটাতে পারে। কিন্তু প্রকৃতির গভারতর আকৃতি হল মানুষের মধ্যে চিন্ময় স্বভাবকে ফর্টিয়ে তোলবার আয়োজন করা—এই মর্ত্যের মান্যকেই দিব্য মান্ধে রূপান্তরিত করা। এই লক্ষ্যের দিকে মান্ধের আদর্শবোধ ও সাধনশক্তিকে প্রচোদিত করবার জন্য প্রকৃতির হাতে একমাত্র উপায় আছে ধর্ম। তাই তৈরী আধার পেলে ধর্মবোধকে উদ্দীপ্ত করেই প্রকৃতি মানুষকে উত্তরায়ণের পথে এগিয়ে যাবার সঙ্কেত দেয়। তার জন্যই সাধনপর্ম্বতির এত অগ্নেতি বৈচিত্র্য সে স্বান্টি করেছে। তারা কেউ স্থাণ্ন, অপরিবর্ত সহ ইতোনাহিত-বাদী কেউবা সাবলীল, বহুভিগম, স্বচ্ছন্দ-পরিণামী। যে উদার ধর্মে বহু ধর্মের সংকলন ও সমন্বয় আছে, প্রত্যেকের অন্তরের সঙ্গে সার মিলিয়ে সাধনার নির্দেশ দিতে পারে যে-ধর্ম, তাকেই বলতে পারি মহাপ্রকৃতির আকৃতির সর্বাপেক্ষা অনুগত সনাতন মানবধর্ম। এই ধর্মাই হবে মানুষের বহুধাপুষ্ট ও প্রত্পিত চিন্ময়ী এয়ণার জন্মভূ, জীবের তপস্যা সাধনা ও সিম্ধির বিশাল গ্রুকুল। অতীতে ধর্মের সাধনায় যত প্রমাদ ঘটে থাকুক, তার একমাত্র সাধ্য ও অনতিবর্তনীয় সার্থকিতী এই যে, মনের অবিদ্যাগহন পথে আজও সে আমাদের দীপঞ্কর—উপচীয়মান আলোর ইশারায় সে-ই আমাদের নিয়ে চলেছে চিৎপর্র্যের আত্মবিদ্যা ও প্র্পাংবিতের জ্যোতিলোকের দিকে।

রহস্যবিদ্যা বা অতীন্দ্রিরবিজ্ঞানের লক্ষ্য হল প্রকৃতির নিগ্
ঢ়ে সত্য ও শক্তির আবিষ্কার শ্বারা সঙ্কীর্ণ জড়ত্বের দাসত্ব হতে মান্ধকে মৃক্ত করা। প্রাণের পরে মনের এবং জড়ের পরে প্রাণ-মনের যে অব্যক্ত রহসাময় প্রভাব বাইরে অস্ফ্র্ট থেকেও ভিতরে-ভিতরে অপরোক্ষভাবে কাজ করে চলেছে, তাকে হাতের মুঠায় এনে ইন্টার্সান্ধর অনুকলে রূপায়িত করাই রহস্যবিদ্যার বিশেষ **লক্ষ্য। সেইসঙেগ সে চা**য়, বিরাট্-পরেরুষের জড়োত্তর স্থিতির তুষ্গতায় গভীরে কি অন্তরিক্ষে যেসব লোক ও সত্তের সংস্থান আছে, তাদের সঙ্গে যুক্ত হয়ে সেই যোগসিদ্ধির দ্বারা উত্তরজ্যোতির সত্যকে আয়ত্ত করতে এবং মানুষের প্রকৃতিজয়ের সঙ্কম্পকে সফল করতে। এমনতর একটা অভীপ্সা চিরকাল মানুষের মধ্যে আছে। কেননা বোধির ইশারা কি ওপারের আদেশ এই বিশ্বাসই তার চিত্তে জাগায় যে, সে একটা মূং-পিপ্ড নয় শ্বধ্—সে আত্মস্বর্প, মনোময় ও ক্রতুময়। শ্বধ্ব ইহলোকের কেন. লোক-লোকান্তরের সকল রহসাই তার হাতের মুঠায় আসবে. কেননা প্রকৃতির শিক্ষান্বিশি না করে তার 'পরে ওদ্তাদি করবারও সামর্থ্য তার আছে। রহস্য-বিজ্ঞানীরা জডজগতের রহস্যও জানতে চেয়েছিলেন। তাঁদেরই সাধনার ফলে জ্যোতির্বিদ্যার উন্নতি ও রসায়নের স্থিউ হয়েছে, জ্যামিতি ও সংখ্যার্গাণতের চর্চা অন্যান্য বিজ্ঞানকেও প্রগতির পথে এগিয়ে দিয়েছে। কিন্ত তাঁদের মুখ্য কারবার ছিল অতিপ্রাকৃত রহস্যকে নিয়ে। এই অর্থে রহস্য-বিদ্যাকে বলতে পারি অতিপ্রাকৃতের বিজ্ঞান। কিন্তু বস্তুত তার সকল প্রয়াস পর্যবিসত হয়েছে জড়ের গণ্ডি ছাপিয়ে জড়োত্তরের ভূমিতে উত্তীর্ণ হওয়াতে। সতা বলতে রহস্যবিদ্যা কিন্ত অসম্ভবের আলেয়ার পিছনে ছোটে না। বিশ্বপ্রকৃতির এলাকা ছাড়িয়ে এমন-কোথাও সে যেতে চায় না, যেখানে অলীক कल्भना वा जालांकितकत त्थायानातक देख्या कतलारे मिन्धतृभ प्रविद्या हाला। আমরা যাকে অতিপ্রাকৃত বলি, বস্তুত তা প্রকৃতির অন্যস্তরের ক্রিয়া—কোনও নির্গা, কারণে জড়ের স্তরে ব্যক্ত হয়েছে। অথবা তার মালে রয়েছে রহস্য-বিজ্ঞানীরই কোনও সাধনবীর্য। তিনি চান, সশক্তি বিরাট্-পুরুষের উধর্ব-বিভূতিতে প্রজ্ঞা ও বীর্যের যে-ভাণ্ডার সঞ্চিত আছে, তাকে অধিগত ক'রে এই মর্ত্যাভূমিতে তার শক্তি ও ক্রিয়াকে মূর্ত করতে। লোক-লোকান্তরের মধ্যে একটা ওতপ্রোত সম্পর্ক থাকলে এ-কিছু, অসম্ভব ব্যাপার নয়। আজপর্যন্ত প্রাণ-মনের সকল শক্তিই বর্তমান ভৌম-কল্পে স্ফ্রারিত হয়নি। স্ত্রাং তাদের স্ফুরণোন্মুখ সামর্থ্যকে জডবস্তুতে কি জডের ব্যাপারে সংক্রামিত করা —এমন-কি উধর্বলোক হতে তাদের নামিয়ে এনে বিশেবর সাম্প্রতিক ব্যবস্থার সঙ্গে যুক্ত করা বিভূতিযোগীর অসাধ্য নয়। ত্রার ফলে যোগীর শুধু নিজের নয়, অপরেরও দেহ-প্রাণ-মনের 'পরে লোকোত্তর মনঃশক্তির অধিকার সম্প্রসারিত হবে-এমন-কি বিশেবর শক্তিম্পন্দকেও তাঁর নিয়ন্তিত করবার সামর্থ্য জন্মাবে। সম্মোহনশক্তির কথা এষ্বগে সর্বাই জানে। অতিপ্রাকৃত শক্তির আবিষ্কার ও তল্মসম্মত প্রয়োগের এও একটা নিদর্শন, যদিও বিজ্ঞান ও প্রক্রিয়ার ব্রুটিতে এ-বিদ্যার অধিকার এখনও আমাদের কাছে সংকুচিত। অতীন্দ্রিয়-শক্তির অতর্কিত বা নিগ্রু ক্রিয়া কতবার মান্বকে ছংরে-ছংরে যায়, কিন্তু মান্ব তার ধরন জানে না—হয়তো-বা দ্ব'চারজন তার একট্বখানি হিদিস পায়। প্রতিম্বহুতেই অপরের আধার হতে কিংবা বিশ্বর্শক্তির বিপ্রল ভান্ডার হতে আমাদের মধ্যে ঝরে পড়ছে বা আবিল্ট হচ্ছে সংজ্ঞা ভাবনা বেদনা সংবেগ ও সঙ্কল্পের কত ইঙ্গনা, প্রাণ ও মনঃশক্তির কত আপ্লাবন। আধারকে আলোড়িত করে তারা আমাদের 'পরে ছাপ রেখে যাচ্ছে—কিন্তু আমরা কি তার সন্ধান রাখি? এই আন্দোলনের ধরন ব্রুতে পারা, তার অন্তর্নিহিত প্রকৃতি-শক্তিকে আয়ন্ত করে কাজে লাগানো বা তার রিন্টি হতে আত্মরক্ষা করা রহস্যাবিদ্যার অন্যতম উদ্দেশ্য। কিন্তু ওতেই তার অন্শীলনের প্রয়োজন নিঃশেষ হয়ে যায় না। কেননা এই স্বল্পাধীত বিদ্যার বিশাল পরিধিতে বহ্ববিচিব্র প্রয়োগবিজ্ঞানের যে বিপর্ল রহস্য নিহিত আছে, তার কতট্বুকু পরিচয়ই-বা আমরা প্রয়েছি?

আধর্নিক যুগে জড়বিজ্ঞানের আবিষ্দ্রিয়ার পরিসর বেডে যাওয়াতে জডপ্রকৃতির অনেক নিগঢ়ে শক্তিই মান্যুষের আয়ত্তে এসেছে এবং নিজের জ্ঞান-ব্রিম্থ মত তাদের সে কাজেও লাগিয়েছে। কিন্তু স্থেগ-স্থেগ রহস্যবিজ্ঞানেরও পসার কমেছে। অবশেষে তাকে বাতিল করা হয়েছে এই য্বক্তিতে যে, জড়ই বিশ্বের একমাত্র তত্ত্—প্রাণ ও মন তার একদেশী পরিণাম মাত। বিশেবর সকল রহস্যের চাবি জড়শক্তির হাতে, এই বিশ্বাসের বশে প্রাণ ও মনের বৃত্তিকে বিজ্ঞান নিয়ন্তিত করতে চেয়েছে—তাদের প্রাকৃত বা বৈকৃত ব্যাপ্রিয়া ও প্রবৃত্তির ম্লে জড়শক্তির যে-ক্রিয়া আছে তার স্ত্র ধরে। অধ্যার্থবিজ্ঞান তার দ্ঘ্রিতে মনোবিজ্ঞানেরই একটা শাখা মাত্র। বিজ্ঞানের এ-প্রচেষ্টা সার্থক হলে মানবজাতির অহ্নিতত্বসম্পর্কেই শৃঙ্কিত হবার কারণ ঘটতে পারে। মন যখন তৈরী হয়নি কিংবা ধর্মবিন্দির দৈন্য ঘোচেনি, তখন প্রকৃতির প্রলয়ঞ্করী শক্তির ভান্ডার হাতে এলে তার অপপ্রয়োগে আনাডী মানুষ কতখানি দুদৈবি ঘটাতে পারে, বৈজ্ঞানিকের অনেকগালি সাম্প্রতিক আবিষ্কারের পরিণাম হতে তা বোঝা গেছে। জড়শক্তি দিয়ে প্রাণ- ও মনঃ-শক্তিকে আয়ত্ত করতে গিয়েও মান্য এই বিপদই ডেকে আনবে—কেননা তার এ-প্রচেষ্টা হবে জীবনের মর্মা-ধিষ্ঠাত্রী নিগ্যন্তেশক্তির রহস্য না জেনেই কৃত্রিম উপায়ে তাকে বশ করতে যাওয়া। পাশ্চাত্যদেশে রহস্যবিদ্যা সাবালিকা হয়নি কোনকালেই, কেননা দর্শনি ও সাধনতল্যের দিক দিয়ে তার বনিয়াদ পাকা ছিল না বলে তার তেমন পর্নিষ্টও হতে পারেনি। তাই বিজ্ঞানের এলাকা থেকে তাকে বিদায় করা কঠিন হয় নি। রহস্যাবদ্যা ওদেশে বিহার করতে চেয়েছে অতিপ্রাকৃতের কম্পলোকে—অতীন্দ্রিয় শক্তিকে ব্যাবহারিক প্রয়োজনে খাটাবার মন্ত্র আর তন্ত্র আবিষ্কার করবার অপ-

চেন্টাতেই তার সমৃত্ত শক্তি নিয়েজিত হয়েছে। তাই, শেষপর্যণত তার উদ্দানত সাধনা তাকে টেনে নিয়েছে ইন্দ্রজাল ও অভিচারের রাজ্যে, মরমী অন্বভবের অনির্বাচনীয়তাকে ঘিরে স্কৃতি করেছে বিভূতিযোগের কলপমায়া এবং বিজ্ঞানের তিলকে তাল করে তার মিথ্যা গ্রুমরই বাড়িয়েছে শ্ব্র্ব্ব্ একে ব্রুদ্ধর ভিত পাকা নয়, তাতে আজগর্বির এই নেশা—এতেই রহস্যাবিদ্যার মরণ হল। বিজ্ঞানের সব্যসাচী বাণে-বাণে জর্জারত করলেও তাকে রক্ষা করতে কেউ এগিয়ে এল না। কিন্তু মিশরে এবং প্রাচ্যখণ্ডে এ-বিদ্যার অন্শালন হয়েছিল আরও উদার ভিত্তিতে। তার পরিণত র্প বিশেষ করে দেখতে পাই এদেশের তন্তুশাস্ত্রে। তল্তের রহস্যাবিদ্যা বহুশাখ অতীন্দ্রিয়-বিজ্ঞানই নয় শ্র্র্ —তা ধর্মসাধনারও অব্যক্ত-ম্লের প্রতিষ্ঠাভূমি। এমন-কি অধ্যাত্ম সাধনা ও সিন্ধির একটা সিন্ধমার্গ আবিষ্কারও তার অন্যতম বিপল্ল কীতি। বস্তুত রহস্যাবিদ্যার অন্ত্রম সার্থকতা প্রাণ-মন-চেতনার নিগ্রে স্পন্তি বা সাধনবীর্য দ্বারা আমাদের প্রাণময় মনোময় ও চিন্ময় আধারের সামর্থ্য বাড়ানোতে।

সাধারণের বিশ্বাস, রহস্যবিদ্যা কেবল যাদ; আর তন্ত্রমন্ত্রের ব্যাপার কিংবা অতিপ্রাকৃত শক্তিসাধনার শাস্ত্র। কিন্তু এ শুধু রহস্যবিদ্যার একটা দিক। রহসাচারিণী প্রকৃতি-শক্তির এই প্রচ্ছন্ন দিকটা যারা খানিকটা বা মোটেই তলিয়ে দেখেনি, কিংবা তার সম্ভাবিত সামর্থ্য নিয়ে কখনও নাড়াচাড়া করেনি,—তারা একে কুসংস্কার বলে উড়িয়ে দিতে চাইলেও এ তো নিছক কুসংস্কার নয়। বিজ্ঞান যেমন আজ নানা অসাধ্য সাধন করছে তেমনি মন্ত্রশান্তের প্রয়োগে প্রকৃতির সম্প্রশক্তিকে যদিত করে প্রাণ ও মনের সঙ্গোপন বীর্যকে অপ্রাকৃত উপায়ে অথচ অশ্ভূত সাফল্যের সঞ্জে কাজে লাগানো নিতান্ত অসম্ভব কিছ্ম নয়। কিন্তু রহস্যবিদ্যার এইটি যেমন মুখ্য প্রয়োগ নয়, তেমনি এ-প্রয়োগের সিন্ধির পরিসরও সংকীর্ণ। কারণ প্রাণশক্তি আর মনঃশক্তির লীলা স্ক্রের বিচিত্র এবং সাবলীল—তার মধ্যে জড়শক্তির মত নিয়মের কাঠিনা নাই। অতএব তাদের তত্ত্ব প্রবৃত্তি ও প্রয়োগের রহস্য জানতে হলে বোধির সক্ষ্যে ও সাবলীল সংবেদন প্রয়োজন। এমন-কি প্রাণ-মনের চিরপরিচিত ব্রতির রহস্য ও প্রয়োগ ব্রুতে গেলেও বোধির সাহায্য ছাড়া অগ্রসর হবার উপায় নেই। তাই যন্ত্র-মন্ত্রের বাঁধা গৎ অনেকসময় বিদ্যার সক্ষমপ্রচারকে ব্যাহত ক'রে তাকে যেমন আড়ন্ট ও বন্ধ্যা করে, তেমনি প্রয়োগের দিক দিয়েও বহু প্রমাদ অপচার অসিন্ধি ও মৃঢ় গতানুগতিকতার কারণ হয়। জড়কেই বিশ্বমূল মনে করার কুসংস্কার আমরা দিনে-দিনে কাটিয়ে উঠছি। স্টেরাং প্রাচীন রহস্যবিদ্যার একটা নবীন রূপায়ণ এবং প্রাকৃত-মনের গোপন রহস্য ও বিভূতির বৈজ্ঞানিক

গবেষণার সঙ্গে-সঙ্গে, চিন্ময় ও অপ্রাকৃত বা অতীন্দ্রির্তির গভীর অন্-শীলনের দিকে আমাদের ঝোঁক হওয়া এখন স্বাভাবিক। কোথাও-কোথাও তার লক্ষণও দেখা দিয়েছে। কিন্তু এ-সাধনায় সিদ্ধিলাভ করতে হলে রহস্যাবিদ্যার সত্যকার ভিত্তি চর্যা ও লক্ষ্য কি ছিল, এ-পথের সাধককে কী বিধিনিষেধ ও সত্রকবাণী মেনে চলতে হত—তার প্রনার্বাব্দকার আবশ্যক। রহস্যাবিজ্ঞানের বিশেষ লক্ষ্য হবে—প্রাণ- এবং মনঃ-শক্তির নিগ্র্ সত্য এবং বীর্যকে অধিগত করা এবং গ্রহাহিত চিৎসত্তার মহত্তর বিভূতিসম্হকে আবিদ্কার করা। ব্যক্তি ও বিশ্বের অধিচেতনভূমি হল রহস্যাবিদ্যান্-শীলনের প্রধানক্ষের। তাই তাকে বলতে পারি অধিচেতনার বিজ্ঞান—র্যাদও অন্মুখগক্রমে অবচেতন ও অতিচেতন ভূমির সঙ্গেও তার একটা সম্বন্ধ আছে। রহস্যাবিদ্যার অন্নশীলনে আমাদের আত্মজ্ঞান ও বিশ্বজ্ঞানের পরিধি যদি বাড়ে এবং সেজ্ঞান সত্যের বীর্যকে এই জীবনেই স্ফ্রিত করে, তবেই তার সার্থকতা।

মান্বের মূন্ময় আধারে চিন্ময়-পরিণামকে সার্থক করতে হলে পরা বিদ্যাকে বৃদ্ধি দিয়ে বোঝবার ও মন দিয়ে ধারণা করবারও একটা অপরিহার্য প্রয়োজন আছে। সাধারণত প্রাকৃতভূমিতে আমাদের ভাবনা ও কর্মের মুখা-সাধন হল ব্রুদ্ধি, কেন্না ভয়োদর্শন অবধারণ ও যুক্তিযোজনার দ্বারা মনের বিচিত্র অনুভবকে সে-ই গুর্ছিয়ে নেয়। অধ্যাত্ম প্রগতি বা চিন্ময়-পরিণামকে সর্বাণ্গসম্পন্ন করতে হলে শুধু যে বোধি, অন্তর্দু ছিট, অন্তঃসংজ্ঞা ও নিষ্ঠা-প্ত হ্দয়াবারা চিদ্বিলাসের প্রত্যক্ষ গভীর আস্বাদন—এই বৃত্তিগর্নিকে উম্জ্বল করে তুলতে হবে, তা নয়। সেইসংগে বৃদ্ধিকেও করতে হবে প্রতি-বোধিত এবং তৃপ্ত। জাগ্রত চিত্তের ভাবনা এবং বিচার যাতে মনুষাপ্রকৃতির এই অন্ত্রম উৎকর্ষ ও প্রবৃত্তির ততুসাধনা আর লক্ষ্য সম্পর্কে একটা সমুশৃঙ্খল য্তিষ্কু ধারণায় পেশছতে পারে এবং তার অন্তর্নিহিত সত্যের বিষয়ে সচে-তন হতে পারে, তারও আয়োজন করতে হবে। সত্য বটে, চিন্ময়-পরিণামের অন্তর্গ্য সাধন হল অধ্যাত্ম অনুভব ও তত্ত্বসাক্ষাৎকার, বোধিজাত অপরোক্ষ-বিজ্ঞান এবং অন্তশ্চেতনার পরিস্ফরেরণে আত্মার একটা অলোকিক প্রত্যক্ষ দিব্যদর্শন ও প্রাতিভসংবিতের সামর্থ্য। কিন্তু সেইস্পে ব্রন্ধির বিচার ও যুক্তি দিয়ে এদের সমর্থন করবার গ্রেক্ত নিতান্ত কম নয়। বহু সাধকের পক্ষে বৃদ্ধির ব্যাপার বাহ্ল্য মনে হতে পারে—কেননা তত্ত্বস্ত্র অপরোক্ষান্-ভবের দীপ্তিতে তাঁদের অন্তর উল্জবল বলে অন্তরাব্ত সন্বোধির রসেই তাঁরা তৃপ্ত। কিন্তু চিন্ময়-পরিণামের সমণ্টিধারার দিকে তাকালে মনে হয়, এক্ষেত্রে বৃদ্ধিরও সহযোগিতা অপরিহার্য। প্রমার্থ-সত্য যদি চিন্মর তত্ত্ব হয়, তাহলে তার স্বর্প কি এবং জীবজগতের সঙ্গে তার সম্পর্কই-বা কি— মান_ংষের বৃদ্ধি নিশ্চয় তা জানবার দাবি করতে পারে। অবশ্য অপরোক্ষ

চিন্ময় তত্ত্বের রাজ্যে বৃণ্ধি নিজে আমাদের নিয়ে যায় না । কিন্তু তাহলেও বৃত্তির রেখায় চিন্ময় সত্যের একটা ছবি এ'কে তাকে সে মনের কাছে স্পষ্ট করে তুলতে পারে এবং তা অপরোক্ষ এষণার অনুক্ল সাধনও হতে পারে। সাধকজীবনে বৃণ্ধির এ-আনুক্লাট্কুর যে বিশেষ-একটা মূল্য আছে, তা বলাই বাহ্লাঃ।

চিন্তাশক্তির মারফতে মানুষের মন চিন্ময় সত্যের একটা স্থলে ধারণা করতে পারে, তার সবিশেষ ও নিবিশেষ দুটি বিভাবেরই ন্যায়সিন্ধ রূপটি ব্রুতে পারে—এমন-কি তাদের অন্যোন্যসম্পর্ক এবং আরোহ-অব্রোহের ধারাটিও তার কাছে অস্পন্ট নয়। তাছাড়া বিশ্বমূলকে চিন্ময় বললে যুক্তির দ,িষ্টতে কি-কি সিম্পান্ত অপরিহার্য হয়ে পড়ে, তাও তার জানা আছে। তত্ত্ব-বস্তুকে এমনি করে ব্রেথ নিয়ে যুক্তির কাঠামোয় দাঁড় করানো বুদ্ধির একটা ম্ল দাবি ও প্রধান দায়। কিন্তু এছাড়া তার একটা বড় কাজ হল—অন,ভবের যাচাই করে তার রাস টেনে ধরা। সমাধি বা অনুরূপ অপরোক্ষানুভবকে মেনে নিতে তার দ্বিধা নাই। কিন্তু তব সে জানতে চায়, বিশ্বসত্যের কোন স্ক্রি-চিত তত্ত্বসংস্থানের 'পরে তার ভিত্তি। বাস্তবিক গোডার সতাকে জানবার কি যাচাই করবার সুযোগ না থাকলে, আমাদের তর্কবৃদ্ধি স্বচ্ছলেই অলোকিক অনুভবকে অনিশ্চিত ও দুর্বোধ বলে সন্দেহ করতে পারে কিংবা সত্যাগ্রিত নয় বলে তার প্রতি বিম্ম্থ হতে পারে। তাছাড়া অধ্যাত্ম অন্ভবের ম্লকে না হ'ক, তার পল্লবনকে বৃদ্ধি বিশ্বাস করতে পারে না এইজন্যে যে, বস্তৃত সে-পল্লবন হয়তো প্রমাদদ, ষ্ট, প্রাণময় মানসের কম্পনাবিকারে কল, যিত কিংবা ভাবাবেগ ইন্দ্রিয়সংবিৎ না নাডীতন্তের অপেরণা স্বারা বিপর্যস্ত। ইন্দিয়-প্রাণ-মনের পক্ষে ভুলপথে চলা আশ্চর্য কিছুই নয়। ইন্দ্রিয়গ্রাহ্য জড়ের সীমা হতে অলক্ষ্য অতীন্দ্রিয়ের রাজ্যে উৎদোশ্ত বা উৎক্ষিপ্ত হবার সময় কখনও তারা আলেয়ার পিছনে ছোটে, কখনও উপলব্ধ তত্ত্বের সংস্কারদম্ভ দর্ব্যাখ্যার ম্বারা বস্তুর স্বর্পসত্যকে বিকৃত করে, কখনও-বা স্বচ্ছদ্রিষ্টর অভাবে চিন্ময় সত্যের ব্যঞ্জনাকে আচ্ছন্ন ও বিশৃতখল করে।...রহস্যবিদ্যার সাধনা ও সিন্ধিকে যুক্তিবৃদ্ধি অপ্রমাণ বলে উড়িয়ে দিতে হয়তো পারবে না। কিন্তু তাহলেও অতিপ্রাকৃত শক্তির অনুভূত লীলায়নের মূলে যে তত্ত্ব তল্ম ও তাংপর্যের প্রেরণা, তাদের যৌক্তিকতা সম্পর্কে একটা জিজ্ঞাসা তার থাকবেই। বিভূতি-যোগী তাঁর বিদ্যার যে-অর্থ করেন, তা-ই কি তার তুত্ত্ব না তার অন্যকোনও অর্থ আছে—ব্দিখর এ-প্রদন অসংগত নয়। কেননা বিচ্ছৃতিযোগের স্বর্প ও প্রয়োজনের গভীরতর তাৎপর্যকে ভুল বোঝা, অথবা অধ্যাদ্ম অনুভবের সমগ্র পরিবেশে তার যোগ্য স্থানটি আবিষ্কার করতে না পাঁরা সাধারণ যোগাঁর পক্ষে কিছু অসম্ভব নয়।...বৃশ্ধির তাহলে তিনটি কাজ : প্রথমত তত্ত্বের অবধারণ,

তারপর যুক্তির কচ্চিপাথরে তাকে কষে দেখা, এবং সবশেষে সংহত ও সংযত আকারে তাকে রূপ দেওয়া। '

ব্যান্ধর এ-আক্তি চরিতার্থ হয় আমাদের চিত্তান্থিত দার্শনিক বিচারের স্বাভাবিক প্রবৃত্তিতে। অবশ্য এক্ষেত্রে দর্শন বলতে ব্রুব আধ্যাত্মিক বিচার শাস্ত্র। প্রাচ্যখণ্ডে এধরনের দর্শনিশাস্ত্র দেখা দিয়েছে অগ্রেন্ড : যেখানেই অধ্যাত্মসাধনার উৎকর্ষ ঘটেছে, বৃদ্ধির কাছে তার রূপটি স্পন্ট করবার জন্য সেখানেই দর্শনের সূচিট হয়েছে। প্রথমত বোধির দর্শনকে বোধির ভাষাতে ব্যক্ত করবার চেষ্টা হয়েছে—যেমন উপনিষদের অতলান্ত ভাবনা ও গভীর-গহন বাণীতে। তারপর তাকে ধরে গড়ে উঠেছে তত্ত্বসমীক্ষার বিতর্ক বহলে পর্ন্ধতি —যুক্তি ও ন্যায়ের স্কুট্ শৃঙখলায় গাঁথা। তার মধ্যে দেখি অন্তরের উপ-লব্বির বিব্রতি—কখনও বৃদ্ধির কাছে (যেমন গীতায়), কখনও-বা তর্ক-প্রমাণের দরবারে। কোথাও-বা পাই তত্ত্বসাক্ষাংকারের অন্কুল চিত্তভূমি বা সাধনদ্রমের বৈজ্ঞানিক বর্ণনা—যেমন পাতঞ্জলদর্শনে। পাশ্চাত্যদেশে কিন্তু চেতনার সমন্বয়ী বৃত্তির জায়গায় দেখা দিয়েছে বিভজ্যবাদের বিবেকসাধনী ব্যত্তি: তাই সেখানে আধ্যাত্মিক প্রেতির সঙ্গে বিচার-বৃদ্ধির গোড়া থেকেই ছাড়াছাড়ি হয়ে গেছে এবং সেইজন্যে পাশ্চাত্যদর্শন বিশ্বের রহস্যকে ব্রুবতে চেয়েছে শুধু বুশ্বি ও তর্কশাস্ত্রের সাহায্যে। তবু সেদেশে পিথাগোরিয়ান্ ন্টোইক ও এপিকিউরিয়ান প্রস্থানে একটা প্রাণের সাড়া ছিল, কেননা তাতে বিচারের সঙ্গে আচারেরও যোগ ছিল—সাধনার একটা ধারা ধরে আধারকে আন্তর অনুভবের ঐশ্বর্যে সার্থক করবার একটা প্রয়াস ছিল। এই সমন্বয়-রীতি অধ্যাত্ম-বিজ্ঞানের সান্দেশে পেশছল পরের যুগের 'অর্বাচীন-ক্রীশ্চান' বা 'নীও-প্যাগান' দর্শনে—যার মধ্যে প্রাচ্যের সঙ্গে প্রতীচ্যভাবের মিলন ঘটল। কিন্তু তারপরেই শুরু হল প্রতি<u>কি</u>য়া। বৃণিধচর্চার আতিশয্যে দর্শনের সঙ্গে कीयनम्भरम्बत मकल रयाण छिल्ल रल- िन्यस स्थातनात छेल्मार्ल भर्निकरस राजा। কিংবা শৃষ্কতকের খাত বেয়ে তার একটা শীর্ণধারা জীবনে ও কর্মে বেচে রইল জীবনরসহীন পরোক্ষতার দৈন্য নিয়ে। তাই ওদেশে চিরকাল ধর্মের ওকালতি করে এসেছে দর্শনশাস্ত নয়—'শরীয়ং' বা 'মজ্হবী' তত্তৃকথা। ক্দাচিৎ কোনও সাধকের প্রবল প্রতিভা এক-আধটা অধ্যাত্মশান্দের স্ফিট করলেও এদেশের মত অধ্যাদ্মসাধনা ও সিম্পির যে-কোনও সার্থক র পায়ণের পাশে দর্শনিশাস্থ্রের একটা অপরিহার্য উপাধ্য জ্বড়ে দেবার রেওয়াজ কোন-कारनारे उत्पर्ण हिन ना। अवना िन्यास अन्यस्वत्क पर्णतनत काठात्यास त्य প্রেতেই হবে, এমন-কোনও আইন নাই। কেননা চিন্মর সত্যের অপরোক্ষ ও অখণ্ড অনুভব আমরা পাই বোধির সহায়ে—তত্ত্বস্তুর সাক্ষাং সংস্পর্শন্বারা। দার্শনিকের রীতি সেধানে পরোক্ষ সাধন, অতএব অবাশ্তর। তাছাড়া অধ্যাস্থ

অন্ভবকে বৃদ্ধির কণ্ডিপাথরে যাচাই করবার পদ্ধতি অন্নেকসময় অনৈশ্চিত্য এবং বাধারও সৃণ্ডি করতে পারে, কেননা বৃদ্ধির অবরদীপ্তি দিয়ে বােধির উত্তরজ্যােতিকে পরখ করবার মধ্যে প্রমাদ ঘটবার সম্ভাবনা খ্বই স্বাভাবিক। অন্তরের উপলন্ধির সত্যকার যাচাই হতে পারে একমাত্র অন্তর্ম বৃধ বিবেকশক্তি দিয়েই—যার মধ্যে আছে অধ্যাত্মচেতনার উপায়কুশল্তা। সেখানে উধর্বলাকের শক্তিপাত অথবা অন্তর্যামীর স্বভাবজ্যােতির প্রেরণা হয় আমাদের যথার্থ দিশারী। তব্ বৃদ্ধির উৎকর্ষসাধনাপ্ত নির্থক নয়, কেননা চিংশক্তি ও তর্ক্বিধর মধ্যে যোগাযােগের একটা সেতু থাকা নিতান্তই আবশ্যক। চিন্ময়ী বৃদ্ধির মধ্যে যোগাযােগের একটা সেতু থাকা নিতান্তই আবশ্যক। চিন্ময়ী বৃদ্ধির না হ'ক, চিদ্বাসিত বৃদ্ধির দীপ্তিতেই আমাদের আন্তর পরিণাম প্র্ণেকল হয়। নইলে গ্রহাশায়ী সত্য দিশারীর অভাবে বৃদ্ধির প্রসাদহীন অন্তর্বন্তি হয়তো প্রমাদী ও উচ্ছ্ত্থল, অচিৎ-বৃত্তির সাঙ্কর্যে আবিল কিংবা ব্যাপ্তিচেতনার ন্যুনতাহেতু অপ্র্ণ ও একদেশদশী হয়। অতএব অবিদ্যাশক্তিকে অথন্ড সর্ববিদ্যায় র্পান্তরিত করতে হলে চাই চিন্ময়ী বৃদ্ধির একটা অন্তরিক্ষলোক, যেথানে উধর্বলাকের ভাস্বতী দীপ্তি ব্যুহিত হয়ে প্রচারিত হবে আধারস্থ অপরা প্রকৃতির তন্তে-তন্তে।

কিন্তু শুধু ধর্মসাধনা, বিভৃতিযোগ বা অধ্যাত্মবিচার দিয়ে প্রকৃতির প্রতর এবং মহত্তর আকৃতি কখনও সম্পূর্ণ সফল হয় না। চিন্ময় অনুভবের দিকে যতক্ষণ তারা চেতনার মোড় ফিরিয়ে না দিচ্ছে, ততক্ষণ এই তিনটি পথের কোর্নাটিই মান্বের মনোময় আধারে চিন্ময়সত্ত্বের উন্মেষ ঘটাতে পারে না। সে-উন্মেষ সিন্ধ হয়, যখন এই তিনটি সাধনার অন্তর্লক্ষ্যকে অপরোক্ষ-অন্-ভব দ্বারা আমরা আয়ত্ত করি এবং উপলব্ধির তিল-তিল সম্পয়ে কিংবা সর্ব-গ্লাবিনী বিদ্যুতীতে অন্তরকে নতুন করে গড়ে তুলি চেতনার রূপান্তর দ্বারা --- দেহ-প্রাণ-মনের এই কণ্ট্রককে বিদীর্ণ করে আবিঃ-স্বরূপে নির্মান্ত করি গ্রহাশায়ী চিৎপরেষকে। অধ্যাত্ম প্রগতির এই চরম লক্ষ্যের দিকেই আর-সব সাধনার অভিসার। বহিরজ্গ-সাধনার দায় নির্বাহ করে জীব যখন অন্ত-রঞা-সাধনার অবন্ধনতায় মৃত্তি প্রায়, তথনই তার সত্যের অভিযান শ্বর হয় —দিগন্তের কোলে উ^{ৰ্ণ}ক দেয় হিরণ্যবর্তনির জ্যোতিলেখা। এতকাল মনোময় মান্য শুধু ওপারের রহস্যের সঙ্গে তার পরিচিতিকে মার্জিত করেছে—অনুভব করেছে উত্তরায়ণের একটা অস্ফুট সংবেগ, শীলবিশাুন্ধির একটা আদর্শচেতনা। লোকোত্তর কোনও সত্য কি শক্তির সংস্পর্শে হয়তো-বা তার হৃদয়ে প্রাণে ও মনে নতুন একটা উম্পীপনা জেগেছে। ধর্মভাবনা শীলসাধনা ও বিভৃতিযোগ অতীত যুগে সৃষ্টি করেছে পরেত ও গুণিনকে, সাধ্-সঙ্জন বা छानौ প্রেষকে—যাদের বলতে "পারি মনোমর মানবত্বের আকাশপ্রদীপ। কিন্তু শুধু 'মনসা' নয় 'হুদা-মনীষা' সত্যকে অনুভব

করবার অধিকার মান্ষ পেল যখন, তখনই জগতে দেখা দিল ঋষি যোগী সন্ত প্রবক্তা ও মরমীর মেলা। আর এইধরনের উত্তমপুর্ব্ধদের আবির্ভাব হল যেসব সম্প্রদায়ে, তারাই সনাতন ধর্মার্পে অধিকার করল জগদ্গ্র্ব্র আসন, সমগ্র মানবজাতির হৃদয়বেদিতে জন্মলাল চিন্ময়ী অভীপ্সা ও সাধনার হোমাশখা।

চেতনার পটে চিন্ময়-ভাবনার নির্মাক্ত ও বিবিক্ত প্রকাশ প্রথমে দেখা দেয় জ্যোতির্ঘন একটি বিন্দরেপে। অপ্রবৃদ্ধ ও বহিশ্চর প্রাকৃত দেহ-প্রাণ-মনের সংস্কারান্ধতার মসীঘনতায় সে যেন একটা অরুণিমার উপচয়—যেন লোকোত্তর অনুভবের একটা চকিত বিদ্যাং। আলো আসে শৃ ভিকত চরণে—ধীরে-ধীরে তার গ্রন্থন ঘোচে, কেটে যায় সাধ্বসকম্পিত প্রকাশের জড়িয়া। আদিপর্বের সূচনায় দেখি ধর্মবোধের একটা আবছায়া, যাকে ঠিক অধ্যাত্মচেতনা না বলে বলতে পারি প্রাণ ও মনেরই একটা আক্তি কি আশ্বাস—চিন্ময় আধার বা উপাদানের একট্রখানি আশ্রয় পেয়ে। লোকোত্তর অনুভবের যে-ছোঁয়াচ-টুকু এইসময়ে মানুষ পায়, তা-ই দিয়ে সে চায় মনশ্চেতনাকৈ বা শীলাচারের আদর্শকে উল্জব্বলতর করতে, কিংবা তার দেহ ও প্রাণ-বাসনার চরিতার্থতা ঘটাতে। কেননা সতাকার অধ্যাত্মপরিণামের জনা তথনও তার চিত্ত তৈরী পরিণামের প্রথম সূচনা মূর্তি ধরে আমাদের প্রাকৃত প্রবৃত্তির চিন্ময় জারণাতে—যেন তাদের রন্থে-রন্থে ছড়িয়ে পড়ে দিব্যভাবের একটা আবেশ বা দেশনা। হয়তো প্রাণ-মনের বিশেষ-কোনও চক্রে কি ব্যত্তিতে নেমে আসে লোকোত্তর একটা অনুভাব বা আস্তবের দ্যোতনা। চিদ্বাসিত ভাবনায় বিলিক হানে উৎসপিণী কোন বিজলীশিখা, হৃদয়ের আবেগে ও রসচেতনায় কোথা হতে জাগে উধর্বচেতনার জোয়ার, চারিত্রে দেখা দেয় চিদাবিষ্ট শীলাচারের একটা দীপ্তি, প্রাণের প্রবৃত্তিতে উপচে ওঠে কী-এক চিন্ময়ী প্রেরণার উদ্বেলন। এমনি করে আধারের প্রাণলীলায় উচ্ছনিসত হয় অনির্বাচনীয় নবায়নের প্রবর্তনা। তথন অন্ভব হয়, মনেরও ওপারে আছেন এক অন্তর্জ্যোতির্ময় নিত্যযুক্ত শাস্তা ও নিয়ন্তা—মানুষের অন্তর সাড়া দেয় তাঁর গোপন ইশারার বৈদ্যুতীতে। তব্ এ-অন্ভবের আলোকে জীবনের আদ্যুন্ত প্রদীপ্ত হয়ে ওঠে না, সব-কিছ্ তার ছাঁচে নতুন করে গড়ে ওঠে না। কিন্তু বোধির এই চকিত দীপ্তি যঞ্জন সংহত হয়ে একটা বিশেষ ধারায় প্রবাহিত হয়, কিংবা তার অন্তঃদ্থ চিদ্ঘন র পায়ণ সমগ্র জীবনে ব্যাপ্ত হয়ে প্রকৃতিকেও জারিত করে, তখনই আধারে শ্রুর হয় চিন্ময় দিব্যভাবনার ক্রিয়া। তার ফলে জগতে দেখা দেয় ভক্ত সন্ত ঋষি যোগী প্রবক্তা ধর্মবীর বা 'খুদাই-থিদমতগার'এর বাহিনী। অধ্যাত্মজ্যোতিতে চিদ্বীর্যে বা সমাধিরসে উল্লাসিত প্রাকৃতসন্তার একদেশকে আশ্রয় করে তাঁদের অধিষ্ঠান। যোগী-খাষিরা চিন্ময় মনোলোকের অধিবাসী—তাদের মনন ও

দর্শনকে প্রেষিত এবং আকারিত করে এক অন্তর্গন্ত লোকোত্তর নৃহৎ জ্যোতির বিজ্ঞানময় দীপ্তি। ভত্তের হ্রদর জুড়ে জুলে এক চিন্ময়ী অভীস্সার দহন-নিংশেষে নিজেকে স'পে দিয়ে আঁতিপাঁতি করে ব্যক্তিতকে খোঁজবার অন্তহীন ব্যাকুলতা। সন্তের অন্তরের অন্তরে ঘটে চৈত্যপূর্বধের উন্থোধন—আপন স্বধার বীর্যে তিনিই নেন তাঁর ভাবোদেবল প্রাণময়-পরে, ধের প্রশাসনের ভার। আর কর্মযোগীর স্ফুরন্ত প্রাণপ্রকৃতির মধ্যে নামে চিংশক্তির উত্তর-প্রবেগ। তাঁর সমস্ত চিত্তের মোড তা ফিরিয়ে দেয় উদ্দীপ্ত চিত্তের কর্মসাধনার দিকে— ঈশ্বর্নিদিন্টি কোনও জীবনত্রত অথবা কোনও দিবাশক্তি দিবাভাবনা বা দিব্য আদর্শের আরাধনার অভিমাথে। এ'দের মধ্যে সর্বোক্তম হলেন মাক্তপারুষ। অন্তর্যামী চিদাআকে জেনে বিশ্বচেতনায় অবগাহন করেও, আবার অধ্যাত্মযোগে তিনি নিত্যযুক্ত রয়েছেন বিশ্বোত্তরের সঙ্গে। অথচ জীবন ও কর্মকে প্রত্যা-খ্যান না করে বাস্বদেবের নিমিত্তর্পে বিশ্বের কুর্ক্ষেত্রে গ্রহণ করেছেন সব্যসাচীর কর্মভার। এই অধ্যাত্মর পায়ণের অনুত্তম সিন্ধি দেখা দেয় আত্মা মন হাদয় ও কর্মের পূর্ণ প্রমাক্তিতে—বিশ্বচিতের দিবারসায়নে জারিত করে নতুন ছাঁচে তাদের ঢেলে নেওয়ায়।* এমনি করে জীবের চিন্ময়-পরিণাম উত্তীর্ণ হয় গোরীশঙ্করের উত্তঃগতায়--দিকে-দিকে উৎক্ষিপ্ত হয় তার উত্তমা প্রকৃতির শৃষ্ণারাজি। আর এই উচ্ছিত্রত মহাবৈপ্রলোর ওপারে দেখা দেয় অতিমানসের সোপানমালা—উধের উৎসারিত হয়ে চলেছে কোন্ অব্যক্ত অনুত্তরের রহস্যলোকের দিকে।

মান্ধের মনোমর আধারে চিন্মর-প্র্ধের উন্মেষের সাধনাকে প্রকৃতি আজ অধ্যাত্মলাকের এই সান্দেশে এনে পেণছৈ দিয়েছে। এইবার প্রশ্ন হতে পারে, মান্ধের এ-সিন্ধির বাদ্তব তাৎপর্য কি এবং তার অধিগত ঋন্ধিরই-বা কি পরিমাণ। আধ্নিকের জড়সর্বদ্ব বিদ্রোহী চিত্ত চিজ্জগতের প্রতি প্রকৃতি-পরিণামের এই স্কুপন্ট ইশারাকে খ্ব স্নুনজরে দেখেনি। তার ধারণা, একে চেতনার যথার্থ পরিণাম বলা ভূল—কেননা এক্ষেত্রে আধ্যাত্মিকতার নামে অজ্ঞানের ম্টুতাকে ফ্রলিয়ে-ফাঁপিয়ে আকাশে তোলা হয়েছে এবং তাতে মান্ম প্রগতির সাধনা হতে প্রন্থই হয়েছে। মান্ধের সত্যকার জীবনরত হল প্রাণ্শক্তির উন্মেষ ঘটানো, বাদ্তবতার ভূমিতে জড়ীয়-মনের উৎকর্য সাধন করা, উন্দেশ ভাব ও ম্টু আচারকে য্কির শাসনে আনা এবং বস্তৃতন্য ব্রুম্বর গবেষণা ও কৃতির শক্তিকে উত্তরোত্তর তীক্ষ্ম করে ড্রোলাট এ-ব্রেগের রায় হল : ধর্ম অতীত্যুগের একটা কুসংস্কার, অতএব আধ্যুনিক সমাজের একটা অবাঞ্বনীর বাহ্বলামাত্ত। অধ্যাক্ষসাধনা ও সিন্ধিতে আছে শ্বহ্ব ভাবকালির

^{*} গাঁতোত্ত অধ্যান্মসাধনা ও সিন্ধির তাংপর্যও **অ-ই**।

ধোঁয়া। ভাবক অবাস্তবতার উপাসক—নিজেরই রচিত অতীন্দিয় কহকের অবশ্য এ-সিম্ধান্ত জড়বাদীর, কেননা জড়কে বিশ্বের ধাঁধায় দিশাহারা। একমাত্র তত্ত্ত মেনে জীবনের বহিরপাকেই সে বড করে দেখেছে। কিন্ত ভিতরের ফাঁকি ধরা প'ডে একদিন তার এ-সিম্বান্তের প্রামাণ্য বাতিল হতে উৎকট জড়বাদী ছাড়াও, ইহসর্বন্দ্ব বৃদ্ধিজীবীদের বন্দ্রতন্ত্র চিত্তে আরেকধরনের জডবাদ বাসা বে'ধেছে। অধ্যাত্মবাদ মানুষের বিশেষ-কোনও উপকারই করেনি—এই হল আধুনিক মনের লোকায়ত একটা সংস্কার। বলে : আধ্যাত্মিকতার সাধনায় জীবনসমস্যার কি কোনও সমাধান হয়েছে? জীবনের যেসব জটিল প্রশেনর সঙ্গে মানুষ আবহমান কাল যুঝে এসেছে, ধর্ম তার কোনু গ্রন্থিটা মোচন করেছে? ভাবক যখন জীবন থেকে সরে দাঁডান ইহবিম্য তপস্যার ঝোঁকে কিংবা ভাবের চক্ষ্ম উলটে দিয়ে, তখন জীবনের বাস্তব সাধনায় তিনি উদাসীন। আবার কখনও তাঁর সাধনবিত্তকে সকল দঃখের দাওয়াই রূপে লোকের সামনে যদি হাজির করেন. তখন তার মধ্যে এমনকিছ, বৈশিষ্ট্য থাকে না, যা একজন করিতকর্মা বা জ্ঞানব, শিধসম্পন্ন সাধারণ মানুষের ব্যবস্থাতে ছিল না। বরং ভাবকের অন্ধিকারচর্চায় মানুষের সহজন্থিতিও পর্যাকল হয়ে ওঠে। কেননা তাঁর প্রবৃত্তিসামর্থ্যহীন ভাবকালির অনভাস্ত আলোক সাধারণ ব্রুম্ধিকে ধাধিয়ে দিয়ে বিকারের সূচ্টি করে এবং জীবনের গ্রেরুতর অথচ সহজবোধ্য বাস্তব সমস্যাকে শুধু ঘুলিয়ে তোলে।

কিন্তু চিন্ময়-পরিণামের তাৎপর্যকে কিংবা আধ্যাত্মিকতার প্রয়োজনকে এইধরনের মাপকাঠিতে মাপতে যাওয়া অন্যায়, কারণ অতীত বা বর্তমানের মনোময় ভিত্তিতে দাঁড়িয়ে জীবনসমস্যায় সমাধান করা আধ্যাত্মিকতার সত্যকার দায় নয়। সে চায় মান্বের আধার ও জীবনের একটা অকল্পিত র্পান্তর—তার বিজ্ঞানসাধনার একটা নতুন বনিয়াদ। ভাবকের মধ্যে যে ইহবিম্খীনতা বা তপশ্চর্যার ঝোঁক দেখি, সে শ্ব্র জড়প্রকৃতির সীমায়নের বির্দ্থে তার বিদ্যোহের একটা ঐকান্তিক র্প। জড়প্রকৃতিক সে ছাড়িয়ে যাবে—এই তার বিধির বিধান। স্বতরাং প্রকৃতির র্পান্তর ঘটাতে না পারলে, প্রকৃতিকেই তার ছাড়তে হবে বাধ্য হয়ে। কিন্তু তাবলে নিখিল মানবের জীবনধারা হতে চিন্ময় মান্য তো নিজেকে কোনকালেই সম্পূর্ণ বিযুক্ত রাথেননি। কারণ, মৈন্ত্রী কর্ণা সর্বাত্মভাব ও সর্বভূতের কল্যাণে নিজেকে উৎসর্গ করবার প্র্যুসতকলপই* যে তাঁর চিন্ময়-ভাবনার বাসন্ত উচ্ছনসে রসের যোগান আনে। এই দিব্যপ্রেরণাই বারবার তাঁকে টেনে এনেছে সমাজের ব্বকে, প্রাচীন ঋষি বা

^{*} গাঁতা দুষ্টবা। কর্ণা ও মৈত্রীকে (বস্থৈব কুট্মুন্থকম্') বোম্থেরা মনে করতেন ব্রহ্মবিহারের সর্বোত্তম সাধন; ক্রিশ্চানেরাও প্রেমকে সবার উপরে স্থান দিরেছেন। এসমস্তই চিস্মরভাবনার স্থ্রতার নিশানা।

নবীদের মত তাঁকে করেছে প্রাকৃত মান্বের দিশারী। কখুনও-বা সিস্ক্লার প্রেতি নিয়ে তিনি মত্যের ধ্লায় নেমে এসেছেন। তাঁর সে সংবেগের মধ্যে যখন চিৎবীযের অপরোক্ষ প্রচোদনা আহিত হয়েছে, তখন তাঁর স্ভিত্ত হয়েছে ব্রগান্তরের প্রবর্তক। তব্ বলব, ভাবকের আধ্যাত্মিকতা জীবনসমস্যার সমাধান করতে চেয়েছে বহিরঙগ কোনও সাধনের 'পরে নির্ভর করে নয়—যদিও তাকে একেবারে উপেক্ষাও সে করেনি। কিন্তু অন্তরঙগ সাধনন্বারা চেতনা ও প্রকৃতির র্পান্তর ঘটানোতেই সে জীবনের সকল প্রশেনর সত্য সমাধান খংজে প্রয়েছে।

অধ্যাত্মসাধনার ফলে আজপর্যন্ত মানুষের চেতনায় কোনও বিপ্লব আর্সেনি. শ্বধ্ব তার ভান্ডারে সঞ্চিত হয়েছে সক্ষ্মভাবের কিছু অভিনব উপাদান। অর্থাৎ চেতনার ঐশ্বর্য বাডালেও অধ্যাত্মসাধনা তার গোগ্রান্তর ঘটার্য়ান— স্পর্শমণির ছোঁয়ায় জীবনকে সে সোনা করে তোলেনি। তার কারণ, মানুষের গণচেতনা কোনকালেই চিন্ময় প্রবেগকে সমগ্রভাবে ধারণা করতে পারেনি। আধ্যাত্মিকতার আদর্শ হতে বারবার সে চ্যুত হয়েছে, কিংবা তার শাঁস ছেডে ছোবডাকেই বড করে দেখেছে। অচিতের সাধনাকে আশ্রয় করে চিতিশক্তির কারবার চলবে জীবনের সংগ্যে অথবা রাষ্ট্রিক বা সামাজিক কোনও মকরধনজ দিয়ে সংসারের সকল ব্যাধি সে দূর করবে—এটা আশা করাও আমাদের অন্যায়। রোগের নিদান না জেনেও এমনিতর হাতুড়ে চিকিংসা করতে পারে আমাদের প্রাকৃত-মন। বারবার ব্যর্থ হয়েও চিকিৎসার একই পর্ন্ধতিকে সে আঁকড়ে আছে. তাই তার এই ব্যর্থতার কলঙ্কও দূরে হবার নয়। বাইরের বিপ্লব যত সর্বনাশা-হ'ক, তাতে প্রকৃতির রূপান্তর কথনও সিন্ধ হবে না—শুধু প্রাচীন অনর্থটাই নতুন রূপে দেখা দেবে। এতে মানুষের পরিবেশ বদলায়—স্বভাব বদলায় না। এত করেও মানুষ সেই আগেকার মত অবিদ্যার দাস হয়ে আজও মনের কারায় বন্দী আছে—বিদ্যার অপপ্রয়োগ বা অসার্থক প্রয়োগ আজও তার কপালের লিখন। অহমিকা, প্রাণের অন্ধবাসনা ও উত্তালতা, দেহের ক্ষর্ধা— এদের শাসনই জীবনের প্রতি পদে সে মেনে চলেছে। তার বহিম 🖫 দ্বিউত আধ্যাত্মিকতার সর্বতোগ্রাহী স্বচ্ছতা নাই। নিজেকে যেমন সে জানে না, তেমনি জানে না কোনু শক্তির ক্রীড়নকর্পে সংসারে সে তাড়িত হয়ে চলেছে। জীবনের যে-কাঠামো সে গড়ে তুলেছে, ব্যক্ষি ও গোষ্ঠীর দিক দিয়ে তার একটা সার্থকতা হয়তো আছে। কেননা এ-ব্যবস্থা তাদের অধ্নাতন স্থিতির অনুক্ল, এতে আছে মানুষের দেহ এবং প্রাণের স্বীদ্হন্দ্য ও কল্যাণের খানিকটা বরাষ্দ, তার মানসিক প্রাণ্টর একটা চলনসই আয়োজন। কিন্তু তার বর্তমানের গণিডকে ছাড়িয়ে যাবার কোনও সঙ্কেত এতে নাই—তার রপান্তরসাধনার কোনও আশ্বাসও নাই। ব্যক্তি বা সমাজকে পূর্ণতায় প্রতিষ্ঠিত করতে হলে

এখনও মানুষকে বহুদ্রে উত্তরায়ণের পথে এগিয়ে যেতে হবে। চাই আধারের চিন্ময় গোলান্তর, বহিশ্চর চিত্তের সম্পন্টকে ফর্টিয়ে তোলা চাই গা্হাচর চিন্ময়সংবিতের কমলদলে—তবেই-না জীবনে সত্য ও সার্থক র্পান্তরের স্ট্রনা হবে। চিন্ময় মানুষের লক্ষ্য তাই। তিনি চান নিজের চিন্ময়সত্তাকে আবিষ্কার করতে এবং তাঁর মত অপরকেও উত্তরায়ণের অভিসারে প্রেরণা দিতে। তাঁর মানব-হিতেষণারও এ-ই র্প। কেননা তিনি জানেন, বাইরের হিতেষণায় মানুষের দুঃখের সাময়িক উপশমই হতে পারে—তার বেশী নয়।

সত্য বটে, মানুষের অধ্যাত্মভাবনার লক্ষ্য এখনও জীবনের ওপারপানে নিবন্ধ বয়েছে—এপারপানে নয়। এও মানি আজপর্যত গোতান্তর ঘটেছে ব্যান্টরই—গোষ্ঠীর নয়। শুধু দুটি-একটি মানুষের জীবনে ফ্টেছে সার্থকতার ফুলু, কিন্তু গণ-জীবন তেমনি উষরই থেকে গেছে, অথবা তার মধ্যে রসের অনুষ্ঠেক হয়েছে অলক্ষা। প্রকৃতির চিন্ময়-পরিণাম এখনও অপূর্ণ, এখনও সে চলতি-পথের পথিক—বলতে গেলে সবে তার চলার শ্রে। তাই চিন্ময় সংবিং ও বিজ্ঞানের একটা ভিত্তিরচনার দিকে প্রকৃতির বিশেষ ঝোঁক। সে চায় তিলে-তিলে চিন্ময় সতোর শাশ্বতী প্রতিমার একটা পাদপীঠ বা আদল গড়তে। এইজন্য পরিণামশক্তিকে সে ব্যক্তির আধারে সংহত ও বিগ্রহঘন করে তুলতে চাইছে। নইলে শক্তির প্রসারণ ও বিচ্ছবেণ দ্বারা বিপ্লব ঘটানো সম্ভব হয় না. অতএব চিন্ময় মানবগোষ্ঠীও গড়ে ওঠে না। অবশ্য গোষ্ঠীরচনার চেন্টা ইতিপূর্বেও হয়েছে। কিন্তু সাধারণত তার লক্ষ্য ছিল ব্যক্তির অধ্যাত্ম-প**ু**ন্টির একটা গর্ভাশয় তৈরি করা। সমন্টিগত রূপান্তরের আয়োজন যতক্ষণ সম্পূর্ণ না হয়, ততক্ষণ ব্যক্তির একমাত্র সাধনা হবে চিং-সত্যের সিম্ধ বা সাধামান অন্তরংগ অনুভবকে প্রাণ-মনের আধারেও ফ্রটিয়ে তোলা—সোনার কাঠি ছুইয়ে তাদেরও সোনা করে নেওয়া। সমস্ত আয়োজন পূর্ণ হবার পূর্বেই একটা বৃহৎ চিন্ময় পরিবার গড়বার প্রয়াস ব্যাহত হয়--কখনও অধ্যাত্মবিদ্যায় শক্তিসঞ্চারের দিকটা ভাল করে না জানার দর্ন, কখনও-বা ব্যক্তিগত সাধনার গ্রুটিবিচ্যুতিতে। আবার কখনও সভ্যকে গ্রহণ করতে গিয়ে প্রাকৃত দেহ-প্রাণ-মনের অন্ধসংস্কার তাকে আচ্ছন্ন অসাড় ও বিকৃত করে ফেলে এবং তার ছোঁরাচেও সংঘের সাধনা বিপর্যস্ত হয়। ম্যুনস-ব্দিশ্বর প্রধান সাধন হল যুক্তি। কিল্তু যুক্তি-বৃদ্ধি দিয়ে মান্ধের জীবনধর্মের চিরাচরিত ব্তির মোড় ফেরানো যায় না—শর্ধ, অদল-বদল ও হরণ-প্রণের নানা কসরতে তাদের বহুর্পী করে তোলাই চলে। এমন-কি চিদ্বাসিত মনের সমগ্র শক্তিপ্রয়োগেও জীবনের গোচাশ্তর ঘটে না। চিন্ময় ভাবনা আনে অশ্তরের মনুক্তি ও দীপ্তি, মনের মধ্যে আনে উন্মনী ভূমির সল্লিকর্য, এমন-কি অমনীভাবের ঘরেও তাকে নিরে যার, আত্মদাক্তির নিগ্ঢ়ে আবেশে ব্যক্তির বহিঃপ্রকৃতিকে করে নির্মাল এবং উধর্ব শিখ। কিন্তু শ্বধ্ব মনকে অবলন্বন করে সে-ভাবনা যদি গণচেতনাকে উদ্বৃদ্ধ করতে চায়, তাহলে মর্ত্যের সমিতিজীবনকে একটা নাড়াই সে দিতে পারে, কিন্তু তার র্পান্তর ঘটাতে পারে না। এইজন্য মর্ত্যচেতনার র্পান্তরের দিকে আজও চিন্ময়-মনের ঝোঁক পর্ট্যেন। শ্ব্দ্ব সমিতিজীবনে একটা আলোড়ন তুলে ইহবিম্খ সিদ্ধির সন্ধানে সে খ্শী থেকেছে কিংবা বাইরের সমন্ত বিক্ষেপ ও ব্যুখানকে বর্জন করে আত্মম্কির বা ব্যক্তির সিদ্ধিকে সে আঁকড়ে ধরেছে একমাত্র প্রব্যার্থ বলে। বন্তুত অবিদ্যাকল্পত প্রকৃতির পূর্ণ র্পান্তর ঘটাতে হলে, মনেরও উজানের আর্কিনেও শক্তিকে আমাদের সাধনরপে গ্রহণ করা চাই।

ভাবকের বিরুদেধ আরেকটা আপত্তি তাঁর বিদ্যার ব্যাবহারিক পরিণাম সম্পর্কে নয়, কিন্ত তাঁর উপলব্ধ সত্য ও তার সাধনপদ্ধতি নিয়ে। বলা হয়, ভাবকের সাধনপর্ণতি নিছক ব্যক্তিগত—ব্যক্তিচেতনার বৃত্তি ও সংস্কারের এলাকা ছাড়িয়েও সে-সাধনা সত্য কি না, তা প্রমাণ করবার উপায় নাই। কিন্তু এ-তর্ক নিতাত্তই অসার। কারণ ভাবকের লক্ষ্য আত্মজ্ঞান এবং রক্ষাজ্ঞান। সে-জ্ঞান অন্তরাব্তু দূচ্টিতেই ফোটে—পরাকু দূচ্টিতে নয়। পারমাথিক স্বর্পজ্ঞানও যদি তার লক্ষ্য হয়—তাও তো মিলবে না ইন্দ্রিরের র্বাহর্ব,ত্ত এষণায়, বাইরের উপরভাসা তথ্যের 'পরে প্রতিষ্ঠিত তত্ত্বসমীক্ষায়, কিংবা পরোক্ষপ্রমাণজন্য অনিশ্চিত সাধনসামগ্রীর আগ্রিত জল্পনায়। আসবে স্বর্পসত্যের চিন্ময় বিগ্রহের সঙ্গে চেতনার অপরোক্ষ সন্নিকর্ষ ও সম্প্রয়োগ হতে, কিংবা তাদাত্ম্যবিজ্ঞানকে আশ্রয় করে। সে-জ্ঞানে প্রমাতা আত্মা প্রমেয় আত্মার সঙ্গে অবিনাভূত হয়ে জানবে তার সত্ত ও বিভূতির তত্ত্ব। ...আপত্তি ওঠে : কিল্ড এ-উপায়ে যে-জ্ঞানলাভ হয়, সে তো সর্বসাধারণগম্য অদ্বিতীয় কোনও তত্ত্ব নয়, কেননা ব্যক্তিভেদে আমরা যে সত্যেরও র্পভেদ দেখতে পাই। অতএব তাকে পরমার্থসত্য না বলে ব্যক্তিমনের বিকল্প বলাই ঠিক। কিন্তু অধ্যাম্মবিদ্যার তত্ত্বপু না জানলেই এমন আপত্তি উঠতে পারে। চিন্ময় সত্য চিদ্বস্তুরই সত্য-ব্রন্থির সত্য নয়, কিংবা গণিতের সিম্ধান্ত কি ন্যায়ের উপপত্তিও নয়। এ-সত্য অনন্তের সত্য, অনন্ত বৈচিত্র্যে বিভাবিত অখন্ডের সত্য—অতএব রূপবিভাবনার অন্তহীন ঐশ্বর্ধে রূপায়িতও সে হতে চিন্ময়-পরিণামের বেলায়, একই সত্যের অভিমূখে বহুবিধ সাধনা ও উপলব্ধির বিচিত্র ধারা যে বিতত থাকবেই—এ-তথ্য অনুস্বীকার্য। অনুভবের এই বৈচিত্র্য হতে প্রমাণ হয় বে, আমরা যে-সত্যের সম্মুখীন হয়েছি. সে-সত্য জীবন্ত-আচ্ছিল্ল বা বিকল্পিত নয়, অতএব তাকে প্রাণহীন বাঁধা গংএর পাথ্বরে কাঠামোর বন্দী করবার উপার নাই। তক্স্বিন্ধির আড্ন্ট কাঠিনোর কাছে সত্যের একটিমাত্র রূপ রয়েছে—সবাই তাকে মানতে বাধ্য। তার মতে,

জগতে একটিমাত্র ভাব কি ভাবধারা সর্বাজিং হবে, সবাই একটিমাত্র সাঁমিত তথ্য বা তথ্যের সমাহারকে শিরোধার্য করবে। কিন্তু এ তার অন্ধভাবে অন্যায় জনুলন্ম—কেননা এতে শ্ধ্ব জড়ত্বের সঞ্কীর্ণ সত্যের সংস্কারকে প্রাণ-মন-চেতনার সাবলীল ও বহুভিগ্যম সত্যের 'পরে চাপানো হয়।

এই অতিদেশের ফলে আমাদের অনিষ্টও হয়েছে কম নয়। এ আমাদের চিন্তার সঙ্কোচ ও সঙ্কীর্ণতা এনেছে—এনেছে গোঁড়ামি ও পরমতাসহিষ্ণতা। আমরা ভূলে গোছ যে দূণিউভাপার বহু,মুখী বৈচিত্র্য না থাকলে সত্ত্যের সমগ্র র্পটি কখনও প্রত্যক্ষগোচর হয় না, চিত্তের সঙ্কোচ ও সঙ্কীর্ণতা শুধু ভূলকে आंकरफ थाकवात श्रवाखिरक गाँकाला करत राजाल। जात करल मर्गरानत माणि কানা হয়ে যায় ঊষর তর্কের গোলকধাঁধায়, ধর্মের রাজ্যে চড়াও হয় অসহিষ্কতো গোঁড়ামি ও সাম্প্রদায়িক বৃদ্ধির মতুয়ারি। চিন্ময় সত্য ভাব ও চেতনার সত্য —চিন্তার সত্য নয়। মনোরম ভাবনায় সে-সত্যের একটিমাত্র বিভাব প্রতি-ফলিত বা রূপায়িত হতে পারে, তার অনন্ত তত্ত বা বিভতির একটিকে শুখ্য তর্জমা করা যায় মনের ভাষায়, কিংবা তার বিচিত্র বীর্যের একটা তালিকামাত্র তৈরী করা চলে। কিন্তু সত্যকে জানতে হলে তার তত্তরসে সঞ্জীবিত হয়ে তার সঙ্গে একাকার হতে হবে। এই সঞ্জীবনী তাদাখ্যাভাবনা ছাড়া অধ্যাৰ্থাবিদ্যায় কারও অধিকার জন্মায় না। অধ্যাত্ম অন্ভবের মৌলিক তত্ত্ব সর্বত্ত এক, তার চেতনাও এক-এমন-কি চিৎসত্ত্বের উদেবাধন ও পর্বিষ্টর বেলাতেও সে একই সামান্য রীতির অনুবর্তন করে। কিন্তু এই অনতিবর্তনীয় ঐক্যের তত্তকে আশ্রম করেই তার মধ্যে মঞ্জরিত হয়ে ওঠে অনুভূতি ও চিদ্বিলাসের অগণিত সম্ভূতির এই অবন্ধন লীলাকে সংহতি ও সৌষম্যে বৈচিত্ত্যের সম্ভাবনা। ছন্দোময় কবে তোলা, আবার তার যে-কোনও ধারাকে অবিচল নিষ্ঠায় চরম পর্যান্ত অনুসরণ করা—আমাদের অন্তর্গান্ত চিৎশক্তির পরিস্ফারণের এই দুটি প্রবৃত্তিই পরস্পরের পরিপ্রেকর্পে অপরিহার্য। তাছাড়া প্রাণ-মনকে চিন্ময় সত্যের সূরে বে'ধে তার প্রকাশের বাহনর পে গড়ে তোলবার সাধনাতে সাধকের সংস্কারান যায়ী বৈচিত্র্য থাকবেই—যত্তিদন এই ছন্দোন বর্তুন ও সীমিত প্রকাশের দায় হতে সে মৃক্ত হতে না পারছে। প্রাণ ও মনের এই সংস্কার্নান্টা হতেই সাধকদের মধ্যে সম্প্রদায়ভেদের উৎপত্তি এবং এইজনো দেখি সত্যোপলন্থির বিবৃতিতে নানা মুনির নানা মত। কিন্তু আধ্যাত্মিক এষণা ও প্রগতির স্বাতন্তা নিরুকুশ হয় এই বৈচিত্র্য ও মতভেদের ফলে। সমস্ত ভেদের উধের ওঠা সম্ভব বটে, কিন্তু তা অনায়াস হতে পারে নির্বর্ণ অনুভবের ভূমিতেই। নইলে ষতক্ষণ মনের র শায়ণ চলে, ততক্ষণ ভেদও ঘোচে না। একমাত্র উন্মনী ভূমির তুষ্গাতম চেতনাতেই চিন্মর সত্যের চিত্রবিভৃতি অলৈবতান,ভবের বৃল্ভে সমাক দর্শনের সহস্রদল স্বমায় ফ্রঠে ওঠে।

শ্বভাবতই চিন্ময় মান্ধের অভিব্যক্তি বহুপর্বা হবে এরং প্রত্যেক পর্বে দেখা দেবে সন্তা চেতনা ভাবনা চারিচ মেজাজ ও জীবনায়নেরও সংখ্যাতীত ব্যাফি রুপায়ণ। অন্তঃকরণের স্বভাববশে ও জীবনচর্যার তাগিদেও প্রত্যেক সাধকের ব্যক্তিগত ও যোগভূমিগত বৈশিষ্ট্য অনুসারে অর্গালত বৈচিদ্রোর সৃষ্টি হবে। তাছাড়া বিশান্ধ স্বরুপান্ভুতি ও স্বরুপাভিব্যক্তির রাজ্যও যে অন্বয়বর্ণের ভাস্বর দীশ্তিতেই শা্ব্যু উদ্ভাসিত, তাও তো নয়। সেখানেও দেখা দিতে পারে এক প্রথমজ অশ্বৈতের অমিতবিপাল চিচলীলা। বহু জীবাঝায় একই পরমাত্মা ব্যাহ থাকলেও প্রতি জীবের প্রকৃতি অনুসারে তার আত্মন্বরুপেরও চিন্ময় অভিব্যক্তি ঘটবে। একের বৃন্তে বহুর মেলা বিসৃষ্টির নিত্যবিধান। অতিমানসী চেতনার অশ্বৈতভাবনা ও অভ্যাসমাহারের তন্ত্রীতেও বাজবে এই সহস্রদল সৌষম্যের সূত্র—কেননা বিশ্বের চিচ্নবর্ণকে অবর্ণে বিলম্প্র করা কথনও প্রকৃতি-স্ব চিৎপার্ব্যের অভিপ্রায় হতে পারে না।

পঞ্চিংশ অধ্যায়

ত্রিপর্বা রূপান্তর

প্রেবো মধ্য আর্মান ডিস্টাড ঈশানো ভূতভবাসা।
.. জ্যোতিরিবাবধ্মকঃ ॥
ডং স্বাচ্ছরীরাৎ প্রবৃহেৎ...বৈধেনি ॥

कर्कार्थानवर ८।১२,১०; ७।১५

আত্মার মধ্যবিন্দর্তে আছেন এক প্রের্থ—ভূত-ভবোর ঈশান তিনি অধ্মক জ্যোতির মত সেই প্র্র্থকে...নিজের হতে প্থক করতে হবে অনেক ধৈর্যে। —কঠ উপনিষদ (৪।১২,১৩; ৬।১৭)

छमझः क्टिंग इ.म. आ वि इटन्डे।

मत्त्वम ५ १२८ १५२

হৃদয়ের এই বোধি-চেতনা দেখেছে সে-সত্যকে।

- **वर** विष () । २८ । १२)

अर्मकानकः उमः।

नामग्रामाप्रकानस्था आनमीत्थन कान्यका॥

গীতা ১০।১১

আমি তাদের আত্মভাবে স্থিত হয়ে অজ্ঞানজাত তমসাকে নন্ট করি ভাস্বর জ্ঞানদীপ দিয়ে।

—গীতা (১০।১১)

নীচীনাঃ শধ্রপেরি ব্ধা এবামশের অন্তর্নিছিতাঃ কেতৰ স্বাঃ। বর্গেছ বোধ্যেনুশংস।

অথা বয়মাণিতা রভে তবানাগসো অণিভয়ে স্যাম।

TOTAL 2 158 19,22,26

নীচম্থী এইসব রুশ্মি, কিন্তু তাদের কন্দ রয়েছে উধের্ব; আমাদের অন্তরে তারা হ'ক নি-হিত।...হে বর্ণ, এইখানে জাগো—বিছিয়ে দাও তোমার প্রশাসন; আমরা যেন থাকি তোমার ব্রততে—নিন্দকল্য থাকি অদিতির কাছে।

—**चर**्यम (১।२८।१,১১,১৫)

इरनः ग्राध्यर...सडक...सडर व दर ॥

कर्काभनिषर ७।२

হংস তিনি—শ্র্চিতে নিষশ্প,... ঋত হতে জাত—স্বয়ং তিনি ঋত এবুং বৃহৎ।
—কঠ উপনিষদ (৫।২)

কল্পনা করতে পারি : চিন্মর-পরিগামন্বারা প্রকৃতি শ্বা পরমার্থতিত্বের বোধ জাগিয়ে মান্মকে আপন কবল হতে মৃক্ত করতে চায়। কিংবা অনন্ত-ন্বর্পের শক্তির্পে বে-অবিদ্যার আবরণে নিজেকে সে ঢেকেছে, তার ছলনাকে অপসারিত করতে চার জাবৈর চেতনা হতে। তার জন্যে মহাপ্রন্থানের পথ ধরে অমর্ত্যভূমির উধ্বশিষ্ঠিতে প্রতিষ্ঠিত হওয়াই একমার্ট্য সাধনা। অতএব মর্ত্য-পরিণামের ফাঁদ হতে একবার যে বেরিয়ে পড়েছে, অনাব্যব্তিই তার পরমা নিয়তি। এই যদি মহাপ্রকৃতির আকৃতির চরম সীমা, তাহলে বলতে পারি এতদিনে তার কর্তাব্য মোটের উপর শেষ হরে গেছে, স্বতরাং নতুন-কিছ্ব নিষে এখন আর মাথা ঘামাবার প্রয়োজন তার নাই। মুক্তির পথ তৈরী হয়েই আছে মানুষের জন্য, সে-পথ ধরে চলবার সামর্থ্যও অর্জিত হয়েছে, স্বভিটর চরম লক্ষ্য সম্পর্কে কোনও অস্পন্টতার আভাসটকও কোথাও নাই। এখন শুধু বাকী আছে, প্রত্যেক -জীবের আপন পর্নিউমার্গের ছকটি ঠিকমত চিনে নিয়ে আধ্যাত্মিকতার পথ ধরে সংসারের রঙ্গমণ্ড হতে একে-একে বিদায় নেওয়া।... কিন্তু প্রে'ই বলেছি, জীবাত্মায় শুধু আত্মদীপ্তির স্ফুরণই প্রকৃতি-পরিণামের একমাত্র তাৎপর্য নর, প্রাকৃত আধারের আমূল সম্যক্-র্পান্তরও তার আরেকটা লক্ষা। এই মত্ত্যের বুকেই প্রকৃতি চায় আত্মার চিদ্ঘন বিগ্রহের সার্থক আবিভাব ঘটাতে, অবিদ্যা হতে বিদ্যায় উত্তীর্ণ হয়ে তার প্রারশ্ব ব্রতকে উদ্যাপন করতে—আপন গ্লুপ্ঠন মোচন করে অবারিত করতে চায় অনন্ত সন্মানের নিরন্ত-আনন্দ্রিষ্যান্দ্রী চিন্ময়ী মহাশক্তির রূপটি। স্পন্টই তথন বুঝতে পারি, মোক্ষমার্গের আবিষ্ক্রিয়াতেই প্রকৃতির বিবর্তন ফুরিয়ে যায়নি--এখনও সে 'ভূরি অস্পন্ট কুর্থম্'—চোখের সামনে দেখতে পাচ্ছে কী বিপ্ল কর্তব্য তার পড়ে আছে। সান্দ হতে তৃষ্গতর সান্দতে আরোহণ করতে হবে তাকে, অবন্ধ্য ক্রতুর পাখায় ভর করে দিগন্তবিথার দ্যিট দিয়ে তাকে মহাবৈপ্রলোর নিঃসীম পাথার ছাইতে হবে—এই জড়বিশেবই সমিশ্ধ করতে হবে চিদাআর স্বপ্রতিষ্ঠার বহিংশিখা। এতদিনে তার পরিণামশক্তি শ্বে, এখানে-সেখানে দ্বটি-চারটি মান্মকে আত্মসচেতন করে শাশ্বতস্বরূপের সম্ধান দিয়েছে, অধ্যাত্মযোগে দিব্য-পূর্বের সঙ্গে তাদের যুক্ত করেছে, অথবা প্রতিভাসের আবরণ সরিয়ে তত্তার্থের বিদ্যুৎ হেনেছে তাদের দৃ,ষ্টিতে। এই আলোকসম্পাতের সহচারী হয়ে, কিংবা তার আদিতে কি অন্তে হয়তো দেখা দিয়েছে আধারের একটা আংশিক র্পান্তর। কিন্তু যে আম্ল প্রব্পান্তর অভিনবের নিশ্চিত প্রতিষ্ঠার আশ্বাস আনে, সিস্ক্ষার অ-পর্ব সার্থকিতার এই মর্ত্য-প্রকৃতিতেই নব-সত্ত্বের চিরুতন আবির্ভাবের আয়োজন করে—তার সিম্ধবীর্যের আভাস কিন্তু মোক্ষমার্গের ঐকান্তিক সাধনায় ফোটেনি। এপর্যন্ত জগতে অধ্যাদ্মচেতারই আবিভাব হয়েছে, প্রকৃতির 'ঈশানো ভবাসা' অতিমানস সত্তের অভিব্যক্তি হতে এখনও বাকী আছে।

কারণ আর-কিছ্রই নয়—মর্ত্যভূমিতে চিংতত্ত্বের নিএক্স্প স্বারাজ্য প্রতিষ্ঠা আজও সম্ভব হয়নি। চিংশক্তি এতদিন মনকে দেখিরেছে শুর্ব অমনীভাবের কিংবা চিন্ময় ধামে উত্তরণের পথ। মন হতে চিতের পবিবেক সাধিত হরেছে, চিদ্বাসিত হ্দয়-মনের দীপ্তিতে আধারসত্ত্বে প্রসার ঘটেছে—কিন্তু মনের

সমস্ত উপাধি ও সংস্কার হতে মৃক্ত হয়ে অকুণ্ঠ ঈশনার স্ফারদ্বীর্যে চিৎসত্তা এখনও নিজেকে আধারে প্রতিষ্ঠিত করতে পার্রোন, অন্তত তার সে-প্রয়াস এখনও পূর্ণ-সার্থক হর্নান। আমাদের সূর্পার্রাচত সাধনসম্পত্তির বাইরে আরেকটি সাধনের আভাসমাত্র দেখা দিয়েছে, কিন্তু এখনও তার অমোঘ বীর্য অবাধে স্ফুরিত হয়নি। তাছাড়া অনাদি অবিদ্যার পরিবেশে সে-সাধন যদি শ্ব্ব ব্যক্তিগত সাধনার একটা অপাথিব বিভূতি হয়, যাকে ব্যক্তির কুচ্ছু-তপস্যাদ্বারা পূর্থিবীতে নামিয়ে আনতে হবে—তাহলেও তো চলবে না। চাই পার্থিব সত্তের একটা নতন থাক--চিন্ময় সাধন যার স্বভাবের সহজ সম্পদ হবে। অবিদ্যার ভিতরে প্রতিষ্ঠিত থেকেই মন যেমন এতকাল বিদ্যার এষণায় উত্তরায়ণের পথে চলেছে, তেমনি এবার বিদ্যার ভিত্তিতে অতিমানসের প্রতিষ্ঠা হবে—যে-অতিমানস স্বভাবের প্রেরণায় উপচে উঠবে নিজেরই উত্তরজ্যোতির উদারলোকে। কিন্ত চিন্ময় মান্ত্র অতিমানসভূমিতে সমাক উত্তীর্ণ হয়ে মতাপ্রকৃতিতে তার বীর্ষবিভৃতিকে যতক্ষণ নামিয়ে না আনছেন, ততক্ষণ এই নতন ধারার প্রবর্তনা সম্ভব হবে[®]না। মন ও অতিমানসের মধ্যে যে দুস্তর ব্যবধান, তার মধ্যে সেতৃবন্ধন করা চাই—যেখানে আজ মহাশ্ন্যতার নিঃশব্দা, রুম্বপথ মুক্ত করে সেইখানে গড়া চাই আরোহ আর অবরোহের সোপানমালা। তার উপায় হল প্রকৃতির ত্রিপর্বা রূপান্তরসাধনা—ইতিপ্রেবি প্রসংগত যার উল্লেখ করেছি। প্রথমত চাই চৈত্য বা তৈজস র পান্তর—যাতে আমাদের অধ্বনাতন সমগ্র প্রকৃতি চৈত্যসন্তার সাধনশক্তিতে গোগ্রান্তরিত হবে। সেইসং**প**া বা তাকে ভিত্তি করে আসবে চিন্ময় রূপান্তর অর্থাৎ উধর্বলোক হতে সমগ্র আধারে নেমে আসবে দিবা জ্যোতি শক্তি জ্ঞান বল আনন্দ ও শ্বচিতার নির্বারিত স্লাবন—যার প্রবেগ সম্ভারিত হবে দেহ-প্রাণ-মনের অণ্ডতে-অণ্ডেত. এমন-কি অবচেতনারও অন্ধর্তামস্রায়। সবার শেষে দেখা দেবে অতিমানস র্পাদ্তর—য্খন অতিমানসে আর্ঢ় হয়ে সে-চেতনার হিরণাবত নি প্রপাতকে এই সত্ত ও প্রকৃতির সমগ্র আয়তনে নামিয়ে আনা হবে।

নন। এই চৈত্যপন্ত্র সকল সভ্তের অর্ল্ডানিহিত ভাগবত-ছো্যাতির ধ্মহীন গিখা—যার দীপ্তিকে আমাদের কোনও কর্ম বা অন্ভবই দ্র্তামিত বা কল্ম্বিত করতে পারে না। তাঁর চিন্ময় সত্ত্ব অপাপবিন্ধ এবং জ্যোতির্মায়। তাঁর সে নিরাবরণ জ্যোতির্মাহিমা তাঁকে আধারক্থ প্রব্য-প্রকৃতির মর্মসতোর সংগ্যে অব্যবহিত অন্তরংগ ও অপরোক্ষ সংবিতের নিতাযোগে যুক্ত করেছে। সত্য-শিব-স্কুলরে তাঁর স্বভাবের সগোত্র ও স্বর্প ধাতুর নির্ঢ় বিভূতি বলে, সত্য-শিব-স্কুলরের সম্বোধি হতে কোনকালেই তিনি বিচ্যুত নন। আবার যা তাদের প্রতীপচারী কিংবা স্বভাবধর্ম হতে দ্রুট, সেই অসত্য অশিব ও অস্কুলরকেও তিনি জানেন। কিন্তু তাঁর দেহ-প্রাণ-মনর্পী বহিষ্ট্র সাধনাকে এরা বিক্ষুক্ষ ও বিপ্লুত করলেও, এদের কৃত অধ্যাস প্রামর্শ বা বিপরিণাম হতে তিনি সম্পূর্ণ নির্মন্ত। কারণ আধারের দ্যিরসভ্রন্পী চৈত্যপ্রব্র দেহ-প্রাণ-মনকে তাঁর যন্ত্রপে ব্যবহার করছেন। তাই তাদের নিমিন্ত ও পরিবেশ্বারা পরিব্ত হয়েও তিনি তাদের থেকে বিবিক্ত এবং তাদের চাইতে বৃহং।

চৈত্যপূর্য আধারে 'আঁধার ঘরের রাজা' না হয়ে প্রথম হতেই যদি সবার কাছে নিরাবরণ মহিমায় প্রকাশ থাকতেন, তাহলে আমাদের অধ্যাত্মপরিণাম এখনকার মত এত দঃসাধ্য বিকলাঞা ও আবর্তসঙ্কল হত না—চেতনার বাসন্ত প্রেপাচ্ছনাসে ম্থর থাকত জীবনের নন্দনকানন। কিন্তু চৈতাপ্রব্যকে ঘিরে রয়েছে রহস্যযবনিকার দুর্মোচন স্থলতা। তাই হৃদয়দেউলের <mark>মণিকোঠা</mark>য় যে-দীপ জনলছে, তার এতট্কু আভাসও আমরা পাই না। অন্তরের গভীর কন্দর হতে তাঁর বাণী বাইরে ভেসে আসে, কিন্তু মন জানে না তার উৎস কোথায়। তাঁর ইসারা বাইরে ফোটবার আগেই মনোধাতুর প্রলেপে ঢেকে যায়। जारे मन जारक निरक्षत वृद्धि वरल धरत रामस **এवः जात मर्यामा कारन ना वर**ल নিজের খেয়ালমত কথনও তাতে কান দেয়, কখনও-বা দেয় না। মন যখন প্রাণের উত্তাল সংবেগে অভিভূত থাকে, তখন চৈত্যপুরুষের কোনও প্রশাসন প্রকৃতির 'পরে খাটতে চায় না কিংবা তাঁর অন্তর্গ চূচ চিন্ময় ধাতু ও স্বভাবধর্মের কোনও স্ফারণ আধারে ঘটে না। আবার মন যদি একান্তভাবে নিজের প্রবৃত্তি বান্ধ-বিবেচনা ও সংকল্পকে আঁকড়ে থাকে, অতিরিক্ত আত্মবিশ্বাসের দর্ন নিজের ধ্মাঙ্কিত দীর্পাশখাকেই চলার পথের আলো করে, তাহলে চৈতা-প্রেষও মানস-পরিণামের উত্তরপর্বের প্রতীক্ষায় নিজেকে প্রচ্ছন্ন এবং স্তিমিত রাখেন। কারণ চৈত্যপুরুষ হৃদরে আসন পেতেঁছেন পরিণামের প্রাকৃত ধারাকে বহন করবেন বলে। সে-পরিগামের আদিকাণ্ডে একে-একে চলতে থাকে দেহ প্রাণ ও মনের পর্নিউ-কখনও স্ব-তন্দ্র স্বভাবের নিরমে, কখনও-বা যৌথকারবারের ঠোকাঠুকির ভিতর দিয়ে। এর্মান করে বিচিত্র অনুভবের

মেলায় তাদের উপচয় ও পরিণাম ঘটে। আর দেহ-প্রাণ-মনের এই চিত্রান,ভূতির সকল রস চৈত্যপরেষ পিপ্পলাদ হয়ে সঞ্চয় করেন এবং তাকে জীর্ণ করে আমাদের প্রাকৃত সন্তার উত্তরপরিণামের আয়োজনকে পূর্ণাপ্য করেন। তাঁর এ-লীলা চেতনার বহিরশানকে মুখর না করে চলে আধারের অলক্ষ্য গহনে। প্রথম দিকে, আধারে জড়- ও প্রাণ-পরিণামের প্রাধান্য থাকতে জীবের মধ্যে আত্মবোধ জাগে না। জীবচেতনার ক্রিয়া তখনও চলে, কিল্ত তার বাহন ও ধরন হয় জড়ময় ও প্রাণময়-কিংবা মন জেগে থাকলে মনোময়। অঞ্করা-বস্থায় থাকে যখন, কিংবা পরিণত অবস্থাতেও যতক্ষণ সে অতিমান্তায় বহিম্ন খ থাকে, ততক্ষণ চিদ্বান্তির গভীরতাকে ঠিকমত সে ব্রুবতে পারে না। আমরা তখন অনায়াসে নিজেকে অল্লময় প্রাণময় কি বডজোর প্রাণ-শরীরভোক্তা মনোময় সত্ত বলে ভুল করি—কিন্তু জীবাত্মার সত্তাকে একেবারেই আমলে আনি না। মতার পরও আত্মা বলে একটা-কিছ্ন থাকে—এর চাইতে আত্মার কোনও স্পষ্ট ধারণা আমাদের নাই। আত্মা যে কী কলত, আমরা তার কিছুই জানি না। ক্দাচিং আত্মসচেতনতা স্ফুরিত হলেও আত্মার বিবিক্ত সত্তার কোনও চেতনা সচরাচর আমাদের থাকে না, কিংবা আধারে তার অপরোক্ষ প্রভাবেরও কোনও পরিচয় আমরা পাই না।

পরিণামের পর্বে-পর্বে আধারের অন্তর্গা্ঢ় অংশগর্নলকে প্রকৃতি আমাদের মধ্যে ধীরে-ধীরে এবং অতি সন্তপ্রে জাগিয়ে তোলে। আমাদের দ্ভিটকে <u>ক্রমেই সে অশ্তরাব্ত্ত করে</u>—কিংবা অ**শ্তরের গোপন বিভূতিকে পরিচিতি**র সীমার টেনে আনতে চায় বিচিত্র ইন্গিত ও রপোয়ণের উপচীয়মান স্পষ্টতায়। এর মধ্যেই চৈত্যসত্তা প্রচ্ছন্ন বিগ্রহে আমাদের আধারে রূপায়িত হয়ে উঠেছে— চৈতাপ্রব্যের আকারে দেখা দিয়েছে চিন্ময় জীবসত্তের একটা পরিণত কায়। এই চৈতাপুরুষ এখনও অধিচেতনার অন্তরালে কঞ্চরিকত আছেন—আধারের সত্যকার মনোময় প্রাণময় ও ভৃতস্ক্রোময় প্রব্রেষের মত। কিন্তু ওই গহন হতেই চেতনার বহিঃস্তরে তিনি তাঁর নিগ্রে অনুভাব ও ইণ্গনা উৎক্ষিপ্ত করেন। এই উৎক্ষেপের মিশ্রপ্রবৃত্তিতে আমাদের নিতাপরিচিত এবং আত্মার পে কল্পিত বহিশ্চর ব্যহসত্তার একদেশ গড়ে ওঠে। এই ব্যহ আত্মচেতনায় অধ্যস্ত একটা ইন্দ্রিয়গ্রাহ্য রূপায়ণমাত। সেখানে অবিদ্যার স্তিমিতালোকে আমরা দেহ-প্রাণ-মন হতে বিবিক্ত আত্মা বলে একটা-কিছুর অনচ্ছ আভাস অনুভব করি। তাকে শ্ব্ধ প্রাকৃত আত্মভাবের একটা মনোবিকল্প বা অপ্পণ্ট সহজ-প্রত্যর ভাবতে পারি না। মনে হয়, তার অনুভাব যেন ইন্দ্রিয়গ্রাহ্য হয়ে আমাদের জীবনের কর্মে এবং চারিত্রে সংক্রামিত হচ্ছে। যা-কিছ্ সত্য শিব ও স্বেদর, যা-কিছু স্ক্রু শুচি মহৎ তারই ডাকে সাড়া দেওয়া, হ্দয়ের সচেতন আকৃতি দিয়ে তাকে বরণ করা, ভাবনা ও বেদনার আচারে ও চরিত্রে তাকে

র্পায়িত করবার জন্য প্রাণ-মনকে উন্মুখ ও উদ্যত রাখা—চৈত্যুপন্র্বের অনতগর্ড অন্ভবের এই হল সর্বজনপরিচিত এবং স্কুপন্ট একটা নিশানা। কিন্তু
এ-ই তাঁর আবেশের একমাত্র লক্ষণ নয়। এই বৈশিষ্ট্যট্নকু যার মধ্যে নাই, কিংবা
এর প্রেতিতে যে সাড়া দেয় না, আমরা তাকে আত্মবান্ বলতে পারি না—বলি
অমান্য, হ্দয়হীন। কারণ চৈত্যপ্র্বের অন্ভাবেই আধারে নিগ্ড়ে
স্ক্র্মুবা স্ক্রিবা ভাবনার স্পন্টতর সহক্ত পরিচয় আমরা পাই। এও জানি,
একমাত্র এরই ঈশনায় আমাদের প্রকৃতিতে প্রতাসিদ্ধির একটা সার্থক
আয়োজন ধীরে-ধীরে উপচিত হবে।

কিন্তু বহিশ্চেতনায় এই চৈত্য অনুভাব খুব স্বচ্ছ হয়ে ফোটে না, কিংবা অসঙকীর্ণ ও বিবিক্ত হয়েও থাকে না। তা যদি হত, তাহলে আধারের চৈত্য-ব্তিগালিকে বিশেষ করে চিনে নিয়ে আমরা সজ্ঞানে ও শেষ পর্যন্ত তাদেরই অনুশাসন মেনে চলতাম। কিন্তু মাঝ থেকে চৈত্য অনুভাবের সংখ্য জড়িরে যায় স্ক্রা দেহ-প্রাণ-মনের স্ক্রাতিস্ক্রা কতগর্লি সংস্কার—যারা নিজেদের ইষ্টির্সাম্পর প্রয়োজনে তাকে খাটাতে চায়। এরা তার চিদ্বীর্যকে কুন্ঠিত করে —স্বপ্রকাশের স্বাচ্ছন্দ্যকে করে পঙ্গ**্ব অথবা বিকারগ্র**স্ত। এমন-কি তাকে স্থালিত ও দিগ্দ্রান্ত করতে কিংবা নিজেদের প্রমাদ মালিন্য ও সংকীর্ণতা স্বারা কল্মিত করতেও তারা দ্বিধা করে না। এমনি করে ব্যামিশ্র ও হৃতৃশস্তি হয়ে সে-অনুভাব যখন বাইরে ফোটে, তখন আধারের বহির্মান্থ স্বভাব তাকে অন্ধভাবে আঁকড়ে ধরে আনাড়ির মত আপন ছাঁচে ঢালতে চায়। তাতে তার ব্যামিশ্র ও পথদ্রত হবার আশত্কা আরও প্রবল হয় এবং সে-আশত্কা সত্যেও পরিণত হয় অনেকসময়। এইজন্যই দেখি, আধারে নিহিত চিৎসত্তার শৃদ্ধ উপাদান ও শা্ব্দ ব্যত্তি বাইরে আসতে অপপ্রয়োগের মোচড় খেয়ে আরেক চেহারার ফ্রটে ওঠে—সহজ পথের মোড় বে'কে হাজির হয় ভূলের দুয়ারে। তাইতে বহিব ত প্রকৃতিতে চেতনার যে-র পায়ণ দেখা দেয়, তার মধ্যে চৈত্য-সত্তার অনুভাব ও ইণ্গনার সংগে এলোমেলো হয়ে জড়িয়ে থাকে মনের নানা ভাবনা ও সংস্কার, প্রাণের উম্বত বাসনা ও সংবেগ এবং চিরাভাস্ত শরীরব্,ত্তির যত ঝামেলা। শ্বা কি তা-ই? দেহ-প্রাণ-মনের মধ্যে উধর্বায়নের যে একটা শ্বভেচ্ছা-প্রণোদিত অথচ মূঢ় প্রচেষ্টা আছে, তাও এসে যোগ দের এই দিত্মিতবীর্য চৈত্য অনুভাবের সংগা। একে তো মনের মধ্যে ভাবসাৎকর্ষের অস্ত নাই—আবার তাকে ঘিরে আছে আদর্শবাদের অস্প্রুট্ডা, কখনও-বা তার সর্বনাশা প্রমন্ততা। তাছাড়াও আছে হৃদয়ের উত্তালী আবেগ, ফেনোচ্ছল বেদনা ভাবরস ও ভাবাল,তার শীকরবর্ষণ, প্রাণপ্র,ষের উৎসাহম,খর উদ্যতি—আছে দেহের নাড়ীতে-নাড়ীতে সঞ্চরমাণ বিদ্যুতের রোমাঞ্চ। এইসব বিক্লোভের সমাবোগে যে সম্কুল চেতনার উল্ভব হয়, আমরা তাকেই আত্মা বলে ভূল করি— তার ব্যামিশ্র ও পর্যাকুল ব্রিকে ভাবি আত্মার পরিদপন্দ বা উন্মিষিত চৈত্য-সত্ত্বের ক্রিরা, কিংবা প্রবৃদ্ধ অন্তরের সিন্ধবীর্য। চৈত্যসত্তা দ্বয়ং কল্ম বা ব্যামিশ্রভাব হতে নির্মানুক্ত—কিন্তু তার প্রবর্তিত বিভাবনার কোনও রক্ষাকবচ থাকে না বলেই আধারে এই বিদ্রাট ঘটে।

তাছাড়া চৈত্যপ্র্যুষ প্রথম হতেই পূর্ণকল জ্যোতিঃস্বরূপে আপনাকে প্রকট করেন না। তাঁর উন্মেষ হয় কলায়-কলায়-ক্রমিক উপচয় ও র্পায়ণের মন্থর ধারায়। আধারে প্রথম তাঁর বিগ্রহ থাকে অস্পষ্ট-তারপর বহুকাল থাকে ক্ষীণবল ও অপরিপুকট, অবিশৃক্ধ না হলেও অপ্ণ[ি]। কেননা তাঁর আত্মর পারণের সংবেগ নির্ভার করে অধ্যাত্মবীর্যের 'পরে—যাকে অবিদ্যা ও অচিতির বাধা ঠেলে বহিশ্চেতনায় আত্মস্ফুরণের অল্পাধিক সার্থক অধিকার অর্জন করতে হয়। আধারে চৈত্যপ্রেষের আবির্ভাব প্রকৃতিতেও চিদ্-উন্মেষের স্চনা আনে। সে-উন্মেষ শীর্ণ ও বিকল হলে চৈতাসত্তও খর্ব ও নিব´ল হয়। আমাদের সিতমিত চেতনার দৈন্যে চৈত্যপ্রেষ্ও যেন তাঁর অন্তর্গা্ট তত্ত্বভাব হতে বিচন্ত হয়ে পড়েন—সন্তার গভীরে নিহিত উৎসমলের সঙ্গে তাঁর যোগধারা যেন বিচ্ছিল্ল হয়। কারণ এখনও দুয়ের মধ্যে ভাল করে পথ কাটা হর্মান, চলার পথে এখনও অতর্কিত বাধা আসে, যোগযোগের স্ত্রটি এখনও ব্রুটিত বা ভারাক্রান্ত হয়ে পড়ে অন্য-কোথাকার বিজাতীয় প্রতিবেদনের আবর্জনায়। এছাড়া অধিগত বিত্তের অন্ভাবকে বহিঃকরণের 'পরে সংক্রামিত করবার সামর্থ্যও তাঁর কুণ্ঠিত। এ-দৈন্যকে তাঁর প্রেণ করতে হয় বহিশ্চর করণশক্তির দুয়ারে ভিক্ষা করে, তাঁর প্রকাশ ও প্রবৃত্তির প্রেতিকে দাঁড় করাতে হয় বহিঃকরণের আহতে তথোর 'পরে—শ্বে চৈতাসর্তার প্রমাদহীন অপরোক্ষ অনুভবের 'পরেই নয়। এইজন্যই চৈতাসত্তার সত্যদীপ্তি দিতমিত কি বিকৃত হরে মনের মধ্যে যখন একটা ভাব বা ধারণামাত্রে পর্যবিসিত হয়, কিংবা তার বেদনা হৃদয়ে একটা অনিশ্চিত আবেগ বা ভাবাল তার রূপ ধরে. তার সত্যসন্কন্স প্রাণপুরুষের অন্ধ উৎসাহ বা উত্তাল উত্তেজনার চাণ্ডলো উন্বেল হয়ে ওঠে—তখন চৈত্যপরে ধের তাকে বাধা দেবার শক্তি থাকে না। এমন-কি অভাবের তাড়নার এইসব মেকী মালকে খাঁটি বলে তাঁর ঘরে তুলতে হয় এবং তাদের দিয়েই খ্রন্জতে হয় জীবনসাধনার সার্থকতা। এদের ঠেলে ফেলতেও তিনি পারেননা, কেননা হ্'দর-প্রাণ-মনের সমস্ত ভাবনা বেদনা প্রবেগ ও উদ্দীপনাকে জ্যোতিম'র দিব্যচেতনার দিকে প্রচোদিত করা তাঁর অন্যতম ব্রত। কিন্তু এ-ব্রতের সিন্ধি প্রথম আসে ব্যামিশ্র বিকল ও মন্থর হরে। **চৈত্যপরে,ষের মধ্যে ষ্তই সামর্থ্যের উপচ**র ঘটে, ততই অন্তর্গ**্**ঢ় চৈত্যসন্তার সন্দো তাঁর অধ্যাত্মযোগ নিবিড হয় এবং বাইরের সংগে যোগাযোগের পথও হয় প্রশাসত। তখন সে-যোগবীর্যকে বিশাস্থ আকারে ও তীরসংবেগে হ্লেরে- প্রাণে-মনে সঞ্চারিত করা অসম্ভব হয় না, কেননা প্রভূশাক্তর ভুঁত্তরোত্তর উপচয়ে ব্যামিশ্রভাবের আক্রমণকে প্রতিরোধ করবার শক্তিও তাঁর জন্মে। এমান করে চৈত্যপর্ব্বের প্রভাব সমগ্র প্রকৃতিতে ক্রমে স্পষ্ট হয়ে ওঠে।...কিল্ডু শ্ব্র্ব্ব পরিণামশাক্তর স্বাভাবিক কৃচ্ছ্র্রসাধনার 'পরে নির্ভার করে চললে, চৈত্যপর্ব্বের এই বিবর্তান হবে মন্থর ও বিলন্ধিত। তাই আত্মসচেতন মান্র খখন এই গ্রহাহিত প্রব্বেরক তার জীবনযজ্ঞের প্ররোধা করবার দ্বনিবার প্রেতি অন্ভব করে, কেবল তখনই প্রকৃতির পরিণামে দেখা দেয় একটা অভিনব চিন্ময় প্রবেগ —যা তার তৈজস র্পান্তরকে আসম্লতর করে।

এই মন্থর পরিণাম দ্রততর হয়, মন যখন আধারের গভীরে এক দেহোত্তর মৃত্যুঞ্জয় সন্তার স্কুম্পণ্ট ও অবাধিত অনুভব পায় এবং তার স্বরূপ জানবার আক্তিতে চণ্ডল হয়ে ওঠে। কিন্তু এই জিজ্ঞাসার পথে প্রথম বাধা আধারের বিচিত্র উপাদানের সাঙ্কর্য। চিত্তের বহু ব্যাকৃতিকেই চৈতাসত্ত বলে ভুল বোঝবার সম্ভাবনা আমাদের পদে-পদে। প্রাচীন য্গের গ্রীক ও অন্যান্যজাতির পরলোক-কম্পনার যে-বিবৃত্তি পাই. তাতে স্পর্টই দেখি, আত্মসত্তের একটা অবচেতন বিগ্রহ, অবতমসাচ্ছন্ন একটা সংস্কার-কায় কিংবা ছায়াপুরুষ কি প্রেতপ্রব্যকেই ভুল করা হয়েছে জীবাদ্মা বলে। এই প্রেতকায়কে ওদেশে বলে দিপরিট বা চিৎসত্ত: কিন্তু কথাটা সত্য নয়। তথাকথিত দিপরিট অধিকাংশক্ষেত্রে প্রাণশক্তির একটা বিস্পৃথি মাত্র। তার মধ্যে মৃতব্যক্তির যা-কিছ্ম বৈশিষ্টা, তার জীবিতকালের যত মন্দ্রাদোষ, তাদেরই প্রনরাব্তি চলে। কখনও-বা মৃত্যুর পরে স্ক্রাদেহকে আশ্রয় করে মনের খোলাটার যে-অনুবৃত্তি চলে, তাকেই বলা হয় স্পিরিট। বস্তৃত দেহ ছাড়বার পরও প্রাণময় সত্ত্বের একটা প্রাক্তেপ যে কিছ্বকাল ধরে স্থায়ী হয়, তথাকথিত স্পিরিটের তত্ত্ তাকে কথনও ছাপিয়ে ওঠে না। মৃত্যুর পর জীবসত্ত্বের পরিত্যক্ত কোশসমূহের যে-অবশেষ বা কল্পছবি, তার সংস্পর্শে এসেই মরণোত্তর স্থিতি সম্পর্কে মানুষের বৃদ্ধি এমান করে ঘুলিয়ে যায়। তাছাড়া ব্যাপারটা আরও ঘোরালো হয়ে ওঠে—আমরা আধারের অধিচেতন ভাগ ও তার অধিষ্ঠাতা প্রেষের রূপ ও বিভতির কোনও খবর রাখি না বলে। এই অজ্ঞতার দর্মন অন্তর্মন বা অন্তঃপ্রাণের বিশেষ-কোনও বিভৃতিকে আমরা চৈত্যসম্ভ বলে ভূল করি। পরমার্থ-সং যেমন এক হয়েও বহু, আমরাও ঠিক তা-ই। আমাদের চিৎপুরুষ এক, কিন্তু প্রকৃতির প্রতি ব্যাকৃতিতে তিনি প্রতির প হয়ে ফ্রটছেন। আমাদের আধারের প্রতি পর্বে চিংশক্তির বিশেষ-একটা আবেশ নিক্ত প্ররুষের অধিন্ঠান। তাইতে অন্তরাবৃত্ত হয়ে সন্তার গভীরে অন্ভব করি মন-আছা, প্রাণ-আছা ও দেহ-আত্মার পরস্পরিত স্থিতি। অস্তরে এক মন্মেময় পরেষ অধিষ্ঠিত আছেন, যাঁর বিভূতির একাংশ ফোটে বহিশ্চর মনের নানা প্রতাক্ষ ভাবনা ও

প্রবৃত্তির আকারে। তেমনি প্রাণমর পর্রুষের খানিকটা প্রকাশ পার প্রাণপ্রকৃতির নানা বাসনা বেদনা সংবিৎ সংবেগ ও বহিশ্চর জীবনযোনি-প্রয়ন্তে। আবাব অল্লমর প্রুষ্থ তাঁর আপন বিভূতিকে অংশত প্রকট করেন দৈহাপ্রকৃতির নানা অভ্যাস সহজব্তি ও ব্যবস্থিত-প্রবৃত্তির ভিতর দিয়ে। আত্মপ্রুষের এই বিভূতিপ্রুষ্থেরা বস্তুত চিৎসন্তারই লীলায়ন। অতএব আধারে সাময়িক ক্ষ্মপ্রকাশশবারা তাঁরা সীমিত হন না, কেননা এ-রুপায়ণ তাঁদের প্রতিবেশবের আংশিক স্ফ্রুরণ মাত্র। অথচ তাকে আশ্রয় করে আমাদের মধ্যে একটা মনোময প্রাণমর বা অল্লমর ব্যক্তিসত্ত্বের আবিভাবি ঘটে, যা চৈত্যপ্রুষ্থেরই মত কলায়কলার বর্ধিত হয়। প্রত্যেকটি সত্ত্বের প্রকৃতি স্বতন্ত্র—সমগ্র আধারের 'পরে তার প্রভাব ও ক্রিয়াও স্বতন্ত্র। কিন্তু তাদের ক্রিয়া ও প্রভাব আমাদের বহিশ্চেতনার ব্যামিশ্র হয়ে ভেসে উঠে স্টিট করে একটা সত্ত্বভাসের পাঁচমিশালী পিন্ডু, যার মধ্যে সব-কিছুরই ভাগ থাকে। এই বহিব্তি সত্ত্বভাস একদিকে নিত্যান্ত্রত হলেও, আরেকদিকে এই জীবনেরই সীমিত প্রয়োজনের খাতিবে সে নিত্যপরিণামী ও প্রবহমান।

কিন্তু এই পিশ্চসত্ত্বের এমনি গড়ন যে তার মধ্যে একটা সংখ্যা ও একরস সমগ্রভাবনার স্থান হয় না। তার পাঁচ্মিশালী উপাদানের জনাই আমাদের আধারের বিভিন্ন ব্,ত্তির মধ্যে অবিশ্রাম এত কোলাহল আর ঠোকাঠ কি। আধারের সমস্ত বৃত্তিগর্নলকে সংযামত করে একস্বরে বে'ধে নেবার ভার পড়েছে প্রাকৃত বুণিধ ও সঙ্কল্পের 'পরে। কিন্তু তাদের হটুগোল ও রেষার্রোষকে থামিয়ে একটা চলনসই শৃত্থলা ও নিয়মান বৈতিতা আনতেও তারা হিম্মিস থেয়ে যায়। তাই আমরা সাধারণত প্রকৃতির তাড়নায় বা তার প্রবাহে ভেসে চলি। প্রকৃতির যথন যে-খেয়াল চডাও হয়ে ভাবনা আর কর্মের যন্ত্রগুলোকে দখল করে. তথন তার হ্রুমটাই বাধ্য হয়ে আমাদের মানতে হয়। এমন-কি আমরা যাকে স্কৃচিন্তিত সংকল্প মনে করি, আসলে তাও হয়তো প্রকৃতির একটা থেয়ালথ্নির খেলা। প্রকৃতির অরাজক রাজ্যে শৃঙ্খলা এনে ভাবনা বেদনা সংবেগ ও সাধনাকে যে যুক্তিবুলিধ ও প্রিথরসংকল্পের দৌলতে আমরা গুরিছয়ে তুলি তার মধোই-বা পূর্ণতা ও চৌকস-দূণ্টির পরিচয় কোথায় ? পশুর জগতে প্রকৃতির নিজম্ব একটা প্রাণময় ও মনোময় বোধির লীলা চলে। অভ্যাস ও সহজ্ঞীব্যতির শাসনে পশ্ব যন্তের মত প্রকৃতিকল্পিত ব্যবস্থার অনুবর্তন করে, স্তরাং চিত্তপরিণামের অনিয়ততা তাকে পীড়িত করে না। কিন্তু মান্য আত্মসচেতন, তাই পশ্র মত প্রকৃতির যন্ত্র হয়ে চলতে গেলে মন্যাত্থের দাবিকে তার ছাড়তে হয়। তার আধার যে সহজাত বৃষ্ধি ও প্রবৃত্তির একটা কুর্ক্ষেত্র হবে এবং তার 'পরে প্রকৃতির যান্তিক বিধানের শাসন চলবে-এ-জ্বল্বম তার সইবে না। মানুষের মন সচেতন। অতএব আধারের বহিরপানে বিচিত্র বৃত্তি ও

উপাদানের যে জটলা আর হানাহানি, তাকে শাসনে আনবার একটা স্বতঃপ্রণো-দিত চেষ্টা সে করবেই। হয়তো গোড়ার দিকে সে-চেষ্টা আঁকঞ্চিংকর হবে, কিন্ড তব্ এ-কোলাহলের মধ্যে সৌষম্যের মূর্ছনাকে ক্রমেই যে সে প্পষ্ট করতে পারবে এ আশা তার আছে।...এমনি করে প্রথম সে স্ভিট করে—্যাকে বলতে পারি ছন্দোবন্ধ একটা হটুগোল। হয়তো সে ভাবে, ইচ্ছা আর মনের জোরেই নিজেকে সে চালিয়ে নিচ্ছে, যদিও সত্য বলতে মনের রাস প্রাপন্নির তার হাতে বস্তুত মানুষের অন্তররাজ্য জুড়ে আছে চিরাভাস্ত বিচিত্র প্রবৃত্তির একটা সঙ্কুল সঞ্চয় শুধু: নয়। তার মধ্যে যখন-তখন উৎক্ষিপ্ত হয় দেহ ও প্রাণের নতুন প্রেতি ও সংস্কার—যারা সবসময় বশ্য নয়, প্রত্যাশিতও নয়। অসংলান ও বেস্করা চিত্তব্তির ঝাঁক এসে তার যুক্তি ও সৎকল্পের 'পরে হ্কুম চালায়—তার আত্মগঠন স্বভাবের পর্নিট ও জীবনুসাধনার ব্যবস্থায় নিয়ন্তার আসন দখল করে। মান্ত্র স্বর্পত অন্বিতীয় পরেষ হয়েও আত্মবিভাবনার বৈচিত্রে সে চিত্রপর্ব্য । এই চিত্রপর্ব্যবের বৈভবকে অন্তর-প্রব্বের শাসনে না আনলে তার স্বারাজ্যসিদ্ধি অসম্ভব। বহিশ্চর মনের সঙ্কল্প ও যুক্তি-বুশ্ধি দিয়ে এ-সাধনা সমাক সিন্ধ হয় না। তার জন্যে অন্তরের গভীরে ডুবে আবিষ্কার করতে হবে, মানুষের সমস্ত আত্ম-বিভাবনা ও কর্মের আদিতে আছে কোন্ 'হ্দি সল্লিবিষ্টঃ' পুরুষের সর্বজ্যা প্রবর্তনা। প্রকৃতপক্ষে চৈতাপুরুষই মানুষের আত্মপ্রকৃতির হৃৎশয় নিয়ন্তা। কিন্তু বাইরে সে-নিয়ন্ত্রণের ভার হয়তো থাকে বিভৃতিপুরুষদের কারও হাতে— স্বৃতরাং তাদের কাউকে অন্তবতম আত্মন্বরূপ বলে ভূল করা আমাদের পক্ষে বিচিত্র নয়।

মান্যের ব্যক্তিসত্ত্বের প্রহপরীণ পরিণামের ম্লে আছে এমনিতর বিভিন্ন প্রতিভূ-আত্মার প্রশাসন—প্রেই একথাব উল্লেখ করেছি। এইবার প্রকৃতির 'পরে অন্তর্যামীর প্রশাসনের দিক দিয়ে ব্যাপারটাকে বিচার করলে মন্দ হয় না।...কোনও-কোনও মান্যের মধ্যে অস্তর্ময়-প্র্যুই তার চিন্ত সংকলপ ও প্রবৃত্তির নিয়ন্তা। এদের আমরা বলি দেহাত্মবাদী। অন্ত্র্মণ এরা শ্র্যু দেহের হ্বাচ্ছন্দ্য আর তার চিরাভ্যুস্ত প্রয়োজন ও প্রবৃত্তির ত্যাগিদ নিয়ে ব্যুস্ত থাকে। দেহ-প্রাণ-মনের গতান্যুর্গতিকতা ছাড়িয়ে তাদের দৃষ্টি কখনও দ্রে যায় না, স্তরাং আধারের আর-সমস্ত উন্মুখীন বৃত্তি ও সম্ভাব্যতাকে তারা ওই সংকীণ চৌহন্দিট্কুর মধ্যে চৌকয়ে রাঝে। কিন্তু দেহাত্মবাদীরও অন্তরে ছাইচাপা সোনা আছে। তাই নরাকার পশ্রে মন্ত শ্রুদ্ধ জন্ম-মরণ আর প্রজনন নিয়ে, শ্রুদ্ধ ইতর বাসনা ও প্রবৃত্তির তৃত্তি খ্রুদ্ধে চিরকাল সে দেহ আর প্রাণের অন্ধকারায় বন্দী থাকতে পারে না। অবশ্য তার স্বভাবের ঝোঁক ওইদিকেই। কিন্তু তব্ তার 'পরে এসে পড়ে ওপারের অতি ক্ষীণ রন্মিয়েখা.

ধার ইশারায় উত্তরায়ণের পথে এগিয়ে যাওয়া তার অসম্ভব নয়। ভূতস্ক্রের অধিষ্ঠাতা অল্লময়-পরের্ষের প্রেরণা পেলে, তার কল্পনায় এই দৈহা জীবনেরই স্ক্রের ও নিখুত একটা স্ক্ষ্যুতর আদর্শ জাগতে পারে। তখন নিজের কি গোষ্ঠীর মধ্যে তাকে মূর্ত করবার সাধনায় সে মেতে উঠতেও পারে।...কারও-কারও চিত্তে সংকল্পে ও প্রবৃত্তিতে প্রাণময়-পরুরুষের প্রশাসন প্রবল। প্রাণাত্মবাদী। তারা চায় আত্মপ্রতিষ্ঠা, আত্মবিস্ফারণ ও প্রাণের সম্প্রসারণ। জীবনে তাদের চাই দুর্দম মনোবেগ, উচ্চাশা, প্রবৃত্তি ও বাসনার তপ্তি এবং অহমিকার চরিতার্থতা—চাই ঈশনা শক্তি উত্তেজনা ও যুযুংসার মন্ততা. অন্তরে-বাইরে দুঃসাহসের পথে চাই দুর্বার অভিযান। উত্তাল প্রাণময় অহ-ন্তার পর্নিট ও প্রচারের কাছে সব-কিছুকে তারা বলি দিতে পারে। তব্ তাদের মধ্যে মনোময় বা চিন্ময় ধমে'র অপরিণত অথচ উপচীয়মান একটা আভাস উর্ণকঝ্রিক দেয়, যদিও প্রাণশক্তি ও প্রাণাত্মভাবনার উৎকর্ষকে তা ছাপিয়ে উঠতে পারে না। দেহামবাদী হাজার হলেও মাটির জীব-মাটির বক্তে থিতিয়ে গিয়ে মাটি আঁকড়ে পড়ে থাকা তার স্বভাব। কিন্তু প্রাণাত্মবাদী তার চাইতে চণ্ডল বলদ্প্ত ও কর্মমুখর। তার মধ্যে আছে ঝঞ্জার বন্ধহারা প্রমত্ততা, যা এক-একসময় কোনও শাসনই মানতে চায় না। প্রাণাত্মবাদী মরংতত্তের জীব—ক্ষিতিতত্তের নয়। তাই তার মধ্যে স্থিতির চাইতে গতিই প্রবল এবং স্ফুরব্রা ও সিস্ক্লা তার স্বভাবধর্ম। দুর্ধর্ষ প্রাণোচ্চল চিত্ত ও সঙ্কল্প স্ফ্রন্ত প্রাণশক্তিকে হাতের মুঠায় আনতে পারে বটে কিন্ত তার জিগীষার সাধন হয় হঠকারিতা এবং বলাংকার—সমন্বয় ও সৌষমা নয়। বীর্যশালী প্রাণাত্মবাদী প্ররুষের চিত্ত ও সংকল্প যদি যত্তি-বৃত্তিধর অকুণ্ঠ সমর্থন ও আনুক্লা পায়, তাহলে গড়ে ওঠে অনিরুদ্ধ প্রাণােচ্ছলতার উৎকৃষ্ট একটা নিদর্শন। অল্পাধিক ভারসাম্য থাকলেও সে-আধারে তখন দেখা দেয় শক্তি ও সিদ্ধির একটা অধ্যা সংবেগ—যা স্বভাব ও পরিবেশকে অবর্টস্থ করে জীবনের কুরুক্ষেত্রে আত্মপ্রতিষ্ঠার বিজয়িনী মূতিতে ফ্রটে ওঠে। উৎসপিণী প্রকৃতির সম্ভাবিত সোষম্যাসিন্ধির এই হল ন্বিতীয় ধাপ।

পরিণামের ধারায় আরও থানিকটা এগিয়ে গেলে পেণছিই মনোময়-প্রেবের অধিকারে। সেথানে দেখা দেয় মনোময় মান্ষ। আর-সবাই যেয়ন দেহবা প্রাণ-রাজ্যের অধিবাসী, এ তেমনি বিশেষ করে মনোরাজ্যের অধিবাসী। মনোময় মান্ষ চায় আধারের সবখানি মানসী সিন্ধির ছটায় দীপ্ত করতে। মনের আদর্শ রুচি ভাব বা আক্তির তর্পণই তার জীবনয়ত। এ-সাধনা কঠিন বটে, কিন্তু সিন্ধ হলে তার পরিণামও হয় অমোঘবীর্ষ। তাই মনের সাধনায় আত্মপ্রকৃতির মধ্যে ছন্দস্বমা আনা একদিকে বেমন কঠিন, আরেকদিকে তেমনি সহজও। সহজ এইজনো ধে, মনের সক্ষেপ্শিক্তিকে একবার আয়ত্তে

আনলে, বুল্বি এবং যুক্তির জোরে দেহ আর প্রাণকেও সে আপ্লন দলে ভিড়িরে নিতে পারে। তথন দেহ আর প্রাণের **ঔ**ষ্ধত্যকে শাসনে রাখা কিংবা তাদের দাবিকে থর্ব কি অবদমিত করা তার পক্ষে কঠিন হয় না। দেহ-প্রাণকে এমনভাবে গায়ের জোরে মনের অনুকৃত্ব সাধনে রূপান্তরিত করে, প্রয়োজন হলে তাদের শক্তিকে এতথানি দাবিয়ে রাখা যায় যে, তাদের দ্বারা মনের রাজ্যে শান্তিভগোর কোনও আশ্রুকা থাকে না কিংবা মনকে তারা ভাব বা আদশের উচ্চমণ্ড হতে টেনে নামাতে পারে না। কিন্ত এ-সাধনা আবার কঠিন এইজনো যে, দেহ আর প্রাণের শক্তি মনঃশক্তির অগ্রজা, অতএব একট্রখান শক্তিসঞ্চয় করলেই শাস্তা মনকে তারা এর্মান চেপে ধরতে পারে যে তাদের ঠেকিয়ে রাখবার তার আর-কোনও উপায় থাকে না। মানুষ মনোময় জীব, অতএব মনই হবে তার 'প্রাণ-শরীর-নেতা'। কিন্তু মন এমনই নেতা যে, তার দলই তাকে চালিয়ে নের বেশির ভাগ—এমন-কি এক-একসময় দলের ইচ্ছা ছাডা তার স্বতন্ত্র কোনও ইচ্ছাও থাকে না। বীর্য থাকতেও মন যেন অচিতির আর অব-চেতনার সামনে নিবীর্য হয়ে পড়ে। তার স্বচ্ছতাকে আবিল করে তারা তাকে ভাসিয়ে নেয় সহজবৃত্তি ও অন্ধসংবেগের স্রোতের টানে। দৃষ্টিক স্বচ্ছতাসত্ত্বেও ম**ু**ণ্ধহাদয় ও অন্ধপ্রাণের প্ররোচনায় নিবে[া]ধের মত সে সায় দেয় অজ্ঞান ও প্রমাদের, কুকর্ম' ও কুচিন্তার কারসাজিতে, কিংবা নিরুপায় হয়ে চেয়ে থাকে—প্রকৃতি যথন তাকে জানিয়েই অনর্থ অন্যায় কি সংকটের পথে পা বাড়ায়। মনের মধ্যে স্বচ্ছ ও অকুণ্ঠ ঈশনার বীর্য থাকলেও, আধারে মানস সোবমোর ছন্দই সে অলপাধিক ফুটিয়ে তুলতে পারে—কিন্তু সমগ্র সত্তা ও প্রকৃতিকে বৃহংসামের অখণ্ড রাগিণীতে ঝংকত করতে পারে না। তাছাড়া অপরা প্রকৃতির প্রশাসনজনিত এই সৌষম্যের ফলও অনিশ্চিত। কেননা এতে প্রকৃতির একটা দিক প্রবল হয়ে সার্থকিতার পথ খ'জে পায়, কিন্তু সেইসঙ্গে আর-সর্বদিক প্রবলতর শক্তির চাপে কানা হয়ে থাকে। স্বতরাং এ শ্বা চলতি-পথের পাথেয়, যাত্রাশেষের সিদ্ধি নয়। তাই অধিকাংশ মানুষে দেখি, প্রকৃতির একটা দিক কখনও একেশ্বর হয়ে আধারে যে আংশিক সৌষম্য এনেছে, তা নয়। বরং সে নিজেকে ফাঁপিয়ে তুলে আধারের আর-সর্বত্ত সূচিট করেছে অব্যবস্থিত ব্যক্তিসত্তের একটা দোটানা—পাকা-আমির সঙ্গে কাঁচা-আমির ভেজাল দিয়ে। কখনও-বা কেন্দ্রশক্তির শাসনের অভাবে কিংবা পূর্বসিন্ধ অংশত-সামোর বিলোড়নে আধারের ভারকেন্দ্রকে বিচলিত করে <mark>অরাজ্বুকতান্ত এনেছে। জীবনের</mark> কেন্দ্রবিন্দর্টি আবিষ্কার করে শ্বত-সৌষম্যের অন্তর্ত আদ্যচ্ছন্দটি খাজে না-পাওয়া পর্য নত এর্মানতর অব্যবস্থা চলবেই। বস্তৃত চৈত্যপুরুষই আধারের কেন্দ্রবিদ্য:—অথচ তিনি আছেন যর্বনিকার অন্তরালে। অধিকাংশ মান্ধে তিনি শ্বহু অন্তর্গত্ন সাক্ষী মাত। অথবা তিনি যেন সাক্ষীগোপাল রাজা—

তাঁর হয়ে মন্দ্রীরাই রাজ্যের কর্ণধার। রাজ্যের সমদত ভার তিনি ছেড়ে দিয়েছেন তাদের হাতে, বিনা প্রতিবাদে তাদের মতে সায় দেওয়া ছাড়া তাঁর আর-কোনও কাজ নাই। মাঝে-মাঝে নিজের একটা মত ব্যক্ত করলেও মন্দ্রীরা ষে-কোনও মাহ্মুক্তে তাকে ঠেলে যা-খান্দ্রান্তাই করতে পারে। চৈত্যসন্তার প্রথক্তিত জীবসত্তে যতক্ষণ উপষ্ক্ত সামর্থ্যের অভাব, ততক্ষণ অন্তররাজ্যে এই যথেচ্ছাচার চলে। কিন্তু জীবসত্ত্ব দ্বপ্রতিষ্ঠ হলে সে হয় অন্তর্গত্তি চৈত্যসন্তার যোগ্য বাহন। চৈত্যপার্ম্ব তখন প্রোধা প্রকৃতিকে আপন শাসনে আনেন। আঁধার ঘর হতে বেরিয়ে রাজা যখন নিজের হাতে রাজ্যের ভার নেন, তখনই আমাদের আধারে এবং জীবনে ঋতচ্চন্দ সৌষম্যের নির্মান্ত আরিভাবি হয়।

জীবাত্মার এমনিতর পরিপূর্ণ অভ্যুদয়ের প্রথম পর্ব হ'ল বহিশ্চেতনাতেও চিন্ময় সত্যের অপরোক্ষ সন্নিকর্ষ। জীবাত্মা স্বরূপত চিন্ময় বলে অপরা প্রকৃতিতেও সে উত্তরজ্যোতির দুর্নাত খোঁজে। সে-জ্যোতির এতটাুক আভাস যেখানে, তারই দিকে আমাদের আধারের চিন্ময়ী বৃত্তি কংকে পড়ে। চিন্ময় তত্তকে জীবাত্মা প্রথম খোঁজে সত্য শিব ও স্বন্দরের মধ্যে—জগতে যা-কিছ্ স্ক্রু শাচি উত্তাংগ ও মহং, তার আয়োজনে। এমনি করে তত্ত্বস্তুর বাহা-বিভূতির ভিতর দিয়ে সত্যের ছোঁয়াচ পেলে আত্মপ্রকৃতির খানিকটা শোধন ও পরিবর্তন হয় বটে কিন্তু তার মর্মস্থল আলোড়িত হয়ে সমগ্র এবং আমূল রপোন্তর সাধিত হয় না। তার জন্যে চাই তত্তবস্তুর অপরোক্ষ সাক্ষাংকার,---কেননা তংদ্বরূপের দ্পর্শ ছাড়া সন্তার মর্ম মূলে বিদ্যুতের শিহরন কে আনবে, সোনার কাঠি ছ:ইয়ে কে জাগাবে প্রকৃতিতে অভিনব রূপান্তরের আকুল বেদন ? মনের কম্পর্কৃতি হৃদয়ের ভাবোচ্ছবাস বা আত্মশক্তির প্রক্ষোভ—এ-সবারই একটা প্রয়োজন ও মূল্য আছে। সত্য শিব ও স্কুন্দর পরমার্থসতেরই অনন্তবীর্যের আদ্যবিভূতি—এমন-কি তাদের যে-র্পায়ণকে মনের চোথে দেখি, হ্দয়-দিয়ে অন্ভব করি কি জীবনে মূর্ত করে তুলি, তারাও রচে জীব-সত্ত্বের উদয়নের সোপানমালা। কিন্তু তারা যে-তংস্বর্পের বিভূতি, শ্বধ্ তার তটম্থ অনুভবে নয়—সমস্ত বিভূতির মর্মানলে তার চিন্ময় তাদাত্মা-ভাবনার অপরোক্ষ অনুভবেই যে আমাদের হৃদয়ে তাদের সতাস্বন্ধ্ প ধরা পড়বে, একথা ভুললে তো চলবে না।

জীবাস্থা এই অপরোক্ষ অন্ভবের প্রয়াস মৃখ্যত করতে পারে চিত্তের মননবৃত্তির মধ্যম্থতায়। অর্থাৎ বৃদ্ধি ও অন্তঃপ্রজ্ঞ বোধিচিত্তের 'পরে অধ্যাত্মচেতনার একটা ঝলক পড়লে ওইদিকে সে তাদের মোড় ফিরিয়ে দিতে পারে। মননধ্মী চিত্তের শেষ ঝোঁক অব্যক্তের দিকে। এযণার চরমে সে এক চিন্ময় সদ্বন্ধ্ বা নৈব্যক্তিক তত্ত্ভাবের আভাস পায়—বিশ্বের বিচিত্ত

বিভূতিতে নিজেকে ব্যক্ত করেও যা সমস্ত বিস্কৃষ্টি বা রুপায়ণের অতীত। সেইসংখ্য তার মধ্যে স্ফ্ররিত হয় এক অলখদ্যাতির অন্তর্খ্য বাঞ্চনা—এক পরমসতা পরমশিব পরমস্কুদর পরমনিরঞ্জন পরমান্দের প্রভাস। ক্রমেই চেতনায় তার স্পর্শ নিবিড় হয়, তার অধরা-অছোঁয়ার মায়া গাঢ় হয়ে ওঠে চিন্ময় গোচরতার উপচীয়মান আশ্বাসে, আধারের মর্মানেল অনুবিন্ধ হয় সেই শাশ্বত আনন্তোর সান্দ্র সম্প্রয়োগ—যা এই ব্যাকৃত আনন্ত্যের লীলায় উপচে উঠেও ফ্রিয়ে যায়নি। এই অপ্রের্মবিধ অব্যক্তের একটা নিবিড় প্রৈষা আছে —যা মনের সবখানিকে নিজের ছাঁচে গড়তে চায়। সেইসঙেগ বিস্থিতির লীলাবৈচিত্র্যেও দিনে-দিনে স্পষ্ট হয় ওই অব্যাক্তরেই নিগঢ়ে ঋতের পরি-চয়। মন প্রথম হয় মুনির মন-মননের তৃৎগশ্ঞে যাঁর বিহার। তারপর ফোটে অধ্যাত্মযোগীর চিত্ত-নির্বর্ণ মননের রাজ্য ছাড়িয়ে যিনি পেশছেছেন অপরোক্ষ অন্ভবের ঊষালোকে। তথন মন হয় শুদ্র শান্ত বৃহং ও নৈর্বা-ক্তিক-প্রাণেও সন্ধারিত হয় এই শান্তির রসায়ন। কিন্তু প্রকৃতির পূর্ণ র্পান্তর তাতেও সিম্ধ হয় না, কেননা ক্রমেই এ-মনোনিব্যত্তি ঝাকে পড়ে অন্তরে অচলম্থিতি ও বাইরে উপশ্মের দিকে। প্রপঞ্চোপশ্মের নিরঞ্জন শ্বভাতা তখন নবায়মান প্রাণোচ্ছবাসের এবণা হতে পরাষ্ম্যখ হয়। তাই প্রকৃতিতে চিদ্বীর্যকে আহিত করে তার পূর্ণ রূপান্তরসাধনের প্রবৃত্তিও তার থাকে না।

মননের সহায়ে আরও এগিয়ে যাবার চেন্টা করেও উপশ্মের এই আবেশ মান,ষের কাটতে চায় না। কেননা চিদাবিষ্ট মনের স্বাভাবিক গতি উধর্বম,খী হলেও, নিজের এলাকা ছাড়িয়ে যেতেই তার রূপের সংস্কার যথন খসে পড়ে, তখন অরপের অলক্ষণ অব্যক্তের অতলে নিঃশব্দে সে তলিয়ে যায়। তার চেতনায় তখন ফোটে ক্টম্থ আত্মা ও শুম্ধ চিন্মারের অচল প্রতিষ্ঠা, অনু-পহিত সন্মাত্রের নির্বর্ণ নিরঞ্জন ব্যঞ্জনা, নীর্প অনন্ত ও নির্রভিধান নির্বি-শেষের নিঃসংগ মহিমা। প্রথম হতেই নাম-রূপের সকল দ্বন্দ্র, সদসং শৃভা-শুভ বা স্বন্দর-অস্ক্রের সকল সংস্কার উৎথাত করে সোজাস্ক্রি স্ক্রাতীত সেই তৎস্বরূপের দিকে এগোনো চলে—যিনি শাশ্বত অন্বৈত আনশ্তোর পরম বিজ্ঞান, যাঁর অনিব'চনীয় অনুত্তরতায় হারিয়ে যায় চিদাত্মস্বর্পের চরম ও পরম মানসপ্রতায়। তার ফলে চিদাবেশে চেতনা উন্দীপ্ত হয়ে ওঠে, কিল্ড প্রাণ তলিয়ে যায় নিঃসাড়তায়, দেহরতির সকল কোলাহল স্তব্ধ হয়, জীবাত্মা অবগাহন করে অব্যাকৃত প্রশান্তির চিন্ময় নৈঃশক্ষ্যে। কিন্তু এই মানসী সিন্ধিতেও আধারের সম্যক রূপান্তর সিন্ধ হয় না। এতে শুধু তৈজ্ঞস র পাদ্তরের ভূমিতে দেখা দেয় অধ্যাত্মচেতনার তৃৎগশ্ভেগ চিন্ময়-পরিণামের দীপ্রচ্ছটা-কিন্তু পরাবর সমস্ত প্রকৃতি তাতে দিবা হরে ওঠে না।

অপরোক্ষ সম্প্রয়োগের আরেকটি সাধন হল হৃদয়। হৃদয়ের পথ ধরে জীবাত্মার সাধনা ও সিদ্ধি ক্ষিপ্র এবং স্নিবিড় হয়, কেননা হৃৎশয় অমাহত-চক্রই জীবান্থার গ্রহাধাম। তাছাড়া আমাদের ভাবকায়ের স্থেগ্ও তার প্রাভাবিক একটা নাড়ীর যোগ আছে। তাই সাধনার শ্ররতে হৃদয়ের ভাব-রাশিকে উদ্বেল করেই জীবাত্মা তার সহজ বীর্য ও সান্দ্র অনুভবের প্রাণো-চ্ছল সংবেগকে স্ফ্ররিত করে। হ্দয়ের সাধনা বস্তৃত ভক্তি ও প্রেমের সাধনা—চিরস,ন্দর চিরকল্যাণ চিরনন্দিত সতাস্বর্পের উপাসনা। সেখানে পরাংপর চিন্ময় তত্ত। অন্তরের সমস্ত ভাবাবেগ ও চিত্তরঞ্জনী সকল বৃত্তি তথন একাগ্র হয়ে, উপাস্যের কাছে প্রাণ ও আত্মার এমন-কি সমগ্র প্রকৃতির অকুণ্ঠ নিবেদনে পায় আত্মাহ, তির একটা পরম তপ্তি। কিন্ত ভক্তি-সাধনার সিদ্ধি শতধারায় উছলে ওঠে তখনই যখন নৈর্ব্যক্তিক অব্যক্তের ভূমি পার হয়ে সাধকের মন পরে,ষোত্তমের অন্যুভব পায়। সে-অন্যুভবে আধারের সমস্ত বৃত্তি তীক্ষা দীপ্ত এবং সান্দ্র হয়, হুদয়ের ভাবরাশি ও উন্মাদনা অথবা ইন্দ্রিয়ের চিন্ময়ী সংবিৎ সমস্তই চরমকোটিতে উত্তীর্ণ হয়, নিঃশেষ আত্ম-নিবেদনে সকল আক্তির অন্তিম অবসান হয় শুধু সম্ভাবিত নয়—হয় অনুত্রেরণীয়। সাধকের ভাবদেহকে আশ্রয় করে অন্তরের অস্ফুট চিন্ময় মানুষটি তখন ফোটে ভক্তহ্দয়ের মাধ্রী নিয়ে। এই পরা ভক্তির সংখ্য র্যাদ চৈত্যপন্নব্রের সত্তা ও প্রশাসনের অপরোক্ষ সংবিং যক্ত হয়, ভাব-সত্ত্রে সংগ্র চৈতাসত্ত্রে সমাযোগে সমগ্র জীবন ও প্রাণের সকল বৃত্তি চিন্ময়ী হিরণাদ্মতিতে কল্যাণদীপ্ত হয়ে ওঠে দিব্যোন্মাদের অণ্নিদহনে ও বিশ্ব-মৈত্রীর অমৃতরসায়নে, তাহলেই মর্ত্য আধারে ফোটে শিবজ্যোতির্মায় সাধ্যমের চরম চমংকার-প্রকৃতির অভতপূর্বে রূপান্তরে সার্থক হয় পরমপ্রেষের মধ্যে আপনাকে বিলিয়ে দেবার ব্যাকুল সাধনা। কিন্তু প্রকৃতির সম্যক্ রুপান্তর এতেও সিন্ধ হয় না। এরও পরে চাই, আত্মপ্রকৃতিকে উল্লঃঘন না করেই চিত্তের মননধর্মের এবং চেতনার মনোময় ও অল্লময় বৃত্তির হিরশময় র পান্তর।

এই বৃহৎ র্পান্তর খানিকটা সিম্ধ হয়. ধাদ হৃদয়ের দিব্য অন্ভবের সজেগ ব্যবহারিক সঙকলপবৃত্তির উৎসর্গভাবনা যুক্ত হয়। যে প্রাণসংবেগ চিত্তকে জঙগম করে বহিব তি কর্মের প্রেরণা জোগায়, তারও মর্ধ্যে সঞ্চারিত হওয়া চাই উৎসৃষ্ট সঙকলেপর প্রেতি, নইলে সঙকলপম্ দিধর সাধনা সফল হবে না। ইচ্ছার সজেগ জড়িয়ে আছে যে-অহমিকা, আর তার ম্লে আছে যে-বাসনার প্ররোচনা, ধারে-ধারে তাদের বিলান করে দেওয়াতেই কর্ম সঙকলেপর উৎসর্গ এবং শ্লিধ সিম্ধ হয়। অহমিকা প্রথমত পরা প্রকৃতির ক্যোবও উত্তরবিধানের কাছে আপনাকে নত করে দেয়। তারপর

নিঃশেষে নিজেকে সে মৃছে ফেলে—মনে হয় যেন সে কোপ্লাও নাই, অথবা থাকলেও আছে কোনও উত্তরশক্তি বা উত্তরসত্যের বাহনরপে, কিংবা পরম-প্রব্যের নিমিত্তর্পে তার সঞ্চল্প ও কর্মকে উৎসংগরে বেদিম্লে সংপ দিয়ে। যে **খতের প্রশাসন বা সত্যের দীপ্তি তথন সাধকের দিশারী** হয়, মানস অনুভাতর চরমশিখরে তাকে সে প্রত্যক্ষ করে একটা অনাবরণ স্বচ্ছতা কি শক্তির বৈদ্যুতী কি তত্ত্বভাবের প্রেরণার্পে। অথবা, হয়তো সে চিন্ময় সতাসংকল্পের সত্যকেই নিত্যসহচর অন্তর্যামীরূপে অনুভব করে-সে-ই যেন আলো হয়ে বাণী হয়ে শক্তি হয়ে চিন্ময় প্রেষ হয়ে কিংবা শান্ধসতার অধিষ্ঠানমাত্র হয়ে তাকে কর্মের পথে চালনা করে। অবশেষে এমনি করে তার অনুভব উত্তীর্ণ হয় লোকোত্তর চেতনার দিবাধামে। সেখানে সে দেখে. তার সমুহত কর্ম স্পন্দিত ও প্রশাসিত হচ্ছে এক অন্তর্যামী মহাশক্তি বা অধি-ণ্ঠানতত্ত্বের আবেশে. সাত্রাং আপন ইচ্ছা বলে কিছাই তার নাই—তার অকুণ্ঠ অত্যসমর্পণে সে-ইচ্ছা একাকার হয়ে গেছে ওই ঋতম্ভরা মহাশক্তি ও মহা-সত্তারই সতাসখ্কলেপর সঙ্গে।...চিত্তের সাধনা, সঙ্কল্পের সাধনা আর হৃদরের সাধনা—এ তিনের গ্রিবেণীসংগম ঘটলে, আমাদের বহিশ্চর সন্তায় ও প্রকৃতিতে এমন-একটা চৈত্য বা চিন্ময় পরিবেশ রচিত হয়, যাতে উন্মক্ত চিত্তের বিচিত্র শতদল উদার আনন্দে উন্মীলিত হয় চৈত্যপূর্ব্বের অন্তর্জ্যোতর দিকে. ক্টেম্থ চিদাম্মা বা ঈশ্বরের দিকে, পরিতোব্যাপ্ত ও সর্বগ্রান্থিম্ধ অনুত্তর তত্ত্বের সদ্য-অ**ন্ত**ভত আবেশের দিকে। আত্মপ্রকৃতিতে তথন একটা বহুশাথ বুপান্তরের বীর্যবন্তর বিভৃতি, আত্মগঠন ও আত্মবিস্থিত্তর একটা চিন্মর প্রবেগ দেখা দেয় এবং একই আধারে ভক্ত অধ্যাত্মবিং ও কর্মযোগীর পরম সমন্বয়ে ফোটে মানবতার পূর্ণমহিমা।

কিন্তু এ-র্পান্তরকে অথন্ড প্র্তার গহন উদার্যে প্রেছিতে হলে আছাচেতনার স্থাবর ও জল্গম দুটি বিভাবকেই অন্তরাবর্তনান্বারা আধারের মর্মান্তে—সন্তার অন্তর্গান্ত চিদ্বিন্দ্রতে প্রতিন্ঠিত করা চাই। জীবনের সমসত ভাবনা ও কর্মকে তথন ওই অক্ষীয়মাণ উৎস হতে উৎসারিত করতে হবে। বাইরে দাঁড়িয়ে শুধু অন্তরপ্র্যের অনুশাসনের অন্বর্তনই প্রকৃতির র্পান্তরের পক্ষে পর্যাপ্ত নয়। তারও পরে চাই বহিশ্চর ব্যক্তিসমত্বের সম্পূর্ণ নিরসনম্বারা বোধসত্ত অন্তরপ্র্যের ভূমিকায় প্রতিষ্ঠিত হওয়া। কিন্তু তার পথে দুটি প্রধান বাধা। প্রথমত, অন্তরাব্তির প্রয়াসকে অপরা প্রকৃতি মুড়ের মত রুখে দাঁড়ায়, কেনীমা চিরাভান্ত বহির্মান্থী প্রবৃত্তির সংস্কার কাটিয়ে ওঠা তার পক্ষে সহজ নয়। দ্বিতীয়ত, বহিশ্চেতনা আর নিগ্রু চৈত্যসন্তার মণিকোঠা—এ-দুয়ের স্কুর্বিক্স্ত অন্তরালটি ছেয়ে থাকে অধিচেতন প্রকৃতির এমন-সব আবর্ত এবং তর্মণা, যাদের স্বাইকে কোনমতেই অন্তরাবৃত্তি-সিম্থির অনুকৃল সাধন বলা চলে না। বহিশ্চর

প্রকৃতির সমস্ত ভণ্গিমার একটা বদল চাই। তাকে প্রশান্ত ও পরিশ্বন্ধ করে তার সমস্ত শক্তি ও উপাদানের এমন স্ক্রা পরিণাম ঘটানো আবশ্যক, যাতে তার অধিকাংশ খাদ ক্ষয়িত হয়ে ঝরে পড়ে বা মিলিয়ে যায়। আধারের এমনতর শ্বন্ধিতেই সন্তার গভীরে ডুবে একটা অভিনব চেতনার বনিয়াদ গড়ে তোলা সম্ভব হয়—য়া ভূতাত্মার অন্তরে ও অন্তরালে অধিন্ঠিত হয়ে তার সংগ্য অন্তরাত্মার সেতুবন্ধন করবে। আমাদের মধ্যে এমন-একটা চেতনার উপচয় বা আবিভাব চাই—সন্তার উত্তর্গণ-গভীর মহিমার দিকে দল মেলবে যে দিনেদিনে, বিশ্বাত্মা ও বিশ্বর্শক্তির অন্ভাবের কাছে কি বিশ্বোন্তীর্ণের শক্তিশাতের কাছে আপনাকে অনায়াসে অনাবৃত্ত করবে এবং শান্তি জ্যোতি শক্তিও আনন্দের উত্তর-প্লাবনে পরিক্রাত হবে। সে-চেতনা প্রাকৃত ব্যক্তিসভ্রের সংকীর্ণ সীমাকে বহুদ্রে ছাড়িয়ে যাবে—ছাড়িয়ে যাবে বহিশ্বর চিত্তের ক্ষণিদ্যাতি অন্ভবের খদ্যোতকে, প্রাকৃত জীবনচেতনার হীনবীর্য আক্তিকে, স্থ্লদেহের আচ্ছয় এবং সংকীর্ণ সন্থিকে।

অপরা প্রকৃতির শর্মান্ধ ও প্রশমের সাধনা প্রণ বা পর্যাপ্ত হবার প্রেবই অন্তরপূর্য ও বহিঃসংবিতের মাঝের দেয়ালটাকে ভেঙে দেওয়া যায়— ওপারের দুর্ধর্য আহ্বানে জাগ্রত অভীপ্সার তীরুসংবেগে, দুর্দম সংকল্প প্র**চণ্ড প্র**য়াস বা **সার্থ**ক সাধনবীর্যের উদ্যত অভিঘাতে। হঠকারিতার ফলে সাধকের সমূহ বিপদ ঘটাও অসম্ভব নয়। অত্তিকিতে অন্তররাজ্যে ঢুকে সাধক হয়তো নানা অপরিচিত ও দুর্বোধ অতীন্দ্রিয় অনুভূতির জটিল জালে জডিয়ে যায়। অথবা বিশ্বচেতনা কি অধিচেতনার নানা মনোময় প্রাণময় কি ভূতস্ক্রাময় ও অবচেতন সংবেগে উদ্ভান্ত হয়ে কখনও সে অনিয়ন্তিত বিক্ষেপ-শক্তির অন্যায় তাডনায় ঘুরে বেডায়, কখনও তলিয়ে যায় অন্ধকারের অতল গহ ্বরে, কখন ও-বা প্রলোভন ও প্রবঞ্চনাব আলেয়ার পিছনে ছুটে চলে কোন্ পথহীন কাশ্তারে। আবার অজ্ঞাত শক্তির রহসাময় প্রভাব কখনও তাকে তমসাচ্ছন্ন কোনু সমরাখ্যনে ঠেলে দেয়---সেখানে কোথাও অদৃশ্য বাধার গপ্তেঘাত চেতনায় বিভ্রমের স্থিট করে. কোথাও-বা তার প্রকাশ্য বিদ্রোহের প্রচন্ড বিস্ফোরণ দেখা দেয়। অন্তঃ-সংবিতের প্রাতিভবৃত্তিতে কখনও অলোকিক সত্ত বাণী বা অনুভাবের প্রতিভাস ফুটে ওঠে। তারা আসে যেন ইন্টদেবতা বা তাঁর বার্তাবহের রূপে, জ্যোতিঃ-স্বর্পের চিন্মরী বীর্যবিভৃতির আকারে, সিন্থিপথের দিশারী হয়ে—অথচ আসলে তাদের প্রকৃতি হয়তো ঠিক তার বিপরীত। সাধকের স্বভাবে হয়তো আছে আকাশচু न्वी অহমিকা, প্রবৃত্তির উত্তাল বিক্ষোভ, দ্রাকাশ্কার উৎকট অতিশব্য, শস্তির মিথ্যা দর্প বা এমনিতর মারাত্মক কোনও বাসন। অথবা হয়তো তার চিত্ত ধ্মাচ্ছল, সংকল্প শিথিল ও দিবধাগ্রুত প্রাণশক্তি রূপণ

অপ্রতিষ্ঠিত ও দোদ্বামান ৷—তখন আধারের এইসব চুনিট্রে আগ্রন্থ করে তার চেতনায় বিরোধী শক্তির আবেশ হয়। তারা তার সাধনাকে পণ্ড করে. অধাজ্যজীবন ও চিন্ময়ী আক্তির সত্য পথ হতে দ্রন্থ করে নানা অবান্তর অনভেবের গোলকধাঁধায় ভলের পথে নিয়ে যায় এবং এমনি করে চিরদিনের জনা সত্যোপলব্ধির দুয়ারে আগল টেনে দেয়। প্রাচীন সাধকেরা এসব সঙ্কটের কথা জানতেন এবং তাদের প্রতিরোধেরও ব্যবস্থা করেছিলেন। শিক্ষাথীরে কাছে এইজন্যেই তাঁরা দাবি করতেন দীক্ষা সংযম ও চিত্তশূদিধর সাধনা—শিষাত্বের নানা অণ্নিপ্রীক্ষা। পথের যিনি দিশারী বা নায়ক যিনি সতাদশী এবং সত্যজ্যোতির ধারক ও সঞ্চারক—সেই সিম্ধগ্রের নির্দেশের কাছে শিষ্য আপনাকে সম্পূর্ণ নাইয়ে দেবে এবং তিনিও তার হাত ধরে দাুস্তর সংকটের সব বাধা পার করে দেবেন, অবন্ধ্য অনুশাসনন্বারা তার সাধনপথ আলোকিত করবেন এই কথাই তাঁরা জানতেন এবং মানতেন। এতেও কিন্তু সকল বিপদ কাটে না। যতক্ষণ সাধকের চিত্তে অক্ষার আর্জবের স্ফারণ বা উপচয় না হয়—আত্মশানিধর অটাট সম্কল্প, সত্যের অন্যাসনের দিবধাহীন অনুবর্তন, পরা সংবিতের কাছে নিঃশেষে আত্মসমর্পণ, আত্মপ্রতিষ্ঠাকামী সঙকীর্ণ অহং-এর নিরসন অথবা প্রম-দেবতার দ্বারা তার অকুণ্ঠ বশীকার প্রভৃতি দৈবী সম্পদের আবিভাব না হয় ততক্ষণ প্রতি পদক্ষেপে সাধকের পতনের ভয় থাকে। এইসব দৈবী সম্পদের স্ফারণ স্চিত করে—এইবার সাধকের আধার তৈরী হয়েছে, তার মধ্যে আত্মোপলব্ধি এবং চেতনার গোচান্তর ও রূপান্তরের যথার্থ আকৃতি এইবার জেগেছে। এরপর মনুষাপ্রকৃতির যেসব প্রাভাবিক বৈকল্য, মনোময় হতে চিন্ময় ভূমিতে উত্তরণের পথে তারা আর-কোনও পথায়ী বাধার সৃষ্টি করতে পারে না। অবশা এতেই সাধনা একান্ত সহজ হয়ে ওঠে না,—কিন্তু সাধকের সম্মূরে জ্যোতিঃ-পথ এখন থেকে নিরগ'ল ও স্ক্রম হয়।

অন্তরাত্থায় অবগাহনের সাধনাকে সহজ করবার একটি সার্থক উপায় হল প্র্য় ও প্রকৃতির বিবেকসাধন। মন ও তার বৃত্তিসমূহ হতে সাধক ইচ্ছামাত্র নিজেকে বিবিক্ত করতে পারলে, হয় মন নিস্পান্দ হয়ে পড়ে, নয়তো সাক্ষীর উদাসীন দৃষ্ণির সম্মুখে চলে মনোবৃত্তির বহিব্ লীলা। তখন মনের গহনে যে বিশ্বম্বস্তু মনোময়-প্র্যুষ রয়েছেন, তাঁর সাক্ষাংকার সম্ভব হয়। এইভাবে প্রাণবৃত্তি হতে বিবিক্ত হয়ে শ্বদ্ধ প্রাণময়-প্র্যুষকেও দর্শন করা চলে। এমনকি দেহের প্রবৃত্তি ও বৃত্ত্বা হতে নিজেকে সারয়ে নিয়ে, দৈহাচেতনার নৈঃশব্ব্যে অবগাহন করে আময়া এক অলময়-প্র্যুষের অন্তব পেতে পারি—বিনি দৈহাসন্তার মর্মমুলে শ্ব্রুক্বর্পে অধিতিত থেকে বাইরে উৎসারিত করছেন অলময় চিতিশক্তির লীলায়ন। আবার প্রকৃতির এই বিধা

প্রবর্ণিত হতে ক্রমান্বয়ে বা ধ্রুগপং বিবিক্ত হলে সন্তার গভার সতখতায় নিবিকার ক্টম্থ সাক্ষিপ্রেষের দর্শন মিলবে। এ-দর্শনে আত্মাক্তির চিন্ময় অন্ভব এলেও, তাতে প্রকৃতির রূপান্তর নাও ঘটতে পারে। পার্য এ-অবস্থায় আত্মবিমাজি ও স্বর্পাবস্থানে তৃপ্ত হয়ে প্রকৃতির প্রতি তাটম্থা অবলন্বন করতে পারেন। হয়তো তার ক্রিয়াকে তিনি আর অন্-মন্তারপে উৰজীবিত বা প্রবাধিত করতে চান না—শাধ্য নিঃস্পৃত্র ভোগের গতান গতিক অনুবৃত্তিতে তার সঞ্চিত সংবেগ নিঃশেষিত হয়ে যাক, এইট্রুকুই চান। অথবা এই তার্টস্থাকে আশ্রয় করে প্রকৃতির সমস্ত প্রবৃত্তি হতে নিত্য-বিবিক্ত থাকতে চান। কিন্তু শুধু উদাসীন দুষ্টুত্বই পুরুষের দ্বভাব নয়---জীবের সমস্ত ভাবনা ও কমের বিজ্ঞাতা প্রবর্তক ও শাস্তাও তিনি। এই প্রভূত্বের আংশিক চরিতার্থতা ঘটে—প্ররুষ যথন মনোময়-ভূমিতে অবস্থিত, কিংবা প্রাকৃত দেহ-প্রাণ-মনের যতক্ষণ তিনি উপযোক্তা। কিন্তু প্রকৃতির 'পরে খানিকটা প্রভুত্ব করতে পারলেই তার রূপান্তর্রাসন্ধি হয় না—কৈননা আংশিক প্রশাসনের বাঁর্য এত তীক্ষা নয় যে আধারকে তা আমূল পালটে দিতে পারে। পূর্ণ রূপান্তরের জন্যে চাই মনোময় প্রাণময় ও অম্নময় পূরুষের অধিকারকেও র্ঘাতক্রম করে সন্তার আরও গভীরে তলিয়ে গিয়ে গ্রেহাহিত গহরুরেষ্ঠ চৈতাসন্তার সাক্ষাংকার—অথবা অতিচেতনার অনুত্রে মহিমার দিকে আত্মসন্তার উন্মীলন। অন্তর্ক্ত্যোতিতে প্রভান্বর জীবচেতনার এই মাণকোঠায় অনুপ্রবিষ্ট হতে হলে, দীর্ঘকালের ক্লান্তিহীন দুন্চর তপস্যায় সাধককে প্রাণধাতুর যে অনচ্ছ ব্যবধান চিংকেন্দ্রের দুর্গম পথ জুড়ে আছে তা পার হয়ে যেতে হবে। বিবেকসাধনার শ্বারা দেহ-প্রাণ-মনের বিরামহীন যত উদ্দামতা আর বৃভুক্ষাকে ঠেকিয়ে রাখা, হৃদয়চক্রে একাগ্রভাবনার কীলককে নিহিত করা, কুচ্ছ,তপস্যা এবং আত্মশোধন, প্রাণ-মনের সর্ববিধ প্রাক্তন সংস্কারের উচ্ছেদ, চিরাভাস্ত প্রয়োজনের মিথ্যা প্ররোচনার নিরোধ বাসনাপ্রগোদিত অহস্তার নিরসন—এসমস্তই এই কঠিন সাধনার অধ্য। কিন্তু র্পান্তরসিদ্ধির বীর্যবস্তম মামিক সাধন হল-প্রত্যেকটি সাধনাশ্যকে ঈশ্বরের কাছে অকুণ্ঠ আত্মনিবেদন ও আধারের সকল অংশের পূর্ণ-সমর্পণের 'পরে প্রতিষ্ঠিত সদ্পারার বোধিদীপ্ত প্রাজ্ঞ দেশনার একানত অনাবর্তানও এক্ষেত্রে স্বভাবত অপরিহার্য সবার পক্ষে—কেবল দ্ব-চারজন উচ্চকোটির সাধক ছাড়া।

নিষ্ঠাপ্ত সাধনার ফলে অন্তর-বাহিরের দেয়ালের আড়াল ভেঙে অপরা প্রকৃতির স্থলে আবরণ যখন বিদীণ হয়, তখন এই বিদারণের ভিতর দিয়ে অন্তরেদিতে নিত্যসিন্ধ চিদন্দির দীপ্তশিখা বিকীণ হয়, প্রকৃতি ও চেতনার মর্মে-মর্মে শ্রহ্ হয় অতিস্ক্ষা পাবকশন্তির দাহন। আর সেই দাহনে বিশ্বশধীকৃত আধারের স্ক্ষা পরিমণ্ডলে, অন্তঃপ্রাণ ও অন্তর্মনেরও ওপারে

সত্তার গভীরগহনে রয়েছে যে বিচিত্র চিন্ময় অনুভব তার স্ফারণ ঘটে। চৈত্য-প্রেয়ের কণ্ড্রক একে-একে তখন খসে পড়ে এবং চৈত্যসত্তের পূর্ণোপচিত মহিমা চেতনায় প্রতিষ্ঠিত হয়। এই চৈতাসত্তাকে সাধক তথন অনুভব করে দেহ-প্রাণ-মনের ভর্তারূপে—আধারম্থ চিৎশক্তির নিখিল বীর্যবিভূতির ঈশান-রপে। চিৎকেন্দ্রে অধিষ্ঠিত এই পারুষই তখন প্রকৃতির শাস্তা ও নিয়ন্তা, এবং তাঁর লোকোত্তর মহিমার এই পরিচয়। তাঁর অবংধ্য দেশনা ও প্রশাসনে অন্তর হতে ঋতজ্যোতির অনুস্তির সহজ প্রেতি উৎসারিত হয় –আধারে যা-কিছ্ম তমুচ্ছন্ন অনুত বা দৈবী সিদ্ধির প্রতিকলে, তা ব্যাহত হয়। সত্তার রশ্বে-রশ্বে অণ্যতে-অণ্যতে তাঁর দীপ্তি ছড়িয়ে পড়ে। চিত্তের যত ভাবনা বেদনা সংজ্ঞা সঙ্কল্প বাসনা প্রবৃত্তি আশয় সংস্কার ক্রিয়া বা প্রতিক্রিয়া, স্থ্ল অভ্যাসের চেতন কি অবচেতন যত তাগিদ, এমন-কি আধারের অব্যক্ত কুহরে যা-কিছ, ছন্ম আস্তরণে প্রচ্ছন্ন নির্বাক ও রহস্যঘন হয়ে আছে--সে-সমুস্ত ব্তির যত স্পন্দন রূপায়ণ দিশা বা ঝোঁক সব তাঁর অপ্রমন্ত ধ্রবজ্যোতিতে আলোকিত হয়ে ওঠে। সে-আলোকে তাদের বিপর্যাস ও জটিলতা দ্রে হয়, সহজ গ্রন্থিমোচন হয়—তাদের তামসিকতা প্রতারণা ও আত্মবঞ্চনার সত্য-রুপটি রেখায়িত হয়ে তাদের বাসন নির্মাল হয়। এমনি করে আধারের সব-কিছু স্বচ্ছ নিৰ্মাল ও স্বচ্ছন্দ হয়ে ওঠে, সমগ্ৰ প্ৰকৃতিতে ফোটে উধৰ্ম,খী চৈত্য প্রেরণার স্বরগ্রামে বাঁধা ঋতচ্ছন্দা চিন্ময় সৌষ্ম্যের মূছনা। আধারের হৃতাবশেষ তামসিকতা বা প্রতিক্**ল**তার অন্পাতে এসাধন। কখনও দ্রুত ক্থনও বা বিলম্বিত লয়ে চলে। কিন্তু তব**ু সিম্পির চরমকোটিতে উত্তী**র্ণ না হওয়া পর্যন্ত কখনও তার তালভংগ হবার আশৃংকা থাকে না। পরিশেযে সন্তার সমগ্র চেতনায় দেখা দেয় এমন-এক সর্বতোমুখী প্রতিভা—যা অনায়াসে চিন্ময় অনুভবের সম**দ্ত বৈচিত্ত্যের গহনে অবগাহন করে।** আমাদের প্রত্যেক ভাবনা বেদনা সংজ্ঞা প্রবৃত্তির মধ্যে যে-জ্যোতিঃসতাের অনুস্যাতি আছে, তার ধারণা তখন সাধকের পক্ষে সহজ হয়। আর তার বেতালে পা পড়ে না, কেননা তামসিক জড়ত্বের অধ্ধ দ্বরাগ্রহ হতে, রাজসিক উন্মাদনা ও বৈষ্মাচণ্ডল প্রবৃত্তির আবর্ত সংকুল পাঁৎকল অশ্বচিতা হতে, এমন-কি জ্যোতিরভিমানী সাত্ত্বিকতার সক্ষা সংকাচ আড়ন্ট কাঠিনা ও কৃত্রিম সমত্বের বাহানা হতে-এক-কথায় অবিদ্যা-প্রকৃতির সর্ববিধ শাসন হতে সাধক তখন নিষ্কৃতি পায়।

এই হল সিম্পির প্রথম পর্ব। তার দ্বিতীয় পর্বে আধারে চিন্ময়-অন্-ভবের একটা আস্রব নামে। ক্টেন্থ আত্মন্বর্পের্ উপলিখি, ব্নগন্দ শিব-শক্তির অন্ভব, বিশ্বচেতনার দীপ্ত প্রতায়, বিশ্বপ্রকৃতির অতীন্দিয় শক্তি-লীলার অপরোক্ষ সংবিৎ, সর্বাত্মভাবের গভীর আবেশে ঘটে-ঘটে বহিঃপ্রকৃতির মর্মে-মর্মে অনুপ্রবিষ্ট চেতনার নিবিড় ও নিরংকুশ বাঁতিষণ্গ, চিত্তে বিজ্ঞানের দীপ্তি, হৃদয়ে ভক্তি প্রেম ও হ্যাদিনীশক্তির দিব্যবিভা, দেহে ও ইন্দিয়ে লোকোন্তর অনুভবের পূর্ণাচ্ছটা, অতন্দ্র কর্মে শৃদ্ধ হ্দয়-মন-চেতনার ঋতন্তর উদার্যের বৈদ্যুতী, সন্কল্পে ও আচরণে তাঁরই জ্যোতির্মায়ী দেশনার নৈশিচতা তাঁর চিন্ময় শক্তিপাতের আনন্দসংবেগ—এমানতর ঐশ্বর্যের অজস্রতায় সাধকের জীবনে নেমে আসে চিত্রভান্বর জ্যোতির বন্যা। আধারের অন্তঃশীল ও অন্তরতম সত্ত্ব এবং প্রকৃতির বহির্ন্মীলনের ফলে এই সিন্ধি আসে। তাই চেতনায় তথন চৈত্য-প্রুষের অপ্তমন্ত ধ্বসন্দ্রাধির সহজ দীপ্তি ফোটে—যার অপরোক্ষ দর্শন-স্পর্শানের সামর্থ্য মানসপ্রতায়ের সকল সীমা ছাড়িয়ে যায়। তাঁর অনাবিল শৃদ্ধ চিদ্বিলাসে তথন স্ফর্নিত হয় ভূতধাত্রী প্রকৃতির সাক্ষাৎ ও অন্তর্গণ অনুভব, পরমাদ্মা ও পরমপ্রেষের অপরোক্ষ সাক্ষাৎকার, পরম্বতার ও তার ঋতন্তরা চিত্রবিভৃতির প্রতাক্ষ বিজ্ঞান ও দর্শন, চিন্ময় ভাবোল্লাস ও বেদনার স্কুন্রাবগাঢ় এবং অব্যবহিত সংবিৎ, সমাকাসন্দেশ ও সম্যক্ত্রমার বোধিদীপ্ত অবিতথ বিনিয়োগ। বহিরান্মার দিবধান্দোলিত অনৈশিচতা নিয়ে নয়, কিন্তু অন্তর্যামী কবিক্রত্র প্রেরণায় এবং পরা প্রকৃতির নিগ্রু গান্তির উন্মেষে তথন তিনি স্ফ্রিত ও নিয়ন্তিত করতে পারেন আত্মনজ্যর এক অভূতপূর্ব ভূমিকা।

চৈত্যসত্তার পূর্ণ উন্মীলন না হতেই যদি প্রাণময় ও মনোময় পুরুষের উন্মীলন ঘটে, তাহলেও আধারে এসব সিন্ধির খানিকটা মূর্ত হতে পারে। আধারের অন্তর্গ ্র স্ক্র ও বৃহত্তর হ্দয়-প্রাণ-মনেরও অপরোক্ষ চিন্ময়-সন্নিকর্ষের একটা স্বাভাবিক সামর্থ্য আছে। অধিচেতন ভূমি হতে বিদ্যার সংখ্য অবিদ্যারও উৎক্ষেপ হয় বলে সেক্ষেত্রে সাধারণ অনুভবের ধরন হয় ব্যামিশ্র। তার ফলে সত্তার পূর্ণ বিস্ফারণ ব্যাহত হয় মনের কোনও সঙ্কীণ সংস্কার, হৃদয়ের কোনও পক্ষপাতদঃভ সঙ্কুচিত প্রবৃত্তি অথবা স্বভাবের বিশেষ-কোনও ঝোঁকের জনা। হয়তো চৈত্যসত্ত্বে উন্মেষ হয়নি, অথবা তার পূর্ণোন্মীলনে বাধা পড়েছে; তখন বৃহত্তর জ্ঞান ও শক্তির আবেশে সাধকের অধ্যাত্ম অনুভবে যদি অলোকিকত্ব বা অসাধারণতার ছোঁয়াচ লাগে, তাহলে তার চিত্তে অহমিকার অতিস্ফীতি দেখা দিতে পারে। এমন-কি আধারে কখনও-কখনও দিব্যভাবের বসন্তোৎসবের জায়গা জ্বড়তে পারে আস্বরভাবের উত্তাল আলোড়ন, অথবা বিশ্বশক্তির এমন-সব অবর্রবিভৃতি নেমে আসতে পারে—যারা এতটা সর্বনাশা না হলেও কিছু কম দুর্ধর্য নয়। কিন্তু চৈত্যপরে বের পূর্ণ উন্মীলনে সে-ভয় থাকে না। কেননা তার দেশনা ও প্রশাসন অনুভবের সকল ক্ষেত্রে সঞ্চারিত করে সমাক্-সম্ভূতির ঋতম্ভরা দ্যাতি ও অপরাহত সৌধ্যাের নিবিড় বাঞ্জনা—যা চৈতাসত্ত্রে স্বভাবধর্ম¹। অতএব এমনিতর একটা তৈজ্ঞস অথবা বিশেষ করে তৈজ্ঞস-চিন্ময় রূপাম্তর আধারে যদি ঘটে তাহলেই মানুষের মনোময় প্রকৃতিতে দেখা দেবে স্কৃতির-প্রত্যাশিত বৈপ্লবিক যুগান্তরের সূচনা।

কিন্তু এধরনের অনুভব ও রুপান্তর তত্ত্ত কি স্বভাবত তৈজ্ঞস বা চিন্ময় ভূমির হলেও, তাদের বিশিষ্ট অর্থকিয়াকারিতা কিল্ড দেহ প্রাণ ও মনের ভূমিতেই দেখা দেয়। সাধারণত তাদের চিদ্বীর্য* স্ফুরিত হয় দেহ-প্রাণ-মনের সবর্থান জ্বড়ে চৈত্যদীপ্তির বিচ্ছ্বরণে। কিন্তু তার আকৃতি-প্রকৃতিতে সাধনসামগ্রীর অপকর্ষের একটা ছাপ থাকেই—নিষ্ঠাপত্ত তপস্যার ফলে তারা যতই প্রসারিত উধর্বায়িত বা বিরলীকৃত হ'ক না কেন। মনের ওপারে সত্য বাঁর্য ও আনন্দের যে অশ্বৈতসম্পর্টিত বহুধাবিস্ফির উদার-গহন বাস্তব-প্রতায় রয়েছে, মর্ত্য আধারে তার একটা অনতিস্ফুট প্রতিবিদ্ব মাত্র পড়ে। কেননা আমাদের বর্তমান প্রকৃতির শোধনমার্জন অতিনিখতে হলেও তা মানস সংস্কারের এলাকা ছাড়িয়ে যেতে পারে না. অতএব তাকে উন্মনী ভূমির স্বরূপ-জ্যোতির যোগ্য বাহন বাল কী করে? এইজনাই তৈজস বা তৈজস-চিন্ময় র পাশ্তরেরও 'পরে চাই শশ্রেষ চিন্ময় র পাশ্তরের পর্ণতিম প্রবেগ। অন্তরাত্মা বা 'হুদি সন্নিবিষ্টঃ' প্রমান্মা ও প্রমপ্রব্রেরে অভিম্বে চেতনার যে অন্তরা-বৃত্ত অগ্রা-গতি, তার আপ্রেণ চাই অন্তেমা চিন্ময়ী স্থিতি বা লোকোত্তর-পদের প্রতি আন্মোন্মীলনের উধর্বমুখী আকৃতির শ্বারা। তার জন্যে উত্তর-জ্যোতির দিকে চেতনার দল মেলা চাই। অধিমানসের পর্বে-পর্বে অতিমানস-প্রকৃতিতে রয়েছে চিৎসত্তার যে শাশ্বত নির্মান্ত প্রকাশ, যেখানে স্বয়ম্ভূবীর্যের জ্যোতির্মায় প্রস্ফুরণে সাধনবৈকল্যের অণুতেম সম্ভাবনাও থাকতে পারে না (যেমন আছে আমাদের প্রাকৃত দেহ-প্রাণ-মনের ভূমিতে)—সেই উধর্বলোকে চেতনার উত্তরণ চাই। তৈজ্ঞস-রূপোন্তরের পর এ-উদয়ন অনেকটা সহজ হয়। কেননা চৈতাসন্তার অকণ্ঠ আবিভাব সংকচিত ব্যক্তিভাবনার একাধিক আবৃতিকে অপসারিত করে যেমন বিশ্বচেতনার উদারলোকে আমাদের সন্তাকে প্রসারিত করে, তেমনি আবার বিভজাবাত্তি বিবিক্ত মনের দীপ্ত-কঠিন আবরণের আড়ন্ট পাশ মোচন করে লোকোত্তর অতিচেতনার দিকেও চেতনাকে উন্মীলিত তৈজস-চিন্ময় রূপান্তরের প্রবেগে, আপন উৎসম্লের দিকে নবোদভাসিত অধ্যাত্মচেতনার নিরুচ প্রেতিতে, মানস আবরণ ক্ষীয়মাণ হয়ে অবশেষে বিদীর্ণ বিকীর্ণ ও বিলুপ্ত হয়ে যায়। সাধক যদি চিদাবিষ্ট মনের সাধারণ ভূমিতে শুধু ভাগবত-সন্তার অপরোক্ষানভেবে তপ্ত থাকে, তাহলে এই আবরণ-বিদারণ ও অনুস্তরের শক্তিপাত সম্ভব নাও হতে পারে—চৈতাসন্তার প্রেশিমীলন হয়নি বলেই। কিন্তু কোনও নিগ্যু কারণে অতিপ্রাকৃত ভূমির আভাস মানসক্ষেত্রে প্রতিফলিত হয়ে যদি তীর অভূপীপ্সার আগ্নন জনলিয়ে তোলে, তাহলে হয় 'হিরন্ময় পাত্রের' আবরণ উল্মোটিত হয়, নয়তো তার মধ্যে

^{*} তৈজস ও চিন্মর উন্মীলনের অন্তব হতে, চেতনার ক্ষেড় ইহবিম্ব হয়ে নির্বাপের দিকেও ঘ্রে থেতে পারে। কিন্তু এখানে আমরা সে-অন্ভবের বিপাককে দেখছি শ্ধ্ প্রকৃতির প্রত্যাশিত র্পান্ডরের সাধনর্পে।

দেখা দেয় মনোশ্মনীর বিদাররেখা। কখনও-বা তৈজস-চিন্ময় রূপান্তর পূর্ণ-সিন্ধ হবার পূর্বেই—এমন-কি তার অস্ফাট সূচনা বা প্রগতির অর্ধপ্রেই এই উত্তরায়ণের আকৃতি জাগে। কেননা প্রবৃদ্ধ চৈতাসত্ত একবার সে-অতিচেতনার আভাস পেলে তার প্রতি শরবং তক্ষয় না হয়ে পারে না। অভীপার প্রবেগে কিংবা আন্তর প্রস্তৃতির ফলে, ঊধর্বজ্যোতির অবতরণ বা ঊধর্বচ্ছাদনের বিদারণ নির্মপত কালের পূর্বেও ঘটতে পারে। অথবা অধিচেতন ভূমির কোনও নিগঢ়ে প্রয়োজনে বা উধর্বলোকের আবেশে কি চাপে অপ্রত্যাশিতভাবেও সে-জ্যোতি চিত্তের সচেতন আকৃতির কোনও প্রতীক্ষা না রেখে আধারে নেমে আসতে পারে। তথন মনে হয়, যেন দিব্য-প্রের্যের চিন্ময় স্পর্শে সহসা সকল চেতনা উদ্ভাস্বর হয়ে উঠেছে। অবশ্য এমনিতর শক্তিপাতে মনের রাজে। একটা যুগান্তর আসতে পারে। কিন্তু অবরভূমির চাপে অকালে শাক্তপাত ঘটাবার চেন্টা করলে বিঘা-বিপদের আশুকাও আছে, কেননা চিন্ময়-পরিণামের উধর্বপর্বে অনু,ন্তরের প্রথম সমাগমকে নির্বাধ করতে হলে চাই চৈত্যসন্তের পূর্ণকল উন্মেষ। তবে কিনা চিন্ময়-পরিণামের ধারা ব্যক্তিভেদে বিচিত্র ও বহুমুখা এবং সবসময় তার নিয়ন্ত্রণের ভারও আমাদের হাতে থাকে না। তাই উধর্বিভাবনী যে-চিংশক্তি আমাদের উত্তরায়ণের প্রবিতিকা, তার নিগ্ড়ে প্রৈষার বশে পরিণামের যে-কোনও পর্বসন্ধিতে অপ্রত্যাশিতভাবে চেতনার মোড ফিরে যেতে পারে—তার অন্তঃশীলা প্রথম প্রেতির ইৎগনাতে।

মনের ঢাকনায় চিড দেখা দেবার পরে, সাধকের চোখে কখনও অজানা লোকোন্তরের একটা আ-ভাস ফোটে, কখনও উদ্যত চেতনার উদয়ন ঘটে তার দিকে, কখনও-বা আধারে তার শক্তিপাত হয়। আ-ভাস ফটলৈ সাধক তার উধের প্রসারিত দেখে এক চির আনন্তা ও শাশ্বত সদ্ভাব, অথবা এক অনন্ত-সং অনন্ত-চিং ও অনন্ত-আনন্দ—এক নিঃসীম আত্মভাব, এক নিঃসীম শক্তি, এক নিঃসীম উল্লাসের স্বয়স্ভূ মহিমা। তারপর বহুকাল ধরে মাঝে-মাঝে ঘন-ঘন বা নিরবচ্ছেদে এই দর্শনের আবৃত্তি চলে—অন্তরে তার জন। জাগে ব্যাকল একটা অভীপ্সা। কিন্তু সাধক এর বেশী আর এগোতে পারে না। কেননা এ-অবস্থায় হৃদয় মন বা আধারের থানিকটা বাদ-বা বিকচ হয়েছে উপরপানে, তবু, সমস্ত অবরপ্রকৃতি এখনও তার আচ্ছন্ন গরে,ভার দিয়ে প্রগতির আক্তিকে ঠেকিয়ে রেখেছে।...কিন্তু নীচে থাকতেই লোকোত্তর অভিাসনের এই প্রাথমিক উদার সংবিৎ ফোটবার আগে কি তার কিছুদিন পরেও চেতনার উদয়ন ঘটতে পারে। মন তখন হয় ঊধর্বলোকের সান্ত্র-সঞ্চারী। এই সান্ত্ দেশের পরিচয় ঠিক না জানলেও, উত্তরণের ফল নানাভাবে আমাদের অনুভব-গোচর হয়। অনেকসময় চেতনার অন্তহীন উদয়ন ও প্রত্যাবর্তনের একটা সংবিং জ্বাগে—কিন্তু তাহলেও ওখানকার খবর ধরা কি এখানকার ভাষায় তার তর্জমা করা অমাদের সাধ্যে কুলার না। তার কারণ, উত্তরভূমি এতকাল মনের

কাছে অতিচেতন ছিল। তাই মন সেখানে আর্চ হয়েও সচেতন সমীক্ষা ও विस्नियावशारी जन्द्र अप्रयोग्य अथर्मान्य किंग्य त्राथर भारत ना। কিন্তু চিতিশক্তির ক্রমোন্মেষে মন যখন অতিচেতন বস্তুর সম্পর্কে ধীরে-ধীরে সচেতন হয়ে ওঠে, তখন আর উন্মনী ভূমির বিজ্ঞান ও অনুভব তার অগোচর থাকে না। যে আ-ভাসিক দশনের কথা পূর্বে বলেছি, সে তখন র্পান্তরিত হয় অন্ভবে। তার ফলে, মন কখনও উত্তীর্ণ হয় নির্বিশেষ আত্মস্বর পের নিদ্তব্ধ নিঃসীম প্রশাদিতর উত্তরভূমিতে। কখনও সে আর্ঢ় হয় চির-ভাষ্বর জ্যোতির্লোকে বা দ্যালোকের আনন্দনিকেতনে। কোথাও অনন্তশক্তির অপরোক্ষ অনুভবে সে হয় স্পন্দিত—দিব্য-সদ্ভাবের অবিশ্লুত চেতনায় কন্টকিত। কোথাও সে ডুবে যায় চিন্ময় সোন্দর্য ও প্রেমের অতল সায়রে, অথবা জ্যোতির্মায় দিবাজ্ঞানের অনন্ত প্রসারে অবাধে সম্পরণ করে। ফিরে আসবার পরও চিন্ময় অনুভবের সংস্কার তার থাকে, কিন্তু মনের মাুকুরে তার ছায়া পড়ে আচ্ছন্ন এবং অস্পন্ট হয়ে। অনুভবের ঝাপ্সা খণ্ডস্মৃতি তখন আর অবরচেতনায় কোনও বীর্যসঞ্চার করে না, তাই উদ্দীপনার শেষে আবার সে ঝিমিয়ে পড়ে অভ্যস্ত লোকিক ভূমির কোলে—শুধু বৈদ্যুতীহীন অন্তবের স্মৃতি বা চকিত আভাসট্যুকু তার মনের ভাণ্ডারে জমা হয়। ক্রমে সাধকের মধ্যে দ্বেচ্ছাকৃত উদয়নের শক্তি ফোটে। তথন চিন্ময়ভূমিতে উধর্ব-বিহারদ্বারা অজিতি সম্পদের খানিকটা সে প্রাকৃত চেতনার অংগীভূত করে নেয়। সাধারণত এ-উদয়ন সমাধিতে ঘটে। কিন্তু জাগ্রংচেতনার একাগ্র অভি-নিবেশশ্বারাও উত্তরভূমিতে আর্ ঢ় হওয়া অসম্ভব নয়। আবার চিত্তের চিন্ময়তায় ধ্যান ছাড়াও যে-কোনও মুহূতে সগোত ভূমির উধন্বিকর্ষণে এ-অবস্থা আসতে পারে।...কিন্তু এমনতর আ-ভাসিত দর্শন বা উদয়নে অতি-চেতনার স্পর্শ আধারে প্রভাস্বর দীপ্তি প্রমাক্তি ও আনন্দের উচ্ছলতা আনলেও তার ফল স্বদূরাবগাহী হয় না। চিন্ময়-রূপান্তরের সম্মাক সিন্ধির জনা আমাদের আরও-কিছু চাই--চাই অবর হতে উত্তর চেতনায় সাধকের অধির্চ নিত্যদ্থিতি এবং তার সংগ্রে অপরা প্রকৃতিতে পরমা প্রকৃতির নিত্য-নির্চ্ অবতরণ বা সার্থক শক্তিপাত।

এই অবতরণ বা শক্তিপাতই হল চিন্ময়-র্পান্তরের তৃতীয় বিভাব, অধির্ঢ়-ন্থিতির পক্ষে যাকে অপরিহার্য বলতে পারি। উপর হতে উপচীয়মান প্রবেগে অম্তের নির্মার আধারে নেমে আসছে, চিৎসত্তার বা তার চিন্ময়ী বৃত্তি ও বিভূতির নিরবচ্ছিল্ল নিষ্যান্দকে উদ্ধুস্ক চেতনা ধরে রাখছে তার কমলপ্টে—এই হল শক্তিপাতের রীতি। আ-ভাঙ্গিক দর্শন বা সাময়িক উদয়নের ফলেই সাধারণত শক্তিপাত সম্ভব হয়। কিন্তু তাছাড়া কখনও তা আপনা হতেও দেখা দেয়—আকন্মিক আব্তি-বিদারণ বা অন্প্রবণের ফলে, ধারাসারে বা আপ্রবের আকারে। উত্তরজ্যোতির একটি শিখা নেমে আসে মনে

প্রাণে কি দেহে, এবং অবরসন্তাকে তা স্পর্শ করে, আবৃত করে, বিশ্ব করে। কিংবা লোকোত্তরের সত্তা সংবিং ও শক্তির ধারা কি তর্গ্গ সহসা চেতনাকে পরিপ্রত করে। অথবা কোথাহতে আধারে আনন্দের ফোয়ারা উথলে ওঠে--জ্যোৎস্নাপ্নলকিত মাধ্রীতে ছেয়ে যায় সকল দিক। তথনই ব্রুতে হবে--র্যাতচেতনার সংখ্য আধারের সেতৃবন্ধন হল। প্রথমত গ্রাহক-চিত্রের সংস্কার বশে এসব অন্ভবের যথার্থ তাৎপর্য ও পুতথানুপুতথ পরিচয় রহস্যাচ্ছাদনের অন্তরালে ঢাকা পড়ে যায়। কিন্তু এপারে-ওপারে বারবার আনাগোনার ফলে ক্রমেই তারা যথন স্প্রিরিচত ও স্বাভাবিক হয়ে দাঁডায়, তথন আর তাদের কোনও তত্ত্ব চেতনার কাছে গোপন থাকে না। তখন ঊধর্বলোকের গুণ্গোত্রী হতে নামে দিব্যজ্ঞানের বিপলে প্লাবন—ঝলকে-ঝলকে, অক্ষীয়মাণ শতধারায় অবশেষে নিরুত নির্বারে—ফুটে ওঠে চিত্তের উপশম বা নৈঃশব্দ্যের পটভূমিতে। লোকোত্তর দর্শন ও ঋতম্ভরা প্রজ্ঞা হতে জাত বোধি, প্রতিভা বা দিবাগ্রুতির আবেশ জাগে আধারে, নিবিচার বিবেকদীপ্তির বৈশারদ্যে ব্রাদ্ধির তামসিকতা ও ব্যামিশ্রভাবের ধাঁধা দরে হয়—ঋতের ছন্দে বাঁধা হয় জীবনতন্ত্রীর সরে। এক অভিনব চেতনার দিব্যসামর্থ্য গড়ে তোলে উত্তর মনের স্বয়ম্ভু-মননজাত প্রজ্ঞার বৈপ্লা, প্রভাস-মানস বোধি-মানস বা অধিমানসের দর্শন ও ভাবনার নবীন বৈভব, প্রাকৃত দর্শন কি ভাবনারও অতিভাবী চিন্ময় অপরোক্ষ অনুভবের লোকোত্তর বার্য, প্রাকৃত আধারে চিন্ময় ধাতুতে সঞ্চারিত মহাসম্ভূতির অকুণ্ঠ नः (देश । इ. म.स. ७ इ. मिन्नुदात नः (देशनामास्ति में का जीका ७ देश इता दिन्द-ব্রহ্মাণ্ডকে গ্রাস করে, ঈশ্বরকে দর্শন শ্রবণ স্পর্শন ও আস্বাদন করে, বিশ্বোত্তর তাদাস্ম্যান,ভবে আত্মাকেই বিশ্বাভেদে উপলব্ধি করে একরসপ্রতায়ের নিবিড় আসংগা। এই মোলিক রূপান্তরকে আশ্রয় করে অন্ভবের আরও-কত বৈশিষ্টা, চেতনার আরও-কত পরিণাম মঞ্জরিত হয়ে ওঠে। আধার জনুড়ে এ মহাবিম্পবের কোথাও শেষ নাই—কেননা এ যে তার 'পরে আনন্ত্যের দুর্বার অভিঘাত।

এই হল চিন্দার-র্পান্তরের ন্বর্প। কখনও তার চিন্না ক্রমবাহী ও অনতিদ্রুত, কখনও-বা ক্ষিপ্ত ও ক্রান্তিকারী। এই র্পান্তরের প্রভাবে বারবার চেতনার উদরন ঘটে এবং অবশেষে লোকোত্তর ভূমিতে অধির্চ্ হরে সেইখান থেকে সে দেহ-প্রাণ-মনের উপদ্রুতী এবং প্রশান্তা হয়। এই অধির্ত্তাবের সিন্ধির সংশ্যে ক্রমেই নিবিভৃতর ধারার আধারে নেমে আসে উধর্বভূমির চেতনা ও বিজ্ঞানের বীর্যবিভৃতি এবং অবিশ্রান্ত উপচয়ের ফলে তা সাধকের ন্বভাবগত হয়ে দাঁড়ায়। এক জ্যোতির্মায় সামর্থা ও প্রজ্ঞাদীপ্ত প্রবেগ প্রথমে মনকে অধিকার করে নতুন ছাঁচে ঢালে, তারপর প্রাণে আবিষ্ট হয়ে তারও র্পান্তর ঘটায় এবং অবশেষে সংকৃচিত দৈহ্যচেতনায় সঞ্চারিত হয়ে তার সংকীর্ণতাকে পরাভৃত করে জ্ঞাগায় সাবেলীল বৈপ্লা—এমন-কি নির্ভৃত্য অনন্তসমাণ্ডির

ছন্দ। কারণ আনন্তাবোধ এই অভিনব চেতনার স্বভাব। এর আবির্ভাবে আত্মপ্রকৃতির এক স্বচ্ছন্দ ঔদার্যের অভিযাতে সকল সঙ্কোচ ভেঙে যায়— চেতনা নিত্যবিকাশত থাকে শাশ্বত আন**ে**তার অমিতবিশাল সংবিতে। অমৃতদ্বের অনুভব তথন চিরাগত বিশ্বাস বা ক্ষণিক উপলব্ধির বিষয় না হয়ে দ্বাত্মান,ভবের একটা সহজবৃত্তি হয়। প্রমপ্রের নিতাসালিধ্য অনত-র্ধামির পে তার দ্বারা বিশ্বের ও সর্বভূতের প্রশাসন, অন্তরে-বাইরে সর্বত তার চিৎশক্তির উল্লাস, আনতেতার নিতানিঝারিত প্রশানিত এবং আনন্দ—এ সমস্তই যেন হয় অবিচ্ছেদ ও অপরোক্ষ অনুভাতির বস্ত। বিশ্বের সকল রূপে সকল দ্শো সাধক তথন দেখে শাশ্বতকে, সংস্বর্পকে। সকল শব্দে শোনে তাঁর মন্ত্র, সকল স্পর্শে পায় তাঁর অনুভব। নিখিল জাড়ে সে দেখে ঘটে-ঘটে তাঁরই রূপোল্লাসের বিস্ভিট—আর হৃদয়ের উদ্বেল ভক্তির আনন্দে. নিখিলের নিবিড বাহ বন্ধনে, চিন্ময় তাদাত্ম্যান ভবের পর্লকে নিত্য আম্লন্ত হয় তার চেতন।...এমনি করে মনোময় জীবের চেতনা আর্বার্তত হয়—কিংবা অলক্ষ্যে আবিষ্ট ও রপোন্তরিত হয় চিন্ময়-পরের্ষের চেতনায়। তিনটি র্পান্তরের এইটি হল ন্বিতীয়—যা ব্যক্ত ও অব্যক্তের মধ্যে সেতুর মত, বিষ্কাৃ্ পদের অন্তরিক্ষরূপে যা প্রকৃতির চিৎপরিণামের বিশিষ্ট একটি পর্বসন্ধি।

চিৎসত্তা যদি প্রথম হতেই লোকোত্তর ভূমিতে প্রতিষ্ঠিত থেকে ভূত ও চিত্তের অক্ষত নিল'ঞ্জিন পটভূমিকায় তার জ্যোতিম'য় রুপের রেখা ফোটাতে পারত, তাহলে আধারের অথণ্ডিত চিন্ময়-পরিণামও ক্ষিপ্র এবং সাসাধ্য হত। কিন্তু প্রকৃতির ধরনধারন তো বস্তুত সহজ নয়। তার চলনে আছে নানা বৈচিত্র সপিলতা ও কুটিল রেখার বাহন্ল্য। তার দিগন্তবিথার দৃন্টিতে ফোটে আরখ রতের সঁকল খ্রাটনাটি। সমস্যাকে সে কঠিন হতে কঠিন করে—সহজ সমাধানের ম্লান নিবার্যি আনন্দ চায় না বলেই। আধারের প্রত্যেকটি ব্<u>তি</u>র দ্বভাব ও দ্বধর্মকে অক্ষন্ন রাখতে হবে—তাদের প্ররানো ছাঁচের প্রত্যেকটি লিখনকে অট্রট রেখে। তারপর তার ক্ষুদ্রতম ভাগ ও ক্ষীণতম স্পন্দকে অযোগ্য হলে বিধন্দত করে আর-কিছনুকে তার জায়গায় বসাতে হবে, আর যোগ্য হলে সোনা করে নিতে হবে উত্তর-সত্যের স্পর্শ দিয়ে। তৈজস-র্পান্তর সিন্ধ হলে এ-সাধনা অবশ্য দ্বঃখদায়ক হয় না—যদিও সেক্ষেত্রেও চাই দীর্ঘাদনের নিষ্ঠাপতে তপস্যা এবং প্রগতির সম্পর্কে সজাগ দ্বন্ধি। চৈত্যসত্তার নিমর্ভ প্রকাশ না হলে চিন্ময়-র পাশ্তরের আংশিক সিন্ধি নিয়েই সাধককে তৃপ্ত থাকতে হবে। আর নিখৃত পূর্ণফুার আক্তি বা আত্মার ব্ভুক্ষা যদি অদম্য হয়, তাহলে বাধ্য হয়ে তাকে সাধনার দুর্গম পথে চলতে হবে—কণ্টকবিন্ধ চরণে অফ্রন্ত দিক্প্রান্তের দিকে চেয়ে-চেয়ে। কারণ, বিশেষ-কোনও উল্জাল মুহাতেই সাধারণত আমাদের চৈতনা সান্সপারী হয়, নইলে প্রায়ই সে মনোভূমিতে থেকেই শক্তিপাতকে গ্রহণ করে। কখনও উপর

হতে চিদ্বীযের বিবিক্ত একটি ধারা নেমে আসে এবং আধারে আহিত হয়ে চিন্ময় ঐশ্বর্যে তাকে জ্যোতিষ্মান করে। কখনও-বা উপর্যাপার ধারাপাতে তার মধ্যে ক্রমে চিৎসত্তার স্থিতি ও স্ফরেতা উভয়েরই বীর্য প্রতিষ্ঠিত হয়। কিন্ত অনুত্তর ভূমিতে শাশ্বত প্রতিষ্ঠা লাভ না করলে আধারের সম্যক্ রূপান্তর অংশত সিন্ধ হবারও আশা নাই। তৈজস-র্পান্তরন্বারা পূর্ব হতে নিজেকে প্রস্তুত না করে অজ্ঞানে উত্তরশন্তিকে নামিয়ে আনবার চেষ্টা করলে, অপরা প্রকৃতির অমেধ্য ও দোষদৃষ্টে আধার তার তীব্রসংবেগকে ধারণ না করতে পেরে বিকল বা বিদীর্ণ হয়ে যেতে পারে—দিব্য সোমধারার পরিস্তবে বিশীর্ণ অপক পাত্রের মত। অথবা আধারে আশ্রয় না পেয়ে অবতীর্ণ শক্তি আবার গর্নাটয়ে যেতে বা চলকে পড়তেও পারে। হয়তো উপর হতে নেমে আসছে শক্তির বিশেষ প্রবেগ। সাধকের অশুদ্রুধচিত্ত বা প্রাণময় অহণ্ডা তাকে যদি আপন ভোগৈশ্বর্যের তপ্তিসাধনায় নিয়োজিত করে, তবে তার অব্যঞ্জিত পরিণাম হবে অহমিকার অতিস্ফীতি এবং নানা সিন্ধাই ও বিভৃতির পিছনে ছোটাছ,টি। আবার আধারে পঞ্চিল কামবাসনার আতিশ্য্য থাকলে, ঊধর্ব হতে অবতীর্ণ আনন্দধারাকে সে কল্মিষত মন্ততার আবর্তে ফেনিয়ে তুলতে পারে। কুন্ঠিত হয়ে ফিরে যায়—যদি আধারে দ্বাকাশ্ফা মিথ্যা অভিমান বা এমনিতর প্রতিকলে কোনও হীনবৃত্তি থাকে। তামসিকতা কিংবা যে-কোনও অবিদ্যা-ব্রির প্রতি আসন্তিতে জ্যোতির ধারা প্রত্যাহত হয়—দেবতা বিমুখ হয়ে চলে থান অমার্জিত হৃদয়ের **অণ্যন হতে।** আবার কথনও প্রত্যাহৃত শক্তির উচ্ছিষ্ট পরিণামকে নিয়ে আধারে শ্রু হয় আস্বৌ শক্তির দেববিরোধী প্রমন্ততার তাণ্ডব। সর্বনাশ যদি এতদ্রে ঘনিয়ে নাও আসে, তব্ গ্রহীতার অসংখ্য মুটি-বিচ্যুতিতে কিংবা আধারের সহস্র বিকলতায় রূপান্তর ব্যাহত শক্তি মাঝে-মাঝে নেমে আসে, কিন্তু তার ক্রিয়া চলে আড়ালে-আড়ালে। অজিত দৈবী সম্পদকে জীর্ণ করতে কিংবা আধারের বিদ্রোহী অংশকে অনুক্ল করতে সাধকের দীর্ঘকাল কেটে যায়—ততদিন শক্তি গ্রেছিত ও স্তিমিত হয়ে থাকে। এখনও অমানিশা বেখানে ছেয়ে আছে, সেখানে আঁধারে বা স্বন্ধালোকের পাণ্ডুরতায় আলোর তপস্যা চলে। আধারের বীর্যহীনতায় ষে-কোনও মহেতে শন্তির ক্রিয়া স্থাগিত হতে পারে। হয়তো এ-জন্মে যতটকু করবার সাধক তা করে নিল—সীমিত সামর্থ্যের বাইরে আর তার পা বাড়াবার সাধ্য নাই। হয়তো তার মন তৈরী রয়েছে, কিন্তু অন্ধ প্রাণ পূর্ব-সংস্কারের মোহ কাটিয়ে নবীনকে বরণ করতে চায় না। অথবা প্রাণ যাদ-বা র্পান্তরের অনুক্লে, ক্লিণ্ট চেতনার অপরিহার্য বিপর্যায় ও তার নিগ্ড়ে শক্তির অভাবনীয় বিচ্ছ্রণের অন্ক্লে পশ্য অযোগ্য দেহ সাড়া দিতে পারছে না। তাছাড়া, আধারের প্রত্যেকটি অংশকে তার দ্বভাব ও স্বধর্ম অনুসারে পূথকভাবে সংস্কৃত করতে হবে। তার জন্যে চেতনাকে পর্যায়ক্রমে প্রত্যেকটি

অংশে নেমে আসতে হয় এবং প্রত্যেকের বর্তমান অবস্থা ও ভবিষাং সাধ্যের মাপে তার শোধন-মার্জন করতে হয়। উধর্বতন কোনও চিন্ময় ভূমি হতে শক্তিসঞ্চার ম্বারা রূপান্তর-সাধনার প্রয়াস করলে কিন্তু প্রকৃতির অভীষ্ট সিন্ধ হত না। কেননা উত্তরশন্তির তীব্রসংবেগে জীবধাত্র উধর্বপাতন উল্লমন বা অভিনবের সূচ্টি সম্ভব হলেও আধারের অবরভাগ তাকে আপন বলে মেনে নিতে পারত না। কারণ এ তো আধারের সমগ্র সম্যক্ত ও দ্বচ্ছন্দ পরিণাম নয়—এ যে তার স্বভাবের প্রতি বলাংকার। তাতে তার কোনও অংশ যদি-বা ম্বান্তর ডাকে সাড়া দিয়েছে, তেমনি আবার আরেক অংশ অসাড হয়ে গেছে অপ্রত্যাশিত নিম্পেষণে কিংবা অনাদরে ও অবহেলায় অমার্জিত অবস্থাতেই থেকে গেছে। স্বভাবের প্রতিকূলে বাইরে-থেকে-চাপানো কোনও নিমিতি ততক্ষণ নিরঙকুশ স্থায়িত্বের দাবি করতে পারে, যতক্ষণ তার মূলে সিসক্ষার ধারানিষেক আনর দ্ধ থাকে। আধারের অবরভাগেও চিংশক্তির অবতরণ এইজন্যই আবশ্যক। কিন্তু তব্ উত্তরতত্ত্বের পূর্ণ বীর্যকে ফর্টিয়ে তোলবার পথে অনেক বাধা জমে ওঠে। উপর হতে নীচে নামবার পথে শক্তির যে বিপরিণাম তরলায়ন ও অপচয় ঘটে, তাইতে তার পরিপাকে একটা সঙ্কোচ ও অপূর্ণতার ছোঁয়াচ থেকেই যায়। মহাবিদ্যার দীপ্তি চেতনায় নেমে আসে— কিন্তু তার তাৎপর্যকে আমরা ভুল বুঝি, প্রাণ ও মনের প্রমাদের সঙ্গে তাব সত্যের সংমিশ্রণ ঘটাই। তাই আধারে তার প্রকাশ হয় স্তিমিত এবং বিকৃত— তাতে যতথানি আলো থাকে, ততথানি আত্মসম্প্তির সামর্থ্য থাকে না। অধিমানসের জ্যোতিঃশক্তি স্বারাজ্যের মহিমা নিয়ে স্বধামে কাজ করছে—এ কাজ করছে—এ হল আরেক কথা। ভেজাল-মেশানো ফিকা শক্তি যে স্বভাবের वौर्य र्शातरत्र ब्हात्न वर्ल ७ क्रियाय मूर्वन रत-एम एवा वनारे वार्नाः। তার ফলে আধারে আমরা দেখব শক্তির খণ্ডিত বীর্য, তার অসমগ্র পরিণাম কিংবা কৃণ্ঠিত প্রচার মাত্র।

এইজন্যই প্রকৃতির মধ্যে চিংশক্তির স্ফ্রেণ এত মন্থর ও আয়াসসাধ্য। প্রাণ ও মন জড়ের আয়তনে যথন নেমে আসে, তথন নিমিত্ত ও পরিবেশের সপ্তেগ নিজেকে খাপ খাইয়েই তাদের কাজ করতে হয়। জড়ধাতু এবং জড়শক্তির তামিসকতা আর আড়ণ্ট অসারতা প্রাণ-মনকে খর্ব ও বিকৃত করে। তাই জড় আধারের পূর্ণর পান্তর ন্বারা তাকে একেবারে নতুন ধাতুতে গড়ে নিজেদের স্বাভাবিক সত্যবীর্যের বাহন করা তাদের সাধ্যে কুল্লায় না। প্রাণচেতনার সহজস্ফ্তিতি যে-সৌন্দর্য ও যে-মহিমা আছে, জড়ের আড়ণ্টতাকে অতিক্রম করে আধারে তার প্রকাশ উদার ও স্বচ্ছন্দ হতে পারে না। তাই পদে-পদে প্রাণের প্রতিত কুন্ঠিত হয়, তার দিব্য ভাবনার দীপ্ত সত্যের প্রকাশবেদনায় আকৃল হয়ে

ফেরে জাগ্রত বোধির কম্পনা। মনেরও সেই দশা ঘটে। জড় ও প্রাণের আধারে আত্মমহিমাকে ফোটাতে গিয়ে প্রতি পদে তাকে চলতে হয় রফা আর রেয়াত করে. তাই তারও দিব্য ভাবনা উনীকৃত হয়। তার জ্ঞানে ও সংকল্পে স্বচ্ছতা থাকে, কিন্তু সেই অনুপাতে শক্তি থাকে না—যাতে এই অবরধাতুকে সে কল্প-লোকের সে-স্বচ্ছতাকে ফর্টিয়ে তুলতে বাধ্য করবে। বরং প্রাণের উত্তাল আবিলতায় ও জড়ত্বের মূঢ়ে সঙ্কোচে তার বীর্য ক্রণ্ঠাহত হয়, সংকল্প হয় শ্বিধাগ্রস্ত, জ্ঞান ব্যামিশ্রভাবের কুহেলিকায় আচ্ছন্ন। পরিবেশের প্রতিক্লেতায় আত্মবীর্যের সমগ্র সামর্থ্যকে ফুর্টিয়ে তুলতে পারে না বলেই প্রাণ আর মন জড়ের জীবনকে পূর্ণায়ত বা গো**ঢা**শ্তরিত করতে পারে না। তার জন্য তারা কোনও উধর্বতন শক্তির প্রতীক্ষায় থাকে—যে তাদের বন্ধন ঘুচিয়ে খুলে দেবে স্বারাজ্যসিদ্ধির দুয়ার। কিন্তু উধর্বলাকের চিন্ময়-মনোময় শক্তিও প্রাণ ও জড়ের আধারে নামতে এসে ওই একই কুণ্ঠার নাগপাশে বাঁধা পড়ে। অবশ্য উত্তরশক্তি মনের চাইতে আরও-খানিক এগিয়ে যায়, দীপালির অনেক দীপই সে আধারে জনুলিয়ে তোলে। কিন্তু তাহলেও সঙ্কোচ আর বিকৃতি হতে তারও নিস্তার নাই। চিৎশক্তির স্বাভাবিক বীর্য অর্থান্ডত, অর্থান্ চেতনা ও শক্তির কোনও অনুপাত-বৈষম্য তার মধ্যে নাই। কিন্তু এক্ষেত্রে অবতারিত চেতনায় আর তার অর্থাক্রিয়াকারিতায় সেই বৈষমাই দেখা দেয়— চেতনার যা সংকল্প, শক্তির তা সাধ্যে কুলায় না এবং তাইতে তার স্থিট উনীকৃত হয়। কখনও-কখনও উধর্বশক্তির আবেশে একটা অপ্রত্যাশিত ওলট-পালট হয়ে যায় আধারে—মনে হয় গোত্রভ-চেতনার এবার বুঝি উজান-বওয়া শুরু হল। কিন্তু ক্তুত তার স্লোতাপত্তির ফল যে অক্ধ্য অথ ক্রিয়ায় পর্যবসিত হবেই, জোর করে তা বলা যায় না।

অব্যাহত অর্থানিয়ার বীর্যকে অক্ষ্মা রেখে একমান্ত অতিমানসই আধারে অবতরণ করতে পারে। কেননা অতিমানস কবিক্রত্—তার কৃতি স্বার্রাসক ও স্বতঃস্ফৃত্, তার ইচ্ছায় ও জ্ঞানে কোনও ভেদ নাই বলে ক্রিয়াফলেও কোনও বেলগতা নাই। স্বকৃৎ ঋত-চেতনাই অতিমানসের স্বভাব। স্বতরাং তার স্বর্প বা ক্রিয়ার আপাতসংকৃচিত বৃত্তির মুলে আছে নিজেরই স্বেচ্ছাতন্তিত আক্তি, পরতন্ত্তার জ্বল্ম নয়। তার স্বয়ংব্ত সংজ্ঞাচ তার বিভূতিমান্ত, তাই ক্রিয়া আর ক্রিয়াফলে সেখানে থাকে সৌষম্যের ছন্দ এবং পরিগামের অপরিহার্ষতা।...কিন্তু অধিমানস আবার মনেরই মত বিভজাব্তি। তার বৈশিষ্ট্য হল সৌষম্যের বিশেষ-একটি ছন্দকে বেছে নিয়ে স্ব-তন্ত্রভাবে তাকে র্পায়িত করা। তার প্রবৃত্তি সংবর্ত্তল বলে একটা অথন্ড ও প্রেকল সৌষম্য সে সৃষ্টি করতে পারে বটে, কিংবা সৌষম্যের বহুধাব্ত ছন্দোরাজিকে ঐক্যের ভাবনায় সংহত বা সংশিল্ট করতে পারে। কিন্তু মন প্রাণ ও জড়ের উপাধিতে ক্রিষ্ট হয়ে কাজ করতে হয় বলে সৌষম্যের অথন্ডভাকে সে গড়ে

তোলে ম্ব-তন্দ্র থন্ডের অন্যোন্যসংযোগদ্বারা। তার সমগ্রত্বের ভাবনা ব্যাহত হয় নির্বাচনী ভাবনার তাগিদে—কেননা প্রাণ-মনের যে-উপাদান নিয়ে এখানে তার কাজ, ওই তাগিদ তার মধ্যেই প্রচ্ছন্ন আছে। তাই তার চিন্ময় স্থিতি হয় অখণ্ড প্র্ণতার মধ্যে নিজম্ব ম্বাতন্ত্য নিয়ে বিবিক্ত। সম্যক্-বিজ্ঞানের অভণ্য বিস্থিতির শতদল গড়া তার সাধ্যের বাইরে। এইজন্যেই—বিশেষত আধারে নামবার সংগ্র-সংগ্র—তার ম্বাভাবিক জ্যোতিঃশক্তির ক্রমিক অবক্ষয় ঘটে বলে কৃতকৃত্যতার চরমে সে পেণছতে পারে না এবং তাইতে নিজেকে প্রমুক্ত ও সার্থক করবার জন্যে অতিমানসের উত্তরশক্তিকে তার আবাহন করতে হয়। আত্মসম্প্রতির তাগিদে তৈজস-র্পান্তর যেমন চিন্ময়-র্পান্তরের অপেক্ষা রাখে, প্রথম চিন্ময়-র্পান্তরের অপেক্ষা রাখে, প্রথম চিন্ময়-র্পান্তরের ত্তমনি অপেক্ষা রাখে অতিমানস-র্পান্তরের। উধ্বিপরিণামের প্রত্যেকটি ধাপ এপর্যন্ত কেবল উত্তরসংক্রান্তির ইণ্গিত এনেছে। কিন্তু পরিণামের চরম-প্রত্যাশিত আম্বল ও অখন্ড র্পান্তরের প্রতিষ্ঠা হবে অবিদ্যালেশশ্ন্য বিদ্যার ভূমিতে এবং তা সিন্ধ হতে পারে মর্ত্যুজীবনের 'পরে একমাত্র অতিমানসের শক্তিপাত ও সাক্ষাৎ আবেশশ্বারা।

এই তৃতীয় র্পান্তরই চরম র্পান্তর। অবিদ্যার দীর্ঘপথ অতিবাহনের অবসানে জীবকে বিদ্যার ভূমিতে প্রতিষ্ঠিত করা, তার শক্তি ও চেতনাকে তার জীবনের সাধনা ও আত্মবিভাবনার ধারাকে অথন্ড আত্মবিজ্ঞানের নিরন্ধ্রুশ অর্থক্তিয়াকারিতার ভিত্তিতে নতুন করে র্পায়িত করা—এই হল অতিমানসর্পান্তরের স্বধর্ম। এর জন্যে উধর্বপরিণামিনী প্রকৃতির তংপর উদ্যাতির মধ্যে ঋত-চিতের অবন্ধ্য বীর্ষ নেমে আসে এবং প্রকৃতির অন্তর্গন্ন অতিমানসী ভাবনার প্রবেগকে মর্ন্তি দেয়। তার ফলে এই মর্ত্যভূমিতেই অতিমানস ও চিন্ময় প্রথ্রের আবির্ভাব ঘটে—জড়বিশ্বে চিদাত্মার স্বর্পসত্যের নির্মন্ত প্রকাশের প্রথম নিদর্শনর্পে।

बर्फ़ावः म अधाग्र

উদয়ন—অতিমানসের দিকে

শতেন যাব্তাব্ধাব্তস্য জ্যোতিষ্পতী।

कटच्चम ১ १२० १६

ঋতজ্যোতির পতি যাঁরা—ঋত দিয়ে ঋতকে করেন বার্ধত।

-- খাশেবদ (১।২৩।৫)

তিলো বাচঃ জ্যোতিরগ্রা। বিধাতু শরণং শর্মা, বিবর্ত জ্যোতিঃ।

4C'47 9 1505 15.2

জ্যোতিরগ্র তিনটি বাক্…লিপর্বা শাশ্তিসদন—লিবর্তান জ্যোতি।
—শংক্রেদ (৭।১০১।১.২)

क्षार्थना कृवनानि निर्णिटक ठात्राण ठटक यण्टेकत्रवर्थक ॥

19015

আরও চারটি চার, ভুবন রচেন তিনি আত্মর্পারণের তরে—খখন ঋতসম্হের ব্যারা বিধিত হন তিনি।

-খণেবদ (৯ I90 IS)

সং দক্ষেণ মনসা জায়তে কবিঃ; ঋতসা গর্ডঃ। গ্রেছিতং জনিম নেমম্যুতম্ ॥

कटन्बर ३।७४।६

দক্ষ মন নিয়ে প্রজাত হন সেই কবি; ক্ষতের গর্ভ জ তিনি, গ্রহাহিত জন্ম তীর —আধ্যানি উদতে।

-- कर्ष्वम (६ । ५ । ३)

...ৰ্ছজ্বসঃ...জ্যোতিনিক্ তঃ...প্ৰচেতসঃ...ৰিশ্বৰেশসঃ...ৰতাৰ্ধঃ।

मत्त्वम ५०।७७।५

তারা ব্হং-প্রবাঃ, জ্যোতিস্কুং, প্রচেতা, বিশ্ববেদাঃ, ঋতে বর্ধমান।

-- भए वम (५०।७७।५)

छन् बद्धः क्रममन्त्रीत रक्ताक्रियमान्क छेखतम्। रमवर रमवता मूर्यभगन्य रक्ताकित्वमम्॥

बद्धतं २।६०।२०

তমসার পারে উত্তরক্ত্যোতিকে দেখে আমরা এলাম দেবত্বের আধারে দিব্য স্থের কাছে—এলাম উত্তমক্ত্যোতিতে।

-- व्यरक्त (२ । ६० । ५०)

তৈজস-র্পান্তর ও চিন্ময়-র্পান্তরের প্রাথমিক স্তরসম্পর্কে একটা স্কুপন্ট ধারণা থাকা আমাদের অসম্ভব নয়। আমরা জানি, জ্ঞান ও অন্ভবের য্গানন্ধ অখণ্ড-অন্বয় পরমাসিন্ধিতে র্পান্তরেরও সিন্ধবীর্ষের সম্যক পরিচয়। এ-সিন্ধিকে মানুষের করায়ন্ত বলা চলে, যদিও তেমন সিন্ধের

সংখ্যা এখনও মুন্টিমেয়। কিন্তু অতিমানস-রূপান্তরের সাধনা আমাদের নিয়ে যায় স্বল্পাবিষ্কৃতের রাজ্যে। দৃণিটর সম্মুখে যে উত্তর্ভগ চেতনার আভাস সে মেলে ধরে, দ্রোন্তরের পথিক তার চকিত ছবি এখানেও নিয়ে এসেছে বটে, কিল্তু তার অন্ধি-সন্ধির পরিপূর্ণ মার্নাচ্ত্রটি এখনও আমাদের অগোচরে। চেতনার যে-মালভূমিতে আছে অতিমানস গোরীশঙ্করের উচ্ছিত্রত মহিমা, সে-স্দ্রেকে মনের কোনও ছকে কি নকশায় বন্দী করবার তৃপ্তি, কিংবা মনের কোনও দর্শন বা বিবৃতির আমলে আনবার সামর্থ্য আজও আমাদের প্রত্যাশার যে-চেতনার মধ্যে সংবিতের ধরন একেবারে আরেক থাকের. অন্বভাসিত ও অর্পান্তরিত প্রাকৃত-মনের প্রতায় দিয়ে তাকে প্রকাশ করা কি তার মধ্যে প্রবেশ করা বাস্ত্রিকই দুঃসাধ্য। প্রতিবোধের চকিত ঝলকে কখনও র্যাদ-বা জ্যোতির দুয়ার খুলে যায় এবং ওপারের দর্শন বা প্রতায় চেতনার মর্মাম্লে নির্চু হয়—তব্ তাকে তর্জামা করবার জন্য চাই অবাস্তবের দীনতালাঞ্চিত এই মামুলী ভাষার চাইতে বীর্যশালী আর-কোনও বাণীর বৈদ্যাতী, নইলে অধরার তত্ত্বকে ধরবার কোনও উপায়ই যে আমাদের নাই। পশুর চেতনায় যেমন মানবমনের উত্তঃগশিখরের কোনও পরিচয় ফুটতে পারে না, তেমনি অতি-মানসের লীলায়নকে প্রাকৃত-মনের ধ্তিশক্তির সামান্যক্তি দিয়ে ধরা যায় না। মানসোত্তর অন্তরিক্ষচেতনার অনুভব যদি মনের ভান্ডারে সণিত থাকে, তবেই উপমানের সহায়ে অতিমানসের বাঙ্ময় আমাদের বৃণিধর কাছে যথাযথ অর্থ বহ হতে পারে; কেননা বিবৃত বস্তুর সজাতীয় একটা-কিছুকে অনুভব করেছি বলে, এই কুণ্ঠিত বিবৃতিকেই আমরা জ্ঞাতাথের অনুরূপ জ্বেরাথের পরিকল্পনাতে তজুমা করতে পারি। অতিমানস প্রকৃতিতে আবগাহন করা মনের সাধ্য নয়। তব্ উধর্বচেতনার এইসব জ্যোতিঃসংক্তের অনুসরণে অতিমানসের দিকে তাকাতে গিয়ে মন হয়তো সেই 'ঋতং সতাং বৃহং'এর চিন্ময় স্বরাট মহিমার আ-ভাসকে খানিকটা চিনতে পারবে।

কিন্তু অতিমানসের উপান্তে অন্তরিক্ষ-চেতনার যে-জ্যোতির্লোক রয়েছে, তারও সম্যক পরিচয় দেওয়া আমাদের পক্ষে সম্ভব নয়। সে-সম্পর্কে সামান্য-প্রত্যয়ের পাণ্ডুর ভাষায় আভাসে-ইন্পিতে শৃধ্ পথ চলবার উপযোগী কতগালি সঙ্কেত দেওয়া চলে। তবে ভরমার কথা এই য়ে, উধর্বচেতনার প্রকৃতি ও ধরন যতই স্বতন্ত হোকা, মর্ত্যাপরিণামের ধারায় প্রাকৃত আধারে তার যে প্রাথমিক র্পসিন্ধি দেখা দিয়েছে, তা আমাদের অন্তর্নিহিত বীজভাবের সফ্রণ মাত্র। অর্থাৎ উধর্বচেতনায় প্রশ্বরুপের য়ে, আভাস ও বীর্য ভ্রণের মত স্তিমিত হয়ে ছিল, মর্ত্যা আধারে তারই ঘটছে চরম চমংকার। তাছাড়া আরও-একটা কথা। প্রকৃতিপরিণামের ম্লাধার হতে উদয়নের উত্ত্যুত্যম শিখর পর্যন্ত সর্বত্র দেখি তার প্রগতির ধারায় একই ছন্দ্র-ম্বিত্র ক্ষেত্রবিশেষে সে-ছন্দের চালে সামান্য অদল-বদল হয়েছে। তাই এই ছন্দঃস্ত্রটি আবিক্ষার

করে, মহাপ্রকৃতির উজানধারাকে অন্তত কিছুদ্রে অনুসরণ করা আমাদের পক্ষে অসাধ্য নয়। বেশ্বি-মন হতে চিন্ময়-মনে উত্তরণের রীতি-প্রকৃতি কি, তার খানিকটা আমাদের জানা আছে। এই সিশ্বিকে আদিবিন্দ্র করে নব-চেতনার উত্তরবিভূতির অয়নপথটি আমরা চিনে নিতে পারি এবং চিন্ময়-মন হতে অতিমানসের দিকে দ্রেতর অভিযানের একটা রেখাছবি পাই। কিন্তু এ-ছবি ন্বভাবতই অম্পন্ট, কেননা দার্শনিকের সমীক্ষা এক্ষেত্রে একটা সামান্যবিবৃতির অবস্তুতন্ত্র ভূমিকাই শ্বেশ্ব রচনা করতে পারে। তাকে আপ্রেণ করতে বৈজ্ঞানিকের বিশ্বেনবিবৃতি আমরা পাব ভাবকের বিদ্যুন্ময় বাণীতে—সান্দ্র এবং অপরোক্ষ অনুভবের রহস্যাণীপ্তির চিত্রলেখায়।

অধিমানসের ভিতর দিয়ে অতিমানসে উত্তীর্ণ হবার অর্থ হল চিরাভাস্ত প্রাকৃত চেতনার অতিপ্রাকৃত চেতনায় রূপান্তর। অতএব ন্বভাবতই তা মনের সকল সাধ্যসাধনার বাইরে। সেখানে আমাদের ব্যক্তিগত অভীপ্সা কি প্রয়াস দোসর ছাড়া পেশছতে পারে না, কেননা আমাদের সমস্ত সাধনপ্রয়াস প্রকৃতির অবরশস্তির লীলা মাত। অবিদ্যাশক্তির এমন-কোনও বৈশিষ্ট্য কি উপায়-কুশলতা নাই, যাতে সে আপন জোরে তার অধিকারবহির্ভুত বস্তুকে আয়ত্ত করতে পারে। প্রকৃতির প্রাক্তন যত উদয়ন, তার মূলে রয়েছে নিগুঢ় চিং-শক্তির সংবেগ—যার প্রথম স্ফারণ হয়েছে অচিতিতে, তারপর অবিদ্যায়। প্রকৃতির অতীত ব্যাকৃতি হতেও মহন্তর যে-চিদ্ বিভৃতির সম্ভাব্যতা যবনিকার অন্তরালে প্রচ্ছন্ন ছিল, তার সংব্রু বীর্যকে বিব্রু করা চিংশক্তির ব্রত। কিন্ত তব, তার জন্য অব্যক্তের পরে চিংশক্তির স্বধামে স্বভাবছলে স্ফ্রারত এইসব উত্তরবিভূতির একটা চাপ আবশ্যক হয়। সেই চাপে আমাদের অধিচেতনায় তানের একটা প্রতিষ্ঠাভূমি গড়ে ওঠে, যেখানে থেকে বহিষ্চর পরিণামের ক্রিয়াকে তারা প্রভাবিত করতে পারে। অধিমানস এবং অতিমানসও মত্যপ্রকৃতিতে নিগঢ়ে ও সংবৃত্ত হয়ে আছে। কিন্তু আজও অধিচেতনার অন্তর্লোকে আমাদের নাগালের মধ্যে তাদের কোনও সিন্ধরপের স্ফুরণ হয়নি। আজপর্যক্ত বহিদেচতনার বা আমাদের অধিগম্য অধিচেতনার, অতিমানস কি অধিমানসের কোনও সত্তমূর্তি বা সংহত প্রকৃতি গড়ে ওঠবার অবকাশ পার্যান। চিংশক্তির এসব উত্তর্রবর্ভাত আমাদের অবিদ্যাভূমির কাছে এখনও অতিচেতন। অন্তঃসংব্রে অধিমানস ও অতিমানস তাদের নিভূত গুহাশয়ন ছেড়ে জেগে উঠবেই। কিন্তু সেইজনোই চাই, অতিচেতনার সত্তা ও বীর্য আমাদের মধ্যে নেমে আসন্ত্রক মন্ত্রধারায়—আধারকে উল্লাসিত করে আমাদের সন্তায় এবং বীর্ষে আপনাকে মূর্ত করক। এই শক্তিপাতের প্রবেগেই প্রকৃতি তার অভ্যন্ত সংস্কারের গণিড ভেঙে আপনাকে অভতপূর্ব রূপান্তরে সার্থক করবে।

কল্পনা করা যাক্: শক্তিপাত ছাড়াই, শ্ব্ধ্ উত্তরশক্তির নিগড়ে প্রৈষাতে দীর্ঘ্যুগব্যাপী প্রকৃতিপরিণামের ফলে আমাদের মর্তাচেতনার সঞ্জে অধ্না-

অতিচেত্রন উত্তরভূমির একটা নিবিড় যোগ ঘটল এবং সন্তার গ্রহনে অধিচেত্র-ভামতে অধিমানসেরও একটা বিগ্রহ ফুটে উঠল। তার দর্ন বহিশ্চেতনাতেও ধীরে-ধীরে উত্তরচেতনার একটা আ-ভাস জাগল। এমনি করে পর্যিবীতে ক্রমে দেখা দিল মনোময় সত্ত্বের একটা থাক্। তাদের চিন্তা ও কর্ম নির্বাহিত হয় শুধু যুক্তি-বুশ্বি বা বিচার-বুশ্বি দিয়ে নয়-কিন্তু বোধিবাসিত চিত্তের বৃত্তি দিয়ে। একে বলতে পারি উদয়নের পথে রূপান্তরের প্রথম পর্ব। তারপর হয়তো দেখা দিল অধিমানসের ব্যাপ্রিয়া—যা তাদের নিয়ে যাবে চেতনার প্রত্যুনতভূমিতে, অতিমানস বা বিজ্ঞানঘন দিব্যভাবের জ্যোতির্ময় উপক্লে।.. কিন্তু এ-কম্পনার বিরুদ্ধে দুটি আপত্তি। প্রথমত এ ধরনের উত্তরণ হবে প্রকৃতির অযথাবিলন্বিত একটা কৃচ্ছ্যুসাধনামাত্র। দ্বিতীয়ত এর ফলে হয়তো আমরা পাব মানস সিম্ধিরই একটা উন্নত অথচ অসম্পূর্ণ সংস্করণ। চেতনার 'পরে নবস্ফুরিত উত্তরবৃত্তির ঈশনা প্রবল হলেও, অবরমানসের ছোঁয়াচে তখনও তাদের ক্রিয়াতে একটা বিপর্যায় ঘটনেই। হয়তো বিজ্ঞানের নবদীপ্তি চিত্তের পরিসরকে বহ্দুর উদ্ভাসিত করবে—^ঊধর্কুমের প্রতায়ও ফোটাবে তার মধ্যে। কিন্তু তাহলেও চেতনাকে অবিদ্যাকর্বলিত হতে বাঁচানো যাবে না, যেমন জড় ও প্রাণের সঙ্কোচব,তি হতে মনকে বাঁচানো যায় না। রূপান্তরকে সত্য ও সার্থক করতে উধর্বশক্তির অপরোক্ষ ও নির্মান্ত আবেশ। আর সেই আবেশের কাছে চাই অবরচেতনারও কু-ঠাহীন নতি ও সমপ্রণ, চাই তার দ্বোগ্রহের সম্পূর্ণ নিব্তি —আধারের 'পরে সমস্ত দাবি-দাওয়া ছেড়ে র্পান্তরের জ্যোতিঃপ্রবাহে তার স্বতনা প্রবৃত্তির সকল স্পূহা ভাসিয়ে দেওয়া চাই। আবেশ ও সমর্পণের এই যুগল-বিধান আমাদের প্রবুদ্ধাচিত্তের চিন্ময় আক্তি ও অটল সংকল্পের অণ্নিবীর্যে এই মহুতে যদি সার্থক হয়, সমগ্র আধারের অন্তরে-বাইরে উধর্বস্রোতা র্পান্তরের অ**ন্ক্লে য**দি একটা সাড়া পড়ে যায়—তাহ**লে** প্রকৃতির মন্থর পরিণামের 'পরে নির্ভার না করে জাগ্রত চেতনার দীপ্ত প্রবেগে আমরা ঈপ্সিত রূপান্তরকে ক্ষিপ্রসঞ্চারী করতে পারি। প্রবৃদ্ধ সংবিং ও সম্কল্পের 'পরে উপর হতে অতিমানসী চিৎ-শক্তির আবেশ এবং কণ্ণুকের আড়াল হতে উৎসপিশী চিৎ-শক্তির উদ্মুখ প্রেতি—এই দুটি মনোবীর্যের সংগ্রমে এই অভাবনীয় রূপান্তর সিন্ধ হতে পারে। প্রতি পদক্ষেপে লক্ষয়ুগ অতিবাহিত করে, অবিদ্যাকর্বলিত জীবের অন্ধচেতনার আশ্রয়ে প্রকৃতিপরিণামের যে কৃচ্ছ্রমন্থর কৃতিবান—তার মুখ চেয়ে থাকবার কোনও আবশ্যক নাই।

র্পান্তরের প্রথম শর্ত এই। আজ বে-মান্ব মনুনামর জীব মান্ত, তাকে অন্তন্দেতন হয়ে আধারের নিগতে ধর্ম ও প্রবৃত্তির শাসনভার তৃলে নিতে হবে—
তাকে হতে হবে 'ঈশানো ভূতভবাসা' অন্তর্মনামর চৈত্য-পর্ব্ধ। অপরা

প্রকৃতির ক্রীড়নক হয়ে আর তাকে কাল কাটাতে হবে না, পরা প্রকৃতির স্ব্যতন্ত্য ও সৌষম্যের 'পরে রচিত হবে তার স্বপ্রতিষ্ঠার অচল আসন। যুক্তি দিয়েও ব্যঝি, চিংপরিণামের একটি বিশেষ লক্ষণ এই হবে যে, আত্মপ্রকৃতির প্রবৃত্তির 'পরে জীবের নিরুক্ত্রণ নিয়ন্ত্রণ এবং বিশ্বপ্রকৃতির ব্যাপারে সচেতন যোগ-যুক্তির সামর্থ্য ক্রমেই তার বেড়ে যাবে। বিশেবর যা-কিছু ব্যাপার, জড় প্রাণ কি মনের যত-কিছা প্রবৃত্তি, সমস্তই এক চিন্ময়ী বিশ্বশক্তির খেলা—এক চিন্ময় বিরাট-পুরুষের আত্মবিভাবনারুপে বস্তুস্বভাবের ব্যাণ্ট ও সমষ্টি সত্যের লীলায়ন। কিন্তু জড়ের মধ্যে এই চিন্ময়ী সিস্কা অচিতির আবরণে নিজেকে আবৃত করে বাইরে ফোটায় এক অন্ধ বিশ্বশক্তির নিশ্চেতন প্রমন্ততা— যা নিজের অজ্ঞাতসারে বিশেবর একটা ছক বা পরিকল্পনাকে রূপ দিয়ে চলে। এই শক্তিপরিণামের স্থিত হয় তারই অনুরূপ। জগতে দেখা দেয় নিশ্চেতন ব্যক্তিভাবনার ফলে জড়ের বিগ্রহ অর্থাৎ বিশ্বে বদত পিণ্ড আবিভৃতি হয়—জীবসত নয়। এই পিশ্ডেরও একটা 'সংঘাত' আছে, নিজম্ব গণে ও ধর্ম আছে—আছে আত্মসত্তার বৈশিষ্ট্য এবং চারিত্র। কিন্তু তাদের বিন্যাস ও সংহতির ক্রিয়া চলে প্রকৃতির যন্তবং আবর্তনে। তার মধ্যে পি ডব্যান্তর বিবিক্ত সংবিং প্রবর্তনা কি কর্তুত্বের আভাসও থাকে না—কেননা এই জড়ময় ব্যক্তি-ভাবনায় দেখা দেয় প্রকৃতির প্রবৃত্তি ও বিস্ৃৃষ্টির বাক্যহারা আদির্প, তার উত্তরস্থির নিষ্প্রাণ বনিয়াদ। তারপর তির্যক্যোনিতে দেখি শক্তি আডাল ছেডে ধীরে-ধীরে বাইরেও সচেতন হয়ে উঠেছে—তার প্রবর্তনায় শুধ্ কম্তু-পিশ্ভের নয়, জীবসত্তেরও রূপায়ণ ঘটছে। কিন্তু তথনও জীবসত্তের চেতনা অপরিস্ফুট, কেননা তার সংজ্ঞা বেদনা ও কর্মদায় থাকলেও শক্তির প্রবর্তনাকে সে অন্ধভাবে অনুসরণ করে চলে—তার বৃণিধতে বা দৃণিটতে সে-প্রবর্তনার কোনও অর্থই প্পষ্ট হয়ে ফোটে না। নির্ট প্রকৃতির দ্বারা আরোপিত ইচ্ছা কি রুচির বাইরে তার নিজস্ব বলতেও যেন কিছুই থাকে না। মানুষের মধ্যেই প্রথম দেখা দেয় অবেক্ষক বৃদ্ধির তৎপরতা—ফোটে সৃস্পন্ট ইচ্ছা ও রুচির চেতনা। তব, মান্ষের চেতনা সঙ্কীণ এবং বহিব্রি। তার জ্ঞানও তাই অপুণ এবং সীমিত—তাতে তার বৃণ্ধির খানিকটা মাত্র ছাড়া পায়। নিজেকে বা জগৎকে বোঝা তার অধৈক বোঝা শ্বধ্—তারও বেশির ভাগ হাতড়ে-হাতড়ে কাজে-কর্মে ঠেকতে-ঠেকতে বোঝা। তার বৃণিধ যথানে ষ্তিবে'ষা, সেখানেও সে-য্তির ম্লে আছে স্তের আকারে গাঁথা মনগড়া এখনও মান্ধের বৃদ্ধিতে জ্যোতিম্য দিবাদ্ভি সিন্ধান্তের প্ররোচনা। ফোটেনি—যা বস্তুর তত্ত্বকে অপরোক্ষ করে যাথাতথ্যতার সহজ বিধানে স্বভাব-সত্যের সঙ্গে সত্যদর্শনের ছন্দ মিলিরে তাদের গে'থে নেবে। অবশ্য এই দিবা-দ্ভিটর খানিকটা আভাস দেখা দিয়েছে মান্বেষর বোধি অন্তর্দ ভিট ও সহজ-সংস্কারের সীমিত সঞ্জাট্রকুর মধ্যে। কিন্তু তাহলেও তার ব্দিধর স্বাভাবিক

ঝোঁক গবেষণা যুক্তি এবং বিচারের দিকেই। ভূয়োদর্শন অর্থাপত্তি ও অন্মানের সাহায্যে জোড়াতাড়া দিয়ে সত্যের বা বিজ্ঞানের একটা কাঠামো দাঁড় করানো, কিংবা চারদিক দেখে-শানে নিজের সাধ্যমত অকাজের একটা ছক পাতা—এই হল ব্দিধর ধর্ম। কিন্তু তার এ-সাধনাতেও আধর্থানি সিদ্ধি মেলে, কেননা আধারের যেসব শক্তি যন্ত্রমাত প্রকৃতির অন্ধপ্রায় অন্তর, তারা তার জ্ঞান ও সংকল্পের পথে প্রতি পদে অতর্কিত বাধা এবং তামসিকতার বিপর্যয় স্কৃতি করে চলে।

কিন্তু চেতনার সামর্থ্যের এই কি সীমা, এই কি তার পরিণামের শেষ পর্ব. উত্তঃগ অভিযানের শেষ শিখর ?—নিশ্চয় নয়। একে পেরিয়েও আছে বৃহত্তর অন্তর্গ্গ বোধির অকুণ্ঠ বীর্য', যা বস্তুর মর্মামুলে অনুবিন্ধ হবে, তাদাত্ম্য-ভাবনার জ্যোতিতে আলোকিত করবে প্রকৃতির রহস্যলীলা, মানুষের জীবনে আনবে অবন্ধ্য প্রশাসনের সামর্থ্য—অন্ততপক্ষে তার নিজের বিশ্বে সোযম্যের একটা ছন্দ। একমাত্র অথন্ড ও নিম ৃক্ত বোধিচেতনাই অপরোক্ষ-সন্নিকর্ষ ও মর্মাবগাহী দূষ্টি দিয়ে বস্তুর স্বর্পস্তাকে আয়ত্ত করতে পারে। অন্তর্গট্ ঐকা অথবা তাদাঝ্যোর ভাবনা হতে জাত ঋতম্ভরা ইন্দিয়সংবিং দিয়ে সে-ই চেনে বস্তুর মর্মসত্যকে এবং প্রকৃতির সত্যের সঙ্গে প্রকৃতির ঋতের পরিণয় ঘটায়।...এমনি করেই জীব সচেতনভাবে চিৎশক্তির বিশ্বলীলার যথার্থ অংশভাক্ হবে। অর্থাং ব্যক্তিপুরুষ যেমন হবে আত্মপ্রকৃতির ভর্তা ও নিয়ন্তা, তেমনি বিশ্বশক্তির লীলায়নেও সে হবে বিরাট্-পরেক্ষের নিতাজাগ্রত অংশহর নিমিত্ত বা যক্তম্বরূপ। বিশ্বশক্তি তার ভিতর দিয়ে কাজ করবে যেমন, সেও তেমনি কাজ করবে বিশ্বশক্তির ভিতর দিয়ে এবং ঋতম্ভরা বোধি-চেতনার সোষম্য এই কর্মব্যাতিহারকে একটি অখন্ড ক্রিয়ায় পর্যবসিত করবে। এমনি করে প্রবংশচেতনার উপচয়দ্বারা বিশ্বলীলার অন্তর্গুগ শরিক হবার সিদ্ধিতে প্রাকৃত চেতনার অতিপ্রাকৃত ভূমিতে উত্তরণের সূচনা দেখা দেবে।

এমন-একটা ঋতস্বমার লোক কল্পনা করা অসম্ভব নয়, যেখানে মানস বৃদ্ধিই বােধির আলােকে দীপ্ত হয়ে স্বরাজ্যের নিরুক্শ অধিকার পেয়েছে। কিন্তু এই মর্ত্যভূমিতেই বােধির শাসন এমন অনায়াসে প্রতিন্ঠিত হবে—এ-আশা করা চলে না, কেননা প্রকৃতিপরিণামের আদিম আক্তি বা অতীত ইতিহাস কোনটাই তার অন্কৃল নয়। বােধির রাজ্য এখানে শ্রু হলেও তার প্রতিন্ঠা যে সম্পূর্ণ স্নিনিষ্টিত ও অনতিবর্তনীয় হবে, তাই-বা কি করে বলি? এখানে চিংসন্তার অবর্রাবভূতির উন্মেষে দেখা দিয়েছে দেহ-প্রাণ-মনের ব্যামিশ্রচেতনার যে-জঞ্জাল, তাকে নিয়েই বােধির কাজ চলবে—স্কুরাং তার ছােয়াচ বাঁচিয়ে চলা তার পক্ষে কোনমতেই সম্ভব হবে না। অবরচেতনাকে প্রভাবিত করতে বাােধিচেতনাকে তার রাজ্যে ত্বকতেই হবে; তখন অবরচেতনার সঞ্জে জড়িয়ে গিয়ে তার বাঁবের্ জারিত না হয়ে সে পারবে না—চারদিক থেকে

তাকে চেপে ধরবে আমাদের খণ্ডিত মনের বিভজাব্যত্তিতা এবং কৃণ্ঠিতবীর্য অবিদ্যাশক্তির সঙ্কোচ। বোধিবাসিত বৃদ্ধির তীক্ষ্য দীপ্তি অচিতি ও অবিদ্যার গত্ত্বায় প্রবেশ করে তাদের রঙ বদলে দিতে পারে, কিন্তু তাদের নিবিড় অন্ধতাকে নিজের মধ্যে বিলীন করে দেবে—এতথানি বৈপ্নল্য এবং বীর্য তার নাই। তাই সমগ্র চেতনাকে আপন ধাতুতে ও শক্তিতে আমূল রুপান্তরিত করা তার সাধোর বাইরে। কিন্ত আমাদের বর্তমান অবস্থাতেও চিংশক্তির সঙ্গে চিত্তশক্তির খানিকটা শরিকানী সম্পর্ক আছে। তাই দেখি মানুষের প্রাকৃত বুল্ধি আজ এতদ্রে জাগ্রত যে, তার ভিতর দিয়ে বিশ্বের চেতনশক্তির অনতিব্যাহত সঞ্চরণের ফলে বৃদ্ধি আর সঙ্কল্প আধারের অন্তরে-বাইরে খানিকটা কর্তৃত্ব করবার অধিকার পেয়েছে—যদিও তাদের কর্তৃত্বে আছে অনেক কুণ্ঠা ও আনাড়িপনা এবং পদে-পদে ভুল করবার ও খাড়িয়ে চলবার বিডম্বনা. যাতে মহাপ্রকৃতির বিরাট বিশ্বলীলার সঙেগ বৃদ্ধির সূরে মেলানো সকল সময় সম্ভব হয় না। আধারে পরমা প্রকৃতির উন্মেষের সূচনায়, জীবশক্তি ও বিশ্ব-শক্তির মধ্যে এই-যে শরিকার্ন। সম্পর্কের দ্যোতনা, তার বীর্য ক্রমেই উপচিত হয়ে ব্যাষ্ট্রিগ্রহে মহাশক্তির বিপলে ও নিবিড় লীলায়নের সমগ্র ছবিটি সাধকের চেতনায় ফুটিয়ে তুলবে। অনায়াসে তখন সে বুঝতে পারবে—মহা-প্রকৃতির আকৃতি কোন্ ধারায় ফ্রটতে চাইছে তার আধারে। উপচীয়মান বোধ ও বোধির নিশ্চিত প্রতায় তখন তাকে আরও ক্ষিপ্র ও সচেতন প্রগতির অবার্থ সাধনার সঙ্কেত দেবে। গৃহাচর মনোময়পুরুষ বা চৈতাপুরুষ যথন তার জীবনের প্ররোধা হবেন, তখন তার স্বয়ংবরণ ও অনুমতির সামর্থা অবিসংবাদিত হবে, অবন্ধন সত্যসংকল্পের অবন্ধ্য চরিতার্থ তার অন্তরেও চেতনায় হবে দীপ্ততর। কিন্তু তখনও এই অবন্ধন সম্কল্পের সামর্থ্য তার আত্মপ্রকৃতির সীমার মধ্যেই অবরুদ্ধ থাকবে, অর্থাৎ তার আপন আধারের ক্রিয়াকে অপরোক্ষদ্ভির নিত্যজাগ্রত প্রশাসনে রাথবার সামর্থ্য তার আরও নিম্ব্রন্থ এবং অসম্কুচিত হবে। তাও যে গোড়াতেই খুব সহজসাধ্য হবে ত। নয়—কেননা তখনও হয়তো নিজের স্ভির জালে নিজেই সে বাঁধা পড়বে, কিংবা প্রাচীন ও নবীন চেতনার মিশ্রণজাত বৈকলোর দ্বারা উপহত হবে। তব্ব সাধকের মধ্যে তখন হতে দেখা দেবে ঈশনা ও বিজ্ঞানশক্তির অকুণ্ঠ উপচয়, উত্তরসত্ত ও উত্তরপ্রকৃতির দিকে আত্মোন্মীলনের একটা নিশ্চিত म्हा ।

আমাদের তথাকথিত স্বাধীন ইচ্ছার ধারণায় অনেক গলদ আছে। আমরা স্বাধীন ইচ্ছা বলতে বৃত্তির মানবীয় অহস্তার ঐকান্তিক ব্যক্তিস্বাতস্তা। ভাবি, ব্যক্তির ইচ্ছা তথনই স্বাধীন, যথন সে তার বিবিক্ত এখণার চরিতার্থতা থোঁজে —যখন স্বাইকে ছেড়ে নিজের খ্রিশতে একলা পথে চলবার স্বতর্শ্যে কোন্দিক থেকেই তার সংক্ষাচের সম্ভাবনা থাকে না। কিস্তু একথা ভুলে যাই, আমাদের

আত্মপ্রকৃতি বিশ্বপ্রকৃতিরই একটা অংশ, আমাদের আত্মচেতনা বিশেবাতীর্ণ চেতনারই বিভৃতি। অতএব অপরা প্রকৃতির পারতন্তা হতে আমাদের সমগ্র আধার একমাত্র পরা প্রকৃতির বৃহত্তর সত্যের সঙ্গে তাদাঘ্যাবোধের ম্বারাই মাজি পেতে পারে। ব্যক্তিজীব পূর্ণস্বতন্ত হয়েও বিবিক্ত স্বৈরাচার অবলম্বন করতে পারে না, কেননা ব্যক্তির সত্ত্ব ও প্রকৃতি বিরাট্-পরেষ ও বিশ্বপ্রকৃতির অন্তর্ভুক্ত এবং পরাৎপর বিশ্বোত্তীর্ণের প্রশাসনে বিধৃত। অতএব উদয়নের দুটি ধারা দেখা দিতে পারে। একটি ধারায়, আপন কটেম্থ সন্তার সংগে তদাত্মক হয়ে সাধক অনুভব করে এবং আচরণে ফোটায় স্বয়ম্ভু সত্তার অথণ্ড স্বাতন্তা। এমানতর স্বান্ত্র হতেও শক্তির প্রচণ্ড বিচ্ছারণ সম্ভব। কিন্তু এই বিচ্ছারণ হয় ঘটে সাধকের প্রাকৃত-শক্তিরই অতিক্রান্ত ও বর্তমান কণ্ডলীর স্ফীততর পরিসর হতে—নয়তো এ হয় তার ব্যাষ্ট্রিগ্রহে বিশ্বশক্তি বা পরমা শক্তির স্বচ্চন্দ বিস্ফোরণ অতএব তার মধ্যে ব্যক্তিসত্তের কোনও প্রবর্তনা থাকে না। সতেরাং এক্ষেত্রে বিরাটের সংকল্প বা পরা শক্তির নৈর্ব্যক্তিক লীলায়নের অনুভব ছাড়া ব্যক্তিগত স্বাধীন ইচ্ছারও কোনও অনুভব ফোটে না।... আরেকটি ধারায়, সাধক নিজেকে অনুভব করে পরম পুরুষের চিন্ময় নিমিত্ত-রূপে, অতএব তার কর্মে তাঁরই বীর্য স্ফারিত হয়। স-বীর্যের খেলায় উপচে ওঠে প্রমা প্রকৃতিরই অবন্ধন সামর্থ্য—যার নিঃসীম ও নির্বাধ প্রচার নিতাপ্রচোদিত হচ্ছে অন্তেরের স্বর্পসত্য ও স্বধার স্বারা এবং মাহেশ্বরী শক্তির অবন্ধ্য সংকল্পের সংবেগে।...কিন্ত উভয়ক্ষেত্রে প্রাকৃতশক্তির যন্ত্রা-বর্তন হতে মাজির একমাত্র উপায় হল—কোন্ও মহত্তর চিন্ময় শক্তির আনুগত্য দ্বীকার করা, কিংবা সাধকের নিজের জীবনে ও বিশ্বের লীলায় সেই শক্তিরই প্রকট আকৃতি ও প্রবৃত্তির সংগ্য স্বেচ্ছায় একাত্ম হয়ে চলা।

চেতনার উধর্বলোকে উত্তীর্ণ হবার পর আধারের নবলস্থ বীর্যের ক্রিয়া যে বহিশ্চর প্রকৃতির প্রশাসনেও বিস্ময়কর সামর্থ্যের পরিচয় দেয়, তার মূলে আছে শৃধ্য বাক্তির প্রবাহন্ত্যাসিন্ধি নয়—কিন্তু তার চিন্ময় দ্বিটের উদার্য এবং তার ফলে বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ দিব্যক্তত্বর সঙ্গো তার সৌষম্য বা তাদান্মোর অনুভব। প্রুষ যথন অবরশন্তির দাসত্ব ছেড়ে আপনাকে উত্তরশক্তির বাহন করে তথন তার ইচ্ছা বিশ্বগত প্রাণশক্তি মনঃশক্তি ও জড়শক্তির বিচিত্র বৃত্তির যন্ত্যমৃত্ নিয়ন্তদের কবল হতে ম্কি পায়—আর সে অপরা প্রকৃতির শাসনকে অন্থের মত মেনে চলে না। তথন তার মধ্যে দেখা দিতে পারে প্রবর্তকের বীর্যা —এমন-কি বিশ্বশক্তিরও পরে ব্যক্তির আধিপত্য। কিন্তু এই ঈশনার অধিকার প্রুর্বোত্তমের নিমিত্ত বা প্রতিভূর্পেই সে পায়। ব্যক্তির খা্দা তথন অননতন্বর্বের ক্রিমত্ত বা প্রতিভূর্পেই সে পায়। ব্যক্তির খা্দা তথন অনন্তন্বর্বের মঞ্জনুরি পায়—সে-খ্নিতে অনন্তের কোনও সত্যের প্রকাশ হয়েছে বলে। এমনি করে ব্যক্তির ভাবনা ক্রমে সার্থকতর শুবং বীর্যবত্তর হয়—যতই সে নিজেকে বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ প্রুষ্ব-প্রকৃতির ঘ্নবিগ্রহর্পে উপ-

লম্পি করে। কারণ গোগ্রান্তরের পথে যত সে এগিয়ে চলে, ততই সে দেখে, তার প্রমাক্ত চেতনার বীর্য দেহ-প্রাণ-মনের সীমিত শক্তির পাঞ্জিকে বহুদ্রের ছাড়িয়ে গেছে। তখন এক অভতপূর্ব চেতনার উত্তরজ্যোতি ও শক্তির বিপল সংবেগ আধারে উৎসারিত এবং অবতীর্ণ হয়ে তাকে পরিণ্লুত করে— তাকে ঘিরে রচনা করে দ্যালোকদ্যাতির অপ্রয়ের পরিবেষ। তার স্পর্শে সিম্ধ-প্রুষের প্রাকৃত জীবনও অধিচেতনা ও অতিচেতনা চিম্ময়ী আদ্যাশক্তির লোকোত্তর বীর্যের দিব্য সাধন হয়। প্রকৃতির সমুহত পরিণামকে তখন তিনি অন্ভব করেন এক সর্বগত পরমটেতন্যের লীলার পে—দেখেন, অক্ষান্ধ স্বাত-ন্ত্যের খ্রাশিতে যে-কোনও ভূমিতে স্বকৃত যে-কোনও বিশেষণকে অঙ্গীকার করে এক সর্বগত পরমা শক্তির বীর্য স্ফ্রারত হচ্ছে। সিন্ধের জ্ঞানময় দূচ্টিতে এ-জগং বিশ্বাত্মক ও বিশোত্তীর্ণ পুরুষের কবিকত্র খেলা, সর্বে-শানী সর্ববিং বিশ্বজননীর মহাসংকর্ষণের বিলাস—জীবকে তাঁর বুকে তাঁরই অতিপ্রাকৃত চিৎপ্বরূপের সাযুজ্যে টেনে নেবার জন্যে। এতদিন বংধজীব-র্পে পুরুষ ছিলেন অবিদ্যা-প্রকৃতির অচেতন বা অর্ধ চেতন সাধনর্পে অব-রুদ্ধ লীলায়নের ক্ষেত্র। আজ তাঁর মধ্যে ফুটেছে চিদ্মনবিগ্রহ পরে,ষোত্তমের প্রমা প্রকৃতি—তাঁর আত্মা তাঁরই চিন্ময় নিম্ভি প্র-তন্ত্র লীলাধার ও নিমিত্ত-মাত্র। সে-প্রকৃতির চিদ্বিলাসের তিনিও অংশভাক —কেননা তিনি জানেন কি তার আকৃতি, কি তার সাধনা। আবার তিনি জানেন পরাবর দিব্য-প্রেষরূপে তাঁর আত্মন্বরূপের বিরাট ও লোকোত্তর মহিমা। সেইসংগ জানেন, তার জীবত্ব একটা নিস্তত্ত বিভ্রম নয়—কেননা জীবস্বরূপে যেমন তিনি একাধারে অন্তহীন প্রমচেত্নার সংগ্যে তাদাম্মভাবে সমাপল্ল অথচ তাঁরই আর্মবিভাবনার ব্যক্তিবিগ্রহ, তেমনি আবার চিদ্বিন্দ্রেপে তাঁর লীলার সাধন।

এমনি করে পরমা প্রকৃতির চিন্ময়ী লীলার সহচর হবার উপক্রেই সর্ব-শেষ অতিমানস-র্পান্তরের শ্রু। কেননা প্রকৃতির যান্তারন্ডে দেখা দিয়েছিল অন্ধ যন্ত্রলীলার যে পর্যাকৃল ছন্দ, এই র্পান্তরে তা উত্তীর্ণ হয় জ্যোতির্ময় র্পায়ণের অবন্ধন উৎসারণে, চিৎস্বর্পের স্বয়ন্ত্র সতোর ধ্বন্ছেনে। প্রকৃতিপরিণামের প্রথম পর্বেছিল জড়ের মৃত্ যন্তাচার। তারপর দেখা দিল অবরপ্রাণের স্পাদন—যা অপরা প্রকৃতির অন্ধ অন্বর্তনে ও স্বধর্মের যন্ত্রবং অনুশীলনে নিজের সঙ্কীর্ণ গতি-প্রকৃতির ছন্দ বজায় রাখতে চায়। তারপর মান্বের মধ্যে দেখা দিল ওই অপরা প্রকৃতিরই শাসনে প্রাণ ও মনের একটা অর্থপূর্ণ ব্যামিশ্রতা এবং প্রকৃতির নাগপাশ হতে মৃক্ত হয়ে তার শাস্তার্পে আপন প্রয়োজনে তাকে খাটিয়ে নেবার একটা দ্বন্ধ-সঙ্কুল প্রয়াস। সবার শেষে ফুটল স্ব-সৃৎ সৌষম্য ও স্ব-কৃৎ কর্মের বৃহৎসাম—সর্বভূতাশয়ে স্থিত চিন্ময় সত্যকে আধার করে। এই উত্তরভূমিতে ঋত-চিতের অপরোক্ষ অন্ভবে উন্দাশত হয়ে মান্ম প্রভাবনে অন্সরণ করবে তার বীর্থ-

বিভূতির শাশ্বত বিধান, পরমপ্রব্রের নিমিত্ত হয়েও স্থির সাধনায় থাকবে তার অকুণ্ঠ ঈশনা ও কর্মাদায়, তার জীবনে ও আচরণে উছলে উঠবে প্রণানন্দের প্রস্রবন। আজ অসহায় জীব বিশ্বচক্রের অন্ধ আবর্তনের সঞ্গে বাঁধা পড়েছে। কিন্তু সেদিন সর্বাত্মভাবের জ্যোতির্ছেল আনন্দে তার বন্ধনের বিভ্রম বিল্পুত্ত হবে—বিশেবাত্তীর্ণা পরমা প্রকৃতির প্রশাসনে বিধৃত জীব ও বিশেবর অন্যোন্যস্থামের ছন্দ্রমা হিরণাদ্যাতিতে তার চেতনায় ঝলসে উঠবে।

কিন্তু এই পরমাসিদ্ধি স্পন্টই দীর্ঘযুগের দুস্চর সাধনার অপেক্ষা রাখে। কেননা রূপান্তরের বেলায় শুধু পরেকের সায় ও সহায়তা থাকলেই চলে না, সেইসং েগ চাই প্রকৃতিরও সায় এবং আনুক্লা। শুধু উন্মুখ ভাবনা ও উল্বেল্ধ সংকল্পের ব্রতদীক্ষা ও স্বীকৃতিই যথেণ্ট নয়—আধারের সর্বত্র সন্তারিত হওয়া চাই চিন্ময় সত্যের শাশ্বত বিধানকে প্রীকার করে তার কাছে নিজেকে ল চিয়ে দেবার আকুলতা। আধারের পর্বে-পর্বে জাগ্রত হওয়া চাই নিত্যপ্রবৃদ্ধা চিন্ময়ী মহাশক্তির শাসনকে অকুণ্ঠচিত্তে পালন করবার অভীপ্সা। অন্ধ প্রকৃতিপরিণামের ফলে দ্বোগ্রহের মট্টতা আধারের আনাচে-কানাচে প্রঞ্জীভূত হয়ে উঠেছে—স্বীকৃতির পক্ষে তারাই বিপ্রল বাধা রচনা করে। আধারের বহু অংশ এখনও অচিতি ও অর্বাচতির কর্বালত, মুড় অভ্যাসের সংস্কারে আচ্ছন্ন, তথাকথিত প্রকৃতির আইনে বাঁধা। প্রাণ মন ব্যক্তি-সত্ত চারিত্র বা নিসর্গবৃত্তি—সবারই আছে চিরাভাস্ত যন্তাচার। প্রাকৃত দেহ-প্রাণ-মনের মধ্যে অভাববোধ অন্ধ আবেগ ও জান্তব বাসনার তাড়না মঙ্জাগত হয়ে আছে—তাদের অতল গহনে শিকড় মেলেছে প্রানো ব্তির কত অনুশয়, যাদের ওপড়াতে গেলে অচিতির পাতাল পর্যন্ত খুড়তে হবে। এরা আধারের পাকা দখল নিয়ে আছে—তাই অচিতির অবর্রবিধানের অন্-বর্তান এরা করবেই। প্রাণ আর মনের চেতনায় অহরহ এরা ফেনিয়ে তুলবেই অতীতের যত সংস্কার এবং আধারে তাদেরই প্রকৃতির শাশ্বত অনুশাসন প্রতিষ্ঠিত করতে চাইবে। আধারের যে-অংশ এমনতর আচ্ছন্ন যন্তমূঢ় কি অচিতির কর্বালত নয়, তাদের মধ্যেও অপূর্ণতা আছে—আছে অপূর্ণতার প্রতি অভিনিবেশ। অন্ধসংস্কারের প্রতি দ্বরাগ্রহও তাদের কিছু কম নয়। প্রাণ যেমন তার আত্মপ্রতিষ্ঠা ও কামনাতর্পণের মোহ ছাড়তে পারে না, মনও তেমনি কিছুতেই নিজের বাঁধা-চাল ছাড়া চলতে পারে না—আর স্বেচ্ছাতেই উভয়ে মেনে চলে অবিদ্যার অবরধর্মের প্রবর্তনা। অথচ পরমা প্রকৃতির অলও্যা অন্শাসনে উধর্বপরিণামের শরিক তাদের হতেই হবে, আত্মসমর্পণ করতেই হবে। পর্বসংক্রান্তির প্রত্যেক ধাপে পর্রীব্ধর সায় চাই। তেমনি প্রকৃতিরও প্রত্যেক অংশকে সার দিতে হবে উত্তরশক্তির উধর্বগ প্রেরণার অন্-ক্লে, নইলে পুরুষের একক সঞ্চল্প সার্থক হকে না। অতএব অভাস্ত প্রকৃতিকে পরমা প্রকৃতিতে রুপান্তরিত করবার এই-যে নিরুঢ় আক্তি—এই

ম্বোত্তরায়ণের প্রতি মনোময়প্রেষেরও স্বতঃপ্রবৃত্ত একটা উন্মুখীনতা চাই। তাছাড়াও চাই চিৎসত্তার উত্তরসত্যের সচেতন অন্বর্তন—পরমা প্রকৃতি হতে উৎসারিত জ্যোতি ও শক্তির কাছে সমগ্র আধারের নিঃশেষ সমর্পণ। এতপস্যা কঠিন ও দীর্ঘসাধ্য হলেও আধারকে নিজেই এর দায় বরণ করতে হবে, নইলে অতিমানস-রুপান্তর সম্ভব হবে না।

ম্পত্তই বোঝা যাচ্ছে, তৈজস ও চিন্ময় রূপান্তর সিন্ধপ্রায় না হলে চরম ও পরম অতিমানস-র পাত্তরের স্চনাই হতে পারে না—কেননা শ্ধ্ ওই দ্বটি র্পান্তরের ফলে অবিদ্যার মূঢ়সংবেগ নিঃশেষে পরিণত হতে পারে লোকোত্তর আনন্তাচেতনার হিরণাবর্তান সতাসংকলেপর ছন্দোন বর্তনে। পরমপ্রের ও পরমা প্রকৃতির কাছে সমগ্র আধারের বিবশ সমপ্র সম্পূর্ণ সহজ হবার পূর্বে দীর্ঘকাল ধরে নিরুতর একাগ্র কঠোর তপস্যা এবং ঐকা-ন্তিক সংকল্পের অস্ত্রান্ত উদ্যুতি একান্ত আবশ্যক। সাধনার প্রথম পর্বে চাই তীর এষণা ও নিষ্ঠাপতে প্রয়াসের সংগে-সংগে পরা সংবিতের কাছে হুদয় মন ও আত্মার প্রমূখ সমর্পণ। তারপর সাধনার মধ্যপর্বে দেখা দেবে—আমার সাধনা তাঁরই পরা শক্তিতে উদ্দীপ্ত—এই বোধ নিয়ে সেই শক্তির 'পরে পূর্ণ ও সচেতেন নিভারতা। আর তার চরমপর্বে সে অখণ্ড নিভার পর্যবসিত হবে--আধারের সকল অংশে ও সকল চিয়ায় প্রকৃতি-স্থ প্রমসত্যের লীলা-য়নের কাছে বিবশ হয়ে আপনাকে স'পে দেওয়ায়। এই বিবশ সমর্পণ তখনই পূর্ণাঙ্গ হয়, যখন আধারের তৈজসর পান্তর সিন্ধ হয়, কিংবা চিন্ময়-র পান্তর অনেক দরে এগিয়ে যায়। কারণ এ-সমপণ মন প্রাণ দেহ—এমন-কি অচিতি ও অবচেতনারও সচেতন আত্মসমর্পণ। মনের সমর্পণে, তার প্রাক্তন যত ভাব সংস্কার ধারনা কল্পনা ও চিরাভাস্ত বৌশ্ব-সমীক্ষা-স্বার জায়গায় প্রথম জাগবে বোধি-মানসের, তারপর অধিমানসের প্রবর্তনা। তারপর প্রবাতিকা শক্তি চিত্তে সঞ্চারিত করবে ঋতচিতের অপরোক্ষ ব্যাপ্রিয়া, ঋতদ্ভরা প্রজ্ঞা ও বিবেকদ্ণিটর সাক্ষাৎ প্রেতি—এককথায় প্রাকৃত-মনের সম্পূর্ণ বিজাতীয় একটা অভিনব চেতনার স্ফুরন্তা।...তেমনি প্রাণের সমর্পণে, তাকে ছাডতে হবে চিরপোষিত যত বাসনা বেদনা আবেগ ও ভাবোচ্ছন্নস, যত গতান,গতিক ক্রিয়া-প্রতিক্রিয়ার প্রবেগ ও ইন্দ্রিয়বোধের কুণ্ডলিত বৃত্তি। তার জারগায় আসবে নিষ্কাম নির্মন্ত অথচ স্বয়ংতন্ত এক জ্যোতির্মুয় সংবেগ —যা বিশ্বজনীন নৈর্ব্যক্তিক জ্ঞান শক্তি ও আনন্দের স্বৃষ্ম্ণ-নির্বার। সমস্ত জীবনের তল্তে-তল্তে সেদিন রণিত হবে তার আবিঃস্বর্পের ম্ছানা। অথচ আজ তার প্রাণচেতনায় তার এতট্বকু স্পন্দন, তার গ্রহাহিত বিপ্রল আনন্দ ও সাধনবীযের একট্রকু আভাস নাই।...আবার দৈহ্য-চেতনাকেও ছাড়তে হবে তার নিসগ'ব্তি ও অন্ধ আসন্তির গোঁড়ামি, অভাব-বোধ ও গতানুগতিক প্রকৃতির আবর্তন, জড়াতীতের প্রতি অশ্রন্ধা ও সংশয়.

জড়াশ্রয়ী দেহ-প্রাণ-মনের বাঁধা-চালের অনতিবর্তনীয়তা সম্পর্কে মৃঢ় আম্থা। তথন আধারে উৎসারিত এক অভিনব শক্তির প্লাবন এদের ভাসিয়ে নেবে, যা জড়ের বিগ্রহে ও সংবেগে স্ঞারিত করবে তার বৃহত্তর ধর্ম ও প্রবৃত্তির বিপল্ল বাঁম ।...এমন-কি আধারের অচিতি ও অবচেতনার মধ্যেও তথন চেতনার দীপ্তি জাগবে। উত্তরজ্যোতির বিদ্যুৎঝলকে তারা চকিত হবে—চিতিশক্তির পূর্ণতার পথে বাধা না হয়ে দিনে-দিনে হবে চিৎম্বর্পের আধার এবং পাদপীঠ।...... কিন্তু প্রাকৃত দেহ-প্রাণ-মনের নেতৃত্ব বা আধিপত্য আধারে যতদিন অব্যাহত থাকবে তর্তাদন এ পরমার্সাম্থ আসবে না। এইজন্যেই তো চাই গ্রহাশায়ী চৈত্য-প্রেমের পূর্ণকল উন্মেষ, চাই তৈজস ও চিন্ময় সঙ্কন্পের অপ্রতিহত প্রবেগ। দার্ঘকাল ধরে তাদের জ্যোতি ও শক্তির ধারাসম্পাতে আধারের প্রত্যেকটি কোষকে অভিষিত্ত করে সমগ্র প্রকৃতিতেই নিয়ে আসা চাই তৈজস ও চিন্ময় র্পান্তর।

অতিমানস-রপোন্তরের জন্য আরও-একটা সাধনা অপরিহার্য। অন্তঃ-প্রকৃতি আর বহিঃপ্রকৃতির মধ্যে যে-আড়াল গড়ে উঠেছে, তাকে ভেঙে ফেলে সমগ্র আধারকে একটি সূরে বাঁধা চাই। সে-সূর হবে অল্তরের সূর— র্বাহম্ম থ চেতনা অন্তরাবৃত্ত হয়ে একাগ্র এবং সম্প্রতিষ্ঠ হবে অন্তরাত্মার চিদ্য-বিন্দুতে, অন্তরের সত্যদর্শন ও সত্যসঙ্কল্পের প্রেরণায় তার সমুস্ত ব্যবহার অনায়াসে উদ্দীপ্ত হবে, স্বপ্রতিষ্ঠার এই অচলভূমি হতে তার ব্যক্তিচেতনা উন্মালিত হবে বিশ্বচেতনার দিকে। পরাক-বৃত্ত হুদয় প্রাণ আর মন যতই অধ্যাত্মমুখী হ'ক না কেন, তাদের অপরিসর আধারে ঋত-চিতের পরম আবির্ভাব যে হতেই পারে না—একথাও কি বলতে হবে? আধারের চক্রে-চক্রে চিং-শন্তির জ্যোতিঃকমল দল মেলবে, চৈতাসত্তা স্বাতক্তোর বীর্য নিয়ে প্রস্ফারিত হবে, সাধারণ চেতনার পর্যায় হতে চিত্ত ধ্যানচিত্তের যোগভূমিকায় উল্লীত হবে—এই প্রাথমিক গোত্রা•তরের শক্তিতে পরেষ যদি অন্তররাজ্যের বিশালতায় প্রতিষ্ঠিত না হয়, তাহলে রূপান্তর-সিন্ধির লোকোত্তর মহিমা কি করে তার মধ্যে ফুটবে ? শুধু তা-ই নয়। সাধকের ব্যাণ্ট-ভাবনাকে বিশ্বাত্মভাবনার সীমাহীন ঔদার্যে পরিবাপ্ত করতে হবে—তার ব্যাঘ্টি-মন নবায়িত হবে বিশ্বমানসের অবন্ধন বৈপ্রল্যে, উদ্দীপ্ত এবং প্রসারিত ব্যক্তি-প্রাণ স্পন্দিত হবে বিশ্বপ্রাণের বিভূতিস্পন্দের ছন্দে, দেহের শিরায়-শিরায় বইবে বিশ্বপ্রকৃতির নির্বারিত শক্তির প্রবাহ—তবেই-না এই বর্তমান বিশ্ব-কল্পের বেষ্টনী পেরিয়ে তার পক্ষে বিরাটের অবরার্ধ হতে চিন্ময় প্রম-পরাধের জ্যোতিলোকে উত্তরণ সম্ভব হবে। তাছাড়ী আজ যা অতিচেতনার ধ্সরলোকে রয়েছে, তার একটা স্কেশন্ট সংবিং জাগা চাই তার মধ্যে। যে দিব্য জ্যোতি শক্তি জ্ঞান ও আনন্দের নিরন্ত নিঝর তুর্যাতীত হতে আধারে অবিরাম করে পড়ছে, তার সংবিং ও সংবেগ অনুবিন্ধ করবে তার চেতনা –চিন্ময়-রূপা-

ত্তরের রসায়নে তাকে নতুন করে গড়ে তুলবে। চৈতাপুরুষের প্রগতি বা প্রমাক্তি সিম্ধ হবার পূর্বেই চিন্ময়র্পান্তরের দল-মেলা শুরু হতে পারে. কেননা উপর হতে চিন্ময়ের শক্তিপাত তৈজসকে জাগিয়ে দিয়ে আপন অনু-ভাবন্বারা তার রূপান্তর সম্পূর্ণ করতেও পারে। তার জন্য চাই শুধু চৈতা-সত্তার একটা প্রবল আকৃতি—চিদ্বীর্যের ওই ধারাসারে আপনাকে নিষিক্ত করবে বলে। কিন্তু অতিমানস-র পান্তরের লীলায়নে অনুন্তর জ্যোতির এমন অকাল-সম্পাতের সম্ভাবনা নাই—কেননা অতিমানসের শক্তিপাত কোনও ব্যবধান মানতে চায় না বলে আধারের প্রস্তুতি নিখতে না হলে তার কাজ শরে: হয় না। অপরা প্রকৃতির সামর্থ্যের সংগ্রে পরা শক্তির মহাবীর্যের এতই বৈষম্য যে অপরিণত আধার তার প্রবেগকে হয় ধারণ করতে পারে না, বা ' ধারণ করলেও সত্তসমাদ্রেকের স্বচ্ছতা নিয়ে তাকে গ্রহণ করতে পারে না. কিংবা গ্রহণ করলেও জীর্ণ করতে পারে না। তাই আধার তৈরী না হওয়া পর্যক্ত অতিমানসের বীর্য কাজ করে পরোক্ষভাবে—অধিমানস কি বোধি-চেতনার আড়াল দিয়ে, কিংবা নিজেরই কোনও অবরবিভূতির মাধামে, যার আহ্বানে আংশিক বা প্রোপ্রির সাড়া দেওয়া আধারের অধ্রপোণ্ডরিত চেতনার পক্ষে কঠিন হয় না।

চিন্ময়-পরিণাম হয় কলায়-কলায়—এই তার সনাতন রীতি। একটি মুখ। পর্ব সম্পূর্ণ আয়ত্ত হলে তবে অমনতর আরেকটি পর্বাসিম্পির নিম্চিত স্মাধ কার মেলে। অতর্কিত ক্ষিপ্র উদয়নের প্রবেগে যদি-বা কথনও ছোটখাট দ্র-চারটি পর্ব গ্রাস করে বা ডিঙিয়ে যাওয়াও চলে, তব, সাবধানী সাধককে আবার ফিরে দেখতে হয় নীচের স্তরের কোনও পিছটোন রইল কি না—সামনের স্রুগে পিছনের জ্যেড পোক্ত হল কি না। অপরা প্রকৃতির মন্থর ও অনিশ্চিত সাধনা যে চিন্ময়ী সিন্ধি অর্জন করতে বহু শতাব্দী কি বহু যুগযুগানত কাটিয়ে দিতে পারত, মানুষের অধ্যাত্মপ্রয়াস তাকে সংক্ষিপ্ত করে আনে দু-চার জন্মের মধ্যে—এ-কথা সত্য। অবশ্য এই কালসংক্ষেপ নির্ভার করে সাধনার তীব্রসংবেগের তারতম্যের 'পরে। কিন্তু সাধকের শরবং তন্ময়গতিতেও প্রগতির ধাপগ্রাল কখনও উড়ে যায় না, কিংবা ক্রমান্বয়ে তাদের অতিক্রম কর-বার দায়ও চোকে না। তাছাড়া তীব্রসংবেগও সম্ভব হয়—প্রবৃষ্ধ অন্তর-পুরুষ সাধকের সাধনোদামের শরিক হন বলেই, অর্ধর্পাশ্তরিত অপরা প্রকৃতির মধ্যে পরমা প্রকৃতির শক্তি পূর্বে হতে সক্রিয় রয়েছে বলেই। তাইতে অচিতি ও অবিদ্যার আঁধারে যে-সাধনা হাতড়ে-হাতড়ে চলত, তা তখন বিদ্যার উপচীয়মান শক্তি ও জ্যোতির প্রচ্ছন্ন পরিবেশে স্বচ্ছন্দ হয়ে চলে। প্রকৃতির জড়পরিণাম আচ্ছন্ন-মন্থর—লক্ষয়ুগেও তার একটি পর্ব শেষ হয় না। প্রাণ-পরিণাম মন্থর হলেও আর-একটা দ্রত—তার পর্বোত্তরণের বেগ হরতো সহস্ত-যুগের কোঠায় পেশছর। আবার কালপুরুষের গদাইলশ করী চালকে মন

হয়তো ক্ষিপ্র করে আনে শতের কোঠায়। কিন্তু চিদাম্বার আবেশে প্রকৃতিপরিণামের এই বিলম্বিত লয় কল্পনাতীত সংক্ষিপ্ত হতেঁ পারে। তব্ব সংক্ষণণবার। পরিণামের ধারাকে ভিতরে-ভিতরে গ্রাটিয়ে নিয়ে সাধনার পর্ব-সংক্ষপ করা তথনই সম্ভব হয়, যথন চিদাম্বাশক্তির আবেশে আধার প্রস্তৃত্ত হয়েছে এবং তাতে শ্রুর্ হয়েছে অতিমানসের অপরোক্ষ বীর্যাধান। প্রকৃতির যে-কোনও র্পান্তর বলতে গেলে অলৌকিক একটা প্রাতিহার্য। কিন্তু তাহলেও তার একটা রীত আছে। পাকারাস্তার নিরাপত্তার পরে নিভার করেই তার দীর্ঘাতম পদক্ষেপ সম্ভব হয়, পরিণমনের স্কৃত্বির ও স্কৃতির ভিত্তি পেলেই দেখা দেয় তার ক্ষিপ্রতম উৎপ্রবন। তাছাড়া এক সর্ববিৎ নিগ্রু প্রজ্ঞাই তার স্ব-কিছ্বর প্রশাস্তা—এমন-কি তার চালচলনের আপাতদ্বর্বোধ ছন্দেরও।

প্রকৃতির এই ঋতের বিধানমতে অতিমানসের দিকে চরম উদয়নের পথেও দেখা দেয় স্ববিনাস্ত যোগভূমির পরম্পরা, চিদ্বাসিত মন হতে অতিমানস প্য'ত চেত্নার উত্তরায়ণের একটা সোপান্মালা—কেন্না এমন্তর একটা আরোহ-ক্রম না থাকলে চেতনা কিছুতেই সে দুরুত্তর উত্তঃগতায় পেণছতে পারত না। পূর্বেই বর্লেছি, প্রাকৃত-মনকে ছাড়িয়ে আমাদেরই আধারের অতি-চেতন গ্রায় নিহিত আছে সন্তার সোপানায়িত দশা ভূমি বা বিভূতির পর্ব-রাজি, উধর্মানসের কত স্তর, চিন্ময় সংবিং ও অন্ভবের কত পরস্পরা। এই অন্তরিক্ষলোকের যোগাযোগ ও আনুক্লা না থাকলে মন আর অতি-মানসের অমিত ব্যবধানকে অতিক্রম করা কিছুতেই সম্ভব হত না। বস্তুত এই উত্তরজ্যোতির গণ্ডেগানী হতেই আধারে চিন্ময়ী মহাশক্তির নিগঢ়ে ধারা নেমে আসে এবং তার আবেশে তার তৈজস বা চিন্ময় রূপান্তর সিন্ধ হয়। কিন্তু সাধনার প্রথম পর্বে আমরা এই আবেশের কোনও স**ু**স্পন্ট আভাস পাইনা, কেননা চেতনার অগোচরে ধরা-ছোঁয়ার বাইরে তখন তার ক্রিয়া চলে। তাইতে প্রথমে চাই মানস প্রকৃতিতে চিংশক্তির দীপ্ত স্পর্শ। তার উদ্বোধিনী প্রৈষা সাধকের হুদয়ে প্রাণে ও মনে নিরুত্ হয়ে লোকোত্তরচেতনার দিকে তাদের উন্মাধ করবে। এক সাম্কাম জ্যোতি বা রসায়নী মহাশক্তি তাদের ব্যন্তিকে শোধিত শাণিত এবং ঊধর্বায়িত করবে, এক অপ্রাকৃত উত্তরচেতনার অভিষেকে তাদের জ্যোতিষ্মান করবে। এর জন্য উপর হতে শক্তিপাতের সং-বিং আবশ্যক হয় না—অন্তর হতে চৈতাসত্তা ও চৈতাসত্তের অদৃশ্য শক্তির আবেশই তার জন্যে যথেষ্ট। ঘটে-ঘটে, চেতনার সকল স্তরে, সকল বস্তৃতে চিৎসত্তের আবেশ রয়েছে। অতএব অখণ্ড সচিচদানীলৈর সালোক্য সামীপ্য ও সংস্পর্শের পরমচেতনা হাদরে প্রাণে মনে এমন-কি দৈহা চেতনাতেও যে-কোনও মুহুতে স্ফুরিত হতে পারে। আধারের ভিতরদুরার যদি অকপণ-ভাবে উন্মন্ত থাকে, তাহলে অন্তরের মণিদীপ্তি বহিন্দেতনার আসম্লতম হতে

প্রতান্ততম ভাগকে উম্ভাসিত করতে পারে। এও গোগ্রান্তরের একটা ব্রীতি। তাছাড়া উপর হতে চিংশক্তির নিগঢ়ে সম্পাতের ফলেও চেতনার মোড় ফিরে যেতে পারে। তথন শক্তির আস্ত্রব অনুভাব ও পরিণামকে আমরা স্কুস্পন্ট ধনভেব করি বটে, কিন্তু কোন্ তুর্গাদখর হতে সে-ধারা নেমে এল তা ব্রুতে পারি না কিংবা শক্তিপাতের অপরোক্ষ সংবেগকেও প্রতাক্ষ করি না। লোকো-ত্তরের এমনি ছোঁয়ায় চেতনার উৎক্ষেপ কখনও এত প্রবল হয় যে, প্রকৃতি-পরিণামের স্বাভাবিক রীতি লঙ্ঘন করে সাধক শরবং তক্ষয়তায় আত্মা ও ব্রন্মের লক্ষ্যকে বিন্ধ করতে চায়। পরমপরেষের যদি তাতে সায় থাকে. তাহলে আর সাধনার পথে ধাপ গুনে-গুনে চলবার কথাই ওঠে না। তখন প্রকৃতি ও সাধকের মধ্যে নাডীচ্ছেদ হয় ক্ষিপ্র এবং সঃনিশ্চিত। কারণ, কোনও পথিকের বেলায় মহাপ্রদ্থানের বিধানই যদি সতা হয়ে উঠে, তাহলে সে-বিধান তো রূপান্তর্রাসন্ধির ক্রমায়িত ছন্দ মেনে চলবে না। তার গতিতে থাকবে মণ্ড্কপ্ল্বতির আক্ষিমকতা, বিদ্যুদেবগে মতেরি বাধন ছি**ণ**ড়ে সাধক তখন ছিটকে পড়বে চিজ্জ গতের অংগনে—তারপর প্রারশ্বক্ষয়ে দেহপাতের প্রতীক্ষা ছাড়া ইন্টার্সাম্বর আর-কোনও সাধনা তার বাকী থাকবে না। কিন্ত মর্ত্যজাবনের রূপান্তর যদি অন্তর্যামীর অভিপ্রায় হয়, তাহলে চিন্ময়-ভাব-নার প্রথম ছোয়াতে সাধকের মধ্যে জাগবে ঊধর্বশক্তির উৎসমূলের একটা চেতনা ও এষণা। তার সংবেগে এই আধারই তখন প্রসারিত ও উচ্ছিত্রত হয়ে ওই লোকোন্তরের ভূষ্গাম্পিতিতে প্রতিষ্ঠিত হতে চাইবে এবং তার বৃহত্তর ঋতের বিদ্যান্ময় স্পর্শে ঘটবে চেতনারও নবসঞ্জীবন। কিন্তু আধারের এই র পায়ণ পর্বে-পর্বে সাধিত হয় এবং তার চরমক্ষণে উত্তরায়ণের সোপানশেষে ঝলসে ওঠে বেদের সেই 'উরো অনিবাধে' প্রদ্যোতিত মহাভবন, যা অননত জ্যোতিম্ব প্রমচেতনার নিতাধান।

বিশ্বপ্রকৃতির অন্যব্র যেমন, এখানেও তেমনি পরিণামের ওই একই ধারা। প্রথাং চেতনার উধর্বায়নের সংগো-সপো এখানেও দেখা দেয় সম্প্রসারণের একটা প্রবেগ, উত্তরভূমিতে আর্ঢ় চেতনা অবরভূমিদের নিজের মধ্যে আকর্ষণ করে, অন্তরের উত্তরশক্তির আবেশে সমগ্র আধারে স্ফ্রিত হয় একটা অতিন্ব অভগাসমাহরণের সৌষম্য এবং ওই তত্ত্বশক্তির ক্রিয়া ও নির্ঢ় বীর্ষের মংবেগ প্রকৃতির প্রান্তন পরিণামের রশ্বে-রশ্বে যথাসম্ভব সন্ধারিত হয়। এই অভগাসমাহরণের আকৃতিই হল প্রকৃতিপরিণামের চরমপর্বের মৃখ্য বৈশিষ্টা। চেতনার উত্তরভূমিতে সব-কিছুকে তুলে এনে একটা নতুন ছন্দের স্থিত করা অবস্থারটা উদয়নের অবরপর্বে অসম্পূর্ণ থাকে। মন জড় আর প্রাণকে প্রাপ্রবি মনোধ্যী করে তুলতে পারে না, তাই প্রাণস্ক্র্য্ব আর দৈহ্যচেতনার অনেকশ্বানিই অবমানস এবং অবচেতনা কি অচেতনার রাজ্যে পড়ে থাকে। এতে আধারকে নিশ্বত করে গড়তে গিরে মনকে একটা দার্ণ বাধার সম্মুখীন

হতে হয়। আধারের পরিচালনায় মনের সঙ্গে অবমানস অবচেতনা ও অচেতনার চিরকাল যে-ভাগাভাগি চলছে, তার সুযোগ নির্ট্যে আধারে তার। মনোরাজ্যের আইন ছাড়া নিজেদেরও আইন জারি করে। তার জোরে প্রাণ-পরেষ ও দৈহাচেতনা মনের আইনকে না মেনে, নিজেদের প্রবৃত্তি ও নিস্গর্ণ-ব্রত্তির প্ররোচনাকে অনুসরণ করে—মনের যাক্তি ও পরিণতবাুশ্বির সংগত দেশনাকে কানেও তোলে না। এইজনাই রপোন্তরের ব্যাপারে মনের পক্ষে মুর্শাকল হয় আপন গণ্ডির বাইরে যাওয়া। নিজের আলোর পূর্ণদীপ্তিটুকু যার মধ্যে সে ফোটাতে পারে না, যুক্তির শাসনে এনে পুরাপুরি আপন ছাঁচে থাকে ঢালতে পারে না, তাকে সে চিন্ময় করে তুলবেই-বা কি করে—কেননা চিন্ময়সমাহরণের সাধনা যে তার চাইতে কঠিন। অবশ্য চিংশক্তিকে আবাহন করে আধারের কোথাও-কোথাও—বিশেষত নিজের কাছাকাছি মনন আর হাদয়-ব্যত্তির এলাকায়—চিন্ময়তার খানিকটা সৌরভ ছড়ানো বা রং ধরানো মনের পক্ষে অসম্ভব নয়। কিন্তু তার এটাকু আয়োজনও আপন সীমার মধ্যে কোর্নাদন পরিপূর্ণ হয়ে ওঠে না—তার সম্যক সিন্ধি তো দূরের কথা। অধ্যাত্ম-চেতনা যখন মনকৈ সাধন করে কাজ করতে যায়, তখন সাধনের অ**পকর্ষের** দর্ম তাকেও শক্তিসভেকাচ করে চলতে হয়। হয়তো সে চিত্তকে দিব্য-জ্যোতিতে উদ্ভাসিত করে, হৃদয়ে সঞ্চারিত করে দিব্যভাবনার শ্রিচিদ্নত্থ ক্লেছাপানো সংবেগ, কিংবা জীবনে চিন্ময় বিধানের অনুবার্ততা আনে— কিন্ত চার্রাদককার বাধাকে তব্ব সে ছাপিয়ে উঠতে পারে না। প্রাণের অবর-ব্রতিকে নিয়ন্তিত কি নির্দেধ করা, দেহকে সংযমের কঠিন নিগতে বাঁধা—এই তার সাধ্যের সীমা। তাতে দেহ-প্রাণ মার্জিত কি নির্জিত হলেও চিন্ময় হয়ে ওঠে না, কিংবা পরিপূর্ণ উন্মেষের ফলে তাদের রূপান্তর ঘটে না। তার জনো সে-চেতনাতে নামিয়ে আনতে হয় এমন-কোনও উত্তরশক্তির স্ফুরদ্বীর্য, ষা তার সগোত্র বলেই স্বাতন্ত্র্য প্রতিষ্ঠিত থেকে আপন স্বভাবের দীপ্তি ও শক্তিকে আধারে পূর্ণবিচ্ছারিত করতে পারবে।

কিল্ডু আধারে এই নবশক্তির অবতরণ ও বীর্যাধান সার্থক হতে বহু বিলম্ব ঘটতে পারে। কারণ আধারের অবরভাগেরও আত্মতৃষ্টি আর আত্ম-প্রুণ্ডির একটা দাবি আছে, স্মৃতরাং রুপাল্তরসাধনের জন্য আপন দাবিদাওয়া ছাড়তে তাদেরও রাজী করা চাই। কিল্ডু মুর্শাকল এইখানেই। কেননা আধারের প্রত্যেক অঞা চায়—অপকৃষ্ট হলেও স্বধর্মেরই অন্বর্তন। পর্ধর্ম যত উংকৃষ্টই হ'ক, তব্ তা তাদের বর্জনীয়। চেতনায় হ'ক কি অচেতনাতেই হ'ক—সবাই চায় আপন ব্রত্তির স্ফর্তি, আপন প্রবৃত্তি ও প্রতিক্রার সার্থকতা, আপন জীবনস্পদ্দ ও জীবনরসের বিশিষ্ট আস্বাদন। এমন-কি জীবনছণ্দে যদি আনন্দের নিরাকৃতি বা দ্বশ্ব-শোক-সন্তাপের অমানশাও থাকে, তব্ তাকেই আঁকড়ে ধরতে হবে মরিয়া হয়ে। কেননা মিষ্ট

না হয়ে কট্ হলেও সেও তো একটা রস—তমসাচ্ছয় শোকের রস, দ্বঃখসন্তাপের মধ্যেও পীড়ন করে ও পীড়ন সয়ে কামনাতর্পণের নিগ্র্ রস!
আধারের এই ম্র্ডাগ হয়তো-বা উপরপানেও তাকায়। কিন্তু তার 'মাতাল
হয়ে পাতালপানে ধাওয়া'কে ঠেকাবে কে—কেননা ওই তো তার শক্তি ও ধাতৃর
অন্বক্ল আত্মধর্ম। এই বিদ্রোহীদের আম্ল র্পান্তর ঘটাতে হলে চাই
তাদের 'পরে চিন্ময় জ্যোতির নিরন্তর অভিষেক, চিন্ময় সত্য শক্তি ও
আনন্দের নিবিড় অন্ভাবের সংলামণ, যাতে তারাও ব্রুবতে পারে—ওই
জ্যোতিঃপথেই তাদেরও সিন্ধির পথ, তাদের স্বভাবে চিংশক্তিরই কুন্ঠিত
প্রকাশ, অতএব জীবনের এই নবীনছন্দের অন্বর্তনেই তাদের স্বর্পসত্য ও
অভগ্গ-ন্বভাবের মহিমা তারা ফিরে পাবে। কিন্তু এই জ্যোতিঃপথকে
আগলে দাড়ায় অবরপ্রকৃতির অন্ধ শক্তিপ্রা। তারও চাইতে উত্তরায়ণের উপ্র
পরিপন্থী হল, জগতের বৈকলাকে আশ্রয় করে বেন্চে আছে অনিধ-শক্তির যে
দ্বর্ধব বাহিনী—অচিতির শিলাঘন তমিস্লার 'পরে রচেছে যারা দ্বর্ভেণ্য
আয়স-প্রবী।

এই বিরুদ্ধশক্তির অভিঘাতকে ঠেকাতে হলে চাই অন্তরাধার এবং তার শক্তিকেন্দ্রসমূহের উন্মীলন। কেননা বহিম্নের অসাধ্য যে-সাধনা, তার সিন্ধির স্চনা দেখা দিতে পারে শ্ব্র অন্তরেই। অন্তর্মন, আন্তর প্রাণ-চেতনা ও প্রাণমানস, ভূতস্ক্রে-চেতনা ও ভূতস্ক্রে-মানস—একবার উদ্বৃদ্ধ এবং সদিয় হতে পারলে এরা এক সক্ষা ও বৃহত্তর সংবিতের উদার অন্তরিক দ্যান্ট করে, যা বিরাট ও বিশ্বোত্তীর্ণের মধ্যে যোগসাধনের সেতৃ হয়ে তাদের শক্তিকে নামিয়ে আনে আধারের সর্বত্য-অবমানসে, প্রাণ ও মনের অবচেতন প্রদেশে, এমন-কি দেহেরও অবচেতনায়। এতেই-যে আধার পূর্ণদীপ্ত হয়ে ওঠে, তা নয়। কিন্তু তব্ব এই শক্তির আবেশে অনাদি-অচিতির অন্ধকার থানিকটা শিথিল ও তরল হয়। উধর্ব হতে উৎসারিত চিৎশক্তির দীপ্তি জ্ঞান ও আনন্দ তখন হৃদয়-মনের স্থাম ও অনুক্ল পরিবেশকে ছাপিয়েও অনুবিশ্ধ এবং পরিব্যাপ্ত হয় আধারের সর্বত। সমগ্র প্রকৃতিকে আনর্থাশথ আবিষ্ট করে তাদের সিন্ধবীর্য প্রাণ ও দেহকেও পরিষিক্ত করে এবং প্রচন্ডতর অভিঘাতে অচিতির গহন ভিত্তি টলিয়ে দেয়। কিন্ত ভিতর হতে প্রাণময় ও মনোময় চেতনার এমনিতর পরিস্ফ্ররণেও আধারের পূর্ণ দীপনী সিম্ধ হয় **না।** এতে অবিদ্যার প্রভাব ক্ষরে হয়-ল্পু হয় না। অচিতির স্ক্ষ্যাতিস্ক্ষ্য অতি-গ্ঢ়ে বীর্য অভিহত ও প্রতিনিব্ত হয়—প্রশমিত হয় না। চিৎশক্তির যে-পরিস্পন্দ প্রাণময় ও মনোময় চেতনার এই বৃহত্তর আবেশকে আগ্রয় করে, তা উধর্বলোক হতে আনে আলো বল ও আনন্দের প্লাবন। কিল্তু তাতেও আধারের স্বর্থান চিন্ময় হয়ে উঠে না, অথবা অভিনব অভগচেতনার পূর্ণ শতদল বিকশিত হয়না। কিন্তু অন্তরেরও অন্তরে গ্রহাহিত হয়ে আছেন

যে-চৈতাপুরুষ, তিনি যদি সাধনযজ্ঞের পুরোহিত হন, তাহলে এই মনো-ময় ভাবনাকেও ছাপিয়ে আধারের গভীর হতে জাগে রুপান্তরের একটা আলোড়ন এবং তাতে চিংশক্তির অবতরণ সার্থকতর হয়। কেননা পৌরুষেয়-সত্তার সবর্থানি তথন চৈত্যপরে,ষের স্পর্শে সোনালী হয়ে ওঠে, আধারের দিগণ্গনে ফোটে তৈজস-র পাশ্তরের অর ণ আভাস এবং দেহ-প্রাণ-মনকে তা অবরভাগীয় অশৃ ন্থি ও বিকলতার কবল হতে নিম ্কু করে। এইসময়ে তীব্রতর শক্তিপাতের ফলে আধারে চিন্মর-মানস ও অধিমানসের উত্তরশক্তির প্লাবন নামতে পারে। ইতিমধ্যেই তাদের যে-অনুভাব আড়াল হতে শুধু সংগোপনে প্রেরণা জুগিয়েছে, তা-ই এখন পূর্ণ স্ফুর্রিত হয়ে আধারের কেন্দ্র-পিন্ডকে আপন ভূমিতে উৎক্ষিপ্ত করতে পারে। তথনই শুরু হয় প্রকৃতির অভিনব অভন্গরপায়ণের চরম সাধনা। অবশ্য মানুষের চিত্ত চিদাবিষ্ট হবার পার্বেও তার মধ্যে এইসব উত্তরশক্তির ক্রিয়া চলতে থাকে, কিন্তু তখন তাদের ব্যাপ্রিয়া হয় পরোক্ষ দিতমিত এবং খণ্ডিত। তারা মনোধাত এবং মনোবীযে রুপাদতরিত হয়েই আধারে নামে এবং তাদের আবেশে মনোব্তির মধ্যে একটা প্রভাদ্বর তীব্র বিচ্ছ্যুরণের পরিদ্পদ্দ সঞ্চারিত হয়—এমন-কি কখনও-কখনও চিত্ত সমাহিতও হয় উধর্বস্রোতা আনন্দের প্রবেগে। কিন্তু তাতে মনোধাতুর সত্যকার কোনও রূপান্তর ঘটে না। পরিপূর্ণ চিদাবেশের ফলে আধারের চিন্ময়-রূপান্তর যথন শ্রু হয়, তথন তার বিশিষ্ট লক্ষণ প্রকাশ পায—প্রাকৃত চিত্তব্তির নিরোধে, বিশ্বাত্মভাবনায়, বিশ্বাত্মার বোধে ক্ষদ্র অহং-এর পরিনির্বাণে এবং আত্যন্তিক ব্রহ্মসংস্পর্ণে। তখনই অনু-ভত হয় শক্তিপাতের তাঁব্রতম সংবেগ—আধারের কমলদল আরও সহজ আনলে উন্মালিত হয় উপরপানে। উত্তরশক্তির অবন্ধ্য বীর্ষ তথন আরও অপরোক্ষ ও পূর্ণতর প্রবেগে তার স্বধর্মকে আধারে স্ফুরিত করে। যতক্ষণ এই স্ফারন্তার প্রেতি সিন্ধির কোঠায় না পে**ণছ**য়, তত**ক্ষণ তার গতি** অপ্রতিহত হয়। এই দুর্ধর্ষ শক্তিসংবেগই চিন্ময়-র_ুপান্তরের মোড় ঘ্ররিষ্কে দেয় অতিমানস-রূপান্তরের দিকে, কেননা উত্তরায়ণের পথে চেতনার অন্তহীন উধর্বাভিযানই তো আধারে রচে অতিমানসভূমিতে উদয়নের সোপানমালা-যাদের উত্তরণই মান্বেরে চরম ও কৃচ্ছত্রতম প্রেষার্থ।

অথচ এই মোড়-ঘোরানোর ব্যাপারটা যে একই পরিবেশে কি একই নিয়মে ঘটে সবার মধ্যে, তা নয়। কেননা এবার আমরা পা দিয়েছি অনন্তের রাজ্যে—সেখানে সমস্তই নিয়তিকৃত নিয়মের বাইরে থেকেও ঋতচ্ছন্দের অনুগামী। কিন্তু এক অখন্ডসত্যের ভিত্তিতে যখন আনন্ত্যের বিভাবের প্রতিষ্ঠা, তখন উদয়নের যে-কোনও একটি ধারার সমীক্ষাতেই তার বহুখা-বৈচিত্যের মূলতত্ত্তি স্পন্ট হয়ে উঠবে। তাছাড়া একটিমার ধারার ক্সমীক্ষণের ভারই আমরা এখন হাতে নিতে পারি—এর বেশী নয়।...আর-সব ধারার মত আলোচ্যমান

ধারাটিও সোপানায়িত একটা পরম্পরা ধরে উঠে গেছে—যাতে অনেক বাধা থাকলেও কোথাও তাদের মধ্যে ফাঁক নাই। আমাদের প্রাকৃত-মনের ভূমি হতে উন্মনী ভূমি পর্যন্ত উত্তরবাহিনী চেতনার যে স্ফ্রেন্তবীর্যের জোয়ার ধরে মনের উধর্বায়ন চলতে পারে, তাকে মোটের উপর চারটি পর্বসামান্যে ভাগ করা যায়—যার প্রত্যেকটিতে ফুটেছে চিন্ময়ী মহাসিদ্ধির এক-একটি বিভাব। লোকোত্তরগামী চেতনার এই অধিরতে ভূমিগুলিকে যথাক্রমে বলা যেতে পারে —উত্তর-মানস, প্রভাস-মানস, বোধি-মানস, অধিমানস ও তদত্তর লোক। এমনি করে চলেছে আত্মরূপান্তরের একটা ঊধর্ব পরম্পরা, যার চরম শিখরে রয়েছে অতিমানস বা দিব্যবিজ্ঞান। এর প্রত্যেকটি ভূমি তত্তে এবং বীর্যে বিজ্ঞানময়। কেননা প্রথম ভূমিতেই আমরা অনুভব করি অনাদি আচিতিতে নির্চ যে-চেতনা এতদিন অবিদ্যা-সামান্য অথবা বিদ্যা-অবিদ্যার মিথ্ন-দীলায় আর্বার্তত হয়ে চলেছিল, আজ সে প্রতিষ্ঠিত হতে চলেছে অন্তর্গটে বিদ্যাশক্তির স্বয়স্ভূসন্তায়। তার জ্যোতিঃশক্তি চেতনাকে অনুভাবিত ও উজ্জীবিত করছে এবং চমে বিদ্যার সত্তে রূপান্তরিত হয়ে চেতনা বিদ্যা-শক্তিকেই তার সকল প্রবৃত্তির সাধন করছে। স্বরূপত প্রত্যেকটি ভূমি চিং-ম্বর্পেরই শক্তিধাতূর প্রম্তারে গাঁথা আছে। বিদ্যার সাধন ও বীর্য হিসাবে প্রত্যেকের বৈশিষ্ট্যকে আমরা বিভিন্ন নামে চিহ্নিত করেছি বলে একথা ভাবলে চলবে না যে, চিৎসত্তের এই প্রস্তারটি শুধু জ্ঞানের একটা করণ বা প্রকার, কিংবা প্রত্যয়ের একটা বৃত্তি কি শক্তি মাত্র। আসলে তার প্রত্যেকটি পর্ব শ্বন্ধসত্ত্বের এক-একটি ভূমি, চিৎসত্তার স্বর্পধাতু ও স্বর্পশক্তির এক-একটা থাক। তারা অবাহতব বিকল্প নয়—বিশ্ববাগিনী চিংশক্তির স্বরসবাহী উধ_র বিভাবনার এক-একটি স্তর তারা। প্রত্যেক স্তর হতে নিরঙ্কুশ শক্তি-পাতের ফলে, আমাদের মননের ধারাই যে শ্বেধ্ব পরিবতিতি হয় তা নয়— আমাদের সন্তা ও চেতনার সমস্ত স্থিতি ও বৃত্তি হতে শুরু করে তাদের মর্ম-কোষ পর্যন্ত সে-সম্পাতে অভিষিক্ত ও অনুবিশ্ধ হয়ে আধারে আনে যোগা-শ্নিময় রূপান্তর। অতএব এই উদয়নের প্রত্যেক পর্বে চলে এক মহন্তর ভূমির জ্যোতি ও শক্তির সত্তে আধারের—সমগ্র না হ'ক, সামান্য পরিণাম।

সর্বাহই ভূমির উচ্চাবচতা প্রধানত নির্ভার করে প্রব্রেষর শক্তিম্পাদের সত্ত্ব সামর্থ্য ও তাঁব্রতার তারতম্যের 'পরে। নীচের দিকে যত দ্রেমে আসি, ততই দেখি চেতনা ব্যামিশ্র ও স্তিমিত হরে পড়েছে, তার অমার্জিত স্থলতা নির্বিড় হরে অবিদ্যার উপাদানকে ঘনীভূত করেছে এবং সেই অনুপাতে বিদ্যার জ্যোতিরভিষেককে প্রতিহত করেছে। অবরভূমিতে চেতনার শাস্থ্যসত্ত্ব করিছে। অবরভূমিতে চেতনার শাস্থ্যসত্ত্ব করিছে তার জ্যাতিকে স্তিমিত এবং আনন্দের সামর্থ্যকে করে শীর্ণ ও দ্বর্লা। একটা-কিছ্ কর্তে গেলে চেতনা তখন নেমে যায় তার হত্বীর্য সত্ত্বের আরও নিবিড় স্থ্লতার মধ্যে

এবং প্রাণপণে তার অন্ধর্শাক্তিকে উল্বেল করতে চায়। কিন্ত **এই গলদ ঘর্ম** প্রাণপাতী প্রয়াসই স্চিত করে, তার বলকে নর—তার অর্শক্তিকে।...আবার উদয়নের পথে উত্তরোত্তর অন্তব করি ঋতচ্ছন্দ চিদ্ঘন সত্তের মহাবল বিচ্ছুরণ, চেতনার দীপ্ততর এবং বীর্যবত্তর সামর্থা, আনন্দের অতিসক্ষা শ্বন্ধ দিন্দ এবং উচ্ছলিত রসোদ্পার। উধ্বভিমির আবেশে এই বৃহত্তর জ্যোতি ও শক্তির, সত্তা ও চেতনার লোকোত্তর সত্ত্ব এবং আনন্দের বিপল বীর্য দেহে-প্রাণে-মনে অনুষিক্ত হয়ে তাদের দিত্মিত হতসার ও নিবীর্য ধাভুকে মাজিত ও আপ্যায়িত করে, এবং তাকে র্পান্তরিত করে আপন প্রাণোচ্ছল চিদ্বীর্যের দীপনীতে—তত্তভাবের অমোঘ আত্মর্পায়ণের সিম্ধ-বীর্মে। এ কিছুই অসম্ভব নয়, কেননা স্বর্পত বিশেবর সমস্তই একই সত্ত একই চৈতন্য ও একই শক্তির উপাদানে গড়া বিচিত্র রূপ ও বিভূতির প্রস্তার-মাত্র। তাই উত্তরভূমির দ্বারা অবরভূমির সমাহরণও একটা অসমভব ব্যাপাব নয়। আমাদের অপরা প্রকৃতিতে অচিতির বাধা না থাকলে, এই সমাহরণে ফ্টত চিন্ময় প্রগতির একটা স্বাভাবিক ছন্দ—কেননা এতে উত্তরভূমি হতে অবসূটে বীজের অধ্কুরকে আবার উৎক্ষিপ্ত ও পল্লবিত করে তোলা হয় ওই উত্তরশক্তিরই বৃহত্তর সতা ও সতের পরিবেশে।

মান্যী ব্রণিধ ও প্রাকৃত মানসের ভূমি হতে অর্যাধিত ধ্রুব উত্তরণের প্রথম পদক্ষেপ আমাদের নিয়ে যায় উত্তর-মানসের অধিত্যকায়। সেখানেও মন আছে, কিন্তু আলো-আঁধারির ব্যামিশ্রতায় সংকুল হয়ে নাই—আছে চিৎ-ন্বর্পের উদার দীপ্তিতে ঝলমল হয়ে। এক অদৈবতসন্তাই বহুধাবিস্ফুরণের বিপুল বীর্যে আপনাকে লীলায়িত করে চলেছেন জ্ঞানের বিচিত্র বিভৃতিতে, কর্মের বিচিত্র স্পলেদ, সম্ভূতির বিচিত্র অর্থ ও রূপের ব্যঞ্জনায়—এই মহাসত্তার অন্তরুগ বোধই হল উত্তর-মানসের মৌল উপাদান। অতএব উত্তরুমানস অধিমানসেরই বিভূতি, যদিও তার বীর্যের চরম উৎস হল অতিমানস—যাকে বলা চলে সমস্ত উত্তরশক্তির মহাগ্রুগাতী। উত্তরমানসের চিদ্বা**তি বিশেষ** করে স্ফরিত হয় দিবামননের আশ্রয়ে। তাই তাকে বলতে পারি আ**লো** ঝলমল ভার্বাচন্ত—চিন্ময় সামান্য-ভাবনাই যার বিশিষ্ট জ্ঞানবৃত্তি। মধ্যে আছে প্রথমজ তাদাত্মাবোধ হতে সঞ্জাত সর্ববিং-স্বভাবের ঐশ্বর্য। তাই তাদান্ত্যের মণিমঞ্জুষায় বিধ্ত বিভৃতিস্তোর সে বাহন হয় এবং তার ভাবনার সিম্ধবীর্য বিশ্বতোম, খী বিজয়িনী কল্পনার বিদ্যান্ময় রূপরেখায় সত্যের যে-ছবি আঁকে, বিজ্ঞানের স্বকৃৎ-শক্তিতে তখনই তা মূর্ত হয়ে উঠে। অব-রোহক্রমে দেখতে গেলে উত্তরমানসের এই বিশিষ্ট প্রতায়শক্তি হল অনাদি-চিন্ময় তাদাঘ্যভাবের অন্তাবিভৃতি—তার অব্যবহিত পরের পর্বেই হয় অবিদ্যার উৎসর পী বিভজ্যব তি খণ্ডজ্ঞানের উদ্মেয। তাই উত্তরারণের পথে, অবিদ্যা শাসিত জ্ঞানা-শক্তির চরমব্যহরপে-পাওয়া বৃক্তি-বৃশ্ধি ও সামান্য-

প্রতারের এলাকা ছাড়িয়ে যেতে, আমরা প্রথমেই ঢুকে পড়ি চিংসন্তার এই মহলটিতে। ভাবসামান্যের ধারণা হল আমাদের প্রাকৃত-মনের সর্বোত্তম সামর্থ্য এবং উত্তর-মানসই সে-সামর্থ্যের চিন্ময় উৎস। তাই অভ্যঙ্গত অধিকারের প্রত্যন্তসীমা পার হয়ে মন যে আপন উৎসম্লে ঝাঁপিয়ে পড়বে, এ তো অস্বাভাবিক নয়।

কিন্তু এই মহন্তর মননে প্রাকৃত-মনের এষণাব্তি বা তর্কব্যান্ধপ্রণোদিত সমীক্ষার তাগিদ নাই। পণ্টাবয়বের পরম্পরা ধরে নির্ণয়ে পেণ্টবার তাড়। তার নাই, নাই অবরোহ-অনুমানের ব্যক্ত কিংবা অব্যক্ত কোনও ব্যাপার— বিভিন্ন খণ্ডজ্ঞানের ব্রণ্ধিপূর্বক যোজনায় একটা জ্ঞানসামান্য বা চরমসিম্বান্ত দাঁড করাবারও কোনও প্রয়াস নাই। এসমস্তই হল প্রাকৃত-বৃদ্ধির পঞা চলনের নিদর্শন। অবিদ্যার ভূমিতে থেকে সে বিদ্যার সন্ধান করছে,—তাই পদে-পদে তাকে প্রমাদ বাঁচিয়ে চলতে হয়, মনের নির্বাচনী ব্রত্তি দিয়ে গড়া তত্ত্বের ইমারতকে তার দু, দৈন্ডের আশ্রয় করতে হয়। সমত্বে সংগ্রেহীত প্রাক্তন তথ্যের ভিত্তিতে সে-ইমারতকে দাঁড করিয়েও সে নিঃশুর্ক হতে পারে না. কেননা তার তথ্যসংগ্রহের মূলে অপরোক্ষ-সংবিতের অট্রট সমর্থন নাই— আছে শুধু অনাদি অবিদ্যার শিথিল সৈকতশ্য্যা! প্রাকৃত-মনের চরমোৎক্ষে দেখা দেয় একধরনের হঠাৎ-পাওয়া দিব্যচক্ষ্য বা অন্তর্দ ভিটর ঝলকানি। তখন কোনও দ্বর্বোধ কারণে উদ্দীপ্ত-ব্রান্ধর বিদ্যাৎ সাহসা অ-জানা ও অনতি-জানার বকে বিশ্ব হয়। কিন্তু এমনতর হঠাৎ-আলোর ঝলকানিও উত্তর-মানসের দ্বভাবধর্ম নয়। তার মধ্যে নিহিত রয়েছে যে দ্বয়ন্ড স্ববিদ্যায় বীজ, তাকেই সে রূপায়িত করে সম্যক্-দূর্ণির একটি বিশিষ্ট বিভাবনার ভিতর দিয়ে, তার বিচিত্র অর্থের সোষম্যকেই দিব্য-মননের আকারে ফুটিয়ে তোলে। এই তার জ্ঞানব্তির সহজ ঐশ্বর্য। বিশিষ্ট জ্ঞানব্তির মাধ্যমে নিজেকে স্ফারিত করা তার পক্ষে যদিও অসম্ভব নয়, তব্ভ তার নিজস্ব বৈশিষ্ট্য প্রকাশ পায় পঞ্জেভাবনার মঞ্জরীতে—একটি দ্র্ণিটক্ষেপে সমগ্র বা সমূহ সত্যের অখন্ড দশনে। সে-দশনে তর্কবৃদ্ধির সূত্র দিয়ে ভাবের সঙ্গে ভাবের কিংবা সত্যের সঙ্গে সত্যের মালা গাঁথতে হয় না. কেননা তাদের প্রাক-সিশ্ধ অন্যোন্যসম্বন্ধ সেখানে অভ্যগ-সন্তার স্বান্ত্ব হতেই ফুটে ওঠে বৈচিত্তোর বিকীর্ণতায়। এ যেন নিত্যাসন্ধ সংবিংই দিবামননের, সহায়ে অর্প ২তে নেমে এল র্পের ভূমিকায়—অতএব হেতৃ ও উপনয় হতে নিগ-মনে পেণছবার রীতি তার নয়। উত্তর-মানসের মনন অনন্ত প্রজ্ঞারই স্বতঃ-প্রকাশ—লোকায়ত অর্জিত জ্ঞান নয়। সত্যের যে-উদারলোক তার দ্রন্টিতে ভেসে ওঠে, উত্তরপথিক মন ইচ্ছা হলে তার মধ্যে আগের মত ঘর বেধে পরম তপ্তিতে বাস করতে পারে। কিন্তু প্রগতির সাধনা অব্যাহত রাখতে হলে কোখাও বিশ্রাম করা তো চলবে না। দুন্টির নিরন্তর প্রসারে সত্যের পরিধিও

যেমন বাড়বে, তেমনি তার বহু খণ্ডরাজ্যের সমাহারে গড়ে উঠবে এক অখণ্ড মহাসাম্রাজ্যের আপাতবৈপ্ল্য—যাকে গণ্য করতে হবে সাধ্যমান চরম অখণ্ডভাবনার সোপানর্পে। পরিশেষে হয়তো দেখা দেবে বিজ্ঞাত এবং অনুভূত সত্যের এক অকলপনীয় মহাসমণ্টি, কিন্তু তবুও তার অবারিত সম্প্রসারণের সীমা থাকবে না কোথাও—কেননা জ্ঞানের বিচিত্র বিভূতির শেষ পরিধি তো নাই, 'নাম্ত্যুক্তা বিস্তুরস্য মে'।

উত্তর-মানসের এই হল প্রতায়ের বা জ্ঞানের দিক। এছাডাও তার আছে একটা সঙ্কল্পের দিক, কবিক্রতুর একটা সিম্ধ প্রবর্তনার দিক। সঙকলপসিদ্ধির সাধন হল মনন-শক্তি বা ভাবনার বীর্য। তা-ই দিয়ে তার বৃহত্তর দীপ্তিকে সে আধারের মধ্যে সংক্রামিত করে—প্রাকৃত চিত্তের সংকল্প. হ্দয়ের বেদনা, প্রাণ ও শরীর সবাইকে অভিষিক্ত করে। আধারকে সে জ্ঞান দিয়ে মার্জিত ও সংস্কারম**ু**ক্ত করতে চায়—নতুন করে তাকে গড়ে তুলতে চায় তার সহজবীর্যে। উত্তর-মানসই ভাবের বীজকে আহিত করে হুদয়ে কি জীবনে—ইন্টমন্ত্রের বীর্য ও প্রেরণারপে। নতুন ভাবের চেতনা সমিন্ধ হয়ে ওঠে যখন, তার স্ফুরদূবীর্য তখন অভিনবের সাড়া জাগায় আধারের মধ্যে। তারপর ওই ভাবের অনুকলে ঘটে হাদয় ও জীবনের সাত্তিক-পরিণাম। অর্থাৎ হ্দয়ের বেদনা ও জীবনের প্রবৃত্তি হয় উত্তর-মানসেরই দিবাপ্রজ্ঞার পরিস্পন্দ এবং তার বীর্ষে জারিত, তার আবেগ ও সংবেদনে পরিপ্লত। এর্মান করে মনের সংকল্প ও প্রাণের সংবেগেও সঞ্চারিত হয় দিব্যভাবনার বীর্য—তার স্বতঃ-পরিণামের অবন্ধ্য প্রেতি। এমন-কি সাধকের দেহধর্মাও ভাবের অন্-প্রাণনার অনুগামী হয়। অর্থাৎ যেমন, স্বাস্থোর বীর্যময় ভাবনা ও সঙ্কল্প-দ্বারা তার দেহচেতনা রোগের অভিমান ও স্বীকৃতিকে পর্যনুদস্ত করতে পারে, বলের ভাবনা* নিয়ে আসতে পারে বলের সত্ত বীর্য প্রবেগ ও পরিস্পন্দ। এমনি করে ভাবের সাধনা হতেই হয় তার অনুরূপ রূপ ও বীর্যের সিম্পি এবং তা দেহ-প্রাণ-মনের ধাতকে প্রসাদযুক্ত করে। উত্তর-মানসের অনুভাবের এই হল ভূমিকা। এক অভিনব চেতনার সমিন্ধনে সমগ্র আধারে সে গড়ে গোত্রান্তরের বনিয়াদ—তাকে তৈরি করে জীবনের উত্তর-সত্যের বাহনরূপে।

উত্তর-শক্তির দুর্ধর্ষ সংবেগ আধারে যখন প্রথম অন্ভূত হয়, তখন তাকে সহজেই ভূল বোঝবার সম্ভাবনা আছে, তাই একটি কথা এখানে বলে রাখা ভাল। শক্তিপাতের বীর্ষ প্রথমেই অপ্রতিহত সামর্থ্য নিয়ে আধারে কাজ করতে পারে না—বেমন সে পারে স্বধামে থেকে নিজের স্বাভাবিক মাধ্যমের ভিতর দিয়ে। জড়-পরিগামের স্টে উত্তরশক্তিদেরী কাজ করতে হয় একটা অপকৃষ্ট এবং বিজ্ঞাতীয় মাধ্যমকে আগ্রয় করে। তাই দেহ-প্রাণ-মনের অশক্তি

^{*} চিংশক্তির ম্বারা পর্টিভ এবং জারিত হঙ্গে ভাবের বাঞ্চক শব্দের মধ্যেও এই বীর্ষেক্ত আবির্ভাব হতে পারে। এদেশের মন্দ্রসাধনার তত্ত্বও তা-ই।

অবিদ্যার আড়ন্টতা ও অন্ধ বিদ্রোহ, অচিতির মূঢ় প্রতিষেধ ও ব্যাঘাতের প্রতিকলেতার পদে-পদে তারা ব্যাহত হয়। স্বধামে তাদের কর্মের পতিকা ছিল জ্যোতির্মায় চেতনা ও ধাতৃপ্রসাদের 'পরে, তাদের ক্রিয়াবিপাকও তাই প্রতঃসিম্ধ ছিল। কিন্তু এখানে তাদের লড়তে হয় অবিদ্যাতামসের নির্চ প্রাক্তন সংস্কারের সংখ্যা—সে-ত্যিস্তা শাধ্য জড়ের অন্ধর্তমিস্তা নয়, হাদয়-প্রাণ-মনেরও অনাতদীপ্ত তমিস্লা। অতএব স্মার্জিত মানস-ব্রাধ্যতেও সিদ্ধ-ভাবের অবতরণ হয় যখন, তখন তাকে চলতে হয় বিদ্যা-অবিদ্যার স্ক্রিবন্যস্ত বা অবিন্যাসত বন্ধসংস্কারের জঞ্জাল ঠেলে—যারা আত্মসম্পূর্তি ও জিজীবিয়ার দাবিকে কিছুতেই ছাড়তে চায় না। এ-কিছু আশ্চয় ও নয়। কেননা ভাব-মাত্রেই শক্তিস্বরূপ বলে তাদের মধ্যে রূপায়ণ বা স্বতঃ-পরিণামের একটা সহজ ব্**তি আছে**—যার তারতমা নির্ভার করে পরিবেশের 'পরে । অচেতন জডকে নিয়ে তাদের কারবার যখন, তখন হয়তো এই রূপায়ণী ব্যক্তির সামর্থ্যের অঞ্চ হয় **শ্না**—তব**্** তার স্বর্পযোগ্যতাকে অস্বীকার করা চলে না। অতএব আধারে একটা প্রতিঘাতের শক্তি উদ্যত হয়েই আছে—যা জ্যোতির অবভরণকে ব্যাহত কিংবা ঊনীকৃত করবে। কখনও সে চায় জ্যোতিঃশক্তির নিরাকৃতি ব। নিরসন, কখনও তাকে ক্ষাধ্র ও নিজিতি করতে চায়-কখনও-বা কদর্থনা ও বিকারের সক্ষা ছলনা দিয়ে তাকে নিয়োজিত করতে চায় অবিদ্যার পরারুত কল্পনার সাধনার। এইসব প্রাকৃত বা প্রাক্তন সংস্কারকে ঝে'টিয়ে বিদায় করতে চাইলেও তারা বিদায় হয় না। আধার হতে তাড়িয়ে দিলে আবার তারা ফিরে আসে বাইরে থেকে—বিশ্বমনের আডত থেকে। কিংবা সাময়িক-ভাবে প্রাণ ও শরীরের অবরচেতনায় কি আধারের অবচেতনায় তলিয়ে গিঞ ্বতাধিকার ফিরে পেতে আবার যে-কোনও সুযোগে ভেসে ওঠে। এতে প্রকৃতিরও সায় আছে। কেননা একবার যার প্রাণপ্রতিষ্ঠা করেছে, তার টিকে থাকবার দাবিকে সে ঠেকাতে চায় না—তার আত্মপরিণামের প্রত্যেকটি ধাপকে নিরেট এবং পোক্ত করবে বলেই। তাছাড়া শক্তির যে-কোনও বিভূতির যেখানে-খাশ যথন-খাশ নিজেকে ফাটিয়ে ও জিইয়ে রেখে সার্থক করে তোলবার একটা স্বাভাবিক দাবি আছে। তাই অবিদ্যার জগতে দেখি সবার মলে আছে শক্তির জটিল সমাবেশই নয়—আছে সংঘাত সংঘর্ষ ও সংমিশ্রণ। কিন্তু প্রকৃতিপরিণামের এই উত্তরপর্বে বিদ্যা-অবিদ্যার মিশ্রণকে সম্পূর্ণ উৎ-খাত করতে হবে। এতদিন যেখানে ছিল শক্তির সংঘর্ষজনিত পরিণাম সেখানে আনতে হবে শক্তির সৌষম্যজনিত পরিণাম। আবার তার জন্যে বিদ্যা আর অবিদ্যার একটা চরম সংঘর্ষ ঘটবে—উধার প্রাক্কালে আলো-আঁধারের শেষ লড়ারের মত। আধারের অবরভাগে, হৃদয়ে প্রাণে ও দেহে এ-সংঘর্ষ ফিরে দেখা দের আরও তুমুল হয়ে। কেননা এখানে বাধা কেবল ভাবেরই নয়— বাধা অপরা প্রকৃতির নানা বাসনা বেদনা প্রবৃত্তি ইন্দ্রিয়সংবিং প্রাণের

ব্রভুক্ষা ও চিরাচরিত অভ্যাসের। ভাবের আলোক পার না বলেই আরও অন্ধ-ভাবে এরা সাড়া দেয়—এদের আত্মপ্রতিষ্ঠার জিদকে দাবামো আরও কঠিন। এদের লড়াই করবার বা বারবার ফিরে আসবার ক্ষমতা মানস-সংস্কারেরই মত—বরং আরও বেশী। তাড়া খেয়ে এরা পরিচেতন বিশ্বপ্রকৃতির অন্দর-মহলে বা আমাদের আধারের অবরভাগে কি অবরচেতনার গর্ভাশয়ে পালিয়ে যায় এবং সেখান থেকে ভেসে উঠে যখন-তখন উৎপাত শুরু করে। এই-ষে প্রকৃতির কায়েমী শক্তির অনুবৃত্তি আবৃত্তি এবং ব্যাঘাত, তার দৃষ্ণের প্রতিক,লতাকে পরিণামশক্তি বাধ্য হয়েই ঠেলে চলে—যদিও এ তার আপন হাতে গড়া জিনিস। রূপান্তরাসিদ্ধ প্রকৃতির লক্ষ্য হলেও হঠাং-সিদ্ধি সে চায় না। তাই এমনতর তির্যকভাগতে তার অফ্রন্ত প্রাণেশ্বর্যের প্রকাশ। সতেরাং উদয়নের প্রত্যেক পর্বে বাধা থাকবেই. যদিও ক্রমে তার জোর হয়তো কমে আসবে। আধারে উত্তরজ্যোতির আবেশ ও ক্রিয়াকে অব্যাহত করবার জন্য চাই শমথ বা প্রকৃতি-প্রশমের সাধনা—যাতে ইচ্ছামাত্র দেহ-প্রাণ-মন-হ,দয়কে অনু দিবন্দ প্রশান্ত ও নিষ্ক্রিয় করা যেতে পারে, এমন-কি অক্ষোভ্য অশব্দের গহনে তাদের তলিয়ে দেওয়া চলে। কিন্তু তাতেও অবিদ্যার বীর্য সম্পূর্ণ পরাভূত হয় না। সবসময়ে একটা উদ্যত বাধা কখনও স্পণ্ট অনু-ভূত হয় বিশ্বগত-অবিদ্যার শক্তিম্পদেদ, কখনও-বা তার অধিচেতন বা অব্যক্ত কম্পন ধরা পড়ে ব্যাষ্ট আধারের সত্ত্ববীর্যে—সাধকের মনের গড়নে, প্রাণনের ধরনে জড়ের বিগ্রহে। অবিদ্যা-প্রকৃতির সংযমিত বা অবদমিত শক্তির একটা দুর্লক্ষ্য প্রতিকলেতা কিংবা একটা প্রকাশ্য বিদ্রোহ ও আত্মপ্রতিষ্ঠার পুনঃ-প্রয়াস যে-কোনও সময়ে সাধককে বিপর্যস্ত করতে পারে এবং আধারের কারও গোপন ইশারা পেলে আবার তারা হাতরাজ্য জ্বড়ে কাতেও পারে। এই-জন্যই পূর্ব হতে চৈত্যসন্তার ঈশনাকে প্রবৃন্ধ রাখা একান্ত আবশ্যক—কেননা তাতে আধারের সর্বার জাগে উত্তরজ্যোতির দিকে সহজ একটা উন্ম্রখীনতা এবং জ্যোতিঃশক্তির বিরুদ্ধে অবরভাগের যে-বিদ্রোহ বা অবিদ্যার প্ররোচনার প্রতি তার যে-পক্ষপাত, তা আর মাথা তুলতে পারে না। চিন্ময়র পোন্তরের উপদ্রমেও অবিদ্যার বন্ধন শিথিল হয়। কিন্তু চৈত্য বা চিন্ময় কোনও অন্-ভাবের স্চনামাত্র আধারের বাধা ও সঙ্কোচের ম্লোচ্ছেদ করতে পারে না-কেননা গোতান্তরের এই প্রাথমিক সিন্ধিই সাধকের মধ্যে সম্যক-চেতনা বা সমাক্-সম্পোধ প্রতিষ্ঠার পক্ষে প্রয়াপ্ত নয়। এত করেও অচিতিস,লভ অবিদ্যাতামসের আদিবীজটি আধারে থেকেই যায়। স্কুতরাং তার পরিসর ও ক্রিয়াশক্তিকে থর্ব ক'রে প্রতিমৃহ্তে তাকে শ্রেয়তিম'র করে তোলবার প্রযন্তকেও কথনও শিথিল করা চলে না। চিন্ময় উত্তর-মানস এবং তার ভাব-বীর্য দিব্যভাবনার অগ্রদূত হলেও অবিদ্যার সকল বা্ধা দূর করে বিজ্ঞানঘন সত্তকে স্বাঘ্টি করতে পারে না, কেননা প্রাকৃত-মনের ভূমিতে নেমে আসতে

শ্বভাবত**ই তার শক্তির থর্বতা ও বিকার ঘটে। কিন্তু** তাহলেও উত্তর-মানসই গোত্রান্তরের প্রথম সোপান রচনা করে এবং সাধকের উত্তরণ ও উত্তরশক্তির অবতরণকে সহজ্পাধ্য করে চেতনা ও বিজ্ঞানের বিপ্লেতর বীর্যে সে-ই আধারের সহস্রদল পূর্ণতার স্পণ্টতর সূচনা আনে।

এই বিপলেতর বার্য আছে প্রভাস-মানসের—যা দিবামননেরও ওপারে, চিন্ময় জ্যোতিই যার স্বর্পধাত। উত্তর-মানসে চিন্ময়ী ব্রন্থির থে-স্বচ্ছতা যে প্রশান্ত সৌরদীপ্তি ছিল, এখানে তার জায়গায় কি তাকে ছাপিয়ে ফোটে চিজ জ্যোতির তীরচ্ছটা—তার প্রভাস্বর মহিমার ঝলমল ঐশ্বর্য। চিম্ময় সতা ও শক্তির স্ফারন্ত বিদ্যালাম উধর্বলোক হতে ভেঙে পড়ে চেতনার গ্রহনে-উত্তর-মানসের চিন্ময় সামান্যভাবনার সহজাত অনুদেবল জ্যোতিম'য় বিশাল প্রশান্তিকে করে বিজ্ঞানময় অনুভবের লেলিহান বহিশিখায় ও লোকোত্তর আন্দের অমেয় উচ্ছনালে তডিন্ময়। সেইসংগে আধারে অন্তর্দাশ্য জ্যোতিঃ সম্পাতের বিপল্ল প্লাবন নামে। এখানে মনে রাখতে হবে, আলোককে আমরা সাধারণত যা ভাবি, তা সে নয়। অর্থাৎ আলোক জড়স্ভিট নয়, কিংবা প্রভা-দ্বর চিত্তের জ্যোতিমায় অনুভব ও দশান একটা প্রত্যক্রব্ত কল্পছবি কি প্রতীকী প্রতিভাস মাত্র নয়। আলোক বস্তুত ভাগবত সন্তার চিন্ময়ী বিভূতি —প্রকাশ ও স্থিট দ্বইই তার ধর্ম। জড় আলোক ওই চিন্ময় আলোকের প্রবে ছায়া বা পরিণাম মাত্র—জড়শক্তির প্রয়োজনে তার স্থি। এই জ্যোতিঃ সম্পাতের সঞ্জে দেখা দেয় অন্তর্গতে মহাশক্তির একটা দুর্বার ফত্রবতা, একটা হিরণ্য-জ্যোতির্ময় ঈশনা একটা প্রভাস্বর দিব্যোন্মাদ, যা উত্তর-মানসের মনন-মন্থর রূপায়ণের স্থানে ক্ষিপ্র রূপান্তরের দ্রুতবিসপী সংবেগ আনে--কখনও জোয়ারের মত, কখনও-বা ক্লভাঙা প্লাবনের মত।

প্রভাস-মানসের মৃখ্য সাধন হল দর্শন—মনন নয়। মনন এথানে দর্শনের ব্যঞ্জনাবহ একটা গৌণবৃত্তি মাত্র। মননই প্রাকৃত-মনের প্রধান সম্বল—তাই মানুষ মনে করে মনন বৃথি জ্ঞানের সর্বোত্তম মুখ্যসাধন। কিল্টু চিজ্জাতে মননের ব্যাপার গৌণ—অপরিহার্য নয়। ব্যাবহারিক জগতের বাঙার মননকে বলতে পারি অবিদ্যার কাছে বিদ্যার যেন একটা রেয়াত। কেননা সত্যের বিপ্লে ব্যঞ্জনাকে অবিদ্যা আর-কোনও উপায়ে নিজের কাছে স্কাম ও প্রাঞ্জল করতে পারে না—অর্থবহ শব্দের স্কুপণ্ট সঙ্গত ছাড়া।, একমাত্র ভাষার কোশলে ভাবের ব্যঞ্জনা তার কাছে স্বাঞ্জ রেখার টানে অর্থবান বিগ্রহের আকারে ফোটে। কিল্টু স্পণ্টই দেখছি, ভাষা অবিদ্যার একটা উপায়কৌশল মাত্র। মননের নির্পাধিক রূপ ফোটে চেতনার উর্থবিলাকে বস্তু বা বস্তু-সত্যের অব্যবহিত প্রত্যয়ে—যা চিন্ময়-দর্শনের একটা বীর্ষশালী অ্বচ অব্যন্তর গোণ পরিণাম। সত্যদর্শন আত্মবস্তুরই অথন্ডদর্শন। বিষয় সেখানে বিষয়ীর বিভৃতিবিস্তর মাত্র, অতএব সর্বত্ত সে-দর্শন অন্তেব্বর্যাসত।

কিন্তু মননের দর্শনে প্রমাতার দৃষ্টি অপেক্ষাকৃত বহিম খী এবং আত্মার বিভূতি-বৈচিন্ত্যের ভেদগ্রহী। এই ভেদগ্রহ প্রাকৃত-মননে আরিও সপন্ট। দৃষ্ট বা আবিন্ধৃত কোনও বস্তু তথ্য কি তত্ত্বের সন্নিকর্ষে মনের সদরমহলে যে প্রত্যক্ষের সাড়া জাগে, অন্তঃকরণ দিয়ে তাকেই সে ভাবনায় র্পায়িত করে। কিন্তু চিন্ময়-দর্শনে বস্তুসত্যের সংবেদন জাগে একেবারে চেতনাধাতুর মর্মা থতে এবং সেইখানে সম্ভূতিসংবিতের প্রেরণায় তার সত্য র্পায়ণ ঘটে—প্রমাতার চিৎসত্ত্বে ফোটে প্রমেয়ের চিদ্ঘন ভাববিগ্রহ। স্কৃতরাং মনন-জ্ঞানকে সম্পূর্ণ ও নিখ্তুত করবার জন্য সেখানে বাঙ্কায় বা মনোময় বিগ্রহ রচনা করবার প্রয়েজনই হয় না। মনন সত্যের আভাস-বিগ্রহ রচনা করে। তাকেই সে প্রাকৃত-মনের কাছে সত্যের গ্রহণ ও প্রমিতির সাধনর্পে হাজির করে। কিন্তু প্রভাস-মানসের দিবাদর্শনের সৌরকরে ঝলসে ওঠে সত্যের স্বর্পবিগ্রহের সত্যভাতি। কাজেই মননের রচিত আভাস-বিগ্রহ তার তুলনায় জন্য এবং গোণ—বিদ্যাসম্প্রদানের দিক দিয়ে তার একটা গভীর সার্থকতা থাকলেও বিদ্যার গ্রহণ বা ধারণার জন্য তা অপরিহার্য নয়।

খ্যায়র চেতনায় আছে দর্শনের সংবেগ, সূতরাং মনস্বীর চেতনার চাইতে বিদ্যাধারণে যোগ্যতা তার বেশী। অন্তর্দ ভিতর প্রত্যক্ষণক্তি মননের প্রত্যক্ষ শক্তির চাইতে ব্যাপক এবং অব্যবহিত। তাকে বলতে পারি চিন্ময় ইন্দ্রিয়-বিশেষ, যা দিয়ে সত্যের ধাতুকে বা সত্তকে ধরা যায়—শাুধা তার আকৃতিকে নয়। আবার সে-দর্শন সত্যের আকৃতিকেও রেখায়িত করে এবং সেইসংগ তার ব্যঞ্জনাকে পরিস্ফুট করে তোলে। সত্যদর্শনে সত্যের রূপরেখা ফোটে স্ক্রা এবং স্পষ্টতর হয়ে, তার ব্যাপ্তি এবং সমগ্রতার ভাবনা আরও বৃহৎ হয় —শ্বধ্ব মনন-কম্পনায় যা কখনও সম্ভব হত না। উত্তর-মানস আধারে চেতনার ব্যাপ্তি ঘটায় চিন্ময় ভাবনার সিন্ধবীর্য দিয়ে। প্রভাস-মানস ঋত-৮ক্ষা ও ঋতজ্যোতির চিন্ময় গ্রাহকশক্তির উল্বোধনে চেতনার সীমাকে আরও সম্প্রসারিত করে। তাই তার আবেশে প্রবৃষ্ধ আধারের সমাহরণী বৃত্তির বীর্য ও সংবেগও তীক্ষাতর হয়। অপরোক্ষ অন্তদ্রণ্টি এবং প্রেরণার দীপ্তিতে মনন-চিত্তকে সে উম্ভাসিত করে, হ্রদয়কে দেয় দিব্যক্তক্ষ্র সম্পদ—তার আবেগ ও বেদনায় দিব্যজ্যোতি ও দিব্যশক্তির ধারাসার আনে, প্রাণশক্তিতে সঞ্চারিত করে চিন্ময় প্রেতি ও সত্যান,ভূতির সংবেগ—যা কর্মকে করে বিদ্যান্ময়, জীবনকে করে উধর্বস্রোতা। এমন-কি ইন্দ্রিয়সংবিতেও সে চিন্মর ইন্দ্রিয়-চেতনার অপরোক্ষ অখণ্ডবীর্য ঢালে, যাতে আমাদের প্রাণময় ও অন্নময় সন্তা ঘটে-ঘটে রহ্ম-সংস্পর্শের অব্যবহিত সামর্থো আপ্রেরন্ত হয়। সে-সংস্পর্শে থাকে হ্দয়-মনের দিব্য ভাবনা-চেতনা-বেদনারই মত প্রত্যক্ষান্ভবের তীরতা। প্রভাস-মানসের হিরণাবর্তনি জ্যোতির অতিঘাতে প্রাক্ত-মনের সকল সংক্ষাচ ও স্থিতিধমী অসাড়তা ভেঙে পড়ে, তার সংশয়াছল মননশস্তির সম্কীর্ণভার

আসে দিব্যদর্শনের প্রম্নত্তি—এমন-কি দেহেরও অদ্তে-অণ্তে বিচ্ছারিত হয় দিব্যচেতনার দীপ্তি। উত্তর-মানস যে-র্পান্তর আনে, তাতে অধ্যাত্মযোগী ও মনস্বী সাধক জীবনের প্রশক্তন ও প্রাণোচ্ছল সার্থকতা খ্জৈ পান। কিন্তু প্রভাস-মানসের স্ভা র্পান্তরে অন্র্প সিদিধ আসে ঋষি ও দীপ্তচেতন ভাবকের সাধনার। অপরোক্ষান্ভব দিব্যদর্শন ও অপরোক্ষসংবিৎ এপের অধ্যাত্মসম্পদ। প্রভাস-মানসের জ্যোতির্লোকে তার অক্ষয় ভাশ্ভার নিহিত আছে। অতএব ওই দিব্য-ভূমির অধিবাসী হওয়াতেই তাঁদের স্বারাজ্যের সাধনা সিশ্ধ হয়।

কিন্তু উদয়নের এ-দুটি পর্বের বীর্য নিহিত রয়েছে তৃতীয় আরেকটি ভূমিতে—যেখানে তাদের যুগনন্ধ আত্মসম্পর্তির মহিমা উল্জান হয়ে উঠেছে। বোধিসন্তার তৃৎগতর ভূমিতে বিজ্ঞানের যে-স্বয়ংজ্যোতি আছে, তাকেই তারা মনন ও দর্শনের আকারে আধারে নামিয়ে এনে মনকে দেয় প্রশ্মণির সোনার ছোঁয়া। প্রেই বলোছ, বোধি চিংশক্তির সেই অন্তর্গ্গ বিভতি, যা প্রথমজ তাদাস্মাজ্ঞানের আসন্নচর—কেননা গ্রহাহিত তাদাস্মোর বিচ্ছ্রণই সবসময় বোধির দীপ্তি হয়ে চমক হানে। বিষয়িচেতনা যখন বিষয়চেতনায় অনুপ্রবিষ্ট ও অন্বিদ্ধ হয়ে তার তত্ত্বপের আমর্শনে স্পন্দিত হয়, তখন উভরের সেই অলোকিক-সন্নিকর্ষ হতেই বিদ্যান্দামের মত ফর্যারত হয় বাোধর চেতনা। অথবা অলোকিক-সন্নিকষের অভাবেও, চেতনা যখন আত্মসমাহিত হয়ে অপরোক্ষ অন্তর্গ্য অনুভব দিয়ে সত্যের বা সত্যব্যুহের সত্যরূপ জানে, কিংবা প্রতিভাসের অন্তরালে অন্তর্গান্ত শক্তিকটের নিবিড় স্পর্শ পায়, তখনও চেতনায় বোধির বৈদ্যাতী ঝিলিক হানে। আবার চেতনা যখন পরাংপর-তত্ত্বের সংখ্য যোগযুক্ত হয় এবং তাইতে লোকোত্তর স্পর্শযোগের নিবিড রসে জারিত হয়—তখন তার গভীর গহনে অন্তর্গা বোধিজ-প্রতাক্ষ জনলে ওঠে স্ফুলিঙ্গের মত, বিদ্যাৎ-চমকের মত, কি লেলিহান শিখার মত। অনুভবের এই অপরোক্ষতা কিন্ত দর্শন বা সামান্য-প্রতায়ের চাইতেও রসঘন। মর্মাবগাহী স্পর্শযোগের প্রদ্যোতনা হতে তার আবির্ভাব—দর্শন ও সামান্যপ্রতায় তার অংগীভূত ম্বাভাবিক পরিণাম মাত্র। তাদাত্মাবোধ এর মধ্যে গপ্তে বা সপ্তে হয়ে আছে— এখনও নিজেকে সে খুজে পার্য়ান। অথচ এই ব্যোধরই সহায়ে সে স্মরণ ও ক্ষেপণ করে তার মমনিহিত বস্তুর আত্মন্বরূপে দর্শন ও অনুভবের নিবিড-তাকে, তার সত্যের দীপ্তিকে, তার স্বতঃসিন্ধ নৈশ্চিতাের অমোঘ বীর্যকে।

প্রাকৃত-মনেও বােধির সহায়ে এমনিতর স্বর্পসত্যের স্মরণ ও ক্ষেপণ চলে। কখনও অবিদ্যার পর্বিশ্বত আধারে, কখনও-বা অজ্ঞানের যবনিকাকে বিদীর্ণ করে বােধির সন্দীপনী সত্যের ঝলক হানে। কিন্তু প্রেই বলেছি, মানস-সংস্কারের মিশ্রণে ও প্রলেপে সেখানে তার বাঁষ ব্যাহত বা পরাবতিতি হয়। ভাছাড়া বােধির ইপানাকে ভুল বােঝবার সম্ভাবনা আছে বলেও অনেকসময়

তার কিয়া ব্যামিশ্র এবং খণ্ডিত হয়। আবার চেতনার প্রত্যেক স্তরে আছে তথাক্থিত বোধির বাহানা-বোধির সহজ্বদর্শন না বলে যাঁদের বলতে পারি অনুভবের অবান্তর বিক্ষেপ। তাদের নিদান স্বভাব ও সার্থ কতারও অফুরুন্ত বৈচিত্র্য আছে। তথাকথিত অ-বোধ ভাবকের যুক্তিহীন চিত্তে এইসব বিক্ষেপ প্রায়ই অন্ধকারের শৃত্তিক গ্রেশিয়ন হতে প্রাণোচ্ছ্রাসের তামস আক্তির্পে হানা দেয়। বস্তৃত ভাবক হতে গেলে বিচারব_িদ্ধকে কুলার বাতাসে উড়িয়ে দিয়ে, যার তত্ত্ত জানি না এমন দৈবী প্রেরণাকে ভাব ও কর্মের দিশারী করলেই চলে না।...এইজনাই আমাদের যুক্তির 'পরে নির্ভর করবার ঝোঁক হয়। তাইতে ভ্রোদশী বিবেকী বৃদ্ধির সমীক্ষা দিয়ে আমরা বোধির ইশারাকে শাসন করতে চাই—যদিও অধিকাংশ ক্ষেত্রে আমাদের বোধি একটা ছম্ম বোধি-মাত্র। যাকে বোধি বলছি, তার মধ্যে কতটুকু খাঁটি কতটুকুই-বা ভেজাল কি মেকী, তা নিয়ে একটা সংশয় আমাদের বৃদ্ধিতে উদাত হয়েই থাকে। কিন্ত বোধির সার্থকতা এতে অনেকখানি কমে যায়। এক্ষেত্রে যুক্তিবুদ্ধির বিচারকেও নির্ভারযোগ্য ভাবতে পারি না-কেননা সে-বিচারের ধারা যেমন আলাদা, তেমান তার এষণায় চরম ও নিশ্চিত প্রাপ্তির আশ্বাস নাই। অথচ বোধির দর্শনকে স্বীকার না করে নিশ্চিত প্রাপ্তির পথে বৃদ্ধির এক-পা চলবারও উপায় নাই। প্রচ্ছন্ন বোধির 'পরে তার সকল সিম্পান্তের একান্ড নির্ভার হলেও বোধির এই ঋণকে বৃদ্ধি গোপন করতে চায় যুক্তিসিন্ধ নিণায় বা দক্রিশ্ব অভ্যাপগমের বিস্তার করে। কিন্তু বোধির বিচার করতে ব্রাণ্ধর রায়কেই প্রমাণ মানলে তাকে আর বোধি বলা চলে নাঃ বোধি তথন বান্ধির অনুজ্ঞা নিয়ে চলবে, অথচ বুন্ধির নৈশ্চিত্যকে অপরোক্ষ করবার কোনও আন্তর সাধনও থাকবে না! মন কখনও অন্তর্নিহিত বোধির সম্বয়ের 'পরে ভর করে বোধিমানসের কাছাকাছি উঠে যেতেও পারে। কিন্তু বোধিবাসিত হলেও তার প্রতায় ও বৃত্তির রাজ্যে তখনও শ্বধ্ বিচ্ছিন্ন বিদ্যুতের ঝিলিক হানা চলবে। তাদের সংহত করে একটা সৌষমোর ছন্দ ফোটানো কঠিন হবে— বতক্ষণ এই নবমানস তার বুম্ধাতীত উৎসের সঙ্গে চিন্ময় যোগে যুক্ত না হবে, অথবা উধর্ব গ স্বতঃপ্রেরণায় চেতনার সেই উত্তরভূমিতে উল্লীত না হবে যেখানে বোধির বৃত্তি শুন্ধ এবং সহজ।

বোধি সর্বন্ন কোনও উত্তরজ্যোতির আ-ভাস রশ্মি বা বিচ্ছারণ। মর্ত্রণ আধারে প্রথম সে নেমে আসে কোন্ অতিমানস স্দ্রজ্যোতির একটা প্রচ্ছারিত শিখা আ-ভাস কি বিন্দার আকারে। এই মনেরই ওপারে কোনও সত্যমানসের অন্তরিক্ষলোকে প্রবেশ করে সে যেন হয় জ্যোতির্ময় বান্পের ফান্স— তারপর আরও নীচে এসে আচ্ছন্ন হয়ে যায় আমাদের অবিদ্যাচ্ছন্ন প্রাকৃত-মনের আলো-আবারিতে। কিন্তু লোকোত্তর স্বধামে তার দ্বিশ্বি নির্মল ও অনাচ্ছন্ন, অতএব একান্তই খাত্রুভার। সেখানে তার রশ্মিমালা সংহত—পরিকীর্ণ নয়।

অথবা তার জ্যোতির্মায় উচ্ছলতাকে কবির ভাষায় বলা যেতে পারে 'দিথরা সোদামিনীর প্রাঞ্জত প্রভা'। বোধির এই অব্যাক্ত সহজদীপ্তি বোধিলোকে উত্তীর্ণ চেতনার আক্তিতে কিংবা বোধির সঙ্গে আমাদের যোগ্যান্তর কোনও সর্নিশ্চিত কৌশল আবিষ্কারের ফলে আধারে যখন আসে, তখন চকিতদীপ্ত বা নিরন্তর বিদ্যাৎ-ঝলকে আধারকে সে উল্ভা-সিত করে চলে। কিন্তু তখন তার লীলায়ন বৃদ্ধির বিচারের বাইরে। বৃদ্ধি তথন বোধির দর্শক বা অনুলেখকমাত্র—এই উত্তরশাক্তর জ্যোতির্ময় সন্দেকত প্রতায় ও সমীক্ষাকে তালিয়ে বোঝা কি টুকে রাখাই তার কাজ। বৃদ্ধির মানদক্তে বিচার করে বোধির কোনও বিবিক্ত প্রকাশের স্বরূপ প্রয়োগ বা অধিকার নির্পেণ করা চলে না। তার জন্য যোগ্য প্রমাতাকে নির্ভার করতে হয় অন্যকোনও বোধির আপ্রেণের 'পরে, অথবা চেতনায় সর্ব'সমন্বয়ী পরিঞ্জত বোধির পরিবেশ নামিয়ে আনতে হয়। কারণ, বোধির আবেশে চেতনার রূপান্তর একবার শ্রের হয়ে গেলে মনোধাত এবং মনোবাত্তিকে বোধির সত্তে বাঁর্যে ও আকৃতিতে সম্পূর্ণ রূপান্ত রিত করা অপরিহার হয়ে পড়ে। যতক্ষণ তা না হয়, অর্থাৎ চেতনার ব্যাপ্রিয়াতে বোধির আসেবন আনুক্লা বা উপযোগে ব্যাপ্তে প্রাকৃতবাশির শাসন থতাদন চলে, ততাদন বিদ্যা-অবিদ্যার মিথান-লীলাই কায়েমী থাকে আধারে—শাধ্য তার বিদ্যাভাগকে থেকে-থেকে উচ্চকিত কি উদ্দীপ্ত করে তোলে উত্তরজ্যোতি ও উত্তরশাক্তর বিচ্ছারণ।

বোধির সামর্থ্যের চারটি বিভাব আছে। তার সত্যদর্শনের সামর্থ্য বস্তুর ন্বরূপ উন্মোচিত করে, সত্যপ্রতির সামর্থ্য অন্তরে আনে দিব্য প্রেরণা, ঋতম্পুক সামর্থ্য দেয় মর্মসত্যের অপরোক্ষ ধৃতি—সাধারণত এই বিভাবটিই ফোটে আমাদের মানস-ব্রাদ্ধর বোধিসংবিতে। আর চতুর্থত তার স্বতঃস্ফূর্ত সত্যবিবেকের সামর্থ্য সত্যের সঙ্গে সত্যের অন্যোন্যসম্বশ্ধের ধ্বববিধানকে আবিষ্কার করে। অতএব বর্নাধর সকল ব্যাপারই বোধির দ্বারা নিম্পন হতে পারে—এমন-কি তর্ক বৃদ্ধির যে বিশিষ্ট শৈলীতে বস্তু ও ভাবের অন্যোন্য-সম্বন্ধের ধারা নির্কাপত হয়, তাও বোধির অনায়ত্ত নয়। বরং বোধির ব্যাপ্রিয়া আরও উন্নত বলে ব্রিশ্বর মত তার চলতে গিয়ে পা টলে না কি পা ফস্কায় না। বোধির প্রেতিতে শুধু যে মননচিত্তই বোধিধাতুতে র পানতারত হয় তা নয়-হাদরে প্রাণে ইন্দ্রিয়বোধে এমন-কি দৈহাচেতনাতেও সে-র পান্তরের বিদ্যাতী সঞ্জারিত হয়। এদের সবার মধ্যে অল্তর্গা্ড বের্গিজ্যোতি হতে আহ্ত ম্বকীয় একটা বোধির বৃত্তি আছে। কিন্তু উপর হতে বোধির শান্ধবীর্যের অনুষেক নতুনভাবে যখন তাদের ভাবিত করে, তখন হ্দয় প্রাণ ও দেহের এইসব গভীর বোধশক্তিতে একটা বৃহত্তর পূর্ণতা ও অভস্গভাবনার সামর্থ্য সংক্রামিত হয়। সমগ্র চেতনাই এমনি করে বোধির ধাতুতে র পায়িত হয়। সাধকের সংকল্পে বেদনায় ভাবের আবেগে প্রাণের প্রেতিতে ইন্দ্রিয় ও ইন্দ্রিয়বোধের

ক্রিয়ায়, এমন-কি দৈহাচেতনার ব্রিতে জাগে বোধির উত্তরজ্যোতির বিপর্ল শিহরণ—তার অণ্নিষ্পর্শো আধারের দতরে-দতরে জরলে ওঠৈ সত্যের শান্তি ও দাীপ্তর শিখা এবং তার প্রত্যেকটি ব্রিত্তর অন্তর্নিহিত বিদ্যা- এবং অবিদ্যাদাক্তি সমানভাবে সন্দাপিত হয়। এমনি করে চেতনা একটা উদার অভংগভাবনার দিকে এগিয়ে যায়। কিন্তু সে-ভাবনা সম্যক্ কি না তা নির্ভর করে—
বোধির নবদাপ্তি অবচেতনার কতথানি অধিকার করল এবং অনাদি অচিতির তিমিস্তাকে কতথানি অন্বিদ্ধ করল, তার 'পরে। এইখানে বোধির দাক্তি ও দাপ্তি বাহত হতে পারে। কেননা বোধি অতিমানসের আ-ভাস হলেও তার ক্রেবীর্য প্রতিভূ মায়, অতএব তাদাম্মাবোধের পরিপর্ণ ভরকে সে আধারে নামিয়ে আনতে পারে না। অপরা প্রকৃতিতে অচিতির মূল এত গভীরে এমন নিরেট হয়ে ছড়িয়ে আছে যে, তাকে অনুবিদ্ধ করে জ্যোতিঃশক্তিতে র্পান্তরিত করা ঋতাবরী প্রকৃতির কোনও অবর্রবভূতির সাধ্য নয়।

বোধিমানসের পরের ধাপে আমরা উত্তীর্ণ হই অধিমানসে। র্পান্তর এই চিন্ময় উত্তরণের ভূমিকা মাত্র। প্রেই বলেছি, অধিমানসী চেতনা সমাক্রাহী নয়-তার মধ্যে একটা নির্বাচনী-বৃত্তি আছে। তব্তুও সংব তুল জ্ঞানের আধাররূপে সে বিশ্বচেতনার বিভৃতি—তার দ্যাতি অতি-মানস[্] বিজ্ঞানঘন জ্যোতির প্রতিভ। অতএব বিশ্বচেতনার মহাবৈপালো অবগাহন করেই আমরা অধিমানস আরোহ-অবরোহের সঙ্কেত পাব—অন্য-কোনও উপায়ে নয়। ব্যক্তিচেতনার অগ্ন্যা এষণার ন্বারা লোকোত্তর জ্যোতির তু৽গশ্ভেগ আর্টু হলেই অধিমানসভূমির সন্ধান পাওয়া যাবে না—তার জন্য চাই চেতনার যুগপৎ উদগ্র উৎক্ষেপ ও বিপলে বিদ্তার, চিংসত্তার সমগ্রতার একটা অথন্ড বিধৃতি। অনতত প্রথম হতেই বহিমানসের সংকীণ দৃণ্টিভান্সর জায়গায় আনতে হবে অন্তরপুরুষের গভীর ও বিশাল সংবিতের ঔদার্য এবং বিশ্বান্থবোধের বিপাল মাজির মধ্যে বাঁচতে শিখতে হবে। এ নইলে অধিমানসী দুণ্টি আমাদের যেমন খুলবে না, তেমনি অধিমানসী শক্তির বীর্যময় স্ফুরণও স্বচ্ছন্দ হবে না। অধিমানসের অবতরণে অহংব্রুদ্ধির আত্মকোন্দ্রকতা গ্রুণীভূত হয় এবং সত্তার ঔদার্যে আত্মহারা হয়ে অবশেষে তার পরিনির্বাণ ঘটে। তার জায়গায় দেখা দেয় বিশ্বাত্মক্ষার উদার দর্শন এবং অসীম বিশ্বাত্মা ও বিশ্ব-স্পন্দের বিপাল সংবিং। অহংকেন্দ্রিত অনেক বৃত্তি তথনও হয়তো অবশিষ্ট থাকে, কিন্তু বিন্বচেতনার সাগরবক্ষে তারা তখন ক্ষুদ্র বীচিভণেগর মত দুলতে থাকে। মনের বেশির ভাগ মননকেই আর তথন ব্যক্তিচেতনার ধর্ম বলে জ্ঞান হয়না। মনে হয়, তারা ঊধর্বলোক হতে বা বিশ্বমনের উন্ন**ণ্যদোলার কিরীটর**ুপে আসছে যেন। ব্যক্তির অন্তর্দ ভিতে ও অন্তঃপ্রজ্ঞায় বস্তুর যে সত্যরূপ কি তত্তজ্ঞান ফোটে, তাকে দিবাদর্শন বা দিবাশ্রতি বলেই অনুভব হয়, কিন্তু তার উৎসর্পে তখন দেখি বিশ্বপ্রজ্ঞার হিরণাদ্যতিকে—বিবিক্ত ব্যক্তিচেতনাকে

নয়। সমদত সংজ্ঞা বেদনা ও হ্দয়ের আবেগ স্থ্ল ও স্ক্রা দেহের 'পরে বিশ্বসাগরের ঢেউয়ের মত তেমনি করেই ভেঙে পড়ে এবং বৈশ্বানর আত্মসংবিতে জাগায় অন্রর্প আলোড়ন। কারণ, সত্য বলতে ব্যক্তির দেহ মহাবিপ্রল বিশ্বলীলার একটি ক্ষ্র্দ্র আধার, কিংবা তার চাইতেও নগণ্য—মহাশক্তির একটি ক্ষেপণবিশ্ব মাত্র। চেতনার এই সীমাহীন বৈপ্রল্যে বিবিক্ত অহন্তার সকল সংস্কার—এমন-কি পরমপ্রর্ষের দাস বা নিমিন্তর্পে ব্যক্তিভাবনার গৌণবোধট্রকু পর্যন্ত—সম্পূর্ণ বিলপ্ত হয়ে জেগে থাকে শ্রেম্ বিরাট সন্মাত্র বিরাট টেতন্য বিরাট আনশ্ব ও বিরাট শক্তিব্যহের লীলায়ন। যদি-বা সাধকের দেহ-প্রাণ-মন সে আনশ্ব কি শক্তির আধারর্পে অন্ভৃতও হয়, তব্ব সে-অন্ভবে বিস্থির ক্ষেত্রর্পটি ছাড়া ব্যক্তিসত্ত্বের কোন বেদনই থাকে না। আর শ্র্ম্ব একটি দেহে কি একটি ব্যক্তিতে এই আনশ্ব ও শক্তির অন্তব্ব অবর্দ্ধ না থেকে নিঃসীম সর্বতোব্যাপ্ত একাত্ম-চেতনার অণ্তে-অণ্তে তার বিপ্রল প্রত্যর বিচ্ছরিত হয়।

কিন্তু অধিমানস চেতনা ও অন্ভবের বিভৃতিবৈচিল্যের অন্ত নাই-কেননা অধিমানসের মধ্যে আছে সাবলীলতার অবন্ধন ছন্দ, আছে অর্গাণত সম্ভাব্যের মেলা...কেন্দ্রবার্জাত অসংস্থিত অব্যাকৃতির জায়গায় কখনও হয়তো দেখা দিল—আমাতেই বিশ্ব বা আমিই বিশ্ব—এমনিতর একটা সংহত বোধ। কিন্তু সে 'আমিও' অহৎকারের কাঁচা-আমি নয়। আমিছ সেখানে শুদুধ মুক্ত বুদ্ধ আত্মচেতনারই প্রসার অথবা সর্বাত্মভাবজনিত তাদাত্মাপ্রতায়—যাতে বাক্তিতে জাগে বিশ্বচেতন বৈশ্বানরপুরুষের বোধ।...আবার বিশ্বচেতনার বিশেষ-ভমিতে ব্যক্তি বিশেবর কৃষ্ণিগত থাকে—কিন্তু তার সমস্ত চেতনা একাকার হয়ে যায় চেতন-অচেতন সবার সঙ্গে, সবার বেদন-মনন হর্ষ-শোকের সঙগে। আবার আরেক ভূমিতে সর্বভূত থাকে আমারই আধারে—তাদের জীবনের অনুভূব সত। হয়ে ওঠে আমারই আত্মসত্তার অনুভবে।...অনেকসময় বিশ্বপ্রকৃতির বিপল লীলায়নে বাধাবন্ধহারা স্বৈরিণীর স্বাতন্তা দেখা দেয়–ব্যক্তিসত্তা নিবিরোধে তার অনুবর্তন করে, নয়তো সাঁক্রয় অধ্যাসে তার সংগে জড়িয়ে যায়। কিল্তু চিংসত্তা তব্ দ্ব-তল্ত ও নিবি কার থাকে। নিবি রোধ ঔদাসীনা, কিংবা বিশ্বগত অথচ নৈর্ব্যক্তিক একাম্মবোধ ও সমবেদনা, দ্বটির একটিও তার মধ্যে কোনও প্রতিক্রিয়ার স্থিত করে না।.....কিন্তু অধিমানম্বের গভীর অন্ভাব কি পূর্ণবীর্য আধারে নেমে এলে সাধকের মধ্যে বিশ্বাস্থা কা ঈশ্বরের অকুণ্ঠ আবেশ ঈশনা ও অন্তর্যামিম্বের একটা অথণ্ড নির্রাতশয় অনুভুতি স্ফুরিত হতে পারে এবং সে-অনুভূতি ক্রমে তার স্বভাবে পরিণত হতে পারে।...অথবা আধারে এমন-একটি চিংকেন্দ্র রচিত বা অভিবাক্ত হতে পারে—যা ব্যক্তিসত্তের এক সর্বাতিশায়ী ও সর্বাভিভাবী রূপ, অথচ যার চেতনা নৈর্ব্যক্তিক হয়েও পরাবর পরা সংবিতের স্বচ্ছন্দ নিমিন্তমাত।

অধিমানস হতে অতিমানস উত্তরায়ণের সময় এই চিংকেন্দ্রের সংকর্ষণে পর্যাধিত অহনতার স্থানে আবির্ভূত হয় নিতাঙ্জীবের স্বর্পচেতনা। সেঁ-জীব স্বর্পত পরা সংবিতের আত্মভূত, ব্যাপ্তিত বিশেবর সঙ্গে একাত্মা—অথচ জীবর্ণে অনন্তস্বর্পের বিশিষ্ট বিভাবনার যুগপং বিশ্বতোমাুখ কেন্দ্র এবং পরিধি।

এইসব অনুভব অধিমানস চেতনার সামান্য-পরিণামরূপে তার প্রথম পরে দেখ। দেয় এবং উন্মিষিত চিন্ময় সন্তায় এরাই সে-চেতনার সহজভূমি গড়ে তোলে। কিন্ত অধিমানস চেতনার বিভতি-বিম্তর বদততই অন্তহীন। তাকে আমরা অনুভব করি সতা ও জ্যোতির সংবিংরুপে, সতা ও জ্যোতির অকুঠ বীর্য ব্যক্তি ও সংবেগরপে। আধারে সে-চেতনা সর্বগত অথচ বহুধা বৈচিত্র-খচিত শ্রী ও আনশ্দের রসসান্দ্র অন্ভবে উছলে উঠে। তার দাঁপ্তি সমগ্রে ও সবার মধ্যে ছড়িয়ে পড়ে-বিভৃতিস্পন্দের একটি ছান্দে, আবাব সকল ছান্দে। অন্তহান বিশেষের অফ্রুক্ত ও অনিব্চনীয় বৈচিত্রে ভার অনিঃশেষ সম্ভাব্যতার নিতা উপচয় ও লীলায়ন চলে। এই লীলোচ্ছলতার মধ্যে আধ-মানসের বিজ্ঞানচেতনা যদি ঋতের প্রতিষ্ঠা করে, তাহলে পরেষের চেতনায ও কর্মে রূপায়িত হয় বিরাটের মৃক্তচ্ছন্দ –যার মধ্যে মনোময় স্ভিটর আড্ছট কাঠিন্য নাই। চিৎশক্তির সে-রপোয়ণ সাবলীল ও প্রাণোচ্ছল—নিজের সহস্রদল উপচয়কে সে আনন্তোর চক্রবালে ম_রক্তি দিতে পারে। অধিমানস প্রতিষ্ঠায় চিন্ময় অনুভবের সামর্থ্য সর্বগ্রাহী ও স্বভাবগত হয়। দেহ-প্রাণ-মনের স্বারসিক সকল অনুভব চিংসত্তে র্পান্তরিত হয়ে আধারে ক্যুরিত হয় অনন্ত-সন্মাত্রের দিব্য চেতনা আনন্দ ও বীর্যের বিভৃতিরূপে। অধিমানসের আবেশে বোধি প্রভাসমানস ও উত্তরমানসেরও সম্প্রসারণ ঘটে। তাদেব আপ্যায়িত শুন্ধসত্ত হয় আরও সান্দ্র বিপল্ল ও বীর্যশালী, তাদেব শক্তিস্পন্দে দেখা দেয় সারও সর্বতোভাবী বহুমুখী বতুলিতা, সত্যবীর্ষের আরও অসংকৃচিত ও সমর্থ সংবেগ। এমনি করে প্রের্ষের সমস্ত প্রকৃতি—তাঁর বিজ্ঞান বেদনা করুণা রসচেতনা ও শক্তির উচ্চলন সমস্ত আরও উদার সর্বগ্রাহী সর্বাবগাহী বিশ্বতোম্ব ও অনন্তসমাপত্তিতে মহিমময়।

চিন্দমর-র্পান্তরের তীব্রসংবেগের উপান্ত্য পর্বে এই অধিমানস-র্পান্তর দেখা দের। চিন্দমর-মানসের ভূমিতে চিংসন্তার প্রতিষ্ঠা ও স্ফ্রন্তন্তার ব্রগনন্ধ চরম অভিব্যক্তিও হয় এই পর্বে। নীচের তিনটি ভূমির যা-কিছ্ বৈশিষ্ট্য, শ্বধ্ব তাদের সমাহরণ নয়, তাদের তৃংগতম ও বিপ্রলতম বীর্ষের উধর্বভাবনাও এই পর্বেই ঘটে এবং তারা আরও সম্মুধ হয় চেতনা ত শক্তির বিশ্বতাম্থ বৈপ্রল্যে, জ্ঞানের সর্ব-স্পাত সৌষম্যে, আনন্দস্বর্পের আরও বিচিত্র উচ্ছলতায়। তব্ অধিমানসের ন্থিতি ও শক্তিতে এমক-কিছ্ বৈশিষ্ট্য আছে, য়াতে চিন্দমর-পরিণামের শেষ পর্বটিকে র্প দেওয়া তার সাধ্যে কুলায় না।

অধিমানস স্বর্পত চিৎশক্তির অবরাধের বিভূতি—যদিও সে তার শ্রেষ্ঠ বিভূতি। বিশ্বগত ঐক্যভাবনা তার ভিত্তি হলেও, তার ক্রিয়াশক্তি ফোটে বিভাজনে ও । ক্রয়াব্যতিহারে, অতএব তার মূলে থাকে বহুত্বভাবনার প্রবর্তনা। যে-কোনও মানসব্যাপারের মতই তার কারবার ভব্যার্থকে নিয়ে। প্রাকৃত-মনের মত অবিদ্যাকন্পিত না হয়ে যদিও সত্যজ্ঞানেরই অচরিতার্থ ব্যঞ্জনা. তাহলেও প্রত্যেকটি ভব্যার্থকে সে পরিচালিত করে তার স্ব-তন্ম শক্তিপরি-ণামের ধারা ধরে। বিশেবর প্রত্যেকটি তত্তে ব্যাকৃতির যে-মন্ত্র নিহিত রয়েছে: তাকে স্ফুরিত করাই তার ধর্ম- অতায়নের স্ফুরদাবীর্যে তাকে ছাডিয়ে যাওয়া নয়। মত্যভূমিতে জড় প্রাণ ও মন আপন লোকোত্তর উৎসম্থ হতে বিচাতে হয়ে অজ্ঞানের অন্ধর্তামস্রায় ডবে আছে। বিশ্বব্যাকৃতির এই সত্যকে দ্বীকার করেই অধিমানসকে মর্ত্যপ্রকৃতির পরিণাম ঘটাতে হয়। তাই মনের পর প্রাংশের আংশিক সমাধানই সে করতে পারে। অধিমানসের মধ্যে যেখানে বিভজাবৃত্তি মনের আদিবিন্দ, তার ক্রিয়ার অংগীভূত হয়ে আছে, আধ্মানস মনকে ওই পর্যত্তই তলে দিতে পারে—তার ওপারে নয়। ব্যক্তিমনের চরম বিকাশে বিশ্বমনের সংশ্যে তাকে সে জড়েতে পারে, জীবাত্মাকে বিশ্বাত্মার সংগ্য একাত্ম করে তার প্রকৃতিতে বিশ্বভাবনার নির্মাক্ত ঔদার্য আনতে পারে। কিন্ত অনাদি অচিতির কর্বলিত এই জগতে বিশেবাত্তীর্ণ পরা সংবিতের স্বরূপ-শক্তিকে সে ফুটিয়ে তলতে পারে না-কেননা একমাত্র অতিমানসেই আছে অনুক্রের দ্ব-কুং সভাকৃতি ও আত্মবিস্টির সাক্ষাং বীর্য। অভএব প্রকৃতি-পরিণামের শক্তি যদি এইখানেই ফরিয়ে যায়, তাহলে অধিমানস চেতনাকে বিশ্বাদ্মভাবনার ভাষ্বর বিপ্লেতায়, অখন্ড সং চিং শক্তি ও আনন্দের চিদ্-বীর্যময় বিপলে সংবিতের লীলাবিলাসে পেণছে দিতে পারে। এরও উজানে পা বাড়াতে হলে তাকে খুলে দিতে হয় পরম-পরাধের জ্যোতির দুয়ার জীব-চেতনায় জ্বালাতে হয় বিশ্ব হতে বিশ্বোত্তীর্ণে উত্তরণের একটা উদগ্র ও সার্থক অভী***সা** ৷

পাথিব-পরিণামের ক্ষেতে, অধিমানসের শক্তিপাতেই কখনও অচিতির সমাক র্পান্তর ঘটাতে পারে না। অধিমানসের স্পর্শে প্রত্যেক সাধকের সমগ্র চেতনা, তার অন্তর ও বাহির, তার ব্যক্তিস্বভাব ও নৈর্ব্যক্তিক বৈশ্বানরভাব—সমস্তই অধিমানস ধাতৃতে র্পান্তরিত হতে পারে। তার আবেশে সাধকের অবিদ্যাও বিশ্বসত্য ও বিশ্ববিদ্যার দীপ্তিতে ভাস্বর হয়ে উঠতে পারে। কিন্তু তাহলেও চেতনার অবিদ্যাতামসের মূল থেকেই যায়। এ যেন একটা সৌরজ্গপকে ঘিরে প্রাণক্ষিপত লোকালোক-পর্বতের বেল্টনীর মত। বেল্টনীর ভিতরে বতদ্র আলোর ছটা, ততদ্র কেউ অন্ধকারের অস্তিত্ব কম্পনাও করতে পারবে না। অথচ পর্বতমালার বাইরেই রয়েছে অনাদি তমিস্রার রাজ্য। অধিমানসভূমিতে সবই যথন সম্ভব, তথন অন্ধকারের রাজ্যে রচিত ওই

জ্যোতির লয় আবার যে আঁধারে ছেয়ে যাবে না, তা-ই বা কে বলতে পারে? তাছাড়া নানাধরনের সম্ভাব্য নিয়ে অধিমানসের কারবার। সত্রাং তার দ্বাভাবিক প্রবৃত্তি হবে চিদ্বীর্যের একাধিক কি অর্গাণত ব্যাকৃতির প্রত্যেকটি সম্ভাবনাকে চরম পর্যন্ত ফ্রাটিয়ে তোলা, কিংবা কতগর্নাল ভব্যার্থকে সংযোগ বা সৌষমোর সূত্রে একসংখ্য গেথে নেওয়া। কিন্তু তাতে মত্যেরি এই আদি বিস্তির মধ্যেই দেখা দেবে এক কি একাধিক পূর্ণ-স্বতন্ত বিস্তির মেলা। তখন এ-জগতে চিন্ময় জীবের পূর্ণস্ফাট চেতনাও যেমন থাকবে, তেমনি থাকবে একাধিক চিন্ময় গোষ্ঠীও-মনোময় মানুষ ও প্রাণময় তির্যকপ্রাণীর প্রতিবেশী হয়ে। অথচ মর্ত্যব্যাকৃতির মূলসূত্রের সংগে একটা আলগা সম্পর্ক বজায় রেখে সবাই আপন স্ব-তন্ত পর্নাণ্টর পথে চলবে। এক অখণ্ড অন্বয় সন্তার অন্তরুগ বিভৃতিরূপে সমুস্ত বৈচিত্রাকে আত্মসাং ও নিয়মন করবার যে অনুত্তর বীর্য, নবোন্মিষিত চেতনার তা একান্তপ্রত্যাশিত ধর্ম হলেও এ-ক্ষেত্রে তার সাক্ষাৎ মিলবে না। তাছাড়া শুধু অধিমানস-পরিণামে অতার্ক ত বিপত্তির সমস্ত আশৃৎকা দূরে হয় না। আঁচতির মধ্যে এক অন্ধ আকর্ষণদক্তি আছে. যা প্রাণ-মনের সকল বিস্কৃতিকে প্রলয়ের পথে টেনে নামায় –্যা-কিছ্ম অর্ণ্করিত ও আরোপিত হয় তার মধ্যে, তাকেই কর্বালত করে মিলিয়ে দেয় অনাদি অব্যক্তের মহতী বিন্ফিতে। অচিতির এই সর্বনাশ। আকর্ষণ বাঁচিয়ে বিজ্ঞানঘন দিব্যপরিণামের ধারাকে অব্যাহত ও সম্প্রতিষ্ঠিত করতে হলে চাই এই মর্ত্যতন্ত্রেই অতিমানসের অবতরণ—যা চিৎসত্ত্বের ঋতজ্যোতিম'য় বীর্যের অনুষেকে জড় আধারের অচিতিকেও জারিত এবং হিরন্ময় করবে। অতএব অধিমানস হতে অতিমানসে উত্তরণ এবং অতি-মানসেরও অবতরণ হবে প্রকৃতিপরিণামের অপরিহার্য চরম পর্ব।

অধিমানস এবং তার প্রতিভূশক্তিরা মনোধাতুর আশ্রিত দেহ-প্রাণ-মনকে গ্রাস করে তাদের যথন অন্বিশ্ধ করে, তথন আধারের সর্বাগ্র একটা অতিশায়নের ফ্রিয়া শ্রুর্ হয়। তার প্রত্যেক পর্বে আধারে উত্তরোত্তর শ্বুণ বিজ্ঞানচেতনার উপচীয়মান তীক্ষ্যবীর্যা প্রতিষ্ঠিত হয়—যার প্রভাবে মনোধাতুর অসংহত পরিকীর্ণ ক্ষায়স্কর্ ও ব্যামিশ্র বৃত্তির সমাবেশ ক্রমেই ক্ষীণ হয়ে আসে। কিন্তু শ্বুণবিজ্ঞান ন্বর্পত অতিমানসের বিভৃতি। অতএব অধিমানসের এমনিতর অভ্যুদয়ের সঞ্চো-সঙ্গে আধারে অর্ধচ্ছয় অতিমানস জ্যোতি ও শক্তির উত্তরোত্তর আশ্রব পরোক্ষভাবে নেমে আসবে। এই আশ্রবের চরমবিন্দর্তে শ্রুর্ হবে অধিমানসের অতিমানস-র্পান্তর। অতিমানসী চিন্ময়ী মহাশক্তি তখন আধারে ন্বমহিমায় আবিভূতি হয়ে এই মত্যা দেই-প্রাণ-মনের কাছে তাদের চিন্ময় অম্তুন্বর্পের সত্য উন্ঘাটিত করবেন, সমগ্র আধারে তেলে দেবেন অতিমানস সন্তার অখন্ড বিজ্ঞান ও বীর্যের ভান্বর সংশ্বেগ। বিদ্যা ও অবিদ্যার চরম ভেদরেখাকে অতিক্রম করে জীবাদ্মা তখন পরা বিদ্যার জ্যোতিমর্যর ধামে

—অতিমানস-বিজ্ঞানের অখণ্ড প্রাতিভ-লোকে উত্তীর্ণ হবে। আর আধারে সেই বিজ্ঞানঘন শুন্ধজ্যোতির অবতরণে সিম্ধ হবে অবিদ্যার পূর্ণ রূপান্তর।

এমনিতর বা এইধরনের ব্যাপকতর কোনও পরিকল্পনাকে চিন্ময়-র্পান্তরের স্কংস্থিত বা যুক্তিসম্মত একটা আদর্শনিত বলতে পারি। যেন অতিমানস গঙ্গোত্রী-অভিযানের একটা বাস্তব ছবি—ধাপে-ধাপে উত্তরায়ণের পথ উপরপানে উঠে গেছে। একটি ধাপ প্রাপ্রার আয়ত্তে এলে তবে আরেকটি ধাপে পা বাড়াবার অধিকার মিলবে। সনে হয়, বিশ্বপ্রকৃতির অপো চেতনার পর্বগর্মাল স্তরে-স্তরে সাজানো রয়েছে। আর প্রাকৃত সত্ত-নিকায়র পে উত্তরায়ণের অভিযাত্রী জীব চলেছে তার সান্ত্র হতে সান্ত্র 'পরে - প্রত্যেকটি সানুতেই যেন সে একটি অভণ্য সত্তবিশেষ বা বিবিক্ত পোরুষেয়-চেতনার ঘনবিগ্রহ'। পর্ব হতে পর্বান্তরে সংক্রমণের সময় অবরপর্বকে আত্মসাং না করলে উত্তরপর্বে যে প্রতিষ্ঠিত হওয়া যায় না একথা মিথ্যা নয়। চিন্ময়-পরিণামের আদিয়ুগে গার্টিকয়েক সাধক হয়তো ঠিক এর্মান করে পর্বে-পর্বেই উঠে যাবেন এবং স্কুদুর তবিষ্যতে পরিণামের সোপানমালা নিশ্চিতরূপে গড়ে উঠলে হয়তো এমনিতর পর্বসংক্রমণই হবে উত্তরায়ণের স্বাভাবিক রীতি। কিন্তু তাহলেও ঠিক এইধরনের যুক্তিমাফিক ছক বেখে কাজ করা পরিণাম-শক্তির দস্তুর নয়। প্রকৃতিপরিণামকে বরং বলতে পারি বিচিত্র উত্তরণশক্তির একটা সমাহার—তার মধ্যে আছে সমূহ শক্তির অন্যোন্য অনুবেধ ও আপুরেণ এবং ব্যতিষ্ণাবশত পরস্পরের বিপরিণাম ঘটানো। অবরচেতনায় নেমে আসতে উত্তরচেতনা যেমন তার আশ্রয়কে বদলে দেয়, তেমনি আশ্রয়ও তার পরিবর্তন এবং ন্যানতা ঘটায়। আবার উত্তরভূমিতে ওঠবার পর অবরচেতনার যেমন র পানতর ঘটে তেমনি তার আশ্রয় উত্তরচেতনারও শক্তি ও ধাততে সে উপরাগের ছায়া ফেলে। এই অন্যোন্যসংক্রমণের ফলে দুয়ের মাঝামাঝি ভূমিতে দেখা দেয় চেতনা ও শক্তির বাতিষধ্যজনিত অগণিত বৈচিত্র। তথন বিশেষ-কোনও শক্তির প্রশাসনে সমস্ত শক্তির পূর্ণ সমাহরণও দঃসাধ্য হয়। এই-জনাই ব্যক্তিপরিণামের ধারা কখনও বাঁধাধরা ক্রম মেনে চলে না। তার জায়গায় সেখানে বিপত্ন বৈচিত্ত্যের জটিলতা দেখা দেয়—শক্তিস্পন্দের সর্বাবগাহী ছন্দ কোথাও হয় স্বাক্ত, কোথাও-বা পর্যাকুল। এমনও কম্পনা করা চলে, সাধক যেন পর্ব হতে পর্বান্তরসঞ্চারী উত্তরায়ণের অভিযাতী। ১ উত্তরণের প্রত্যেকটি পর্বকে সে সুডোল করে গড়ে তোলে, কিন্তু প্রায়ই তাকে নেমে আসতে হয় নীচের পর্বকে নতুন করে গড়বার জন্য—যাতে কাঁচা বনিয়াদের দোষে সমৃহত কাঠামোটাই না ভেঙে পড়ে। সমগ্র চেতনার পরিণামকে বরং মহাপ্রকৃতির উন্বেল সম্দ্রের আন্দোলনের সঙ্গে তুলনা করতে পারি। এ যেন উৎক্ষিপ্ত তরঙ্গের ফেনকিরীট পর্বতের উত্তর্শা দেশকৈ স্পর্শ করছে, অথচ তার মূল তখনও সম্দুরক্ষে শুধ্ব ব্যাকুল হয়ে দ্বলছে। উদয়নের প্রত্যেক পর্বে প্রকৃতির উত্তর-

ভাগ যদিও আপাতত নবচেতনার ছন্দে খানিকটা-নতুন হয়ে গড়ে উঠেছে, তব্ তার অবরভাগে হয়তো রয়েছে শৈবধর্গাতর দোলা—তার কতক অংশ র্পান্তরের আভাস নিয়েও প্রানো পথেই চলছে, কতক হয়তো নবাগত হয়েও অপ্রতিণ্ঠার দর্ন র্পান্তরকে আধারে কায়েমী করতে পারছে না। আরেকটা উপমা : এ যেন দিগ্রিজয়ী সৈন্যবাহিনীর অভিযান। বাহিনীর প্রোভাগ হয়তো নতুন দেশ দখল করেছে, কিন্তু তার বেশীর ভাগ বাসত রয়েছে পিছনের নবর্বিজিত অতিবিশাল দেশকে কোনরকমে আয়েরে রাখত। তাই সমগ্র বাহিনীকে মাঝেমাঝে থেমে গিয়ে অধিকৃত ভূমিতে আপন শাসনকে স্প্রতিণ্ঠিত করতে, দেশবাসীকে আত্মীয় করতে পিছ্র হটতেও হয়েছে। অবশ্য দেশের উপর দিয়ে ক্রিপ্রেজয়ের একটা ঝড়ও সে বইয়ে দিতে পারত। কিন্তু তাতে শেষপর্যন্ত বিদেশের বৃকে দ্বর্গাশ্রয়ী হয়ে থাকা বা উপনিবেশিক রাজ্যম্থাপন ছাড়া বেশীকিছ্ব কাজ হত না। সাধনার বেলাতেও এই কথাটি খাটে। ঝঞ্কাবেগে লোকোত্তর কোনও যোগভূমিকা দখল করা যায় বটে, কিন্তু তাকে অতিমানস-র্পান্তরের অনুকুল একটা সর্বগত আবেশ সমানয়ন কি সমাহরণ বলা চলে না।

. অন্তরিক্ষলোকের এই ঝামেলাতে অতিমানস-পরিণামের সক্রেপট পরম্পরার পথে নানা বাধার স্বাটি হয়। আমাদের যুক্তিব্রাদ্ধ প্রকৃতির কাছে সাধনার একটা স্ক্রির্পিত ছকের নিষ্ঠাপতে অন্বর্তনের প্রত্যাশা করে- কিন্তু মাঝ-খানকার এই গোলমালে সে-প্রত্যাশা প্রায়শ সফল হয় না। প্রকৃতি-পরিণামের পর্ব গুলিতে যেমন পরম্পরা আছে, তেমনি আছে অন্যোনাসংক্রমণের জটিলতা। ভাইতে প্রত্যেক পরে^র পরিণামের ধারা সহজগতিতে প্রবাহিত না হয়ে আবর্ত-সঙ্কুল হয়ে ওঠে। জড়ের উপযুক্ত আধার তৈরী হবার পর তার মধ্যে দেখা দিল প্রাণ ও মন। কিল্ড প্রাণ-মনের পরিণামের সংগ্র-সঙ্গেই জড় আধারের বিবর্তন ঝকে পড়ল জটিলতার পূর্ণতার দিকে। আবার প্রাণের ভূমি তৈরী হতে পরিস্ফুট চিৎ-স্পন্দনের আকারে যেমনই মন দেখা দিল অমনি মনের ছোঁয়া পেয়ে শুরু হল প্রাণের পূর্ণতর পর্নান্ট এবং রূপায়ণ। চিন্ময়-পরিণামের বেলাতেও এই ব্যাপারের প্রনরাব্তি ঘটে। মানস-পরিণামের একটা পর্বসন্ধিতে মানুষের মধ্যে ষেমন আধ্যাত্মিকতার আকৃতি ফোটে, অমনি চিৎসত্তার জ্যোতিঃ-শক্তি ও তীব্রসংবেগের কৃঞ্চিকায় মনেরও পরম সার্থকতার গোপন ভান্ডার খুলে যায়। উত্তরপথযাত্রী চিংশক্তির লোকোত্তর অভিযানেও তা-ই ঘটে। চিন্ময়-পরিণাম কিছ্বদুরে অগ্রসর হতেই বোধি-চিতের আবেশ, ভাস্বর প্রতিবোধ উত্তরচেতনার জ্যোতিঃস্পন্দ এরা সবাই আধারে নেমে আসে কখনও একা-একা. কখনও-বা ভিড় করে—উত্তরশক্তির আবির্ভাবের ইন্যা অবরশক্তির পূর্ণ-স্ফুরণের অপেক্ষা না রেখেই। হয়তো বোধি-মানস প্রভাস-মানস ও উত্তর-মানসের দিব্যক্ত্যোতি ভাল করে চেতনায় ফোটেন। অথচ কোনরকমে অধি-মানসের জ্যোতির্মার শক্তিপাতে আধারে তার একটা অপূর্ণ বিগ্রহ গড়ে উঠল

এবং তাকে আশ্রয় করে অধিমানসই আধারের অধ্যক্ষ নেতা বা প্রশাস্তার ভূমিকায় দেখা দিল। তখন বোধি-মানস প্রভৃতি আধারে অধিমানসের সহকারী হয়ে অক্ষ্মপাক্ততেই বিরাজ করবে। কথনও তার উত্তরজ্যোতিতে অন্যবিদ্ধ হয়ে তারা উৎশিথ হবে-কখনও-বা অধিমানসভূমিতে আর্চ হয়ে ফুটবে অধি-মানস-বোধি অধিমানসপ্রভাস কি অধিমানস-দিবামননের বৃহত্তর দীপ্তি নিয়ে। আধারে শক্তিপাতের তীরতায় যে উজান-বওয়ার প্রবেগ জাগে, তাইতে এই জাটলতার সাজি হয় -কেননা উত্তরশক্তির বীর্যাধানের ফলে অবরশন্তির গ্রাম্বর্পায়ণ সিন্ধ হবার পূর্বেই তার মধ্যে উত্তরসংক্রাতির উদাত সামর্থ্য জেগে ওঠে। তাছাড়া উত্তরশক্তির আবেশ ভিন্ন অপরা প্রকৃতির ঊধর্বায়ন ও র পোন্তর সম্ভব নয় বলেই, এই অকালবোধনকে অপ্রত্যাশিতও বলতে পারি না। প্রভাস-মানস ও উত্তর-মানস চায় বোধির আলো-তেমনি বোধি চায় অতিমানসের শক্তি। নইলে চার্রাদককার আঁধার ও অবিদারে ঘোর কাটিয়ে পূর্ণ মহিমায় তারা দল মেলতে পারে না। কিন্তু তবু আধারে অধিমানসের প্রতিষ্ঠা এবং সমাহরণ সম্পূর্ণ হয় না, যতক্ষণ উত্তর-মানস ও প্রভাস-মানস অভগাভাবনার বীর্যে বোধি-মানসের আত্মভূত না হয় এবং বোধি-মানসেরও অভংগ বাহেটি অধিমানস-শক্তির সর্বপ্রসারিণী ও সর্বোৎক্ষেপিণী বৈদাভীতে গ্রন্ত না হয়। প্রকৃতিপরিণামের গতি যত জটিলই হ'ক, ক্রমের অনুসরণ তাকে করতেই হবে।

জটিলতার আরেকটা কারণ নিহিত রয়েছে সমাহরণ বা অভংগভাবনার মধ্যে। অভংগভাবনায় চেতনা যেমন উত্তরভূমিতে উঠে যায়, তেমান নবলব্দ উত্তরচেতনাও অবরপ্রকৃতিতে নেমে এসে তাকে গ্রাস করে তার রূপান্তর ঘটায়। কিন্তু অবরপ্রকৃতির পূর্বসংস্কারের নিবিড় জড়তা উত্তরশক্তির অবতরণকে পদে-পদে ব্যাহত করতে চায়। এমনকি শক্তিপাতের ফলে আবরণ-বিদারণ ঘটলেও অবিদ্যাপ্রকৃতি উত্তরশক্তির স্লাবনকে ঠেকাবার চেচ্টা করতে কস্কর করে না। কখনও সে রূপান্তরের বিরুদেধ রূখে দাঁড়ায়, কখনও নতুন শক্তির ধরন পালেটে তাকে আপন দলে টানতে চায়, কখনও-বা বলাংকার দ্বারা তাকে বশে এনে আপন হীন প্রয়োজনের সাধনায় নিয়োজিত করতে চায়। সাধারণত অবরপ্রকৃতির দূর্বশ উপাদানকে পরিপাক করে তার উধর্বপরিণাম ঘটাতে. উত্তরশক্তি প্রথম মনে নেমে মনের কেন্দ্রগালি দখল করে—কেননা প্রজ্ঞাশক্তিতে এবং বৃদ্ধির দীপ্তিতে এরাই তার নিকটতম আত্মীয়। কোনও কোনও সাধকের মধ্যে হ'দয় কি প্রাণসংবেগ ও ইন্দ্রিয়চেতনার আকৃতি প্রবল থাকে এবং তাদের আহ্বানে উত্তরশক্তি প্রথম হয়তো তাদের মধ্যেই নেমে আসে। তখন দ্বাভাবিক যুক্তিস্পাত ধারার বিপর্যায় ঘটে বলে সে-অবতরণের ফল হয় শৃত্তিক ও ব্যামিশ্র অপূর্ণ এবং অধ্বর। কিন্তু স্বাভাবিক ক্রম অনুসারে আধারের পর্বে-পর্বে শক্তিপাত ঘটলেও উত্তরশক্তি প্রত্যেকটি পর্বকে সম্পূর্ণ

জ্ঞারত ও র পার্ন্তরিত করে তারপর যে এগিয়ে যাবে, তা পারে না। উত্তর-শক্তির দখল কাঁচা থাকে বলে প্রত্যেক পর্বের কাজ চলে খানিকটা নতুন ধারায়, র্থানকটা প্রাচীনকালের মামুলী ধারায়, আর খানিকটা হয়তো দুটি ধারার মিশ্রণে। পরশর্মাণর ছোঁয়ায় মন যে তখনই আগাগোড়া সোনা হয়ে ওঠে. তা নয়—কেননা মনের চক্রগ**্নাল** তো আধারের বাকী অংশ হতে পৃথক হয়ে নাই। মনের বৃত্তিকে বিধে আছে প্রাণ আর দেহের বৃত্তি। আবার দেহ-প্রাণের মধ্যেও প্রাণ-মানস ও দৈহ্য-মানসের আকারে মনের অবর রূপায়ণ আছে। মনোময় সত্ত্বের সম্পূর্ণ রূপান্তর চাইলে আগে এদেরও রূপান্তর ঘটানো আবশ্যক। তাই মনের সমাক-রূপান্তরের প্রতীক্ষায় না থেকে উত্তরশক্তি যথা-সম্বর নেমে আসে হদেয়চক্রে—ভাব ক-প্রকৃতির রূপোন্তর ঘটাতে। তারপর সে নেমে যায় প্রাণের অবরচক্রগালিতে-সমগ্র প্রাণময় ইন্দ্রিয়বোধস্পন্দিত প্রকৃতির মোড় ফেরাতে। সবার শেষে সে দৈহাচেতনার চক্রগর্মলতে নামে, যাতে সমগ্র দৈহাপ্রকৃতির আমলে রূপান্তর ঘটে। কিন্তু এই শেষ নামাও তার শেষ নয়, কেননা এরও পরে আছে অবচেতনার গ্রহাগহন, আছে অচিতির বনিয়াদ। শস্তির জাল আধারের বিভিন্ন ভাগে এমন গ্রন্থিল হয়ে জড়িয়ে আছে যে. সমস্ত শক্তির শোধন ও গ্রন্থিমোচন না হলে স্বচ্ছন্দেই বলা চলে—'এত করেও কিছুই হয়নি।' সমগ্র আধার জুড়ে পরাবর শস্তির জোয়ার-ভাটা চলছে। অবরশন্তি একবার পিছা হটে আবার ঝাঁপিয়ে পড়ছে পারানো দখল ফিরে পেতে-পিছা হটবার বেলাতেও ঘারে দাঁড়িয়ে উল্টা-কামড় দিতে ছাড়ছে না। এদিকে প্রত্যেক বারের অভিযানে পরাশক্তি নতুন দেশ দখল করছে বটে— কিন্তু তার বীর্যের দীশ্তিতে অনুষিক্ত হতে যতক্ষণ আধারের এতট্যকুও বাকী থাকছে, ততক্ষণ নিঃসংশয়ে বলতে পারছে না তার স্বারাজ্যপ্রতিষ্ঠায় সিদ্ধি এল কি না।

তৃতীয় দফা জটিলতা আসে, একই সময়ে চেতনার বিভিন্ন ভূমিতে জীবের অবস্থানের সামর্থ্য হতে। বিশেষ করে মুর্শাকলের স্থানি হয় আমাদের আধারে অন্দরমহল আর সদরমহলের একটা ভাগাভাগি আছে বলে। ঘোর আরও ঘনিয়ে ওঠে পরিচেতনার অলক্ষ্য পরিবেন্টনীতে—যেখান থেকে বহির্জাগতের সংগ্যে আমাদের অদৃশ্য যোগাযোগের প্রবর্তনা চলছে। অধ্যাত্ম-উন্মীলনের বেলায়, প্রবৃদ্ধ অন্তরপ্র্যুষ্ঠ শক্তিপাতের বীর্ষকে স্বছেন্দ হয়ে গ্রহণ এবং পরিপাক করেন এবং তাঁর মধ্যে পরা প্রকৃতির স্ফ্রুনও হয় অব্যাহত। কিন্তু বহিন্দর ভূতাত্মার প্রকৃতি অবিদ্যা ও অচিতির ছাঁচে ঢালা বলে তার প্রবোধন হয় মন্থর, তার গ্রহণ- ও পরিপান-শক্তিও উন্দীপিত হয় ধীরে-ধীরে। তাই অন্তন্দেতনার র্পান্তর অনেকখানি এগিয়ে গেলেও দীর্ঘক্ষাল ধরে বহিন্দেতনায় অপূর্ণ র্পান্তরের কৃচ্ছ্যুতাসন্ত্রুল অভিযান চলে। উদয়নের প্রতি পর্বেই এই ধরনের একটা অসামঞ্জস্য দেখা দেয়। র্পান্তরের

প্রত্যেক আহননে অন্তল্চেতনা যথন উৎসাহের সংগ্য সাড়া দের, বহিশ্চেতনা তথন খন্ডিয়ে চলে তার পিছনে-পিছনে—র্চি এবং আক্তি থাকতেও সন্দক্ষণ বা যোগ্যতার জাের তার থাকে না। বহিশ্চেতনার এই আড়গ্টতা ভাঙবার জন্য বারবার তাই উত্তরশান্তির আবেশ ও বহিশ্চেতনার সংগ্য খাপ খাইয়ে তার মাড়ে ঘােরাবার কৃচ্ছ্রসাধনা আবশ্যক হয়, এবং পর্বে-পর্বে নতুন-ধরনে ওই একই সাধনার জের টানতে হয়। বহিশ্চেতনা এবং অন্তশ্চেতনায় সন্ধির ফলে চিন্ময় সৌধমাে অন্তর যদি কখনও উচ্ছল হয়েও ওঠে, তব্ আধারের যে বহিবন্ত অথচ গ্রুমণারী অংশে বহিজগতের সংগ্য প্রমের সন্তা ও চেতনার আদান-প্রদান চলে, অপ্র্ণতার বীজ কিন্তু সেখানে থেকেই যায়। এক্ষেত্রে বিজাতীয় দ্বিট শক্তির মধাে সংঘাত অনিবার্ষ হয়—কেননা অন্তরণা চিৎশক্তিকে বাধা দেয় বর্তমান জগৎ-বাবস্থার আধিষ্ঠাত্রী বহিরগাা অবিদ্যাশক্তি। নবজাত অধ্যাত্মচেতনাকে তাই পদে-পদে তার দ্রুম্বল অদিবাব্রির জন্মন্মে জর্জারিত হতে হয়। চিন্ময়-পরিণামে প্রকৃতির গােরান্তরের আক্তি প্রতি পর্বেই এমনি করে শক্তি-সংঘাতের প্রতিক্লতা শ্বারা অভিহত হয়।

একধরনের আত্মতপ্ত অধ্যাত্মসিন্ধিও সম্ভব, যার ফলে সাধক বহিন্পগতের কারবারকে নির**ু**ধ বা সংক্ষিপ্ত করতে পারেন। হয়তো তিনি জগদ্ব্যাপারের উদাসীন সাক্ষী শুধু—অটল থেকে দ্রুক্ষেপহীন চিত্তে বাইরের অভিঘাতকে ঠেকিয়ে রাখেন বা ফিরিয়ে দেন। কিন্ত অন্তরের অধ্যাত্মসংবেগকে যদি ম্বেচ্ছাতন্ত্রিত জগদ্ব্যাপারে মূর্ত করতে হয়, জগতের মধ্যে নিজেকে ঢেলে দিয়ে জগৎকে যদি পরে যের আত্মসাৎ করতে হয়, তাহলে পরিচেতনার ছটা-মন্ডলের ভিতর দিয়ে বিশ্বশক্তির বিচ্ছারণকে গ্রহণ না করে তো তাঁর উপায় নাই। বহির¢গা শক্তির সঙ্গে অন্তরের দিবাচেতনার তথন নতুনধরনের কার-বার চলে। আধারে বাইরের শক্তি ঢ্বকতে-না-ঢ্বকতেই চিৎশক্তি হয় তাদের বিলপ্তে বা নিবশীর্য করে দেয়, কিংবা স্পর্শমাতে নিজের ধাতুতে বা পর্যায়ে তাদের রূপান্তরিত করে। কখনও তাদের চিদ্বীর্যে আপ্রিত করে এবং রপোল্ডরসাধনের সামর্থ্য দিয়ে আবার অবরভূমিতে প্রতিক্ষিপ্ত করে—কেনন। বিশ্বের অপরা প্রকৃতিকে এর্মান করে আদেশ মানতে বাধ্য করা চিংশক্তির অকণ্ঠ প্রবৃত্তির একটা অধ্য। কিন্ত তাহলেই পরিচেতনাকে চিক্ক্সোতি ও চিতিধাতর বিদ্যাদ্যীরে এমনই অনুষিক্ত রাখতে হর যে, তার স্পর্শমাত্রে আগল্ডক অপরা প্রকৃতি র পাল্তরিত হয় চিন্ময়ী প্রকৃতিতে—আগল্ডকের সংবিং দৃষ্টি কি প্রবৃত্তির অপকর্ষ পরিচেতনার পরিমণ্ডলকে কলন্কিত কর-বার সুযোগই পায় না। কিন্তু এ-সিন্ধি অতিকঠিন। কেননা সাধারণত পরিচেতনা প্রাপ্রবি আমাদের অধ্যাম্বাসিন্ধির বিভূতি নয়—তার থানিকটা আমাদের আত্মপ্রকৃতি, আর খানিকটা বাইরের জগৎ-প্রকৃতি। এইজনাই

অন্তরের অন্ক্ল বৃত্তিকে চিন্ময় করা সবসময়ই সহজ, কিন্তু বাইরের প্রবৃত্তিকে রুপান্তরিত করা সহজ নয়। বাইরের সকল ছোঁরাচ বাঁচিয়ে বা দ্বভাবের কবচ এটে অন্তরাবৃত্তচক্ষর হয়ে আধ্যাত্মিকতার গৃহাশয়নে নিজেকে বন্দী রাখা খ্ব কঠিন ব্যাপার নয়। কিন্তু সমস্ত আধারকে চিদ্বীর্যে বিদ্যান্ময় করে জীবনসাধনায় তাকে স্ফ্রিত করা, সমস্ত জগংকে আপন করে মহেশ্বরের অকুণ্ঠ স্বাতন্ত্যে জগং-প্রকৃতির 'পরেও স্বরাট্ হওয়া—তাকেই বলি মহাসিন্ধির উত্তরকোটি। সর্বতোগ্রহী সম্যক্-রুপান্তরে যখন চিংস্ত্রার স্ফ্রেব্রার কোনও অংশ বাদ পড়বে না ন্বাইরের জগংস্ক্র কর্ম-জীবনের সবখানি যখন রুপান্তরসাধনার অন্তর্গত হবে, তখন প্রকৃতিপরিণামের এই পরমা সিন্ধিকে সাধ্য-সাধনার বাইরে রাখা কি চলতে পারে?

অচিতিই যে আমাদের প্রাকৃত সন্তার মুখ্য উপাদান—আসল মুশ্কিল এই-খানে। আমাদের অবিদ্যা বিদ্যার বিভৃতি হলেও তা অচিতির গহন হতে উৎসারিত। তাই তার উন্মেষিত চেতনার, তার বিদ্যার প্রতিষ্ঠায় সবসময় আঁধারের একটা অন্,বৃত্তি অন,বেধ ও বেষ্টনী থেকে যায়। এই অজ্ঞান-ধাতুকে অতিচিতির ধাতুতে র্পান্তরিত করতে হবে—যার মধ্যে চেতনা ও চিন্ময়-সংবিং নিষ্ফিয় অব্যক্ত কিংবা জ্ঞানাকারে অস্ফুরিত হলেও কখনও অবিদামান থাকবে না। যতক্ষণ তা না হবে, ততক্ষণ যা-কিছ, অজ্ঞানের অধিকারে ঢুকবে, তাকেই সে আক্রমণ করবে ঘিরে রাখবে কি গ্রাস করবে— পারলে তাকে অন্ধতামিস্তের অতলগহনে তলিয়ে দেবে। উপর হতে যদি আলো নামে, অবিদ্যাতামসের শাসনে তাকেও এখানকার প্রদোষচ্ছায়ার সংগ রফা করে চলতে হয়। ফলে তার স্বরূপ হয় ব্যামিশ্র ক্ষ্মা এরং তর্রালত, তার সতা ও শক্তি স্তিমিত ও বিকারগ্রস্ত, তার প্রামাণ্য অনিশ্চিত। আর-কিছ, না হক্ অজ্ঞানশক্তি উত্তরজ্যোতির সত্যকে সংকৃচিত, তার বীর্যকে কুণিঠত, তার প্রয়োজনা ও অধিকারকে খণ্ডিত করে। তখন ব্যক্তির সিশ্বিতে তার তত্তভাবের পূর্ণরূপটি ফুটতে পায় না, কিংবা তার বিশ্বজনীন প্রয়োগের সাধনা বিঘাত হয়। যেমন প্রেম প্রাণধর্মের একটা সতা-ব্যক্তির অন্ত-শ্চেতনায় তীব্রভাবে তার আবেগ অন্তুত হয়। কিন্তু প্রেম যদি প্রাকৃত-ধাতৃকে আপন সত্যের বীর্ষে সম্পূর্ণ জারিত করতে না পারে, তাহলে ব্যক্তির ভাব ও কর্ম প্রেমের অনুশাসনে রূপায়িত হতে পারে না। এমন-কি ব্যক্তির প্রেমসাধনা যদি সিন্ধির চরমেও ওঠে, তব্ব অজ্ঞান-সামান্যের অন্ধতা ও প্রতি-ক্লতার ফলে তা একনিষ্ঠতায় সংকুচিত ও বীর্যহীন_হয়ে থাকতে পারে, অথবা বিশ্বপ্রেমে ব্যাপ্ত হ্বার সামর্থ্য হারাতে পারে। সন্তার কোনও নতুন ছল্দে পরি-পূর্ণ সৌষম্যের সূর্রটি আধারে ঝঞ্চত করা মনুষ্যপ্রকৃতির পক্ষে দুঃসাধ্য। কারণ অচিতির ধাতৃপ্রকৃতিতে অনতিবর্তনীয় অন্ধনিয়তির একটা ক্**ম**াচার আছে—যা তার স্বভাবসিন্ধ বা আগণ্ডক ভব্যার্থের স্ফুরণুকে সংকচিত করে.

তাদের প্রক্ষণ প্রবৃত্তি ও পরিণামকে প্রতিষ্ঠার সন্যোগ দের না, কিংবা নিজের পরমা সিদ্ধির প্রত্যন্তে তাদের পেণিছতে দেয় না। তাই অচিতির পরিবেশে ভব্যাথের লীলা ব্যামিশ্র পরতন্ত্র নিগৃহীত এবং উনীকৃত হয়। নইলে তারা আচিতির উচ্ছেদ করে জগদ্ব্যাপারের মূল ধরে ঝাঁকি দিত্ যদিও তার র্পান্তর ঘটাতে পারত না। কেননা, কোনও ভব্যাথেরই প্রাণময় বা মনোময় লীলায়নে সেই চিন্ময় সিন্ধ্বীর্য নাই, যা এই অনাদি অন্ধতামিশ্রের র্পান্তর ঘটিয়ে একটা সম্পূর্ণ নৃত্র কল্পের প্রবর্তন করতে পারে।

আধারের সমগ্র ধাত যদি চিদ্রুসে এমনি জারিত হয় যে তার প্রত্যেকটি ৮পন্দ সৌষমোর ছন্দে চিৎসত্তার স্বতঃস্ফার্ত উচ্ছলনের রূপ ধরে, তবেই মানুষের সমগ্র প্রকৃতির রূপান্তর সিন্ধ হতে পারে। কিন্তু উত্তরশক্তির তীব্রসংবেগ অচিতির মর্মমূলে অনুপ্রবিষ্ট হলেও ওই অন্ধনিয়তির বাধা তাকে ব্যাহত করতে চাইবেই, অবিদ্যাতামদের মূট বিধান তার বীর্ষকে থব এবং ক্ষীণ করবেই। অচিতির বিধানে একটা শাশ্বত অনতিবর্তনীয়তার মূট দুরাগ্রহ আছে। তাই সে **্রাণের আক**্তিকে মৃত্যুর অনতিক্রমণীয়তা <mark>দিয়ে</mark> স্তব্ধ করতে চায়, আলোর পাশে আঁধারের ভূমিকায় ছায়ার মায়া আনে কায়ার রূপ ফোটাতে, চিৎসত্তার স্বারাজ্য স্বাতন্তা ও স্ফারত্তাকে পণ্যা করে সংক্ষাচের ফার প্রযোজনা দিয়ে ও অশক্তির সীমারেখা টেনে অনাদি জড়ত্বের আরাম-শয়নকে শক্তিবিচ্ছারণের পীঠভূমি করে। অচিতির এই প্রতিষেধের মূলে যে নিগঢ়ে রহস্য নিহিত আছে, একমাত্র অতিমানসী চেতনাই তার সার্থক সমা-ধান জানে-কেননা তার মধ্যে প্রমার্থ-সতের ভূমিকায় বৈষ্ম্যের সকল দ্বন্দ্ব সৌষম্যের ছন্দে বাঁধা পড়ে। একমাত্র অতিমানসের চিন্ময় বীর্য সম্পূর্ণ প্রথ-মজ অন্ধতামিস্লের এই দূর্বার প্রতিরোধকে পরাভূত করতে পারে। কারণ অতিমানস শক্তিপাতের সংগে-সংগে সর্বভতাশ্যুস্থিতা এক জ্যোতিম্যী মহানিয়তির উদগ্র সংবেগ আধারে সঞ্চারিত হয়--্যা স্বয়ম্ভ আন্তেতার অনাদি ও নির্রাতশয় স্ব-তন্ত্র সত্যবীর্য। এই জ্যোতির্ময়ী চিন্ময়ী নির্যাতই তার সর্বাতিভাবী অবন্ধ্য প্রবর্তনায় অচিতির অন্ধ প্রতীপাচারকে বিপর্যাস্ত অনু-বিশ্ধ ও আত্মসাং করতে পারে।

প্রকৃতির মধ্যে অলতঃসংব্ত অতিমানস যখন উদ্মিষত হয়ে পরমা প্রকৃতি হতে নিষ্যান্দিত উদ্মনীভাবের জ্যোতি ও শক্তিকে আপন উজানধারান্ধ ধারণ করে, তখনই সন্তার সমগ্র ধাতৃতে অতিমানস-র্পান্তরের বিভূতি দেখা দের। আধারের সমস্ত বৃত্তিতে ধর্মে ও শক্তিতে তখন তার হিরণ্যদ্যতি সংক্রামিত হয়। অবশ্য জীবব্যক্তি এই র্পান্তরের নিমিত্ত এবং আদিক্ষেত্র। কিন্তু ব্যক্তিসত্ত্বের বিবিক্ত র্পান্তরই বিশ্বভাবনার পক্ষে পর্যাপ্ত নর, কিংবা সর্বতোভাবে হয়তো সাধ্যও নর। মন্ব্যত্বের বিবর্তনে জড় ও প্রাণের মধ্যে মননধ্মী চিত্তের অভিব্যক্তি হল একটা স্প্রতিষ্ঠ ব্যক্তশক্তির ক্লিয়ার্পে। অতিমানসী

চিতিশক্তিও বদি ঠিক এমনি করে প্রকৃতির মতালীলায় নিজেকে স্ফ্রারত করতে পারে এবং ব্যক্তিজীব যদি সে-স্ফ্রেপের স্চনাবাহী আদিবিন্দ্র হর, তবেই ব্যক্তির অতিমানস সিদ্ধি বিশ্বলীলার একটা শাশ্বত ও সার্থক বিভতি বলে গণ্য হবে। অর্থাৎ চিন্ময়-পরিণামের চরম সিদ্ধি ঘটবে এই মত্রা-ভূমিতে বিজ্ঞানঘন পরেষ ও বিজ্ঞানঘনা প্রকৃতির আবির্ভাবে। সমগ্র মর্ত্য-লোকে চিংশক্তির অতিমানসী বিভৃতির নিম্বক্ত প্রকাশ ও বিচ্ছারণ এবং সেই প্রকাশের অতিমানস আধারর পে চিন্ময় তন্ত্র দিব্য র পায়ণ-প্রকৃতপরিণামের এই হল চরম পর্ব। দৈহাচেতনারও পূর্ণ উদ্বোধন চাই, নইলে এই র্মাত-মানস নব-শক্তি ও নব-কল্পের বীর্যকে মর্ত্যভূমিতে ধারণ করবে কে? অধি-মানস বা বোধিমানসের দিব্যভাবনাকে আধারে নামিয়ে আনা যায় বটে—কিল্ত তার পাদপীঠরপে দৈহাচেতনাও যদি জ্যোতি ময় হয়ে না ওঠে, তাহলে দিব্য-ভাবনার দ্যাতি হবে অচিতির অনাদি পরিবেশে বিচ্ছারিত একটা ভাস্বর মন্ডলমাত্র এবং প্রকৃতির এই অন্তর্রাম্থিত রূপান্তরও অসমগ্র এবং অপ্রতিষ্ঠ হবে। অতিমানস যদি তার বিশ্বতোভাবী শক্তি নিয়ে স্বর্মাহমায় এই মত্য-ভূমিতে শাশ্বত প্রতিষ্ঠা পায়, তাহলে তাকেই আশ্রয় করে অধিমানস ও চিন্ময়-মানসের অব্যাহত চিন্ময় স্ফুরেণে এইখানেই চিন্ময় একটা অন্তরিক্ষ-লোক গড়ে উঠতে পারে। সে-লোক হবে মান যের জড়াগ্রিত প্রাণ ও মন হডে চিন্ময় অতিভূমি পর্যন্ত প্রসারিত একটা দিব্যচেতনার পরম্পরা। মানুষ ও তার মনোময় সত্তা সে-সোপানের অবম ধাপ হবে, কিন্তু তারপরেই উপরপানে স্প্রতিষ্ঠ সোপানরাজি স্তরে-স্তরে উঠে যাবে। মনোময় শ্রীরীর পক্ষে তারা আর অনধিগম্য থাকবে না। সাধনার পরিপাকে এই মনোবিগ্রহ পুরুষই শন্ধবিজ্ঞানের ভূমিতে আর্ঢ় হয়ে অতিমানস চিদ্ঘর্নবিগ্রহ পরেরুষে রূপানত-রিত হবে। এমনি করে মর্তাপ্রকৃতিতে ফার্রিত হবে দিবাজীবনের উদ্যত বীর্য'। তখন এই অবিদ্যা ও অচিতির জ্বনং তার গুহাহিত স্বর্পরহস্য খ'্জে পাবে--র্পায়ণের অবরপর্বেও থরে-থরে ফ্টেবে সেই চিন্ময় রহস্যের জ্যোতিম্য ব্যঞ্জনা।

সপ্তবিংশ অধ্যায়

বিজ্ঞানখন পুরুষ

অভূন, পারবেডবে পদ্থা ঝতসা সাধ্যা। অদশি বি প্রাতিদিবিং ॥

अटच्यम > 186 177

আবিভূতি হথেছে তমসার পারে যাবার তরে স্সাধ্য এক ঋতের পথ।
—ঋণেবদ (১।৪৬।১১)

ৰতং চিকিঃ ৰতমিচিকিংশ্যতস্য ধারা অনু ত্থিৰ প্ৰা:।

अटच्चम ७।১२।२

হে ঋত চেতন ঋতের চেতনা বহন কর—সীর্ণ কব ঋতেব বিচিত্র ধারা।
—ঋণ্ডেদ (৫।১২।২)

অংনীৰোমা চেতি তদ্ ৰীৰ্বং ৰাম্,...অবিন্দতং জ্যোতিরেকং বহুড়োঃ ॥

बारच्यम ১ । ১० । ८

হে অণিন, হে সোম, চিন্ময হল বীর্ষ তোমাদের; পেয়েছ তোমরা একটি জ্যোতি বহ_নব তরে।

--স্বাণেবদ (১।৯৩।৪)

এষা ব্যেনী ভৰতি দিববহাঁ। ৰুতস্য পশ্বামদেৰতি সাধু প্ৰজানতীৰ ন দিশো মিনাতি॥

बद्भवम ए । ४० । ४

শান্ত তন্ম তাঁর দিবধা তাঁর, বৈপল্লা—ঝতের পথে চলেছেন উয়া সিম্ধর্গতিতে প্রজ্ঞানীয় মত, তার দিক্সমূহকে করছেন না স্প্কৃচিত।

—ঝাণেবদ (৫।৮০।৪৫)

क्षर्य क्राप्तः शत्राण्य मञ्जूषा नारक भत्रामान्।

भर वम ७।५७।२

ঋত দিয়ে সর্বধারক ঋতকে ধরে আছে তাবা—যজ্ঞেব শক্তিক্টে, পরম বাোমে। —ঝংগ্রদ (৫।১৫।২)

অজীজনো অমৃত মতোধনা কতসা ধর্মায়মৃতসা চারুশ:।

SI 0 5 61 7 ME 318

अट्डन व अञ्जारका विवाद्द्य ब्राजा एमव अवः व्हर।

बटावम 2120818

জুন্মালে তুমি হে অম্ত, মড্যের মধ্যে—ফতের অম্তেব ও চার্তার ধর্মে।..
ক্ষত হতে জাত তিনি, ক্ষতের দ্বারা চলেছেন বিবৃদ্ধ হয়ে—বাজা তিনি, দেবতা
তিনি, তিনিই ক্ষত, তিনিই বৃহং।

—ঝণ্ডেদ (৯ 1550 18, 50 k lk)

এই মনের অধিমানস পরিণাম যেখানে অতিমানস পরিণামের উপাল্ডে এসে ঠেকেছে, মননের সাহায্যে সে-অলখের রাজ্যে পেশছবার মুখেই দেখি, প্রায় দুর্লাভ্যা এক বাধা আমাদের পথ আগলে রয়েছে। অবিদ্যার মধ্যে থেকেও মহাপ্রকৃতি যে অতিমানস বা শুম্ববিজ্ঞানময় পরিণামের তপস্যা করছে, আমরা

মনের ভাষায় তার একটা ছক, একটা স্ক্রুপণ্ট বিবৃত্তি চাই। কিন্তু অধিমানস-ভূমি হল লোকোত্তর মনের শেষ সীমা। তার ওপারে গেলেই মন চলে যায় ন মানস-প্রতায় এবং মানস-বিজ্ঞানের বৃত্তি ও ধৃতির এলাকা ছাড়িয়ে। অতি-মানস প্রকৃতি যে চিন্ময় প্রকৃতি ও চিন্ময় অনুভবের একটা পরম অভ্যুদয় ও সমাহরণের ক্ষেত্র হবে—তাতে কোনও সন্দেহ নাই। পরিণামশক্তির স্বাভাবিক প্রেরণাতেই এই ভূমিতে মূর্তাপ্রকৃতির পূর্ণাচন্ময় রূপান্তর ঘটবে— র্যাদও এই র পান্তরসাধনাই অতিমানসের একমাত্র বিভৃতি নয়। প্রকৃতি-পরিণামের এই পর্বে আমাদের মত্য অনুভবেরও গোলান্তর ঘটবে-তার দৈবী সম্পদের উদ্দ্যোতনায়, তার বৈকলা ও ছন্মরুপের প্রকাশবাাকুল উদ্মোচনে। তখন অমৃতসত্যের উচ্চল পূর্ণমহিমায় সে প্রভাষ্বর হবে। কিন্তু এসমুষ্টই অতিমানস অনুভবের রূপরেখা মাত্র-সে দিবা রূপাণ্ডরের কোনও বিশিষ্ট ধারণা এতে জন্মায় না। চিৎ বা আচিৎ সবারই প্রত্যক্ষ কল্পনা কি র পায়ণ চলে সাধারণত মনকে ধরে। কিন্তু শুন্ধবিজ্ঞানের ভূমিতে চিৎপরিণামের ধারা লোকাতীতের প্রান্তরেখা পার হয়ে যায়। তার ওপারে অনুভ্রেরে রাজ্যে চেতনার যে আমূল চরম-রূপান্তর ঘটে, তাকে তো মানস-প্রতায়ের মাপে মাপ। থায় না। তাই অতিমানস প্রকৃতিকে বোঝা কি তার বিবৃতি দেওয়া মননধর্মী চিত্তের পক্ষে একটা দঃসাধ্য ব্যাপাব।

মানস-প্রকৃতি ও মানস-ব্যাপারের ভিত্তি হল সাপ্তের চেতনা। আর অতি-মানস-প্রকৃতির ধাতৃ হল অনন্তের চিদ্বীয' দিয়ে গড়া। অতিমানস-প্রকৃতিতে অদৈবতদ্ঘি হল সহজ দূঘি। অথচ বৈচিত্রা ও বহুত্বের অল্ত নাই যেখানে। মন যেখানে অনপনেয় দ্বন্দ্ব ছাড়া কিছুই দেখতে পায় না, অতিমানসের সর্ব-সমন্বয়ী অনুভব সেখানে দেখে এককে। তার সংকল্প ভাবনা বেদনা চেতনা সমস্তই অশ্বৈতবোধের ধাতুতে গড়া এবং তারই উংস হতে উৎসারিত তার কর্মের প্রবৃত্তি। কিন্তু মনোময়-প্রকৃতির সকল ব্যাপারের প্রতিষ্ঠা খণ্ড-ব্তিতে--তার অথণ্ডের সাধনা জোড়াতাড়া দিয়ে, এমন-কি অশ্বৈতানভবের বেলাতেও তার প্রবৃত্তির মূলে শৈবতবাসনার সঞ্কোচ থেকে যায়। কিন্তু অতিমানসের প্রতিষ্ঠিত দিবাজীবনের উৎস হল দ্বতঃস্ফর্ত অদ্বৈতচেতনার অন্তরংগ অনুভব। ব্যাঘ্ট বা সমাঘ্ট জীবনে অতিমানসের কোন্ বিভৃতি রপোয়িত হবে আমাদের জীবনসাধনায় কি প্রাকৃত ব্যবহারে অতিমানস-র্পান্তরের কোন্ বীর্ষ স্ফ্রারত হবে তার কোনও প্রবাভাস **খ**র্টিয়ে পাওয়া মনের পক্ষে অসম্ভব। মন মেনে চলে ব্রুদ্ধির শাসন বা কৌশল. সংকল্পের যুক্তিসিন্ধ প্ররোচনা কিংবা নিজের কি প্রাণের কোনও প্রেতি। কিল্ড অতিমানস তো মনের কোনও ভাবনা কি প্রশাসন কিংবা কোনও অবর-শক্তির প্রবর্তনা মেনে চলে না। তার প্রতি পদক্ষেপে আছে চিন্ময় সহজ-দ্বিটর প্রেরণা, সম্বিট- ও ব্যব্টি-ভূতের মর্মসতোর সর্বগ্রাহী ও মুর্মাবগাহী

যথাযথ ধারণা। সর্বান্মাত ক্তৃতত্ত্বের অন্তর্প্য অন্ভব দিয়ে তার কর্ম নিয়ন্তিত হয়—মনের কোনও ভাবনা কি বিকল্প দিয়ে নয়, কিংবা ইন্দিয়-প্রতাক্ষ বা ব্যবহারের কাঁম্পত বিধানের 'পরে নির্ভার করে নয়। তাই তার বৃত্তি প্রশানত স্বপ্রতিষ্ঠ স্বতঃস্ফৃতি ও সাবলীল। আত্মসন্তার যে চিন্ময়-ধাতৃ মর্বগত অতএব আত্মভাবের সর্বাবগাহী প্রত্যয়ে স্বার সংখ্য যা অবিনা-ভত –সেই চিদ্বেস্তুর মর্মে-মর্মে অনুভত ঋতশ্ভরা তাদাখ্যভাবনাব সৌষম। হতে অতিমানসের বাত্তি <mark>অবন্ধা সংবেগের সহজছন্দে উৎসা</mark>রিত হয়। মনের ভাষায় অতিমানস-প্রকৃতির পরিচয় দিতে গেলে হয় তা হবে বস্তুতন্ত্র-হীন বাঙ্ময়মার, নতুবা অতিমানসের তত্ত্বপে হতে একান্ত বিজাতীয় কত-গর্নল মনোময় কল্পছবি। অতএব অতিমানস-প্ররুষের ক্রিয়া-মনুদার কোনও কল্পনা কি আভাস দেওয়া মনের সাধ্য নয়। কারণ এ অগম রাজ্যে মনের ভাবনা ও রূপায়ণী বৃত্তি কোনও-কিছুরই থই পায় না, বা তার নিখ'ত একটা সংজ্ঞা কি বিশেষণ দিতে পারে না—অতিমানস-প্রকৃতির প্রধর্ম ও প্রত্যক-দূর্ঘ্টি হতে মানস বৃত্তি এতই দুরে। অথচ মন আর অতিমানসে এই ব্যবধান আছে বলেই অধিমানস হতে অতিমানসে উত্তরায়ণের একটা ন্যায়ান্মিত সাধারণ বর্ণনা দেওয়া কিংবা অতিমানস-পরিণামের আদিপর্বের একটা অস্পন্ট আলেখ্য আঁকা নিতান্ত অসম্ভব নয়।

এই উত্তরায়ণের আদিপর্বে অতিমানস-বিজ্ঞান অধিমানসের নিকট হতে প্রকৃতি-পরিণামের নিয়ন্ত্রণভার নিজের হাতে নিয়ে নেয় এবং আধারে তার ম্বরূপবিভৃতির নিরংকুশ প্রচারের ভিত্তি গড়ে তোলে। তাই এ-উত্তরায়ণে দেখা দেয় দীর্ঘ-তপস্যার পর অবিদ্যা-পরিণামের কবল হতে নিম্বন্ত বিদ্যার নিত্যোপচীয়মান জ্যোতিতে <mark>চিন্ময়-পরিণামের স্বনিশ্চ</mark>ত জয়যারা। তব: মনে রাখতে হবে, এ কিন্তু 'সেব মহিদ্নি' প্রতিষ্ঠিত শূদ্ধ অতিমানস শক্তি ও সন্তার অতর্কিত আবিভাবে বা অর্থক্কিয়া কিংবা স্বয়ন্প্রজ্ঞ ও স্বতঃপূর্ণ ঋত-চিন্ময় সত্তার বিদ্যান্ময় বিসপ নয়। অতিমানসের নিত্যভাব ভবনের নিত্য-পরিণামী ব্যাকৃতিতে অবতীর্ণ ও আবিষ্ট হয়ে এই মর্ত্যপ্রকৃতিতেই তার বিজ্ঞানবিভৃতি উন্মীলিত করবে—এই হবে অতিমানস-পরিণামের ধারা। বস্তৃত সমস্ত মর্ত্যভাবনার এই রীতি। এই পূথিবীর ধ্লির আড়ালে গৃহা-হিত হয়ে আছেন এক অনন্ত প্রমার্থ-সং. ধীরে-ধীরে আপনাঞ্চ অভি-ব্যক্ত করে তলছেন তিনি তমশ্ছল্ল সংকীর্ণ অনচ্ছ অর্ধব্যাকৃতির পরম্পরায়। তাদের মধ্যে প্রকাশের আক্তি আছে. তব্ অপ্রতা ও ছন্ম-র্পায়ণের বিকৃতিতে সত্যকে তারা বিকৃত করছে। অথচ এই ব্যাহ্রতির ভিতর দিয়েই তিনি অর্ধান্তাস্বর আত্মরপোয়ণের উজ্ঞান বেয়ে চলেছেন। অবশেষে একদিন অতিমানস দ্যাতির অবতরণে এই অনালোকের গ্র-ঠন প্রচেতনার উল্লাসে র পাশ্চরিত হবে—এই ব্রন্থি পাথিব-পরিণামের পর্ম নিয়তি। অনাদি অতি-

মানসের অবতরণ আর উংসপী অতিমানস শক্তির উত্তরণ--অতিমানস-বিজ্ঞানের এই দুটি স্পন্দ এত অনায়াস যে তাতে কোনমতেই তার স্বরূপ-চ্যাতি ঘটতে পারেনা। অবিপ্লতে আত্মবিদ্যার সহজ্ঞপিতিতে ঋতচিন্মর জীবনকৈ প্রতিষ্ঠিত করে, আবার সেইসংগে এই প্রাকৃত প্রাণ-মন ও স্থালদেহকেও ওই জ্যোতিলোকে তলে নেওয়া--অতিমানস-বিজ্ঞানের পক্ষে এ তো অসম্ভব নয়। কেননা অতিমানস অন্ত সন্মাত্রেরই ঋত-চিং, অতএব অকণ্ঠ আত্মব্যাকৃতির অন্ত সামর্থা তার স্বভাবের একটা ছন্দ। সমুস্ত বিজ্ঞানকে নিজের মধ্যে ধারণ করেও, পরিণামের নিয়তি অনুসারে পর্বে-পর্বে তার আংশিক প্রকাশও সে ঘটাতে পারে। তাতে বিশ্বলীলায় ভাগবত সতাসংকল্পের স্বাতন্তা ফোটে. বিশেবর বিভাবনায় তার অণ্ডনিহিত স্বর প্রসমতোর প্রকাশ ঘটে। বিজ্ঞান-সংবরণের স্বাতন্ত্রাও অতিমানসের স্বর্পবিভৃতি। তাই নিজের স্বভাব ও স্বধর্মকে নিগ্রহিত করে সে ফোটায় অধিমানস চেতনা এবং তার প্রশাসনে বিধৃত এই অবিদ্যার ভূবন—যেখানে অবিদ্যার বহিরাবরণে দেবচ্ছায় নিজেকে গ্রাণ্ঠত করে স্বর্পসত্তা অজ্ঞানের ব্যাপক শাসন মেনে নেয়। কিন্তু প্রকৃতি-পরিণামের চরম পর্বে, পার্থিব-চেতনায় যখন অতিমানসের স্বরূপে অবতরণ ঘটবে, তখন অবিদ্যার এই গ্ল'ষ্ঠন খসে পড়বে, পরিণামের ধারা প্রতি মৃহ্তের্ এগিয়ে চলবে ঋত-চিতের জ্যোতির্ময় প্রশাসনে, প্রচেতনার প্রতি পর্বে থাকবে চিন্ময় বিদ্যাশক্তির অমোঘ পেরণা—অবিদ্যা বা অচিতির বিভ্রমকারী আবর্তন নয়।

আজপর্যন্ত প্রিবীতে মনোময় চেতনা ও শক্তির প্রতিষ্ঠা হয়েছে। মনোময় চিংশন্তিই এখানে মনোময় সত্তের একটা থাক গড়ে পাথিবপ্রকৃতির মধ্যে যা-কিছ্ব তার অন্কলে তাকে আত্মসাৎ করে চলেছে। এরপর এই মর্ত্য ভূমিতে এবার প্রতিষ্ঠিত হবে এক বিজ্ঞানঘন চেতনা এবং শক্তি। সে গড়ে তুলবে বিজ্ঞানঘনবিগ্রহ চিন্ময়-সত্তের একটা থাক এবং মত্যপ্রকৃতিতে এই দিবা র্পান্তরের অনুকূলে যা-কিছু আছে তা আপন করে নেবে। সেইসঙ্গে র্পান্তরের পর্বে-পর্বে তার পূর্ণকল জ্যোতি দ্রী ও শক্তিতে ঝলমল স্বধাম হতে সে নামিয়ে আনবে যা-কিছ্ব ওখান থেকে নামতে চায় এখানকার মূস্ময় আয়তনে। প্রকৃতি-পরিণামের প্রতি পর্বসন্ধিতে, আবহমান কাল একদিকে যেমন দেখা দিয়েছে অচিতিতে সংব্রু গ্রুচশক্তির একটা উৎক্ষেপ, আরেক দিকে তেমনি সেই শক্তির উত্তরাধাম হতে নেমে এসেছে তার সিম্ধবীর্ষের একটা প্রপাত। কিন্তু প্রাক্তন সমস্ত পর্বে ভূতাত্মার বহি<u>ন্</u>দেত<mark>না</mark> আর <mark>অধিচেতন</mark> আত্মার অধিচেতনার মধ্যে একটা ভাগাভাগি দেখা দিরৌছে। প্রের্ষের বাহিরটা নীচের থেকে অন্তঃশক্তির একটা উৎক্ষেপের প্রবেগে গড়ে উঠেছে—অন্তর্গ চু চিদ্বিভৃতিকে অচিতির ধীরে-ধীরে রূপায়িত করবার^{*}প্রয়াস হতে। <mark>আর</mark> অধিচেতনার নিমিতিতে এমনতর উৎক্ষেপের সঞ্গে-সংগে বিশেষ করে যোগ

দিয়েছে উপর হতে একই চিদ্বিভৃতির বৈপ্লোর একটা আদ্রব। মনোময় বা প্রাণময় পরেষের ভাবনা আধারের অধিচেতন ভাগে নেমে এসে তার নিগতে পীঠস্থানে থেকে বাইরে গড়ে তুলেছে প্রাণময় বা মনোময় একটা ব্যক্তিসত্ত। কিন্তু অতিমানস-র পান্তরের প্রাক্কালে আধারের মাঝে অধিচেতনা আর বহিন্দেতনার এই ব্যবধান ভেঙে পড়বে। শক্তিপাতের নিরঞ্জশ বীর্ষ যাগ-পৎ সমস্ত আধারকে অধিকার করবে, যবনিকার আড়াল থেকে কুণ্ঠিত হয়ে তাকে কাজ করতে হবে না। অতএব রূপান্তরের প্রবেগ আধারে একটা নিগ্রহিত আচ্ছন্ন দিবধাসঞ্চল প্রেরণার্পে অনুভূত হবে না—তার সহস্রদল মহিমার অকুণ্ঠ প্রকাশে সমগ্র আধার আত্মসচেতন হয়ে তার ছন্দোন্বর্তন করবে। এছাড়া আর-সব দিকে পরিণামের সাধারণ রীতির সঙ্গে এই র পান্তরের কোনও প্রভেদ থাকবে না। উপর থেকে অতিমানস-শক্তির নির্মার আসবে, এক বিজ্ঞানঘন-পরে,ষের অবতরণ হবে প্রকৃতিতে এবং নীচের থেকে অন্তর্গন্ত অতিমানস-শক্তিও উন্মীলিত হবে উপরপানে। আর এই শক্তিপাত ও উন্মীলনের যুক্তপ্রবেগে প্রকৃতিতে অবিদ্যার শেষ রেশটুকুও **মুছে** যাবে। চেতনার অচিতির প্রশাসন বলে তখন আর-কিছুই থাকবে না। কেননা যে-অন্তর্জ্যোতির বিপাল সংবিৎ এতকাল তার মধ্যে পিশ্চিত হয়ে ছিল, তার বিষ্ফোরণে অচিতি র পাশ্তরিত হবে তার নিত্যসিদ্ধ স্বর্পে—নিগ্র অতি-চেতনার জ্যোতিঃসিন্ধুরূপে। তার ফলে মত্যের বুকে রচিত হবে বিজ্ঞান-ঘন পরেষ-প্রকৃতির আদিপীঠ।

এই পূথিবীতে শুধু অতিমানস সতু প্রকৃতি ও জীবনের আবিভাবই এই দিব্য-পরিণামের একমার সাধ্য হবে না: সেইসঙ্গে উদয়নপথের প্রত্যেকটি পর্বকে সিন্ধর্মাহমায় সে ফ্রিটিয়ে তুলবে। তখন এই মর্ত্যজীবনের আয়তনে সে প্রতিষ্ঠিত করবে অধিমানস বোধিমানস প্রভৃতি চিন্ময়ী প্রকৃতি-শক্তির বিভূতির পরস্পরা, এই পার্থিব প্রকৃতির আয়তনে বিজ্ঞানঘন শক্তি আর দর্নাতর উৎসপী ধারা ও পরম্পরিত রূপায়ণে রচিত এক বিদ্যান্ময় সোপানমালা, এক চিদ্বীর্ষময় দেবজাতির ক্রমিক অভ্যুদয়। অবিদ্যায় কি অজ্ঞানে নয়—কিন্তু ঋতম্ভরা চেতনায় যার মর্মান্ল নিহিত, আমরা তাকেই শুম্পবিজ্ঞানের অনত-র্ভন্ত মনে করতে পারি। অতএব, মনের অবিদ্যাকে ছাড়িয়ে ওঠবার প্রস্তৃতি যাদের আছে, কিন্তু এখনও যাদের অতিমানস উত্তরণের আয়োজর্ন সম্পন্ন হয়নি, তারাও দেখতে পাবে তুর্যাতীতের পথে চিন্ময় সোপানের ওতপ্রোত পর-ম্পরায় তাদের পদক্ষেপের সানিশ্চিত ভিত্তি রচিত রয়েছে। তাকে ধরে আত্ম-রূপায়ণের মধাপর্বগর্নলকে আয়ত্ত করা এবং চিন্ময়-ন্থিতির সিন্ধ সামর্থাকে জীবনে মূর্ত করে তোলা তাদের পক্ষে আর অসাধ্য নয়। শুধু তা-ই নয়। প্রকৃতিপরিণামের নিয়ন্দ্রণের ভার যখন প্রমুক্ত অতিমানস জ্যোতিঃশক্তির প্রশাসনে এল তখন তার অমোঘ প্রভাব পরিণামের প্রত্যেক পর্বেই সম্বারিত

হবে। পরিণামের অবরপর্ব'গ**্লিভেও তখন শক্তিপাতজনিত একটা বিনিগমক** ও স্নিশ্চিত সত্ত্বোদ্রেক অন্ভূত হবে। অতিমানসের জ্যোতি ও শক্তির খানিকটা অন্তত প্রকৃতির সর্বত অনুষিক্ত হবে এবং তার অন্তর্গতে ঋতম্ভর। শক্তির মধ্যে উদ্ভতবীর্যের স্পণ্দন আনবে। তখন অবিদ্যাকর্বলিত জীবনেও ম্বরাট সৌষ্ম্যের একটা আ-ভাস দেখা দেবে। আৰু যেখানে বৈষ্ম্য, মুচ এষণা, সংঘর্ষের ঝঞ্জনা, পর্যায়ক্রমে উচ্ছনাস ও অবসাদের পর্যাকল আলোডন, অথবা অজ্ঞাত শক্তির মিশ্রণ ও সংঘাতজানত বিক্ষেপ—সেখানে অতিমানসের মাধসংবিৎ হতে ফাটবে আধারের সাম্ম অভাদয়ের একটা ঋতময় ছন্দ. প্রাণ ও চেতনার প্রগতিতে আসবে ঋতায়নের একটা স্পর্ণতর বাঞ্জনা, আরও উ'চ্ব সারে বাঁধা হবে মানাথের জীবনতত্ত। মানাথের চিত্তে বোধি ও সম বেদনার প্রকাশ হবে আরও নিবাধ, আত্মার ও সর্বভতের মর্মসত্যের অন্তব হবে আরও উজ্জ্বল জীবনের সুযোগ-দুর্যোগকে বুনে চলবার সামর্থ্য হবে দীপ্ততর। আজ যেখানে উপচীয়মান চেতনার সংগ্রে আচিতির, জ্যোতিঃশাক্তিব সংশ্যে তমঃশক্তির নিত্যসংঘর্ষের ফলে চিত্ত ব্যামিশ্রভাবের তাড়নায় বিক্ষাস্থ হয়ে আছে, সেখানে দেখা দেবে জ্যোতি হতে উত্তরজ্যোতির অভিযানে চিন্ময়-পরিণামের সহজ ছন্দ। তার প্রতি পর্বে আত্মসচেতন জীব অন্তরংগা চিং-শক্তির আহ্বানে সাড়া দেবে এবং তার আত্মপ্রকৃতির স্বধর্মকে উদ্যত এবং প্রসারিত করবে ওই প্রকৃতির উত্তর্রবিভৃতির সম্ভাব্যতার দিকে। প্রকৃতির পরিণামে অতিমানসের দিব্য বীর্য যদি প্রত্যক্ষ সঞ্চারিত হয়, তাহলে তার স্বাভাবিক বিপাকবশত এমনটি ঘটা খবে সম্ভব। অথচ তাতে পরিণামের আবহমান ধারার উচ্ছেদ হবে না. কেননা অতিমানসের মধ্যে তার জ্ঞানা-শক্তিকে নিব্তু কি স্তম্ভিত রাখবার অথবা তাকে অংশত কি পূর্ণত বিচ্ছুরিত করবার একটা সহজ স্বাতন্তা আছে। অতএব বীর্যসঞ্চোচন্বারা অবরপরিণামের ধারাকে সে পূর্বের মতই প্রবাহিত রাখবে, কিল্ত তার দুশ্চর ও ক্রিণ্ট তপস্যার মধ্যে নতন করে আনবে একটা সৌষমোর ছন্দ্র একটা অক্ষক্তে প্রশান্তির বীর্য একটা অনায়াস স্বাচ্ছদেশর তপ্তি।

অতিমানসের প্রকৃতিতে এমন একটা-কিছ্ আছে, যাতে সিম্ধপরিণামের এই বিপ্ল সম্ভাবনা কিছ্তেই ব্যাহত হবে না। এক অন্বৈতচেতনার সর্ব-সমাহারী মহাসৌষম্যের বোধ হল অতিমানসের ভিত্তি। প্রকৃতিপরিণামের ধারায় অবগাহন করে যথন সে অনন্তের বিভৃতিবৈচিত্যের মেলায় নেমে আসবে, তথনও ওই অন্বৈতভাবনার অনুবৃত্তিতে, বা অভ্যুসমুমাহার ও সৌষম্যসাধনার ছন্দে তার ছেদ পড়বে না। এইখানেই অতিমানসের সঙ্গে অধিমানসের প্রভেদ। বিচিত্র ও বহুমুখী ভব্যার্থের প্রত্যেক্টিকে অধিমানস স্বাতন্ত্রোর মর্যাদা দেয়। তার দর্ন বিরোধ ও বৈষম্য দেখা দিলৈও, বিরোধের ভিম্নদক্ত সে সংহত করে একটি অথন্ড বিশ্বভাবনার বৃত্তে, তাদের অজ্ঞান

ও র্থানচ্ছাসত্ত্বেও সমগ্রতার আপ্রেবেই তাদের স্বাতশ্রের সাধনাকে নিয়োজিত করে। এমনও বলতে পারি, অধিমানস বিরোধকে শাধা মেনে নেয় না, তাদের উস্কিয়েও দেয়। কিন্তু সেইসংগে তাদের অন্যোন্যনির্ভার হতেও সে বাধ্য করে। তাইতে অধিমানসী চেতনায়, অদৈবতের কেন্দ্রবিন্দ্র হতে বিকীর্ণ সত্তা চেতনা ও অনুভবের বহুমুখী রাশ্ম যেমন রুমেই দূর হতে দূরে অন্যোন।-বিশ্লিষ্ট হয়ে ছডিয়ে পড়ে. তেমনি আবার অশ্বৈতভাবনায় বিধাত থেকে আপন-আপন পথে তারা ৫ই অদৈবতের মধ্যবিন্দ্রতেই ফিরে আসে। আমাদের অবিদ্যাজগতেরও মর্মারহস্য এই। অচিতিকে আশ্রয় করে তার কাজ, কিন্তু স্বাধ-মানসের বিশ্বভাবনার সংবেগ তার মর্মে নিহিত। অবিদ্যাকবলিত জীব এই রহস্য জানে না বলেই তাকে তার কর্মযোগের সাধন করতে পারে না। এ-রহস্য কিন্ত অধিমানস-প্রেষের অগোচর থাক্বে না। কিন্ত তাহলেও তিনি হাদি-ম্বিত চিৎপরেষ বা দিব্য-পরেষের প্রেরণায়, তাঁর সারথ্যে বা নিগড়ে প্রশাসনে আত্মপ্রকৃতির বিশিষ্ট ধর্মকে অনুসরণ করবেন, স্বধর্ম ও স্বভাবের প্রতি নিষ্ঠার বশে প্রধ্মকে তিনি আপন পথে ছেডে দেবেন। তাই এই অধি-মানসা ভাবনা হতে যে-চিজ্জগতের সূচ্টি হবে, সে যেন আপন বিবিভ জ্যোতিতে জ্যোতিত্মান হয়ে জ্বলতে থাকবে—অবিদ্যার কর্হেলিকার মধ্যে সূর্য-বিশ্বের মত। কিন্তু অতিমানস বিজ্ঞানঘন-পূরে,ধের ধারা হবে স্বতন্ত। তার অন্তর্জাবিনের সংগ্রে বহিজাবিন বা সংঘজাবিনের কোনও ভেদ থাকবে না এক দৈবতহীন সৌধম্যের স্বতঃসংবিং ও বীর্যময় ভাবনার তাঁর সমস্ত ব্যবহার চিন্ময় হবে। শ্বে, তা-ই নয়। বর্তমান মনোময় জগতের অবশেষটাুকু অবিদ্যাতে যদি আচ্ছন্নও থাকে, তব্ তার সংগ তিনি দৈবতহীন সোধম্যেরই একটা নাড়ীর যোগ স্থাপন করবেন। তাঁর বিজ্ঞানঘন চেতনার দিবাদাখি তাব মধ্যে অবিদ্যার রূপায়ণে প্রচ্ছন্ন ঋতজ্যোতির স্ফারতা ও বৃহৎসামের ছন্দকে উন্মেষিত করবে। তাঁর দিব্যজীবনের লোকোত্তর বিস্থানিতে যে সতা ও সৌষম্যের বীর্ষ এবং যে বিজ্ঞানঘন-চেতনার মহিমা স্ফুরিত হয়েছে—তার সঙ্গে অবিদ্যার জগৎকে ঋতময় যোগে যুক্ত করা তাঁর পক্ষে যেমন অনায়াস হবে, তেমনি হবে তাঁর অভংগ-ভাবনার সম্পূর্ণ অনুকূল। অবশা জগতের প্রাকৃত জীবনে একটা তোলাপাড়া না করে এ-মহাসিদ্ধিকে এখানে নামিয়ে আনা সম্ভব হবে না। কিন্তু তব্ প্রকৃতিতে একটা নবশক্তির উন্সেখে এবং তার বিশ্বতোব্যাপী সংক্রমণে এমনিতর বিপ্লবও হবে খবে স্বাভাবিক। মত্র্য-ভূমিতে বিজ্ঞানঘন পরেষের আবিভাবে পার্থিব-প্রকৃতিতে এমনি করে দেখা দেবে আরও সূত্রম পরিণামের একটা অবন্ধ্য সূচনা।

চিদ্খনবিগ্রহ দেবজাতির প্রত্যেকটি প্রত্যুষ যে একই জাতির্পের আদর্শে একটিমার নির্দিষ্ট ছাঁচে ঢালা হবে. তা নয়। কারণ বৈচিত্যের মধ্যে অশৈবতের প্রাভিব্যান্ত হল অতিমানসের ধর্ম। অতএব বিজ্ঞানখন-চেতনার জ্যোতি- লোকে দেখা দেবে অনন্ত বৈচিত্তাের মেলা—অথচ অখন্ড-অপৈবতের ভাবনা হবে সে-চেতনার অধিষ্ঠান ও উপাদান, তার বিশ্বতোমুখী ব্যঞ্জনা ও সহস্রদল ঋতায়নের প্রযোজক। বলা বাহ,লা, চিন্ময়-পরিণামের এই অভিনব পর্বে অতিমানসের ত্রিপটে আপন স্বর্পে অভিব্যক্ত হবে। তার নিদেন তারই প্রশাসনে বিধৃত হয়ে ফুটবে অধিমানস ও বোধির বিজ্ঞানলোক—যারা উৎ স্পিণী চেতনার এই ভূমিতে পেণছেছে তাদের নিয়ে। শুশ্র্ধবিদ্যার উন্মেষের সংগ্র-সংগ্রে আবার অধিমানসের তুল্গতম শিখর হতে কেউ-কেউ উত্তীর্ণ হবেন অতিমানস-র পায়ণেরও ওপারে—এই দেহেই অদৈবতঘন আত্মোপলস্থির অনুত্রক্থিতিতে, যেখানে দিব্যবিস্থির জ্যোতিম খ বিভাবনার পরম ও চরম লীলায়ন। কিন্তু অতিমানস দেবজাতিতেও ব্যক্তিসত্তের স্ফুরণের বৈচিত্র্য ও তারতম্য অফ্রন্ত হবে। প্রত্যেক ব্যক্তি অপর ব্যক্তি হতে প্রথক হবে—শান্ত্র-সন্মাত্রের সে অনাপম রাপায়ণ বলে। অথচ তাদাস্মাবোধনিবিভ আত্মন্বরূপের ভাবনায় এবং স্বরূপতত্ত্বের সমতায় সবার সধ্গে সে একাত্মও হবে। মনোজগতের ভাব ও ভাষার দূর্বল রেখায় অস্পন্ট একটা ছবি একে এই অতিমানসন্থিতির একটা সামান্য-বিবৃতি দেবার চেন্টাই আমরা করতে পারি। বিজ্ঞানঘনপুরেষের জীবন্ত আলেখ্য আঁকতে পারে একমাত্র অতিমানস চেতনাই—মনশ্চেতনার পক্ষে শাধা তার একটা পাণ্ডুর রেখাচিত রচনা করাই সম্ভব ৷

শ**ু**শ্ববিজ্ঞানকে বলতে পারি চিংপুরুষের ক্রিয়াবীর্য—চিংসত্তার অবন্ধ। স্ফুরন্তার শ্রেষ্ঠ প্রকাশ। অতএব বিজ্ঞানঘন-পুরুষে হবে চিন্ময়-পুরুষের পরম পর্যবসান। তাঁর সকল ক্রিয়া-মুদ্রা ও ভাবনা-সাধনায় থাকবে বিশ্ব-তাঁর - আত্মসংবিতে ব্যাপী চিৎশক্তির বিরাট অভিবাঞ্জনা। আনন্দের অপরোক্ষ-অন্ভব, তাঁর অন্তর্জীবন তারই পূর্ণচ্ছটা। বিশ্বো-ত্তীর্ণ ও বিশ্বাত্মক চিদাত্মার তাদাত্ম্যান,ভবশ্বারা তাঁর সকল সত্তা জারিত। বিশ্বপ্রকৃতির 'পরে অন্তর্যামী চিন্ময় দিব্য-পুরুষের যে-প্রশাসন, তার প্রেরণায় তারই ছন্দে উৎসারিত তাঁর কর্মপ্রবৃত্তি। জীবনকে তিনি হ**ং**শয় পরমপ্রেয়ের আত্মপ্রকৃতির স্ফ্রেণর্পে দেখেন। তাই জীবনজোড়া সমস্ত ভাবনা বেদনা ও কর্মের মধ্যে তিনি ওই একটি পরম অর্থের সর্বতোমুখী বাঞ্জনা খ'জে পান-ওই-একটি ভাবই তাঁর জীবনসত্যের বনিয়াদ। চেতনার চক্রে-চক্রে, প্রাণশক্তির প্রতিটি স্পন্দে, দেহের প্রত্যেকটি কোষে তিনি অনুভব করেন পরে,ষোত্তমের দিব্য আবেশ। আত্মপ্রকৃতির প্রত্যেকটি প্রবৃত্তিতে তিনি পরমাপ্রকৃতির্পিণী বিশ্বজননীর লীলাবিভূতি দেখটে পান—এমন-কি তার প্রাকৃত সত্তা মায়েরই মহাশক্তির বিস্ফিট ও রূপায়ণ। এক **লোকো**ন্তর প্রমান্তির চিন্ময় উল্লাস উচ্ছল হয়ে উঠবে তাঁর জীবনে এবং কর্মে—চিদানন্দের পরিপূর্ণ উদেবলনে, বিশ্বাত্মভাবনার নিষ্কল নিবিড্ডায়, সর্বভতে পরিবাপ্ত

মৈত্রীর স্বত-উৎসারণে। সমস্ত জীব হবে তাঁর আত্মস্বরূপ, চিংশক্তির সকল লীলাবিভূতি অনুভূত হবে তাঁর আত্মচেতনার বিশ্বব্যাপী উল্লাসরপে। কিল্ড এই বিশ্বাত্মভাবনায় তাঁর কোনও অবরশক্তির দাস্য বা দ্ব-ভাবের প্রমস্ত্য হতে বিচ্নতি থাকবে না। কেননা, তাঁর অখন্ড সত্যভাবনায় বিশ্বের সকল সত্য মিলিত হয়ে বহুধাবাত্ত সোধমোর একটি পূর্ণশতদল রচনা করবে। কোনও সংঘর্ষ ব্যামিশ্রভাব উচ্ছ খলতা বা বিকৃতি সেখানে সূরসংগতির সমগ্র-তাকে খণ্ডিত করবে না। নিজের জীবন আর বিশেবর জীবন তাঁর কাছে হবে ষেন শিল্পনৈপ্রণ্যের একটি চরম চমংকার—যেন বহুংধাবিকল্পিত উপাদান হতে কোনু কবিক্তু বিশ্বকর্মার সহজঙ্গািষ্টর একটা অনবদ্য পরিচয়। বিজ্ঞান-ঘন-পরেষ ব্যক্তির পে জগতে থেকেও এবং জগতের হয়েও তার উধের্ব বিশ্বো-ভৌর্ণ স্বরূপচেতনায় নিত্য অধিরূচ থাকবেন। বিশ্বাত্মক হয়েও তিনি বিশেব নিম্ভি—ব্যক্তিত্বে পূর্ণব্যক্ত হয়েও বিবিক্ত ব্যক্তিভাবনার বাইরে। সত্যপ্রের্ষের সত্তা তো কোনও বিবিক্ত সত্তা নয়। তাঁর ব্যক্তিভাবনাও যে বিশ্বাত্মক, কেননা সমগ্র বিশ্বই যে তাঁর ব্যক্তিসত্ত্বে সম্পর্টিত। আবার তাঁর ব্যক্তিভাবনা যেন বিশেবাত্তর আন্তোর চিদাকাশে উৎসপিশী দিব্যভাবনার বিজ্ঞলী-ঝলক, যেন অস্তোত্তরণ ত্যারশ্ঞোর ধবলমহিমা—কেননা তাঁর ব্যক্তিভাবনায় বিশ্বোত্তীর্ণেরই ভাবসান্দ্র र्गीलिजित्स ।

জীবনরহস্যের কুণ্ডিকারপে যে তিনটি শব্তি আমাদের আধারে কাজ করছে, তার। হল জীবশক্তি বিশ্বশক্তি আর পরমার্থসতের স্বর্পশক্তি—যা জীব আর বিশ্বে অন্স্যুত হয়েও তাদের ছাড়িয়ে গেছে। বিজ্ঞানঘন-প্রেরের জীবনে এই তিনটি রহসাশন্তির পরম সামরস্য দেখা দেবে। জীবরূপে তিনি ষোড্শকল সিদ্ধপুর্য—পরম অভাদয় ও আত্মবিভাবনার সিদ্ধিতে আপ্তকাম চরম চর্যার ফলে তার সকল ব্তিই উংকর্ষের প্রতান্ত কোটিতে পেণছবে এবং এক সর্ব-সমঞ্জস ঔদার্যের পরিবেশে সমাহত হবে। আমাদের সমস্ত জীবন জাড়েই তো পর্ণতা ও সৌষম্যের সাধনা চলছে। অথচ সে-সাধনা বারবার ব্যাহত হয়ে আত্মপ্রকৃতির অশক্তি অপূর্ণতা ও বৈষম্যের অনুভবজনিত মর্মবেদনাই আনছে। তার কারণ, নিজেকে আমরা ভাল করে চিনি না—আমরা প্রোপ্ররি আত্মপ্রতিষ্ঠ ও প্রকৃতি-স্থ নই। তাই আমাদের সকল সত্তা পূর্ণতাহানির বৈকলো পীড়িত। কিন্তু অতিমানস শুর্ণেবিজ্ঞান এনে দেয় এক সর্বাবগাহী নিত্যজন্মিত আত্ম-জ্ঞানের নিটোল পূর্ণতা এবং তার সংশ্যে স্বপ্রতিষ্ঠ ঈশনার বিপাল সাম্থা— যা শুধু আমাদের আত্মপ্রকৃতিকে যে অবন্টব্ধ ও নিয়ন্তিত করে তা নয়. আমাদের আত্মমায়ার সম্ভূতিশক্তিকেও, পূর্ণপ্রকটিত করে। আত্মজ্ঞান তখন অনায়াসেই আত্মার সিন্ধ সভকদেপ রূপে ধরে এবং সে-সঙকদপ সার্থক হয় সিন্ধকৃতির অকুণ্ঠ বৈভবে। তার ফলে আত্মা স্বীয়া প্রকৃতিতেই নিরম্কশ স্বাচ্ছল্যে আত্মসম্ভতির পূর্ণবীর্ষকে ফ্টিয়ে তোলেন। বিজ্ঞানঘন-সত্তার অবরভূমিতে প্রকৃতির

বৈচিত্র্যশত আত্মার প্রকাশবৈভবে সঙ্কোচ দেখা দিতে পারে। দিবাভাবের সমগ্র মহিমা হতে বিচ্ছিন্ন করে, একটি দিক একটি ভাব কি ভাবৈদ্বর্যের একটিমাত্র সুষম সমাহারকে বিশেষ করে ফুটিয়ে তোলবার আকৃতিতে পূর্ণতার ভাবনা র্থান্ডত হতে পারে, অন্তহীন বৈচিত্ত্যে বিলাসত অদৈবতন্বরূপের বিশ্বভাবন বিভাতির একটিমান্ত চয়নিকা আধারে স্ফুরিত হতে পারে। কিন্তু অতিমানস ভূমিতে পূর্ণ তার্সিদ্ধির জন্য কোনও সঙ্গেচ প্রীকার করা একেবারেই অনাবশ্যক। সেখানে বৈচিত্ত্যের বিভাবনা চলে প্রকৃতির সঙ্কোচে নয়—কিন্তু পরমা প্রকৃতির বগৈ শ্বরের অফ্রেন্ত উল্লাসে। যুগনন্ধ পরেষ-প্রকৃতির অথণ্ড সামরস্য সেখানে উপচিত হয়ে ওঠে আত্মবিভাবনার অনুক্রবিচিত্র রসোদ গারে। কেননা প্রত্যেকটি পূর্ব্য সেখানে এক প্রমপূর্ব্যের অখণ্ড সৌষম্য ও তাদাখ্যভাবনার একটা নবীন ভাগ্গমা মাত্র। অতিমানস বিগ্রহে যে-কোনও মুহুর্তে যা আ-ভাসিত হল কি সন্তার গভীরে তিরোহিত রইল, তার প্রকাশ বা তিরোধান নির্ভার করবে আধারের শক্তি কি অশক্তির 'পরে নয়--কিন্তু আত্মস্বর্পের চিদ্বিলা-সের স্বাতন্দ্রোর 'পরে। স্বৈরাচারের অবন্ধন উল্লাস সেখানে আত্মর পায়ণের ভিত্তি। তার একদিকে রয়েছে রক্ষের ব্যক্তিভাবনার অবন্ধ্য প্রেতি ও আনদের সতাসংবেগ: আবার তাকেই আশ্রয় করে রয়েছে অথন্ডের সংগে সূর মিলিয়ে ব্যক্তিভাবের মধ্যে খণ্ডের সংকল্পিত সত্যকে ফর্টিয়ে তোলবার ঋতময় প্রেরণা। কারণ জীবত্বের পূর্ণেমহিমা স্ফুরিত হয় বৈশ্বানরপূরে,ষেরই সিম্ধভাবনাতে। বিশ্বাত্মভাবনায় বিশ্বকে আত্মসাৎ করে বিশ্বোত্তীর্ণের ভাবনায় তাকে যখন পার হয়ে যাই, তখনই আমাদের মধ্যে ফোটে অখণ্ড জীবত্বের চিন্ময় সহস্রদল। অতিমানস-পরেষ বিশ্বচেতনার আবেশে স্বাইকে তাঁর আত্মন্বরূপ বলে

অতিমানস-প্র্যুষ বিশ্বচেতনার আবেশে সবাইকে তরি আত্মন্বর্প বলে অন্ভব করেন। তাঁর কর্মেও এই অন্ভবের ছন্দ রণিত হয়। ব্যক্তি-আত্মার সংগ বিশ্বাত্মার পরম সৌষম্য নিত্যস্ফ্রিত হয় তাঁর জ্ঞানে, তাঁর ইচ্ছায় ফোটে বিরাটের সত্যসংকল্পের প্রেতি, তাঁর কর্মে বিশ্বকর্মের ঋতময় স্পন্দ। বিশ্বের সংগ ঠিকমত স্রুর মেলে না বলেই দ্বঃথে আমাদের বহি জাঁবিন জর্জারিত হয় এবং জাবিনের অন্দরমহলেও তার প্রতিক্রিয়া পেণছিয়। বিশ্বে সবাই আমাদের অচেনা, বস্তুর সমগ্র সত্যের সংগ তাল রেথে আমরা চলি না—বিশ্বের পরে আমাদের দাবি এবং আমাদের 'পরে বিশ্বের দাবির মধ্যে কোনও ছন্দ বা সংগতি খর্মজে পাই না। তাই দিনে-দিনে আত্মা আর বিশ্বের মধ্যে একটা দ্র্রহ বিরোধ ঘনিয়ে উঠেছে। মনে হয়, আত্মভাব আর বিশ্বভাব দ্যুয়ের থেকে মহানিজ্মণ ছাড়া এ-বিরোধের ব্রঝি কোনও সমাধান নাই। আমরা খ্রুছি আত্ম-প্রতিষ্ঠা এবং বিশ্বকে সে-প্রতিষ্ঠার বনিয়াদ করতে চাইছি। কিন্তু বিশ্ব এত বৃহৎ, আমাদের দেহ-প্রাণ-মনের আকাৎক্ষায় উদাসীন থেকে এমন ঝড়ের বেশে সে আপন লক্ষার দিকে ছুটে চলেছে যে, তার সংগে স্কৃষ্ণ মেলাব কেমন করে তা ব্রুতে পারি না। জানি না বিশ্বের গতি ও লক্ষার সংগে আমাদের গতি

ও লক্ষ্যের কোনও মিল আছে কি না। তাই মিল খ্রুজতে গিয়ে, হয় জোর করি বিশ্বকে কর্বালত করবার অক্ষম প্রয়াসে, নয়তো বিশ্বের শ্বারা কর্বালত হবার নিম্ফল আজােশে আমাদের দিন কেটে যায়। অথবা হয়তো ব্যক্তির একার নিয়তির সঙেগ বিশ্বের গোপন আক্তির একটা সামঞ্জস্য ঘটাতে গিয়ে দিনেদিনে অসামঞ্জস্যের যত জঞ্জাল স্ত্পাকার করে তুলি। কিস্তু বিশ্বচেতন অতিমানসপ্রয়্যে আজভাব আর বিশ্বভাবে কোনও বিরোধ নাই—কেননা তাঁর মধ্যে তো অহস্তার সঙ্গেচ নাই। তাঁর অহং বিশ্বব্যাপ্ত, অতএব বিশ্বশন্তির সপদ্দ ও ব্যঞ্জনাকে তিনি তাঁর আত্মশন্তির লীলায়নর্পে অন্তব্ব করেন। তাই জীবনের প্রতি পদক্ষেপে সমন্টির সঙেগ ব্যক্তির সত্য সম্পর্কটি তাঁর ঋতিচিময়াঁ দ্র্যির দ্বীপ্তিতে উজ্জ্বল হয়ে ওঠে এবং সে-সম্পর্ককে সভাভাবনার আমোঘসিন্ধিতে স্ফ্রেরত করবার সামথ্যেও তাঁর অকুন্ঠিত থাকে।

বৃহত্ত জীব ও বিশ্ব বিশ্বোত্তীর্ণ প্রমার্থসতের অন্যোন্যাগ্রিত যুক্ম-যদিও অবিদ্যাশাসিত জগতে এ-দুইযের মধ্যে বিবোধ ও অসংগতি লেগেই আছে, তব্ৰুও একটা সূৰ্বসমূৰ্বয়ী সতোৱ বন্ধনত যে তাদের মধ্যে আছে --একথাও অনন্বীকার্য। আমাদের অন্ধ অহমিকা সর্বত্র আত্মাকে প্রতিষ্ঠিত না করে নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় বলেই দুইয়ের সত্যযোগের সূত্রটি আমরা খুজৈ পাই না। কিন্তু এই সূত্রটি আছে অতিমানস চেতনায়--তার দৈবী সম্পদের স্বাভাবিক সম্পয়ের অন্তর্ভুক্ত হয়ে। কারণ অতিমানসই বিশ্বের সকল সম্বন্ধের নিয়ন্তা, এবং বিশ্বোত্তীর্ণের স্বর্পশক্তি বলে তার সে-নিয়মনও দ্ব-তন্দ্র ও নির্ভক্ষ। মনোময়-চেতনায় বিশ্বচেতনার আবেশে অহংভাব অভিভূত হয়ে তরীরের সংবিতেও যদি স্ফারিত হয়, তবা বিশ্ব ও জীবের অন্যোনা-বন্দের একটা সার্থক সমাধান না-ও দেখা দিতে পারে। কেননা চিদ্বাসিত চিত্তের বিমন্ত্রিতেও ব্যাবহারিক জীবনে বিশ্বগত-অবিদ্যার ঘোর কাটিয়ে ওঠা সম্ভব হয় না—একমাত্র মনোবাঁর্য দিয়ে অবিদ্যাকে অভিভৃত করা সম্ভব নর বলেই। কিন্তু অতিমানস চেতনা শুধু নিষ্টির জ্ঞানশক্তি নয়। তার মধ্যে আছে কবিক্রতর দিব্য ঐশ্বর্য --আছে বিশ্বোত্তীর্ণের 'ঋতংক্যোতিঃ'। অতএব অবিদ্যার পূর্ণর পাশ্তর-সাধনের বীর্যও তার আছে। অতিমানস-পূর্বে আছে বিশ্বাত্ম-ভাবের অন্বয়-অনুভব-কিন্তু তাবলে তাঁর মধ্যে অবর রূপায়ণে অতিষক্ত বিশ্ব-প্রকৃতির অবিদ্যাশস্থির বন্ধন নাই। বরং অবিদ্যার 'পরে ঋতন্ভরা প্রজ্ঞার অমোঘ প্রবর্তানাকে সন্ধারিত করবার সামথ্যবি তাঁর আছে। অতএব বিজ্ঞানঘন-বিগ্রহ অতিমানস অতিমানবে ফ্টেবে বিশ্বরূপে আত্মরূপায়ণের উদার মহিমা— ফ্টবে বিশ্বাত্মভাবের সর্বাবগাহী অনুত্তর ছন্দঃস্ক্মা।

অতিমানস-প্রেষের অমৃতসন্তায় হিজ্লোলিত হবে অথণ্ড-চিণ্ময় সন্তার বহুভাগ্যম বিচিত্রবীর্ষের ঋতময় বিচ্ছুরণ—অধ্বৈতের বহুভাবনার আনন্দ-আন্দোলন। বিজ্ঞানীর জীবন হবে চিংসন্তার সতাসম্ভতির আনন্দচ্ছটা। তাঁর

গতি-প্রকৃতিতে চিন্ময় সত্যের সঙ্গে জড়িয়ে থাকবে চিন্ময় আনন্দ—সং-চিং-আনন্দস্বরূপের ঘর্নবিগ্রহ হবে তাঁর আত্মপ্রতিমা, তাঁর আত্মপ্রতিষ্ঠার প্রতীক। অবিদ্যাকর্বালত জ্বীবও ব্রহ্মন্বরূপ, কিন্তু তার আত্মপ্রতিষ্ঠার ধারা স্বতন্ত্র। সে অহংসব'স্ব, বিবিক্তব্ত, অপরের আত্মপ্রতিষ্ঠার দাবির প্রতি অমনোযোগী উদাসীন বা বিদ্বিষ্ট। কিল্ত অতিমানস-পরেষ তাদাঘ্যবোধে সবার সংগে যোগযক্তে তাই আত্ম-পরের ভেদ তাঁর মধ্যে নাই। চিৎপ্বরূপের আনন্দব্যঞ্জন। দ্বকীয় আধারে তাঁর যতখানি কাম্য পরকীয় আধারেও তা-ই, বিশ্বের আনন্দ তার অন্তরে উথলে উঠে অমোঘবীয়ে সন্ধারিত হয় সবার নাডীতে-নাড়ীতে. সবার উদ্বেল আনন্দে সার্থক হয় তাঁর স্বর্পান্দের উপচয়। মৃত্তপুরুষ পরের স্থে-দুঃখকে আপন করে নেন তিনি 'সর্বভূতহিতে রতঃ'—এমন কথা আমরা শনেছি। অতিমানস-পরেষকে বিশ্বজনীন হতে গিয়ে আত্মবিলোপের সাধনা করতে হবে না কেননা বিশ্বজনীনতার সাধনা যে তাঁর আত্মসম্পতির স্বভাবযোগ, ঘটে-ঘটে সেই এককেই উপচে তোলবার অতন্দ্র রত। তার মধ্যে তো আত্মহিত ও পরহিতে কোনও বিরোধ কি সংঘর্ষের সম্ভাবনা নাই। বিশেবন সংখ্য সমবেদনায় এক হতে গিয়ে অবিদ্যাকর্বলিত জীবের সূখদুঃখকে আপন করে নেবার বিশিষ্ট সাধনা তাঁকে করতে হবে না. কেননা বিশ্ববেদনার অনুভতি যে তার অন্তরংগ স্বর্পান্ভিতির অংগীভূত, অতএব ব্যক্তিচেতনায় বিবিন্ত-ভাবে সাখ-দঃখের অবরকোটিকৈ ভোগ করবার প্রয়োজন বা সার্থকিতা এক্ষেত্রে কোথায় ? যে-বেদনাবোধ তাঁর স্বর্পান,ভবের কৃষ্ণিগত, তাকে অতিক্রম করেও নীলকপ্রের মহিমায় তিনি বিরাজিত—আর এই মহিমার বীর্যেই তিনি জগতের শরণ এবং সূহে । তাঁর বিশ্বব্যাপী সাধনা ও ভাবনা তাঁর স্বর্পেরই স্বতঃ-ম্ফুর্ত ব্যঞ্জনা—চিন্ময় দ্বয়মভাবের আনন্দ-উদ্বেলন। তার মধ্যে সংকীর্ণ অহং বা বাসনার স্থান নাই, ক্ষুদ্র অহং কি কামনার তপ্রণের সূখ বা ব্যর্থতার বেদনা নাই। এই প্রাকৃত আধারের সংকীর্ণ পরিসরে আপেক্ষিক ও পরতন্ত হর্ষশোকের যে অতর্কিত আলোডন বিক্ষাস্থ হয়ে ওঠে, তাঁর চেতনাকে তা পর্শাও করে না-কেননা এ-বিক্ষোভ অবিদ্যাক্রিষ্ট অহন্তার ধর্ম, চিৎস্বরূপের ঋতভং স্বাতশ্রোর সধ্গে তার কোনও সম্পর্কই নাই।

বিজ্ঞানঘন-পর্ব্য বস্তৃতই সভ্যসংকলপ। সত্যজ্ঞানদ্বারা উদ্ভাসিত এবং অমোঘসিদ্ধির সামথ্যে অনুপ্রাণিত তাঁর সংকলপ—অতএব যা দ্বর্ঘট বা অসম্ভাবিত, তার স্থান তাঁর সংকলেপ নাই, কেননা তাঁর কর্ম তো অবিদ্যার কর্ম নর। আবার তাঁর কর্মযোগে ফলের আকাৎক্ষা বা পরিশামের ভাবনাও নাই। তাঁর মধ্যে আত্মসন্তার স্ফ্রেরডা ধরে সহজ কর্মের র্মা, তাই তাঁর আনন্দ চিং-সন্তার স্বভাবস্থিতিতে, চিংসন্তার সর্বপ্রক কর্মস্পন্দে, চিংসন্তার নির্প্তান রুমেন্ত্রানির বিশ্বোত্তীর্ণ স্থাণ্টেতনায় যেমন তিন্দি নিত্য আপ্তকাম এবং সর্বাধার তেমনি বিশ্বে লীলায়িত জ্ঞগ্যচেতনায় তিনি স্বাতন্দ্যে উচ্ছেশ—

কর্মের নর্মবিলাসের প্রতি পর্বে ফুটে ওঠে তাঁর আত্মসম্পূর্তির আনন্দ। তাঁর বিশ্বতশ্চক্ষর দুর্শিতে কমের আদি-অন্ত সকলই ভাসছে বলে, তার প্রত্যেকটি পর্বের অর্থকে তিনি জ্যোতির্ময় সমগ্রভাবনার সংগ্র যুক্ত দেখতে পান। অতএব কর্মক্ষেত্রে তাঁর প্রতি পদক্ষেপ হয় অন্তদ্রিত্তর আনন্দদ্যোতনায় সমুজ্জ্বল। এমান করে সমগ্রদর্শনের রুসে নিতাসঞ্জীবিত হয়ে কর্ম করাই অতিমানস-চেতনার বিশেষত্ব—তার মধ্যে অবিদ্যার অন্ধতাড়নায় উদ্দ্রান্ত হয়ে অজানার পথে পা-বাডানোর ক্রিণ্টতা নাই। সমগ্রবোধের ভাস্বর চেতনায় বিজ্ঞানী প্রের্ষ যেমন সন্তার স্বরূপিস্থিতিতে তেমনি তার পরিস্পলেও পূর্ণ এবং আপ্তকাম। অতএব তাঁর গতিতে ক্রমাভিসারী খণ্ডিতচেতনার কৃণ্ঠিত প্রচার নাই—আছে প্রতি পদ-ক্ষেপে সমগ্রভাবনার সহস্রদল পূর্ণতার দিগন্তলীন বাঞ্জনা। বিজ্ঞানীর সন্তায় এবং আনন্দে বিশ্বশ্ভর বিরাটের সন্তা ও আনন্দের উচ্ছলন আছে. অতএব জীবনের প্রতিটি বিবিত্ত স্পন্দে তাঁর মধ্যে বিশ্বচেতনার সমগ্র-বিপালতার দ্যাতি স্ফুরিত হয়। তাঁর কোনও ব্রত্তিতেই খণ্ডিত স্বান্ভবের কুণ্ঠা অথবা পরাহত প্রব্র পানন্দের ছিল্ল সূরে নাই—কিন্তু আছে অখণ্ড সদ্ভাবের সমগ্র পরিস্পন্দের সংবেদন, অখণ্ড আনন্দ-স্বরূপের আপ্রেমাণ উচ্ছলতা। বিজ্ঞানঘন-প্রেষের যে-বিজ্ঞান অনায়াস কর্মে র পায়িত হয়, তা অবিদ্যাবাসিত মনের কম্পনা নয়-কিন্তু অতিমানসের সে সত্যভাবনা বা সদ্ভূত-বিজ্ঞান, পরা-সংবিতের স্বর্প-জ্যোতির বিচ্ছারণ। অতএব তাঁর বিজ্ঞানে ব্রন্মের স্বয়স্ভূভাব ও পরিভূভাবনার ষোড়শকল স্বয়ংজ্যোতি অজস্রধারায় উছলে পড়ে, তাঁর প্রতিটি কর্ম এবং প্রবৃত্তিকে আপুরিত করে সেই দিব্যজোতির স্বয়ম্ভাবের অথণ্ড-নির্মাল আনন্দসংবিং। কারণ, যে আনন্তোর চেতনায় তাদাত্ম্য-বিজ্ঞানের স্বরসবাহী প্রতায় অবিনাভূত হয়ে আছে, তার প্রত্যেকটি বিশিষ্ট ব্রত্তিতে স্ফর্রিত হয় 'একমেবা দ্বিতীয়ম্'-এর আনন্দময় অন্ভব--প্রতিটি সান্তের সংবেদনে জাগে অনন্তের স্বর্পবিভূতির উল্লাস।

বিজ্ঞানঘন-চেতনার আবির্ভাবে আমাদের জাগতিক চেতনায় ও জাগতিক বাবহারে অভিনব একটা রুপান্তর দেখা দেয়। সে যে আমাদের অন্তর্জ গংকেই দিব্যসংবিতের বীর্ষে অনুবিস্ত করে তা নয়—তার বৈদ্যতী আমাদের বহিশ্চতনা ও জগংবোধকেও আক্ষাত করে। অবিপ্রত চিংসন্তার বীর্ষময় অনুভবে জারিত ও সমাহত হয়ে অন্তর-বাহির দুইই তখন এক নতুন ছাঁচে গড়ে ওঠে। এই রুপান্তরে আমাদের চিরাভ্যুস্ত জীবনধারার আম্ল বিপর্যয় ঘটে—তার অন্তর্গ ছি অভীম্পার ফল্গুপ্রবাহে চিরপ্রত্যামিত সিন্ধির বিপ্লে প্লাবন নামে। বস্তুত আমরা একটা দোটানার মধ্যে আছি। আমাদের একদিকে জড় ও প্রাণের বহিন্ধগং—আজপর্যন্ত সে-ই আমাদের গড়ে এসেছে। আবার আরেক দিকে রয়েছে উলিম্বন্ত চিংশন্তির আকর্ষণ—তারই ইশারায় জগংকে আমাদের নতুন করে গড়তে হবে। তাই আমাদের জীবন জ্বড়ে রয়েছে প্রাণশন্তি ও জড়ের

কাছে অসহায় আত্মসমর্পণ এবং তাদের বিরুদেধ উদ্যত বিদ্রোহের একটা শ্বন্দ্র। আত্মপ্রতিষ্ঠার স্বাতন্ত্য আমাদের প্রথম থেকেই ফোটে না। প্রথমত বহিঃ-প্রকৃতির অভিঘাতে সাডা দিতে গিয়ে আমরা অন্তরে একটা মনের জগৎ গড়ে ত্রিল—যদিও এই জগৎ-গড়ায় আমাদের স্বাতন্ত্র্য থাকে খুবই কম। অধিকাংশ মানুষের জীবন পরিবেশ ও বহিঃপ্রকৃতির দেওয়া আঘাতের প্রতিক্রিয়ায় যতটা ব্বেপ নেয়, স্ব-তন্ত্র ব্রুদ্ধি বা জীবচেতনার জাগ্রত অভীপ্সার সংবেগে ততটা নয়। কিন্ত এর মধ্যেই আমাদের অধ্যাত্মপ্রগতির লক্ষ্য থাকে—অন্তর্যামীর দিবাজ্ঞান ও দিবাসামধ্যকৈই ব্যাবহারিক জীবনের বাহ্যপরিবেশে নিজের স্বভাবছন্দে মূর্ত করা। অন্তর্যামীর এই সাধনার পূর্ণসিদ্ধি ঘটে বিজ্ঞানঘন প্রকৃতির আবির্ভাবে। তখন অন্তরের সিদ্ধসত্তাই জ্যোতি ও শক্তির পূর্ণবিগ্রহে বহিজীবিনে র্পায়িত হয়। এই হল বিজ্ঞানঘন প্রেবের জীবনায়ন। জড় ও প্রাণের জগংকে তিনি অংগীকার করেন বটে, কিন্তু সত্যপ্রতিষ্ঠার বীর্যে তাঁর আত্ম-বিভাবনার অনুকূলে তাদের অভিনব রূপান্তর ঘটান। জীবন তাঁর কাছে চিন্ময় স্ব-ভাবের মূত বিগ্রহ, কেননা চিন্ময় স্বাণ্টর সিদ্ধি তাঁর করায়ত্ত– সা**য**ুজ্যের আবেশহেত অন্তর্যামীর সিস্ক্লার সংখ্য তাঁর নিত্যযোগ রয়েছে। এমনি করে বাইরে-ভিতরে নিজের জীবনকে চিন্ময় করে তোলবার সিম্পিতে তাঁর মধ্যে ফোটে দিব্যস্ভির প্রথম ছন্দ। এই শক্তিই আবার বিসপিত হয় বিজ্ঞানঘন সংঘজীবনের চেতনাতে। দিবাসংঘে চেতনার সঙ্গে চেতনার নিবিড যোগে এক অখন্ড বিজ্ঞানঘন চিংসত্তা ও পরমা প্রকৃতির উল্লাস স্ফ্রারত হয়। সমগ্র সংঘের বিগ্রহে তারই আত্মন্বরূপ এবং আত্মবীর্যের সার্থক রূপায়ণ।

অধ্যাত্মজীবনের প্রত্যেক পর্বে গৃহাশায়ী হবার প্রয়োজনটা সবার বড়।
চিন্ময় মান্মকে সবসময় নিজের মধ্যে ড্বতে হয়। অবিদ্যার জগৎ সহজ
র্পান্তরের বিরোধী বলে তার তামস-শক্তির অতর্কিত আক্রমণ ও ছোঁয়াচ
বাঁচিয়ে তাঁকে যেন কতকটা প্রক থাকতে হয়। তাই সংসারে থেকেও যেন তিনি
তার বাইরে। সংসারে শক্তিসণ্ডার করতে হলেও তিনি তা করেন অন্তরের চিন্ময়ভাবনার দ্বর্গে থেকে—যেখানে চেতনার মাণকোঠায় জীব ও শিবের য়্বয়নদ্ধ
সামরস্যের গশ্ভীরাতে পরম-সন্মারের সঙ্গো তাঁর সন্তা অবিনাভূত। কিন্তু
বিজ্ঞানঘন জীবন এমন অন্তরাব্ত্ত হলেও তার মধ্যে অন্তরে-বাইরে বা আত্মাঅনাত্মায় বিরোধের কোনও ছায়া থাকবে না। অন্তরের নিবিড়তম গহনে তাঁর
সঙ্গে একা-একা এক হয়ে থাকা, শাশ্বত-সদ্ভাবে সমাপয় হয়ে আনন্ত্যের
অতলগভীরে নিঃশেষে তলিয়ে যাওয়া, তার লোকোত্মর রহস্যের তুৎগাশিথরে
জ্যোতির্ময় অতলান্তে স্বচ্ছন্দে অবগাহন করা—এ-সমস্তই হবে বিজ্ঞানঘনপ্রেবের সহজ সিন্ধি। বাইরের কোনও বিক্ষোভ কি অভিঘাত তাঁর সেগশ্ভীরায় পেছবেন না, তাঁকে স্বমহিমার তুৎগতা হতে নামিয়ে আনবে না—
তাঁর কর্ম পরিবেশ বা জগৎ কিছুই তাঁকে বিচলিত করবে না। তাঁর জীবনে

এই হল বিবেকসিদ্ধির লোকোত্তর মহিমা--এ না হলে তাঁর মুক্তম্বরূপের সম্যক স্ফর্নতি হয় না। জগৎ-প্রকৃতির সধ্গে অবিবেকবশত যে তাদাজ্যের অনুভব, ত। আনে বন্ধনের সংকীর্ণতা, প্রমান্ত তাদাখাভাবনার উল্লাস নয়।...কিন্ত ভাবের দিক দিয়ে বিজ্ঞানঘন-পরেয়ের এই অন্তঃশীল সায়জ্যভাবনাই আবার **ভাটবে প্রম্পরে, যের প্রাতি ও রতির র পে এবং আধারে উপ্চায়্মান সে প্রেম** ও আনন্দ ছডিয়ে পড়বে জড়িয়ে ধরবে বিশ্বজগৎকে। হাংশয় পরে,যোত্তমের সুগভীর প্রশান্তি বিজ্ঞানীর বিশ্বানভেবে সর্বগত সমদর্শনের অবিচল প্রত্যয়ে প্রকটিত হবে। অথচ তার মধ্যে নিষ্ক্রিয় উদাসীনোর স্তব্ধতা থাকবে না, থাকবে আত্মসমাহিত বীর্ষের স্ফুরব্রা। তাদাত্মভাবনা হতে জাত তাঁর স্বচ্ছন্দ প্রশানত ব্যহিতা তাই যা-কিছুর সংস্পশে^ৰ আসবে তাকেই অভিভূত করবে, যে-কেউ তাতে অবগাহন ব্রুবে সে-ই হবে শান্ত ও অচণ্ডল—তাঁর অধ্যাষিত জগতের সর্বত্র পরিব্যাপ্ত হবে ওই অক্ষোভ্য প্রশান্তির অন্তিব্ত্নীয় প্রশাসন। অন্ত গর্বত তাদাম্ব্য ও সায়,জ্যের ভাবনা হতে তাঁর কর্মের প্রেরণা এবং ব্যাবহারিক জীবনের ছন্দ উৎসারিত হবে। তাই তাঁর কাছে অনাত্মীয় বলে কেউ থাকবে না সবাই হবে তাঁর আত্মস্বরূপ, তাঁর অদ্বৈতসন্তার তরংগভংগ, তাঁর বিশ্বাত্মভাবনার চিন্ময় বিলাস। এই চিন্ময় প্রতিষ্ঠা ও স্বাতক্রোর আনন্দে নিত্য উল্লাসত থাকেন বলে নিখিল বিশ্বকে বুকে তুলে নিয়েও তিনি আত্মারাম, শিবস্বরূপ---অবিদ্যার জগতে নেমে এলেও তিনি 'শুম্বম্ অপাপবিশ্বম্'।

বিজ্ঞানঘন-পুরুষের মধ্যে বিশ্বাঝান্তব ফুটবে আঝসমাহিত বিন্দু-চেতনায়—এই তাঁর প্রাকৃত রূপ। এই রূপে তিনি বিশ্বের একজন। **কিন্ত** যুগপৎ সেই অনুভবই আবার অশৈবতবাসিত আত্মবিচ্ছারণের যোগেশ্বর্ষে নিজের মধ্যেই অনায়াসে বহন করবে নিখিল বিশেবর ভূতগ্রামকে। এই আত্ম প্রসার শ্ব্ধ্ একাশ্বতার নিবিশেষ অনুভব অথবা ধ্যানচেতনার শ্বারা বিশ্ব-বৈচিত্ত্যের অশ্বৈতবাসিত আম্বাদনমাত্র নয়। তার হৃদয়ের বেদনায়, ইন্দ্রিয়ের সংবেদনে এমন-কি দৈহ্যচেতনার নিবিডতা দিয়ে বিজ্ঞানঘন-পূর্ম স্বার মধ্যে নিজেকে ছড়িয়ে দেবার প্রমান্ত সংবিৎ অন্যভব করেন। বিশ্বাত্মভাবনায় জারিত তাঁর চেতনা বেদনা ও সংবিং যা-কিছা পরাক-বত্ত তাকেই প্রত্যক্ত অনাভবেব অগ্ণীভত করবে এবং তা-ই দিয়ে ঘটে-ঘটে তিনি পাবেন সেই পরেষোত্তমেরই আ-ভাস অনুভব দর্শন শ্রবণ ও স্পর্শন। তার আত্মসন্তার বিরাট সায়রে নিখিলের চিত্তস্পন্দ অগণিত বীচিভণেগ হিস্লোলিত হবে—তাঁর চেতনা বেদনা ও সংবিতে নিত্য অপরোক্ষ হবে বিশ্বহৃদয়ের সকল স্পন্দন। শুধ্ব বাইরের জীবন দিয়ে নয়, অন্তজনীবনের নিবিড যোগেও তিনি বিশেবর সংগ্রে যুত্ত থাকবেন। বাহ্যসন্মিকর্ষ দিয়েই যে জগতের এই বহিরণ্গ র পকে তিনি স্পর্শ করবেন, তা নয়-অন্তর্যোগে সর্বভূতের অন্তরাম্মার সংগও তিনি হবেন নিতাব, ত্ত্ব। সর্বাভতের অন্তরে-বাইরে প্রাণচেতনার যে-স্পন্দন, তার প্রত্যেকটি

তাঁরও চেতনায় রণিত হবে। অন্তর্যামির্পে তিনি জাঁবহ্দয়ের সকল রহস্যের বেক্তা—বে-রহস্য তাদের প্রাকৃত-বৃদ্ধির অগোচর। নিখিলের ভাবগ্রাহী বলে সবার তিনি শাস্তা শরণ এবং সৃহহ্ং—তাদাঘ্যভাবনায় সবার সঙ্গে এক, অথচ সবার সংস্পর্শে এসেও স্ব-তন্ত্র ও নির্বিকার। তাঁর শক্তি জগতে চিন্ময় ভাবনার নিগ্রে বীর্যা নিয়ে কাজ করবে। তাঁর অতিমানস সিম্প্রচেতনার ভাবরাশি চিন্ময় প্রাণসংবেগে বিশ্বে র্পায়িত হবে সবার অগোচরে। তাঁর অনুক্রায়ত মধ্যমা বাক্, তাঁর হ্দয়ের অবন্ধ্য আকৃতি, তাঁর অমরপ্রাণের অপরাজিত বৈদ্যুতী, তাঁর সর্বাঘ্যভাবের অকৃত্ঠ বীর্যা সবার মধ্যে অনুবিশ্ব ও পরিব্যাপ্ত হবে—তাঁর বাইরের ক্রিয়মনুদ্রা হবে এই অন্তর্নিবিষ্ট সাবিত্রী দ্যুতির একটা ছটা, তাঁর স্ব্বিপ্লল সমগ্রভাবনা ও আছাবিচ্ছুরণের একটা প্রান্তিক আ-ভাস মাত্র।

আবার বিজ্ঞানঘন-পর্ব্যের বিশ্বব্যাপ্ত অন্তশ্চেতনা ভার অন্তর্ব্যাপ্তির সংবেগে শৃধ্র যে জড়বিশ্বকে গ্রাস করবে, তা নয়। লোক-লোকান্তরের সংগ্রে আধিচেতনার যে স্বাভাবিক সন্বন্ধ রয়েছে, তার সম্যক অন্ত্ব তাঁর চেতনাকে জড়োন্তীর্ণ করবে। এই জড়বিশ্বর 'পরে লোকান্তরের নিগ্ বীর্য ও অন্ত্রের স্পন্দ তাঁর অন্তরের তারে সহজেই ঝংকৃত হবে। তাই তাঁর যোগদ্ ছিটি বিশ্বব্যাপারের শৃধ্র বহিরগ দিকটা দেখবে না—পার্থিব জড়ক্রিয়ার অন্তরালে প্রছল্ল রয়েছে যে শক্তির সংবেগ, তারও তাৎপর্যকে প্রত্যক্ষ করবে। বিজ্ঞানঘন-পর্ব্রের মধ্যে শৃধ্র যে এই জড়জগতের 'পরে সিম্প্রেতনার ঋতিচন্ময় প্রশাসনের অধিকার থাকবে, তা নয়। তাঁর নিরংকৃশ সামর্থ্য প্রাণলোক ও মনো-লোকের প্রণ্বির্যক্তিও জড়বিশ্বের অভ্যুদয়ের সাধনায় উন্মোচিত ও নিয়োজিত করবে। এমনি করে প্রজ্ঞার বিপ্রতর বীর্য দিয়ে বিশ্বের সকল শক্তিকে আয়ন্ত করে তাঁর পরিবেশকে এমন-কি জড়প্রকৃতির জগণকে নিয়ন্ত্রিত করবার অকুণ্ঠ ঈশনা বিজ্ঞানঘন-প্রশ্বের চেতনায় ক্ল ছাপিয়ে উথলে উঠবে।

পরমার্থ-সং স্বয়ম্ভূ আপ্তকাম আনন্ত্যের স্বর্পসন্তামাত্র। স্বয়ম্ভাব ছাড়া তাঁর সন্তার আর-কোনও তাংপর্য নাই, আত্মসংবিং ছাড়া তাঁর চিতি-শান্তর আর-কোনও প্রবৃত্তি নাই, তাঁর আনন্দে স্বর্পানন্দের উল্লাস ছাড়া আর-কোনও আকৃতি নাই। অতিমানস এই স্বয়ম্ভূ সং-চিং-আনন্দেরই ঋতচিন্ময় উচ্ছলন্মাত্র। অতিমানস-ভূমিতে বিস্ভিট বা সম্ভূতির মধ্যেও এই প্রতাঙ্জম্খী বৃত্তি রয়েছে। সেখানে শ্রুম্থ-সন্মাত্রের প্রত্যক্চেতন প্রবৃত্তিতে আত্মসম্ভূতির বহুধা বৈচিত্র্য আছে—স্বয়ম্ভূ স্ব-তন্ত ভাবনার ছন্দে। এক অখন্ড চেতনাই আত্মান্ভবের বিচিত্র ব্যঞ্জনায় সেখানে র্পায়িত, এক চিন্ময়ী পর্বা শক্তিই সন্ধিনীশন্তির বহুধাব্ত ঐশ্বর্য এবং স্বয়ায় হিল্লোলিত, এক আনন্দসংবেগই অফ্রম্ভ আনন্দর্পের বিভাবনায় সম্বংসারিত। অতিমানস-সত্ত্বের সত্তা এবং চেতনা জড়ের আধারে ফ্র্রিত হলেও তার স্বভাবধর্মের কোনও ব্যত্তায় হবে না বটে। তব্র পাথিব ভূমিতে নিজের ব্যক্তবিভূতি নিয়ে কাজ করবার সময় অতিমানসের

মধ্যে এমন কতগর্বল অবাশ্তর বৈশিষ্ট্য দেখা দেবে ্ যাদের অস্থিতত্ব তার ন্বধামে অসম্ভাবিত ছিল। জডের ভামতে আছে সত্তার পরিণাম. চেতনার পরিণাম আনন্দের পরিণাম। অবিদ্যার চেতনা যেখানে সাক্ষাৎ সং-চিৎ-আ**নন্দের** চেতনায় রূপার্ন্তারত হবে, সেই দিবাপরিণামের একটি বিশিষ্ট পর্বে বি<mark>জ্ঞানঘন</mark> পরে,যের আবির্ভাব হবে। অবিদ্যার মধ্যে আমরা অভ্যদয়ের অপেক্ষায় আছি-জ্ঞান ও কর্মের সাধনায় কোনও-একটা ভূমিতে পেণছবার কিংবা একটা-কিছকে সিম্ধরপে দেবার তাগিদ আছে আমাদের মধ্যে, একথা অনুস্বীকার্য। অপূর্ণ, তাই আমাদের সবখানি জুড়ে শুধু অতৃণ্ডির ব্যাকুলতা। সাধনার দ্বারা নিরুত্র চাইছি, যা আমরা নই তারই মধ্যে নিজেকে আরও থহং করে পেতে। আমরা যে অজ্ঞান, তার বেদনা আমাদের চিত্তকে ভারাক্রান্ত করে রেখেছে। তাই আমরা এমন-একটা ভূমিতে পেণছতে চাই যেখানে নিঃসংশয়ে অনুভব করতে পারি—আমরা জেনেছি। অশক্তির শৃত্থলে বাঁধা পড়ে আমরা বল ও বীর্যের নিরৎকৃশ সিন্ধির জন্যে ছটফট করছি। দুঃথের দহনে দশ্ধ হয়ে আমরা এমন-কিছা ঘটিয়ে তুলতে চাই—যা আমাদের জীবনে আনবে একটাখানি সুখের ঝলক, একটুখানি বাদতবাসিদ্ধির তৃণিত। আপন অদিতত্বকে বজার বাখবার প্রয়াস এবং প্রয়োজনই আমাদের কাছে মুখ্য বটে—কিন্তু তাকেও বলব জীবনসাধনার আদিপর্বমাত। কারণ দঃখজর্জবিত অহ্তিত্বের বোঝাকে কোন-বকমে বয়ে বেডানোই কখনও আমাদের কাম্য হতে পারে না। বিশ্বের ম**েল** যে আনন্দ ও বীর্যের উল্লাস অন্তঃশীল হয়ে আছে, আমাদের অবিদ্যাচ্ছন্ন চেত-নায় তা ফাটে উঠেছে এই টিকে-থাকবার সহজ আক্তিতে, এই সাইখেষণার স্বাভা-বিক প্রবৃত্তিতে। একটা-কিছু করবার কি হবার তাগিদ সেই এষণাকেই স্ফুটতর করে। কিন্তু কী হব বা কী করব, তার কোনও স্পণ্ট ধারণা আমাদের নাই। তাই যতটকু যেখানে কুড়িয়ে পাই, জ্ঞান বল বীর্য শর্কাণ ও আনন্দের ততটকু দণ্ডয় আমরা আহরণ করি এবং তা-ই দিয়ে একটা-কিছৢ হবার আকাঞ্চাকে সার্থক করতে চাই। অথচ এই আকৃতি প্রয়াস এবং তঙ্জনিত স্বল্প-সিন্ধিই আবার আমাদের বন্ধনজাল হয়। উপকরণসণ্ডয়কে আমরা জীবনের একমাত্র লক্ষ্য ভাবি। নিজেকে জেনে আত্মস্বরূপে প্রতিষ্ঠিত হবার 'পরেই যে জীবনের বনিয়াদ গড়ে উঠবে, একথা ভুলে গিয়ে আমরা মেতে যাই বাইরের বিদ্যা জোটাতে, বাইরের সঞ্চয় দিয়ে জ্ঞানের কাঠামো গড়তে। বাইরের কর্ম কিংবা স্থাল আরাম ও আনন্দের সিন্দিই তখন হয় আমাদের একমাত ঈশ্সিত। নিজেকে যিনি খ'জে পেয়েছেন, তাঁকেই বলি চিন্ময় মানুষ। তিনি আত্মবান আত্মস্থ আত্মচেতন ও আত্মরতি—তাঁর নিজের মধোই রয়েছে সকল রসের উৎস, তাই বাইরের উপকরণ তাঁর কাছে বাহ্বামাত্র। বিজ্ঞানঘন-প্রের্ষেরও জীবনের প্রতিষ্ঠা এই ভূমিতে। কিন্তু তিনি আরও বড় গ্রণী, কেননা অবিদ্যা-পরিণামকে বিদ্যাপরিণামের ভাস্বর মহিমায় ও সিম্ধবীর্ষে রূপান্ডরিড

করবার রহস্য তাঁর জানা আছে। সকল বিদ্যাকেই তিনি আত্মসমাহিত আত্মবিদ্যার বিভূতিতে পরিণত করেন, তাঁর সকল বীর্যে ও কর্মে সন্ধিনীশন্তির
স্বত-উৎসারিত বীর্যের সফ্রন, তাঁর সকল আনন্দ স্বর্পসন্তার বিশ্বব্যাপ্ত
আনন্দের উচ্ছলন। আর্সান্ত বা বন্ধন তাঁর মধ্যে থাকবে না, কেননা প্রতি
পদক্ষেপে প্রত্যেক কুবস্তুতে তিনি অন্ভব করবেন আপ্তকাম স্বয়স্ভূসন্তার পর্ণেরতি, চিন্ময় স্বয়ংজ্যোতির স্বচ্ছন্দ বিকিরণ, প্রত্যক্ত্মত্বর্ত স্বর্পানন্দের অবন্ধন
উল্লাস। এমনি করেই বিদ্যাপরিণামের প্রত্যেক পর্বে সন্তার সিন্ধবীর্য ও সত্যসঙ্কদেপর সংবেগ স্ফ্রিত হবে, স্বর্পাস্থিতির আনন্দ উছলে পড়বে,
আনন্ত্যের ভূমিকায় দেখা দেবে আত্মবিভাবনার অকুণ্ঠ স্বাতন্ত্য—ব্যক্ষী
স্থিতির রসান্ভূতিতে যা সান্দ্র, অন্তরের শক্তিপাতে যা প্রভাস্বর।

অতিমানস রপোন্তর ও অতিমানস পরিণামে দেহ-প্রাণ-মনের যে-উদয়ন সিম্ধ হবে, তাতে তাদের স্বভাব ও সামর্থোর নিগ্রহ কি উচ্ছেদ ঘটবে না— কিন্ত আপনাকে ছাড়িয়ে গিয়েই আপনাকে তারা আরও পূর্ণ করে পাবে। কারণ, অবিদ্যারাজ্যের সকল পথুই চিৎসত্তার আঝ্রৈষণার পথ **হলে**ও তারা আঁধারে ছাওয়া, কিংবা উপচীয়মান আলোকের অনতিস্ফটতায় আচ্ছন কিন্তু বিজ্ঞানঘন-পূরুষের জীবন চিন্ময় প্রভায় সমূলজ্বল—সেখানে নিজের বিভূতিবৈচিত্ত্যের মধ্যে নিজেকে খঃজে পাওয়াই সকল সিশ্ধির চরম। অতএব সেখানে সকল এঘণার বৃহত্তর সার্থকিতা ঘটে নিত্যসিদ্ধ প্ররূপসত্যের ব্যক্ত-চেতনার দীপনীতে। মন চায় আলো, চায় জ্ঞান। যাকে জানলৈ সব-কিছুই জানা যায়—বিষয়-বিষয়ীর সেই সারতত্তকেও যেমন সে জানতে চায় তেমনি জানতে চায় একের বহুভাগ্যম বৈচিত্র্যকেও। কোন পরিবেশে, বিচিত্র প্রবৃত্তির কি ছন্দে ও রুপে, স্পন্দ ও রুপায়ণের কোন্ রীতিতে একের মধ্যে এই প্রকাশ ও বিস্থিত্তর মেলা দেখা দিল, আমাদের মন তার সকল থবর খ্রিটিয়ে জানতে চায়। মননশীল চিত্তের এই তো ধর্ম, এই তো আনন্দ। মননের সন্ধানী-আলো ফেলে সাণ্টির সকল রহস্য আবিষ্কারের নেশায় সে মাতাল। মনের বিজ্ঞানময় রূপাণ্তরে এই আকৃতির পূর্ণ চরিতার্থতা ঘটবে—কিন্ত তার ধরন হবে অভিনব। অজানাকে আবিষ্কার করে নয়—কিন্তু **জানাকে প্রকট** করেই মনন তথন সার্থক হবে। 'আত্মার দ্বারা আত্মাতে আত্মাকে' আবিচ্কার করাই তখন হবে জানার প্ররূপ। কারণ বিজ্ঞানঘন-প্ররূষের আত্মবোধ তো মনোময় অহন্তার বোধে পর্যবসিত নয়—তাঁর আত্মা যে সর্বভতেরও আত্মভত। তাই তাঁর জ্ঞানময় দ্ভিতৈ এ-জগৎ চিন্ময় জগৎ। 'একবিজ্ঞানে সর্ববিজ্ঞান'-এর অর্থাই হল অন্বয়ন্বরূপ হয়ে অন্বয়ভাবকে সর্বত আবিন্কার করা, অন্বয়-সত্যকে সর্বায় দর্শন করা—অন্বয়ভাবনার বিভৃতি প্রবৃত্তি ও সম্বন্ধের বৈচিত্তাকে সর্বায় অনুধাবন করা। বিচিত্র পরিবেশে ও স্ক্র্যাতিস্ক্রা বহুভাগ্যম রূপ-কম্পনায় স্থির যে-উল্লাস, বিজ্ঞানঘন-প্রেষের আত্মবাধি তার মধ্যে অনুভব

করবে এক অন্বয়ভাবনার বিচিত্র সত্যের অফ্রন্ত ঐশ্বর্য, তার আত্মস্বর্পের চিত্রবিভূতি ও চিত্রবীর্য, বহুধাব্ত অর্গণিত র্পায়ণের অপর্প উচ্ছলনে এক অন্বৈতভাবের অন্তহীন বাঞ্জনা। সবার সঙ্গে এক হয়ে সবার মধ্যে আবিষ্ট হয়ে, অধ্যাত্মস্পর্শের নিবিড় সংবিতে নিজেকেই সবার মধ্যে খ্রুজে পাবার চিকিত দীপ্তিতে, ঘটে-ঘটে আত্মপ্রতাভিজ্ঞার বিদ্যুৎস্ফ্রেলে জাগে এই স্বাভারি তাদাত্ম্যবোধ—যে-বোধ মনঃকল্পনারও অগোচর অথচ বোধির নিঃসংশয় বৃহৎ জ্যোতির প্রভায় সম্ভত্মল। আবার শ্রুদ্ বোধির ল্বারা সত্যের অন্ভব নয়, অন্ভূত সত্যকে ব্যবহারের জগতে ম্ত্র করবার দিব্য প্রতিভাও জাগে বিজ্ঞানীর মধ্যে। বোধির অসম্ভ্রুচিত উন্মেষে তিনি হন সত্যকার জীবনশিল্পী। সিম্প্রভাবনাকে জড়ে ও জীবনে র্পায়িত করে তুলতে চিৎস্বর্পের চিন্ময় বাহনর্পে প্রাণ ও ইন্দ্রিয়চেতনার যথন ডাক পড়ে, তখন তাদের তদ্গত প্রবৃত্তির প্রত্যেকটি পর্বে তার অন্তর্গ্গ অপরোক্ষ আত্মবোধ হয় তাদের দিশারী।

বিজ্ঞানঘন-পুরুষের জ্ঞানের বৃত্তি এবং চিমা হবে একাণ্ডভাবে অতি-মানস তাদাখ্যান,ভূতির আগ্রিত। তাঁর জ্ঞানে বৃদ্ধির এষণার জায়গায় দেখা দেবে তাদাত্মাসম্পর্টের মর্মাবগাহী এক সম্বর্ম্ধ চেতনা—্যা সহজেই অন্ভব করবে একের মধ্যে বহুর স্বাভাবিক সংস্থান। এক সর্বানুস্যতে চৈতনাজ্যোতির প্রভাসে তাঁর জ্ঞানের প্রত্যেকটি পর্ব এবং প্রবৃত্তি উদ্দীপত হবে—তাই জ্ঞাতা জ্ঞান ও জ্ঞেয়ের গ্রিপটে রূপান্তরিত হবে এক অথন্ডান্ভবের রসায়নে, চিন্ময় কর্তার চিন্ময় সাধন ও চিন্ময় কর্মাও হবে চিৎশক্তির এক অবিভক্ত স্পানন। অথচ এ-সবার উধের মহেশ্বররূপে থাকবে এক সাক্ষিচৈতন্যের অধিষ্ঠান— যা চিৎস্পন্দনের এই অথণ্ড বিভাবনাকে আত্মভাবের আবেশে একচ্ছন্দ আত্ম-র্পায়ণের অনবদ্য লীলার্পে সিন্ধ করে তুলবে। প্রাকৃত মন বিষয় হতে নিজেকে বিবিক্ত রেখে অবেক্ষণ ও যান্তির দ্বারা জ্ঞেয়বস্ত্র স্বরূপ নিরূপণ করতে চায়। বিষয়কে স্ব-তন্ত্র অনাত্মতত্ত্বরূপে দেখাই তার পক্ষে সত্যকার দেখা, যে-দেখার মধ্যে ব্যক্তিগত কল্পনা কি আত্মভাবের কোনও খাদ মেশানো নাই। কিন্তু বিজ্ঞানঘন-চেতনা বিষয়কে আত্মসাৎ করে এবং তাতে অনুপ্রবিষ্ট হয়ে তাদাস্বাবোধদ্বারা আরও অন্তর**ংগভাবে** তার স্বর্পকে জানে। তার সর্বাবগাহী সংবিং জ্ঞেয়বস্তকে সম্পূর্ণ কৃষ্ণিগত করেও ছাপিয়ে পড়ে। আত্মসত্তার কোনও অংশ বা স্পন্দকে সে যেমন করে জানে, তেমনি করে বিষয়কেও জানে তার নিজের অবিনাভত অংশরপে। অথচ সে-তাদাখ্যাভাবনায় নিজেকে তার সংকৃচিত করতে হয় না, কিংবা বিষয়ের বেষ্টনীর মধ্যে মননকে অবর্রুদ্ধ করে সে বিদ্যার কণ্ডকে সূচ্টি করে না। এই আন্তর সংবিতে কতুর সত্যরূপটি অন্তরুগ প্রতাক্ষের অসম্ক্রচিত প্রতায়ে নিখতে হয়ে ফোটে, অতএব তার মধ্যে প্রমাদী অহং-মানসের কোনও ছলনা থাকে না-কেননা চেতনা এখানে বিশ্বপ্রস্ক বিরাট-

পুরুষের চেতনা, অহৎকার্রাবম্ঢ়াত্মার সৎকীর্ণ চেতনা নয়। বিজ্ঞানঘন প্রেব্যের সর্ববিজ্ঞান সত্যের সঙ্গে সত্যের ঠোকাঠ্বিক দিয়ে একটা নিরেট চরম সত্য আবিষ্কারের প্রয়াস নয়। এক সর্বাবগাহী সম্ভূতিসংবিতের আ**লোকে** খণ্ডসত্যের পূর্ণ পরিচয়টি চেতনায় উঙ্জ্বল করে তোলাই তাঁর বিজ্ঞানের স্বর্প। তাঁর ভাবনা আত্মবিজ্ঞানের স্বতঃসমাহারী উদার ভাবনা তাঁর দ**র্শ**ন অন্তরাব্ত্তচক্ষরে স্বরূপদর্শন, তাঁর প্রত্যক্ষ সম্প্রসারিত আত্মস্বরূপের অন্তর্গ প্রতাক্ষ। জ্যোতির মধ্যে মূছিত জ্যোতির অভিযাতে সতাস্বরূপের স্ব**কুং** সৌষম্যের স্ফুরণ—এতেই তাঁর অবিভক্ত জ্ঞানবাত্তির নিটোল পূর্ণতার পরিচয় ফোটে। উন্মেষের লীলা তারও মধ্যে আছে, কিল্ত সে তো আঁধার চিরে আলোর উন্মেষ নয়—সে যেন আলোর মধ্যেই আলোর ছলকে ওঠা। এই উন্মেষণে অতিমানসচেতনা আত্মসংবিতের সঞ্চয়কে যদি অংশত সংব্তত্তও করে, তব্য তার মধ্যে কোনও ক্রমায়ণের দায় কি অবিদ্যার প্রবর্তনা থাকে না। সে-ক্ষেত্রে সিন্ধ-চেতনার নির্ভকুশ স্বাতন্তা নিয়েই কালাতীত বিজ্ঞানকে সে কালকলনায় তরুপায়িত করে মাত্র। অচিংকে চিদালোকন্বারা উল্ভাসিত করবার প্রয়াস হল প্রাকৃত-জ্ঞানের ধারা। কিন্ত অতিমানস প্রকৃতিপরিণামে প্রত্যায়নেব রীতি হল চিল্জ্যোতির আত্মবিচ্ছারণ—আলো হতেই আলো ঠিকরে পড়ার মত।

মন যেমন আলো চায়, চায় জ্ঞানের নতেন তন্ত এবং তাই দিয়ে অর্জন করতে চায় ঈশনার অধিকার—তেমনি প্রাণ্ড চায় আত্মশক্তির বিকাশদ্বারা স্বরাজ্যের প্রতিষ্ঠা। সে চায় অভাুদ্য জয়শ্রী ও সম্পদ, কামনার তপ্ণ ও সিস্কার সার্থকতা, আনন্দ প্রেম ও সোন্দর্যের নির্বার। বিচিত্ররূপে নিজেকে ফ্রিটিয়ে তোলা, সিস্ক্লার বহুমুখী প্রেরণায় নিজেকে উৎসারিত ও সমূদধ করা, সম্ভোগের আনন্দে আত্মবীর্থের তীব্র উন্মাদনায় মাতাল হওয়া—এতেই তার উল্লাস। বিজ্ঞানঘন-চেতনায় এ-উল্লাস পূর্ণতার চরম শিখরে উঠবে বটে, কিন্তু তার মধ্যে মনোময় ও প্রাণময় অহন্তার অভাদয় তপণি কি সম্ভোগের কোনও আয়োজন থাকবে না। শব্ধ নিজের মধ্যে কুণ্ডালত থেকে ভোগেশ্বর্যের উদগ্র কামনায় অপরকে আঁকড়ে ধরা, আত্মপ্রতিষ্ঠার অতৃপ্ত উন্মাদনায় কেবলই নিজেকে ফাঁপিয়ে তোলা—প্রাণের এই মূড় আকৃতিতে বিজ্ঞানঘন-চেতনার সায় নাই। কেননা, চিন্ময় সিন্ধি ও পূর্ণতা কোনকালেই স্ফীতকায় অহংকে আশ্রয় করে নেমে আসতে পারে না। নিজের আধারে এবং বিশেবর আয়তনে ঘটে-ঘটে অধিষ্ঠিত রয়েছেন যে দিব্য-পারুষ, বিজ্ঞানীর জীবন তাঁরই কাছে উৎসূষ্ট নৈবেদ্যের ডালা। পরমপ্ররুষের সত্তা জ্যোতি শক্তি প্রীতি রতি ও কান্তির দ্বারা জীব ও বিশ্বের সত্তা উত্তরোত্তর আবিল্ট হ'ক—ীবজ্ঞানঘন-প**ুর**ুষের কাছে এই একমাত্র পার যার্থ। বিশেব দিব্যজ্যোতির এই উপচয়ের উত্তরোত্তর সার্থকতাতে ব্যক্তিজীবনেরও সার্থকতা। অতএব বিচ্ছানঘন-পুরুষের শক্তি নিয়োজিত হবে পরমা প্রকৃতির সিম্ধবীর্যের বাহনরপে-তাঁকে আশ্রন্ধ করে

এখানে ঘটবে মহাপ্রাণ মহাপ্রকৃতির উদ্বোধন ও সম্প্রসারণ। অজানার ব্ ক হতে জয়প্রীকে ছিনিয়ে আনবার যে সাধনা এবং সিদ্ধি তাঁর, তার একমাত্র লক্ষ্য বিশ্বের হিত—বিশেষ-কোনও ব্যক্তি বা গোষ্ঠীর অহমিকার চরিতার্থতা নয়। প্রেম তাঁর কাছে আত্মায়-আত্মায় বিদ্যুল্ময় সম্প্রয়োগের শিহরন, অদৈবত-রসান্বিশ্ব সন্তার অন্যোন্যবিনিময়—চেতনার সপ্রো চেতনার, চিৎসন্তার সপ্রেম তাহরর, অদৈবতস্বর্পের সপ্রে অদৈবতস্বর্পের কাদাত্ম্যবোর্ধানিবিড় আন্তর্লের বীর্যময় রসায়ন, একীভূত চেতনার আনন্দবিগালত বিশ্বতোম্ব বিচ্ছ্রেল। র্পে-র্পে একেরই অন্তঃশাল আত্মর্পায়ণের উল্লাস, বহুবিচিত্র আসপ্রের মধ্যে একেরই অন্তর্লোধময় ব্যতিষ্থেগর আনন্দ—এরই হিরণ্যরাগে বিজ্ঞানঘন চেতনায় ফ্রটে ওঠে জীবনের অথন্ড তাৎপর্য। তাঁর সিস্ক্লার সংবেগেও আছে এই আনন্দের প্রেতি—এখন সে-সিস্ক্লা জড়ে প্রাণে মনে রসচেতনার যে-প্রেরণা নিয়েই সার্থাকতার পথ খ্রুকে না কেন। তাই তাঁর সকল স্থিই শাশ্বত শক্তি দীপ্তি দ্রী ও তত্ত্বাবের সার্থাক র্পায়ণ—তার রূপ ও কায়ার, গ্রণ ও বিত্তির ঋতম্ভরা স্ব্বমা, তারই চিদ্ঘ্র্নবিগ্রহে সকল বিগ্রহের অতীত অর্পস্ক্রমার দ্যোতনা।

প্রেবিই বলেছি, অতিমানস ভূমিতে ঊধর্বস্রোতা চেতনার যে সম্যক র্পান্তর ঘটে, তাতে জড়-প্রাণ-মনের সংখ্য চিৎসত্তার একটা নতুন সম্পর্ক দেখা দেয়—পূর্ণতাসিদ্ধির একটা নতুন বাঞ্জনা নিয়ে। এই উজানধারার প্রেতি, এই অভিনব সিন্ধির ব্যঞ্জনা বিজ্ঞানঘন-পূর্ব্বের স্থলে দেহেও সংক্রামিত হয় এবং তার ফলে তাঁর দেহাত্মবোধ হয় এক লোকোত্তর সিম্ধচেতনার বাহন। প্রাকৃত-জীবনে জীবচেতনা প্রাণ ও মনের সহায়ে আপনাকে যথাসম্ভব প্রকাশ করতে চাইছে—যদিও সে-প্রকাশে স্বাচ্ছদের চেয়ে কুণ্ঠার পীড়নই বেশী। অধিকাংশ ক্ষেত্রে নিজেকে শুধু আধাররপে রেখে প্রাণ-মনকেই সে স্বাতন্ত্রের অধিকার দিয়েছে। আমাদের স্থলেদেহ চেতনার এই কুণ্ঠিত প্রবৃত্তির বাহন। কিন্তু দেহ জড় সাধন বলে প্রাণ-মনের অনুবতী হয়েও তার স্কুচিরসঞ্চিত তামসিক সংস্কারের সন্ফোচ দিয়ে তাদের আত্মপ্রকাশের সামর্থ্যকে বিশিষ্ট এবং সংকৃচিত করেছে। তাছাড়া দৈহাবৃত্তির একটা স্বধর্ম আছে—যার মধ্যে সন্ধিনীশক্তির অবচেতন বা অর্ধ'চেতন একটা স্পন্দব্যন্তি অথবা তার একটা অস্পন্ট আকৃতি সংবেগ বা প্রেতি স্পান্দত হচ্ছে। এই আচ্ছন্ন দৈহাচেতনাকে প্রভাবিত করা বা भानारे एए उहा श्वाप-प्रतन भूताभूति माधा नहा। जपनावपतात राष्ट्रेक क्रमणा তাদের আছে. প্রায়ই তার ক্রিয়া হয় পরোক্ষে—অপরোক্ষে নয়। যেখানে অপ-রোক্ষে ক্রিয়া হয়, সেখানেও সচেতন সৎকল্পের কোনও বালাই নাই— অবচেতনার প্রবর্তনা। কিন্তু বিজ্ঞানঘন-পুরুষের জীবন-আছে *1_4_ এ-ব্যবস্থা পালটে বেতে বাধ্য। সেখানে দেহের সকল ধর্ম ধারায়

ও বৃত্তি চিৎসত্তার সংকল্পানারা অপরোক্ষভাবে শাসিত ও প্রবৃতিতি হবে। বৃহত্ত দেহধর্মের মূল রয়েছে অবচেতনায় বা আঁচিতিতে। কিল্ড বিজ্ঞানঘন-পুরুষে, অতিমানসের শাসনে থেকে তার জ্যোতি ও শক্তির দ্বার। অনুবিন্ধ হয়ে অবচেতনাও সচেতন হয়ে উঠবে। অতিমানসের উন্মেষে অচিতির তমসাচ্ছন্ন শৈবধভাব বা মন্থর সত্ত্বোদ্রেকের বাধা রূপান্তরিত হবে অবরাধে নিগুঢ়ে অতিচেতন আধারশন্তিতে। উত্তর-মানস বোধি-মানস বা অধিমানসের আবির্ভাবেই দৈহ্যচেতনায় এমনিতর রূপান্তরের সূচনা দেখা দেয়। তথন হতেই ভাব ও সংক**লপর্শান্তর প্রভাবে অপরোক্ষ**ত সাড়া দেবার মত সচেতনতা দেহের পক্ষে অনায়াস হয়। তার ফ**লে. আ**জ যেখানে দেহের 'পরে মনের ক্রিয়া নিতা^ত এলোমেলো অপরিস্ফটে এবং প্রায়শই অনিচ্ছিত, সেখানে মনের মধ্যে দেখা দেয় দ্থলে আধারের 'পরে অবন্ধ্য ঈশনার একটা সংবেগ। কিন্তু অতিমানস-পারুষের বেলায় কিছুই তাঁর প্রশাসনের বাইরে থাকতে পারে না। তাঁর মধ্যে সদ্ভূত-বিজ্ঞানের চিদ্বীর্যই আধারের সর্বময় প্রভু। এই সদুভূত-বিজ্ঞানে আছে দ্বতঃপরিণামী সত্যদর্শনের প্রৈষা। কেননা সদ্ভত-বিজ্ঞান অপরোক্ষব্ত চিংসত্তারই সিন্ধভাব ও সিন্ধসংকল্প—তাই সত্তার মর্মাম্লে সত্যভাবনার যে-আন্দোলন সে জাগিয়ে তোলে, তা ব্যক্তভাব ও ব্যক্তকর্মের অমোর্ঘাসাম্পতে পর্যবিসত হয়। ঋত-চিতের এই চিন্ময় সম্ভূতির অপ্রতিহত সংবেগ বিজ্ঞানঘন-পুরুষের আধারে আপন অনুত্তর ঐশ্বর্ষের জাগ্রত মহিমা ও সচেতন সামথ্য নিয়ে মূর্ত হয়ে ওঠে। তাই তার ক্রিয়া এখনকার মত আপাত-অচিতির আড়ালে থেকে স্বর্গাচত যন্ত্রমূঢ়তার কুল্ডলীতে আর্বার্তত হয়ে চলে না—তার মধ্যে ফ্:টে ওঠে স্বয়ম্ভ স্বরাট তত্ত্বভাবের স্বকৃৎ ছন্দ। অখন্ড জ্ঞান ও অবন্ধ্য বীর্য নিয়ে ঋত-চিতের এই চিন্ময়ভাবনা তথন জীবনের প্রশাস্তা হয়, সতেরাং জড়-দেহের ক্রিয়া এবং ব্যাপ্রিয়া তারই অনুশাসন মেনে চলে। অধ্যাত্মচেতনার বীর্যে অনুষিক্ত হয়ে এই জডদেহ তথন হয় চিৎস্বরূপের একান্ত অনুগত ও অনবদ্য চিক্ময় সাধন।

দেহাস্ববোধের এই নতুন ভণ্গিতে জড়প্রকৃতিকে নিরাকৃত না করে তাকে স্বচ্ছন্দে ও নিঃশেষে অংগীকার করবার সম্ভাবনা এবং সামথ্য দেখা দেয়। অধ্যাস্বচেতনাকে মৃত্তু করবার জন্য সাধনার প্রথম পর্বে প্রকৃতি হতে পরাংম্খ হয়ে তার অবিবেক বা অংগীকারের সকল প্ররোচনাকে ব্যর্থ করবার একটা শ্বাভাবিক দায় নিশ্চয় ছিল। কিন্তু বিজ্ঞানঘন-পূর্বেষর সিন্ধ চেতনাতেও সে-ভাবকে আঁকড়ে থাকবার কোনও সার্থকতা নাই। 'আমি দেহ নই' এই ভাবনায় দৈহাচেতনার বন্ধন হতে মৃত্তি পাওয়া একটা স্বৃণিরিচিত ও সপ্রয়োজন সাধনাংগ। তাতে হয় আত্মার মৃত্তি ঘটে, নয়তো পূর্ণতা সিন্ধিতে প্রকৃতির পরে তার বশীকার জন্মায়। কিন্তু বিদেহভাবনায় এককার সিন্ধ হয়ে আবার

চিংশক্তির জ্যোতিমায় প্লাবনে এই দেহকেই আংলতে ও উম্জীবিত করা চলে--নতন করে মহেশ্বরের প্রাতন্ত্য নিয়ে জড়প্রকৃতির পারাথ্যকৈ অংগীকার করা চলে। প্রাকৃত জগতে জড়প্রকৃতিই ঈশ্বরী—চিৎস্বর্পের সে তিরুক্রণী। র্যাদ চিং ও জড়ের এই ব্যাতষ্ঠেগর বিপর্যায় ঘটে, তাহলে জডপ্রকৃতিকেও চিন্ময়ী করে তোলা সম্ভব হয়। ঋতম্ভরা প্রজ্ঞার উদারদ ফিতে দেখি. অন্নও রন্ধা--জড়শক্তি রন্ধেরই স্বর্পশক্তি, জড়ও রন্ধারূপ এবং রন্ধাত। জড়ে অন্তগ্রি চেতনার সঙ্গে একাত্মক হয়ে বিজ্ঞানীর চিতিশক্তি জডকেও ব্রহ্মদুণিটতে আপন অংগীভূত করে চিদ্বিলাসের সাধনর পে গ্রহণ করতে পারে। জড়ের অন্ত-নিহিত সত্যের প্রতি শ্রন্থাবশত তাকে সর্বত ব্রতোপাসনার অঙ্গ মনে করা কিছাই অসম্ভব নয়। গীতাতে আহার্যগ্রহণকেও বর্ণনা করা হয়েছে দ্বব্য-যজ্ঞরূপে – সে যেন 'ব্রহ্মাপ'ণং ব্রহ্ম হবিঃ ব্রহ্মাণেনা ব্রহ্মণা হতম'। বিজ্ঞানঘন-গ্রের্থও এমনি করে চিং-জড়ের সকল সম্বন্ধকে চিন্ময়-ভাবনার ন্বারা অন্-ভাবিত করতে পারেন। সর্বভূতের যোগক্ষেমের জনা চিৎস্বরূপ নিজেকে জডের রূপে পরিণামিত করেছেন—নিজেকে আহুতি দিয়েছেন বিশ্বহিতের মহাসতে। বিজ্ঞানী প্রের্ষ তাই জড়কে জড়বাসনার ও প্রাণবাসনার সংস্পর্শ-শ্ন্য অনাসক চিত্ত নিয়ে ব্যবহার করেন। কেননা তিনি জানেন যে-র পেই হ'ক, জড় চিৎসত্তুরই রূপায়ণ, অতএব জড়ের ব্যবহারে ঘটছে চিৎস্বরূপেরই আত্মরতের উদ্যাপন। তাই জড়বস্তুর প্রতিও তাঁর একটা স্বভীর শ্রুদ্ধা থাকবে - কেননা জড়ের অন্তগর্ভ চিৎশক্তিতে রয়েছে যে সেবিকার মৌন আকৃতি, সে তো তাঁর উপেক্ষণীয় নয়। জড়ের উপযোগে তাই তিনি শৈবী তন্রে প্জারী—সংসার্যানার এই চিন্ময় উপকরণের নিখতে ব্যবহার করতে কোথাও তাঁর শৈথিল্য নাই। জডের জীবনে, জডের উপাসনায় তাঁর চিত্তবীণায় র্রাণত হয় সত্যের ছন্দ, অনবদা শ্রী ও ঋতসনুষমার মূর্ছনা।

এই অভিনব দেহ। মবোধের অন্ধ্যানের ফলে বিজ্ঞানঘন-চেতনা অল্লময়-প্র্যের মধ্যেও চিন্ময়ভাবনার পরিপূর্ণ সার্থকিতা আনবে—প্রাণ ও মনের মত দেহও হবে চিদ্বিলাসের দিব্য আধার। প্রাকৃত-দেহের মধ্যে আছে নানা ক্ষ্মতা, তামসিকতা ও সঙকুচিত সামথ্যের দৈনা—কিন্তু তব্ দৈহাচেতনা আম্মার অন্গত ভ্ত্যের মত। যে বিপ্লে শক্তির সঞ্চয় তার মধ্যে প্রচ্ছল্ল রয়েছে, স্কোশল প্রয়োগে তার ন্বারা জীব অসাধ্য সাধন করতে পারে। অঞ্চচ এই সেবার বিনিময়ে দেহ চায় শ্ধ্ আয়্ম হ্বাস্থ্য বল আরোগ্য ও স্বাচ্ছন্য—চায় অল্লময় আধারের প্র্তা ও আনন্দ। এ-চাওয়ার মধ্যে অসংগতি অন্যায় বা হীনতার কিছ্ই নাই। কেননা এ কেবল চিংস্বর্পের সার্থক আ্মার্পায়ণের সহজ্ব উল্লাসকে জড়ের ভাষায় রূপ দেওয়া—চিন্ময় বিগ্রহের প্রতিয়া ও ধাতু-প্রসাদের দীপ্তিতে চিংসত্ত্বের বীর্য এবং আনন্দকে মূর্ত করা। বিজ্ঞানঘন-

চেতনার শক্তি দেহের মধ্যে নেমে এলেই এর্মানতর কায়সম্পৎ সিম্ধ হতে পারে। প্রাকৃত-দেহের পংগ্রতার মূলে আছে জড়াশ্রয়ী প্রাণ-মন ও নাড়ীতন্তের 'পরে এবং স্থাল কায়সংস্থানের 'পরে বাহ্যশন্তির একটা চাপ--যাকে আমরা ঠেকাতে জানি না কিংবা সকৌশলে তার মোড ঘরিয়ে বীর্যলাভের অনুকলে প্রয়োগ করতে পারি না। তাইতে দৈহাচেতনার সর্বত ছডিয়ে পড়ে তমোভাবের একটা আচ্ছন্নতা –যা তার ছন্দকে বিকৃত করে এবং বাহাশন্তির প্রতিক্রিয়ারূপে ভুল সাড়া দেয়। কিন্তু অতিমানসের স্বকৃৎ ও স্বতঃপরিণামী সংবিৎ এবং বিদ্যা-শক্তি অশক্ত আবিদ্যার এই দৈনাকে দরে করে দেহের কুণ্ঠাবিকৃত বোধিজ-সংস্কারের মধ্যে মুক্তির স্বাচ্ছন্দ্য আনে, চিন্ময় প্রবৃত্তির দাীপ্তিতে তাদের উম্জ্বল ও বীর্যবন্তর করে। এই র পান্তরের ফলে আধারে প্রবর্তিত ও প্রতিষ্ঠিত হয় বিষয়ের স্থলে প্রতাক্ষেরও একটা ঋতম্ভরা বৃত্তি, বাহাবস্তু ও বাহাশক্তির সঙ্গে একটা ঋতময় যোগাযোগের সামথা, দেহে নাডীতক্তে ও চিত্তে একটা ঋতময় ছন্দঃসূষ্মার হিল্লোল। বিশ্বচেতনার সংগ যোগযুক্ত হয়ে, তার বিপাল সম্বয়ের অংশভাক রূপে এই দেহের মধ্যেই তখন একটা উধর্বতর চিন্ময় সামথা এবং প্রাণশক্তির বিপ**্ল**ভর সংবেগ উৎসারিত হবে। জডপ্রকৃতির সম্পে এই দ্যুলদেহও তখন জ্যোতিম'য় সৌষমোর ছন্দে বাঁধা পড়বে—এক শাশ্বত প্রযন্ত্রমাথলার বিপাল প্রশান্তির স্পর্শে দেহের অণ্যতে-অণ্যতে সন্তারিত হবে দিব্যসামথ্যের অনুনেবল আনন্দ। সবচেয়ে বড় কথা, অতিমানস-র**্পা**ন্তরে সমুহত আধার যখন চিংশক্তির অনুত্তর বীর্যের প্লাবনে প্লাবিত হবে, তখন চার-দিক হতে দেহের 'পরে বাহ্যশক্তির চাপকে আত্মসাং করে ওই চিৎশক্তিই এই দেহে শস্তিসৌষম্যের বিপলে মূর্ছনা জাগিয়ে তুলবে। বলা বাহলা, দেহের এই চিন্ময়-পরিণামেই আধারের আমলে রূপান্তরের অন্তিবর্তনীয় আক্রিত সাথকি হবে।

প্রাকৃত-জগতে দেহ-প্রাণ-মনের আধারে চিংশন্তির প্রকাশ অপূর্ণ এবং কুণ্ঠাহত। আধারের 'পরে বিশ্বশন্তির অভিঘাতকে দ্বেচ্ছার গ্রহণ-বর্জন করবার কিংবা তাদের আত্মসাৎ করে সৌষম্যের ছন্দে গেথে তোলবার স্বাতন্ত্য তার নাই। আমাদের মধ্যে পীড়া ও সন্তাপের সৃষ্টি হয় এইখানেই। জড়ের রাজ্যে প্রকৃতির অভিযান শ্রুর হল চেতনার অন্ধ অসাড়তা হতে। প্রাণলীলার আদিপর্বে—পশ্তে, এমন-কি মান্যের আদিম অথবা অসংস্কৃত অবস্থাতে—স্পট্ট দেখতে পাই, আধারে একটা অসাড়তার ঘোর লেগেই আছে, কিংবা তার মধ্যে দেখা দিয়েছে বোধশন্তির একটা ক্ষ্ম আভাস অথবা বেদনাবোধ সম্পর্কে একটা অসধাারণ তিতিক্ষা ও কাঠিন্যের পরিত্র। কিন্তু মান্যের প্রগতির সঙ্গে-সঙ্গে তার বোধশন্তিও তীরতর হয়, দেহ-প্রাণে-মনে দেখা দেয় বেদনাবোধের তীক্ষ্মতের সামর্থা। আধারে চেতনার উপচক্ষের অনুপাতে মান্যের

শক্তির উপচয় ঘটে না। তার দেহের উপাদান ও গ্রহণশক্তি সক্ষাত্র হয় বটে. কিন্তু সেইসঙ্গে শক্তির বহিঃপ্রকাশের সামথ্য আগেকার মত আর নিরেট থাকে না। মান্যকে তথন মনের জোরে সংকল্পশক্তির তীব্রতা দিয়ে নাড়ীতন্তকে মার্জিত নির্মান্ত্রত ও বীর্যশালী করে তুলতে হয়, জোর করেই তাকে নিয়েজিত করতে হয় নিজের সংকশিপত কুচ্ছ, সাধনায় অথবা দঃ:খ-বিপদের অভিঘাতে থনমা থাকবার দীক্ষা দিতে হয়। অধ্যাত্মপ্রগতির সঙ্গে-সঙ্গে আধারের 'পরে চিন্ময় বীর্য ও সংকল্পের প্রশাসন নির্বারিত হয়, দেহ নাড়ীতন্ত্র ও বহিম'নের 'পরে চিৎসত্ত ও অন্তর্মানের নিয়ন্ত্রণসামথ্য' হয় অপরিমেয়। প্রথমত চেতনায় জাগে একটা প্রশান্ত-বিপলে সমতার বোধ, বহির্জাগতের সকল স্পর্শ ও অভিঘাতে অবিচলিত থাকবার ক্ষমতা স্বভাবগত হয়, ক্রমে এই সমন্বরোধ মন হতে প্রাণময়-কোশের সর্বত্র সঞ্চারিত হয়-এক স্কবিপত্ন ও সদাব্ত প্রশান্তির বীর্যে প্রাণকে করে উদার ও স্বচ্ছন্দ। এমন-কি পরিশেষে তা দেহে সংক্রামিত ও প্রতিষ্ঠিত হয়ে দুঃখ-শোক-সন্তাপের সকল অভিঘাতে দেহকে সুমের্বং অচল অটল রাখে। এ-অবস্থায় ইচ্ছামাত্র দৈহাচেতনার নিরোধ কিংবা সর্ববিধ পীড়ার অভিঘাত হতে মনকে স্বেচ্ছায় বিয**়ন্ত করবার সামর্থা**ও দেখা দিতে পারে। তাইতে প্রমাণ হয়, আমাদের মধ্যে দৈহ্য-আত্মার পক্ষে জড়প্রকৃতির চিরাভাস্ত সাড়ার কাছে অবশভাবে আত্মসমর্পণ করবার যে-রীতি চলিত আছে, তা অনতিবর্তনীয় বা অপরিবর্তনীয় নয়। চিতিশক্তির বিশেষ মহিমা ফোটে চিন্ময়-মানস বা অধিমানসের ভূমিতে—যখন আমাদের দুঃখের স্পন্দনকে আনন্দের ঝঞ্কারে র পাশ্তরিত করবার ক্ষমতা জন্মায়। এ-ক্ষমতা সবার পক্ষে সবসময় নিরঞ্কুশ না হলেও এতে বোঝা যায় যে, চেতনার প্রতিক্রিয়ার যে সাধারণ রীতির সঙ্গে আমরা পরিচিত, তার সম্পূর্ণ বিপর্যয় ঘটানো নিতান্ত অসম্ভব নয়। তাছাড়া প্রকৃতির যে-অভিঘাতকে রূপান্তরিত করা কি সয়ে যাওয়া কঠিন, তার থেকে অন্তত আত্মরক্ষা করবার ক্ষমতাও এতে অর্জিত হয়। বিজ্ঞানঘন-পরিণামের বিশেষ-একটা পর্বে এই অ-প্রাকৃত বিপর্যায় ও আত্মরক্ষার শক্তি এতই সম্পূর্ণ ও সহজ হবে যে, দেহের অণুতে-অণুতে উপচিত অব্যাহত প্রশান্তবাহিতা ও দুঃখনিমু ব্রির আকৃতি সেদিন সার্থক হবে এবং তার মধ্যে উদ্গত হবে শান্ধসত্তার নিঃসীম আনন্দসন্ভোগের অকুণ্ঠিত সাম্থা। চিন্ময় আনন্দের সৌম্যধারায় এই দেহ প্লাবিত হতে পারে—তার প্রতিটি কোষ জন্মিক্ত হতে পারে। সে লোকোত্তর আনন্দের জ্যোতির্ময় সংমূছনে জড়প্রকৃতির বিকল বা প্রতীপ সংবিতের নিরবশেষ ব্পাশ্তর ঘটতে পারে—এ কিছু অসম্ভব ব্যাপার নয়।

শ্বন্ধতত্ত্বের অন্তর ও অখণ্ড আনন্দকে সন্দেভাগ করবার অভীণ্সা এবং অধিকারবোধ আমাদের আধারের মর্মে-মর্মে নিগ্রু হয়ে আছে। কিন্তু তাকে ঢেকে আছে আধারের গৃহদ্বন্দ্ব—তার বিভিন্ন বৃত্তির বিভিন্নমূখী আকৃতি। তাদের কুণ্ঠাহত সামথা তাই শুধু সুখাভাসের কল্পনা ও সন্ভোগ নিয়েই তৃপ্ত থাকে। সুখেষণার কত বিচিত্র রূপ। দৈহাচেতনায় সে ফুটেছে দেহরতির পিপাসা হয়ে। প্রাণে সে দেখা দিয়েছে প্রাণরতির আকুলতা নিয়ে—যার মধ্যে আছে নিত্য-নতুনের চমকভরা বহুবিচিত্র উল্লাসের তীক্ষ্য শিহরণ। মনের মধ্যে সে ধরেছে মনোময় আনন্দমেলার সহজ স্বীকৃতির রপে। আরও উধের অধ্যাত্মচেতনায় সে হয়েছে প্রশান্তি ও লোকোত্তর নিব্রতির আক্তি। স্থেষণার মূলে রয়েছে সন্তামাতের মর্মসত্যের প্রেরণা। কেননা আনন্দই ব্রহ্মসত্তার স্বর্প-সর্বগত প্রমার্থসতের সে-ই তো প্রমা প্রকৃতি। বিস্টির অবরোহক্রমে দেখি আনন্দ হতে অতিমানসের উন্মেষ, আবার উধর্ব পরিণামের আরোহক্রমে আনন্দেই তার নিমেষ। কিল্ডু নিমেষের অর্থ নির্বাণ বা বিনাশ নয়। শ**ে**ধ-সন্মাত্রের আনন্দে যে স্ব-সংবিং ও স্বকৃৎ-পরিণমনের উল্লাস রয়েছে, তার সঙ্গে অবিনাভূত হয়ে নিত্যাস্থিতিই নিমেষের তাৎপর্য। অতিমান-সের অবস্পিণী সংবৃত্তি বা উৎস্পিণী বিবৃত্তি দুয়েরই মূলে আছে অনাদি দ্বর্পানন্দের অধিষ্ঠান, এবং সেই আনন্দ হতে উৎসারিত হচ্ছে তার প্রবৃত্তি-নিব্তির সকল স্পন্দন। চৈতন্য অতিমানসের চিদাত্মিকা আদ্যা শস্তি বটে. কিন্ত আনন্দ তার সেই ব্রহ্মযোনি—যাহতে সে জীবচেতনাকে অভিবান্ত করে। আবার এই আনন্দে বিধৃত রেখে অবশেষে চিন্ময় পরমস্থিতিতে আনন্দের মধ্যেই তাকে সে নিবেশিত করে। অতিমানস ঊধর্বপরিণামের স্বয়স্ভূলীলার প্রথমা সিন্ধি হবে আনন্দঘন ব্রহ্মের প্রকাশ—বিজ্ঞানঘন-পুরুষ ফুটবেন আনন্দ-ঘনবিগ্রহ হয়ে, বিজ্ঞানঘন-সত্তার রূপায়ণ স্বভাবতই পরিণত হবে হ্যাদিনীসত্তার বিজ্ঞানঘন-প্রব্যের জীবনে হ্যাদিনীশক্তির কোনও-না-কোনও বিভৃতি দেখা দেবেই—অতিমানস স্বান,ভবের অবিনাভৃত এবং পরিতোব্যাপ্ত ব্যঞ্জনার পে। অবিদ্যার কবল হতে প্রমান্ত জীবের চেতনায় প্রথম ফোটে প্রশান্তির স্তব্ধতা—শাদ্বত আন্তেতার প্রপঞ্চোপশম নৈঃশব্দা। কিন্তু চিৎ-শক্তির উদয়নে আধারে আবির্ভূত সিন্ধবীর্যের অকুণ্ঠ বিভাবনা মুক্তচেতনার এই প্রশান্তিকে রূপান্তরিত করে শান্বত দিব্যরতির পূর্ণকল অনুভব ও আম্বাদনের আনন্দে, শাম্বত অনন্তম্বর্পের নিত্যোচ্ছলিত রসোদ্গারে। এই আনন্দ জগদানন্দর পে বিজ্ঞানঘন চেতনায় সমবেত থাকে এবং বিজ্ঞানঘন প্রকৃতির উপচয়ে উপচিত হয় ৷

সাধারণত অধ্যাত্মসাধনায় আনন্দ বা রসাস্বাদকে নিকৃষ্ট এবং অচিরস্থায়ী একটা পর্বর্পে গণ্য করে ব্রহ্মনির্বাণের পরমপ্রশান্তিকেই সাধকের কাছে নিতাস্থায়ী পরমপ্রের্যার্থরিপে ধরা হয়। চিদ্বাসিত মনের ভূমিতে একথা সত্য হতে পারে—কেননা চিন্ময় সমাপত্তির প্রথম পর্বৈ যে-আনন্দ সাধকের

চেতনায় উচ্চ্বসিত হয়ে ওঠে, তার মধ্যে প্রায়ই চিৎশক্তির দ্বারা আপ্যায়িত প্রাণের খানিকটা রসাবেশ হয়তো মেশানো থাকে। সাধকের চিত্ত তথন অতর্কিত আনন্দের উচ্ছলনে উদ্বেল ও উত্তেজিত হয়ে ওঠে, হদের তীব্রতর সংখ্যের অসহা পাঁডনে বিহত্তল হয়ে পড়ে—আত্মার গভার গহনে জাগে সে কী অনিব'চনীয় স্পর্শরতির বেদনা! এই স্বদর্শিভ অন্তুতিকে চলতি-পথের ঐশ্বর্য বা উৎসপিণী শক্তির উল্লাস বলে স্বীকার করেও বলব—অধ্যাত্মচেতনার পরমা প্রতিষ্ঠা এতেই নয়। চিন্ময় আনন্দের তুংগতম শিখরে এমনিতর ক্ল-ভাঙা উচ্ছনাস নাই, উন্মাদনা নাই। সেখানে আছে শুধু শাশ্বত সদ্ভাবের অচলপ্রতিষ্ঠায় নিহিত শাশ্বত আনন্দসংবিতের অমেয়-গহন অন্তব-এক শাশ্বতী প্রশাশ্তির আনন্দ-চিন্ময় স্তব্ধতা। শান্তি আর আনন্দে সেখানে প্রভেদ নাই। অতিমানসের দিব্যচেতনায় সকল বৈচিত্য ও সকল বিরোধের চরম সমাধানে শান্তি ও আনন্দের সামরস্য সেখানে সহজ হয়। সর্বাত্মভাবের উদার প্রশান্তি ও গভীর আনন্দ অতিমানস আমোপলন্ধির প্রথম সোপান বটে। কিন্তু এই লোকোত্তর চেতনায় সে আনন্দ আর প্রশান্তি এক অসমোধর্ব রসমাধ্যুযে অবিনাভূত হয়ে ফোটে এবং অনন্তস্বরূপিণী শাশ্বতী হ্যাদিনীশন্তির নিত্যোল্লাসে তার পর্যবসান ঘটে। বি<mark>জ্ঞানঘন-চেতনার যে-কোন</mark>ও ভূমিতেই দ্বরূপসত্তার এই চিন্ময় সহজানন্দের অন্তেব মর্মগহন হতে অনায়াসে উৎসারিত হয়। শুধু তা-ই নয়, সে-আনন্দ আত্মপ্রকৃতির সকল প্রবৃত্তিতে পরিব্যাপ্ত হয়ে দেহ ও প্রাণের সকল ক্রিয়া ও প্রতিক্রিয়ায় বিচ্ছারিত হয়—তখন আনন্দের প্রশাসনকে লঙ্ঘন করবার কারও সাধ্য থাকে না। এমন-কি বিজ্ঞানঘন গোগ্রান্তরের প্রাক্কালেও এই সহজানন্দের উন্মেষে আধারে অপরূপ আনন্দসূষমার বাসন্ত-উৎসব ফুটতে পারে। মনের মধ্যে সে-আনন্দ উল্লাসিত হয়ে ওঠে চিন্ময় অনুভব দর্শন ও বিজ্ঞানের স্বতীর অথচ অনুচ্ছের্বসত মাধুরীতে। হাদয়ে তা ফোটে বিশ্বসায়্জ্য এবং বিশ্বব্যাপ্ত প্রেম ও মৈত্রীর কখনও-উদার কখনও-গহন কখনও-বা উচ্ছন্সত আবেগের আন্দোলনে—সর্বজীব ও সর্বভৃতের অন্তর্নিহিত আনন্দের নিগ্র্ডু স্পর্শে চেতনা কণ্টকিত হয়। তেমনি সংকল্পের প্রবেগে ও প্রাণের আক্তিতে সে-আনন্দের অনুভূতি জেগে ওঠে এক দিবাপ্রাণের নিতা-ম্পান্দত বীর্যোল্লাসরূপে। সর্বত্র অশ্বৈতসত্তার প্রত্যক্ষে ও স্পর্শে নিখিল ইন্দ্রিয়ের অনুত্তর পরিতপণি ঘটে, প্রতি বস্তুতে প্রপঞ্চোল্লাসের এক সর্বগত মাধুরী ও অন্তর্গুঢ় সোষম্যের আন্বাদন তাদের প্রবৃত্তির সহজস্পের ধর্ম হয় অন্ভবের মৃদ্বমন্দ একটা শিহরন জাগায়। দেহে সে-আনন্দ জাগে চিন্ময়ের তৃষ্গতা হতে নিঝারিত মহানন্দার নিরন্ত নিঝারে—অম্তরসে সঞ্জীবিত চিদ্**ঘন**বিগ্রহের শাশ্তরতিতে ফোটে দৈহাসন্তার অনাদ্বাদিতপূর্ব মাধ্বরী।

এমনি করে ত্রিপরেস্করীর অবাজ্মানসগোচর মহিমা বিজ্ঞানঘন-চেতনায় আপনাকে প্রকটিত করে প্রতি বস্তুর অন্তর্গর্চ র পরেখা ও প্রাণস্পন্দনের, তার বীর্যবিভৃতি ও নিহিতার্থ সৌষম্যের অভিব্যঞ্জনায়। তখন এ-জগৎ যে রক্ষের আনন্দর্প—এই পরম অনুভবে চিত্ত নিতার্নান্দত হয়।

অতিমানস-প্রকৃতির স্ফারণে আধারে যে চিন্ময়-রূপান্তর ঘটে, এই হল তার প্রাথমিক মহাসিদ্ধির পরিচয়। কিন্তু শুধু অন্তরগহনে সং-চিং-আনন্দের পরিপূর্ণ উপচয় নয়, পরেষের জীবনে ও কর্মেও যাদ তার ষোড়শকল মহিমা ফোটাতে হয়, তাহলে আমাদের প্রাকৃত-মনের তরফ থেকে দুটি গরে,তর প্রশেনর সমাধান হওয়া প্রয়োজন। জীবনসাধনার অর্গাবিচারে মানুষের বর্লিধ এ-দর্নিট প্রশ্নকে গ্রেড্রপূর্ণ এমন-কি প্রমূখ একটা মর্যাদ্য দিয়েছে। প্রথম প্রশ্ন . বিজ্ঞানঘন-চেতনায় ব্যক্তিসন্তার স্থান আছে কি না। প্রাকৃত জীবনে ব্যক্তিসন্তার যে-ধরনের প্রকাশ আমরা দেখতে পাই, দিবা-জীবনে কি তার দির্থাত ও নিমিতির আমূল রূপান্তর ঘটবে? দিবতীয় প্রশ্ন : বিজ্ঞানঘন-পরেষের যদি ব্যক্তিত্ব থাকে, তাহলে তাঁর কৃতকর্মের দায়ও থাকবে। সে-ক্ষেত্রে বিজ্ঞানঘন-প্রকৃতিতে ধর্মবোধের স্থান কি হবে এবং তার চরম পরিণতিই-বা কি আকার ধারণ করবে ? সাধারণত আমরা বিবিক্ত অহংকেই আত্মা বলে কল্পনা করি। অতএব বিশ্বচেতনায় কি তরীয়চেতনায় যদি অহন্তার প্রলয় ঘটে, তাহলে সেইসংগ্র ব্যক্তির জীবন ও কমেরও অবসান ঘটবে। কারণ ব্যক্তির তিরোধানে এক নৈব্যক্তিক চেতনা বা বিশ্বাম্বাই অবশিষ্ট থাকতে পারে। কিন্তু ব্যক্তিমের নিঃশেষ পরিনির্বাণে শুনাতা ছাড়া কিছুই যখন থাকে না, তখন ব্যক্তির কর্মদায় কি ধর্মবোধের পরিণতির প্রসংগই তো সেক্ষেত্রে উঠতে পারে না।...কোনও-কোনও মতে চিন্ময় সিন্ধপুরুষের বিনাশ হয় না-কিন্তু নিত্যশূর্ণ নিত্য-ম্বরুপে চিন্ময়ধামে তাঁর নিতাবাস ঘটে। সিন্ধিলাভের পরেও সিন্ধপুরুষ মত্য ভূমিতে থাকেন। অথচ কল্পনা করা হয়, অহন্তার নির্বাণে তাঁর মধ্যে এক বৈশ্বানর চিন্ময় ব্যক্তিসত্ত আবিভূতি হয়েছে, যাকে বলতে পারি বিশ্বোত্তীর্ণ সত্তার একটা বিন্দুঘন বিভূতি মাত্র। এহতে অনুমান করা চলে বিজ্ঞানঘন বা অতিমানস প্রেম্ব অপ্রেম্ববিধ প্রেম্ব মান্ত—তাঁর আত্মসত্তা কিন্ত ব্যক্তিসত্তা নাই। এমনিতর আছে. একাধিক জগতে থাকতে পারেন। কিন্তু স্বরূপ এবং প্রকৃতিতে তাঁরা এক—ব্যক্তিসন্তার কোনও বৈশিষ্টা নাই তাঁদের মধ্যে। শ্বন্ধ-সন্মাত্রের শ্ব্যাতা হতে ব্যাবহারিক চৈতনোর বৃত্তি এবং ক্লিয়া সেখানে বাদবাদের মত ফার্টছে। আমাদের বহিশ্চেতনায় বিবিশ্বী থাঞ্চিসত্তের যে-বৈচিত্যকে আত্মভাব বলে জানি, তার কোনও আভাস সেখানে নাই। অহন্তার প্র**লয়েও** ব্যক্তিসন্তার প্ররূপাক্তথান সম্ভব কিনা, তার জবাবে এই হবে প্রাক্তমনের

নেতিম্লক সমাধান। কিন্তু অতিমানস দৃণ্টির সমাধান সম্পূর্ণ বিপরীত। অতিমানস-চেতনায় ব্যক্তি-সত্তা আর নৈব্যক্তিক-সত্তায় বিরোধ নাই—দৃ্টিই সেখানে এক অখণ্ডতত্ত্বের অন্যোন্যসম্পৃক্ত বিভাবমাত্র। এই তত্ত্বভাব প্রবৃষ্ধেই আছে—অহন্তাতে নাই। ম্বর্পপ্রকৃতিতে সে-প্রবৃষ্ধ বিশ্বাত্মক এবং নৈব্যক্তিক হয়েও আত্মপ্রকৃতি হতে ব্যক্তিসত্ত্বের বিভূতি গড়ে তোলেন—যা প্রাকৃতপরিণামের ভূমিকায় ফোটায় তাঁর আত্মভাবনার বৈচিত্র্য।

অপ্রের্মবিধতা স্বর্পত অনাদি বিশ্বাত্মক একটা ভাব। তাকে বলতে পারি শুখু একটা সত্তা শক্তি বা চৈতনা—যা বহুধা তার আত্মভাবের তপঃশক্তিকে বূপায়িত করে চলেছে। তার তপঃশক্তি বীর্য সংবেগ বা গাণের যে-কোনও ব্যাকৃতি সামান্যাত্মক নৈব্যক্তিক ও সর্বগত হলেও জীবব্যক্তি তাকে নিজের ব্যক্তিসন্তার উপাদানর পেই গ্রহণ করে। অনাদি নির্বিশেষ তত্তভাবের দিক থেকে বলতে পারি—অপুরুষবিধতা পুরুষেরই স্বরূপধাতুর শুন্ধ ব্যঞ্জনা মাত্র। কিন্তু সক্রিয় সবিশেষ তত্তভাবের দিক থেকে দেখলে বৃঝি, ওই অপুরুষ্বিধতাই নিজের অখণ্ডশক্তিকে বহুধাবিকল্পিত করে খণ্ডশক্তির অন্যোন্যসমাহারে ব্যক্তিসত্ত্বে বিভূতি গড়ে তোলে। প্রেম প্রেমিকের স্বভাবসিদ্ধ ধর্ম, শোর্ষেই যোশ্ধার স্বভাব ফুটে ওঠে। কিন্ত স্বরূপত প্রেম কি শোর্য বিশ্বগত একটা নৈব্যন্তিক শক্তি অথবা মহাশক্তির লীলাবিভৃতি—চিৎপরের্যেরই বিশ্বভাবন সন্তা ও প্রকৃতির বীর্য তারা। এই অপ্রের্যবিধতাকে আত্মপ্রকৃতির্পে নিজের মধ্যে ধারণ করে আছেন যিনি, তিনিই পরেষ। সেই পরেষই প্রেমিক' বা 'যোদ্ধা'। পারুষের পারুষবিধতা বা ব্যক্তিসত্ত তাঁর আত্মপ্রকৃতিগত স্থিতি ও কৃতির স্ফুরণ মাত্র। কিন্তু আদি-অন্ত বিচার করলে এই স্ফুরণকেও তিনি তাঁর স্বয়ম্ভ স্বর্পসত্তার মহিমায় ছাপিয়ে আছেন। ব্যক্তিসত্তের স্ফারণে তাঁর প্রকৃতি-স্থ সিম্পসত্তাকে তিনি প্রকট করেন মাত্র। জীবব্যক্তির সীমিত বিগ্রহে তাই দেখি প্রেষের অপ্রেষবিধ সত্তার প্রেষবিধ বিভূতি অর্থাৎ তার আঅ-ভাবনার একটা বিশিষ্ট প্রকাশ—যা বিস্টির লীলায় তাকে সার্থক আত্ম-র পায়ণের উপাদান যোগায়। অসীম অর প স্বর পে তিনি স্বর পপরে যাত এবং তা-ই তাঁর তত্তরূপ। সেখানে তিনি বিভৃতিপূর্ব নন—অন্তহীন সর্বগত প্রেষভাবনার তিনি বীজাধার। চিদ্ঘন আদিপ্রেষর্পে প্রেষভাবনার প্রত্যেকটি বীজে তিনি তাঁর স্বকল্পিত বৈশিষ্ট্যের সংবেগ আহিত করেন এবং তাইতে সৃষ্টিলীলায় বহুর প্রত্যেকে এক দিবা-পারুষেরই আত্মন্বরুপের অদ্বিতীয় বিভাবনা ফোটে। শাশ্বত অমুতি দিব্য-পূর্ব আপনাকে প্রকটিত করলেন সন্তার চৈতন্যে ও আনন্দে—প্রজ্ঞা বিদ্যা প্রীতি ও কান্তিতে। তার এইসব সর্বগত নৈব্যক্তিক আত্মবিভূতিকে আমরা তাঁর স্বর্পপ্রকৃতি ভাবতে পারি— বলতে পারি বন্ধা প্রেমন্বরূপ, বন্ধা প্রজ্ঞান্বরূপ অথবা বন্ধা সভান্বরূপ কি

ঋতম্বর্প। কিন্তু রক্ষ তো শৃধ্য অপ্র্যুবিধ ভাবমান্ত নন্, কিংবা ভাব বা গ্রেণের অব্যক্ত নিন্দ্র্যর্থ নন। তিনি যে আবার প্র্যুবিধ— যুনগপং বিশ্বোত্তীর্ণ বিশ্বাত্মক ও জীবভূতও যে তিনি। এই দ্ভিতৈ দেখলে নৈব্যক্তিকতা ও ব্যক্তিভাবের সহভাব বা একীভাবকে কোনমতেই মনে হয় না স্বত্যেবির্ম্থ অসম্ভব কি অসংগত। যিনি অপ্র্যুবিধ, তিনি প্র্যুবিধ হয়ে প্রকট হয়েছেন। তাঁর দ্বিট বিভাবই অন্যোন্যভূত অন্যোন্যসঞ্জীবিত এবং অন্যোন্যবিগলিত—অথচ কি করে যেন তারা একই তত্ত্বভাবের দ্বিট অন্ত দ্বিট ধারা বা এপিঠ-ওপিঠ-র্পে দেখা দেয়। বিজ্ঞানঘন-প্র্যুষ দিব্য-প্র্যুবের আত্মভূত, অতএব তাঁর মধ্যে অনায়াসে অস্তিভাবের এই অনিব্চনীয় রহস্যর্প ফ্র্টে ওঠে।

বিজ্ঞানঘনবিগ্রহ অতিমানবকে চিন্ময়-পারাষ বলতে পারি বটে, কিন্তু তবা তাঁর ব্যক্তিসত্তের একটা নিদিপ্টি ছক কম্পনা করতে পারি না। কারণ তাঁর মধ্যে বিশ্বাত্মক ও বিশ্বোত্তীর্ণ স্বরূপের চিন্ময় ব্যঞ্জনা নিত্যপ্রকট রয়েছে বলে কতগুলি নির্দিষ্ট ধর্মের একটা স্থাণ্য সমাহার বা চারিত্রের একটা বিশিষ্ট ভাগ্গ দিয়ে তাঁর ব্যক্তিম্বকে সীমিত করা সম্ভব নয়। অথচ তাঁর সত্তা যে বন্ধনহীন নৈব্যক্তিকতার লীলাবিভৃতিরূপে ব্যক্তিবিগ্রহের যেমন-খুশি চেউ তলে চলেছে কালের প্রবাহে, তাও নয়। সন্তার গভীরে কোনও কেন্দ্রচেতনায় যাদের পোর্ষেয়-বোধ সংহত হয়নি অতএব সাময়িক ভাবোচ্ছ্রাসের প্ররো-চনায় যাদের ব্যক্তিসত বিক্ষিপ্ত হয়ে বহুরূপীর আকার ধারণ করে, তাদের পক্ষে অমনতর একটা অব্যবস্থিততা অসম্ভব নয়। কিন্তু বিজ্ঞানঘন-চেতনায় আছে বৃহৎসামের ছন্দ—আছে স**্পর**ুদ্ধ আত্মবিদ্যা ও আত্ম-ঈশনার বীর্য । স**ৃ**তরাং তার মধ্যে কোথাও ছন্দোভত্য ঘটতে পারে না। ব্যক্তিত্ব এবং চারিত্রের মোলিক উপাদান কি. তা নিয়ে অবশ্য মতভেদ আছে। কারও মতে, কতগরেল সর্নার,-পিত ধর্মের একটা নির্দিষ্ট কাঠামোতে পরের্যের স্বর্পশক্তির যে-প্রকাশ, তা-ই হল ব্যক্তিত্ব। আবার কেউ-কেউ ব্যক্তিত্ব আর চারিত্রে ভেদ কল্পনা করে বলেন— ব্যক্তির হল প্ররুষের আত্মরূপায়ণের জংগম দিক্ বাইরের অভিঘাতে যার স্পর্শাতুর চেতনায় নিতা নতুনের সাড়া জাগে। আর চারিত্র হল তার প্রকৃতি-নির্পিত অন্তানহিত স্থাণুর্পটি। কিন্তু এমনি করে স্বভাবের স্থাণুত্ব বা জঙ্গমত্ব দিয়ে ব্যক্তিত্বের স্বরূপ নির্ণয় করা নিরাপদ নয়। কারণ সকল মান, ষের মধোই দ্বটি বিভাব আছে। একটি তার সত্তা বা স্বভাবের জঙ্গম দিক, যা তার ব্যক্তিসত্ত্বের অব্যক্ত অথচ সীমিত উপাদান; আরেকটি ওই জন্মধর্ম হতে আবির্ভূত ব্যক্তিসত্তের একটা ব্যক্তবিগ্রন্থ। এই ব্যক্তবিগ্রহ কখনও আড়ন্ট-কঠিন হয়, আবার কখনও তার মধ্যে নিত্য নবায়ন ও প্রাটির অনুকূল একটা নমনীয়তা দেখা দেয়। কিন্তু শেষোক্ত ক্ষেত্ৰেও অব্যাকৃত জঞ্জম-ধর্মের ভাণ্ডার হতেই রূপায়ণের উপাদান সংগ্রহ করতে হয়। প্রায়ই এই

রাপায়ণ ব্যক্তিসভের কাঠামোর পরিবর্তান সম্প্রসারণ বা নবীকরণমাত্র। অতএব তার মধ্যে সাধারণত প্রাক্তন বিগ্রহের উচ্ছেদ করে একটা নতুন বিগ্রহ স্থাপন করবার প্রচেষ্টা দেখা যায় না—যদিও অনৈস্গিক বা অভিপ্রাকৃত সংযোগবশ্ভ ব্যক্তিম্বের রূপান্তরও অসম্ভব নয়। কিন্তু স্বভাবের এই স্থাণ্ড জঞাম বিভাব ছাডাও ব্যক্তির রূপায়ণে আছে গ্রহাহিত প্রেরেষের অন্তর্গতে প্রেরণা। ব্যক্তির ব্যক্তিত্ব বদ্তুত তাঁর আত্মর্পায়ণ মাত্র। যুগযুগান্তর ধরে তাঁর যে সম্ভূতির নাট্যলীলা, তার মধ্যে এ-জীবনের ব্যক্তিসত্তা একটা নিদিণ্ট ভূমিকা শ্বহু। কিন্তু স্বর্পপার্ষ বিভূতিপার্ষের চাইতে বৃহৎ—তাই ক্যনও-ক্যনও তাঁর অন্তঃশীল বৃহত্ব বাইরের আয়তনকে ছাপিয়ে ওঠে। তার ফলে পুরুষের শ্বমহিমার একটা অভতপূর্ব প্রকাশ ঘটে—যাকে নির্নুপিত ধর্মের ছক দিয়ে, নিখুতে রূপরেখার লিখন দিয়ে, একটা স্বাভাবিক স্থায়িভাবের সংজ্ঞা দিয়ে অথবা রূপায়ণের কোনও বৈশিষ্ট্য দিয়ে পরিচিত করবার প্রয়াস বার্থ হয়। অথচ তাকে অগ্রাহ্য অব্যাক্ত কু**হেলিকা**র একটা চণ্ডল মায়াও বলতে পারি না। ভার স্বর পকে চিনতে না পারলেও তার ক্রিয়ামন্ত্রার একটা বৈশিষ্ট্য বোঝা যায়, অন্তরের শুদুধবোধদবারা তার অনুভব ও অনুবর্তনও করা চলে—যদিও বচন দিয়ে তার অভিজ্ঞানের স্বর্প-রচন হয় না। বস্তৃত এধরনের চিন্ময় প্রকাশ সন্ধিনীশন্তির একটা ব্যঞ্জনামাত্র—বিগ্রহ নয়। প্রাকৃত জীবের সীমিত ব্যক্তিসত্তকে তার স্বভাবধর্মের বৈশিষ্ট্য দিয়ে বোঝা যায়—যার ছাপ তার ভাবে কর্মে ও জীবনে, তার বাহ্যব্যাকৃতি ও আত্মর্পায়ণের ঐকান্তিক ভণ্গিমায় ম্দ্রিত হয়ে আছে। তার মধ্যে অব্যক্ত বলে যেট্রকু আমাদের নজর এড়িয়ে বায়, সেট্রকতেও ব্যক্তির সামান্য পরিচয়গ্রহণে কোনও বাধা হয় না। প্রায়ই অলক্ষিত বিভার্বটি হয়তো ব্যক্তিসত্তের একটা অব্যাকত বাষ্পতরল উপাদানমাত্র—এখনও যা রুপায়ণের কটাহে ফুটছে, কিন্তু ব্যন্তবিগ্রহের আকারে দানা বাঁধবার অবকাশ পায়নি। কিন্তু অ-প্রাকৃত প্রের্মের গ্রাহিত স্বর্প-শক্তি যখন উপচে পড়ে, তার অন্তগ্র্টি দেববীর্যকে ব্যাবহারিক জীবনের বহিরপানেও উথলে তোলে, তথন প্রাকৃত ব্যক্তিম্বের এই মানদশ্ডে তাঁর পৌর বেয় বিভতির ষড়েশ্বরের পরিমাপ হয় না। পরে ষের সে-আড়া-সম্ভূতিকে আমরা অনুভব করি এক চিন্মর মহাজ্যোতির এক বিপ্ল সামথা ও তপোবিভৃতির 'অর্ণব সম্দু'রুপে—আমাদের চেত্না যার গ্রণশিক্ষার অবন্ধন তর্গোচ্ছনাসকে তলিয়ে ব্রুখতে পারে, কিন্তু তার স্বর্পকে নির্পিত করতে পারে না। অথচ সেখানেও চেতনায় ব্যক্তিসন্তার একটা আভাস. এক মহাশব্তিমান প্রের্যের অনতিবর্তনীয় প্রত্যর জাগে। মনে হয়, এ যেন অন্তর অনুপম মহাবীর্ষাধার একটা-কিছ্যু-এ তো জীবভাব নয়, এ যে অনির্বচনীয় অথচ ব্রুদ্ধিগ্রাহ্য চিদু ঘনবিগ্রহ দিবা পুরুষের বিদ্যোতনা। বিজ্ঞানঘন-পুরুষের

ব্যক্তিভাবনায় অন্তরপনুর্য এমনি করে তাঁর স্বয়ংসংবৃত্ত মুহিমাকে অনাবৃত্ত করেন—বাইরের আধারে আর অন্তরের গহনে তাঁর একরস স্বান্ভবের দীপ্তি সমান উপ্জন্প হয়ে জনুলে ওঠে। প্রাকৃত জীবের মত তাঁর ব্যক্তিসত্ব অর্ধ-আবিরত নয়, গনুহাহিত প্রব্যের অনাতিস্ফৃট অভিব্যক্তিমান্ত নয়। তাঁর ব্যক্তিষ সমন্দ্রং—সমন্দ্রের তরঙ্গ সে নয় শন্ধ। অমৃত দিব্য-পনুর্বেরই স্বপ্রকাশ মৃত্বিগ্রহ তিনি, অতএব প্রাকৃত ব্যক্তিষের কৃত্রিম মৃথোসে নিজেকে প্রকাশ ক্রবার তাঁর প্রয়োজন হয় না।

বিজ্ঞানঘন-পুরুষের স্বভাব তাহলে এই। এক অনন্ত বিরাট্-পুরুষ তার শাশ্বত আত্মভাবকে প্রকাশ করছেন কালাবচ্ছিন্ন ও জীবোপাধিক আত্ম-র.পারণের ব্যঞ্জনাশন্তির সহায়ে বান্তবিগ্রহের আকারে। অন্তরের শ**্**শধবোধে আমরা পাই তাঁর প্রকাশবান রূপের পরিচয়, আর অবিদ্যাচ্ছন্ন মন দিয়ে দেখি তাঁর আভাসর্পিটি শ্বধ্ব। কিন্তু তাঁর জীবপ্রকৃতির অভিব্যক্তিতে ফ্র্টবে তাঁর বিশ্বতোম খী পূর্ণাহন্তার একটা দ্যোতনামাত্র—তার স্বখানি নয়। সে-দ্যোতনা কখনও হবে অকম্পিত তুলির টানে সম্পুষ্ট রেখায় আঁকা, কখনও-বা তার মধ্যে বহুভাগ্গম পুরুরুপের সুষম বৈচিত্র্য থাকরে। কিন্তু ওই জীব-প্রকৃতির অন্তরাল হতেই আবার তাঁর অন্তহীন অনির্বাচ্য পূর্ণাহন্তার বুদ্ধি-প্রাহ্য ব্যঞ্জনা বিচ্ছ্বরিত হবে। বিজ্ঞানঘন-পরেব্রেষর চেতনাও হবে আত্ম-র্পায়ণের অফ্রন্ত উল্লাসে স্ফ্রিত অনন্ত চেতনা—যার মধ্যে রয়েছে অবন্ধন আনন্ত্য ও বিশ্বাত্মভাবের অটুট সংবিং। সে-সংবিতের বীর্য ও ব্যঞ্জনা তাঁর খণ্ডভাবনারও রশ্বে-রশ্বে অন্বিশ্ব হবে—অথচ তাকে ছাপিয়ে ক্ষণান্তরের আত্মভাবনায় নিজেকে স্বচ্ছন্দে স্ফর্নিত করতেও তার বাধবে না। তব্ চেতনার এই স্বাচ্ছন্দ্যকে একটা ছন্দোহীন জপামধর্মের অবোধ্য বিলাস বলব না—তাকে বলব আত্মর্পায়ণের ছন্দে স্বর্পশক্তির অন্তর্নিহিত সত্যের বিভাবনা। স্কুতরাং অনশ্তের যে-কোনও বিস্কৃতির মূলে যে সৌষমোর স্বাভা-বিক প্রেতি আছে. এখানেও তার অসম্ভাব নাই।

বিজ্ঞানখন-পর্ব্বের সকল কিয়া-মনুদ্রাই তাঁর বিজ্ঞানখন ব্যক্তিসত্ত্বের সহজ ও স্বচ্ছন্দ অভিব্যক্তি। অতএব তার মধ্যে ধর্মাধর্মবাধের বা ভালমন্দের কোনও বন্দ্র কি সমস্যার কথা ওঠে না। তাঁর জীবনে সমস্যার কোনও অবকাশই নাই, কেননা সমস্যা দেখা দেয় একমাত্র অবিদ্যাচ্ছন্ন জিজ্ঞাস্ক মনের মধ্যে। যাঁর চেতনায় স্বয়ম্ভ্বিদ্যার নিত্যস্ফর্বণ এবং তারই প্রেরণায় কিয়ার স্বতঃ-উৎসারণ, চিন্ময় স্বপ্রকাশ স্বর্পসত্যের সিম্পস্তা ধাঁর কমের প্রবিত্বি, তাঁর মধ্যে সমস্যার স্থান কোথায়? চিন্ময় স্বর্গত স্বর্পসত্য ধেখানে আপন স্বভাবের ম্কুচ্ছন্দে এবং চিংশক্তির স্বতঃস্ফ্রেণে আপনাকে অনায়াসে ফ্টিয়ে তুলছে, যেখানে সত্যের অন্তহীন বিভাবনাতেও স্বর্গী রয়েছে এক স্বর্প-

সত্যের অবৈতভাবসম্পর্টিত পরম প্রতায়–সেখানে সত্যের অভিবান্তি হবে সর্বগত শিবস্বর পের অভিবান্তি। সেথানে আন্সন স্বভাবের মাক্তচ্ছেন্দে এবং চিংশন্তির স্বতঃস্ফুরণে এক শিবময় সত্যই স্ফুর্রিত হবে—সর্বগত এবং সার্বজনীন এক কল্যাণশক্তিই বিচ্ছুরিত হবে কল্যাণবৃত্তির স্বয়স্ভাবের নিরঞ্জনতা বিজ্ঞানঘন-পুরুষের বর্ণ চ্ছটায়। শাশ্বত প্রবাত্তিকে অনুষিক্ত করবে এবং তার স্পর্শে তাঁর জগতের স্ব-কিছুই হবে স্ফটিকস্বচ্ছ এবং অপহতপাপ্মা। তাঁর অবিদ্যানিম্বন্ত প্রবৃত্তিতে অনৃতসংকল্প বা প্রমাদের প্ররোচনা থাকবে না—বিবিক্ত অহমিকার অন্থতা ও বিরুদ্ধবৃদ্ধির দরনে নিজের কি পরের অনিষ্টসাধনের সম্ভাবনা থাকবে না। নিজের কি পরের দেহ-প্রাণ-মন-আত্মার অসুষ্ঠে, উপযোগশ্বারা জগতে অনর্থের সূচিট করা একান্তই তাঁর স্বভাববির্দ্ধ হবে। পাপ-প্রা শ্বভাশ্বভের উধের্ব ওঠা বৈদান্তিক মৃত্তিসাধনার একটা অপরিহার্য অর্গ । মৃত্তির অর্থ যদি হয় চিন্মর আত্মস্বর্পে প্রতিষ্ঠিত হওয়া, তাহলে সে-ভূমিতে সমস্ত কর্ম হবে ওই উত্তর-সত্যের স্বতঃস্ফূর্ত আত্মর্পারণ, অতএব স্বভাবত সেখানে অবিদ্যাকল্পিত পাপ-প্রণ্যাদির কোনও শ্বন্দ্ব থাকবে না। আধারের অপূর্ণতাহেত আমাদের ব্তিসমূহে যেমন একটা দ্বন্দ্ব রয়েছে তেমনি রয়েছে তাকে অতিক্রম করে সদাচারের একটা আদর্শভূমিতে প্রতিষ্ঠিত হবার প্রয়াস। ধর্মশান্তের বিধান-মতে এই প্রয়াসের অনুকূল কর্মকে আমরা বলি পুণা, আর বিপরীত কর্মকে বলি পাপ। ধর্মবৃশ্ধির প্রেরণায় আমরা কল্পনা করি প্রেমের বিধান, ন্যায়ের বিধান, সত্যের বিধান—এর্মান কত-কি বিধান, যাদের মেনে চলা কঠিন, খাপ-খাইয়ে চলা আরও কঠিন। কিন্তু চিন্ময় সিন্ধপ্রকৃতির ধর্মই যদি হয় সর্বাত্ম-ভাব বা সত্যের সঙ্গে তাদাত্মা তাহলে প্রেম কি সত্য সম্পর্কে একটা বিধান জারি করবার প্রয়োজন সেখানে আছে কি? আমাদের অপরা প্রকৃতির 'পরে বিধিনিষেধের শাসন অপরিহার্য হয়েছে এইজন্য যে, মানুষের মধ্যে চিয়া করছে বিবিক্তবোধ বৈষম্য বিশেষ ও সংঘর্ষের একটা বির্ম্পান্তি, অপরকে শত্র কল্পনা করবার একটা স্বাভাবিক প্রবৃত্তি। অবিদ্যার্জনিত বৃত্তশ**ন্তির কর্বাল**ত যে-প্রকৃতি, তার মধ্যে কল্যাণপ্রতিষ্ঠার প্রয়াস হতে ধর্মানুশাসনের কিন্তু যে পরমাপ্রকৃতিতে সমস্ত পরিণাম চিন্ময় স্বর্পসন্তার ঋতময় স্ফ্রণ, তার মধ্যে প্রেষার্থ এবং তার সাধনা কিংবা পাপ-প্রেয়ের কোনও শ্বন্ধ থাকতেই পারে না। প্রেম সত্য ও ন্যায়ের প্রদীপ্ত বীর্য নিশ্চয়ই সেখানে আছে—কিন্ত আছে আত্মপ্রকৃতির স্বর্পধাতুর্পেই, মনঃকল্পিত কোনও বিধানরপে নয়। তাই সমগ্র আধারের হিরশ্ময় অভপাপরিণামহেত কর্ম-মারেই সেখানে ধর্ম হতে প্রজাত এবং ধর্মময়। এর্মান করে স্বর্পপ্রকৃতিতে প্রতিষ্ঠিত হওয়া অশ্বৈতভাবনার চিন্মরসতো নির্চ হওয়া—এই হল চিন্মর-

পর্ব্বের ম্ভির সাধনা। বিজ্ঞানঘন-পরিণাম এই স্বর্বুপে ফিরে যাবার সিন্ধিকেই নিশ্বতভাবে সহজ এবং বীর্যময় করে। একবার এ-সিন্ধি আয়ন্ত হলে মনঃকলিপত ধর্মের শাসন সম্পূর্ণ নিম্প্রয়োজন হয়। কেননা যেখানে প্রমৃত্তচেতনার ঋতভূৎ স্ব-ধর্মের স্ফ্রেন হয়েছে, সেখানে কলিপত আচার-ধর্মের স্থান হবে কেমন করে? বিজ্ঞানীর সমস্ত প্রবৃত্তি তাই তাঁর চিন্ময় স্ব-ভাবের ধর্মময় স্বতঃস্ফ্রেন ছাড়া আর-কিছ্বুই নয়।

র্থাবদ্যাচ্ছন্ন মনোময় জীবন আর বিজ্ঞানঘন প্রকৃতির স্ফর্রণে প্রভাস্বর দিবা-জীবনের মধ্যে যে গভীর পার্থক্য, তার স্বরূপ এইখানে ধরা পড়ে। নিখিল সংবেদনের অভংগসমাহারে বিজ্ঞানঘন-প্রের্থ পূর্ণপ্রজ্ঞ-স্বর্পসত্তার পূর্ণসভ্য তাঁর অধিগত। সেই সভ্যসংবিংকে তিনি নিরংকুশ স্বাতন্ত্যের ছন্দে চিংম্পন্দনে রূপায়িত করছেন—তাই কোনও কল্পিত বিধিনিষেধের দাস তিনি নন, অথচ তাঁর জীবনে ঋতম্ভরা বিশ্ববিভৃতির সকল বিধান পূর্ণসাথক হয়ে উঠছে। আর অবিদ্যাচ্ছন্ন প্রাকৃত জীবনে রয়েছে খণ্ডিতচেতনার যত াদ্বধা। স্বর্পসত্তার এষণা তার আছে কিন্তু তার সম্যুক উপলব্ধি নাই---তাই অসম্পূর্ণ দর্শনের কল্পিত বিধান দিয়ে নিরন্তর সে ছকে-বাঁধা একটা জীবনাদর্শ গড়তে চাইছে। সত্যের বিধান প্রমার্থসতের ঋতুময় স্পন্দবিভতি: তার মধ্যে স্বর্পশক্তির সম্ল্লাসে স্বয়স্ভূসত্যের স্বতোনিহিত পরিস্পন্দের উচ্ছলন আছে। কথনও সে-বিধান অচেতন, যন্ত্রবং আপাতমূঢ় তার আবর্তন - জড়প্রকৃতির বিধানে আমরা তার পরিচয় বা আভাস পাই। আবার কখনও-বা সে-বিধান চিংশক্তির আত্মস্বাতন্ত্রোর বিধান্ গাহাহিত পারুষের শাস্বত ঋতম্ভরা প্রবর্তনার দ্বারা বিধৃত। অন্তরপুরুষ তাঁর মর্মস্তাের সম্ভাবিত দ্বতঃপ্রকাশের সকল ভাষ্ণামাই জানেন—অখন্ডদ্বিট দিয়ে সমগ্রভাবে যেমন জানেন, তেমনি প্রতিমহেতের ভাবনায় খাটিয়ে জানেন সেই সত্যের ভূতার্থ-সাধনার সকল পর্ব। চিন্ময় বিধানের স্বরূপ এই। চিৎসত্তার নিরঙ্কুশ প্রতান্ত্রো, নিজেরই অর্নাতবর্তনীয় প্রভাবস্পন্দের ছন্দে এক প্রয়ম্ভ প্রকৃতির আত্মপরিণামের দ্ব-প্রতিষ্ঠ দ্ব-কুং বিলাস-এই হল বিজ্ঞানঘনা প্রমা প্রকৃতির নিতালীলাব প্রিচিতি।

সন্তার চরমশিখরে আছেন নির্বিশেষ ব্রহ্ম—আনন্তোর দ্বাতল্যে নিরৎকুশ। নির্বিশেষ সত্য তাঁর দ্বর্প, কিন্তু সেই সত্যেও আছে তাঁর সন্ধিনীশান্তর বিভূতিবীর্ষ। পরমা প্রকৃতিতে অধিন্ঠিত চিংপ্রুব্ধেও ফ্রেট ওঠে এই দুটি বিভাব। তাঁর জীবনের সকল প্রবৃত্ত পরমোশ্বরের পরমা প্রকৃতির ঋতদ্ভীরা প্রবৃত্তি। তার মধ্যে ব্রহের ক্টেম্থ সদ্ভাবের সত্য আর সে-সত্যের সঞ্গে অবিনাভূত স্বর্বের সত্যসঞ্কল্পের সত্য- এই ন্বিদল সত্যই প্রদ্পর জড়িয়ে আছে। প্রত্যেক

বিজ্ঞানম্বন-পরুর্থের জীবনে তাঁর প্রমা প্রকৃতির স্বধ্মানুষায়ী এই যুগল-সতোর প্রকাশ। বিজ্ঞানঘন-পরুরুষের জীবন্মত্ত স্বরূপের তাৎপর্য তার চেতনার প্রম্বান্থতে, তাঁর স্বর্পসত্যের সাথাক বিভাবনায়, তাঁর স্বর্পশক্তির সার্থক উচ্ছলনে; এই তাঁর জীবনযজ্ঞ। কিন্তু তাঁর আত্মপ্রকৃতির এ-যজ্ঞসাধনা দর্বতোভাবে অন্সরণ করে চলেছে তাঁর আধারে প্রকটিত ব্রহ্মের ঋত-চিংকে সর্বাত্মভূত পরমেশ্বরের কবিক্রতুকে। এক বা একাধিক বিজ্ঞানঘন বিগ্রহে, কিংবা যে চিন্ময় সর্বযোনিতে তাঁরা বিধৃত তার মধ্যে—সর্বত্তই অথণ্ড হয়ে অনুসাতে রয়েছে সর্বাবগাহী এই কবিক্তু। প্রতি বিজ্ঞানঘন-পুরুষে এই ক্রত জেগে আছে তাঁর সংকল্পের সংখ্যে একীভূত হয়ে। আবার সেইসংখ্যে তাঁর চেতনায় জাগছে আধারে একই কবিক্রতুর, একই শিব-শক্তির বিচিত্র বিলাসের অপরোক্ষ অনুভব। যে বিজ্ঞান্ঘন সংবিং ও সংকল্প এর্মান করে বিজ্ঞানঘন বিগ্রহের চেতনায় আপন তাদাত্মাকে অনুভব করছে, আপন সহস্তদল বৈচিত্র্যের সংহত তাৎপর্যকে অনুভব করছে নিজের সমগ্রতার ছন্দঃস্থেমায়, তার মধ্যে নিশ্চয় রণিত হয়ে উঠেছে বৃহৎসামের অপূর্ব স্বরসংগতি এবং তার অনুরেণনে নিখিল ব্যাহেরও প্রবৃত্তিতে জেগেছে অন্যোন্সেখ্যত ঐকতানের সোষমা। সেইসংখ্য ব্যক্তি আধারের তন্ত্রীতেও সমুহত শক্তি ও ব্রত্তির সমুদ্রয়ে বেজে উঠেছে এক অদৈবত-সামম সারসংগতির ঝংকার। আধারের সকল শক্তিই নিজেকে ফোটাতে চায়—অভিব্যক্তির চরমে চায় আত্মসম্পূর্তির পরসকোটিতে পেণছতে। বিজ্ঞানঘন বিগ্রহে তাদের সে-এষণা সার্থক হয় প্রমাত্মভাবের সমাপত্তিতে। সেইখানে তারা খ'জে পায় তাদের চরম নিয়তি, তাদের সকল আত্মবিরোধের পর্যবসান –অতিমানস-বিজ্ঞানের স্বতঃপরিণামী স্বাতন্ত্যের এক সর্বদশী ও সর্বসমন্বয়ী বীর্যে তারা বাঁধা পড়ে একাস্মবোধের পরম সৌষ্মো তাদের সমূহ আত্মর পায়ণের সাধনায় দেখা দেয় অন্যোন্যসংগতির উদার ছণ। আত্মসংবিতের প্রকাশ স্বতোবিবিক্ত হলেই আত্ম-অনাত্ম-বিবেকের কথা ওঠে— ভতে-ভতে তখন দেখা দেয় অন্যোন্যবিরোধ। এমন-কি তখন সর্বাত্মভূত সত্তার সংগ্রে বিশিষ্ট ভূতচেতনার আপাতবিরোধও দেখা দিতে পারে—ভূতসত্তা বিদ্রোহও ঘোষণা করতে পারে বিশেবর মঞ্চে কোনও প্রমসত্যের প্রকাশের বিরুদেধ। ঠিক এই ব্যাপারটি ঘটে অবিদ্যাচ্ছন্ন ব্যক্তিচেতনার বেলাতে, কেননা আপন বিবিক্ত ব্যক্তিভাবনার 'পরে দাঁডিয়ে আরসবাইকে সে অনুষ্মীয়ের কোঠায় ঠেলে দেয়। বিশ্বে অথবা ব্যক্তিতে সন্তার সত্য শক্তি গণে বীর্য বা বিভাব যথন বিভিন্নমুখী হয়ে কাজ করে, তখন সর্বত দেখা দেয় এমনিতর একটা সংঘর্ষ ও বৈষম্যের বিক্ষোভ। জগতের সর্বত্র কেবল দ্বন্দ্ব -- দ্বন্দ্ব আমাদের নিজের মধ্যে, দ্বন্দ্র আমাদের পরিবেশের সঙ্গে। মানুষের বেসারা জীবনে, তার অবিদ্যাচ্চন্ন বিবিক্ত চেতনায় এই শ্বন্দ্ব-কোলাহলই বাঝি দ্বভাবের অপরি-

হার্য নিয়তি। কিন্তু বিজ্ঞানঘন-চেতনায় ছন্দোবৈষম্য কোথাও নাই—কেননা সেখানে ব্যক্তি প্রমাতা ষেমন আপন অখন্ড আত্মন্বর্পের সাক্ষাং পান, তেমনি সমিন্টি প্রমাতাও নিজেদের ন্বর্পসতোর সংগে সবার বিভিন্ন চিংল্পদের একটা অপ্রে স্র্রমণ্ডাত অন্ভব করেন—এক সর্বাধার লোকোত্তরের চিত্রভিত্রপে। বিজ্ঞানঘন জীবনে তাই প্রমাতার ন্ব-তন্ত্র আত্মর্পায়ণের সংগে বিশ্বের পরমসতোর ন্বভাবছন্দের প্রতি তাঁর ন্বচ্ছন্দ আন্মাত্যের এতট্মকুও বিরোধ নাই। ব্যক্তির ছন্দ তাঁর চেতনায় একই সত্যের অন্যান্যান্যল্যক দ্রটি বিভাবমাত্র। এক পরমা প্রকৃতির উদার পরিবেশে তাঁর ন্বর্পসতোর লোকোত্তর বিভূতি আত্মার সত্য আর বিশ্বের সত্যের অখন্ড সামরস্যে নিজেকে ক্যুরিত করছে—এই অন্ভব তাঁর মধ্যে নিত্যজাগ্রত। তাঁর জগং একই অখন্ডসন্তার বহুবিচিত্র শক্তিলীলার সমাবেশে স্ট্ অনির্বচনীয় স্বর্বগণিতর জগং। আমাদের মনশ্বেতনা আপাতিক ছন্দোবৈষ্যাের দর্ন যেখানে সংঘর্ষের স্ক্রনা দেখতে পায়, তাঁর চিন্ময় দ্বিট সেখানে স্টি করে অন্যান্যসংগতির ন্বাভাবিক সোষ্মা। অকারণ প্রত্যেক ব্রত্তির ন্বর্পসত্যের সংগে তার ব্যাবহারিক সত্যের যে-সংগতি, বিজ্ঞান্যন পরমা প্রকৃতিতে তা স্বপ্রতিষ্ঠ এবং ন্বতঃক্ষ্ত্রণ।

অতএব অতিমানস বিজ্ঞানঘন প্রকৃতিতে প্রাকৃত-মনের আড়ণ্টতা বা বিধি-বিধানের বন্ধ্র-আঁট্রনি থাকবে না। মনের দৃষ্টি একচোখা—তার কাছে জীবন-সত্যের একটিমাত্র রূপ। তাই সে জীবনকে আদর্শবাদের খোপে পোরে, তার 'পরে বাঁধাধরা একটা রীতের বোঝা চাপায়—ির্নার্দ'ল্ট একটা তল্<u>র</u> বা ছকের আনুগত্য ছাড়া কল্যাণের পথ সে দেখতে পায় না। কিন্তু মনঃকঙ্গিত সঙ্কীর্ণ কাঠামোর মধ্যে জীবনের সমগ্র সত্যকে তো কোনোমতেই ধরানো যায় না। বিশ্বজীবনের প্রৈষাকে কিংবা ঊধর্বপরিণামের প্রেতিকে মনের আডণ্ট আদর্শবাদ স্বচ্ছন্দ হয়ে স্বীকার করবে কেমন করে? নিজের বেড়াজাল পার হতে গেলেই হয় তাকে মরতে হবে, নয়তো ছম্মছাড়া হতে হবে—সমস্ত অন্তঃ-প্রকৃতিতে সূচ্টি করতে হবে তুমুল একটা বিক্ষোভ ও বিদ্রোহ। মনের দূচ্টি এবং সামথা স্বভাবত সংকুচিত বলেই জীবনকে বিধি-নিষেধের চাপে আড়ুষ্ট করে রাখা ছাড়া তার উপায় নাই। কিন্তু বিজ্ঞানঘন-পরে ব জীবনের সবখানি তুলে ধরেন লোকোত্তর মহিমার জ্যোতিলোকে। তাঁর জীবন পূর্ণকল, এক বৃহৎ সত্যের সহস্রদল স্বতঃস্ফ্রেণে হিরণময়—সে-সত্য এক হয়েও বহুখা বিচিত্র, তার মধ্যে ঐক্যের আনন্ত্য বৈচিত্রোর আনন্ত্রোর সন্ধো যুগনন্ধ হরে আছে। অতএব বিজ্ঞানঘন-প্রেষের জ্ঞান ও কর্ম অন-ত স্বাতশ্যের সাবলীল উদার্যে সম্চ্ছল। তাঁর জ্ঞান জ্ঞেয়বস্তুকে সমগ্রদর্শনের উদার ভূমিকার গ্রহণ করে, ক্ষত্র অথন্ড মর্মাসতো বিশ্বতোমাখ সমগ্র সত্যোর যে-বীজভাব নিহিত

রয়েছে, শ্ব্ধ্ তার উপাধিকেই সে স্বীকার করে—মনের কোনও প্রান্তন বিকলপ সংস্কার কি প্রতীকের আড়ণ্টতাকে নয়। অথচ এই প্রান্তন সংস্কারের ফাঁদে পা দেয় বলেই মন তার জ্ঞানবৃত্তির স্বাতন্ত্য হারায়। বিজ্ঞানঘন-প্রব্বের অথন্ড কর্মপ্রবৃত্তিও তেমনি বিধি-নিষেধের কঠিন নিগড়ে জড়িত নয়, কিংবা অতীত কর্ম কি কর্মাফলের দ্বেছেদ্য বন্ধনে সে বাঁধাও পড়েনি। তাঁর কর্মে ক্রমপরিণাম অবশ্য আছে। কিন্তু সে শ্ব্ধ্ অনন্তের সান্ত বিভূতির মধ্যে তাব স্ব-তন্তিত ও স্বতঃপরিণামী সাবলীলতার অপরোক্ষ সংক্রমণ। এই শক্তিসংক্রমণ নিশ্বতি বা ক্ষণভ্রেগর অনৈশ্চিত্য স্টিট করে না—সত্যের অধ্যা প্রকাশকেই সে সৌষম্যের ছন্দে মৃত্তি দেয়। তাই বিজ্ঞানঘন-প্রবৃত্তের ফোটে বশ্বতিনী চিন্ময়ী স্বীয়া প্রকৃতিতেই চিন্ময় প্রবৃষের স্ব-তন্ত্র আত্মবিভাবনার উল্লাস।

আনন্তোর চেতনা ফ্রটলে পরে ব্যক্তিচেতনা যেমন বিশ্বচেতনাকে খণ্ডিত বা বলয়িত করে না তেমনি বিশ্বচেতনাও অনত্তর চেতনাকে বাধিত করে না। তাই বিজ্ঞানঘন-পুরুষের আনন্ত্যচেতনা ব্যক্তির বিগ্রহে নিজেকে যেমন ঘনীভূত করে, তেমনি সেই চিদ্মনবিগ্রহে সূথি করে বিশ্বাত্মক চেতনার পরবিন্দ্র, এবং বিশেবাত্তীর্ণ চেতনার মহাবিন্দ্রও। বিজ্ঞানঘন-পরুর্ষকে তাই বলতে পারি বৈশ্বানর পরেষ'। তার ব্যক্তিগত সমস্ত কর্ম বিশ্বকর্মের সারে বাঁধা, অথচ স্বরূপে তিনি বিশেবাত্তীর্ণ বলে সে-কর্মে কালাবচ্ছিল্ল অবরপ্রকৃতির ব্রিসঙেকাচ কিংবা দৈবরিণী বিশ্বশক্তির কোনও পাঁডন থাকে না। তিনি বিশ্বরূপ বলে বিশ্বগত-অবিদ্যাও তার বিরাট স্বভাবের কুক্ষিগত হবে, কিস্তু অবিদ্যার মুমাবগাহী হয়েও তিনি তার শ্বারা অপরামুন্ট থাকবেন। প্রকৃতি তাঁরই বিশ্বোত্তীর্ণ ব্যক্তিবভাবের বৃহৎ ঋতকে অনুসরণ করবে এবং তাঁর জীবনে ও কর্মে ফুটিয়ে তুলবে তার চিন্ময় সতা। তাঁর জীবন আত্মবিভাবনার স্বতঃস্ফূর্ত লীলাস,্বমা। কিন্তু যেহেতু আত্মসংবিতের চরমকোটিতে তাঁর সত্তা ভাগবতী সত্তার অবিনাভূত, অতএব তাঁরি পরমাত্মভূত মহেশ্বর ও প্রমা প্রকৃতির্পিণী মহেশ্বরীর দিব্য প্রশাসনে তাঁর জীবনধারা অনায়াসে তদিতত হবে—তাঁর জ্ঞানে কর্মে ও জীবনে ফুটবে অবন্ধন বৃহৎ ঋতের নিরঙকুশ ছন্দ। তাঁর জীবপ্রকৃতি স্বচ্ছন্দে শিবপ্রকৃতির অনুগত হবে এবং সেই আন গত্যে সার্থক হবে তাঁর স্বাভন্মা, কেননা এ যে তাঁর আত্মভাবের অনুত্তর মহিমার কাছে নিজেকে স'পে দেওয়া—তাঁর নিথিল সত্তার উৎসম্লের প্রেতিকে জাগ্রত জীবনে বহন করা। তাঁর জীবপ্রকৃতি তথন বিবিষ্ণ একটা ধর্ম নয়—তাঁর পরমা প্রকৃতিরই সে একটা ধারা মাত্র। পরেন্ব-প্রকৃতির ষে অতার্কত বিরোধ ও বৈষম্য এতদিন অবিদ্যাশাসিত প্রকৃতিকে কণ্টকিত করে রেখেছিল, তার চিহ্নমান্তও তথন অবশিষ্ট থাকবে না। কেননা প্রকৃতি তথন

পর্ব্যের আত্মশিস্তর উচ্ছলন, পর্ব্যও লোকোত্তরা পরমা প্রকৃতির ম্রুধারা—
মহেশ্বরের অতিমানস সন্ধিনীশন্তির উন্মিষ্ণত বিভূতি। আত্মশ্বর্পের
এই পর্মসত্য, এই অন্তহীন সৌষ্দ্যের ছন্দ বিজ্ঞানঘন-পর্ব্যের চিন্মর
শ্বভিন্যের বিলাসকে কর্বে অমোঘবীর্য শ্বতঃস্ফৃতি ও সাবলীল।

অবরপ্রকৃতির বেলায় দেখি—তার জগদবিলাসে স্বতঃক্রিয়ার যন্তাচার আছে, নিয়মের বাঁধনে কোথাও তার শৈথিলা নাই চিরক্ষণ্ণ পথের রেখা তার একান্তই অলভ্যনীয়। সেখানেও চিৎশক্তির লীলা চলছে, কিন্তু সে-লীলায় দেখা দিয়েছে প্রকৃতিপরিণামের একটা বাঁধা ছক, প্রকৃতির প্রবৃত্তিতে অভাস্ত সংস্কারের একটা দুর্মোচন দাসত্ব। ব্রান্ধির স্বাতন্তাহীন জীবকে বাধ্য হযে তখন জীবনের ওই গতান গতিক আদর্শ, কমের ওই ছাঁচে-ঢালা রীত মেনে চলতে হয়। মানুষের মধ্যে মনের অভিযান প্রথম শুরু হয় এই ছকবাঁধা গতানু্র্গতিকতার দাসত্ব দিয়ে। কিন্তু চেতনার উন্মেষের সংেগ-সংংগ সে প্রকৃতির আড়ণ্ট পরিকল্পনার মৃত্তি চায়, অচেতন বা অর্ধচেতন ফললীলার মৃত্ বিধানকে স্বচ্ছন্দ করতে চায় আত্মসচেত্র ভাবনা এবং ব্যঞ্জনাবহুল জীবনা-দশের স্বীকৃতি দিয়ে অথবা যন্তের ছককে বাতিল করে বৃদ্ধির ছক দিয়ে জীবনকে জাগ্রত চিত্তের লক্ষ্য প্রয়োজন ও সর্বিধা অনুসারে গড়তে চায়। সত্য বলতে মানুষের এত যত্নে গড়া জ্ঞানের ইমারত বা জীবনের ইমারত কোনটাই কিন্তু পাকা নয়। তবু চিন্তায় বিদ্যায় জীবনে আচারে কি ব্যক্তিষের সাধনায়— জেনে হ'ক বা না জেনে হ'ক-একটা অল্পাধিক পূর্ণ আদর্শ খাড়া না করে সে পারে না। এই আদর্শ হয় তার জীবনের ভিত্তি—অন্তত এই তথাকথিত স্বধর্মের ভাবনায় জীবনকে গড়ে তোলবার চেণ্টা করতে সে কসরে করে না। কিন্তু চিন্ময় জীবনের আদর্শ হল চেতনার প্রমান্তি-কোনও বৈধমার্গের মূট অন্বর্তান নয়। নিজেকে পেতে গিয়ে মান্বের চিৎসত্ত্ব বিধি-নিষেধের সকল বাঁধন ছিল্ল করে। আত্মপ্রকাশের কোনও দায় যদি তার থাকেও, তাহলেও তার প্রকাশ হবে স্বর্পের অকু-ঠ প্রকাশ, মুখোস-ঢাকা কৃত্রিম প্রকাশ নয়। অর্থাং চিদ্বিলাসের সত্যলীলা অনায়াসে তার জীবনে উছলে উঠবে। ছাড সব ধর্ম-জীবন ও কর্মের বাঁধা-ধরা যত নিয়মকান, ন, একমাত্র আমারই শরণ নাও' —এই হল সাধকের প্রতি দিবা-প্রেষের জীবন-গীতার চরম অন্শাসন। এই-যে স্বাতশ্ব্যের এষণা, বৈধমার্গের বন্ধন হতে চিন্ময় রাগমার্গের স্বাচ্ছল্যে এই-যে আত্মার প্রমান্তি, মনের শাসনকে ছ'ড়ে ফেলে এই-যে চিন্ময় সত্যের শাসনকে মেনে চলা, মনোবিকল্পের কৃতিম সভাবে বর্জন করে লোকোত্তর ম্বর্পসত্যের প্রেতিকে বরণ করা—এ-সাধনার পর্যেও অবশ্য স্তরের ভেদ আছে। প্রথমত স্বাতন্ত্রোর চেতনা জাগে অন্তরে, কিন্তু বাইরে তার ছন্দ ফোটে না। সাধক তখনও প্রকৃতির দোলায় দুলতে ধাকে—কখনও 'বিড়াল-

ছানার মত', কখনও 'ঝড়ের ম্থে এ'টোপাতের মত', কখনও-বা বহিদ্ভিতিত উন্মন্তবং কি পিশাচবং'। কখনও হয়তো কিছ্কালের জন্য সাধক চিন্ময় আত্মর্পায়ণের বিশেষ-কোনও একটা ছন্দে এসে পেশছয়। হয়তো কিছ্ভিদনের মত কি এ-জীবনের মত ওই তার সাধ্যের সীমা। হয়তো-বা তার আধারে নিজের সংস্কারান্যায়ী আত্মর্পায়ণের একটা বিশিষ্ট বিভৃতি ফোটে—যার মধ্যে চিন্ময় সত্যের এযাবং-অর্জিত সিন্ধির স্কুট্ প্রকাশ ঘটেছে। তব্ চিংশন্তির তীব্রসংবেগে সাধক আবার স্বচ্ছন্দে নিজেকে র্পান্তরিত করে চলে বৃহত্তর সত্যের সাধ্য-বিভৃতির আকর্ষণে। কিন্তু বিজ্ঞানঘন-প্র্যুষ চেতনার যে-ভূমিতে অধিষ্ঠিত, সেখানে জ্ঞান স্বয়ন্ভূত এবং তার প্রকাশও পরমা প্রকৃতিতে নিহিত কবিরুত্ব স্বতঃপ্রশাসিত ছন্দে বিধৃত। এই স্বয়ন্ভূজ্ঞানের স্বতঃপ্রশাসন আধারে অবরপ্রকৃতির যন্দ্রাচার ও মনঃকন্পিত আদ্প্বাধের দায় ঘ্রিচিয়ে দেয়—সত্তার অন্তে-অন্তে ফ্রিটয়ে তোলে স্ব-চিং ও স্ব-কৃৎ সত্যের স্বতঃস্ক্রন।

বিজ্ঞানঘন-প্রেষের মধে। জ্ঞানের এই দ্বতঃপ্রশাসনী বৃত্তি তাঁর ঐকাণ্ডিক স্বভাবধর্ম। অথচ তাঁর জ্ঞান যুগপং আত্মসত্যের ও অথন্ড সন্মান্তের সত্যের অনুশাসনকে আপন স্বাতন্ত্রকে অকুণ্ঠ রেখেই মেনে চলেছে। তাঁর মধ্যে প্রজ্ঞা আর সংকল্প এক বলে দুয়ে কোনও বিরোধ নাই। চিৎস্বরুপের সত্য আর জীবনের সতাও তেমনি তার কাছে একই সত্যের দুটি বিভাব, অতএব তাদের মধ্যেও দ্বন্দ্ব নাই। তাঁর আধার স্বর্তেপর স্বতঃপরিণামের ছন্দোময় বাহন, অতএব শরীরূপ ভূতগ্রাম তাঁর আত্মপ্রকাশের কোনও দ্বন্দ বৈষম্য কি বিরুম্ধবৃত্তির বাধা সূঘ্টি করে না। প্রাকৃত মন ও প্রাণের জগতে স্বাতন্ত্র আর নিয়মে প্রতি পদে বিরোধ এবং অসামঞ্জন্য দেখা দেয়। অথচ এ-বিরোধের কোনও সম্ভাবনা থাকত না যদি স্বাতন্ত্যের মূলে থাকত প্রজ্ঞার অনুশাসন. আর নিয়মের পিছনে থাকত স্বর্পপ্রকৃতির স্বাচ্ছন্দ্য। কিন্তু বিজ্ঞানঘন-প্রেষের অতিমানস-চেতনায় স্বাতন্ত্য আর নিয়ম অন্যোন্যসঞ্জাত-এমন-কি ম্বরূপত তারা এক। কারণ তারা উভয়ে তাঁর অম্তগর্ব্ট চিম্ময় সত্যের অবিনাভত বিভতি, অতএব তাদেরও প্রবর্তনার মূলে আছে এক অখণ্ড চিংশক্তির প্রেরণা। একই তাদাখ্যাভাবনা হতে সঞ্জাত বলে তারা অন্যোনা-সমবেত, স্বতরাং তাদের বৃত্তিতেও তাদাষ্যাভাবের সহজ স্বমাই ফ্রটে ওঠে। বিজ্ঞানঘন-পুরুষের ভাবনায় কি কর্মে নিয়তিকৃত নিয়ম দেখা দিলেও তাতে তাঁর বিন্দুমার স্বাতন্তাহানি ঘটে না, কেননা সে-নিরম তাঁর স্ব-ভাবের স্বতঃ-স্ফুরণ—তার প্রমুত্তি আর প্রমুত্তির নিয়ম সন্তার একই সত্যের দুটি বিভাব তাঁর প্রজ্ঞার স্বাতন্ত্র অসত্য বা প্রমাদসেবনের স্বাতন্ত্র্য নয়, কেননা সভাকে জানতে মনের মত ভূলের পথে হাতড়ে-হাতড়ে তাঁকে চলতে হয় না।

এমনতর অন্ধের চলনে বিজ্ঞানঘন স্বব্পের প্রেণ্শ্বর্ষ হতে তাঁর অবস্থলনই স্চিত হবে—সে হবে তাঁর স্বর্পসত্যের তন্ত্তি, তাঁর শ্ব্ধসন্তার আরোপত বিজ্ঞাতীয় অনিন্টের মালিন্য। তাঁর প্রজ্ঞা শ্বতম্ভানা—অন্তের ছায়া তাকে স্পর্শ ও করতে পারে না। অতএব প্রজ্ঞার স্বাতন্ত্য তাঁর মধ্যে জ্যোতির স্বাতন্ত্য, আধারের স্বেচ্ছাচার নয়। তেমনি তাঁর কর্মের স্বাতন্ত্যেও অন্তস্পকল্প বা অবিদ্যার প্রেতিকে অন্বর্তন করবার কামচার নাই। কেননা তাও তাঁর শ্ব্ধসন্তার পক্ষে বিজ্ঞাতীয় হবে—তাতে তার সঙ্কোচ ও থবাতাই ঘটবে, প্রমৃত্তি নয়। তাঁর বিশ্বব্যাপ্ত চেতনায় অসত্য ও অন্ত স্ক্রন্পকে সার্থক করবার উগ্র আক্রতি কথনও-কথনও তিনি অন্ভব করবেন, কিন্তু তাকে জানবেন চিৎসত্ত্বের প্রমৃত্তির প্রতি বলাংকার বলে—স্বাতন্ত্যের সাধনা বলে নয়। তাঁর পরমা প্রকৃতির 'পরে এই আক্রমণও অধ্যারোপ, বিজ্ঞাতীয় প্রকৃতির এই অত্যাচার তাঁর অবন্ধ্য ক্ষাত্রবীর্ষকেই সমিন্ধিত করবে।

অতিমানস-চেতনা স্বর্পত ঋত-চিন্ময়—স্বর্পসতা ও বস্তুসতা দ্বয়েরই অনুভব তার পক্ষে অপরোক্ষ এবং সহজ। আনুশ্তোর যে প্রজ্ঞা ও সত্য-সম্ভূতির বীর্ষ সান্তের ভাবনাকে রুপায়িত করে, বিরাটের যে প্রজ্ঞা ও সতাসম্ভতির বীর্ষ অথন্ডের ভাবনা হতে খণ্ডকে রূপ দেয়, ব্রহ্মাণ্ডের ভাবনার সংগ্র ফ্রটিয়ে তোলে পিন্ডের ভাবনা—অতিমানস-চেতনায় দেখা দেয় সেই বীর্ষের সহজ প্রকাশ। তাই সত্য তার স্বর্পের বিত্ত স্তরাং অবিদ্যাচ্ছন্ন মনের মত তাকে পথে-বিপথে সত্যের সন্ধানে ঘ্রের বেড়াতে হয় না। বিজ্ঞান-ঘন সিম্ধপার্য অনাত্তর ও বিরাটের এই ঋত-চিতের জ্যোতির্লোকে অবগাহন করেন এবং তার প্রশাসনে বিধৃত হয়ে চলে তাঁর ব্যক্তিচেতনার অস্তরে-বাইরে জ্ঞান ও ক্রিয়ার সকল বৃত্তি। বিশেবর সপ্গে একাত্মভূত তাঁর চেতনা, অতএব গ্বভাবত তার বিজ্ঞান দর্শন বেদনা সংকল্প সংবিং ও প্রবর্তনা সমস্তই ঋত-চিন্ময়—সমস্তই তাঁর ব্রহ্মতাদাখ্য বা সর্বাত্মভাবের অন্তর্ঞ্গ বিভূতি। চিন্ময় প্রমান্তির ওদার্যে সহজ ও স্বচ্ছন্দ তাঁর জীবন—তার মধ্যে প্রাকৃত দেহ-প্রাণ-মনের কামনা বা ভাবনার মৃঢ়সংস্কার কিংবা আড়ষ্ট জ্বীবনপরিবেশের কুণ্ঠা নাই। তাঁর জীবনে ও কর্মে ভাগবতী দিবাপ্রজ্ঞা ও দিব্যক্রতুর ঋত-চিন্মর প্রশাসনের সর্বতোভাবী প্রবর্তনা ছাড়া আর-কোনও বিধি-নিষেধের সঞ্চেকাচ নাই। প্রাকৃত-জীবনে বাহ্যিক বিধি-নিষেধের সার্থকতা অবশাই আছে। কেননা অবিদ্যাচ্ছন্ন মানুষ সেখানে অহমিকার ভেদদশী সংকীর্ণতার দ্বারা পীড়িত অপরকে আক্রমণ ও আত্মসাৎ করেই তার নিজের ঋ্বিট^{্র্ল}অতএব সংঘর্ষ প্রমন্ততা ও অহমিকাজনিত বিক্ষেপন্বারা একটা লণ্ডভণ্ড ব্যাপার সৃষ্টি করা তার পক্ষে স্বাভাবিক। কিন্তু বিজ্ঞানঘন জীবনে এমন্তুর অসামের স্থান নাই। অতিমানস-পরেবের বিজ্ঞানঘন ঋত-চিন্ময় আধারে, চেতনার সমুস্ত

বিভাগে ও প্রবৃত্তিতে অন্যোন্যসম্বন্ধের একটা ছন্দোমর সত্যের লীলা অবশ্যই আছে—এখন সে-চেতনার দীপ্তি ব্যাণ্টতে কেন্দ্রিত থাকুক অথবা বিজ্ঞানঘন গোষ্ঠীতে ছড়িয়ে পড়াক। অতিমানস-চেতনার সমস্ত স্পাদনে, অতিমানস-জীবনের সমস্ত প্রবৃত্তিতে তাই এক স্বতঃস্ফৃত্ অখণ্ড ও অশ্বৈত ভাবনার প্রভাস্বর মহিমা ফোটে। সেখানে আধারের এক অন্যের সক্ষেণ অপর অন্যের কোনও বিরোধ নাই। কেননা এই অখণ্ড-অশ্বৈতের অভন্য সৌষম্যের ছন্দে সেখানে প্রজ্ঞা ও সন্কল্পের চেতনার সন্থো হৃদ্য প্রাণ ও দেহের চেতনা বাধা পড়ে—আমাদের দেহ-প্রাণ-হ্দয়ের অসাম সেখানে রণিত হয়ে ওঠে বৃহৎসামের মার্ছানায়। এখানকার ভাষায় বলতে পারি, দেহ-প্রাণ-মন-হ্দয়ের 'পরে বিজ্ঞানঘন-পার্ব্রের অতিমানস কবিক্রতারও একটা অকুণ্ঠ প্রশাসন আছে। কিন্তু প্রশাসনের কথা ওঠে অতিমানস-র্পান্তরের আদিপর্বে শা্ধান্তর সমস্ত অন্য-উপাশ্যকে হিরন্ময় করে তুলছে। একবার র্পান্তর বিশ্ব আধারের সমস্ত অন্য-উপাশ্যকে হিরন্ময় করে তুলছে। একবার র্পান্তর সিন্ধ হলে পর আর কোথাও প্রশাসনের প্রয়েজন থাকে না, কেননা তখন সমস্ত চেতনাই যে অথণ্ডেকরস—অতএব অভন্য-অশ্বৈতের স্বভঃস্ফৃত্র্তি ব্যঞ্জনায় অথণ্ডভাবে স্পন্সমান।

বিজ্ঞানঘন-প্রেরে অহন্তার আত্মপ্রতিষ্ঠা আর পরাহন্তার প্রশাসনে কোনও বিরোধ নাই। জীবনসাধনায়, নিজের স্বর্পসত্যকে যেমন তিনি ফর্টিয়ে তোলেন, তেমনি পরমপ্রর্ষের সতাসঙ্কল্পকেও র্পায়িত করেন— কারণ তিনি জানেন পরমপ্রবৃষ্ই তাঁর আত্মার স্বর্প, তাঁর চিন্ময় ব্যক্তিসত্ত্বের উৎস এবং উপাদান। অতএব তাঁর চেতনায় জীবশক্তি আর শিবশক্তিতে কোনও বিসংবাদ নাই-একই পরমা শক্তির অবিনাভূত এই যুগলশক্তির ভাণ্ডার হতে তাঁর প্রত্যেকটি কর্মের প্রেরণা আসে। বিজ্ঞানখন-পূরুষের বিশিষ্ট কর্মে এই প্রবর্তিকা শক্তির প্রেতি যখন ফোটে, তখন প্রত্যেক পরিস্থিতিতে সে হয় ওই পরিদ্যিতির অন্তর্নিহিত সত্যের অন্ক্ল, প্রত্যেক ভূতের সম্পর্কে তার নিক্সব প্রকৃতি ব্যবহার ও প্রয়োজনের অনুরূপ, প্রত্যেক ব্যাপারে তার অন্ত-গর্ব্ট দিব্যসঞ্কল্পের প্রযোজনার অন্বতী। এ-জগতে যা-কিছঃ ঘটছে. তার ম্লে আছে এক পরমা শক্তির বহুমুখ সংবেগের গ্রন্থিনিবিড় সমাহার। বিজ্ঞানঘন-চেতনার সতাসংকলপ ওই শক্তিব্যুহের ব্যাঘ্ট ও সমষ্টি বিভাবনার তত্ত জেনে, প্রত্যেক ব্যাহে অনুক্লে কি প্রতিক্লে ততট্বকু প্রেতি নিয়োজিত করবে, যা বিজ্ঞানখন-পরে ্বকেই নিমিত্ত করে দিবা-পরে ্বের সংকল্পিত সিন্ধিকে মাত্র মূর্ত করবে। তাদাস্কাভাবনার অবিপ্লত বীর্য সর্বত ছেয়ে আছে— তার প্রশাসনে সব কিছু বিধৃত রয়েছে, তার সৌষ্ট্যের ছন্দে সকল বৈচিত্র্য বাঁধা পড়েছে। অতএব চিজ্জগতে বিশিষ্ট অহংএর বিবিক্ত আত্মপ্রতিষ্ঠার कान काम काम काम भारत ना। जाहे विस्त्रामधन-भारतास्व मन्करभ क्रेम्वरवरहे

সতাসংকলপ—বিবিক্ত ও প্রতীপচারী অহণতার কামসংকলপ নয়। কর্মের আনন্দ ও কর্মফলের সন্দেভাগ তাঁর থাকবে—কিন্তু অহণতার দাবি কর্মের আসত্তি কি ফলের আকাপকা থাকবে না। শ্ব্রু ভাগবতী প্রেরণার অন্বর্তনে যা ভবিতব্য তাকে সফল করবার তিনি সচেতন নিমিত্ত মাত্র হবেন। প্রাকৃত-পূর্ব্ব নিজেকে কবিক্তু দিব্য-প্রেষ হতে বিবিক্ত দেখে; তাই তার মনোময় প্রকৃতিতে আত্মপ্রয়াস আর ঈশ্বরেচ্ছার আন্গত্যের মাঝে একটা বিরোধ ও অসামঞ্জস্য দেখা দেয়। কিন্তু বিজ্ঞানঘন-চেতনায় আত্মপ্রবৃষ পরমপ্রবৃষের চিদ্ঘন বিগ্রহ, অভএব ইচ্ছার সংঘাত কি বৈষম্য সেখানে থাকতেই পারে না। সিম্ধ-প্রবৃষের কর্ম জীববিগ্রহে শিবস্বর্পেরই কর্ম, অথন্ড-চিন্ময়ের বহ্ভিগমে লীলার একটি ফ্টে। অতএব বিবিক্ত কামসংকল্পের প্রবর্তনা বা স্বাতন্ত্যের অভিমানের স্থান সেখানে কোথায়?

পরমপ্রেরে প্রজ্ঞা এবং বীর্ষ অর্থাৎ তাঁর লোকোত্তরা পরমা প্রকৃতি বিজ্ঞানঘন-পুরুষকে আত্মলীলায়নের পূর্ণসহায়রূপে অণ্গীকার করে জগতে কাজ করে যায়। এই অশৈবতচেতনা সিম্ধপ্রেষের স্বাতন্ত্যের ভিত্তি, এই অন্ভবই তাঁর জীবনে প্রমান্ত চেতনার উন্দীপনা আনে। চিন্ময়পারেষ যে বিধি-নিষেধ এমনকি ধর্মাধর্মেরও অতীত—এই উক্তি এবং অনুভবের মূলে আছে জীবসংকল্পের সংখ্য শিবসংকল্পের অবিনাভাবের উপলব্ধি। আদ**র্শ**-বোধের কোনও তাগিদ কি প্রয়োজন থাকে না বলে আদর্শের সকল বাঁধন তাঁর মন থেকে খসে পড়ে এবং তার স্থানে দেখা দেয় ব্রহ্মাদ্বৈত ও সর্বাত্মভাবের নিরুক্ত্রণ অনুভবের লাকধর্মোত্তর প্রেরণা। স্বার্থপরতা কি পরার্থপরতার কোনও প্রশ্নই তাঁর বেলায় ওঠেনা—কেননা যেখানে 'সর্বম আব্যৈবাড়ং'. সেখানে কোথায় আত্ম-পরের ভেদ? বিজ্ঞানঘন-পরে,ষের সকল ব্রত শিবস্ব-র্পের সত্যসংকল্পের উদ্যাপন মাত্র। তাঁর কর্মপ্রবৃত্তিতে আছে এক সহজ বিশ্বব্যাপ্ত মৈত্রী কর্ণা ও একাশ্ববোধের উদার অন্ভব, যা শুধু প্রশাসন ও নিয়ন্ত্রণ করে না—তাঁর কর্মকে অনুবিন্ধ অনুবঞ্জিত ও প্রাণময় করে তোলে। তাঁর এই প্রেমময় অন্ভবে বস্তুধর্মের বৃহত্তর সত্যের বিরুদ্ধে সংকীণ কোনও দ্বার্থবাত্তির প্ররোচনা, অথবা শিবসংকল্পের ঋতদ্ভরা প্রেতি হতে বিচন্নত কামসঙ্কল্পের কোনও তাড়না নাই। এর্মানতর বিদ্রোহ বা প্রমাদ অবিদ্যার জগতেই সম্ভব, কেননা প্ৰজ্ঞা এবং বীর্য হতে বিচাত হয়ে প্রেম কি অন্য-কোনও সাত্ত্বিক ভাবের বিকার সেখানেই দেখা দিতে পারে। কিন্তু অতিমানস-বিজ্ঞানে চেতনার সকল বৃত্তি অন্যোন্যসমবেত, অতএত্ব তাঁদের ভিয়াও এক-ম্খী। বিজ্ঞানখন-প্রেষের কর্মপ্রবৃত্তিতে আধারের সকল শক্তি ঋতদ্ভরা প্রজ্ঞার প্রবর্তনা ও প্রশাসনে সংহত হয়ে চলে। অতএব তাঁর আত্মপ্রকৃতিতে বৃত্তির কোনও বিরোধ বা বৈষম্য থাকতেই পারে না। তাঁর সকল কর্মে স্বরূপ-

সত্তার আত্মবিভাবনার অবশ্ব্য প্রেরণা থাকে। সংস্বরূপে যে-সত্য নিগ্রুট রয়েছে তাকে ফাটিয়ে তোলা কিংবা যে-সত্য ফাটছে তার পরিপূর্ণ ঐশ্বর্যকে প্রকট করা, অথবা প্রকট সত্যের স্বয়ংসিন্ধ বীর্ষের উল্লাসকে আস্বাদন করা—এই হল তাঁর কর্মযোগের তাৎপর্য। প্রাকৃতচেতনায় অবিদ্যার আলো-আঁধারি আছে, সতেরাং শক্তি সেখানে মুছিতি। তাই কমের প্রবৃতিকা শক্তি সেখানে অন্তর্গন্ত নয়তো অর্ধাস্ফাট—অতএব সিদ্ধির অভিযানও অসার্থাক দ্বন্দ্বসংকুল এবং অংশত পর্যাদ্ত। কিন্তু বিজ্ঞানঘন-প্রেরের জীবনে ফোটে চিন্মর প্রেতির অন্তর্ণ্য অনুভব—অন্তন্সেতনার গ্রেন্ট্রত আন্দোলনকেই তিনি কর্মে প্রবাত্ত করেন। অন্তরের বহু,বিচিত্র প্রেতির সকল সম্ভাবনাই তার মধ্যে দ্বচ্ছন্দ লীলায়নের অধিকার পায় এবং অবশেষে পরিবেশের সত্যের সঞ্জে সমঞ্জস হয়ে পরমা প্রকৃতির সত্যসংকল্পের প্রশাসনে বাস্তবে মূর্তি ধরে। প্রজ্ঞাদুন্ট কর্মের চরিতার্থতাই বিজ্ঞানঘন-পরেবের কর্মযোগ—তাই তাঁর যোগে অনৈশ্চিত্যের শ্বন্দ্ব বা বিভিন্নমুখী ক্রিয়াশন্তির পীড়ন নাই। আধারে বৈষম্যের বেদনা বা চেতনার ব্রত্তিতে বিরুশ্রিক্ষার সংঘাত তাঁর মধ্যে স্থান পায় না। কর্ম যেখানে ঋতম্ভরা প্রকৃতির স্বতঃস্ফুরণ, সেখানে বহিশ্চর চিত্তের কল্পিত গতান, গতিক বিধি-নিষেধেরই কি কোনও প্রয়োজন আছে ? তাই বিজ্ঞানঘন-পুরুষের কর্মে আছে সৌষম্যের ছন্দ, শিবসংকল্পের উদ্যাপন, বস্তুর স্বরূপ-সত্যের অবন্ধ্য প্রেতির ভাবনা। এই তাঁর সমগ্র জীবনের স্বধ্ম ও স্বভাব-ম্পন্দের পরিচয়।

তাদাখ্যসংবিতের সহায়ে ষোড়শকল প্রব্যের বিভূতিকে দিব্যসাধনের ঐশ্বর্ষে র্পান্তরিত করাই অতিমানস জীবনের মুখ্য সিন্ধি। বিজ্ঞানঘনচেতনার অন্যান্য স্তরে যদিও চিন্ময় সত্তা ও চেতনার সতাই স্বতঃস্ফ্রেরত হয়, তব্ প্রব্যের জীবনসাধনার উপকরণ হয় আরেক থাকের। উত্তর্মনোময় প্রব্য ঋতময় মনন বা ভাবনার সত্যকে সাধনর্পে গ্রহণ করে তাকেই জীবনের কর্মে ফ্রিয়ে তোলেন। কিন্তু অতিমানস বিজ্ঞানভূমিতে মনন একটা জন্য বৃত্তিমাত্ত। সেখানে সে ঋতদ্বিতর একটা বিভাবনা—সত্তার মুখ্য বা নিয়মিকা শক্তি নয়। অর্থাণ বিজ্ঞানভূমিতে মনন হবে বিদ্যার প্রকাশের সাধন—প্রাপ্তির সাধন নয়। এমন-কি তাকে কর্মপ্রেরণার উৎসত্ত বলা চলে না। হয়তো বা তাদাখ্যসংবিতের কবিকত্র একটা স্চীম্খর্পে কিয়াশিন্তিত সে আবিভূতি হয়—এইট্রুকুই তার সাথাকতা। তেমনি বিজ্ঞানভূমির প্রভাস্বর চেতনায় কিয়াশিন্তির উৎস হল ঋতদ্বিট। আর বোধিচেতনায়, অপরোক্ষ ঋতস্পর্শ ও ঋতসংবিতের দৃক্শন্তিই হল কিয়ার প্রয়োজক। অধিমানসে থাকে বস্তুসত্যের এবং প্রত্যেক বস্তুর স্বর্পসত্যের ও তার কিয়াপরিণামের একটা সর্বতোগ্রহী অপরোক্ষ ধৃতি। তাইতে প্রজ্ঞাদৃন্টি ও দিব্যমননের যে

বিপলে প্রসার ঘটে, তা-ই হয় অধিমানস-পুরুষের জ্ঞান ও কুমের মোলিক সাধন। সত্তা জ্ঞান ও ক্রিয়ার এই অমিতবৈপ লোর মলে অন্তঃশীল তাদাস্যা-চেতনারই বিলাস থাকে—কিল্ড তব্ তাদাস্মাবোধ সেথানে প্রোপর্নির চেতনার স্বর্পধাতু বা ক্রিয়ার স্বর্পশক্তির্পে দেখা দেয় না। কিন্তু অতিমানস বিজ্ঞানভূমিতে ঋতসংবিং ঋতদু ছি ও ঋতমনন অর্থাৎ বস্তুসত্যের জ্যোতিম য় অপরোক্ষ ধাতির সকল সাধন ফিরে যায় তাদাত্মাচেতনার্প উৎসমলে এবং সেখানে তার সিশ্ববিজ্ঞানের অখণ্ড বিভূতির**্পে প্রতিষ্ঠিত থাকে।** তাদাত্মা-চেতনা সেখানে সমুস্ত চিদ্বান্তির প্রবর্তক এবং আধার। এই তাদাস্থা নিত্যসিম্ধ সংবিংর্পে সন্তার স্বর্পধাতুর অণুতে-অণুতে ফোটে আত্ম-সম্পূর্তির স্বতঃসিম্ধ সংবেগ নিয়ে এবং ব্যবহারের জগতে তা-ই হয় বিশিষ্ট দিব্যচেতনা ও দিব্যকর্মের নিয়ামক। নিত্যসিদ্ধ তাদাখ্যসংবিং হল অতি-মানস-বিজ্ঞানের স্বরূপ এবং বিভৃতি। এ-সংবিং স্বয়ংপূর্ণ, স্কুতরাং কোনও বিগ্রহে বা বিভৃতিতে নিজেকে র পায়িত করবার দায় তার নাই। তব, তার মধ্যে চিজ্ঞজগতের দিব্যদর্শন দিব্যমনন প্রভৃতি জ্যোতির্ময় লীলাবিলাসের কখনও অভাব হয় না। চিদ্বিলাসের এই ঐশ্বর্য সেখানে ফোটে প্রমুক্ত করণশক্তির প্রভাস্বর উচ্ছলতায়, দিব্যবিভৃতির সমৃন্ধ বৈচিয়ের উন্বেলনে, আত্মবিভাবনার বিশ্বতোম্থ আনন্দবিচ্ছ্রেণে, অসীমের অন্তহীন শক্তি-সম্ভ্রাসের উল্লাসে। বিজ্ঞানঘন-চেতনার অবরভূমিতে দিব্য-প্রেবের পরমা প্রকৃতি চিত্রবিভূতির নানান কলায় ফুটতে পারে। তার মধ্যে চিন্ময় জীবনের কত-যে লীলায়ন—কথনও অকৈতব প্রেমের মাধুরীতে, কথনও ঋতম্ভরা প্রজ্ঞার জ্যোতিমহিমার, কখনও-বা মহেশ্বরের সাম্রাজ্যসিন্ধি ও সিস্ক্রার লোকোত্তর বীর্যে। কিন্তু অতিমানসভূমিতে ঘটে এই অগণিত চিত্রবিভূতির এক সহস্রদল সমন্বয়—সন্তার সত্য ও জীবনসত্যের এক অনুন্তম অভংগ-সমাহার। এক অখণ্ড-সত্তার সকল বিভাব ও সাম্পেরি আনন্দজ্যোতির্ময় সমাহারে ও নির্ভক্ষ প্রবৃত্তিতেই বিজ্ঞানঘন জীবনের সর্বার্থসিন্ধ।

অতিমানস-বিজ্ঞানের ঋত-চিন্ময় বিলাসের দ্বিট দল আছে—একটি নির্তৃ আত্মজ্ঞানের সহজিসিন্ধ, আরেকটি আত্মা ও জগতের তাদাত্মাবোধ হতে প্রজাত জগংজ্ঞানের অন্তরণ্য স্ফ্র্রণ। এই অবাধিত আত্মজ্ঞান ও জগংজ্ঞানেই বিজ্ঞান্ঘন-চেতনার অনন্যসাধারণ বৈশিষ্ট্য ফোটে। বলা বাহ্ল্যু, এ-জ্ঞান যে মননধর্মী সামান্যজ্ঞান মাত্র, তা নয়। প্রাকৃতচেতনার মত ভূয়োদর্শনি শ্বারা সামান্যজ্ঞান আহরণ করে ব্যবহারে তার বিশিষ্ট চরিত্র্যুর্থিটা ঘটানোর কুস্ঠাচার এর মধ্যে নাই। এ-জ্ঞান চেতনার স্বর্পজ্যোতির দীপনী, সদ্ভাব ও সম্ভূতির অশেষতত্ত্বকাশিকা স্বয়ম্প্রভা, শৃষ্ধসন্মাত্রের আত্মবিভাবনা আত্মব্যাকৃতি ও আত্মনির্পাণার ঋতময় ধ্তি। বিস্থিত্ব চরিত্যর্থিটা 'হওয়তে'—'জানাতে'

নয়। জানা সেখানে চিদ্বিলাসের একটা গোণ সাধন মাত্র। এই বিস্ভির চরম সিন্ধি—প্থিবীতেই বিজ্ঞানঘন-বিগ্রহের আবির্জাবে। বিজ্ঞানঘন-প্র্বের জীবন ঋত-চিন্ময় সন্তার বিস্ভি অথবা বিলাস। সর্বাত্মজ্ঞাবের প্রণাসংবিতে স্ফ্রিত তাঁর আত্মসচেতনতার অকুণ্ঠ দীশ্তি। প্রাকৃতপ্রেষের মত রপে ও কর্মের প্রতি ঐকান্তিক অভিনিবেশে নিজেকে হারিয়ে ফেলে আত্মবিস্মৃত বা অর্ধসচেতন জীবন তিনি যাপন করেন না। প্রমৃত্ত চেতনার অমোঘ বীর্ষের্প ও কর্মকে তিনি পরিপূর্ণ আত্মর্পায়ণের নিরক্ষ্শা সাধনায় প্রয়োজিত করেন। অচিতি ও অবিদ্যার স্পর্শ হতে তিনি নিম্ন্ত, অতএব বিস্মৃত বা প্রছল জীবনসত্যের এষণায় তাঁকে হাতড়ে বেড়াতে হয় না। স্বর্পের সত্য ও বীর্ষা সম্পর্কে প্রতিতন বলে আত্মবিভাবনার প্রত্যেকটি স্বর তাঁর তুর্যাতীত তত্ত্বভাবের স্বচ্ছন্দ সম্ভূতির লয়ে বাঁধা—তাঁর সম্বৃদ্ধ জীবন জ্বড়ে ম্বর্পধাতুর লীলাবিলাস, তাঁর আত্মচেতনা আত্মশক্তি ও আত্মানন্দের বন্ধহারা উচ্ছলন।

বিজ্ঞানঘন প্রকৃতির পরিণামে চেতনা শক্তি ও আনন্দের নানা স্থিতি র্ভাগ্যমা ও স্বমব্রত্তির একটা অফ্ররন্ত বৈচিত্র্য দেখা দেবে। অতিমানস-চেতনার উধর্বপরিগামের কখনও ইতি হতে পারে না—অতএব কালান্তরে তার মধ্যে আরও-কত তুষ্পশ্রেগর অভ্যুদর ঘটবে। কিল্ডু এই উধর্রারনের মধ্যেও বিকাশের একটা সর্বসাধারণ ছন্দ অট্রট থাকবে। আত্মসম্ভূতির সকল রহস্য জেনেও চিংস্বর্প নিজের সবট্কু তাঁর র্প ও কর্মের ব্যাকৃত লীলায়নে ফ্রটিয়ে তোলেন না। তাঁর বিস্থিতিত আত্মর পায়ণের যে সার্থক ছন্দ এবং পরিমিতি রয়েছে, তাকে উপেক্ষা করে ষে-কোনও ব্যাকৃত রূপের মধ্যে নিজের অখন্ড বিভূতিকে প্রকাশ করতে তিনি বাধ্য নন। তাই তাঁর আত্মর পায়ণের বহির্বাটিতে অখন্ডের একটিমার পাদ ফোটে, আর তার রিপাদকে গ্রেহাহিত রেখে চলে অব্যাকৃতির আত্মগঢ়ে আনন্দের সম্ভোগ। কিন্তু অখন্ডের সে-গুহাশয়নের আনন্দচেতনা বহিব্যক্তিতেও নিজেকে উৎসারিত জানবে, নিজের নিতাসদ্ভাব ও পূর্ণকল আনন্ত্যের বোধন্বারা বিস্থিত্র অংশ-কলাকেও অনুষিক্ত এবং স্বপ্রতিষ্ঠ করবে। এমনি করে গৃহাহিত থেকেই প্রেঃক্ষিপ্ত রুপায়ণকে সন্ধিনীশক্তির অন্তগর্তু বীর্ষের ন্বারা স্বচ্ছদে বহন করা—একে অবিদ্যাশক্তির ক্লিয়া না বলে বলব আত্মবিদ্যার বিভূতি। এ হবে অতিচিতির জ্যোতির্মায় আত্মবিভাবনা—অচিতির উৎক্ষেপ নয়। অতএব মর্তাভূমিতে বিজ্ঞানঘন চেতনা ও জীবনের উন্মেষ সার্থক ও সন্দর হবে অফ্রুরণ্ড বৈচিত্র্যের भूषम ছल्ल। य जीवना। भरतत समा जथवा विख्यानचन श्रीवनारमंत्र जवव शर्व-রাজি অতিমানস জীবনকে খিরে খাকবে, তাদের মধ্যেও অনায়াসে সঞ্চারিত হবে অতিমানসের স্বরূপসত্যের এই নিরুত বিভতির স্পন্দবেগ। তর্যাতীতের

জ্যোতির্মরী চেতনায় অতিমানসের ঋতচ্ছদের সংগ্য অবিদ্যারও অন্তর্গর্ ঋতচ্ছদের সহজ্যোগ সাধিত হবে। সবার মধ্যে চিন্ময় তাদাঝোর অন্ভবই অতিমানসের সেই অচ্ছিয় যোগস্ত, যাতে অখণ্ড সৌষম্যের ছন্দে গাঁথা হয় বিভূতিবৈচিত্রের মণিমালা। বিশেবর প্রত্যেক ব্যাপারে যে সন্বন্ধবৈচিত্রের সমাবেশ এবং ঘাত-প্রতিঘাতের ব্যাতিহার, বিজ্ঞানঘন-চেতনার আলোকে তার অন্তর্নিহিত ঋতসমুষমার রুপটি ফোটে। সেইসন্গে তার দেববীর্ষ বা দিব্য অনুভাব প্রাকৃত জীবনের উচ্চাব্চ পরিণামের মধ্যে অন্যোন্যসন্বন্ধের একটা ঋতময় সৌষম্য আনে এবং জগতের অবরভূমির অসামের মধ্যে বৃহৎসামের প্রেতিকে প্রতিহ্নিত করে।

অধিমানস হতে উদ্গত হয়ে, চিন্ময়-পরিণামের মুক্তধারা যেখানে অতি-মানস বিজ্ঞানভূমিতে উত্তীর্ণ হল, সেই পর্বাসন্ধি পর্যাত আমাদের মানস কল্পনার অভিযান। বিজ্ঞানঘন-প্রেয়ের স্বর্প জীবন ও কর্মের এই-যে অপূর্ণ বিবৃতি, এ সেই অভিযানের ফল। বিজ্ঞানঘন প্রেয়ুসমূহেরও ব্যাষ্ট বা সমষ্টি জীবন এই বিজ্ঞানময়ী প্রকৃতির শ্বারা নিয়ন্তিত হবে। কারণ বিজ্ঞান-ঘন-পরেষ যেমন ঋত-চিতের ঘর্নবিগ্রহ বিজ্ঞানঘন গোষ্ঠীও তেমনি ঋত-চিতের ঘনবাহ। এই গোষ্ঠী বা সংঘেও ফাটবে জীবন ও কর্মের সামরস্যের ছন্দোমর প্রবৃত্তি, অনৈবতসত্তার নিত্যজাগ্রত সিম্ধ অন্ভব, নিবিড় একাত্ম-বোধের সহজ উল্লাস, ঋতদূণ্টি ও ঋতসংবিতে স্ফুরিত সর্বাত্মভাবের অন্যোন্য-চেতনা, সম্পির সংখ্য সম্পির বা ব্যক্তির সংখ্য ব্যক্তির ব্যবহারেও ঋতাচারের অন্যোন্যাবগাহী ছন্দোদোলা। বিজ্ঞানঘন সংঘের সত্তায় ও কর্মে প্রকাশ পাবে একটা চিদ্মন ব্যুহের নিটোল পূর্ণতা—যন্ত্রচালিত একটা যৌথবৃত্তি নয় শুধু। বিজ্ঞানঘন প্রকৃতির অলংঘ্য শাসনে সংঘঞ্জীবনে স্বাতন্ত্য এবং নিয়মের মণিকাণ্ডনযোগও দেখা দেবে। সংঘাণ্তগতি প্রত্যেক চিন্ময় বিগ্রহে অখন্ড অনন্তের লীলাবৈচিত্র্য যেমন হবে সে-স্বাতন্ত্রের স্বর্প, তেমনি সর্বাত্মভাবের জাগ্রত চেতনা হবে অতিমানস আন্তেতার স্বতঃস্ফুর্ত নিয়তির প্রয়োজক। প্রাকৃত-মন একত্ব বলতে বোঝে একাকার হওয়া। তাই মনোময়-ব-দ্ধির একস্বসাধনা সার্থক হয় সবকিছকে এক ছাঁচে ঢালতে পারলে, যাতে সর্বনাশা একত্বের মধ্যে অবাশ্তরভেদের একটা আলতো পোঁছ শুখু জেগে থাকবে। কিন্তু বিজ্ঞানঘন জগতে একত্বের ঐশ্বর্য ফোটে বহুধাব্তির অন্ত-হীন সমারোহে। বিজ্ঞানঘন-চেতনায় ভেদবৃত্তি বিরোধের সৃণ্টি না করে সবার রঙে রং মেশাবার সহজ নৈপ্রণ্য জাগায়। সেখানে অপ্রের বৈচিত্র্য নিজের ষোড়শকল মহিমার পরিপ্রেক হয়। সংঘের মধ্যে একটি সহস্রদল সত্যকে वर्कीवत्नत विविध श्रह्मात्म कृषित्र राजनवात माथना वर्ता। जारे वर्धाव्यक्ति সেখানে ঐকাভাবনার অপঘাত ঘটায় না। প্রাকৃত চিত্তে ও জীবনে ভেদবৃশ্বি

জাগে অহণতার প্ররোচনায়—অভ্গাকে ভানাংশে পরিকীর্ণ করে সে নানা বিরদেধ ও অসমঞ্জস ব্রত্তির প্রতীপতা সূঞি করে। সেখানে অভেদের চাইতে ভেদভাব বড় হয়ে দেখা দেয় এবং ক্রমশঃ তা পরিণত হয় চিত্তের প্ররুচ্ সংস্কারে। বিচিত্র ভেদের মধ্যে অভেদের যোগসূত্রটি হয় অজ্ঞাত নয়তো অব-জ্ঞাত থেকে যায়। প্রাকৃত জগতে তাই মিলনের সাধনা চলে আপোস-রফা কি বলাংকারে অথবা কৃত্রিম একত্বের আয়োজনে। অবশ্য একটা ঐক্যের সূত্র সর্বত্রই প্রচ্ছন্ন আছে এবং প্রকৃতির লক্ষ্যও হল একত্বভাবনার নানান ছাঁদে তাদের ফুর্টিয়ে তোলা। বিবিক্ত অহংবোধের মত সামাজিক বোধ ও সংঘ-চেতনাও প্রকৃতির মধ্যে প্রবল এবং তার জন্যে তার আছে আসংগদপ্রা, সমবেদনা, স্বার্থ প্রয়োজন ও ব্রুচির সাম্যু আত্মীয়তাবোধ এবং প্রয়োজন হলে বলাংকার শ্বারা ঐক্যপ্রতিষ্ঠার ব্যবস্থা। কিন্তু অহংশাসিত জীবনধর্মের তাগিদ তত্তহিসাবে গোণ এবং আরোপিত হলেও সবাইকে সে ছাপিয়ে ওঠে এবং একত্বভাবনাকে আচ্ছন্ন করে তার সকল সাধনাকেই অপূর্ণত্ব এবং অনৈশ্চিত্যের দ্বারা বিডম্বিত করে। তাছাডা প্রাকৃত জীবনে বোধিচেতনা এবং অপরোক্ষ অন্তর্যোগের অভাব বা অপূর্ণতাহেতু প্রত্যেক জীব প্রত্যেক জীবের কাছে স্বতন্ত্র—তাই অপরের মর্মে অনুপ্রবেশ করবার পথে তাদের বিপলে বাধা। পরস্পরকে বুঝে প্রাণে-প্রাণ-মেশানোর সাধনা আমাদের করতে হয় বাইরে থেকে—অন্তরের অন্তঃপুরে চুকে অপরোক্ষপ্রতায়ের সহায়ে নয়। তাই আমাদের ভাব ও প্রাণ-বিনিময়ের সকল প্রয়াস অবিদ্যাপ্রভাবে ব্যাহত কিংবা অহমিকার সংস্পর্শে কল্মিষত হয়। এক্ষেত্রে অপূর্ণতা এবং অনৈশ্চিত্য যে সকল সাধনার চরম নিয়তি হবে, সে কি আর বলতে হবে? কিন্তু বিজ্ঞানখন সংঘজীবনে ফোটে সর্বাবগাহী ও সর্বসমন্বয়ী ঋতসংবিং ফোটে চিদ্ঘন প্রকৃতির অশ্বৈতস্বমাবাহী বিভূতি। তাই সেখানে সমস্ত বৈচিত্র্য এক অথণ্ড প্রকৃতির আত্মপ্রকাশের ঐশ্বর্যরূপে অনুভূত হয়, এবং ব্যক্তির বিচিত্র ভাবনা বেদনা ও প্রবৃত্তি এক জ্যোতির্মায় সহস্রদল জীবনের কণি কায় সংহত হয়। এই হল ঋত-চিতের স্বর্পবিভূতির তত্ত্ব এবং তার সর্বাত্ম-ভাবনাময় চিন্ময় পরিস্পন্দের অপরিহার্য পরিণাম। জীবনের প্রিসিন্ধ এই সর্বাত্মভাবের অন্বভব হতে আসে। কিন্তু প্রাকৃত-মনের ভূমিতে এ-সিন্ধি সহজ্ঞ নর-কিংবা এ-সিম্পি এলেও তাকে সংহত ও প্রাণময় করা আরও কঠিন। অথচ বিজ্ঞানঘন জীবনের সকল সৃষ্টিপ্রবৃত্তিতে সর্বাত্মভাবের সিশ্ধ অনুভব প্রাণমর প্রেতির স্বভাবছন্দে এবং সংহত রূপায়ণের স্বতঃস্ফৃতি সূরমায় হিল্লোলিত হয়ে ওঠে।

বদি কল্পনা করি, বিজ্ঞানখন-প্রর্বেরা অবিদ্যার সকল ছোঁরাচ বাঁচিয়ে একটা বিবিক্ত জীবনের রসাস্বাদে বিভোর রয়েছেন, তাহলে তাঁদের পূর্ণতার

এই পরিচিতি হয়তো খুব দুর্বোধ ঠেকে না। কিল্তু প্রকৃতিপরিণামের সহজ ধারাতে বিজ্ঞানখন-চৈতনার উন্মেষ বিশ্বজীবনের পটভূমিকায় একটা বিশেষ ঘটনা—যদিও সে-ঘটনা যে ক্রান্তিকারী, একথা অনুস্বীকার্য। অতএব এই উন্মেষের সংগ্র-সংগ্র জীবন ও চেতনার অবরভূমিরও অনুবৃত্তি চলবে। এখানে, যেমন থাকবে অবিদ্যার জগং, তেমনি থাকবে শুদুর্ধবিদ্যা এবং অবিদ্যার মাঝামাঝি আরেকটা জগং। বিস্চিত্তর পরাবর দুটি ধারাই পাশাপাশি বা **७**ज्ञाज राम थाकरत। এখন না হ'क, भीतरगर मान्धितमार रा नर्जका। হবে—এ-প্রত্যাশা অবশ্য অস্পত নয়। তখন চিন্ময় মানসের উধর্বভূমির সংগ্য অতিমানস তত্ত্বের যোগ প্রকট এবং প্রত্যক্ষ হবে—তাই অচিতি ও অবিদ্যার মূঢ় পরিবেশ অতিমানসের আবেশ ও বিধৃতিতে শ্নেয় মিলিয়ে যাবে। চিন্মর মানসের বিভূতিসমূহে অনুত্তর স্বর্পসত্যের বিশিষ্ট এবং কৃণ্ঠিত রূপায়ণ ঘটে। অতএব অতিমানস-বিজ্ঞানের উন্মেষে সে-ই হবে তাদের সকল দীপ্তি ও শক্তির নিমুক্তি উৎস—তার করণশক্তির উদার আবেশে তারা হবে আপ্যায়িত। তারা যে পরা সংবিতের সাধনবীর্য, এই চেতনা তাদের মধ্যে প্রস্ফাট হবে। নিত্যসিন্ধ চিন্ময় স্বর্পধাতুর পরিপূর্ণ প্রেতির অনুভব এখনও দেখা না দিলেও অবিদ্যার তমোধাত তাদের সাধনবীর্যকে খণ্ডিত আচ্ছন্ন ব্যামিশ্র বা স্তিমিত করবে না। অধিমানসে বোধিমানসে প্রভাস-মানসে বা উত্তরমানসে অবিদ্যার ছায়া যদি কখনও পড়েও, তব; সে-ছায়া তাদের আলোর ছোঁয়ায় জ্যোতির্বাচ্পে রুপান্তরিত হয়ে আপন সংবৃত্ত সত্যকেই ফুটিয়ে তুলবে। মুল্তির মন্তে সে-ছায়া রূপান্তরিত হবে সন্তা ও চেতনার নবীন বিভাতিতে এবং চিন্ময় উত্তরশন্তিরাজির সংগাত্র হয়ে অতিমানস উত্তরায়ণের যোগ্যতা লাভ করবে। সেইসঙগে অতিমানস-বিজ্ঞানের সংবৃত্ত শক্তি বিব্ৰ হয়ে নিতাজ্ঞাজ্ঞৰূল্যমান তীব্ৰসংবেগে নিজেকে বিচ্ছ্ববিত করবে—আর সে অপরা প্রকৃতির মধ্যে কাজ করবে না শংধা গাহাশন্তির নিগাঢ়ে প্রবর্তনা নিয়ে বা সর্বভূতের অজানা আধারর্পে অথবা কচিং-প্রকাশের দীপ্তিতে স্ফারিত হয়ে। অচিতি ও অবিদ্যার যা-কিছ্ব অবশেষ থাকবে, এই বিবৃত্ত শক্তির বিচ্ছুরণ তাকেও আপন সোষম্যের অমোঘবীর্যে জারিত করবে। তখন অচিতি-ও অবিদ্যাতে অন্তর্গ ্র্চ বিজ্ঞানশন্তির বিধৃতি ও প্রবর্তনার বীর্ষ আরও রুদ্র-বেগে স্ফুরিত হবে এবং আধারে তার আবেশ হবে আরও স্বচ্ছন্দ ও বিদ্যুসময়। বিজ্ঞানঘন-প্রেব্যের জ্যোতিম'য় পরিম-ডলের ছোঁয়া পেয়ে, পাথিবি প্রকৃতিতে উন্মেষিত অতিমানস সত্তা ও শক্তির সিম্ধবীর্ষে অনুষ্কিত্ব ইরে, প্রাকৃত-পর্বব্যের অবিদ্যাচ্ছন্ন চিত্তে আত্মসচেতনতার বিপলে সাড়া জাগবে। মন্ব্যজাতির যে-অংশে অতিয়ানস-রূপান্তর দেখা দেবে না, সেখানেও মনোময় মান্বের একটা নতুন থাক আবিভূতি হবে—বৃহত্তর একটা আভিজাত্য নিয়ে। সাধারণের মধ্যে

বিজ্ঞানবাসিত মনোমর মান্বের উদেমব না হ'ক, বোধিমানস কি প্রভাসমানসের অপরোক্ষ বা আংশিক স্ফ্রেণ নিয়ে অথবা উত্তর মনোভূমির সভেগ সাক্ষাৎ বা অংশত যোগযুক্ত হয়ে, প্রকৃতিপরিণামের স্বাভাবিক রীতিতেই তখন মনোময়সত্ত্বের উদেমব ঘটবে। ক্রমে এই নতুনধরনের মান্বেরর সংখ্যা বাড়বে, আঘোল্যেরের সহজ বিধানে ক্রমেই তারা স্বধর্মে স্প্রতিষ্ঠ হবে। হয়তো এই প্থিবীতেই তারা হবে অপ্রাকৃত মানবতার বাহন নতুন একটা সিম্বজ্ঞাতি— সর্বভূতকে এক অন্বিতীয় দিব্য প্রের্বের প্রকাশ জেনে, যথার্ঘ বিশ্বপ্রাতৃত্বের বাধে অনুপ্রাণিত হয়ে নিম্নাধিকারী মানবকে তারা উত্তরায়ণের পথে পরিচালিত করবে। এমনি করে চেতনার অবরভূমির সাধ্যান্ত্রপ সিম্বির ভাবনা পরমপ্রের্যথের অন্তম সিম্বির সঙ্গে তাল রেখে চলবে। প্রকৃতিপরিণামের উত্তরমের্তে তখন দেখা দেবে অতিমানসের তৃৎগশিখরের সোপানায়িত পরম্পরা—পররক্ষের নিরঞ্জন সং-চিং-আনন্দ স্বভাবের অনির্বচনীয় অন্তর বিভাবনার ব্যঞ্জনা নিয়ে।

প্রশন হবে, বিশেব বিজ্ঞানঘন পরিণামের যুগান্তর যদি দেখা দের, বিজ্ঞানভূমিতে আর্ট চেতনা যদি উধর্বপরিণামের প্রবেগে স্বভাবতই অনুত্তরের দিকে ধাবিত হয়, তাহলে আঁচতি হতে চিন্ময়-পরিণামের প্রয়োজনও কি নিঃশেষিত হয়ে যাবে না ? কারণ পরিণামের সিম্ধধারার আবির্ভাবের পর বিশ্বব্যাপারে অচিতির মূঢ়ে প্রবর্তনাকে জিইয়ে রাখবার কোনও কারণই তো অবশিষ্ট থাকবে না। এর অনুষধ্গে আরেকটা প্রশ্ন জাগে; অচিতি আর অতিচিতির দুটি মেরুর মাঝে এই-যে পরিণামের দোলা, এ কি জড়বিস্মির কোনও নিতাবিধান, না নৈমিত্তিক একটা ব্যাপার শ্ব্ব ?...একে নৈমিত্তিক বলতে বাধে এইজনাই যে, অচিতির ভিত্তিতে সমগ্র জড়বিশ্বের র্বানয়াদকে এমনই ব্যাপক এবং পাকাপোক্ত করে গড়া হয়েছে যে শক্তির এই প্রচন্ড প্রবেগকে কিছুতেই সাময়িক একটা বিক্ষেপ বলে মনে করতে পারি না। অচিতিই উধর্পরিণামের আদিবিন্দ্র। সতেরাং অচিতির প্রণবিপর্যর বা म लाएकम राल, जात विश्ववाभी विद्रार क्रीमकात नर्वाटे अन्जर्भ ए अ नश्युख চিংশক্তির যুগপং স্ফুরণ ঘটবে। পাথিবিপরিণাম বিশ্বপরিণামের একটা বিশেষ ধারা মাত্র। এখানকার প্রকৃতির বিশিষ্ট-কোনও রূপান্ডরের ফল যে বিশ্বব্যাপী হবে, এমন কল্পনাকে যুক্তিসিন্ধ ভাৰতে পারি না। পার্থিব প্রকৃতিতে বিস্ভির যে বিশেষ ধারাটি প্রকাশ পেরেছে, তার সমাক চরিতার্থতা কিসে ঘটবে, শুধু তাই আমাদের আলোচ্য বিষয়। স্বতরাং সবদিক ভেবে আমরা কেবল এইটাকু বলতে পারি—এই পাথিব ভূমিতে চিদানেমধের শেষ পর্বে চিৎসন্তার পরম পরার্ধ বখন অবরাধের চয়ীতে মূর্ত হবে, তখন মত্য পরিণামের পর্বপরম্পরার বা স্বাভাবিক সংবেগের ভারতমো কোনও বিপর্বার ঘটবে না---

শ্ব্ব তার মধ্যে ফ্টেবে সেষমাের ছণ্দ, একত্বের সহস্রদল লীলায়ন ও সহস্রের একত্বভাবনার শাশ্বত বিধান। উধর্বপরিণামের পথ আর সংঘর্মে কণ্টাকত হবে না তথন—তার পর্ব হতে পর্বান্তরে উত্তরণের সাধনায় ঋতস্ক্রমার প্রবর্তনা থাকবে, জ্যােতি আর উত্তরজ্যােতির দিকে প্রগতির অভিযান চলবে, চিংসত্তার আত্মান্মীলনের লীলায় থাকবে শক্তি ও কান্তির সিম্ধভাবনার ক্রমিক উপচয়। অনন্তস্বর্পের অনির্বচনীয় আত্মবিভাবনার প্রেতি অচিতির গহনে চিংসত্তার অবগাহনের ম্লে আছে; এই প্রেতিকে সার্থাক করবার জন্য কোনও কারণে আয়াস ও সন্তাপের কৃচ্ছেবিধানই যদি অপরিহার্য একটা সাধন হয়, তাহলেই উধর্বপরিণামের সাধনাকে সৌষম্যের ছন্দবির্জিত রাখবার কথা ওঠে। কিন্তু মনে হয়, পাথিব-প্রকৃতিতে অচিতির সম্প্রতি বিদীর্ণ করে একবার অতিমানস-বিজ্ঞানের উন্মেষ হলেই আর এই কার্পোগাপহত কৃচ্ছ্রসাধনার কোনও প্রয়াজন থাকবে না। বিজ্ঞানের স্প্রতিত্ঠ অবিভাবেই দেখা দেবে পাথিব প্রকৃতিতে গোলান্তরের স্ক্রনা; এবং অতিমানস-পরিণামের প্রণ্রিদিতে, অর্থাৎ অথন্ড সং-চিৎ-আনন্দের অন্তরের প্রকাশের ষোড়শকল মহিমায় অতিমানসী সিন্ধির উত্তরণে, এই গোলান্তরেই পর্যবিসত হবে র্পান্তরে।

অণ্টাবিংশ অধ্যায়

দিবা-জীবন

प्रवारन बृक्तिनवर्जीनः नद्रः त्रकान- शिशवि विरुद्ध विष्टवीतः।

कटावम ১।०১।७

হে আন্নি, হে সর্বদর্শনী, কুটিল পথে চলে যে-মান্য, তাকে তুমি পার করে নিয়ে যাও নিত্যম্পিতিতে—নিয়ে যায় বিদ্যার ভূমিতে।

—খাণেবদ (১।৩১।৬)

উত্তে প্রামি রোদসী খতেন।

सद्भ्यम २ ।२०० ।२

খতের দ্বারা পূন্য করি আমি দ্বাঞ্চোক আর ভূলোককে। —ঋণ্বেদ (১।১৩৩।১)

লো মদঃ । দ্বা জনা যাত্যৱস্ত্ৰীয়তে নৰা চ শংসং দৈবাং চ ধতাৰি ৪

#T*## 2 186 185

যে তাঁর ধারক, তার মাঝে তাঁর উন্মাদনা দ্বি জননকে করে প্রস্ফ্রিড—একটি নরের আত্মখ্যাতি আরেকটি দিব্য প্রকাশ, এবং এই দ্বিটর মাঝে সে করে আনাগোনা।

-খণেবদ (১।৮৬।৪২)

ट्ड अत्रा तर्जू क्रव्यवाध्याक्रात्वाध्याक्षात्त्रा सन्द्रवी केट्ड अन्। व्यक्तिर्माना इ त्रवा इ श्वत्यक्ष ॥

010014 PENDE

তাঁর বোধি-চেতনার অধ্যা কিরণেরা থাকুক সেখানে অম্ভের পিপাসা নিরে— দুটি জননকে ব্যাণ্ড করে; তাদের দিরেই যুগপং তিনি বইরে দেন নরের বীর্ষ আর দেবতার বিভূতি।

-- WTT (\$ 19010)

আদিং তে বিশেব রুজুং জুবুণত শুক্তাণ্ বদ্ দেব জাবৈ। জনিন্টাঃ। ভজ্জ বিশেব দেবছং নাম খতং সপদেতা অমৃত্যেবৈঃ।

मर्चन 2 16812

তোমার ক্রত্কে স্বীকার কর্ক বিশ্বজন—শ্বন্ধ তর্ হতে জ্বীবন্ত হরে, হে দেবতা, বখন প্রজাত হও তুমি; দেবছের অধিকার লভুক বিশ্বজ্পন, তোমারই বিচিত্র অয়নম্বারা পাক্ তারা ঋত ও অম্তের অধিকার।

" -- बारन्यम (३।७४।३)

জড়ের জগতে চেতন-জীবর্পে আমরা আবির্ভূত হয়েছি; আমাদের এই মর্ত্যজীবনের তত্ত্ব এবং তাৎপর্য কী? একবার যদি সে-তাৎপর্য ধরতে পারি, তাহলে কোন্দিকে কতদ্র পর্যানত তার ইশারা আমাদের চালিয়ে নেবে—কোন্ অনাগত মানবীয় বা দিব্য নির্নাতর দিকে? এতক্ষণ ধরে আমরা এই প্রদেরই সমাধান করবার চেন্টা করেছি। হতে পারে, আমাদের মর্ত্যজীবন জড়ভূতের কিংবা জড়ভূং কোনও শক্তির অর্থহীন একটা শেরালমাত, অথবা

কোনও চিংশক্তিরই দুবোধ লীলায়ন। অথবা হয়তো এ শৃধ্ব বিশ্ববহিত্তি কোনও বিধাতৃপ্রেবের খেয়ালখনির একটা ঢেউ; সেক্ষেত্রে এর কোনও মর্ম নিহিত তাৎপর্য থাকতে পারে না। আর এ-থেয়ালের মূলে যদি জড় বা অচিং-শক্তির লীলা থাকে. তাহলে তো তাংপর্যসন্ধানের কোনও কথাই ওঠে না: তথন একে যদক্তা-শক্তির অতার্কত একটা কম্ব,রেখার বিসপ বলব, নয়তো বলব অর্থনিয়তির পাষাণে-আঁকা কুটিল লিপি। আর এ যদি চিংসত্তার একটা প্রমাদের নিদর্শন হয়, তাহলে মহাশ্নোর ব্বকে একদিন মিলিয়ে বাবে এর কদ্পিত তাৎপর্যের বিজ্ঞভূণ। বিধাতার চেতনায় আমাদের মর্ত্যঙ্গীবনের একটা-কিছু অর্থ হয়তো আছে: কিন্তু তাঁর দিব্যক্রতকে আমাদের কাছে দেবচ্ছার প্রকাশ করলেই আমরা তাকে ধরতে পারি, নইলে ব**স্তু-দ্বভাবে**র দ্বতঃস্ফূর্ত পরিচয় হতে তার তত্ত্ব পাওয়া একেবারেই অসম্ভব।...কিন্তু মর্ত্যের জীবন যদি কোনও স্বয়ম্ভ প্রমার্থ-তত্ত্বের বিভূতি হয়, তাহলে মানতে হয়, সেই সংস্বর্পের কোনও অন্তর্গতি সত্যের স্বকৃৎ পরিণাম এখানে ঘটছে এবং সেই সত্যের স্ফর্রণই আমাদের মর্ত্যাস্থিতি ও জীবনায়নের মর্মকথা। প্রমার্থসতের দ্বর্পে যা-ই হ'ক, আমাদের চেতনায় তা ভাসছে অন্তহীন কাল-কালনার পে, অথণ্ড-সম্ভূতির লীলার পে,--কেননা আমাদের বর্তমান ও ভবিষ্যতে নিহিত রয়েছে র্পকং অতীতের অন্যথাকৃত ও রূপান্তরিত বীর্য, আবার আমাদের অতীতে ও বর্তমানে নিহিত ছিল এবং এখনও আছে তাদেরই ভবিষ্য-পরিণামের অব্যক্ত অতএব অদৃশ্য কলল। মর্ত্যজীবনের তাৎপর্যই আমাদের অনাগতের নিয়তি নির্পিত করবে; সেই নিয়তি আমাদের মধ্যে সত্যসম্ভবের অমোঘ সিম্ধবীর্যরূপে আমাদের সত্তার অন্তর্গা্ট অথচ ক্রমোন্মিষং তত্তভাবের অবন্ধ্য প্রেতির পে গ;হাহিত হয়ে আছে, এই অব্যাকৃত তত্ত্বভাবের নির•কুশ ব্যাকৃতিই আমাদের জীবনসত্য। এই নিয়তি এবং ব্যাকৃতি আজও সিম্ধরূপ গ্রহণ না করলেও, জগং-বিস্টির সাম্প্রতিক ইতিহাস এযাবং তাদেরই রূপায়ণের ব্যঞ্জনা বহন করে এনেছে। এক স্বয়স্ভ-সতের নিতাসম্ভবং লীলায়নকে বাদ মানি, বিস্থিতিক বাদ শুস্পসন্মানের তত্তভাবের কালকলিত র পায়ণ বলি,—তাহলে সেই স্কুল্ভ তত্তভাবের অন্তর্গতে স্বরপ্র-সতাই আমাদের সম্ভতির সাধ্য এবং এই সাধ্যের সিদ্ধিই আমাদের মর্ত্য-জীবনের তাৎপর্য।

এই বিশ্বর্পা কালকলনার মূলে আছে প্রাণ ও চেতনার প্রেতি; তাদের বাদ দিলে জড় ও জড়ের জগৎ হয়ে পড়ে একটা অধ্হান প্রতিভাসমান্ত—যার মূলে আছে যদ্ছার থেয়াল, নয়তো নিশেচতন নিয়তির তাড়না। কিন্তু প্রাকৃত প্রাণ ও প্রাকৃত চেতনা তা বলে বিশ্বরহন্যের সবখানি নয়—কেননা স্পন্টই দেখছি আজও তারা পরিণামের শেষ পর্বে পেশছর্মন, আজও তারা চলতি-পঞ্চের

পথিক। আমাদের মধ্যে চেতনা মনের রূপ ধরেছে, কিন্তু সে-মন অজ্ঞান ও অপূর্ণ—চিৎপরিণামের সেই একটা অবাশ্তর ব্যাপার মাত্র, আজও তার অসমাপ্ত অভাদয়ের লক্ষ্য রয়েছে শ্বোত্তরণের দিকে। চেতনার কত অবর্জম মনের আগে তারি উৎসর্পে ফ্টেছিল: অতএব এবার তার অভিযান হবে উত্তরায়ণের পথে—চেতনার উধর ভূমির দিকে। আমাদের মননশীল বৃদ্ধিযুক্ত বিচারপ্রবণ মনের আগে যে-চেতনার উন্মেষ হয়েছিল, তাতে প্রাণ ও সংজ্ঞা ছিল কিন্তু মনন ছিল না;তারও আগে গেছে অবচেতনা ও নিশ্চেতনার যুগ। অতএব স্বচ্ছদেদ বলা যেতে পারে, আমাদের পরে কিংবা আমাদেরই অনাগত আত্মভাবের ব্যাকৃতিতে এক স্বয়ংজ্যোতি বহুত্তর চেতনার আবিভাব উদ্যত হয়ে আছে—যার সংবিং প্রাকৃত-মনের কৃত্রিম-ভাবনার নিরপেক্ষ হবে। আমাদের অপ্রণ ও অজ্ঞান মননধর্মী চিত্তেই যে চেতনার চরম বিভূতির প্রকাশ, একথা নিশ্চয় সত্য নয়। কারণ আত্মসংবিত্তি ও বিষয়সংবিত্তি চেতনার স্বধর্ম এবং ন্বরূপদ্দিতৈ এই ধর্মের প্রকাশ হবে অব্যাহত ও ন্বতঃসিন্ধ: কিন্তু আমাদের মধ্যে দেখছি, সংবিতের ক্রিয়া পরোক্ষ ব্যাহত অসিন্ধ ও কৃত্রিম সাধনসাপেক্ষ, —কেননা এখানে চেতনার উন্মেষ হচ্ছে অনাদি-আর্চাতর সম্পটেকে দীর্ণ করে. স,তরাং সহজেই সে অচিতি-স,লভ অবিদ্যাতামসের জালে জড়িয়ে যায়। কিন্তু অব্যাহত উন্মেষের অকথ্য বীর্য যে তার আছে, আত্মস্বর্পের পূর্ণ-মহিমায় নিজেকে প্রকট করাই যে তার অনুত্রগীয় নিয়তি—একথাও স্নিশ্চিত। চৈতনোর স্বরূপ হল বিষয়ের পূর্ণ সংবিত্তি এবং তার মুখ্যতম বিষয় 'আত্মা' বা চিৎ-সত্ত্ৰ—প্রাকৃত-আধারে যার চেতনার উধর্বপরিণাম ঘটছে: আর আমরা যাকে বলি অনাত্মা তাই হল তার গোণবিষয়। কিন্তু অখন্ডভাব র্যাদ সত্তার তত্ত্ হয়, তাহলে অনাম্বাও স্বরূপত আম্বাই। অতএব সংবিত্তির অখন্ডপূর্ণতা হবে উন্মিষন্ত চেতনার চরম নিয়তি, অর্থাৎ তার আত্মসংবিত্তির ও সর্বসংবিত্তিতে কোথাও ফাঁক থাকবে না। চেতনার এই স্বাভাবিক পূর্ণতার্সান্ধ আমাদের কাছে মনোবাণীর অতীত একটা অতিচেতনান্ধতি: তাই প্রাকৃত-মন সহসা সেখানে উৎক্ষিণ্ড হলে প্রথমত বিকল হয়ে পড়ে— অথচ এই অতিচেতনার দিকেই চলেছে আমাদের উন্মিয়ন্ত চিংসন্তের অভিযান। কিন্তু মর্তাচেতনার আধার পিণী অচিতিও স্বর্পত যদি অতি-চিতিরই একটা সংবৃত্ত বিভূতি হয় তবেই অতিচেতনা বা স্বর্ পীচেতনার দিকে প্রাকৃত-চেতনার উত্তরায়ণ সম্ভব হবে; কেননা স্বয়ম্ভূ-তত্ত্বের সম্ভূতি-লীলায় আমাদের মধ্যে সদ্ভূত হয়ে যা দেখা দেবে, পূর্ব হতেই তার বীজ-ভাব ঐ অচিতির মধ্যে অন্তর্গ, স্চীম্খর,পে নিহিত থাকা চাই। অচিতিকে এমনি সংব্ৰুভাব বা শক্তি বলতে কোনও শ্বিধা হয় না-যখন গভীর অভিনিবেশের ফলে এই তথাকথিত অচিং-শন্তির জড়-

বিস্থিতিও দেখি এক গ্রেহাহিত বিশালব্দিধর অনন্ত-বিচ্চিত্র মন্থর-জটিল সাধনা এবং আমাদেরও মধ্যে অন্তব করি ঐ সংবৃত্ত-বৃদ্ধিরই প্রিস্ফান্ট আত্মপ্রকাশের নিরন্ত প্রয়াস। স্পন্টই দেখি আধারে উন্মিষ্টত চেতনার অভিযান পথের কোনই বাধা মানতে চায় না, যতক্ষণ তার অন্তঃসংবৃত সত্যের প্রেবিক্তি না ঘটেছে—আত্মবিং ও সর্ববিং প্রেপ্তিজ্ঞার ষোড়শকল মহিমায় তার নিরুক্শ প্রকাশ না হয়েছে। এই অখন্ড আত্মসংবিং ও সর্বসংবিংকে আমরা অতিমানস বা বিজ্ঞানঘন চেতনা বলেছি। ঐ চেতনাই আমাদের গ্রেহাহিত প্রমার্থসং, স্বয়ন্ত্-তত্ত্ব বা চিৎস্বর্পের আত্মচেতনা এবং আধারে তার মন্থর অভিব্যক্তিই আমাদের নিয়তি; আমরা স্বয়ন্ত্-তত্ত্বেই আত্মসম্ভূতি এবং তার প্রেপ্টভাবে ফুটে ওঠা আমাদের মত্যজ্ঞীবনের তাৎপর্য।

চৈতন্য যদি জডাশ্রয়ী সত্তার মর্মারহস্য হয়, তাহলে প্রাণে তার বহিব্যঞ্জনা কিংবা তার অর্থান্তয়ার শক্তি বা সাধনবীর্য ফ্রটেছে, কেননা প্রাণই চৈতন্যকে জড়ের কবল হতে মান্ত করে, শন্তিবিগ্রহে তাকে রুপায়িত করে এবং তার আত্মপরিণামকে জড়ের ক্রিয়ায় ফ্রটিয়ে তোলে। আত্মবিভূতিকে জড়ের আধারে প্রকট করা যদি উন্মিষ্ণত চিংপার,যের অল্লময়-কোশ পরিগ্রহণের চরম লক্ষ্য হয়, তাহলে তাঁর সে আবিঃ-সাধনার স**ু**স্পন্ট বহিব্যক্তি আমরা দেখতে পাই প্রাণের জংগমলীলায়। কিন্তু প্রাকৃত-প্রাণ অভিব্যক্তির চরমে পেশছয়নি এখনও; প্রাণের সার্থক বাহুহনে ও পূর্ণতায় যেমন চেতনার উপচয় ঘটে. তেমনি প্রাণের পরিস্ফারণে চেতনারও অভ্যাদয় সহজ হয়—অর্থাৎ চেতনার প্রসার স্ক্রিত করে প্রাণের প্রসার। মনোময় জীব হয়েও মানুষ প্রাণের দৈন্যে কুন্ঠিত, কেননা মনেই পরমার্থ-সতের চিংশক্তির পূর্ব্য এবং অনুত্তম প্রকাশ নয়: এমনকি মনের অভিব্যান্ত নিখাত হলেও চিংপরিণামের অনেক অনভি-ব্যক্ত পর্বের সাধনা তব্_বও অসমাণ্ড থেকে যায়। কারণ জড়ের গ**ু**হায় অন্তর্গাঢ়ে রয়েছে যে, সে চিংসত্তা—মন নয়; কিংবা মনকে তার চিদ্বিলাসের দ্বাভাবিক বিভূতি বলা চলে না। চিংসত্তার দ্বাভাবিক স্ফুরতা প্রকাশ পায় অতিমানসে বা বিজ্ঞনম্বন-চেতনার বৈদ্যুতীতে। অতএব প্রাণের সাধনা যদি চিৎ-স্বর্পের পূর্ণ অভিব্যক্তি হয়, তাহলে তার সিন্ধি হবে এই মর্ত্য-আধারেই চিন্ময়-পুরুষের আবিভাবে এবং প্রকৃতি-পরিণামের রহসাভার-মন্থর আক্তির চরিতার্থতা ঘটবে চিন্ময়-পুরুষের বিজ্ঞানঘন বা অতিমানস শক্তিক্টে আবিভূতি সিম্পচেতনার দিব্য জীবনায়নে।

অধ্যাত্মজীবনের যে-কোনও ধারার তাৎপর্য হল ক্ষ্মীর্যনের দিব্যমহিমাকে ফ্রিটরে তোলা। কোথার যে মনোরাজ্যের শেষ আর দিব্যজীবনের শ্রুর, তা বলা কঠিন, কেননা জীবনের এ-দ্র্টি পর্বের অন্যোনাপ্রসর্পণের মধ্যে স্ভ হয়েছে এক দীর্ঘায়িত ছায়াতপের লীলা। অধ্যাত্মসংবৈগের তীর তাড়নায়

জীবন যদি একান্ডই ইহবিমুখ না হয়, তাহলে এই অন্তরিক্ষলোকের অনেক-থানি জন্তে থাকে মতাজীবনেরই উত্তরায়ণের সাধনা। চিজ্র জ্যোতিতে বারবার অবগাহন করে প্রাণ-মনে যে দিব্য-মহিমার প্রভাস ফোটে লোকোত্ররের অব্যক্ত ছটার ছোঁয়াচ পেয়ে, তারি ক্রমিক উপচয়ে তর্রালত অশ্তরিক্ষের আডাল ভেঙে অবশেষে সমস্ত আধার হয়ে ওঠে চিংশক্তির পূর্ণজ্যোতিতে জ্যোতিষ্মান। কিন্তু উধ_রপরিণামিনী মহাপ্রকৃতির আকৃতিকে নিঃশেষে চরিতার্থ করতে হলে এই জ্যোতির্ময় গোচান্তরের সংবেগ আধারের সর্বত ছড়িয়ে পড়া চাই--দেহ-প্রাণ-মনের স্বর্খানিকে নতন করে গড়া চাই। শুধ্ অন্তরে প্রমদেবতার উপলব্ধিতে নয়, উপলব্ধির বীর্যে অন্তর-বাহিরের অকণ্ঠ নবায়নেই ফটেবে জীবনের পরম সার্থকতা: আবার এ-মহাসিদ্ধি শুধে: ব্যক্তির জীবনে মূর্ত হবে না, বিজ্ঞানঘন-প্রের্থমণ্ডলীর সংঘজীবনেও তার প্রতিষ্ঠা আনবে এই পার্থিব-প্রকৃতিতেই চিন্ময়ী মহাসম্ভতির সিশ্ধবীর্যের অবন্ধা প্রেতি। তার জন্য সাধকের জীবনে যেমন চাই অন্তরের আত্মসমাহিত স্থিতিতে চিংসত্তের সহস্রদল স্ফারণের সিন্ধি তেমান চাই তাঁর সন্ধিনী-শক্তির বহির্দ্লোসে, এই সিদ্ধির আবিভাবে এবং তার নির্ভক্ত স্ফুরেন্ডার প্রয়োজনে আত্মসমাহিত চেতনার কোশ্তভ-দীপ্তিকে বিশ্বজীবনে পরিব্যাণ্ড করবার বীর্য এবং সাধনেরও উন্মেষ চাই।

আধ্যাত্মিকতা যে অণ্তরের বন্তু, বৈকুণ্ঠ যে আমাদেরই হৃদরে, বহিজ্বীবনের কোনও স্তু কি সাধনের 'পরে যে তার নির্ভর নয় কিংবা সেখানে তার অভিবান্তিও যে অপরিহার্য নয়-এ-কথা সত্য। আধ্যাত্মিকতার দিক দিয়ে অন্তর্জনিবনেরই মূল্য বেশী, এবং অন্তরের সত্যকে রূপে দেয় বলেই বাইরের যা-কিছু, কদর—তাও মানি। সিম্ধপুরুষ যে-ভাবেই বিচরণ কর্ন, তার ক্রিয়ামদ্রাতে গীতার ভাষায় বলতে গেলে 'স সর্বাধা ময়ি বর্ততে': চিন্ময়-সম্ভার বেক্তা তিনি, অতএব পরমপুরেষই তাঁর একান্ত বিহারভূমি। চিদাত্মন্বর পের ভাবনায় তন্ময় যে চিন্ময়-পুরুষ, বাইরে-ভিতরে সর্বত তিনি অনুভব করেন দিব্য-পারুষেরই দীশ্ত অনুভাব,—অতএব তার অন্তর দিব্য-জীবনের নিত্য-আম্বাদনে জ্যোতিম'র এবং তাঁর বাইরের বাবহারেও নিশ্চয় তার ছটা ফটেবে, যদিও আপাতদ্থিতৈ তার মধ্যে মত্যপ্রকৃতিসলেভ মান্যী ভাবনা বা ক্লিয়ার সাধারণ ব্যাপার ছাড়া অলোকিক কোনও শস্তির লীলা থাকবে না। অধ্যাত্মসতোর এই হল প্রথম পাঠ এবং তার বীজমন্ত্রও বটে: কিন্তু তাহলেও চিন্ময়-পরিণামের দিক থেকে বিচার করলে এ শুখু ব্যক্তি-চেতনার সিম্পি এবং বিমান্তি—এতে তার পরিবেশের মধ্যে কোনও পরিবর্তন এল না। কিন্তু মর্তাপ্রকৃতিতেই গোলান্তরের বৃহৎ চেতনাকে স্ফুরেন্ড করতে হলে, চাই জীবন ও কর্মের সমগ্র স্বরূপ ও সাধনধারার চিন্ময় গোঢ়া-

নতর, এই পৃথিবীর বৃকে চাই এক নবীন দেবজাতির স্থাবির্ভাবে মর্ত্যজীবনেরও নবায়ন; ভাগবত-সঙ্কদেপর এই অমোঘির্সাদ্ধর প্রত্যাশাই আমাদের
ভাবনায় জরলে ওঠা চাই। তাই প্রকৃতির বিজ্ঞানঘন-পরিণামকে আমরা সবার
উপরে ঠাই দিই; লক্ষ যৃগ ধরে প্রকৃতির প্রান্তন যত সাধনা তার এই হিরণাবর্তান আম্লে-র্পান্তরেরই সাধনা ও আয়োজনমাত্র। বিজ্ঞানঘন-চেতনার
বীর্ষে স্পান্দিত প্রাণ পৃথিবীর বৃকে দিব্যজীবনের সার্থক মহিমা ফোটাবে;
সে-জীবনায়নে বিশ্ববিদ্যা ও বিশ্বকর্মের অন্কৃল লোকোত্তর করণ-শন্তির
উন্মেষে এই পার্থিব আধারে অবন্ধ্য-চেতনার স্ফ্রেদ্বীর্য প্রকট হবে এবং এই
জড়-প্রকৃতিরই বিভাবনা চিন্ময়ী-প্রকৃতির জ্যোতির্ভাবনায় র্পান্তরিত হবে।

কিন্ত সর্ব হই বিজ্ঞানঘন-জীবনের সমগ্র ভিত্তি স্বভাবত রচিত হবে অন্তরে—বাইরে নয়। চিন্ময়-জীবনে অন্তরাধিন্ঠাত্রী চিংশক্তিই অধীন্বরী. দেহ-প্রাণ-মন তারই বিসূষ্ট করণশন্তি বা সাধনমাত্র; ভাবনা বেদনা কি কর্ম কিছুরেই সেখানে স্ব-তন্ত্র সন্তা নাই, কেননা চিজ্জগতে তারা কেউ লক্ষ্য নয়— উপলক্ষ্য শুধু: আমাদের অর্ণতানিহিত চিন্ময় তত্তভাবের ব্যঞ্জনাকেই বাইরে তারা ফুটিয়ে তোলে নিমিত্তমাত্র হয়ে। অন্তর্ম খীনতা ছাড়া, দিব্যভাবনার প্রবর্তনা ছাড়া শুধু বহিমাখ চেতনা কি বাহা উপকরণ বারা জীবনকে কখনও দিব্য বা মহত্তর করা যায় না। আমাদের বর্তমান প্রাকৃত-জীবনে, আমাদের পরাক্ব্তু বহিষ্চর-ভাবনায় মনে হয় আমরা যেন প্রকৃতির হাতে-গড়া প্রতুল; কিন্তু অধ্যাত্মজীবনের শুরুতে নিজেকে এবং নিজের জগৎকে সূণ্টি করবার ভার নিতে হয় আমাদেরই। স্থির এই নর্ববিধানে অন্তজীবনই মুখ্য, আর-সব তার প্রকাশ বা পরিণাম মাত্র। সত্য বলতে পূর্ণতার সকল তপস্যার মূলে আছে এই অন্তরাব্ত্তির প্রেরণা—নিজের প্রাণ-মন-চেতনাকে, জাতির জীবনকে আমরা এরই প্রবর্তনায় সিম্ধ ও সার্থক করে তলতে চাই। আমাদের প্রাকৃত-জ্ঞগং অবিদ্যার অন্ধতামসে আচ্ছন্ন অপূর্ণ জড়ের জগং; আমাদের বহিশ্চর চেতন-সত্তও এই নির্বাক বিপলে অন্ধর্তমিস্রার বিক্ষেপ ও প্রৈষাতে সূচ্ট ভারই নির্মাণশক্তির একটা নিদর্শন মাত্র। এখানে এসেছি আমরা স্থুলজন্মের দুয়ার দিয়ে, পরিবেশের চাপে ও জীবনের ঘাত-প্রতিঘাতের মন্ত্রদক্ষি নিয়ে আমাদের অভ্যাদয়ের সাধনা চলছে; অথচ প্রকৃতির বশে অবশ হয়েও আমরা আমাদের মধ্যে অন্তর্গ ্র্ট আরেকটা কিছুর অম্পণ্ট সন্তা বা আকৃতি অনুভব করি-যেন এই প্রাকৃত-বিধানেরও বাইরে আছে এই আধারেই গাহাহিত এক স্বারাট ও স্বয়ম্ভ চিংসত্তা, যে আমাদের আত্মপ্রকৃতিকে ঠেলে এনরে চলেছে তার রহস্য-নিবিড় পূর্ণতার বা সিম্ধভাবনার রূপায়ণের অভিমুখে। এই প্রেরণায় সাড়া পেয়ে কে বেন জেগে ওঠে আমাদের মধ্যে—নিজেকে সে গড়তে চায় কোন্ অজ্ঞানার চিন্ময় র পাদশে: সেইসংশ তার বহিন্দগতের অভ্যন্ত পরিবেশকেও

সে ফোটাতে চায় উদ্যত চিত্তের অক্লান্ত সাধনায় আরও স্কান্ত ও বৃহৎ করে —তারই উপচিত প্রাণ-মন-চেতনার কম্পছবির মত। আমাদের চিত্তে ষেকম্পনা জাগে, চেতনার গভীর হতে উৎসারিত হয় যে স্বতোর পায়ণের চিম্ময় সংবেগ, তার আদর্শে জগৎকে আমরা অহরহ গড়তে চাইছি অপ্র্বতার অন্-পম সোষয়ে নিখ্বত করে।

অথচ আমাদের মনশ্চেতনা তমসাচ্ছন্ন, পক্ষপাতী ধারণায় দুষ্ট, বাইরের বিরোধাভাসে বিমৃত্ ও অথথাচালিত, ভব্যাথের বাহুল্যে বিদ্রান্ত। তাই তার সাধনশক্তিকে সে ঐকান্তিক নিষ্ঠায় নিয়োজিত করে তিনটি বিভিন্ন লক্ষ্যের অভিমুখে। কখনও তত্ত্বস্তুর সন্ধানে সে ঝ'রুকে পড়ে অধ্যাদ্মজীবনের প্রাণ্ট ও সিশ্ধির দিকে: তখন ব্যক্তির অন্তঞ্জীবনের অভ্যুদয় ছাড়া আর-কিছু তার কাম্য থাকে না। আবার কথনও সে ঝ^{*}ুকে পড়ে বহিন্দ**ী**বনের ব্যক্তিগত পরিপ্রভির দিকে: তখন মননের ঐশ্বর্য ও বহির্জাগতে কর্মাযোগের সিদ্ধি কিংবা ব্যক্তিমনের কল্পিত কোনও আদশের রপোয়ণ তার আকাষ্ট্রিকত হয়। আবার কখনও সে বাইরের জগতের দিকে বিশেষ করে ঝ**ে**কে পড়ে: তথন নিজের ভাব রুচি সংস্কার বা আদর্শকল্পনা অনুযায়ী জগতের উন্নতি-সাধনা তার ব্রত হয়। এর্মান করে একদিকে আমাদের কানে ব্রহ্মাত্মভূত লোকো-ত্তর চিন্ময় সত্যন্বরূপের উদাত্ত আহত্তান বেজে ওঠে—সে আমাদের টানে জগতের বন্ধন ছি'ডে বিশ্বোত্তর তত্তভাবের অবিচল স্বপ্রতিষ্ঠার দিকে: আর-এক দিকে নিখিল বিশ্ব আমাদের 'পরে তার দাবি পাঠায়, কেননা সেও তো পরমপরে, ষেরই বিরাট আত্মর পায়ণ, বিশ্বোত্তীর্ণ তত্তাভাবেরই ছম্মবিভৃতি। তারও পরে আছে আমাদের প্রাকৃতসত্তের শৈবধ বা শিবধাগ্রস্ত দাবি: বিশ্ব ও বিশ্বাতীতের 'পরে তার নির্ভার হলেও সে যেন দ্বয়ের মধ্যে সংযোগের সেতু। আপাতদ্ভিতৈ মনে হয় সে যেন বিশ্বপ্রকৃতির একটা বিক্ষেপ; অথচ তার সত্যকার বিধাতা আমাদেরই আধারে অধিষ্ঠিত আছেন—তার সম্পর্কে বিশ্ব-ব্যাপারের আপাত-কর্তৃত্ব তাঁরই একটা প্রার্থামক প্রয়োজনমাত্র। বস্তৃত আমাদের প্রকৃতি-চ্থ পুরুষ হুদিচ্থিত চিন্ময় উত্তর-পুরুষেরই ব্যাকৃতি বা ছন্মবিভূতি। এই প্রাকৃত-পরে,ষের প্রেতি আমাদের অধ্যাত্ম-সিন্ধি বা আত্ম-ম্ব্রির তপস্যা ও বিশ্বহিতরতের মধ্যে কাজ করে তটম্থাশন্তির্পুে এবং উভয়ের সামঞ্জস্যবিধানদ্বারা সূথি করে মহত্তর বিশ্বে মহত্তর ব্যক্তিত্বের আদর্শ। কিন্তু পরমার্থ-তত্ত্বকে খ্রন্ধতে হবে আমাদের অন্তরের গহনে— সেইখানে সিম্মজীবনের উৎস এবং প্রতিষ্ঠা আবিষ্কার করতে হবে: বাইরের জীবন তখনই সত্য ও সাল্দর হবে, যখন অন্তর হতে সত্য-স্বরূপের উপলব্ধি বোগাবে তার প্রেরণা।

চিংস্বর্পের উপদস্থিতেই দিবাজীবনের উন্মেষ এবং প্রতিষ্ঠা। উপ-

নিষ্দের ভাষায়, আপন শ্রীর হতে অর্থাং অলময় প্রাণময় ও মনোময় কোশের কণ্মক হতে অনেক ধৈয়ে এই চিৎস্বরূপকে উন্ধৃত প্রকাশিত ও উন্মোষত করতে না পারলে—এককথায় অত্তরে চিন্ময়-জীবনের প্রতিষ্ঠা না হলে ব্যাবহারিক জীবনকে কখনও দিবা করে তোলা সম্ভব নয়। এমন-কি দিব্য-জীবন বলতে চিন্ময় ভাগবত-জীবন না বুঝে যদি বুঝি মনোময় বা প্রাণময় দেবতাদের আদর্শ, তাহলেও আমাদের ব্যাণ্ট মনোময়-সত্ত বা সকাম শক্তিসাধনায় উপচিত প্রাণময়-সত্ত যতক্ষণ অনুরূপ দেববীর্যাদবারা আপ্রতির না হচ্ছে, ততক্ষণ তথাকথিত দিবা-জীবনের এই অবর-সাধনাও আমাদের সিন্ধ হবে না—মনোময় দেবভাব কি প্রাণময় অস্ক্রভাবে প্রতিষ্ঠিত হয়ে অর্বাচন্ময় অতিমানবের অধিকারও আমরা দাবি করতে পারব না। তাই দিব্য-জীবনের ভূমিকার্পে প্রথমেই অন্তরে চিন্ময়-জীবনের প্রতিষ্ঠা চাই; তারপর তারই বীর্ষে সমগ্র বহিশ্চর-সন্তার রূপান্তর ঘটানো, সমস্ত ভাবনা বেদনা ও কর্মাকে ঐ অন্তশ্চেতনার মন্তর্শান্ততে পরিণত করা—এই হল সাধনার দ্বিতীয় পর্ব । আধারের যে-অংশে শক্তির উল্লাস, সেখানে **ব**দি চিন্ময় প্রাণের মহন্তর ও গভীরতর সংবেগ আনতে পারি, তাহলেই জীবনকে ও জগংকে গড়া যায় নতুন করে– হয়তো প্রাণ ও মনের কোনও সিন্ধবিভূতির শ্বারা, নতুব। চিৎসত্ত্রের ষোড়শকল মহিমার বৈদ্যাতীতে। অসিম্ধ জনগোষ্ঠীর চেন্টায় কখনও সিম্ধজগৎ গড়ে উঠতে পারে না। শিক্ষা-দীক্ষা আইন-কান্ত্রন সমাজ-ধর্ম বা রাণ্ট্রতন্ত্র দিয়ে যদি আমাদের সমস্ত কর্মকে পুংখানুপুংখরুপে নিয়ণিতত করি, তাহলেও তার ফলে আমরা পাব শধে, ছককাটা একটা মানস-তন্ত্র জীবন-সাধনা কি আচারের গতানুগতিকতা। কিন্তু নিয়মতন্ত্র দিয়ে কথনও গোত্রান্তর সিন্ধ হয় না, মানুষকে অন্তর হতে সূত্রি করা যায় না— এমন-কি এতে হ্দয়ধর্ম মনন্দিতা কি প্রাণের ঐশ্বর্য কোন্দিক দিয়েই একটা নিখতে মান্য গড়া চলে না। কারণ মান্যের হৃদয় প্রাণ মন তার সতারই বীর্ষবিভূতি বলে তারা দল মেলে মুক্তির আনন্দে, তাই তাদের ছাঁচে ঢেলে কখনও তৈরী করা যায় না: বাইরের তন্ত্র আর যন্ত্র তাদের আত্মপ্রকাশের সহায়মাত্র হতে পারে, কিন্তু সূন্টি ও প্র্টির মন্ত্র তো তাদের জানা নাই। কলে ফেলে মানুষের জীবনে কথনও অভাদরের সাড়া জাগানো যায় না; সে-সাড়া জাগে উত্তম-প্রেষের নিরপেক্ষ শক্তিপাতে, তাঁরই হৃদয়-প্রাণ-মনের বীর্যময় সমাবেশে। কিন্তু তখনও অন্তর হতেই অভাদয়ের গতিপ্রকৃতি নির্-পিত হয়—বাইরে থেকে নয়; সাধকের গ্রেহাহিত চেড্রাই জানে শব্তিপাতে কী ভাবে সে সাড়া দেবে। আমাদের সুন্থির তপস্যা ও অভীপ্সাকেও স্বার আগে এই সত্যের দীক্ষা দিতে হবে, নইলে মানুষের সকল সিসুক্ষা ব্যর্থতার আবর্তে পাক খেয়ে মরবে এবং তার সিন্ধি হবে শুধ্র অসিন্ধিরই চাকচিকাময় বঞ্চনা।

নিখিল প্রকৃতি জুড়ে চলেছে সত্তাপত্তি ও সম্ভূতির তপস্যা—একটা-কিছুর র্পায়ণের আকৃতি। আমাদের জ্ঞানে বেদনায় ও কর্মে শুধু স্বর্পশক্তির গোণ-পরিচয় মেলে; প্রেষের আংশিক আত্মর্পায়ণের সাধনায় তার যে ভূতা-থের প্রকাশ, আর তার উদ্যত অভী•সায় যে অসিন্ধ ভব্যাথের আক্তি প্রব্বের ভাবনা বেদনা ও কর্ম তার অনুকূল সাধনমাত্র—এই তাদের সার্থ-কতা। কিন্তু ধর্ম শীলাচার আজীব সমাজ ও রাষ্ট্রকে অবলম্বন করে আত্ম-मू या পर्ताटराज्य अवगाय मान स्वतं ज्ञावना-रामना-कर्मात या ज्ञातमानन. শুধু দেহ-প্রাণ-মনের চরিতার্থতা খাজে তার জীবনাদর্শের যত সমুন্ধ কল্পনা —তাতেই কি তার প্রেষার্থের চরম পরিচয় ? বস্তৃত মানুষের এসমস্ত বৃত্তি তো তার অন্তর্নিহিত সন্ধিনী-শক্তি বা সম্ভূতি-শক্তির উল্লাস, তার শরীরী-আত্মার বিস্থিত, আপন অর্থ খাজে পেয়ে তাকে রূপ দেবার সাধনমাত। কিন্তু মানুষের জড়াশ্রয়ী-মনের দূল্টি অন্যথাবৃত্ত, বৃহতু-সত্যের বিভাবনাকে বিপর্যস্ত আকারে দেখতে সে অভ্যস্ত,—কেননা প্রকৃতির আপাতপ্রতীয়মান বহিশ্চর শক্তিকে সে আদ্যাশন্তির আসন দিয়েছে। প্রাকৃত শক্তিস্ফুরণের যে-বাহাক্রম, তাকেই সে স্থিব্যাপারের নিষ্কর্ষ মনে করে; কিন্তু এই বহিরংগ-প্রবৃত্তির অন্তরালে যে-রহস্যক্রম প্রচ্ছন্ন রয়েছে, সেখানে তার দূচ্টি পেশছয় না। রূপ ও বিভূতির বৈচিত্রো অন্তর্গাঢ় সন্তার স্বর্পেবীর্যকে প্রকট করা প্রকৃতির রহস্যক্রম: তার বাইরের চাপ শুধু সংবৃত্ত সত্তার এই আত্মর্পারণাম ও আত্ম-রুপায়ণের আক্তিকে জাগিয়ে তোলবার একটা কৌশলমার। প্রকৃতির স্থল-পরিণাম যখন চিন্ময়-পরিণামের পর্যায়ে উল্লীত হয়, তখন এই রহস্যক্রম হয় স্থির একমাত্র প্রেতি; শক্তির সমস্ত কণ্ডককে ভেদ করে অতর্গন্ত চিং-কলাকে বিদ্যাৎস্পর্শে উদ্বৃদ্ধ করাই তখন সকল সাধনার চরম। আমাদের পরম পুরুষার্থ আত্মস্বরূপ হওয়া বা নিজেকে পাওয়া; কিন্তু আধারে আত্মা আছেন গ্রেহিত হয়ে,—তাঁকে পেতে দৈহাআত্মা প্রাণ-আত্মা ও মন-আত্মাকে ছাড়িয়ে যেতে হবে, তবেই আমরা পেশছব ঋতম্ভরা আত্মসত্তার চিন্ময় পরম-পরাধে এবং তার প্রকাশ ও বিম<mark>শেরি বৈভবকে স্বতঃফ্</mark>রত দেখব। গ্রহাচর হয়ে অন্তরাবৃত্ত-চেতনার উন্মেষ-ন্বারাই আমরা স্বর্প-সত্যের অপরোক্ষ-অন্ভব পাব; একবার এ-সাধনায় সিন্ধ হলে, মহাশক্তি-নির্পিত একমাত্র চরম সাধ্য আমাদের হবে—অন্তরের ঐ চিদ্বিন্দ, হতে চিন্মর দেহ-প্রাণ-মনর পী দিব্যকলার র পায়ণ এবং সেই লোকোত্তর ভাবনার বীর্যে এই মত্যেরই বুকে গড়ে তোলা দিবা-জীবনের অমৃত-পরিবেশ। অতএব প্রত্যেকেই অশ্তরাব্ত হয়ে ব্যাণ্টবিগ্রহে চিন্ময় আত্মন্বরূপকে আবিন্কার করবে এবং সমগ্র আধারে ও সকল ব্যবহারে তার বিদ্যালয়য় দীণ্ডি ফোটাবে—এই হল মান্দ্রের সাধনার আদিপর্ব। অন্তর্গতে তত্তভাবের বহিব্যক্তি হল স্থিটলীলার

তাংপর্য, স্কুতরাং শ্রুরুতেই অন্তর দিব্যভাবের বাহন না হলে বাইরে কিছ্বতেই তার স্বচ্ছন্দ প্রকাশ ঘটতে পারে না; তাই দিব্য-জীবনের সাধনা প্রথমত এবং মুখ্যত অন্তরাব্তিরই সাধনা। আধারের চিংকেন্দ্রে রহ্ম-সদ্ভাবের শাশ্বতী চেতনা গ্রহাহিত হয়ে আছে; এই শাশ্বত চিদাত্ম-স্বরুপের অনুভাব যদি মান্বের মধ্যে উদ্যত না থাকত, তাহলে কোথায় থাকত তার স্বোত্তরণের আকৃতি বা জীবনসাধনায় প্রচেতনার তপস্যা?

নিরঙ্কুশ সত্তাপত্তির প্র্ণিসিন্ধিই আমাদের পরা-প্রকৃতির আক্তি; কিন্তু প্র্ণ সত্ত্বাপত্তির অর্থ নিজের সম্পর্কে প্রণিচতন হওয়া। অচেতনা অর্ধ-চেতনা বা খিল-চেতনার মধ্যে স্বপ্রতিষ্ঠ আত্মবীর্ধের অকুন্ঠ প্রকাশ নাই; তাকে সত্তা বলতে পারি, কিন্তু সন্ধিনী-শক্তির অথণ্ড বিভাবনা বলতে পারি না। আত্মস্বর্পের এবং আধারের সমগ্র সত্তার অথণ্ড সম্যক্-সংবিৎ ছাড়া নিরঙ্কুশ সত্ত্বাপত্তির সাধনা কথনও সিম্ধ হতে পারে না। এই আত্মসংবিংই যথার্থ অধ্যাত্মবিদ্যা—স্বরসবাহী স্বয়ম্ভু-সংবিংই অধ্যাত্মবিদ্যার স্বর্প: তার সমস্ত জ্ঞানব্ত্তিতে, এমন কি তার যে-কোনও ব্তিতেে ঐ স্বয়ম্ভুসংবিতের আত্মর্পায়ণের উল্লাস চলে। এছাড়া বিদ্যার আর-সমস্ত ব্তিতে ফোটে চেতনার নিজেকে ভূলে আবার নিজের তত্ত্ব ও তথ্যের সংবিতে ফিরে যাবার প্রশ্নাস; অতএব তাকে বলতে পারি আত্ম-অবিদ্যার নিজেকে আবার আত্ম-বিদ্যায় রূপান্ত্রিত করবার মন্থর সাধনা।

আবার দেখি, সংবিৎ-শক্তির সঙ্গে সন্ধিনী-শক্তির সংবেগ জড়িয়ে আছে; স্ত্রাং পরিপূর্ণ স্ত্রাপত্তির অর্থ হল আধারন্থ সন্ধিনী-শক্তির অথ ড-বিচ্ছু-রণের সহজ অধিকারকৈ ফিরে পাওয়া, অর্থাৎ আত্মশক্তির পূর্ণসামর্থ্যকে অধি-গত করে তার নিঃসঙ্কোচ প্রয়োগে সিম্ধ হওয়া। অশক্ত বা অর্ধশক্ত থেকে কিংবা খিলশক্তির পখ্যুতাকে স্বীকার করে সংবিৎ-সিম্পির অভিমানকে বহন করা একধরনের আত্মবঞ্চনামাত্র; এর্মান করে অন্তিত্বের ক্ষরাতা কি ন্যুনতাকে লালন করাও আত্মসন্তার একটা বিভাব। কিন্তু তাকে পরিপূর্ণ সন্তাপত্তি কিছ্মতেই বলতে পারি না। সন্ধিনী-শক্তিকে আত্মচেতনায় স্থাণ্যক সমাহিত রেখে স্বর্পস্থিতিতে অবস্থান অবশ্য সম্ভব; কিন্তু স্ফ্রেক্তা আর নিত্য-স্থিতির, সম্ভূতি আর অসম্ভূতির অবিনাভাবেই সন্তার সম্যক চরিতার্থতা। আত্মার ঐশ্বর্য আত্মার দিব্যভাবেরই প্রতীক; শক্তিহীন চিৎসত্তা চিৎসত্তাই নয়। কিন্তু অধ্যাত্মচেতনা যেমন স্বয়স্ভূ ও স্বরসবাহী, তেমনি অধ্যাত্মশক্তিও স্বতঃস্ফূর্ত স্বরস্বাহী বীর্য-স্বর্জ দ্বরুদ্ভ। এমন-কি তার প্রকাশেরও সাধন তারই অংগীভূত-সে-সাধন বহিরংগ সাধন হলেও তাকে আত্মভূত এবং আত্মভাবের বাঞ্চনব্রহর্পেই সে ব্যবহার करत। हिरम्भागत मन्धिनी-भक्ति ख-श्रकाम जा-हे हम हैका मध्करूप वा

ক্রতু; অতএব চিংসন্তার খে-কোনও চিন্ময় সঞ্চলপ সম্ভূতি কি অসম্ভূতি খে-আকারেই ফুট্রক না কেন, সমগ্র সন্তায় তা ছন্দস্বমায় সার্থক হয়ে উঠবেই। যে কর্মে বা ক্রিয়াশন্তিতে এই স্বচ্ছন্দস্ফ্রণের স্বাতন্ত্য নাই বা কর্মের সাধন-তন্ত্রের 'পরে আধিপত্য নাই, এই ন্য়নতাহেতুই সে স্চিত করে সন্ধিনী-শন্তির খিলবীর্য, চেতনার শৈবধভাবজনিত পঞ্জাতা এবং সন্তার আত্মপ্রকাশের কুঠা।

পরিশেষে, পরিপ্রণ সত্ত্বাপত্তি স্বর্পানদের পরিপ্রণ আস্বাদন আনবে। যে-আত্মভাবে স্বর্পোপলণ্ডি ও সর্বাদ্যভাবের আনন্দ নিরঙ্কুশ হয়ে ফুটে ওঠেনি, তার উদাসীন বা উনীকৃত সন্তাকে অস্তিভাব বলতে পারি—কিন্তু কোনমতেই অথন্ড সত্ত্বাপত্তি বলতে পারি না। আবার এই স্বর্পানন্দও স্বরসবাহী স্বকৃৎ ও স্বয়স্ভূ—তার কোনও অর্থব্যপাশ্রয় নাই; তার আস্বাদনের সকল উপকরণ তার স্বাংগীভূত, তারই বিশ্বাদ্যভাবের বিভাবনা। দুঃখসন্তাপ ও নিরানন্দ অসিন্ধি ও অপ্রতিবার নিদর্শন; তাদের উৎপত্তি সন্তার থান্ডিত বোধ হতে, চেতনার সঙ্গোচ হতে, সন্ধিনী-শক্তির কুণ্ঠা হতে। সন্ধিনী সংবিং ও হ্যাদিনী শক্তির পূর্ণ উপচয়ে আত্মসম্ভূতির যে নিরঙ্কুশ সিন্ধি, তার সহস্রদল প্রণিতায় নিরন্তর বিহার করাই দিব্য-জীবনের মর্মরহস্য।

আবার বিশ্বাদ্বাভাবেই সত্ত্বাপত্তির পূর্ণ চরিতার্থতা। শুধ্ নিজের ক্ষুদ্র অহংএর মাঝে কুন্ডলী পাকিয়ে থাকাও অহ্নিড্রের একটা রূপ বটে, কিন্তু তার মধ্যে হ্বর্পসিন্ধির প্রবিথ নাই: কেননা হ্বভাবতই চেতনা সেখানে সম্কুচিত, শক্তি কুন্ঠিত এবং আনন্দও মৃছিত। নিজেকে এমনি করে প্রাপ্রির পাওয়া যায় না কখনও; তাইতে দ্বঃখ দৈনা আর অজ্ঞান আমাদের জীবনকেছেকে ধরে। দৈবী-সম্পদের অতির্কত আবেশে যদিই-বা এদের হাত ছাড়ানো যায়, তাহলেও চেতনা শক্তি ও আনন্দের কুন্ঠিত প্রকাশহেতু জীবনের পূর্ণপ্রসার তাতে ঘটতে পারে না। একই সত্তা সর্বা অন্মৃত্যাত; অভএব নিজেকে পেতে হলে স্বাইকে পেতে হবে। স্বার সন্তায় নিজেকে অন্ভব করা এবং নিজের সন্তায় স্বাইকে আবৃত করা, স্বার চেতনায় চিন্ময় হওয়া, বিশ্বশিদ্ধর সম্পের যুক্ত হওয়া শক্তিযোগের পূর্ণতায়, বিশ্বের কর্ম ও অন্ভবকে নিজের মধ্যে বহন করা নিজেরই কর্ম ও অন্ভবর্পে, স্বভূত্যাত্মভূতাত্মা হয়ে স্বার আনন্দকে আত্মানন্দের ব্যক্ষনারপে আন্বাদন করা—দিব্য-জীবনের স্মাক্সিন্ধির এই হল অপরিহার্য সাধন।

কিন্তু নির্ঢ় বিশ্বচেতনার প্রণতা ও স্বাতন্তা নিয়ে বিশ্বাক্ষভাবের এই সাধনা বিশ্বান্তীর্ণ ভাবনার সিন্ধিতে সার্থক হতে পারে। আনন্ত্যের অনুভবেই আক্ষমন্তার চিদ্ভাবের পরিপ্রেণতা। কালাতীত শাশ্বত-সন্তার অনু-ভব বিদি আমাদের না থাকে, স্থ্লেদেহ কি তার আদ্রিত প্রাণ-মনের পারে কিংকা বিশিক্ষ-কোনও লোকসংস্থানের পারে—এমনকি আধার-শক্তির বিশেব-কোনও

সংস্থানের 'পরে যদি আমাদের সত্তার নির্ভার হয়, তাহলে তাকে আত্মার তত্তভাব বা চিন্ময়-সন্তার পূর্ণমহিমা কোনমতেই বলতে পারব না। কেবল শারীর-আত্মারপে কিংবা একান্ত দেহ-নির্ভার হয়ে বে'চে থাকার অর্থ শুধ্ অশাশ্বত জীবভাবকে অংগীকার করে মৃত্যু ও কামনা, দুঃখ ও সন্তাপ এবং ক্ষয় ও ক্ষতির কর্বলিত হওয়া। দেহের সঙ্কীর্ণ আধারে দৈহর্শান্তর দ্বারা অভিভূত না হয়ে শারীর-চেতনাকে ছাড়িয়ে উঠতে পারি যদি, দেহকে যদি জানি আত্মার একটা বহিব তৈ গোণ র পায়ণ অতএব আত্মশক্তির অবান্তর একটা সাধনমাত্র, তাহলে এই বিদেহভাবনাই হবে আমাদের দিব্যজীবন-সাধনার প্রথম পাঠ। তার দ্বিতীয় পাঠ হল,—অবিদ্যালাঞ্ছিত মনের সংকৃচিত চেতনার উধের্ব ওঠা, অমনীভাবের ভূমিতে থেকে মনকে ব্যবহার করা যদ্মের মত অর্থাৎ বহিরঞা বিভৃতিজ্ঞানে মনের শাস্তা হওয়া। প্রাকৃত-প্রাণের 'পরে নির্ভার ক'রে তার সংখ্য জড়িয়ে না গিয়ে, তার উধের্ব চিদাত্মস্বরূপে প্রতিষ্ঠিত থেকে প্রাণকে আত্মার বিভূতি ও সাধনরূপে প্রশাসন ও পরিচালন করা হল দিব্যভাবনার ততীয় পাঠ। এমন-কি আমাদের দৈহ্য-সন্তার স্বভাবেরও পূর্ণস্ফুর্তি হয় না, যদি না চেতনা দেহকে ছাড়িয়ে অনন্তসমাপত্তির ভাবনায় অন্নময়-জগতের সংখ্য একাত্মক হয়ে যায়। প্রাণ-চেতনার বেলাতেও তাই: ব্যক্তিপ্রাণের সীমিত লীলায়নকে অতিক্রম করে প্রাণ যদি না বিশ্বপ্রাণকে আপন জেনে সমস্ত প্রাণবিভূতির সংগ্র এক হয়ে যায়, তাহলে আধারে প্রাণময়-সত্তার স্বভাবের প্রণাস্ফর্তি হয় না। মানস-চেতনারও পরিপ্রণ উন্মেষ কিংবা তার আত্মবৃত্তির নিরঙকুশ স্ফর্রণ হয় না, যতক্ষণ না ব্যক্তি-মনের সঙ্কীণ সংস্কার ছাড়িয়ে আমাদের মন বিশ্বমনের সাযুজ্যলাভ করছে এবং নিখিল মনের বিচিত্র ঐশ্বর্যের বিলাসে আস্বাদন করছে নিজেরই চেতনার সহস্রদল সৌষমা।...কিন্তু এমনি করে শুধু ব্যক্তি-ভাবনাকে নয়, বিশ্ব-ভাবনাকেও আমাদের ছাড়িয়ে শ্বতে হবে—তবেই আমাদের দিব্য-ভাবনায় ব্যক্তি ও বিশেবর দ্বরপুর্সিশ্বি ছন্দিত হয়ে উঠবে বৃহৎ-সামের অখণ্ড-মূর্ছনায়। কারণ, ব্যাত্ত ও বিদেবর বহিবৃত্তি রূপায়ণে বিশেবাত্তীর্ণের অপূর্ণ বিভূতি ফুটেছে এবং বিশ্বোত্তীর্ণের সত্যই তাদের স্বর্পের সত্য,—অতএব ঐ স্বর্পসত্যের চেতনাতে অবগাহন করেই ব্যক্তিচেতনা কি বিশ্বচেতনা তার তত্তভাবের অখণ্ড-পূর্ণতা ও নিরঞ্জুশ স্বাতন্তা পেতে পারে। এ নইলে ব্যাঘ্ট-জীব বিশ্বস্পন্দের পরতন্ত্র হয়ে তার বৃত্তি ও উপাধির শ্বারা আত্মস্বাতন্ত্রের সমগ্রতাকে প্রতি-ম্হ্তে খণ্ডিত করবে। চিশ্ময় অন্তর রক্ষস্প্তাবে অবগাহন করে, পরম-সাম্যের অন্ভবে তাতেই নিতাবিলসিত থেকে নিজেকৈ তার আত্মবিভূতি বলে অন্ভব করা—এই তো জীবের পরমা নিয়তি। তার দেহ-প্রাণ-মনের সবখানি রপোশ্তরিত হবে পরম-পরেবের পরমা-প্রকৃতির লীলাবিভূতিতে; তার ভাবনা-

বেদনা-কর্ম হবে পরা-শন্তির প্রশাসনে বিধৃত তারই আত্মর্পায়ণ এবং আত্ম-স্বর্প। এর্মান করে অবিদ্যা হতে বিদ্যায় উত্তরণে এবং বিদ্যার সহায়ে পরা সংবিতের স্ফ্রন্তন্তা ও অন্তর আনন্দলীলায় অবগাহনে জীবের পরমপ্র্র্যার্থের সম্যক চরিতার্থতা ঘটে। কিন্তু চিন্মর-পরিণামের প্রথম পর্বেই এই মহাভাবের স্বর্পশক্তি ও তার দুর্ধর্ষ সংবেগ খানিকটা সন্ধারিত হয় সাধকের জীবনে এবং বিজ্ঞান্থন পরমা-প্রকৃতির উন্মেষে তার সার্থক পর্যবসান ঘটে।

কিন্ত অন্তরাব্ত হয়ে বাঁচতে না জানলে এসব সিন্ধির কিছুই ফুটবে না। বহিশ্চেতনার মূখ সবসময়ে বাইরের দিকে ফেরানো আছে—সন্তার বহিরজ্গনে থেকেই বিশ্বের সংশ্যে তার একমাত্র বা মুখ্য কারবার; এই চেতনাকে আঁকড়ে থেকে চিন্ময়-জীবনের পথ কোনকালেই আমরা খ'লে পাব না। জীবকে তার আত্মা বা স্বর্পসত্যের পরিচয় জানতে হবে; তার জন্যে তাকে অন্তম্ব হতে হবে—গ্রহাচর হরে বাস করতে হবে, সেই অন্তদ্তল হতে নিজেকে উৎসারিত করতে হবে। অন্তন্দেতনা হতে বিযান্ত বাইরের জীবন-চেতনা অবিদ্যার লীলাভূমি শুধু: তার কবল হতে নিৰ্ম্কৃতি মেলে কেবল অন্তরাত্মার মহাবৈপাল্যে জীবনকে প্রসারিত করে। আমাদের মধ্যে যদি বিশ্বোত্তরের অনুভাব নিহিত থেকে থাকে, তাহলে ঐ গুহাহিত অন্তরাত্মার দতশ্বতাতে সে আছে: বাইরে শুধু আছে উপাধি ও নিমিত্তের দ্বারা কদ্পিত প্রাকৃতভাবের আত্মভাবের এমন-কোনও বিরাট মহিমা যদি থেকে থাকে, যা দ্বচ্ছন্দে বিশ্বচেতনার উদার ব্যাণ্ডিতে অবগাহন করতে পারে, তাহলে তারও প্রতিষ্ঠা আমাদের ঐ অন্তরের মণিকোঠায়: বহিন্চর ভূতচেতনা শুধু দেহ-প্রাণ-মনের ত্রিবৃৎ রক্জ্বতে বাঁধা আড়ন্ট ব্যক্তিচেতনামাত্র। অন্তরাবৃত্ত না হয়ে কেবল বহিমুখে সাধনায় বিশ্বচেতনার উন্মেষ ঘটাতে চাইলে, আমরা হয় ব্যক্তির অহংকেই স্ফীত করে তুলব, নয়তো অব্যাকৃত গণচেতনায় তাকে তলিয়ে দিয়ে কিংবা গণচেতনার অধীন করে ব্যক্তিসত্তের প্রলয় ঘটাব। স্বাতন্ত্যের সিম্ধবীর্ষে বিশ্বে এবং বিশ্বাতীতে নিজেকে প্রসারিত করতে গেলে অন্তরাবৃত্ত হরে স্মামন্ধ অন্তর্গানকে উর্ণাখ করে তুলতে হবে। অন্তরপ্র্যুষ্ট আমাদের ঈশানো ভূতভবাসা'-কিন্তু আজ তিনি কণ্যকের আবরণে আবৃত বা অর্ধছ্ম; তাই মনে হয়, বহিশ্চেতনাই বৃত্তিৰ আমাদের সন্তার মূলাধার এবং সকল প্রবৃত্তিৰ উৎস। এ-ধারণার আমূল পরিবর্তন চাই; বাহির হতে সত্তার কেন্দ্রকে টেনে আনা চাই হাদিস্থ চিদ্বিন্দতে এবং সেইখান থেকে উৎসারিত করা চাই তার আত্মবিভবেনার স্ফর্রন্ত প্রবেগকে—তবেই মতের্গর আধারে দিব্য-জীবনের সাধনা সহজ হবে। উপনিষদের ঋষি বলেন, চেতনার দ্বারকে স্বরুভু কেটে বার করেছেন বাইরের দিকে, তাই সাধারণ মানুষ বাইরেটাকেই দেখে শ্ব্র; কিন্তু অন্তরাব্রুচ্চক্ক, হয়ে কেউ-কেউ তাকায় ভিতর পানে, আস্বাকে জেনে তারাই

অর্জন করে অম্তের অধিকার'। অতএব অপরা প্রকৃতির র্পান্তর ন্বারা দিব্য-জীবনের অধিকার পেতে হলে প্রথমেই প্রয়োজন অন্তরের দিকে দৃষ্টি ফিরিয়ে নিজেকে জানা, নিজের মাঝে ডাবে যাওয়া, অহরহ আত্মস্থ হয়ে বাস করা।

নিজের মধ্যে তলিয়ে গিয়ে অন্তরগহনে বাস করা মানুষের প্রাকৃত-চেতনার পক্ষে দুঃসাধ্য একটা সাধনা: কিন্ত স্বরূপোপলব্ধিরও 'নানাঃ পন্থা বিদ্যতে।' বহিরাবাত্ত আর অন্তরাবাত চিত্তের মধ্যে বিরোধ কম্পনা করে জড়বাদী বহিরাব্ত্ত স্বভাবকেই নিরাপদ অতএব উপাদেয় বলে সমর্থন করেন। তাঁর মতে: ভিতরে ঢোকার অর্থ হল শ্ন্যতার অন্ধকারে নিজেকে হারিয়ে ফেলা; তাতে আমাদের চেতনা ঘুলিয়ে যায়, চিত্তব্যাধির শুরু সেইখানেই; অন্তরজীবনকে মান্যে তার সাধামত গড়ে তুলছে বাইরের উপকরণ দিয়ে, অতএব বাইরের পর্নিন্টকর উপাদানের 'পরে সম্পূর্ণ নির্ভার করতে পারলেই অন্তরের স্বাস্থ্য অটুট থাকবে; বহির্জাগতের বাস্তবতার 'পরে ব্যক্তির জীবন ও চিত্তের প্রতিষ্ঠা দৃঢ় হলে তাদের ভারসাম্য বজায় থাকে, কেননা জড়জগতের সতাই হল বিশেবর একমাত্র মোলিক তত্ত।...অলময় মান্যে বহিরাব্ত হয়ে জন্মেছে: স্তরাং এধরনের সিম্ধান্ত তার ভাবনার অন্ক্ল হতে পারে, কেননা নিজেকে সে বহিঃপ্রকৃতির সৃষ্টজীব বলে ভাবতে অভ্যস্ত। বহিঃপ্রকৃতি তার জননী এবং ধান্নী, তাই অন্তররাজ্যে চ্কুতে গেলে সে তো দিশাহারা হয়ে ষাবেই; এইজন্য তার কাছে অন্তর্জগৎ বা অন্তজীবন বলে কিছুই নাই। কিন্ত আধ্রনিক মনোবিদের অন্তরাব্ত মান্যও সত্যকার অন্তজীবনের কোন সন্ধান রাখে না। অন্তরের দিকে চোখ ফিরিয়ে অন্তর্জাণ বা অন্তরপ্রায়কে সে দেখতে পায় না; সংকীর্ণ মনোময়-মানুষের উপরভাসা দুল্টি নিয়ে সে তার প্রাকৃত প্রাণ-মনের অহংকে দেখে—অ-প্রাকৃত আত্মপ্রাক্তক নয়, এবং এই দ্বলপবীর্য বামনপ্রের্মের ক্রিণ্ট প্রকৃতির অনুধ্যানে নিজেকেও ক্রিণ্ট ও বিকার-গ্রুম্ত করে। চিরকাল যার বাইরে কেটেছে, অন্তব্দীবনের কোনও সিন্ধ অন্তর্ভূতি যার নাই, ভিতরের দিকে তাকাতে গিরে সে যে প্রথমে আঁধার ছাড়া আর-কিছ্ই ভাববে না বা দেখবে না, এ কিছ; অসম্ভবও নয়,—কেননা প্রাকৃত-মনের ভিতর-দেখার প**ু**জি বাইরে-দেখার কুত্রিম সংস্কার দিয়েই গড়া। কিন্তু অল্পাধিক অন্তরাবৃত্ত থাকবার সামর্থ্য যাদের আধারে সঞ্চিত হয়েছে, ভিতরে চুকে যোগস্থ হয়ে থাকতে গিয়ে তারা কখনও একটা অন্ধকার বা শ্ন্যতার আলন্নী অন্ভবই সেখানে পায় না; তদের সমাহিত অনুভবে জাগে অভিনব চেতনা-বেদনার একটা অতর্কিত প্রসার, একটা উদারতর দ্বিট, একটা বিশ্বলেতর সামধ্রে, অল্লময় প্রাকৃতমান,বের স্বকল্পিত জীবনায়নের দৈনন্দিন ক্রিয়তা ইতে মুক্ত অথচ ভার চেয়ে অনন্তগ্রেণ ৰাস্তব ও বিচিত্র একটা জীবনের অস্ক্রের বিস্তার। তাকে বিরে তখন এক উচ্ছল আনন্দের মহাপারাবার হিক্লোলিত হয়ে ওঠে-যে-আনন্দের

সংশ্য প্রাক্তজগতের কোনও আনন্দেরই তুলনা হতে পারে না, বহিরাবৃত্ত প্রাণাত্মবাদী তার প্রাণশন্তির ক্ষরুরুত সংবেগ দিয়ে কিংবা মনোময় মান্ম তার বহিমর্থ চিত্তের অকল্পনীয় স্কাতা ও প্রসার দিয়েও যে-আনন্দের নাগাল পায় না। বিপলে—অমেয়—অন্তহীন মহাশ্লাতার নৈঃশব্দ্যে অবগাহন, এ-ও অন্তরাবৃত্ত চিন্ময়-অন্ভবের একটা বিভাব। কিন্তু জড়াগ্রয়ী মন এই নৈঃশব্দ্য ও শ্লাতাকে ডরায়, মননধমী বা প্রাণময় চিত্তের বহিশ্চর সম্কুচিতবৃত্তি তাকে বিরাগভরে এড়িয়ে যেতে চায়; কারণ প্রাকৃত-মন নৈঃশব্দ্যকে ভাবে প্রাণ-মনের জড়য়, শ্লাতাকে ভাবে নিরোধ বা বিনাশ। কিন্তু বস্তুত এই নৈঃশব্দাই চিদ্বীর্য—লোকোত্তর জ্ঞান শক্তি ও আনন্দের উৎস; আর ঐ শ্লাতা প্রাকৃত-আধারেরই রিক্ততা—বিষয়াসবের সকল কল্ম ঢেলে ফেলে ব্রাহ্মী-চেতনার অম্তরসে তাকে ভরে তোলবার আয়োজন, অতএব তার প্রলয়ে অস্তিম্বের নিরোধাভিম্মণী বৃত্তিও অসতের ব্বকে অত্যাত্বিনাশের স্কুনা আনে না, নির্বিশেষের অবাঙ্মানসগোচর অতিচেতনায় ঝাঁপ দেওয়াই তাঁর নিরোধ—সে-ও চিন্ময় সদ্ভাবের তৃবীয়িস্থিতির মহাবৈপ্রা্মার।

সত্য বলতে, এমনিতর অন্তরাবৃত্ত হবার অর্থ ব্যক্তি-সত্তের কারাগারে বন্দী থাকা নয়—বরং বিশ্বচেতনায় উত্তরণের এই হল প্রথম ধাপ: অন্তরে ঢ়কে তবে আমরা অন্তজীবিন ও বহিজীবিনের মর্মসত্যের পরিচয় পাই। এই যোগস্থ জীবনই নিজেকে ছডিয়ে দিয়ে বিশেবর জীবনকে জডিয়ে ধরতে পারে: সবার প্রাণকে স্পর্শ করে বিশ্ব করে গ্রাস করে তার মধ্যে বৃহত্তর ভাবনার যে-বৈদ্যুতী সে সঞ্চার করতে পারে, তার বাস্তবতা বহিশ্চর-চেতনার কম্পনারও অগোচর। বহিমুখ চিত্ত নিয়ে নিজেকে ছডিয়ে দেবার সর্বোত্তম সাধনাও আমাদের একটা অক্ষম পণ্যা, প্রচেষ্টামাত্র: বেশ ব্যক্তি, এ শুধু, মেকীর কারবার— মনকে শুধুই চোখ-ঠারা ছাড়া আর-কিছুই নয় কেননা বহিশ্চর-চেতনায় বিবিক্ত আত্মবোধ এবং উগ্র অহমিকার নাগপাশে আমরা জড়িয়ে আছি। তাই আমাদের নিঃব্বার্থপরতাও অনেক সময় স্ক্র্যু ব্বার্থপরতার আকারে অহংকেই প্রুটতর করে মাত্র: বিশ্বহিতের অজ্বহাতে আমরা যে ব্যক্তি-প্রাণ ও ব্যক্তি-মনের ভাবনা ও সংস্কারসমেত নিজেকে চাপিয়ে দিচ্ছি পরের ঘাড়ে, অপরকে গ্রাস করে নিজের অহংকে পাণ্ট করব বলে যে তাদের টেনে আনছি প্রসারিত্র বাহার বন্ধনে—পরার্থ পরতার অভিমানে অন্ধ বলে এই আত্মবন্ধনার দিকে মোটেই আমাদের দৃষ্টি পড়ে না। পরের জন্য আমাদের বে'চে থাকার মধ্যে যেখানে कान वाद्याना नादे, रमधारन त्रासाह सिद्धी ७ कत्युनात अन्वर्गा किन्सस मश्रावन ; ক্ষিত্র এই সংবেশকে সাধাক করবার বীর্ষাও অধিকার দুইই আমাদের মধ্যে क्रिके, रक्तमा देखाश्रासास्य रश्चिक आभारमय हिटल अथ-७ रहम रश्नीवस महा

অপরের সংগ্র হৃদয় ও মনের যোগে কর্থাণ্ডং যুক্ত হলেও, অধ্যাত্মযোগদ্বারা সবাইকে আত্মসাৎ করতে পারিনি বলে প্রায়ই আমাদের আশ্তরিক কর্মপ্রেরণাও প্রমাদের হেত হয়। অপরের সংগ্র বাইরের একাত্মতা একটা বাইরের জোড়া-তালির ব্যাপার: তাতে একটা সামাজিক যৌথ-চেতনার উন্মেষ হয় শুধু, কিন্তু ভিতরে-ভিতরে তার কাজ কাঁচা থেকে যায়। যৌথ-জীবনের অন্তর্ভক্ত সবার হিতে আমরা হুদর-মন ঢেলে দিতে পারি বটে; কিন্তু জীবনের বহিরগাকেই ষেখানে সমাজচেতনার ভিত্তি কর্রোছ, সেখানে প্রস্পরের অপরিচয় অহমিকার সংঘর্ষ প্রাণ-মন-হাদয়ের দ্বন্দ্ব ও দ্বার্থের সংঘাতকে যথাসম্ভব এড়াতে পারলেও অন্তরের কৃত্রিম একাত্মভাব একটা অপূর্ণ এবং অনিশ্চিত বহিঃসিশ্বিই শুধু হয়। অধ্যাম্মচেতনার শিল্পচাত্রী ঠিক এর বিপরীত: সেখানে ঞ্জীবনের ভিত্তি হল অন্তরের অনুভবে—সর্বাত্মভাবের অন্তরৎগ অন্বৈত-চ্রেতনাতেই সেখানে সমাজচেতনার প্রতিষ্ঠা। সর্বাত্মভাবের সংবিংই তখন অধ্যাত্মচেতার অন্তরে আত্মার কাছে আত্মার দাবির অপরোক্ষ অন্তর্গা-অনুভব ফোটায়—অপরের অভাবের স্কুপন্ট চেতনা হতে যোগায় মৈত্রী ও কর্ণার সাধনায় ভর্তাহতের সার্থক কল্পনা। বিশ্বব্যাপ্ত এক চিন্ময় একাত্মতার বোধ. ভতে-ভতে একই আত্মার অনন্ত-সদ্ভাবের নিগ্টু চেতনা হতে প্রজাত সত্যের স্ফুরেদ বীর্য —একমাত্র এই দিব্যভাবনাকেই আমরা দিব্য জীবনায়নের প্রতিষ্ঠা এবং প্রশাস্তা বলতে পারি।

দিব্য পুরুষের বিজ্ঞানঘন জীবনচেতনায় আছে সবারই আত্মভাবের অখন্ড-নিবিড চেতনা--এমন-কি তাদের দেহ-প্রাণ-মনের সম্পর্কেও তাঁর চেতনা আত্মবোধেরই মত সজাগ। অতএব তাঁর ব্যবহারের মূলে এই অন্তরণ্য অদ্বৈতান,ভব-বাসিত স্কানিবিড় অন্যোন্যচেতনারই প্রবর্তনা থাকে-প্রাকৃত-চিত্তের তথাকথিত মৈত্রী ও কর্না কিংবা অন্তর্প কোনও ভাবোচ্ছনাস নর। তাঁর জাগতিক সকল কমের ভূমিকার্পে আছে কর্তব্য সম্পর্কে অদ্রান্ত দর্শনের শতজ্যোতি, আত্ম-পর সর্বত্র নিহিত একই দিব্য-পরেক্রের কবিরুতুর প্রদীপ্ত অন্ভেব: অতএব তাঁর কর্মযোগ ঘটে-ঘটে বিশ্বেশ্বরেরই অর্চনামার। পরা-সংবিতের আলোক সর্বসতের দিব্যক্ততুকে যে-রূপে তিনি প্রত্যক্ষ করেছেন, সেই রূপকেই পরমাপ্রকৃতির সিম্ধবীর্যের দ্বারা ঋতের ছন্দে ছন্দিত ও মূর্ত করে তোলা—এই হল তাঁর কর্মসাধনার রহস্য। সত্য বটে, বিজ্ঞানঘন-পর্ব্ববের আত্মসিশ্বিতে ঘটে দিব্য-পরেবের সত্ত ও সংকলেপর অমোর্ঘাসন্ধি—কিন্তু ব্যাপৎ সকলের সিন্ধিতে তার আত্মসম্পর্তির চিচ্চুমর টাতপস্যা সিন্ধ হয়; বিশ্বচেতন বৈশ্বানরর্পে নিখিলের প্রগতিতে তিনি ক্লিবর্পেরই উত্তর-সম্ভূতির প্রেতি অন্ভব করেন। সর্বত্রই তিনি দেখেন এক চিন্মরী মহা**দত্তি**র লীলা; এই সমণ্টিভূত দেবলীলার তাঁর অন্তঞ্জোতির সভাসংকলপ ও অভ-

সংবেগের বে-আবেশ, তা-ই তাঁর কর্ম। কোনও বিবিক্ত অহংএর প্রবর্তনা তাঁর মধ্যে নাই; তাঁর বৈশ্বানর ব্যক্তিভাবনার বিশ্বাত্মা ও বিশ্বোত্তীর্ণের সংবেগই বিশ্বকর্মে লীলারিত হয়ে ওঠে। বেমন তাঁর বিবিক্ত অহংচেতনার কোনও দার নাই, তেমনি নাই সামাজিক অহংচেতনারও দার; তাঁর হ্দরে বে-পরমপ্র্র্ব, বিশ্বমানবে বে-পরমপ্র্র্ব, বিশ্বর ভূতে-ভূতে বে-পরমপ্র্র্ব— তাঁর মাঝে থেকে তাঁর কাজে তাঁর জীবন উৎস্তা। সর্বাত্মভাবের ভূমিকা হতে সহস্রাক্ষ কবিক্রতুর এই যে বিশ্বতোম্বী প্রবৃত্তি—এই হল দিব্য-জীবনের জ্বতময় ছল্দ।

প্রত্যেক ব্যক্তির মধ্যে আছে আপনাকে অন্তর হতে ষোড়শকলার পূর্ণ করে তোলবার যে-অভীপ্সা, তার চিন্ময়ী-সিন্ধি দিব্যজীবন-সাধনার প্রথম পাঠ। মত্যভিমিতে সিন্ধজীবনের এই হল অপরিহার্য আদ্য আয়োজন: অতএব অধ্যাত্মচেতনার উন্মেষে ব্যক্তিজীবনের যথাসম্ভব পূর্ণতাসাধনকে যে আমরা প্রথম প্রের্বার্থ মনে করি, তা অসঞ্গত নয়। তার পরের পাঠ হল, ব্যক্তির সঞ্গে বিশ্বের আধ্যাত্মিক ও ব্যাবহারিক যোগাযোগকে সর্বাদক দিয়ে পূর্ণ করে তোলা: এ-তপস্যা সার্থক হয় বিশ্বময় আত্মচেতনার অথণ্ড ব্যাপ্তিতে—সর্বাত্মভাবের সিন্ধিতে। বিজ্ঞানঘন চেতনা ও প্রকৃতিতে উত্তীর্ণ হবার পথে সাধকের মধ্যে এ-ভাব প্রভাবতই ফুটে উঠবে। কিন্তু তারও পরে বাকী থাকে সাধনার ততীয় পাঠ: চাই এক নতুন জগৎ, চাই বিশ্বমানবের জীবনধারার গোতাশ্তর— অন্তত এই পাথিব-প্রকৃতিতে অভিনব সিন্ধ জীবনের একটা সংঘচেতনা ফুটিয়ে তোলা চাই। তার জন্যে বর্তমানের প্রাকৃত-পরিবেশের মধ্যেই অ-প্রাকৃত জীবনগঠনের ব্যক্তিগত প্রয়াস বেমন প্রয়োজন, তেমনি প্রয়োজন বহু বিজ্ঞান-ঘন-বিগ্রহ পরেষের সংহতিতে মানবসমাজে একটা নতন থাকের প্রতিষ্ঠা, যাকে দিয়ে বর্তমান ব্যক্তিগত ও সমাজগত জীবনের চাইতে উৎক্রণ্টতর একটা অভিনব সংঘঞ্জীবন গড়ে উঠবে প্রথিবীতে। বিজ্ঞানঘন-জীবনের ব্যক্তিগত আদর্শ এই সংঘঞ্জীবনেরও আদর্শ হবে। আজপর্যন্ত মানুষের মধ্যে সংঘচেতনার বে-রূপ ফ্টেছে, তার মূল আছে শৃংধু স্থলে ব্যাবহারিক প্রয়োজনের তাগিদে একটা বহিম, খ সামাজিক-বোধ জাগানোর প্রয়াস : তাতে রয়েছে স্বার্থের সামা, সভাতা ও সংস্কৃতির ঐক্য, সামাজিক আচার ও মার্নাসক শিক্ষা-দীক্ষার মিল, क्वीविकानिर्वाट्यत्र अक्षे स्वीक्षश्चताम । अहे नित्त त्व त्मान्ध्री-अहः गर्फ छेट्रेट्स, তার সমস্ত ভাবনা বেদনা ও কর্মের মধ্যে ব্যান্টর বিশিন্ট অহং অনুসূত্র আছে যোগসূত্রের মত। আবার ঐক্যের চেরে বিরোধের ভাবই প্রবল যেখানে. সেখানে শ্ব্যু বৌধ জীবনবাপনের দায়ে একটা চেন্টাকৃত আপোস-রফা কিংবা वाहेरात श्रात्राक्त थाभ-थाहेरा ठनवात वावन्थात्क ठान, ताथा हरात्रह : ভাতে সমাজদেহে যে পর্বপরুপরার সৃষ্টি হয়েছে, তার কতকটা কৃত্রিম, কতকটা

হয়তো স্বাভাবিক। কিন্তু এ-সবার কোনটাই বিজ্ঞানঘন-সঞ্চলর জীবনাদর্শ নয়; কারণ মান্য সেখানে দানা বাঁধবে প্রাকৃত-জীবনের দায় হতে উম্ভূত কাজচলা-গোছের সামাজিক সংহতিবোধের তাগিদে নয়-কিন্ত ঐক্যের অন্তর•গ-চেতনাই সেখানে ব্যাবহারিক-জীবনের সংহতিকে স**্রপ্রতি**ণ্ঠ করবে। সে-চেতনা তাদের মধ্যে প্রবার্তিত করবে জীবনের একটা নতুন ধারা ব্যক্তির মধ্যে ঋত-চিতের স্ফুরণেই তারা সহজ আত্মীয়তায় গোষ্ঠীবন্ধ হবে; যাতে নিজেদের তারা এক প্রমান্ধারই চিদ্রনবিগ্ররূপে অনুভব করবে। সে চেতনা তাদের মধ্যে প্রবার্তত করবে জীবনায়নের একটা নতুন ধারা,এক পরমার্থসতেরই সত্ত-তন্ত্রপে। এক অখন্ড পর্বা প্রজ্ঞার প্রদীপ্ত প্রৈষা, এক অখণ্ড প্রজ্ঞার সংকল্প ও বেদনার প্রবর্তনা তাদের সত্যবাহ চিন্মর-জীবনে স্ফারিত হয়ে জ্যোতির্মায়ী সম্ভাতির সহজ ঐশ্বর্যে তাকে মণ্ডিত করবে। ক্রমবন্ধও থাকবে তাদের মধ্যে, কেননা স্বভাবেরই নিয়মে একত্বের সত্য পর্বায়িত হয় সহজ-ক্রমে। তেমনি তাদের মধ্যে এক বা একাধিক জীবনবিধানও থাকবে: কিন্তু সমুহত বিধানই সেখানে দ্বয়ং-তন্ত্র হবে—কেননা সংঘের সকল বিধানে প্রকাশ পাবে অদ্বৈতচেতনায় প্রতিষ্ঠিত এক চিন্ময় জীবনসংহতির স্বরূপসত্য। সমগ্র সংঘই হবে বিশ্বতোম্ম চিংশক্তিরাজির স্বতঃস্ফুরং একটা স্বয়ম্ভবিগ্রহ: ব্যক্তির অন্তরগহন হতে উৎসারিত চিৎশক্তির সে-প্রেরণা এক সার্থক কবিক্রতর প্রভাবছন্দে বাইরে রূপায়িত বা লীলায়িত হবে।

প্রাকৃত-মন সংঘ গড়তে গিয়ে সবাইকে এক ছাঁচে ঢালতে চায়—জীবনা-দর্শের একটা যুদ্ধাবর্তনের মধ্যে সে বৃদ্দী করতে চায় প্রাণের আনন্দলীলাকে; কিন্তু দিবাসংঘে জীবনায়নের আদর্শ তা নর। বিভিন্ন বিজ্ঞানঘন গোষ্ঠীতে থাকবে স্বাতন্ত্রোর প্রভূত বৈচিত্র্য়.—অখন্ড-চিন্ময় জীবনের বিগ্রহকে প্রত্যেকে তারা আপন-আপন বৈশিষ্ট্য দিয়ে গড়ে তুলবে, আবার প্রত্যেক গোষ্ঠীর বিভিন্ন ব্যক্তির মধ্যেও থাকবে আত্মপ্রকাশের নিরঞ্কুশ অথচ ছন্দোময় বৈচিত্র। কিল্ড এই বৈচিত্ত্যের স্বাতন্ত্যে অসাম বা নিশ্বতির কোনও আভাস থাকবে না; কেননা অখন্ড প্রজ্ঞার সত্যে বা জীবন-সত্যে আছে অন্যোন্যসংগতির সৌষম্য-অন্যোন্যবিরোধের বিক্ষোভ নয়। বিজ্ঞানখন-চেতনায় বিবিক্ত অহংএর রেষারেষি নাই, স্বার্থসিদ্ধির কলরব নাই, আপন ভাব বা সঞ্চলপকে জাহির করবার মূঢ় উগ্রতা নাই: বিভিন্ন আধারে ও চেতনায় একই পরমান্দার প্রতীক সবাই একই সত্য বিচিত্র হয়ে রূপ ধরেছে সবার মধ্যে—একদের এই অন্তরণ্য অনুভব হতে বিজ্ঞানখন-প্রের স্থালিত কখনও হন না। দ্বিশ্ববিভূতি যে একেরই বহুধার্বিচন আত্মর পারণ বহুর মধ্যে এককে ফুটিরে তোলা যে অতচিতের দ্বভাব-সত্যের সহন্ধবিধান—এই অপরোক্ষ-জন্তব তারু মধ্যে সবার রভে রং মেশাবার সাবলীলতা জাগিয়ে রাখবে। দিবাসংখের স্বাই এক অখণ্ড চিং-

শক্তির নিমিত্তর্পে নিজেকে অন্ভব করবে,—অতএব সেই অথপ্ডেরই প্রেরণা ছন্দোমর ঋতের সুষমা আনবে সবার কর্মে। বিজ্ঞানঘন-পুরুষ ব্যক্তির জীবনবৈচিত্ত্যে একই পরমা-প্রকৃতির শক্তিবৈচিত্ত্যের অখণ্ড রাগিণী অন্তেব করবেন: তারি একটা সূর তার মধ্যে ফুটিয়ে তুলছে দিব্য-কর্মের চিদ্বীর্ষময় প্রেরণা: সে-প্রেরণায় সাড়া দিতে গিয়ে নিজের অহংকে কখনও তিনি অপরের অহংএর প্রতিষ্পধীর্পে অনুভব করবেন না, কিংবা তার আধারে স্ফ্রিড জ্ঞান ও বীর্যকে অপরের আধারে স্ফ্রারত জ্ঞান-বীর্যের বিরুদেধ উদাত রাখবার কোনও দুর্বার তাড়নাও তার মধ্যে জাগবে না। কারণ যিনি চিদাত্ম-ন্বরূপ, তাঁর হৃদয়ে আছে অব্যাহত আনন্দ ও পূর্ণতার অচলপ্রতিষ্ঠা—আছে হবর প্রসত্যের অখন্ড আনন্ত্যের জাগ্রতবোধ: বাইরে তার রূপায়ণ যা-ই হোক না কেন, এই সহস্রদল ভাবনার পূর্ণসংবিং হতে তিনি কোনকালেই বিচাত নন। বস্তৃত অন্তর্নিহিত চিৎ-সত্ত্বের সত্য বিশেষ-কোনও রূপায়ণের 'পরে একান্ত-নির্ভার নয়, অতএব আত্মর পায়ণ ও আত্মপ্রতিষ্ঠার বিশেষ-কোনও বাহ্যিক রীতিকে আঁকডে ধরবার আয়াসও তার নাই : তার মধ্যে স্বতঃস্ফুর্তে সাবলীলতায় র্পের আবিভাব হয়—অপরের সংগে সংগতি রেখে সমগ্র রূপায়ণের ছন্দে সে তার নিজের ছন্দ মিলিয়ে দেয়। বিজ্ঞানঘন সত্ত্ব ও চেতনার সত্য স্বপ্রতিষ্ঠ হবে পরিবেশের সকল সত্তেরই সত্যের সংগ্য সোধমোর আনন্দে। বিজ্ঞানঘন চিন্ময়-পর্র্য যে-ভূমিকাতেই থাকুন, বিজ্ঞানঘন জীবন-পরিবেশের সংগ্র কোথাও তার বিরোধ হয় না। তিনি জানেন এই অভিনবের জগতে কোথায় তাঁর স্থান: সেই অনুসারে যেমন তিনি শাস্তা বা নায়ক হতে পারেন, তেমনি পারেন অধীন হতে। দুটি ভূমিকাতেই তাঁর সমান আনন্দ; কেননা চিৎসভের গ্বাতন্ত্য শাশ্বত স্বয়স্ভ এবং অব্যাভচারী বলে, স্বেচ্ছাসেবকের অধীনতার ও অপরের ছন্দোন্বর্তনে যতথানি উল্লাস তার, ঠিক ততথানি উল্লাস শক্তি ও ঈশনার নির•কুশ স্ফ্রেণে। চিজ্জগতে প্রমার্থত স্বাই যেমন এক, তেমনি বিভাতি-বৈচিত্র্যে অধিকারের উচ্চাবচতাও সম্ভব সেখানে; বিজ্ঞানঘন-চেতনা অশ্তরে নির্মান্ত বলে এই উভর সত্যেরই স্বীকৃতিতে স্বাতন্মোর আনন্দ অন্তব করে। সত্যের মধ্যে আছে একটা স্বত-ধতায়নের ছন্দ্র, চিং-সত্তের আছে স্বাভাবিক ক্রমায়ণের একটা বাঁধনুনি; সংক্রমীবনে বিজ্ঞানঘন-চেতনার উন্মেষে এই পর্বভেদই শক্তি ও অধিকারের তারতম্যে দেখা দের। কিন্তু তাইলেও একস্বভাবনা বিজ্ঞানঘন-চেতনার ম্লস্বর; বহুর মধ্যে একম্বের অপরোক্ষসংবিং হতে স্বাভাবের নিয়মে সে-ভাবনার জাসে অন্যোনাভাবের চেতনা এবং তার শবি-পরিণামের অধ্বা বীর্য স্বভাবত সৌষ্মোর সহস্রদল ঐস্বর্মে স্ফ্রিত दत्र। अञ्जय अक्ष, अत्नानाषाय ७ मिक्स- वर्टे रज नर्यमायात्रन या मरचर्य विकालमन-क्षीवरमञ् जन्द्वतभीत् न्यकायधर्म। देवभिएकात कान् त्रभ कार्टेद

সে-জীবনে, তা নির্ভার করবে পরমা প্রকৃতির স্বতঃপরিঞামী কবিরুতুর 'পরে—কিন্তু সামান্যের রূপে ও রীতিতে থাকবে ভাবনার এই মূল ছন্দটিই। অবিদ্যার কবলে থেকেও জীব যে নিরন্তন মুক্তি সিদ্ধি ও আত্মসম্পূতির জনালাময়ী অভীক্ষা বহন করছে, তার পরিপূর্ণ চরিতার্থতা ঘটতে পারে এক-মান্র অবিদ্যা-প্রকৃতির সম্পূর্ণ উচ্ছেদে এবং বিদ্যা-প্রকৃতির অকুণ্ঠ স্বীকৃতিতে; অল্ল-মনোময় দিৰ্থাত ও জীবন হতে অতিমানস-চিন্ময় দিৰ্থাত ও জীবনে উত্তীর্ণ হবার নিয়তিকৃত নির্ঢু-বিধানের মূলে এই ভাবনারই প্রেরণা আছে। বিদ্যা-প্রকৃতিতে আছে আত্মজ্ঞান ও জগংজ্ঞানের অসংকৃচিত চিন্ময়-প্রতায়: আমরা একেই বলোছ পরমা প্রকৃতি, কেননা জীবের সহজাত চেতনা ও সাম-খোর উধের্ব, তার অপরা প্রকৃতির অধিকারের বাইরে এর স্থান। অথচ এই প্রকৃতিই তার স্বীয়া প্রকৃতি, এতেই তার স্বভাবের পূর্ণতম ও তুংগতম অভি-ব্যক্তি—একে আত্মসাং করেই তার আত্মস্বরূপের উপলব্ধি এবং আত্মসম্ভূতির সাধনা পূর্ণায়ত হয়। প্রকৃতিতে যা-কিছু ঘটছে, তা প্রকৃতিরই পরিণাম অর্থাৎ তার অন্তর্নিহিত বীজভাবের অপরিহার্য বিপাক ও রূপায়ণ। অচিতি ও অবিদ্যার মধ্যে চলছে অপূর্ণ বিজ্ঞানসিন্ধির কৃচ্ছ্যুতপস্যা এবং সতু ও চেতনার অপূর্ণে রূপায়ণ: এই অচিতি এবং অবিদ্যাই যদি আমাদের আত্মপ্রকৃতির দ্বরূপ হয়, তাহলে আমরা এখন যা আছি, চিরকাল তা-ই থাকব—আমাদের আধারে জীবনে ও কমে ফুটবে শুধু প্রকৃতির অর্ধাসিশ্বির অনৈশ্চিত্য, মানুষের দেহে প্রাণে ও মনে চিরন্তন অপুর্ণতার বিভূম্বনা। এমন-একটা বিদ্যার প্রস্থান বা জীবনতন্ত্র আমরা রচতে চাই, যাকে ধরে মত্যাস্থাতর একটা সার্থ-কতায় আমরা পেশছতে পারি—দেহ-প্রাণ-মনের সার্থক ও স্কুন্দর সাধনায় ব্যাবহারিক জীবনে ঋতচ্ছন্দের সূষমা ফোটাতে পারি। কিন্তু আমাদের সাধনা পর্যবিসত হয় অর্ধাসন্ধিতে : যা-কিছ্ম আমরা গড়ে তুলি, সমস্তই 'সত্যান্তে মিথ্নীকৃত্য'—শিব-স্কুদরের সঙ্গে অশিব ও অস্কুদরের সাংকর্ষ ঘটিয়ে। একে তো আমাদের সকল কৃতিই দোষদৃষ্ট, তারপর মানুষের প্রাণ-মনের এষ-ণারও বিরতি নাই: তাই আমাদের কৃতির পরম্পরা বিকল ও ক্ষীণবীর্ষ হয়ে কেবলই ধ্লায় ল্বটিয়ে পড়ে, আর তাদের ছেড়ে আমরা ছ্বটি নতুন কল্পনার পিছনে; অথচ শেষপর্যন্ত সে-কল্পনার স্টিউও হয়তো সার্থক বা স্থায়ী হয় না, যদিও-বা কোনও-না-কোনও দিক দিয়ে সে সমৃশ্ব এবং প্রতির অথবা অধিকতর যুক্তিসম্মত হয়। আমাদের সাধনা এমনি করে বার্থ হতে বাধা, কেননা আত্মপ্রকৃতির অধিকার ছাড়িয়ে কোনও-কিছ্কুক আমরা গড়তে পারি না। আমরা স্বভাবত অপূর্ণ বলে বৃণ্ধি-কৌশলের চরম চমংকার দিয়ে বাইরের যাশ্যিক-সিম্পিকেই শৃত্বত্ব রূপ দিতে পারি—ক্রিন্তু পর্ণতার অখন্ড-বিভূতিকে ফ্রটিরে তুলতে পারি না। তেমনি অবিদ্যোপহত কলেই আমরা

আত্মবিদ্যা বা বিশ্ববিদ্যার সর্ব তোভাবে সত্য এবং সার্থ ক একটা প্রস্থান স্থি করতে পারি না : আমাদের তথাকথিত বিজ্ঞান নানা স্ত্র ও কলাকোশলের একটা বিপ্লুল সংযোজন; প্রকৃতির কৃতির তত্তকে সে খ্রিটয়ে জানে, যক্তানির্মাণের নৈপর্ণাও তার অতুলন—কিন্তু আত্মা বা বিশ্বের স্বর্পতত্ত্বের কোনই খবর সে রাখে না; তাই মান্বের আত্মপ্রকৃতিকে উন্মেষিত করতে পারে না বলে তার জীবনেও সে প্র্তিতার স্ব্যমা আনতে পারে না।

প্রাক্নত-জীবনে আমরা কেউ কাউকে জানি না, বিবিস্ত অহংবোধ শ্বারা গ্রুত হয়ে পরস্পর হতে আমরা অনেক দুরে সরে আছি; অথচ অবিদ্যাবিগ্রহ হয়েও পরম্পরের মধ্যে যোগাযোগের কোনও-না-কোনও সূত্র আমাদের আবিষ্কার করতেই হয়.—কেননা বিশ্বপ্রকৃতিতে মেলবার প্রেরণা যেমন আছে, তেমনি আছে তারই অন্কুলে প্রাকৃতশক্তির দূতীয়ালি। তার ফলে ব্যণ্টিতে এবং গোষ্ঠীতে পূর্ণতার ইতর্রবশেষ নিয়ে সৌষম্যের নানা ছক গড়ে ওঠে, সামাজিক সংসন্তির একটা চেতনা দেখা দেয়: কিন্তু গণচিত্তে সহান্ভুতির ন্যুনতায় পরস্পরকে ভাল করে না বোঝবার বা ভুল বোঝবার দর্ন কিংবা বিবাদ-বিসংবাদ ও অস্বস্তির ঝামেলায় ঐক্যের সকল প্রচেন্টাই উপহত হয়। চেতনার সঙ্গে চেতনার সত্যকার মিলন যতক্ষণ না ঘটবে ততক্ষণ ঐক্যসাধনা এর্মান করে পণ্ড হবে: আর চেতনার মিলন সত্য হবে—যখন তার প্রতিষ্ঠা হবে আত্মবিজ্ঞান ও অন্যোন্যবিজ্ঞানের অন্তর্গ্গ অন্ভবে, প্রাণের গহনে মান্স যখন একান্মবোধের ছন্দ খা্জে পাবে, তার অধারে নিহিত এবং জীবনে লীলায়িত অন্তঃশক্তির সকল প্রবৃত্তিতে সূর-সৌষমোর ঝণ্কার বাজবে। সমাজগঠনে একত্ব অন্যোন্যভাব ও সৌষমোর অন্তত আংশিক প্রতিষ্ঠার সাধনা আমরা করে থাকি, কেননা আমাদের সমাজ-জীবন এদের ছেড়ে পঙ্গা হয়ে পড়ে। কিন্তু এত করেও আমরা একটা কৃত্রিম একত্বের কাঠামো মাত্র গড়ি। আমাদের জোড়াতালির সমাজে ব্যক্তিগত স্বার্থ ও অহন্তার যোগাযোগ আচার ও আইনের হুমুকিতে ঘটে। তাতে যে কুচিম <u>কমবন্ধের স্থিউ হয়, তার দোলতে সংযোগ পেলেই একপক্ষের স্বার্থ প্রবল</u> হয়ে অপরপক্ষকে দাবিয়ে রাখে; তাতে খ্রিশ আর জবরদক্তিতে জ্রড়ি মিলিয়ে সমাজের আধা-স্বাভাবিক আধা-কৃত্রিম সংহতিকে কোনরকমে জিইয়ে রাখা চলে মাত্র। তারও পরে আছে এক সমাজের সঙ্গে আরেক সমাজের গরমিলের দর্ন গোণ্ঠী-অহংএর সংখ্য গোণ্ঠী-অহংএর পরস্পর ঠোকাঠ্কি। 🖣 অথচ এইপর্যান্তই আমাদের সাধ্যের সীমা: ব্যবস্থার হাজার আদলবদল করেও आমাদের সমাজস্পিতি আজ মান,যের জীবনব্যবস্থার বৈকল্যকে দূর করতে পার্বেনি।

আমাদের বর্তমান প্রকৃতি বদি তার স্বাধিকারের সীমা ছাড়িয়ে আত্মবোধ অন্যোন্যভাব ও একাম্বপ্রতারে সম্ভল্পে পরা প্রকৃতির অধিকারে উত্তীর্ণ হয়,

তার মধ্যে সন্তার সত্য ও জীবনসত্যের অকুণ্ঠ প্রকাশ যদি ঘটে. তবেই আমাদের আধারে ও জীবনে দেখা দেবে ষোড়শকল পূর্ণতার উচ্ছলতা—একত্ব অন্যোন্য-ভাব ও সৌষম্যের নির্মান্ত চেতনায়, সত্য শ্রী ও আনন্দের দীপ্তিতে এ-জীবন ফ্রটে উঠবে সহস্রদল কমলের মত। কিন্তু আমাদের প্রকৃতির বর্তমান রূপের আরকোনও পরিবর্তান যদি সম্ভব না হয়, আমরা যা হয়েছি, তাতেই। যদি প্রকৃতিপরিণামের ইতি হয়ে থাকে—তাহলে এই মত্যভূমিতে থেকে প্রণিসিন্ধি বা শাশ্বত সতাসুখের প্রত্যাশা করা আমাদের পক্ষে অযৌত্তিক। তখন, হয় আমাদের সূত্র ও সিন্ধির এষণা ছাড়তে হবে এবং মর্ত্যপ্রকৃতির অপূর্ণতাকে মেনে নিয়েই জীবনকে যথাসাধ্য ভরিয়ে তলতে হবে, নয়তো আনন্দ ও সিদ্ধির সন্ধান করতে হবে মৃত্যুর ওপারে—লোকান্তরে: কিংবা সমস্ত এষণা ছেড়ে সম্ভূতির পরপারে বেতে হবে নিবিশোষের অসম্ভূতিতে আত্মপ্রকৃতি ও অহ-শতার পরিনির্বাণে—বে-নিবিশোষ হতে এই অতৃপ্রিসংকৃল অনির্বাচ্য আত্ম-ভাবের উল্ভব হরেছে, তারই মধ্যে তার প্রলয় ঘটাতে হবে।...কিন্তু যদি ব্রি: আমাদেরই আধারে অন্তর্গ ের রয়েছে এক উন্মিষনত চিন্ময় সত্ত, আমাদের প্রাক্তিম্পিতি যার অর্ধাস্ফাটে আ-ভাসনের নীহারিকা শাধ্য: অচিতির এক মহা-উত্তরায়ণের আদিবিন্দ্রমান, কেননা তার মধ্যে সংবৃত রয়েছে এক অতিচেতনা পরমা প্রকৃতির আত্মসম্ভূতির উদ্যত বীর্য ; এক প্রাতিভাসিকী প্রকৃতির কণ্ণকে আবৃত রয়েছে 'তিমিরবিদার উদার অভ্যাদয়ের' প্রতীক্ষায় সে-দিবাচেতনার বৃহৎ জ্যোতি—অতএব জীব-সত্ত্বের চিন্ময় উন্মেষই প্রকৃতির শাশ্বত বিধান;— তাহলে আমাদের দৈবী অভীপ্সার পরমা সিন্ধি শুধু কল্পলোকের কল্পনা নয়, বিশ্বপ্রকৃতির সে অবশাদ্ভাবিনী নিয়তি। ঐ পরমা প্রকৃতিতে সম্ভূত হরে এই আধারেই তাকে স্ফুরিত করা—এই আমাদের অধ্যাত্মপরিণামের চরম পর্ব: কেননা ঐ পরমা প্রকৃতিই আমাদের অনুন্মিষিত অতএব আজও-গুহাহিত অখন্ড আস্কুস্বরূপের স্বীয়া-প্রকৃতি। একম্বভাবনায় সমিশ্বিত দিব্যপ্রকৃতির জীবনারনে স্বভাবেরই নিয়মে দেখা দেবে ঐক্য সৌষম্য ও অন্যোন্যভাবনার উল্লাস। পূর্ণকল চেতনার দীপ্তিতে ও চিংশন্তির অকুঠ বাঁরে বাঁর জীবন অন্তঃপ্রবৃষ্ধ হরেছে, সহজ্ঞেই তার মধ্যে উছলে উঠবে আত্মবিং সিম্পসত্ত্বের আত্টপূর্ণতা: আপ্তকামের অনিব চনীয় আনন্দ, সার্থক আত্মপ্রকৃতির পরম-সোমনস্য।

বিজ্ঞানখন-চৈতনার স্বভাব ও পরমা প্রকৃতির মুখ্যবৃত্তি হল দ্ভি ও কর্মের সমাগ্রভাব, জ্ঞানের সঞ্চো জ্ঞানের সাম্বান, মুনেদ্ভি আপাতবিরোধের সমাধান এবং প্রজ্ঞা ও সম্কল্পের তাদাস্থাহেতু বস্তুর স্বভাবসত্যের ছল অক্ষ্মরেখে কবিক্রতুর অশ্বৈধ প্রবর্তনা। পরমা প্রকৃতির এই সহজ্ঞধন্নই হল এক্ষ্
অন্যোনাভাব ও সৌধম্যের মূলাধার। মনোময় মানুখের কৃতিম জ্ঞানবৃত্তির সংগ্

বৃহত্তর সমগ্র বা স্বরূপ-সত্যের একটা বিসংবাদ আছে বলে তার অনুভূত সত্যও অনেক সময় বন্ধ্যা অথবা ব্যাহত। আজ বে-তত্ত্ব আবিষ্কার করি, কাল তাকে মিথ্যা বলে আমরা ছ:ডে ফোল: আমাদের প্রমন্তচিত্তের উন্মাদনা সত্যের অর্থ-ক্রিরাকে বিপর্যত করে। প্রায়ই আমাদের কর্মপ্রক্তির অবাঞ্চিত পরিণাম ঘটে—যে লক্ষ্যের যোগ্তিকতাকে আমরা স্বীকার করতে চাই না, অনিচ্ছাসত্তেও আমাদের কর্ম তারই সাধনার অংগীভূত হয়; অথবা ভাবের সত্য হয়তো বাস্তব-সার্থকও হয়, তব্ব দর্ঘন পরে ক্ষণেকের সার্থকতা আশাভশ্যের বেদনা দিয়ে সিন্ধির অপ্রত্যাশিত নিয়তির কাছে পরাভূত হয়। কোথাও ভাবাদর্শ যদি নতুন প্রয়াসের আকৃতি জাগায়—কেননা বস্তুসত্যের অথণ্ড সমগ্রদর্শন হতে র্বাঞ্চত একদেশীচিত্তের বিবিক্ত কল্পনাতে ভাবের পূর্ণছবি তো কিছুতেই , ফুটতে পারে না। প্রাকৃতচিত্তের দৃষ্টি ও ধারণার সঞ্গে বস্তুস্বভাবের সমগ্র-সত্যের ষে-বিসংবাদ, মনের বিকল্পব্ভির মধ্যে যে পক্ষপাতদুন্ট দ্ভিটর অগভীরতা, তারাই ভাবের অর্থক্রিয়ার এর্মনিতর অপঘাত ঘটায়। আবার কেবল-বে জ্ঞানের সংখ্য জ্ঞানের এমনি বিসংবাদ, তা নয়: একই আধারে অনেক-সময় সংকল্পের সংখ্য সংকল্পের যে বিচ্ছেদ ও বিবাদ ঘনিয়ে ওঠে. তাতে অনর্থ আরও প্রাভৃত হয়। আমাদের জ্ঞান হয়তো পর্যাপ্ত এবং পরিপক্ত, কিন্তু সঞ্চলপ তার বিদ্রোহী কি বীর্ষহীন; আবার কখনও সঞ্চলপ হয়তো দুর্ধর্ষ বীর্ষশালী ও তারসংবেগবশত ফলোন্ম্ব্থ, কিন্তু ঋতের পথে তাকে চালিয়ে নেবার মত জ্ঞানের দীপ্তি আমাদের নাই। আমাদের জ্ঞানে সংকল্পে সামর্থো <u> ক্রিয়াশক্তিতে ও ব্যবহারে এমনিতর অসামঞ্জস্য অর্থনিবনা ও অপ্রেণতার নিত্য</u> ভিড় লেগেই আছে: তাইতে কি কর্মযোগে কি জীবনসাধনায়, আমাদের সকল প্রয়াস বৈকল্য বা অসিন্ধির শ্বারা বিভূম্বিত হয়। আধারের এই ন্যুনতা অসাম ও বিশৃত্থলা অবিদ্যাণন্তির স্বাভাবিক বৃত্তি; প্রাকৃত প্রাণমনের উধর্ব হতে উত্তর জ্যোতির অবতরণ ছাড়া কিছুতেই এর খোর কাটাবার নয়। বিজ্ঞানঘন-ভূমির সকল দর্শন ও ক্লিয়ার সহজধর্ম হল সত্যের সপ্তের সংগ্র তাদাস্থ্যবোধ-নিবিভ সৌষম্যের নিঃসংশয় প্রতিষ্ঠা। বতই মন সে-ভূমির চেতনায় আবিষ্ট হয়, ততই তার দৃষ্টি এবং কৃতি বিজ্ঞানখন জ্যোতিলোকে উত্তীর্ণ হয়; অথবা তারই আবেশে এবং প্রশাসনে তাদের মধ্যে বিজ্ঞানধর্মের সহজ স্ফ্ররণু ঘটে। তথন সম্কুচিত প্রবৃত্তির ঘোর সম্পূর্ণ না কাটলেও ঐ সীমিত সামথোরই মধ্যে তাদের চলনে পূর্ণতা ও অবন্ধা অর্থকিয়াকারিতার আরও স্বচ্ছন্দ প্রকাশ দেখা দেয়: তাতেই আমাদের অশক্তি ও বার্থকতার সকল নিদান ধীরে-ধীরে কৃষ্ঠি হয়ে অবশেষে শুন্যে মিলিয়ে যায়। সপো-সপো নিমন্ত সভার উদারতর আবেশে মনের মধ্যে বিপ্লেতর চেতনা ও শত্তির অকৃণ্ঠ সামর্থা সন্তারিত হর এবং সন্ধিনী-শতির অভিনব ঐশ্বরের দ্রার উন্মোচিত হর।

প্রজ্ঞা চৈতন্যেরই বীর্য', কৃতি এবং সত্যসৎকলপ সন্ধিনী-শক্তিরই চিন্ময় বিভূতি ও বিলাস; বিজ্ঞানঘন-চেতনায় এ-দ্বটি আমাদের অকল্পনীয় চরমকোটিতে পেছিয়—তাদের সংবেগে ও সাধনবীর্যে স্ফ্রিরত হয় বিপ্লেতর একটা ঐশ্বর্য; কেননা চেতনার উপচয় যেখানে, সেখানেই দেখা দেয় সন্তারও বীজীভূত সমর্থ্য ও অর্থি জিয়াকারিতার নিরঞ্কশ উপচয়।

জ্ঞান ও শক্তির পার্থিব-রূপায়ণে দুয়ের এই অন্যোন্যসম্বন্ধ খুব স্পষ্ট হয়ে ফোটে না: কেননা মত্যভূমিতে চেতনা অনাদি-অচিতির গহনে সংবৃত বলে তার স্বরূপশক্তির ছন্দময় প্রকাশ অবিদ্যার আবরণ ও বিক্লেপে কর্ম এবং কুণিঠত হয়। আঁচতি সে-রাজ্যের সরেশ্বরী, তারই বীর্য সেখানে প্রথমজ এবং স্বতঃপরিণামী—চেতন-মন তারই আগ্রিত ক্ষীণবল আয়াস্ক্রিষ্ট অন্চরমাত্র: কারণ মনের মধ্যে আছে ব্যক্ষিজীবের সীমিত প্রবৃত্তির সামর্থ্য, আর অচিতি হল বিশ্বচেতনারই প্রচ্ছন্ন অমেয় বিভৃতি—অতএব তার বীর্যবত্তা মনকেও স্বচ্ছদের ছাড়িয়ে যায়। জড়লীলার দুর্মোচন গুলুঠনে সংবৃত্ত হয়ে বিশ্বশক্তি তার সত্যস্বর পকে আমাদের চোখের আডালে রেখেছে: তাই আমরা ব্রুতে পারি না যে অচিতির খেলা বস্তৃত গৃহাহিত বিশ্বপ্রাণ ও বিশ্বমনের বিরাট লীলা, অন্তর্গ, চ বিজ্ঞানঘন-চেতনারই সে ছন্নবিভতি : এমনিতর চিৎশক্তির প্রবর্তনা যদি মূলে না থাকত, তাহলে তার কৃতিশক্তি বন্ধ্যা হত, তার নির্মাণ-কলায় থাকত না ঋতের ছন্দ। জড়জগতে দেখি মনের চাইতে প্রাণশক্তির বীর্ষ যেন সাথ কস্থিতে আরও স্ফ্রেন্ত; মনঃশক্তির নিম্ভি প্রকাশ শ্ব্ব ভাব ও প্রত্যয়ের রাজ্যে—তার বাইরে তার সংবেগ ও পরিণামশক্তিকে জড় ও প্রাণকে আশ্রয় করে কাজ করতে হয় এবং তাদের শাসন মেনে চলতে গিয়ে মনকে ব্যাহত ও বীর্যহীন হতে হয়। তাহলেও দেখি মনোময় জীবের আধারণক্তি জড প্রাণ ও চেতনাকে নিয়ে যত স্বচ্ছদে কাজ করে যায়, পশরে আধারে তেমনটি সে পারে না; আধারের এই উৎকর্ষের কারণ, চেতনা ও প্রজ্ঞার বীর্য এবং সন্ধিনী-শক্তি ও সঞ্চলপশক্তির উল্মেষ মানুষের মধ্যে যত নিমুক্তি এমন আরকোশাও নয়। মানুষেরও সমাজে দেখি, মনোময় মানুষের চেয়ে প্রাণময় মানুষের কুতিশক্তির সংবেগ আরও দ্বর্ষ, কেননা প্রাণশক্তির স্ফ্রেম্বীর্য তার মধ্যে আরও উদ্দাম: বৃদ্ধিজীবী মানুষে ভাবনার বীর্ষ অন্তরে সার্থক হলেও জগতে সে বন্ধ্যা, কিন্তু প্রাণোচ্ছল কর্মবীর সেখানে জীবনের অভিবানে দিশ্বজরী। তব্ তার এই উৎকর্মকে সিম্পর্গ দিজে হলে চাই মনঃশক্তির ক্ট উপবোগ; অতএব শেষপর্যন্ত মনোময় মান্বইইতার বিদ্যাশক্তি ও বিজ্ঞান দিয়ে বৈরাজ্যের অধিকারকে জড়াগ্রিত প্রাণের প্রাকৃতিসিন্দিরও ওপারে প্রসারিত করে—এমন-কি ফলিতবিজ্ঞানের সম্ভরহীন প্রাণমর-মানুবের সম্ভাত প্রাণশন্তির সহজাসিশ্বিরও সীমা ছাডিরে। কিন্তু বাহত্তর চেতনার উন্মেবে বে বিপলেতর

শক্তির স্করণ ঘটবে মান্বে, বৈরাজ্যের অধিকারে এবং প্রকৃতিজ্ঞারের সামখ্যে তা মনঃশক্তির সকল ঐশ্বর্য এবং কীতিকৈ ছাপিয়ে উঠবে; কেননা মন আমাদের ষত শক্তিশালীই হোক্, ব্যক্তিভাবনার সঞ্জোচ ও সন্ধিনী-শক্তির কুণ্ঠিত প্রকাশ তার ব্তিকে কার্পণ্যোপহত করবেই।

নিজের ও জগতের উপর মনের ঈশনা যতই নিরক্ষ্ণ হোক্, প্রাণ ও জড়ের কতকটা আনুগত্য শুরুতেই তাকে স্বীকার করতে হয়: মনোবীর্যের অপরোক্ষ প্রশাসনে প্রাণ ও জড়ের অন্ধ অবরপ্রবৃত্তিকে কিছুতেই আমরা স্ববশে আনতে বা মার্জিত করতে পারি না। কিন্তু মনের এই শক্তিদৈন্য একেবারে অপ্রেণীয় রহস্যবিদ্যার একটা কুতিত্ব এই, মনের উপর জড়ের কিংবা চিংসত্ত্বের 'পরে কণ্ঠচার প্রাণধর্মের আপাতপ্রভত্ব যে বিশ্ববিধানের স্বর্পসত্য কি প্রকৃতির অলণ্যা ও অপরিবর্তনীয় বিধান নয়, তার প্রমাণ নানাভাবেই সে দিয়েছে; অধ্যাত্মবিদার অনুশীলনে চিত্তে যে-বীর্য স্ফুরিত হয়, তাতেও এর সমর্থন আছে। মন:শক্তি বিশেষ করে চিংশক্তি যে ভাবনীয় ও অভাবনীয় নানা উপায়ে জড় ও প্রাণকে সবরকমে স্ববশে আনতে পারে: শুধু জড়বিজ্ঞানের আবিষ্কৃত স্ক্ষ্মাতিস্ক্ষ্ম অথচ বৃশ্বিগম্য দৃষ্টসাধনম্বারা নয়, বৃশ্বির অগম্য অলোকিক-শব্তির সাক্ষাৎ প্রয়োগে ও স্বভাবেরই নির্মে যে জড় ও প্রাণের নিয়ন্ত্রণ সম্ভবপর—এই আবিষ্কারই মানুষের বৈজ্ঞানিক-সিশ্বির চরম কীতি। বিজ্ঞানঘন পরমা প্রকৃতির উন্মেষ ঘটলে চেতনার এই অব্যবহিত বীর্ষবিভূতি, সন্ধিনীশক্তির এই অনুতরিত ক্রতিমত্ত, জড় ও প্রাণের 'পরে তার এই অকুণ্ঠ ঈশনা ও প্রশাসন চরমকোটিতে পেণছতে পারে। কারণ বিজ্ঞানঘন-পুরুষে সিম্ধবিদ্যা শুধু বহিরপা-সাধন দিয়ে বিদ্যার সংকলন তো নয়; তার স্বর্প চিংশক্তির পরিণামবশত চেতনার একটা অপূর্বে বিপাক, আধারে তার অমোঘ-বীর্ষের একটা অভাবনীয় স্ফ্রেণ। বিজ্ঞানখন-প্রের্বের সম্বর্ণ্ণ চেতনায় তাতে অপরোক্ষজ্ঞানের বিচিত্র ঐশ্বর্য ফুটবে: পরিশান্থ ও পরিপূর্ণ আত্মবিজ্ঞানের সংগে-সংশ্যে জাগবে পরচিত্তের অপরোক্ষ বিজ্ঞান, বিশ্বের নিগতে শক্তিরাজির প্রতাক্ষ চেতনা, জভ-প্রাণ-মনের গহোহিত সকল রহস্যের অকণ্ঠ সাক্ষাংকার—যা আমাদের প্রাকৃতমনের কম্পনারও অগোচর। অধ্যাত্মবিদ্যার এই প্রকাশ ও মুলাধার হবে প্রমেয় সম্পর্কে বিজ্ঞানঘন-পারুষের প্রব,ন্তির বোধিচেতনা এবং সেই চেতনা হতে প্রসূত অপরোক্ষ প্রশাসনের বীর্য। তাঁর চেতনার প্রাকৃতবৃত্তিতেই একটা অভিনব দৃণ্টি-সৃণ্টির সামর্থা ফুটবে—আজ যা আমাদের কাছে অতিপ্রাকৃত: তার ফলে তাঁর অন্তদ্রণিটর অকুণ্ঠ প্রেতি নিখিল কর্মপ্রবৃত্তিকে অখণ্ড অমোঘসিন্দির দিকে সমগ্র এবং প্রথমনান্প্রথ ভাবে প্রচোদিত করবে। কারণ বিজ্ঞানখন-পরে ব বিশ্বম্লাধার চিংশবির সংগ্র পরম সামরুস্যে যোগযুক্ত রুরেছেন: অতএব তার সিন্দ্রদর্শন ও সিন্দ্রসক্ষপ

অতিমানস সদ্ভূত-বিজ্ঞানের স্বতঃ-পরিগামিনী ঋতস্তরা শক্তির বাহন হবে। তাই তাঁর কর্ম সম্মূল্য চিন্ময়ী আদ্যা-শন্তির বীর্যবিভূতির স্বচ্ছন্দ র্পায়ণ হবে—
যাঁর বিশ্বতোম্থ ঈক্ষণ মনে-প্রাণে-জড়ে অভিনব ব্যাকৃতির সিন্ধর্প ফোটায়।
অতিমানসের জ্যোতিঃশন্তিতে তাঁর চেতনা সমিন্ধিত, অতএব তার ঈশনাও
অকুন্ঠিত; তাই বিজ্ঞানঘন-প্র্যুষ স্ব-তন্ত্র, চিংশন্তিরাজির অধীশ্বর, প্রকৃতির
শাস্তা ও প্রভু, জড় ও প্রাণ-লগীলার স্ত্রধার। বিজ্ঞানঘন-চেতনার অবর্ষত্বে
অর্থাৎ তার উত্তরায়ণের অন্তরিক্ষলোকে এই ঈশনা প্রণ হয়ে ফ্টবে না
সত্য; কিন্তু তাহলেও তার বীর্যের থানিকটা প্রকাশ সেথানেও হবে এবং
চিন্ময় উদয়নের পর্বে-পর্বে আপনাকে সে সহস্তদল কমলের সহজ মহিমায়
বিক্ষিত ফরবে।

এমনি করে মনের সীমা পেরিয়ে চিংশক্তি যখন উত্তীর্ণ হবে জ্ঞানাশক্তি ও ক্রিয়া-শক্তির লোকোত্তর ভূমিতে, তথন তার অপরিহার্য পরিণামর পে চেতনার নব-নব বিভূতির অভ্যাদয় আধারে দেখা দেবে। প্রাণ ও জড়ের 'পরে চিন্ময়-প্রাণের অনির শুধ সংকলপ ও সংবেগের এবং জড-প্রাণ মনের 'পরে চিংসত্তার অকুণ্ঠ প্রশাসনই হবে এইসব নর্বাবভূতির স্বধর্ম, বিজ্ঞানঘন জীব-নায়নের স্বচ্ছন্দ সিম্পির পক্ষে আধারের এমনিতর রূপান্তর হবে অপরিহার্য একটা আয়োজন। কেননা বিজ্ঞানঘন দিব্য প্রেয়ের অখণ্ড জীবনলীলায় শুধু একটি ব্যন্টি-জীবনের উপচিত উল্লাস নয়—আত্মজীবন সেখানে অন্বৈতচেতনার পরম সামরস্যে পরের জীবনের সংগ্র তাদাত্মসুষ্মার ছন্দে গাঁথা। তাই সে-জীবনের মুখ্য সাধনবীর্য ফুটবে একত্ব ও সৌধম্যের অকৃতিম দ্বতঃস্ফুর্ত সহজ-ভাবনায়। এ সম্ভব হয়, যখন চিংসন্তের সাযুজ্যবশত দিবাসংঘের প্রতিটি ব্যাঘ্ট-আধারে এক অথন্ড সত্তা ও চেতনার তাদাম্বাপ্রতার ফোটে, সংঘের সবাই যখন নিজেদের এক স্বয়ম্ভ্-সত্তার স্বর্প-বিগ্রহ বলে অন্তব করে—অতএব তাদের ব্যবহারেরও মূলে এক অখণ্ড চিং-সংবেগের বিপ্রলতর প্রবর্তনা এবং আধারম্থ সন্ধিনী-শক্তির মহন্তর সমক্রাস থাকে। এই তাদাম্মাচেতনা আনবে অপরোক্ষ অন্যোন্য-অনুভবের অন্তরক্ষতা, পরস্পরের সন্তা ভাবনা বেদনা ও গতি-প্রকৃতির নিবিড় অনুভূতি,—মনের সঞ্গে মনের, প্রাণের সংগে প্রাণের, হ্দরের সংগে হ্দরের, আধারশক্তির সংগে আধারশক্তির বীর্যময় অন্যোন্যসংগ্রেম আত্মসত্ত্বের চিন্মর বিনিমর। এমনিত্র চিদ্বীর্বের জ্যোতির-ভিষেকে আপ্লতে না হলে সংখের একাছাবোধ কখনও সত্য ও সম্পূর্ণ হয় না—পরিবেশের সংগে ব্যক্তিতেনার সত্তা ভারনা করেদনা ও গতি-প্রকৃতির সর্বতোম্খ সত্য-সামঞ্জস্যের সহজ স্বর্গিট বেজে ওঠে না । এককথার বলতে গেলে. পূর্ণচেতন একপ্রাণভার উপচীয়মান ভিত্তিতে প্রাণের সাধনাই এই নবোন্মেষিত পূর্ণতর জীবনসাধনার মূলফল হবে।

সোষমাই চিৎসত্তার ঋতময় স্বচ্ছন্দ বিধান: বহুর মাঝে একের, বৈচিত্রোর भार्य अथन्छठात अथवा अरेन्द्राज्य कित-मीमायरान्य এই তো न्वसावहरूम ख স্বতঃস্ফুর্ত পরিণাম। শুল্ধ নিবিষয় অল্বৈতের মধ্যে সোষম্যের কোনও অবকাশ নাই-কেননা কোনও বৈচিত্তাই নাই যেখানে, সেখানে কাকে গাঁথা হবে সৌষম্যের সূত্রে? আবার বৈচিত্রের পরিকীর্ণতাই যেখানে প্রবল, সেখানে হয় আছে বৈষম্য, নয়তো গোঁজামিল দিয়ে গড়া সৌষম্যের কৃত্রিম একটা রূপ। কিন্ত বহু,ভাবনার মধ্যে বিজ্ঞানখন-চেতনার যে-অদৈবতদ্ভিট সেখানে অদৈবতের দ্বতঃস্ফূর্ত প্রকাশরপেই ফোটে সৌষম্যের ছন্দ এবং এই স্বতঃস্ফুরণ হতে বোঝা যায় এর মূলে আছে অপরোক্ষ অশ্তরখ্যসন্নিকর্ষ ও ব্যতিষংগঞ্জনিত চেতনার অন্যোন্য-সংবেদন। অব্দেধর জগতে সৌবম্যের ভিত্তি হল ইতর-প্রাণীর প্রকৃতি ও প্রবৃত্তির সহজাত একছে: ইন্দ্রিয়বুন্ধি ন্বারা সেখানে পরস্পরের বে-যোগাযোগ, তার মাঝে আছে প্রাণজ-বোধির সহজ বা অপরোক্ষ প্রেরণা এবং পশ্র কি কীটের সমজে সহযোগিতা তাতেই সম্ভব হয়। ব্যাদির জগতে, মানুষের মধ্যে যোগাযোগ স্থাপিত হয় ইন্দ্রিয়ের কি মনের দেখাতে ভাবের বিনিময় হয় ভাষা দিয়ে; কিন্তু এসব সাধন অসম্পূর্ণ বলে আজও মান্বের সমাজে সৌষম্য ও সহযোগিতার পূর্ণবিকাশ ঘটেনি। বিজ্ঞানঘন চেতনার জগৎ বৃদ্ধির ওপারে—পরমা প্রকৃতির রাজ্যে; সেখানে পরস্পরের যোগাযোগ প্রসূত ও নিবিড় হবে চিক্ষয় সংহতিবোধের স্বতঃসংবিতে, স্বভাব ও স্বধর্মের আত্মসচেতন অন্যোন্যসংগ্রে। চেতনার সংগ্র চেতনার অন্তরংগ যোগের অভতপূর্বে দিব্য সাধন ও বিভতির উন্মেষ হবে সে-জগতে : তাইতে চেতনার সংখ্য চেতনার, ভাবের সংখ্য ভাবের, দর্শনের সংখ্য দর্শনের, ইন্দ্রিয়ের সঙ্গে ইন্দ্রিরের প্রাণের সঙ্গে প্রাণের এমন-কি দৈহাসংবিতের সংগে দৈহা-সংবিতের অপরোক্ষ অত্তরপাতাই সেখানে হবে ভাববিনিময়ের স্বাভাবিক মুখ্য-সাধন। চেতনার এইসব নর্ববভূতি আধারের প্রান্তন বহিঃকরণসমূহে আবিষ্ট হয়ে তাদের গোণ-প্রকৃত্তিতেও বিপলে ও সার্থক বীর্যের সঞ্চার করবে এবং এই দিব্যবিভূতিযোগই হবে শুম্পসত্ত ও জীবনায়নের গভীর সামরস্যের পরিবেষে চিৎপরেবের প্রক্রন্দ আদ্মপ্রকাশের যোগ্য বাহন্।

চেতনার যেসব সহজবিভূতি এখনও অদতলানৈ ও অবিকাশত অবশ্বার আছে, তাদের উন্মেবের সম্ভাবনাকে আধ্বনিক মন সত্য বলে মানতে চার না; কেননা প্রকৃতিপরিণামের বে-পর্বে এসে আমরা পেণছৈছি আজ, সেখানকার অজ্ঞান্টতে এইসব কলপনার মূলে প্রত্যক্ষের তেমন জোর নাই বলে তারা আডিপ্রাকৃত রহস্যমর প্রাতিহার্যেরই শামিল। আধ্বনিক চিত্তের সম্কীর্ণ অন্তব ও অম্প্রসম্ভার বলবে, বিশ্বলীলার মূলে আছে শ্ব্যু জড়গজির খেলা, সে-ই বিশেবর জননী এবং ধারী; তার গতিপ্রকৃতির বে-পরিচরট্কু আমরা পেরেছি,

তার বাইরে আর-কিছুকে মানতে আমরা বাধ্য নই। কিন্তু মানুষের প্রাকৃত-চেতনা যদি জড়শক্তির কোনও অভাবনীয় সাধনবীর্যের আবিজ্ঞার ও অনুশীলন-শ্বারা এমন-কিছ্ বিক্ময়কর ব্যাপার ঘটিয়ে তোলে যা প্রকৃতির স্বাভাবিক পরি-ণামে আজও জগতে ঘটেনি, তাহলৈ আধুনিক মন যে অত্যন্ত সহজভাবে তাকে শ্বধ্ব গ্রহণ করে তা নর—সে এই ভেবে উল্লাসিত হয়ে ওঠে যে অভিনৰ আর্বিন্ফিয়ার এমন সম্ভাবনার বাস্তবিক কোনও ইতি নাই। অথচ সেই মনই চেতনার কোনও অভাবনীয় সাধনবীর্যের উন্মেষ কিংবা প্রাণ-মনের কোনও সম্প্র-শান্তর জাগরণের সম্ভাবনাকে উড়িয়ে দেবে এই বলে যে, প্রকৃতি কি মানুষের সাধনায় আজও আমাদের চোখের সামনে এমন-কিছু তো গড়ে ওঠেন। কিন্তু এমনিতর নবশক্তির উন্মেষকে অলোকিক প্রাতিহার্যের কোঠায় ফেলা চলে না কোনমতেই: বরং এই কথাই বলা চলে, জড় উদ্ভিদ ও পশরে পরে মন্যা-প্রকৃতির আবির্ভাবে —পরা বা পরমা প্রকৃতির একটা স্বাভাবিক ধারার উন্মেষ ছাড়া যেমন অপ্রাকৃত কিছুইে ঘটেনি, তেমনি দিব্যপ্রকৃতির আবিভাবও মনুষ্য-প্রকৃতির স্বাভাবিক পরিণামের একটা উত্তরকান্ড মাত্র। আজ আমাদের মধ্যে দেখা দিয়েছে আশ্চর্য মননশক্তি, ফুটেছে বৃশ্বির খেলা, মনোময় বোধি ও অত্তদ ভির আভাস, ফুটেছে ভাষা সাহিত্য দর্শন বিজ্ঞান ও রসচেতনার লীলায়ন এবং তাই দিয়ে চলেছে আধারের গ্রেহাহিত তত্ত্ব ও বীর্ষের আবিষ্কার ও বশীকার : অথচ পশ্রচেতনার কৃষ্ঠিত সামর্থাকে আঁকড়ে থাকলে এসব কিছারই উদ্মেষ কোন কালে সম্ভব হত না কেননা পশার মধ্যে এমন-কিছা দেখা দেয়নি যা হতে এই বিপক্তে প্রগতির এতটকু আভাসও অনুমান করা চলে। অথচ ঐ পশ্রচেতনাতেই যে দৃষ্পক্ষা সচেনা ভবিষ্যের যে দ্রুণ বা স্তম্ভিত সম্ভাবনা অতুর্গুট ছিল, তাহতেই স্ফুরিত হয়েছে যুক্তি ও ব্রাণধর রাজ্যে মানব-চেতনার বিস্ময়কর ঐশ্বর্য; কে জানত তুষারশৈলের স্তব্ধ-বৃকে দৃক্ল-ছাপানো প্রাণের কল্পোল এমনি করে ঘুমিয়ে ছিল! আমাদের প্রাকৃত-চেতনাতেও বিজ্ঞান-ঘন পরমাপ্রকৃতির চিন্ময়ী বিভূতির অস্ফাট স্চুচনা তেমনি নিহিত রয়েছে— যর্বানকার অন্তরাল হতে কদাচিং ফুটে ওঠে তার ক্ষণিক দীপ্তি। প্রকৃতির উধর্বপরিণাম এতখানি উচ্চতে এসে আজ যখন পেশছেছে, তখন পরের ধাপে তার অবন্ধাশন্তির প্রবেগ যে উবার অরুণ আভাসকে মধ্যাহের খরদীপ্তিতে উভ্ভাসিত করে তুলবে—এ-প্রত্যাশা নিশ্চরই অধৌত্তিক নর।

সাধনবলে বা অনারাসে হোক্ কিংবা চিংশন্তির স্বাভাবিক স্ফ্রণেই হোক্, অন্তল্যতনার কমল যখন-ধীরে-ধীরে ক্রেড্রে জ্লাইকে, মরমীরা জানেন কেমন করে তখন সাধকের আধারে বিচিত্র নব্যবভূতির উল্মেষ হয়। অনত-শ্যেতনার উন্মীলনে কি সাধকের আক্তিতে ক্ষান্থর এই স্ফ্রণ এতই স্বাভা-বিক যে, সাধনশাস্ত্রে সাধককে তার স্বাবিধ প্রলোভন থেঁকে দ্বের থাকবার উপ-

দেশ দেওয়া প্রয়োজন হয়েছে। জীবন হতে সরে দাঁড়াতে চান যাঁরা, তাঁদের কাছে এই প্রত্যাখ্যানের সার্থকতা নিশ্চয় আছে: কেননা ঋণ্ধিকে অংগীকার করলে জীবনের দায় বাডবেই, নির্জালা মুমুক্ষার পথে কাঁটা পডবেই। ঈশ্বর-প্রেমিক ঈশ্বরকেই চান শাধ্র—খাশ্বর মত তুচ্ছ বস্তুর দিকে তাঁর লোভ নাই: তাই ঈশ্বরলাভ ছাড়া আর-সব পরে,ধার্থেরে প্রতি উপেক্ষা তাঁর প্রাভাবিক. কেননা বিভূতির সর্বনাশা প্রলোভন তাঁকে লক্ষ্যচ্যত করতে পারে—এ-আশংকা অম্লক নর। তেমনি কাঁচা সাধকও ঋষ্পিকে নিঃম্পূহ আত্মসংবম ও তপস্যার খাতিরে প্রত্যাখ্যান করবে: কেননা খন্দির অলোকিকত্ব সহজেই তার কাঁচা আমিকে অথথা ফাঁপিয়ে তুলে সর্বনাশ ঘটাতে পারে। সিম্পির অভীপ্সা যাঁর মধ্যে, খান্ধির প্রলোভন থেকে স্বভাবতই তিনি সরে থাকতে চাইবেন; কেননা ঋষ্ঠি মানুষকে যেমন তুলতে পারে, তেমনি নামাতেও পারে—ওর অপপ্রয়োগ যত সহজ এমন আর-কিছুরই নয়। কিন্ত কেবল নিঃশ্রেয়স নয়. অভ্যদরও বদি অধ্যাত্মসাধকের পুরুষার্থ হয়, প্রাণ ও চেতনার প্রসারে আধারে হবভাবতই যদি অভিনব সামধ্যের উৎসারণ ঘটে—তাহ*লে* শক্তিসণ্ডয় সম্পর্কে কোনও প্রতিষেধ খাটতে পারে না; কারণ পরমাপ্রকৃতিতে উত্তীর্ণ আধারে লোকোত্তর চিদ্বিভূতি ও প্রাণবীর্যের আবিভাব ঘটবেই—প্রজ্ঞা ও শক্তির অতিপ্রাকৃত সাধনসম্পদের স্বাভাবিক উপচয় হবেই। আধারে এমনিতর লোকোত্তর-শক্তির উদ্মেষ অযোক্তিক কি অবিশ্বাস্য কিছুই নয়, বা তার মধ্যে অলোকিক প্রাতিহার্যের এতটুকু আভাসও নাই; কেননা মানসভূমি হতে বিজ্ঞানঘন বা অতিমানস ভূমিতে আমাদের উদয়নের সংেগ-সংখ্য চেতনা ও তার শক্তিসমূহে স্বভাবেরই নিয়মে এমনিতর অভাদয়ের সংবেগ সঞ্চারিত হবে। অতএব বিজ্ঞানঘন-চেতনায় উত্তীর্ণ পরে,ষের আধারে পরমাপ্রকৃতির দিবা-খদ্ধির উন্মেষ হবে তাঁর স্বাভাবিক আস্মোন্মেয়েরই পরিণাম—তাঁর নবলস্থ উত্তর-চেতনার সহজ ও স্বচ্ছেন্দ প্রাকৃতলীলায়ন: মানুঘের পক্ষে মননশক্তির উন্মেষ ও উপবোগ বেমন তার আত্মপ্রকৃতির স্বধর্ম, বিজ্ঞানঘন-পরে,বের অতিমানস জীবনায়নেও তেমনি বিজ্ঞানশক্তির স্ফুরেণ ও প্রয়োগ তাঁর পরা প্রকৃতিরই স্বভাবছন্দ।

সিম্পজীবনের তৃষ্গভূমিতে চিংশক্তি কি চিদ্বিভূতির এমনিতর, উপচয় শৃধ্ স্বাভাবিক নয়—স্পণ্টত তা অপরিহার্যও বটে। সৌষম্যের স্থান মান্বের জীবনে আজও সীমিত, কেননা আজও তার মাঝে বাইরে-থেকে-চাপানো অনড় আইন-কান্নের কারসাজিই বেশি; সে-আইনও সাধারণ মান্য মেনে নিরেছে কতক স্বেছার, কতক দারে পড়ে, কতক স্বাথের প্ররোচনার, কতক-বা জ্বুন্র্মের বশে। হ্দরে-প্রাণে-মনে আলোর আভাস বেখানে রসের চেতনা এনেছে, সেইখানে মান্য মিলেছে মান্যের সংশ্য—ভাবে আকাঞ্চার বাসনার তপ্পে

কি পুরুষার্থের প্রেতিতে তারা বিচরণের একটা সাধারণ ভূমি মেনে নিরেছে। কিন্তু গণমনের বেশির ভাগ জ্বড়ে আছে জীবনাদর্শ সম্পর্কে একটা ভাসা-ভাসা বোধ: সে-বোধকে বাস্তবে রূপ দেবার ক্ষমতা তাদের স্তিমিত—তাদের সক্তেপত এমন তেজ নাই যে অবিপ্লতে সাধর্নানন্তায় সিন্ধিকে তারা মূর্তি-মতী করে তুলবে কিংবা জীবনকে আরও পূর্ণায়ত করবে। তারও পরে তাদের মধ্যে আছে কত দ্বন্দ্ব ও বৈষম্য, কত অসার্থক বাসনা ও পরাহত সংকল্পের আড়ন্টকঠিন ভার, কত অবদমিত অতৃপ্তির অবর্ম্থ ধ্মায়ন কিংবা অসমতৃণ্ড স্বার্থের জনালামর বিস্ফোরণ; তাদের নির্চ সংস্কারের 'পরে এসে পড়েছে নতুন ভাব ও জীবনাদশের অভিঘাত—তুম্বল বিপর্যয় ছাড়া তাদের আপন করে নেবার কোনও উপায় নাই। আবার, প্রকৃতি ও পরিবেশের অব্যক্ত গহন হতে প্রাণশক্তির দৃক্তার প্লাবন উৎসারিত হচ্ছে—কোথায় ভাসিয়ে নিয়ে চলেছে মানুষের যত্নে-গড়া সকল কৃতি; প্রাণ ও মনের দ্বন্দ্ব-সংঘর্ষে, বিশ্বপ্রকৃতির অতর্কিত বিক্ষোভে যে প্রলয়ন্কর বিপর্যয় উদ্ভাল হয়ে উঠছে, তাকে স্তন্থ পরাভূত করবার বাঁর্য তাদের নাই। একটি বস্তুর অভাবই এর মধ্যে স্বার চাইতে স্পন্ট সে হল অধ্যাদ্মজ্ঞান ও অধ্যাদ্মশক্তির অভাব। চাই আত্মার বশীকার, সর্বাদ্মভাবনার বীর্য, বিশ্বশক্তির উন্ধত পরিমণ্ডলের 'পরে অকুণ্ঠ ঈশনা, জ্ঞানকে বাস্তবে রুপ দেবার পূর্ণঞ্জাগ্রত ও পূর্ণসমন্থ সামর্থা। এদেরই অভাব বা ন্যানতা আমাদের প্রাকৃতজ্ঞীবনে; আর বিজ্ঞানঘন-প্রকৃতির স্ফ্রন্ত জ্যোতিতে আছে এই দিব্যভাবনারই নিরুত্ আবেশ।

মান্বের সমাজে শৃথ্ যে ব্যক্তিতে-ব্যক্তিতেই হ্দর মন ও প্রাণের অবনিবনা হতে বিরোধের স্থিট, তা নয়—প্রত্যেক ব্যক্তির প্রাণে ও মনেও কত বিসংবাদী শক্তির প্ররোচনা আছে; তাদের গৃছিরে নেবার প্রয়াস যেমন আমাদের পশালু তার চাইতে পশ্যু অমাদের যে-কোনও শক্তির অভগ্য-ভাবনার সার্থকতাকে জীবনে রুপ দেবার সামর্থা। এই যেমন, প্রেম কি সমবেদনা আমাদের চেতনার স্বাভাবিক ধর্ম—চেতনার প্রসারের সপ্যে-সপ্যে আমাদের 'পরে তার দাবি বেড়ে চলে; কিন্তু তারও পরে ব্যক্তির দাবি আছে, আছে প্রাণসংবেগ ও প্রবৃত্তির তাগিদ এবং আরও কত-কী বৃত্তির প্রেবণা যারা ঠিক মৈন্তী-কর্পার সপ্যে থাপ থার না। এতগালি বিরুম্থ বৃত্তিকে কী করে অখণ্ড জীবনধর্মের সপ্যে মানিরে নেওরা যার তা জানি না—এদের বে-কোনও একটিকে প্রাপ্তির সার্থক ও ঈশনাব্তিক করবার স্থেই, উপায়ও আমাদের জানা নাই। সমগ্র আমাদের অব্যাত্তিক করবার স্থেই, উপায়ও আমাদের জানা নাই। সমগ্র আমাদের অব্যাত্ত্বকৃতির পূর্ণতর উদ্যাত্তক ভারিকে জীবনে নামিরে আনা চাই সেই অখন্ড চেতনার উদার জ্যোতি প্র বীর্ষের আবেশ—যার মধ্যে প্রজার ও শভিতে, প্রেমে ও প্রাণবাসনার কোনও বিরোধ নাই, প্রশান্তক্তর

বহ্মুখী বৃত্তি বেখানে সহজ প্রকাশের নিতাছন্দে গাঁথা। আমাদের জীবনপথ তখন সেই সত্যের আলোকে আলোকিত হবে—যার স্বচ্ছ ও সহজ সংবিতে ফুটে ওঠে সাধ্য ও সাধনার অকুণ্ঠ স্বর্প, যার বীর্ষ সত্যস্কত্দেপর স্বতঃস্ফৃত্ত উদ্যাপনে সার্থক হয়, যার চিন্ময় অনুত্তর সৌষম্যের স্বভাবছন্দে আধারশন্তির সকল জটিলতা স্বয়তঃস্ফৃত্ত স্বয়্পসত্যের অনুপম সংহতি পায় আর তারই উল্লাস ছাপিয়ে পড়ে প্রকৃতিপরিগামের পর্বে-পর্বে।

শুধু বুন্থির কসরত বা মনের কল্পানাচাত্রী দিয়ে জীবনের জটিলতায় ছन्म स्या क्रिंग्स राजा यात्र ना-वक्षा वनाई वार्याः अव्यक्षात्र বোধি ও আত্মসংবিংই জানে জীবনের মালণ্ডে সৌষম্যের ফ্লে ফোটাতে। ষোড়শকল অতিমানস-পরেবের এই তো স্বধর্ম-এই তো তাঁর জীবনবেদ; তার অধ্যাত্মদুন্থি ও অধ্যাত্মবোধ আধারের সকল শক্তিকে সংহত করতে জানে এক অখণ্ডচেতনায় এবং ঋতময় কর্মের সহজ্পপ্রবৃত্তিতে তাদের উৎসারিত করতে পারে। এই ঋতের সৌষম্যেই চিৎসত্তার সহজ্ঞ প্রকাশ: প্রকৃতিগত অনুতের বৈষম্য অবিদ্যাচেতনার পক্ষে স্বাভাবিক হলেও বিজ্ঞানঘন-চেতনায় এতটুকু ছায়াও তার পড়ে না। বৈষম্য চিৎসত্তার স্বধর্ম নয় বলেই আমাদের প্রাকৃতজীবনের গ্রহাহিত বিজ্ঞানশক্তিতে বৃহত্তর সৌষম্যের অতপ্ণ আকৃতি নিত্য জাগে। সমগ্র আধার জ্বড়ে সৌষম্যের একটা অপরাজিত ছন্দ বিজ্ঞানঘন-প্রেবে বেমন স্বাভাবিক, তেমনি তা স্বাভাবিক বিজ্ঞানঘন সংঘ-চেতনাতেও—কেননা জীবনের প্রতিষ্ঠা সেখানে সর্বান্ধভাব হতে অন্যোন্যচেতনাতেই। সত্য বটে, বিজ্ঞানঘন জীবনায়ন পার্থি বপ্রকৃতির এক-দেশমাত্র অধিকার করবে, স্বতরাং অপ্রেস্ফর্ট জীবনচেতনার অভিযান মর্ত্যের বুকে তেমনই চলতে থাকবে; কিন্তু বিজ্ঞানখন-জীবনের সম্যক-সন্বোধি আলো-ছারার এই সমগ্র রুপটিকে কখনও অস্বীকার করবে না—ছারার ব্রকে সে তার স্বত-উৎসারিত আলোরই ছন্দদোলা সাধ্যমত দোলাবে। মনে হতে পারে, এই ব্রি বিশ্বসৌষম্যের ছন্দ-নূত্যে তালভণ্গ হল-কেননা অবিদ্যা-চেতনা কখনও ভাদাত্মাবোধের শ্বারা বিদ্যা-চেতনাকে আত্মসাৎ করতে পারবে . না, তাই উভরের অন্যোন্যসম্পর্কের মধ্যে একটা ফার্ক থেকেই বাবে আত্ম-সংবিতের অন্যোন্যভাবনার অভাবহেত: স্তরাং অবিদ্যা-প্রবৃত্তির সঞ্চে বিদ্যা-প্রবৃত্তির স্বন্দই হবে তাদের সম্পর্কের স্বর্প। সমস্যাটা আমাদের কাছে যত গরেতর বিজ্ঞানখন-চেতনার কাছে কিন্তু তত নর : কেননা বিশ্বকে আত্মসাং করবার দার তারই বলে তার অকুণ্ঠ প্রজ্ঞার আছে অবিদ্যা-চেতনারও মর্মসত্যের প্রশ্ব্যান,—অতএব স্প্রেতিষ্ঠ বিজ্ঞানখন-জীবনের পক্ষে এই মত্য-প্রকৃতির अर्थाक्रकारे क्वीवत्मत मर्का मात्र बीरवाद आर्याक्रम कथमत उपहर हर्रय मार् পাথিবপরিপাদের এই বদি হর চরম নির্মাত, তাহলে একবার দেখা

দরকার উত্তরায়ণের পথে আমরা এসে এতদিনে কোথায় দার্গডয়েছি। প্রগতির ধারা বয়ে চলেছে ঋজ্য পথে নয়: অনেক আবর্ত তার মধ্যে, কন্ব্রেথার অনেক ধাঁধা—যদিও তির্যক চলনের বাঁকাচোরাতে মোটের উপর সে-ধারা এগিয়েই চলেছে। অদুরে বা অনতিদুরে ভবিষ্যতে বিশিষ্ট কোনও লক্ষ্যের দিকে তার বোঁক আছে কিনা—এই আমাদের প্রন্ন। এতকাল ধরে মানবের অভীণ্সা শ্ব্ধ যে ব্যক্তিগত কি জাতিগত জীবনের পূর্ণতারই দিকে ঝাকেছে, তাহতে অনাগত পরিণামের আভাস ও সাধনার খানিকটা পরিচয় মেলে বটে—কিন্তু আমাদের চিত্তের আলো-আঁধারিতে তার ছবি খুব স্পন্ট নয়। তাই সত্য প্রগতির জন্য যা প্রয়োজন, তার সংখ্যে প্রগতিবিরোধী উপাদানের জটলা পাকিয়ে জীবনসমস্যার সমাধানের নামে আমরা স্ত্পোকার করেছি ছেলেমান বির নানা জঞ্জাল। এমনি করে আমরা খাড়া করেছি জীবনাদশের তিনটি ছক : আমরা হয় চেয়েছি মানুষের ব্যক্তি-আধারের অন্যানরপেক্ষ পর্টিটতে ব্যক্তিজীবনের প্রণতা, কিংবা গোষ্ঠী-সন্তার সর্বাৎগীণ প্রিষ্টতে সমাজজীবনের পূর্ণতা, অথবা ব্যক্তির সঙ্গে ব্যক্তি ও সমাজের এবং সমাজের সংগে সমাজের আদর্শ সমন্বয়-ব্যদিও ব্যবহারের দিক দিয়ে এক্ষেত্রে সমন্বয়-সাধনার অবকাশ সংকীণ-তর। আমাদের একান্ত বা বিশেষ ঝোঁক কখনও পডে ব্যক্তির 'পরে, <mark>কখনও</mark> গোষ্ঠী কি সমাজের 'পরে, কখনও-বা ব্যক্তির সঞ্জে সমষ্টি-মানবের সত্য ও সাষম সম্পর্কের 'পরে। কেউ বলেন, ব্যক্তিজীবনের স্বাতনত্য পূর্ণতা ও প্রাণোচ্ছলতাই আমাদের পরম পুরুষার্থ[°]: কিন্তু এখানেও আদর্শের ভেদ আছে। ব্যক্তিবাদীদের কেউ চান ব্যক্তিসন্তার নিরঞ্জুশ আত্মপ্রকাশমাত, কেউ চান ভরা মন প্রচার প্রাণ ও নিখাত শরীর নিয়ে ব্যক্তির জীবনে স্বারাজ্যসিশ্বির একটি সম্পর্ট, কেউ-বা চান শুধু চিন্ময়ী সিদ্ধি ও আত্মার মর্ন্তি। এ'দের জীবন-দর্শনে সমাজ ব্যক্তির পর্নিষ্ট ও প্রবৃত্তির জন্যেই: ব্যক্তির ভাবে কর্মে প্রগতিতে আত্মসম্পূর্তির সাধনায় কোনও আড়ণ্টতা কি উপায়বৈকলা না থাকে, তার প্রিষ্টমার্গের স্বাতন্ত্য বা দেশনা কোথাও ব্যাহত না হয়, তার করাই সমাজের কর্তব্য। আবার সমাজবাদীদের মত সম্পূর্ণ এর বিপরীত : তাদের কাছে গোষ্ঠী-জীবনই একান্ত বা মুখ্য-জাতির অন্তিম্ব ও পর্নিটই সব, ব্যক্তি সমাজদেহের একটি কোষমাত্র, অতএব সমাজের বা মানবজাতির প্রয়োজনে নিজেকে বলি দেওরা ছাড়া তার জীবনের আর-কোনও প্রয়োজন থাকতে পারে না—প্রকৃতির বকেে তার আবির্ভাবের এছাড়া আরু-কোনই ভাৎপর্য নাই। এদের মধ্যে আবার কেউ বলেন, জাতি সমাজ বা সম্প্রদায়ের একটা সংহত ও নিজস্ব জীবনসত্তা আছে—তার সংস্কৃতিতে প্রাণশক্তিতে জীবনাদশৈ কি আচারান্টানে সেই বিশিষ্ট সন্তার রূপ ফোটে; রাজিকে সেই সংক্ষেতির ছাঁচে নিজেকে ঢালতে হবে, সব-কিছু গোষ্ঠীর প্রাণশন্তির সেবার উৎসূর্গ করতে হবে, ভাকে

বাঁচতে হবে শুধু সমন্টি-সন্তার বিধ্যতির ও সার্থকতার সাধনরপে। তৃতীয় মতে, মানুষের জীবনে পূর্ণতা আসে অপরের সংগ্রু তার নৈতিক ও সামাজিক সম্বন্ধের উংকর্ষ হতে। মানুষ সামাজিক জীব—অতএব তাকে বাঁচতে হবে পরার্থে, সমাজের প্রয়োজনে, জাতির জীবনযজ্ঞে আহাতির পে: মানুষের সমাজও তেমনি রয়েছে সার্বজনীন সেবার প্রতিষ্ঠানরপে—সমাজের প্রত্যেক ব্যক্তিকে শিক্ষায় দীক্ষায় ব্যবহারে আজীবে ও জীবনসাধনায় ন্যায়সংগত সকলরকম সুযোগ করে দেওয়া তার কর্তব্য। প্রাচীন সংস্কৃতিসমূহে সব-চেয়ে বেশী জোর দেওয়া হত সমাজসত্তার 'পরে—সেখানে ব্যক্তির দায় ছিল সমাজের সংগ্র নিজেকে খাপ খাইয়ে নেওয়া: কিন্তু তারও মধ্যে ব্যক্তিজীবনের পূর্ণতার আদর্শ কোথাও-কোথাও পরে,ষার্থের আসন পেয়েছে। প্রাচীন ভারতে অধ্যান্মিক প্রগতি ছিল জীবনের মুখ্য সাধনা : কিন্তু তা বলে সমাজের গুরুত্বও কিছু কম ছিল না-কেননা সামাজিক শিক্ষাদীক্ষার আওতাতেই প্রথমত অল্লময় প্রাণময় ও মনোময় সত্তের সুষ্ঠা বিকাশে মানুষের সর্ববিধ লৌকিক এষণার তপণ হত, সদাচার ও বিদ্যার সাধনায় কুতার্থ হয়ে মুমুক্ষু জীবনে সে পেত স্বরুপোপলাথ ও স্বাতশ্ব্যের সত্য অধিকার। সাম্প্রতিক জগতে মানুষের ঝোঁক জাতীয় প্রগতির দিকে—সে এখন চায় আদর্শ সমাজ; তার মধ্যে অতি-আধর্নিক আবার চায় বৈজ্ঞানিক বিধিনিষেধের যন্তাচার দিয়ে নিখিল মানব-জাতিকেই এক ছাঁচে গড়ে তুলতে। তাই ব্যন্টি-মানুষ ক্রমেই হয়ে উঠছে গোষ্ঠীর প্রতাশ্যমাত্র; জাতিদেহের একটি কোষর্পে বিধিতন্তিত সমাজের সার্বভোম লক্ষ্য ও সমূহস্বার্থের নির্বিচার আনুগত্য ছাড়া তার মনোময় কি চিন্ময় সত্তার দ্ব-তন্ত্র কোনও সার্থকতাই নাই। জীবনের এই আদর্শ এখনও সবজায়গায় কায়েম হয়নি বটে, কিন্তু দেখতে-দেখতে সে-ই যে সর্বত্ত মাথা চাড়া দিয়ে উঠছে তাতে কোনও ভুল নাই।

মান্ধের চিন্তার জগতে তাহলে রয়েছে এই দ্বিধার আন্দোলন : একদিকে ব্যক্তির মধ্যে দ্ব-তন্ত আত্মপ্রতিষ্ঠার, দ্বকীয় রীতিতে দেহ-প্রাণ মনের প্র্তিসাধনার ও ব্যক্তিগত অধ্যাত্মসিন্ধির প্রেরণা বা আমন্ত্রণ এসেছে ; আর-এক দিকে এসেছে সমাজের প্রবৃত্তি ভাবনা সংকল্প আদর্শ ও স্বার্থের প্ররোচনাকে নিজন্ব জেনে সন্পূর্ণ আত্মবিলোপ শ্বারা নিজেকে তার কাছে ন্ইক্স দেবার তাগিদ। প্রকৃতি তার মধ্যে সন্ধারিত করেছে আত্মর্রতির এষণা—আত্মপ্রতিষ্ঠার নিগ্র্ আকাশ্কা তার মন্জাগত ; অথচ সমাজের মনঃক্লিপত আদর্শের দিক থেকে নিখিল মানবজাতির জন্যে কিংবা 'বহ্জনহিতার বহ্জনস্থার চ' আত্মবিলর ভাক এসেছে তার কাছে। একদিকে আত্মস্থৈষণা, আর-এক দিকে বিন্বহিত্তৈষণা—এ-দ্রের শ্বন্ধে আধ্বনিক চিত্ত সংকুল। রাণ্ট্র আজ্ব দাবি করছে ঈশ্বরের আসন—সে চার অনুগত সেবকের মত ব্যক্তি নিজের সর্বশ্ব

বলি দিক তার বেদিম্লে; রাণ্টের এই অত্যুগ্র দাবিকে ঠেক্লিরেই ব্যক্তিকে তার ভাব আদর্শ ও চরিতার্থতা খ্রুজতে হয়, নিজের বিবেককে মানতে গিয়ে হতে হয় রাণ্ট্রলোহী।...আদর্শের এই শ্বন্দ হতে প্রমাণ হয়, মানুষের অবিদ্যাক্ষম মন অন্ধকারে হাতড়ে বেড়াচ্ছে শুখু সত্যের সন্ধানে; সত্যের বিভিন্ন দিক হাতে ঠেকছে তার, কিন্তু সম্যক-জ্ঞানের অভাবে সৌষম্যের স্ত্র সেতাদের মধ্যে খ্রুজে পাছে না। যে সর্বসমন্বয়ী একম্বভাবনা এই গোলকধাধায় সত্যের পথ খ্রুজে পাবে, তার তত্ত্ব নিহিত রয়েছে আমাদের গৃহাহিত চেতনায়—যেখানে একম্ব ও সম্যক্ষ প্রকৃতির সহজ্ঞধর্ম। ঐ চেতনা যদি জীবনযজ্ঞের প্ররোধা হয়, তবেই আমরা খ্রুজে পাব বিশ্বরণ্যে আমাদের অ্লিতত্ত্বের তাৎপর্য এবং তারই সঞ্গে ব্যক্তিজীবন ও সমাজ্জীবনের সকল সমস্যার সত্য সমাধান।

বিশেবর মূলে সর্বভূতের মর্মসত্যর্পী এক প্রম্থার্থসং রয়েছেন, যিনি তার নিখিল বিভূতি ও বিস্পিটর চাইতে শাশ্বত ও মহান: সেই সতাস্বরুপ্তে জেনে তাঁর মধ্যে বাস করে তাঁরই সবোভম বিভৃতি ও বিস্থিতিক জীবন-সাধনার রূপ দেওরা—এই হল ব্যক্তির কি সমাজের আদশ্সিশ্বির মন্ত্র। এই পরামর্থসংই প্রতি বস্তুর হাদিসল্লিবিষ্ট থেকে তার প্রত্যেক বিভতিতে আত্ম-বীর্ষের আধানে তাঁর আত্মবিভাবনার প্রেতি সার্থক করছেন। বিশ্ব সেই সংস্বর্পের বিস্থি-অতএব তার একটা স্বর্প-সত্য ও শব্ধি-বিগ্রহ আছে. যাকে বলতে পারি বিশ্বাদ্মা বা বিশ্ব-চিং। মানবজাতিও তেমনি বিশেব প্রকটিত রন্ধেরই একটা বিভূতি বা বিস্পিট—অতএব বিশ্বমানবের একটা আত্মভাবের সতা ও চিন্ময় ভাবনা আছে, মানবজ্বীবনেরও আছে একটা বিশিষ্ট নিয়তি। এমান করে ব্রক্ষের বিভাতির পে মন-চিতের বিস্ভিত্তর পে গোষ্ঠী-সম্ভার আছে একটা স্বর্পসতা, একটা আত্মভাব ও আত্মবীর্ষ। স্বার শেষে, ব্যক্তিকে জানি রন্ধেরই বিভূতির পে—জানি তারও আছে একটা স্বর প্সতা, আছে একটা চিন্মর আত্মভাবনা—দেহ-প্রাণ-মনের আধারে যার স্বাভাবিক স্ফুরণ ঘটলেও সেইখানেই তা নিঃশেষিত হয় না: এও জানি, দেহ-প্রাণ-মনের বেষ্টনী ছাডিয়ে, এমন-কি মানবতারও উপাধি ছাপিরে তার আত্মবিভাবনার বিপক্ত বীর্ব প্রসা-রিত হয়। কারণ মানবতাই রক্ষের সমগ্র বা অনুস্তম আত্মবিভূতি কি অনু-ভা নয়; মানবের পূর্বে বন্ধা যেমন আপনাকে ফুটিরেছিলেন অব-মানবতার, তেমনি এবার হয়তো মান্বের পরে কি মান্বেরই মাঝে নিজেকে ফোটাবেন অতি-মানবর্পে। অতএব সদ্র্পী বা চিদ্র্পী ব্যক্তিসভ্রেক্স প্রকশি মানবতা দিয়েই শ্বধ্ সীমিত নর; অবমানবতা হতে মানবতার আজ বে উলীপ হরেছে এক-দিন সে মানবভাকে ছাড়িয়ে যেতে পারে। বিশ্বকে আগ্রন্ন করে বেমন ব্যক্তির প্রকাশ, তেমনি ব্যক্তির ভিতর দিরে বিশ্বের স্ফুর্তি: কিন্ত ব্যক্তি আরার '

বিশ্বেরও অতিষ্ঠা হতে পারে—কেননা আত্মসমাহিত হয়ে সে ডুবতে পারে বিশ্বাতীত অথচ বিশ্বগত তুর্যাতীতের নিবিড় গহনে। ব্যক্তির সম্ভা সমাজের গণ্ডিতেও তেমনি বাঁধা নাই: একহিসাবে তার প্রাণ-মন সমাজের প্রাণ-মনের অপ্য, তবু এমন-কিছু তার আছে যা সমাজকেও ছাপিয়ে উঠতে পারে। আবার ব্যক্তিই সমাজের প্রতিষ্ঠা-কেননা ব্যক্তির দেহ-প্রাণ-মনের সমৃষ্টি নিয়েই তো সমাজের দেহ প্রাণ আর মন। ব্যক্তির উচ্ছেদ কি বিকলনে সমাজও উচ্ছের যায় বা বিকল হয়ে পড়ে—যদিও সমাজচেতনার অবান্ত কোনও অংশকলা আবার নিব্লেকে ফুটিয়ে তুলতে পারে নতুন ব্যক্তিতে। কিন্তু তাহলেও ব্যক্তি সমাজ-प्रतित विकास निवास তাব আত্মবিলোপ ঘটে না। কারণ গোষ্ঠীভাবনা বা সমাজধর্মই মান-বতার সব নয়--সমাজই জগৎ নয়: সমাজকে ছেড়ে জগতে ব্যক্তির বিবিত্ত সত্তা কি মানবতার প্রতিষ্ঠা অসম্ভব হয় না। সমাজের বিশিষ্ট একটা প্রাণচেতনা আছে. যা দিয়ে ব্যক্তির জীবনকে সে শাসন করে: কিন্তু তাহলেও ব্যক্তি-জীবনের সব মহল তার অধিকারে নয়। সমাজ বেমন বাঁচতে চায় ব্যক্তির মধ্যে তার আদর্শকে র পায়িত করে. ব্যক্তিও তেমনি চায় তার জীবনেব বৈশিষ্ট্যকে সমাজের জীবনে ছড়িয়ে দিতে। কিন্তু এখানেও সে স্ব-তন্দ্র; আত্মপ্রকাশের জন্যে সমাজ তার অপরিহার্য নয়—ইচ্ছা করলে ব্যক্তি আরেক ধরনের সমাজ-জীবনে আপনাকে প্রতিষ্ঠিত করতে পারে, কিংবা বীর্ষ থাকলে প্রব্রজ্যা কি নিঃসঙ্গ জীবনও স্বীকার করতে পারে। হয়তো তখন অমময়-জীবনের সাধনা তার সম্পূর্ণ হবে না, কিন্তু চিন্ময়-জীবন তাব সার্থক হবে ন্বর্প-সত্যের উপলব্ধিতে ও গ্রহাহিত আত্ম-সদ্ভাবের আবিষ্কারে।

বাস্তবিক জীবব্যন্তি হল প্রকৃতিপরিণামেব ম্লস্ত্—কেননা আছোপলিখ হর জীবব্যন্তিরই, তারই মধ্যে ফোটে পরমার্থের চেতনা। সমন্টির
প্রগতি প্রারশই অবচেতন পিণ্ডভাবের সামান্যস্পদ মাত্র; আত্মসচেতন হতে
গোলে তাকে ব্যক্তির ভিতর দিরে খ'লুজতে হয় আত্মর্পায়ণের পথ। সাধারণ
গণচেতনা সর্বদাই তার অত্তর্গত অতিস্ফুট ব্যক্তিচেতনার চাইতে অপরিণত—
তাই গণনারককে দিশারী করে পথ চলতে হয় তাকে, সমাজের ম্ভিটমের
প্রাক্তের অন্ভাব ও প্রগতির 'পরেই তার প্রগতির নির্ভব। রাভ্যের কাছেও
ব্যক্তির সত্যকার কোনও দায় নাই, কেননা রাভ্য একটা বল্যমাত্র; সমাজেও
ব্যক্তির সত্যকার কোনও দায় নাই, কেননা রাভ্য একটা বল্যমাত্র; সমাজেও
ব্যক্তির সত্যকার কানও দায় নাই, কেননা রাভ্য একটা বল্যমাত্র; সমাজেও
ব্যক্তির সত্যকার কানও দায় নাই, কোননা রাভ্য একটা বল্যমাত্র; সমাজেও
ব্যক্তির সত্যকার কানও দায় লুখ্য সত্যের কাছে, আত্মার কাছে, চিংস্বর্পের কাছে—
সর্বভূতানতরাত্বা অন্তর্গামী বে-দেবতা তারই কাছে। সম্মৃত্ গণচেতনার পায়ে
আ্রেবিল না দিরে, অন্তর্গত্ব ক্রম্প-সত্যের উপলব্যি ও প্রকালের বালোকিড

করাই ব্যক্তির পরমপ্রের্যার্থ। কিন্তু ব্যক্তির জীবনে স্ফ্রিয়ত চিন্ময় সত্যের বীর্য সমাজকে কতথানি প্রভাবিত করবে, তা নির্ভার করবে ব্যক্তির আত্মপরি-ণতির 'পরে: যতক্ষণ তার চিত্ত অপরিণত, ততক্ষণ নানাভাবে মহত্ত্বের আনু-গতাস্বীকার তাকে করতেই হবে। আত্মপরিণতির সঙ্গো-সঙ্গে সে পায় অধ্যাত্ম-দ্বাতন্ত্রোর অধিকার: কিন্তু সে-দ্বাতন্ত্র্য সর্বাত্মভাব হতে বিবিক্ত কোনও তত্ত্ নয় কেননা ব্যক্তির আত্মা এবং বিশেবর আত্মা একই পরমাত্মার প্রকাশ বলে আত্মার প্রম্বন্তিতে সর্বাত্মভাবের চেতনাই হয় আরও নিবিড়। গীতা বলেন, অধ্যাত্মচেতন মৃত্তপূর্য 'সর্বভূতহিতে রতঃ'; নির্বাণের পথ আবিষ্কার করে বুন্ধ আবার জগতে ফিরে এলেন সত্তার স্বর্প বা শ্নাতার সতা হতে প্রন্থ কিপত-আত্মভাবের মোহে আচ্ছন্ন জনগণের সামনে লোকোত্তরের পথ খলে দিতে, নির্বিশেষের ডাকে উতলা হয়েও বিবেকানন্দ আবার ঝাঁপ দিলেন নর-বিগ্রহে প্রচ্ছন্ন নারায়ণের সেবায়—বিশ্বময় আর্ত ও পতিতের কপ্টে শ্রনতে পেলেন প্রবৃদ্ধ আত্মার প্রতি অপ্রবৃদ্ধ আত্মার ব্যাকুল আহন্তন। স্বর্প-সত্যের উপলব্ধি এবং অন্তর্ম বিস্তর অন্তঃসিদিধর সাধনা উদ্বৃদ্ধ পুরুষের প্রথম পুরুষার্থ : কেন্না এর্মান্তর সত্যের আহ্বান তার চিন্ময় অন্তর্যামীরই আহ্বান এবং সেই আহ্বানে সাড়া দিয়ে প্রমূত্তি ও পূর্ণতার সিন্ধ অনুভবে সে খ'ুজে পাবে তার জীবনায়নের মর্মসত্য। একমাত্র সিম্ধব্যক্তির সংহতিই গড়তে পারে সিম্পসমাজ : আর সিম্পি তথনই আসে, যখন প্রত্যেকে তার চিন্ময়-স্বরূপের উপলব্ধিকে জীবনের ঋতছন্দে ফুটিয়ে তোলে এবং ব্যক্তিচেতনার সেই ছন্দ সম-ষ্টিতে সংহত হয় এক অখন্ড সর্বাগত চিন্ময় ও প্রাণময় তাদাত্মাচেতনায়। অন্তঃ-সমাহিত হয়ে জানতে হবে আত্মাকে এবং সেই জানার সত্যে চিন্ময় করে তলতে হবে জীবনের সকল সাধন, সহস্রদল অখণ্ডতার স্বমা ঢালতে হবে তাদের 'পরে—তবেই আমাদের সিদ্ধি হবে সত্য এবং পূর্ণ। গৃহাহিত চিন্ময় তত্ত্ব-ভাবের তিমিরবিদার অভাদর যেমন আমাদের ম্ব্রন্তির সতা, তেমনি আধারের অণতে-অণতে সেই সত্যের নিরঞ্কুশ আত্মর্পায়ণ আমাদের সিশ্বিরও সতা।

বিচিত্র জটিলতা আমাদের প্রকৃতিতে—সৌষম্যের বৃক্তে প্র্ণমিহিমার তাকে ফ্রটিরে তোলবার কৌশল আবিন্দার করা হল আমাদের জীবনের মুখ্য সাধনা। অল্লময় জীবন হতে আমাদের যাত্রা শ্রুর, প্রকৃতিপরিণামের ঐ হল আদি; মানুষেরও তাই অল্লময় ও প্রাণময় কোশের প্রভিসাধনাই হল জীবনের আদিম তপস্যা। কিন্তু ঐখানে খেমে থাকলে তো জ্বার চলবে না; তারও পরে তার মহত্তর তপস্যা হবে অল্লময় জীবনে মনোময় সন্তার মহিমাকে আবিন্দার করা এবং তারই আদশে ব্যক্তি ও সমাজ উভরকে সাধুয়মত স্কুলর করে গড়ে তোলা। এই ছিল প্রাচীন গ্রীসের সাধনা এবং তার উত্তর্গাধকার প্রেরছে

ইউরোপের সভ্যতা; সংহত রাষ্ট্রশবির সাধনার রোমান সভ্যতা সেই আদর্শকেই পদ্বে—অথবা ক্লিন্ট করেছিল। প্রগতির এই ধারা ধরে অবশেষে একদিন এল যুক্তিবাদ, ষাকে বলা চলে বৈজ্ঞানিকের 'বুদ্ধিযোগ'; তাতে জীবনের সকল সমস্যার যাচাই হয় যুক্তিশাণিত ব্যাবহারিকবৃদ্ধির বিচার দিয়ে বাস্তবের তাগিদে জীবনকে গড়ে তোলবার সাধনা চলে। প্রাচীনকালে সত্য-শিব-স্ক্রের এষণাই জীবনে ঊধর্বস্রোতা সিস্ক্রার সংবেগ আনত—তার আদর্শে দেহ-প্রাণ-মনকে পূর্ণতা ও সৌষম্যের ছলে ফ্রটিয়ে তোলাই ছিল মান্বের পরে,যার্থ। কিল্ড এই সাধনাকেও ছাপিয়ে মানসিক প্রগতির শেষ পর্বে মান্বের মনে জাগে অধ্যাত্মসাধনার আকৃতি : সে চায় তার আধারের মর্ম-সত্যের সন্ধান, আত্ম-আবিষ্কার দ্বারা চিৎসত্তার সত্যে প্রাকৃত-প্রাণ ও মনের প্রম_ব্রি—চিৎসত্তার বীর্যাধানে খোঁজে সে জীবনের সত্যকার সার্থকতা এক অখণ্ড-চেতনার মধ্যে পেতে চায় নিখিলের সাথে অন্যোন্যভাবনায় নিবিড একাত্মবোধের সংহত প্রভায়। প্রাচীনকালে বেশ্বি ও তারি অনুরূপ অন্যান্য সংস্কৃতি এই প্রাচ্য আদর্শকে প্রতীচ্য এসিয়ার ও মিশরের উপক্রে নিয়ে যায়. এবং সেখান থেকে খৃষ্টধর্ম তাকে ইউরোপের নাড়ীতে সঞ্চারিত করে। কিন্তু ইউরোপের প্রাচীন সংস্কৃতি যখন বর্বরতার উৎস্লাবনে তলিয়ে গেল, তখনও প্রাচী-র এই আধ্যাত্মিক আদর্শ ম্লান দীপশিখার মত শমশানের অধ্ধকারে জেগে ছিল: আজ বিজ্ঞানের বিদ্যাৎ-আলোকে নিম্প্রভ তার দীপ্তিকে কত সহজেই ভুলে গেছে মান্বের মৃশ্চিত্ত। বৃত্তি-সংস্থানের ভিত্তিতে সমাজ-গঠন হল সাম্প্রতিক সংস্কৃতির আদর্শ,—কেননা লৌকিক স্বাচ্ছদের নিখ্ ব্যবস্থাই আধুনিক সভ্যতার লক্ষ্য। উপকরণবাহুল্যে সমুন্ধ সমাজে মানুষ হবে আদর্শ সামাজিক জীব-এই হল ব্যাবহারিক 'বর্ল্য-যোগের' সাধা: তার সাধনাকে লোকায়ত করবার জনাই আধ্নিক জগতে যুক্তিশাসিত বৈজ্ঞানিক শিক্ষাদীক্ষার যত আয়োজন। প্রাচীন আধ্যাত্মিক আদর্শের যেটকে বে'চে ছিল. ধুগধর্মের তাগিদে তা হতে 'মানবতাবাদ' জন্ম নিল—বার মধ্যে আধ্যাত্মিকতার কোনও বালাই রইল না, মানুষের মানসিক ও নৈতিক উৎকর্ষসাধনা হল যার রত: তার মতে দ্ব-ধর্মের অনুশীলনের চেয়ে সমাজধর্মের নির্বিচার অনুর্বতনই হল বড়। এইখানে এসে আধ্নিক সভাতা আর তার প্রথম ধারুার বেগ না সামলাতে পেরে ছন্নছাড়া বৃশ্বি ও জীবনের নৈরাজ্যে হুমড়ি থেরে পড়ল-আর তারি সংগ্র তার চিরপোষিত জীবনাদর্শের বত কল্পনা লণ্ডভণ্ড হয়ে গেল, সমাজব্যকথার আচার ও সংস্কৃতির তলা ফে'সে গিয়ে তার যুগসণিত সকল আশ্রয় অতলে তলিয়ে গেল।

বস্তুত উপকরণ-বাহ্নলা ও বৃত্তি-সৌকর্ষকেই জেনেশননে জীবনের মুখ্য সাধনা করে তোলা আবার সেই আদিম বর্ণর ধ্যাে ফিবে ধাবার একটা সন্সভা

অজ্বহাতমাত। আধুনিক মান্য যে মনের ঐশ্বর্য বাড়িয়ে এবং বিজ্ঞানশান্তের অসাধারণ উন্নতি করেও আধ্যাত্মিকতার দিক হতে পিছ হটে জীবনের স্থল-ভোগ নিয়ে মৈতে উঠেছে—এই হয়েছে আরও বিপদ। মানবন্ধীবনের বিপল জটিলতার একটা অস্গ হিসাবে বৃত্তিসৌকর্য ও উপকরণ-সণ্ডয়ের পূর্ণতার দিকে এমনিতর ঝোঁকের মোটাম্বিট একটা সাথকিতা নিশ্চয় আছে: কিল্ডু এই ঝোঁককেই একানত বা মুখ্য করলে সমগ্র মানবজাতির পক্ষে, প্রকৃতিপরি-ণামের অব্যাহত গতির পক্ষে বিপদ ঘটবার আশুকা আছে। প্রথম বিপদ, এমনি করে মানুষের মধ্যে আবার সেই অল্ল-প্রাণময় আদিম বর্বরতাই মাথা চাড়া দিয়ে উঠবে সভ্যতার মুখোস পরে। বিজ্ঞানের সাধনায় আমাদের হাতে যে প্রচরে শক্তি এসেছে ভাতে কালজীর্ণ নিস্তেজ সভাতাকে আগের মত দুর্ধর্ষ বর্বরজাতির মার খেয়ে মরতে হবে না হয়তো; কিন্তু আমাদেরই সভ্যতার মাটি ফ'ড়ে ষে বর্বরতার জন্ম হতে পারে, ভয় তো তাকেই,—আর আজ চার্রাদকে তারই স্চনা দেখছি। মান্ধের মানসিক ও নৈতিক আদশের দীপ্ত-কঠিন বীর্ষ যদি ভিতরের অম-প্রাণময় পশ্টোকে বাগ মানাতে বা টেনে তুলতে না পারে. কিংবা অধ্যাম্মসিন্ধির আদর্শ যদি নিজের-রচা বাঁধন খসিয়ে মানুষকে অন্তর্ম,খী করতে না পারে, তাহলে শক্তি হাতে এলে তার অপপ্রয়োগ সভাতাকে ধ্বংসের দিকে ঠেলে দেবেই। যদিও-বা বর্বরতার এই আবৃত্তিকে কোনরক্ষমে এড়াতে পারি, তাহলেও আমাদের ভয় ঘুচবে না। বল্যযুগের প্রগতিতে স্থলে আরামের ব্যবস্থা যদি পাকা হয় সমাজজীবনে, তাহলে সেই অনুপাতে অধ্যাত্ম-প্রগতির অভীপ্সাও মন্থর হবে—বর্তমানের বাইরে কোনও নতুন আদর্শ কি দ্ঘিতভিগর তাগিদ আমাদের মধ্যে থাকবে না। শুধু বুশ্ধির কসরত দিয়ে জাতির প্রগতিকে বেশীদিন জিইয়ে রাখা যায় না, কেননা দেহ-প্রাণের চেয়ে বড় একটা অন্তর্গা্ঢ় তত্ত্বের দিকে ব্রন্থির মোড় ফেরানো থাকলেই তার দীপ্তি সতেজ থাকে। বৃদ্ধির কোঠার পেশিছবার পরেও না-পাওয়াকে পাবার অন্ত-নিহিত চিন্ময় অভীপাই মানুষের মধ্যে প্রগতির আকাক্ষা ও অধ্যাসচেতনার প্রয়াস জাগিয়ে রাখে। মহন্তরের এই প্রেষণা যদি, তার না থাকে, তাহলে হয় ভাকে পিছ্ব হটে আবার শ্রের পথ ধরতে হবে, নয়তো প্রকৃতির পরিণামসাধনার ব্যর্থতার একটা পর্ব হরে তলিয়ে বেতে হবে—বেমন তারও আগে জীবনের অনেক র্পায়ণই পরিণামের প্রেতিকে বহন বা পোষণ করতে না পেরে এর্মান করে তলিয়ে গেছে। আর মাঝারি-পরিণামের নিখতে নুমনা করে বদিই-বা প্রকৃতি তাকে অন্যান্য জানোয়ারের মত জিইরে ব্লাখে, তাহলে তাকে পাশ কাটিয়েই আবার মহাশব্দির উত্তরায়ণের অভিযান চলবে।

মান্ব এসে আজ দাঁড়িরেছে প্রকৃতিপরিণামের এক পর্বসন্ধিতে; এইবার তার পথ বৈছে নেবার তাগিদ এমেছে। মান্বের মন আজ একটা বৈছমোর

ষেরে পড়েছে: কোনও-কোনও বিষয়ে যেমন তার অসম্ভব উৎকর্ষ ঘটেছে, তেমনি আরেক দিকে সে রয়েশেছে কৃণ্ঠচার—পথহারা উদ্দ্রান্তের মত। নিতাচণ্ডল शान-मत्तत्र पूर्व म अधिमाजात्र जात जन्छ नारे ; प्रश्-शान मत्तत्र मकन पावि मकन ক্ষুধা মেটাতে, সমাজে রাম্মে বৃত্তিতে ও সংস্কৃতিতে সে অভাবনীয় বৈচিত্তা এনেছে—দেহ ইন্দ্রির বৃদ্ধি ও রসচেতনার তপ'ণের জন্য সাধনসামগ্রীর বিপক্লে আরোজন প্রিঞ্জত করেছে। মান্ধের মন ও বৃন্ধির সামধ্য সীমিত— আরও সীমিত তার ধর্মবোধ ও অধ্যাত্মচেতনার করণবীর্য: অথচ বে অতিকার সভাতার সে সূম্পি করেছে, একে তার প্রমন্ত অহং ও ক্ষ্মিত বাসনা কী করে যে সামাল দেবে বলা কঠিন। প্রাক্ত-জীবনের ঐশ্বর্য আজ উপচে পড়ছে: কিল্ড একেও আত্মসাং করে যে ক্রান্ডদর্শী চিত্ত ও বিজ্ঞানময় বোধিচেতনা মহন্তর সার্থকিতার জীবনকে সমূদ্ধ করবে, মানুষের আধারে তার কোখায় প্রকাশ ? উপকরণের এই বিপ্লেল সঞ্চয় দেহ-প্রাণের নিতাব্ভুক্ষার সকল দাবি মিটিয়ে মানুষের মনকে লোকোত্তর মহাসিন্ধির অকুণ্ঠ এষণার পথে মুক্তি দিতে পারত: সত্য-শিব-সুন্দরের সার্থকতর সাধনার, চিৎসত্তার দিবাতর ও বিপলেতর আবেশে জীবন তখন সন্তার পরমোৎকর্ষের সাধনে র্পান্তরিত হত। কিন্তু তার জায়গায় উপকরণের প্রাচার্য আজ অভাবের বাহালা এনেছে, গোষ্ঠীর স্ফীতকার অহংকে পরস্বলোল্বপ করে তুলেছে। বিশ্বশক্তির বহু বিভূ-তির সিম্ধমন্ত আজ মানুষের আয়ত্তে এসেছে বিজ্ঞানের কল্যাণে—বিশ্বমানবের জীবনসত্তাকে সে স্থলেদ্ জিতৈ অখণ্ড করেছে: কিন্তু এই বিশ্বশান্তকে যে ব্যব-হার করছে, সে হয়তো কোনও ব্যক্তিবিশেষ কি গোষ্ঠীবিশেষের সংকীর্ণ অহ-মিকা: তার জ্ঞানে কি চলনে বিশ্বচেতনার দীপ্তি নাই-মানবসমাজের এই বাহ্য-সংহতিকে অধ্যাত্মসংহতিতে কী করে রূপান্তরিত করা বায়, কী উপায়ে বিশ্ব-মানবের প্রাণ-মনকে সত্যকার একত্বভাবনার স্ত্রে গাঁথা ষায়, তার কোনও নিগতে অনুভব কি সামথা তার নাই। জগং জুড়ে আজ দক্ষযজ্ঞের বিপ্লব চলছে; চারদিকে শ্বধ্ব মনঃকল্পিত আদর্শের সংঘাত, বান্ধি বা বর্বর ক্ষ্বধার তাড়না, অন্ধ প্রাণাবেশের সম্ভির ব্যক্তির শ্রেণীর কি জাতির স্বাথৈবিণার ত্যুল কোলাহল, সমাজদর্শনে ও বার্তাশান্তে নানা অস্তৃত-বিচিত্র মত-বাদের ছত্রাকলীলা; ভুরো আদর্শবাদের নামে চারদিকে কত জিগিরী উঠেছে, তার জনা জ্বলুম করতে কি জ্বলুম সইতে মরতে কি মারতে মানুষের দ্বিধা নাই : আর নিজের মতকে মারণযশ্যের সহারে পরের গলার তলে ঠেলে দিরেই মানুৰ মনে করছে, এবার আদর্শলোকে পেছিবার রাস্তা মিলল ! মানুবের প্রাণ-মনের স্বাভাষিক পরিণাম বিস্বব্যাপ্তির দিকে; কিন্তু অহমিকাদ্নট বিভজা-बृद्ध मानतमत कारक वार्शित अब द्विपित्करे ब्लाक,-ता गांच, माणि कताव

বেস্রা চিন্তা ও প্রবৃত্তির তুম্ল বিসংবাদ, দ্রুর্য শন্তি ও প্রমন্ত বাসনার অক্ল প্লাবন। বৃহত্তর জীবনের সকল উপাদান তার হাতে এলেও, চিন্মর কবিক্রতুর ছন্দস্বমা হারিয়ে তারা শ্বধ্ব হবে অর্ধজীর্ণ ও ব্যামিশ্র অন্ধ-প্রাণ-মনোময় উপকরণের জঞ্জাল: তাই জগংজোড়া বিক্ষোভ আর বিপ্লবের কখনও শেষ হবে না-জীবনে বৃহৎ-সামের স্বরসাধনাও তাই বারে-বারে বার্থ হবে। অতীতের মান্য ভাবের একটা স্কমিত র্পায়ণে জীবনে স্থমা এনেছে ; বিশেষ-বিশেষ সংস্কার বা আচারের ভিত্তিতে যেসব সমাজ সে গড়েছে, তাদের মধ্যে সংস্কৃতি বা জীবনাদশের নানা বৈশিষ্টাই অনন্য হয়ে ফুটেছে। মহাকালের বিপলে কটাহে আজ সেসব আদর্শ সংমিশ্র প্রাণের রসে জারিয়ে নিয়ে এক-সাথে ঢালা হয়েছে এবং তার 'পরে নিত্য-নতুন ভাব ও প্রেষণার, ভতার্থ ও ভব্যার্থের প্রক্ষেপ পড়েছে: এদের পরিপাকে ভবিষ্যতে যে অনির্বচনীয় জীবন-রসায়নের সৃষ্টি হবে, প্রাণের সকল দ্বন্দ্ব মিটিয়ে তাব সূচনাকে সার্থক করতে বহন্তর চেতনার দিব্য আবেশ চাই। যুক্তিবাদ আর জড়বিজ্ঞানের চাল যত স্ক্রাই হোক্, সব-কিছুকেই তারা ঢালতে চায় এক ছাঁচে--যন্তাচারের কৃত্রিম বাবস্থা দিয়ে অল্লময়-জীবনের আডণ্ট ঐকাসাধনাই তাদের স্বধর্ম। কিস্ত অখন্ড-জীবনের বৃহত্তর ঐক্যসাধনা একমাত্র অখন্ড-সত্তা অখন্ড-জ্ঞান ও অখন্ড-শব্তিরই উদারতর পরিশীলনে সার্থক হতে পারে।

অতীতে অপ্রবৃশ্বচিত্তের কুরিম সংস্কার সমাজগঠনের ভিত্তি ছিল। দল-বাঁধার প্রেরণায় বিরোধকে গোঁজামিল দিয়ে ঠেকিয়ে রেখে মানুষ তথন সমাজ গড়েছে: বাইরের চাপে অভাবের তাড়নায় বা অন্তর্নিহিত যথে-সংস্কারের প্ররো-চনায় ব্যক্তিগত অহং ও স্বার্থের একটা জটলা কি রফা সে-সমাজগঠনের ভিত্তি ছিল। বলা বাহলো এমন জোডাতাডার সংঘজীবনে একত্ব অন্যোন্যভাব ও সেষি-মোর আদর্শ কিছুতেই প্রোপর্নর ফুটতে পারে না; তার জন্যে জীবনসত্যের আরও গভার ও ব্যাপক চেতনা চাই। এই সৌষমোর আদর্শে জীবনকে নতুন করে গড়ে তোলবার একটা অন্ধ আকৃতি আজ নিখিল মানবের চিত্ত জুড়ে; এরই 'পরে যে তার সমস্ত অস্তিদ্বের নির্ভার, এ-সম্পর্কে ধীরে-ধীরে সে সচেতন হয়ে উঠছে। প্রাণের আয়তনে মনঃশক্তির ক্রমিক উদ্মেষে আজ তার প্রবৃত্তি এতদরে সংহত হয়েছে এবং জড়শন্তির নৃতন উপযোগে জীবনের এতখানি প্রসার ঘটেছে যে, এখন মানুষের অম্ভরে একটা আমূল পরিবর্তন না এলে এই অভিনব **ধান্ধিকে** তার সামলে চলা অসম্ভব হবে। দল বাধলেও মানুষের অহং মরতে চায় না,—অথচ একত্ব অন্যোন্যভাব ও সৌক্ষাের নামে আজ তার 'পরে এসেছে যুখ-ধর্মের পরা দাবি; এ-দর্টি বির্দ্ধ সংস্কারের সমস্বর না হলে ব্যক্তি ও সমাজের জীবন অচল হবে। কিন্তু আধুনিক মানুষের 'পরে এর দায় যেন একটা বিপ্লে বোঝা: কেননা আজও মান্দ্রের ব্যক্তিসতের প্রসার

ঘটেনি: আজও তার সংকীর্ণ মনের খোপে আদিম জৈবসংস্কারের ক্ষ্রতাই প্রবল। তাই আকাঞ্চা সত্ত্বেও অন্তরের গোচান্তর তার পক্ষে সহজ নয়। এইজন্য আজও সে আগেরই মত অভিনব ঋষ্ণির বিপলে সম্ভয়কে প্রজ্ঞাহীন বিচারমূঢ় প্রাণবাসনার চরিতার্থতায় বাবহার করছে। আস**্রা**রক বীর্ষের আবেশে উন্দাম তার প্রাণপার্ম বিজ্ঞান-তন্ত্র ও বন্যার্ট জীবনায়নের বে-বিপ্লতাকে আজ হাতে পেয়েছে, তাকে সামাল দেবার মত বৃণ্ধি কি সম্কল্পের জোর তার নাই: তারই ফলে সমগ্র মানবজাতি আজ নিয়তির অন্ধতাড়নায় অনিচ্ছাসত্ত্বেও যেন যুগব্যাপী দুর্যোগের মাঝে সর্বনাশা সংকটাবর্ত ও উত্তাল অনৈশ্চিত্যের অন্ধত্মিস্তার দিকে প্রমন্তবেগে ছুটে চলেছে। সর্বনাশের এ করাল সম্ভাবনা যদি অচিরস্থায়ী কি আপাতপ্রতীয়মানও হয়, একে ঠেকিয়ে রাখবার কিংবা এর চণ্ডবেগকে স্তিমিত করবার একটা সাময়িক উপায়ও যদি আবিষ্কৃত হয়, তব্ শেষপর্যনত শব্দিকল নিয়তির হাত হতে মান্ধকে বাঁচানো যাবে কি না সন্দেহ। কারণ আধর্নিক জগতের এ-সমস্যা প্রকৃতিপরিণামের একটা গোড়ার সমস্যা; এর সত্যকার সমাধানের 'পরেই সমগ্র মানবজাতির ভবিষ্য-সিদ্ধি এমন-কি তার টিকে থাকবার যোগাতা নির্ভার করছে। মহা-প্রকৃতির অবন্ধ্য পরিণামের তপস্যা মর্ত্যঙ্গীবনেই বিশ্বশক্তির এক অভূতপূর্ব বিকাশ চাইছে—যার আধার হবে এক বৃহত্তর প্রাণময় ও মনোময় সত্তা, সমনী-ভাবের এক বিপলে বীর্য, জৈবসংস্কারমন্ত এক চিন্ময় প্রাণ-প্রেষের উদার-মহিমা; আর তারই জন্যে সে এই মত্য চেতনাতেই চিন্ময় আধার-প্রেম ও অন্তর্যামী চিদাখার নিরাবরণ প্রকাশ চাইছে।

এই সংকটমুহুতে জীবনসমস্যার সমাধান করতে আধ্নিক মানুষ বৈজ্ঞানিক যুদ্ভিশাসিত জড়বাদ ও প্রাণবাদ আশ্রম্ম করেছে; নিখুত বৃত্তি-সংস্থানযুক্ত সমাজতল্য আর প্রাকৃত-জনের উপযোগী গণতল্য তাকে আসম্ম সর্বানাশের হাত হতে বাঁচবে—এই তার ভরসা। এ-সমাধানের মধ্যে সত্য যতটুকু থাকুক, মানুষের ঈশ্সিত প্রগতির পক্ষে একেই যথেণ্ট মনে করা চলে না—কেননা মানুষ আজকের মত জড় ও প্রাণকেই তো চিরকাল আঁকড়ে থাকবে না; তার দিব্যানিয়তি প্রতিনিয়ত তাকে লোকোন্তর চিল্ময় সার্থকতার দিকে আকর্ষণ করছে। জগতের সর্বত্র একটা বিপ্লবের আন্দোলন এসেছে, জাতির প্রাণ-চেতনা এমন-কি সাধারণ মানুষেরও মন আজ কী এক অতৃপ্তি নিয়য় জেগে উঠেছে—সেও চায় অতীতের আদর্শ পালটে দিয়ে একটা নতুন আদর্শের নিশানা, চায় একটা নতুন ভিত্তির 'পরে জীবনকে দাঁড় করাতে। সমাজকীবনে এক্য চাই, সোষম্য চাই, অন্যোন্যভাবনা চাই; কিন্তু কী তার উপায় ?—যেমন করেই হোক্, বিবিক্ত অহংএর বেষারেষিকে দাবিয়ে দিয়ে ভেদজর্জ রিত সমাজে অত্তেদাসিন্ধিয় একটা সহজ কোশক জাগিয়ে তুলতে হবে। উদ্দেশ্য মহং, সন্দেহ

नारे : किन्छ छेभाग्न मुन्धे, कि ना. मत्मर स्मरेशानरे । ভाবের সমস্ত প্রকাশকে ঠেকিরে রেখে শুধু বাছা-বাছা দ্বারটি ভাবকে গায়ের জোরে বাশ্তবে রূপ प्लवात किशित राजना, वाक्तित स्वाधीन मनत्नत है। एट एक धता, कीवतनत मुक-ধারাকে যন্দ্র-তন্দ্রের সঙ্কীর্ণ খাতে বইরে দেওয়া, প্রাণ-শক্তির স্বচ্ছন্দ গতিতে আনা বন্দ্রচালিত একত্বভাবনার আড়ন্টতা মানুষকে বলি দেওয়া রাষ্ট্রের যুপে, ব্যক্তির অহংএর জায়গায় সম্প্রদায়ের অহংকে ঈশ্বর করা—এই হল জীবন-সমস্যা-সমাধানের অধ্যনাকন্পিত উপায়। সম্প্রদায়ের অহংকেই জাতির আত্মা বলে ঘোষণা করা একটা বিষম ভূল—যা শেষপর্যন্ত আনতে পারে 'মহতী বিনন্দিঃ'। তথাক্থিত বৃহত্তর গোষ্ঠীজীবনের খাতিরে ব্যাষ্ট জীবন-মন-কর্মের সকল বৈচিত্রাকে পিষে একাকার করে দেওয়াকে দেশাত্মার বেদিতে আত্মবলি-দান বলে প্রচার করা চলে: কিন্তু এই আচ্ছন্ন গোষ্ঠী-সত্তাই তো বাস্তবিক দেশ বা জাতির প্রাণপূর্য কি আত্মা নয়। এ শুধু সমষ্টি অবচেতনার বিকার—যার অকালবোধন হয়েছে মাঢ় প্রাণের তাডনায় : কিল্ড বালিধর আলোকে এ বদি না পথ চিনে চলতে পারে, তাহলে অন্ধ আস্ক্রীশন্তির প্ররোচনা একে কেবল জাতির সর্বনাশের দিকে ঠেলে নিয়ে যাবে। অস্বরের বীর্ষ আছে,— কিন্তু তার মূঢ়তা সচেতন প্রকৃতিপরিণামের প্রতিক্ল; মানুষই এই পরিণাম-শক্তির বিশ্বস্ত আধার ও বাহন। কিন্তু মানুষের দিব্যনিয়তিব সঙ্কেত তো এই মৃঢ়তার দিকে নয়; মহাপ্রকৃতি বহুপূর্বেই এর বিড়ম্বনা চ্রাকিয়ে এসেছে, স্তরাং আবার তার মাঝে ফিরে যাওয়া কখনও প্রগতির নিশানা হতে পাবে ना ।

একটা বন্দ্তুতত্ত্ব 'সম্যক্-আজনিব'-বাদ খাড়া করে মান্বের বৃত্তি-সমস্যা মেটালেই জনিবনের সকল সমস্যা মিটে বাবে, এমন-একটা মত প্রচারিত হচ্ছে। তারও উপার হল, সমণ্টির খাতিরে বাণ্টি প্রাণ-মনের কণ্ঠরোধ করে বন্দ্রান্ত্র মৃত্যু সমাজব্যকথার ঘাড়ে কৃত্রিম একদ্বের একটা বোঝা চাপানো। মান্বের প্রাণ-মনকে পিষে একাকার করে ঐক্য এনে উইপোকার সমাজের মত একটা কর্মপট্, স্থাণ্-সমাজ নিশ্চর গড়া চলে; তাতে কাজের গতান্গতিক শৃত্থলা বজার থাকবে, কিন্তু প্রাণের উৎস শ্কিরে বাবে এবং তা-ই জাতিকে প্রত বা বিলম্বিত অবক্ষরের দিকে ঠেলবে। একমাত্র বান্ধি-চেতনার প্রসারে এবং ঐশ্বর্ষে গোষ্ঠীর চিৎসত্ত্ব ও সাধনা আত্মসংবিৎ নিম্নে প্রগতির পথে এগিয়ে বেতে পারে। প্রাণ ও মনের প্রমৃত্ত স্বাতন্ত্রই চেতনার উপচর আনে,—কেননা উত্তর-সাধকের উন্মেব না-হওরা পর্যন্ত প্রাণ-মনই হল, চিক্ষেত্রের অনন্য সাধন; স্কুতরাং তাদের প্রবৃত্তিকে ব্যাহত এবং প্রকৃতিকে অডিক ও অনম্য করে প্রগতির পথে বাধা সৃন্দি করা আমাদের উচিত হবে না। প্রাণ-মনের স্বাতন্ত্যের ক্ষুত্রণে বে জটিলতা ও বিক্ষোন্তের সৃন্ধি হয়, বার্ত্তির স্বাতন্ত্য-হয়ণ ক্ষনও

তার স্থেই সমাধান নয়; বরং তাকে ব্যাপ্তির অবকাশ দিলে নিজেরই আলোতে সে আদ্মশোধন ও আদ্মসম্পূতিরি পথ খংজে পায়।

বর্তমান সমস্যার আরেকটা সমাধান হচ্ছে, সাধারণ মানুষের বৃণিধ ও সঙ্কল্পকে শিক্ষাদীক্ষায় এমনি মাজিত করে তোলা যে অভিনব সামাজিক-সংহতির শরিক হয়ে গোণ্ঠীজীবনের ঋতচ্ছন্দকে বজায় রাখতে স্বেচ্ছায় সে তার অহংকে বলি দিতে পারে। যদি প্রশ্ন হয় জীবনধারার এমন আমলে পরিবর্তান কী করে সম্ভব, তাহলে তার জবাবে দুটি পরিকল্পনা পাই : প্রথমত, সামাজিক জীব ও পোরজন হিসাবে ব্যক্তিকে ব্যাবহারিক-তথ্যের তত্ত-জ্ঞান দিয়ে তার মনের ভাণ্ডারকে সমূল্ধ করা এবং সূত্রী ভাবনার কৌশলে তাকে দীক্ষিত করা: দ্বিতীয়ত, এমন-এক অভিনব সমাজতদ্বের প্রবর্তন করা, ষার মন্ত্রশক্তিতে চক্ষের নিমেষে মান্য কলে-ছাঁটা আদর্শ জীব হয়ে বেরিয়ে আসবে। কিন্তু মানুষের আশা ও কল্পনা যা-ই বলুক, বাস্তবের অভিজ্ঞতায় प्तथा शिष्क, भिक्कांस वृश्थित मार्कांना श्लार कात्र श्राप्त विकास ना-वन्नः वृश्यित উৎকর্বে বাণ্টি কি সমণ্টি অহমিকাকে আরও নিপুণভাবে চরিতার্থ করবার কলাকোশল তার আয়ত্ত হয় মাত্র: মানুষের অহং আগে যা ছিল এখনও তা-ই থেকে যায়, শুধু তার আত্মপ্রতিষ্ঠার সুযোগ আরও প্রশস্ত হয়। আবার, সমাজের কলে ফেলে আজও মান্ষের প্রাণ-মনকে কোনও আদর্শের ছাঁচে ঢালাই করা সম্ভব হয়নি—যদিও এমন তথাকথিত আদর্শও অনেক ক্ষেত্রে আসলেরই একটা নকল শাধা। জড়কে কলে ছাঁটা চলে—চিন্তাকেও চলে; কিন্তু জড়শান্ত আর চিন্তার্শন্তি মানুষের আধারে আত্মর্শন্তি ও প্রাণশন্তির সাধনমাত। আত্মা আর প্রাণকে কখনও কলে ফেলে খুনিমত রূপ দেওরা চলে না। কলে মান,বের আত্মা ও মনকে গায়ের জোরে অসাড ও স্থবির করতে পারে—প্রাণ-শক্তি বহিব্তিকে নিয়মতন্দে বাধতে পারে; কিন্তু এই বলাংকারের সাধনায় সিশ্বি পেতে হলে প্রাণ-মনকে জড়াতে হবে নাগপাশের দুশ্ছেদ্য বন্ধনে এবং তার ফলে মানুষের জীবনে সুনিশ্চিত স্থাণুত্ব বা অধঃপাত আসবে। বুশ্ধির মব্যে ব্যাবহারিক ব্রন্তির শক্তি প্রবল: তাই মন-প্রাণকে নিয়মতন্দের বাঁধনে আড়ম্ট করা ছাড়া প্রকৃতির স্বার্থক ও জটিল লীলায়নকে আপন বশে আনবার জার-কোনও উপায় সে জানে না। কিন্তু তার সে-প্ররাসের পরিণামে বিদ্রোহী মানবাত্মার মধ্যে হয় জাগে যশ্যের ধরংস শ্বারা তার কবল হতে নির্কের স্বাতন্যা ও প্রিটর স্বাচ্ছন্দ্যকে ছিনিয়ে নেবার আক্তি, নয়তো জীবনবিমুখ হয়ে কুর্মের মত আদাসপেকাচের প্রকৃত্তি। প্রমন্ত আদাশতির উল্বোধনে অবিদ্যাচ্ছর চিত্তের যন্ত্রমূঢ়তাকে নিজিত করে প্রাণ-প্রকৃতিকে স্বক্ষন্দ করাই হল জীবন-সমস্যার সত্য সমাধান। কিন্তু মন্তার্ড সমাজের রুম্ব আবহাওরার আমোপ-লব্দি ও অম্বরপারণের অবাধ অবকাশ কোখার আছে?

জড়তন্ত জীবন সমাজের ক্লিণ্টতায় পীড়িত মান্য আবার হয়তো ধর্মের মাঝে মৃত্তির স্বাচ্ছন্দা খুজবে,—যশ্তের শাসনের চেয়ে ধর্মের অনুশাসনকেই সে মনে করবে সামাজিক শ্রেয়োলাভের প্রকৃষ্টতর কৌশল। বৈধুমার্গের আনু-শাসনিক ধর্ম ব্যক্তির অন্তরকে উদ্বেদ্ধ করে সাক্ষাংভাবে কি প্রকারান্তরে তার অধ্যাত্ম-উন্মীলনের পথ করে দিয়েছে সত্য, কিন্তু মান্ধের সমাজ ও জীবন-ধারাকে প্রাপ্রবি সেও বদলে দিতে পার্রোন। তার কারণ, সমাজকে চালাতে গিয়ে প্রাণের অবরভাগের সঙ্গে তাকে অনেক জায়গায় রফা করতে হয়েছে.— তাই সমগ্র সমাজ-প্রকৃতির আম্লে র্পান্তরের সামর্থ্য কি স্থোগ তার মেলেনি। বিশেষ কোনও ধর্মমতকে আঁকডে ধরে শাস্তান,মোদিত শীলের পালন, তার বিধি-নিষেধ ও আচার-অনুষ্ঠানের অনুবর্তন—সামাজিক মানুষ সাধনার এই বহির গাটকুই বোঝে: তার 'পরে ধর্মের দাবি এর বেশী আব এগোয় না। তাতে সমাজের গায়ে ধর্ম-কর্মের একটা আলতো পোছমাত্র পড়ে; আর অপরোক্ষ-অন্ভবের দুর্ঢ়ানষ্ঠ একটা সাম্প্রদায়িক ধারা কোথাও র্যাদ বে'চে থাকে, তাহলে আধ্যাত্মিকতার একটা হালকা হাওয়া কখনও-বা সমাজের গায়ে লাগে। কিন্তু শুধু এইটাকুতেই জাতি-স্বভাবের রূপান্তর ঘটে না, কি মানুষের জীবনে নবীন বিভূতির অভ্যুদয় দেখা দেয় না। ব্যক্তি ও জাতির সমগ্র জীবনে ও সমগ্র প্রকৃতিতে চিংশক্তির অকুণ্ঠ প্রেতিই মান্ষকে তার স্বোত্তরভূমিতে নিয়ে যেতে পারে। মান্য এমন প্রত্যাশাও করেছে : সমাজ যদি সিন্ধ মহাজনের প্রদাশিত পথে চলে, সমধমী বা সমপন্থীদের মধ্যে প্রাতৃত্ব কি একত্বের বোধ যদি জাগে এবং তাকেই ভিত্তি করে প্রাচীন জীবনব্যবস্থাকে ফিরিয়ে এনে কিংবা নতন ব্যবস্থার স্বাণ্টি করে আধ্যাস্থিকতার একটা আমেজ আনা যায় মানুষের জীবনে ও সমাজে—তাহলে হয়তো মানব-প্রকৃতির অভীষ্ট রূপান্তর আসতে পারে। কিন্তু মানুষের এমনিতর প্রচেষ্টাও এর আগে কোথাও সফল হর্মান। অতীতের একাধিক ধর্মের মূলে এই একাঘ-বোধস্থির প্রেরণা ছিল: কিন্তু মানুষের নির্চু অহমিকা ও প্রাণপ্রবৃত্তি এতই উদ্দাম যে, মনেরই সহায়ে মনের কানে গ্রেক্সরিত 'ধর্মের কাহিনী'র সাধ্যে কুলায় না তাদের বাধাকে নিজিত করা। একমাত্র জীবনচেতনার পরিপূর্ণ উন্মেষে, চিংপত্নেরের স্বর্পজ্যোতি ও স্বর্পশস্তির অকুণ্ঠ আবেশে এবং তারই ফলে অতিমানসী চিন্ময়ী পরমা প্রকৃতির বীর্ষে এই প্রাণ-মনোময় অপরা প্রকৃতির উধর্বায়ন কি র্পান্তরেই প্রকৃতিপরিণামের ঐ লোকোত্তর সিম্ধি মত্যের আধারে মূর্ত হতে পারে।

প্রকৃতির আম্ল র্পান্তরের দিকে আমাদের এই ঝোঁক দেখে কারও হয়তো মনে হবে, মান্ষের চিন্ময়ী সিন্ধির আশা ব্রি তাহলে কোন্ স্দ্রভাবী উত্তরায়ণের কল্পনা; কেননা এখন মান্য যে-অবস্থায় আছে, তাতে তার প্রাকৃত-

প্রভাবকে ছাড়িয়ে ওঠা, তার দেহ-প্রাণ-মনের নিরুত সঞ্কোচকে অতিক্রম করা বলতে গেলে একটা অতিকৃচ্ছ্যু কি অসাধ্য সাধনার নামান্তর। অথচ জীবনকে সোনা করে তোলবার আর-কোনও উপায় তো নাই: মানুষের স্বভাব বদলাবে ना अथि कीवतनत थाता यात्व वनत्न, এ भूध, कज्वामीत अर्थाकिक आमा, কিংবা একটা অস্বাভাবিক ও অবাস্তব অসম্ভব-কিছুর দাবি। কিন্তু র্পান্তর্রসিন্ধি তো আমাদের আত্মপ্রকৃতির কাছে স্ক্রিরসাধ্য অপ্রাকৃত কি অসম্ভব কিছুরেই দাবি করে না: স্বভাবে যা অন্তর্গতে, সে চায় তার বহিঃ-প্রকাশ—বাইরের কিছুকে তো সে স্বভাবের 'পরে চাপাতে চায় না । প্রকৃতি-পরিণাম আমাদের মধ্যে স্বরপোপলিখর তাগিদ জাগিয়েছে, আমাদের অত-নিহিত চিৎস্বভাবের নির্মান্ত প্রকাশের প্রেতি এনেছে: আত্মার যে প্রজ্ঞা বীর্য ও স্বাভাবিক সাধনসম্পদ সমাহিত হয়ে আছে আমাদের আধারে, সে তারই বিচ্ছ্রবণ চেয়েছে। এরই জন্য দীর্ঘযুগের পরিণাম-সাধনায় তার কত-না আয়োজন চলেছে: নিয়তির প্রতি সঞ্চট-আবর্ত পার হয়ে মানুষের সাধনা ক্রমেই এই পরমা-সিন্ধির ক্রেল এগিয়ে এসেছে। অবশেষে তার প্রাণ-মনের উধর্বায়নের তপস্যা আজ এমন জায়গায় এসে পেশছেছে যেখানে তার বর্নিধ ও প্রাণশক্তি উত্তারের সংকট-সীমায় উত্তীর্ণ হয়েছে: এবার হয় তারা নিস্তেজ হয়ে স্তিমিত অবসাদের তলায় তলিয়ে যাবে কি প্রগতিহীন নিশ্চেষ্টতার কোলে ঢলে পড়বে, নয়তো বন্ধতেজে সকল বাধা বিদীর্ণ করেই উত্তর্রসিম্পির মহাভূমিতে এগিয়ে যাবে। একাধিক চিত্তে এই সংকটের চেতনা পরিস্ফুট হয়ে উঠ্ক, এর সম্ভাবিত পরিণতির অপরিহার্যতা তাদের উদ্বৃশ্ধ কর্ক, তাদের মধ্যে এই লোকোন্তর সিদ্ধির নবসাধন আবিষ্কারের প্রেরণা আনুক—এখন এই তো চাই। নিয়তির তাড়নায় মানব-জগতের ভবিষাং যতই সংক্রল হয়ে উঠছে. ততই এই দিব্য সম্ভাবনার আকৃতি তার চিত্তকে মথিত করছে: একটা নিষ্কৃতি বা সমাধান চাই, আর অধ্যাত্ম-সমাধান ছাড়া সামনে আর-কোনও সমাধানের পথও খোলা নাই-এই চেতনাই সংকটের করাল নিম্পেষণে তার মধ্যে দিন-দিন সমিন্ধ এবং অনিবর্তনীয় হয়ে উঠছে। মর্ত্য আধারের এই আক্তিতে পরম পরেষ ও পরমা প্রকৃতির বাকে সাড়া যে জাগবেই, তাও কি আবার বলতে হবে ?

হয়তো এই সাড়ায় শ্রন্তে ব্যক্তির চেতনায় ফ্টবে পথের নিশানা; তারপরে বহু অধ্যাদ্মচেতার আবির্ভাবে নবযুগের স্চনা দেখা দেবে এবং তারও পরে হয়তো সম্মৃত্ গণচেতনার অদিব্য পরিবেশেই এক কি একাধিক বিজ্ঞানখন-প্রমুষ আবির্ভূত হবেন—যদিও এ-আবির্ভাব কতট্বকু সম্ভাব্য আর কতট্বকু কল্পনা বলা কঠিন। এই নিঃসংগ সিম্পচেতনা হয় বাইরের সকল ছোন্তাচ্চিয়ে অন্তরের দিব্যধামে আপনাকে গ্রাহত করে রাখবে; অথবা স্মুম্পাল

ভবিষ্যতের স্কৃত্র সম্ভাবনাকে সাধ্যমত আসমতর করতে এই তন্দ্রাহত বিশেবরই 'পরে সবার অগোচরে ঢালবে তার অল্তরের দীপ্ত। বিজ্ঞানঘন-পরেষ যদি সমানধর্মা অন্যান্য পুরুষের সঙ্গে অন্তরের যোগে যুক্ত হয়ে লোকোত্তর-চেতনার একটা স্ব-তন্দ্র কি বিবিক্ত সংহতি অথবা অভিনব জীবনছন্দের উদ্গাতারপী সিম্পদ্রেরের একটা মন্ডলী গড়তে পারেন, তাহলে মান্বের অন্তঃপ্রকৃতির এই নবায়ন ব্যাপ্তির পথ পাবে এবং তাতেই বিজ্ঞানঘন সংঘের সূচনা হবে। অন্তর্যামীর নিগঢ়ে চিৎসংবেগ বা প্রেষণাকে সার্থক করতে জীবনের একটা অন্-ক্লে ছন্দমিতি, একটা চিন্ময় পরিবেশ প্রয়োজন: তাই আধ্যাত্মিকতার দিক থেকে সাধারণ সমাজ হতে বিবিক্ত একটা নবীন সংঘজীবন গডবার প্রয়াস মান্ত্র চিরকাল ধরে করে এসেছে। সে-প্রয়াস কোথাও সন্ন্যাস-জীবনে, কোথাও-বা তারই অনুরূপ নানা অধ্যাত্মগোষ্ঠীর আকারে ফুটেছে। সম্যাস-জীবনের লক্ষ্য সাধারণত পারত্রিক; সংঘবন্ধ হলেও সন্ন্যাসীদের উদ্দেশ্য থাকে একমাত্র নিজের মধ্যে তত্তুস্বরূপের উপলব্ধি, অতএব তাঁদের সংঘজীবনের বিধি-নিষেধ র্রাচত হয় সেই সাধনারই অনুকুলে। অনেকসময় দেখা যায়, জীবনায়নের একটা অ-প্রাকৃত আদর্শ প্রতিষ্ঠা করে জগতে একটা নতুন ধারার প্রবর্তন তাঁদের সাধ-নার অত্য নয়। আমাদের ধর্মসাধনায় কি মনঃকল্পিত আদর্শবাদে এমনতর 'নববিধানের' স্কুরে আলেখ্য কি প্রয়াসের সচনা মাঝে-মাঝে ফুটে ওঠে বটে: কিন্তু মানুষের প্রাণময় প্রকৃতিতে নির্ঢ় অবিদ্যা ও অচিতির কাছে প্রতি-নিয়তই তার পরাভব ঘটে—কেননা শুধু আদর্শের কম্পনা কি চিন্ময়ী অভী-প্সার মন্দসংবেগ এই পঞ্জীভূত তামসিকতার মূঢ় বিদ্রোহকে চিরনিজিত করে কথনও তার রূপান্তর ঘটাতে পারে না। এই পরাভবের মূলে কখনও থাকে স্ফিবীর্যের দৈনা, কখনও-বা বাহ্যজগতের ন্যুনতার অভিঘাত—যার ফলে বিশ্বহিতের আকৃতি চিন্ময়ী কল্পনার জ্যোতিঃশিখর হতে দুদিন পরেই মর্ত্যের ধুলায় মেনে আসে, নবজীবনের এবণা প্রাত্যহিকতার আবর্জনায় ভারা-ক্রান্ত হয়ে ওঠে। অল্ল-প্রাণ-মনোময় সন্তার নয়—কিন্তু চিন্ময় সন্তারই প্রকাশ বে-সংঘঞ্জীবনের কাম্য, তার প্রতিষ্ঠা ও বিধৃতির মূলে প্রাকৃত-সমান্তের অল্ল-প্রাণ-মনোময় বিত্তৈষণার চাইতে বৃহত্তর কোনও আদর্শের এষণা থাকবে; তা নইলে তাকে প্রাকৃত-সমাজের একট্বখানি ইতর্রবিশেষ ছাড়া আর-কিছুই বলা চলবে না। বহু ব্যক্তিতে লোকোত্তর দিব্যচেতনার সমাবেশ চাই এবং তারই বীর্ষে অন্ন-প্রাণ-মনোময় প্রাকৃতসন্তার এককথায় সম্প্র আধারের আম্ল র্পান্ডর চাই—পৃথিবীর বৃকে নবজীবনের আবিউনিব তবেই সম্ভব। আবার সমগ্র মানব-চেতনাতে এই র পাশ্তরের আভাস স্কিত হলেই অভিনব সংখ-জীবনের সার্থক উদ্বাপন সম্ভব হবে। প্রকৃতির প্রারণাম-তপস্যা শব্ধ-বে তখন নতুন ধরনের মনোমর সত্ত্বের আবিস্তাবকে সম্কেতিত করবে তা নর:

এই প্রথিবীতেই সে এমন-একটা অভিনব সত্ত্বের থাক গড়বে, যারা তাদের সমগ্র সন্তাকে বর্তমানের মননধমী পাশবতা হতে এই মর্ত্যপ্রকৃতিরই একটা তুণ্গতর চিন্ময়ী-স্থিতিতে উল্লীত করবে।

বহুজনের মধ্যে মত্যপ্রকৃতির এই পূর্ণরূপান্তর কখনও অতর্কিত সিম্ধ হতে পারে না; পথের শেষে এসে প্রকৃতি যখন মোড় নিয়েছে নতুন দিকে, অভিনবের আবিভাব যখন সুনিশ্চিত, তখনও তার সামনে যুগব্যাপী কুচ্ছা-সাধনার অণ্নিপরীক্ষা থাকে। চেতনার প্রাচীন ধারার আম্লে পরাবর্তনে এক অভিনব চিদাবেশশ্বারা সমস্ত সত্তাকে জারিত করা—এই হল সাধনার প্রথম স্তর: কিন্তু তার জন্যে হয়তো স্বাদীর্ঘ আয়োজনের অপেক্ষা থাকে এবং রূপান্তর শ্রে হলেও হয়তো পর্বে-পর্বে তার অভিযান চলে। একটা গ্রান্থ-ভেদের পর ব্যক্তিচেতনায় প্রগতির বেগ কখনও ক্ষিপ্র হয়—এমন-কি আকস্মিক উৎপ্ল তিতে আধারের একটা ক্রান্তিকারী পরিণাম সিন্ধ হয়: কিন্তু একটি ব্যক্তির রূপান্তরেই তো সিম্ধ-সত্ত্বের একটা নতুন থাক কি সংঘজীবনের একটা নতন ধারা সূত্ট হয় না। কল্পনা করা যাক, জীবনের প্রাচীন পরিবেশেই র পান্তরিত ব্যক্তিচেতনার ইতস্তত উন্মেষ প্রথম ঘটল,—তারপর তাদের সংঘ-বন্ধনে নবীন দেবজাতির অঞ্কুর উদ্গত হল। কিন্তু এ তো প্রকৃতিপরি-ণামের স্বাভাবিক রীতি নয়; তাছাড়া অবর-প্রকৃতির আবেষ্টনে ঘেরা থাকতে ব্যক্তির চেতনাতে কখনও পূর্ণে রূপান্তর আসতেও পারে না। তাই পরিণামের বিশেষ পর্বে চিরাগত প্রথামত একটা বিবিক্ত সংঘ প্রতিষ্ঠার প্রয়োজন হতে পারে। কিন্তু তার লক্ষ্য থাকবে দুটি : প্রথমত, সংঘের বিবিক্ত জীবনে এমন-একটি শরবং-তন্ময়তার আবহাওয়া সুষ্টি করা—যা সবরকমে বাল্তিচেতনার দিব্য-পরিণামের অনুক্রল হবে; দিবতীয়ত, সকল আয়োজন পর্ণে হলে ঐ মন্ত্রপতে চিন্ময় পরিবেশেই অভিনব জীবনধারার রূপায়ণ ও উন্মেষ ঘটানো। সম্ভবত সাধনার এই একমুখীনতার ফলে রূপান্তরের বাধাগ্রালও আরও জোরালো হয়ে ফ্রটে উঠবে; কারণ ব্যক্তিগতভাবে প্রতি সাধকের মধ্যে যেমন সংস্কার্য জগতের ভব্যার্থের সংবেগ থাকবে তেমনি থাকবে তার অসিন্ধ ভূতার্থের ব্যাঘাত,—নবজীবনের অন্কুল বৃত্তি ও সামর্থ্যের সংগ্রে প্রাচীন সংস্কারের প্রতিক্লতা জড়িয়ে থাকবে। তখন সংকীর্ণ ও নিবিড় সংঘজীবনের পরিমিত আবেষ্টনের মধ্যে দুরের সংঘাতে বাধাগুলিই অপ্রত্যাশিত দুর্ধর্য হয়ে উধ্ব পরিণামের সমিশ্ধ ও একাগ্র বীর্ষকেও বিপর্যস্ত করতে চাইবে। অতীতে প্রাণ-মনোময় প্রাকৃতজ্ঞীবনকে ছাপিয়ে মনোময় মানুষ যতবার চেয়েছে একটা বৃহত্তর সত্যের ছন্দস্বমাকে র্পায়িত করতে, ততবারই তার ভরাড়ুবি হয়েছে এইখানে। কিন্তু মহাপ্রকৃতির সর্বতোম্ব প্রস্তৃতির ফলে উধর্বপরিণামের আশ্বাস বাদ সুনিশ্চিত হয়, অথবা উত্তরভূমি হতে চিংপুরুষের শবিপাত যদি

তীর এবং অবন্ধ্য হয়—তাহ**লে** সকল বাধা লঙ্ঘন করে দিবাপুরিণামের এক বা একাধিক বিভৃতির আবির্ভাব ঘটানো অসম্ভব হবে না।

জীবন হবে চিন্ময় সত্যের দীপ্তচ্ছটা, বৃহৎ-জ্যোতি ও কবিক্রতুর প্রশাসন হবে তার একান্ত নির্ভার—এই যদি দিবা-ধর্মের শান্বত ছন্দ হয়, তাহলে তার জন্য এমন-একটা বিজ্ঞানঘন জগৎ চাই যেখানে প্রত্যেক ব্যক্তির চেতনাই স্বরূপত বিজ্ঞানঘন তত্ত্বের 'পরে প্রতিষ্ঠিত; সেখানে এক বা একাধিক বিজ্ঞানঘন গোষ্ঠীতে প্রভারতই সহবেদন ও সৌষম্যের নীরন্ধ চেতনায় জীবনের সংগে জীবন অনায়াস স্বাচ্ছদ্যে ব্যতিষম্ভ থাকবে। কিন্তু এখানে বস্তুত বিজ্ঞানঘন-পরেষের জীবনধারা অবিদ্যাচ্ছয় জীবন-পরিবেশের অন্তরে কি সমান্তরে প্রবা-হিত হবে এবং তাকে বিদীর্ণ কি উন্দ্যোতিত করেই নিজেকে সে উন্মিষিত করতে চাইবে—অথচ পাশাপাশি দুটি জীবনায়নের আপাতবৈধর্ম্য হতে একটা হানাহানির ভাব যেন থেকেই যাবে। তখন অবিদ্যার ছোঁয়াচ বাঁচাতে বাধ্য হয়ে অধ্যাত্ম-সংঘজীবনকে সম্পূর্ণ গৃহাহিত বা তার থেকে বিবিক্ত হতে হবে -- नरेल रय़रा प्रत्यंत्र भर्षा अकेंग त्रकात श्रायाक्षन रूप। किन्जू त्रकाभात्वरे মহত্তর জীবনে কল্ব এবং অপূর্ণতার ছোঁয়াচ আনে : দুর্টি বিভিন্ন ও অসমঞ্জস প্রকৃতির মধ্যে যোগাযোগ ঘটলে, বড়-র প্রভাব ছোট-র 'পরে পড়বে যদিও, তব্ ছোটও বড়কে প্রভাবিত করতে ছাড়বে না,—কেননা পাশাপাশি থাকতে গেলেই মাখামাখি হওয়াটাও স্বভাবের একটা আইন। এমনও মনে হতে পারে, বিদ্যা আর অবিদ্যার এই গ্রেম্থালিতে বিরোধ আর সংঘর্ষ ই প্রথমকার দস্তুর হবে,— কেননা অবিদ্যার মাঝে নিত্য স্ফুরিত হচ্ছে অন্ধর্তমিস্রার দুর্ধর্ষ দানবী-শক্তি, যা মানবী চেতনায় উত্তরজ্যোতির আবেশকে প্রাণপণে কল বিত ব্যাহত ও বিধন্দত করতে চাইবে। ব্রশন্তির এই অত্যাচার যুগে-যুগে পরা প্রকৃতির পরে হয়ে এসেছে: অবিদ্যার নিরুঢ় বিধানকে লঙ্ঘন করে যখনই কোনও নবচেতনা চেয়েছে প্রকাশের পথ, তখনই তার সামনে এই ব্রাস্ক্র তাল ঠ্কে দাঁড়িয়েছে এবং নির্মাম অত্যাচারে তাকে নির্মাল করতে চেয়েছে; কথনও-বা অন্ধর্শন্তির অতর্কিত প্ররোচনা অভিনবের জয়শ্রীকে অন্যবিদ্ধ করেছে—তখন প্রতিরোধের চেয়ে নবশক্তির স্বীকৃতিই জগতের পক্ষে আরও নিদারণ হয়েছে এবং অবশেষে কল্বিত ছায়াপাতে নতুন উষার আলোর জয়ন্তী ন্তিমিত ও বিপ্লত হয়েছে। তাই যে নবশক্তি বা নবজ্যোতি মর্ত্যচেতনায় আমলে র্পাশ্তর এনে আজ তার দায়ভাগকে এখানে প্রতিষ্ঠিত করতে চাইবে, তার বিরহ্পে ব্রের অভিযান হয়তো দ্বারতম হবে, হয়তো বিপর্বাসের আশুক্ষ হবে নিবিড়তম। কিন্তু এ-ও সত্য, নবালোকের প্রশিচ্ছটা নবশক্তিরও অমোঘসিন্ধির বীর্ষ সংখ্য আনবে। সেইজনাই জগতে তাকে হয়তো সম্পূর্ণ ব্লিবিক্ত হয়ে থাকতে হবে না; বিশ্বে হয়তো নিজেকে সে পুঞ্জে-পুঞ্জে ছড়িয়ে দেবে এবং সেখান হতে

ব্যামিশ্র চেতনার রন্থে-রন্থে অনুপ্রবিষ্ট হবে, অভ্যাসের জীর্ণতার 'পরে প্রদীপ্ত প্রাণের বৈদ্যাতী আনবে, মানুষের জীবনতক্তে এক নবীন অভীপ্সার উদ্মাদনা জাগিয়ে তুলবে যা একদিন স্বাগত-মক্তে এই অভিনবের আবির্ভাবকে বন্দনা করবে।

ি কিন্তু এ-সমস্তই উদ্যোগপর্বের সমস্যা; অর্থাৎ মহাশক্তির জয়ন্তী সিস্ক্ষা নিরক্ষ্ণভাবে উজানধারায় না বইতে পারছে যতদিন, যতদিন এই পার্থিব-কল্পে বিজ্ঞানময় সত্ত মনোময় সত্তেরই মত স্প্রতিষ্ঠ না হচ্ছে—ততদিন ধরে প্রকৃতি-পরিণামের এমনিতর কুচ্ছ্রতপস্যাই এখানে চলবে। কিন্তু বিজ্ঞানঘন-চেতনা মর্ত্যক্ষীবনে একবার অচলপ্রতিষ্ঠার আসন নিলে তার প্রক্তা ও বীর্যের সঞ্চয় ন্বভাবতই মনোময় মানুষের প্রজ্ঞা-বীর্যকে ছাপিয়ে যাবে। তখন বিজ্ঞানঘন-সংঘের বিবিক্ত জীবন সহজেই বৃত্তশক্তির সকল অভিঘাত এডিয়ে যাবে, যেমন মানুষের সমাজ-সংহতি ইতরপ্রাণীর অভ্যাত সম্পর্কে আজ নিঃশৃৎক হয়েছে। বিজ্ঞানঘন-প্রকৃতির এই প্রজ্ঞাবীর্যে ও স্বভাবছন্দে শুধু-যে সংঘজীবনই একম্ব-ভাবনার দাঁপ্রিতে উদ্ভাসিত হবে তা নয়,—বিদ্যা ও অবিদ্যার জীবনাবন্দেও সে সামঞ্জস্যের সর্ব জয়া সুষমা ছডিয়ে দেবে। বিজ্ঞানঘন-জীবনের প্রতিষ্ঠা হয়তো হাটের মধ্যে হবে না,—কিন্তু তাহলেও তার ছটামণ্ডলে চিন্ময় পথের পথিক ও উত্তরারণের যত অভিযাত্রী আশ্রয় পাবে; তার বাইরে যারা, তারা মনোময়ী প্রকৃতির প্রাচীন ধারাকে অন্মরণ করবে বটে, কিন্তু তাদের সকল সাধনার 'পরে তারা এক দিব্যপ্রজ্ঞার জ্যোতিঃসম্পাত ম্পন্ট অনুভব করবে এবং তারই প্রেরণা তাদের অভিনব মানবোষের অভূতপূর্ব সৌষম্যাসিম্পির দিকে নিয়ে যাবে।... ভবিষ্য-জগতের এই ছবি : কিন্তু এও শুখু মনঃকল্পিত আভাস : জগতীচ্চন্দের কোন চিত্রলেখা অনাগতের বুকে ফুটবে অতিমানসী প্রমা প্রকৃতির ঋতম্ভরা প্রজ্ঞাই তা নির পিত করবে।

বিজ্ঞানঘনা পরমা প্রকৃতির দ্বর্প আমাদের অবিদ্যাচ্ছল প্রাকৃত-ব্দিধর অগোচর; মত্যমনের কলিপত আদর্শ অবিদ্যার বিস্ভিমান, অতএব তা দিয়ে পরমা প্রকৃতির প্রাণের ছন্দকে চেনা যার না। অথচ আমাদের বর্তমান প্রকৃতিও পরমা প্রকৃতিরই বিভূতি এবং তাকে শান্ধ-অবিদ্যা না বলে বলা চলে অর্ধ-বিদ্যা; স্ত্রাং তার কলিপত আদর্শ ও প্রের্বার্থের অন্তরে কি অন্তরালে যে চিন্মরস্ত্য প্রচ্ছল রয়েছে, লোকোত্তর জীবনে সেও আবার ফ্টে উঠবে—ঠিক আদর্শ রূপে নর, কিন্তু জ্যোতির্মার অবিদ্যানির্মার জীবনের সত্য-স্বমার ছন্দবহ ও র্পান্তরিত উপাদানর্পে। চিন্মর ব্যক্তিভাবনার বিশ্বর্পারণে ব্যক্তিসন্তের সক্কীর্ণ অহন্তা যথন খনে পড়ে, মনোবাণীর অতীত পরমা প্রকৃতির প্রজ্ঞানলাকে অন্তর উল্ভাসিত হয়,—তখন বেমন আদর্শের যত ব্যক্ষবিধ্র মানসকল্পনা শ্লো মিলিরে যার, তেমনি তাল্প অন্তরিনিহিত সত্যও পরমা প্রকৃতির

জীবনসত্যরূপে সঞ্জীবিত হয়ে ওঠে। বিজ্ঞানঘন-চেতনায় আত্মসংবিং ও বিশ্ব-সংবিতের যোগযুক্ত প্রত্যয় ঋতম্ভরা প্রজ্ঞা ও সত্তাপত্তির উদার জ্যোতিতে সকল বিরোধ তিরোহিত বা বিগলিত হয়ে যায়। প্রাকৃতবৃদ্ধির আদর্শবাদ বিজ্ঞান-ঘন-পুরুষকে বাঁধতে পারে না: অহংএর সেবা যেমন তাঁর পুরুষার্থ নয়. তেমনি সমাজসেবা রাণ্ট্রের সেবা কি মানবসেবাও তাঁর ঐকান্তিক পরে, যার্থ নয়। কার্রণ এদের অর্ধসত্যকে ছাপিয়ে ভাগবত সত্যের দিব্য আবেশে তাঁর চেতনা আবিষ্ট. —বিশেবাত্তীর্ণের কবিদ্রুত্বর পরমন্ত্যোতিই তাঁর জীবনের দিশারী, অতএব নিজের মধ্যে সবার মধ্যে বিশ্বাত্মভাবের বেদনে তিনি সেই ক্রতুরই প্রেষণাকে জানেন। তাই আত্মপ্রতিষ্ঠা আর বিশ্বহিতৈষণায় তাঁর জীবনে কোনও বিরোধ নাই—কারণ বিজ্ঞানঘন-পরেষের আত্মা সর্বভূতেই আত্মভূত: জীবনাদর্শের সাধনায় ব্যক্তি বড় কি সমাজ বড় এ-প্রশ্নও তাঁর কাছে নিরপ্রক-কারণ দুয়েরই মধ্যে তিনি ভূমার বিভূতিকে দেখেন, অতএব শ্বাধ্ব পরমপ্রর্ষের চিন্মর-ক্রতুর ছলে ফ্রটে তারা তার দ্রাঘ্টতে সার্থাক। অথচ আদশের কল্পনায় প্রাকৃত-মনে সত্যের যে-ছায়া পড়ে, তাঁরই জ্বীবনে তার সিন্ধ-কায়া ফোটে: কেননা মানুষের চাওয়াকে তাঁর ভাবনা ছাড়িয়ে গেলেও বিশ্বমানব যে তাঁরই আত্মভূত—যদিও তাদের মত স্বার্থ সমাজ রাষ্ট্র বা মানবতাকে ভগবানের আসনে তিনি কোনকালেই বসাতে পারেন না। এইজন্যে তাঁর অন্তরে বিশ্বের ভাবনা মূর্তি ধরে—কেননা আত্মাতে এবং সর্ব ভূতে রক্ষান ভবের অবন্ধ্য প্রত্যয় যেমন তাঁকে বিশ্বমানবের সঞ্গে বিশ্বভতের সংখ্য এবং নিখিল বিশেবর সংখ্য তাদাত্ম্যভাবনায় যোগযুক্ত করে, তেমনি স্বার অন্তরে পরমসত্যের শাশ্বত অভাদয়কে নিতা-প্রচোদিত করাই হয় তাঁর জীবন-সাধনার একটা অঞ্চা। ঋতম্ভরা প্রস্কা ও সত্যসঞ্চল্পের প্রেরণায় এক অখন্ড ও অনন্ত সত্যের প্রেতিতে তাঁর কর্ম হয়—অতএব মনঃকাদ্পিত বিশেষ-কোনও বিধি কি আদশের আড়ন্টতা তার মধ্যে থাকে না; কেননা আনশ্তের প্রবৃত্তিতে খণ্ডিত সত্যের 'ষ্থাতথ্যতঃ' বিধানের প্রতি শ্রন্ধা অটুট রেখেও অখণ্ড সতাধাতির স্বাতন্তা যেমন আছে, তেমান বিশ্বপরিণামের প্রতি পর্বে জগতের প্রত্যেক ব্যাপারে শক্তির যে-লীলায়ন ও উন্মিষ্ণত চিং-তপসের যে-আক্তি ক্ষুরিত হয়ে চলেছে, তারও অবিকশ্পিত বিজ্ঞান তার আছে।

বিজ্ঞানঘন-পর্র্বের সিম্পচেতনায় সমস্ত জীবন হবে চিংসন্তারই সিম্পসত্যের র্পায়ণ; আত্মপ্রতির বা-কিছ্ র্পান্তরিত হয়ে ঐ মহন্তর সত্যের
আয়তনে তার চিংস্বর্পের সতা খাজে পাবে এবং তারই স্থোবমো ছন্দিত হবে—
তার জীবনে কেবল সেই চিদাবিষ্ট ব্রিরই স্থান ছবে। এই করে বর্তমান
প্রকৃতির কী বে অবশেষ থাকবে, মন তা বলতে পারে না; কেননা অতিমানসবিজ্ঞান তার স্বর্প-সত্যকে বখন এই আধারে নামিরে স্থানবে, তখন সেই সভাই
আমাদের প্রাকৃত দেহ-প্রাণ-মনের আদর্শে ও উপলাখিতে তার বে-আভাসট্রক

ছিল, তাকে উন্দীপ্ত করে তুলবে। হয়তো আধারে সে-সত্যের প্রান্তন রূপায়ণের কোনই নিশানা মিলবে না,—কেননা জীবনসত্যের নবীন প্রকাশের সংস্যা তারা খাপছাড়া হবে, অতএব তাদের সেদিন ভেঙেচুরে নতুন করে গড়তে হবে; এমন-কি তাদের স্বর্পে কি ব্রত্তিতে সত্য এবং শাশ্বত যা, টিকে থাকতে গোলে তারও হয়তো রূপান্তরের প্রয়োজন হবে। মানুষের জীবনে আজ যা নিতান্ত স্বাভা-বিক. তার অনেক-কিছুই সেদিন থাকবে না: প্রাকৃত-মনের অনেক নন্দনকম্পনা, অনেক মনগড়া তত্ত্ব এবং তন্ত্র, মানুষের জীবনজোড়া যুগর্সাণ্ডত অনেক আদ-শের সংঘাত বিজ্ঞানঘন-চেতনার দুষ্টিতে অগ্রন্থেয় কি মুলাহীন হবে। এই চাকচিকামর বন্ধনার আড়ালে কিছুমার সত্য কোথাও যদি লাকিয়ে থাকে. তাহলে উদারতর সৌষম্যের উপাদানরপে কেবল তারই ঠাই হবে বিজ্ঞানের জগতে। প্পষ্টই বোঝা যায়, বিজ্ঞানঘন জীবনে শ_ৰধ ঋতের ছন্দ ফুটবে; তার মাঝে যুদ্ধজ্ঞনিত বিদেবষ বৈরিতা ও বর্বরতার বিষোদ গার এবং ধরংস ও অত্যাচারের অন্ধ প্রমন্ততা থাকবে না: রাষ্ট্রচেতনায় থাকবে না অসাধ্তা নীচতা অবিরাম রেষারেষি পরপাঁড়ন স্বার্থের সংঘাত বা অজ্ঞান ও অকর্মণ্যতার ফলে যত অনাস্থির স্থি। কলা ও শিল্প তখন প্রাণ-মনের স্থ্লে প্রমোদলিস্সা অবসর-বিনোদন কি খ্রান্তচিত্তের সাময়িক উত্তেজনার উপায় হবে না—কিন্ত তারা হবে চিন্ময় সত্যেরই বাহন এবং সাধন, জীবনের শ্রী ও আনন্দের প্রকাশ এবং উপকরণ। জীবনের পনের-আনা জ্বড়ে আজ যে **অতৃ**প্ত প্রাণ ও শরীরধর্মের জ্বল্ম চলেছে, তখন তারা চিদ্বিলাসেরই বিভূতি ও সাধনরপে র পাশ্তরিত হবে। সেইসংগ্র দেহ আর জড়ের সত্যও যথন চিশ্ময়-পুরুবের কাছে মর্যাদা হারাবে না. তখন জড়শন্তির প্রশাসন ও জড়বস্তুর ঋতময় উপযোগও মত্য প্রকৃতিতে উন্মিষিত চিন্ময় সিন্ধ জীবনায়নের একটা অপরি-হার্য অঙ্গ হবে।

অধ্যাত্মজনীবন তপঃকৃচ্ছত্রতা ও অপরিগ্রহের জনীবন, বলতে গেলে এ-ধারণা আমাদের মন্জাগত; জনীবনিবম্থ ক্মর্বিন্তিই যদি হয় আধ্যাত্মিকতার ন্বর্প এবং লক্ষ্য, তাহলে নিন্চয় অপরিগ্রহই তার মুখ্য সাধনা। এ-আদর্শকে ঐকানিতক বলে না মানলেও, অধ্যাত্মজনীবনের ঝোক যে হবে অতিসারল্যেরই দিকে-এ-দাবি আমরা ছাড়তে পারি না; কেননা জনীবনের ঐশ্বর্ষ যে কেবল প্রাণবাসনাও ন্থাল ভোগাসন্তির সাধন, এ-ধারণায় আমরা অভ্যত্ত। কিন্তু দ্ভির প্রসার হলে মনে হবে, এও তো অবিদ্যাশাসিত মনের আদর্শবাদের জন্পনা; কামনাই অবিদ্যামনের মুখ্যবৃত্তি। স্তরাং অবিদ্যান্ন অভিতৰ ও অহন্তার উচ্ছেদ করতে হলে কামনা ও তার সকলরকম ইন্ধনের সম্পূর্ণ উচ্ছেদ আবন্যক্র-একথা মনে হওয়া অন্বাভাবিক নয়। কিন্তু কামনার উধের্ব যে-চেতনার প্রতিষ্ঠা, এ-আদর্শের, কি মনঃক্রিপত যে-কোনও অদর্শের বিধান তাকে বাধতে পারে না।

চারিরের অকলক্ষ শ্রচিতা ও অথপ্ড আত্মসংযম নিক্ষাম প্রব্লুষের সহজ প্রভাব
—ঐশ্বর্যে কি দারিন্তে তার কোনও বিপর্যর ঘটে না; দারিন্ত যাকে ক্ষর্থ করে
কিংবা ঐশ্বর্য যার বিকার আনে, ব্রুতে হবে তার অকামতা অথপ্ড কি সতা
নয়। বিজ্ঞানঘন-প্রব্লেষর একমার পরিচয়—তাঁর জীবন চিংসন্তারই প্রর্পবিভূতি, দিবাপ্রর্লেষরই সত্যসক্ষেপের লীলা; সে-সক্ষপ বা বিভূতি ফ্রটতে
পরে যেমন অতিসারলাে তেমনি অতিজটিলতায়, যেমন রিক্ততায় তেমনি
ঐশ্বর্যে অথবা উভয়ের প্রভাবিক সমত্বে,—কেননা প্রী ও প্র্ণতায়, বিশ্বর
প্রিত্রাস্যের গোপনমাধ্রীতে, প্রাণােচ্ছরাসের সাৌরকরােচ্জরল আনন্দহিল্লোলে
সেই চিংপ্বর্পেরই শক্তি ও বৈভবের প্রকাশ। তিনি অন্তঃপ্রকৃতির একমার
দিশারী যেখানে,সেখানে জীবনের পরিবেশ ও প্রকাশের ধারা নির্ন্পিত হবে
তাঁরই প্রেথান্পর্থে প্রশাসনে। কিন্তু তাঁর শাসনেও প্রাতন্তাের সাবলালতা
থাকবে; ছকের বাঁধ্নী মনের গ্রেম্পালিতে যতই অপরিহার্য হােক্, চিন্ময়জীবনে তার আড্টতা একেবারেই অচলা।সেখানে অন্তর্গ্রেড তারও মাঝে
সর্বাই সৌষম্য ও ঋতের ছন্দ থাকবে।

অতিমানস উত্তরায়ণের অভিযানে বহু বিজ্ঞানঘন-প্রেব্যের জীবন যদি প্রকৃতির উধর্বপরিণামের বাহন হয়, তবে তাতেই দিব্য জীবনের সত্য পরিচয় ফ্টবে; কেননা সে-জীবনায়ন হবে শাশ্বত দিব্য-প্রেষের আত্মবিভূতি,--জড়-প্রকৃতিতে চিন্ময় দিব্য জ্যোতি শক্তি ও আনন্দের অবন্ধ্য রূপায়ণের সেই তো স্চেনা আনবে। মানবের মনঃকল্পনার বাইরে এ-জীবনের মহিমা—অতএব তাকে বলতে পারি চিন্ময় অতিমানবতার প্রকাশ। কিন্তু অতীত ও বর্তমানের তথাকথিত অতিমানবতার সংগ্যে একে ঘ**ুলি**য়ে ফেললে চলবে না। মানসক**ি**শত অতিমানবতা মানবতার রাজাধিরাজ সংস্করণমাত্র; তাতে মনশ্চেতনার রূপান্তর নাই, আছে তার ঐশ্বর্যের উপচয়—মন ও প্রাণশক্তির বিপলেতর উচ্ছন্তাসে, ব্যক্তি-সত্তের স্ফীতিতে, অহমিকার বহুগুর্নিত অতিরঞ্জনে, এককথায় মানবের অবিদ্যা-শক্তিরই স্থলে বা মার্জিত অতিকার উৎস্লাবনে। সংগ্রে-সংগ্রে আমাদের মনে ক্রিণ্ট-স্তিমিত মানবতার 'পরে দুর্ধের্য অতিমানবতার নিরক্ত্রশ সাম্রাজ্যের একটা ছবি ভেসে আসে। নীটসের অতিমানব এইধরনের জীব; এর অধিকার কারেম হলে জগতে ফিরে আসবে দুর্ধর্য নির্মাম বর্ণরতার যুগ, সংসারে চলবে উচ্ছ্যুখল পাশবতার নিরঞ্জুশ আধিপত্য-এখন সে-পশ্ব শ্বেত কৃষ্ণ কি কপিশ যে-বর্ণেরই হোক না কেন। কিন্তু একে কি সভাতার প্রগতি বলব, না বলব আদিম অসভ্যতার দর্নিবার উৎক্ষেপ ? স্বোত্তরণের অভিযাতী মান্বের উদগ্র শক্তি-সাধনার বিপর্যার হয়তো এমনি করেই জগতে দেখা দের রাক্ষসী কি আসরেরী শক্তির অভাদর। ক্ষুম্ব প্রমন্ত স্ফীতকার প্রাণ-বাসনা নির্মাম ও উচ্ছ্ত্থল আত্ম-

শ্ভরিতার দুর্ধর্য শক্তি নিয়ে শাধু অহামকার চরিতার্থতা খাল্লছে—এই হল রাক্ষসী অতিমানবতার রূপ। আমাদের মধ্যে বাদত্তমুখ রাক্ষসটা এখনও মরেনি র্যাদও, তব্বও সে আজ অতীতের ছায়াবশেষমাত্র: আবার যদি অতিকায় হয়ে এ-যুগে সে ফিরে আসে, তাহলে তাকে প্রকৃতিপরিণামের প্রতীপচারী বলব। অস্করের মধ্যে আছে সর্বাভিভাবী শক্তির দুর্ধর্যতা, স্বপ্রতিষ্ঠ ও স্বনিরুম্ধ এমন কি কুচ্ছত্রতপস্যায় শাণিত মনোবীর্য ও প্রাণশক্তির সংবেগ; মনোময় ও প্রাণময় অহং-এর চরম উচ্ছারে তার পর্বঞ্জিত শক্তির তীক্ষা বৈপলা অকুণ্ঠ ঈশনার নিশ্চিত প্রতায় নিয়ে স্তব্ধ হয়ে আছে প্রলয়ের কলে। কিন্ত অস্করও মর্ত্যপরিণামের অতীত কীতি—তাকে আবার ফিরিয়ে আনলে শু.ধু অতীতে-রই রোমশ্যন চলবে: অস্ক্রেকে দিয়ে প্রকৃতির অনাগতসিশ্বির কোনও সতা-কার স্করাহা হবে না, তার স্বোত্তরণের তপস্যাতে কোনও বীর্য আসবে না---এমন-কি আস্ক্রী-শন্তির অতিপ্রাকৃত উপচয়েও কেবল তার প্রাচীন আবর্তান-কক্ষারই পরিধি সম্প্রসারিত হবে। যে-অভ্যুদয়ের আক্তি প্রকৃতি বহন করছে তার অন্তরে, তার সাধনা যেমন এর চাইতে কুচ্ছ্রসাধ্য, তেমনি আবার এর চাইতেও সরল। চাই স্বর্পেসিশ্বর চেতনা ও চিদাত্মভাবের অচল প্রতিষ্ঠা, আত্মজ্যোতি আত্মবীর্য ও আত্মমাধুরীর প্রমুক্ত স্বাতনের জীবচেতনার অনিরুদ্ধ তীর-সংবেগের বিচ্ছারণ চাই: চাই না—তথাকথিত অতিমানবতার স্ফীত অহমিকা মন ও প্রাণশক্তির দুর্ধর্যতায় নিজিতি রাখুক মানবের আত্মাকে, এ চাই না। দেহ-প্রাণ-মনের 'পরে চিংম্বর পের নিরঙ্কুশ স্বাতন্তা প্রতিষ্ঠিত হোক, তাঁর আত্মপ্রতিষ্ঠার চিন্ময় বীর্য সমগ্র জীবনকে জারিত কর্বক; মানুষের মধ্যে ফুটে উঠুক সেই নবচেতনার বৈদ্যুতী—যা তার অর্ণতার্নহিত দিব্যভাবের প্রকাশ-ন্যাকুলতাকে আত্মন্বরূপের উপলব্ধিতে সার্থক করবে, যার প্রেতিতে নিজেকে ছাড়িয়েই নিজেকে সে পাবে সহস্তদল পূর্ণতার মহিমায়। এই হল একমাত্র সত্যকার অতিমানবতা—এই পথেই আছে প্রকৃতিপরিণামের আর-এক-ধাপ এগিয়ে যাবার একমার সম্ভাবনা।

এই অ-পূর্ব দ্বিতিতে মানবচেতনা ও মানবজীবনের বর্তমান ধারা পালটে বাবে, কেননা এতে প্রাকৃতজীবনের মর্মানিহিত অবিদ্যাতত্ত্বর পূর্ণ বিপর্যার বটবে।...বলা চলে : অবিদ্যার অতর্ক্য লীলায়নের বিচিত্র আস্বাদন পেতেই প্রেশ্ব আচিতির গহনে নেমে আপনাকে জড়বিগ্রহের ছন্মর্পে সংবৃত করেছেন; আপনাকে হারিয়ে আবার ফিরে পাবার নর্মলীলাতেই তার স্ভির উল্লাস—তাইতে কিব জবুড়ে জড়ের আধারে প্রাণ-মন-চেতনার অভাবনীয় উচ্ছলনের চকিত-চমকে দ্বাদাহসের অভিযান চলছে—দিকে-দিকে অজানাকে জানবার ও অধরাকে ধরবার নিতানতুন উত্তেজনা ছলকে পড়ছে! এই তো প্রাণধর্মের সাধনা; বিদি অবিদ্যার উচ্ছেদ হয়, তাহলে এ-সাধনাও তো চলবে না। অচিতির

তকশ্ছম অসাড়তার বুকে জড়প্রকৃতির নির্বর্ণ উদাসীনা ফুটেছে: তারি পটভূমিকায় মানুষের সংখে-দঃখে লাভে-ক্ষৃতিতে জ্বয়ে-পরাজয়ে আলোয়-আঁধারে অবিদার বর্ণরভিপ্রমোদের চিত্রলীলা নিতা আবর্তিত হয়ে চলেছে। প্রাক্বতজীবনে যদি সিন্ধি-অসিন্ধির অভিঘাত ও হর্ষ-শোক সুখ-দৃঃখের न्यन ना थारक मूर्नाम क्षेत्रिंख विभागत मृत्य योग ना रोठल निरंत याग्न. অনিশ্চিত নিয়তির সংশ্যে লড়াইয়ের নেশা মনকে না মাতাল করে; সিস্ক্লার সংবেগ ও নিত্যনতুনের উম্মাদনা প্রাণকে যদি না পাঠার অজানার আভিসারে;— তাহলে বৈচিত্রাহীন জীবনে কোথায় রস. কোথায় চমৎকার? অবিদ্যা আছে বলেই দ্বন্দ আছে জীবনে, আছে স্বাদ: দ্বন্দহীন জীবন যেন অলক্ষণ শূন্য-তার মর্ভূমি, নিবিকার সমত্বের অচলায়তন; এমন-কি মানুবের স্বর্গকল্প-নাতেও সেই চিরন্তন একঘেরোম !...কিন্তু এ-ধারণা ভুল। অবিদ্যা হতে বিজ্ঞান-ঘন-চেতনায় উত্তীর্ণ হবার অর্থাই হল আনন্তোর অমৃতলোকে প্রবেশ করা; স্বয়স্ভ সম্ভতিশক্তির উল্লাসে অনন্তের যে অন্তহীন আত্মরূপায়ণ চলে, তার অফ্রন্ত আনন্দর্বৈচিত্ত্য ও বৈপ্রল্যের সংখ্য সান্তের দ্বন্দ্বিধরে সীমাণ্কিত লীলাবিভূতির তুলনাই চলে না। শুম্পবিদ্যার অধিকারে প্রকৃতিপরিণামের লীলায়নে চলবে বিস্পিত্র কাল্ডতর ও মহত্তর সম্প্লাস, সম্মুখে খুলে যাবে সম্ভাবিতের নিত্যোপচীয়মান বিপল্প প্রসার—অবিদ্যাশাসিত পরিণামের সকল মহিমাকে ছাপিয়ে উঠবে তার অকধ্য প্রেতির স্বতীর সংবেগ। চিৎস্বর্পের আনন্দ চিরুতন ও নিত্যনবায়মান। তাঁর কান্তবিভূতির শেষ নাই, তাঁর দেব-থের বৈভবে অজর যৌবনের দী°িত, অফুরুল্ত ও শাশ্বত রসোল্লাসে তাঁর আন-শ্তোর চেতনা নশ্দিত। অতএব অবিদ্যার সিসক্ষার চেয়ে জীবনের বিজ্ঞানঘন লীলায়ন আরও পূর্ণে আরও সার্থক আরও রসোচ্চল হবে—তার আনন্দ আর धेभ्वर्य इत्व विश्वकत्नव निष्ठा-विश्वयः।

জড়প্রকৃতিরও মধ্যে পরিণামের নিত্যধারা বইছে এবং সে-পরিণামের মোল-বিভৃতি ফ্টছে প্রাণ ও চেতনার দ্বিদল উন্দেষে সন্তার নিত্যর পারনে—এই যদি সত্য হয়, তাহলে প্রাণ ও চেতনার প্রণিবিকাশে জীবসন্তার প্রেতাসিদ্ধি হবে আমাদের চরম নিয়তি এবং চিংশন্তির অকুণ্ঠ প্রেষণায় সেই নিয়তির পথেই চলেছে আমাদের উন্তরারণের নিরুত অভিযান—এও অনুস্বীকার্য। জড় ও প্রাণের আদিম অচেতনা হতে চিদাম্মভাবের মন্থর উদয়ন ঘটছে; এই জড় আর প্রাণের ব্রেক্ট একদিন তার সন্তা ও চেতনার ব্যোভৃশকল সত্য মহিমা ক্যুরিত হবে—অত্তর্গত্তি সংবৃত্ত সংবিত আম্মুক্রির প্রতিতনার প্রলারও হতে পারে; কিন্তু তার প্রণি সার্থকিতা জীবনের অপ্রান্তে নয়—এই জীবনের মধ্যেই তার স্বর্পান্তির চিন্মরী প্রণভার। আমাদের অবিদ্যাপারিলামের বিচিত্ত

শ্বন্দ্ধ, পাওয়া না-পাওয়ার আনন্দ-বেদনা, আত্মা ও বিশ্বের স্বর্পোপলন্ধির অপ্রান্ত প্রয়াস এবং তার কুণ্ঠাহত সার্থকতা—এ-সকলই শৃন্ধ্ব চিন্ময়পরিণামের আদিপর্ব । শৃন্ধবিদ্যার পরিবেশে একে-একে মেলবে চেতনার দল, নিজের মধ্যে স্বর্মাহ্মায় চিৎস্বর্প নিজেকে ফ্টিয়ে তুলবেন,—আজ যা আমাদের অন্ধিগম্য, বিশ্বনিখিলে অন্তর্গাড় তাঁর সেই পরমা-প্রকৃতির্গিণী স্বর্প-শক্তিরই সত্যবীর্ষে দিব্য-প্রবৃষ্ব আপনাকে উন্মিষিত করবেন ঘটে-ঘটে—এই হল সেই চিন্ময়পরিণামের ধ্ব নিয়তি।

नमाव

শব্দ-পরিচয়

[সংক্**ত**ঃ কর্ত্-কর্ত্বাচ্যে।

জৈ-জৈনদর্শন।

তু-তুলনীয়।

দ্ৰ--দুন্টব্য।

ন্যা-ন্যা-বৈশেষিক।

প্র-প্রতিত্লনীর।

বি—বিশেষ্য। বে—বেদাশ্ত। বিণ---বিশেষণ।

বৌ—বৌশ্ধদর্শন।

বৈ---বৈষ্ণবদর্শন।

रवा--रवान्धपनान।

ভাব—ভাববাচ্যে। শা—শাক্তদর্শন।

भी-भीभाश्या। भा-मायम्भाता

সা---সাংখা-যোগ।

ন্ম-ন্যুতিপ্রস্থান।]

জ্ংশকলা—খণ্ডিত এবং বিশিষ্ট প্রকাশ (ম্ম); শক্তির আংশিক ম্ফরেণ।

অংশ-ভাক্, -হর-শরিক।

অকলপার্পরিণাম—যে 'পরিণামের' ফলে নতুনতর এমন-কিছুর উন্মেষ হয় যা আগে আন্দাঞ্জ করা যায়নি creative evolution।

আরুণ্টব্ ত্রি—অসংকুচিত শুন্ধ চিত্তধর্ম।
অথণ্ড-ভাবনা—জগৎ ও জীবন সম্পর্কে
সমগ্রতা ও একছের বোধ। -সমাহরণ—
একটা নিটোল সমগ্রতার মধ্যে সবকিছুকে গ্রহণ বা স্থাপন করা।
-সমাহার—সব-কিছুকে জড়িরে গোটা
একটা-কিছু a single whole।

অক্ষরমালা—'অ' হতে 'ক্ষ' পর্যক্ত সমগ্র বর্ণমালা বা 'মাড্কা' যাকে বিশ্বশক্তির প্রতীকর্পে ধরা হয় (শা)

অক্ষর—অবিচল, নিবি'কার (শ্রন্)। -সমা-পরি—বিশ্বাতীত অচলম্থিতিতে তল্পীন থকা। -ম্থিতি—(চেতনার) নিস্পন্দ ভূমি।

অগোত—বা নিজেই নিজের ম্ল (খ্র)। অগ্রাহ্য—অনুভবের এলাকার বাইরে। অগ্রা—আদিম। ক্রমস্ক্রা হয়ে সামনের
দিকে এগিয়ে চলেছে যে (গ্রা)।...
অগ্রা-ধা, -বান্ধি—এথানকার অন্ভবের সীমানা ছাড়িয়ে তত্ত্বের স্ক্রা
হতে স্ক্রাতর ভাবনা নিয়ে এগিয়ে
চলেছে যে-বান্ধি (গ্রা)।

অচিং-অশ্বৈতবাদ—'অচেতন জ্বড়শন্তিই বিশ্বের একমার ম্ল' এই মতবাদ। অচিত্তি—চেতনার বা বোধে না আনতে পারা (শ্রা)।

অজাতি—জন্মরহিত অকথা non-birth।
-বাদ—'জগৎ নাই বা হয়নিও কোনও
কালে' এই মতবাদ (বে)।

অজ্ঞেরবাদ—'চরমতবৃকে কেউ জানতে পারে না' এই মতবাদ agnosticism। অণ্—ক্ষীব—প্রাণের অতিস্ক্রা অধ্প্রমাণ অভিবাদ্ধি।

অতত্ত্—বার যথার্থ অস্তিত নাই, অলীক। অতিগামী—ইংগিয়ে বায় বা।

র্আতচার—ছাড়িয়ে বাওয়া, অতিক্রম।

অতিচিতি, অক্সিচেতনা—চেতনার বিশ্বাভীত চরম ভূমি super-conscience। অতিদেশ—গণ্ডির বাইরে প্রয়োগ extension (মী)।

অতিপ্রাকৃত—প্রকৃতি বা স্বভাবের বাইরে abnormal।

অতিব্যাণিত লক্ষণের দোব যাতে অলক্ষিত বিষয়ও লক্ষণের মধ্যে এসে পড়ে too wide definition, illegitimate extension (जा)।

অতিভাবী--ছাড়িয়ে যায় যে।

অতিম্বি স্বরক্ষের বিশেষণ বা দ্বন্দ্বভাব

—এমন-কি কংশ-মোক্ষের ভাবনাকেও
ছাড়িয়ে গেছে যে পূর্ণ স্বাতন্ত্র্য absolute freedom (श्रु)।

অতিশয়—আরও বেশী-কিছ্ব, অতিরেক something more and other।

অতিশায়ন-ছাপিয়ে চলা।

অতি-ষ্ঠা—সব-কিছ্মক অতিক্রম করে আছে ষা transcendent (শ্রু)।

অতিসন্তা—সন্তা বা অস্তিভাবেরও ওপারে যা super-existence।

অতিম্পিতি—সব-কিছুকে ছাপিয়ে থাকা transcendence।

অত্যন্ত-নাশ—সম্পূর্ণ নির্মাল করা, শ্লো মিলিয়ে দেওয়া। -নিব্তি—কোনও-কিছ্ অবশেষ না রেখে সম্পূর্ণ গ্র্টিয়ে যাওয়া, সমস্ত ভাব ও ক্লিয়ার নিঃশেষে প্রলয় absolute withdrawal -ব্যাব্ত্ত—সম্পূর্ণ নিঃসম্পর্ক totally exclusive।

অত্যয়ন—ছাড়িয়ে যাওয়া। অদস্ধ—অলংঘনীয় (শ্রু)।

অদৃষ্ট—প্রাকৃত দ্ভির অগোচর occult। ব্যক্তির 'প্রারম্থের' গোড়ায় রয়েছে যে নিগড়ে শব্তির প্রবৃত্তনা (ন্যা)।

অন্বয়তাদাষ্যা—দ্বয়ের নিঃশেষ একাষ্মতা। অশ্বৈত-বাসিত—অশ্বৈতের ভাবনা

> আছে যার সংগ। -সম্প্রে—দ্রের মিশে এক হয়ে আছে যে-আধারে। -হানি—'এক ছাড়া দ্বই নাই' প্রমাণ করতে গিয়ে সেই দ্বইকেই মেনে নেওয়া, অধ্বৈতভাব হতে বিচ্যুতি।

অধর্ম্য –ধর্ম বোধের এলাকার নীচে কি বাইরে।

অধিক্ষিণ্ড—উপর হতে চাপানো। অধিদৈবত—বে-দিবাচেতনা অধিন্ঠানর্পে সবাইকে ধরে আছে over-soul (স্মৃ)।

অধিপুর্ব্য—যে-ছিলাচেতনার অধিণ্ঠানবশত ব্যক্তি-চেতনা ও বিশ্বচেতনার স্ফ্রণ হচ্ছে।

অধিবাস—অধিকার, পরিব্যাশ্তি, অধিষ্ঠান-রূপে আধারের সর্বন্ন ছেয়ে থাকা।... বিণ -বাসিত।

অধিভূত-বহিন্ধণং সম্পর্কিত (শ্র্)। অধির্,ড়-বিশিষ্ট উধর্বভূমিতে পেণিছেছে যা। (বৈ)।

অধিষ্ঠান—ম্লাধার substratum; আগ্রিড বন্দ্তুকে আবিষ্ট করে আছে যে সন্তা বা তত্ত্ব। আবেশ। -ধাতু—ম্ল আগ্রয় ও উপাদান।

অধ্যক্ষ—উপর থেকে সব দেখছেন যিনি। অধ্যাত্মচেতা—আত্মবোধকে আশ্রয় করে অদতম^{ন্}থ হয়ে আছে যার চেতনা

(স্ম_ন)।

অধ্যারোপ—বাস্তবের 'পরে অবাস্তবকে চাপিয়ে দেওয়া (বেমন, দড়িতে সাপ দেখার বেলায়)imposition (বে)।

অধ্যাস—বিভিন্নধমণী দুটি বস্তুর মধে অভেদভাবের অরোপ; অবিবেক absorption, identification।

আরোপ imposition। (বে)

অধ্বরগতি—অকুটিল পথে চলা (শ্র্)। অন্যুগত—খাপছাড়া।

অনস্তসমাপত্তি—(দেহবোধের) ব্যাপ্তবশত অনুস্তে ছড়িয়ে পড়া (সা)।

অনন্যচেতন—নিজের ছাড়া আর-কিছ্ররই বোধ নাই যার।

অনন্যাশ্রয়—আর-কিছ্বর উপর নির্ভার নাই যার, স্ব-তন্তা।

অনবচ্ছিন্ন—যার কোনও সীমা বা বিশেষণ নাই unlimited, unqualified।

অন্থ — মান্বের ইন্ট বা প্রাথিত নয় বা, অশুভ, অশিব evil।

অনাপতিচর—প্রে যার অবতারণা কর হয়নি (বৈ)।

অনাত্মপ্রত্যয়—নিজের বাইরের বস্তুর জ্ঞান।
অনাদিস্থিত—এর আগে ধরবার-ছোঁবরে
কিছু নাই বলে বুফ্লির খেই হারিরে
যার বেখানে।

चनार्याख—(এ-क्षगण्ड) जात्र क्षिरत ना जागा (रव)। অনিরত—নিরমের বাইরে, আকস্মিক। অনিরুক্ত—কোনও বিশেষ ধর্ম বা লক্ষণ দিরে বিশেষিত হর্মান বা indeterminate। বিবৃতি বা ব্যাখ্যার অতীত।...বি. অনিরুক্তি। (শ্রু)।

"অনির্দেশ্য—যার কোনও লক্ষণ বা বিশিষ্ট ধর্মের উল্লেখ করা যার না indeter-

minable (খ্ৰা)।

র্জানর্বাচ্য—কোনও বিশেষ ধর্ম বা লক্ষণ দিয়ে বিশেষিত করা বায় না বাকে indeterminable। হাকে ব্যাখ্যা করা বায় না।

অনীশ, অনীশ্বর—স্বাধীন কর্তৃত্ব নাই বার (৪৯)।

অনুকল্প-প্রতিনিধি।

জন্ত্ল-তর্ক—বে-বিচারের ফলে উপস্থা-পিত সিম্বান্তের ব্তিষ্কুতা পরিস্ফুট হর (ন্যা)। -বেদনীর—অন্ভবধারার অন্ত্ল [বেমন, সুখ] positive to experience।

অন্গত—সংগ গাঁধা, অন্স্যুত। অন্গ্ৰহ—আনুক্স্য aid; পোৰণ।...কত্ৰ্ অনুগ্ৰাহক।

अन्दिक्कि भूद्रथ वला बाह्र ना वात कथा incommunicable।

অন্তর—সবাইকে ছাড়িরে অছেন যিনি, যার পরে আর কিছুই নাই Transcendent Reality (লৈ)।

অনুধ্যান—অবিচ্ছেদ ভাবনা।

অন্প্ৰোগ—না খাটা, অসমঞ্চস হওরা। অন্পহিত—'উপাধি' বা কোনও বিশেষক ধর্মের আরোপ নাই বার মধ্যে; শুম্ধ unconditional। অসংকৃচিত।

অন্পাখ্য—সর্ববিধ প্রমাণের অগোচর; জনি-র্বচনীর।

अन् विधान—अन्कृत व्यवस्थाः; अन्दामन, সায়।

অন্ব্তি-জের টানা; ধারাবাহিকতা, জের continuity।

অন্বেধ—অন্প্রবেশ penetration।...

অন্ব্যবসার—বিষয়জ্ঞানের বেলার আমি জ্বানছি' এই আকারে জ্ঞানেরও জ্ঞান, বোধের অশ্তর্ম খীনভাহেতু বোম্ধারও বোধ (ন্যা)।

অন্ব্যাকৃতি—অব্যাকৃতের 'ব্যাকৃত' বিভূতি

হতে উংগন্ন, ঝার্কাতর আবার ব্যাকৃতি products of determinates।

অন্তব—বোধ বা জ্ঞানের অর্জন ও ধারণ, অভিজ্ঞতা experience। -সম্তান অন্তবের পরম্পরা বা ধারা flow of experience।

অন্ভা—বিচ্ছারিত আশ্বদীণিত (শ্র্)। অন্ভাব—আকারে-ইণিগতে চিত্তগত ভাবের বাইরে অভিব্যক্তি। ভাবের মহিমা-ব্যঞ্জক অভিব্যক্তি inajesty। অক্ত-

নিহিত ভাবের বিচ্ছ্রেণ; প্রভাব। অন্মশ্তা—প্রকৃতির কর্মে সায় আছে বে-প্রেব্বের (প্য্)। -মত—সমর্থিত,

আদ্রিত।...ভাব, -মতি। অন্শর—চিত্তের পর্বাঙ্গিত গভীর সংস্কার

অনুষণ্য—একটার সংগ্য-সংগ্য আর-একটা কিছুর হওরা বা চলা, সহচরিত বৃত্তি বা ব্যাপার: সম্বন্ধ association।

অন্নিদ্ধান্ত—ম্ল সিন্ধান্ত হতে সহজেই অন্মান করা বেতে পারে এমন আর-একটি সিন্ধান্ত corollary।

অনুস্রবণ—ধীরে-ধীরে চু'ইরে পড়া percolation।

অন্ত—ছন্দোমর শাণবতবিধানের
বা ব্যতিক্রম disorder, wrong
order (শ্র্ত্ব)। -চেডনা—বে-চেডনা
জীবন ও জগতের ছন্দকে উলটো বা
এলোমেলো করে বোঝে। -শংসী—
মিধ্যাকেই ব্যবহারে প্রকাশ করে বে
(শ্র্ত্ব্ব)।

অনেকান্ডবাদ—'কোনও-কিছ্ম তত্ত্বনির্-পলের বেলায় একপেশে একটা সিম্খান্তকেই একান্ডভাবে আঁকড়ে থাকা উচিত নর' এই মতবাদ (জৈ)।

অন্ত—কোনও-একটা বিশেষ দিক হতে বা চরম (জৈ)। সীমা।

অশত্য-পরিশাম—ভিতরের দিকে গুটিরে আসা involution। -প্রাণ—আধারের গভীরে নিহিত প্রাণসন্তা inner খারে!। ক্লকে বাইরে থেকে বোঝা না ক্লেক্ড ভিতরে-ভিতরে সংজ্ঞা বা বোধ আছে বার (ক্ষ্)। -সংজ্ঞা— ভিতরে-ভিতরে বোধ, গভীরের চেতনা। -সংগত ভিতরে-ভিতরে বোধ, গভীরের চেতনা। অক্সে ব্যাসের বেণাবোধ অম্তর্গ্গ—ভিতরে-ভিতরে নিবিড্ভাবে সম্প্রম্থ। -ভাবনা—চিন্তের যে-ব্যাপারে চিন্ত-ধর্ম ফৈ চিন্ত হতে প্রায় আলাদা করা বায় না [বেমন, ক্রোধমর চিত্তের বেলার]।

অন্তরাধার—আধারের ভিতরের দৈক, আন্তর সস্তা। inner being। অন্তরা-প্রবৃষ্ধ—মাঝখান থেকে জেগে-ওঠা। অন্তরান্ত্র—ভিতরের দিকে মোড় ফেরানো বার প্রা)। ভাব, -বাত্তি।

অন্তরাভব-- মৃত্যু ও জন্মান্তরের মাঝে

(न्ध्रा)।

অন্তরাস্থিত—মাঝখানে রয়েছে যা।

অন্তর্দ'শা—ভাবসমাধির চরম ভূমি যা সবকিছু ভূলিরে দের (বৈ); আপনভাবে
নিজের মধ্যে গুনিটের আসা যাতে
নিজেকে বাইরে বিচ্ছুরিত করা সন্ভব
হয়। চেতনার গভীরতম ভূমি।

অন্তর্-বৃত্ত—ভিতরে-ভিতরে কাজ চলে যার। -বৃত্তি—(চেতনার) আভান্তরীণ ক্রিয়া। -ব্যান্তি—ভিতরে-ভিতরে ছড়িয়ে পড়া। -ভাব—ভিতরে থাকা inclusion। -ভাবনা—ভিতরে রাখা।...বিণ. -ভাবিত। অন্তর্বামিদ্ধ—অন্তরে আবিন্ট থেকে নিয়-

দ্যিত করবার সামর্থ্য (খ্রু)।

অঙ্গুভিচ্চতত—ভাবনার দ্বারা ভিতরে গড়ে ভোলা হয়েছে বাকে (বৈ)। স্বাভীন্ট— নিজের আকাঙ্কান্বায়ী এর্মান করে গড়া হয়েছে বাকে (বৈ)।

অস্তন্টেতনা—গভীরের অন্তব; ভিতরে-ভিতরে নিজের সম্পর্কে স্ম্পন্ট বোধ।

অন্ধর্তামিপ্র—মোহাচ্ছরতার চরম ঘনিমা— অবস্থান্তরের কল্পনাও বেখানে আসে না inertia, swoon of concentration (সা)।

অন্নময়—অন্ন বা জড় বার উপাদান material (শ্রা)।

অন্যথাকার—অন্যরক্ষ আকার দেওরা।

অনাথা-খ্যাতি—এককে আর বলে ভূস জানা (ন্যা)। -গ্রহণ—ভূস বোঝা।

অন্য-ব্যাবর্ত ক নিজের কাছ থেকে অপরকে আলাদা করে দের হে। -ব্যাব্ত্ত-অপর থেকে নিজেকে আলাদা করে নিজেকে বে।...ভাব, -ব্যাব্তি।

অন্যোলাপরিশাস—একের অপরে র্পাসভরিত হওর। -প্রতিবেধ—পরস্পর কটোকটি হয়ে বাওয়া mutual cancellation। -বিপবিণাম-একের ধর্মে অপরের -বাঞ্চনা-একের পানে অপরের ইশারা পরস্পর পরস্পরকে তোলা। -ব্যাব্-স্ত-পরস্পরের সুম্পূৰ্কহীন mutually exclusive, contradictory ।.. ভाব. -ভেদ-পরস্পরের নি:সম্পর্কতা। -ভাব. -ভাবনা—একের মধ্যে অপরের ভাবের বা সন্তার অনুপ্রবেশ inclusion) -সংবিৎ-একের সম্পর্কে mutual অপরের সহজ সচেতনতা awareness i -সংসাঘ্ট---পরস্পরের ऋला ऋज्यांnterrelated। -সঙগম —প্রস্পরের সংগ্য সন্মিশ্রণ।...বিণ সঙগত। -সন্নিকর্ম-পরস্পরের যোগা-বোগ mutual contract: -সমবেত —স্বভাবের যোগে পরস্পর নিতাসম্ব**ম্ধ** mutually inherent; —পরস্পরের আপ্যায়ন (স্মৃ)।

অন্যোন্যাপেক্ষা— একের 'পরে অপরের নির্ভ'র interdependence।

অন্যোন্যাভাব—পরস্পরের একাণ্ড নিঃ-সম্পর্কতা (ন্যা)।

অন্যোন্যাস•গ—পরস্পরের জড়াজড়ি বা সম্মিশ্রণ।

অম্বর্ধক—অর্থের সংগ্র নামের মিল আছে বেখানে।

অপবর্গ — প্রকৃতি হতে প্রব্যের আলাদ। হরে বাওয়া, মুক্তি (সা)।

অপর—'পরের' বিপরীত, নীচেকার। জীব-তত্ত্ব (শৈ)। -ব্রহ্মলোক—নিখিল দেব-শক্তির স্ফ্রগর্পে পরব্রহ্মের বিভূতির প্রকাশ যে-লোকে Pantheon।

প্রকাশ খে-কোকে বিসানিকো। অপরাম্ভ ছোরাতের বাইরে, সম্পর্ক-শ্না।

অপরার্থ—(অখণ্ড ব্রহ্মসন্তার) নীচের অধেক।

অপরিগ্রহ—একান্ত প্রয়োজনীয় শ্ছাড়া আর-কোনও ভোগ্যবস্তু গ্রহণ না করা (সা)।

অপরিগামী—পরিগাম বা অবস্থাস্তর হয় ন। শ্বার immutable (সা)।...বি, -গাম। অপরিক্সিন—পরিক্ষেদ বা সীমার বের নাই

অগরোক-কৃত্তি-কোনও-কিছুকে মধ্যস্থ না রেখে সোজাস্কুকি সঞ্জিদ্ধ ইওয়া। -সংবিং—মাঝখানে ইন্দ্রিমব্যাপারের অপেক্ষা না রেখে সোজাস্বজি সবকিছ্ব জানা। -সন্নিকর্ষ--মাঝখানে কিছ্ব না রেখে সোজাস্বজি বিষয় এবং বিষয়ীর যোগাযোগ direct contact। অপারোক্ষান্ভব,-ভূতি--তত্ত্বের সাক্ষাংকার্-

অপরোক্ষান্ভব,-ভূতি--তত্ত্বের সাক্ষাংকার-যেখানে আর-কিছ্রে মধ্যুদ্থতা নাই;
চিত্তের প্রলয় ঘটিয়ে তত্ত্তে জানা
(বে)।

অপহতপাশ্মা–পাপের সং≉পশ*ন্না, নিজাপ (শ্রু)।

অপ্র্রবিধ—বিশিষ্ট প্রুবের মত নর যা, প্রুব কিংবা পৌর্বের বলে ভাবা যায় না যাকে impersonal।

অপ্রব্যায়-প্রেবের ধর্ম বা ভিয়া নাই যার মধ্যে impersonal।

অপ্ৰ—পর-পর সম্পর্কাহীন, একা-একা। অপেরণ—ঠিক পথ ছেড়ে ভূল পথে চলা aberration।

অপ্রকেত—অস্পন্ট, আচ্ছন্ন (শ্র্)। অপ্রতর্ক্য—তর্কবৃদ্ধির অতীত।

অপ্রমা—অযথার্থ অনুভব, ভুল করে জানা। অপ্রমেয়—মাপের বাইরে যা। যা সাধারণ জ্ঞানের বাইরে।

অপ্রয়ন্তম্ব অপপ্রয়োগ। অবকর্ষ —নীচমুখী টান।

অবকাশভূমি—(নিজের সন্তাকে) ছড়িরে দেওয়া যায় যার মধ্যে existencefield i

অবক্ষয়—ক্ষীণ হয়ে ঝিমিয়ে পড়া। অবক্ষেপ—উপর হতে নেমে এসে নীচে জমা হওয়া [তলানির মত] precipita-

tion। অবগ্রহ—আটকে রাখা; স্তম্ভিত ভাব। অবার্চাত—সাধারণ চেতনার নীচের স্তর, অবুচেতনা subconscience।

অবচিন্ময়—চিন্ময়ভূমির নীচে অবন্ধিত infra-spiritual।

অবচ্ছিন্ন—সীমিত, বিশেষিত limited, conditioned।... ভাব. অবচ্ছেদ। অবতারী—সমস্ত অবতারের উৎসর্পী

'দিব্য-পর্র্য' (বৈ)। অবদান—নিম'লতা, স্বচ্ছলতা taintless-

ness (বৌ)। অবভাস—মোলিক তত্ত্বের কোনও বিভূতি বা বিশিষ্ট রূপের আপাতদুষ্ট ক্ষুদ্রণ (বে)।…বিণ, -ভাসিত। অবম—সর্বনিন্দ (শ্র.)।

अवमानम् भरनार्ज्यम् नौरु या submental।

অবয়ব—অংশ; অংগ-প্রতাংগ। অনুমান-বাকোর (syllogism) অংশবিশেষ steps of reasoning (ন্যা)।

অবয়বী—অনেক অবয়ব বা আংশ জুড়ে-জুড়ে গড়া হয়েছে যাকে aggregate (ন্যা)।

অবর—অধস্তন, নীচেকার (প্রা.)। -ভাগীয়

—নীচের অংশের। -স্ভিট—বিশ্বপ্রপণ্ড—যা রক্ষের অধস্তন ভাগ মাত।
অবরোহ—নীচে নামা। -রুম—ধাপে-ধাপে
নীচে নামা; সামান্য বা সাধারণ থেকে
বিশেষের দিকে যাওয়া। -ন্যায়—
সামান্য হতে বিশেষের অনুমান

অবন্টম্ভ—নিজের আয়ত্ত বস্তুতে আছা-শব্তির আবেশন বা সঞ্চার।...বিণ, অবন্টস্থ। (স্মৃ)।

deduction i

অবসপ'ণ—নীচের দিকে নেমে আসা। –সপি'ণী—(প্রকৃতির) যে ধারা নীচের দিকে নেমে আসছে (জৈ)।

অবস্তু-সং—বস্তুত না থাকলেও আছে বলে প্রতীয়মান হচ্ছে যা unreal-real।

অবাঙ্ম্খ—নীচের দিকে ঝ'্কে পড়েছে যা।

অবান্তর—প্রধান ব্যাপারের অন্তর্গত, মধ্য-বত intermediate (ন্যা)। গোণ secondary, subordinate। -ব্যাপার —চরম পরিণামে পেণিছবার আগে মাঝ-খানে যা-কিছ্ম ঘটে intermediate function (ন্যা)।

অবিকল্প, -কল্পিড-র্পের কি ভণ্গির বদল নাই বেখানে, অব্যাহত nonvarying, absolute।...ভাব. -কল্পডা।

অবিকৃত-পরিণাম স্বর্পের বিকার বা ন্যানতা না ঘটিরেও বিচিন্ন ও সত্যর্পে র্পারিত হওরা [বেমন, সত্য জগৎ-র্পে প্রজেব্ধু পরিণাম] (বৈ)।

অবিচ্ছেন-প্রকৃতি ক্রিডা—একটানা ব্যাপার বা চলন continuity, persistence।

অবিশ্যা-তামসক-অন্তানের বনীভূত অকথা Nescience। -শ্বল, -শ্বলিত-- অবিদ্যার ছোপ পড়েছে যার 'পরে। অবিনাভাব—একের অপরকে ছেড়ে না থাকা, নিত্য-যোগ।.....বিণ্ -ভূত।

অবিপ্ল ত-অব্যাহত, অবাধিত।

অবিবেক একাথাতার ভাবনা বা আরোপ identification (সা)। একাকার বোধ। অভেদভাব।...বিশ্ অবিবিক্ত বিজ্ঞাভূত, একাকার।

অবিভাগ-প্রত্যয়—'সবার সঙেগ সবার যোগ আছে, কেউ আলাদা হয়ে নাই' এই বোধ (স্মৃ)।

অবিশ্বভিশ্বক্ষর্রাতশয়যুক্ত—যার মাঝে ভেজাল আছে, যার ক্ষয় আছে, ষাকে নিয়ে রেষাবেষি আছে (সা)।

অব্যক্ত—যার নিগ্ড় সন্তা কোনও বিশিষ্ট রুপে এখনও ফুটে ওঠেনি unmanifest (সা)। -প্রকৃতি—বিশিষ্টরুপে অভিবা**র** না হয়েও যা সবার উপাদান generic indeterminate।

অব্যপদেশ্য—অবর্ণনীয় (শ্রহ)। অব্যবসিত—অনিশ্চিত (স্ম)।

অব্যবহার্য—যার সংগে ব্যাবহারিক জগতের সম্বন্ধ ঘটালো যার না free from relation (শ্রু।)

অব্যভিচরিত, -চারী—ব্যতিক্রমশ্ন্য; নিত্য-

অব্যয়াস্থা—ব্যয় বা বিনাশ নাই বে আস্থা-সন্তার (স্মৃ)।

অব্যাকৃত—বিশিষ্ট আকারে কি র্পে র্পারিত নর বলে যার মধ্যে ধর্মের ভেদ
বা নির্পণ সম্ভব হয় না indeterminate, indiscriminate; বিশ্বের
এমনিতর ম্ল উপাদান (শ্র্)। অব্যাখ্যাত unexplained (বৌ)।
-সামানা—যা 'অব্যাকৃত' অথচ সর্বসাধারণ generic indeterminate।
...বি. -ভি—বিশেষ-কোনও আকারের
বোধ কন্পনা বা ক্র্রণ সম্ভব নয়
বেখানে।

অব্যুঢ় কাজের উপযোগী করে বথাবথ অক্সবিন্যাস হয়নি বার unorganised।

অভগ্য—সমস্ত অংশ বা বিভূতির সমাহারে পূর্ণ এবং নিটোল integral। -ভাবনা —অভগ্যরূপে স্কৃতিরে তোলা integration। অভাবপ্রতার—ভাবকস্টু হতে চিন্তকে সরিবে নেওয়ার ফলে সর্বন্দ্রাতার বোধ [বেমন, সুমুণিততে] (সা)।

অভিজ্ঞা—অসেকিক উপায়ে স্ক্রাতক্তের জ্ঞান (বৌ)।

অভিনিবেশ--একাণ্ডভাবে একটা কিছুর প্রতি একাগ্র অভিমুখী-আগ্রহারা তন্ময়তা। মূড় দুরাগ্রহ বা তম্ময়তা: (status quo) থাকবার অন্ধ প্রবণতা যাব ফলে জীবের মধ্যে দেখা ट्रपश রক্ষার প্রবৃত্তি এবং মরণভয় (সা)। অভিনিবেশ'--আর কিছা ছেড়ে শ্ব্ব একটা দিকে ঝোঁক exclusive concentration

অভিন্ননিমতোপাদন—স্থিত প্রবর্তক ব্রহ্ম আর তার উপাদানর্পিণী শক্তিতে ভেদ নাই যেখানে (বৈ)।

অভিবাঞ্জনা—নিজেকে দিকে-দিকে ফ্রাটিয়ে তোলা: বিচ্ছারণ।

অভিমান—নিজের 'পরে একটা-কিছুকে টেনে আনা বা আরোপ করা, (ভূঙ্গ) ধারণা (সা)।

অভিযু•গী—বিষয়ে আসক (শ্রু)।

অভীম্ব—প্ৰজৰ্বলত (শ্ৰ.)।

অভীপ্সা—একটা কিছুকে পাবার জন্যে চিত্তের একাগ্র বেগ aspiration (শ্রু)।

অভ্যুদয় জীবনসাধনার সিম্পি (ন্যা)। সমুখান।

অভাগগম—কোনও সিন্ধান্তকে ধরে নেওয়া বা মেনে নেওয়া assumption, postulate।

অমনীভাব—চেতনার বে-ভূমিতে প্রাকৃত-মনের ফ্রিয়া স্তব্ধ, মনোলরের অকথা। (বে)।

অমানব—প্রবের ধর্ম বা ব্যক্তির নাই বাঁর impersonal (প্রব্)।

অম্ত্র-ওখানে, লোকাম্ভরে।

অম্ল ভ্রম—ইণিয়রবোধের ভিত্তি ছাড়াই শ্নো-শ্নো বে-ভূল, কুহক hallucination।

অমেধ্য—অপবিশ্ব (শ্রন্)। অব্যাস্থিতি—এলোমেলো হয়ে অক্ষান, বিশুম্থল ব্যাপার। অষ-্ডার্সান্ধ—একটিকে ছেড়ে আর-একটির কোনমতেই থাকতে না পারা, নিত্য-বোগ inseparable coherence

অর্পধাতু—শৃষ্ণতত্ত্বার উপাদান বা বিশিষ্ট র্পারণের অপেকা রাথে না।

অর্থ-ক্রিরা—অর্থ বা প্রয়োজনকে লক্ষ্য করে
চলছে যে ক্রিয়া বা ব্যাপার; ব্যাবহারিক কার্যকারিতা। -ক্রিয়াকারিতা—
কোনও প্রয়োজনকে লক্ষ্য করে কাজ্য
করবার হ্বভাব বা সামর্থ্য (বৌ); ব্যাবহারিক জগতের উন্দেশ্যাসিম্মিন্সক
ব্যাপার।...কর্তৃ ক্রারী। -ব্যাপাশ্রম—
কোনওকিছ্র 'পরে নির্ভর (ক্যান)।
-ব্যাশিত—বে-শব্দে যতট্বুকু বোঝার
connotation।

অর্থ্যপত্তি—কোনও ঘটনার অসংগতি নিবা-রণের জন্য একটা-কিছুর কল্পনা presumption (মী)।

অর্ণবং—চেউএর দোলা আছে যাতে (শ্র.)। অর্ব.দ—আব tumour।

অলক্ষণ—যার কোনও লক্ষণ বা পরি-চারক ধর্মের উল্লেখ করা সম্ভব নর indefinable, featureless (ध्रा)। অলিখ্য—বাইরের কোনও নিশানা নাই যার

অলাক—অম্লক অতএব মিথ্যা (বে)।

অনোঁকিক-সাঁলকর্য—বিষয় ও বিষয়ীর সধ্যে অতীন্দ্রিয় উপায়ে যোগাযোগ (ন্যা)।

অশন্ত-শব্তির ক্রিয়া নাই বার মধ্যে, নিম্পাদ। অশন্দ্রোগ—নৈঃশক্তোর মধ্যে তলিরে গিরে চিত্তের মুক্তি (বে)।

অসংস্ভ —িনঃসম্পর্ক ।

अंतरिष्धि विधायक्ष अश्वीवन्ताम्दर्षु माना वीदर्धान वा unorganised।

অসংহত-দু অসংস্থিত।

অসংকীর্ণ—িবিভিন্ন ধর্মের মিপ্রণশ্ণা, সাংকর্মহীন, পরিশুন্ধ (সা); আলাদা-আলাদা।

অসপত্র—প্রতির্বান্দবহীন, একছর।

जनग्रकतः-- शृथक् - शृथक् करत्र रमथा, এक-गरण्य कांज्रस्त मा स्वत्रा (द्य)।

অসমোধর্ক—বার সমান বা বার উপরে কছন্ট নাই; রহস্যার্থ—লোকোন্তর অন্ভবের পথে, চেতনার ক্রমিক অভি-বান বাতে (বৈ)।

অসম্প্র কারও সংগ্য সম্বংধ নাই বার।
অ-সম্ভব—স্থির স্পদ্দন নাই বার মধ্যে।
অসম্ভাবনা—কোনও তত্ত্বা মতের ব্রিকর্ত্ত না হবার আশংকা (বে)।

অসম্ভূতি—সম্ভূতিরও ওপারে—কোনও ভাবের স্পম্পন নাই যেখানে, 'নোত নোতার চরম অবস্থা non-being। স্থান্ট-ব্যাপার স্তাম্ভিত যেখানে। (খ্র)

অসাম—সৌষম্যের অভাব, বেস্কুর discord

অস্তিপ্রতার—'আছে' বা 'আছি' এই অন্-ভব।

অস্নাবির—স্নার্ বা অংগ-প্রতাবেগর বংধন-রক্ষ্নাই বার মধ্যে (খ্রা)।

অস্পর্শযোগ—জগতের ছোঁরা থাকে না বে-বোগে, চিন্তের প্রলমে জগৎজ্ঞানও লোপ পার বেখানে (বে)।

অহংশবলিত—অহংএর ছোপ লেগেছে যার মধ্যে।

জ্য কৃতি—আকার, র্প। জাতি বা বর্গের
পরিচয় হয় বে-র্পের ব্বারা type।
আ-কৃতি—র্পায়ণ, বিগ্রহ form।
-পরিণাম—ক্মবিকাশে ধারায় র্পের
বদল; (ম্ল প্রকৃতির) বিভিন্ন
আকারের পরশপ্রায় অভিবারি।

আক্ষেপ-দোষারোপ।

আছিল—(বাস্তব হতে) আলাদা-করে-নেওয়া abstract। ছেব্টে-নেওয়া।

আ**জ্ঞীব—জী**বিকার ব্যবস্থা (বৌ)।

আজ্ঞা-বহা—ভিতরের প্রেরণাকে যা বাইরের দিকে নিরে যায় efferent (শা)। -সিম্ধ—নির্বিবাদে ফলপ্রসূত্র।

আন্তীকরণ—জীর্ণ করে অণ্শীভূত করা assimilation।

আন্ধ-অস্রা—নিজের সম্পর্কে অকারণ
নাত্তথাতি। গছ'ণ—নিজেকে নিজের
কাছে থাটো করা। -ভাদান্যা—(বিষরী
নিজেকেই নিজের বিষর করাতে)
নিজের সম্পেঞ্জ নিজের একম্ব অনুভব
self-idmitity। -ধ্যি—নিজেকে
অট্টভাবে ধরে থাকা। -নিগ্রন্—
নিজেকে গোপন রাখা বা গ্রিটরে
সেওরা। -জিবিন্ট—নিজের মধ্যে গ্রিটরে
আছে বে। -নির্ভ্রি-নিজের মধ্যে গ্রিটরে

ष्ट्राच्या वाका। -পরিছেদ—নিজেকে সীমিত করা self-limitation। -প্রতি-ষেধ---নিজেই নিজের স্বর্পকে নিরা-কৃত করা self-contradiction। -প্রতা-ভিজ্ঞা-নিজেকে আবার, চিনতে পারা। -প্রত্যয়—নিজেকে কেন্দ্র করে অন_ভবের পরম্পরা। -প্রসর্পণ—নিজেকে কোনও-কিছুর 'পরে ছড়িয়ে দেওয়া projection | -বিপরিণাম-নানা-ধবনে নিজের অবস্থান্তর modification | -বিভাবনা—নিঞ্জেকে বিশিষ্ট বা বিচিত্র রূপে ফর্টিয়ে তোলা —যাতে সন্তার সঞ্কোচ বা শব্তির উল্লাস দুয়েরই পরিচয় মেলে।...বিণ. -বিভাবনী। -বিভূতি—অব্যক্ত ব্যক্তরূপে নিজেকে স্ফুরিত করা হয় বাতে self-expression; স্ববিমশ । -বিমশ -- দ্র. -বিশেষণ—নিজেকে বিশিষ্ট সীমিত করা self-determination। -বিস্কৃতি—বিচিত্র র পায়ণে নিজেকে নিঝরিত করা. -ব,ভৃষা--নিজেকে রূপে ফোটাবার ইচ্ছা। -ব্যাকৃতি--বিশেষ-কোনও ভািংগতে নিঞ্জেকে বিশেষিত করা। -ব্যহ—বিভিন্ন শব্তির সংকলনে রচিত আত্মসত্ত organised self। -ভাব---আত্মার রূপে বোধ এবং সেই প্রকাশ: আত্মসত্তার বোধের ধারাবাহিকতা। ন্ব-ভাব। আপাতিক অতএব মিথ্যা-আত্মত্বের -ভাবনা-স্বর্পের <u>(বৌ)।</u> -রতি--নিজেকে বোধ। ভালবাসা : নিজের দিকে ঝোঁক: নিজের খোঁজা hedonism। আত্মস্বর্প আস্বাদনের আনন্দ: এমনিতর আনন্দ ष्ट्राट्ड यात्र (**শ্র**্)। -র পারণ—নি**জে**কে রূপে ফাটিয়ে তোলা self-formulation -লাভ-ব্যক্তিসন্তা নিয়ে coming into being कृत्ये खठा -সংবিৎ-স্বর্পের স্বচ্ছ ও जन्छर।...छार. -বিভি। -সংহরণ--নিজেকে গ্রতিরে ष्माना । সদুভাব—নিজের সন্তাকে শ্বিতি। चक्र রাখা: আন্দ-সন্তার -जबाधान--नित्यंत मात्य ्रकृतिहरू (मध्या। -नेक्डि--देवीहरकात-

সমাহারে পর্বে-পর্বে নিঞ্চেকে বিকাসত করা self-becoming। - হা— নিঞ্চেকে বিনষ্ট করে যে, আত্মঘাতী (শ্র্)। -সার্পা—কণ হতে কণাশ্তরে নিঞ্চেকে একর্প বলে অন্ভব করা। আত্যাশ্তক—নির্বিশেষ, পরম absolute। -নিরোধ—নির্দেষে প্রলয় ঘটানো annihilation।

আদি-কাণ্ড—অ' হতে শ্রহ্ করে 'ক'তে যার শেষ [দ্র. 'অক্ষমার্লা'] (শা)। আদিব্যহ—প্রথম সঞ্চলন। আদেশ—অলৌকিক স্চনা বা ইঞ্গিত (গ্রহ্ন)।

আধার-চেতনা, -চৈতনা—সমস্ত অনুভবের
মলে থেকে তাকে ধরে আছে যে-চিৎশক্তি। -পূর্ব—সমগ্র প্রকৃতিকে ধারণ
করে আছেন যে-পূর্ব। -শক্তি—প্রতি
ব্যক্তিত প্রাকৃতশক্তির পর্ন্ধি force in
one's being। -সত্—আধারের
মৌল উপাদান।

আধিদৈবিক—বিশ্বম্ল চিন্মর-জগতের 'পরে নিভরি যার (খ্রা)।

আধিভোতিক—ভূতসত্তা বা বহিঞ্জগতের 'পরে নির্ভার ধার (শ্রহ্)।

আধ্যাত্মিক—আত্মসন্তার 'পরে নির্ভার বার (শ্রু)।

জান্বংপ্য—ধরনের মিল। আদ্বাক্ষিকী—ন্যায়বিদ্যা logic। আপ্রেক—কর্মতিকে ভরে ডোলা complementation (সা)।

আশত-কাম—নিজের মধ্যেই নিজে পূর্ণ বলে
কামাবস্তুকে বাইরে খ'্জতে হয় না
যার (গ্র্)। -প্রামাণ্য—কোনও ধর্মের
প্রবর্তক প্রুষ্ বা শান্তের বাণীকে
প্রামাণিক বলে মেনে নেওয়।

আবিঃ—প্রকাশ (খ্রু)।

আ-ব্ত—চারদিক দিরে ছেরা; আবিষ্ট (শ্র্)।

আব্তি—ফিরে-ফিরে আসা, পৌনঃপ্রি-কতা। -নিত্যতা—অনশ্তকাল ধরে ফিরে-ফিরে আসা।

আ-ভাস-তাত্ত্বিক বিজ্ঞান [বেমন, দীপশিখা হতে আলোর] emanation; কোনও ম্বাতভ্রে সভা হুপানে নিষ্ট্রাবেংকা (গা)। আভাস-অভাত্ত্বিক প্রতিবিদ্ধ (বে); অস্ত্রত প্রকাশ। আবা আত্মার,পে প্রতীয়মান সম্ভা—আত্মার ম্বর,প না হলেও আত্মা বলে ভূল করা হয় যাকে phenomenal self। -চেতনা—প্রতিবিম্বিত (অতএব অতাত্ত্বিক) অনুভব।

আমর্শ—অর্থণ্ড সর্বগ্রাহী জ্ঞান (গৈ)। আমর্শন—নিবিড় ও ব্যাপক স্পর্শ দিয়ে পূর্ণভাবে জানা।

আন্নায়—আধ্যাত্মিক অন্ভবের প্রামাণিক বিব্যতি।

আয়তন—আধার, আশ্রয়, বাছন vehicle (শ্র্)। বিস্তার, পরিসর extension (শ্র্)। মান dimension। ঘনমান mass, volume।

আরদত—আয়াসয**্ত**, যা স্বচ্ছন্দ নয়। আয়াম—প্রসারণ: দীর্ঘ করা।

আর্য—প্রাণনার করা। আর্যা—প্রাণশারের অক্ষাতা।

আরোহ—উপরপানে ওঠা। -ক্রম—ধাপে-ধাপে উপরে ওঠা; বিশেষ হতে সামান্যের দিকে যাওয়া। -ন্যায়— বিশেষ হতে সামান্যের অন্মান induction।

আর্জাব—স্বভাবের ঋজনুতা সোজা পথে চলবার স্বভাব, সরলতা (স্মৃ)।

আর্ষ সত্য—ম্লসত্য বা প্রধানতত্ত্ব—সত্যের সাধককে বা আগ্রন্ত করতে হবে (বৌ')। আসম্বন—বাকে ধরে জ্ঞান হয়, প্রত্যের বা বোধের কারণ; বিষয়। ক্রিয়ার নিমিন্ত বা আগ্রন্ত। ভাবের উদ্বোধক। ক্রণং—ধরে-ধরে ওঠবার বা নামবার

জন্য তৈরী হয়েছে যেসব লোক। আলরবিজ্ঞান—চেতনার সমুদ্র বাতে ক্ষণ-স্থায়ী 'বিজ্ঞানের' পরম্পরা উঠছে ডুবছে

আলোচন-মন—ইশ্মিরবোধের নির্বিশেষ অস্ফর্ট ক্রিয়া চলছে বেখানে [বেমন বিষয়জ্ঞানের প্রথম ক্ষণটিতে] (সা)।

আশর—কোন-কিছ্র স্ফ্রণের প্রাক্কালীন আশ্রর, বীজভাবের আধার matrix। চিত্তভূমিতে লীন স্ক্র সংস্কার ও তার প্রবেগ (সা)।

আপ্রর—প্রেম আছে বার মধ্যে lover (বৈ)। (তু. 'বিষয়')।

আপ্ররাপ্রনিভাব—এককে অবঙ্গন্দন করে অপরের অবস্থান। আসক্ষ—বোগাযোগ association। আদেবন—দীর্ঘকাল , ধরে অজ্যাস (সা)। আদিতকা—'প্রাকৃত অনুভবের ওপারেও কিছনু আছে' এই শ্রুম্থা এবং বোধ।

আপ্রব—বাইরে থেকে ভিতরে আসা influx

ক্র •গনা—ইশারা; আভাস।

ইতি-কার—ভাবাত্মক ধর্মের নির্দেশpositive affirmation। -প্রত্যের— 'একটা কিছ', আছে' এর্মানতর ভাব-রূপে বোধ।

ইতোনা স্তিবাদী—'এ ছাড়া আর-কিছ,ই নাই' এই যার মত।

ইদন্তা—বিশ্বভাব, বিশ্বসত্তা (শৈ, বে)।

ইন্দিয়-বিজ্ঞান—ইন্দিয়ের সহায়ে বিষয়ের
বিশেষ জ্ঞান perception। -মানস
—ইন্দিয়ের শ্বারা জ্ঞান আহরণ করা
ধ্য-মনের স্বভাব sense-mind।
-সামকর্য—ইন্দিয়ের সঙ্গে বিষয়ের
ধ্যোগ sense-contact। সংবিৎ—
ইন্দ্রিয়ের শ্বারা বিষয়ের প্রার্থামক বোধ,
শয়স্ক্রাণ sensation।

কণ, ঈক্ষা—িনয়৽তার ভূমি হতে দেখা:
(প্রে্ষের) দৃণ্টি ও সংকল্প; যেদেখাতে অর্ল্ডগর্ডে সংকল্প রূপ ধরে,
দৃণ্টির স্থিটশার (শ্রা)।...কর্ত্র
দক্ষিতা।

ঈশনা—(ঈশ্বরীয়) অকুণ্ঠ সামর্থ্য (শৈ); আধিপত্য।

ঈষং-বিদ্যা-প্ররোপর্নর না জানা-বা 'অ-বিদ্যা'র স্বভাব (বে)।

উ**ন্চাৰচ**—উ'চুনীচু; নানাধরনের।

উচ্ছিণ্ট—আনুৰ্যাণ্যকভাবে উৎপন্ন byproduct।

উচ্ছ্যুর—উপরপানে ওঠা; উচ্ছতা।...বিশ. উচ্ছ্যুত।

উৎক্রম, -রুমণ, -রুণিত—(চেতনার) ধাপে-ধাপে উপরপানে ওঠা (শ্রম্ক); ছাড়িরে ওঠা।

উৎক্ষেপ—ফ্রটে ওঠা, বেরিরে আসা। উত্তমজ্যোতি—পক্সমুগর বিজ্ঞানের দীণিত

্রে()। বি
উত্তর—আরও উপরে আছে বা higher
(হা্)। -জোডি—লোকোন্তর বিজ্ঞানের দক্ষিত (হা্)। -পক্ষ—বিপক্ষের
সমস্ত আপান্তর জবাব দিরে পেশিস্কনো

গেছে বে-সিন্ধান্ডে প্রি. 'পূর্ব'পক্ষ']।
-সংক্রান্তি—নীচের ভূমিকে ছাড়িরে
উপরের ভূমিতে উঠে যাওয়া।

উত্তরায়ণ—(চেতনার) উধ্ব মুখী ক্রমিক অভিযান [মকরক্রাম্পিবিন্দ্র হতে স্থের উত্তর্রাদকে সরে বাওয়ার মত, বার ফলে ক্রমেই দিনের আলো বাড়তে থাকে] (শ্রা)।

উস্তাব—উপরের দিকে বাওয়া, প্রাকৃতভূমি হতে চেতনার উধর্ম খী গতি।

উৎপাদ্য—যা আপনা থেকে হয় না কিন্তু অপর-কিছ্ থেকে জন্মায়, 'জন্য' derivative।

উংপ্রেকা—কল্পনার বাড়াবাড়ি।

উৎস্লবন, -স্নতি—লাফ দিয়ে পার হয়ে যাওয়া।

উদয়নীয়—সংবংসরব্যাপী সোম্যাগের অশ্ত্য-পর্ব যা অম্তচেতনায় বাজনানের উত্ত-রণ ঘটায় (খুুুু)।

উদ্ঘাত—চলবার সময় জমি উচু-নীচু বলে ধারু দেওয়া jolting।

উন্দেশ—বিচারের জন্য বিচার্য পদার্থের উল্লেখ (ন্যা)।

উল্ভূতবীর্য—অব্যক্তদশা হতে স্পন্ট হয়ে ফুটে উঠেছে যে-সামর্থ্য।

উন্মনী—পরাসংবিতের উপকণ্ঠে ফুটে-ওঠা দিব্য-মননের শক্তি যার মধ্যে আছে অফ্রুকত প্রাতন্ত্রশক্তির উল্লাস (শা)।

উন্সেষ—শান্তর বিশ্বাকারে স্ফ্রণ (শা)। উপকারক—যার দর্ন কোনও ক্রিয়া তাড়া-তাড়ি ফলের দিকে এগিয়ে যার, ফলোৎপাদনের অনুকুল (মী)।

উপচয়—বৃদ্ধি, উপচে ওঠা।...বিণ. -চিত।

উপরিত—সংক্রামত, আরোপিত।...বি. -চার—উপকরণ। গোণ র্প। আরোপ।

উপদ্রুষ্টা—কিছ্, না করেও অবন্ধ্যদর্গিত তাকিরে আছে যে (প্য্)।

উপধা স্ব-শেষের ঠিক আগেরটি penultimate।

উপনয়—বে-বাক্য হতে সাধ্য-ব্যাপ্য 'হেডু'র অশিত্র বোঝা যার এবং তার ফলে অনুমান সহজ হর (বেমন, গ্রামে জাগুন লেগেছে' অনুমান করতে গিরে বুলি বলা হয় 'গ্রামটি ধুম (হেডু)-বিলিক্ট—বে-ধুম আগুন (সাধ্য) ছড়ো থাকতে পারে না'; এই বাকাটি উপ-নয়]।

উপমান—যার সংগে তুলনা করা হয়।
-মেয়—যাকে তুলনা করা হয়।

উপযোগ—কাজে খাটানো, প্রয়োগ, ব্যবহার।
...কত্ -যোক্তা।

উপরাগ—কাছে থেকে রং ধরানো (স্ফটিকের কাছে রঙিন ফুল থাকলে যেমন হয়); প্রতিবিম্বন, এবং তার দর্ন স্বভাবের মালিন্য বা বিকার (সা)।...বিগ. -রন্ত।

উপসগু—তত্ত্বজানের বিঘা (সা)।

উপস্থি—আন্মণিগকর্পে উৎপক্ষ byproduct।

উপশম—স্পন্দহীন প্রশান্তির ভাব (শ্র্)। থেমে যাওয়া, নিব্তি।...বিণ্, শান্ত।

উপসংক্রমণ, -সংক্রান্তি—একটি আধার বা আশ্রয় ছেড়ে কাছের আরেকটি আধারে যাওয়া।

উপসংখ্যানভূত—ন্নেতাপ্রণের জন্য আরও কিছ্ জ্বড়ে দেওয়া হয়েছে যাতে supplementary।

উপসংহতি—নাটকের আখ্যানবীন্ধের চরম পরিণতি development of a plot:

উপস্থাপনা—সামনে এনে হাজির করা। উপহিত—'উপাধি'র ব্যারা সীমিড; বিশেষ গুনুণ বা ক্রিয়ার অধীন কিংবা তার ব্যারা পরিচিত conditioned। সংকৃচিত।

উপাদান—গ্রহণ, স্বীকরণ। মূল উপকরণ।
-কারণ—মৌলিক উপকরণ (বে)।
-বিগ্রহ—স্ভট্যপকরণের খনীভূত
আকার substance-form।

উপাদেয়—থাকে গ্রহণ করতে কোনও বাধা নাই (প্র. 'হেম')

উপাধি—শ্বর্পের সঞ্চোচসাধক অথচ পরিচায়ক ধর্ম—যা কম্তুর একটা-কোনও
দিক ধরে তাকে বোঝাবার চেন্টা করে
limitation, determination;
অগন্তক ধর্ম accidents (বি)

উপায়-কুশলতা—যথায়থ উপায়প্ররোগের নৈপ্রা, অবস্থা ব্বে বাবস্থা করবার সামর্থ্য tact। -কৌশল্য করেনি-গ্রোগী ব্যবস্থা expedient, device (বৌ)।

উভরতঃপাশা तन्त्र—्य-र्गाण्त मर्गम्त्रकेष्ट कांत्र व्यर्थाः स्व-यर्गिष्त्र मस्या मर्गिष्टे वि- কলেপর কোর্নাটকেই মানা চলে না dilemma।

'উরৌ অনিবাধে'—সেই মহাবৈপ্রলোর মাঝে যেথানে কোথাও কোনও বাধা নাই (খ্রু)।

উধ্ব-ক্লান্ত—উপরপানে উঠে যাওয়।।
-পরিণাম্—উৎকৃষ্টতর ধর্মের আবির্ভাব
ঘটে যে-পরিণামের ফলে (যেমন, জড়
হতে প্রাণ, প্রাণ হতে মন ইত্যাদি।।
-পাতন—তাপ দিয়ে হালকা করে উপরে
উঠিয়ে নিয়ে আবার জ্মাট করা
sublimation।

খা ত-(বিশ্বের মূলে) সত্য এবং সূশ্ ংখল শাশ্বত-বিধান (cosmic) order and rhythm; সত্যের ছন্দ (খ্রু) (ব্যক্তির) স্বভাবে এবং আচরণে ধর্ম ও नारास्य म्यान right, morality; -চিন্ময়-খতের প্রদীণ্ড অন.ভব ছেয়ে আছে যাকে। -চেতনা--খতময় অনুভব, ঋতের অনুক্ল বা সত্যাশ্রয়ী চেতনা। -প্রবৃত্তি—ঋতের অনুকলে চলন বা বাবহার ethical conduct ৷ -বোধ —ধর্মাধর্মের চেতনা ethical sense। ভং—খতের ছন্দকে করে চলেছে যা (শ্র.)। —বিশ্বমূল ঋতের ছন্দ সম্পর্কে সর্ব-সমলস পূর্ণ জ্ঞান। -স্পূক -সতাকে ছ°ুরে আছে যা (খ্রু)।

ঋতশ্ভরা—ঋতকে ধারণ বা পোষণ করছে বা (সা)।

ঋতাচার—ঋতের প্রতিতনার স্বারা নির্ব-শ্বিত ব্যবহার।

খতাবরী—খতময়ী (খ্র)।

ঋতায়িনী—সত্যের ছল্পৈ চলা বে-শক্তির স্বভাব (শ্রু)।

ঋন্দ্ৰি—সাধনলম্থ অলোকিক ক্ষমতা (বৌ)। ঐশ্বৰ্ষ।

একলীবৰাদ—রেন্ধ এক এবং অন্বিতীয়, জাব রেন্ধ, অতএব জাবও এক এবং অন্বিতীয়—সন্তরাং বহু জাব কম্পনা-মার্র্য এই মতবাদ (বে)।

একদেশী—একপেশে। -মত—অংশত পৃথক মত।

এক-বিজ্ঞান—একটি ম্লতজুকে জেনে ভার সকল বৈচিচ্যাকে জানা (বে)। -রস— সব ছাপিয়ে ও সব মিলিয়ে একটি ভাবের আম্বাদন হয় য়াতে; আম্বাদনের বৈচিত্রহান।

একাথ-প্রত্যাসার—একমার **আখ্যসন্তার** নিবিড় অন্ভব ছাড়া আর-কি**ছ্ই নাই** যেথানে (খ্রু)। -সার্সবর্পত এক।

একান্ত-প্রত্যয়—শূংধ্ব একটা দিককৈ আঁকড়ে থাকবার ঝোঁক আছে যে-অন্ত্রেও । -বাদ—বিশেষ কোনও-একটি সিংধান্ত-কেই একমান্ত তত্ত্ব বলে ঘোষণা করা exclusive view।

একীভাব—একাকার হয়ে থাকা; একদ্বেধ মাঝে লীন হয়ে থাকা।

এযণা--খোঁজা, অদেবষণ।

এ্যানিমিজ্ম্—'সজীব-নিজীব সমস্ত বস্তু-তেই প্রাণাদ্বার আবেশ আছে' এই বিশ্বাস।

ক্রিক সব ছেড়ে শ্ব্য একটাকে

 কাকড়ে থাকা যার স্বভাব বা ধরন।
 অন্কল্প'-হ'ন। আর-কিছ্র ঠাই নাই

যার মধ্যে exclusive।

ঐতদাত্মা—'এই আত্মাই সব-কিছ্র আত্ম-স্বর্প'—'আত্মাই সব' এই অন্ভব (গ্রা)।

ঐশ্বরযোগ—ঈশ্বরের ক্রিয়াশক্তির স্ব-তল্ত ও স্বচ্ছদ্দ বিলাস (স্মু)।

প্র বাধি—অণ্নির ক্র্যোতি এবং শক্তি নিগ্র্
হয়ে আছে ষার মধ্যে, উণ্ভিদ (শ্র্)।
কাঞ্ক স্বরপের আবরণ (শৈ)।

কথা ৩ং-সতা — কোনও-এক ধরনের অহিত ছ যাকে আর খ'নুটিয়ে ব্যাখ্যা করা যায় না। কদর্থনা — স্বাভাবিক বৃত্তির বিকার ঘটানো। ...বিশ্ কদর্থিত।

কবিকত্—দিবাদশনের সঞ্জে যুক্ত স্থিত-সামর্থ্য বা সুক্তব্যপাক্তি যা কথনও নিজ্ফল হয় না seer-will। (খ্রা)। কম্বারেখা—শাঁথের মুখের প্যাচানো দাগ।

করণ—ক্রিয়াসিম্পর প্রধান সহায় (বেমন,
দর্শনিক্রার 'করণ' চোম) instrument। -বৃত্তি—করণের স্বাভাবিক
ক্রিয়া। -মান্ত—ক্রিয়া-নিম্পাদনের সহারক বিশেষ দীক্তি instrumental
power। -হীন—কোনও-কিছুর
সাহাবা না নিয়ে আপনা হতে ফুটেছে বে।
কর্তা চেতনা—কাজ করি চলেছে বে-চিম্পার্ড

७ ८०७ना—कास करत हरलरह रव-1हर active consciousness। কর্ম-কর্ডাছ-কর্তার নিজেরই 'পরে নিজের
কর্মের পরাবর্তান বা উল্টে আসা
action upon oneself। -বিপাক
—বিশেষ কর্মের বিশেষ ফল ফলা
(সা)। -ব্যতিহার--পরস্পরের উপর
ক্রিয়া reciprocal action। -সম্তান
-কর্ম বা শক্তিস্পন্দের ধারাবাহিকতা
(বৌ)। -সমাধি-কর্মের মধ্যে নিজেকে
হারিরে সম্পর্শি তন্মর হয়ে যাওয়া।

কর্শন—কৃশ করা, ক্ষীণ করা।...বিণ্ কশিত।

কলনা—গতি, চলন, প্রসরণ। ক্রিয়াশক্তির স্ফুরেণ (শৈ)।

কলল-ভ্রেণর আদিম অবস্থা।

কলা—কৃতিশক্তির বিশিষ্ট স্ফরেণ (গৈ)। অংশ। -বিভূতি—কৃতিশক্তির বিচিত্র ভণিগতে ফোটা।

কল্প---একাধিক সম্ভাবনার মধ্যে alternative। কালন্বারা সীমিত এবং প্রতীর ভাবনা ম্বারা নির্পেত স্থির cycle of existence, বিশেষ ধারা scheme of creation ষ,গব্যবস্থা world-order মনোময় ভাবনা। -বীজ-্যা ঘটবে বা ঘটতে পারে তার ভাবময় সক্ষারূপ potentialities। -রুপায়ণ-মনোময় শ্বারা ভাবনার র পায়ৰ mind-formation।

কল্পন—ভাবমর সত্য রূপের স্থিট;
ভাবের উপাদানে রূপ গড়া (প্র.)।
কল্পনা—মানসিক স্থিট imagination।
-গোরব—নিম্প্রোজন তত্ত্বের কল্পনা।
কল্পনাপোঢ়-কল্পনার ছোঁয়া নাই বার মধ্যে।
কল্পাবর্তন—চক্রণাততে একটির পর একটি
'কল্পের' আবিস্তাব।

কাম-কলা—স্থির সংক্রপ ও তার ক্যুরণ হর বে-শক্তিতে, রক্ষবোনি (শা)। -চার--আপন খ্লিতে চলা (সম্)।

কার-ব্রহ—বিচিত্র কার বা বিশ্বহের রচনা
এবং স্থাপনা (নাা)। কারে বা বিশ্বহে
অবরবাদির বথাবথ বিন্যাস (সা)। বহু
বিচিত্র আকারের এককালীন অলোকিক
আবিস্তাব (স্মৃ)। -সংস্থান—সরীরের
অংগ-প্রত্যাপকে বিশেষ ধরনে সাজানো।
physical organisation। -স্পাধ
—সরীরের র্শ লাবণা বল ও ব্যুক্তা

কারণসামগ্রী—বিভিন্ন কারণের সর্মান্ট বাদের একত্র বোগে কার্বের উৎপত্তি সম্ভব হয় assemblage of conditions।

কার্মণ—কর্মসম্বন্ধীয়। -বন্দ্রবাদ—'বন্দ্রের মত কর্মের চক্র আর্বার্ডত হয়ে চলেছে' এই মতবাদ।

কার্যান্মের—ফল দেখে বার অন্তিত্ব আন্দান্ধ করা বার।

কাল-কণ্ড-ক-সীমিত কালের বোধশ্বারা রচিত জ্ঞানের আবরণ limitation of temporal consciousness (टेन)। -কলনা--কালের গতি. পর্মপর). পরিমাপ বা পরিণমন। -দ্বিউ—কালের time-vision পরদায় ভাসতে দেখা -বিজ্ঞান-কালের বিশেষ বোধ। -ব্যাণিত --কালপ্রবাহের খানিকটা অংশ: কিছ**্র**-ক্ষণ ধরে বজায় থাকা duration i -মান—কালকে মাপা যায় বিমন, দণ্ড পল ইত্যাদি। কালের গতির প্রতিষ্ঠা বে-ভিনিতে। -সংবিং-কালের সামান্যবোধ - স্থিতি কালের জ্ঞান **मी** फिटग्र আছে যার 'পরে, কালজানের বিশেষ ধরন।

কালাখা—কালের অন্ভবকে আশ্রয় করে
ক্যারিত আশ্রটেতনা। কালর্পে অভিব্যক্ত পরমতত্ত (ক্যা)।

কালাবিছিল—কালদ্বারা বিশেষিত বা সীমিত, কালিক temporal। - চৈতনাবাদ — ব্যক্তিচেতনার সন্তা শুধু বর্তমান জীবন্কালের মধোই সীমিত' এই মতবাদ।

কালিক-প্রবৃত্তি—কালকে আগ্রন্ন করে চলছে বে-ক্রিয়া temporal activity।

কালোপহিত—কাল বার 'উপাধি' বা পরি-চারক বিশেষণ; কালের দিক হতে দেখা হচ্ছে বাকে, কালের অধীন।

'किर्शन्तम्'-की अक्षे त्वन (स्र.)

কিল্লামং--পরলোকে শেব বিচারের দিন। কুশলাভিগামী--কুশল বা ধর্মবোধ আরু অনুপ্রাণিত হরে কর্ম করা স্বভাব বার (বৌ)।

কুহক অনুল প্রত্যক hallucination। ক্টেশ-যাত-প্রতিষাতেও নিবিকার; প্রকৃতির বালারের উধের এবং তার প্রায়া অক্শ (সা)। ক্টেম্খ-ক্ট বা সম্হের অধিশ্ঠাতা এবং ভর্তা (বৈ)।

কৃতি—কোনও-কিছু গড়ে তোলবার সামর্থ্য executive or formative power। কান্তের ধারা। রচনা।

কৈবল্য—(প্রেবের) নিঃসংগ নিলিপ্ত অব-প্রান (সা)।

কোটি—চরম, অবধি extreme। আদর্শ। থাক।

কোম-উপজাতি: সম্প্রদায়।

কৌষিকী—একণিমাত কোষকে (cell) আশ্রম করে আছে যে।

ক্রজু—স্থির ইচ্ছা বা সামর্থ্য; সম্কল্প-শক্তি will (খ্রা)।

ক্রম-বন্ধ—নিয়মিত পর্রম্পরা, শ্রেণীবন্ধ বিন্যাস। -মুক্তি—এক-একটি লোক বা ভূমিতে থেমে-থেমে মুক্তির অভিযান (বে)।

<u>কমামণ—-পবম্পরায় ফর্টিয়ে তোলা।</u>

ক্রমায়মাণ—ক্রম বা প্রবন্ধরা ধরে চলেছে বা progressive।

কাশ্ডদশা — দ্রেদ্রোশ্তে দ্ভি বার। ক্রান্তি—ছাড়িয়ে যাওয়া; বিশ্লব।

কিয়া-কারক—শক্তির কিয়াকে আশ্রয় করে
কর্তা কর্ম করণ প্রভৃতি নানা সম্বন্ধ
(বে)। -পরিণাম—ক্রিয়াশন্তির ক্রমাশ্বয়ে স্ফ্রন process: শন্তির
ক্রিয়াশন্তিতা এবং তার ফল। -বিপাক—
ক্রিয়ার সার্থাক পরিণাম effectivity
of action। -ব্যাতহার—পরস্পরের
মধ্যে ক্রিয়ার বিনিমর interaction।
-মুদ্রা—চালচলন এবং ভাবভণিগ (বৈ)।

ক্রিয়াদৈবত—ক্রিয়া বা ব্যবহারে ভেদ না **থাক।** (স্মৃ)।

ক্লিডাব্যতি—সংকৃচিত ব্যাপার বা ক্লিয়া limited functioning।

ক্ষণ-ব্তিতা—ক্ষণিক অন্তিম্ব। -ভঞ্গ কালকে কণে-ক্ষণে ভাগ করে দেখা। ক্ষণে-ক্ষণে ভাগ করে দেখা। ক্ষণে-ক্ষণে স্পান্দত হয়ে কালের চলন। বস্তুর উৎপত্তির অবাবহিত পরেই তার বিনাশ হেতু ক্ষণস্থায়িম্বের পরস্পরা (বৌ)। -শাশবতী—কালের একটি ক্ষণের মধোই ভার অনন্ত প্রসারের অন্তব আছে বেখানে moment eternity। -সংগী—এক-একটি ক্ষণের সন্তেগ আলাদ্য হয়ে ব্তেং। -স্পতান

---একটির পর একটি বয়ে চলেছে যে ক্ষণের ধারা (বৌ)।

ক্ষর—বিকার বা র্পশ্চির ঘটে যার
mutable : -ভাব—বিকাশ, ধর্মের
বদল mutation (প্য.) :-সত্যস্থির লীলা-বৈচিত্যে স্ফ্রিড বিশ্বের
সৃত্য dynamic reality :

ক্ষেপণ-বিন্দ্—যে-বিন্দ্ হতে শক্তির বিচ্ছ-রণ শ্রে হয়।

ক্ষেপিষ্ঠ-সনচেয়ে দ্রতগামী (শ্রু)।

খ-ভাপ্রতিভাস-ট্নুকরো-ট্নুকরো: হরে সামনে
ভাসতে বা। -ক্ত্রি-বিক্ষিণ্ড ক্রিয়া
বা চলন্ এমনিতর চলন যার। -ভাব,
-ভাবনা—জীবনকে ট্নুকরো-ট্নুকরো
দেখা এবং সেইভাবে চলা, সমগ্রতা
বোধের অভাব।

খিল—সামধ্যে খর্ব, কুন্ঠিত deficient। খিলীভূত—খর্বীভূত।

গণ—একধর্মাক্তাসত সম্হ, বর্গা, শ্রেণী। গতি-প্রকৃতি—চলন ও স্বভাব। গ্ণাভাস—গ্রেকিয়ার সত্যকার স্ফ্রেণ

গ্ণীভূত—গণে বা ধম'র্পে আবিভূতি যা; আগ্রিত : গৌণ, অপ্রধান।

গ্ঢ়েবর্ত্তা—গোপন পথ ধবে চলছে যা। গ্ঢ়োত্থা—সন্তার গভীরে নিহিত ররেছে স্বরূপ যার (গ্রা)।

গোচরতা—অন্ভবের বিষয় হবার সামর্থ্য objectivity।

গোর-ভূ—প্রের সমস্ত সাবন্ধ ছেড়ে নতুন পরিবেশে আবিভূতি (বৌ। -হীন কোনও সংজ্ঞা বা পরিচয় দেওরা বার না যার (শ্রা)।

গোরী—বিশ্বের প্রাণর্পিণী শাুন্ধা চিৎ-শক্তি (শ্রা)।

গ্রন্থি-বিকিরণ—গাঁট খুলে দেওয়া; অবিদ্যার আড়ফ্টভাকে জ্ঞানের নিম্ভিডার রুপার্ল্ডরিত করা (শ্রন্থ)। 'ডেল— চেতনার শক্তিতে জড়ের আবরণকে বিদীর্ণ করা (শা)।

গ্রহণ—ইণিদ্রের সহারে বিবরের অন্ভব; অনুভবের 'করণ' বা সাধন। -মন— ইণিদ্রনান্ভবের কৈণে যুক্ত যে-মন sense-mind;

গ্রহীতা—বিষয়কে অন্ভব করে বে, বিষয়ী subject। গ্রহীত্-মন--বিষয়ের স্মুপন্ট অনুভব হয় ধে-মুনের দ্বারা perceptive-mind।

গ্রাহক-সংবিৎ—বিষয়কে গ্রহণ বা অন্ভব করে যে-বোধশন্তি।

গ্রাহা—অন্ভবযোগা; ইন্দ্রিয়ান্ভবের বিষয়। ঘলবিশ্রহ—জমাট হয়ে আকার নিরেছে যা। ঘোরচেতনা—অধ্ধ ও আক্ষর বোধ।

চক্রক—চাকার মত ঘ্রে-ঘ্রে চলে যে। চতুদ্বোট—বির্দ্ধ দ্বিট ধর্মকে পর্যায়-

ক্রমে স্বীকার করা (এই হল দুটি 'কোটি'), যুগপৎ স্বীকার করা (তৃতীর 'কোটি'), আবার কোনটিকেই স্বীকার না করা (চতুর্থ 'কোটি') | যেমন 'রক্ষ এক' 'রক্ষ বহু', 'রক্ষ এক এবং বহু দুইই', 'রক্ষ এক বা বহু কোনটাই নন']। - বিনিম্কি স্বার সম্পর্কে 'থাকা' 'না-থাকা' 'থাকা ও না-থাকার যৌগপদা' কিংবা 'থাকা ও না-থাকার দুরেরই অভাব' এই চারটির একটিও খাটে না; বাকা-মনের অগোচর (বৌ)।

চমৎকার—(আঅ-) রসের অনিবর্চনীর আম্বাদন (শৈ)। বিস্ময়। বিস্ময়কর পরিণাম।

চর, চরিষ্ট্-চণ্ডল, জ্ঞাম।

চর্বণা—বিচিত্র উপকরণের সমবেত আম্বাদনে আবিভূতি অনুপম রসবোধ।

চর্যা—সাধনা, মজ্যাস (ultime (বৌ)।
চিতি—চেতনার চিয়া: সচেতনভাব, বোধ।
ন্যাত—চিংশক্তির কিয়া যে-উপাদানের

-ধাতু—চিংশস্থির ক্রিয়া যে-উপাদা স্বভাবগত conscious stuft।

চিং-কু-ডলী---আধারে সংহত হয়ে আছে যে-চিংশরি। -কেন্দ্র—নিজের মধ্যে অন্-ভবের একটা মধ্যবিন্দ, যেখানে থেকে বাইরে-ভিতরে সব-কৃছ, দেখা চলে। -ধাতু—ভাব বা কম্তুর গভীরে অনুভূত চিৎর পী উপাদান spirit-substance। -পরিণাম-অব্তানীহত क्रीभक ऋग्नुब spiritual evolution। -পরেষ—চিৎসন্তার শুন্ধবিগ্রহ। -প্রতি-ভাস---চিৎসন্তার বিচিত্ররূপে -প্রভাস--চিজ্বজ্যোতির সর্ব-প্রকাশক ছটা। -সত্ত—চৈতন্যরূপ শক্ষে উপাদান, আধারের চিম্মর স্ক্রে উপা-দান- এই উপাদানকৈ অবলম্বন করে ম্পিডি। স্পন্দ—চিৎশক্তির ক্রিয়া।

চিত্র—মনশ্রেতনা। চিত্তের সামানারপে

types of consciousness -আকৃতি--বিভিন্ন জাতের চিত্ত, চিত্তের সামান্যবুপ mind-type। -পরিণাম —অবস্থাশ্তরের ভিতর দিয়ে চিত্তের ক্রমিক পর্নিন্ট। -পরুর--যে-প্রেষ বা চিদ্বিগ্রহ চিত্তব্তির আশ্রয় এবং ভর্তা। -বিমান্তি-চিত্তের লয় চিত্তব্তিজনিত ক্লেশ সম্তাপ হতে নিষ্কৃতি (বৌ)। -বৃত্তি--চিত্তের ক্রিয়া এবং তার পরিণাম। -সঞ্ —ব্তির আকারে ক্র্রিড যে-চেতনা তার ম.ল উপাদান. চিত্তের ভাবময় consciousness-stuff; এমনিতর শুম্ধ-উপাদানময় চিত্তস্থিতি, চিত্তধর্মের শুম্ধধর্মী: চিত্তময় psychological being; সত্তাতে আরোপিত ব্যক্তিখের অভিমান psychic individuality (

চিত্তি—চেতনা বা বোধ দিয়ে ধারণা করতে পারা (শ্রম)।

চিত্র-পূর্র্য—একই আধারে বহু এবং বিচিচ ব্যক্তিসন্তার সমবায়ে গঠিত পুরুষ multi-person।

চিদাকাশ—চিৎসত্তার অস্তহীন প্রসার ও দীপ্তি ফুটেছে যেখানে।

চিদাম্ব-ভাব—শ্ব্^মচিংর্পে আত্মসন্তাব প্রকাশ। স্বভাব—চিন্ময় আদ্ধ স্বর্পের আপনাতে আপনি থাকা।

চিদাধার—চিন্ময় আশ্রয়।

চিদাবেশ—চিংশক্তির অনুপ্রবেশ বা ওতপ্রোত ভাবে নিহিত থাকা।...বিণ, -বিষ্ট।

চিদাভাস—রংগে বা বিগ্রহে চিৎসন্তার স্ফুরণ phenomenal consciousness; আধারে স্ফ্রিড আত্মার বিশেষ র্প soul-form।

চিদেকরস—চিন্মর ভাবনার দ্বারা জারিত।
চিদ্-ঘনবিন্দ্য—চিংশক্তি বীজের মন্ত সংহত
অথচ স্ফারগ্রেন্ম্য হয়ে আছে বার
মধ্যে। -বিলাস—চৈতন্যের সন্তা ও
শক্তির বিচিত্র লীলা বা বৃদ্ধিঃ; চিংশক্তির খেলা। -বৃত্তি—চিংশক্তির
সাক্ষাং ক্রিয়া বা পরিণাম।

চিন্তা-সংক্রামণ—ইন্দিরব্যাপারের সহার ছাড়া অলোকিক উপারে ভাবের আদান-প্রদান telepathy;

চিল্মর-পরিশাম--চিংশভির ভ্রমেই স্পশ্টভর

হরে ফ্টে ওঠা।

চেতন-সত্ত্<u>কী</u>বের আধারে নিহিত চিন্মর-উপাদানে গড়া সন্তা।

চেতনা-বিভূতি—চিত্তের নানা আকার নেওয়া।

চেতা—সচেতন থেকে অনুভব করছে বে (শ্রু)।

চেতোগ্রাহ্য—চেতনাশক্তির স্ক্রেক্সিয়া দিয়ে জানা যায় যাকে।

চৈতস—চেতনার ক্রিয়াবশত ভাবর্পে ক্যুরিত conceptive; চিত্তগত, মনোমর subjective।

চৈতেসিক—চিত্তের উপকরণভূত 'ব্রি', চিত্তের-'বিপরিণাম' mental modifications (বৌ)।

চৈত্য-সন্ত্য—জীবের গহনে নিহিত চিন্দমর সন্তা psychic entity। -সন্তু— আধারে অন্তর্গন্ত চিন্দমর জীবভাব psychic personality।

চ্যুতি—খনে পড়া। একটি **জা**বনের অন্তিম ক্ষয়মূহুর্ত যা আনে আর-একটি জাবনের সূচনা (বৌ)।

ছবাক-বাাঙের ছাতা।

(टेग)।

ছন্দোন্বর্তান—অপরের ইচ্ছাকে মেনে চলা। ছায়াতপ—আঁধার এবং আলো; মাঝখানে বর্তুল কালো ছায়াকে ঘিরে আলোর ছটা penumbra (খ্রু)।

জ্ঞগতী—অখণ্ড জগংসত্তা worldexistence (শ্র্ম); তার ছন্দ (শ্র্ম)।
-চ্ছন্দ—বিশ্বদান্তির স্পন্দ ও দোলন।
জগদানন্দ—বিশ্ব জ্বড়ে নিরবচ্ছির হরে
উছলে-ওঠা অনিবচনীয় চিন্ময় আনন্দ

জড়-ধাতু—জড়র্পী উপাদান material substance। -সামান্য—জড়ের সাধারণ ধর্ম'; এই ধর্মাক্রাম্ত জড়, বিশ্ব-জড় universal matter!

জড়ালৈতবাদ—'জড়ই একমাত বিশ্বম্ল তত্ত্ব' এই মতবাদ।

জড়ৈকরন্ধবাদ—'জড়ই একমাত্র বিশ্বম্কা তত্ত্ব এবং রহ্মতত্ত্ব জড়ছে পর্যবিস্ত' এই মতবাদ।

ব্দড়োন্তর-সমিকর্য ক্রড়ব্রগতের ওপার থেকে অলোকিক উপারে বিবরের সপে বিষয়ীর বোগ।

ৰাশ্যকথনতাসংবোধ-কী করে জন্ম হল তার

সম্পর্কে স্কৃষ্ণ জ্ঞান (সা)। জন্য—অন্য কিছু হতে উৎপন্ন derivative।

জবন—'বৃত্তি'র দুত পরম্পরায় চিত্তের স্পদ্দন (বৌ।

জলপ-বিতন্ডা-কথার ছল ধরে হলেও পরের মতকে খন্ডন করে নিজের মত প্রতিষ্ঠা হল 'জ্বলপ' আর তেমনি করেই শুধ্ পরের মত খন্ডন করা 'বিতন্ডা' (ন্যা)।

জাগ্রং-সমাধি—ইন্দিরব্,ত্তিকে নির্মুধ না করেও আর একটা গভীর ভূমিতে সঙ্গাগ থাকা।

জাতি—জন্ম। সামান্যধর্মসংক্রান্ত সম্হ বা বর্গ class। -ধর্ম-জন্ম বা বর্গন্বারা নির্মিপত সাধারণ ধর্ম congenital or typal property। -র্প--বর্গের পরিচায়ক আদর্শ র্প type।

জাতান্তরপরিণাম-এক জাতি হতে আর-এক জাতিতে পরিণত হওয়া (সা)। জারণা—ওতপ্রোতভাবে অনুপ্রবিষ্ট জিজীবিষা—বে'চে থাকবার ইচ্ছা क्षीव-शानर्गास (খ্রু): প্রাণী: বিশ্বের অন্তগ্ৰ ত বিশিষ্ট individual i -ঘন--বিশ্বপ্রাণের ঘনীভত রূপ যা অনন্ত জীবব্যক্তিতে প্রকাশমান (희() [-ধাতু--প্রাণময় অডোপাদান living matter -বিভূতি জীবরুপে আপনাকে ফুটিয়ে -ব্যক্তি--একক-সত্তা-বিশিষ্ট कीय, वाष्ट्रिकीय individual । - उन्ह —জীবরূপে প্রকটিত -ভাবনা—আধারে নিহিত সংবেগ বা জীবদ্ধকে ফ'ুটিয়ে তলছে। -সত্ত-জীবভাবের চিন্মর উপাদান substance: লীবের স্বর্পসন্তা psychic entity; জীবের ব্যক্তিরূপে প্রকাশ individual being; জাবের ব্যক্তিস্বভাৰ individuality; জীব-ভাবের মূলাধার।

জীবদ্বোর্গহিত কীবভাব ন্বারা সন্কৃতিত।
জীবনবালিপ্রবন্ধ ক্রিলের বে-ক্রিয়াকে
আল্লয় কীব্র জীবন চলছে (ন্যা)।
জীবাদ্বভাব কর্মাবন্ধে জাপনাকে
ক্রিলে জেলা।

জীবাধার--প্রাণক্রিয়ার আশ্রর (সমু)। জীবৈতেন্দ্রি—প্রাণক্রিয়ার বাহনর পী ইন্দির vital organs (दवी)।

ক্লীবোত্তীর্ণ — জ্বীবভাবকে ছাড়িয়ে टगट शा । জুগ**ু**ণসা—সংক্রাচে গ**ুটিয়ে আসা (শ্রু)।**

জৈতবথ-সব-কিছ্কে জয় করে বে-রথ।

জ্ঞান-তল্য-পরস্পরসম্বন্ধ বিভিন্ন জ্ঞানের system of knowledge সমাহার -ব্তি-জ্ঞানশন্তির ভাগ্গতে नाना স্ফুর্ণ। -সাংকর ---পাঁচমিলেলী खारनत এको क्रवेशा।

জ্ঞানাভাস-সত্য জ্ঞান নয় কিন্তু জ্ঞান বলে मत्न इष्ट या।

জ্ঞানা-শান্ত—(পরমার্থসতের) ষে-বিভাবে জ্ঞান ফুটছে সার্থক ক্রিয়ার প্রবর্তনা নিয়ে (শা)।

জ্যোতিন্টোম—আলোর স**্**রের স্তবক (শ্র**্ছ**)। টাৰ,—বিশেষ-কোনও বস্তুকে বা ব্যক্তিকে অতি-পবিত্র অতি-অপবিত্র জ্ঞানে বা অস্পূন্য করে রাখা।

টেটেমিজ্ম — বিশেষ কোনও বস্ত (সাধারণত জ্ঞুন্ত বা উদ্ভিদ) যার সংগ্ অসভোরা নিজের পরিবারের বা গোষ্ঠীর গোরসম্পর্ক আছে বলে বিশ্বাস করে তাকে বলে 'টোটেম'] টোটেমে বিশ্বাস এবং সেই বিশ্বাসের 'পরে প্রতিষ্ঠিত সামাজিক আচার ইত্যাদি।

ভেট্র্য—কোনওদিকে যা পড়েনি balanced, poised; নিরপেক্ষ. উদাসীন neutral। দুয়ের মাঝামাঝি intermediate i -শান্ত-মধাবতী শক্তি: বিদ্যাশক্তি আর অবিদ্যাশক্তির মাঝামাঝি জীবশক্তি (বৈ)।

তং-স্বর্প-ভ্রম্মের চর্ম ও পরম স্থিতি যেখানে তাঁকে 'তং' বা 'সেই' বলা ছাড়া আর-কোনও উপায়ে নির্দেশ করা যায় (회문) (

তত্ত-ভাব-স্বরূপের সত্য Reality: ভার অনুভব (খ্রু)। নিজ্ঞস্ব ভাব। -সমীকা-স্বর পনিপরেত कना च "छित्र विहात (ना।)

ভব্রাম্বা—সভ্যকার আম্বা real self। তত্তাধিগম—সত্যের জ্ঞান অর্জন। তথতা—বা বেমন ঠিক তেমনি

স্বরূপ-সন্তার অনিব'চনীয় श्वित thatness. irreducible nature, absolute reality, (रबी)।

তথাভূত--তান্তিক real।

তন্-ভা-স্বর্প-জ্যোতির বিচ্ছারণ (বৈ)। তন্কতি-খাটো কৰা ছোট করা।

তম্তু-চ্ছেদ, -বিচ্ছেদ—সূত্র ছি'ডে যাওয়া. একটানা ভাবের মধ্যে হঠাৎ ছেদ এসে পড়া (খ্রা)।

তল্ত-পরস্পরসম্বন্ধ বিষয়সমূহের একত সমাহার system! -সংস্থান-ভদ্য বা ছক্ অনুসারে সাজানো থাকা। -সম্মত —'ভক্ষ' অনুযায়ী systematized 1 তপঃ--(চিং-) শক্তি ও তার সফরেণ (শ্র:)। তপোবিগ্ৰহ—শক্তির ঘনীভত রূপ cnergy-form (

আছে তমোভাগ—আঁধারে যে-অংশট্ৰক (三) [

তক'-নিশ্চত অনুমানের অনুক্ল বুলি having argument cogency যুক্তি।...বিণ্ ত্তকিত বার অনুক্লে যুক্তি দেখানো ষেতে পারে। -প্রস্থান—তত্তবিদ্যার ভিত্তিতে দার্শনিক চিন্তার ধারা।

তক্যভাস—যে 'তকে'র প্রামাণ্য সম্পকে সন্দেহ আছে conjeture (ना)।

তাদাখ্যা—পরস্পরের একামতা বা অভেদভাব identity (-প্রতায়-অভেদভাবের প্রতীতি বা সুস্পন্ট বোধ i —জ্ঞানের বিষয়কে সম্পূর্ণ **আত্মসা**ং করার ফলে যে-জ্ঞানে জ্ঞাতা ও জ্ঞোয়ে ना knowledge by থাকে identity (-বিভতি--অভেদভাবেরই म्यकृत्व । -ভাবনা---একীভত ভাব: সবার সঙ্গে একাকার হয়ে থাকা।

তিরস্করণী—যা আড়াল করে রাখে, পর্দা। তীব্রসংবেগ—লক্ষ্যের দিকে উৎসাহী চিত্তের দ্ৰশ্ম অভিযান (সা)।

তুচ্ছত্ব—মিথ্যাত্ব, অবাস্তবত্ব (বে) 🕨

ত্রীয়, তর্য—তিনের ওপারে। স্বণন জাগ্রং ও স্বৃণিতর অতীত আত্মার স্ব-প্রকাশ ভূমি; দেহ প্রাণ ও মন এই তিনটি, ভূমির ওপারে; বিরাট্ হিরশ্য-গর্ভ ও ঈশ্বরের ওপারে (শ্র.)। বিশ্বা- তুর্যাতীত—'তুর্য' ভূমিরও ওপারে প্রম-শিবের সহস্ত ভূমি বা সবকে ছাড়িরে সবাইকে জড়িয়ে আছে (শৈ)।

তুলাবিদ্যা—ব্যন্তি-জীবের মধ্যে আছে বে-আবিদ্যা ignorance in the individual (প্র, 'ম্লাবিদ্যা') (বে)। তেজঃ—শক্তি ও তার ক্ষমুরণ (প্রা)।

জীবাত্মাতে নিহিত চিন্ময় শক্তি (খ্রু)। তেজো-ধাতু-রুপায়ণের ম্লে যে-চিন্নাশক্তি

তেজো-ধাতু--র পায়ণের ম্লে যে-ক্রিয়াশবি Energy।

তৈজস-র পাল্ডর—চিন্ময় তেজঃ বা 'চৈড্য-সত্ত্বের' র পান্তর psychic transformation।

গ্রিপটোঁ—তিনের সমাহার, তিনে এক trinity, tri-une aspect; একে তিন triplicity। জ্ঞাতা জ্ঞান ও জ্ঞেয়ের সমাহার (বে)।

দ বিজ্ঞাগ—উত্তর্যাধকারের বণ্টন বা অংশ। দিগ্রিক্ষনমন্ত্র—কোও-কিছুর চারদিকে বেড়া দেওয়া হয় বে-মন্ত্রে (শা)।

দিতি—খণ্ডতা, খণ্ডবোধ (শ্র্)।

দিব্য-করণ—'দিব্য-সংবিং' গ্রহণেরও যোগী সাধন ও म का ইন্দিয়। -ক্ত--পরমপ্রের্যের সঙকলপ সূথি-বীর্য : চিল্ময় সংকলপ -প্রেষ—উপনিষদ-বার্গ ত পরম প্রেষ ('দিবা প্রেষ' তারই বিভূতি । (খ্রু)। -ব্যাহ—দিবা-পার্বের সমগ্র বিভূতির প্রেল-প্রেল বিন্যাস। -সংবিৎ--শব্দাদি বিষয়ের অতীন্দির বিভূতির স্ক্রা ও অলোকিক অন্ভব -সত্ত-দিবাভাবমর উপাদান দিরে গড়া বিগ্রহ।

দিব্যোদ্মাদ—দিবাভাবের আবেশক্সনিত অতত-বের অলোকিক উন্মাদনা Godecstasy (বৈ)।

দ্ব্ৰ্পযোগ—ঠিকমত থাটাতে না পারা। দৃক্শান্ত—বিশা্ম্থ নিবিকিল্প অন্ভব (সা)।

দ্ক্সিম্ধ—প্রত্যক্ষ স্বারা সত্য বলে প্রমাণিত verified।

দ্
- বিরোধ

- স্বাভাবিক অনুভবের সংশ্য অসামঞ্জস্য। - সাধন

- ইন্দ্রিরগ্রাহ্য উপার বা উপকরণ।

দ্ভি জগৎ ও জীবের তবুকৈ দেখবার বিশেষ ধরন view of existence, view of things(বৌ, লৈ)। -স্থিট— অশ্তণচক্ষে ভাবকে দেখেই তাকে রূপ দেবার শক্তি creative insight।

দেবগন্ধর্ব—বিশ্বসংগীতের আনন্দক্ষ্যোতির্মার স্ক্রশিল্পী (শ্রভূ)।

দেবাপ্মশক্তি—পরমপর্র্বের সংগে নিত্যযুক্ত স্বর্পশক্তি (গ্রা)।

দেশ—নিখিল ম্ত্দ্বোর অম্ত্ আধার যা
অবকাশধমী এবং দৈঘা প্রদ্ধ ও বেধ
দ্বারা পরিমের space।... বিণ দৈশিক
কাল—দেশের তিনটি এবং কালের
একটি এই চারটি মানের সমবার
space-time। -কৃত—দেশসম্বধ্দবারা
নির্পিড, দৈশিক spatial। -ভাবনা
—দেশের সন্তাকে ফ্রটিয়ে তোলা।
-সংস্থান—বিশেষ দেশে বিশেষ ধরনে
বস্তুর বিন্যাস।

দেশনা—বিশেষ দিকে পরিচালিত করবার শাস্তি; অলংঘনীয় অনুজ্ঞা imperative (বৌ)। অনুশাসন।

দেশোপহিত—দেশ যার 'উপাধি' বা পরি-চায়ক; দেশের দিক হতে দেখা হচ্ছে যাকে conditioned by space।

দেহান্তরসংক্রমণ—মৃত্যুর পর জাবাত্মার অন্য দেহ অপ্রেয় transmigration।

দেহী—দেহে আবিষ্ট চিৎসত্তা embodied spirit (ऋर्)।

দৈবী-সম্পং—দিব্য জীবনের অন্ক্ল ধর্ম এবং বৃত্তি (সম্)।

দৈহ্য—দেহসম্পর্কিন্ত corporeal। – আত্মা —আধারের স্ক্রাভূতময় সন্তার অধি-ন্ঠিত আত্মা subtle-physical being (স্মা)।

দৌর্মনিস্য—মনের সম্ভাপজ্জনিত অশান্তি (সা)।

দ্রব্য-গণে ও ক্রিয়ার আশ্রয়র্পী পদার্থ substance (ন্যা)।

ন্বিকোটিক দুটি প্রান্তভূমিকে আশ্রয় করে পরস্পরের মুখোমুখী হয়ে আছে যারা।

ন্বিধাব্ত-স্ভাগ হরে চলেছে যা। ন্বৈতবাসনা-ক্রেভাবের ছোঁয়াচ।

শৈধ-বাদী—জগংকারণে অন্যোন্যবিরোধী ধর্মেন্ন আরোক্ষারী ইরানীর প্রাচীন সম্প্রদার ি-বৃত্তি—দ্ভাগ হরে চলা double movement;

র্থর্ম-বিশিন্ট পরিবেশে কোনও-কিছুর

বিশেষ ধরনে চলবার ধারা law; খাশ্বভ বিধান (শ্রু)। মানুষের প্রাণ্যাভিমুখী প্ৰতি morality। বস্তর বিশেষ গুল ও বৈশিষ্ট্য property। যা-কিছুর সরা আছে, বস্তমার existence তত্ত্বস্তুকে অন,ভব করবার यशितस এবং **क्टी**यत्न তোলবার সাধনা: এরই অনুক্ল বিধিবিধান। -চক্র-প্রবৃত্তি—নতুন করে সত্যথমে ব ধারাবাহিক প্রবহণ (বৌ)। -4. P --বিশ্বের শাশ্বত বিধান প্রবর্তিত হয়েছে যা হতে। -বিপরিণাম-এক ধর্মের জার-গায় আরেক ধর্মের আবিভাবজানত modification of pro-র পাশ্তর perties । -শ্নাতা—শ্নাই সমন্ত বন্ধুর যথার্থ তত্ত এই বোধ (বৌ)।

ধর্মান্শাসন-ধর্মবোধ দ্বারা প্রবৃতিতি বিধান ethical code or law

ধর্মি-বিশেষ—বিশেষ-কোনও বস্তু যা একা-ধিক ধর্মের আশ্রয়। -ভাবশ্না—কোনও ধর্ম বা বৈশিশেটার আধার হবার প্রবণতা নাই যার মধ্যে, বিশ্বন্থ (সন্তামাত্র)।

ধর্মী—ধর্মের আশ্রন্ন, আধার।
ধর্ম্য –ধর্মবোধ শ্বারা প্রবর্তিত ও
পরিচালিত।

ধাতৃ—যা ধরে আছে: বস্তর মৌল উপা-দান ও তার গুণ প্রভৃতির আশ্রয় substance i -প্রকৃতি-খাতুগত substantial nature; -প্রসাদ—উপাদানবস্তর স্বচ্ছতা transparence or luminosity substance (凯); আধারের -বৈষমা--আধারের উপা-নিৰ্মপতা। দানে স্বাভাবিক ক্রিয়ার সামঞ্জস্য নন্ট -শ্ন্যতা—বে মহাশ্ন্যতার অনুভবে শৃধ্ব অহংএর প্রলার হর না —সংগে সংগে যাবতীয় বস্তুসন্তার**ও** প্रमाम चर्छ void of Being (त्वी)।

ধ্তি — কুটিল চলন (শ্র্)।
ধ্তি — বিশেষ-কোনও ভাবকে আঁকড়ে
থাকা; মানসী ধারণা। দ্টেম্ল
দ্ভিভগী (স্ম্)।
ধানচিত্ত — ব্ৰভাবতই বে-চিত্ত একাপ্রভামতে

থাকে, যোগিচন্ত (বৌ)।

ধ্যামলপ্রার—উম্জ্বল অথচ ধোঁরা-ধোঁরা smoky-luminous (मा)। क्रिक्का—स्य कार्त्त ना अथह कान्स्ट हात्र (हार्

নয়—একটা বিষয়ের নানাদিকই আছে এই-কথা মেনে নিয়ে তার বিশেষ-কোনও দিকের 'পরে আপাতত জ্বোর দিয়ে মড প্রকাশ করা logical judgment expressive of a particular aspect of a thing (क्रि)।

নরাকার রন্ধাবাদ—দিব্য-পরে্বের 'পরে মান্-বের র্প গ্ণ ইত্যাদির আরোপ করা হন্ন বে-মৃত্বাদে anthropomorphism।

নাড়ী—নার্ড । -তন্ত্র—শরীরম্থ নাড়ীজ্ঞাল nervous system। -পুরুষ— নাড়ীতন্ত্র অধিষ্ঠিত চিন্ময় সঙ্ক। -সংবেদনময়—নাড়ীর প্রতিক্রিয়াহেতু অস্পন্ট বোধে ছাওয়া।

माना वर्त्रू भ the Many; वर्ष् multiplicity। (अ.)।

নিঃশ্রেরস-পরমপ্রুবার্থ, মোক।

নিঃসত্ত্—সন্তার স্বাভাবিক ধর্ম যে 'অর্থ-ক্রিয়াকারিতা' তাও নাই যেখানে, শ্ন্য nonentity, void।

নিঃসন্তাসন্ত্—'সন্ত্' বা ব্যক্তিভাবের অহ্নিডম্ব এবং অভাব দ্বরের ম্বন্দেবর বাইরে ব্যক্তিভাব নাইও আবার আছেও বার মধ্যে impersonal-personal।

নিঃস্বভাব—আগন অস্তিদ্বের কোনও উপাদান আশ্রয় বা লক্ষ্ণ নাই যার without substance of being (বৌ)।

নিকায়—বিভিন্ন অবয়বের স্শৃত্থলা ও কার্যকরী বিন্যাস ম্বারা গঠিত অবয়বী organised being, organisation।

নিগমন ন্যায়ের চরম অবরুব—বৈথানে ব্যক্তিবারা প্রমাণিত সিন্ধাণ্ডের উল্লেখ ধাকে conclusion of a syllogism (ন্যা)।

নিগ্হীত—চেপে-রাখা repressed ₄

নিতা-সত্ত—শুন্ধ অন্তির্পে বিনি বিশেবর চিরুতন ম্লাধার। -সমবেত— অনুত্তকাল ধরে অবিক্ষেণ্ডাবে হ্ছ eternally inherent। -নিক্ষ— অনুত্তকাল ধরে প্রেক্টির্পে অবস্থিত। নিদিধ্যাসন—ধ্যেরবস্তুর গভীরে ভূবে গিরে তার তত্তসাক্ষাংকার।

নিবতি কা—ভিতরের দিকে গ্রিটরে আসছে যা।

নিমিত্ত-কারণ এবং ভাব ব্যাপার causality (বৈ)। উপাদান ছাডা কার্যেভিপত্তির অন্যান্য কারণ causal determinants. conditions: কার্যের প্ররোজ্ঞক বা প্রবর্তক agent। কার্যোৎপত্তির সাধন instrument i ঘটনা ঘটবার অন্যতম হেড় occasion। -আত্মা—অন্তর্যামীর শাসনে তাঁর যন্ত হয়ে চলেছে যে-আত্মা instrumenself | -কারণ--যাত্র প্রবর্তনায় কার্যের উৎপরি efficient cause -চেতনা---বাইরের যে-চেতনা অন্তরের গোপন শাসনে যন্তের মত চলছে। -পরিবেশ—ভাব বা কর্মের উৎপত্তির পারিপাশ্বিক কারণ circumstances। -প্রবাহ-কার্যকারণের পরম্পরা chain of causation। -সামান্য-সর্বসাধারণ কারণসমূহ।

নিমেষ—শহুষ সম্মতে শক্তির তল্লীন হয়ে থাকা (শা)।

নিয়ত-পূর্ববর্তী—কার্যোৎপত্তির আগে সব-সময় যাকে দেখতে পাওয়া বায় antecedent (ন্যা)। ভাব—একটা নির্দিন্ট ধারায় একভাবে অবস্থান persistence।

নিয়তি—নিয়ম law। কার্য'-কারণের অলংখ্য ব্যাপার যার ফলে কোথাও কারও স্বাতন্যা আছে বলে ভাবা যায় না necessity (শ্রু, শা); বিধাতার নির্দিষ্ট বিধান।

নিযামক—ক্রিয়ার ধারাকে নিদিশ্টি খাতে বইরে দের বে determinant।

নির্রাধন্টান—বার কোনও ভিত্তি বা আশ্রয় নাই।

নির্ভি—বিশেষ-কোনও ধর্ম বা লক্ষণ দিরে পরিচিত করা determination। ভেঙে বলা, ব্যাখ্যা, বিবৃতি।

নির্ভ্রাস্-র্ভ্থবাস, নিজ্জির।

নির্পাখা—বার কোনও সংজ্ঞা বা পরিচর দেওরা বার না।

নিরপোষক—যার কোনও 'উপাধি' বা

পরিচারক বিশেষ ধর্ম নাই; অসংকৃচিত (বে)।

নির্ঢ়—গভীরে যার মূল রয়েছে, স্বভাবতই যা নিত্যযুক্ত inherent।

নিরোধ—চিতের বৃত্তিশ্ন্য অবস্থা (শ্র., সা)। -সমাপত্তি—একাগ্রচিতের অব-শেষে বৃত্তিশ্না অবস্থায় লয় trance. of exclusive concentration। -স্থিতি—নির্ম্ধভূমির নিস্তর্গতার অবস্থান।

নিশ্বতি—বিশ্বের ছন্দোময় বিধানের বিপ-রীত অবস্থা (শ্রঃ)।

নিগ্র'ন্থ—কোনও জটপাকানো নাই বার মধ্যে, সরল (সম)।

নিৰ্ণয়—যুক্তিসম্মত সিম্পান্ত logical conclusion (ন্যা)।

নিধ'ম'ক—বৈশিষ্ট্যহীন, নিবি'লেষ।

নিধ'্ত—ঝেড়ে ফেলা হরেছে বাকে (গ্র্)। নিব'হ'ণ—নাটাকস্তুকে ফর্টিয়ে তুলে তার চরম পরিণতিতে নিয়ে বাওয়া denouement।

নির্বাণ—বিনাশ—অবশ্য সমগ্র সন্তার নর, শুধু আমাদের প্রাকৃত সন্তার; অহন্তা বাসনা ও অহংবৃদ্ধিপ্রণোদিত মনোবৃত্তি ও কর্মের লয় (বৌ)।

নিবিক্টপ—চিত্তের বিক্টপ বা ট্রেডবৃত্তি নাই যেখানে, ত্রিপন্টীর বা জ্ঞাডা-জ্ঞান-জ্ঞেয়ের লয় যেখানে (বে)।

নির্বিশেষ—কোনও বিশেষণের আরোপ বা বৈশিক্টোর ভাবনা চলে না ধার মধ্যে Absolute [প্র. 'সবিশেষ'] নির্ব-্যিত—ভারহীন মুক্তচিক্তের আনন্দ।

নিমণি-কায়—আপন ইচ্ছায় রচিত শরীর;
কৃত্রিম ম্তি (বৌ)। -র্প—আপন
খ্লিতে গড়া জিনিস, মনগড়া কছু।
-স্বাতন্ত্য—আপন খ্লিম্ড নিজেকে
ফুটিরে তোলবার সাম্ধ্য।

নিক্কর্য—সার বস্তু। নিক্কর—অখন্ড absolute।

নিসগ'-ধর্ম', -বৃত্তি—প্রাণিমাত্তের স্বভাবে রয়েছে যে বিচারহীন অথচ বিশিষ্ট ফল্যভিম্থী প্রবৃত্তি instinct।

নিস্পদ্দিত্যমূ—অনিশ্তকাল ধরে স্পদ্দহীন হয়ে থাকা।

নৈমিত্তিক—'নিমিত্তের' আগ্রিত বা অপ্ণী-ভূত। বিশেষ্ক অবস্থা বা পরিবেশ হতে উৎপন্ন। 'নিমিন্ত' বা কারণ হতে জাত, কার্ব' effect।

तिर्व भ-निर्के त्रका (व)।

নৈক্ষ্য ক্ষাস্পলের অভাব passivity

নৈতিক—ধর্ম সাধনার কঠোর নীতিচর্চার পক্ষপাতী।

ন্যার—তর্কপাস্ট logic। ব্রন্থিবাক্যের
পরস্পরা syllogism। স্থাবিচার
justice। -প্রবৃত্তি—ন্যানের বিধানের
প্ররোগ। -প্রস্থান—বে-দর্শনে ন্যার
বা ব্রত্তি দিরে তত্ত্ব নির্পর করা হর।
ন্যানসভাক—অপরের সন্তার 'পরে নির্ভর করে বাব সন্তা (বে)।

পঞ্চক্ষ্য—রূপ (sense-data), বেদনা (feeling), সংজ্ঞা (perception), সংস্কার (tendencies) এবং বিজ্ঞান (consciousness) জীবব্যবিতে এই পাঁচটিত সমাহার (বৌ)।

পঞ্চাবরবী—প্রতিজ্ঞা হেতু প্রভৃতি পাঁচটি 'অবয়বের' বা বাজ্যের কঠামো আছে বে-ব্যক্তিতে syllogism (ন্যা)।

পর—উপরকার; শিবতত্ব [প্র. 'অপর'] (শৈ)।

পরতঃপ্রমাণ—বার প্রামাণা সিম্প করতে সাক্ষাৎদর্শন ছাড়াও আর-কিছ্ব দরকার হর।

পরবিন্দ্—বিশ্বের মর্মানিহিত চিৎসন্তার নিজের মধ্যে কু-ডাঙ্গিত হয়ে থাকা (শা)।

পরমসাম্য—শ্বন্দর বা বিকারের দেশমাত্রও নাই বেখানে (শ্রন্)।

পরমার্থ-সং—চরম তত্ত্ব বার সত্যতা অখণড-নীর এবং বার উপলব্ধি সাধনার সর্বো-ত্তম লক্ষ্য।

পরাক -- বাইরের দিকে মোড যার externalised (খ্র): বিষয়গত objective (-কড--বিবরর পে উপস্থাপিত objectivised। -চেডনা --বহিম, খ চেতনা। -म. चि-- वार्रदात বোধ। -প্ৰবৃত্তি--ৰহিষ্ক্ৰ -ব্র-বার ক্রিয়ার ধারা বহিম±িশ বা objective, fron-माम्दनव निदक বহিঃস্থিত।...ভাব্ -বৃষ্টি। প্রাণর--'পর' (শিষ) এবং জগরের

(জীবের) মাঝামারি শরিতত্ত্বে ভূমি (শৈ)।

পরাবর—উপর এবং নীচ; উপর-নীচ দ্বিটকেই একসপো জড়িয়ে (প্র্)।

পরাবর্তন—পিছনদিকে ফিরে আসা regression। বিগ্-বস্তু।

পরা-বাক্ নাক্ বা রক্ষের প্রকাশশালর
আদিভূমিকা (শা)। -সংবিং—শৈবীচেতনার অন্তর ভূমি—বা স্বাইকে
ছাড়িরে গিরে আবার জড়িরে থাকে
(লৈ)।

পরামশ—সম্পর্ক, ছেরিচে।...বিশ. -ম্ফ্— স্পান্ট, লিশ্ত।

পরারণ—আধার: শেষ আশ্রয়।

পরার্য — অখন্ড-সন্তার উপরের ভাগ, সং চিৎ আনন্দ ও অতিমানস। একের পিঠে সতেরটি শুন্য দিলে বে-সংখ্যা হর। পরাহদতা—পরমশিবের অহংবোধ (শৈ)।

পরিকব্পিত—মনগড়া (বৌ)।

পরিগণতা—চারদিকে বেড়ে আছে বে (প্র.)। পরিচেতন—চেতনার ব্যাণিতবদত আদপাদ-কেও নিজের মধ্যে জানে বে circumconscient।...বি. -চেতনা।

পরিছেদ—সীমা আঁকা; সীমার ছের limitation:

পরিণাম—প্রকৃতির অন্যথাভাব বা অবস্থান্তর-প্রান্তি transformation, change। অবস্থান্তরের ধারা বা ধারাবাহিকভা process, becoming। অবস্থান্তরের ভিতর দিরে ম্লপ্রকৃতির পরিপাক development (লৈ)। অবস্থান্তরের চরম পর্বে পেশিছানো effectuation।

ারিতোগ্রহণ—চারনিক খেকে খিরে ধরা envelopment।... কর্তৃ -গ্রাহী। পরিবেশ—ক্ষেদ্র field। -বেশ—ক্টামশ্চল halo।

পরিবাত্তি—(অবস্থার) বদল।

পরিভাষা—বিশেষ, অর্থ বোষার বে-শব্দ technical term। সাধারণ বিধি বা ধারা canon।

পরিস্থ—বিচিত্র হরে চারিগতে কটে উঠছেন বিনি (শ্র.)। -শুবন—গিতে-গিতে নিজেকে কটিরে তোলা becoming।

পরিসপদ্ধ—সন্তার প্রান্তাবিক শন্তিবিক্ত্রেপ dynamis (ঠুল)। পরিসক—চার্যাক কেকে করে পড়া।

- পরোক্ষ-ব্-ত্ত-গোণভাবে কাজ করে
 চলেছে বা। -বাসিত-গোণ আবাস-রূপে পরিকল্পিত inhabited indirectly। -সন্নিকর্ষ-সোজাস্থাজ নয় কিন্তু অনাকিছ্র মধ্যস্থতায় বিষ-রের সংগে জ্ঞাতার বোগ indirect contract।
- পর্ব-সংক্রান্ত—এক ধাপ ছাড়িরে আরেক ধাপে যাওয়া। -সম্ততি—ধাপের পর ধাপ।
- পর্যায়—অবস্থাবিশেষের বৈচিত্য বা পরম্পরা mode (জৈ)। 'কম্প' alternative। পালা।
- পশাদতী—বাক্বা রক্ষের প্রকাশ জ্যোতির দিবতীয় ভূমিকা—বৈখানে বাইরে ফোট-বার ঝোঁক থাকলেও দ্ক-দ্শোর ভেদ নাই বলে শক্তি যেন নিজের মধ্যে গ্রিটিয়ে আছে (শা)।

পাত্র—ব্যক্তি person [যেমন, দেশ-কাল-পাত্রী।

- পার্রারক—পরলোক বা পরকাল সম্পর্কিত। পারার্থ্য—উধর্বচেতনার কাছে নিজেকে তুলে ধরা; তাকে লক্ষ্য করেই শক্তির বিলাস (সা)।
- পারিমাণ্ডল্য—পরমাণ্র পরিমাণ (ন্যা)— যার চাইতে ছোট মাপ আর হতে পারে না।
- পার্থিব-পরিণামবাদ—'প্রকৃতির পরিণাম
 শুধ্ব এই প্রথিবীর গণ্ডিতেই সীমিত'
 এই মতবাদ।
- পিণ্ড-ক্ষ্ম রক্ষান্ডর্পী জীবব্যক্তি microcosm [প্র. 'রান্ধাণ্ড'] (ম্ম্)। रुखा lump। -তাপাত্মা--প্রত্যেক ব্যক্তির সংখ্য একাম্ম হয়ে -নেহ—ব্যক্তিগত জবিশরীর। — (मर भएन भएन), মৃত্য। -ব্যব্তি —বস্তুর আলাদা-আ**লা**দা ডেলা। -ব্রহ্মাণ্ড ব্যক্তি জাব ও বিরুটে বিশ্ব microcosm and macrocosm i -ভাব--**ভেলা পাকানো**।
- পিপ্পলাদ—বিচিত্র অনুভবের আম্বাদন-কারী অন্তরপুরেব্ব (শ্রা)।
- প্রথকেপ—সামনের দিকে ছ'্রড়ে দেওরা projection; এমনি করে সামনে ভাসছে বা।...বিগ্ -ক্ষিণ্ড।

- প্রাকম্প—প্রাকৃতিক আবর্তনের কোনও প্রাচীন ব্যুগ (স্মৃ)।
- পর্—বহুর সমাহারে নিটোল (শ্রু)।
 প্রুৰ্—ব্যক্তি person। আধারের
 অধিষ্ঠাতা চিংসক soul, being;
 শুন্ধ আত্মা self (শ্রু, সা) -বিধ—
 প্রুর্বের ধর্ম বা ব্যক্তিং আছে যার
 pérsonal (শ্রু)।...ভাব -বিধভা।
 -বিশেষ—সাধারণ প্রুষ্ হতে আলাদা
 অথচ পোর্বের ধর্মযুক্ত ঈশ্বর (সা)।
 প্রুর্বার্থ—মানুবে জীবনের লক্ষ্য aim of
- न्त्रव्याय भाग्याय का वर्षमञ्जूष वामा छ। existence।
- পর্নিটমার্গ-জীবনকে ভরাট্ করে তোলবাব সাধনা।
- প্র্ণতাহ্যান—শিবত্বের অথন্ড নিটোল বোধ হতে বিচ্যাত (শৈ); অপূর্ণতা।
- প্রাহন্তা—ব্যক্তি-অহংএর বিশ্বময় বিস্তার (শৈ)।
- পূর্ব'-চিতি—আদি বিজ্ঞান First Idea
 (শ্র্)। -পক্ষী—দার্শনিক বিচারের
 বেলায় যিনি প্রশ্ন সংশয় বা আপত্তি
 তোলেন (প্র. 'উত্তরপক্ষ')
- পূর্ববং অনুমান—কারণ হতে কার্মের অনু-মান [যেমন, মেঘের ঘটা থেকে বৃষ্টির] (ন্যা)।
- প্র'ভাস—কিছ্ ঘটাবার আগে আভাসে তার অনুভব।
- পূর্বা—আগে থেকেই নির্মূপিত বা নির্ধা-রিত predestined: জাদিম original (শ্রু)। -রত—আগে থেকেই শিধর হরে আছে বে বিশেষ সংকল্প predetermination (শ্রু)।
- পোর্বেয়—'পর্বেবর' আগ্রিত বা সম্পর্কিত।
 মানবীয় human। বিস্তৃতি—
 প্র্বেভাবের বিচিত্র প্রকাশ manifestation of Personalities।
 -বোধ—শুন্ধ আন্থার অন্তব
 cognition of true self (সা)।
 fibন্মর ব্যান্তসভার অন্তব। -সংবিধ
 —fibrসন্তার মাঝে নিত্য জেগে আছে
 বে-স্চেত্রতা জ spiritual awareness। ক -সন্তা—প্র্বেটতন্যের
 অত্যা্ত ভারিত্রক। সন্ত্নাক্তিভাবের
 আগ্রিত চারিত্রক বৈশিক্টের সমবার
 personality।

প্রকাপ—ািসাধান্তের প্রাথমিক কল্পন hypotheis।

প্রকার—জ্ঞানের বিশিষ্ট রূপ mode of knowledge (ন্যা)। বিশেষ আকার ধরন বা ভূষ্ণি form, mode।

প্রকাশ—বিশ্বাতীত স্বরংজ্যোতির ভাবমর স্ফুরণ (শৈ)।

প্রকৃতি—ম্লতবু; ম্ল উপাদান।

প্রক্ষোভ—হ্মারের উন্দের্যালত অবস্থা emotion।

গ্রচয়—পূর্ণন্ট development। स्मार्छ वौधा aggregation (मा)।

अठात-- ठलन ।

প্রচেতনা—চেতনার ক্রমবিপত্ন অগ্রাভিষান (শ্রু)।

প্রচোদনা—প্রেরণা, প্রবর্তনা (শ্রন্)। প্রচ্ছনুরণ—(শান্তর) সামনের দিকে বিকিরণ

projection। প্রস্ক্রণিত—বাস্তবের আধারশন্ম কল্পিড নাম বা ভাব (বৌ)।

প্রজ্ঞান—শান্ধবন্ধির ভূমি হতে বৈচিত্যকে বিষয় করে স্ফারিত জ্ঞান (শ্রা)।

প্রজ্ঞাবাদ—জ্ঞানের বর্ণল (প্যমৃ)। প্রণিধান—অম্ভবে পরমপ্রেবের নিত্যজাগ্রত

অন্ভব (সা)। প্রতিক লবেদনীয়—স্বাভাবিক প্রত্যাশিত

প্রতিষ্ণার—স্বাভাবিক প্রত্যাশিও
অন্ভবের বিপরীত [যেমন, দ্বংখ]।
প্রতিক্ষেপ—কিছ্ন্দ্র এগিয়ে গিরে কিরা
বা শব্তির ধারার আবার মূল উৎসের
দিকে কিরে আসা reflex action।
প্রতিষ্যতী—আ্বাত পেরে উলটে আ্বাত

প্রতিষাতী—আঘাত পেরে উলটে আঘা করে বে, প্রতিক্রিয়াশীল reactive।

প্রতিজ্ঞা–ব্-ক্তি দিরে যা প্রতিপক্ষ করতে হবে
তার প্রাথমিক নিদেশি ennunciation
(ন্যা)। -হানি—তর্কস্থলে প্রতিপাদ্য
বিষয়কে প্রমাণ করতে গিরে তার
বিপারীত বিষয়কেই মেনে নেওয়া
(ন্যা)।

প্রতিবতী—কিছ্মুদ্র এগিরে গিরে আবার পিনগিকে ফিরে আসে বা reflex।

প্রতিবেদন—খবর সরবরাহ communication; সামনে হাজির করা খবর message।

প্রতিবোধ—সাধারণ জ্ঞানের উপরের ভূমিতে

জেগে প্ৰঠা awakening, enlight enment; বোধিজাত অন্ভব intuitional experience।

প্রতিভাস—আপাত স্ফ্রণ; প্রতীরমান স্ফ্রণ; চোখের উপরে যা ভাসছে appearance, phenomenon II

প্রতিযোগী—সংশিক্ষণ অথচ বিরোধী বিরুম্ধ-সম্বর্গধযুক্ত।

প্রতির্প-ছবির মত সামনে ফ্রিটরে তোলা হরেছে বাকে; প্রতিচ্ছবি (খ্র)। সদৃশে।

প্রতিলোম—উল্টোম্খী reverse।

প্রতিষেধ—(অঙ্গিতত্বের) অঙ্গবীকার সংগ্রহtion। ...বিণ্ -বিষধ।

প্রতিষ্ঠা—মূল তত্ত্বার উপরে এবং যাকে আশ্রয় করে একটা-কিছু দাঁড়িয়ে থাকে [তু 'অতিষ্ঠা'] (শ্রু)।

প্রতীত্যসম্ংপাদ—জগতের সব-কিছ্ই কোনও প্রত্যর বা কারণকে আগ্রর করে উৎপশ্র অতএব কারও স্বরংসিশ্দ কোনও সন্তা নাই' বোম্ধদর্শনের এই সিম্ধান্ত—যার পর্যবসান অনিত্যবাদ ও দুঃখবাদে।

প্রতীপ—স্লোতের উলটোদিকে চলছে বা, স্বভাবের বিপরীত perverse।... ভাব, প্রতীপতা।

প্রত্যক —ভিতরের দিকে যোড় ষার introvert (খ্র্); বিষয়িগত subjective | -অন্ভব--অত্যাপ স্বরূপের বোধ। অন্তর্ম ্থ অনুভবে ফোটে আত্মার যে-স্বর্প (খ্রা)। -কল্পন, -কম্পেনা---আত্মচেতনার আধারেই চিৎশক্তির বৃত্তির স্ফারণ self-conception। -চেতনা---অশ্তম, খ অন,ভব। -দ, খি ---निक्क निक्क एका self-vision -পরুর-অন্তরশারী চিন্মর পরেব। -বৃত্ত—যার ক্রিয়ার ধারা অন্তর্ম খে subjective। ...ভাব. -বৃত্তি। -ব্যাপার —অশ্তদেতভনার ক্রিয়া stibjective action। -সন্তা--অল্ডব্রুগতে ক্ষর্নিত subjective existence আত্মসন্তা

প্রজান্তরা—'এ তো তাই' বলে আগের জানা বিষয়কে আবার চিনতে পারা recognition।

প্রভার-বোধ, অনুভব, প্রভীতি (সা)। মূল

কারণের সংশ্য ব্যক্ত আনুবৃশ্যিক কার-শের সমূহ conditions (বৌ)। চিত্ত-ভাবজ্ঞনিত শারীর বিকার outward expression of mental activity (সা)। -সার—তত্ত্বস্তুর গভীর অনুভব (গ্রন্থা)।

প্রতারন—কোনও-কিছুকে প্রতীতি বা অনুভবের গোচর করা cognition। প্রভারাধিরতে, প্রভারারতে—বা জানা গেছে, জ্ঞানের বিষয়ীভূত cognised।

প্রতারাভাস—অস্ফুট বোধ।

প্রত্যাহার—ফিরিরে আনা, ফিরিরে নেওরা। বাইরের বিষয় হতে ইন্দিরকে ভিতরের দিকে গাটিয়ে আনা (সা)।

প্রদ্যোতনা—সামনের দিকে ছড়িরে-পড়া আলোর ছটা (খ্র্)।

প্রধানাশৈবতবাদ—'প্রধান বা প্রকৃতিই বিশ্ব-মূল অম্বয়তত্ত্ব' এই মতবাদ।

প্রপণ্ড—বাইরে দেখা যাচ্ছে যে জগংবৈচিত্র। .. বিণ. প্রাপণ্ডিক।

প্রপঞ্চাতীত—দৃশ্য বিশ্বকে ছাড়িয়ে আছে যা transcendent।

প্রপঞ্চোপশম—বে নিম্তরংগ অনুভবে জগং-বোধ বিলুক্ত (খ্রু)।

প্রপণ্ডোল্লাস-শব্তির জগদৈবচিত্রার পে আনন্দে ছডিয়ে পড়া।

প্রপত্তি—শরণাগতের নির্ভারতা (বৈ)।

প্রবর্তক—ক্রিয়াকে প্রথম চাল্ করে বে initiating agent ।..ভাব প্রবর্তনা —একটা-কিছ্বকে চাল্ব করবার জন্য প্রথম ধারা; প্রেরণা। ক্রিয়ার নিয়ন্তা হুরে তাকে চালিয়ে নেওয়া। শ্রুর্।

প্রবাহনিতাতা—অনশ্তকাল ধরে চলা।

প্রবিষয়—বে-ভূমিতে বিষয়-বিষয়ীর ভেদ এত স্ক্রো বে নাই বললেই হয় (খ্রা)। -ভূক্—এই অবস্থার অনুভবিতা।

প্রকৃত্তি—কিয়া function, activity
(সা); কিয়াজনিত অবন্ধান্তরের ধারা
process। চলন। ঝেকি। -সামর্থা
—ইন্দিরজ্ঞানের প্ররোচনার আরক্ষ
কিয়ার অনুরূপ সার্থকতা [বেমন,
দ্রে জল দেখে কাছে গিরে তাকে
বাবহার করতে পারা বার বদি তবেই
জলের জ্ঞান প্রবৃত্তির সামর্থোণ সার্থক
হল; মরীচিকাতে জলক্তান এইজনাই
অসার্থক] yerification of per-

cepts or concepts (ना)। fulfilled activity।

প্রবেশক—গোড়ার পব^{ি।} প্রৱজ্যা—ঘুরে-ঘুরে বেড়ানো। স্ক্রাস।

প্রভবিষয়-ভিন্নাশন্তিতে স্ফর্রিড dynamic।

প্রভূশন্তি—শাসন ও নিরুত্তণ করবার ক্ষমতা। প্রমা—বথার্থ জ্ঞান বা অনুভব।

প্রমাণ বথার্থ অন্ভবের উপায় method of right knowledge

প্রমাদী—ভল করা যার স্বভাব।

প্রমাপক—সভ্য বলে প্রমাণিত করে বে verifier।

প্রমিতি—যথার্থ জ্ঞান বা অনুভব; তার ব্যাপার বা প্রক্রিয়।

প্রমাক্তি—বংধন ছাড়িয়ে-ছাড়িয়ে চলা; মাজির ক্রমিক অভিযান (শ্রা)।

প্রমেয়—যথার্থ জ্ঞানের বিষয় object of right knowledge।

প্রযতি—দিব্য-সংকল্পের প্রবর্তনা (শ্র.)। প্রযন্ত্রশৈথিল্য—শরীর আলগা করে ছেড়ে দেওয়ার ভাব [যেমন, ধ্যানাসনে]

(সা)।

श्रायकता ।

প্রবেক্তক—গোড়াতে যার প্রেরণার ও অধ্য-ক্ষতার কাজ চলে; প্রবর্তক। প্রবর্তক হরেও নির্লিশ্চভাবে কাজে ভাগ নের যে (বৈ)। প্রবর্তক হেতু initiating and determining agent। একটা-কিছু ঘটিরে তোলে যে।...ভাব-

প্রশাশ্তবাহিতা—বৃত্তিহ**ীন চিত্তের নি**শ্তর্প হয়ে বয়ে চলা (সা)।

প্রসাদ—চিন্মর আবেশহেতু জড়ে জাবিত্তি ন্বক্তা (বৌ)।

প্রস্তি—সামনের দিকে এগিয়ে চলা।

প্রস্তার—হক করে সাজানো array।
ভিন্ন বস্তুকে বখাসশ্ভব বিভিন্ন আকারে
সাজানো permutation [আরপশ্চাতের দিকে দ্বিট রেখে সাজানো
'প্রস্তার', নইলো 'সংযোগ' (combination)] (লৈ)। ভারতম্য অন্সারে
সাজানো প্রক্ষেdation।

প্রস্থান দাদীনিক চিন্তার বিশিষ্ট ধারা বা গুড়ান্ত্র school or system of thought: প্রাকৃত-প্রেষ বহিঃপ্রকৃতির সংগে জড়িত প্রেষ surface-being।

প্রাকৃতিক-নির্বাচন — পরিবেশের সংগ নিজেদের খাপ খাওয়াতে না পেরে ব্যক্তি-জীবেরা লোপ পেরে বার প্রকৃতির যে-রীতিতে natural selection।

প্রাক্-সন্তা--পূর্বকালীন অন্তিদ্ধ preexistence। -নিদধ--আগে খেকেই অন্তিদ্ধ ছিল বার।

প্রাগ্-অন্ভব—ষা ঘটবে তা আগে থেকেই
দেখতে পাওয়া বা জানতে পারা।
-অভাব—উৎপত্তির প্র্বভার্শ অভাব,
আগে না থাকা prior nonexistence (ন্যা)। -ভাবী—আগেও
অস্তিড ছিল যার, প্রিসিম্ব preexistent।

life-প্রাণ-ধাতু-প্রাণময় উপাদান material | -পরিণামবাদ-'প্রকৃতিতে শুধু প্রাণশন্তিরই বিকাশ হয়ে চলেছে বিচিত্র রীভিতে' এই মতবাদ। —প্রাণশক্তিতে অনুপ্রবিষ্ট এবং তার আগ্রয়ে প্রকটিত মনঃ-শক্তি। —প্রাণময় উপাদানের 'পরে করছে যার অস্তিত vital being প্রাণন--প্রাণশান্তর ক্রিয়া। -মন--প্রাণের ক্রিরার সভেগ জড়িরে যে-মন।

প্রাণান্ধা—(বহিম্ব) প্রাণশবিতে স্ফ্রিড আত্মভাব vital being।

প্রাতিভ—অনোকিকভাবে অন্তরে ফ্টে-ওঠা, অতীন্দির (সা)। -স্কান, -দর্শন —এখনও বা ঘটোন তা জানতে পারা। -মনন—ঘটনা ঘটবার আগেই তার আভাস পার মনের বে-ক্রিয়া premonition।

প্রাতিভাসিক—আপাতপ্রতীয়মান (বে)। প্রাতিহার্য—অপ্রাকৃত ব্যাপার miracle (বৌ)।

প্রামাদিক—প্রমাদ বা ভূল হতে উৎপত্তি বার। প্রারম্প—সন্তিত কর্মাদলের বতটাকু পর্নাদ করে বর্তামান জীবনধারার শরের (বে)।

প্রেত্যভাব—আন্ধার এক শরীর ছেড়ে আর-এক শরীর গ্রহণের নিরত পরম্পরা, ক্ষমান্তরপ্রবাহ (ন্যা)।

প্রেমসেবোন্তরাগতি—ভগবানকে ভালবেসে সিম্পদেহে ভার সেবার অনন্ডকার অভিবাহন (বৈ)। প্রেৰণা—সামনের দিকে ঠেলে নেওয়া (শ্র্ন); (আদি) প্রবর্তনা initiative, urge; অনুপ্রাণনা।...বিণ- প্রেষ্টিত।

প্রেতি—সামনের দিকে এগিরে বাওরা (ছনু)। অনুক্ল প্রেরণা impulsion। প্রৈরমন্ত —আদেশ বা প্রেরণার বাণী (ছনু)। প্রৈরমন্দ্র প্রেরণা?। চাপ। (ছনু)।

ফলোপধায়ক—বিশিষ্ট ফলের উৎপাদক, সার্থক।

ফোর্টাশজ্ম—'ফোর্টশ' বা চেতনাধিন্ঠিত জড়বন্দুতে বিশ্বাস এবং তার আরাধনা। ব্যস্ত্রস্কর,—বজ্লের বীর্ষ ও দ্যুতা আছে যার মধো।

'বল্ধরাত্মা'—আত্মার্পে আপন বিনি (স্মৃ)। বগাঁকরণ—বর্গ বা সজাতীর সমূহে ভাগ করা classification।

বর্তনি—পথ মোড় নিয়েছে বেশান থেকে turning point (श्रु)।

বশিদ্ধ—(প্রকৃতির 'পরে) সাব'ডোম কর্তৃত্ব (গ্রা)।

বশীকার-সম্পূর্ণ আয়ত্তে আনা (সা)। বস্তু-কৃতি-ভাবকে বস্তুর আকারে ফ_টিয়ে executive dynamism; তোলা -ঘন--বস্তর क्रमाप्रे-वांधा আকারে objectivised | -বিভূতি--বাস্তব real manifestation -শ্ন্য—বস্তর সংগে যোগ নাই যার (সা)। -সং--বাস্তব সত্তা abstract আছে যার, পরমার্থ-তত্ত্ব Real Being। -ম্পিতি--বশ্তর সলিবেশ, যথাযথ বাস্তবতা।

বহি:-করণ—বাইরের কাজ করবার সাধন বা যন্দ্র প্রি অন্তঃকরণ] outer instrumentation: -সংবাদী— বাইরের সপো বা মিলে বার vcrifiable or verified: -সন্তা— আত্মসন্তার বাইরের দিক surface being:

বহির-অংগ—বাইরের, বাহ্যিক। -আব্ত্ত— বাইরের দিকে মোড় বার। "৹ব্ত্ত—যার ব্তি বা ক্রিয়ার গতি বাইরের দিকে, বহিম্মা। -ভাস—বাইরে ফুটে ওঠা।

বাহন্দ্র বাইরে-বাইরে খুরে বেড়ানো শ্বভাব যার; উপরভাসা।

বহুখো-চিতি—সচেতনভার নানা ধরন। -বিক্*দিশত*—নানাধ**র**নের বংশকৃতির সমাবেশ হয়েছে যার মধ্যে multiform। -বিস, ফি-নানা আকারে নিজেকে উৎসাবিত করা। -ব্স্ত-নানা ভণিগতে চলেছে যা: নানাধরনের কিয়া যার।

বহু-প্র্যবাদ—'প্রকৃতি এক কিন্তু তার ডোক্তা প্রেষ বহু এবং ভিন্ন-ভিন্ন' এই মতবাদ (সা)। -ভাবনা—বহুরুপে ফুটে ওঠা manifold becoming।

বাক্-বৈধরী--বাক্শক্তির চতুর্থভূমি--মান্-বের শৃক্ষমর ভাষায় যার প্রকাশ (শা)।
-মধ্যমা--শক্ষমর ভাষার চেয়ে স্ক্র্
মনোময় বাক্শক্তি (শা)।

বাঙ্ময়—কথায়-গাঁথা। কথার বাঁধন্নি, নিবন্ধ।

বাচক—ভাষা দিয়ে ব্ঝিরে দেয় যে। বাচাার্থ—কথার সোজা মানে [তু. 'ব্যু•গার্থ']। বাদ—তত্ত্ব বোঝবার জন্য ধীরভাবে বিচারের প্রয়োগ (ন্যা)।...কর্ত্ বাদী।

বাধ—একটি অনুভব দিয়ে আর-একটি অনু-ভবের থণ্ডন [বেমন, জাগ্রং দিয়ে স্বংশর] (বে)।...বিগ- বাধিত।

বার্তা**শাস্য**—'বৃত্তি' বা **জ**ীবিকার্জন ও ভোগোপকরণ-সঞ্চয়ের বিদ্যা economics।

বাসিত—অধিন্টান-চৈতন্যের আভাস যার মধ্যে ensouled (প্রমু)। আবিষ্ট, অনুবিস্ত ।

বিকর্ম —কর্মের ভূল ধারা, ভূল কাজ (স্মৃ)। বিকলন—প্রিত্ত অবস্থা থেকে আলাদা করা বা হয়ে পড়া disaggregation।

বিকলপ–শ্ব্ ভাষাকে অবলবন করে কোনও
বিষয়ের অবাদতব ও অস্ফ্ট প্রতীতি
unreal mental construction
(সা); অবাস্তব কল্পনা। অবাস্তব
রূপারণ। একাধিক বা অন্যতর
রূপ alternative। –বৃত্তি—চিত্তের
ধ্ব-ক্রিয়াতে বিকল্পের সৃষ্টি হর।

বিকল্পন—ভাবময় রুপস্থি (শ্রু)। -কল্পনা —'বিকল্পর্ত্তির' সহায়ে মনগড়া কল্পনা mental construction। অবাস্তব রুপস্থি unreal creation।

বিকৃতি—(প্রকৃতি বা মূলকম্কুর) বিভিন্ন রূপ variable forms(রী), বিকার, রূপান্তর mutation; উৎপদ্ম ধর্ম derivative plienomenon (সা)। বি-কৃতি—(রূপের) বৈচিন্তা।

বিক্ষেপ—শান্তর বিচ্ছারণ ও ব্যবস্থাপন
action and distribution of
energy; বিচ্ছারণ (শা)। অবিদ্যার
প্রভাবে বিকৃত রূপের অবতারণা;
অবিদ্যান্তনিত বিকৃত রূপ (বে)।
-শান্ত—বিকৃত রূপের সৃদ্ধি হয়
অবিদ্যার বে-শান্ত থেকে distorting
power of ignorance (বে)।

বিগ্রহ—অংগপ্রত্যাগের সম্জা ও সমবারে গড়ে-তোলা সমগ্র মর্তি বা রূপ structure; বিশিষ্ট আকৃতি form;

বিচাব—তত্ত্বদর্শনের অনুক্সে অন্তম্খী ভাবনা (সা)। ধ্যানচিত্তের দ্বিতীয় অবস্থা—যথন ধ্যেয় বিষয়ের গভীরে ভূবে গিয়ে তার সামান্যর্পের সাক্ষাংকার সম্ভব হয় (সা, বৌ)।

বিজ্ঞাতীয়-ভেদ—ভিন্নজাতীয় বস্তুর মধ্যে পরস্পরের ভেদ।

বিঞান—মনের ওপারে চেতনার সর্বতো-ভাস্বর ভূমি (খ্রু)। ভাব. idea i চেতনা, চিত্তবৃত্তি, বোধ consciousness and its functions (বৌ)। -ঘন—'বিজ্ঞান' বা অতিমানস চেতনা gnostic জমাট বে'ধেছে যার মধ্যে -চেতনা--মনের ওপারের (ಪ್ಟ) । দিব্যভূমির অনুভব gnosis विकानत्भी विस्वत स्थान डेभामान। 'বিজ্ঞান' অর্থাৎ বিভিন্ন জ্ঞানের আকারে স্ফুরিত চেতনার পী আধার বা আশ্রয় consciousness as substratum (বৌ)। -বাদ--'বিজ্ঞান বা ভাবই সতা, বৃহতু তার ছায়ামান্র' এই মতবাদ -বৃত্তি--'বিজ্ঞান'-শক্তির Idealism | ক্রিয়া। -সম্তান-কণম্বায়ী চিত্তব্যত্তির **श्रवाश** (दवी)।

বিতর্ক—ধ্যানচিত্তের প্রথম অবস্থা—বখন ধ্যের বিষয়কে বিভিন্ন দিক হতে দেখবার সংস্কার প্রবন্দ থাকে (সা, বৌ)।

বিত্তিষণা—ভোগের উপকরণ খ'্জে বেড়ানো (শ্র্যু)।

বিদেহ-ভাবনা³-দেহান্ধবোধর্পী সীমিত চেডনাকে ছাড়িরে ওঠবার সাধনা। বিদ্যা-কথুকে—বিদ্যা বলে মনে হলেও আসলে যা বিদ্যা নয়, সীমিত জ্ঞান (গৈ)।

বিদ্যাভীপ্সা—তবুজ্ঞানলাভের দর্বার আকা-ঙ্কা নিরে তার প্রতি অভিযান (খ্র)। বিদ্যোতনা—বিদ্যান্মর ঝলক (খ্র)।

বিধ্যতি—আগ্রর্পে ধরে আছে বে-শক্তি; এমনি করে ধরে থাকা (শ্র্)।

বিনশ্যং-স্বভাব—শ্নো মিলিয়ে খাবার প্রবশতা।

বিনাশ—আত্মভাবের প্রলর, সর্বশ্ন্যতা (শ্রু, বৌ)।

বিনিগমক—বিশিশ্ট ফলসিম্পিতে পর্যবসান ষার: নিশ্চায়ক।

বিন্দ্রচেতনা—সমস্ত চেতনাকে গ্রুটিয়ে আন-বার ফলে অনুভবের যে-তীব্রতা।

विभागान-भविभाक घटेल्ल यात्र, करलान्यः । विभावतिका-जुलभर्यः निरः याद्याः ।

বিপরিশাম—তত্ত্বে বিশেষ-কোনও বিকার বা অবস্থাদতর mutation, modification।

বিপর্যার— যা আসলে যা নর তাকে তাই বলে ধ্রানা, বস্তুর অযথাভূত মিখ্যাজ্ঞান (সা)। বিপরীত জ্ঞান।

বিপাক—পর্নিটর ফলে ঘটে যে চরম পরি-ণতি। কর্মফলের পরিপর্নিট—যা থেকে নতন জন্মের পত্তন হয় (সা)।

বিবর্ত তত্ত্বস্কুর ভাবমর পারিণার' conceptual evolution of an entity, conceptive becoming। প্রতিভাস phenomenal becoming (বে)।...বিশ- বিবর্তিত— প্রতিভাসিত। ভাব- বিবর্তন।

বিবিক্ত নিঃসম্পর্ক, প্রথক, আলাদা।
ন্ত্র স্বার থেকে আলাদা হরে চলছে
হো। -ভাবনা—আলাদা হবার বা
ধাকবার বোক separative attitude। -মুখী—অলাদা হরে চলেছে
বা। -সংবিং—নিক্তর থেকে আলাদা
করে অনুভব।

বিবিচ্য-ব্স্ত-বিষয়কে) আলাদা করে ডেন্ডে-ডেন্ডে চলে যা separative, analytic;

वित्र विकास करण क्षेत्रान्यस का करणे क्षेत्रहा साथाजा...वि वित्र जि

विदयक-जानामा-जानामा करत वा किरत-किरत एम्पा discrimination (त्रा): আলাদা করা বা আলাদা থাকা। -খ্যাতি
---'বিবেক' হতে উৎপন্ন চরম জ্ঞান
(সা)।

বিবেচনশক্তি—আলাদা করে বেছে নেবার সামর্থা।

বিভণ্গ—নানান আকারে ডেঙে-ডেঙে পড়া; পরিবর্তমান র্প, নানা ভণ্গি mutable forms। বিশিষ্ট ধরন।

বিভক্তনধর্মী—ভেঙে-ভেঙে চলা বা দেখা স্বভাব যার।

বিজ্জা-দশী, বাদী—তত্ত্বসংধানের বেলায় বিশেলখণপঞ্চী। -ব্তু—ভেঙে-ভেঙে চলা স্বভাব হার separative।

বিভাতি—বহু-বিচিত্র প্রকাশ বা স্ফরেশ (শ্রু)।

বিভাব—একই তত্ত্বের নানান দিক aspect । আলাদা-আলাদা ভণিগ।

বিভাবনা—বিচিত্র 'ভাবনা'। বিচিত্র র্পে রুপায়িত করা manifold manifestation, deployment; তদন্কলে প্রবৃত্তি বা ঝেক; এমনিত্ব বিচিত্র রূপ। পরস্পরের মধ্যে পার্থক্য থাকা বা পার্থক্য রেখে চলা differentiation। (তত্ত্বের) নিশিন্ট অভিব্যক্তি বা তার হেতু determinate manifestation, determinant।,বিশ্-

বিভাস-বিশিষ্ট স্ফুরণ।

বিভূ—সব জায়গায় ছড়িয়ে আছে যা, বিশ্ব-ব্যাপী (বে)।

বিছতি—বিচিত্র হয়ে ফুটে ওঠা manifold becoming (খ্ৰঃ): বিভিন্ন বা বিশিষ্ট এমনিতর রূপারণের সামর্থ্য। রূপ: ঐশ্বর্ষ, শক্তিবিশেষ। অলোকিক শক্তিবিশেষ (সা)। -প্রুষ--প্রের অংশকলারূপে আবিভূতি পরেষ part-ম্ল হতে আ-ভাসরুপে আবিভ'ত প_র_ষ phenomenal -বর্গ -- পরম-প্রব্রুষের person | ঐশ্বর্য প্রকট লোকোত্তর इ स्मर् বে-পরুর্বসম্হের यदश masterbeings of the universe **(বৈ)।** বহু-বিচিত্ররূপে -বিস্তর—(রক্ষের) নিজেকে ফুটিয়ে তোলা (ऋ)। -সংবিৎ —চেতনার বে-ভূমিতে দ,ক,শভিন্নই অধিষ্ঠানে দৃশ্যর্পে ফোটে রুপারশের

বৈচিত্ৰ্য apprehensive movement of the supermind।
-স্পদ্ধ র পারণী শব্দির ভিয়া।

বিভ্রম—সমূল অবাস্তব প্রজীতি (যেমন, দাজতে সাপ দেখা; অম্ল হলে 'কুহক'] illusion।....ভাব- বিভ্রমণ।

বিমর্শ — একাগ্রভাবনা। স্বপ্রকাশতত্ত্বের র্পতিরাময় বিচ্ছারণ, শিবের আত্মভূত
শব্বির চিন্মর লীলা (শা)। নাট্য
বা আখ্যান বস্তুর পরিণত অবস্থা।
বিবোজন—আলাদা করে নেওয়া dissocia-

বিষোজন—আলাদা করে নেওয়া dissocia tion।

বিরাট্—বহু-বিচিত্রর্পে স্ফুরিড the Many; বিশ্বরূপে প্রকটিত (গ্রু)। -প্র্ক্-বিশ্বর্পে আবির্ভূত চিৎসত্তা cosmic Being। -প্রকৃতি—বিশ্ব-প্রকৃতি cosmic Nature। -ভাব —বিশ্বসত্তা world-being।

বি-র্প—পরস্পরের মধ্যে র্পের ভেদ বা বৈচিত্তা আছে যাদের [প্র. 'স-র্প']। বিলাস-বিবর্ত'—চিদ্বিভূতির তাত্ত্বি অথচ বিপরীতভাবের আভাসব্ত স্ফুরণ

বিশরণ—আলগা হয়ে ছড়িয়ে পড়া dispersion।

বিশিষ্ট-প্রত্যর—ভাসা-ভাসা নর—কিন্তু নিবিড্ভাবে কন্তুর বিশেষ বোধ (প্র-'সামান্য-প্রত্যর')।

বিশেষ—ডেদসাধক ধর্ম differentia।

-দর্শন—অসপন্ট সামান্য-অন্ভবের
স্কুপন্ট পরিপামের ফলে বিবরের
বিশিন্ট জ্ঞান perception। -দশা—
ইন্দিরের সহারে বিবরের একটা বিশেষ
দিককে স্পন্ট করে জানা স্বভাব ধার।

-ধর্মী—বিশিন্ট অন্ভব জন্মাতে পারে
এমন ধর্ম বা সামধ্য আছে বার
concrete।

বিশেষণ স্বর্গত যা নিবিশেষ তাকে বিশিষ্ট বা নির্গিত আকার দেওরা particularisation, determining; এমনিতর বিশিষ্ট আকার বা ভাগা determination। ভাবের দিক দিরে সীমা রচনা।

বিশেষাবগাহী—বিষয়ের বিশিশ্ট ধরের মধ্যে ভূবতে পারে বা। বিশ্রম্ভ—গোপন বিষয়—যা বিশ্বাস করে আপন জনকেই বলা চলে।

বিশ্রান্তি—পরমতত্ত্বের সংগ্রে এক হওয়ার আনন্দময় নিন্তরণ্য অনুভব।

বিশ্ব-ক্ত-সমস্ত জগতের মালে রয়েছে যে All-Will দিবা-ইচ্ছার প্রেরণা -চিং--বিশ্বে নিবিষ্ট ও পরিব্যাণ্ড -চেডন--জগতের কিছুর অখণ্ডবোধ আছে যার মধ্যে। -জড়--বিশ্বব্যাণ্ড ক্ত উপাদান cosmic matter | -বিগ্ৰহ-সমুখ্টি বিশেবর আকারে মুতি ধরছেন যিনি Purusha Cosmic পরমার্থ সতের জগৎরত্রেপ অবস্থান cosmic being -ভাবন-জগৎক **क**्षिद्य তলছে (খ্মা)।...ভাব--ভাবনা। -ভত-কিশ্বর পে আবির্ভত যা-কিছু তার সমণ্টি universal existence (শ্র.)। -রতি—**জগতে**র সব-কিছুতে রসের সম্ভোগ। -সং— বিশ্বের আধার ও তার অর্কনিহিত मवा।

বিশ্বাত্ম-ভাব, -ভাবনা—আত্মাকে জগন্ময় বলে অনুভব করা।

বিশ্বাত্মা—জগতের মুলে অধিষ্ঠিত এবং জগৎরূপে প্রকটিত আত্মন্বরূপ cosmic self।

বিশ্বোত্তীর্ণ—কগংভাবকে বা ছাড়িরে গেছে transcendent (শৈ)।

বিষম-ব্যাশ্ত—পরস্পর সমান-সমান হয়ে ছড়িয়ে পড়েনি বা of unequal extension।

বিষয়—জ্ঞের বস্তু object of knowledge। বার প্রতি প্রেম জন্মে
Beloved (বৈ)। -বতী প্রবৃত্তি
—দিবা শব্দ-শর্শ ইন্ড্যাদির অলোকিক
অন্তব হর বে-চিন্তবৃত্তিতে (সা)।
-বিমর্শ—বিষরের প্রতি নিরোজিত
একাগ্র ভাবনা।

বিষয়াকারা বৃত্তি—বিষয়ের অনুভব সবধানি জুড়ে আছে বে-চিন্তস্পদের।

বিসংবাদ—অন্নিবনাও, গরিষণ। বিসপ্—আক্ষিত্রক বিজ্ঞান। –সপ্র —দিকে দিকৈ ছড়িয়ের বাওয়া।

বিস্থি—(শব্তির) বিচিত্র রূপ কৃটিরে দিকে-দিকে ছলকে» পড়া; শক্তির নিকরেশ (শ্র্)। নিজের ভিতর থেকে র্প ফোটানোর সামর্থা, উৎসারণ।

বিদ্রান্তি—আলগা হরে ছড়িরে পড়া disintegration (খ্রা)।

বীজ-ঘন—বীজের আকারে জমাট হয়ে আছে যা। -ভাব—বীজের মত দানা-বাঁযা অথচ ফোটবার জন্য উন্মূখ অবন্ধা potentiality।

ব্লিখবোগ—ব্লিখর বাবহার। শুল্থ ব্লিখর সাধনা বা আবেশ (প্যৃ)।...বিগ--যুক্ত।

বক্ষাার্ড—বর্শির বিষয়ীভূত।

ব্ভুষা—(বহু) হবার আকা•ক্ষা will-tobecome (লৈ)।

বৃত্তচাপ—বৃত্ত বা মণ্ডলেব এক অংশ arc। ব বি-ক্রিয়া ব্যাপার function; हमन movement, পরিণাম। চিত্তের ধর্ম সামর্থ্য বা স্পন্দন faculty or function ভাবিকা। -চৈতন্য—'ব, বির (भा)। আকারে স্পান্দমান চেতনা। -নিরোধ---চিত্তক্রিয়ার লয় (সা)। -পরিণাম—মনো-মর ক্রিয়ার পরম্পরা বা ফল। -বিচ্ছেদ---ভাবপদার্থের বোধ হতে চিত্তব্,তির আলগা **इ**त्य পড়া। -যোজনা---বিভিন্ন মনোধর্ম কে যথাযথভাবে -সেক্ষ'— माक्षाता । -সংস্থান, **জ**ীবিকার সুব্যবস্থা। -সঙ্কোচ--ক্রিয়াশক্তিকে সীমিত বা কৃণ্ঠিত করা। -সার্পা–চিত্তব্তির সংগে চেতনপ্র্য একাকার হয়ে যান যে-অবস্থায় (সা)। ব্হংসাম—দ্যুলোকের অন্তহীন স্রেলীলা ষার মধ্যে সমস্ত বৈচিত্তোর সমন্বয় (五)!

বেদনা—স্থ দৃঃখ প্রভৃতি চিত্তের প্রক্ষোভ্যমর বৃত্তি feeling, emotion (বৌ)। বৈকৃত—মূল প্রকৃতি হতে স্থালিত প্রি-প্রাকৃত্য abnormal।

বৈক্লব্য-প্রপান্তা, শব্ভিহীনতা।

বৈশরী—প্র- 'বাক্ বৈশরী'। স্ক্শন্ট; প্রাকৃতভূমিতে স্ফ্রিড।

বৈজ্ঞাত্য—প্রকৃতিপরিণামের ফলে জাতের ভেন ।

বৈভণ্ডিক—ডকের সহারে কোনও-কিছ্কে প্রতিষ্ঠা না করে বা-কিছ্ সামনে আসে তাকেই খণ্ডন করে চলে বে-তার্কিক (ন্যা)।

বৈধমার্গ—সাধনার বিধিনিষেধ মেনে চলবার পথ প্রি: 'রাগমার্গ'] (বৈ)।

বৈনাশিক—কোনও সৎ পদার্থ নর কিন্তু বিনাশ বা শ্নাই চরম তত্ত্ব বাদের মতে (বো)।

বৈদ্যবাসনা—ঘনীভূত অথচ স্ফ্রেণেন্ম্ব প্রমচেতনায় অধিষ্ঠিত যিনি (শা)।

বৈন্দ্ৰনী-সন্তা—সংহত ও কেন্দ্ৰীভূত অবস্থা। বৈভব—বীৰ্য ও বিভূতির লীলা powers and aspects and their manifestations, numen (বৈ) বিচিত্ৰ ঐশ্বৰ্য।

বৈরাজসাম—গুজাপতির চিন্ময় স্রলীলা— যাতে ফোটে বিশেবর রূপ (শ্র:)। বৈরাজ্য—বিশেবর 'পরে আধিপত্য (শ্র:)।

বৈর্পা—রূপের বিকৃতি।

বৈশারদ্য—স্বচ্ছতা; শুন্ধবৃন্ধির স্বচ্ছ প্রবাহ (সা)।

বৈশিষ্ট্যাবগাহী—বৈশিষ্ট্য বা ভেদভাবকে আশ্রয় করে আছে বা।

বৈশ্বানর—ব্যক্তিচেডনাতে স্ফ্র্রিস্ত বিশ্ব-চেডন সন্তা universal individual (শ্র:)।

বোধন—বৃদ্ধির শ্বারা গ্রহণ, বোঝা understanding।

বোধি-প্রাকৃত মন-বৃশ্ধির উধবৃশ্ধিত চেড-নার স্বচ্ছ ও সহজ্ঞ প্রকাশ intuition। -চিত্ত-যে মন-বৃশ্ধিতে 'বোধির' লীলাই প্রধান mind of intuitional intelligence। -সত্ত্ব-'বোধিই' যাঁর স্বভাব ও চারিত্রের উপাদান।

বৌশ—ব্শিক্ষাত, ব্লিসম্পর্কিত intellectual।

ব্যক্ত-ব্রহ্ম—বিশ্বর্পে প্রকটিত প্রক্ষসতা।

-মধ্য—আদি আর অন্ত বাদ দিরে দ্বে
মাঝের অংশটুকু পরিস্ফুট বার (সম্)।

-সং—পরমার্থসিতের বেদিকটা বিশ্বের
রূপ নিরেছে। -সামান্য-ক্রিয়া বা
গ্রেণর বৈশিকটা সক্তেও বৈচিত্যের সাধারূপ আগ্রন্ন general determinate।

ব্যক্তি—বিশিষ্ট গ্লুপ ও জিনার আধার বে প্রেব্ individual, person। -ভাব—বৈশিষ্টা। প্রেবেন্ন ব্যক্তিগড় স্ব্যক্তর বৈশিষ্টা personality। -ভাবনা—'বান্ধিভাবের' ক্লমিক পরিণতি ও বিশিষ্ট রুপায়ণ growth of personality-structure। -সন্তা— ব্যক্তির আকারে স্ফুরিত চিৎসতা, ব্যক্তিথের মূল আধার individual being। -সত্ত—'বান্ধিভাবের' মূল উপাদান essence of personality।

বাঙ্গার্থ –কথার সোজা মানের আড়ালে অথচ তারই সঙেগ জড়িত আর-কিছুর ইঙ্গিত suggested meaning প্রে-'বাচ্যার্থ'।।

ব্যাতরেকম্বী—বিপরীতদিকে সরে বাচ্ছে যা।

ব্যতিষঙ্গ—নিবিড় অন্যোনাসম্পর্ক mutuality। ...বিশ. ব্যতিষক্ত—ওতপ্রোত।

ব্যতিহার—(ক্রিয়া প্রভৃতির) অন্যোন্য-বিনিময় reciprocity।

ব্যবন্ধিত—নির্পিত, নির্দিন্ট fixed।
নির্দিন্ট ধরনে ও বিভিন্ন অবস্থানে
সাজানো arranged in spatial
relations, distributed in
space। ... বিশ. ব্যবস্থিতি—নির্দিন্ট
নিয়ম। দৈশিক অবস্থানের বিশেষ
ধরন।

ব্যবহার—পরস্পরের সম্বন্ধ এবং তদাগ্রিত আচরণ; লোকযারা।...বিণ ব্যাব-হারিক।

ব্যভিচার—একসংগ না ধাকা want of concomitance [প্র. 'সহচার'] ব্যভিক্রম। দ্রুষ্টতা।

ব্যান্ট-প্ৰক-প্ৰক ভাব individuality
[প্ৰ. 'সমন্টি']। আলাদা-আলাদা।
-বিগ্ৰহ-'ব্যান্টি' জ্বীব-সন্তায় মূৰ্তি
ধরেছেন যিনি individualising
Purusha প্ৰ- বিশ্ব-বিগ্ৰহ']।
-বিভূতি-প্ৰক সন্তা নিয়ে ফুটে উঠৈছে
যা। -ভাবনা-প্ৰক হয়ে ফুটে ওঠা
বা প্ৰক করে ফ্টিয়ে ভোলা
individual becoming, individualisation।

ব্যাকৃতি—বিশেষ আকার দেওরা বা নেওরা formulation; বিশিষ্ট রূপ distinct form; বিভিন্ন বা বিশিষ্ট রূপারেশ। বিশেষিত করা determination; বিশিষ্ট ধর্মের আধার বা প্রবর্তক determinate; বিশেষণ । বিশ ব্যাকৃত—বিশেষ আকারে স্ফ্রারড;
নানা আকারে র্পারিত। আকারিড,
স্পতীকৃত, অভিষ্যক্ত। -সামান্য—স্বরং
বিশিষ্টধর্ম'য্ক হরেও যা বহু ব্যক্তিবিচিয়ের সাধারণ আশ্রর generic determinate।

ব্যাপার—ফলাভিম্খী প্রবৃত্তি বা জিয়া effective working:

ব্যাণিত—সাধ্য ও হেত্র মধ্যে স্বাভাবিক
সন্বংধ যার ফলে হেতু থেকে সাধ্যের
অন্মান সহস্ক হয় [যেমন, আগ্ন (সাধ্য) আর ধোঁয়ার (হেতু) মধ্যে
স্বাভাবিক সন্বংধ থাকলে তবেই ধোঁয়া
দেখে আগ্নের অন্মান করা চলে।
(নাা)। ধর্ম—ছডিয়ে পডার ভাব।

ব্যাপ্রিয়া—ব্যাপার, চিমা operation। ব্যাবর্তক—সব-কিছু থেকে আলাদা করে নের বে, ভেদক excluding, distinguishing।

ব্যাব্,স্ত--আলাদা-করে-নেওয়া, নিঃসম্পর্ক exclusive। ...ভাব- ব্যাব্,স্তি।

ব্যামোহ—বোঝবার গোল, গোলমেলে ভাব। ব্যাসঙ্গ—আলাদা করে নেওয়া, সম্পর্কচ্ছেদ dissociation [প্র: 'অনুষণ্গ', 'আস্থ্গ']।

ব্যাহ্তি-স্থির বীজমন্ত (শ্র্)।

ব্যখান--মণনদশা থেকে আবার ভেসে ওঠা (সা)।...বিগ ব্যাখিত।

ব্যহ—বিভিন্ন অগগপ্রত্যুগদকে যথারীতি
সাজিরে নিরে রুপ দেওয়া হরেছে যাকে
organic structure। পৃথক-পৃথক
করে সাজানো প্রি· 'সম্হ'!
(শ্রা)। বহুর সমবার assemblage,
collection। মূলতব্রের কমিক অথচ
সংহত রুপারণ (বৈ)...ভাব- ব্যহন
—'ব্যহের' আকারে সাজানো organisation। বিণ ব্যুচ, ব্যহিত। -চিং
—বাণ্টি চিন্মরসত্রের ব্যহ বা সমবার
collective spiritual units।

ৱড—বিষেশভাবে বরণ করে নেওয়া কর্ম বা গতির একটি ধারা chosen line of action;⊌law(শ্র⊊)।

ব্রহ্ম ক্রন্থ হৈছে রক্ষের ভাব নিরে আবি-ভূতি (খ্র্)। -বিহার-রাম্মী-চেডনার প্রতা ুনিরে অকুওভাবে চলাকের। করা। -সদ্ভাব—রক্ষসতার অখণ্ড ব্যাণ্ড: তার অনুভব (সমু)।

রক্ষাকারা বৃত্তি—অখণ্ড রক্ষসতার অনুভব ফোটে চিত্তের যে-পরিণামে (বে)।

ব্রাহ্ম-ন্যায়-ব্রহ্মের প্রস্তায় দেখা দেয় লৌকিক ব্যন্থির অতীত যে ব্যক্তির বিধান absolute reason, logic of the Infinite।

স্তৰ—হওয়া: হওয়া এবং থাকা, অস্তিভাব existence i হওয়ার বা জন্মা-বার আকা•ক্ষা (বৌ)। -চক্র—অন্তি-জন্ম-জন্মান্তর আবর্ডন. cycle of existences —আর জন্ম না হওয়া (বৌ)। -প্রত্যয় -- জ্বের আকা**ং**কার্প 'হেতু' যা হতে তৰ্ক্তানত বন্ধন প্ররোচনায় জন্মের -সম্তান-কামনার -স্রোত-অহিতত্বের প্রবাহ: পরম্পরা। জন্মজন্মান্তরের ধারা।

ভবদ্-র্প-একটা-কিছ্ হবার দিকে প্রবণতা রয়েছে ধার-এমনিতর বিশেষ-কোনও ভণিগ বা ধারা dynamic form।

स्वन-किছ, इख्या वा चणे।

ভব্য—বার ঘটবার সম্ভাবনা বা সামর্থ্য আছে
possible (গ্রু)। -র্প—সম্ভাবিত
র্প।

ভব্যার্থ—'ভবা' বিষয় possibles, potentialities [তু. 'ভূতার্থ']।

ভাতি-প্রকাশ, স্ফর্রণ (শ্রন্)।

ভান-প্রতিভাত হওয়া, প্রতিভাস appea-

ভাব-সত্তা, অস্তিত্ব being, existence; যা-কিছুর সন্তা আছে (বৌ)। অস্তিতার ধর্ম দিয়ে নিদেশি করা যায় যাকে মানসিক positive | অবস্থা। ব্যাপার ও তার বিশিষ্ট পরিণাম thought, concept i বিষয়ের চিত্তগত রূপ idea; চিম্ময় ভাবনা (বৈ)। আম্বাদন-যোগ্য ও তার রূপ feeling, emotion; চিন্তবিকার এমনিতর চিত্তের সাত্তিক বিকার (বৈ): -কাশ্তি-অন্তানীহত প্রেম (देव)। ভাবের জনিব'চনীয় হয়ে বাইরে ফুটে ওঠা (বৈ)। -চিত্ত—বিশান্ধ ও সামান্য আশ্তরভাবনাই বে-চিন্তছিরার উপজীব্য thought-mind; -00147----

ভাবনা দিয়ে গড়া ছবি represen--প্রতায়-অহিতত্বের প্রতীতি বা বোধ idea of existence; বুস্তুর 'ভাব' বা অন্তিত্বকে সহজেই স্বীকার করে নেওয়া হয় বে-বোধে। -বস্ত-বান্তব অস্তিম আছে যার। -বাসিত-মনোময় ভাবনার স্বারা অনুপ্রাণিত ideational। -বিকার-শুম্পসন্তার নানা পরিণাম processes of becoming (খ্ৰা)। -রূপ--বাস্তব অস্তির নিয়ে ফুটে উঠেছে या। -लाक-हिन्मग्र क्रगर (देव)। -সং--শুম্ব চৈতন্যের শুম্ব বিষয়রূপে বাস্তব এবং সত্য যা Real-Idea। -সত্র—শূম্প ভাব দিয়ে গড়া আন্তর সত্তা। -সামান্য—বিষয়ের বিশেষ**ভা**নের আধারর,পে তারই সাধারণ general concept;

ভাবক—অতীন্দ্রিয় তত্ত্ববস্তুর সন্ধানী ও রসিক mystic (বৈ)...ভাব, ভাবকালি।

ভাবনা—কোনও-কিছু হওয়ার দিকে প্রবণতা, রুপায়ণের অনুক্লে ব্যাপার বা ক্রিয়া becoming, manifesting, making, working out (মা, ক্রু); ফ্রটিয়ে তোলা, রুপায়ণ। চিংশন্তির অন্তমর্শ্ব বা অন্তঃশীল বৃত্তি কি ক্রিয়া; অনুভবের ধারা, ধারাবাহিক বোধ। চিত্তের ক্রিয়া, চিন্তন thoughtmovement; চিন্তা, ধারণা, প্রতার। মানসিক অভ্যাস mental practice।

ভাবাদৈবত—'ভাব' বা স্বর্পসন্তার দিক থেকে অভেদবোধ identity of being (স্মা)।

ভাবাধির ঢ়—চিম্ময় ভাবনার ম্বারা আবিষ্ট এবং পরিচালিত।

ভাসক—(বিষয়কে) যা উল্ভাসিত বা আলোকিত করে তোলে।

ভূত—'ভাব' হতে রূপে ফুটেছে বা (শ্র.)।
ছুল স্ভির উপাদান elements। জাব,
সত্ত being। -গ্রাম—বিশিষ্ট 'সম্বের'
সমূহ class of beings (সম্);
পঞ্চতের সমূহ। -চেতনা—শ্রেলভূতমর সন্তার অন্তানিহিত চেতনা
physical consciousness। -জার
—পঞ্চতের গ্রেপ ও ক্রিরার পরে
আবিশত্য (সা)। -পরিশাম—বিশ্বের
জায় উপাদানের কন্টালিতবং অবস্থান্তর

mechanical evolution of matter। -প্রকৃতি—যা রূপে ফুটেছে তার মূলে আছে যে জননী-শক্তি। স্থলেভূতের আধারর্গী শক্তিত্ব principle of physical energy (সম্)। স্থলেভূতের মোল উপাদান primordial matter। -ভাবন—সর্বভূতকে ভাব হতে রূপে ফোটান বিনি। -স্ক্রু—ভূলভূতের অন্তর্নিহিত তার স্ক্রুতর রূপ inner physical। মৃক্তুক্তর বাতার বাতার।

আকৃষ্মিক উল্লম্ফন। মতুয়ার—গোঁড়ার মত একটা মতকে আঁকড়ে খাকে বে dogmatic।

মধ্যমা-- দু • 'বাক্ মধ্যমা'।

মধ্বদ—মধ্ব বা. প্রত্যেক অনুভবের গভীরের আনন্দকে সন্দেভাগ করেন বিনি (শ্রু)। মন-আত্মা—(আধারের) মনোমর সন্তার অধি-

ষ্ঠিত আত্মভাব (বে)।

মনন—মনের ফ্রিরা; মানসিক অভ্যাস (শ্র্)। মনীবা—মনের উধের চেতনার বে দীশ্তি ও ব্যাণিত (শ্র্); বিজ্ঞান। স্ক্র্-ব্লিধ।

মন্-চিং-মন্ বা বিশ্বমানব-সন্তার নিহিত চিন্ময় তত্ত।

মনো-ধাতু—(অধারের) মনোমর উপাদান।
-বাসিত—মনের ধর্মান্বারা আবিষ্ট ও
অনুপ্রাণিত mentalised। -বিকলন
মনের তলার বা আছে তার
বিলেল্যণ psycho-analysis।
-বিকল্প—মনগড়া একটা-কিছু। -বিশ্বন্থ
—বিচিত্র মনোধর্মের সংহত রূপ
psychological organisation।

মন্তব্য—মনের ক্রিয়ার বা বিষয় (শ্র্)। মন্তা—মনের ক্রিয়া চলছে বার মধ্যে (শ্র্)। মন্তবর্ণ—বেদের মন্তমালা।

মন্দসংবেগ—ডিমে চলন (সা)।

মরমী—দ্র ভাবক'।

মহদ্রক্ষ—বিশ্বম্ল শবির্পে আবিভূতি বক্ষ (সম্)।

মহা-কুণ্ডলী-বিদেবান্তীর্ণ চিন্মরী মহাশন্তির আত্মকেন্দ্রিত অবস্থান (শা)। -নিজ্জ-মণ—মত্যান্তাব হতে চব্রম নিক্ষাত। -বিন্দর্—পরাসংবিতের আত্মকেন্দ্রিত অবস্থান (শা)। -বিব্রু—সংবের উত্ত-রারণগতির মধ্যবিন্দর্বার পর থেকে দিনের আলো ক্রমেই বেড়ে চলে।
মাতৃকা—উৎসম্ল, গর্ডাশর source,
matrix। বিশেব স্ফারিত ধাবতীর
শারির প্রতীকর্ণিণী বর্ণমালা (শা)।
মাত্রাস্পর্শ নিবরের সংগে ইন্দ্রিরে বোগ
—যাতে বিষরের আংশিক জ্ঞান মাত্র
হ্র (স্মৃ)।

भान-भाशा यात्र या फिरत measure, unit:

মানবোঘ—দিবাভাবে ভাবিত মানুবের ব্যহ বা সমন্টি (শা)।

মারোপহিত—মারা তার মিথ্যার আবরণ দিয়ে আচ্ছল করে রেখেছে বার স্বর্পকে (বে)।

মিত-মাপে-বাঁধা।

মিথ্নীভূত-জোড়া-বাঁধা।

মিধ্যাদ্ ষ্টি—ক্রগং ও জীবের তত্ত্বকে ভূল করে দেখা (বৌ)।

মীমাংসা-পরিভাষা—তত্ত্ব্যাখ্যার বিশেষ রীতি canon of interpretation। মুখাপ্রাণ—চিম্ময় মূল প্রাণশক্তি (শ্রু)।

ম্লা-অবিদ্যা—স্ভির মালে রয়েছে বে-অজ্ঞান-শক্তি; সম্ভি অজ্ঞান (বে)। -প্রকৃতি—স্ভির ম্ল উৎসশক্তি ও উপাদান।

মৈরীভাবনা—সমগ্র জগৎকে বন্ধরুর মত আপন মনে করা (বা)।

মৌল-বিভাবনা—মূল কোনও তত্ত্ব হতে নানা আকারে ফুটে ওঠা।

যদ্দ্ধা—আকস্মিক ঘটন chance (শ্রা)। বল্যতল্যণা—যাল্যিক ব্যবহার স্বারা নিরল্যণ। বাথাতথা—যার যেমনটি হওরা দরকার

তেমনটি হওয়া (শ্রহ্)। বহুগনম্ধ—জেড়া-বাঁধা (বোঁ)।

য্গপদ্বৃত্তি—একসময়ে একসঙ্গে আছে যারা simultaneous।

বোগজ-সনিকর্ব—বোগশন্তির ন্বারা অলো-কিক উপারে বিষয়ের সংগ্যে সন্বন্ধ (ন্যা)।

বোগ-নিদ্রা—সংবাণিতর গভীরে সমস্ত অন্-ভবকে আকর্ষণ করে' তারই মধ্যে জেগে থাকা; অপ্রাকৃত নিদ্রা (সম্)। -ভূমিকা-কুবাগবাঁত চেতনার ভূমি (শৈ)। স্মারা—রজের নিতাব্ত প্রজার র্পারশী শতি বার মধ্যে ভাবের স্থিত আর ফুস্টুর স্থিত একাকার হলে আছে (স্মৃ)। বোগাবোগ হেডু নিবিড় সম্বন্ধ। বোগাড়া—কাৰ্যবিশেষ উৎপাদনের সামর্থা (ন্যা)।

বোজনা—অংগপ্রত্যেশের বথাবথ সমাবেশ। বৌগপদ্য—একসমরে একসংগ্যে থাকা।

রুডি—আনন্দ। ভালবাসা (বৈ)। রয়ি—শব্দির বেগ (শ্রু)।

রস—আম্বাদনবোগা চিন্তপরিশাম emotion, feeling; চিন্তাকর্ষক গংপের আম্বাদন aesthetic enjoyment। ... ভাব- রসন—আম্বাদন। -রতি—চিন্সার ভালবাসার দর্ঘট দিক পেরমপ্রেবের 'রস' পরমা-প্রকৃতির 'রতি'] (বৈ)। রসাম্বাদ—(ধ্যানজনিত) আত্মহারা আনন্দের অনুভব ecstasy (বে)।

রসোদ্পার—পরমানন্দের উছলে পড়া (বৈ)। রহস্যক্রম—সাধারণ জ্ঞানের অগোচর ক্রিয়ার ধারা occult process।

রাগমার্গ—অন্তরের অনুরাগই সাধনার দিশারী ষে-পথে [প্র. 'বধমার্গ'] (বৈ) র্প-চৈতন্য—বাইরের র্পকে ধরে আছে যে নিগঢ়ে চিৎশক্তি form-consciousness। -ধাতৃ—র্পারণের ম্ল উপাদান substance। -সামান্য—বহু ব্যক্তিতে সাধারণভাবে ফ্টে উঠেছে বে-র্প। র্পাদর্শ—বে-র্পের অনুকরণে অন্যান্য

রূপ গড়া বার pattern। রূপাবচর—ধ্যানচিত্তগম্য স্ক্রেলাক বেখানে স্থ্লদেহের ভার নাই (বৌ)।

শক্ষাভিনারী—বিশেষ কোনও লক্ষ্যের অভি-মুখে গতি যার teleological।

লিংগ—চিহ্ন, নিশানা। অন্মানের 'হেডু' ন্যো)। -দেহ—স্ক্মশরীর (বে)।

লোক-ধাতু—বিভিন্ন লোক বা ভ্বনের উপাদান ধর্ম ও আরতন (বৌ)। -বাহ্য— বিশ্বজগতের বাইরে extra-cosmic। -সংক্রমণ—একটি ভূবন হতে আরে-কটি ভূবনে বাওরা। -সংগ্রহ— সমন্তিভাবে সমগ্র জগতের হিতসাধনা (স্ম্)। -সংস্থান—বিভিন্ন ভূবনের স্থিবনাস্ত গ্রহণারা systems of worlds (স্ম্)।

লোকাদি—বিশ্বভূবনের অভিব্যক্তির গোড়ার জাছে বে।

লোকারত সাধারণ লোকের মধ্যে বা ছড়িরে

পড়ে বা ছড়িরে আছে। -তিক—
চার্বাকপন্ধী দার্শনিক যিনি বাহাপ্রত্যক্ষগোচর সতা ছাড়া আর-কিছ্রে

শু প্রামাণ্ড স্বীকার করেন না।

লোকালোক—প্রাণর্মার্শত বিশ্ববেণ্টনকারী পর্বতবিশেষ যার ভিতর দিকটা লোক বা আলো আর বাইরের দিকে অলোক বা আঁধার (সম্)।

লোকীয় ভাব—ঐহিক সন্তা worldexistence।

লোকৈষণা—ইহলেকের ওপারে উধ্ব'তন অন্যান্য লোকের সম্থানে ফেরা (শ্র্ন)। লোকোন্তর—চেতনার সাধারণ ভূমিকে বা চ্যাদ্রিয় যায়। বপা-অব্যাপ্তর প্রপারে

ছাড়িয়ে যায়। রুপ-অর্পের ওপারে ধ্যান-চিত্তের চরম ভূমি, নির্বাণ (বা)।

শক্ত-শবিমান।

শক্তি-ক্ট- শব্তি প্রিপ্ত হয়ে আছে যেখানে পরমাশক্তি (শা)। -ধাতু--বিশ্বের শক্তিenergy-substance রুপ উপাদান -পরিণাম-পর্বে-পর্বে শক্তির নিজেকে স্ফুরিত করা। -পাত-উধৰ ভূমি শব্তির অবতরণ ও আবেশ descent (শৈ)। -সংক্রমণ-এক ভূমি বা আধার হতে শক্তির আরেক ভূমি বা আধারে বাওয়া। -সংগ্রম---বিভিন্ন শন্তির এক্ত ट्यागाट्याग । -যোগ্যতা—শক্তির কাৰ্য বিশেষ পাদনের সামর্থ্য potentiality।

শৃষ্ঠিত হার সম্পর্কে সম্পেহ আছে।
শৃষ্ঠ-ব্রহ্ম মহাকাশে স্থির আদিস্পন্দ;
প্রথব (স্মা)।

শমধ—চিত্তের প্রশাস্ত অবস্থা (বৌ)।

শারীর—দেহসম্পর্কিত। দেহে অধিষ্ঠিত embodied (বে)।

শাশ্বত-ধাতু--সমস্ত সস্তা ও অন্ভবের চরম আধারর পী 'নির্বাদ' (বৌ)। -বাদ--'দেহাতীত নিত্য আস্বা আছে' এই মন্ত (বৌ)।

শাস্তা—বে চালিরে নের, নিরস্তা। শিব-বিন্দ্র—আধারের মধ্যবিন্দ্র-বা শক্তির ভিনার প্রবর্তক (শা)।

শীল চারিত্রবিশ্বশিষ্ট আদর্শ ও তার সামনা (বৌ); ত্রত আধ্যান্ত্রিক উর্জনিতর জন্য নানা নিরম স্তত ইত্যাদির অনুকান (জৈ)।

म् प-विद्या---मात्रात जानत्त्व छ्रायाहरम

আবিভূতি শুন্ধসন্তার জ্যোতঃশান্তর প্রথম ছটা (শৈ)। -সন্ত--প্রকৃতি বা চিত্তের যে-উল্জ্বলতার রঞ্জোগ্রণের বা তমোগ,শের আবরণের লেশমার সম্ভাবনা থাকে না (সা): বিশ্বন্ধ স্বভাব।

শ্ন্য-বাদ—'বিশ্বের ম্লতভুকে কোনও বিশেষণেই বিশেষিত করা বার না. এমনকি তার অস্তিত্বও তার পরিচারক বিশেষণ হতে পারে না' এই মতবাদ (বৌ)।

শ্রহি—দিব্য বাক্। বেদ। সংগীতের দুটি স্বরের মধ্যবতী স্ক্রু স্বরাংশ।

শ্রোতমীমাংসা—ব্রাণ্ধর এলাকা ছাড়িরে বিশান্থ প্রজ্ঞা দিয়ে তত্ত্বের নির্পেণ।

সাংক্রমণ, -ক্র্যান্ত---এক অবস্থা হতে আর-এক অবস্থায় যাওয়া transition।

সংখ্যৈকত্ব-সব-কিছুর সমাহারে নয় কিন্তু সংখ্যায় গুনে-পাওয়া একছ [বেমন 'রক্ষা এক, তিনি বহু, নন' এই মতবাদে]।

সংঘাত-নানা অবয়ব বা উপাদানের সংযোগ (ন্যা)। জমাট বাঁধা। হানাহানি। -द्र.श-नाना উপাদানের সংবোগে উৎপন্ন আকারবিশেষ (ন্যা)।

সংজ্ঞা—সচেতনতা awareness; বিষয় ও ইন্দিয়ের সংযোগজনিত সাধারণ বোধ sensation (শা)। বিশিষ্ট নাম designation, term বাহ্য বিষয়ের বোধকে ভিতরে नित्र वाद्म द्य afferent (मा)।

সম্যক্ ছন্দোময় সংজ্ঞান--সমগ্রের खान comprehension ()

সংবরণ—ভিতরের **मिटक ग**्रीप्टिस আনা involution |

সংবিং—আত্মসমাহিত অথচ সৰ্বাৰগাহী পরিপ্রণ জ্ঞান (লু,)। সচেতনতা awareness [ত-সন্বিং]...ভাব--বিভি: কর্ড. -বেন্ডা। -শক্তি বক্ষের প্রণিবজ্ঞানর পিণী স্বর পদান্ত (বৈ)। -শ্ন্যতা—'আত্মভাবের' অভাব বেখানে -সিন্ধি-পরিপূর্ণ আন্ধ-(दर्वा)। চেতনার প্রতিষ্ঠিত হওরা (বে)।

সংবিশ্মরী কলা—'সংবিৎশন্তির' বিশেষ স্ফুরণ বা ঝলক (শা)।

involved সংবৃত্ত--বৌজাকারে অন্তগ্র্ড

(শ্রু)।...ভাব. -তি। সংবৃত্তি-পরিণাম <u>ক্রম-ক্রমে বীজভাবে গ্রটিয়ে আসা</u> involution a

তাড়াতাড়ি এগিরে সংবেগ—(সাধনপথে) বাবার জন্য চিত্তের দৃঢ়তা ও উদম্খী-নতা (সা)। লক্ষ্যাসন্ধির অভিমুখে বেগ। কোনও-কিছুর দিকে ঝেকৈ।

সংবেত্তা—দ্র 'সংবিং'।

সংবেদন—ইন্দ্রিয়সংযোগজনিত সাধারণ বোধ sensation | অনুভবের সাডা response। সাধারণ বোধ, সচেতনতা awareness |

সংযোগ—ভিন্ন বস্তকে বধাসম্ভব বিভিন্ন combination আকারে সাজানো দ্রি. 'প্রস্তার' ী (জৈ)।

সংযোজন—বিশেষ প্রয়োজনে একজারগার জোটানো।

সংসক্তি-নিবিড় হয়ে পরস্পর লেগে থাকা cohesion |

সংস্**ষ্টি—নানা ধরনের বস্তুর মিশ্রণ।**

সংস্কার—অতীতের ছাপ: তার ফলে গড়ে-ওঠা ব,বি। চিত্তের অবিদ্যাঞ্জনিত thought-construction | কল্পনা বিচারহীন ধারণা। কোনও-কিছ,তে নতুন গুণের আবিভাব ঘটানো।... বিণ- সংস্কৃত (শ্রু,মী)। বিহিত বিশেষ অনুষ্ঠান যার ফলে সামাজিক অধিকার আধ্যাত্মিক বা sacrament (आ)। -रभव —'সংস্কার' বা বীজাকারে অনুস্তাত অনুভবের অবশেষ (সা)।

সংস্কার্য-পর্রানো ধর্মকে বাতিল করে' নতুন ধর্মের আবির্ভাব ঘটাতে হবে বার मरथा (रव)।

সংস্থান—সমাক্ স্থাপনা; সময়ের দিকে **पृष्टि द्वरथ अवग्नव वा উপाদानक विस्थय** organisation | রীতিতে সাজানো অবয়ব-সম্জার বৈশিষ্ট্য structure | বিন্যাস arrangement; বিশেষ भारतकश्रमा plan, design।

সংহনন क्रमाहे वर्षिः স-क्ल-क्लाः वाः क्रिकाणीयरु স্ফুরিড (শা)।

সংকর্ষণ-সম্ভা বা চেডনাকে উপরের দিকে

বা গভীরে টেনে নেয় বে বোগ-শব্তি (স্মূ. বৈ)।

সংকল্প—ইচ্ছার বেগ will (শ্র-)।

সচিদানন্দঘনবিগ্রহ—অনন্ত সত্তা চেতনা ও আনন্দ জমাট হয়ে রূপ ধরেছে যাঁর মধ্যে (বৈ)।

সঞ্জাতীয়-ভেদ—একই জ্ঞাতির অন্তর্গত ব্যক্তিসম্হের মধ্যে পুরুম্পর ভেদ।

সন্তান্বৈত—'শা্ব্ধ সন্তার অন্ভবে দ্য়ের বা ভেদের স্থান নাই' এই মত।

সত্ত-সত্তা বা অস্তিত্বের বিশেষ ধরন mode of being স্ব-ভাব. আত্মভাব essential being, entity; মোল subs-উপাদান [ষেমন, 'জীব-সত্ত'] essence | tance সারবস্ত অধিবাস কোনও লোকের জীব an organised being ব্যক্তিভাব personality | প্রকৃতির প্ৰকাশ-ধম ব্ৰু গূৰ -তন্-(সা)। রব্বের চাণ্ডলা ও তমের মূঢ়তা হতে নিম্ভি শৃংধ-সত্তের স্বারা রূপায়িত বিগ্ৰহ (সম.)। - নিকায়—ব্যব্তিভাবের organised individuality -বীর্য --মৌল উপাদানের ক্রিয়াশব্রি substance-energy | -সম-দ্রেক---প্রকাশধর্মের উদ্বোধন: কোনও-কিছ্বর সাড়ার চেতনার বিগলিক হানা (সা)। সন্তান্ত্রপ্র সব-ভাবের অনুধায়ী।

সন্থাপত্তি—নিজ্ঞস্ব অস্তিভাবে বা আত্মসন্তার গভীরে প্রতিষ্ঠিত হওরা to be; জ্ঞানের চতর্থ ভূমি (বে)।

সত্ত্বাভাস—আত্মভাবের উপরভাসা রূপ surface-being।

সংস্থান্তেক—অস্তানহিত ভাবের জাগরণ; চাপের জবাবে সাড়া response (সা)।

সত্যধ্তি—সত্য সম্পর্কে চেতনার অচণ্ডল বৃত্তি ও স্নির্গিত ধারণা (শ্র্); সত্যের নির্দিত্ত ছম্প।

নদসং—একদিক দিরে দেখলে আছে আবার আরেক দিক দিরে দেখলে নাই বা; অনিব'চনীর (বে)।

সদাধাতত্ত্ চিংশক্তির আবেশে বিস্কৃতির আদিপরে ক্যুরিত শুক্ষসন্তা principle of primal pure existence

সদায়তন—এক অথণ্ড সন্তার্পী আধার বা আশ্রয়; এমনিতর আশ্রয় বার (শ্রু)। সদৃশ-পরিণাম—বৈখানে 'পরিণামের' পর-শ্পরা আছে কিল্ডু তার দ্টি পর্বের মধ্যে ভেদ নাই (সা)।

সদ্-বিদ্যা—দ্র- 'শুন্ধবিদ্যা'। -ভাব—
বিশুন্ধ সন্তামাত্র—যেথানে গ্রেণ বা
ধর্মের বোধ নাই; শুন্ধ অন্তিতা। অবিলোপ্য সন্তা। -ভূত—সংস্বর্প Real;
অবিচল সংস্বর্পে অবিস্থিত। নিশ্চিতভাবে সত্য। -র্প—বিশিন্ট সন্তা
আন্তে বার Existent।

সদ্ভূত-বিজ্ঞান—যা য্গপৎ তাত্ত্বিক-বস্তু এবং ভাবের-সত্য দৃইই Real-Idea। সদ্যোত্তদ—বর্তমান অবস্থায় ভেদ, সাম্প্র-তিক পার্থক।।

সম্ভান—পরম্পরা, প্রবাহ series। সম্ধাভাষা—নিগঢ়ে ইণিগতবাহী উ**র্ত্তি** cryptic saying (বৌ)।

সম্পি—জোড়। নাটাবস্তুর বিশেষ পর্ব। সম্পিনীর্গান্ত—পরমপ্রেবের যে-গান্ত শৃংধ-সন্তার্পে আধার হয়ে সবাইকে ধরে আছে force of being (বৈ)।

সন্নিক্য—পাশাপাশি থাকা, সান্নিধা juxtaposition; যোগাযোগ contact (न्ह्या)।

সন্নিপাত—বেন উড়ে এসে পড়া; এক**র** সমাবেশ।

সন্মাত্র—'আছসন্তার প্র্ণ হরে আছেন'
এইমাত্র বোধ হয় যার সম্পর্কে (প্রা;)
শ্ব্যু অস্তিত্বের নিগর্মণ ও নির্ধর্মক
ভাব বা বোধ; শক্ষসন্তা। -ধাতু—বিশ্বের
শক্ষসন্তার্শী চরম উপাদান existence-substance।

সন্মূল-এক অখণ্ডসন্তার্পী ভিন্তি; এমনি-তর ভিন্তি বার (শ্রু)।

সবিকল্প—বিশেষের বোধ হয় বাতে; জ্ঞাতা ও জ্ঞেয়ের বোধ থাকে বেখানি (বে)। বিচিত্র ব্যক্তিতে স্ফারিড।

সনিশেষ—অপনের সংগে সম্বন্ধহেতু বৈশি-দ্যোর প্রতীতি হয় বাতে differen. tiated and hence relative। বৈশিষ্টাব্রন্থ। -ভাবনা—বিশিষ্ট ধর্ম নিয়ে ফুটে ওঠবার সামধ্য relativity। সমগ্র-বহুত্ব—সমন্তি ও ব্যন্তি দুরেরই বুগ-পং স্থিতি।

সমজ—ইতরপ্রাণীর সংখবস্থ জীবনবারা।
সমজসা-রতি—বে-ভাগবাসার দেওয়া-নেওয়ার
ভাব আছে বঙ্গে সম্ভোগতৃষ্ণাও জাগে
কথনও [বেমন, গ্রীকৃষ্মাহিবীর] (বৈ)।
সমনী—মহাশ্নো দিবামননের ভূমিবিশেব
বেখানে সমস্ত তত্ত্বের জ্ঞান সহজে ফুটে
ওঠে, 'উস্মনীর' নীচের ভূমি (শা)।

ততে, তব্দার নাতের ভাষ (না)।
সমন্বরী-ব্রিড—বে-ক্রিয়া একাধিক বিষয়কে
পরস্পারের সন্ধো এমনভাবে অন্বিত বা
সম্বন্ধ করে বার ফলে তারা একার্ধক
হয় co-ordinating faculty।

সমবায়—একচ যোগ, মেলন। নিত্য সন্বৰুধ inherence (ন্যা)।...বিশ -বেত।

সমব্যাণ্ড---সমান-সমান হয়ে পরস্পরকে ছেরে আছে বারা of equal extension। সব-কিছুকে আব্ড করে সমভাবে সব্'চ ছড়িয়ে আছে বা।... ভাব- -ব্যাণিড।

সমর্থ — স্ফ্রেণের শক্তিব্রত্ত । অনুর্প । বাস্তব প্রামাণ্যের সম্ভাবনা আছে বার verifiable (ন্যা) । - প্রবৃত্তি— বে-ক্রিয়ার ফলে অনুস্তবের সত্যতা প্রমাণিত হয় [প্র. 'প্রবৃত্তি-সামর্থ্য'] ।

সমর্থা-রতি—বৈ আশ্বহারা ভালবাসার সম্ভোগেচ্ছা আলাদা না ফুটে তাদাশ্ব্য-ভাবে পর্যবসিত হর [বেমন, রন্ধ-গোপীর] (বৈ)।

সমপিত—কেন্দ্ৰীকৃত বা কেন্দ্ৰীভূত converging (খ্ৰন্)।

সমন্তি—সম্হ, সাকল্য। -ভাবনা—সমগ্র বিশ্বকে ব্রগপং ফ্টিরে তোলা।

সমাকলন নানা বিষয়ের সমবারে গড়ে তোলা।

সমাখ্যা—অন্বর্থ সংজ্ঞা বা নাম।

সমাধান—একাশ্র ও সমাহিত ভাবনা (সা)।
সমাধি—চিত্তের চরম একাশ্রতা বাতে অব-শেবে চিত্ত শুনাবং হরে বার (সা)।
-পরিণাম—সমাহিত চিত্তের একতান

-পরিণাম সমাহিত চিত্তের একতান প্রবহমানতা। -সংস্কার অভ্যানহেত্ সমাহিত থাকবার দিকে চিত্তের প্রবণতা।

সমানরন—ভেদধর্মকে জীর্ণ করে এক্যমা-ক্লান্ড করা assimilation (श्रः । সমাপত্তি—ধ্যেরবিষরে একায়চিত্তের ভল্লী- নতা (সা, বৌ)। কোনও ভাবের সংগে একাকার বুা তম্মর হরে বাওয়া। ...বিণ- -পল।

সমাবেশ—আধারে উধর্বসত্যের স্বাচ্চন্দ ও । পরিপূর্ণ অবতরণ (শৈ)।

সমাহরণ, -হার—বহুর সমাবেশে একটি অখন্ড সম্ভার্পে গড়ে তোলা integration। ...কর্ত -হর্তা।

সমীক্ষা—তত্ত্বের প্রথান্পর্ণথ বিচার ও বিভেল্যণ critical analysis (ন্যা)।

সম্কর—একসংগ্ নেওরা; সংকলন। …বিণ সম্কিত।

সম্ত-বহুর সমবারে গঠিত।

সম্হ — বহুর একর সমাবেশে গঠিত সম্দর,
সম্দি aggregate [প্ত. ব্রুহ']।
...বিণ 'সম্দ'; ভাব সম্হন।
-প্রতায়—সব জড়িয়ে একটি বোধ।
-ভাবনা—বহু বৈশিশ্টের সমবারে গড়েওঠা মনোময় রুপ।

मन्थळान—विषयात भाताभाति कान।

সম্প্রতায়—নিশ্চিত বোধ।

সম্প্ররোগ—বিশেষ যোগ [যেমন, ইল্পিয়ের সংগ্য বিষয়ের] (মী)। নিবিড় মিলন।

সম্বন্ধ-তত্ত্ব—পরমপ্যর্বের আগ্রামে কিবছাব ও বিশ্বভূতের অন্যোনাসম্পর্কের সত্যতা, রক্ষ জীব ও জগতের পরস্পর সম্বন্ধের বাস্তবতা relativities viewed as real (বৈ)। -বৈকল্য—ভূস সম্পর্ক।

সন্বোধ—সববিষয়ের স্বতঃস্কৃত সমাক্ বিজ্ঞান comprehensive spiritual intuition (বৌ)।

সम्भ्वरः—या क्राय राज्ञ करनारक वा सन्तर्छ উঠছে।

সম্ভূতি—বিচিত্র রূপের সমাহারে অখণ্ড ও
'সম্যক' রূপারণ total becoming
(শ্র্); সর্বাদক দিরে ফোটা, পূর্ণ
রূপারণ; এমনিতর রূপারণের সামর্থা
ও প্রবৃত্তি। কিবর্পের গর্ডাশর
বা মহাপ্রকৃতি বার থেকে রূপের আবিভাব সম্পূর্তিত (প্র্)। সংবিৎ—
বে-বিজ্ঞানে সম্ভূতির' পূর্ণসভাটি মুটে
ওঠে comprehensive knowledge।

नन्दर्थ-वर्ष्यादेद्दर चन्द्र्क [स्वमन

আদিক্ষণে ই ন্দ্রিরবোধের বিষয়ের প্রতীতি] (সা)। -প্রত্যন্ন, -বোধ--বিষয় ও ইন্দিরের সংযোগজনিত প্রাথমিক অনুভব (সা)। sensation -বং--নিদ্ধিরের মত, আচ্চলের মত। -সংবিং--অস্পন্ট আদিম চেতনা।

সম্মুক্ত্ন-দানা বীধা, জমাট হয়ে রুপ নেওয়া।

সম্যু-অস্ফুট, আচ্ছন্ন।

সমাক-সমুক্ত অংগ-প্রত্যুণ্গের সমাহারহেত integral | मन्भाष. 'হাজন্য' -আজীব—জীবিকানির্বাহের मन्त्रे, उ ধর্মাসংগত উপার (বৌ। তত্তজানের সংগ্যে সংসমঞ্জস সত্য কর্ম (বৌ)। -দর্শন-সমস্ত আপাতবিরো-ধের সমন্বয় ঘটিয়ে সাবাডোম অখন্ড-দ্বিউতে দেখা integral -প্রত্যয়—সব জডিয়ে সব গ্রাছয়ে নিয়ে পরিপূর্ণ বোধ। -ভাব--অখণ্ড পূর্ণ-তার সুডোল হওয়া। -সংকল্প-তত্ত্ব-জ্ঞানের সংগ্র সাসমঞ্জস এবং সতাপতে ा ब्राइट (বৌ)। -সমাধি—চেতনার সমাহিত অথচ সৰ্বাবগাহ ী ভূমি integral concentration (বৌ)। -সম্বোধি-- 'সর্ব ধর্মের সমাক বোধ'. সর্ববিষয়ের অখণ্ড জ্ঞান, তত্তুজ্ঞানের চরম ভূমি (বৌ)।

সর্প-একই র্প বাদের (প্র. 'বি-র্প') (함[) [

সঞ্চানা-স্থির বেগ।

সর্ব-নিবেশনী-স্ব-কিছুকে গ্রাস করে বে -নিবেধ—(রক্ষের (間) (कान धर्मात महारक न्वीकात ना कता। -विखान, -विमा-नव-किस्ट्रांक स्नाना, All-Knowledge -রন্মবাদ---'এই বা-কিছ ব্ৰহ্ম' এই দৰ্শন ও মডবাদ (হা.)। 'রক্ষ এই সব-কিছ্ম হরেই নিঃশেষিত Pantheism | হরেছেন' এই মতবাদ —ভাব—বিশ্ব-সত্তা। -ভাসক-বার আলোতে সব-কিছ্ন ভাসছে। -সং---**সকলের মালে ও সকলকে নিরে অখণ্ড** All-প্রকৃতিত नकादरन existence। ...कार, -मदा। -मण्डर--नय-विद्य डेश्लीस स DCW !

-সম্ভতি-সমন্ত বৈচিত্ত্যের সমগ্র আধার এবং উৎস।

সর্বাতিগ—সবাইকে चाजित्य গেছে বা। সর্বাদ্মভাব—'আত্মাই হয়েছেন সব-কিছু; এই অনুভব, আত্মসত্তার চরম ব্যাশ্তি, আস্থার বিশ্বরূপতা (শ্র.)।

সর্বাধিবাস-স্বার মধ্যে অস্তর্যামী হয়ে বাস করছেন বিনি (খ্রা)।

সর্বান্বেধ-স্বার গভীরে অনুপ্রবিষ্ট হয়ে থাকা।

সর্বাদ্তভাবী—সব-কিছুকে নিজের পরের নেয় বে।

সর্বাম্বয়ী—সবার মধ্যে স্কুতোর মত গাঁথা। সর্বেশনা—সবার ¹পরে অকুণ্ঠ আধিপত্য। সবে व्यवपाम- 'प्रेव्यव क्रगर शराहे कृतिएय গেছেন' এই মতবাদ Pantheism , সহচার-একসভেগ **Б**ला concomitance। বিশ সহজ্ঞ—শিক্ষা বা বিচার ছাড়া আপনা হতে instinctive জন্মেছে যা, সহজাত 'ধর্ম', 'প্রত্যর', **এমনিতর**

'বুদ্ধি', 'বৃত্তি'] সহবেদন-একসপো ও অবিরোধে অনভেব (部)!

সহভাব—একসপো থাকা co-existence সাংবৃতিক সতা—যা ব্যবহারেই সভা শুধু —পরমার্থত সত্য নর (বোঁ।

সাংসিম্পিক—স্বাভাবিক (ন্যা)। **সাং**স্থানিক—আধারের সংস্থান বা উপাদান-গত বৈশিষ্টাকে আশ্রর করে আছে বা constitutional |

সাক্ত-একটা বিশেষ উদ্দেশ্য আছে বার মধ্যে, সাভিপ্রার purposeful।

সাক্ষি-চৈতন্য—চেতনার যে-অংশ তটম্থ থেকে অপর অংশকে দেখে -জীব-প্রাকৃত জীবভাবের অন্তর্নিহিত সভাজীবরূপে বিবরের দুটা psychic witness। ভাসাতা—দুষ্ট্-পরেবের চেতনার ক্_রটে ওঠবার বোগ্যতা (বে)। সাক্ষী-বিষয়ের নিরপেক ও নিবিকার

प्रची (स्त, त्व)।

সাক্ষ্য-শ্রাক্ষীরা দ্বিতৈ ফুটছে বে-লগং objective world ((3))

সাম্কর্য—বিজ্ঞাতীর বস্তু কি ভাবের পরস্পর व्यन:श्रायम या भिद्यमः সাভাতা কাতের মিল।

সাত্ত্বিক-পরিণাম—'সত্ত্ব' বা উপাদানের অবস্থান্তর।

সাধন-কার্যাসিন্ধির প্রকৃষ্ট কারণ. 'কবুণ' instrument | -अप्लाम - छेथ्-চেতনাকে ধারণ বহন করবার উপযোগী করণের (**স্ম**ূ) i সন্তয় -সামগ্রী-করণের সমূহ বা **সংকলন** instrumentation: complete (জ্ঞানোংপত্তির অনুক্ল তথ্যসমূহের) সংগ্রহ collection of data।

সাধর্ম্য-ধর্মগত সাদ্শা; একটা জাতির বিভিন্ন ব্যক্তির মধ্যে মোলিক ধর্মের মিল। -মুক্তি-পরমপ্রবুবের দিব্য-ভাবের স্বাকরণজনিত মুক্তি (স্ম্)।

সাধ্য-সাধন—প্রতিপাদ্য বস্তু য**়বির** দ্বারা প্রতিপাদন (ন্যা)।

সাপেক্ষত্ব—অন্যোন্যসম্বন্ধ; পরস্পরের 'পরে নির্ভার।

সামরস্য—পরম্পরের ভাবনার একই রসের উচ্ছলন এবং তব্জনিত একাদ্বতা বোধ (শা)।

সামাজ্ঞিক—কলার্রাসক; কাব্যপাঠ অভিনয় প্রভিনয় প্রভিন্য প্রভিন্ন বা দুন্ট্-বর্গ ।

সমানাধিকরণ্য—একাধিক পদার্থের একই আধারে অবস্থান co-existence।

সামানা—বহু ব্যক্তিতে অনুস্কুত সাধারণ ধর্ম general property [श्र. विद्नारा]। সর্বসাধারণ universal: -mail-বিশেষকে ছাপিয়ে সাধারণকে নিয়ে -ধমী'—ব্যক্তিগত কারবার যার। বৈশিষ্টা হতে আলাদা-করে-নেওয়া ধর্মের বোধ সাধারণ হর abstract | -প্রকৃতি--বিকৃতির পর-ম্পরার মূলে এক সর্ব-সাধারণ আদিম युवा প্রকৃতি। সাধারণ ধর্মের প্রতীতিকে আশ্রর করে গডে উঠেছে যে-ভাব concept, general notion প্রে বিশেষ-নিবিশেব অথচ প্রতার : ব্যাপক -ব্যাক্ততি--বিশিষ্ট থাকা সত্তেও বহুতে অনুস্যুত একটা সাধারণ ধর্ম আছে বার general determinate _l -র প--বহু ব্যক্তিত দেখা বার বে সাধারণ রূপ-বাকে আদর্শ বলে ধরা বেতে পারে

-স্পন্দ-শন্তির অবিশিষ্ট ক্রিরা বা স্ফুরণ indeterminate_dynamis।

সাম্রাজ্য—বিশ্বচেতনার নির°কুশ প্রতিষ্ঠা এবং ঐশ্বর্য (শ্রহু)।

সাৰ্জ্য—অবাবহিত যোগ; পর্মসাম্য, নিবিড় বোগে দ্বের মিলে এক হরে বাওরা communion (শ্রু); অভেদভাব।

সান্তি দ্ৰ'-সমান শক্তির অধিকার (শ্র্)। সালোক্য-বে-ম্কিডে পরমপ্র্র্বের অন্তর সন্তার অবগাহন করে তাঁর সংগ্য একই চিন্ময় লোকে অবস্থান ঘটে (শ্র্)।

সিস-কা—স্থি করবার ইচ্ছা। স্থাবতী—অন্তর সহজ আনন্দের ভূমি (বৌ) আনন্দধাম।

স্ন্ত—সৌষম্যের কল্যাণী শব্তি (শ্র্)। স্রি—সত্যের আলো-কে দেখেছেন যিনি, বিজ্ঞানী (শ্রু)।

স্ত্তি—লোকলোকাল্ডরে যাতারাত (শ্র্র)। সোপাধিক—'উপাধি' বা বিশেষ-কোনও পরিচায়ক লক্ষণ আছে যার (বে)। সৌমনসা—চিত্তের প্রসন্নতা।

স্কন্ধ—উপাদানের ব্রহ বা সমবার (বৌ)। স্তোম—স্বের স্তবক; স্তুতিগান (শ্র্)। স্ধারিভাব—চিত্তক্ষেত্রকে অধিকার করে আছে বে ম্লভাবের পরিমন্ডল।

পথ্লভূক—জেগে থেকে পথ্লবিষয়কে গ্রহণ করেন যিনি (শ্র)।

স্পন্দ—ক্রিয়াশতির স্ফ্রেপ activity, movement (শৈ)। -বীর্য—ক্রিয়া-শত্তির অকুণ্ঠ সামর্থ্য।

স্ফ্রন্তা—ধ্র্ববিদ্দ্ হতে বিচ্ছ্রণের স্বভাব; চৈতন্যের স্বাভাবিক স্পন্দন (লৈ)। পরিস্পদ্দ। ক্রিরাশাস্তর বিচ্ছ্-রুল dynamism।

স্থ্রস্-ব্তি—মনের স্পদ্মান ও সভির-ভাব। -র্শ—চিস্মর স্পদ্নের আকারে ফুটছে বা।

স্মৃতি-সংবম—স্মৃতিকে আল্রর করে সমাধি আনা (সা)।

স্যাদ্বাদ—'বস্তুর তত্ত্ব নির্ণার করতে গিরে একাস্তভাবে ড্রিছেই বলা চলে না' এই জৈন মধ্বাদ non-Absolutism i

প্রোডাগন্তি—চিন্মর ভাবনার প্রোতে নিজেকে ভাসিরে দেওরা (বৌ)। ন্ব-কুক্—অগরেক অগেকা না রেখে আগ- নাকে র্পায়িত বা পরিণামিত করে যে self-formative, self-operative।

-তম্প্র—নিরপেক্ষ, স্বাধীন স্বিতম্য—
পৃথক্]। -বিমর্শ-নিজেকে নিজের
জ্ঞানের বিষয় করা dwelling on one's own self; এমনিভাবে
লোকাতীত শৈবীভাবনার চিন্ময় আত্ম-বিচ্ছ্রেল (শৈ)। -সংবেদা—নিজের
কাছে আপনা হতেই প্রকাশিত যা
(বে)। -সংক্ৰতঃস্ফুর্ড (গ্রা)।

শ্বগত—নিজেরই মাঝে ররেছে যে, স্বভাবগত, নিজ্ঞস্ব। -ডেদ—নিজেরই
মধ্যে অবরবের বৈচিত্রাহেতৃ যে-ডেদ
[যেমন, গাছের মধ্যে ডাল পাতা ফ্ল
ইত্যাদির ডেদ]। -সংবিৎ—নিজের
মধ্যে নিজের বোধ self-consciousness i

স্বতঃ-পরিণামী—নিজেই নিজের পরিণাম বা
সার্থক অবস্থানতর ঘটিরে চলেছে যে।
-প্রামাণা—প্রমাণের জন্য অপর-কিছ্র,
পরে নির্ভার না থাকা, স্বতঃসিম্পতা।
-সংবিং—কিছ্র অপেক্ষা না রেখে
আপনা হতে ফ্টে-ওঠা বোধ selfawareness। -সম্ভবী—নিজেই
নিজের অন্তানিহিত শান্তকে ফ্টিরে
চলেছে যে।

স্বত-অনুষ**র—আপ**না হতেই অপরের সংগ্য স্বাভাবিক যোগ ঘটিরেছে বে।

স্বতো-দেশনা—স্বতঃস্ফ্র্ড পরিচালন selfdirection। -ব্যাকৃতি—নিজেই নিজেকে বিশেষিত করা বা বিশেষ আকার দেওয়া self-determination, self-formulation।

স্বধা—নিজেকে নিজের মধ্যে ধরে রেখে সেইখান খেকে শক্তির বিচ্ছুরণ; স্ব-প্রতিষ্ঠার ভাব ও ধর্ম (ল্রু)।...বিগ--বান্।

স্বভাব-স্থিতি—আপন ভাবে থাকা, নিজের ধর্ম আঁকড়ে থাকা।

স্বরং-তদ্ম—নিজেই নিজেকে চালিরে নের বে self-regulating, automatic।
-গ্রন্থ—নিজেই নিজেকে জানেন বিনি self-conscient। -সংবিং—আপনার মাবে অপনাকে পরিপূর্ণরূপে জানা।
স্বরুদ্ধ্—অন্য-কিছ্ হতে উৎপাস নর বা।
...বি -ভাব।

স্বরসবাহী-স্বতঃসিম্প এবং স্বরংচল।

স্বরূপ—নিজ্ঞ রূপ. সতাকার প্রকৃতি। -খ্যাতি—স্বরূপের ক্ষতভত অনুভব positive experience of reality essence i -ধাত-স্বরূপের উপাদান stuff, substance। –নিজ্ঞপ প্রকৃতিতে রয়েছে যা inherent in nature -পূরুষ—নিজের প্রকটিত ষে-পার্য। অখ•ডম্বভাবে -প্রকৃতি--অবিকৃত নিজম্ব স্বভাব (বৈ)। -প্রতায়—নিজম্ব প্রকৃতির সাক্ষাৎ জ্ঞান self- perception ৷ -বিভাত-স্বভাব-গত রূপের সার্থক রূপারণ concrete manifestation of essential self-deployment nature, -বিশ্রান্তি—নিজ্ঞ্ব প্রকৃতিতে প্রতিষ্ঠা। বিশ -বিশ্রান্ত। -যোগাতা--স্বভাবনিহিত অবস্থাতেও potential force কার্যজনন-শক্তি -লক্ষণ--বাইরের (ना।)। কোনও কিছুর সাহাব্য না নিয়ে একেবারে স্বভাবধর্ম দিয়ে বস্তর পরিচয় (বে)। -শব্রি-চিন্ময় আত্মভাবের সংগ্যে অভেদে অবস্থিত এবং ক্রিয়াশীল শক্তি (বৈ)। -সন্তা-নিজম্ব ভাবে তন্ময় থাকা: নিজন্ব ভাব। - স্থিতি--আপনাতে আপনি থাকা। —নিক্সব প্রকৃতি হতে বিচ্যতি: স্বভাবের প্রতিষেধ বা খণ্ডন tial contradiction

স্বাতন্যা—বন্ধন বা ম্বির ভাবনার অতীত শিবদ্বের সহজ চেতনা—ক্রিয়াশক্তির স্ফারণ যাতে অব্যাহতই থাকে (শৈ)।

স্বারসিক—স্বাডাবিক, স্বত-উচ্চল। স্বারাজ্য—আঘচেতনার নিরৎকুল প্রতিষ্ঠ এবং ঐশ্বর্ষ (শ্রহ্ন); স্বাতন্য।

লৈবর—আপন খুলিতে চলা।

ম্বোন্তর—নিজেকে ছাপিয়ে আছে বা। ...ভাব ম্বোন্তরণ।

হান-বৰ্জন, ত্যাগ। -উপাদান-বিজন ধ

হিরণ্য-গর্জ—নিবশ্বভাবন ও বিশ্বের অধিষ্ঠাতা চিন্মর প্রের্ব, জগদাত্মা cosmic-self (শ্র্); সমষ্টি-জীবাম্বর্কী প্রের্–বাঁর দ্যিটতে জগৎ-ব্দন ভাসছে (বে)। -বর্তীন—আধারের হিরণ্মর রুপান্ত- রের দিশারী; হিরন্মরজ্যোতির দিকে
চেতনার মোড় ফেরা (শ্রন্)।
হেতু—কারণ; ম্লকারণ (বৌ); প্রবর্তক
কারণ agent। যার অভিতম্ব থেকে
অপর-কিছ্র অভিতম্ব অন্মান করা যায়
থেমন, গ্রামে 'আগ্রন' লেগেছে কেননা
'ধোঁয়া' দেখা যাচেছ—এখানে 'ধোঁয়া'

হেতু]; ন্যায়ের ধে 'অবয়ব'-বাকো হেতুর উল্লেখ থাকে (ন্যা)। -প্রতায়-ম্ল এবং আনুষণিগক কারণেই সমষ্টি cause and conditions (বৌ)। -প্রশন-কারণ সম্পর্কে জিজ্ঞাসা (বে)। হ্যাদিনী-পরমপ্রর্ষের আনন্দর্শিশী স্বর্পশক্তি।

বিষয়-সূচী

[মন্তব্য : মূল বিষয়গর্মি বর্ণান্কমে এবং অনুচ্ছেদগর্মি যথাসন্ভব ভাবের অনুক্রম অনুসারে সাজানো। অনুচ্ছেদের গোড়ায় '—' মূল বিষয়টিকে বোঝাছে। পরে '…' অনুবৃত্তি, '*' পাদটীকা। তু-ভুলনীয়, দ্র-ভূদত্বা।]

আচিতি: চিংশব্তরই সংবৃত রুপ ৩২০, ৪৮০;

—অতিচেতনার প্রতীপ ছায়া ৫৪৪-৪৫; —অপ্রকাশের দিক থেকে আনন্ত্যের আত্ম-

সমাধান ৩৪৪-৪৫;

তার মধ্যে নিগড়ে তাদাষ্যাবোধ ৫৪৫;

—অশ্তশ্চিতের চরম প্রতিভাস ৫৮৬; তাতে শক্তির মূর্ছা ৫৮৫;

—পর্র্ষের সংবিংহারা প্রকৃতি ৫৮৫; তার মূলে তপঃশব্তিরই ম্পন্দ ৫৮৫; বিশ্বস্থিতিত তার ম্ফ্রেণ শব্তির্পে ৫৪৫;

—প্রকৃতির বহিরণগ বৃত্তি ৫৮৫-৮৬;

—হতে চিংশব্বির ক্রমান্সেষের রীতি ২৯৮, ৩২০, ৫৮৫-৮৬, ৬১৪-১৫, ৭৩৭-৩৮;

—পরমার্থ সতের তিনটি অবরশন্তির ভিত্তি ৬৬৫:

পার্থিব ভূমিতে তার রূপ ৪৮০; অবিদ্যাতে তার রূপান্তর ৬১৪-১৫;

—অন্তর্গাড় থেকে প্রাকৃত জীবনকে চালিয়ে নেয় ২১৯;

তার উপকণ্ঠে অবচেতনা ৪২০-২১, ৫৫৫;

—ও অবমানস ৫৫৫;

-ও জাল্লং-চেতনা ৫৫১;

—উত্তরশন্তিকে সর্বদাই পণ্গ**্ব ব্যামিশ্র** করে ৯৬২-৬৩;

অতিমানসই পারে তার প্রতিরোধকে পরাভূত করতে ৯৬৩;

অতিমানস-পরিণামে তার স্থান ১০১৩-১৪।

অজ্ঞাতিবাদ : তার বিবৃতি ও সমালোচনা । ১০১, ৪৪৩-৪৪।

অজ্যেরবাদ: তার মতে ইল্পিরই জানের

একমাত্র সাধন' ১০; এই মতের খণ্ডন ১০-১১:

—জড়বাদের ম্ল[°]আশ্রয় ১০;

—সমস্ত জিজ্ঞাসারই চরমে দেখা দের ১৩

--ব্শিধর পরাভবমাত্র ৫৬৩, ৫৬৪-৬৫;

— ও মন ৩o;

—চিংতত্ত্বের সম্পর্কে ৫৬৩;

সর্বসমন্বরী ইতিবাদে তার চরম পর্যবসান ১৩, ৩০, ৩১-৩২।

অতিচেতনা : পরিচিত মনোভূমির অনেক উধের ৯১;

—ব্যক্তির ও বিশেবর চেতনাকে ছাড়িরে আছে ১৮;

—আত্মপ্রকৃতির ম্ধান্যলোক ৫৫৩; ৫৫৬; তাদাত্ম্যবোধ তার স্বর্প ২২১;

—বৈশ্বানর আন্থার স্বর্প ৫৫**৭**;

—ও স্বৃণিতম্থান ৪২৪-২৫;

শাশ্বত ও কালাতীত ৫৫৭;
 স্বধার্থ অশ্বৈতবাধের উৎস ৪৩;

তার মধ্যে সমস্ত স্বস্থের অবসান ২২৩-২৪:

তার ব্যাহ্তি জ্যোতি ৭০; বোধি তার বার্তাবহ ৭২;

दर्शाय जात भर्या स्मार्ट जामाष्ट्राजशीवर-तर्भ ५०:

তাতে আম্বসচেতন উধ_রচেতনার আবেশ ৩৪৪:

— ७ व्यारखान ६६४;

জাগ্রভ-বোগে তার বোধ ৩৭১।

অতিমানব : তার আধ্নিক অপ্রণ কল্পনা ২৭৬, ১০৬৬-৬৭; অতিমানস মৃত হর জারই মাবে ৪৭; তার আবিভাবে কেন ও কী রীতিতে

486, 50691

- অতিমানস: তার পরিচয় দেওয়া কঠিন ৯৬৫-৬৭; তব[্] কাঁ করে পরিচয় দেওয়া সম্ভব ৯২৩-২৫:
 - —মনের ওপারে হলেও অন্ধিগমা নয়, বরং তার লক্ষ্য ১২৭-২৮:
 - প্রাকৃতমনের উন্নত সংস্করণ নয় অথবা যা-কিছ্ মনের ওপারে তাই নয় ১২৯;
 - অবিদ্যাভূমির কাছে এখনও অতিচেতন কেন ৯২৫:
 - বেদে তার পরিচয় ১২৯, ১৩০, দেবতারা তারই বীর্য ১২৯;
 - উপনিষদে তার অশ্বৈতবোধের তিনটি সূত্র ১৫৯-৬০;
 - —বিশ্বাধার রক্ষসন্তার বিপ্লে আছ্ম-প্রসারণ ১৩৩:
 - নির্পাথ্য-সং হতে তার আত্মবিচ্ছ্রণের ধারা ১৩৩:
 - -- সং-চিং-আনন্দের তিনকে এক হতে ফ্রটিয়ে তোলে ১৩৩, ৩১৬, ৩২১...;
 - এক অদৈবতচেতনার সর্বসমাহারী মহা-সোষম্যের বোধ তার ভিত্তি ৯৬৮...; বৈচিত্রোর মধ্যে অদৈবতের প্রা-ভিব্যক্তি তার ধর্ম ৯৭১-৭২;
 - —ই ঋতচিৎ ১০০, ২৭৩-৭৪;

 - —বিশিষ্ট আত্মসংবিংর্পে সন্মান্তের পরিস্পদ্ ১৩৭, ১৪৯, ১৯৫;
 - —জগংপ্রণ্টা ১২৭, ১৮০, ১৮১;
 বিশ্বের বিধাতি তার মধ্যে এবং
 প্রবর্তনাও তা হতে ১৪১;
 বিশ্বের ম্লে সে সর্বাগত প্রচ্ছর শক্তি
 ১৪১, ২২৬;
 - —বিশ্বের ঋতচ্চেন্দের প্রবর্তক ২৭০-৭৪; তাতে চৈতনোর অনুরূপ শক্তির ক্ষ্রুরণ ২১৭-১৮, ২১৯;
 - তার দ্বিউতে ফোটে সমগ্রের অখন্ড র্প ১৪০, ১৪২, ১৪৮, ৩১৭, ৩১৯; তাতে খন্ডভাব স্বগতভেদের স্ক্রে আতাসমার্চ ২৭০:

- তার মধ্যে প্রজ্ঞানের লীলা ১৪৪-৪৬, ১৫১-৫২;
- তার আদাস্থিতিতে আছে একছের ভাবনা কিন্তু তা নির্পাধিক অম্বরচেতনা নয় ১৫১;
- তার মধ্যাস্থিতিতে প্রজ্ঞানের **লীলা যাতে** সবার মধ্যে চিৎস্বরূপে এক হরেও চিদাভাসে সে হর বিচিত্র ১৫২:
- তার অন্তর্গেশতিতে ফোটে অন্যৈতভাবিত দৈবতের অন্যুভব এবং তারই **ছন্দে** দৈবত-প্রবৃত্তির বৈচিন্তা ১৫২-৫৩;
- তার মধ্যে জ্ঞাতা জ্ঞান ও জ্ঞের এক ১৪১-৪২;
- তার দ্দিটতে স্থিত সন্তার মর্ম হছে উৎসারিত অথণ্ড-চিন্মর ব্যাপার ১৪৩, ৩১৪-১৬;
- —কাল-পরিণামের ক্ষুপ্তার ম্লে দেখে সৌষ্ম্য ১৩৯-৪০;
- ও দেশকালের অন্ভব ১৩৮-৩৯, ১৪০;
- —न्गारात धतन ०००..., ००२;
 - দিবা প্রেবের অন্ভবে তার র্প ১৫৮-৬০;
- —ও অধিমান্স, ২৮৫-৮৭, **৭০১;** মন তার অফ্ডাবিভৃতি ১৯৫, ১৯৬ ৫৮৯;
 - মনে ও অতিমানসে কী তফাৎ ১৩৪-৩৬, ১৩৯-৪৪, ১৬৪-৭৮, ২৩৫-৩৬, ২৭৯, ৩১৫-১৬, ৩১৭, ৯৬৬-৬৭;
- অখণ্ড রক্ষা আর সখণ্ড মনের বিরোধ মেটে তাতে ১৪৮;
- —চেতনার পর আর অবর ভূমির মধ্যে সেতু ১৩০;
- তার প্রভাবে মনের তত্ত্বোধ ১৭২, ১৭৫-৭৬;
- প্রাকৃত জীবনে তার অবতরণ সম্পর্কে আশুকা ১৬৪:
- —প্রকৃতির পরিণামধারার চরম লক্ষ্য ১৮১:
- —দিব্যন্ধীবনের র্পকার ৪৭;
- —মূর্ত হয় অতিমানবে ৪৭;
- —চৈতা-প্রবেকা রশ্বসমাপবিতে সেতু-স্বর্প ^উ≿ ৩৭ ;
 - র্পাশ্তরের সাধনা সমাক সিন্ধ হয় তারই অবতরণে ৯২১-২২;
- –র্পাশ্তরেক শ্রে প্রাকৃত বন্দ্রাচার হতে

শ্বরম্ভুসতোর স্বাতন্যে উত্তীর্ণ হও-য়াতে ১০১:

—র্পাণ্ডর আধার তৈরী না হলে শ্রে হয় না ৯৩৫;

—র্পান্তরের গোড়ায় অধিচেতনা ও বহিশ্চেতনার আড়াল ভেঙে বায় ৯৬৯:

—বিজ্ঞানের দুর্টি স্পন্দ : অনাদি অতি-মানসের অবতরণ ও উৎসপিণী অতি-মানসী শান্তর উত্তরণ ৯৬৭...; অতিমানসী সিন্ধির র্প ৯৬৩-৬৪; নিত্যসিম্ধ তাদাখ্যসংবিং তার স্বর্প ও বিভৃতি ১০০৮:

—ই পারে অচিতির বাধাকে নি**জি**তি করতে ১৬৩:

—পরিণামে অচিতির স্থান ১০১৩-১৪; —পরিণামের প্রভাব জ্বগতের 'পরে

—শারণামের প্রভাব জ্বগতের ১৬৯-৭০।

অতীন্দ্রিয় অন্ভব: জড়বাদীর মতে নিল্প্র-মাণ ১৯, ৭৭৬-৭৭;

তার সম্পর্কে প্রাচীন ও আধ্বনিক গবেষণা ১৯-২০:

তার সমপকে ব্দিধর গবেষণা ৮৮২;

—অসম্ভব যে নয়, তার উদাহরণ ৬৮, ২৮২;

সাধারণ চিত্তে তার রূপ ধ্মাচ্চর ১১-১২;

স্ক্র ইন্দ্রিয় তার সাধন ১৯, ৬৪৮-৪৯, ৭৭৬-৭৭;

তার অনুক্লব্তি শুন্ধবৃন্ধি ৬৫; তার মুলে আমাদের মনেরই তাদাস্ম্য-সংবিতের ধারা ৬৯;

—মূলত ঋত-চিতের ব্রি ৫৮১; তার প্রতাকব্ত ও পরাকব্ত দ্টি রীতি ৭৭৯;

--- অধিচেতন ভূমিতে সহজ ৬৮, ৭৭৮; ---ও অধিচেতনা ৫০১-৩২;

— ক্রড়োন্তর লোকের অস্তিম প্রমাণ করে ৭৭৮-৮১, ৭৯২-৯৩;

—ও রহস্যবিদ্যা ৮৭৮।

অন্যৈতবাদ: বৈজ্ঞানিকের জড়ানৈবতবাদ ৭, ১৫:

সাংখ্যের প্রধানাশ্বৈতবাদ ১৫; নিবিশেষ অশ্বৈতবাদ ৬০৫-০৮; বেদান্তের অন্বৈতবাদ ও শ্নাবাদ ২৯ *
চিদন্বৈতবাদ, অচিদন্বৈতবাদ ও বৌশ্ধ
অন্বৈতবাদ: জীবাদ্মা ও জন্মান্তর
৭৪৮-৫২;

"সর্বং ধার্লবদং ব্রহ্ম" এই তার সত্য রূপ ৩২।

অন্বৈতবোধ : বিশ্বচেতনা ও অতিচেতনার অভিমূখে তার গতি ৪০;

তাতে প্রাকৃতব্দির কল্পিত সমস্ত বিরোধের সমাধান ১৫৮, ৪৭০-৭১; তার ম্বারা স্কম্বরে দ্বংথের অস্তিম কেন' এই প্রদেবর সমাধান ১৯-১০০:

তাতে জীব ও জগতের অন্যোন্যভাবের অনুভব ৩৭০-৭১:

বিশ্বোত্তর বিশ্ব ও ব্যক্তির একদ্বের উপলম্বিতে তার পূর্যবসান ৬৭৯;

উপনিষদে তার তিনটি সূর ১৫৯-১৬০; অতিমানসী চেতনায় তার রূপ ১৪৪, ১৫১-৫০:

জাগ্রত-যোগে অণৈবতবোধ ৩৬৯-৭১। অধিচেতনা : তার পরিচয় ৭৩৮-৩৯:

তার সংজ্ঞার ব্যাখ্যা ২০১-৩২; জাগ্রতের পিছনে তার বৃহত্তর ভূমি

৯০; জাগ্রংচেতনা তার একটা প্রঃক্ষেপ

—ব্যাবহারিক জীবনের আগ্রন্ন ও সাকী ৫৫২-৫৩, ৫৫৬;

শুরুত-চেতনা ২২৭-২৮, ২২৯-৩০;
 অচিতির বাধায় ও চিংপরিণামের
 মন্থরতায় তার অস্ফুট প্রকাশ ৬১২;
 তর সদরমহলে অবিদার খেলা ৫৫৫;

 —অবচেতনার গণিতকেও ছাড়িয়ে গেছে

বহুদ্রে ১১;
—অবচেতনার জ্যোতিম্থে ২৩০

—অবচেতনার জ্যোতিম**্**থ ২০০, ৫৪৩-৪৪;

—ও অবচেতনা ৫৫২-৫৩, ৫**৫**৪**-৫৫**, ৫৫৫;

—উৎস্পিণী চেতনা আর অবস্পিণী চেতনার সংগ্যাস্থলে ৪২৩; মনের জানার আর অধিচেতনার জানার তফাৎ ৫৩৫-৩৬:

—বথার্থ মনোধর্মী ৫৫৪-৫৫; মনের শা্খ-প্রবৃত্তি ফোটে তার মধ্যে ৬৮; —তত্ত্বকে জ্ঞানে অপরোক্ষ-সন্নিকর্ম দিরে ৫৩৫: অধিচেতন বিজ্ঞানের স্বর্প ৫৩৯-৪৪; তার রসান্ডব অব্যাহত ২৩০-৩১;

তার স্বাতন্তা ও বিপলে সামর্থ্য ৫৫৪-৫৫;

- —অবচেতনা ও অতিচেতনা দ্যেরই মধ্যে প্রসারিত হতে পারে ৯১;
- —অত্তেত্তন ও পরিচেতন ৫৫৫;
- —ও বিশ্বচেতনা ৫৩৬-৩৮;
- —ও পরিচেতনা ৭০৮-৩৯;
- ७ केठा-भूत्र २०১-०२, ४**১**५;
- -- ও অশ্তর-প্রেষ ৫৫২, ৫৫৫;
- —ও অন্তরাম্মার সক্ষাংকার ৫২৯;

তার মধ্যে আছে স্ক্রা অন্তর্মন অন্তঃপ্রাণ ও ভূত-স্ক্রাময় সন্তা ৪২৩; তার ইন্দ্রিয় সত্যকার অন্তরিন্দ্রিয়

850;

অতীদির অন্ভব সেখানে সহজ ৬৮; স্বণের—শ্রেষ্ঠ র্পকৃৎ ৪২১-২২, ৪২৪-২৫;

তার মধ্যে স্বশ্নের ভাবে র্পান্তর ৪২২;

- স্বণনসঞ্চরণে ও কোনও-কোনও বোগ-সমাধিতে অধিচেতন মনের ক্রিয়া ১৮৯:
- —ও প্রাতিভজ্ঞান ৫৩১;
- —ও পরিচিত্তজ্ঞান ৫৩২-৩৩;
- ७ नाफ़ीहरकृत नियम्त्रण ১১২;
- —ও অধ্যাত্মরহস্য ৫৩১-৩২;
- —ও ভাবলোক ৪২৩-২৪;
- —ও পরলোক **৮**০৫;
- —ও বিশ্বশক্তির বিজ্ঞান ৫৩৩-৩৫, ৫৫৮:

অধিচেতনায় শক্তির অনুভব ৬০২-৬০৩;

অধিচেতনার অদিব্যভাবের অস্তিম্ব ৯০৮, ৯১৩;

অধিচেতন স্মৃতি ৫১৭;

—ও কাল ৫৫৮:

আদিমানবের চিত্তে তার প্রভাব ৮৬৯; অতিমানস র্পাশ্তরের গোড়ার বহি-শ্বেতনা আর অধিচেতনার আড়াল ভেঙ বার ৯৬১।

অধিমানস : তার পরিচয় ২৮৪-২৯৪;

- —অতিমানসী চেতনার প্রতিষ্ঠ ২৮৫;
- —অতিমানস ও মনের মধ্যে রহসাগশ্বি ২৮৫;

- —মনের 'পরে হিরন্ময় পাত্রের আবরণ ৫৮৯-৯০;
- -- ও অতিমানস ২৮৫-৮৭;
- —ও মন ২৮৭-৮৮, ২৮৯-৯০;
- —ব্যন্টিকে সমন্টির ভূমিতে জেনেও জোর দের ব্যন্টিভাবনার 'পরে ২৮৫-৮৭, ৩২০, ৯৫২, ৩০৮-০৯; তার জ্ঞান থাচ্ছত নয়, সংবর্তল ২৮৭,

তার জ্ঞান থণ্ড়িত নয়, সংবর্তুল ২৮৭, ২৮৯-২৯১;

—স্ভি করে সত্যকেই, বিভ্রমকে নয় ২৮৯:

তার মধ্যে বিদ্যামায়ার আদির প ২৯০; তাহতেই অবিদ্যার উৎপত্তির সম্ভাবনা ২৯০-৯২;

চেতনার য্গপং উৎক্ষেপ ও বিশ্বমর বিশ্তার শ্বারা তার অন্ভব ৯৫২;

—ভূমিতে ব্রহ্মের অন্ভব ২৮৭-৮৮;

—ভূমিতে ব্রহ্মসম্পর্কে দৈবতপ্রতারের রূপ ৩১২-১৩:

—ও সং-চিং-আনন্দ ২৮৭;—ও সং-চিং-আনন্দের বিশিষ্ট অনুভব ৩১৬; তার দ্ভিতে জগং ২৮৮;—ও বিশ্ব-চেতন ৯৫২...:

ভাতে অহন্তার রূপ ৯৫২-৫৩; ভাতে চিন্ময়ী সিম্পির বৈচিচ্য ৯৫৩-৫৪;

অধিমানসী সিন্ধির রূপ ৯৫৪; অধিমানসী শব্বির সীমা ৯৫৪-৫৭।

অধ্যাস : বস্তুর 'পরে অবস্তুর স্থাপনা ৪২৭।

অনর্থ : পরমার্থসতের মধ্যে তার নিদান খাজে পাওয়া যার না ৫৬৮, ৫৭২; তার নিরপেক্ষ সত্তা নাই ৫৯৬, ৫১৮-৯৯:

তার উংপত্তি: ঈশ্বর হতে নর ৯৮;
বিকৃত চেতনা হতে ৫৫-৫৬;
অবিদ্যা হতে ৫৯৬, ৬০৯-১০; বহিশেচতনার চিংশক্তির সম্প্রেচ বা
আপ্যায়নের বাধা হতে ১০১, ৫৯৮;
অন্তচেতনা তার আগ্রর ৫৯৮, ৬২৩;

প্রক্তিতের তার আগ্রন্থ আপেক্তিক প্রাকৃততেরতার তার বোধ আপেক্তিক ও৯৮, ৫৯৯;

—পার্থিবচেতনার
স্থা
তির্বাচলে না ৪০৪;
তার সার্থকতা অভীপার আগ্রেক
অর্থিকে তোলার ৪০৪-০৫;
তাহতে পালিকে না গিলে ভাকে

পরাভূত ও র**্পান্**তরিত করাই প্রে<u>বার্থ</u> ৪০৬।

অনর্থ ও অসত্য : বিশ্বের বিস্থিতিতই তাদের সম্ভাবনা দেখা দিরেছে ৫৯৯; বিশ্বব্যাপারে তারা অপরিহার্য নর ৬০০;

বিশ্বচেতনার তাদের ঠাই নাই ৫৯৯..., ৬২৪;

চেতনার অভিমন্থে অচিতির বাহাপথে তাদের উৎপত্তি ও স্থিতি ৬০৪-০৫; জড়াতীত ভূমিতে তাদের অস্তিদ্ধ সম্পর্কে প্রচানন কম্পনা নিরাধার নয় ৬০০-৬০২;

জড়ের সপে তারা নিঃসম্পর্ক ৬০৫-০৬; তারা অন্তরিক্ষের প্রাণশাক্তিতে নিগড়ে ৬০২:

তাদের উল্ভব : প্রাণের মধ্যে মনের স্ফুরণে ৬০৬; বিবিশ্ববোধ হতে ৬০০, ৬২৪; প্রকৃতিপরিগামের প্রয়োজনে অহস্তার আশ্রমে ৬২৩-২৪;

তারা অপরিমেয় কিল্তু অনন্ত ও নির-পেক্ষ নয় ৬০৩-০৪:

অধন্ডভাবের সাধনার দ্বারা অচিতির র্পান্তরেই তাদের বন্ধন হতে মুক্তি ৬২৭-২৮:

তাদের ছোর কেটে যায় রিপর্বা আছো-পলস্থিতে ৬৩১-৩২।

অনার্সান্ত: তার সাধনার শ্বংধসন্তার আনন্দকে জাগানো যায় কী করে ১১৩-১৪।

অনেকাশ্তবাদ : উপনিষদে ৬৩৬।

অল্ডরাঝা : গুহাশারী প্রশাদত প্রসম ও বীর্ষার ১০৯-১০; অল্ডর্যামী স্বাবিং ও স্ব্যাহী ৫৫১-৫২;

তাঁর বিভূতি : মন-আন্ধা প্রাণ-আন্ধা ও দৈহ্য-আন্ধা ৫২৮;

—ও অধিচেতনা ২৫১-৫২; অন্তর-প্রাধের বিজ্ঞানের স্ব

অন্তর-প্রাধের বিজ্ঞানের স্বর্প ৫২৯-০০, ৮৫৮;

তাঁকে জানাই আম্মক্তানের প্রথম সোপান ৫৫২।

অপরোক্ষসন্মিকর্ষ : তম্জনিত জ্ঞানের উৎস ৫৪০:

—অধিচেতনার মুখ্য সাধন ৫৪০...।

জপরোকান্তব: তার বিব্তিতে বির্ম্থ উল্লির সমাবেশ থাকতে পারে ৭৯-৮০; তার ধারা ৮৮-৮৬; তার সাধনা: মন দিয়ে ৯০৫-০৬; र्मत मित्र ৯০৭; সঞ্চল দিয়ে ৯০৭-০৮;

অপরোক্ষান্ভবে ধর্মসাধনার চরম সিন্ধি

অবচেতনা : তার পরিচর ও প্রশাসনের রীতি ৫৫২-৫৩, ৭৩৬-৩৭:

—চেতনার উপক্লে অচিতির পরিস্পন্দ ৫৫৪;

—আত্মপ্রকৃতির গ্রাভূমি ৫৫৩;

—ও অবমানস ৫৫৪;

জাগ্রং-চেতনার পিছনে তার অনাবিস্কৃত বৃহত্তর ভূমি ৯০, ৯১:

আঁচতি ও অন্তন্দেতনার সংগমভূমিতে ভার গোধ্যলিলোক ৪২০...;

বহিশ্চর মনশ্চেতনা হতে বক্তৃত আলাদা
নর ৯১;
 তার ব্যাহ্ত হল প্রাণ ৭০;

তাতে বোধির প্রকাশ কর্মস্পন্দে ৭০; —ও স্বান ৪২০-২১:

—ও সুৰুণিত ৪২১;

—ও অধিচেতনা ৫৫২-৫৩, ৫৫**৫**; তার ক্রিয়া ৫৫৪:

তাকে আশ্রয় করে উল্ভিদে অতিচেতনার ক্রিয়া ?

অব্যানস : প্রাণনস্পদ ৫৪৬,৫৫৪;

—ও অবচেতনা ৫৫৪।

অবাস্তবতা: তার পরিচয় ও নিদান ৪৭৫-৭৭।

অবিদ্যা : বেদে তার রূপ ৪৮৫-৮৬;
উপনিষদে তার রূপ ৪৮৬-৮৭, ৬০৬;
বিশ্বে তত্তুত ম্লা অবিদ্যা বলে কিছু
নাই ৫৭৩:

—প্রকৃতির সব্থানি জ্বড়ে নাই ৫৮৯;

—রক্ষে বা অতিমানসে নাই ৫৮৯; জীবের বহুত তার প্রোক্ত

জীবের বহুত্ব তার প্রবোজক নয় ৫৭৩-৭৪, ৫৭৫;

রন্ধ তার আদি প্রবর্তক নন ৫৭৩; ৫৭৭-৭৮;

রক্ষের সংগ্য তার সম্পর্ক ৫৬৯;

ব্রুক্তের বিদ্যাশস্থির বৈচিচ্যবিধারিনী ৫৯২:

-- মারারই গোণ বিভূতি ৫৭৩:

ভার মূলে আছে চিতিসন্তির ঐকান্ডিক অভিনিবেশ ৫৭৫-৭৬, ৫৭৭, ৫৭৬, ৫৮৬-৮৭; চিৎ-স্মুক্তর বিশেষ একটি স্থিতি ও স্পন্দের পারে ঐকান্তিক ভিনিবেশ তার স্বরূপ ২৭৯: 800-05:

—চিতিশব্রির বহিশ্চর খণ্ডিতব্রি মাত্র 694. 644:

—প্রকৃতির স্বেচ্ছাকৃত আবরণ ৫৭৮:

—ও বিদ্যা ৪৭৬-৭৭ : তারা প্রবৃত্তিতে ভিন্ন হলেও তত্তত এক ৪৭৫. ৪৯৩. ৫৯১: উপনিষদে তাদের সহভাব ৫০১-০২:--বিদ্যার প্রতিভাস-শব্বির বহিঃস্পন্দ ৪০০, ৫৮৭-৮৮, ৫৯১, ৬৩৩, ৬৩৫;

—পূর্ণবিদ্যার দিকে অভিষাত্রী ৪৪. ৫২.

896-96, 660:

অবিদ্যার পরিচয় : চেতনার আত্মাবরণী ব্যব্ত যা অতিমানস হতে মনকে প্রথক করে ১৭১, ৩২০, ৩২১; বিশেষের প্রতি ঝেকিই তার প্রাণ ৪৮৩:

—অচিতি ও অতিচিতির মধ্যে ত**্ট**পাশক্তি ৪৭৬:—মনশ্চেতনার ধারী ¢85.

অবিদ্যার ক্রিয়া : সচ্চিদানন্দের বোধকে আব্ত করে রাখে ৫৩-৫৪:--সম্কীর্ণ বিস্ভির প্রয়োজক ৪৭৫: ব্যবহারিক সত্যকে বিকৃত করে ৫৮২. অবিদ্যা জীবনের প্রথম সংকট ২১৯-২০: বিশ্ব-অবিদ্যা জীবনের শ্বিতীয় স•क्ठे २२०-२১. ৫৫৮;

অবিদারে তাৎপর্ষ : অবিদ্যার পরিণামে শক্তিসঞ্কোচের বথার্থ তাৎপর্য ৪০২: মানুষের জীবনে তার প্রয়োজন ৫৮৭: ম্ল প্রয়েজন চিংপ্রুবের আপনাকে হারিয়ে আবার খ'ুজে পাবার খেলা GAR: ...

—রক্ষের আত্ম-আম্বাদনের উপার ৫৮৮: অবিদ্যার সম্তর্প : ৬৫৪, ৬১৭-১৮, 900-88; সাংস্থানিক ৭৩০-৩৫: চিত্তগত অবিদ্যা ৭৩৫-৩৬: কালগত অবিদ্যা ৭৪০-৪২; অহংকৃত অবিদ্যা ৫২৬..., ৭৪২-৪৩; কিবগত ব্যাবহারিক ও মূলা অবিদ্যা ৭৪৩-৪৪।

অব্যক্ত : অব্যক্তে ও বাতে বিরোধ এবং তার সমাধান ৩৫৮:

কালাতীত শাশ্বতে বা অব্যক্ত, শাশ্বত কাল-কলনায় তাই হয় ব্যস্ত OGH-621

অভিনিবেশ : বর্তমানের মধ্যে আত্মবিস্ম্-

তির আকারে ৫৮১, ৫৮৩-৮৪; তার নানা ধরন ৫৭৭;

তার ব্যাবহারিক দিক ৫৮২-৮৪:

—ও অচিতি ৫৮৫:

—ও অবিদ্যা ৫৭৯, ৫৮০;

মানুষের চেতনায় তার রূপ ৫৭৯-৮০: ব্যাবহারিক প্রয়োজনে তার উল্ভব **242:**

—চিৎদ্বর পের অখন্ডসংবিতের নিরাকরণ नम् ७१३, ७३०, ७३२;

তাতে প্রপণ্যতীত্বের শব্তির কুঠা প্রকাশ পায় না ৫৯২:

তার অন্তরাব্যত্তিতে অন্তরপুর বের উদ্বোধন ৫৯০:

অনশ্তের মধ্যে তার রূপ ৫৭৮-৭৯। অভীপসা : প্রবৃদ্ধ মনের আদিষ্কা হতে আজ পর্যাত তার ধারাবাহিকতা ১-২. 95-60:

তার লক্ষা আলো স্বাতন্তা অমৃতত্ব ও षिवा-**क**ीवन २. 8:

তার স্বরূপ ও ধারা ১৭৭-৭৮. ২১৬: প্রতিভাস হতে বিজ্ঞানের ভিতর দিয়ে পরমার্থ-সতের পানে উব্জিয়ে যাওয়া তার সাধনা ১২২-২৩, ১৪৮:

জডের বাকে অভীপ্সার প্রবেগের রূপ 260-268:

মনের অভীগ্সা ৩১৭:

বিদ্যার অভীপ্সার লক্ষণ ৬৩৩।

অমরত্ব : তার ভাবনা জ্ঞাগে কী করে : 66-968

পার্রাক্রকদর্শনে তর রূপ ৬৭১, ৮১৯: —মৃত্যুর পর বিশিষ্ট ও অপরিবর্তনীয় ব্যক্তিসত্তের চিরুতনতা নয় ৮২৩:

তার তত্ত্ব ও সাধনা ৮২৪-২৫; গ্রিপর্বা অমরত্ব ৮২৫।

[তু. 'কালগত অবিদ্যা']

অসং : 'পরমার্থ'সং সমস্ত বিশেষণের অতীত' এই বোঝাতে উপনিষদে তার वावशात ०७, ৫७८;

–-বৌশ্ধের চরম তত্ত্ব ২৮. ৫৬৩-৬৪;

-- হতে সতের আবি**ডাব-কল্পনা মনের** বিকল্পমান্ত ২৯;

—ব্^{ক্ষির} প**াছ**তা হতে প্রস্ত হতে পারে 65, 345-62:

— শ**ভিযোগ্যতামার** ৫৬৪:

—ও সতে বিরোধ নাই প্রণবিজ্ঞানে 23. 00:

—সচ্চিদানন্দের উজানে ৩৬-৩৭, ৫৩; তার উপলম্বির স্বর্প ৩১, ১৩২-৩৩; সে-উপলম্বির সাথকিতা পরাশান্তি ও কামনা-হীন কর্মে ৩১।

[জু- 'শ্নাবাদ']

অসতা : পরমার্থসতের মধ্যে তার নিদান থক্তে পাওয়া যায় না ৫৯৬;

তার নিরপেক্সন্তা নাই ৫৯৬;

--অবিদ্যার পরিণামমাত ৫৯৬:

চেতনার সংগ্রাচ ও তঙ্গুনিত প্রমাদকে আকড়ে থাকা তার ধর্ম ৬২৩। [দ্র- অনর্থ']

অহং : অহংবোধ আত্মসংবিতের মৌল-উপাদান ৩৬৬...;

অহংবোধ স্মৃতির পরিণাম বা কৃতি নয়
৫১৪;

—আধারের বিভিন্ন ভূমিতে ফ্টে ওঠে আত্ম-কেন্দ্রিকতা নিয়ে ৬২, ৬১৮;

—প্রকৃতির ক্রিয়াকে খাতবন্দী করবার জন। চেতনার একটা কৌশল ৩৬৬;

তাকে কেন্দ্র করে প্রাণের আত্মপ্রতিষ্ঠা প্রকৃতির লক্ষ্য ৬২৩;

--ব্যাবহারিক জীবনের কেন্দ্র ৫৭-৫৮, ২৩৬, ৫৪৯-৫০, ৬৯৫-৯৬;

—অপরোক্ষ অন্ভবের জায়গায় আনে পরোক্ষজ্ঞানের বৃত্তি ৬৭;

— বর্পের বোধ শান্ত ও আনন্দকে আচ্ছন্ন করে ২২৮-২৯;

—মৃত্যু দুঃশ্ব ও অনর্থের নিদান ৬২; শ্বনদ_ববোধ অহংচেতনার প্রাথমিক রুপায়ণ মাত্র ৬৩-৬৪, ২৩৬;

—হতে প্রমাদের স্থিট ৬১৮-২২;

—ও অনাত্মবোধ ৫২৫-২৬;

অহংবোধ দ্বারা সীমিত জীবস্বর্পের জ্ঞান্ত৬৬...;

—ও অবিদ্যা ৫২৬, ৭৪২-৪৩;

মনোমর অহংবোধের সঙ্কীর্ণবৃত্তির পরিচর ৫১৫-১৭;

প্রাণময় অহংএর রূপ ৫২৮, ৫২৯, ৬২৮-২৯;

ব্দড়ের মধ্যে তার রপে ২৪৪...;

অহংব্নিশ্বর বারোয়ারী রূপ ও তার সমালোচনা ৬৪৯-৫০;

তার প্ররোজন ব্যবিসন্তার বীর্ষময় আত্ম-প্রতিষ্ঠার জন্য ৬২৮, ৬৯২;

ভার সভ্য ও সার্থক পরিচয় : "অহং ভারই আদ্ববিভৃতি" ৬০; দিব্যভাবের সাধনার তার সকল বিকল্প ও সংস্কারের উচ্ছেদ চাই ৫৮;

তার চরম সাথকিতা আত্মসমর্পণে ৬৪, ৩৫৮, ৬৯৬:

তার প্রমাতি অপ্রয়ভাবে ৬৪;

সিম্বন্ধীবনেও তার সংস্কার থেকে যায় কী ভাবে ২৩৬:

অধিমানসভূমিতে তার র্প ৯৫২-৫৩; বিজ্ঞানঘন প্রুষে তার দিব্য র্প ১০০৫-০৬;

অহংএর বিবোজন ও স্মৃতি ৫১৫। আত্মবিস্মৃতি : তার দুটি ধরন ৫৮৩;

—ও ঐকান্তিক অভিনিবেশ ৫৮৪:

—, মান্বের ৫৮৬; মনের ৫৯০; তার চরম কোটি অচিতিতে ৫৮৪, ৫৮৬।

আত্মসংবিং : গড়ে ওঠে অহংবোধের সহারে ৫১৩-১৫;

—প্রাকৃতচেতনায় শ্বং বর্তমান ক্ষণে আবন্ধ ৪৯৭-৯৮, ৫০০, ৫০২, ৫০৩-০৪; তার মধ্যে সাক্ষিটেতনা ও পরিণামী আন্ধভাবের অন্যোন্যসম্বর্গ ৫০৯-

>>, ৫২১...;

—ও তাদাখ্যবোধজনিত জ্ঞান ৫২০-২৩; কালাতীত আত্মসংবিতের রূপ ৪৯৯-৫০০, ৫০২-০৪, ৫১৭-১৮;

আত্মসংবিতের পরমাত্রপন্টী ৫৪০...। আত্মসমাধান : অনন্তের তপঃশক্তিতে

স্ফ্রারত ৫৭৮-৭৯;

তার দ্বর্প ৫৭৯; তাব নানা ধরন ৫৭৯।

আছ্মোপলন্ধি : মান্বের প্রথম সাধ্ ৫২৭...:

তাতে জীবভাব ও জগণভাবকে নিরাকৃত করতে হয় না ৬৯, ৬৩৪-৩৫;

বিশ্বকে আশ্রর করেই তার প্রেরণা জ্ঞাণে জীবের মধ্যে ৪৯;

উপনিষদে চতুম্পাং আদ্মা ও রক্ষের উপলব্ধি ৪৪৬-৪৯;

অন্তরাক্সার উপলব্ধির ধারা^{*} ও পরিণাম ২৮২-৮৩;

আন্ধবিবেঝ শ্বারা আন্ধোপলন্ধির স্বর্প ৮৫৭:

ভার তিনটি ধাপ : চৈত্যপর্ব্বের সাক্ষাৎ-কার, ক্টেম্থ প্রেব্বের জ্ঞাগরণ ও প্রব্বোক্তমের উপলম্থি ৬৩১-৩২; —চিংশক্তির অন্তগর্ড় বীর্যকে ফ্টিয়ে তোলে ২১৭:

—আত্মসংবিং আন্ধর্শক্তি ও আন্ধানন্দের ব্যাপং অন্ভবে প্রণ ১৬;

তাতে নরের নরোন্তমর্পে প্রকাশ ২২০; তাতে প্রশান্ত ও শক্তির যুগপৎ অনুভব ৩৪৮:

তাতে আম্বার মর্বি, বিশ্বচেতনা ও অতিচেতনার অন্ভব ৩৪৮,৬৭৯;

—প্র'হয়: অতিচেতন আধচেতন ও অবচেতন ভূমিতে চেতনার সম্প্রসারণে ২৩০; বিশ্ববিদ্যা ও ব্লক্ষবিদ্যার সিম্পিতে ৬৯৬, ৬৯৮-৯৯।

আধ্যাত্মিকতা: তার বির্দেধ জড়বাদের রার ৮৮৬;

'তার অন্তিত বিত্ত ব্যক্তিগত, সর্বাসাধারণ নয়' এই মতের সমালোচনা ৮৯০;

— ও জीवनসমস্যার সমাধান ৮৮৮-১১;

—আজ পর্যান্ত জাীবনে ও জগতে র্পা-লতর আনতে পার্রেন কেন ৮৮৮-৮৯, ৮৯০;

এখনও তার লক্ষ্য ইহবিম্খ ৮৮৯;

শুধ্ অপরিগ্রহের সাধনা নর ১০৬৫৬৬:

তার ভিত্তি অশ্তরে ১০১৯-২০।

আনন্তা : তার রহস্য প্রাকৃত-ব্রণিধর সান্ত প্রব্যবির অতীত ৩২৭-৩২, ৪৭১;

তার ব্যাপার অতিমানস-প্রতারের অলো-কিক যুদ্ধি দিরেই বোঝা সম্ভব ৩৩-৩৪;

তার দ্বর্প ও প্রতীতি ২৯৯.., ০৩৯; শক্তির্পে তার প্রকাশ ৩০০...;

তার আত্মসম্পেকাচের সামর্থ্য ৩৪৩-৪৫; সাশ্ত তারই আত্মবিভাবনা ৩৩৯, ৪৭০-৭১;

তার স্বর্পন্থিতিতে সমাহিত হবার সামর্থ্য ৩৪৪; কী করে এই আছা-সমাধান ধরে অচিতি ও বিবিশ্ব-বোধের রূপ ৩৪৪-৪৫;

বৈচিত্র্য তার স্বভাব ৩৪২-৪০, ৪৭০-৭১:

—ভেদের মধ্যে দেখে সমগ্রতা ও আপ্রেণ ৪৭১

তার স্বাতন্ত্র ৩৩৪-৩৫, ৩৪২; তার গণিত ৩৩৯-৪০:

—ও কাল ৩৬২।

আনন্দ : উপনিষদে তার পরিচর ২৭০:

—সত্তা ও চেতনার সংগে জড়িরে আছে সর্বত ১২২-২৩;

—সকল আধার ও সকল অন্ভবে ১০৫-০৬:

তার প্রেতি প্রাণের মর্মাম্লে ২২৫; —জড়ের আপাত-অসাড়তার মধ্যেও

স্মাহিত ১০৫;

স্থিতর ম্লে তারই প্রেরণা ৯৫, ১১৬, ২৭৩...;

'জগংকে আনন্দর্প বলতে দুটি বাধা : দ্বংশের বাস্তবতা এবং অনর্থ ও অধর্মের সমস্যা' ৯৬;

তার স্বর্প প্রাকৃতমনের স্থ-দ্বংথের শ্বন্দর দিয়ে বোঝা যায় না ১০৩;

স্থ-দ্ঃখ-উপেকা মনোমর চেতনার আনন্দের প্রতিভূমাত ১০৮; স্থ-দ্ঃথের সংগ্গ তার সম্বন্ধ ২২৯-

শিল্পী মনের আন্দবোধ ১১৩-১৪; তাকে জাগানো দুষ্ট্ভাব ও অনাস্তির সাধনার ১১৩-১৪;

রক্ষের আনন্দ : স্পন্দ ও নিস্পন্দতা দ্বরেই ৯৬; নিজেকে হারিয়ে নিজেকে খাজে পাওয়ার ১১৫-১৬;

দিবাপুর্বের আনদেবর মৌল বিভৃতি ভাব উল্লাস ও কান্তি ৩১৬;

বিজ্ঞানঘন-প্রেবের আনন্দর্প ৯৭৫-৭৬, ৯৮৯-৯৯২।

[जू. 'पदः थ']

ইউরোপ: তার জড়বাদ ৯-১০; তার দর্শনের বৈশিষ্টা ৮৮০; তার সংস্কৃতির ইতিহাস ৮১৫-১৬;

—ও রহস্যবিদ্যা ৮৭৯।

ইচ্ছা, সঞ্জলপ: জ্বড়ে তার অস্তিম ১৯০; মনে ও অতিমানসে তার রূপ ও জিলা ১০৩-৩৪;

স্বাধীন ইচ্ছার ম্লা ৯২৯-৩০;

প্রবাদ বিশ্বস্থার ব্বা এবএত ;
প্রবাদ চেতনার তার রূপ : বিরাট সম্কল্পের
নৈর্ব্যিক বাহনর পে অথবা প্রেরোস্কমের নিমিন্তর্পে ৯৩০-৩১;
সম্কেম্প দিয়ে অপ্রোক্ষান্তবের সাধন

204-0A1

ৃ (জু. আর্কার্ট) ইলিরের: হীন্দ্রব্বজ্ঞানের ধরন ৫২০-২৪, ৬১২-১০, উ৪৮-৪৯ তার প্রাথমিক অসপত রূপ ৬১৬;

- इत्थव क्रमेश्ट काटन म्यू १५:

---দের বস্তুর পরেক্ষ অতএব সংকৃচিত জ্ঞান ৬৭:

সক্ষ্য ইন্দির প্রাতিভাসিক জগৎকে সংপ্রসারিত করে কিন্তু বস্তুর স্বর্প-সভাকে ধরতে পারে না ৬১:

তত্ত্বনির্ণারের বেলার তার প্রামাণাই চরম নর ৪৬৯, ৬৪৮;

বিশ্বচেতনার আবেশে তাতে স্ক্রশান্তর প্যারণ ২৭:

বিশ্বন্থ ইন্দ্রিলাক্তর জগৎ ৬৯;

ইন্দ্রিমানস স্ক্র ইন্দ্রিশন্তিকে জাগার কীকরে ৬৮;

অধিচেতন ইন্দ্রিয়ের পরিচয় ৪২৩-২৪।

ঈশ্বর : ঈশ্বরকল্পনার ম্লে অতিমানসের অন্ভব ১৩৬, ১৩৭;

—বিশানধ চিন্ময় তত্ত্ব ৭:

—বিশ্বাদ্মক হয়েও বিশ্বোত্তীর্ণ ৩৫৩-৫৪;

-- পরমপ্রেষর্পে ৩৫১;

—ও শক্তির সামরস্য ৩৫৫-৫৬:

—ও ব্রন্ধো ভেদকল্পনা সত্য নয় ৩৯৭-

— বতল্য অথচ তার মধ্যে আছে ক্রম ও নিরম ৩৫৩:

কিন্তু তাঁর চিন্মর স্বাতন্তা নির্মকে ছাপিরে যেতে পারে ৩৫৪;

বহু জীব তার অংশঃ সনাতনঃ : ৩৫৭;

- ७ मीमावाम ४०५-०५;

—ও অদিবাভাবের সমস্যা ৩৯৬;
'নিম্কর্মা ঈশ্বর এবং জগং' ৩৯০;

সু:খ অধর্ম এবং অনুর্থের সমস্যা
 ৯৭-১০০, ৪০৬-০৭, জগার্বাহস্তুতি
 ঈশ্বরের কল্পনায় তার সমাধান হর
 না ৯৮-৯৯, ০০৫; এজনা চাই
 অন্বৈতদ্ভি ১০০;
 তার 'পরে মানবভাবের আরোপ

তরি 'পরে মানবভাবের আরোপ ৩৫৩, ৩৫৪।

উত্তরমানস : তার পরিচয় ৯৪২-৪৪; —অধিমানসের বিস্কৃতি ৯৪২-৪৩;

ভার চিদ্বৃত্তি হল দিবামনন ১৪২, ১৪৩-৪৪:

তার মধ্যে আছে কবিচতুর সিন্ধ প্রবর্তনা ৯৪৪:

- ७ भगामधना ১৪৪*;

-- ০ প্রভাসমানস ১৪৮-৪৯।

উত্তরারণ, উদয়ন : রন্মের স্থিতৈ অবতর-

পের প্রত্যেকটি ধাপ মানবচেতনার উত্তরায়শের এক-একটি ভূমিকা ৪৭;

তার লক্ষ্য সত্যের সর্বসমূল্বরী রুপটি আবিস্কার করে জীবনে তার বীর্ষকে ফুটিয়ে তোলা ৫৭:

তার ধারা : জড় হতে প্রাণ, তাহতে মন, তাহতে অতিমানস ৪৭:

তার কৃচ্ছ -মন্থর সাধনা ১৭৭-৭৮, ৬৮৭:

তার প্রত্যেক পর্বে ঘটে প্রবিপ্রকৃতির আংশিক বিরিণাম ৭০৪;

মান্ষের জীবনসাধনার তার রূপ ৬৮৪-৮৫, ৬৮৬-৬৭, ৭১৭-১৮;

লোক হতে লোকাশ্তরে ২৬৪;

—অতিমানসের পানে ৯২৪-২৫। [তু. 'পরিণাম' 'চিং-পরিণাম']

উদ্ভিদ: তার শারীরক্রিরা আমাদেরই সংগাত ১৮৩;

আমাদের সংখ্য তার তফাং কোথার ১৮৮-৮৯:

তাতে অতিচেতনার ক্রিয়া **অবচেত**ন ১৮৯:

তার প্রাণলীলার পরিচর ও তত্ত্ব ১৮৮-৯০, ৭১৩...।

দি 'উদ্ভিদ-পশ্-মান্য'

উদ্ভিদ-পশ্-মান্য : তাদের মধ্যে চিংপরি-গামের ধারা ৭১০-১২, ৭১৩-১৬; তাদের মধ্যে সাক্ষি-চৈতন্যের ক্রিয়ার রূপ ৭১৬-১৭।

উপনিষদ্ : তার ষ্গ বেধির ষ্গ ৭২, ৭৩;

তার দর্শনে বোধির বাণী ৮৫৪; তার ভাষা বোধির ভাষা ৩২৪; তার মাঝে প্রজার নির্মাল দুন্তি

৩৭, ৩৮; —ও অনেকাশ্তবাদ ৬৩৬;

—ও সম্যক দশন ৬০৬; *^ ভার একবিজ্ঞান ১৪;

তাতে ইতির দিকটাই বড় ৩৭;

তার প্রশ্নবাদ ৮; ততে বিশ্বোন্তীর্ণর স্বর্প ২০-২৪;

তাতে প্রবের স্বর্প ২২৭; তাতে আন্তর্গী চতুস্পাং রলের পরিচর

886-83:

তাতে দ্বণন-প্রেষ ও স্য্ণিত-প্রেষ ৪২৪-২৫, ৪৪৬-৪৯;

তাতে জীবতত্ব ও জন্মান্তর ৭৫৬-৫৮; তাতে পরিণামবাদ ৮৩৯-৪০;

তাতে বিদ্যা ও অবিদ্যার র্প ৪৮৬-৮৭;

তাদের সহভাব ৫০১-০২:

তাতে আনন্দের রূপ ২৭৩;

তাব তিনটি মহাবাক্যে বোধিচেতনার বাণীর্প ৭২;

তাতে অতিমানস অম্বৈতান্ভবের তিনটি সূত্র ১৫৯-১৬০;

তার নেতিবাদ ৩৫-৩৬;

—ও মারাবাদ ৪৪৬-৪৯:

তাতে নিবিশেষ-অশ্বৈতবাদ অন্যতর মত মাত্র ৬৩৫-৩৬;

তাতে অসদ্বাদের উল্লেখ ২৮; তার বৈশিষ্ট্য ৩৬।

উপেক্ষা : স্থ-দ্বংথের দ্বন্দের্বর একমার সমাধান নয় ২২৯-৩০।

[प्तः 'म्य-प्रथ-ष्ठरभका']

উধর্বলোক : [দ্র: 'লোকান্ডর']। ঋত : বেদে তার রূপ ৪৭৯...;

মনোভূমিতে তার ছন্দ ব্যাহত ১৮০;

— বর পের ছন্দ ১২৫:

তার প্রবাতনার মালে আছে বিদ্যার শান্তি ১২৫, ১৮০, ২৭৩-৭৪:

তার শক্তি অদিব্য মারাশক্তিকেও ধরে আছে ২২০।

খত-চিং: সদারক্ষের স্বর্প-চৈতনা ৬৩৪; সমাক্জান তার বিভূতি ৬৩৪;

তার মধ্যে আছে আত্মজ্ঞান ও বিশ্বজ্ঞানের শ্বভাবশক্তি ৬৪৫;

—অণ্ডর্থামী বৃণ্ধির্পে সর্বত রয়েছে ১৪১:

—প্রাকৃত ধারাকে করে উধর্বস্রোতা ৬৩০;

—অশ্বৈতভূমিতে থেকেও মনোময়ী চেতনার ভূমিকা হয় কী করে ১৪৬। [দ্র: 'অতিমানস']

একম্ব : বহুত্ব তার বিরোধী নয় ৮; তাকে বহুত্বের বিরোধী রূপে কল্পনা করে তক্বিশিধ ৩৭:

—সোধমা ও অন্যোন্যভাবনার সাধনা ১০৩৫...।

একবিজ্ঞান : উপনিষদে তার রূপ ১৪; বিশ্বচেতনা হতে তার জাগরণ ২৭; তাতে সমগ্রের অধস্ডবোধ ৩৬; জড় প্ৰাণ মন অতিমানস সৰ্বত এক বুল ২৪৯;

— জবি জগৎ ও রক্ষের অম্বয়-অন্ভবে ৬৯০;

—মান্ষের জিজ্ঞাসার লক্ষ্য ৬৫৩। [তু. 'অদৈবতবোধ']

একান্ডবাদ : মনের বিশেষ ধর্ম ৩৬; চেতনার একভূমি হতে আরেক ভূমিতে যাবার সময়ও মন তার মোহ ছাড়তে

পারে না ৩৮।

কর্ম', কর্ম'বাদ : কর্ম' আত্মশক্তির বিভূতি; ৪৫৬-৫৭:

'কর্ম' হতেই অবিদ্যা' এই মতের সমালোচনা ৪৫৬...:

পরাশান্তি কর্মের ভূমিকা হতে পারে ৩১;

নৈষ্কর্ম্যের সংগে কর্মের বিরোধ নাই ২৮, ৩০;

কর্ম বন্ধনের কারণ নাও হতে পারে ৪৫৬-৫৭;

কর্মের বিধান যান্তিক বিধান মার ৮১০-১২;

চিং-প্রেষ কর্মতন্ত নন ৮১১-১২: কর্ম প্রকৃতিপরিণামের মন্ধরতাকে দ্রুত করে ৪৫৬-৫৭:

প্রচলিত কর্মবাদের দোষগণে ৮০৯-১৮; কর্মবাদ অধ্যাত্মপরিণামের বৈচিত্রকে অতিসরল করে ফেলে ৮১২-১৪:

কর্ম'বাদে মান্যুষের নৈতিক বিচারকে চাপানো হয়েছে বিশ্বপ্রজ্ঞার 'পরে ৮১৪-১৫:

কর্মবাদের এইদিকটাকে কভট্নকু সমর্থন করা চলে ৮১৫-১৮:

কর্মবাদ দ্বারা দ্বেখের অভিতত্ত ব্যাখ্যা ১১:

কর্মবাদ ও জ্বাতিস্মরতা ৮২০...।

কামনা : তার স্বর্প ২০১;
তার স্বল্প পরিক্তিত নির

তার যথার্থ পরিতৃণ্ডি নির্বাণে নর, অনন্তের কামনাতে ২০১:

তার প্রেমে র্পান্তর ঘটে উৎসর্গের বিধানে ২০১;

তার বিলোপ নয়, কিন্তু প্রতা ও র্পান্তর প্রেম ২১১:

কাল: তত্ত্বীভিত্ত চিংস্বর্পের প্রতাক্-ব্যাণিত ১৩৮-১৩৯:

—রক্ষের ভুতাশ্বপ্রসারণের **জ**ংগমভাব ৬৪; শন্ধবৃদ্ধি তাকে বলে মনের স্ভিট ৭৯, ১৩৮, ৩৬১;

— জড় শক্তিস্পন্দের প্রবাহ বা চেতনার প্রবহমানতার সংস্কার ৩৬০;

—দেশেরই একটা আয়তন ৩৬০;

ভার প্রভার ও স্পন্দ আপেক্ষিক কিন্তু স্বয়ং সে একটা বাস্তব তত্ত্ব ৩৬০-৬১;

কালকলনার অভিব্যক্তি কালাতীত হতে ৩৫৮-৫৯;

→ও কালাতীত দ্রেরই বিজ্ঞান আছে
অতিচেতন বিদ্যাতে ৫০০-৫০১;

—ও নিত্যতার তিনটি ভূমি ৩৬১-৬২;

—ও আনন্ত্য ৩৬২;

কালাডীত আত্মসংবিতের রূপ ৫০০, ৫০৩, ৫০৬-০৭;

—ও অবিচ্ছেদব্ভিতা ৪৯৯;

তার ক্ষণভংগ ও প্রবহমানতা ৫০৮; তার পারম্পার্য প্রাকৃত পর্যায়গোধ হতে

স্ভ ৩৮৩;

সম্বন্ধ তত্ত্বের নিরামক ৩৮৩;
মনের কাছে তার পরিমিতি ঘটনার
১৩১:

চেতনার বিভিন্ন ভূমিতে তার বিভিন্ন রূপ ৩৬১, ৩৮২;

প্রাক্তচেতনায় আত্মসংবিং শ্ব্রু বর্তমান-কালে আবম্ধ ৪৯৭-৯৮, ৫০০, ৫০৩, ৫০৪;

—ও অবিদ্যা ৫০০, ৫০১-০২; কালগত অবিদ্যার রূপ ৭৪০-৪২; প্রকৃতিপরিণামে তার চুমিক ক্ষিপ্রতা ৯৩৫-৩৬;

— স্পন্দবাদী দশনের ম্লেডভ্ ৮১-৮২। কুহক: দ;রকমের—মতিবিভ্রম ও ইন্দিরজ-বিভ্রম ৪২৬-২৭;

জগংসম্পর্কে কুহকবাদ ও তার সমা-লোচনা ৪২৭-৩০।

কোশ : পঞ্কোশবাদ ২৬৬;

অন্নমর প্রাণমর ও মনোময় কোশের পরিচর ৭১৯-২০।

খণ্ডভাব : খণ্ডভাবই অপরাপ্রকৃতি ২৯১;
—জড়ের মোলিক ধর্ম ২৫২;

—হতে আদিবাভাবের উৎপত্তি ০৮৮-৮৯; তার পরিণামে জীবনজোড়া সংঘাত বিক্ষোভ বেদনা ও অভীপ্সার বেগ ২৫০-৫৫;

· —ব্যাবহারিক জীবনের গোড়ার কথা হলেও

তার পর্যবসান অখণ্ডভাবনার ০৭৮-৮০;

আপাতিক খণ্ডভাব তাত্ত্বিক অখণ্ডভাবের অন্তর্গতি ও তার ব্যারা বিধ্ত ৪০০; অতিমানসে তার গ্রন্থিমোচন ২৫৭;

—অতিমানসে স্বগতভেদের আভাসমার ২৭০।

গণচেতনা : তার উৎস স্বর্প ও প্রয়োজন ৬৯৩-৯৪;

—ও বাহিচেতনা ৬৯৪-৯৫, ১০৪৯;

—ও বিশ্বচেতনা ৬৯৩।

গ্রহ্ : প্রয়োজন কেন ৯১০, ৯১১; উত্তমপ্রেষর্পে তাঁর শক্তিপাত ১০২০। গ্রীস : তার মানসী সিন্ধির র্প ৭৩০। চিৎ, চেতনা, চৈতনা : শৃধ্যু মস্ভিদ্ক-

কোষের যান্তিক ব্যপারে নয় ৬১১;

—আর মন এক নয় ৮৯, ৯৩, ৪৮৯; ৫৫৩:

—আধারে সর্ব্যাপী ৫৫৩...;

—বিশ্বমূল ও বিশেব অন্সাতে ২০, ৯২;

তার আবিভব্বের কৃচ্ছত্র তপস্যা ৬১০-১১;

বিশ্বপরিণামের ধারায় তার উন্মেষের তিন্টি প্রবি১১৮-১৯;

জড়ে তাব প্রাক্সন্তা ৩১১, ৪৬৯; জড়ের সংগ্য তার বিরোধ প্রাকৃতব্দিধর কল্পনা ৬, ২৬, ২৪৭, ২১৯-৫০;

—প্রাণের উপাদান ২১৭;

অলপ্রাণময় চেতনার স্বর্প ৫৫৪;

তার প্রাণময় রূপ ১৯২-৯৩; মন তারই স্ফুরণ ৪৬৯;

মান্ধের চেতনা : তাব ক্রমবিকাশের ধারা অবমানস হতে অতিমানসের দিকে ৯৪; মন দিয়ে সীমিত ২৮০;

প্রাকৃত-চেতনা : তার আপাতপ্রতীরমান সীমা ৫৫৩; ব্রাহ্মী-চেতনার সঞ্জো তার তফার্থ ১৪৯-৫০:

বিশ্বের সমগ্র তত্ত্ব্ব্রতে পারে না

—আর সত্তাতে স্বর্পত কোনও ভেদ নাই ২৩, ৫৩৯-৪০;

—মাত্রেই শক্তি ৪৭৫; বেখানে শক্তি সেই-খানেই চৈতনা ৮৭, ১৩;

সর্বত শক্তির অনুরূপ চৈতনোর স্ফ্রেণ: সচিদানস্দে, জড়প্রকৃতিতে, প্রাণে ও মনে, অতিমানসে ২১৭-১৯: শক্তির সংগ্য তার বিরোধের রুপ ও পরিণাম ২২১-২২:

তার ভূমি ও ব্রির সংশ্য-সংশ অন্-ভবের বদল ৬৩৪-৩৫;

তার ভাতির্প ও কৃতির্প ২৬৯;

তার মৌল বিভূতি প্রজ্ঞা ও সংকল্প ০১৬:

তার তির্নটি সামান্যরূপ : ব্যক্তিচেতনা বিশ্বচেতনা ও বিশ্বোন্তীর্ণ চেতনা ৩৯:

চিংশন্তির তিনটি প্রবৃত্তি: অচিতি অবিদ্যা ও অতিচিতি ৪৯৩-৯৪;

তার বিশ্বোত্তীর্ণ রূপ ২৩, ৪২।

চিংপরিণাম : চেতনার নিব্লেকে গ্রিটরে নিয়ে আবার ফর্টিয়ে তোলা ১৫;

চরমাসিম্পির সম্পর্কে অবতারণা ৮২৯-৩৫; 'সব চিম্ময় অতএব চিৎপরিণামের কলপনা নিষ্প্রয়োজন' ¥22: 'বিশ্বের প্রত্যেক্টি সামান্যর্প স্তরাং পরিণাম অনাবশ্যক' ৮২৯-৩০: 'প্রকৃতিতে মান্ম অনন্যসাধারণ হলেও তার মধ্যে চিন্মর র্পান্তরের আভাস আক্তু দেখা দেয় নি' ৮৩৩-৩৫: 'জ্বান্তর সত্য হলেও চিংপরিণামই তার তাংপর্ম তা বলা যায় না' ৮৩৫; চিৎপরিণামের সাৰ্থ কতা বৈজ্ঞানিক সংশরের জবাব : ৮৩৬-৩৭: দার্শনিক সংশয়ের नौनात्र७ वर्ष भारक ५०५-०५:

আকৃতি-পরিণামের সংগ্যে তার তুলনা ৮৩৮-৩৯:

অবিদার বহিব'ত্তি আর অভ্জগ'্রু চিংশক্তির দ্বিট কেটির মধ্যে ভার ক্রমিক স্ফুরশ ৬১৫;

অচিতি হতে অতিমানস পর্যস্ত তার উত্তরারণের ধারা ৭০৭-০৯, ৮২৬-২৮; উদ্ভিদ্দ পদ্ম ও মানুবে তার ক্রমিক রুপ ৭১০-১২;

মান্বের মধ্যে তার দ্বি প্রয়োজক: চিত্তের সচেতনতা ও অল্ডঃসমাধির স্বারা বিশ্বাস্থক ও বিস্বোত্তীর্গ হওরা ৭২৪-২৫:

তার মুলে সাক্ষীর দুন্টির প্রবেগ ও তার রীতি ৭১৫-১৮;

তার ফলে আধারের ক্রমস্ক্রতা ৭০৯। [মে- 'চিন্দর-পরিণাম' ; তু- 'পরিণাম'] চিন্মর-পরিণাম : 'চিন্মর-পরিণাম মনোমর পরিণামেরই এই মতের সমালোচনা ৮৫৫-৫৬:

তার বহিরণ্গ ও অন্তর্ণ্গ ধারা : মানস-প্রিণাম ও চিন্মর-প্রিণাম ৮৬১;

ভার অন্তবর্ণন্ত ধারা : ব্যাকুলতা, সাক্ষি-চৈতন্যের স্ফুর্ণ, অন্তবর্গনীর অন্-বর্তন, চৈতনাপ্রে,বের সংগ্য অন্তবেগি ও রুপান্তর ৮৫৮-৫৯;

তার সাধনাধারার সামান্য পরিচয় : ধর্ম-সাধনা, রহস্যবিদ্যা, অধ্যাত্মবিচার ও অধ্যত্ম-অনুভব ৮৬০-৬৬:

চিন্মর-পরিণাম ও সংবেগের অন্পাত ১৩৫-৩৬:

তার চরমপর্বের বৈশিষ্ট্য অভ•গ্রনমাহরণ ৯৩৭-৩৮:

তার চরমে অতিমানসী প্রকৃতি ও চিন্মরী-প্রকৃতিশক্তি স্ফ্রেণও দেব-জাতির অভূদের ১৬৯...।

[দু. 'চিং-পরিণাম']

চৈত্য-পর্র্য: তাঁর স্বর্পের পরিচর ২৩১-৩৩, ২৭০-৭১, ৮৯৫-৯৬; পরমাত্মারই সনাতন অংশভূত জাীবাত্ম।

তিনি ২৩৪, ৬৩১; — জীবনের সমুত অনুভবেই মধুডোজী

১০৯, ৪০৩, ৬০৯, ৮৯৭;
—দ্বংখের মধ্যে খ্রেক পান কল্যাণের
ব্যঞ্জনা ৪০৩:

তারই মধ্যে সত্যকার কর্মাধর্মবোধ ৬০৮-০১।

—সম্তর্লোকের নিতাদিশারী ৬৩৯, ৮৫৯, ৯০১-০২, ৯০৪-০৫:

—পার্থিব-জন্মের স্বতদ্য অধিনারক ৮১১-১২:

—ও ক্টম্থ আন্থা ২৩২;

—ও অধিচেতনা ২৩১, ৮৯৭; তার স্বতন্ত্র লোকস্থানি ২৩৪:

—আধারে আছেন আড়াল হরে ৮৯৫, ৮৯৬-৯৭, ৯০৪;

বহিদেচতনার তাঁর অনুভাবের পরিচর
ও তাদের অস্পত্ত রূপ ৮৯৮...;
তার পরিপার্ক উদেমধে সমর্পাদের
বিশিক্ষ্ ১০৪;

তার পৌরেছিতে আধারতথ বিরুশ্ধ-শক্তির পূর্ণ পরাক্তব ৯৪০;

छोटक जानुत करता ब्र्लान्छरतस मार्थना ४৯৫, ৯১২-১৩; অপরোক্ষান্তব অগ্তরাবৃত্তি ও বিবেক সাধনার ফলে তাঁর সাক্ষাংকার ও তার ফল ৯১১-১৩:

তার রক্ষসমাপত্তিতে অতিমানসই দতে ২৩৬-৩৭;

তার বিচিত্র অনুভব ২৩৪।

জগং, বিশ্ব : সত্যসম্থানীর দ্ভিতে তার রূপ ৭৬;

—সং-চিং-আনন্দেরই বিস্থিত ৫৭, ৯৬; —নিবিশেষ অর্পের বিশেষ রূপায়ণ

80, ১৬৯-৭0;

তার দপন্দ তংশ্বর্পেরই নিতা উপচীয়-মান আম্বিস্নিট ৪৬১;

রক্ষের প্রাণোচ্ছলতার রুপ ৩৮-৩৯; রহ্ম তার আধার ও উপাদান দুইই

৩১৪;

—অনশ্ত দেশে ও কালে সমন্টিভূত দিব্যব্যাহের বিকিরণ ৪৮;

—চিন্মরী মহাশব্তির আনন্দলীলা ১০-১১; অতিমানসে আল্লিড এবং ডাহাতে বিচ্ছ-রিত ১৩৪, ১৩৬, ২২৬;

তার ঋতচ্ছদের ম্লে অতিমানসের প্রবর্তনা ২৭৩-৭৪:

বৈচিয়ের মধ্যে ঐকাই তার তত্ত্ব ৩৪৩; তার সম্পর্কে মায়াবাদ প্রকৃতিবাদ ও লীলাবাদের প্রকৃত তাৎপর্য ১০৬-০৯;

—িক প্রেবের আগ্রর্পারণ না তাঁর 'পরে প্রকৃতির উপরাগ না ধেয়ালখন্দির খেলা ৩১১:

—সম্পক্তে নেতিবাদীর দর্শন ৪১৫-১৬:

মারাবাদীর জগংমিখ্যাবাদ ৪৩৭, ৪৩৮-৩৯; 'মনের মারা হতে তার স্ফিট' ১২১; 'মারা জগতের উপাদান' ৪৪০; 'জগং প্রতিভাসমাত' ৬৩৫, ৬৩৮, ৬৪০;

- ७ विद्यमवाम ८५७-५9:

জগংক্তানবাদ ও তার সমালোচনা ৪১৭-১৮:

জগংকুহকবাদ ও তার সমালোচন। ৪২৬-০০:

ভার সম্পর্কে অজ্ঞাতিবাদ ১০১, ৪৪০-৪৪:

প্রাচাত ও অবিদ্যা<u>ই</u> জগৎকারণ ৫৬৪:

'—একটা বিজ্ঞানপ্রবাহ' এই মতের সমা-লোচনা ৬৪২-৪৩; তার রহস্য প্রাকৃতব্দির কাছে অনির্বচ-নীর ২৯৮-৩০২, ৩২৭;

বোধির শ্বারাই তার অপ্রতর্কা রহসোর মীমাংসা সম্ভব ৪৬০;

--সভা ৪৫৪-৫৫, ৪৬১, ৬৪৫;

—মারাকদ্পিত হলেও প্রতাক্চেতনার তার অফিতম আছে ৩১৪;

—প্রতিভাসমার কিন্তু তব্ সে তত্ত্তাবেরই স্ফারণ ৩২০:

বিভ্রমের আবর্তন বা যদ্স্ছার থেরাল নয় ৪৫;

— স্বাদন হলেও তার মূলে আছে রক্ষের সংকলপ ৩৩;

ত রন্ধের সম্পর্কনির্পণে তিনটি মত
 ৩৯৫-৯৭;

—ও জীব অন্যোর্নানর্ভর ৪৮-৪৯; এই অন্যোর্নানর্ভরতার স্বর্প ও তাংপর্ষ ৪৯;

—ও জীবের অন্যোন্যভাবের অন্ভব ৩৭০-৭১;

—জীবের প্রাগ্ভাবী ও তার শাস্তিস্ফ্রণের ক্ষেত্র ৭৭৪:

—ক্ষীব ও ব্রন্ধের অন্যোনাসম্বন্ধ ৬৯১:

'—দ্বংশমর' এই মতের বিশেলবণ ৯৭-৯৯, ৪০৩:

তার লক্ষ্য তার অত্তর্গায়ে সত্তা চেতনা শক্তি ও আনন্দকে ফাটিয়ে তোলা ১১৮:

তার মাঝে আটটি তত্ত্ব ২৭১;

তার বিভিন্ন ভূমিতে আছে একটা আত্মকেন্দ্রিকতা ২৯৩;

সমাকদর্শন অন্যায়ী তার পরিণামের ধারা ১১৫-১৬;

তাতে চৈতনোর অভিবান্তির তিনটি পর্ব ১১৮-১৯;

জড়ের জগতের পরিচয় ২৬২-৬৩;

প্রাণের জগৎ ২৬৩-৬৪;

মনের জগৎ ২৬৪; অপ্রাকৃত জগৎ ২৬৪;

व्यविभानमी मुख्यिक खगर २ ५४।

্দ্ৰ 'স্থিট' 'জাবি-জপং-ব্ৰহ্ম'] জড়ে : অসাথকি বা গোরবহীন নয় ৬;

সমুদ্ত সাধনার ভিত্তি গড়তে হবে তারই প্রায়ে ১২:

বৈজ্ঞানিকের গ্লিটতে জড় অজ্ঞাত শবির র্পারণ ১৫, ২৪১; তাকে নিয়ে বৈজ্ঞানিকের সাধনা ১৫+১৬; জড়ও সং-চিং-আনন্দ ৬, ২৪৬; সচিদা-নন্দের বহু হওয়ার ইচ্ছা হতে তার সৃষ্টি ২৪০:

— জড়াতীতেরই বিভূতি **৩৮**;

রন্ধের সদ্-ভাব তার মূল ২২৬, ২৪৩, ২৪৪, ২৪৫, ২৪৯;

শ্বসন্তার নির্পাধিক দ্রব্যর্প তার স্বর্প-তত্ত্ব ২৪৫, ২৬৯-৭০;

শান্দসন্তার নিজেকে বিষয় করবার প্রবৃত্তি হতে অনাশ্বভাব ও জড়ভাবের স্কুচনা ২৪৩-৪৪:

—শব্রির উপাদান-বিগ্রহ ১৮০;

তার শক্তি মনেরই তপোবিগ্রহ বা বিশ্বরুত্ব অবচেতন লীলা ১৮০; তার শক্তির ম্লে অতিমানসের ঋতময়ী প্রবর্তনা ১৮০;

তার সপো চিতের বিরোধ প্রাকৃত বৃন্ধির কল্পনা ৬, ২৬, ২৫০; এই বিরোধের রুপ : জড় অবিদ্যার খন-বিগ্রহ, জড় যান্তিক, জড়ে খণ্ডভাব ও সংঘাত চর্মে উঠেছে ২৫০-২৫৩;

—চৈতন্যের বিভূতিমাত ২৪৩, ২৪৬; ২৪৯:

বিরাট-মনের নিগ্ড়ে বৃত্তি চিংসন্তার মধ্যে যে বিভাগ ও কুণ্ডলীর স্থিত করে ভাই জড়বিভুতি ২৪৩, ২৪৫;

বিশ্বমন ও বিশ্বপ্রাণের সিস্কার্পে আণবিক বিভাজন ও সম্হনর্পে তার আবিভাব ২৪৫, ২৫৬;

তার মধ্যে প্রচ্ছন্ন আছে বিশ্বব্যাশ্ত একটা অবচেতন মন ৯০. ১৭৯:

—মনের বা ইন্দ্রিরবোধের স্ভিট নয় ২৪১; এক সর্বামর সন্তার সংগ্রে ইন্দ্রিরসংবিতের সম্পর্কাকে আমরা বলি জড় ২৪১;

তার মধ্যে ইন্দ্রিরবাধের ভিত্তি ২৬০; তার মধ্যে ইন্দ্রিরের সহারে মন পার

চিন্ময় সন্তার সনিকর্ষ ২৪৪, ২৪৮; তার মধ্যে চেতনার প্রাক সন্তা নিগত্ত

তার মটেতার মধ্যেও আছে ইচ্ছার অভিতম্ব ১৯০; আছে অভীপ্সার প্রবেগ ২৫০; তার মধ্যে প্রাণের সাড়া ১৮৪-৮৫; অহণতার র্প ২৪৪-৪৫ চৈতন্যের অন্র্প শব্দির ফুফ্রেণ ২১৭, ২১৮; তার প্রাণে ও মনে পরিণামের রীতি ৭০৫...;

জড়স্ফির সত্যকার তাৎপর্য ২৫৬...; রূপধাতু জড়ে নেমে আসে কেন ২৬০; —গাঁগতের শাসন মেনে চলে কেন

৩০৬; জড়ের মধ্যে সমস্ত তত্ত্বের সংহরণ ও

তার পরিণাম ২৬৪-৬৫;

জড়ের ব্যাবহারিক পরিচয় ২৫৯; দিবা জড়ের পরিচয় ১৭৫;

জ্বড়ে খণ্ডভাব হতে দর্শনে দ**্বংখবাদের** উৎপত্তি ২৫৫-৫৬।

[দ্র- 'জড়-প্রাণ্-মন' 'জড়বাদ']

জড়-প্রাণ-মন : কেউ স্থিতর চরমতত্ত্ব নর ৩০৮-০৯;

তারা অদিব্য হয়েও স্বর্পত দিব্য-চতুষ্টরীর অবর্রবর্ভাত ২৭০;

প্রকৃতিপরিণামে তাদের উন্মেষের ধারা ৮৫২-৫৪;

তাদের দর্যি র্প ২২৭; তাদের অন্যোন্যবিরোধ ও আত্মবিচ্ছেদ

২২১-২২, ২৩৯-৪০; তাদের বিরোধের সমাধান কিসে ২৪০। জড়বাদ : তার মতে জড়বা শবিত এক-

মান্ত বিশ্বম্প তত্ত্ব ৭, ১৮, ২১, ৪৬৯, ৬৪৭-৪৮; চৈতন্য জড়ের বিকারমান ৯০-৯১: ব্যক্তির জীবন ও জাতির জীবন দৃইই অবাস্তব ২১; ইন্দিয়-গ্রাহ্য বস্তরই প্রামাণ্য আছে ১৮-১৯:

—ও শব্ধিবাদ ৪৩৭-৩৮, ৬৫২; তার প্রধান দুটি খুটি নাশ্তিকতা ও

অজ্ঞেরবাদ ১০, ২১; আধ্যাত্মিকতার প্রতি তার বির**ু**শ্ধ মনোভাব ৮৮৬-৮৭:

—অতীন্দ্রির অন্ভবকে মিথ্যা বলে ২১; জন্তবিজ্ঞান ও রহস্যবিদ্যা ৮৭৯-৮০:

—ও অমরন্ববোধ ৪৯৯;

জ্বভাদের খণ্ডন ১০-১১; তাকে দিয়ে বিশ্বরহস্যের পূর্ণ মীমাংসা হয় না ৬৫২-৫৩; এও একধরনের মারাবাদ ২৯, জুড়ৈকীক্ষ্মবাদ ও তার সমালোচনা ৭৭৫-১৬৯

জড়বাদের প্ররোজন ও সীমা ৭৩১-৩২; হ্রিহ্নিথকে শাণিত করেছে ১১; তারও মাকৌ আছে প্রণতির প্রেরণা, বিদ্যার অভীশ্সা ১৪; ভার একবিজ্ঞান উপনিবদের একবিজ্ঞানের বিরোধী নর ১৪-১৫।

জন্ম : আকৃত্যিক ব্যাপার নয় ৭৪৬;

তার সম্পর্কে প্রাচীন অর্যোক্তক সিম্বার্ডের সমালোচনা ৭৪৭...;

মন্যাজন্ম শ্ধ্ একবার নর ৭৬২,

মান্ধের পশ্বোনিতে জন্ম সম্ভব কি না ৭৬৬:

দি · জন্মান্তর']

জন্মান্তর: বেদান্ত ও বৌশ্বমতে অপরিহার্য সিম্পান্ত না হলেও কার্যত স্বীকৃত কিন্ত জডবাদে অস্বীকৃত ৭৪৮-৫২;

—ও দেহান্তরসংক্রমণবাদ ৭৫২-৫৪,

৭৬৬, ৭৯৭-৯৮, ৮০০; —ও প্রাণবাদ ৭৫৪;

—বেদাশ্তমতে ৭৫৪-৫৫; ৭৫৬;

—বৌশ্বমতে ৭৫৫...;

—উপনিষদে ৭৫৬-৫৮:

—সম্পর্কে লোকায়ত ধাবণা ও তার সমালোচনা ৮০৭-২০;

—ও কর্মবাদ ৮০৮-১৮;

জাবের নিত্যতায় ও সত্যতায় তার অপরিহার্ষতা ৭৫৮-৬১:

—প্রকৃতিপরিণামের অংগর্প ৭৬৩-৬৬:

—ম্ত্রুর অব্যবহিত পরেই ঘটে না ৭৯৯; জন্মান্ডরের অভিযাতী জীবাখা অপরি-গামী ও সামিত ব্যক্তিসতা নর ৮১৮-২০:

—ও জ্যাতিস্মরতা ৮২০-২৩:

তার চরম পণিাম ত্রিপর্বা অম্তঙ্গে ৮২৫।

জাগ্রং : চেতনার বহিরাবরণ মাত্র ১০ ৭৩৫;

—অবচেতনা ও অধিচেতনার উচ্ছনাস ৫৫৫:

তার প্র' প্রিচয় আগোচর ৫৫১;

—চেন্ডনা ও চিত্তগত অবিদ্যা ৭৩৫...। ক্লিজাসা : সংশরের ভিতর দিরেই তার

অভিযান ৫; তার দায়কে এড়ানো যার না ৫;

স্থিত মার্কে নর, প্রজাকে খোঁজাই
তার সন্তাকার ককা ৩২;

তার তপস্যার রূপ ৬৫০-৫১;

তার তিনটি মুখ্য বিষয় : আখ্যা জগৎ

ও ঈশ্বর ৬৮৭-৮৯; এই জিজ্ঞাসার রূপ ৬৮৯-৯১।

জীব : তার জ্বন্য পর্নান্ট ও মরণের রহস। ১৯১*:

---শ্ধ্ অহং নয় ৩৬৬-৬৭; শ্ধ্ প্রতি-ভাস নয় ৬৩৫:

সং চিং আনন্দ তার স্বর্পসত্য ১১৭, ১৪৮:

আনন্দসত্তাই তার স্বর্প ১০৯;

—ঈশ্বরের "অংশঃ সনাতনঃ" ৩৫৭..., ৩৮৬-৮৭;

—বিরাট্ ও বিশেবান্তাগৈর আত্মবিভূতি ৪৭১;

—বিশ্বচৈতন্যের কেন্দ্রবিন্দর্ ৪০, ৪৩, ৪৮, ৪৭১;

—আত্মদর্শন ও বিশ্বদর্শনের একটা কেন্দ্র ৩৪৩:

—ও ব্রহ্মের সভ্য সম্পর্ক ৩৮৪-৮৫;

—তার স্বাতকা রক্ষের প্রশাসনের অধীন ৩৯৯:

---স্থির প্রযোজক নয় ৭৭৩-৭৪;

—ও বিশ্ব অন্যোন্যনির্ভার ৪৮; এই অন্যোন্যনির্ভারতার স্বর্প ও তাৎপর্য ৪৮-৪৯;

—ও বিশ্বের অন্যোন্যভাবের অন্ভব ৩৬৮-৭১:

---ও লীলাবাদ ৪০৬-০৯; বিশ্বলীলাতে জীবের সায় আছে ৪০৮:

জগং ও রক্ষের অন্যোনাসম্পর্ক ৬৯১-৯২:

—মারা ও বন্ধ ৪৪৪-৪৬;

—সত্য ও সনাতন, তার পরিপ্রণ উদ্মেবই বিশ্বলীলার তাংপর্য ৭৫৮;

ব্যক্তিভাবের সম্পর্ত৬৭;

ব্যাণ্টিজ্ঞীব ও নিতাজীব ৩৭১-৭২: জ্ঞীবের প্রাকৃত ও অপ্রাকৃত দুটি রূপ

২২৭...; পারতিক দশঁনে জীবস্থিত সম্পকে নানা

মত ৬৭১-৭২; তার জন্মরহস্য ও জন্মান্তর বিও৫-৭৬০;

মৃত্যুর পরেও তার অস্তিত ৭৫২-৫৪; উপনিবদের জীবতত্ত ও জন্মান্তর

৭৫৬-৫৮; তার ক্রম্মান্তর অপরিহার্ব কেন ৭৫৮-৫৯;

জীবামা সম্পর্কে নানা ভূল ধারণা ১০০-০১: জীববারিই মুক্তিব অধিকারী ৬৯৬, ব্যারভাবকে আনশ্তের প্রসাবিত করাই তাব সাধনা ১১৮; তাতে তার জীবধ লোপ পাব না ৩৬৭-৬৮, নিজেকে বিশ্বমব ছডিরে দিয়ে আদ্মভাবকে সে পাব প্রাপ্রি ৪৯,

জাবেব পক্ষে পব পরাপর ও অপর
তিনটি ভূমিবই অন্ভব সম্ভব ৩৪২;
ব্রহ্মসংস্পর্শে জাবৈব আত্যান্তক বিনাশ
তাব নির্বাত নয ৪০, নিজের মধ্যে
ব্রহ্মব অখন্ড পূর্ণতাব বিকাশ ঘটনো
এই তার দিবানিষ্ঠি ৪৪. ৪৬:

জীবেব মাজি পাব্যার্থ হতে পারে যদি জীব ও জগৎ দাইই সতা হয় ৪০-৪১, রজোব সণেগ তাব জাগ্রত যোগযাতি ৩৬৯-৭৩.

भ्राच्छारितव ब्रिकाञ्चापन १७-११। [मृ 'भृत्य]

জীব-জগং রক্ষ মান্বেৰ তভুজিজ্ঞাসাৰ বিষয় ৬৮৭-৯১, তিনেৰ অন্যোন্য-সম্পর্ক ৬৯১-৯২, তিনেৰ অম্বয়-বিজ্ঞানে প্রমপ্ব্যাথের সিম্পি ৭০২। জীবন শ্ধ্য অনিব চনীয় বিজ্ঞানে লীলা ন্য ৫২

তাব সকল সমস্যাই সোধমাসাধনাব সমস্যা ২-৩ প্রজাবসাধনা তাদেব সতা সমাধান নয় ৭ তার দ্বন্দের্ব সমাধান ব্যক্তিব চেতনাকে সমগ্রতাব স্ববে বাধতে পাবলে ৫৬

সং চিং আনন্দ ও প্রাকৃতজ্ঞীবনে বিরোধ ১৬৪-৬৫

অবিদ্যা হতে কী কবে সকল বৈকল্য ছড়িবে পড়ে তাব মধ্যে ১৭৭:

তাব তিনটি সংকট আধারকে না জ্বানা, বিশ্বকে না জ্বানা শক্তি ও চৈতনে। বিচ্ছেদ ২১৯-২২৩,

জীবনসাধনাৰ তিনটি ধাৰা অধ্যাত্মপূৰ্ণিট, ব্যক্তিৰ অভাদৰ বিশ্বহিত ১০২২,

জীবনাদশেবি তিনটি ছক ব্যক্তিলীবনের প্রণতা, সমাজজীবনেব প্রণতা বাজি ও সমাজের আদর্শসম্বর ১০৪৬-৪৮, জীবনসমস্যাব সমাধান ও আধ্যাজ্মিকতা ৮৮৭-৯১:

অধ্যাত্মজীবনের তাংপর্য জীবনের দিব্য-মহিমাকে ফ্রাটরে তোলা ১০১৮, ; বিজ্ঞানবনজীবনের প্রতিন্ঠা অল্ডরে ১০১৯-২০। ্দ্র 'দিব্য জীবন' 'ব্যাবহারিক জীবন']
জ্ঞান তাব স্ফ্বেণের ধারা ৬১২-১৫;
তাব কারবারে প্রমাদের সম্ভাবনা
৬১৬-১৭:

অপূর্ণ জ্ঞানের বৃপে ২২১.

তাব প্রথম ভূমিতে বৈশিশ্টোর বোধ কিন্তু তাব পর্যবসান সাধর্ম্যের বোধে ৩৭৯; তাব চারটি ধবন ৫১৯-২০.

—পূর্ণ হয তাদান্<u>যাবোধে ২২০-২১;</u>

তাদাস্থাবোধজনিত জ্ঞানেব পবিচয় ৫২০-২৩,

অপরোক্ষসামকর্মজনিত জ্ঞানের পরিচর ৫৩০-৩১;

বিভক্তমানের পবিচয ৫২৩-২৪; তার উদ্ভব ৫৪২-৪৩:

জ্ঞানেব সাথ কতা ব্ৰিখগ্ৰাহ্য তত্ত্বেৰ সপ্তরে নয় কিল্তু চেতনাৰ ব্পাশতরে ৬৮৫। ভাৰ্উইন তাঁৰ অভিব্যক্তিবাদ প্রাণের ব্যংশন্ব্পকেই দেখেছে শ্বে ২০৬। তক্ত তাতে প্রকৃতিশাসিত প্রব্রের কল্পনা

—ও দেহতত্ত্ব ২৬৬.

-ও পবিণামবাদ ৮৪০,

—ও বহস্যবিদ্যা ৮৮০।

তপঃশক্তি তাব স্বব্প ৫৬৫-৬৬;
—স্ববক্ম বিস্টিব মূলে ৫৬৬,

—স্ববক্ষ বিস্কোত্র মুলে ৫৬৬, নানা বিভূতিতে তার প্রকাশ ৫৮৩; —প্রবৃতিকা ও নিবৃতিকা ৫৬৭:

– প্রবাত কা ও বিন্দাত কা ৫৬৭; নিন্দ্রিক চেতনাতেও তাব সস্তা ৫৬৭, ৫৬৮,

অক্ষৰ স্থিতিতে তার রূপ নিগ্ড়ে ৫৬৭, ৫৭৮;

মান্বের মাঝে তাব ব্প ৫৮০;

তার সপ্তেকাচেব সামর্থ্য একটা মহাবীর্ধ ৫৮৩।

তক্ব্নিখ তার অধিকার ও ন্নেতা ৩২৭-৩২, ৪৮৮-৮৯।

ভাদাস্যাবোধ পরার্ধলোকের ধর্ম ৫৪৩, —অধ্যাক্ষবিজ্ঞানের মূলাধার ৫৪৭:

তাতেই সত্য ও সমাক্ষান সম্ভব হয় ২২০-২১, ২২১, ৬৪৩;

— পূৰ্ণ হয় ুবিশ্বচেতন ও অভিচেতন ভূমিন্তু ২ ইঃ

তাদাস্থাবোধক্রনিত জ্ঞানের পরিচর ৫২০-২০।

नर्भान, पर्शिष्टे : अस्तरम ज्याचि करमस्य स्वरिधन जरभा वैशिषन जानसन्ता, किन्छू व्यक्तिस স্বাতন্তাকে ঠেকিযে রাখতে পারেনি ৭৪-৭৫;

ভাতে বিবেক-বিচাব প্রয়োজন, কিন্তু গোড়ামি সর্বাশা ৩৮৩-৮৪,

প্রাচ্যে ও প্রতীচ্যে তার বৃপের বিভিন্নতা ৮৮৩:

তত্ত্তানের বিবৃতিতে তাব স্থান ৩২৪, তত্ত্বস্তু সম্পর্কে বিভিন্ন দার্শনিক মত ৬৫৯-৬১, ৬৬৩-৬৪;

পরমার্থাতত্ত্ব সম্পর্কে চারটি দর্শানভেদ বিশ্বোত্তর, বিশ্বগত ও ঐহিক, পারটিক ও সমাক দর্শান ৬৬৬ :

বিশ্বোত্তব দশনেব, পরিচয ও সমালোচনা ৬৬৭-৬৯;

ঐহিক দর্শনেব পবিচয় ও সমালোচনা ৬৬৯-৭১, ৬৭৭-৭৮;

পার্বাহক দর্শনের পরিচর ও সমালোচনা ৬৭১-৭৩, ৬৭৯-৮১,

দার্শনিকের দ্ভিতে অবিদ্যাব বহস্য ৪৮৩-৮৪;

मर्गन ख धर्म ४४० ।

দিব্য ও অদিব্য ব্রহ্মেব দিব্য স্বভাব ও প্রতিভাসেব অদিব্য ধর্মের সমস্যা ৩৯০:

তাদেব দ্বন্দের মীমাংসা প্রাকৃতব্দিধ দিয়ে হর না ৩৮৮.

মায়াবাদে ও শ্নাবাদে তাদেব তথাকথিত সমাধান ৩৯০-৯১;

শ্বদিব্যভাব মনোবিকদ্প বা দুর্জ্বের বহস্য' এই মতেব সমালোচনা ৩৯২-৯৪:

তাদের শ্বন্দের্ব সমাধান লীলাবাদ দিয়ে হব না ৪০৬-০৭;

অদিব্যভাবের উৎপত্তি খণ্ডভাব হতে ০৮৮-৮৯:

অদিবাভাবের অপূর্ণতাব অভিযান দিবা-ভাবেব পূর্ণতাসিন্ধির দিকে ৩৯৪-

দিব্য জ্বীবন ওপারে নয়, প্রথিবীতেই ভার সিন্দি ২৭, ১৪৮, ২৫৭, ২৬৭-৬৮, ২৭১-৭২, ২৯১, ৩৯৫, ৪৮১-৮২;

তার সিন্ধির সম্পর্কে প্রাকৃত চিত্তের সংশ্বর ৪৮০-৮১:

—প্রকৃতিপরিশামের চরম লক্ষ্য ০৮৬-৮৭; মন্বারের সাধনার শেব ভাতে ০৮-০৯; ভার সম্ভাবনা মান্বের প্রাকৃত থেহেই নিষ্ঠিত ৪: অহংবোধ ও ধণ্ডভাবের উচ্ছেদ ভাব ম্লমন্ত ১৬৩;

মন ও অতিমানসের আবরণবিদারণে ফোটে তাব সিম্ধবীর্ব ২৭১:

শ্ধ্ উধ্ ভূমিতে উত্তরণ নর, অবরভূমিবও ব্পাণ্ডর তার সাধ্য ৭২৯-৩০,

রন্ধ-তাদান্ধ্যের অপরোক্ষ-অন্ভব তাব লক্ষ্য ১৪৮:

প্রবৃত্তি আর নিব্তির মধ্যে সমন্বংখ তার সিন্ধি ৪৪:

তাব মূলে আছে প্রণতা আর সৌৰমোর প্রসাদ ৩৮৭ :

তাব প্রতিষ্ঠা অম্ভরে ১০১৯-২০, ১০২১-২২, ১০২৩-২৪, ১০২৭-২৯ তাবপর তারই বাঁবে বহিম্চেডনার ব্পাম্তব ঘটানো ১০২২;

তাব সাধনাব তিনটি পাঠ বিদেহ-ভাবনা, প্রাণের বশীকার, অমনীভাব ১০২৬:

ভাবপৰ বিশ্বাম্বভাব, বিশ্বান্তীপে অব-গাহন ও অবিদ্যাপ্তকৃতিব ব্পাশ্তর ১০২৬-২৭:

তাব সিশ্ধি সাবজনীন না হলেও তার প্রভাব হবে সাবভামি ৭২৬।

দিব্য প্র্য তাব নিতাসিশ্ব চেতনার স্বৰ্প ১৫৬-৫৭।

তবি চেতনাৰ অনশ্ত সত্যের সকল বিভাবই ফুটে ওঠে ১৫৭

এক আর বহুতে বিরোধ নাই ভার অনুভবে ১৫৮ ;

তাঁব জ্ঞানে সং চিং আনন্দ ও শক্তির বৈচিত্তা এক পারমাদৈবতেরই স্বভাবের উল্লাসে উপচে পড়া ১৫৮-৫৯.

তার চেতনার অতিমানসী স্থিতির তিনটি পর্বই ভাসে অখণ্ড অস্কৈতবোধের ভিত্তিতে ১৫৯-৬০:

তার দিবা ব্যবহারের ম্লে সর্বাত্মভাবের লীলা ১৬১:

তার মধ্যে আত্মভাব প্রজ্ঞা ও সংক্ষেপর অন্যোন্য-আপ্যারন ১৬১ %

রক্ষের সংশ্য তাঁর তাদাক্ষ্যের স্বর্পকথ্য ১৬১।

[তু 'বিজ্ঞানখন প্রেষ'] বিজ্ঞানতনার ক্রাভি এবং ও

भूरभ विकृष्ठ फ्रिजनात मृचि धवर छक्छ धनर ६६-६७;

ভার হৈছে · অবিদ্যা ১১৪; অহস্তা ৬২; চিংশব্দির সম্পোচ ১১৪, ৪০০; 'জগং দ্বেখমর' এটা অত্যুদ্ধি ৯৭; ঈশ্বর দ্বংথের প্রভী নন ৯৮; দ্বংথকে অধর্মের শাহ্তি বলা চলে না৯৮-৯৯;

ঈশ্বরই জ্বীব হয়ে দ্বঃখ ভোগ করছেন ১১;

চিংশক্তির উত্তরায়ণের পথে দর্শ্ব একটা সাথকি প্রতিভাস ১০২:

দ্রংখবোধ ব্যক্তিচেতনাকে বিশ্বশক্তির অভিযাত হতে বাঁচিয়ে রাখবার কৌশল ১১২-১৩;

দ্ঃখের পিছনে আছে -জগদানন্দের আবেশ ৪০৩:

দ্বংখবোধকে বিলব্বত করবার উপার : অনাসন্তি তিতিক্ষা ও চেতনার প্রসার ১১৩-১৪, ১১৫;

দ্বঃথজ্ঞরের সাধনায় তিনটি পর্ব : তিতিক্ষা প্রসাদ ও রুপান্তর ১১৪-১৫;

দশনে দৃঃখবাদ ১৬৭-৬৮, ৪০৬, ৪০৭। দেবজাতি : চিন্ময় পরিণামের শেষপর্বে তার আবিভাবে ৯৬৯:

তার মধ্যে বিজ্ঞানখন চেতনার বৈচিত্র্য ৯৭১-৭২।

দেবতা : অতিমানদেরই বিভৃতি ১২৯; অধিমানদে তাঁদের বৈশিষ্টা ও বৈচিত্তা ২৮৬-৮৭:

উত্তরণের সাধনা তাঁদের অজ্ঞাত ১৫৬। দেবমায়া : মনের অতীত, কিন্তু সং-চিং-আনন্দ ও বিশ্বলীলার মধ্যে সেতুন্বর্প

—ও অতিমানস ১৬৪, ১৬৫; তাতে বিদ্যা ও অবিদ্যা দুইই আছে

দেশ : শৃন্ধবৃত্তিধ তাকে বলে মনের সৃত্তি ৭৯, ১৩৮, ৩৬১;

মনের কাছে তার পরিমিতি **জড়বন্দতুর** সংস্থানে ১৩৯:

—তত্ত্বদ্ণিটতে চিংম্বর্পের পরাক্ব্যাপ্ত ১৩৮, ১৩৯;

—রন্ধের আত্মপ্রসারণের স্থাণ্ডাব ৩৫৯; —জড়ের স্পান্দের আগ্রর ৭১;

—জড়শব্বির আদিম আত্মপ্রসারণ ৩৬০; চিন্মর দেশের অনুভব ৩৬০।

দেশ-কাল : সন্মান্তেরই একটা ভাপামা ৩৬১:

অন্বয়তত্ত্বের আত্মপ্রসারণ তার স্বর্ণ ৩৫৯; —চিতের চৈতস উপাধি ৩৬০।

দেহ : তার প্রতি বিতৃষ্ণাও একটা মোহ
৬, ২৩৯; এই বিতৃষ্ণার হেতু একেবারে
স্তির গোড়ার ২৩৯-৪০;

তার সম্পর্কে প্রাচীন অধ্যাত্মবাদীরা অসহিষ্ট ছলেন না ২৩৯;

প্রাচীন দেহতত্ত্ব ২৬৬;

দেহাস্থাবোধ ও অবিদ্যা ১৭৩-৭৪;

-- ও মন ৩০৭-০৮;

দিবাজীবন-সাধনার প্রথম পাঠ বিদেহ-ভাবনা ১০২৬:

দৈহাচেতনার পূর্ণ উম্বোধন ৯৬৪; দেহের বিজ্ঞানময় র্পাণ্ডর ৯৮৫-৮৯; দিব্য দেহ ২৫৭, ২৬১, ২৬৭।

শ্বন্দর : শ্বন্দরবোধ ব্যাবহারিক জীবনে সভ্য হলেও সাচ্চদানশ্বে তার আরোপ

চলে না ৫৬, ৩৮৩;

শ্বন্দের স্থি : অবিদ্যামনের বিভাজনব্তি থেকে ২১৪; অহনতা থেকে ৬২;

শ্বন্দর্বোধ ও অদেবী মারা ১৬৫;

প্রাকৃত জীবনের নানা স্বন্দর ১০৩৭..., ১০৪৪-৪৫:

ব্যাবহারিক জীবনে জড়-প্রাণ-মনের শ্বন্দর ও তার সমাধান ২২৩-২৪, ২৩৯-৪১; শ্বন্দের দুটি কোটি অলীক নম্ন কিন্তু তাদের বিরোধ মিথ্যা ৩৮৩:

সমস্ত দ্বলেদ্বর অবসান : প্রমার্থসিতের অনুভবে ৩৫; সমগ্রতার মধ্যে ৫৬;

তার অবসান বিজ্ঞানঘন চেতনার ১৯১-

ধর্ম : বৈজ্ঞানিকের মতে তার আদিম রূপ ৬৯৯, ৮৭১-৭২;

তার নানা র্প ৭০০-০১; তার অনিষ্টকর রূপ ৮৬৭:

তার স্বতঃপ্রামাণোর দাবি ৮৬৭-৬৮;

—ও বিচারব, ret ৮৮১-৮৪:

—ও দর্শন ৮৮৩...:

ভারতবর্বের ধর্মসাধনার বৈশিষ্ট্য ৮৬৭-৬৮, ৮৭৫-৭৭;

অতীন্দ্রির আনন্ত্য ও শক্তির অস্পন্ধবোধ হতে তার উচ্চব ৮৬৮-৬৯:

তার আদিছে বোধি ও অধিচেতনার প্রভাক্ষদঙ্গ ;

তার উদ্মেশ্রের 'পরে ব্লিখর প্রভাব ৮৭০-৭১; তার উদ্মেশ্রের ধারা ৮৭১-৭৫: ধর্মসাধনার চরমাসাম্প প্রত্যক্ষ অন্ভবে ৮৮৪:

- ७ नमाङ नमना ১०६४।

ধর্মাধর্মবোধ : যেমন অচিতিতে নাই, ভেমনি অতিচেতনাতেও নাই ১০১, ৬২৬;

প্রকৃতিপরিণামের বিশেষপর্বে কী করে তার উংপত্তি ১০১;

প্রাণমর মনের মাঝে তার অঞ্কুর ৬০৮; আত্মদূরণ ও আত্মধিক কার হতে তার

শ্র ১০০;

চৈতাসত্তা হতে তার সতাকার **উল্মেষ** ৬০৮:

তার নিরিথ : ইন্দ্রিয়সংবিতে, সামাজিক হিতবোধে, ব্রিধতে ও ঋতচেতনার ৬০৭-০৮:

তার প্রয়োজনীয়তা সম্পর্কে নানা মত ৬০৮, ৬২৫;

—চিংপরিণামের একটা অপরিহার্য অণ্য ১০১, ৬০৮;

তার সম্পর্কে মনঃকল্পিত আদশই চরম নয় ৬২৫-২৭, ৬৩০-৩১;

নর ৬২৫-২৭, ৬৩০-৩১;
তাকে দিয়ে বিশ্বরহস্যের সমগ্র সমাধান
হয় না ১০২;

অচিতির র্পান্তরে তার শ্বন্দের সমা-

বিজ্ঞানখন প্রেবে তার স্বর্প ৯৯৬-

নাড়ীতন্দ্র : নাড়ীতন্দ্র ও প্রাণশক্তি ১৯৩; তার সহায়ে পশ্ব ও উল্ভিদে চেতনার প্রথম প্রকাশ ১৭৯;

উন্ভিদে তার ক্রিয়া ১৮৮-৮৯;

তাকে নিয়ন্তিত করা যায় অধিচেতন ভূমি থেকে ১১২;

সমাধিতে তার ক্রিয়া ১৮৮-৮৯;

— जल्म ७ इर्रायाल २५५।

নিয়তি : স্থির ম্লে কি না ৩০২-০৪; ভার তাংপর্য ৩০৮।

নিৰ্বাপ : তাতে প্ৰফুতির প্ৰলয় ৬৪০:

—ও অসং ৩৬৩-৬৪;

তার যথার্থ অংশর্য ৩৬৩-৬৪;

ভার নির্বিষয় শাল্ডিকে আনন্দের সংজ্ঞা দিয়েও ব্যক্ত করা বায় না ৫০।

্দ্র বিশ্ব ও বৌশ্বমত', 'শ্নোবাদ'] নিবিশেষ : দ্রু 'বিশেবারীর্ণ'।

নেতিবাদ : একধরনের নাশ্তিকাব্যন্থি হতে ভার উচ্চব ৪১০:

छात्र क्रगर-मर्गन : क्रगट किरनवित्र

সাধনা ব্যর্থ হতে বাধ্য, অথবা তার সিন্ধি লোকান্ডরে, অথবা জগৎ একটা অর্ধাহীন বিভ্রম ৪১৫;

নৈরাশ্য ও নেতিবাদ ৪১৫; ভারতবর্ষে তার প্রভাব ৯:

তার দার্শনিক রূপ ৪১৬-১৭;

বিশ্বোত্তীৰ্ণ ও নেতিবাদ ৩৭৬-৭৮;

বৃশ্ধ শণকর ও নেতিবাদ ৪১৩-১৪;

তার অন্ভব একদেশী মাত ৪৬৭-৬৮; তার যথার্থ তাংপর্য রক্ষের নিরংকুশ

স্বাতশ্যো ৩১:

—বোঝায় ব্রহ্ম সর্ববিশেষণের অতীত ৩৬। পঞ্চত : তাদের স্থিটর ধারা ও সত্যকার তত্ত ৮৫-৮৬:

তাদের ক্রমস্ক্রতা ২৬০;

পর্মাণ্ : বৈজ্ঞানিকের পর্মাণ্ ৩০০-০১; বিশ্বপ্রাণ ও বিশ্বমনের প্রবর্তনার জড়ের মধ্যে বিক্ল্র্পে তার আবিভাব ২৪৪;

—বিবিক্ত অহম্তার জড়প্রতীক ২০৭, ২০৮:

তাতে র্পচৈতন্যের নিতাস্থাপিত ৭১৩। তাতে চেতনা বেদনা ও ইচ্ছার অঙ্গিতস্থ ১১০।

পরমার্থ-সং : মনোবাণীর অভীত ৩৫, ৮৪; অধ্যচ সব-কিছ্তেই পাই তাঁর অন্ভব

—সকল বিশেষণের অতীত ৩৬;

— স্বর্পত অবি**জ্ঞে**র ৩০, ৩৬;

—অন্বিতীয়, অতএব সব তাঁর মাঝে ৩২, ৫৩. ১৩৩:

—পরম এক, শাধ্ বহার সমাহার নন ৩৫:

তাঁতে সমস্ত শ্বন্দের সমাধান ৩৫; তাঁতে সত্তা চৈতন্য ও আনন্দ আবিনাভূত

শারি চৈতন্য ও আনন্দের তাদাম্যাসংগমে তার প্রতা ২১৭;

—প্র্ববিধ ও অপ্র্রবিধ দুইই ৩২৬: কালাতীত নিডাতা ও* কালাবিচ্ছিল নিডাতা তার দুটি অবির্থ বিভাব ৪৭৪:

তার আখাভাব, প্রেবভাব ও ঈশ্বরন্তাব ৩২৫..., ৩২৬, ৩৫৬;

—অব্যাহত স্বাতল্যো নিতাম, ভ ৪২:

তার আত্মসংবিতের বিশিষ্ট স্পন্দব্রিই অতিমানস ১৪৯:

—অনশ্তবিভূতিতে প্রকট **হরেও** তার অতীত ৪৬:

দেশকালের অতীত হরেও দেশে ও কালে
ফ্টেছেন বিশ্বরূপ হরে ৪, ৪৫;

-- 'জগং-স্বং' মূলে ৩৩:

স্থিত তাঁর পর্বে-পর্বে আন্ধানগ্রন ৪৭; বিশ্বপরিণামে তাঁর আনন্দ নিজেকে হারিয়ে আবার নিজেকে খ্রুজে পাওরায় ১১৫।

[দ্র. 'ব্রহ্ম'' 'সচ্চিদানন্দ'; তু. 'সত্তা'] পরলোক : তার অস্তিত্বে বিশ্বাস

প্রাচীন ৭৫৪-৫৫;

তার পরিচয় ৮০২-০৫; জাবাত্মার পরলোকে অবস্থানের প্রয়ো-

জনীয়তা ৮০৫-০৭।

[দ্র- 'লোকাশ্তর']

পরিচেতনা : তার র্প ৭৩৮, ৯৬১; চিম্মর পরিণামের বেলায় তার বাধা ৯৬০-৬১:

তাকে বিদ্যুষ্ময় কববার সাধনা ৯৬১-৬২।

পরিণাম : বৈজ্ঞানিকের পরিণামবাদ ঘটনা-পরন্পরার বিব্তিমাত্ত, ব্যাখ্যা নয় ৩;

পরিণামবাদের প্রাচীন র্প : উপনিষদে, তব্বে ৮৩৯-৪০:

আকৃতিপরিণামবাদ ৭০৯-১০; লক্ষ্যাভিসারী পরিণামবাদ ৮২৯;

পাথিব পরিণামবাদ ৮৩০-৩১;

তার ম্লস্ত্র : বীজাকারে যা অণ্ড-নিহিত, তাই অণ্কুরিত ও পদ্মবিত হতে পারে ৩-৪, ১৮০, ২৭৬, ৮৬৬;

তার ম্লে: বিজ্ঞানস্বর্পের স্বতঃস্ফ্রণ ১৪৮; অতিমানসী আদ্যাদান্তর প্রেষণা ৭০৬; প্রাণ মন চেতনার পরম্পরিত আকুতি ৪;

তার অভিযান অচিতি হতে শ্রে করে অতিমানসের ভিত্তমন্থে ১৮১, ৬৮৩-৮৪. ৭২৮-২৯. ৯৬৭:

মনশ্চেতনার বর্তমান পর্বই তার শেষ নর ৪, ২১৬, ২৭৬, ৮৪৯;

তার চরম লক্ষ্য অতিমানসের আবির্ভাব ৬৬০, ৯৬৪:

সাক্ষীর দ্খিতৈ - প্রকৃতিপরিণামের ছবি ৮৫২-৫৫; পরিণামের ধারা মন্ধর ও স্বন্দর্শক্ল ৬১০, ৬১৫, ৬২০, ৮৬৫-৬৬;

পরিণামের ধারা: বীজ্বশক্তির নিগ্ছ্ন,
অল্ডঃশক্তির চাপে শ্বল্পের স্থিতি
উধর্তিত্ত্বের নিশ্বশ্দর সফ্রেণ ২৪৭৪৮, ৭০৪-০৫; আধারের জুমস্ক্রের, পারণ, চেডনার উদরন ও
অবরভূমির তত্ত্বের সমাহরণ ৭০৪,
৯৬৪; প্রকৃতির সম্মৃত্ পরিণাম
৭০৪, ৭০৮-০১;

প্রকৃতিপরিণামে মৌলিকতত্ত্ব প্রকর্মক তত্ত্বের অন্যোন্যবিপরিণাম ৭০৫..., ৭০৭, ৭১২-১৩;

প্রকৃতি-পরিণামে কালের ক্রমাক্ষপ্রতা ৯০৫-০৬:

প্রকৃতিপরিণামের বিশ্বগত ও ব্যক্তিগত দুটি ধারা ৭৬৩...;

জ্ঞাড়ের পরিণাম প্রাণে ও মনে ৭০৫...; প্রাণ-পরিণামের ডিনটি পর্ব ২০৫-১০; চিধ-পরিণাম ও আক্তি-পরিণাম

। চহ-সারণাম ও আঞ্চাত-সারণাম ৭০৯-১০; পরিণামের ধারাবাহিকতা ও পর্বভেদের

স্বর্প ৭০৯-১২; মান্ধের মধ্যে তার রীতির **অভিনবতা** ৮৪৬-৪৭:

চিং-পরিণামের পরিচয় : দ্র. 'চিং-পরিণাম':

অতিমানস-পরিণাম : তার পথে বাধা
৯৫৮-৬১; উত্তরশক্তির আক্সিক আবেশ ৯৫৮..., অবরশক্তির বিরুদ্ধতা ৯৫৯-৬০; বহিশ্চেতনার মন্ধর প্রবোধন ৯৬০-৬১;

তার প্রতি পর্বে সংবৃত্তপক্তির উৎক্ষেপ ও উধর্বপক্তির অবতরণ ৯৬৮...;

অতিমানস-পরিণামে অচিতির স্থান ১০১৩-১৪।

পশ্ : তার সহজ্ঞপ্রবৃত্তি ৬১১;

তার মধ্যে লক্ষ্যাভিসারী প্রবৃত্তি ১০; তার মধ্যে মনের স্ফ্রেণের রীতি ৭১৪; তার স্থ-দৃঃখ বোধ আছে কিন্তু ধর্মা-ধর্মবোধ নাই ১২৭, ৬০৬;

মন্বা-চেতনার সংগ পশ্-চেতনার তুলনা ৮৪১-৪২, 🕶 ৭;

তার মধ্যে অনুত্রপূর্ণে বিজ্ঞানশন্তি ৬১১; তার মূলে আমটেতনার আবেশ ৬১২; তার মধ্যে বোধির শিখা ৬১১; প্রায়্য : বিশ্বেশ তত্ত্ব ৭; —উপনিষদে রক্ষের আনন্দ-বিভূতি ২২৭, ২৭১;

প্রুবই চরম তত্ত ৩৫৩;

—ও প্রকৃতি ১৬৯-৭০:

'সাক্ষিপ্র্য ও স্ব-তন্তা প্রকৃতি'' ৩৯৭; প্রুষেৰ স্বাতন্তা ৩৪৯;

—সর্বার প্রকৃতির শাস্তা ৩৫০-৫১;

—প্রকৃতিব সাক্ষী প্রবর্তক ভর্তা ও ভোক্তা ৩৪৮:

—প্রকৃতির সংগ্যে অন্তরেব যোগে নিতাব্ত ৩৪৮, ৩৫০, ৩৫৫;

 প্রকৃতিব মধ্যে শ্বৈতাভাস ও তার প্রয়োজন ৩৫০;

সাংখ্যের বহুপ্রের্যের তত্ত্ব ১৭০, ৬৪৪; তার প্রাকৃত ও অপ্রাকৃত দ্টি র্প ২২৭-২৮, ২৭০-৭১;

প্রাণময পর্ব্য ১৭৪, ১৭৪-৭৫;

মনোম্ব প্রেব ১৭৫-৭৬; তিনি জীবনের প্রহ্মানতার সাক্ষী ২০৯

স্বান-পা্ব্র ও সা্যাণিত পা্রা্র ৪২৪-১২৫;

ক্টেম্থ প্র্য ৬৩১;

भवम भारास वा द्रेम्बरवर स्वराभ ७७५: ७७७:

অধিদৈবত প্র্য ৫৫৬;

কটে-খন প্ৰায় য্গপং বিশ্ববিগ্ৰহ ও জীববিগ্ৰহ ৩৬৮;

পুরুষোত্তম ৬৩১;

অঙ্গ্রপ্র্বেব স্বর্প ও বিজ্ঞান ৫২৮-৩০;

প্রেষ্থকে জানা বিবেক দিয়ে ৮৫৭ : একমার চিংপ্রেষ্ট প্র্পান্তবের প্রযোজক ৭০৭;

व्यथिमानन भ्रत्य ১৭১;

অতিমানস বিজ্ঞানঘন প্রেষ ৯৭১;

দিব্য পর্র্ব ১৫৫...;

ম্ভ প্র্য ও কর্ম ৪৫৬;

সিম্পন্র্যেব বিভিন্ন শ্রেণী ৮৮৪, ৮৮৫, ৮৮৬।

প্র্যুষার্থ : প্রেয়ার্থ বা জীবনদশনের চারটি প্রস্থান ৬৬৬..., ৬৭০-৭৫;

প্রাচীন ভারতে তার রূপ ৬৭৬-৭৭; তুরীরভাবের সিম্পিতে জীবভাব ও জগদ্ভাবকে ছাড়িরে বাওরাই প্রেবার্থ

নর ৪০: 'অনর্থ হতে পালিরে বাওয়া নর, তাকে পবাস্ত ও র্পান্তরিত করাই প্র্-বার্থ ৪০৬;

—বিশেবর ম্লে প্রজ্ঞাকে আবিস্কার কর। ৩২:

পূর্ণ রক্ষবিদ্যা, পূর্ণ আত্মবিদ্যা ও পূর্ণ শক্তিবিদ্যাতে তার সিম্পি ৭০২।

প্রকৃতি শক্তির্পিণী ৮৭: রজের ক্রিয়া-শক্তি ৫৮৯; দিব্য-প্রের্থের আ-ভাস ৪: উপাধিজননী শক্তি ২৯৯;

অচিতিতে তার মুক্তা ৫৮৫:

তার সবর্থানি অবিদ্যাগ্রস্ত নয় ৫৮৯:

— স্বর্পত চিন্মরী কেননা তাব সর্বত্ত ব্নিধ্ব খেলা ১১-১৪;

তাব স্বাতশ্যা রন্ধের প্রশাসনের অর্থান ৩৯৯;

জীবনে তাব গোপন র্নীতি ৫৫০-৫১: তার সম্মৃত, অবিদ্যাকৃত ও চিম্মর পরিণাম ৭০৪, ৭০৮-০১;

প্রকৃতি-পবিণামে মৌলিক তত্ত্ব ও স্ফ্রুক্ত তত্ত্বে অন্যোলবিপবিণাম ৭০৫. ৭১২-১৩:

র পাশ্তবেব সাধনায় সমগ্র প্রকৃতিব সায় থাকা চাই ৯৩২-৩৩:

প্রকৃতিবাদের উভ্তব রক্ষের চিল্ডাবে প্রতিষ্ঠিত থেকে জগৎ সম্পর্কে ভাকনা হতে ১০৭-০৮;

– মাযা ও শক্তি ৩২৬;

—ও প্র্ব · দ্র 'প্র্ব্ব';

প্রমা প্রকৃতি ব্রন্ধের স্বব্পশক্তি ৬৩২। প্রজ্ঞান অতিমানসের বৃত্তিরূপে তার ক্লিয়া ১৪৪-৪৬, ১৫১, ৩৪৩-৪৪, ২৭০; বিশ্বকে সর্বস্বরূপের আত্মকৃতিরূপে ফুর্টিয়ে তোলা তার কাল্ক ১৬৯;

ভার তিনটি কল্প ১৬৯;

মন তার অশ্তাবিভূতি ১৭৬।

প্রতিভাস · আমাদের মনশ্চেতনার অর্শাক্তকে রন্ধো আরোপ করে ভার উল্ভব ৬৩৮;

তত্ত্বদৃশ্টিতে তার স্বর্প ৩৪০;

—সত্যেরই বাস্তব রূপারণ ৩০; তার মূলে দুটি তত্ত্ব: "স্ক্রমাত আর সম্ভতি ৮০:

র্জাচাততে ভার চরম রূপ ৫৮৫-৮৬। প্রভাসমানস - ভার পরিচর ৯৪৭-৪৯;

তার দ্বার জ্যোতিঃসম্পাত ৯৪৭; তার চিদ বৃত্তি দিবাদর্শন ৯৪৭-৪৮;

-- ও উত্তরমানস ১৪৮-৪১:

- ७ कवित गिरामर्भन ১৪४-৪৯।

প্রমাদ: তার উৎপত্তি: বেণিধর অভাবে ৬১৪; চিৎপরিগামের মন্থরতার ৬১৫-১৬; চেতনার সংক্রাচে ৬২৩; অন্যান্য কারণে ৬১৬-১৮; মনের আত্মকেন্দ্রিকতা হতেও তার স্থিট

मण्डत ७५४-५५, ७२०-२५;

প্রাণমর অহংএর তাড়নার কর্মের ক্ষেত্রে তার উৎপত্তি ৬২০-২২;

ক্টেম্থ-পর্র্বের সাক্ষাংকারে তার ধরংস ৬৩১।

প্রাকৃত-বৃদ্ধি : অবিদ্যার বিস্তৃতি ৪৮৪-৮৫; খন্ডভাবনাই তার আশ্রয় ৪৭০;

—ইন্দ্রিয়াগ্রিত ও পরতন্ত ৬৫-৬৬:

—সদ্যবাস্তবের একাল্ড অনুগত ৬১; বল্তুর অতীল্পির স্বর্পসন্তার উপলব্ধি তার নাই ৪৮৪:

প্রাতিভজ্ঞানের দীণ্ডি তার মাঝে নাই ৬০;

ভার চক্রাবর্তন ৮:

তার তর্কপ্রবৃত্তির দোষগুণ ৩৬৫-৬৬; তার তন্ত্রবিচারে বিপর্ষয় ৩৮২:

---বোধির শক্তিকে বাবহারে খাটার নিজের প্রয়োজনে ৭১-৭২:

তার ম্বারা অস্তিম্বের রহস্য মীমার্ংসিত হয় না ২১, ৫৬;

তার কাছে আনন্তোর রহস্য দ্বোধ ৩২৭-৩০;

তার কাছে নিবিশেষে তত্ত্ব পর্যবিসত হয় প্রলয়ে ৩৭৩-৭৪;

নির্বিশেষ তত্ত্ব সম্পর্কে তার কল্পিত বিরোধ ৩৭৫-৭৭;

তার কাছে দিব্য ও অদিব্যের শ্বন্দর অমীমাংস্য ৩৮৮;

 প্রকৃতিতে প্রক্ষন পরাব্দিকে ব্রুতে পারে না ২৯৮-৩০২;

তার দ্ভিতৈ : রক্ষ জাঁব ও জগৎ হতে
আলাদা ৩৯-৪০; ঈশ্বর বা আছা।
একটা কল্পনা ৭; শাখ্বত স্পান্দ একটা
কালিক প্রবাহ ৮১; চিং ও জড়
অন্যোন্যবির্ম্থ ৬-৭; প্রকৃতি ইল্পিরসংবিতের মায়া ৭; অহল্ডাই জাবৈর
ম্বর্শ ৩৬৬, ৩৭১-৭২; মনের জাগ্রংশাই চৈতনা ৮৯; মত্য মানবের
আম্বের ম্পান্ডর অসম্ভব ৫৯, ৬০;
—ও ব্যাবহারিক জাঁবন ৩৭৭-৭৮।

প্রাণ : মহাশক্তির অর্শুরিক্লোক ১৯০;

—মহাশব্রির পরিস্পন্দ ১৮২, ১৮৬, ১৮৭, ১৯৪;

—চিং-তপসের অঁত্যবিভূতি ১৯৫-৯৬; ২৭০;

তার স্পন্দ চিংস্পন্দ ৯২, ৯২-৯৩, ২১৭:

—চিংশত্তিরই লীলা যা জড়ে অবচেতন, উদ্ভিদে অবমানস, প্রাণীতে মনশ্চেতন ১৯২:

চিংশক্তির লীলার্পে তার ফ্রিয়া ১৯৩; ১৯৪, ২২৬:

তার মূলে সর্বগত আনক্দের প্রেতি ২২৬;

—সর্বত্র : মান্যে পাশ্তে উদ্ভিদে জড়ে ৯১-৯২, ১৮৩, ১৯২, ১৯৪;

—জড়ের আধারে বন্দী চেতনাব স্পদ্দন

— জড়সত্তা ও মনঃসত্তার মধ্যে সেতু ১৯২, ১৯৬:

ব্রুড়ে তার সাড়া ১৮৪-৮৫;

তার মধ্যে বোধের ক্রমিক সঞ্চার ১৯৭ > তার অহাময় প্রাণময় ও মনোময় রূপ

২১৫; প্রাণময় প্রেয়ের র্প ১৭৪, ১৭৫;

অল্ল ও অল্লাদর্পী প্রাণ ১৯৮, ২০১: তার বৃভুক্ষ্ বৃপ ২০১:

প্রাণের ক্ষুধাই মনের কামনা ২০১;

—প্রাকৃত আধারে খণ্ডিত ও তমসাচ্ছর ১৯৬:

অবিদ্যাক্ত্স মনঃশান্তর সঙ্কোচে সে সংকৃচিত ১৭৪-৭৫ ১৯৬, ১৯৭:

প্রাণে ভা৽গন ধরে কেন : সৌবম্যের অভাবে ১৯৮-৯৯; সাল্ড আধার দিরে অনন্তকে সম্ভোগ করবার আকর্তি হতে ১৯৯;

তার ম্রধারায মৃত্যু একটা আবর্ত ১৮২:

प्पट्त भत्रापं जात कितात निवृचि इत ना ১৮२;

ম্ত্যুতে প্রাণ স্কে ১৮৬;

প্রাণীকরা স্তম্ভিত থাকতেও প্রা**নের** অস্তিম স্ভব ১৮৬-৮৭;

প্রাশ্বমের জিলা তার বাইরের পরিচর-মাত্র উচ্চত, ১৮৫, ১৮৭;

—পর্পত অনশ্ত হরেও সাল্ড আধারে ফুটতে চাইছে বলে ভার অশান্ত ২০২… ই মৃত্যু কামনা ও অশক্তিতে প্রাণের নেতির্প ২০৫-০৬;

প্রাণ-পরিণামের তিনটি পর্ব : জড়শজ্জির উত্তালতা, ব্,ভূকা সংঘর্ব ও মৃত্যু এবং সর্বাদেশে আম্ববিসর্জান ২০৫..., ২২৫-২৬;

প্রাণের আদিপরে বিবিত্ত খণ্ডভাবের সাধনা যার প্রতিরূপ জড় পরমাণ্ডে ২০৭, ২০৮, ২১১;

তার দ্বিতীয় পর্বে আদান-প্রদানের লীলা ২০৭-০৮, ২১২;

তার তৃতীর পর্বে প্রেমের স্ফরণ ২০৯-১০;

—ও প্রেম ২০৬-৭, ৯৬২:

তার ব্যাদ্ধ ও সেই ব্যাদ্ধের সমাধান ২১২-১৩, ২২১-২৪;

প্রদের মধ্যে মনঃশব্তির আবেশে তার অথ-ড প্রহমানতার সম্ভাবনা ২০৯: প্রাণের জগং ২৬৩;

উম্ভিদে তার স্ফ্রণ ৪৫৯; প্রাণলীলার পরিচয় ও তত্ত্ব ১৮৭-৯০, ১৯২;

বির্মণতির সংগে তার নিরন্তর সংগ্রাম

প্রাণের অহম্তা ও প্রমাদ ৬২০-২২; প্রাণের অহম্তাই অধর্ম ও আমিবের ম্লে ৬২৮:

দিব্য প্রাণের পরিচয় ১৭৫; প্রাণের বিজ্ঞানমর রূপান্তর ৯৮৪-৮৫।

প্রেম : প্রাণ ও প্রেম ২০৬-০৭, ৯৬২:

প্রাণ-পরিণামের তৃতীর পর্বে তার ক্ষারণ ২০৯-১০:

তার স্বর্প ফোটে সমঞ্চসা রতিতে ২১১; —ও কামনা ২১১;

তার সাধনা ব্যাহত হতে পারে কী করে ৯২৬।

वह्य, वह्यावना : वह्यावना ७ धकरमा इन्स् २७৯, ७७१-७४, ८৯२;

— অন্তৈজভাবকে নিরেই ফোটে অবচেতন চেতন ও অতিচেতন এই তিনটি ভূমিতে ৪২;

প্রেৰ ও প্রকৃতির বিবেক হতে তার স্চেনা ও পরিশাম ১৬৯-৭০:

বিজ্ঞান : পরমার্থাসং ও প্রতিভাসের মধ্যে সেতৃস্বরূপ ১২২-২৩;

নাজা-মনের অতীত, কিন্তু তার শক্তি ও নাজনা ছড়িবে পড়ে আধারের সর্বত ১৩: তংশ্বর্পকে নাম-র্পের ভিতর দিরেও
ফ্রিরৈ তুলতে পারে ১৩;

অশ্তরপর্র্যের বিজ্ঞানের শ্বর্প ৫২৯-৩০:

অধিচেতন বিজ্ঞানের স্বর্প ৫৩১-৩২;
মন-প্রাণ-দেহের বিজ্ঞানমর র্পাশ্তর
৯৮২-৮৮:

বিজ্ঞানখন প্রেষের পরিচর : দ্র. 'বিজ্ঞান-খন প্রেষ'।

বিজ্ঞানখন প্রেষ : তার স্বর্পের পরিচর ৯৭১-৭৩;

তার আত্মভাবের বিবর্গত ৯৭৩-৭৪; তার আনন্দর্পের পরিচর ৯৭৫-৭৬; ৯৮৯-৯২, ১০৬৭;

—ঝতচিন্মর ১০০৪;

—বেমন ক্টেম্থ, তেমনি কবিক্ততু ৯৯৮-৯৯;

—নিশ্ববিদ্ধ ১০০০, ১০০৪-০৫;

—শ্ব-ভশ্ব ১০০০..., ১০০২-০৩;

তার নৈর্ব্যাক্তকতা ও ব্যক্তিভাবের বৈশিষ্ট্য ১৯২-১৬:

ভার অহম্ভার দিবার্প ১০০৫-০৬; ভার বিশ্বাস্থভাবের বিবৃতি ৯৭৫-৭৬, ১০৩০-৩১;

তার আত্মজ্ঞান ও জগংজ্ঞানের র্প ১০০৮-১০;

তার অধিচেতন স্থিতির বাঁর্য ৯৮০; তার অন্তর্জাবিনের রূপ ও ক্লিয়া ৯৭৮-৮০:

—আবিদ্যাকে র্পান্তরিত করেন বিদ্যার সিম্ধবীর্বে ৯৮০-৮২;

তার জ্ঞানের বৃত্তি ও ক্রিরার বৈশিষ্ট্য ৯৮৩-৮৪:

তীর মধ্যে প্রজ্ঞা ও সংকল্পে বিরোধ নাই ১০০৩-০৪;

তার মধ্যে মনের বিজ্ঞান্ময় র্পাশ্তর ১৮২-৮৩:

্তার চেতনার নর্বাবস্থাতির উদ্মেষ ১০৪০; তার ভার্বাবনিমরের অলোকিক সাধন ১০৪১...:

তীর চিন্মর প্রাণের স্বারাজাসিন্দি ৯৮৪-৮৫;

তার চিন্মর দেহাদ্মবোধের ন্বর্ত ১৮৫-৮৬;

তার দিবা কর্মযোগ ৯৭৬-৭৭, ১০০৬-09: তার ব্যাবহারিক জীবনের সিম্ধর্প 299-9V: তবি মধ্যে ধর্মবোধেব স্বরূপ ৯৯৬-৯৮: তাব মধ্যে দুষ্টি-সুষ্টিব সামর্থ্য ১০৩৯-80: তাঁতে কেন্দ্রিত বিজ্ঞানখন সংঘের রূপ 2020-22; প্রাক্তজীবনের 'পরে তাঁর প্রভাব 2025-20: অচিতির 'পরে তাঁর প্রভাব ১০১৩-১৪: প্রাক্তমনের কল্পিত আদর্শ সত্য হবে তার মধ্যে ১০৬৪-৬৫। বিজ্ঞানবাদ : 'ৰুগৎ একটা বিজ্ঞানপ্ৰবাহ' এই মতেব সমালোচনা ৬৪২-৪৩; অধিষ্ঠান ও প্রতিভাসের মধ্যে সম্বন্ধ ন্বীকার করে ১২২: বিদ্যা : বেদে তাব রূপ ৪৮৫-৮৬; উপনিষদে তার রূপ ৪৮৬-৮৭, ৬৩৬; বেদান্তে তার ব্প ৪৮৭; বিদ্যাশীক প্রাকৃত মনঃশক্তিব উধের এবং তার চাইতে বৃহৎ ১২০; একবিজ্ঞান তাব স্বর্প ৩৭; তার লক্ষ্য সমাহার ও একত্বভাবনার দিকে —বিশ্বের ঋতবচ্চন্দকে ফুটিয়ে তোলে >>6: আত্মজ্ঞান ও জগংক্তান দুইই জড়িয়ে আছে তাব মধ্যে ৬৩৪: সম্ভূতিব বিজ্ঞানও তার অণ্য ৬৪০-৪১: বিদ্যাশব্বিতে কালাবচ্ছিত্ৰ বিজ্ঞান ও কালাতীত বিজ্ঞান দুইই আছে ৫০০-০১: তার আবির্ভাবে জীব জগৎ ও ব্রন্ধার সম্বন্ধে বিপর্যন্ন ঘটে না ৪০: তার শব্দিই স্থিশীৰ ১২৩-২৪: পরাবিদ্যার পরিচয় ৪৬৫: তার আলোতেও দৃশ্টি অন্ধ হয়ে বেতে পারে ৩৭: প্রাকৃতভূমিতে তার সন্পেচ ও অপ্রপ্রতার कात्रन विरम्मयन ६२८-२५; তার উদেমবের প্রথম পর্বে স্বন্দ্রবোধের माणि ७०३; বিদ্যা ও অবিদ্যা প্রকৃতিতে ভিন্ন হলেও তত্ত্ত এক ৪১৩;

উপনিষদে বিদ্যা ও অবিদারে সহভাব \$05-05: তাদের সহবেদনে প্রাসিম্প ৪৪; বিদ্যার প্রতি অভীপ্সার লক্ষণ ৬৩৩: সংতবিদারে সাধনা ৭৩০-৪৪। [তু. 'অবিদ্যা'] বিবেক · তাব দ্বিট নিবিকার বৈজ্ঞানিক বা मार्गिनत्कत्र मृचि ७०५; — ७ एके अमृ चि **४०१, ४०**৯: -- ব্বাবা প্র্বকে জানা ৮৫৭ ... ৯১০-221 বিভতি তাব উন্মেষেব বীতি ১০৪১-৪৩; বিজ্ঞানঘন চেতনার তাব প্রকাশ ১০৩৯-80: তাব উপযোগিতা ১০৪৩। [তু. 'বহস্যাবদ্যা'] বিভ্রম · বিভ্রমবাদেব পরিচয় ৪১৬-১৭: —ও হ্ব**•**ন ৪১৭-১৮: — ও মন ৪২৯-৩০, ৪৮৯-৯০। [তু. 'কুহক'] বিশ্ব · [দ্র. 'জগং']। বিশ্বচেতনা : আধুনিক মনোবিদ্যার তার স্বীকৃতি ২২: প্রাচ্য মনোবিদ্যার তার স্থান ২২: তার অন্ভবের স্বর্প ১৭, ২২, ২৭, 00-08: তাদাস্মাবোধ তার ভিত্তি ২২৭, ৫৩৭: তাতে সত্তা ও চৈতন্যের অভেদ বোধ 20: —ও অখন্ডবোধ ২২, ৪৩: —ও অধিচেতনা ৫৩৬-৩**৭**: —ও অধিমানস ৯৫২-৫০; সমস্ত সাধনার মূলে তার প্রেতি ১৬; অন্তরাবৃত্তি হতে তার উন্মেষ ১০২৯; প্রাণে ইন্দ্রিরে ও মনে তার আবেশের क्ल ३9: -- ও বিশ্বপব্রির বলীকার ৫০৮-০১: জাগ্রতবোগে তার বোধ ৩৬৯-৭০: গণচেতনার তার ক্রিয়া ৬৯০...। বিশ্বোন্তীর্ণ : বিশ্বের অধিন্ঠানডক ৩৭৪: জীব ও বিশ্ব ভারই অল্ডগ'ড ৪০, ৪২: णात माना मोर्केस प्यत्मदत ममन्यत ००, 40: তার অনুভব শুহু নেতিতে 890:

णात जनास्त्रवैत्र न्यत्राभ ००:

তাব অনুভব হতে মাবাবাদের উল্ভব

তার সম্পকে প্রাকৃতব্দির বাব ৩৭৩-৭৭;

-- ও নেতিবাদ ৩৭৬-৭৮, ৪৭২;

--ও নিবিশেষ অদৈবতবাদ ৬৩৫-৩৯। [তু 'অসং', পরমার্থসং' 'রক্ষ']

বৃশ্ব, বৌশ্বমত বৃশ্ব ও শংকর ৪৬০-৬১;

বৃশ্ধ ও নেতিবাদ ৪১৩-১৪, বৃদ্ধের দৃশ্টিতে জীবেব প্রুষার্থ ৪৮৪;

ব্দেধৰ মুক্তিৰ তাংপৰ্য ৪৩; ব্দেধৰ ধৰ্মচক্ৰপ্ৰবৰ্তনেৰ ষথাৰ্থ তাংপৰ্য

৩১, সম্যকসম্বোধিতে ইতি নেতির স্বন্ধঃ নাই, তার প্রমাণ বুম্খের জীবনে ৩০;

দর্থ হতে কাপ্রেষের মত পালিবে বাওবা বৃদ্ধেব আদর্শ ছিল বা ৩১:

বৌশ্বমত অবৈদিক নৰ ৩৬-৩৭;

বৌশ্যমত ও মাবাবাদ ২৪, তাব স্পন্দবাদ ও তাব সমীক্ষা ৮০, তাব কর্মবাদ, শক্তিবাদ ও শ্নাবাদ ৪৩৮;

ভারতবর্ষে বেশ্বিমতেব প্রভাব ২৪। বংশ্বিদ্যাব এবণা তার স্বব্ধ এবং লক্ষ্য ৬০:

—গ্রেশাবী অতিমানসের দীণ্ড ১৪১, —এক বছরের চেলেন্স প্রিচ্ছমাল ১১৫

--এক বৃহত্তর চেতনাব প্রতিভূমার ১২৫, ১২৫-২৬, ১৮১,

অবচেতনা ও অতিচেতনার মধ্যে তার বাতারাত ৭০:

ভাব খেলা প্রকৃতির সর্বন্ত ৯৩-৯৪, ১৪১ কী করে বোধিতে ভার ব্পাশ্তর ঘটে ৬৯,

বোধির সংগ্য তাব সম্পর্ক ৪২৫-২৬, ৪৮৪, ৬১৩-১৪.

তার কাছে বিশ্বম্ল অনিব্চনীর কেন ২৯৮-৯৯, ৩০০;

ব্রহ্ম-পরের্য-ঈশ্বরের অশ্বৈতভাবনা তার পক্ষে কঠিন কেন ৩৫৬-৫৭,

এদেশের দর্শনে তাব প্রভাব ৭৪-৭৫,

ধর্মবাধের 'পরে তার প্রভাব ৮৮১-৮৪। [দ্র- 'ভক্ষব্দিথ' 'প্রাকৃতব্দিথ' 'শাম্পব্দিথ']

বেদান্তদর্শন : ক্রেছই পরমার্থসং, বিশ্ব তার প্রতিজ্ঞানমার এই তার চরম অন্তব ৭১; শ্বহাশন্তি নিবিশ্বার স্বাগ্স্বর্পেরই অবর্রাবভূতি শক্তিসম্পর্কে এই তার মত ৭৮-৭৯,

তাতে বিদ্যা ও অবিদ্যার রূপ ৪৮৭-৮৮:

তার নির্বিদের অদৈবতবাদ ৬০৫ । [তু 'উপনিবদ' 'মারাবাদ' 'শংকর' 'সম্যকদর্শন']

বৈজ্ঞানিক তাঁর দ্ভিতে জড়ের ম্লে শক্তি ৩০০;

তাঁব স্বারা উল্ভিদে ও **স্বড়ে** প্রাণনের আবিস্কার ১৮৪-৮৫,

—প্রাণস্পন্দ বে চিংস্পন্দ তার প্রমাণ দিরেছেন ১২,

তবি দশনের সংগ্যে আর্ব দশনেব মিল ১১৯

বিজ্ঞান ও তত্ত্ববিদ্যার অধিকার ও গবে-বণার স্বর্প ১৮৫ * ;

বৈজ্ঞানকের মতে ধর্মবোধের আদির্প ৬৯৯;

তাঁর যুর্ভিবাদ ১০৫১;

তার স্বন্দ ৬১।

বৈরাগ্য অসদ্বাদ বা শ্ন্যবাদের সংশ্য তাব সম্পর্ক ২৮;

—সংসারকে অন্ধকার দ**্বংখ ও মরণে**ব রংগশালার্পেই দেখে ৪০,

তার সাধনাব রূপ ৬৩৯,

প্রকৃতির সংগ্য তার অসহবোগ ৮৬২ , তার সমস্বসাধনার ব্যারা দুঃখন্তর ১১৪, তাব জগদ্বিমুখীনতা ২৪,

তাব আপেক্ষিক সাথকতা ২৫।

বোধি অভিচেতনার বার্তাবহ ৭০, ৭২, ৯৫০,

— র্ফাতমানসের একটা ঝলক ৬১৪, — তাদাস্থাবোধের আসমচর ৯৪৯; বিষর-বিষষীর তাদাস্থাবোধ তার ভিত্তি ৭০:

—সংস্বর্প এবং সং হতে উচ্ছত ৭২;

—পরিপূর্ণ ইতির ধবর জানে ৮; ভার অভাবে প্রমাদের সম্ভাবদা ৬১৪; অবচেতনার ভার প্রকাশ কর্মের স্পন্সনে ৭০:

পশ্চেডনার তার প্রাণমর ক্ষীণর্প ৬১১, ৬১৩:

সহজ্ঞপ্রবৃত্তির সংশ্যে তার তুলনা ৬১২;
---মান্বের চেতনার কাজ করে ব্যনিকার
অন্তরালে ৭১, ৭২, ২৮১;

প্রাকৃতচেতনায় তার ব্যামিপ্র প্রকাশ কেন ২৮১, ৬১৩-১৪, ৬১৬-১৭, ৯২৮-২৯, ৯৪৯..

তারও ভূল হতে পারে গণ্ডীর মায়ায় ৮২;

—ইন্দ্রিয়ের ছবিকে অর্থবার করে ৪২৬; ইন্দ্রিয়জ্ঞানে বোধির ব্যাপার ৫২৩-২৪; ব্যাধির সঙ্গে তার সম্পূর্ক ৪২৫-২৬.

650-58, 560, 565;

ব্লিধ্র শ্লিধতে তার উদয় ৪৮৪;

তার চিদ্বৃত্তি দিব্য স্পর্শবোগ ১৪৯; তার চারটি সামর্থ্য : সত্যদর্শন, সত্য-

তার চারাট সামথ্য : সত্যদশন, সত্য-শ্রুতি, ঋতদ্পশ ও সত্যবিবেক ৯৫১-৫২;

তার নানা ভেদ ৬১৭;

ধর্ম বোধের উদেমধে তার আন্ক্লা ৮৬৮-৭০:

এদেশের দর্শনে তার স্থান ৭৪;

উপনিষদের মহাবাক্যে তার পদ্যাস্তী-বাণীর প্রকাশ ৭২;

বোধিমানসের পরিচর ২৮৪, ৯৪৯-৫২। বাহিভাব প্রকৃতির একটা সপ্রয়োজন বহিরণগ পরিণাম মাত্র ০৬৭;

তার মূলে বিশ্বচেতনা ও চিন্ময়পূর্বের আবেশ ৩৬৭:

—ও নৈৰ্ব্যান্তকতা ৩৫২;

তামসিক সাত্ত্বি ও রাজসিক ব্যক্তিচন্ত ৬১৯-২০;

—ও গণচেতনার 'পরে তার প্রভাব ৬৯৪-৯৫;

তার স্বকীয়তা ১০৪৯-৫০;

বিজ্ঞানঘন প্রেব্ধের ব্যক্তিভাবের বৈশিক্টা ১৯২-৯৬।

ব্যাবহারিক জীবন : তার রূপ ১০৯-১১; ৫৫০, ৫৫৭-৫৮;

তাতে জড়-প্রাণ-মনের অন্যোন্যবিরোধ ও আন্ধবিচ্ছেদ ২২১-২৩;

— ও প্রাকৃতবৃদ্ধ ৩৭৮;

তাতে সন্ধিনীশান্তর রূপায়ণ ১৬২; তাতে স্বভাবের প্রকাশ নির্মন্ত নর কিল্ডু সিম্পচেতনার আকর্ষণ আছে ১৬৭;

তার সমস্যায় সম্যকদর্শনের প্রয়োগ ৩৮০-৮১:

দিব্য প্রেবে তার র্পান্তর ১৬১; বিজ্ঞানখন প্রেবের ব্যাবহারিক জীবন ১৭৭-৭৮।

[তু জীবন' 'দিব্য জীবন']

রকা: তার স্বর্পের বিবৃতি ১৪৯-৫০. ৩২৫-২৬:

---- একমেবান্বিতীয়ম-" বেমন স্বর্পে,
তেমনি বিশ্বেও ৩৩৬-৩৭; তাঁর একছ
 গণিতের সংখ্যৈকছ নয় ৫৭৪; তাঁর
 একছের স্বর্প ৫৭৪, ৬৪১-৪২;

—অনিৰ্বাচ্য নন ৩১৩, ৩১৪:

—ও ঈয়্বরে ভেদকর্শনা সত্য নর ৩৯৮; তার দিবাস্বভাব ও প্রতিভাসের অদিবা-স্বভাবের সমস্যা ৩৯০:

মারার সংশ্য তাঁর সম্পর্কাবিচারে বেদাস্তীর স্বাবিরোধ ৫৬২;

—ও জগতের সম্পর্ক নির্মেশে তিনটি মত ৩৯৫-৯৭;

তার পক্ষে বিভ্রমস্থির অবৌত্তিকতা ৪৪২-৪৩;

প্রপঞ্জোলাস তাঁর শক্তির কুণ্ঠার প্রকাশ নর ৫৯২;

—ও জীবে ভেদাভেদ সম্পর্ক এবং তার নানেতা ৫৬৩;

— অবিদ্যার আদিপ্রবর্তক নন ৫৭৩; কি**ন্তু** অবিদ্যা তার চৈতন্যের **স্বেচ্ছাকৃত** পরিণাম ৫৬২;

রক্ষে অবিদারে রূপ ৪০১-০২; অসত্য ও অশিব তার মৌলবিভাব নর

\$25;

তার সম্পর্কে প্রাকৃতমনের দ্বন্দ্ধ ও তার সভ্যকার সমাধান ৩১, ১৪৮, ৬৩১, ৬৪০-৪২:

তার বিশেষাতীপ স্বর্পের অন্তব ৩৪৭; তার নিগ্ণিভাবের অন্তবের স্বর্প ও সাথকিতা ৩৬, ৩১৮-১৯: অধিমানস ভূমিতে তার অন্তব

₹89-88;

তারই তত্ত্র্পের অনুভবে মেলে দেহ-প্রাণ-মনের শৃংধর্পের সন্ধান ১৬৬; তার অনুভবের অন্তহান বৈচিত্র। ৪৭২-৭০;

তার সংগে জীবের জাগ্রত যোগব্যক্তি ৩৬৯-৭১।

ভাব : তার লক্ষণ ১৩৪-৩৫; ভাবলোক ও স্বংশলোক ৪২২-২৩।

ভারতবর্ষ তারী নৈতিবাদের সাধনা ৯; তার মীধাবাদের সাধনা ২৪; তার বৈরাগোর সাধনা ২৫; তার ধুর্মসাধনার বৈশিক্টা ৮৬৭, ৬৭৫-৭ব: ভার দর্শনের বৈশিষ্ট্য ৮৮৩; ভার দৃষ্টিতে বাস্তি ও সমাজ ৯৪৬-৪৭। নির্বিশেষ ক্রম শ্নাস্বর্প নন ৩২২; ভার বাইরে কিছুই নাই ৩২, ৩২৬;

—জ্ঞীবোত্তীর্ণ ও বিশ্বোত্তীর্ণ ৩৯; আবার যুগপং বিশ্বোত্তীর্ণ বিশ্বাছক ও জ্ঞীবভূত ৩৪২, ৩৪৬, ৩৪৮, ৬৬০-৬১;

তাঁর অখণ্ডপুণ্তায় সমুস্ত বিরুদ্ধভাবনার অবিরোধ যোগপদ্য ৩০-৩১,
৮৩, ৩২৭, ৩৩৪, ৩৩৫, ৩৪৫-৪৬;
তিনি রুপা ও অরুপ ৩৩৮-৩৯;
সগ্ণ ও নিগ্ণ ২৮, ৩১২, ৩১৮১৯, ৩২৫-২৬, ৩৪৫-৪৬, ৪৫৫;
ক্ষর ও অক্ষর ৩৪০..., ৫৭০; সামুক্

ক্ষর ও অক্ষর ৩৪০..., ৫৭০; সাম্ড ও অননত সামরসো বিধৃত তাঁর মধ্যে ১৬৮-৬৯, তাঁতে অস্পন্দ ও স্পন্দের শ্বৈতচেতনা অযৌক্তিক ৩৩৭, ৩৫৪, ৩৬৩, ০৯৮; তাঁর স্বরম্ভুর্প ও সম্ভতিরূপ ৬৫৮-৬০;

প্,শরন্ধ ক্ষর-অক্ষর দ্রের উধের্ব অথচ দ্রিটকে জড়িরে ৫৭১-৭২, ৬৩৫-৩৯, ৬৪০-৪১;

তিনি স্তব্ধতা ও স্পাদনের পর্যায়ও নন কেন ২৭০-৭২:

রক্ষসতার চৈতন্যে ভাতির্প ও কৃতির্প

খাতচিৎ তার দ্বর্প-চৈতন্য ৬০৪; সমাক্ষান তার দ্বভাব ৬০৩; তার দিব্য-প্রজ্ঞার কাছে অব্যক্ত কিছুই নাই ৬০৯;

তার আনন্দ নিম্পন্দতা ও ম্পন্দন উভরেই ৯৬; অবারণ আনন্দের উচ্ছনসেই তাঁর স্থিতর খেলা ৯৫; সবিশেষের মধ্যে আত্মবিস্থির আনন্দকে ভোগ করতে জড় হয়েছেন ৩৮. ৫৮৮. ৫৮৮-৮৯;

—ও শক্তি অভেদ ৩১৩; মারা তাঁর চিংশক্তি ৩২৬, ৩৪৭, ৩৫৫, ৪৩৯, ৪৪০; তাঁর চিন্মরী পরাশক্তিই জগতের নির্মণতা ৩৯৬;

রক্ষে মারা প্রকৃতি ও শক্তি ৩২৬; রক্ষ মারার অধিষ্ঠান ৮৯; তিনি প্রকৃতিপরতশ্য নন ৮৯; সববিধ বিভা-বনার তার স্বাতশ্য ০০৪-৩৫, ০০৬;

---আণ্ডকাম, তব্ আখসিস্কার আছে তার মধ্যে ৪৬১-৬২: ছাগং হয়েছেন প্রাণের বৈচিত্তাে নিজেকে ফ্রিটরে ভূলতে ৩৮;

ত্রগতের আধার ও উপাদান দুইই ৩১৪;

তার আত্মপ্রসারণ : দেশে ও কালে

৩৫৯-৬০;

তাঁর নিত্যতার তিনটি ভূমি : কালাতাঁত নিত্যতা, কালের ধ্র্বাম্পিতি ও তার প্রবাহনিত্যতা ৩৬১-৬২;

তার বৈভবের চিপ্টো ৩১৬;

জড় প্রাণ মন অতিমানস সমস্তই তার বৈভব ২৪৯;

—् ७ मिया भ्रत्य ১৬५-७२;

উপনিষদের আন্ধার্পী চতুম্পাং ক্রন ৪৪৬-৪৯;

চৈতাপ্রেম তাঁর সনাতন অংশ ২৩৪:

—ও জীবের সত্য সম্পর্ক ৪৬. ৪৭.

ত জাবের সত্য সম্পক ৪৬, ৪৭ ৩৮৪-৮৫;

তার সার্বভৌম প্রশাসনের অংগীভূত প্রকৃতি ও জীবের স্বাতন্য ৩৯৯;

—মারা ও জীব ৪৪৪-৪৬;

—জগৎ ও জীবের অন্যোন্যসম্পর্ক ৬৯১-৯২;

অখণ্ড ব্রহ্মে খণ্ডভাবের স্চনা হয় কী করে ১৬৯-৭০;

তাঁর মধ্যে আছে আত্মসঞ্কোচের সামর্থ্য ৩৪৩;

রশ্বস্বর্পের 'পরে মানস-সংস্কাবেব আরোপ ৪৪১-৪২, ৬৩৮;

মন : স্বর্শত চিংশন্তি ১৬৭; প্রজানের
অস্তালীলা ১৪৪-৪৬, ১৭৬, ১৮০;
অতিমানসের অস্তাবিভূতি ১৯৫,
১৯৬, ২৭০, ২৭৪-৭৫, ৫৮৯;
পশ্তে ও মান্তে তার স্ফ্রেণ ৬১৩,
৭১৪:

তার স্বর্প ও প্রব্তির সংক্ষিণ্ড পরিচয় ১৭৯;

তার ব্যামিশ্র ও শুম্প দুটি প্রবৃত্তি এবং তাদের স্বর্প ৬৭-৬৮;

জ্বার মনের পরিচর ৪১১-১২, ৪১০; জড় মন ইন্দ্রিরনির্ভার ৩৮; দ মন ও দেহ ১৭৩-৭৪, ৩০৭-০৮;

প্রাণীর মনের পরিচর ১৭৪-৭৫, ৪১২-১৩:

তার মাঝে প্রাণের ক্ষ্মা ধরে কামনার রূপ ২০১;

বিষরকে ট্করো-ট্করো করে দেখা ভার ব্যভাব ১৩১, ১৩২, ১৩৪, ১৬৭-৬১, ১৭১, ১৭২, **২**৪৪, ৩১৭, ৬৪৬;

—ভেদব্দির সৃষ্টি করে ৫৮৯:

--সর্বজ্ঞ নর, শুধু জিজ্ঞাসার বৃত্তি ১২৩, ৪৩৪;

—অথিরের ভিতর দিরে পথ কেটে চলে ৬১০, ৬১৩;

—বিশ্বেষণ-সংশ্বেষণের সাধনমাত, অখণ্ড তত্ত্বদশনের নর ১৩২, ১৬৭-৬৮;

তাব মধ্যে জ্ঞাতা জ্ঞের ও জ্ঞানেব পার্থক্য ১৪১-৪২;

তার জ্ঞানের সীমা ৫৫৭-৫৮;

—চরম একম বা পরম আনস্তোর ধারণা করতে পারে না ১৩১, ৫৯০;

তার কছে স্বর্পের বোধ একটা বিকল্প বা আভাসমাত ৭১;

তাতে সত্যের প্র্রুপ ফোটে না ৫৯৭; —খতের স্বরূপ জানে না ১৪৯:

—স্ভিকে দেখে বিবিক্ত বহিরণগ ব্যাপার রূপে ১৪২, ৩১৫;

তার সংকীপ জগংজ্ঞান ৫৫৯-৬০; তার সংকীপ আত্মবোধ ৫৫৯:

—পরকে মোটেই জ্ঞানে না ৫৭৩, ৬৪১...:
তার আর্থাবস্মৃতি ও অভিনিবেশ ৫৯০;
তার কাছে দেশ ও কালের ব্প
১৩৮-৩৯;

তার আত্মকেন্দ্রিকতার প্রমাদের স্থি ৬১৮-১৯, ৬২০-২১:

—অচিতি ও অতিচিতির মাঝামাঝি বলে দুরের শক্তিই তাতে সংক্রামিত হয ৪০০;

চেতনাকে সীমিত করে ২৮০-৮১; চেতনার সে সবধানি নর ১২-৯৩, ৪৯৯;

—স্ভির প্রবর্তক নর ১২১, ১২০, ১৪৯, ১৭৯, ২৪১, ৪৩০, ৪৩২;

—পরমার্থসিতের একটি বিভাবকেই একাল্ড করে তোলে ৩৬, ৩৭-৩৮, ১৫৩, ২৩৫, ৩১৬, ৩১৯, ৩৫৫;

—তত্ত্বের সম্থান করে ইন্দ্রির ও ভাষা দিরে ৮-১;

—চরম তত্ত্বকে জানতে গিরে খেই হারিরে ফেলে ৯, ২৮, ১৬৮, ১৭৫, ৬৩৮; তাইতে প্রতিভাসবাদের উৎপত্তি ৬৩৮:

সৌৰম্যের ছাল না জেনে উধর্বভূমিতে
উঠে জীবনে বিপর্বার বটাতে পারে ৫৭;
মনের বিভিন্ন পরি: ভূতার্ভার সমীকা

ও ব্যবহার, ভব্যাধের কল্পনা, নিজ্ঞব নির্মাণশক্তি ৪৩০-৩১;

মনের কল্পনাশন্তি ও তার পরিচয় ৪০২-০০:

অধিমানস হতে কী ধারা ধরে অবিদ্যা-মানসের উল্ভব হয় ২৯১-৯২;

—অবিদ্যা ও বিভ্রমসম্পর্কে নানা প্রকল্প ৪৮৯-৯১:

একদ ও সামান্যপ্রতারের দিকেও তার ঝৌক আছে ৪৮৩;

তাতে চৈতনোর অন্র্প শাস্তব স্ফ্রণ ২১৭-১৮.

তার পিছনে প্রচ্ছম বোধির লীলা ৭১-৭২:

তাব মধ্যে বোধিব ব্যামিল্ল প্রকাশ ৬১৩, ৬১৭,

তাব দ্বন্দর ও সেই ম্বন্দেরর সমাধান ২২১-২৪:

মনের অভীপ্সা ৩১৪ ; সাধকমনের পরিচয় ৯০৫-০৬:

সাক্ষিভাব থেকে তাব ব্তির বিশেষণ ও প্রশাসন ৫২১-২৩

তার তাদাদ্বাসংবিংকে সাধন করে অতী-শ্বির বিষধকেও জানা যায় ৬৯:

মানসী সিম্পিব প্রয়োজন ও সীমা ৭৩১-৩৫;

বোগদ্ভিতৈ মন, গড়েমন, অধিচেতন মন, মনোমর প্র্য ও বিশ্বমন ৩১০-১১; বিদেহ-মনের স্বর্প ১৭৪.

—ও অধিচেতনা ৫৫৪-৫৫, অধিচেতন ভূমিতে দেখা দের তাব শুন্থ প্রব্
রিভ ৬৮, মনের জানার ও অধিচেতনার জানার তফাং ৫০৫-৩৬;

मत्नामय भ्रत्रद्वत त्भ ১५६;

সীমাব বাঁধনছারা মনের পরিচর ২৭৪; অনশ্ত মন প্রাকৃত মন হতে আলাদা তত্ত্ব ১২৩; বিশ্বমানসের পরিচর ১৯১-৯২;

मत्नत्र क्रगर २७०-७८;

মনের মধ্যে ভুচার উত্তরভূমির ইশারা ২৮০-৮০, ৬৯৯...;

—ও অতিমানসের মাবে অস্তারকলোক ২৭৯, ২৮৩-৮৫;

मत्नत **उत्पर्धानम**्हे ५०४-४०; छस्त-यानम, अधानमानम, व्यक्तियानम् ७

অধিমানস ৯৪১: তারা তত্ত্বে ও বীর্ষে বিজ্ঞানময় ৯৪১; তারা রূপাণ্ডরের >82: তাদের সাধন 2009-0F. মনের উত্তরভূমিতে ব্রহাসম্পর্কে দৈবত-প্রতারের রূপ ৩১১—১২: মন ও অধিমানস ২৮৭-৮৮, ৫৮৯-৯০; অতিমানসের তার আলোতে **১**9२, ১9৫-9७, ১99; তার দিবা রূপ ১৭১; মননের প্রাকৃত ও চিন্মর রূপ ১৪৩, ১৪৭-৪৮; মন ও অতিমানস ১৩৪-৩৬, ১৩৯, 580, 585, 583, 580, 588, ১৭১. २०६-०७, २৭৯, ०১७, ०১৭, মনের বিজ্ঞানময় রূপান্তর ৯৮২-৮৩: তাতে দৈবধচৈতন্যের আরোপ অর্যোক্তক 880-83: मान्य : न्वत्भाष्ठ मन् वा महनामाः भारत्य do, 25d, d95; অধিচেতন আত্মার সমুদ্রে সে একটা তরৎগ 0 40 · সাচ্চদানন্দই তার গ্রাহিত চিদ্বীর্য

২১৭;
তার মধ্যে চেতনার উদেমবের রীতি
৭১৪-১৮;
তার মধ্যে প্রকৃতি-পরিণামের য্গাণ্ডর
৮৪৬-৪৭;
তার জড়াসক্ত, প্রাণময়, মনোমর ও

আধিচেতন রুপ ৭১৮-২৩; দেহাম্ববাদী মানুবের পরিচয় ৯০২;

প্রাণান্থবাদী মান্য ৬০২-০০; মন-আন্থবাদী মান্য ৯০৩-০৫; আর আধারে অভিনিষ্টে ও তথংগজিব

তার আধারে অভিনিবেশ ও তপঃশক্তির ক্রিয়া ৫৮০; বর্তমানের প্রতি তার অভিনিবেশ ৫৮০-৮৩;

তার মধ্যে অহংবোধের ধারা ৫৮১;

তার আত্ম-অবিদ্যার রূপ ও পরিণাম ২২০-২১;

ভার বিশ্ব-অবিদ্যার র্প ও পরিণাম ২২০-২১;

তার মধ্যে শক্তি ও চৈতনোর বিচ্ছেদ ২২১-২৩;

তার মধ্যে সহজ্পপ্রবৃত্তির করেতা ৬১৩-১৪;

ভার ধর্মাধর্মবোধের রূপ ৬০৬, ৬২৫; ভার জীবনে অবিদ্যার প্রয়োজন ৫৮৭; অন্তরে-বাইরে দিব্য-প্রেষ্থকে ম্র্ত করাই তার পরম প্রেষ্থ ৪, ৩৮-৩৯;

—উত্তরারণের নিতা পথিক ৪৬, ৫০: তার উত্তরারণের সাধনা ২১৬, ৬৮৪-৮৫, ৭২৩-২৪:

দেবতার সংগ্র তার তফাৎ তপস্যার বীর্ষে ১৫৬:

চিন্মর মান্ক ৭২৪...; তার আবিভাবি
দীর্ঘারিত ক্রমোন্মেরের ধারা ধরে
৮৪০-৪২; তার আবিভাবি আকন্মিক
নর কেন ৮৪২-৪৩; ন্বোত্তরনের প্রেতিই তার স্বভাবধর্ম ৮৪৩-৪৪;
তার বিবর্তন ৮৫৪-৫৫।

[দু. 'জীব' 'উম্ভিদ-পশ্-মান্ষ']

মায়া : তার প্রাচীন অর্থ প্রজ্ঞা, আধ্নিক অর্থ বিভ্রম ১০৬, ১২০-২১, ৪৮৫-৮৬:

—ব্রক্ষের ইন্দ্রজাল ও আন্বীক্ষিকী দ্ইই ৩৪১;

—রক্ষের অশ্বিতীয় চিংশক্তি ৪৪০; রক্ষাঠৈতন্যের প্রত্যক্রাপার ৪৪০;

—যুগপৎ বিশেষতীপা, বিশ্বান্থিকা ও জীবভূতা ৩৪২:

দৈবীমায়ার স্বব্প · বিশেব থেকেও
বিশ্বকে ছাড়িয়ে যাওয়া ৩১;

তার মানসর্প ও দিব্যর্প ১২১, ১৬৫; তার দিব্য ও অদিবা র্প ২২০; চিন্মরী-সিস্কারে প্রতীপব্তিও মারা

২২০; অধিমানসে ফোটে বিদ্যামায়া ২৯০:

—ও ব্রহ্ম ৪০৮-৩৯;

—প্রকৃতি ও শক্তি ৩২৬;

—রক্ষ ও জীব ৪৪৪-৪৬;

—চিৎপরিণামের লোকোত্তর পর্বের আদি-বিন্দুতে ৭০৮-০৯;

জীবের প্রমাজিতেই তার নিগ্ঢ় আক্তির চরিতার্থতা ৪৩।

্দ্র. 'দেবমারা' 'মায়াবাদ' 'শান্তি'] মারাবাদ : শা্শচিংই তার মতে একমাত্র তত্ত ১৮:

—ও বিশ্বোতীর্ণের অন্ভব ২৩-২৪;

তার উৎপত্তি : রক্ষের সদ্ভাবের প্রতি
দৃষ্টি রেখে জগৎসম্পর্কে ভাবনা
করতে গিরে ১৯৫, ৩৭৫-৭৬;
নির্বিশেষ-সবিশেষের বিরোধ মেটাতে

৩৭৫-৭৬; তার মতে মারা : অনিব্চনীয়া ৩১৩, ৪০৮-৩৯, ৪৪৬, জগতের উপাদান ৪৪০; বাস্তব, কিন্তু তার স্মিট অলীক ৪৪১:

তাকেও রক্ষের মাঝে শক্তিকে মানতে হয় শাশ্বত যোগ্যতার্পে ৮৮, ৩১৩;

তার মতে জগং : রক্ষসন্তার প্রতিবোগী প্রতিভাসমার ১০৬; স্বর্পত মিধ্যা, তার সত্যতা মারামণ্ডলের মধ্যেই নিবন্ধ ৪৩৭, ৪৩৯; মনোমরী মারার স্টিট ১২১, ১২৪;

ব্রহ্ম মারার জ্ঞাতা হলে জগং অবাস্তব হতে পারে না ৪৩৯; মারাবাদে জগং-সম্পর্কে স্বশ্নের উপমা অচল কেন ৪২৬;

তার মতে আত্মার জ্ঞীবভাব একটা বিশ্রম-মাত ৪১; ম্বিরুবাদের সংখ্য এই মতের বিরোধ ৪১;

—প্রতিভাসের অবাস্তবতাকে অতিমান্তার বাড়িয়ে দেখে ১৩;

একদেশদশী ও তর্কবৃশ্ধির আগ্রিত বলে ভেদদৃষ্টিকে শেষপর্যাত ছাড়িয়ে যেতে পারে না ৩৭;

তাতে বিশ্বরহস্য বা জীবনরহস্যের মীমাংসা হয় না ৪৪৯, ৪৬৩-৬৪;

তার কম্পিত দিব্য-অদিব্যে বিরোধের সমাধান ৩৯১:

—ও উপনিষদ ৪৪৬-৪৯;

শংকরের বিশিষ্ট মারাবাদ ও তার সমালোচনা ৪৫১-৫২;

—ও বৌশ্ধধর্ম ২৪;—ও জড়বাদে তুলনা ১৮, ২১;

মায়াবাদের আধ্যাত্মিক প্রামাণ্য ও তার সীমা ৪৬৫-৬৬:

তার প্রকৃত তাৎপর্য : জগৎ মিথ্যা নর, আবার ব্রহ্মের স্বর্পসত্যও নর ১০৬-০৮।

ম্বি : রক্ষতাদাম্মে জীবের ম্বি ৪১-৪২; জীবব্যবিত্ত তার অধিকারী ৬৯৬;

—সত্য হতে হলে জীব ও জগৎ সত্য হওয়া চাই ৪১;

একমাত্র তার সিন্দিই প্রকৃতির চরম লক্ষ্য নয় ৮৯৪;

মৃত্যু : বিষ্ণুতচেতনার স্নিট ও তত্ত্বত অসং ৫৫-৫৬: অহস্তা হতেই তার উল্ভব ৬২; অধ্যাম্বদ,শ্টিতে তার রহস্য ১৯১+;

—প্রাণের ম্বধারায় একটা আবর্তমাত্র ১৮২.১৯৯-২০০:

ম্তুাতে প্রাণ স্বত ১৮৬;

মৃত্যুর বিধান প্রয়োজন কেন ১৯৯-২০০, মৃত্যুর পর : লোকাম্তর-গাঁতর কারণ ৭৯৮-৯৯, লিগ্গদেহে জীবাত্মার উৎক্তমণ ৮০১; জীবাত্মার লোকাম্তর-ম্পিতি প্রয়োজন ৮০১।

[তু. 'অমরম্ব' 'জন্মান্তর']

মৈত্রীভাবনা : মৈত্রীভাবনা ও স্ক্রে অহমিকা ৬২৮-২৯;

বিশ্বাস্থভাবনায় তার সিন্ধি ৬৩০।

ষদ্চ্ছা: স্থির ম্লে কি না ৩০৩-০৪; তার তাৎপর্য ৩০৮।

ষোগচেতনা : তার বিচি**ত্র অবস্থা**ন ৩৪৫-৪৬;

জাগ্রতবোগে নিব্
িও প্রবৃত্তির ব্

গপং

অনুভব ৩৬৯।

রহস্যবিদা : তার স্বর্প ও পরিচর ৬৫১-৫২, ৮৭৭-৮১;

তার লক্ষ্য প্রকৃতির নিগ্ড়ে **শান্ত**র আবিষ্কার ৮৭৭-৭৮;

-- ও জড়বিজ্ঞান ৮৭৯-৮১;

—ও ব্লিধর দাবি ৮৮২;

শৃংধ্ অতিপ্রাকৃত শক্তিসাধনার শাদ্র নয়
৮৮০;

ধর্মসাধনার তার স্থান ৮৭৭-৮১।
[তু. 'অতীন্দিয় অন্ভব' 'বিভূতি']

রুপধাতু: চিংসত্তার রুপবিগ্রহ ৬৪২; চিং-শব্তির আত্মবিভূতি ২৪৮;

তার স্ক্র ও সাবলীল পরিমণ্ডল ২৪৮:

তার সীমা ও অধিকার ২৪৮:

— জড়ের কোঠার নেমে আসে কেন ১৫৯-১৬০:

জড় হতে চিং পর্যশ্ত তার **উংক্রমণে**র ধারা ২৬০, ২৬১-৬২, ২৬৩**-৬**৪:

তার প্রথম পর্বে জড় ও জড়ের জগৎ ২৬২-৬৩;

ভার দ্বিতীয় পূর্বে প্রাণ ২৬০; ভার ভৃষ্কুীয় পর্বে মন ২৬০-৬৪;

র**্শধাতু**রা **ওত**প্রোত ২৬৪-৬৫। [তু. 'স্ক্লালোক']

র্পান্তর : তার ম্লে আছে উপর হতে শক্তিপাত ০৯, ৯০৬, ৯০৭; একমাত চিৎপর্র্বের শাস্তেতেই আধারের পর্ব র্পান্তর ঘটতে পারে ৭০৬-০৭;

—সমাক্জানের ফল ৬৩৪;

তার সাধনার : সবার আগে দরকার অন্তরাব্ত্তির ৯২৬...; সমস্ত প্রকৃতির সার ও সমর্পণ থাকা চাই ৯৩২-৩৩, ৯২৪;

র্পাশ্তর সাধনার বাধা ও বিপত্তি ৯১৮-২১; ৯৩৮-৩৯; বিরুম্ধশক্তিকে নির্দ্ধিত করতে চাই : আধারের শক্তি-কেন্দ্রের উম্মীলন, চৈত্যপূর্বের পৌরোহিত্যে, তীব্রতম শক্তিপাত ৯৩৯-৪০;

রুপান্তরই জীবনের অভিনব ও চরম সাধ্য ৬৩২, ৮৯৫;

ভার ভিনটি পর্ব ় চৈত্য, চিন্ময় ও অতিমানস ৮৯৫:

চৈতা বা তৈজস র্পাশ্তরের সাধনা
৮৯৫-৯১২; অপরোক্ষান্তব, মন
হদের ও সংকলপ দিরে ৯০৫-০৮;
অশ্তরাক্তি ও বিবেক সাধনা ৯০৮-১১;
চৈতাপ্র্যের সাক্ষাংকার ৯১১-১২;
চিন্মর র্পাশ্তরের সাধনা ও সিন্ধির

র্প ৯১৪-১৮; অধিমানস র্পা•তরের পরিচয় ও সীমা

৯৫৪-৫৭;
অধিমানস র্পান্তরের শ্রু প্রকৃতির
যন্তাচার হতে স্বয়ম্ভুচেতনার স্বাতন্ত্রে
উত্তীর্ণ হওয়াতে ৯৩১-৩২;

অতিমানস র্পাশ্তর শ্রু হয় না আধার
তৈরী না হলে ৯৩৫ ..; তার জনা
চাই : অন্তরাব্ত হয়ে বাহিরভিতরের দেওয়াল ভাঙা, বিশ্বাম্মভাবনার ব্যাশ্তি ও অতিচেডনার
স্মুশ্যুট অনুভব ৯৩৪-০৫; তার
গোড়ার বহিশ্যেতনা আর অধিচেডনার
আড়াল ভেঙে যায় ৯৬৯;

মনের বিজ্ঞানমর র্পান্তর ৯৮২-৮৩; প্রাণের বিজ্ঞানমর র্পান্তর ৯৮৫; দেহের বিজ্ঞানময় র্পান্তর ৯৮৫-৮৭।

লীলাবাদ: ব্রক্সের আনন্দরভাবের দিকে
দ্ভিট রেখে জগৎ সম্পর্কে ভাবনা হতে
উম্ভত ১০৮:

তার দ্বারা দিব্য-অদিবোর দ্বন্দেরর সমাধান হয় না কেন ৪০৬-০৭; লীলার নিগতে তাৎপর্য জ্ঞীবের উত্তরায়ণে ও তার আত্ম-আবিষ্কারের তপসায়ে ৪০৭-০৯।

লোকসংস্থান, লোকান্ডর : লোকান্ডব অতি প্রাচীন যুগ হতে স্বীকৃত ৭৭৬..; ৭৮১, ৭৮৮-৮৯;

তার অফিতত্ব সম্পর্কে বির্ম্পনতেব সমালোচনা ৭৭১-৭৬;

কল্পনা নয় কেন ৭৮২-৮৪;

অতীন্দির অন্ভবে জড়োত্তর লোক-সম্হের রূপ ৭৭৯-৮১, ৭৯২-৯৩; ৭৯৭-৯৮;

চিন্মর পরিণামের অধিকার স্দ্রবিস্তৃত বলে লোকান্ডরের অনিজ্ঞ অনন্বীকার্য ৭৮৯-৯০:

রজে চিংশন্তির লীলায়ন নিরুক্তুশ বলে লোকান্তর-স্থি সম্ভাবিত ৭৯০-৯১: উধর্শলাক আমাদেরই সন্তাব উধর্শভূমি ৭৮২-৮৩:

'উধ্ব'লোক জড়বিশেবৰ আবিভাবের পরে স্ভা' এই মতের সমালোচনা ৭৮৩-৮৬, উধ্ব'লোকে জ্যোতিম'য় ও ত্মোম্য ব্প-

বিভূতির প্রকাশের ধারা ৭৮৬-৮৮; লোকান্তরে পাথিব তত্ত্বে শ্ব্ধ প্রকাশ

৭৯১-৯২; ঊধর্মলোক হতে শক্তির নিঝবিণ ও তার তাৎপর্য ৭৯৫।

[তু জন্মান্তর]

শক্তি: প্রাচীন ঋষিদের কংপনাষ শক্তি এক তমোভূত সম্মুদ্র ৮৫;

চিংসত্তা ও স্থিতিব মধ্যে শক্তিকে স্বীকাৰ করবার যাতি ১২০;

তার ক্রিয়ার জন্য অধিদ্ঠানতত্ত্ব প্রয়োজন ৪৫৫;

—ও ব্রহ্ম অভেদ ৩১৪;

—ও শ**্**ষসন্তা অবিনাভূত ৮৭-৮৮; যেখানে শক্তি সেই খানেই চৈতনা ৯৩:

— চিম্মায়ী কেননা বিশ্বের সর্বন্ত পরা-বৃদ্ধির খেলা ৯৩, ৯৪, ১৯০ ৭০৬-০৭:

চৈতনালীলা তারই খেলা ৮৬-৪৭; চিন্মরী মহাশক্তিই আনন্দর্পে নিজেকে ফুটিয়ে ভুলছেন জগতে ১০৮-০৯;

চৈতনোর অন্রপে শক্তির স্ফ্রণ · সাচিদা-নন্দে, জড়ে, প্রাণে ও মনে, অতিমানসে ২১৭-১৯;

–সমদশ্ন ও পক্ষপাতখ্না ৭৭;

পরিমাণ বা গুণ দিয়ে তার তত্ত্ব পাওয়া যায় না ৭৭:

নিরংশ হলেও অংশের মধ্যে সমগ্র সন্তাকে ঢালতে পারে ৭৭-৭৮:

আর্থাবচ্ছ্রণ ও <mark>আত্মসংহরণ দুইই তার</mark> স্বর্প-প্রকৃতি ৮৮;

বিশ্ব জুড়ে তার অনিবচনীয় লীলা ৩০০-০২;

প্রকৃতিতে তার জোগান হয় সাধ্যের অন্-র্প ৪০২; শক্তি-সঞ্চোটের পিছনে আছে সর্বশক্তির আবেশ ৪০২:

তার বৈচিত্র্য ও বহুমুখীনতা ৬০১-০২; —বিশ্বে প্রাণর্পে স্পন্দিত ১৮২, ১৮৭; প্রাণ তার অন্তরিক্ষলোক ১৯০;

জড়ে তার আপাত-অসাড় ও নিদর্শন রূপ ৬০৫-০৬;

—ও পঞ্চতের বিকাশ ৮৫-৮৬;

মহাশক্তির তিধারা ৮৭-৮৮;

-প্রকৃতি ও মায়া ৩২৬;

—ও ঈশ্বরের সামরস্যের রূপ ৩৫৫-৫৬; আধারে চৈতন্য ও শক্তির বিচ্ছেদের রূপ ও পরিণাম ২২১-২৪;

বির্ম্থ শক্তির সংগে সংঘর্ষ ৯৪৫-৪৭; অধিচেতন ভূমিতে শক্তির সাক্ষাৎকার ৬০২-০৩;

বিশ্বচেতনায় অবগাহন করে বিশ্বশক্তিকে বংশ আনা ৫৩৮।

শক্তিপাত : র্পাশ্তরের ম্লে ৯৩৬;

তার অদৃশা সংবেগের পরিচয় ৯৩৭; —ও বিরুদ্ধ শক্তির সংঘর্বের রুপ ৯৪৫-৪৭;

প্রতি বন্ধশক্তির প্র প্রতিম শক্তিপাতে বিরুখশক্তির প্র পরাভব ৯৪০;

উত্তম প্রেষের শক্তিপাতে জীবনের জাগরণ ১০২২-২৩।

শান্তবাদ : শান্তবাদ ও জড়বাদ ৪০৮;
'মহাশন্তি নিবি'কার স্থাণ্স্বর্পেরই
অবর-বিভৃতি' ৭৮:

'জগতে শক্তিস্পন্দ ছাড়া কিছুই নাই' ৭৯, ৮২, ৮৬;

—ও বৌশ্ধধর্মবাদ ৪৩৮।

শুক্র : তাঁর বিশিষ্ট-মায়াবাদের সমালোচনা ৪৫১-৬১:

তার দর্শনে : বৃদ্ধির সংগে বোধির বিরোধ ৪৫৮; আত্মায় ও মারাতে অনতিক্রমণীর বিরোধ ৭; ঈশ্বর ৪৫৮৫৯, ৪৫৯; জগং-রহস্যের মীমাংস। ৪৫৮-৫৯;

—ও নোতবাদ ৪১০-১৪;

—ও বৃশ্ধ ৪৬০-৬১। শুশুধবৃশ্ধি: বোধির প্রতিভূ ৭৩;

—স্বপ্রতিষ্ঠ অথচ লীলায়িত ৮;

---বিশ্বের শৈবতলীলাতেও দেখে সচিদা-নদের মহিমা ৩৩-৩৪:

তাকে আগ্রয় করেই বিদ্যার সাধনা ১২;

—অতীশ্দির জ্ঞানের সাধন ৬৫-৬৬; তার অতীশ্দির প্রবৃত্তির ধরন ৬৬।

শ্ন্যবাদ : 'শ্নাই একমাত্র চরম তত্ত্ব' ২৮ ৮০, ৬৪২-৪৩, ৫৬৪;

—কম্পনার পরাভব মাত্র ৬৩৭-৩৮;

—প্রাকৃত মনকেই ভাবে বিশ্বক**ল্প**নার আধার ১২৪:

সর্বশ্নাতা কিছ্রই কারণ হতে পারে না ৫৬৪;

—বিশ্বরহসোর ব্যাখ্যা হতে পারে না ১২৪:

তাতে দিব্য-অদিব্যের ম্বন্দেরর সমাধান

—কর্মবাদ ও শক্তিবাদ ৪৩৮;

শ্না ও নেতি বস্তৃত চরম প্রণ ও চরম ইতি ৩৭৭।

[তু - 'অসং' 'নেতিবাদ']

সংঘ: প্রাকৃত ও বিজ্ঞানঘন সংঘের ভেদ ১০১০-১১, ১০৩২-৩৩; বিজ্ঞানঘন সংঘের আদর্শ ও সাধনা ১০৩১-৩৩, ১০৪০, ১০৫৯-৬৩।

[তু· 'সমাজ']

সংকলপ : দ্র. 'ইচ্ছা'। সচ্চিদানন্দ : রক্ষের ইতির্প, "অসং" তারও ওপারে ৩৬-৩৭;

সং চিং আনন্দ ওতপ্রোত ও অবিনাভূত ৯৬, ১০৫, ১০৬, ১০১;

— য্গপং প্র্যবিধ ও অমানব ৬৬১;

স্বর্গত বিশ্বোত্তীর্ণ অতএব স্বল্পন্ধর বোধের আরোপ তাতে করা চলে না

৫৬;

—অধিন্টানভূমি হতে বিজ্ঞানের ভিতর দিরে প্রতিক্ষাসর্পে ফ্টে উঠেছেন ১২২ :

বিশ্ব তাঁরই বিস্দিট ৯৬, ১৪৭, ২৭২; —অন্বিতাঁর ও সর্বগত অভএব এই জগতও শ্সচিদানন্দ ৫৩; তার বহু, হওয়ার ইচ্ছা হতে জড়ের স্থিট, ₹80:

জড়ে তাঁর স্ফুরণের ধরন ২৪৬:

-জীবের স্বর্পসতা ১১৭, ২১৭;

—তুরীয়ে থেকেও তাব অন্তহীন ব্যঞ্জনাকে एमर-आग-मत्न क्रिंग्य हत्नात्वन ८५: তাঁর অন.ভব অবিদ্যার দ্বারা জীবে আবৃত

তাঁর সংখ্য প্রাকৃত জবিনের বিরোধ ১৬৫: —অনুভবের চরম ৪৬:

—ও আ্থমানস ২৮৭:

—ও অতিমানস ১৩৩, ৩২১...;

মনে অধিমানসে ও অভিমানসে তার অনুভবেব রূপ ৩১৬।

দি. 'পরমার্থসং' 'রক্ষ']

সত্তা · তার সফুরণ বীর্যে ও জ্যোতিতে কেননা শক্তি ও চৈতনাই সত্তার স্বরূপ ২১৬-১৭: তাব আরেকটি নিত্যতণ্ড আনন্দ ৯৫. ২১৭:

—ও চৈতন্য ৪৭৪: দ্যে অভেদ ২৩, ৯৬, ৫৩৯-৪০;

তার শক্তি বিশ্বলীলাব আধার ২৭২-

তার স্থানভোব ও গণেলীলা দুই-ই সত্য

 —ও সম্ভূতিতে বিরোধ নাই ২৩৬; তার নির্পাধিক দুবার্পেব পরিচয় ₹86;

—ও অফিডম্ব ৪৭৩-৭৪;

—ও অবাস্তবতা ৪৭৫..

তার সাতটি বিভাব ওতপ্রোত ২৭৫-৭৬, ८१४-१৯, ७७२-७०।

[দু. 'পরমার্থ' স্প্রক্রা' 'সন্ধনী-শক্তি'ী

সন্তাপত্তি: তার তপস্যা নিখিল 5020...; 5005, 5006;

তার তাংপর্য : নিজসম্পর্কে পূর্ণ সচেত-নতা, আত্মশন্তির নিঃসঙ্কোচ প্রয়োগে র্সিন্ধলাভ, স্বর্পানন্দের পূর্ণ আস্বা-দন, বিশ্বাত্মভাব ও বিশ্বোত্তীর্ণ ভাব-নায় সিন্ধি ১০২৩-২৫।

সতা : ব্যবহারের জগতে অবিদ্যা দিয়ে ঘেরা তার রূপ ৩৩৪: মনে তার অপ্র অভিব্যন্তি ৫৯৭:

তাদাত্মাপ্রতায় দিয়ে তাকে জানা ৫৯৭। সদ্রশ্ন : তার ভাবনা শ্ব্র মনের বিকল্প নয় ৮০, ৮৩;

তার স্বরূপ নিবিশেষ ৮০-৮১;

—অতিষ্ঠা ও প্রতিষ্ঠা দুই-ই ৮১:

-শক্তির অধিষ্ঠান ৮২, ৮৩:

—শান্তর সভেগ অবিনাম্ভত ৮৭-৮৮: দেশে ও কালে তাঁর আনম্ভা ৭৯।

সন্ধিনীশক্তি: জগদ্ভাবকে স্বস্ময় জাগিয়ে वार्थ ७৯२-৯०:

প্রেয়-প্রকৃতির উধের্ব তার সমাহিতি ও তার ফল ৫৯১:

সকল অভিনিবেশের মলেে আছে তাব বীৰ্ষ ৫৯২:

বিশিন্টরূপে তার প্রকাশ ৫৮৩;

তার বিপরীতমুখী শাস্তচালনা ও তাব क्ल ५৯०-৯১।

সম্যাস : সম্যাস ও জগদ্বিম্খীনতা ₹8..., ७96;

তার আপেক্ষিক সার্থকতা ২৫. ৮৬৩। সমপ্ণ : প্রবৃত্তির অকুঠ আত্মসমর্প ণ ছাড়া রূপান্তর সিন্ধ হয় না ৯৩২-00:

—চাই মন প্রাণ দেহ অবচেতনা ও আঁচতির ১৩৩-৩8:

— সিন্ধ হয় তৈজস-রূপান্তরের সিন্ধিতে অথবা চিন্ময় রূপান্তরের অগ্রগতিতে 2001

সমাজ : সামাজিক চেতনার মেকী ও আসল রূপ ১০২৯-৩০, ১০৩৫, ১০৪৫;

—ও ব্যক্তির দ্বলদ্ধ এবং তার সমাধান 2084-82:

ব্তি সংস্থানের ভিত্তিতে সমাজগঠনের আধুনিক প্রচেষ্টা এবং তার সমালোচনা 5065-62, 5066-65;

আধ্রনিক সমাজের সংকট ১০৫৩-৫৭: সামাজিক গ্রেয়লাভের সমস্যায় ধর্মের म्थान ১०६४।

সমাধি: তাতে প্রাণের স্তম্ভন ১৮৬-৮৭: ভাতে মন ব্ৰুম্ধ কিম্তু প্ৰাণের ক্রিয়া চলতে পারে ১৮৯:

তাতে অধিচেতন মনের ক্রিয়া ১৮৮-৮৯: জ্ঞভসমাধি : অচিতির ৫৮৫: '

মনের ৫৯০।

সমাক্তরান : রক্ষের নিত্যসিম্ধ স্বভাব **600:**

---মনের ব্যাপার নয় ৬৩৩:

—অভঃগ ও নিটোল, সর্বদশী ও সর্বাব-গাহী ৬৩৪:

—কর্তাচতের বিভূতি ৬**৩৪**;

—অধ্যাত্মচেতনার মৌল উপাদান ৬৩৪:

--বিদ্যা ও অবিদ্যার বিরোধ ছোচার ৬৪০-৪১:

—বিশেবর বা ব্যক্তির **ল**িত নয় ৬০৪:

-জীবভাবের র্পাশ্তর ঘটায় ৬৩৪;

—সিম্ধ হয় সংত্রিধ অবিদ্যার নিরসনে ৬৫৫:

—ও বিজ্ঞানবাদ বা শ্ন্যবাদ ৬৪২-৭৩।

সম্যক্দর্শন · তার মধ্যে সকল সত্যের সমাহার ও সমবায় ৪৬৫, ৪৬৬-৬৭, ৬৫১, ৬৫৩;

—পরমার্থ সংকে জানে রক্ষ পর্বৃষ্ ও ঈশ্বরের অখণ্ড সমাহারর্পে ৩৩২-৩৪;

তার মতে : ঈশ্বর, জগং ও জীব তিনই
সত্য ৪৫৯-৬০; বিশ্বাতীত বিশ্ব
ও জীবের অন্ভবে অন্যোবিরোধ
নাই ৪০; নিগর্ণে সগণে বিরোধ নাই
২৮, ৪৫৫; অখণ্ড সং-চিং-আনন্দে
প্রশাহিত ও প্রপদ্দ দুই-ই অবিরোধে
আছে এবং আমাদেরও স্বর্প তাই
১৪৭, ৩৪৭, ৩৫৫; বিশ্ববিভৃতি চিংস্বর্পের শ্বতজ্বদ ১২১, ৪৭০; সব
দর্শনেই সত্য আছে ১৫৪, ৪৬৭;
চিন্মর জীবনকে ফ্টিরে তুলতে কোনও
কিছ্বকেই ছেড়ে যাবার প্রয়োজন নাই
৩৯;

তাতে জীব ভাব ও জগদ ভাবের সকল
শ্বদের্ অবসান ৪৯২-৯৩;

তার দ্ভিতৈ জ্বগৎপরিণামের ধার। ১১-১৬;

অশ্বৈতবাদ তার প্রয়োগ ৩৯-৪০;

ব্যাবহারিক জীবনের সমস্যার তার প্রয়োগ ৩৮০-৮১:

তার চরম চমৎকার ফোটে অধিমানস ও অতিমানসের সংগমতীর্থে ৪৬৮। [দ্র 'সমাক্সান']

সর্বব্রহ্মবাদ : বিশ্বোন্তর্শিকে বাদ দিয়ে ৬৬০-৬১।

সহজ্পপ্রবৃত্তি : কী করে ফোটে ৬১২; বোধির সঞ্চো তার তুলনা ৬১২; পশ্চেতনার তার রূপ ৬১১-১২; মানুবের মধ্যে তার সঞ্চো মনোধর্মের মিশ্রশ ৬১৩।

সাংখা : তাতে প্রকৃতি-প্রেষ তত্ত ৩৪৮-

৫০: প্রকৃতি-প্রেবের অনাদি সহভাব ৮৮:

তার বহ্পরেষ্বাদের তত্ত্ব ১৭০, ৬৪৪-৪৫;

তাতে চৈতন্য-সমস্যার সমাধান হয় কী ভাবে ৮৬-৮৭:

তার মনোবিজ্ঞান অনুযায়ী ব্যক্তিচিত্তের বিভাগ ৬১৯-২০:

—ও জড়বাদ ৮৭।

সাক্ষিচৈতন্য · তাতে জগৎ ভাসছে ২০;

—বিশ্বচেতন ২২:

পরিণামী আত্মভাবের সংগ্র তার সম্বন্ধ ৫০৯-১০;

—ও তটম্পভাবের সাধনা ৫২১-২৩, ৮৫৯; তার নানা রূপ ৬০৭, ৬০৯; তার সতাকার সার্থকতা উত্তরণে, 'ঔদাসীনো নয় ৬০৯:

তার দ্খিটর প্রবেগে আধারে চিৎ-পরিণামের রীতি ৭১৫-১৭:

কল্পিত সাক্ষীর অপ্রবৃশ্ব দ্দিতৈ প্রকৃতি-পরিণামের ছবি ৮৫২-৫৫।

সাধনা : ব্যক্তিভাবকে আনক্ত্যে প্রসারিত করাই জীবের সাধনা ১১৮, ৫২৬-২৭:

তার প্রথম পর্বে উপশমের অভ্যাস ও তার ফল ৪৫৬:

দ্বঃখন্ধরের সাধনার তিনটি পর্ব : উপেক্ষা, প্রসাদ ও র্পান্তর ১১৪-১৫;

সাক্ষিভাবের সাধনা ৫২১-২৩;

প্রকৃতি-পর্র্যের বি্বেকসাধনা ৯১০-১১; বৈরাগ্যের সাধনার রূপ ৮৬২...;

আত্মবোধের সাধনা প্রথম, তারপর বিশ্বাদ্মবোধের সাধনা ৫২৭:

তার দ্বিটি সংশ্কত: অস্তরে ডোবা আর উপরপানে নিজেকে মেলে ধরা ২৮২-৮০. ৭২৩;

তার দুর্টি ধারা : অম্তরে ছুবে ঊধর্ম-শব্ধিকে ধারণা করা এবং বাইরের আধারেও তাকে বিকীশ করা ৭২৫;

তার তিনটি পর্ব : তীর এবলা, সচেতন নিভরিতা ও পূর্ণ সমর্পণ ১০০:

তার বাধা এবং তাদের সংগ্য লড়াই

৮৬২-৬৬; তার গোড়ার অবিবেকের

দর্কী চিংসতার অস্পন্ট বোধ ৮৬০৬১: বিপর্ষার আসতে পারে, বাদি

সাধনার শ্ব্য শক্তিলাভ হর কিন্তু জ্ঞান
না হক্ষী ৫৭, ৫৮;

সম্ভধা বিদ্যার সাধনা ৭৩০-৪৪; রূপান্ডরের সাধনা ৮৯৫...;

অপরোক্ষান্ভবের সাধনা, মন হা্দর ও সংকলপ দিরে ৯০৫-০৮;

অম্ভরাব্তির সাধনা ৯০৮-১০, ৯১১-১২, ১০১৯-২০, ১০২২, ১০২৩-২৪, ১০২৭-২৯, ১০৩০;

অভঃগসমাহরণের সাধনা ৯৩৭-৩৮;

পরিচেতনাকে বিদ্যুস্ময় করার সাধনা ৯৬১:

দিব্যজীবনের সাধনা : দ্র. 'দিবাজীবন'।

সিশ্বি তার মধ্যে মনের সংস্কার প্রচ্ছন্ন থাকতে পারে ২৩৫;

অপ্র সিম্পচেতনা : ভিতরে চিন্মর, বাইরে প্রাকৃত ২৩৬;

তার প্র্পতা আদ্যোপান্ত স্ব-কিছ্কে জড়িয়ে নিয়ে ৩৯;

তার প্রকৃতির আন্ক্লা দ্বিদক থেকে ২৯৪-৯৫;

 --, চৈত্যপ্র্যের সাক্ষাৎকারন্ধনিত ৯১২-১৩; চৈত্য-প্র্যের অন্ভবে তার বিভিন্ন রূপ ২০৩-৩৬;

—অশ্তরাত্মায় অবগাহনে : তাতে প্রলয় বা সম্ভূতি দৃইয়েরই অন্ভব সম্ভব ২৮৩-৮৪:

পূর্ণ ব্রহ্মবিদ্যা, পূর্ণ আত্মবিদ্যা ও পূর্ণ শক্তিবিদ্যাতে তার সমগ্র পরিচয় ৭০২; অধিমানসী সিম্থির রূপ ৯৫৪;

অতিমানসী সিদ্ধির রূপ ৯৬৩-৬৪;

প্রিসিন্ধি লোকোন্তর ভূমিতে নর এইখানে ১৬৫-৬৬, ৪১৬;

আকালিক বা আংশিক সিন্ধি ৯১০, ১১৫, ৯১৮-১৯;

সিম্পর্ব্যের বিভিন্ন শ্রেণী ৮৮৪, ৮৮৫, ৮৮৬।

স্খ-দঃখ-উপেক্ষা : জাগ্রতচেতনার স্ফ্রিড একটা বহিরণগ লীলামার ১০৮-১০৯, তারা অভ্যাসপ্রস্ত, অতএব আনন্দে তাদের র্পাস্তর সম্ভব ১১০-১৩; ২২৯-০০;

শারীরিক স্থ-দ;খা-বোধকে এড়ানো কঠিন হলেও অসম্ভব নর ১১১-১২; তাদের সংগ্য আনন্দের সম্বন্ধ ২২৯-০০;

স্ব্•িত : অবচেতনার আরও গভীরে ৪২১; —স্বানহীন নাও হতে পারে ৪২১; উপনিষদে সংযুগ্তি ও স্বান ৪৪৭।

স্ক্রেলোক : জড়ের ২৪৮; প্রাণের ২৪৮; মনের ২৪৮; **চেডনার** ২৪৮।

স্থিত : তার ম্ল ব্লিধর কাছে অনিব'চনীয়
১৯৮-৩০২; তার বৈচিত্রা রহস্যমর
৩০১-০২: তার গোড়ার যদ্ছো না
নির্মাত ? ৩০৩-০৪:

জীব স্থিতির প্রবোজক নয় ৭৭৩-৭৪; মনোময়ী মায়া হতে স্থিত নয় ১২১; বদ্ছো স্থিতির ম্লে নয় ৩২-৩৩; জড় প্রাণ মন কেউ স্থিতির চরম তত্ত

নয় ৩০৮-৯:

—সম্পর্কে তিনটি মত ৩০৪-০৫;
স্থিছাড়া ঈশ্বরের কম্পনার স্থিট-রহস্যের মীমাংসা হয় না ৩০৫;

—সম্পর্ক মন ও অতিমানসের দ্ভির ভেদ ১৪২-৪৩;

স্খির ম্লে . রজের সংকলপ ৩৩, ৭৭৫; রজের অবারণ আনদের উচ্ছনস ৯৫; প্রজ্ঞার বীজর্পে অবস্থান ১২৫, ৩০৫-০৬: অতিমানসের প্রবর্তনা ১৩৪; চিংশান্তির সিস্কা ৩০৪;

—ব্রন্ধের পর্বে-পরে আত্মনিগ্রেন ৪৭: বিশ্বকবির আনন্দচিন্দর আত্মর্পায়ণ ১১৭-১৮, ১৩৪: পরমপ্রেষের তপস্যা ৫৬৫-৬৬; চিংশক্তির স্পন্দন ১৪৯; সংব্ত চিংশক্তির আত্ম-উন্দী-লন ৩০৫-০৮:

—সম্ভব রাক্ষীচেতনার সঞ্জোচসাধনের গোণলীলায় ১৬৯;

তার পক্ষে দেশ ও ফাল অপরিহার্য ১৩৯-৪০;

স্ভিরহস্যের র্প : অধিমানসে ৩১১-১৩; অতিমানসে ৩১৪-১৫;

তার বাহ্যক্রম ও রহস্যক্রম ১০২২-২৩।
[তু. 'স্কুগং']

প্মতি : সত্তার একটা সপ্রয়োজন ব্রিমার ৪৯৭; অবিচ্ছেদ সন্তার মধেদ অবিদ্যা-কল্পিত ফাঁকট্নুকু ভরবার জন্য তার প্রয়োজন ৫১২;

---বহিশ্চর অন্ভবে অভীত ও বর্তমানের সেতু ৫০৯, ৫১১-১২;

—অন্তঃকরণের উদ্বোধনী ও সংবোজনী বৃত্তি ৫১২;

--ও আম্বভাব ৪১৬;

—আত্মচেতনার পরিস্ফ্রেণের সাধনার অপরিহার্য ৫১৩:

অহংবোধকে স্থি করে না ৫১৪;
 অন্ভবের অবিচ্ছেদব্ভিতা স্মৃতিধমী
 নর ৫১২:

---ব্রিবিক্ষোভের স্বাভাবিক আব্রিকে বিলম্বিত করে বিশিষ্ট অন্ভবকে কারেমী করে ৫১২-১৩:

—ও অহংএর বিষোজন ৫১৫:

—আত্মসংবিং ও অমরত্বের ভাবনা ৪৯৭-৯৮; অধিচেতন স্মৃতির রূপ ৫১৭;

জাতিসমরতা ৮২০-২০; জাতির অবচেতন স্মৃতির রূপ ৭২৬; প্রাকৃতশব্বিতে অবচেতন স্মৃতির **দীলা** ৫১৩।

শ্বণন : শ্বেম্মনের বিভ্রম নর ৩৩; তার তত্ত্ব ৪১৯-২০:

—ও অবচেতনা ৪২০-২১;

—ও স্বৃতি ৪২১-২২;

—ও অধিচেতনা ৪২২-২৫; স্বংনলোক ও ভাবলোক ৪২২;

স্থিততে সচেতন থেকে স্বশেনর **অন্সরণ** ৪২০;

উপনিষদে স্বংন ও স্বাস্থিত ৪৪৬-৪৭; স্বংন ও জগংবিশ্রমবাদ : তার সমালোচনা ৪১৭-২৬।

হঠযোগ ও দেহতত্ব ২৬৬।